Vol. 79, No. 3

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Seventy-Ninth Session

(Budget Session, 1983)

(From 11th April, 1983 to 23rd April, 1983)

(The 11th, 12th, 13th, 14th, 18th, 19th, 20th, 21st, 22nd, 23rd April, 1983)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches of Department of Education.

Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Co-operation.

Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary, Secondary and Social Education, Non-Formal Education and Library Services Branches).

Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development) and Rural Water Supply and sanitation in the Department of Health and Family Welfare.

Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Development and Planning Department.

Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

Shri Rabin Mukherjee, Minister-in-charge of Transport Branch of Home Department.

Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forests and Department of Tourism.

Shri Provash Chandra Roy, Minister-in-charge of Sundarban Areas Branch of Development and Planning Department.

Shri Prasanta Kumar Sur, Minister-in charge of Department of Local Government and Urban Development, Metropolitan Development Department and Urban Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

Shri Syed . bul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

Shri Md. Abdul Bari, Minister-of-State for Primary and Secondary Education under the Minister-in-charge of Primary and Secondary Education.

Shrimati Chhaya Bera, Minister-of-State-in-charge of Social Education, Non-Formal Education and Library Services of Department of Education.

Shri Subhas Chakraborty. Minister-of-State-in-charge of Department of Youth Services and Sports Branch of Department of Education and also Dairy Development Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

Shrimati Nirupama Chatterjee, Minister-of-State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

Shri Ram Chatterjee, Minister-of-State-in-charge of Civil Defence Branch of Home Department.

Shri Shibendra Narayan Chowdhury, Minister-of-State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

Shri Santi Ranjan Ghatak, Minister-of-State for Labour Department Under the Minister-in-charge of Labour Department.

Shri Ram Narayan Goswami, Minister-of-State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

Shri Dawa Lama, Minister-of-State for Hill Affairs Branch of Development and Planning Department under the Chief Minister and Minister-in-charge of Development and Planning Department (excluding Sunderban Areas Branch and Jhargram Affairs Branch).

Shri Sunil Kumar Majumdar, Minister-of-State for Land and Land Reforms Department under the Minister-in-charge of Land and Land Reforms Department.

Shri Abdul Razzak Mollah, Minister-of-State for Sunderban Areas Branch of Development and Planning Department under the Minister-in-charge of Sunderban Areas Branch of Development and Planning Department.

Dr. Ambarish Mukherjee, Minister-of-State-in-charge of Medical Education, Equipment and Supplies in the Department of Health and Family Welfare.

Shri Bimalananda Mukherjee, Minister-of-State-in-charge of Exise Department.

Shri Kiranmoy Nanda, Minister-of-State-in-charge of Department of Fisheries.

Shri Probhas Chandra Phodikar, Minister-of-State-in-charge of Information and Cultural Affairs Department.

Shri Patit Paban Phthak, Minister-of-State-in-charge of Parliamenta Affairs Branch of Home Department.

Shri Achintya Krishna Ray, Minister-of-State for Food and Suppl Department under the Minister-in-charge of Food and Supplies Department.

Shri Banamali Roy, Misnister-of-State for Scheduled Castes and Trib Welfare Department under the Minister-in-charge of Scheduled Castes ai Tribes Welfare Department.

Shri Sailen Sarkar, Minister-of-State for Local Government and Urb Development under the Minister-in-charge of Local Government and Urb Development Department.

Shri Prabir Sengupta, Minister-of-State-in-charge of Power Department.

Shri Pralay Talukdar, Minister-of-State-in-charge of Cottage and Sma Scale Industries Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker—Shri Hashim Abdul Halim

Deputy Speaker—Shri Kalimuddin Shams

Secretary—Shri K. N. Mukherjee

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

ALPHABETICAL LIST OF MEMBERS

A

(1) Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—24-Parganas)
(2) Abdur Razzak Molla, Shri (106-Canning East—24-Parganas)
(3) Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
(4) Abedin, Dr. Zainal (34-Itahar—West Dinajpur)
(5) Abdul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
(6) Abdul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
(7) Abdul Mannan, Shri (194-Arambag—Hooghly)
(8) Abdul Wahed, Shri (42-Harishchandrapur—Malda)
(9) Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar—Calcutta)
(10) Abdus Sobhan Gazi, Shri (120-Magrahat West—24-Parganas)
(11) Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
(12) Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
(13) Adhikari, Shri Sisir (211-Contai South—Midnapore)
(14) Anwar Ali Sk., Shri (168-Panchla—Howrah)
(15) Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)

B

(16) Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
(17) Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C.)—Purulia]
(18) Bandyopadhaya, Shri Balai (184-Haripal—Hooghly)
(19) Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
(20) Banerjee, Dr. Ambica (163-Howrah Central—Howrah)
(21) Banerjee, Shri Amiya Bhusan (96-Hasnabad—24-Parganas)
(22) Banerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)
(23) Banerjee, Shri Radika Ranjan (136-Kamarhati—24-Parganas)
(24) Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—24-Parganas)
(25) Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.)—Cooch Behar]
(26) Barma, Shri Dipendra [31-Raiganj (S.C.)—West Dinajpur]
(27) Basu, Shri Ajit (120-Naihati—24-Parganas)
(28) Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
(29) Basu, Shri Debi Prosad (77-Nabadwip—Nadia)
(30) Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
(31) Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)
(32) Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—24-Parganas)
(33) Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
(34) Bauri, Shri Gobinda [240-Para (S.C.)—Purulia]
(35) Bauri, Shri Madan [247-Indpur (S.C.)—Bankura]
(36) Bera, Shrimati, Chhaya (199-Nandanpur—Midnapore)

(37) Bera, Shri Pulin (203-Moyna—Midnapore)
(38) Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur—Howrah)
(39) Bhattacharya, Shri Lal Behari (250-Barjora—Bankura)
(40) Bhattacharya, Shri Nani (12-Aliporeduar—Jalpaiguri)
(41) Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
(42) Bhattacharyya, Shri Satyapada (68-Bharatpur—Murshidadad)
(43) Bhowmik, Shri Kanai (228-Dantan—Midnapore)
(44) Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapore)
(45) Biswas, Shri Anisur Rahaman (93-Swarupnagar—24-Parganas)
(46) Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
(47) Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)—Murshidabad]
(48) Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
(49) Biswas, Shri Jnanendra Nath [74-Krishnaganj (S C.)—Nadia]
(50) Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S C.)—24 Parganas]
(51) Biswas, Shri Kanti (86-Gaighata—24-Parganas)
(52) Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkali (S.C.)—24-Parganas]
(53) Biswas, Shri Satish Chandra [80-Ranaghat East (S.C.) —Nadia]
(54) Bora, Shri Badan [255-Indas (S.C)—Bankura]
(55) Bose, Shri Biren (25-Siliguri—Siliguri)
(56) Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri—Jalpaiguri)
(57) Bose, Shri Promode Ranjan (49-Kaliachak—Malda)
(58) Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee—Calcutta)
(59) Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)—Bankura]

C

(60) Chakrabarty, Shri Ajit Kumar (258-Barabani—Burdwan)
(61) Chakrabarty, Shri Jatin (151-Dhakuria—Calcutia)
(62) Chakraborty, Shri Shyamal (159-Maniktala—Calcutta)
(63) Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
(64) Chakraborti, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
(65) Chakraborti, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
(66) Chandra, Shri Anup Kumar (148-Alipore—Calcutta)
(67) Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
(68) Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
(69) Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
(70) Chatterjee, Shri Ram (185-Tarkeshwar—Hooghly)
(71) Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
(72) Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa—Purulia)
(73) Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East—Nadia)
(74) Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani—Hooghly)
(75) Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
(76) Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur—Calcutta)

(77) Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)
(78) Choudhury, Shri Gunadhar (254-Kotulpur—Bankura)
(79) Chowdhury, Shri Abdul Karim (28-Islampur—West Dinajpur)
(80) Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Bnrdwan)
(81) Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)
(82) Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)

D

(83) Dakua, Shir Dinesh Chandra [3-Mathabhanga (S. C.)—Cooch Behar]
(84) Das, Shri Banamali [283-Nanur (S.C.)—Birbhum]
(85) Das, Shri Jagadish Chandra (128-Bijpore—24-Parganas)
(86) Das, Shri Nemai Chandra (118-Falta—24 Parganas)
(87) Das Mahapatra, Shri Kamakshyanandan (215-Pataspur—Midnapore)
(88) Daud Khan, Shri (107-Bhangar—24-Pargans)
(89) De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
(90) De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
(91) Deb, Shri Saral (90-Barasat—24-Parganas)
(92) Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)

G

(93) Ghatak, Shri Santi Ranjan (138-Dum-Dum—24-Parganas)
(94) Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah—Hooghly)
(95) Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
(96) Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
(97) Chosh, Shri Debsaran (72-Kaliganj—Nadia)
(98) Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
(99) Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata—Calcutta)
(100) Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
(101) Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur—Calcutta)
(102) Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
(103) Goppi, Shrimoti Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
(104) Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
(105) Goswami, Shri Ram Narayan (270-Burdwan North—Burdwan)
(106) Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
(107) Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
(108) Gupta, Shrl Jyotsna Kumar (284-Bolpur—Birbhum)
(109) Gupta, Shri Sitaram (130-Bhatpara—24-Parganas)
(110) Gyan Singh Sohanpal, Shri (224-KharagpurTown—Midnapore)

H

(111) Habib Mustafa, Shri (44-Araidanga—Malda)
(112) Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)

(113) Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.)—Hooghly]
(114) Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—24-Parganas]
(115) Hasim Abdul Halim, Shri (89-Amdanga—24-Parganas)
(116) Hazra, Shri Haran [169-Sankrail (S C.)—Howrah]
(117) Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
(118) Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]
(119) Humayoun Chowdhury, Shri (84-Sujapur—Malda)

J

(120) Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
(121) Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)

K

(122) Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
(123) Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
(124) Kar, Shri Nani (88-Ashokenagar—24-Parganas)
(125) Kazi Hafizur Rahman, Shri (56-Bhagabangola—Murshidabad)
(126) Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
(127) Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C)—Bankura]
(128) Kisku, Shri Upendra [245-Raipur (S. T.)—Bankura]
(129) Koley Shri Barindra Nath (175-Amta—Howrah)
(130) Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
(131) Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
(132) Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapore]
(133) Kundu, Shri Gour Chandra (61-Ranaghat West—Nadia)

L

(134) Lama, Shri Dawa (23-Darjeeling—Darjeeling)
(135) Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C.)—Birbhum]
(136) Lutful Haque, Shri (51-Aurangabad—Murshidabad)

M

(137) M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
(138) Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
(139) Mahata, Shri Shanti Ram (238-Jaipur—Purulia)
(140) Mahata, Shri Subhas Chandra (237-Jhalda—Purulia)
(141) Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
(142) Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
(143) Maity, Shri Gunadhar (125-Patharpratima—24-Parganas)
(144) Maity, Shri Hrishikesh (126-Kakdwip—24-Parganas)
(145) Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
(146) Majee, Shri Surendra Nath [249-Kashipur (S.T.)—Purulia]
(147) Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C.)—Murshidabad]
(148) Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]

(149) Majhi, Shri Sudhangsu Sekhar [233-Bandwan (S.T.)—Purulia]
(150) Maji, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
(151) Maji, Shri Swadesranjan (201-Panskura East—Midnapur)
(152) Mal, Shri Trilochan [292-Hansan (S.C.)—Birbhum]
(153) Malakar, Shri Nanigopal (83-Haringhata—Nadia)
(154) Malik, Shri Purna Chandra [272-Khandaghosh (S.C.)—Burdwan]
(155) Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
(156) Malik, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly]
(157) Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
(158) Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.)—Midnapore]
(159) Mandal, Shri Jokhilal (47-Manikchak—Malda)
(160) Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—24-Parganas)
(161) Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—24-Parganas)
(162) Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.)—Birbhum]
(163) Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
(164) Mandal, Shri Suvendu (220-Garhbeta East—Midnapur)
(165) Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
(166) Mandi, Shri Sambhu Nath [232-Binpur (S.T.)—Midnapur]
(167) Majumder, Shri Sunil (285-Labhpur—Birbhum)
(168) Majumdar, Shri Dilip (264-Durgapur-I—Burdwan)
(169) Md. Abdul Bari, Shri (60-Domkal—Murshidabad)
(170) Md. Nizamuddin, Shri (153-Entally—Calcutta)
(171) Minz, Shri Patras [26-Phansidewa (S.T.)—Darjeeling]
(172) Mir Abdus Sayeed, Shri (115-Maheshtala—24-Parganas)
(173) Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara—Nadia)
(174) Mishra, Shri Abanti (212-Ramnagar—Midnapore)
(175) Misra, Shri Kashinath (251-Bankura—Bankura)
(176) Mitra, Shri Parimal (19-Kranti—Jalpaiguri)
(177) Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
(178) Mohammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
(179) Mohanta, Shri Madhabendu (70-Palashipara—Nadia)
(180) Mojumdar, Shri Hemen (104-Baruipur—24 Parganas)
(181) Mondal, Shri Dinabandhu (204-Mahisadal—Midnapore)
(182) Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.)—24-Parganas)
(183) Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.)—24-Parganas]
(184) Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.)—Howrah]
(185) Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat-Birbhum)
(186) Mondal, Shri Sahabuddin (73-Chapra—Nadia)
(187) Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.)—24-Parganas]
(188) Mortaza Hossain, Dr. (92-Deganga—24-Parganas)
(189) Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur—West Dinajpur)
(190) Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)

(191) Malla, Shri Anadi [221-Garhbeta West (S.C.)—Midnapore]
(192) Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.)—24-Parganas]
(193) Mukherjee, Shri Amritendu (76-Krishnagar West—Nadia)
(194) Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
(195) Mukherjee, Shri Bamapada (259-Hirapur—Burdwan)
(196) Mukherjee, Shri Bhabani (182-Chandannagore—Hooghly)
(197) Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)
(198) Mukherjee, Shri Biswanath (202-Tamluk—Midnapur)
(199) Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
(200) Mukherjee, Shri Narayandas (95-Basirhat—24-Parganas)
(201) Mukherjee, Shri Niranjan (112-Behala East—24-Parganas)
(202) Mukherjee, Shri Rabin (113-Behala West—24-Parganas)
(203) Mukherjee, Shri Samar (43 Ratua—Malda)
(204) Mukhopadhyay, Dr. Ambarish (24-Hura—Purulia)
(205) Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
(206) Munshi, Shri Mahammad Bacha (27-Chopra—West Dinajpur)
(207) Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
(208) Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
(209) Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
(210) Moassam Hossain, Shri Syed (218-Debra—Midnapore)

N

(211) Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
(212) Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S C.)—24-Parganas]
(213) Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—24-Parganas]
(214) Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—24-Parganas]
(215) Nath, Shri Monoranjan (279-Purbasthali—Burdwan)
(216) Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
(217) Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)

O

(218) O'Brien, Shri Neil Aloysius (Nominated)
(219) Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
(220) Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]

P

(221) Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
(222) Pal, Shri Bejoy (260-Asansol—Burdwan)
(223) Panda, Shri Bhupal Chandra (206-Nandigram—Midnapore)
(224) Panda, Shri Mohini Mohan (224-Taldangra—Bankura)
(225) Panja, Shri Ajit Kumar (158-Burtola—Calcutta)
(226) Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)

(227) Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
(228) Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
(229) Pradhan, Shri Prasanta Kumar (208-Bhagabanpur—Midnapore)
(230) Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
(231) Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C.)—24-Parganas]
(232) Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.)—Cooch Behar]
(233) Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—24-Parganas]
(234) Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—24-Parganas]

R

(235) Rai, Shri H.B. (24-Kurseong—Darjeeling)
(236) Ray, Shri Ahintya Krishna (253-Vishnupur—Bankura)
(237) Ray, Shri Birendra Narayan (57-Nabngram—Murshidabad)
(238) Ray, Shri Dhirendra Nath [21-Rajganj (S.C.)—Jalpaiguri]
(239) Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
(240) Ray, Shai Matish (137-Baranagar—24-Parganas)
(241) Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S C.)—West Dinajpur]
(242) Ray, Shri Subhash Chandra [122-Mandirbazar (S.C)—24-Parganas]
(243) Roy, Shri Amalendra (67-Burdwan—Murshidabad)
(244) Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
(245) Roy, Shri Haradhan (261-Raniganj—Burdwan)
(246) Roy, Shri Hemanta (278-Monteswar—Burdwan)
(247) Roy, Shri Phani Bhusan [45-Malda (S.C.)—Malda]
(248) Roy, Shri Provash Chandra (111-Bishnupur West—24-Parganas)
(249) Roy, Shri Rathindra Nath (160-Belgachia West—Calcutta)
(250) Roy, Shri Sadakanta [1-Mekliganj (S C.)—Cooch Behar]
(251) Roy, Shri Santi Mohun (192-Pursurah—Hooghly)
(252) Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)
(253) Roy, Dr. Sukumar (239-Purulia—Purulia)
(254) Roy, Shri Tarak Bandhu [17-Maynaguri (S.C.)—Jalpaiguri]
(255) Roy Burman, Shri Kshitibhusan (116-Budge Budge—24-Parganas)
(256) Roy Chowdhury, Shri Nirode (87-Habra—24-Parganas)

S

(257) Sadhukhan, Shri Tarapada (181-Singur—Hooghly)
(258) Saha, Shri Jamini Bhusan (132-Noapara—24-Parganas)
(259) Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
(260) Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S.C.)—Burdwan]
(261) Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
(262) Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)
(263) Saren, Shri Ananta [229-Nayagram (S.T.)—Midnapore]
(264) Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—24-Parganas)

(265) Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.)—West Dinajpur]
(266) Sarkar, Shri Kamal (134-Khardah—24-Parganas)
(267) Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
(268) Satpathy, Shri Abani Bhusan (231-Jhargram—Midnapore)
(269) Sayed Md. Masih, Shri (268-Bhatar—Burdwan)
(270) Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
(271) Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)
(272) Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)
(273) Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
(274) Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
(275) Seth, Shri Bhupendra Nath (85-Bongaon—24-Parganas)
(276) Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapore]
(277) Sha, Shri Ganga Prosad (133-Titagarh—24 Parganas)
(278) Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
(279) Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
(280) Sinha, Dr. Haramohan (280-Katwa—Burdwan)
(281) Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
(282) Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)
(283) Singha Roy, Shri Jogendranath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
(284) Sk. Imajuddin, Shri (62-Hariharapara—Murshidabad)
(285) Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural—Midnapore)
(286) Soren, Shri Khara [36-Tapan (S.T.)—West Dinajpur]
(287) Subba, Shrimati Renu Leena (22-Kalimpong—Darjeeling)
(288) Sur, Shri Prasanta Kumar (15-Tollygunge—Calcutta)

T

(289) Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
(290) Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
(291) Tndu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]

U

(292) Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
(293) Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.)—Jalpaiguri]

Vacant

(294) 108-Jadavpur—24-Parganas
(295) 114-Garden Reach—24-Parganas

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, ıe 11th April 1983 at 1 p.m.

Present

Mr. **Speaker** (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 12 Ministers, 3 Ministers of State and 119 Members.

[1.00—1.10 P. M.]

মি: স্পিকার: আজকে মাননীয় পূর্তমন্ত্রী যতীন চক্রবর্তীর দপ্তরের কোন প্রশ্নোত্তর হবে না। কারণ ওনার আজকে বাজেট আছে। সেই জন্য ওঁর দপ্তরের সমস্ত প্রশ্ন নেক্সড রোটেশন ডে'তে আসবে।

Held Out starred Questions
(to which oral answers were given)

মেদিনীপুর জেলায় মাধ্যমিক স্তরে নতুন বিদ্যালয়ের অনুমোদন

* ৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১৯৭৭।) **শ্রীলক্ষ্মণ শেঠ ও শ্রীপ্রশান্তকুমার প্রধান:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে মেদিনীপুর জেলায় মাধ্যমিক স্তরে কতগুলি নতুন বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি বিদ্যালয়কে আপগ্রেডেড করা হয়েছে ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস: (ক) ২৪টি (খ) ১৪টি।

(No Supplementary)

Starred Questions
(to which oral answers were given)

মাধ্যমিক বিদ্যালয়ে "ছাত্র-সংসদ" গঠন

* ৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ইহা কি সত্য যে

রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়ে "ছাত্র-সংসদ" গঠনের জন্য সরকার অনুমতি দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস: না।

(No Supplementary)

*৫২৮। Held Over.

*৫২৯। Held Over.

বাণীপুরে গ্রন্থাগারিক ট্রেনিং কেন্দ্র স্থাপন

*৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২)। **শ্রীনীরোদ রায়চৌধুরী:** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাবড়া থানার অন্তর্গত বাণীপুরে যে বিরাট সরকারী ঘরবাড়ি রয়েছে তাতে গ্রন্থাগারিক ট্রেনিং কেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে—

(১) উক্ত কেন্দ্রে কি ধরনের পঠন-পাঠনের ব্যবস্থা করা হবে ও

(২) কবে নাগাদ উহা কার্যকরী করা হবে ?

শ্রীমতী ছায়া বেরা: (ক) হ্যাঁ। (১) উক্ত কেন্দ্রে স্কুল ফাইনাল/মাধ্যমিক পাশ ব্যক্তিদের জন্য ছয় মাসের শিক্ষণের ব্যবস্থা হবে।

(২) পরিকল্পনাটি সত্বর কার্যকরী করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রীনীরোদ রায়চৌধুরী: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনার এই পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী হতে পারে ?

শ্রীমতী ছায়া বেরা: তারিখ বলা সম্ভব নয়, তবে তাড়াতাড়ি এই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

শ্রীনীরোদ রায়চৌধুরী: আগামী দু/এক মাসের মধ্যে শুরু করতে পারবেন বলে মনে হয় কি ?

মিঃ স্পিকার: ইট ডাজ নট এ্যারাইজ।

ব্লকের যুবকল্যাণ অফিস থেকে সুযোগ-সুবিধা দান

* ৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৭।) **শ্রীসেখ ইমাজুদ্দিন:** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গের প্রত্যেকটি ব্লকের যুবকল্যাণ অফিস থেকে ব্লকের যুবকগণ কি কি প্রকারের সুযোগ-সুবিধা পেয়ে থাকেন ?

শ্রীসুভাষ চক্রবর্তী: পশ্চিমবঙ্গের প্রত্যেকটি ব্লকের যুব কল্যাণ অফিস হইতে ব্লকের যুবকগণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পেয়ে থাকেন :

(ক) অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প।

(খ) হাতে-কলমে কাজ শেখা প্রকল্প।

(গ) পর্বতাভিযান, পর্বতারোহণ শিক্ষণ, ট্রেকিং ও স্কীয়িং।

(ঘ) বিজ্ঞান আলোচনাচক্র, বিজ্ঞান মেলা।

(ঙ) বিদ্যালয় সমবায়।

(চ) পাঠ্য-পুস্তক গ্রন্থাগার।

(ছ) ছাত্র নয় এমন যুবক-যুবতীদের ভ্রমণ অনুদান।

(জ) কমিউনিটি হল ও মুক্ত মঞ্চ স্থাপন।

(ঝ) গ্রামীণ খেলাধুলার উন্নতির জন্য খেলার মাঠ সংস্কার ও পরিবর্ধন, খেলার উপকরণ কেনার জন্য অনুদান।

(ঞ) প্রতিভাধর যুবক-যুবতীদের জন্য আর্থিক সাহায্য প্রকল্প।

(ট) জিমনাসিয়াম তৈরির প্রকল্প।

(ঠ) ব্লকসমূহকে সাহায্য দান প্রকল্প।

(ড) ব্লক যুব উৎসব।

(ঢ) অসুস্থ যুবক-যুবতীদের চিকিৎসার জন্য অনুদান।

(ণ) খেলাধুলা শিক্ষণ কেন্দ্র।

(ত) দুঃসাহসিক কাজের জন্য আর্থিক পুরস্কার।

(থ) বয়স্ক শিক্ষা প্রকল্প।

শ্রীকাশীনাথ মিশ্র: আপনি এতগুলি স্কীমের কথা যে বললেন এইগুলি বাস্তবে রূপায়িত করার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রীসুভাষ চক্রবর্তী: আমি যে স্কীমগুলি উল্লেখ করলাম এগুলি ব্লক স্তরে বাস্তব

প্রয়োজনেই তৈরী হয়েছে এবং আমাদের যে ক্ষমতা আছে সেই অনুযায়ী এই স্কীমগুলি চালু আছে এবং সেই ব্যাপারে যুবকদের সাহায্য করার ব্যবস্থা আছে।

শ্রীকাশীনাথ মিশ্র : এই স্কীমগুলি চালু করার জন্য আপনার দপ্তরে কতজন লোক নিয়োগ করা হয়েছে ?

শ্রীসুভাষ চক্রবর্তী : আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

ডাঃ মানস ভুঁইয়া : আপনার দপ্তরের অধীন ব্লক-ভিত্তিক অতিরিক্ত কর্ম-সংস্থান প্রকল্পের মাধ্যমে যুবকদের যে সহায়তা করা হয়, সেই ব্যাপারে কি নীতি অবলম্বন করা হয়ে থাকে মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ?

শ্রীসুভাষ চক্রবর্তী : নীতি হচ্ছে এই, সাধারণ ভাবে বলা আছে বেকার হতে হবে, নির্দিষ্ট স্কীম নিয়ে আসতে হবে এবং সেই স্কীম তৈরীর ব্যাপারে ব্লক অফিসাররা প্রয়োজনীয় সাহায্য করেন এবং ব্যাঙ্ক ও আর্থিক সংস্থাগুলির সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ করে দেন।

শ্রীসরল দেব : খেলার সাজসরঞ্জাম বা গ্রন্থাগারের ব্যাপার ইত্যাদি এগুলি পেতে হলে কোন ক্লাবকে রেজিস্টার্ড ক্লাব হতে হবে—এটার ক্রাইটেরিয়া কি ?

শ্রীসুভাষ চক্রবর্তী : এটাই একমাত্র ক্রাইটেরিয়া নয়—গ্রামাঞ্চলে আমাদের যে-সমস্ত সাংস্কৃতিক সংস্থা আছে—এই খেলাধুলার সংস্কার, উন্নয়নের জন্য প্রগতিশীল সংস্কৃতির চর্চা যাঁরা করেন তাঁরা বেশীর ভাগই রেজিষ্ট্রিকৃত অবস্থায় আছেন। আর তা না থাকলে আমরা সেটা বিবেচনা করে দেখি।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : এই সব পরিকল্পনার দ্বারা সরকার যুবকদের নৈতিক মান উন্নয়নের ব্যবস্থা করতে পেরেছেন কি ?

শ্রীসুভাষ চক্রবর্তী : এটা কোন নির্দিষ্ট প্রশ্ন নয়। নিশ্চয় নৈতিক মান উন্নয়নের ব্যবস্থা আছে।

* ৫৩৩ Held Over.

* ৫৩৪ Held Over.

* ৫১৫ Held Over.

ডানকুনি 'মাদার ডেয়ারী'তে কর্মচারী নিয়োগ

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৮।) **শ্রীমলিন ঘোষ :** ডেয়ারী উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার অন্তর্গত ডানকুনি-স্থিত "মাদার ডেয়ারী"-তে ১৯৮২ এবং ১৯৮৩ সালে বে-আইনীভাবে কর্মচারী নিয়োগ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, নীতি-বহির্ভূত কাজের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(গ) ব্যবস্থা গ্রহণ করিয়া থাকিলে, তাহা কি ?

শ্রীসুভাষ চক্রবর্তী (ক) মাদার ডেয়ারীর পরিচালনভার ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের ওপর ন্যস্ত। ইহার ম্যানেজিং কমিটি এই সংস্থার কর্মী ও শ্রমিক নিয়োগ করেন। কাজেই রাজ্য সরকার এ ব্যাপারে অবহিত নহেন।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : এই মাদার ডেয়ারী হবার ফলে দুগ্ধ সরবরাহ বেড়েছে কিনা এবং বেড়ে থাকলে—কি পরিমাণ বেড়েছে, আপনি বলতে পারবেন কি ?

শ্রীসুভাষ চক্রবর্তী : মাদার ডেয়ারী হবার পরে প্রায় ১ লক্ষ ৪০ হাজার লিটার দুগ্ধ সরবরাহের পরিমাণ বেড়ে গেছে এবং কলকাতা ও তার পার্শ্ববর্তী গ্রামাঞ্চলে এই অতিরিক্ত দুগ্ধ সরবরাহ হয়ে থাকে।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : এই মাদার ডেয়ারীতে লোক নিয়োগের ক্রাইটেরিয়া কি—আপনি জানাবেন ?

শ্রীসুভাষ চক্রবর্তী : আমি আগেই উল্লেখ করেছি যে, এই মাদার ডেয়ারীর পরিচালনাভার ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের হাতে ন্যস্ত আছে। তাঁরা তাদের নিজস্ব পদ্ধতিতে ওখানে কর্মী নিয়োগ করেছেন।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: এই ব্যাপারে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে ব্যবহার করা হচ্ছে কিনা, জানাবেন কি?

শ্রীসুভাষ চক্রবর্তী: না, তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে ব্যবহার করছে না।

'ওয়ার্ক এডুকেশন' পড়ানোর জন্য ইঞ্জিনীয়ার শিক্ষক নিযুক্ত

*৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৭।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী বিদ্যালয়গুলিতে "ওয়ার্ক এডুকেশন" পড়ানোর জন্য ইঞ্জিনীয়ার শিক্ষক নিযুক্ত আছেন; এবং

(খ) সত্য হলে—

(১) এই ধরনের শিক্ষকের সংখ্যা কত ও

(২) উক্ত ইঞ্জিনীয়ার শিক্ষকদের কাছ থেকে ছাত্ররা কিভাবে ও কি ধরনের "ওয়ার্ক এডুকেশন" পেয়ে থাকে?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস: ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

*৫৩৮। Held Over.

মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের টিফিন বাবদ জেলা স্কুল পর্ষদকে দেয় টাকার পরিমাণ

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫০।) **শ্রীহাবিবুর রহমান:** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের টিফিন বাবদ বর্তমান আর্থিক বছরে জেলা স্কুল পর্ষদকে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) ঐ বরাদ্দকৃত টাকার মধ্যে এ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বর্তমানে টিফিন পাইতেছে কি?

শ্রীমহম্মদ আব্দুল বারি: ক) ৩৯,৯৯,০০০ টাকা।

(খ) ২৮।২।৮৩ পর্যন্ত ২৭,৩০৯০৩ টাকা ব্যয় হইয়াছে।

(গ) হ্যাঁ।

[1.10—1.20 P. M.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে টিফিন বাবদ এত টাকা খরচ হয় এই টাকা কিসের ভিত্তিতে স্কুলগুলিকে দেওয়া হয়?

শ্রীমহম্মদ আব্দুল বারি: অনুন্নত শ্রেণীর ছাত্রদের এলাকাগুলিকে বাছাই করে সেখানে এটা দেওয়া হয়।

ডাঃ মানস ভুঁইয়া: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, টিফিনে কি কি আইটেম দেওয়া হয় এবং এগুলি ঠিকমত দেওয়া হচ্ছে কিনা সেটা দেখার জন্য কোন সুপারভিশানের ব্যবস্থা আছে কিনা?

শ্রীমহম্মদ আব্দুল বারি: টিফিন হিসাবে সরকার থেকে যেটা দেওয়া হয় সেটা বিভিন্ন এলাকায় পাউরুটি দেওয়া হয়। কেয়ার থেকে রান্না করা খাবার দেওয়া হয়। তা ছাড়া সরকারের আর একটি প্রকল্প আছে সেটা হচ্ছে, কোন কোন জায়গায় কেন্দ্রীয়ভাবে রন্ধনশালা করে—১৬টি ব্লকে এটা আছে—সেখান থেকে খিচুড়ি দেওয়া হয়। গ্রামীণ যে স্কুলবোর্ড আছে তাঁরা এটা সুপারভাইজ করেন। তাছাড়া কেয়ারের যে মিল অফিসার আছেন তিনিও এটা দেখাশুনা করেন। এই-ভাবে দেখাশুনা হয়।

পুরুলিয়া জেলায় আনন্দদীপ আবাসিক মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৬।) **ডাঃ সুকুমার রায়:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার পুঞ্চা থানার অন্তর্গত আনন্দদীপ আবাসিক মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন এখনও পর্যন্ত পর্ষদ কর্তৃক মঞ্জুর হয় নাই;

(খ) সত্য হইলে, (১) উক্ত স্কুলটি কোন্ তারিখে অনুমোদনের জন্য আবেদন করিয়াছিল ও (২) অনুমোদন মঞ্জুর না হওয়ার কারণ কি; এবং

(গ) (১) ৩১শে মে, ১৯৭৪ তারিখের পূর্বে এবং পরে পুরুলিয়া জেলায় কতগুলি

স্কুলের জন্য আবেদন করা হইয়াছিল এবং (২) তন্মধ্যে কতগুলি স্কুল অনুমোদন পাইয়াছে ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ ক) উক্ত বিদ্যালয়ের অনুমোদনের জন্য কোন দরখাস্ত পর্ষদ পায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৩১।৫।৭২ তারিখের পূর্বে ২৫টি এবং ৩১।৫।৭৪-এর পরে ৪১টি স্কুল অনুমোদনের জন্য আবেদন করেন।

(২) ৩৭টি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে দরখাস্তের কথা বললেন সে সম্পর্কে আমার জিজ্ঞাসা, এই দরখাস্ত কি ডাইরেক্ট আপনার কাছে করতে হবে, না ডি আই অব স্কুল, সেকেণ্ডারি এডুকেশনের কাছে সরাসরি করতে হবে, না অন্য কোন পদ্ধতি আছে ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতির জন্য নিয়ম ছিল পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে ২৫ টাকা ফি দিয়ে দরখাস্ত করতে হত। সেটা ১৯৭৫ সাল পর্যন্ত চলে। আমাদের পূর্বের সরকারের আমলে সেটা বন্ধ হয়ে যায়। ১৯৭৫ সালের পূর্ব পর্যন্ত যাঁরা ২৫ টাকা ফিস দিয়ে মধ্যশিক্ষা পর্ষদে দরখাস্ত করেছেন সেগুলি বিচার-বিবেচনা করা হচ্ছে। তবে এমন যদি কোন স্কুল থাকে যাঁরা ১৯৭৫ সালের আগে ২৫ টাকা ফি দিয়ে দরখাস্ত করেন নি তাহলে সেখানে পঞ্চায়েত সমিতি বা পৌরসভা যদি সেটা বিবেচনা করেন এবং তা করে আমাদের কাছে পাঠান—আমাদের আধিকারিকে তাহলে সেটা আমরা কখনও কখনও বিবেচনা করে দেখি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ২৫ টাকা ফি দিয়ে যারা দরখাস্ত করেছে তাদের কেসগুলি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস : এর সংখ্যাটা বিরাট, কাজেই এই মুহূর্তে এটা বলা সম্ভব নয়।

শ্রীউপেন্দ্র কিস্কু ঃ অর্গানাইজড স্কুলগুলি না হয় এইভাবে দরখাস্ত করলো, কিন্তু যেখানে স্কুল নেই সেখানে স্কুল করার জন্যও কি এইভাবে দরখাস্ত করতে হবে ?

শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস : আমি আগেই বলেছি, মাননীয় সদস্য আশা করি শুনেছেন যে, যেখানে স্কুলের পক্ষ থেকে এইভাবে দরখাস্ত করা হয় নি সেখানে পঞ্চায়েত সমিতি বা পৌরসভা যদি তার প্রয়োজন অনুভব করে সেখানে স্কুল করার প্রস্তাব আমাদের শিক্ষা আধিকারিকে পাঠান তাহলে সেই এলাকার প্রয়োজন বিবেচনা করে সেগুলি আমরা বিচার-বিবেচনা করে দেখি।

*৫৪১। Held Over.

আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য 'অলচিকি' লিপিতে বই ছাপা

*৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৭।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য "অলচিকি" লিপিতে বই এখনও ছাপা হয় নি ; এবং

(খ) সত্য হলে, বিলম্ব হওয়ার কারণ কি ?

শ্রীমহঃ আবদুল বারি : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীনীরোদ রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্রীড়া বিভাগে আমি কয়েকটি প্রশ্ন করেছিলাম, কিন্তু আজকে দেখলাম প্রশ্নগুলির রিটিন অ্যানসার এসেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বললেন, তিনি আন্সার তৈরি করে নিয়ে এসেছেন, অথচ দেখছি স্যার, সেগুলি ফ্লোরে আসছে না। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যদি রাজি থাকেন তাহলে তার উত্তরগুলি এখনই হতে পারে।

মিঃ স্পীকার : কোন্ প্রশ্নের রিটিন অ্যানসার হবে, কোন্টার ওর‍্যাল অ্যানসার হবে সেটা স্পীকার নিয়ম অনুসারে ঠিক করেন। আপনি যেভাবে বলছেন সেইভাবে হয় না, আপনি বসুন।

মাধ্যমিক বিদ্যালয়ে কনটিনজেন্সী ফাণ্ড

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০০০।) **শ্রীযোখীলাল মণ্ডল :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত দুই বৎসর যাবৎ মাধ্যমিক বিদ্যালয়ে কনটিনজেন্সী ফাণ্ড খাতে কোন টাকা দেওয়া হয় নাই ;

(খ) সত্য হইলে তাহার কারণ কি ; এবং

(গ) উক্ত বকেয়া টাকা মাধ্যমিক স্কুলগুলিকে দেওয়ার কোন প্রস্তাব আছে কি ?

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস : (ক) হ্যাঁ।

(খ) ছাত্র-ছাত্রীদের নিকট হইতে স্কুল কর্তৃক আদায়ীকৃত উন্নয়ন ফি (Fee) থেকে Contingency খাতে প্রভৃতি খরচ করার জন্য সরকার নির্দেশ দিয়েছেন।

(গ) এই টাকা সরকারের পক্ষ থেকে দেয় নয়, সেজন্য প্রশ্ন ওঠে না।

মিঃ স্পীকার : বাকি প্রশ্নগুলি হেল্ডওভার। যতীনবাবুর প্রশ্নগুলি হচ্ছে না। এখন আবার আমি ফিরে আসছি স্টার কোয়েশ্চেন নং ৫৩২-এ। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তখন উপস্থিত ছিলেন না যখন প্রশ্নটা ডাকা হয়। হাউসে ঠিক নিয়মিত আসতে হবে।

মদের কারখানায় উৎপাদন বৃদ্ধি

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২১০১।) **শ্রীশান্তিরাম মাহাতো, শ্রীসুভাষচন্দ্র মাহাতো ও শ্রীকাশীনাথ মিশ্র :** আবগারী বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মদের কারখানাগুলির উৎপাদন বৃদ্ধির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(খ) নূতন কোন মদের কারখানা স্থাপন করার প্রস্তাব সরকারের আছে কিনা ;

(গ) মহুয়া হতে অ্যালকহল তৈরির জন্য কারখানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(ঘ) অন্যান্য রাজ্য হতে বছরে কত পরিমাণ মোলাসেস আমদানি করতে হয় ?

শ্রীবিমলানন্দ মুখার্জী : (ক) পশ্চিমবাংলার পাঁচটি ডিস্টিলারী বা মদের কারখানার উৎপাদন বাড়াবার জন্য প্রয়োজনীয় কাঁচামাল অর্থাৎ ঝোলাগুড়ের সরবরাহ বাড়ানো হয়েছে। ঝোলাগুড়ের গুণগত মান বা শতকরা চিনির পরিমাণও বেড়েছে। ঝোলাগুড় রাখবার ব্যবস্থাতেও উন্নতি হয়েছে। ঝোলাগুড়

থেকে সুরাসার উৎপাদনের যন্ত্রসমূহের যথাযথ রক্ষণ ব্যবস্থার দিকেও নজর দেওয়া হয়েছে, ফলে প্রতি টন ঝোলাগুড় থেকে যেখানে আগে ২০০ লিটারের মত সুরাসার উৎপন্ন হত সেখানে বর্তমানে গড়ে প্রায় ২৪০ লিটারের মত সুরাসার পাওয়া যাচ্ছে। ১৯৮০-৮১ সুরাসার বৎসরে (ডিসেম্বর হতে নভেম্বর) যেখানে পশ্চিমবঙ্গে ১৫ লক্ষ লিটারের মত সুরাসার উৎপন্ন হয়েছিল, ১৯৮১-৮২ সুরাসার বৎসরে সে স্থলে প্রায় ৩৯ লক্ষ লিটার উৎপন্ন হয়েছে।

(খ) না।

(গ) হ্যাঁ।

(ঘ) অন্যান্য রাজ্য হতে পশ্চিমবঙ্গে ঝোলাগুড়ের আমদানী বিভিন্ন বৎসরে বিভিন্ন হয়। ১৯৮২-৮৩ সুরাসার বৎসরের জন্য ভারত সরকার অন্যান্য রাজ্য হতে পশ্চিমবঙ্গে আমদানীর জন্য মোট ৬৬ হাজার টন ঝোলাগুড়ের বরাদ্দ করেছেন।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বাইরে থেকে ঝোলাগুড় আমদানী করার জন্য অতিরিক্ত কত টাকা ব্যয় হয়?

মিঃ স্পীকার: হাউ ক্যান হি অ্যানসার দিস কোশ্চেন? এভাবে হয় না, আপনাকে এর জন্য নোটিশ দিতে হবে।

UNSTARRED QUESTIONS

(To which written answers were laid on the Table)

বকেয়া ওভারড্রাফ্ট

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯।) **শ্রীজয়ন্ত বিশ্বাস:** অর্থ বিভাগের ম: মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিককালে রাজ্য সরকার বকেয়া ওভার ড্রাফ্টের একটি অংশ মকু করার জন্য ও বাকী অংশ সহজ কিস্তিতে দীর্ঘমেয়াদী ঋণে পরিবর্তি করার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট কোন আবেদন করেছিলেন কি;

(খ) করে থাকলে, এ বিষয়ে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের বক্তব্য কি; এবং

(গ) ইহা কি সত্য যে, ১৯৮৩-৮৪ সালের যোজনা বরাদ্দে ওভারড্রাফ্ট বাব টাকা কেটে নেওয়া হচ্ছে?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কেন্দ্রীয় সরকারের সঙ্গে দফায় দফা: আলোচনার মাধ্যমে রাজ্য সরকার চেয়েছিলেন যে, কেন্দ্রীয় সরকার রাজ্যগুলি: ওভারড্রাফ্টের একটা অংশ মকুব করুন এবং বাকী অংশটুকু সহজ কিস্তিতে দে: দীর্ঘমেয়াদী ঋণে পরিবর্তিত করে দিন।

(খ) কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের উপরোক্ত প্রস্তাব গ্রহণ করেন নি।

(গ) হ্যাঁ। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে জানিয়েছেন যে, বর্তমান আর্থিক বৎসরের অন্তিম ঘাটতির দরুন অথবা প্রতিশ্রুত অতিরিক্ত সম্পদ সংগ্রহ এবং ব্যয়-সংকোচনের লক্ষ্যমাত্রা পূরণ না হবার দরুন যদি ১৯৮৩-৮৪ আর্থিক বছরের জন্য প্রতিশ্রুত অর্থসংস্থানে কোন ঘাটতির উদ্ভব হয়, তবে আনুপাতিকভাবে ঐ বৎসরের যোজনা বরাদ্দও হ্রাসপ্রাপ্ত হবে।

কয়লাখনিগুলিতে স্থায়ী ও অস্থায়ী শ্রমিকের সংখ্যা

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪।) **শ্রীতারকবন্ধু রায়:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কয়লাখনিগুলোতে কর্মে নিযুক্ত স্থায়ী ও অস্থায়ী শ্রমিকের সংখ্যা কত;

(খ) স্থায়ী ও অস্থায়ী শ্রমিকের দৈনিক মজুরীর হার কিরূপ; এবং

(গ) কয়লাখনি শ্রমিকের নিরাপত্তার জন্য আইনগত কি কি ব্যবস্থা প্রচলিত আছে ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এই রাজ্যে ইস্টার্ন কোল ফিল্ড্স লিমিটেড এবং ভারত কোকিং কোল লিমিটেড কর্তৃক পরিচালিত কয়লাখনিগুলিতে রোপওয়ে কারখানা এবং প্রোজেক্টসহ স্থায়ী শ্রমিকের সংখ্যা ১,৬৩,০৮৩ জন এবং অস্থায়ী শ্রমিকের সংখ্যা ২,২৮১ জন। এই পরিসংখ্যান ৩১-১-১৯৮৩ তারিখের।

(খ) এই সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসম্বলিত একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) কয়লাখনি শ্রমিকের নিরাপত্তার জন্য দি ইণ্ডিয়ান মাইন্স অ্যাক্ট, ১৯৫২, কোল মাইন্স রেগুলেশন, ১৯৫৭, মাইন্স রুলস্, ১৯৫৫ প্রভৃতি আইন এবং নিয়মাবলীর দ্বারা নির্দেশিত ব্যবস্থাসমূহ প্রচলিত আছে।

Statement referred to in reply to Clause 'kha' of Question No. 202 (Admitted Question No. 74)

Rates of wages for daily rated workers (Non-Excv)

Categroy—I ...	15.00—0.26—18.12
Category—II ...	15.40—0.34—19.48
Category—III ...	16.35—0.42—21.39
Category—IV ...	17.75—0.53—24.11
Category—V ...	19.50—0.72—28.14
Category—VI ...	22.70—0.95—34.10

Rates of wages for daily rated workers (Excv)

Excv. Special Grade ...	31.10—1.78—51.38 (for large dragline operator)
Excv. A	28.00—1.49—45.88
Excv. B	25 45.—1.30—41.05
Excv. C	23.60—1.13—37.16
Excv. D	20.90—0.83—30.86
Excv. E	17.20—0.48—22.96

Scale of pay of monthly rated workers

Tech. A	722—42—1058—44—1278
Tech. B	640—35—920—40—1160
Tech. C	572—29—804—34—1008
Tech. D	508—23—692—28—860
Tech. E	460—16—652
Tech. F	440—12—584
Tech. G	405—10—535
Tech. H	404—9—512

Clerical

Special	...	...	640—35— 20—41—1084
Gr. I	...	...	572—29—804—35—944
Gr. II	...	...	508—23—692—29—808
Gr. III	...	...	460—16—636
Pit Supervisor	...	...	662—39—740—41—1068—44—1244

Rates of wages for P. R. workers

			Rates of wages	Fall back wages
Group—I	...	...	15.36	15.00
Group—II	...	...	15.75	15.25
Group—III	...	...	16.36	15.50
Group—IV	...	...	16.70	15.75
Group—V	...	...	18.15	17.15*
Group—VI	...	...	18.50	18.50

দক্ষিণ ২৪-পরগনায় জমির মালিক কর্তৃক অগ্রিম অর্থ লইয়া জমি চাষ করার প্রথা

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭।) **শ্রীকৃষ্ণধন হালদার:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন দক্ষিণ ২৪-পরগনার বিভিন্ন মৌজাতে জমির মালিক কর্তৃক অগ্রিম টাকা (জমি ব্যবহারের জন্য মালিককে দেয় অগ্রিম অর্থ) লইয়া জমি চাষ করিতে দিবার প্রথা চালু আছে; এবং

(খ) অবগত থাকিলে অনুরূপ ক্ষেত্রে উক্ত চাষী উক্ত জমিতে ভাগচাষী/বর্গা রেকর্ড করিতে পারেন কিনা?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এই জাতীয় কোন প্রথার কথা এখন পর্যন্ত জানা যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

২৪-পরগনা জেলায় গ্রামীণ বৈদ্যুতীকরণ

২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮।) **শ্রীকৃষ্ণধন হালদার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে ২৪-পরগনা জেলার কুলপী থানার (১)

*Except in case of piece rated trammer whose fall back will be Rs. 18.15.

নারায়ণপুর মৌজা, (২) চণ্ডীপুর মৌজা ও (৩) বাঁশবেড়িয়া মৌজা বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) (১) ২৪-পরগনা জেলার কুলপী থানার অধীন নারায়ণপুর বলিয়া কোন মৌজার নাম নাই।

(২) এবং (৩) ঐ থানার অধীনে চণ্ডীপুর (জে. এল. নং ১৬৯) ও বাঁশবেড়িয়া (জে. এল. নং ১৭১) মৌজা বৈদ্যুতীকরণের জন্য গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পের অধীন কোনও কর্মসূচী বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

কৃষি আয়কর

২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০।) **শ্রীকৃষ্ণধন হালদার :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ আর্থিক বছরে কৃষি-আয়কর বাবদ পশ্চিমবঙ্গে কত অর্থ আদায় করা সম্ভব হয়েছে ;

(খ) আদায়ের ক্ষেত্রে কতজন (১) অফিসার ও (২) অন্যান্য কর্মী নিযুক্ত ছিলেন; এবং

(গ) উক্ত কর্মী ও অফিসারদের মাহিনা বাবদ বাৎসরিক ব্যয়ের পরিমাণ কত ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) নীট ১,২২,০২,৮০৫ টাকা।

(খ) (১) ৩২ জন অফিসার, (২) ২২৫ জন অন্যান্য কর্মী।

গ)) মোট ২৩,৭৫,৮৭০ টাকা।

বন বিভাগের কর্মী'র সংখ্যা

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪।) **শ্রীকৃষ্ণধন হালদার :** বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন বিভাগে মোট কতজন কর্মী নিযুক্ত আছেন ?

(খ) উহাদের মধ্যে—

(১) অফিসার,

(২) করণিক,

(৩) অন্যান্য পদে কতজন নিযুক্ত আছেন ; এবং

(গ) উক্ত তিন পর্যায়ের মধ্যে কোন পর্যায়ে কতজন তফসিলী জাতি-উপজাতির অন্তর্ভুক্ত কর্মী নিযুক্ত আছেন ?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৭,১০৩ জন।

(খ) (১) ১৫০ জন।

(২) ৭৭৩ জন।

(৩) ৬,১৮০ জন।

			তফসিলী জাতি	তফসিলী উপ-জাতি
(গ) অফিসার	...	...	৬ জন	৩ জন
করণিক	...	...	৩১ জন	৫ জন
অন্যান্য পদে	...	...	৬৪৪ জন	৪৮৩ জন

পিয়ারলেস ও ফেভারিট স্মল ইনভেস্টমেন্ট

২০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০১।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পিয়ারলেস ও ফেভারিট স্মল ইনভেস্টমেন্ট কোং প্রভৃতি সংস্থা কর্তৃক চাষী ও মধ্যবিত্তদ্বারা অর্থ সংগ্রহ করার ফলে সরকারী সঞ্চয় প্রকল্প ক্ষতিগ্রস্ত হইতেছে এই মর্মে কোনও তথ্য সম্পর্কে সরকার অবহিত কিনা ; এবং

(খ) কৃষকদের স্বল্প সঞ্চয়ে উদ্বুদ্ধ করার জন্য সরকার কি কি প্রকল্প চালু করেছেন ?

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কৃষকদের স্বল্প সঞ্চয়ে উদ্বুদ্ধ করার জন্য গ্রামাঞ্চলে বিভিন্ন মাধ্যমে স্বল্প সঞ্চয় প্রকল্পের প্রচার এবং এজেন্টের সংখ্যা বাড়ানো হয়েছে। ব্লকস্তরে স্বল্প সঞ্চয়ের সংগঠনকেও জোরদার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় অফিসারদের বেতনবৃদ্ধি

২০৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতাসহ রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির অফিসারদের বেতন বৃদ্ধির কোন সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন কি ;

(খ)　(ক) প্রশ্নের উত্তর 'হাঁ' হইলে উক্ত নূতন বেতনক্রম কোন্ সময় হতে চালু করা হবে ; এবং

(গ)　উক্ত বেতনক্রম চালু করার জন্য সরকারের বছরে অতিরিক্ত কত টাকা খরচ হবে ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) ও (গ) প্রশ্নগুলি উঠে না।

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫।) **শ্রীঅনিল মুখার্জী :** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)　মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে অন্য রাজ্য থেকে কোন অর্থ সংগৃহীত হইয়াছে কিনা এবং

(খ)　(ক) প্রশ্নের উত্তর 'হাঁ' হইলে উক্ত সংগ্রহের পরিমাণ কত ?

মুখ্যমন্ত্রী মহাশয় : (ক) হাঁ।

(খ) ২৫,০০০ টাকা।

কমিউনিটি হল

২১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮।) **শ্রীঅনিল মুখার্জী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)　পশ্চিমবঙ্গে ১৯৭৭-৮২ সালের মধ্যে রাজ্য সরকার কোথায় কোথায় কমিউনিটি হল নির্মাণ করিয়াছেন ; এবং

(খ)　প্রত্যেকটির নির্মাণের জন্য গড়ে আনুমানিক ব্যয়ের পরিমাণ কত ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) এই বিভাগের তরফ থেকে কোথাও কোন কমিউনিটি হল নির্মাণ করা হয় নি।

(খ)　প্রশ্ন ওঠে না।

এ পি পি নিযুক্তের সংখ্যা

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৩।) **শ্রীঅনিল মুখার্জী :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭-৮২ সালে কোন্ জেলায় কতজন এ পি পি নিযুক্ত করা হয়েছে (জেলাওয়ারী হিসাব) ?

বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ১৯৭৭-৮২ সালে রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত এ পি পি-দের জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল :

(১) ২৪-পরগনা—১০ জন, (২) বাঁকুড়া—৬ জন, (৩) বর্ধমান—৭ জন (৪) কুচবিহার—৪ জন, (৫) দার্জিলিং—১ জন, (৬) হাওড়া—১১ জন (৭) হুগলি—৪ জন, (৮) জলপাইগুড়ি—১ জন, (৯) মালদা—৩ জন, (১০) মুর্শিদাবাদ—৩ জন, (১১) নদীয়া—৭ জন এবং (১২) পুরুলিয়া—২ জন।

রাজস্ব আদায়

২১২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮১।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** অর্থ বিভাগে মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিককালে রাজ্যে রাজস্ব আদায়ে উন্নতির জন্য কি কি প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) তার ফলাফল কি ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) রাজস্ব আদায়ের উন্নতির জন্য যেসম প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেগুলি হল :

(১) রাজস্ব আদায়ের কাজে নিযুক্ত প্রশাসন ব্যবস্থাকে শক্তিশালী করা হয়েছে। বিক্রয়কর অধিকারের সাংগঠনিক কাঠামোর পরিবর্তন করে কিছু কিছু জায়গায় পুরানো চার্জ অফিসকে বিভক্ত করা হয়েছে এবং কিছু কিছু নতুন সার্কেল অফিস খোলা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ের নতুন পদ সৃষ্টি ও সেগুলিতে নতুন অফিসার নিয়োগ করা হয়েছে ;

(২) আইনের ত্রুটি-বিচ্যুতিগুলিকে দূর করা হচ্ছে ;

(৩) বিক্রয়ের উদ্দেশ্যে রাজ্যে বিভিন্ন দ্রব্যাদি আমদানীকারী বড় বা ব্যবসায়ীদের নিয়মিত সমীক্ষা করা হচ্ছে ;

(৪) কর ফাঁকির ঘটনাগুলিকে উপযুক্তভাবে অনুসন্ধান করার জন্য সরকারের অধীনে গঠিত "ব্যুরো অফ ইনভেস্টিগেশন" নামক সংস্থাটিকে প্রয়োজনমত শক্তিশালী করা হচ্ছে ;

(৫) সন্দেহভাজন কর ফাঁকিদাতাদের ব্যবসাস্থলে হানা দেওয়া হচ্ছে এবং কর ফাঁকি অনুসন্ধানের জন্য তাদের খাতাপত্র আটক করা হচ্ছে ;

(৬) কর ফাঁকি বন্ধের উদ্দেশ্যে বেশ কিছুসংখ্যক দ্রব্য, পূর্বে যেগুলির বিক্রয়ের শেষ পর্যায়ের উপর ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইনে কর আদায় করা হত, বর্তমানে সেগুলিকে বিক্রয়ের প্রথম পর্যায়ের উপর কর আদায়ের উদ্দেশ্যে ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের অধীনে আনা হয়েছে। ইহা ছাড়া আরও বেশ কিছু সংখ্যক দ্রব্যকে ঐ একই উদ্দেশ্যে ১৯৪১ সালের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইনের ৪এ ধারার অধীনে করযোগ্য করা হয়েছে ;

৭) কর ফাঁকি বন্ধ করার উদ্দেশ্যে রাজ্যের বিভিন্ন স্থানে প্রয়োজনমত চেকপোস্ট স্থাপন করা হচ্ছে ;

৮) ব্যাঙ্ক, পরিবহণ সংস্থা প্রভৃতির নিকট হইতে ব্যবসায়ীদের হিসাবপত্র পরীক্ষা করার ক্ষমতা বিক্রয়কর অফিসারদের দেওয়া হয়েছে ;

৯) বেটিং এবং টোটালিজেটর ট্যাক্স ফাঁকির সম্ভাবনাকে রোধ করার জন্য ১৯২২ সালের বঙ্গীয় প্রমোদকর আইনকে সংশোধন করে রাজ্যের তিনটি ঘোড়দৌড়ের ক্লাবে রাজ্য সরকার মনোনীত 'স্টুয়ার্ড' নিয়োগ করা হয়েছে।

থ) এই ব্যবস্থাগুলি গ্রহণের ফলে রাজস্ব আদায়ে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হচ্ছে।

কলিকাতা ও শহরতলিতে সরকারী ফ্ল্যাটের সংখ্যা

২১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৭।) **শ্রীমীর মহম্মদ :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কলিকাতা ও শহরতলি এলাকায় কি ধরনের কতগুলি ফ্ল্যাট তৈয়ারি করা হইয়াছে ;

(খ) উক্ত ফ্ল্যাটগুলির মধ্যে কতগুলি বিলি-বণ্টন অথবা ভাড়া দেওয়া হইয়াছে ; এবং

(গ) তন্মধ্যে কোন মন্ত্রীকে বা তাঁহার পরিবারভুক্ত কোন ব্যক্তিকে অথবা কোন বিধানসভার সদস্যকে উক্ত ফ্ল্যাট ভাড়া দেওয়া হইয়াছে কিনা ?

আবাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

(১)	রেন্টাল হাউসিং স্কীম	...	১৯২টি
(২)	এল আই জি স্কীম	...	১৭৬টি
(৩)	এস আই এইচ এস ই ডব্লু এস স্কীম		১৮৪টি
	মোট	...	৫৫২টি

(খ) তৈরি সকল ফ্ল্যাটই বণ্টন করা হয়েছে।

(গ) কোন পূর্ণমন্ত্রীকে কোন ফ্ল্যাট প্রদান করা হয় নি। তবে ১০ জন রাষ্ট্রমন্ত্রীকে রুস্তমজী পারশি রোডে ফ্ল্যাট দেওয়া হয়েছে। মন্ত্রী পরিবারের কেউ ফ্ল্যাট পেয়েছেন বলে জানা নেই। কোন বিধানসভার সদস্যকে ফ্ল্যাট দেওয়া হয়নি।

রামপুরহাট পৌর এলাকায় পানীয় জল সরবরাহ

২১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪০।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট পৌর এলাকায় ২য় পর্যায়ের পানীয় জল সরবরাহের ব্যবস্থা এখনও কার্যকর হয় নাই ;

(খ) সত্য হইলে, উক্ত জল সরবরাহ ব্যবস্থা ত্বরান্বিত করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ; এবং

(গ) হইয়া থাকিলে, কি ব্যবস্থা গৃহীত হইয়াছে এবং কবে নাগাদ জল সরবরাহ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক) সত্য। তবে এই পর্যায়ের অনেকাংশের কাজ সম্পূর্ণ হয়েছে।

(খ) হ্যাঁ।

(গ) রেলওয়ে কলোনীকে বাদ দিয়া ২য় রাইজিং মেনের একটি নূতন অ্যালাইনমেন্ট স্থিরীকৃত হয়েছে। এক মাসের মধ্যে এই অ্যালাইনমেন্টের পাইপ লাইন পুঁতিবার কাজ আরম্ভ হবে। জোন টু-তে জল সরবরাহ চালু করার ইহাই প্রধান বাধা। আশা করা যায় এই বছরের শেষ নাগাত ইহা চালু করা সম্ভব হবে।

রামপুরহাট ১ নং ব্লকে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা

২১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৭।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরাপীড়িত রামপুরহাট ১ নং ব্লক এলাকায় খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যাবৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত ব্লকে জনসংখ্যার অনুপাতে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যাবৃদ্ধির হার কত হইবে ; এবং

(গ) বর্তমানে উক্ত ব্লকে জনসংখ্যার কত শতাংশকে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে ?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় :

(ক) হ্যাঁ।

(খ) ৫.২৩ শতাংশ।

(গ) ২.২৭ শতাংশ।

কালচিনি ব্লকে রাস্তা নির্মাণের পরিকল্পনা

২১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৭।) **শ্রীমনোহর তিরকী :** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার কালচিনি ব্লকে বাজার সংশ্লিষ্ট রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে ঐ রাস্তা নির্মাণের জন্য সরকার কি কি ব্যবস্থা নিচ্ছেন ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) আপাতত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

আলিপুরদুয়ার মহকুমায় গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৮।) **শ্রীমনোহর তিরকী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহকুমায় বর্তমানে (১লা ফেব্রুয়ারি, ১৯৮৩) মোট কয়টি গ্রামীণ জল সরবরাহ প্রকল্প চালু আছে ;

(খ) উক্ত মহকুমায় কোন প্রকল্পের কাজ অসমাপ্ত অবস্থায় আছে কিনা;

(গ) থাকিলে, কয়টি এবং সেগুলি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) হাসিমারা জল প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) ৫টি যথা (১) ফলাকাটা থানায় জটেশ্বর, (২) কালচিনি থানার কালচিনি, (৩) কালচিনি থানার জয়ন্তি, (৪) ফলাকাটা থানার ফলাকাটা ও (৫) মাদারিহাট থানার মাদারিহাট।

(খ) হ্যাঁ, আছে।

(গ) ৩টি যথা (১) কুমারগ্রাম থানার কয়জালি বস্তি, (২) কালচিনি থানায় জয়েসর্গা ও (৩) কালচিনি থানার হাসিমারা।

কয়জালি প্রকল্পের গভীর নলকূপ ছাড়া অন্যান্য সমস্ত কাজ শেষ হয়েছে। নলকূপের প্রয়োজনীয় লেয়ার (Layer) পাওয়া গেলে এবং পাম্পিং মেসিনারি বসানোর পর প্রকল্পটি চালু করা হবে।

জয়েসর্গাঁর প্রকল্পটির নলকূপ ছাড়া অন্যান্য সমস্ত কাজ শেষ হয়েছে। প্রকল্পটির জন্য বিশেষ ধরনের পাম্পিং মেসিনারি দরকার। প্রকল্পটির প্রয়োজনীয় বিদ্যুৎ পাওয়া গেলে ১৯৮৪ সালের মার্চ মাস নাগাদ প্রকল্পটি চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়।

হাসিমারা প্রকল্পটির জন্য প্রয়োজনীয় জমি সবে পাওয়া গেছে এবং প্রথম পর্যায়ের কাজও শুরু হয়েছে।

(ঘ) প্রকল্পটির কাজ শুরু হয়ে গিয়েছে এবং আশা করা যায় ১৯৮৩ সালের মার্চ মাস নাগাদ চালু করা যাবে।

স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট কর্পোরেশন

২১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৪।) **শ্রীসরল দেব:** মৎস্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জুন হইতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট কর্পোরেশনে কতজন নূতন শিক্ষানবীশ নিযুক্ত হইয়াছে এবং

(খ) ঐ শিক্ষানবীশদের কতজন কোন্ জেলার অধিবাসী?

মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ১৯৮২ সালের জুন হইতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত স্টেট ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনে মোট ২৫ জন "ট্রেনী" লওয়া হইয়াছে।

(খ) ঐ "ট্রেনী"দের মধ্যে ১৪ জন কলিকাতা, ৪ জন ২৪-পরগনা, ৬ জন মেদিনীপুর এবং ১ জন হুগলী জেলার অধিবাসী।

বারাসতকে উত্তর ২৪-পরগনার জেলা শহর করার পরিকল্পনা

২১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৭।) **শ্রীসরল দেব**ঃ স্বরাষ্ট্র (কর্মী বৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে গত ১০ই সেপ্টেম্বর ১৯৮২ তারিখের প্রশ্ন নং ৯৬ (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১) উত্তর উল্লেখপূর্বক জানাবেন কি, বারাসতকে উত্তর ২৪-পরগনা জেলা শহর তৈরি করার কাজের কতদূর অগ্রগতি হয়েছে?

স্বরাষ্ট্র (কর্মী বৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ঃ বারাসত শহরে প্রশাসনিক ভবন নির্মাণের কাজ চলছে।

তাছাড়া সরকারী সিদ্ধান্ত অনুযায়ী বারাসত শহরে উত্তর ২৪-পরগনার জেলা সদর স্থাপনের জন্য প্রয়োজনীয় অন্যান্য সরকারী অফিস ভবন, সরকারী কর্মচারীদের আবাসগৃহ ইত্যাদি নির্মাণের জন্য পূর্ত বিভাগ যে মাস্টার প্ল্যান ও এস্টিমেট তৈরি করেছেন তা পরীক্ষা করা হয়েছে। প্রয়োজনীয় নির্মাণকার্য যত শীঘ্র সম্ভব আরম্ভ করার জন্য চেষ্টা হবে।

রাজ্যে খুনের সংখ্যা

২২০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৬।) **শ্রীসরল দেবঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জুন মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত খুনের সঙ্গে জড়িত ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৮৭৯টি।

(খ) ১,৫৪৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

রেজিস্ট্রীকৃত বেকার ব্যক্তির সংখ্যা

২২১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০।) **শ্রীশিশিরকুমার অধিকারী:** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কর্মবিনিয়োগ কেন্দ্রে ২৮-এ ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত রেজিস্ট্রীকৃত বেকার ব্যক্তির সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: ৩৫,৬২,৮৯৮ (প্রভিশন্যাল)।

বিভিন্ন শ্রেণীর রেশন কার্ডে খাদ্যশস্য সরবরাহ

২২২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্য সরকার কোন্ কোন্ শ্রেণীর রেশন কার্ডে চাল, গম প্রভৃতি খাদ্যশস্য সরবরাহ করেন;

(খ) আংশিক রেশনিং এলাকাতে "ঙ" শ্রেণীতে চাল না পাওয়ার কারণ কি;

(গ) কিভাবে রেশন কার্ডের শ্রেণীবিন্যাস বর্তমানে সরকার করে থাকেন; এবং

(ঘ) বর্তমানে খরাপীড়িত এলাকা হিসাবে বাঁকুড়া, পুরুলিয়া ও অন্যান্য খরাপীড়িত এলাকাগুলিতে "ঙ" শ্রেণীর কার্ড হোলডারদের চাল দেবার ব্যবস্থা সরকার করেছেন কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) বর্তমানে সংশোধিত রেশন এলাকায় 'ক', 'খ', 'গ' ও 'ঘ' শ্রেণীর রেশন কার্ডে চাল, গম, আটা প্রভৃতি খাদ্যশস্য সরবরাহের নির্দেশ আছে।

(খ) রাজ্যের চাহিদার তুলনায় কেন্দ্রীয় ভাণ্ডার হতে চালের বরাদ্দ ও সরবরাহ ধারাবাহিকভাবে কমে যাওয়ায় এবং ধানের জমির পরিমাণ অন্যান্য শ্রেণীর থেকে 'ঙ' শ্রেণীর পরিবারের বেশি থাকাই বর্তমানে চাল না পাওয়ার কারণ।

(গ) ধানের জমির ও ফসলের পরিমাণের ভিত্তিতে এই শ্রেণীবিন্যাস করা হয়েছে।

(ঘ) বর্তমানে পরিকল্পনা নাই।

বীরভূম জেলার ভীমপুর হাজী মহ: কোরবান হোসেন উপ-স্বাস্থ্যকেন্দ্র

২২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭১।) **ডা: মোতাহার হোসেন:** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ভীমপুর হাজী মহঃ কোরবান হোসেন উপ-স্বাস্থ্যকেন্দ্রটির অন্তর্বিভাগ (ইনডোর) চালু হইয়াছে কি; এবং

(খ) না হইয়া থাকিলে,—

(১) বিলম্বের কারণ কি, ও

(২) কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) (১) এবং (২) এখনও পর্যন্ত কোন সেবিকা কাজে যোগদান না করায় অন্তর্বিভাগটি চালু করা যায় নাই। সেবিকা যাহাতে কাজে যোগ দেন তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

বিদ্যালয়ের ডেভেলপমেণ্ট ফি বৃদ্ধি

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৮।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উন্নয়ন বাবদ ফি (ডেভেলপমেণ্ট ফি) ছয় টাকা থেকে আঠারো টাকায় বৃদ্ধি করার প্রস্তাব বর্তমান সরকার অনুমোদন করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) আংশিক সত্য।

(খ) উন্নয়ন ফি হইতে বিদ্যালয়গুলি (১) বিদ্যালয় গৃহ সারানো, (২) আসবাব-পত্র সারানো এবং কেনা, (৩) পারিতোষিক, উৎসব অনুষ্ঠান, (৪) অডিট ফি, (৫) অন্যান্য দৈনন্দিন ব্যয়, (৬) খাজনা, কর ইত্যাদি এবং (৭) শিক্ষার আনুষঙ্গিক যন্ত্রপাতি কেনা ইত্যাদি খাতে ব্যয় করে থাকেন।

বর্তমান মূল্যবৃদ্ধির জন্য বাৎসরিক ছয় টাকা উন্নয়ন ফি দ্বারা বিদ্যালয়গুলি উপরোক্ত ৭টি খাতে সুষ্ঠুভাবে ব্যয় সঙ্কুলান করতে পারেন না। এ ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষের প্রস্তাব অনুসারে বর্তমান মূল্যবৃদ্ধির কথা চিন্তা করে এবং বিদ্যালয়গুলির সুষ্ঠু পরিচালনার দিকে লক্ষ্য রেখে সরকার উন্নয়ন ফি বাড়াবার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রাথমিক বিদ্যালয়ের জন্য অলচিকি হরফে পাঠ্যপুস্তক

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩১।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাথমিক বিদ্যালয়ে আদিবাসী (সাঁওতালী ভাষাভাষী)

ছাত্র-ছাত্রীদের জন্য অলচিকি হরফে যে পাঠ্যপুস্তক রচনা করা হইয়াছিল তাহা বাতিল হইয়াছে ; এবং

(খ) (১) সত্য হইলে, তাহার কারণ কি ; এবং

(২) বর্তমান শিক্ষাবর্ষে পুনরায় তাহা চালু হইবার কোন সম্ভাবনা আছে কিনা ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রীমহাশয় : (ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

ইসলামপুর মহকুমায় বোতলবাড়ী-ইসলামপুর রাস্তা নির্মাণ পরিকল্পনা

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৩।) **শ্রীসুরেশ সিংহ :** পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইসলামপুর মহকুমার অন্তর্গত বোতলবাড়ী হইতে রসখোয়া-শোলপাড়া হইয়া ইসলামপুর শহর পর্যন্ত রাস্তাটি নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় : (ক) এই নামে কোন প্রকল্প সরকারের বিবেচনাধীনে নাই। তবে স্বর্ণবাটী হইতে বিপ্রিত এবং রুদেল হইয়া ইব্রাহিমপুর পর্যন্ত একটি পাকা রাস্তা নির্মাণ করা যায় কিনা সে সম্পর্কে আর্থ-কারিগরী সমীক্ষার কাজ চলছে।

(খ) 'ক' অংশে উল্লেখিত যে প্রস্তাবিত সড়কটির সমীক্ষার কাজ চলছে তা বাস্তবায়িত হওয়া বা না হওয়া আর্থিক অবস্থার উপর সম্পূর্ণ নির্ভরশীল। অতএব কবে বাস্তবায়িত হবে তা এখনই বলা সম্ভব নয়।

পশ্চিম দিনাজপুরে বাংলাদেশ সীমান্তে নানারকম ঘটনা

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৪।) **শ্রীসুরেশ সিংহ :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের মে মাস থেকে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ে পশ্চিম দিনাজপুরে করণদীঘি থানার বাংলাদেশ সীমান্ত অঞ্চলে, (১) গবাদি পশু লুট ও অপহরণ ও (২) আগ্নেয়াস্ত্র ব্যবহারে গ্রামবাসী নিহত হইবার কোন ঘটনা ঘটেছে কি ; এবং

(খ) ঘটিয়া থাকিলে, (১) উক্ত ঘটনা রোধের জন্য সরকার প্রয়োজনীয় কি

ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং (২) এই জাতীয় অপরাধ মোকাবিলায় উদারভাবে আগ্নেয়াস্ত্র ব্যবহারের অনুমতি (লাইসেন্স) দেওয়ার কথা সরকার চিন্তা করছেন কিনা ?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) (১) উক্ত সময়ের মধ্যে ঐরূপ তিনটি ঘটনা ঘটিয়াছে।

(২) উহাদের মধ্যে একটি ঘটনায় ডাকাতদল কর্তৃক আগ্নেয়াস্ত্র ব্যবহারের ফলে আক্রান্ত গৃহের একজন বাসিন্দা নিহত হয়।

(খ) (১) এইরূপ ঘটনা রোধের জন্য সীমান্তবর্তী বি.এস এফ বাহিনীকে সীমান্তে টহলদারী জোরদার করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে এবং সীমান্ত এলাকার গ্রামরক্ষী বাহিনীগুলিকে সক্রিয় করা হইতেছে।

(২) না।

বাঁকুড়া জেলায় মধুপুর-ধমপুর রাস্তা

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার রাইপুর থানার অন্তর্গত মধুপুর হইতে ধমপুর নাগদা পর্যন্ত রাস্তাটি যানবাহন চলাচলের পক্ষে অনুপযোগী ; এবং

(খ) অবগত থাকিলে, (১) উক্ত রাস্তাটি সংস্কারের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা, এবং (২) করিয়া থাকিলে, কবে নাগাত উক্ত রাস্তাটি যানবাহন চলাচলের উপযোগী হইবে বলিয়া আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) হাঁ, তবে রাস্তাটি পূর্ত বিভাগের অধীন নয়।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

আরামবাগে নূতন রাস্তা

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬২।) **শ্রীআব্দুল মান্নানঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বামফ্রন্ট সরকারের আমলে আরামবাগ মহকুমায় কোন নতুন রাস্তা পাকা করা হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে (১) কোন্ স্থান থেকে কোন্ স্থান পর্যন্ত এবং (২) তার দূরত্ব (কিলোমিটারে) ?

পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) এবং (খ) বামফ্রন্ট সরকারের আমলে আরামবাগ মহকুমায় যে সকল নতুন রাস্তা নির্মিত হয়েছে তার নাম ও দৈর্ঘ্য যথাক্রমে (১) কামারপুকুর থেকে আনুর ৩'২৫ কিঃ মিঃ এবং (২) বলরামপুর-ছত্রশালি—১ কিঃ মিঃ।

কেলেঘাই সেতু নির্মাণের কাজ

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৭।) **ডাঃ মানস ভুঁইয়াঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এবং পটাশপুর থানার কেলেঘাই নদীর উপর দীঘা-মেদিনীপুর রাস্তার উপর সেতু নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ ঐ সেতু নির্মাণের কাজ শেষ হবে এবং তার উদ্বোধন হবে?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মূল সেতু প্রায় শেষ হতে চলেছে।

(খ) ১৯৮৩ সালের শেষে সকল প্রকার যানবাহনের জন্য উন্মুক্ত হবে বলে আশা করা যায়।

লেভির মাধ্যমে খাদ্যশস্য

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৭।) **শ্রীঅশোক ঘোষঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে এ রাজ্যে লেভির মাধ্যমে কত ধান চাল সংগ্রহ হয়েছে;

(খ) এ ব্যাপারে সরকারের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(গ) কোন্ কোন্ প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত লেভি আদায় হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ১-১-৮২ থেকে ৩১-১২-৮২ পর্যন্ত এ রাজ্যে চালকলগুলি থেকে লেভি মারফত ৩৩২৮০ মেঃ টন চাল সংগৃহীত হয়েছে।

(খ) ১৯৮২-৮৩ খরিফ বর্ষে চালকলের উপর লেভি এবং ডি পি এজেন্ট মারফত সংগ্রহ প্রভৃতি উপায়ে সংগ্রহের লক্ষ্যমাত্রা ১ লক্ষ মেঃ টন (চালের হিসাবে)।

(গ) রাজ্য সরকারের প্রতিনিধি হিসাবে এফ সি আই উক্ত লেভি রাজ্যের অভ্যন্তরে (চালকলগুলি থেকে) ক্রয় (আদায়) করেছেন।

মালদহ জেলার ভুতনী দিয়াড়াতে পাকা রাস্তা

২৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১২০৪।) **শ্রীযোধীলাল মণ্ডলঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সিদ্ধার্থশঙ্কর রায় মন্ত্রিসভার সময়ে মালদহ জেলার মানিকচক থানার অন্তর্গত ভুতনী দিয়াড়াতে একটি পাকা রাস্তা মঞ্জুর করা হয়েছিল ; এবং

(খ) সত্য হইলে (১) উক্ত রাস্তার জন্য ঐ সময়ে কত টাকা মঞ্জুর করা হয়েছিল, (২) উক্ত রাস্তাটি বর্তমানে কি অবস্থায় আছে এবং (৩) কবে নাগাদ ঐ রাস্তার কাজ শুরু এবং শেষ হবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) উল্লেখিত প্রকল্পটি এখনও কারিগরী সমীক্ষার পর্যায়ে আছে। যেহেতু সড়কটি একটি দীর্ঘ অংশে নীচু জায়গা অতিক্রম করবে, সে কারণে এর পথরেখা নির্ধারণের জন্য বিশেষ সমীক্ষার প্রয়োজন। ভৌগোলিক অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে কি ধরনের রাস্তা ঐ দ্বীপটিতে নির্মাণ করা যায় সে সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয় নি।

(খ) (১) কোন পর্যায়েই উক্ত রাস্তার জন্য কোন অর্থ মঞ্জুর করা হয় নি।

(২) ও (৩) ক অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।

জবর দখল কলোনী উন্নয়নের জন্য পরিবার পিছু খরচের পরিমাণ

২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৪।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জবর দখল কলোনীগুলির উন্নয়নের জন্য পরিবার পিছু টাকা খরচের কোন পরিমাণ নির্দিষ্ট আছে কি ; এবং

(খ) থাকিলে,

(১) এই অর্থের পরিমাণ কত ?

(২) কোন্ সাল হইতে ঐ পরিমাণ নির্দিষ্ট আছে ; এবং

(৩) মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে ঐ পরিমাণ বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ, প্লটপিছু আছে।

(খ) (১) সি এম ডি এ এলাকায় প্রতি প্লটপিছু ২,৫০০ টাকা ধার্য আছে এবং সি এম ডি এ এলাকা বহির্ভূত কলোনীর ক্ষেত্রে প্লটপিছু ১,৭০০ টাকা ধার্য আছে।

(২) ১৯৭৬-৭৭ সাল হইতে ঐ পরিমাণ নির্দিষ্ট আছে।

(৩) সরকারী এবং জবরদখল কলোনীগুলি উন্নয়নের বাবদ খরচ কেন্দ্রীয় সরকার বহন করেন।

মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে প্লটপ্রতি টাকা বৃদ্ধির জন্য রাজ্য সরকার কেন্দ্র সরকারের সঙ্গে আলোচনা করছেন।

জবর দখল কলোনি উন্নয়ন

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৫।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে পশ্চিমবাংলায় মোট কতগুলি জবর দখল কলোনি উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে;

(খ) ঐ কলোনিগুলির পরিবারের মোট সংখ্যা কত; এবং

(গ) সর্বশেষ তথ্য অনুযায়ী উক্ত উন্নয়ন খাতে মোট কত টাকা খরচ করা হয়েছে?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) মোট—৭১টি।

(খ) সংখ্যা—১১,৭৯৩টি।

(গ) ২,২৪,৭৮,৭১৬ (এ পর্যন্ত মোট ২ কোটি ২৪ লক্ষ ৭৮ হাজার ৭১৬ টাকা)।

পালিতপুর-পালিটা রাস্তা

২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৭।) **শ্রীবনমালী দাস:** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর থানার অন্তর্গত পালিতপুর-পালিটা রোডের রাস্তাটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) এই রাস্তার কাজ ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) কয়েকটি সেতু সংলগ্ন অংশ বাদে রাস্তার মাটির কাজ শেষ হয়েছে এবং মুরামের কাজ চলছে।

(খ) রাস্তার কাজ ত্বরান্বিত করা অর্থ সঙ্কুলানের উপর নির্ভরশীল।

নানুর-বাসাপাড়া রাস্তা

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৮।) **শ্রীবনমালী দাস:** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর হইতে বাসাপাড়া রাস্তার নির্মাণের কাজ কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ ঐ রাস্তা নির্মাণের কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) মূল রাস্তায় প্রায় অর্ধেক দৈর্ঘ্যের কাজ সমাপ্ত য়াছে। বাকী অর্ধেক ঝামা ও মাটির কাজ চলিতেছে।

(খ) রাস্তা শেষ হওয়া আর্থিক সঙ্গতির উপর নির্ভর করছে।

কাসাই নদীতে সেতু নির্মাণের কাজ

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮০।) **শ্রীসুভাষচন্দ্র মাহাত:** পূর্ত বিভাগের রপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুড়া হইতে মানবাজার পর্যন্ত রাস্তার কাঁসাই নদীর উপর একটি সেতু নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে; এবং

(গ) ঐ সেতু নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে?

পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ও (খ) মাননীয় সদস্য বোধহয় পুঞ্চা-বোজার রাস্তায় বুধপুরঘাটে কাঁসাই নদীর উপর সেতুর কথা উল্লেখ করেছেন। সেতুর কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

(গ) ২০·৪২ লক্ষ টাকা।

ঝালদা ব্লকে নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন

২ ৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮১।) **শ্রীসুভাষচন্দ্র মাহাত:** শিক্ষা (মাধ্যমিক) ভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ঝালদা ১ নং ও ২ নং ব্লকে নতুন কোন মাধ্যমিক দ্যালয় স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ও (খ) সাধারণভাবে রকার পক্ষ থেকে কোন এলাকায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করার কোন উদ্যোগ হণ করা হয় না। জেলাস্তরে গঠিত পরিদর্শক টিমের প্রতিবেদনের উপর ভিত্তি রে বিদ্যালয়ের স্বীকৃতি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

কৃষ্ণনগর-গোপালপুরঘাট রাস্তা

২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৮।) **শ্রীমাধবেন্দু মোহান্ত:** পূর্ত বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর-গোপালপুরঘাট (ভায়া তেহট্ট-করিমপুর ও নতিডাঙ্গা) রাস্তাটিকে ন্নত ও প্রশস্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে (১) উক্ত রাস্তা নির্মাণের কাজ কবে নাগাদ আরম্ভ হবে এবং করে নাগাদ শেষ হবে এবং (২) ঐ বাবদে কত টাকা ব্যয় হবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের খেলাধুলার ব্যবস্থা

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৯।) **শ্রীরামপদ মাণ্ডি :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের খেলাধুলার উৎসাহিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে,

(১) কি ধরনের পরিকল্পনা আছে ;

(২) কোন্ সাল হইতে এই পরিকল্পনা করা হইয়াছে ; এবং

(৩) এ বাবদে এ পর্যন্ত কত অর্থ ব্যয় হইয়াছে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) আছে।

(খ) (১) খেলাধুলায় ছাত্রছাত্রীদের উৎসাহিত করার জন্য, প্রাথমিক শিক্ষার নূতন পাঠক্রমে খেলাধুলা ও শরীর চর্চাকে পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া প্রতি বছর জেলাভিত্তিক প্রতিযোগিতামূলক খেলাধুলার অনুষ্ঠান হয়।

(২) ১৯৮১ সাল থেকে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(৩) বার্ষিক খেলাধুলা বাবদ ১৯৮১-৮২ সালে শহরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য ৬ লক্ষ টাকা এবং গ্রামাঞ্চলের জন্য ২৬ লক্ষ টাকা মোট ৩২ লক্ষ টাকা, এবং ১৯৮২-৮৩ সালে মোট ৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

নারায়ণপুর গ্রামে জনৈক ব্যক্তির নির্যাতন

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৬।) **শ্রীকৃষ্ণধন হালদার :** আবগারী বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আবগারী কনস্টেবলগণ গত ১১ই জানুয়ারি ১৯৮৩ তারিখে ২৪-পরগনা জেলার কুলপী থানার অন্তর্গত নারায়ণপুর গ্রামের জনৈক ব্যক্তিকে গাঁজার ব্যবসায়ে লিপ্ত থাকার অজুহাতে দৈহিক নির্যাতন ও তাহার গৃহসামগ্রী লুঠ করে ; এবং

(খ) সত্য হইল (১) উক্ত বিষয়ে কোন প্রমাণ পাওয়া গিয়াছে কি; এবং (২) প্রমাণ পাওয়া না গেলে উক্ত কনস্টেবলের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

আবগারী বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

শিশু পুষ্টি প্রকল্প

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৭): **শ্রীব্রজগোপাল নিয়োগীঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলা ১৯৭৭ থেকে ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত সময়ের মধ্যে শিশু পুষ্টি প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে কতজন শিশুকে আনা হয়েছে; এবং

(খ) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে হুগলী জেলায় উক্ত প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক)	১৯৭৭-৭৮ সালে	২০,৫০০ জন
	১৯৭৮-৭৯ সালে	১,০৫,৫০০ জন
	১৯৭৯-৮০ সালে	১,৫০,৫০০ জন
	১৯৮০-৮১ সালে	২,২০,৫০০ জন
	১৯৮১-৮২ সালে	২,২০,৫০০ জন
	১৯৮২-৮৩ সালে .. .. , .	২,২০,৫০০ জন

(খ) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের উক্ত প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ১০,৯৯,০০০ টাকা এবং ২২,৪৬,০০০ টাকা

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের খেলাধুলার জন্য অর্থ বরাদ্দ

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৬।) **শ্রীসুভাষ গোস্বামী :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের খেলাধূলার জন্য কত টাকা বরাদ্দ হয়েছে; এবং

(খ) বিগত আর্থিক বৎসরে ঐ বাবদ কত টাকা ব্যয় হয়েছে?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২-৮৩ সালে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের খেলাধূলার জন্য ৮,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) বিগত আর্থিক বৎসরে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের খেলাধূলা বাবদ ৩২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল।

শিক্ষামূলক ভ্রমণ বাবদ টাকার পরিমাণ

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৭।) **শ্রীসুভাষ গোস্বামী:** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে মোট কতগুলি ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষামূলক ভ্রমণ বাবদ টাকা দেওয়া হইয়াছে এবং উহার পরিমাণ কত; এবং

(খ) বর্তমান আর্থিক বৎসরে উক্ত উদ্দেশ্যে বরাদ্দের পরিমাণ কত?

যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮১-৮২ সালে মোট ৫২৭টি ক্লাব ও ২৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষামূলক ভ্রমণের জন্য টাকা দেওয়া হইয়াছে। উক্ত টাকার পরিমাণ হল—শিক্ষা প্রতিষ্ঠানকে ৫,০৯,৬১৮ টাকা, ক্লাবকে ৩,২৭,০০০ টাকা।

(খ) বর্তমান আর্থিক বৎসরে এই উদ্দেশ্যে আর্থিক বরাদ্দের পরিমাণ হল—স্কুল বাবদ ৭,৫০,০০০ টাকা, ক্লাব বাবদ ৪,০০,০০০।

জি টি রোডে অবৈধ ঘর

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২০।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়:** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল শহরের জি টি রোডে বরাকর পর্যন্ত এবং নূতন বাইপাস রোডের দুই ধারে অবৈধ চালা, গৃহ, ঝুপড়ি ও গুমটি আছে; এবং

(খ) সত্য হইলে,

(১) উহাদের সংখ্যা কত ও (২) এগুলি অপসারণের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কিনা?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) দুইশত তের;

(২) অপসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

বনগাঁ মহকুমায় যমুনা নদীর উপর নূতন সেতু নির্মাণ

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪০) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ:** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) বনগাঁ মহকুমায় চৌবেড়িয়া ২নং অঞ্চলে যমুনা নদীর উপরে নহাটা-

মামুদপুর এবং বাহির চৌবেড়িয়া-গোপীনাথপুরে দুটি পুল তৈরি করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পুল দুইটি ১৯৮৩-৮৪ সালের মধ্যে শেষ হওয়ার কোন সম্ভাবনা আছে কি ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) গোপালনগর-চৌবেড়িয়া-উথরা রাস্তার (১) নহাটার কাছে কোন সেতু নূতন করে তৈরির পরিকল্পনা নেই, তবে উথরায় একটি সেতু তৈরির প্রস্তাব গৃহীত হয়েছে।

(খ) উপরের (১)নং সম্পর্কে প্রশ্ন ওঠে না, অর্থের যোগানের ওপর শেষোক্ত সেতু নির্মাণের কাজ নির্ভর করছে।

পাঁচগ্রাম উপ-স্বাস্থ্যকেন্দ্র

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬২।) **শ্রীদীনবন্ধু মাঝি** এবং **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার পাঁচগ্রামের উপ-স্বাস্থ্যকেন্দ্রের বাড়িটির অধিকাংশ ভিত বিপজ্জনকভাবে ফাটিয়া অথবা বসিয়া যাইতেছে ;

(খ) সত্য হইলে, উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণকার্য কোন সালে শুরু হইয়াছিল এবং কোন সালে শেষ হইয়াছিল ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্য স্পোর্টস কাউন্সিলের বৃত্তি

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০২।) **শ্রীনীরদ রায়চৌধুরীঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) রাজ্য স্পোর্টস কাউন্সিল থেকে খেলোয়াড়দের বৃত্তি দেবার কোন সিদ্ধান্ত হয়েছে কিনা এবং

(খ) হয়ে থাকলে, কিভাবে ও কত জনকে বছরে কত টাকা দেওয়া হবে ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ বিভিন্ন খেলায় পারদর্শিতার জন্য প্রতিশ্রুতিময় কিশোর কিশোরীদের ১৯৮৩ সালে মেধা বৃত্তি দেবার সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) বর্তমানে ৬০জন প্রতিশ্রুতিবান খেলোয়াড়কে মাসিক ৭৫ টাকা হিসাবে

বারো মাসে (অর্থাৎ ১-১-৮৩ হইতে ৩১-১২-৮৩) নয় শত টাকা করিয়া এই বৃত্তি দেওয়া হবে। প্রতি তিন মাস অন্তর এই বৃত্তির টাকা প্রদান করা হবে।

সল্টলেক স্টেডিয়াম

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৩।) **শ্রীনীরদ রায়চৌধুরী : শিক্ষা (ক্রীড়া)** বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সল্টলেক স্টেডিয়ামের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) ঐ স্টেডিয়ামের আসন সংখ্যা কত হবে ;

(গ) ঐ বাবদে আনুমানিক কত টাকা খরচ হবে আশা করা যায় ;

(ঘ) রাজ্য সরকার ঐ বাবদে কত অর্থ দিচ্ছেন ;

(ঙ) কেন্দ্রীয় সরকার কোন অর্থ দিচ্ছেন কিনা ;

(চ) (ঙ)-এর উত্তর না হলে কেন্দ্রের কাছে চেয়ে কোন আবেদন করা হয়েছে কিনা ; এবং

(ছ) কবে নাগাদ ঐ স্টেডিয়ামের উদ্বোধন হবে ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় : ক) মোট পঁচিশ মিটার উচ্চতাসম্পন্ন হইবে এই স্টেডিয়াম। বর্তমানে সতের মিটার উচ্চতা পর্যন্ত ইহা নির্মিত হইয়াছে।

(খ) এক লক্ষ কুড়ি হাজার।

(গ) মূল্যবৃদ্ধিসহ প্রথম পর্যায়ে আনুমানিক সতের / আঠারো কোটি টাকা খরচ হইবে। অবশিষ্ট পর্যায়ের জন্য আরও প্রায় আট / দশ কোটি টাকা খরচ হওয়া সম্ভব।

(ঘ) ৩·১৮৫ কোটি টাকা এ পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক অনুদান দেওয়া হইয়াছে।

(ঙ) না।

(চ) হ্যাঁ।

(ছ) ১৯৮৪ সাল। যদি মালমশলা ও প্রয়োজনীয় অর্থ ঠিকমত পাওয়া যায়।

গ্রন্থাগার আধিকারিকদের পদ সৃষ্টি ও পূরণের ব্যবস্থা

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৪।) **শ্রীনীরদ রায়চৌধুরী :** শিক্ষা (সামাজিক, প্রথাগত ও লাইব্রেরী) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলায় জেলা গ্রন্থাগারাধিকারিকদের পদ সৃষ্টি ও পূরণের ব্যাপারে সরকার কোন পদক্ষেপ গ্রহণ করেছেন ; এবং

(খ) করে থাকলে, তাহা কি কি ?

শিক্ষা (সামাজিক, প্রথাগত ও লাইব্রেরী) বিভাগেরর মন্ত্রী মহাশয় : (ক) ও (খ) বিষয়টি সরকারের বিচারাধীন আছে।

Adjournment Motion

Mr. Speaker : I have received two notices of adjournment motion today. The first is from Shri Kashinath Misra which deals with acute scarcity of drinking water in rural, urban and hill areas in West Bengal.

The second is from Shri Abdul Mannan which deals with serious situation in N.R.S. Medical College and Hospital for want of life-saving drugs.

The subject matters of both the motions are not so important as can call for adjournment of the business of the House. Moreover, the members will get opportunities to raise the matters during discussion on Demands for Grants of the concerned departments.

I, therefore, withhold my consent to both the motions.

One member of the party may, however, read out the text of the motions, as amended.

মুলতবি প্রস্তাব

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কার্য মুলতবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবাংলার শহর, গ্রামাঞ্চল এবং পাহাড়ী এলাকাতে পানীয় জল সরবরাহে সরকার ব্যর্থ হয়েছেন। ফলে সারা পশ্চিমবাংলাতে ব্যাপকভাবে পানীয় জলের অভাব দেখা দিয়েছে।

[1.20—1.30 P. M.]

Calling attention to matters of urgent Public Importance

Mr. Speaker : I have received 5 notices of calling attentions, namely :

1. Scarcity of drinking water in Arambagh Sub-division — Shri Abdul Mannan
2. Acute scarcity of water in rural areas of West Bengal — Shri Ashoke Ghosh

3. Dead-lock in N.R.S. Medical College and Hospital for want of life-saving drugs	— Shri Kashinath Misra
4. Apprehended damage of Boro crops in Hooghly for want of water	— Shri Arun Kumar Goswam
5. Alleged attack on Police Station and ransack of B.D.O. Office and other offices at Nabadwip by supporters of a political party.	— Shri Madhabendu Mahanta

I have selected the notice of Shri Madhubendu Mahanta on the subjec of Alleged attack on Police Station and ransack of B.D.O. Office and othe offices at Nabadwip by supporters of a political party.

The Minister in charge may please make a statement today, if possible, o give a date.

Shri Patit Paban Pathak : Sir, on the 20th instant.

(উল্লেখ)

শ্রীসুমন্ত কুমার হীরাঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, জাতীয় ক্ষেত্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয় আমি এখানে উপস্থাপন করতে চাই। বিষয়টি হচ্ছে—

স্যার, আপনি নিশ্চয়ই সংবাদপত্রে দেখেছেন, 'র' অর্থাৎ ভারতবর্ষের 'রিসাচ এ্যাণ্ড এ্যানালাইটিক্যাল উইং'-এর ডাইরেক্টর আমাদের দেশ ছেড়ে আমেরিকায় চলে গেছেন। গত ৯ তারিখে 'দি টেলিগ্রাফ' পত্রিকায় এই সংবাদটি প্রকাশিত হয়েছিল এবং পরবর্তীকালে অন্যান্য সংবাদপত্রেও বেরিয়েছিল। আজকে অবশ্য এ বিষয়ে একটা সংবাদ সংবাদপত্রগুলিতে প্রকাশিত হয়েছে। কিন্তু এ বিষয়ে আসল যা ঘটনা তাতে আমরা সকলে বিশেষভাবে উদ্বিগ্ন। 'র' হচ্ছে ভারতবর্ষের একটা গোয়েন্দা সংস্থা এবং শ্রীমতী ইন্দিরা গান্ধী এটি গঠন করেছিলেন। '৭২ সালে এই সংস্থার কীর্তিকলাপ দেখেছি। তখন তারা পশ্চিমবঙ্গের হাজার হাজার মানুষকে খুন করেছিল এবং পশ্চিমবঙ্গের নির্বাচনকে প্রহসনে পরিণত করেছিল। সেই 'র'-এর বর্তমান ডাইরেক্টর আমেরিকায় গেছেন। আমরা জানি আমেরিকা বিভিন্ন দেশের গণ-আন্দোলনকে ধ্বংস করার জন্য একটা ব্লুপ্রিণ্ট তৈরী করেছে এবং বিভিন্ন দেশের কিছু লোককে বিশেষভাবে সেখানে প্রশিক্ষিত করছে। এর আগেও আমরা

দেখেছি পশ্চিমবঙ্গের একজন আই. জি.-কে আমেরিকায় পাঠান হয়েছিল এ জাতীয় বিষয়ে বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়ার জন্য। আজকে 'র'-এর বর্তমান ডাইরেক্টরকে পাঠান হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বিষয়ে আজকে জাতীয় স্তরে নানারকম খবর প্রকাশিত হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি সারা দেশে একটা মধ্যবর্তী নির্বাচন করার জন্য নাকি চেষ্টা হচ্ছে এবং এ বিষয়ে নানা দিক থেকে নানারকম খবর প্রকাশিত হচ্ছে। এই সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা আতঙ্কিত যে, এই রকম একজন লোককে আজকে আমেরিকায় পাঠিয়ে শ্রীমতী গান্ধী আবার হয়ত গণতন্ত্রকে খর্ব করবেন এবং স্বৈরতন্ত্র কায়েম করবেন। আমরা আজকে উদ্বিগ্ন। আমরা আশা করছি, পশ্চিমবঙ্গ সরকার এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের নজরে আনবেন। আগামী দিনে আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্ন রকম নির্বাচন হবে। অতীতে আমরা দেখেছি '৭২ সালে তাঁরা নির্বাচনকে প্রহসনে পরিণত করেছিলেন। আমাদের আশঙ্কা হচ্ছে ভবিষ্যতেও আবার হয়ত তাঁরা সেই পথে যাবেন। আজকে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে জানান হোক যে, তারা পরিষ্কারভাবে বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে আমাদের কাছে জানান যে, কেন তাকে আমেরিকায় পাঠান হয়েছে। আমি আজকে রাজ্য সরকারের কাছে এই দাবী করছি, তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে জানতে চান যে, কেন মিঃ সান্টুক-কে আমেরিকায় পাঠান হয়েছে।

শ্রীসুব্রত মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাচ্ছি! গত ৪ তারিখ পি. ডাব্লু. ডি. মিনিস্টার যতীনবাবু চীফ্ মিনিস্টারের বাড়িতে লিফ্ট বসানোর ব্যাপারে আমাদের একজন সদস্যের প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, চীফ্ মিনিস্টারের বাড়িতে যে লিফ্ট বসানোর কথা উঠেছে, সেটা এখনো ঠিক হয় নি।

আমি একটি বক্তৃতার কপি অফিসিয়ালি সংগ্রহ করেছি। তিনি হোল হাউসকে ব্ল্যাক এণ্ড হোয়াইট মিস লিড করেছেন। উনি বলেছেন, কার কাছ থেকে নেওয়া হবে, কবে বসানো হবে এটা এখনও ঠিক হয়নি অর্থাৎ চীফ মিনিষ্টারের বাড়ীতে লিফ্ট বসানোর ব্যাপারে-এবং খরচ কে দেবে সেই নিয়ে আলোচনা চলছে। আমার কাছে ওনার ডিপার্টমেন্টের একটি অফিসিয়াল কপি আছে। এই কপিটি ইস্যু করা হয়েছে ২২-২-৮৩ তারিখে।

"Government of West Bengal, Public Works Department, Office of the

Superintending Engineer, Electrical Circle No. 1, New Secretariat Buildings, 'C' Block, 2nd floor, 1, Kiron Shankar Roy Road, Calcutta-700 001.

No. 350 Dated, Calcutta 22.2.83

From The Superintending Engineer,
Electrical Circle No. I, PWD.

To Messrs. Otis Elevator Company (India) Ltd.,
Eastern Region, Jeevan Deep.
1, Middleton Street, Calcutta-700 001.

Subject : Supply and installation of 1 No. Passenger Lift at the residence of th Chief Minister of West Bengal at 35B, Hindusthan Park, Calcutta-29.

Sir, this is from the Superintending Engineer. The first line of the letter is 'Your question No. 52N5303C/SPG : S dated 9.2.83'

অনেক করেসপনডেন্স হয়ে যাবার পর ফাইন্যালি বলেছেন ইনস্টল করা হোক এবং দাম হিসাবে যা দেওয়া হয়েছে ১ লক্ষ ৮ হাজার টাকা এবং আনুষঙ্গিক খরচের জন্য এক্সট্রা ৯০ হাজার টাকা অর্থাৎ টোটাল ১ লক্ষ ৯৮ হাজার টাকা। এটার ওয়ার্ক ওর্ডার হয়ে গেছে। মাত্র ৬ দিনের মধ্যে এই লিফ্‌ট বসাবার জন্য ঠিক, করে দেওয়া হয়। অথচ একজন মন্ত্রী তিনি ক্যাটেগরিক্যালি বক্তৃতা দিয়ে বললেন, কার কাছ থেকে নেওয়া হবে, কবে বসানো হবে এটা ঠিক হয়নি। কিন্তু আমি বলছি, মেসার্স অটিস এলিভেটর এণ্ড কোম্পানীর কাছে অর্ডার দেওয়া হয়েছে। কত দাম, কত দিনের মধ্যে বসাতে হবে এবং কোথায় বসাতে হবে অফিসিয়ালি অর্ডার করে দেওয়া হয়েছে। তারপর উনি বলছেন, কে খরচ দেবে আমি জানি না। অথচ তার ডিপার্টমেণ্ট ক্যাটেগরিক্যালি বলে দিয়েছে। আমি আপনার জাসটিস চাই। রুলস ২২৬-এ ক্যাটেগরিক্যালি বলা হয়েছে। ইট ইজ এ কোশ্চেন অফ প্রিভিলেজ। আমি এ ব্যাপার একটা প্রিভিলেজ নোটিশ আনবো, আপনি অনুমতি দেবেন। ফরম্যালি প্রিভিলেজ আকারে দেবো। যেখানে বলেছে 'If the question proposed to be raised is based on a document the notice shall be accompained by the document.'

আমি হোল ডকুমেণ্ট পেশ করতে চাই। আপনি অনুমতি দিন, উপযুক্তভাবে নোটিশ এনে আমি ব্যাপারটি বলবো। কিন্তু তার আগে মাননীয় মন্ত্রী মহাশয় যে সত্য গোপন করেছেন—আমি ডকুমেণ্ট সাবমিট করছি, সেখানে ক্যাটেগরি-ক্যালি ব্ল্যাক এণ্ড হোয়াইট ইঞ্জিনিয়ার অর্ডার দিয়ে বলছে, কত দাম, কোথায় বসবে, কত দিনের মধ্যে বসবে সমস্ত ব্যাপারটি যেখানে নির্ধারণ করে দেওয়া হয়েছে সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় সমস্ত খবরটি গোপন রেখে হাউসকে মিস-লিড করেছেন আপনার উপস্থিতিতে। উই বেগ জাসটিস ফ্রম ইউ। আপনি প্রিভিলেজ

।নতে ইমিডিয়েটলি অনুমতি দিন। ঐ ভদ্রলোকের দুর্নীতিতে মাথা পর্যন্ত ।কিয়ে গেছে।

মিঃ স্পীকার: আপনি বসুন। এখানে প্রিভিলেজের ব্যাপারে রুল্‌স আছে। ।পনি নোটিশ দেবেন। You place it and then I shall consider it.

শ্রীসুব্রত মুখার্জী: Let the minister make a statement.

মিঃ স্পীকার: The privilege rule is there. You submit your uotice and then sh ll consider it. Now the Minister in charge will make a statement to clarify ie position.

[1-30—1-40 P. M.]

শ্রীযতীন চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী ।হাশয় যে ডকুমেন্টটা পড়ে শোনালেন, আমি অস্বীকার করছি না, হতে পারে ।ত্যি, ওটা দেখতে হবে।

(গোলমাল)

আমাদের একজন সুপারেনটেণ্ডিং ইঞ্জীনিয়ার, যিনি অর্ডার দিয়েছেন, উনি যেটা বলছেন, আমি নিশ্চয়ই সেটা চেক করে দেখব। যদি এটা সত্যি হয়—আমি যেটা বলছিলাম যে নেগোসিয়েশনের স্তরে আছে—মুখ্যমন্ত্রী টাকা দেবেন কি দেবেন না, আমরা সরকারের তরফ থেকে বসাব কি বসাব না, এ সম্পর্কে আলোচনা লছে। প্রথমেতে টাকা মঞ্জুর করতে হবে। আমাদের অর্ডার প্লেস করতে হয় ইতিমধ্যে নেগোসিয়েশন চলে। ওয়ার্ক অর্ডার দেওয়ার অর্থ বসানো নয়। আমি ।খানে যা জানি তাই বলছি। সুব্রতবাবু গিয়ে দেখে আসুন ওখানে কাজ চ্ছে কিনা। এখন পর্যন্ত কোন রকম সিদ্ধান্ত হয়নি। উনি বোধ হয় জানেন া যে বহু ওয়ার্ক অর্ডার দেবার পর, টাকা স্যাংশন হবার পরও কাজ হয় না। আমরা বহু জায়গায় ওয়ার্ক ওর্ডার দিয়ে থাকি, তারপর টেণ্ডার ডাকতে হয়, তিমধ্যে নেগোসিয়েশন হচ্ছে। আমি যে কথা আগে বলেছি এখন বলছি। আই ট্যাণ্ড বাই এভরি ওয়ার্ড অফ মাইন।

Mention Cases

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং এই সভার সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, গত শুক্রবার থেকে অর্থাৎ ৮. ৩. ৮৩ থেকে আজ অবধি নীলরতন সরকার মেডিকেল কলেজ, পশ্চিমবঙ্গের মধ্যে সর্ব বৃহৎ মেডিকেল কলেজ। সেখানে সব থেকে বেশী ফ্রি বেডের মাধ্যমে চিকিৎসা হয়। যেখানে প্রতিদিন প্রায় গড়ে ৫ হাজার রোগীর চিকিৎসা হয় সেই রকম একটি হাসপাতাল, গত শুক্রবার থেকে আজ অবধি—সকালবেলা পর্যন্ত আমি সেখা ছিলাম—সমস্ত হাসপাতাল একেবারে কোলাপস হয়ে গেছে। কোন রোগী সেখা ভর্তি হচ্ছে না। কারণ হচ্ছে যে সমস্ত রকম জীবন দায়ী ঔষধ পাওয়া যাচ্ছে না ঔষধ নেই। সিন্টোসিনা, পেনিসিলিন, স্ট্রেপটোমাইসিন, ডেকারড্রন, ডেরিফাইলি ইত্যাদি। টি. বি রোগীদের ঔষধও নেই, এমন কি গর্ভবতী মায়েরা তাঁদের সন্তা প্রসবের সময় যে ওষুধ দরকার সেটাও পাচ্ছেন না। প্রসবের পর যে ইঞ্জেকশন মেথারজিন, যেটা দেওয়া একান্ত দরকার সেটাও নেই। ডাক্তাররা হাত গুটি বসে আছেন। তাঁরা কর্মবিরতি করেন নি, আজ সকালবেলা একজন মাননী সদস্য শ্রীলক্ষ্মী দে তাঁর একদল গুণ্ডাবাহিনী নিয়ে গিয়ে ওখানকার হাউসস্টাফ ডা অমিতাভ রায়চৌধুরীকে ২ নম্বর আউটডোর ঘরে ফিজিকালি এ্যাসাল্ট করেছে তারই প্রতিবাদে ডাক্তাররা চুপচাপ বসে আছেন। কিন্তু তাঁরা কর্মবিরতি করেননি হাজার হাজার রোগী দাঁড়িয়ে আছেন। হসপিটালে জীবনদায়ী একটি ওষুধে সাপ্লাই নেই। এ ব্যাপারে সরকারের তরফ থেকে কোন চিন্তা বা মাথাব্যথা নেই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এই জন্য আকর্ষণ করছি যে ব্যাপারটিকে অবিলম্বে হস্তক্ষেপ করে হাসপাতালে জীবনদায়ী ঔষধগুলি যা দেওয়া হয় এবং মাননীয় সদস্য লক্ষ্মী দে মহাশয় তাঁর গুণ্ডাবাহিনী দি ডাঃ অমিতাভ রায়চৌধুরীর যে অবস্থা করেছেন তার যেন বিহিত করা হয়।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এক জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টের এল. আর এ্যাকটে প্রসেস ফি বর্ধিত হয়েছে গত ২৪. ১. ৮৩ তারিখ থেকে ৩'৬০ টাকার পরিবর্তে ৪'৫০ টাকা হয়েছে। কি ইনস্পেকটর জেনারেল অফ রেজিস্ট্রেশন এই আদেশটা জারী না করবার ফ

সরকারের যে আয় হোত প্রায় ২ কোটি টাকা সেই আয়টা হয়নি। কাজেই মনে হচ্ছে আমলাতান্ত্রিক কোন রকম গোলমাল থাকবার জন্যই এই কাজটা এগোচ্ছে না। এই আদেশটা জারী করে যাতে পশ্চিমবঙ্গ সরকারের আয়টা যথাযথ ভাবে বাড়ে সেদিকে সত্বর দৃষ্টি দেবার জন্য অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে বলছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই, অবশ্য মাননীয় সদস্য শ্রীমানস ভুঁইয়া বিষয়টা ইতিমধ্যেই এখানে উত্থাপন করেছেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, তাঁরা হাসপাতাল রাখতে চান না বন্ধ করে দিতে চান? স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত অধিকর্তা ন্যায়সঙ্গত ভাবেই বলেছেন যে হাসপাতালে যদি জীবনদায়ী প্রয়োজনীয় ওষুধপত্র না দেওয়া হয় তো হাসপাতাল বন্ধ করে দেবো। ৮৬ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে ওষুধের দাম না পাওয়ায় ওষুধ কোম্পানীগুলি এন. আর. এস হাসপাতালকে ওষুধ দিচ্ছে না। আজকে যখন ওষুধের দাম বেড়েছে তখন ৮ লক্ষ টাকা বাজেট কম ধরেছেন—এই রকম একটা ক্রিটিক্যাল অবস্থা। মেদিনীপুরের তমলুকের ছোট্ট ছেলেটা এ্যান্টিভেনমের জন্য কলকাতায় হাসপাতালে থেকেও বিনা চিকিৎসায় মারা গেল—এর থেকে দুঃখের, লজ্জার কথা আর কি হতে পারে? আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর স্টেটমেণ্ট দাবী করছি এবং জানতে চাইছি ঐ এন আর এস হাসপাতালের অচলাবস্থা দূর করবার জন্য জরুরী ভিত্তিতে আরও অর্থ বরাদ্দ করবার জন্য কোন ব্যবস্থা নিয়েছেন কিনা। এ ব্যাপারে এই হাউসের সবাই উদ্বিগ্ন। মাননীয় স্পীকার মহাশয় এ ব্যাপারে যে আপনিও সমানভাবে উদ্বিগ্ন সেটা আপনি অস্বীকার করতে পারেন না। এ ব্যাপারে যুদ্ধকালীন অবস্থার ভিত্তিতে ব্যবস্থা নিচ্ছেন—এই প্রতিশ্রুতি চাই। আমি আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় ঐ সম্বন্ধে সত্বর উপযুক্ত ব্যবস্থা নেবেন।

শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার থানা এলাকার চোকাখেতি গ্রাম এলাকায় একটি বে-আইনী হাট সম্বন্ধে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার সোনাপুর চৌপথীতে প্রতি মঙ্গলবার এই বে-আইনী হাট বসছে। এতে গরু মহিষ কেনাবেচা হচ্ছে। কিছু মতলববাজ লোক এই বেআইনী হাট লাগিয়েছে। তাতে শতকরা ৫ টাকা হারে রেজিস্ট্রিউ

ফি আদায় করছে। এই ভাবে প্রতি মঙ্গলবার তারা ১২।১৩ হাজার টাকা আয় করছে। সরকারের কোন রকম অনুমোদন ছাড়াই তারা এই টাকা আত্মসাৎ করছে। এ ব্যাপারে জেলার ডি সি এবং এ ডি সিকে জানানো হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। যাতে এই বে-আইনী কার্যকলাপ অবিলম্বে বন্ধ হয়—এই অনুরোধ আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে করছি।

[1.40—1.50 P. M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। ইতিমধ্যে এই ব্যাপারে হাউসে উল্লেখ করা হয়েছে। আমি নীলরতন সরকার হস্পিট্যাল দেখার জন্য গিয়েছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী অসুস্থ হলে ঔষধ পাওয়া যাবে, তাঁর বাড়ীতে লিফ্ট বসান হবে। মন্ত্রী মহাশয় এমারজেন্সী ওয়ার্ডে ভর্তি হলে তাঁর জীবনদায়ী ঔষধ পাওয়া যাবে। কিন্তু একটি লোক এমারজেন্সী ওয়ার্ডে মারা গেছে। ইতিমধ্যে বলতে শুরু করে দিয়েছেন যে, লোকটি ভিখারী অনাহারে মারা গেছে। কিছুদিন আগে বলা হয়েছিল যে, এই রাজ্যে অনাহারে কেউ মরেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মন্ত্রিসভার মন্ত্রীদের এখনও এখানে বসে থাকার অধিকার আছে কিনা দেখা দরকার। এই ধরনের একটা সংবাদ সংবাদপত্রে বেরোবার পর আমি মনে করি, মন্ত্রীদের এখানে থাকা উচিত নয়। এই রকম একটা সভ্য দেশে ঔষধের অভাবে লোক মরে গেল, স্বাধীনতার পরে যা পশ্চিমবাংলায় আগে কোনদিন হয় নি। আমি এই রকম একটা সংবাদ পাবার পর এমারজেন্সী ডিপার্টমেন্টের ডিরেক্টর অফ হেলথ সার্ভিসেস্‌কে জিজ্ঞাসা করেছিলাম, এমারজেন্সী ওয়ার্ডে ঔষধের অভাবে কোন রোগী মারা গেছে কিনা? এই ব্যাপারে তিনি কিছু জানেন কি না। উত্তরে তিনি জানিয়েছিলেন, এই রকম কোন ঘটনা তাঁর জানা নেই। আমি একজন রিটায়ার্ড ডিরেকটরকে জিজ্ঞাসা করেছিলাম, জীবনদায়ী ঔষধের অভাবে কোন রোগীর মৃত্যুর খবর তাঁর জানা আছে কিনা? উত্তরে তিনি বলেছিলেন, তাঁরা লাইফ সেভিং ড্রাগ ডেলী সাপ্লাইয়ের ব্যাপারটা মেনটেন করেন। এখানে অপরাধ যে করেছে তা আমাদের জানা নেই। কিন্তু আসল অপরাধীরা এখানে বসে আছেন- ট্রেজারী বেঞ্চে মন্ত্রীরা মন্ত্রী হয়ে এখানে বসে আছেন। যদি উপযুক্ত ভাবে বিধান সভা চলাকালীন এঁদের আমরা এ্যাকিউস করতে না পারি—আপনি আমাদের ধারক এবং বাহক হিসাবে এখানে উপস্থিত আছেন—তাহলে তার চাইতে দুর্ভাগ্যের আর কিছুই হতে পারে না। পশ্চিমবাংলার জনগণ আজ বুঝতে পারছেন,

কত বড় অপদার্থ এই বামফ্রন্ট সরকার। এঁরা সব জায়গাতেই গলাবাজি করে বলে বেড়ান—এত ভাল রাজ্য ও সরকার আর কোথাও নেই। সাহস আছে স্বাস্থ্যমন্ত্রীর এখানে বলার যে, কোন হাসপাতালে কোন সময়ে জীবনদায়ী ঔষধের অভাবে এমারজেন্সী ওয়ার্ড বন্ধ হয়ে গেছে এবং লোক মারা গেছে? এমারজেন্সী ওয়ার্ডে ঔষধের অভাবে ডাক্তাররা অধ্যক্ষকে ঘেরাও করছে। ঔষধ কিনবার টাকা হাতে নেই। অথচ কোটি কোটি টাকা ভাতা দিয়ে ওড়াচ্ছেন। কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগ আসছে, কোটি কোটি টাকা পঞ্চায়েতে নষ্ট হচ্ছে। কিন্তু প্রয়োজনীয় ঔষধ হাসপাতালে পাওয়া যাচ্ছে না। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলুন—তিনি যেন এর প্রতিবাদে ঔষুধ খাওয়া বন্ধ রাখেন। তিনি যদি পশ্চিমবাংলার মানুষের দরদী মুখ্যমন্ত্রী হন, তবে প্রতিবাদ স্বরূপ তাঁর ঔষধ খাওয়া বন্ধ রাখা দরকার। আমরা জানি, তাঁর হার্ট এ্যাটাক হয়েছিল, তাঁর এই রকম জীবনদায়ী ঔষধ দরকার। অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি স্বাস্থ্য মন্ত্রীকে বলুন, অবিলম্বে তিনি যেন তাঁর দপ্তরের প্রধানদের সঙ্গে আলোচনা করে এই সমস্যার সমাধানে ব্যবস্থা গ্রহণ করেন। অন্যথায়, আপনার কাছে বলব, আপনি একটি সর্বদলীয় কমিটি করার কথা ঘোষণা করুন, যাতে সেই কমিটির সদস্যরা সরেজমিনে গিয়ে দেখতে সুযোগ পান—ঔষধের এত অপচয় ও অভাবের প্রকৃত কারণ কি জন্য?

শ্রীমহাবাচ্চা মুন্সী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর সাবডিভিশানে চোপড়া থানায় দাসপাড়ায় একটা হাট আছে। দাসপাড়া হাট হতে দেবীঝড়া হাট পর্যন্ত যেতে কোন পাকা রাস্তা নেই। কেবল মাত্র একটা কাঁচা রাস্তা আছে। এই কাঁচা রাস্তা দিয়ে যেতে পথের মাঝে একটা নদী পড়ে। এই নদীর কোন পাকা বাঁধ নেই। এই ডগ নদীর উপর দিয়ে গরু মহিষ নিয়ে মানুষকে হাটে যেতে হয়। পাটের সময় পাট হাটে নিয়ে যাবার সময় অনেক সময় পড়ে যায়। এই নদীতে পানি বেশী হলে আর পার হওয়া যায় না। কাজেই আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই ডগ নদীর উপর একটা পুলের ব্যবস্থা করেন। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅম্বিকা ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর ডিপার্টমেণ্টে কিভাবে

প্রহসন চলছে সেই ব্যাপারে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সন্তোষ মুখার্জী, সুপারভাইসার, গ্রেড ওয়ান, এই ভদ্রলোকের রিটায়ারমেন্টের ডেট ছিল ৩১. ৩. ৮৩ তারিখে। ৩০. ৩. ৮৩ তারিখে হঠাৎ তাঁর কাছে একটা চিঠি এলো তাঁর সারভিস এক্সটেনশান হয়েছে। সুপারভাইসার, গ্রেড ওয়ান, এই ধরনের চাকুরীর এক্সটেনশান দিতে গেলে সুপারিনটেনডেন্ট অফ পুলিশ আর ডি. আই. জি. অফ পুলিশের রেকমেনডেশান থাকা দরকার। কারণ তাঁর চাকুরীর কতখানি প্রয়োজনীয়তা আছে সেটা দেখা দরকার এবং এটা রেকমেনডেশান ছাড়া হয় না। এটা আনপ্রিসিডেন্টেড।

সেখানে ভদ্রলোকের একমাত্র কোয়ালিফিকেশান তিনি নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির জেনারেল সেক্রেটারী। ভদ্রলোক সেখানে সিম্প্লি পার্টির কাজ করেন, তাই তাঁর চাকুরীর এপ্সটেনশান হল। এটা যদি এস পি, ডি আই জি-র রেকমেণ্ডেশান নিয়ে হত তাহলে আমাদের বলার কিছু ছিল না। এটা একটা আনপ্রিসিডেন্টেড এবং একটা ইরেগিউল্যারিটিজের ঘটনা ছাড়া আর কিছু নয়। পুলিশের মধ্যে যদি এই ধরনের পলিটিক্স চলে, তাহলে সাধারণ নাগরিকদের জীবন রক্ষার দায়িত্ব তাদের হাতে আমরা কি ভাবে সঁপে দিতে পারি? এই ঘটনার প্রতি আমি সভার সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমাধবেন্দু মোহান্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা লক্ষ্য করছি, এবারে পাটের বীজের খুবই অভাব দেখা দিয়েছে এবং দামও বেশ চড়া। পশ্চিমবাংলার নদীয়া জেলার অন্তর্গত হরিণঘাটাতে একটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে। সেখানে ১০টি ফার্ম আছে, ১৩০০ একর বিরাট আয়তনের এই বিশ্ববিদ্যালয়ে বিরাট গবেষণাগার রয়েছে। এর জন্য সরকারের প্রচুর টাকা ব্যয় হয়ে থাকে। আমি প্রস্তাব করছি, যেহেতু পশ্চিমবাংলায় সরিষা, রাই, গম প্রভৃতি ফসলের জন্য উন্নত মানের বীজের প্রয়োজন এবং যেহেতু এত বড় একটা গবেষণাগার আমাদের রাজ্যে আছে, সেজন্য ঐ বীজগুলি যদি ওখানে উৎপন্ন হয়, তাহলে সরকারকে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে বাইরে থেকে—পন্থনগরের রাজেন্দ্র প্রসাদ কৃষি গবেষণাগার ও উড়িষ্যা থেকে বীজ আমদানীর দরকার হবে না। ঐ সমস্ত বাইরের রাজ্যগুলি অন্যান্য রাজ্যের সাথে সাথে আমাদের রাজ্যেও বিভিন্ন দামে বীজ সরবরাহ করে থাকে। হরিণঘাটার কৃষিবিশ্ববিদ্যালয়ে যদি ঐ বীজগুলি উৎপাদিত হয়, তাহলে আমাদের রাজ্যের চাষীর প্রয়োজন মেটানো সম্ভব হতে পারে।

আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই বছরেই যাতে ঐ ধরনের বীজ উৎপাদন ওখানে সম্ভব হয়, তার জন্য তিনি যেন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীকাশীকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কেননা এটি সকলের কাছে একটি বিরাট সমস্যা হিসাবে দেখা দিয়েছে। আজকের সংবাদপত্রেও ছেপে বেরিয়েছে যে, বিভিন্ন এলাকায়—শহরে এবং গ্রামের বুকে প্রচণ্ড জলাভাব দেখা দিয়েছে। সেই সঙ্গে পাহাড়ী এলাকাগুলিতেও প্রচণ্ড জলাভাব দেখা দিয়েছে। আমি আজ এই বিষয়ের উপর একটি মুলতবি প্রস্তাব দিতে চেয়েছিলাম। বর্তমানে সারা পশ্চিমবাংলার বুকে তীব্র জলাভাব দেখা দিয়েছে। সরকারের পক্ষ থেকে এজন্য যে টাকা দেওয়া হচ্ছে, সেগুলিও ঠিকমত ব্যয়িত হচ্ছে না। যে সমস্ত পঞ্চায়েতগুলির মাধ্যমে গ্রামাঞ্চলে টাকা দেওয়া হচ্ছে, সেখানে তাদের উপযুক্ত মেশিনারি আছে কিনা বা অন্য যাদের উপর দায়িত্ব দেওয়া হচ্ছে, সুষ্ঠুভাবে সে দায়িত্ব পালন করতে তাদের কার্যকরী ভূমিকা আছে কিনা, সে ব্যাপারে যথাযথ তদন্ত হওয়া প্রয়োজন। কারণ পশ্চিমবাংলার সর্বত্র জলাভাব সমস্যা যে আকারে দেখা দিয়েছে, তার চাপ সরকারের উপরে দেখা দেবে এবং আরও বেশী করে চাপ সৃষ্টি হতে পারে। সেজন্য এ ব্যাপারে আশু তদন্ত হওয়া দরকার। সরকারের পক্ষ থেকে বিষয়টি জরুরী ভিত্তিতে দেখা দরকার। বাঁকুড়া, পুরুলিয়া, দার্জিলিং এবং পাশাপাশি অন্যান্য জেলাগুলিতে জলাভাব এক ভয়াবহ রূপ নিয়েছে। সর্বত্র পুকুর, বিল, খাল শুকিয়ে গেছে। এখানে বিভিন্ন সদস্য—কি সরকার পক্ষের, কি অন্য পক্ষের—এই প্রচণ্ড জলাভাবের জন্য গভীর দুঃখ প্রকাশ করে বিবৃতি রেখেছেন। জলাভাবের যে প্রব্লেম দেখা দিয়েছে তার জন্য মন্ত্রীসভার পক্ষ থেকে জরুরী ভিত্তিতে কি ভাবে রাজ্য সরকার তার মোকাবিলা করবেন, সে বিষয়ে মন্ত্রিসভার পক্ষ থেকে ইমিডিয়েটলি এখানে একটা স্টেটমেণ্ট দেওয়া প্রয়োজন। সেজন্য ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ, তিনি ইমিডিয়েটলি একটি স্টেটমেণ্ট আমাদের কাছে রাখুন, যাতে করে আমরা কিছুটা আশান্বিত হতে পারি। সেই সঙ্গে আমরা বিভিন্ন স্থানীয় প্রশাসনকে জানাতে পারব এবং জনসাধারণকে আশান্বিত করতে পারব যে সরকার সুষ্ঠুভাবে জলাভাব দূর করতে ব্যবস্থা গ্রহণের চেষ্টা করছেন। মন্ত্রী মহাশয় যেন বিষয়টিকে জরুরী ভিত্তিতে মোকাবিলা করার জন্য ব্যবস্থা গ্রহণ করেন, পুনরায় এই অনুরোধ আমি তাঁর কাছে রাখছি।

[1.50—2.00 P.M.]

শ্রীকামাখ্যা চরণ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিদ্যুৎ মন্ত্রী ও পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর শহরে গত ৭ দিন ধরে তীব্র জলকষ্ট চলছে। ডি ভি সি-র বিদ্যুতের অভাবে সেখানে ওয়াটার পাম্পিং স্টেশান বন্ধ হয়ে গেছে। সেখানে প্রায় প্রতিদিন ৪৫ থেকে ৫০ মি. ওয়াট এম. ডব্লিউ বিদ্যুৎ লাগতো। এখন এতো অল্প পরিমাণ বিদ্যুৎ আসছে যে ওয়াটার রিজারভয়ারে জল ভর্তি হতে পারছে না। মেদিনীপুর জেলার লোকেরা কলের জলও পাচ্ছে না। কতকগুলি পুকুর শুকিয়ে গেছে এবং টিউবওয়েল কাজ করছে না। এখানে একটা শোচনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। কাজে কাজেই অবিলম্বে এখানকার সংশ্লিষ্ট মন্ত্রী এবং বিশেষ করে ক্যাবিনেট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ সম্বন্ধে তিনি তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করেন। স্থানীয় এ্যাডমিনিস্ট্রেশানকে যাতে অনেকগুলি ট্রাক দেওয়া হয় এবং ওই ট্রাকে করে তাহলে তারা ট্যাংক ভর্তি জল সরবরাহ করতে পারে। সেইজন্য বিশেষভাবে মন্ত্রীদের অনুরোধ করছি।

শ্রীআবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচন কেন্দ্রে একটি দুঃখ-জনক ঘটনা ঘটেছে, সেই বিষয়ে উল্লেখ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। আমার নির্বাচন কেন্দ্র আরামবাগ কনস্টিটিউয়েন্সিতে আমার নিজস্ব কোন বাড়ি নেই। সুতরাং আরামবাগ থানার গৌড়হাটি অঞ্চলে গৌড়হাটি গ্রামে আমার বন্ধু রাজগোপাল সিংহ রায়ের বাড়িতে আমাকে উঠতে হয়। গতকাল সকালে সি. পি. এমের ৩০০/৪০০ লোক তার বাড়ি আক্রমণ করে এবং আক্রমণ করার ফলে অতুল ভৌমিক নামে একজন কংগ্রেস কর্মী গুরুতর রূপে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। আমি আজকে সকাল ১১টার সময়ে খবর পেয়ে সেখানে যেতে না পারায় আমি ওখানকার এস. ডি. ও. পি-র কাছে জানতে চাই যে ওই কংগ্রেস কর্মীটি বেঁচে আছে কিনা এবং বেঁচে থাকার মত অবস্থায় আছে কিনা। কিন্তু এস. ডি. ও. পি-র কাছ থেকে কোন সদুত্তর পেলাম না। এইভাবে একজন কংগ্রেস কর্মীর বাড়ী চড়াও হয়ে প্রকাশ্য দিবালোকে আক্রমণ করা হল এবং যার জন্য ওই অতুল ভৌমিককে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়তে হচ্ছে—এরজন্য কে দায়ী ? তাহলে কোন্ সমাজব্যবস্থার মধ্যে এবং কোন শিক্ষা-ব্যবস্থার মধ্যে রয়েছি আমরা ? একজন বিধানসভার সদস্য হিসাবে এবং একজন মানুষ হিসাবে যদি কারুর বাড়িতে থাকি তাহলে তার জন্য তাকে আক্রান্ত হতে হবে তাহলে কোন রাজ্যে আমরা বাস করছি ? আমি আপনার

মাধ্যমে বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী অবিলম্বে এখানে এসে প্রতিশ্রুতি দিন যে, ওই অতুল ভৌমিক এখনো বেঁচে আছে কিনা বা বেঁচে থাকার অবস্থায় আছে কিনা। সেখানে মানুষ শান্তিতে বসবাস করতে পারছে না। সেখানে যে টেনশান চলছে সেটা যাতে বন্ধ হয় সেজন্য আমি মুখ্যমন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু আবদুল মান্নানের নিজস্ব রেসিডেন্স ওই আরামবাগে না থাকায় অন্যের বাড়ীতে উঠতে হয় এবং তাঁর আসার জন্য যদি বাড়ি আক্রমণ করা হয় তাহলে তো এইভাবে চলতে পারে না। এইভাবে ৩০০/৪০০ লোক ওখানকার স্থানীয় বাসিন্দা যার বাড়িতে আবদুল মান্নান উঠবেন আক্রমণ করবেন এবং একজন এ্যাসলটেড হয়েছে, এটা কি করে চলে ?

মিঃ স্পীকার : I will request the Minister in-charge of Parliamentary Affairs to enquire into the matter. I have taken note of it.

শ্রীসুফল মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে খরা পরিস্থিতিতে মালদা জেলার ধান গাছ সব মরে যাচ্ছে। আমি এই বিষয়ে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅরুণ গোস্বামী : স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের [প্র]তি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৮ তারিখে জানতে পারলাম আমার কেন্দ্রে [এ]ফ. সি. আই গুদামে প্রায় ৪/৫ বছর ধরে খারাপ চাল পড়ে আছে। এই চাল [মা]নুষ কেন পশুও খেতে পারবে না। এটা আতপ চালের সঙ্গে মেশানো হচ্ছে [এ]বং এই চাল আমার জেলায় রেশনের দোকান মারফত দেওয়া হচ্ছে। এর [স্য]াম্পল আমি আপনাকে দিচ্ছি। এই চাল ডেলিভারি দেবার অনুমতি দিয়েছে [প]শ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তরের কর্তৃপক্ষ। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এ বিষয়ে তদন্তের দাবী করছি। এই রকম চাল হুগলী জেলা তথা পশ্চিমবঙ্গে [ক]ত রাখা আছে তার এবং এই চাল দেয়ার জন্য কে অনুমতি দিয়েছেন সেটাও জানতে [চা]ই। এই চাল আমার জেলার লোককে রেশন মারফত খাওয়ান হচ্ছে। এই

চাল শ্রীরামপুর গুদামে ১০ হাজার বস্তা ও তারকেশ্বর, ভদ্রেশ্বর ও রিষড়ায় ৫২ হাজার বস্তা আছে। এই চাল সাসপেণ্ডেড চাল।

মিঃ স্পীকার: হাউসের মধ্যে কোন জিনিস আনার অনুমতি নেই। এটা রুলসের বাইরে। কাপড় আনা যায় না। স্যাম্পেল কথাটা এক্সপাঞ্জ হবে।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস: স্যার, আপনার মাধ্যমে আমি একটা রহস্যজনক ঘটনার প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর ব্লকে একটা নতুন ধরনের প্রতিষ্ঠান হয়েছে। এর নাম হচ্ছে কৃষি শিল্প বিকাশ সংস্থা। এই প্রতিষ্ঠান জনসাধারণের কাছ থেকে দরখাস্ত আহ্বান করেছে যে, এই প্রতিষ্ঠানের মাধ্যমে ৩/৫ হাজার টাকা পর্যন্ত ঋণ পাওয়া যাবে এবং এটা শ্রীমতী গান্ধীর ২০ দফা কর্মসূচীর অন্তর্গত। এই ধরনের প্রতিষ্ঠান সম্পর্কে রাজ্য সরকার ওয়াকিবহাল আছেন কিনা জানি না। এরা জনসাধারণকে প্রতারিত করছে। ঋণ পাইয়ে দেবার জন্য যে দরখাস্ত নিচ্ছে তার জন্য এক টাকা করে নেয়া হচ্ছে। হাজার হাজার মানুষ যারা দরখাস্ত করছে তাদের বলা হচ্ছে পঞ্চায়েত নির্বাচনের পর এই ঋণের ব্যবস্থা করা হবে। পঞ্চায়েত নির্বাচনের আগে এই ধরনের একটা ফাঁদ পাতার অভিসন্ধি সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে একটা আইন-শৃঙ্খলার প্রশ্ন আছে, কারণ দরখাস্ত নিয়ে যদি ঋণ না দেয় তাহলে হাজার হাজার মানুষ যারা দরখাস্ত করছে তারা অফিস তছনছ করবে। সেজন্য এ বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2.00—2.10 P.M.]

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, through you I like to draw the attention of the Hon'ble Judicial Minister who is also in charge of the Haj Office. Sir, about seven lakh rupees have been deposited in West Bengal State Haj Office. The Haj Office is in a dilemma about the money. This has become a mystery and the public outside is not aware of anything about the money. Full details about the money are not available from the newspaper reports. Through you, Sir, I would request the Judicial Minister to give a detailed statement in the House about the deposit of seven lakh rupees in the State Haj Office so that the public may know how this money came, who gave this money, where the money was credited to etc. etc. I once again request you so that a report is submitted to the House by the Minister-in-Charge.

শ্রীআবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে আমাদের দলের অনেক সভ্য এই ব্যাপার নিয়ে আলোচনা করেছেন, এখানে সত্যিকারের কোন প্রশাসন আছে কিনা সেই বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে। এই সরকার দাবি করেছেন যে বিনা চিকিৎসায় বিনা আহারে অর্থাৎ অনাহারে আমরা কাউকে মরতে দেব না। আজকে আনন্দবাজার পত্রিকায় যে ছবি বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে নীলরতন হাসপাতালের সামনে অনাহারে বিনা চিকিৎসায় লোক মারা গেছে। আজকে কলকাতার বুকে নীলরতন হাসপাতালের মত একটা হাসপাতালের সামনে যদি লোক মারা যায় বিনা চিকিকিৎসায় এবং অনাহারে তাহলে মফঃস্বল হাসপাতালে যেখানে জীবনদায়ী ওষুধ নেই সেখানে এইভাবে যে কত হাজার মানুষ বিনা চিকিৎসায় মারা গেছে তার কোন হিসাব নেই। যেখানে বিনা চিকিৎসায় এইভাবে মানুষ মারা যায় সেখানে এই সরকারের স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত। এই হাউসে স্বাস্থ্যমন্ত্রীর একটা স্টেটমেন্ট করা উচিত যে, কিভাবে এই ঘটনা সেখানে ঘটেছে। কোন সভ্য জগতে এই জিনিস হতে পারে না, এই জিনিস অসভ্য সরকারের শাসনে হতে পারে। আমি সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আবেদন করছি আপনি স্বাস্থ্যমন্ত্রীকে বলুন এই বিষয়ে হাউসে একটা স্টেটমেন্ট করতে। আপনি যদি ছবিটি দেখেন তাহলে দেখবেন বিনা চিকিৎসায় না খেতে পেয়ে মারা গেছে। অতীতে এই জিনিস নিয়ে এই দল হৈচৈ করেছে, তোলপাড় করেছে, হাউস চলতে দেয় নি। আপনি কাস্টোডিয়ান অব দি হাউস, আপনাকে বলব এখনই স্বাস্থ্যমন্ত্রীকে এখানে ডাকান, ডেকে বলুন এই ধরনের ঘটনা কেন ঘটেছে স সম্বন্ধে একটি বিবৃতি দিন।

(তুমুল হৈচৈ)

(একসঙ্গে বহু কংগ্রেস মেম্বার বলবার জন্য উঠে দাঁড়ালেন)

Voting on Demands for Grants

DEMAND No. 25

Major Heads : 259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution) (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil

Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Zoological and Public Gardens) (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings).

Shri JATIN CHAKRABARTY: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 48,18,41,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution) (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Zoological and Public Gardens) (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbanhray (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding

Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)".

(This is inclusive of a total sum of Rs. 8,03,22,000 already voted on account in March, 1983.)

(Noise)

Shri Abdus Sattar : মাননীয় স্পীকার মহাশয়, যে শোচনীয় পরিস্থিতির উদ্ভব এখানে হয়েছে তাতে আমি দাবি করছি প্রথমে চীফ মিনিস্টার এ সম্বন্ধে একটা স্টেটমেন্ট দিন। তারপর উনি বাজেট পেশ করবেন।

(Noise)

Shri Benoy Krishna Chowdhury : আগামীকাল হেল্থ বাজেটের উত্তর দেওয়া হবে।

(Noise)

Shri Abdus Sattar : চীফ মিনিস্টার যখন এই ব্যাপারে কোন বিবৃতি দিলেন না তখন আমরা এর প্রতিবাদে সাময়িক ভাবে ওয়াক আউট করছি।

(At this stage the members of the Congress (I) benches walked out of the Chamber)

[2.10—2.20 P. M.]

DEMAND No. 70

Major Heads : **337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges and 737—Loans for Roads and Bridges**

Sri Jatin Chakrabarty : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,53,18,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads : "337—Roads and Bridges, 537—Capital Outlay on Roads and Bridges and 737—Loans for Roads and Bridges".

(This is inclusive of a total sum of Rs. 11,92,21,000 already voted on account in March, 1983)

Demand No. 25 & Demand No. 70

Above two demands comprise of 41 functional major heads that relate to construction as well as maintenance of Public buildings and roads. These are executed by the Public Works, Public Works (Roads) and Public Works (Construction Board) Departments. Besides, these Departments are entrusted with the execution of various other works like construction and maintenance of National Highways on behalf of the Government of India, Deposit works and Transfer Remittance works on behalf of the local bodies and public institutions.

Hon'ble members are aware that in my last year's speech I mentioned that in spite of our best efforts to fulfil the cherished desire of our people of having more roads, more bridges and more buildings in different parts of the State we had to peg down our programme schedules owing to stringent financial resources of our State. The said problem still exists. Thus in the midst of this financial stagnancy we have to go ahead only with our unfettered endeavour to the possible extent and have to take up implementation of only such programmes which are of utmost bublic utility. I can assure that Public Works Departments will make all attempts to get their on-going schemes executed within their limited available resources and in so doing these Departments may possibly have to defer execution of certain new schemes for the present on grounds of the same reason of inadequacy of resources.

Now, with your permission, Sir, I would like to state, in brief, a few construction programmes already taken up or going to be taken up for implementation by Pubiic Works Departments.

Hospital and other Medical Buildings

The following major construction works in respect of hospital buildings have been completed by the Public Works Departments :

(i) Construction of O.P.D. Block at M.J.N. Hospital at Cooch Behar (estimated cost Rs. 20.90 lakhs) ;

(ii) Construction of additional Staff Quarters at Alipurduar Sub-Divisinal Hospital in the District of Jalpaiguri (estimated cost Rs. 11.03 lakhs) ,

(iii) Establishment of 250 bedded State General Hospital at Kharagpur in the District of Midnapore (estimated cost Rs. 156.23 lakhs).

The following construction works under Health Plan Schemes have, among others, been taken in hand by Public Works Departments and works on the same are expected to commence during 1983-84 :

(i) Construction of multistoreyed academic building in the compound of N.R.S. Medical College Hospital (estimated cost Rs. 136.80 lakhs) ;

(ii) Construction of 100 bedded maternity hospital for women and children at Maniktola, Calcutta (estimated cost Rs. 64.85 lakhs) ;

(iii) Construction of a 100 bedded State General Hopital at Baghajatin at Jadavpur (estimated cost Rs. 110 lakhs).

Besides, a good number of primary and subsidiary health centres are being constructed by these Departments in various parts of the State.

Office Buildings

There is acute congestion in the different government offices and with a view to removing the congestion, construction work of some office buildings is in good progress while proposal for construction of some are under active consideration of Publie Works Department. I would like to mention some of the salient schemes in this connection :

(i) Construction of four-storeyed office complex with foundation for eight storeys in the campus of "Bhawani Bhavan", Alipore, Calcutta (estimated cost Rs. 88 lakhs)—The work is in progress. The first phase of the building is expected to be Commissioned by March, 1984 ;

(ii) Construction of a new complex at Bidhan Nagar, Calcutta-64 (estimated cost Rs. 10 lakhs) ;

(iii) Construction of multistoreyed office complex at No. 1 Charnok Place, Calcutta in lieu of extant office building of the Commissioner, Presidency Division (estimated cost Rs. 15 lakhs) ,

(iv) Construction of a new office building in the Courtyard between Block IV & Block V of Writers' Buildings, Callcutta (estimated cost Rs. 10 lakhs).

Residential Quarters

In order to solve the acute problem of residential accommodation a good number of quarters are under execution. While the work of construction of quarters for the officers and employees of Public Works Department in different districts including Calcutta (estimated cost Rs. 30 lakhs) is in full progress, a separate work-programme for construction of quarters for Public Works Department Officers and staff with special provision for Group C & D Staff will be undertaken during this financial year at an estimated cost of Rs. 109 lakhs. Besides, there are proposals for acquisition of the following premises for construction of quarters for Ministers and Govt. Officers as non-plan work :

(i) Acquisition of premises No. 39 & 39/1 Ballygunge Circular Road ;

(ii) Acquisition of the premises known as "Bedi-Bhawan" at South End Park.

A number of schemes under the Police Housing Programme has also been under execution of Public Works Departments. Some of which are :

(i) Construction of additional staff quarters for Police Personnel at P.S Pataspur, District Midnapore (estimated cost Rs. 3,32,000) ;

(ii) Construction of additional staff quarters for Police Personnel at Dantor P.S., Midnapore (estimated cost Rs. 6,11,700) ;

(iii) Construction of residential quarters for accommodation of 64 Constables & 8 Head Constables at Police Lines, Balurghat in the district of West Dinajpur (estimated cost Rs. 32,81,100).

Commemoration of National Leaders, Revolutionaries, Martyrs, Social re-formers, Litterateurs

The statues of eminent persons and leaders like Biplabi Bhagha Jatin (Jatindra Nath Mukherjee), Michael Madhusudan Dutt, Sarat Chandra Chattopadhyay and Gostha Paul have been installed in the city during 1982-83. Preparation of statues in respect of Joy Prakash Narain, Subhas Chandra Bose and Charlie Chaplin is in progress.

Roads and Bridges

Now, I may be permitted to say something about the activities of the Department in the sphere of construction and maintenance of roads and bridges in the State.

Central Roads Fund Allocation Works : Non-Plan

50 (fifty) number of roads and bridges within an aggregate capital outlay of Rs. 500 lakhs are in different stages of progress. Among these the construction work of some important works are mentioned below :

(i) Improvement of the approach road to the Santaldih Thermal Power Plant (estimated cost Rs. 20 lakhs) ;

(ii) Improvement of Barasat-Basirhat Road (estimated cost Rs. 20 lakhs) ;

(iii) Widening and Improvement of Kalyani-Muragacha Road (estimated cost Rs. 24 lakhs).

Roads & Bridges other than Minimum Needs Programme

An allocation of Rs. 64.50 lakhs has been allowed in this sector in the Annual Plan of 1983-84. Out of this allocation, the Public Works Department proposes to take up the following new works :

(i) Construction of three new bridges in lieu of extant damaged ones on Bagdah-Sindrani Road in the district of 24-Parganas over looking Indo-Bangladesh border (estimated cost Rs. 25 lakhs) ;

(ii) Strengthening of Tamluk-Contai Road in different sections for catering the needs of fast moving heavy traffic consequent on opening of Haldi bridge at Narghat (estimated cost Rs. 30 lakhs) ;

(iii) Construction of a permanent bridge over Raidak I on Alipurduar-Volka Road (estimated cost Rs. 82 lakhs).

Roads of Economic and Inter-State Importance and Strategic Roads

Public Works Department have completed the work of widening and improvement of Kharagpur-Balasore Road upto Orissa border at an estimated cost of Rs. 99 lakhs. The work was financed by the Govt. of India as cent per cent loan assistance.

The work of re-construction of Goalfelani bridge and its approaches on Balurghat-Buniadpur at an estimated cost of Rs. 41 lakhs has been taken up in hand. The entire fund will be provided by the Government of India under the Strategic Roads Programme

State Bridge Funds (Non-Plan Developmental)

A portion of the net accruals in this fund is being utilised towards construction of a number of bridges, mention of one of which is made hereunder :

Replacement of damaged bridge on Champadanga-Pursurah-Arambagh Road (estimated cost Rs. 25 lakhs).

Besides, Public Works Department have decided to finance a part of the cost of construction of Ajoy Bridge at Pandabeswar in the district of Birbhum (estimated cost Rs. 300 lakhs), the remaining part of which is likely to be borne by M/s. Coal India Ltd.

Construction and Development of State Roads & National Highways

I like to mention before the Hon'ble Members that we are stepping in the penultimate year of the Sixth Five-Year Plan commencing from 1980-81. The Sixth Five-Year Road Development Plan covering the period 1980-85 has been tentatively finalised with an outlay of Rs. 90 crores of which approximately Rs. 60 crores is to be spent for construction of Rural Roads. It was proposed to construct about 1500 kms. of roads and a number of major bridges during the aforesaid plan period. Allocations received during the three consecutive years viz. 1980-81, 81-82 and 82-83 were Rs. 14.84 crores, Rs. 15.05 crores and Rs. 12 crores respectively. Due to acute financial stringency the allocation for the year 1983-84 has been curtailed to Rs. 13 crores aggregating a total allocation of Rs. 54.89 crores for four years against the tentative allocation of Rs. 90

crores for five years of the Sixth Five-Year Plan leavlng a balance of Rs. 35.1 crores for the last year i. e. 1984-85.

The present Government has undertaken to undo the imbalance that cre in the past in the rural and urban development of roads. We received as car over from the previous Government a large number of on-going schemes an we had to make a decision to complete the road schemes on which substanti works have already been executed and to slow down less important work o which physical progress has been poor. This had to be done in the extrem financial difficulties. The revised Minimum Needs Programme envisage linking of all villages having a population of 1500 and above and 50% of th villages in the population group of 1000 to 1500 with all-weather roads by th year 1990. So far we have been able to connect only 1420 villages since th starting of M.N.P. in addition to 15,830 villages which were alredy connecte before 1975, out of total number of 38,074 villages of West Bengal with the existing road network. We are trying to connect as many of the remainin villages as possible with our limited resources. The special feature of the annual plan of 1982-83 and 1983-84 is the opening of a special component plan fo scheduled caste with the aim of constructing roads in areas inhabitated by a large number of scheduled caste population.

With the reduced plan outlay of Rs. 12 crores for 1982-83 from the original plan outlay of Rs. 16'05 crores we have been able to complete some majo bridges viz. Haldi bridge (Matangini Setu) at Narghat connecting Digha with Calcutta in the shortest route, Subarnarekha bridge (Sidhu-Kanu-Birsha Setu at Kuthighat in the tribal belt linking West Bengal with Orissa and Bihar, Gobranalla bridge (Nalini Bagchi Setu) at Balirghat in Murshidabad and Gouranga Setu at Nabadwip over Bhagirathi have been opened to traffic durin 1982-83. We expect to complete the construction of 250 kms. of roa during 1982-83.

The work on Kansabati bridge at Budpurghat at Purulia, Bhalukgeria bridge in Bankura, Keleghai bridge in Midnapore, Kumud Setu in Burdwan, Bhagirathi bridge in Malda, Khadinan bridge in Howrah and Dharala bridge in Jalpaiguri are progressing satisfactorily and are expected to be completed by 1983-84. The work of construction of Kharagpore-Balasore Road and the Hooghly Bridge at Kalyani are going on in full swing. The former has been taken up with cent per cent loan from the centre for Inter-State on Economic Importance Scheme while the latter with 50% as loan from Centre and 50% from State Plan Fund. Besides, schemes for bridges over Mahananda at Alalghat in Malda and 3 (three) other bridges over the river Ajoy, Kuye and Mayurakshi on Badshai Sarak in the district of Burdwan and Murshidabad have been approved by Govt. of India, Ministry of Shipping and Transport (Roads Wing) under E & I Schemes on 50:50 basis from Central Loan and State Plan Fund. These may be taken up on receiving of sanction of estimates by the Govt. of India.

The Public Works (Roads) Department has already processed schemes for ive railway overbridges at Belghoria, Serampore, Jadavpur, Sodepur, Rathabari n Malda to be built out of Railway Safety Fund as per extant rules. These schemes have been sent to the Railway Board for approval and are reported o have been included in the Railway Works Programme for 1983-84. The Railway Minister has been requested for an advance allocation of Rs. 50 lakhs o the State Government to enable us to take up the work in 1983-84.

Public Works (Roads) Department also execute on agency basis several Central Sector Road Schemes. In this State there are altogether 9 National Highways in West Bengal. The work on Belghoria Expressway has been resumed. The work of Kunti bridge on N.H.-2 at Mogra is progressing well and is expected to be completed by 1983-84. Widening and strengthening work on N.H.-34 and N.H.-31 are also going on steadily.

The Second Hooghly River Bridge

The construction of the Second Hooghly River Bridge Project commenced n the year 1972 with fund available from the Government of India on loan basis. The expenditure of the Project consists of Plan and Non-Plan parts. Plan expenditure is met by the State Government. The Non-Plan expenditure is available as loan assistance from the Govt. of India.

The total cost of the bridge taking December, 1986 as the date of completion has now been upgraded to Rs. 158.80 crores, of which the loan assistance to be given by the Government of India for the bridge proper and its approaches and interchanges is Rs. 141.10 crores. The balance amount of Rs. 17.70 crores is to be financed by the State Government for meeting the organisational expenses, agency charges and re-habilitation cost. Up-to-date release of fund by the Govt. of India is Rs. 51.99 crores. But the approval of the Govt. of India to their revised share amounting to Rs. 141.10 crores is yet to be received.

If everything goes on smoothly, it is expected that the bridge may be completed by December, 1986.

Revision of Rules, Codes, etc.

Lastly, I would like to say a few words regarding the Code and Rules Reorganisation Committee, Public Works Department, 1978. This Committee is at present engaged in preparation of its recommendations on last rule of the PWD Code—Vol. I i.e. Rule 445 and Schedules of powers appended to this rule. Simultaneously it is working on sixteen appendices of PWD Code—Volume II. The Committee is expected to submit its final report by March, 1984.

With these words, Sir, I would now request the House kindly to accept my Budget demands for the year 1983-84.

DEMAND No. 39

Major Heads: 283—Housing, 483—Capital Outlay on Housing and 683—Loans for Housing

Shri Jatin Chakrabarty: Sir, on the recommendation of the Governor, beg to move that a sum of Rs. 20,58,95,000 be granted for expenditure unde Demand No. 39, Major Heads: "283—Housing, 483—Capital Outlay oı Housing and 683—Loans for Housing."

(This is inclusive of a total sum of Rs. 3,43,17,000 already voted on accoun in March, 1983.)

The sum of Rs. 20,58,95,000 as demanded, is needed for implementatior of various social housing and allied schemes. The headwise details are—

		Rs.
(i) 283—Housing	..	.. 6,15,36,000
(ii) 483—Capital Outlay on Housing	..	.. 9,98,49,000
(iii) 683—Loans for Housing	..	.. 4,45,10,000

The total demand for Rs. 20,58,95,000 includes—

(a) a sum of Rs. 704 lakhs for implementation of the schemes of Housing Department included in the State Plan (Annual Plan and Sixth Plan);

(b) a sum of Rs. 140 lakhs for implementation of the Central Sector Subsidised Housing Scheme for Plantation Workers—the entire amount being reimbursed by the Central Government;

(c) a sum of Rs. 12,14,95,000 for execution of some housing and allied schemes outside State Plan and for meeting Direction and Administration and Management Costs.

2. It is well known that the housing problem in the State is very acute. Because of inadequate plan allocation it has not been possible to undertake housing construction on a big scale. Large scale escalation in the costs of building materials and non-availability of certain items of essential building materials have aggravated the problem further. As a result, housing activities in the private sector have suffered considerable set-back. In such a state of affairs, it is necessary to generate sufficient investments in public sector housing which can help solve the problem to some extent. Although Plan allocation for housing during 1983-84 has been increased substantially by more than 55 per cent over last year's allocation, even this amount is not adequate to meet the minimum needs of housing in the State. Even so, my Department is trying its best for effective implementation of all social housing schemes undertaken by it with the limited resources at its disposal.

3. During the previous year 1982-83, it has been possible for my Department to complete construction of about 500 flats including 164 flats meant for economically weaker sections of the community and 290 flats for the low paid State Government employees. Besides, my Deparment has already sanctioned construction of 1,598 Nos. of new flats in the different parts of the State, of which 358 flats will be for economically weaker sections of the community and 624 flats for Low Income Group people. For the year 1983-84 a sum of Rs. 704 lakhs has been proposed under different social housing schemes of which a sum of Rs. 549 lakhs will be spent by Government towards construction of various categories of flats in the public sector and the balance of Rs. 155 lakhs has been earmarked for advancing loans to individuals under Middle Income Group and Low Income Group Scheme to assist them to construct their own residential units. It is expected that construction of about 930 flats will be completed by my Deparment during 1983-84 and more than 1,000 residential units will be completed by private individual during the year by utilising the loans advanced by my Department.

4. I would like to mention that the work on the project for establishment of Siliguri Satellite Township (Dabgram-Binaguri mauza) is in steady progress. Under the project, 632.75 acres of land have been acquired. At present, the area is being developed and necessary infrastructural facilities are being created. The project is likely to be completed in phases.

5. I am glad to mention that my Department has been able to maintain its good record in the matter of collection of monthly rent of Government flats in the year 1982-83 also. In this year, collection of rent to the tune of Rs. 160 lakhs has been made, which represents about 9 per cent increase over previous year's (1981-82) collection. The increased collection of rent has been made possible by taking strog administrative measures against defaulting tenants.

6. I may also mention about the activities of the West Bengal Housing Board, a Statutory Body set up by Government in 1972 with the intention to help in solving the acute housing problem in West Bengal by mobilising resources from various sources including Market Borrowing Programme and by taking loans from financial institutions like Housing and Urban Development Corporation Ltd. Up to the end of 1981-82, the Housing Board was able to construct about 10,500 dwelling units which were distributed to the eligible applicants through outright sule and/or hire-purchase basis. During the year 1982-83, 3,593 dwelling units have been constructed by the Board at a total cost of Rs. 930 lakhs. For the year 1983-84, the Board has taken up a number of projects involving construction of 3,585 dwelling units at a total estimated cost of Rs. 1,100 lakhs. In the ongoing projects, the Board is giving due emphasis on economically weaker sections of the community, for, out of the total number of 3,585 dwelling units now being constructed by the Board, 1,071 units are meant for economically weaker sections of the people.

7. For the development of Salt Lake, maintenance and repairs to Bagjola Sewage Treatment Plant and also for administration of Bidhannagar, a provision of Rs. 4,48,30,000 has been made for the year 1983-84.

Bidhannagar, the garden suburb of Calcutta with an area of about 6 sq. miles, is fast becoming the throbbing centre of city life. The whole city area has been developed and made available for residential accommodation, office, commercial complex, industrial zones and recreational centres. Civic amenities have also been provided to the residents as far as possible. A few numbers of Primary and Secondary Schools have been set up and one Government Degree College is expected to start functioning from the next academic session. To relieve the housing problem, several thousand flats have been constructed or are under construction in several parts of the township by various organisations. The Health Department has undertaken construction of one 250-bed Hospital and another 500-bed Homoeopathic Hospital is under way. A Polyclinic and Outdoor Department are now functioning in the Hospital. The construction of Sports Stadium and the Eastern Wing of National Institue of Sports, Patiala, are in steady progress. The existing system of water-supply in the township from deep tube-well will be gradually replaced by surface water-supply from Tallah-Palta Water Works. This township is built to provide accommodation for four and a half lakh people and days are not far off when it will be a major city in its own right.

8. A sum of Rs. 2,15,10,000 is proposed to be utilised under Rural Housing Scheme during 1983-84. The proposed amount will be distributed through the Zilla Parishads to the individuals affected by the devastating floods of 1978 as house building loan repayable in instalments. The Development and Planning Department will execute the scheme out of the loan of Rs. 4.50 crores secured from the Life Insurance Corporation and General Insurance Corporation on this account in 1979. During 1980-81 and 1981-82 a sum of Rs. 179.90 lakhs was plaecd at the disposal of Zilla Parishads of ten districts, viz., Midnapore, Hooghly, Howrah, Burdwan, Birbhum, Nadia, Murshidabad, Bankura, 24-Parganas and Malda for the purpose of releasing loans to flood-affected individuals. During the year 1982-83, out of the budget provision of Rs. 138.94 lakhs a sum of Rs. 69,21,400 has been released to the Zilla Parishads of Howrah, Birbhum, Bankura, Midnapore and Hooghly.

9. To meet the establishment charges of the Kalyani and Patipukur Branch of the Metropolitan Development Department and maintenance and repairing costs of the Township and Houshing Schemes at Patipukur and Kalyani, a provision of Rs. 10.85 lakhs has been proposed for the year 1983-84.

Sir, with these words, I request the House to approve the Demand placed by me.

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Demand No. 25

Shri Subhas Chandra Mahata : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Jokhilal Mandal : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Mahbubul Haque : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Abanti Mishra : Sir. I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Demand No. 70

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Demand No 39

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্ত, নির্মাণ পর্ষদ ও আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, সেই বাজেট গত বছর যে হারে পেশ করেছিলেন এবারেও সেই হারে বাজেট পেশ করেছেন। এবার আমরা দেখতে পাচ্ছি ২৫ নং দাবীর মধ্যে ৪৮,১৮,৪১০০০ এবং ৭০ নং দাবীর মধ্যে ৭১,৫৩,১৮০০০ টাকার মঞ্জুরী চেয়েছেন। তার আগে দুটি দপ্তরের জন্য ভোট অন এ্যাকাউন্টে কিছু কিছু টাকা নিয়ে নিয়েছেন ১৯৮৩ সালের জন্য। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়, তাঁর দপ্তর সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন যে, প্রয়োজনের তুলনায় তিনি আর্থিক সহযোগিতা পাচ্ছেন না এবং বিভিন্ন প্রশ্নের তিনি যে উত্তর দিয়ে থাকেন তাতেও আমরা এই আভাষ পেয়েছি। আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীকে বলবো যে, আজকে ক্রমাগত আবাসন বিভাগের দুরবস্থার জন্য মানুষের যে জিনিসগুলি প্রয়োজন, যেগুলি এই দপ্তরের সঙ্গে যুক্ত সেগুলিতে অসুবিধার সৃষ্টি হয়েছে।

আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী, তিনি ব্যর্থ হয়েছেন, পশ্চিমবাংলার রাস্তাঘাটে যেখানে অহেতুক ভাবে বাম্প তৈরী হয়েছে, যেভাবে অসুবিধার সৃষ্টি করে জনজীবনকে বিপর্যস্ত করেছে, এর ফলে শুধু তাঁর দপ্তরেরই অসুবিধা হচ্ছে না পরিবহণ দপ্তরেরও অসুবিধার সৃষ্টি করেছে। আমরা দেখেছি, যখন ভি আই পি'রা যান, যেমন মুখ্যমন্ত্রী বলুন, মাননীয় রাজ্যপাল মহাশয় বলুন, তাঁরা যখন বিভিন্ন জেলায় যান, তখন কিছু কিছু বাম্প তুলে দেওয়া হয়। কিন্তু পর মুহূর্তে আবার সেখানে বাম্প বসিয়ে রাস্তা বন্ধ করে দেওয়া হয়। আমরা দেখতে পাচ্ছি রাস্তাঘাটের অবস্থা ক্রমাগত অবনতির দিকে যাচ্ছে। ১৯৭৮ সালের বন্যার ফলে যে বিপর্যয় ঘটেছিল, রাস্তাঘাট যে-সমস্ত ভেঙ্গেচুরে গিয়েছিল—পুরাতন রাস্তা যেগুলো মেন্টিন্যান্স করার প্রয়োজন ছিল, সেইগুলো প্রপারলি মেন্টিন্যান্স হয় নি, সরকার এই ব্যাপারে ব্যর্থ হয়েছেন। এই পূর্ত দপ্তরের যে দুটি শাখা আছে, একটি হচ্ছে মেন্টিন্যান্স ডিপার্টমেন্ট, আর একটি হচ্ছে কন্সট্রাকশন ডিপার্টমেন্ট—এই দুই ডিপার্টমেন্টের মধ্যে কোন যোগাযোগ নেই। এই দুই ডিপার্টমেন্টের মধ্যে যেমন যোগাযোগ ছিন্ন হয়ে গেছে, তেমনি রাস্তাঘাটের যোগাযোগ ব্যবস্থাও তেমনি ছিন্ন হয়ে গেছে। এই দুই শাখার মধ্যে কোন সম্পর্ক নেই। আমরা দেখেছি বিভিন্ন জেলাতে অর্থ বরাদ্দ হয়েছে, কিন্তু কাজ না হওয়ার ফলে টাকা খরচ হয় নি, সেই টাকা ফেরত গেছে। জানি না, কার গাফিলতিতে এ টাকা ফেরত যায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিভিন্ন ভাবে দেখেছি কংগ্রেসের আমলে যে-সব রাস্তাঘাট, সেতুর কাজ আরম্ভ হয়েছিল সেইগুলো শেষ করে মন্ত্রী মহাশয় সেই সব সেতু এবং রাস্তাঘাট উদ্বোধন করেছেন, আবার কিছু কিছু নতুনও করেছেন এবং সেইগুলোর নাম পরিবর্তন করে অন্য নাম দিয়েছেন। বর্তমানে নতুন কি কি পরিকল্পনা নিয়েছেন, তা আমরা দেখতে পাচ্ছি না। এ বিধানসভাতে দেখেছি, সেতু সম্পর্কে প্রশ্নোত্তরের সময় মন্ত্রী মহাশয় বলেছেন মুর্শিদাবাদ জঙ্গীপুর সেতুর প্রাথমিক কাজ শেষ হওয়া সত্ত্বেও তার কাজ আরম্ভ হয় নি। কাঁথি শহরের ভিতর দিয়ে প্রবাহিত পানিপিয়া খালের উপর পুরুষোত্তমপুর, বঙ্কিমপুর প্রভৃতি স্থানের ভাঙ্গা পুলগুলির এস্টিমেট হওয়া সত্ত্বেও কাজ হয় নি। এইগুলো দীর্ঘদিন ধরে দপ্তরে পড়ে রয়েছে। একবার বলা হচ্ছে যে পৌর কর্তৃপক্ষ করবে, আর একবার বলা হচ্ছে পূর্ত দপ্তর করবে। পূর্তমন্ত্রী মহাশয় গত বছর যে বাজেট পেশ করেছেন তাতে বলেছেন যে, দামোদর নদীর উপর মেজিয়াঘাটের কাছে একটা সেতু করবেন। তার জন্য টাকাও বরাদ্দ করা হয়েছিল কিন্তু সেই টাকা কোথায় ব্যয়িত হয়েছে আমি জানি না। তিনি একটা প্রশ্নে

বাবে বলেছেন যে, ওয়ার্ক অর্ডার হয়েছে। কিন্তু কার্যকরী করার সময় ওয়ার্ক অর্ডার হচ্ছে আর একরকম। আমরা এইটুকু বুঝি, একটা সরকারী দপ্তরের যখন ওয়ার্ক অর্ডার হয়ে যায়, তখন সেটাকে কার্যকরী করতে হবে। কিন্তু তিনি বলছেন যে, সেটা কার্যকরী হবে না। অর্ডারটা কি সেটা পরিষ্কার ভাবে বুঝিয়ে দেওয়া দরকার। আমরা দেখবো যে এই মুর্শিদাবাদ জেলার দ্বারকা নদী ও খুসকুড়া নদীর উপর যে সেতু পরিকল্পনা হয়েছে, সেটা ব্যর্থ হয়েছে।

[2.20—2.30 P. M.]

পুরুলিয়া জেলার বরাবাজার-বান্দোয়ান রাস্তার জন্য ৩০ লক্ষ টাকা ধরা হয়েছিল, ব্যয়িত হয় নি। পুরুলিয়ার ঝালদা থেকে ব্রজপুর রাস্তার কাজ আরম্ভ হয় নি। বাঁকুড়ার ছাতনা থেকে কেঞ্জাকুড়া পর্যন্ত ৫ মাইল রাস্তার অর্ডার দীর্ঘদিন আগে হয়েছে, কিন্তু এখনো পর্যন্ত কার্যকরী হয় নি। দীর্ঘদিন আগে অর্ডার হয়েছে, অথচ এখনো কার্যকরী হচ্ছে না কেন? মানানীয় অধ্যক্ষ মহাশয়, বড়জোড়া থানার সোরালি থেকে মথুরডাঙ্গা রাস্তাটি তৈরী করার পরিকল্পনা সম্পর্কে মাননীয় সদস্য প্রশ্ন করেছেন, কিন্তু তার পরিষ্কার কোন জবাব পাওয়া যায় না। বাঁকুড়া-পুরুলিয়া রাস্তাটি নষ্ট হয়ে গেছে, মেরামতের ব্যবস্থা হয় নি। আত্রেয়ী নদীর উপর সেতুসহ গঙ্গারামপুর থানার ফুলবাড়ি হতে কুমারগঞ্জ পর্যন্ত রাস্তাটির কাজ আরম্ভ হয় নি। বীরভূম জেলার পাণ্ডবেশ্বরের নিকট অজয় নদের উপর সেতু আরম্ভ করার কথা ছিল, কিন্তু কাজ আরম্ভ হয় নি। আপনার দপ্তর নতুন কি কাজ আরম্ভ করেছে, কতটা কি সমাপ্ত করেছে এবং পুরাতন কতটা কি কাজ বাকি ছিল, কতটা সমাপ্ত হয়েছে, এটা পরিষ্কার হয় নি, জট পাকিয়ে গেছে। নতুন রাস্তাঘাট ক'মাইল আপনি বাড়িয়েছেন, পশ্চিমবাংলার রাস্তাঘাট কতটা আপনি বাড়িয়েছেন, সেটা কিন্তু মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আমাদের পরিষ্কার ভাবে জানাতে পারছেন না। আমরা দেখতে পাচ্ছি রাস্তাঘাট মেরামতের অভাবে বিভিন্ন জেলা ছিন্ন-বিচ্ছিন্ন অবস্থার মধ্যে রয়েছে এবং রাস্তাঘাটগুলি একেবারে জরাজীর্ণ হয়ে গেছে। সেগুলির প্রতিকার করতে তিনি ব্যর্থ হয়েছেন। তাঁর দপ্তর যখন এগুলির কথা বলেন তখন কিন্তু তাঁর দপ্তরেরই নিযুক্ত ঠিকাদাররা বলেন, আমরা টাকা-পয়সা পাচ্ছি না, দপ্তর আমাদের টাকা-পয়সা দিচ্ছে না, সেইজন্য কাজগুলি সম্পূর্ণ করতে পারছি না। আপনার দপ্তর যে উত্তরগুলি দেন সেগুলি কেন কার্যকরী হয় না? কাজেই তাদের সঙ্গে আপনার দপ্তরের কোন যোগাযোগ আছে কিনা, আপনার সাথে কোন

যোগাযোগ আছে কিনা, সেটা আমরা ঠিক জানতে পারি না। আমরা দেখতে প সরকার বিভিন্ন ভাবে বিভিন্ন ক্ষেত্রে টাকা-পয়সা বিভিন্ন সংস্থার মাধ্যমে বাড়াব চেষ্টা করেন এবং রাস্তাঘাট, সেতু, আবাসন নির্মাণের ক্ষেত্রে সেই টাকা-পয়সা কত কি কাজে লাগছে, না লাগছে সেটা আমরা জানতে পারি। মাননীয় অধ্য মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী এই বিধানসভায় ১৮ই মার্চ, ১৯৮৩ তারিখে একটি স্টে মেণ্ট দিয়েছিলেন। সেখানে তিনি বলছেন, এই সময়ের মধ্যে সরকারী পর্যা ৬ হাজার ৪৭৩টি আবাসন নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়, তার মধ্যে ৩ হাজা ১৭৬টির নির্মাণ কাজ শেষ হয়েছে। কর্পোরেশন এলাকায় ২ হাজার ১১৫ আবাসন নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়, তার মধ্যে ৬২০টি রূপায়িত হয়। আ পৌর এলাকায় ৪ হাজার ৩৫৮টি প্রকল্প হাতে নেওয়া হয়, তার মধ্যে ২ হাজা ৫৫৬টির কাজ সম্পূর্ণ হয়েছে। এই প্রকল্প রূপায়ণের কাজ সম্পূর্ণ হল না কেন এটা কি কারণে হচ্ছে না? সরকারী অর্থের অভাব হয়েছে, ঘাটতি হয়েছে? যদি তাই হয়ে থাকে তাহলে ক্যাবিনেটে আগে আলোচনা করে এই টাকা আরো বৃদ্ধি করা দরকার। কারণ পশ্চিমবাংলায় একমাত্র যোগাযোগের মাধ্যম হল এই যানবাহন এবং এই যানবাহন চলে রাস্তার উপর দিয়ে। কাজেই সেই রাস্তাগুলি যদি একবারে জরাজীর্ণ অবস্থায় থাকে তাহলে মানুষের অগ্রগতি ব্যাহত হয় আপনারা সেই অগ্রগতির কথা চিন্তা করুন, মানুষের সার্বিক কল্যাণের কথা চিন্ত করুন। তাই আমরা রাস্তাগুলির অগ্রগতির ক্ষেত্রে পশ্চাদপদতা লক্ষ্য করছি।

বিশ্বব্যাঙ্ক থেকে সাহায্য নিচ্ছেন এই রাস্তাঘাট, সেতু ইত্যাদি নির্মাণের জন্য এব সেখানে কেন্দ্রীয় দপ্তরেরও সাহায্য আছে। তাছাড়া তিনি আবার লাইফ ইনস্যুরেন্স এবং জেনারেল ইনস্যুরেন্স থেকেও আর্থিক সাহায্য পাচ্ছেন। ১৯৭৭-৭৮ সালে দেখা যাচ্ছে তিনি সাধারণ আবাসন নির্মাণের জন্য ১৭৩.০০ লক্ষ টাকা এল. আই সি. এবং জেনারেল ইনস্যুরেন্স থেকে ঋণ নিয়েছিলেন। ১৯৭৮-৭৯ সালে ১৮৫.০০ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন, ১৯৭৯-৮০ সালে ২৬৮.০০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন ১৯৮০-৮১ সালে ৪৪৫.০০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন, ১৯৮১-৮২ সালে ২৮৯.০০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন, ১৯৮২-৮৩ সালে ২২৫.০০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন আবাসন নির্মাণের জন্য। এই টাকা আবাসন নির্মাণের জন্য ব্যয়িত হয়েছে কিনা সেটা আমরা জানতে চাই। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এক প্রশ্নের উত্তর দিতে গিয়ে জানিয়েছেন যে, জেলা বরাদ্দের নির্দিষ্ট মাপকাঠি ছিল না, তবে প্রত্যেক জেলাতে কিছু না কিছু গৃহনির্মাণ করা হয়েছে। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এই তথ্য কোথা থেকে পেলেন আমরা জানি না। তবে গত ৫ বছর ধরে দেখছি আমাদের বাঁকুড়া জেলাতে নতুন

কান গৃহনির্মাণ করা হয় নি। স্যার, এই যে টাকা তিনি এল. আই. সি. এবং জনারেল ইনস্যুরেন্স থেকে নিলেন এই টাকায় কতগুলি আবাসন নির্মাণ করা হয়েছে ।বং তা করতে কোন অসুবিধার সৃষ্টি হয়েছে কিনা এবং অসুবিধা সৃষ্টি হলে কতগুলি ।স্পূর্ণ হয় নি বা এই টাকা অন্য খাতে ব্যয়িত হয়েছে কিনা সেটা আমরা মাননীয় ন্ত্রী মহাশয়ের কাছে বিস্তৃত ভাবে জানতে চাই। জেলা থেকে বছরের শেষে দ্বৃত্ত টাকা যখন ফেরত চলে আসে তখন সেই টাকা কেন রাস্তাঘাটের জন্য খরচ রা হল না সেটাও আমরা জানতে চাই। স্যার, এই পূর্ত বিভাগের কাজের সুষ্ঠু দারকির অভাব আমরা লক্ষ্য করছি। স্যার, সব দপ্তরকেই পূর্ত দপ্তরের কাজের পর নির্ভর করতে হয়। বিভিন্ন জেলাতে এখনও এ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংগুলি মাপ্ত হয় নি, ফলে কাজের অসুবিধা হচ্ছে। তা ছাড়া স্যার, এই পূর্ত বিভাগের ধ্যমে বিভিন্ন ভাবে সরকারের আয় বৃদ্ধিরও সংস্থান হতে পারে, কিন্তু সে দিকে কান লক্ষ্য দেওয়া হচ্ছে না। মহাকরণ এবং নিউ সেক্রেটারিয়েটে যে স্টলগুলি য়েছে সেগুলির উন্নতি সাধন করলে সেখান থেকে আয় বাড়তে পারে। তাছাড়া দীর উপর যে-সমস্ত ব্রীজগুলি রয়েছে সেখান থেকে যে টোল আদায় হয় তার মধ্যেও নান কারচুপি হয় বলে আমাদের কাছে খবর আছে। সেই টোল থেকে যে টাকা য় হচ্ছে তা ঠিকমত আদায় হচ্ছে কিনা এবং তা ঠিকমত ব্যয়িত হচ্ছে কিনা সে দকে দৃষ্টি দেওয়ার দরকার আছে।

[2.30—2.40 P. M.]

আজকে টোল আদায় হবে, কিন্তু ঠিকমত সরকারী ব্যবস্থা চালু হয় নি। সেদিকে রকারের নজর দেওয়া উচিত। আজকে টোল ট্যাক্স বসাচ্ছেন, কিন্তু সেখানে নযুক্ত কর্মচারীদের বিভিন্ন অসুবিধাগুলি দেখছেন না। বাঁকুড়া জেলার দ্বারকেশ্বরে গক্তেশীর মন্দিরের কাছে যে টোল গেট আছে সেখানে সন্ধ্যার পরে কেউ থাকতে পারে না। সেখানে তাদের সব জিনিসপত্র চুরি এবং ছিনতাই হয়ে যায়। তাদের রক্ষণাবেক্ষণের দায়িত্ব পূর্ত দপ্তরের, কিন্তু সেটা ঠিকমত পালন করছেন না, এগুলি সরকারের দেখা উচিত। এতে সরকারের আয় বাড়ার পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করে, তাদের আয় কমে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে লক্ষ্য দেওয়া উচিত। আজকে মন্ত্রী মহাশয় যদি ভাবেন যে, সারা পশ্চিমবাংলায় সব সমস্যা একবারে দূর করে দেব, আর আমরাও যদি ভাবী যে, সব সমস্যা দূর করে দেবেন তাহলে

সেটা নিশ্চয়ই খামখেয়ালী ছাড়া আর কিছু হবে না। আমরা দেখছি যে, যেখানে তাঁর বাজেট বরাদ্দ কার্যকরী করা দরকার, কিন্তু সেটা কার্যকরী হচ্ছে না। এগুলি তাঁর দেখা দরকার। আজকে সরকারী হাসপাতালে বিভিন্ন ভাবে কাজে অসুবিধার সৃষ্টি করছে। অসমাপ্ত হাসপাতালগুলি রয়ে গেছে। বিভিন্ন জেলায় মহকুমায়, সদর হাসপাতাল বা কলেজ হাসপাতালগুলিতে বহু কাজ অসমাপ্ত অবস্থায় আছে। প্রাইমারী হেল্‌থ সেণ্টার, সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার, তা কাজ অর্ধ সমাপ্ত অবস্থায় আছে। সেগুলি কিভাবে সমাপ্ত করা যায় সেদিকে চিন্তাভাবনা করা উচিত। আজকে বিভিন্ন কোর্টের বিল্ডিংগুলিকে নির্মাণ করা ব যেগুলি আছে সেগুলিকে সংস্কার করার কথা, কিন্তু সেগুলি ঠিকমত হচ্ছে না এখানে বিচার বিভাগের মন্ত্রী মহাশয় আছেন, আমাদের কাছে বিভিন্ন ভাবে সংবাদ আছে যে, রেকর্ডপত্র বর্ষার জলে ভিজে যাচ্ছে, জল পড়ছে। এগুলি প্রতিকার করার জন্য আপনার দপ্তর কতটা সচেষ্ট হয়েছেন আমাদের জানাবেন। যে-সব রেকর্ডপত্র বর্ষার জলে নষ্ট হয়ে যায়, সেগুলিকে কোর্ট প্রাঙ্গণে বিল্ডিং করে সংস্কার করা যায় তাহলে এই ব্যাপারে অনেকটা সুরাহা হয়। কিন্তু সেদিক থেকে আপনি ব্যর্থ হয়েছেন। সরকারী ফ্লাট আগে যেগুলি ছিল সেগুলি সংস্কারে ব্যর্থ হয়েছেন। সেই কাজে আপনার দপ্তর নজর দেয় নি, সেখানে আরো সমস্যা তৈরী করেছে সেগুলি কার্যকর করার জন্য আপনার দপ্তর কতটা সচেষ্ট হয়েছে সেটা আপনি জবাবী ভাষণে দেবেন বলে আশা করি। আপনি কলকাতা শহরে বিভিন্ন জায়গায় আবক্ষ মূর্তি স্থাপন করছেন। এই মূর্তি বিভিন্ন রাজনৈতিক নেতা থেকে আরম্ভ করে খেলোয়াড় হোক, সাহিত্যিক হোক, সমাজসেবী হোক, বিভিন্ন মূর্তি নির্মাণের জন্য চিন্তা করছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে বলি যে এবারে আনন্দমঠের শতবর্ষ পূর্তি হচ্ছে। কাজেই প্রত্যেক জেলায় একটা করে ঋষি বঙ্কিমচন্দ্রের মূর্তি নির্মাণের জন্য সচেষ্ট হন। তাহলে অন্ততঃ আনন্দমঠের শতবর্ষ পূর্তি উপলক্ষে একটা নূতন চিন্তাধারা সেখানে আসবে। এই শতবর্ষ অনুষ্ঠান সম্পর্কে একটা নূতন চিন্তাধারা আমরা সরকারের কাছ থেকে পাব। আজকে এই সমস্যাগুলির প্রতিকার করার ব্যবস্থা করুন। আমরা দেখছি যে, জাতীয় সড়গুলির উন্নতির যে কাজ সেগুলি অর্ধ সমাপ্ত হয়ে আছে। ৩১ নম্বর জাতীয় সড়ক ধূপগুড়ি,- পুণ্ডিবাড়ীর বিকল্প পথটি ষষ্ঠ যোজনায় গ্রহণ করবেন বলেছেন। তারপর চণ্ডীতলা, সিঙ্গুর, ধনেখালির উপর দিয়ে দুর্গাপুর রোড, ন্যাশনাল হাইওয়ের কাজ শুরু হবে কিনা? এই বিষয়ে মাননীয় সদস্যারা আপনার কাছে জানতে চেয়েছিলেন, আপনি কিছু জানান নি। আমি আশা করবো যে,

আপনি আপনার জবাবী ভাষণে কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন। পাণ্ডুয়া, বেলুন, রামেশ্বরপুর সড়কটির গতি পরিবর্তনের কাজ এখনো শুরু হয় নি। এই বিষয়টির প্রতিও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আজকে যেটা সবচেয়ে বড় বিষয় সেটা হচ্ছে সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে লিয়েজঁন্ ঠিকমত হচ্ছে না। যার ফলে কোন কাজই সঠিকভাবে রূপায়িত হচ্ছে না। এ বিষয়ে আমি পূর্বেও এখানে উল্লেখ করেছি। এই দপ্তরের সঙ্গে যুক্ত আরো যে-সব দপ্তর রয়েছে বা পূর্ত দপ্তরের মধ্যেই যে-সমস্ত বিভাগ-গুলি রয়েছে তাদের পরস্পর পরস্পরের মধ্যে লিয়েজঁন্ নেই। বিভিন্ন দপ্তরের মধ্যের সংযোগ রক্ষা করা ব্যবস্থাকে যদি আজকে জোরদার করা যায় তাহলে যে সমস্যাগুলি আজকে বিভিন্নভাবে দেখা দিচ্ছে সেগুলির সমাধান করতে খুব বেশী অসুবিধা হবে না। সরকারী কাজে সরকারী ব্যবস্থার মধ্যে দিয়েই প্রতিবন্ধকতার সৃষ্টি হয়। রাস্তা নির্মাণ, ব্রিজ নির্মাণ প্রভৃতি ক্ষেত্রেই আমরা এই জিনিস দেখতে পাই। আজকে জিনিসপত্রের দাম বাড়ার সঙ্গে সঙ্গে পূর্ত বিভাগের বিভিন্ন কাজ করার ক্ষেত্রে বিঘ্ন দেখা দিচ্ছে। সুতরাং এ বিষয়েও তদারকি দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি জিনিস এখানে বিশেষভাবে উল্লেখ করব। রাস্তা তৈরীর কাজে যে পাথর ব্যবহার করা হয় তা সাধারণতঃ বিহারের পাকুড় থেকে আমদানী করা হয়। অথচ আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানের গ্রামাঞ্চলে এবং বনাঞ্চলে যে পাথর আছে তাকে কোয়রি কর্পোরেশনের মাধ্যমে সংগ্রহ করে এই দপ্তরের ঐ সমস্ত কাজে লাগাতে পারলে এই দপ্তরের কিছু খরচ কম হত এবং পশ্চিমবঙ্গেরও উন্নতি হত। এর দ্বারা পশ্চিমবঙ্গের উন্নতির একটা নতুন পথ খুলে যেত। পাকুড়ের পাথর বেশী পয়সা দিয়ে কিনে এনে ব্যবহার না করে পশ্চিমবঙ্গের বিভিন্ন কোয়রির পাথরকে কাজে লাগাতে পারলে যেমন কিছু পয়সার সাশ্রয় করা যেত, তেমনি কিছু মানুষের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া যেত।

যেমন সরকারের পরিচালনায় পশ্চিমবাংলার ৩২টি জায়গায় ইট ভাটি তৈরী করা হয়েছে, সেইভাবে যদি পাথর সংগ্রহের ব্যবস্থা করা হত তাহলে অনেক ভাল হত। সরকার পরিচালিত ইট ভাটিগুলি লাভজনক সংস্থায় পরিণত হয়েছে। বর্তমানে ফলতায় আধুনিক পদ্ধতিতে একটি নতুন ইট ভাটি তৈরী করা হয়েছে। অবশ্য সেখান থেকে কিরকম উৎপাদন হচ্ছে তা আমরা জানি না। সেটা আমাদের জানান দরকার। ডিপার্টমেন্ট যদি বিভিন্নভাবে সচেষ্ট হয় এবং আগ্রহী হয় তাহলেই সব কাজ হতে পারে। আর বিভিন্নভাবে যদি ডিপার্টমেন্ট বিভিন্ন ডিপার্টমেন্টের

ওপর নির্ভরশীল হয়ে পড়ে তাহলেই ব্যাঘাত সৃষ্টি হয় এবং তার ফলে কাজ অসম্পূ
থেকে যায়।

পরিশেষে আমি দেখছি বিভিন্ন জেলার কতগুলি রাস্তাঘাটের কাজ দীর্ঘদিন ধ
করা হচ্ছে না। দীর্ঘদিন আগে সেই সমস্ত রাস্তার কাজ আরম্ভ করে বন্ধ করে রাখ
হয়েছে। আজকে বাঁকুড়া জেলার ইন্দাসের ৪ কিলোমিটার রাস্তাটির কাজ শে
করা হচ্ছে না। ওখানে যোগাযোগের আর কোন পথ নেই। ঐ এলাকার মানু
সমস্ত রকম যোগাযোগ থেকে বিচ্ছিন্ন হয়ে আছে। সুতরাং এই রাস্তাটির কা
অবিলম্বে শেষ করা প্রয়োজন। এ ছাড়া বাঁকুড়া জেলার যে রাস্তাগুলির কাজ অ
সমাপ্ত অবস্থায় আছে সেগুলির কাজ সমাপ্ত করার জন্য আমি মন্ত্রী মহাশয়
অনুরোধ করছি। যে রাস্তাগুলি খারাপ হয়ে পড়ে আছে সেগুলি অবিল
মেরামত না করলে সেগুলি ভবিষ্যতে একদম নষ্ট হয়ে যোগাযোগের অসুবিধা স
করবে। এই সমস্ত কাজগুলি যদি না করা হয়, এই সমস্ত কাজের দিকে যদি এগি
না যাওয়া হয় তাহলে যে অসুবিধা আছে যে অসুবিধা চিরকাল থেকেই যাবে।

[2.40—2.50 P.M.]

আমি অন্ততঃ আশা করবো, এইটুকু উপকার আপনি করবেন। এ ছাড়া যেহে
আপনি ১৯৮২-৮৩ সালের কাজগুলি সমাপ্ত করতে পারেন নি, যে টাকা ধরা হয়েছি
সেই টাকা ব্যয় করতে পারেন নি এবং চলতি বছরেও যে টাকা ধরা হবে সে
কার্যকরী করতে পারবেন না বলে এই কারণে বিরোধিতা করে আমার বক্তব্য শে
করছি।

শ্রীসৈয়দ মহঃ মসী: মিঃ স্পীকার স্যার, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বা
বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন আমি সেই দাবীকে পরিপূর্ণভাবে সম
করছি। আমার আগের বক্তা শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় এই ব্যয়-বরাদ
বিরোধিতা করতে গিয়ে যে-সমস্ত বক্তব্য রেখেছেন আমি সেই বক্তব্য শোনার
করেছি এবং তাঁর বক্তৃতা শুনে মনে হয়েছে তিনি বিরোধিতা করার জন্য বিরোধি
করেছেন এবং তাঁর এই বক্তব্যের মধ্যে কোন যুক্তি নেই। মিঃ স্পীকার স্য
বামফ্রন্ট সরকারের যে পলিসি, বিশেষ করে পূর্ত দপ্তরের যে রোড পলিসি
আবাসন পলিসি সেই পলিসি দিয়ে আজকে বামফ্রন্ট সরকারকে বিচার করতে হ
মাননীয় বিরোধীপক্ষের যাঁরা সদস্য আছেন আমি তাঁদের বলবো, দীর্ঘদিন ধরে

আপনারা সরকারে ছিলেন, কোন্ পদ্ধতিতে আপনারা সরকার পরিচালিত করেছেন এবং আপনাদের দৃষ্টিভঙ্গী কি ছিল সেটা একবার স্মরণ করুন। আমরা জানি, ওঁরা যে পলিসি মেনে চলতেন সেটা শুধু আবাসন এবং পূর্ত দপ্তর নয়, প্রত্যেক ব্যাপারে ওঁদের দৃষ্টিভঙ্গী ছিল গ্রামাঞ্চলে কায়েমী স্বার্থকে সেবা করা এবং সেই সেবাই তাঁরা করেছেন। তাঁরা একচেটিয়া পুঁজিপতি এবং ধনিক শ্রেণীর সেবা করেছেন, তাঁদের পরিপূর্ণ করেছেন। কিন্তু এই বামফ্রন্ট সরকার তার যে পূর্ত এবং আবাসন দপ্তর —এই দপ্তরের মধ্য দিয়ে একটা পলিসি নিয়েছে। সেই পলিসিটা হচ্ছে, সাধারণ মানুষের যে-সমস্ত কর্মসূচী আমরা তাকে প্রায়রিটি দিয়েছি। আমাদের সরকার তাকে প্রায়রিটি দিয়ে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। আমরা যে পলিসি নিয়েছি সেটা হচ্ছে, নূনতম প্রয়োজনীয় কর্মসূচী। ১৫০০ পর্যন্ত জনসংখ্যা বিশিষ্ট যে-সমস্ত এলাকা আছে সেই সমস্ত এলাকায় সড়ক যোগাযোগ যাতে ঠিক হয়, সড়ক যোগাযোগ যাতে হতে পারে তার জন্য আমাদের সরকার সেই সমস্ত কর্মসূচী গ্রহণ করেছে এবং যে-সমস্ত গ্রামে ১ হাজার থেকে ১৫০০ পর্যন্ত জনসংখ্যা রয়েছে সেই সমস্ত গ্রামের শতকরা পঞ্চাশ ভাগ রাস্তাকে সর্ব ঋতুর উপযোগী সড়কের দ্বারা যাতে সংযুক্ত হতে পারে তার জন্য আমার সরকার সেই সমস্ত কর্মসূচী গ্রহণ করেছেন। এছাড়া গ্রামের দিকে যে-সমস্ত স্কুল, হাসপাতাল এবং প্রাইমারী হেল্থ সেন্টার আছে সেগুলিকে কেন্দ্র করে যাতে সড়ক যোগাযোগের ব্যবস্থা করা যায় তার জন্য আমার সরকার বলেছেন।

কিন্তু এর আগে আমাদের যে কর্মসূচীগুলি আমরা পালন করেছি তার কথা মাননীয় বিরোধী দলের সদস্য তো একবারও বললেন না। এই সমস্ত গ্রামের মানুষরা নিশ্চয় চান যে, গ্রামে আরও নূতন নূতন রাস্তা, সেতু ইত্যাদি হোক বা তার রক্ষণাবেক্ষণ হোক, কিন্তু তার যে মেটেরিয়ালস, তার নির্মাণ কাজের উপযোগী যে-সমস্ত জিনিস, সেইসব মেটেরিয়ালসের জন্য বেশীর ভাগ ক্ষেত্রেই আমাদের কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল হতে হয়, কিন্তু আজ ৩০/৩৫ বছর ধরে কেন্দ্রীয় সরকার এইসব জিনিস সরবরাহের জন্য কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন নি এবং সেটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যেহেতু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আছে, সেজন্য বামফ্রন্ট সরকারকে এবং পশ্চিমবঙ্গের মানুষকে বেকায়দায় ফেলার জন্য এই সমস্ত মেটেরিয়ালস সরবরাহের ক্ষেত্রে কারচুপি করেছেন। বিভিন্ন দিক থেকে তাঁরা বঞ্চনা করেছেন। সে কথা উনি একবারও বললেন না।

আমরা জানি মাননীয় কাশীনাথবাবু ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য ছিলেন। তিনি একথা জানেন যে, বিগত কংগ্রেস

সরকারের আমলে তাঁদের কাজের কোন পলিসি ছিল না, কিন্তু আমাদের এই সরকারের পলিসি আছে। তাঁদের আমলে রাস্তাঘাট ইত্যাদি নির্মাণের কোন মিনিমাম কর্মসূচী ছিল না, কোন্ পদ্ধতিতে, কোন্ নীতি অনুসারে এই রাস্তাঘাট হতে পারে, তার বিভিন্ন কর্মসূচী হতে পারে, তাঁরা তা জানতেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও জানেন যে, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে তাঁরা যে এলাকা থেকে নির্বাচিত হয়েছেন সেইসব এলাকার কথা চিন্তা করেছেন এবং সেইসব এলাকার দিকে লক্ষ্য রেখে সমস্ত পরিকল্পনা করেছিলেন। গোটা দেশের চিন্তা না করে তাঁরা নিজেদের যে-সব কন্সটিটিউয়েন্সি, সেইসব কন্সটিটিউয়েন্সির উন্নতির কথা চিন্তা করেছেন। তাঁরা যে-সব শ্রেণীর প্রতিনিধিত্ব করেন সেইসব শ্রেণীর কথা চিন্তা করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, মালদা—সেখানে কয়লার পারমিট দেওয়া হোতো। আমরা জানি, আমার যে কন্সটিটিউয়েন্সি দুর্ভাগ্যবশতঃ সেখানে পূর্বতন সরকারের মন্ত্রী মাননীয় ভোলা সেন, তিনি সেখান থেকে নির্বাচিত হয়েছিলেন।

মিঃ স্পীকার ঃ ভোলা সেনের নাম নেওয়া যাবে না, উনি সদস্য নন।

শ্রীসৈয়দ মহঃ মসী ঃ সেখানে তিনি কি করেছেন? কোন পলিসি গ্রহণ করেন নি এবং আপনি জানেন শুধু উনি নয়, যেখানে তাঁদের নির্বাচিত যে-সমস্ত এলাকা সেই সমস্ত এলাকাকে তাঁরা সাজাবার ব্যবস্থা করেন। সিঙ্গটে ১০০ শয্যা বিশিষ্ট একটি রুরাল হাসপাতাল করা হয়েছে, তারপর ডাক্তারের জন্য কি করা হয়েছে তাও আমরা দেখেছি। সেখানে কোনরকম যোগাযোগ ব্যবস্থা ছিল না, সেখানে স্টেডিয়াম করেছেন এবং স্টেডিয়ামের নামে লক্ষ লক্ষ টাকা খরচা হয়েছে। মাননীয় বিরোধীপক্ষের সদস্য বললেন যে, গ্রামের দিকে রাস্তাঘাট নেই। আমরা সেটা জানি এবং আমাদের সরকারের একটা পলিসি আছে, যাতে এক গ্রামের মানুষ আর এক জায়গার সঙ্গে সার্থক যোগাযোগ করতে পারে। আমরা দেখছি যে, তাঁরা একটা গ্রামে ৪টে করে লিঙ্ক রোড যোগ করেছেন। ১৩৩টি গ্রামের মধ্যে ১০০টি লিঙ্ক রোড করেছেন। সমস্ত রীতিনীতিকে বিসর্জন দিয়ে তাঁরা এই সমস্ত কাজ করেছেন। কিন্তু আমাদের সরকার তা করেন নি, একটা নীতির উপর ভিত্তি করে আমরা চলি এবং আমাদের সরকার সেই অনুসারে পূর্ত বিভাগের বিভিন্ন ...র ক্ষেত্রে—পথ, সেতু, আবাসন ইত্যাদির যে প্রায়রিটি, সেই প্রায়রিটি

অনুসারে ব্যবস্থা করার জন্য একটা কর্মসূচী নিয়েছেন, বিশেষ করে গ্রামের যে-সমস্ত গরীব মানুষ আছেন তাঁদের দিকে লক্ষ্য রেখে প্রশাসনের যে নীতি সেই নীতি গ্রহণ করেছেন।

[2.50—3.45 P.M. including adjournment]

আমাদের সরকার দুর্বলতর শ্রেণীর দিকে লক্ষ্য রেখেই ফ্ল্যাট বণ্টন করছেন এবং প্লট অধিগ্রহণ করে তাঁদের বিক্রী করবার ব্যবস্থা করছেন। আবাসন ক্ষেত্রে ঋণ প্রদানকারী যে-সমস্ত সংস্থা, বিশেষ করে এল আই সি এবং হাডকো এই পশ্চিমবাংলায় বিভিন্ন ক্ষেত্রে ফ্ল্যাট তৈরী এবং বণ্টনের ক্ষেত্রে একটা সুষ্ঠু ব্যবস্থা করেছে এবং ৮২-৮৩ সালে প্রায় ৭/৮ শত ফ্ল্যাট নির্মিত হয়েছে এবং এই রকম ১,০৮৮টি নতুন ফ্ল্যাট তৈরী করবার পরিকল্পনা এই সরকার গ্রহণ করেছেন। কিন্তু আমরা দেখছি যে, যে-কোন পরিকল্পনাই গ্রহণ করা হোক না কেন, সর্বক্ষেত্রেই কেন্দ্রীয় সরকারের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা উচিত, কিন্তু কেন্দ্রীয় সরকার তাঁর দায়িত্ব পালন করছেন না। আমরা জানি বাড়ী-ঘর, ফ্ল্যাট তৈরী করবার ক্ষেত্রে সিমেন্ট একটা প্রধান কাঁচামাল। এই সিমেন্টের ক্ষেত্রেও তাঁরা পশ্চিমবঙ্গকে বঞ্চিত করছেন। আমাদের রাজ্যের যা চাহিদা তা আমরা পাচ্ছি না।

মাননীয় স্পীকার মহাশয়, আমরা যদি একটা হিসাব করি ৮২ সালের শেষ তিন মাস, অর্থাৎ অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত, তাহলে আমরা দেখতে পাবো যে, আমাদের সরকার ৫ লক্ষ টন সিমেন্টের সাপ্লাই চেয়েছিলেন, বরাদ্দ হয়েছিল ১,৪৬,১৭০ টন, কিন্তু সরবরাহ করা হয়েছিল ৮৬,২৫৬ টন। ৮৩ সালের প্রথম তিন মাস, অর্থাৎ জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত আমাদের চাহিদা ছিল ৫ লক্ষ টন, কিন্তু বরাদ্দ হয়েছিল ১,৪৬,৩৭০ টন, আর সরবরাহ করা হয়েছে ৬০,৪০৮ টন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সিমেন্টের ক্ষেত্রে মাথাপিছু বরাদ্দ পশ্চিমবঙ্গে সবচেয়ে কম, পশ্চিমবঙ্গে মাত্র ২৫·৫০ কেজি। অন্যদিকে কর্ণাটকে দেখছি ৩৩·৬৮ কেজি, পাঞ্জাবে ৫৫·২৭ কেজি, গুজরাটে ৫২·১৪ কেজি, মহারাষ্ট্রে ৩৭·৪৩ কেজি। এইভাবে সিমেন্ট বরাদ্দ অন্যান্য রাজ্যে যেখানে বেড়েছে, পশ্চিমবঙ্গে সেখানে কমেছে। কাজেই আমরা এটা বলতে চাই, আবাসন দপ্তরে যে-সমস্ত কর্মসূচী আমাদের সরকার গ্রহণ করেছে—সেই কর্মসূচীর মাধ্যমে আমরা গোটা দেশের সাধারণ মানুষের প্রতি দৃষ্টি রাখার নীতিই গ্রহণ করেছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে, বিভিন্ন ভাবে ঐ কংগ্রেসী তরফ থেকে, এই বিরোধীপক্ষের তরফ থেকে

তাঁরা বিভিন্ন রকম চক্রান্ত করছেন। আমাদের যে-সমস্ত কাজ, সেই কাজের বিরোধিতা করবার জন্যই তাঁরা বিরোধিতা করছেন। আজকে এই যে ব্যয়বরাদ্দের দাবী এখানে মাননীয় মন্ত্রী মহাশয় রেখেছেন তাকে সমর্থন করে আমি গুটি কয়েক সাজেশন রাখবো। সরকারের পূর্ত দপ্তরে বিভিন্ন বিভাগ আছে এবং বিভিন্ন বিভাগের বিভিন্ন ডিপার্টমেন্টের মাধ্যমে তাঁরা প্ল্যান করেন। এ ক্ষেত্রে সমন্বয়ের দিকে একটু বেশী দৃষ্টি রাখা উচিত। এই সমন্বয়ের ক্ষেত্রে, আমার মনে হচ্ছে যে গ্রামের সাধারণ মানুষকে যদি যুক্ত করে নেওয়া যায় তাহলে সরকারের তরফ থেকে যে টাকা খরচ করছেন তা পরিপূর্ণভাবে সদ্ব্যবহার হতে পারে। সেই জন্য আমি পূর্তমন্ত্রীর কাছে একটা প্রস্তাব রাখবো, জেলা পরিষদগুলোর যে স্থায়ী সমিতি আছে তার সঙ্গে পূর্ত আবাসন বিভাগের সমন্বয় করুন যাতে জেলা পরিষদগুলোর মাধ্যমে আরও কার্যকরীভাবে কাজ করা যায়। এ ব্যাপারটা আমি পূর্তমন্ত্রী মহাশয়কে বলবো একটু চিন্তা-ভাবনা করুন। যে-সমস্ত হাউসিং এস্টেট আছে তাতে কংগ্রেসী মাস্তানরা অনেক হাউসিং-এ ফ্ল্যাট আন-অথরাইজড অকুপাই করে রেখেছে—তাদের হটাবার জন্য আরও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন আশা করি। আমি আরও বলবো যে, হাউসিং-এর স্টক ইয়ার্ডের সিমেন্ট, লোহা, পিচ ইত্যাদি যাতে দুষ্কৃতকারীরা চুরি করতে না পারে সে ব্যাপারে নিয়মিত ঐ সমস্ত ইয়ার্ডগুলো পরিদর্শনে ব্যবস্থা যদি গ্রহণ করেন তাহলে ভাল হয়—এই বলে মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.45 P.M.)

[3.45—3.55 P. M.]

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে মুর্শিদাবাদ জেলা থেকে আসছি। এক সপ্তাহ ধরে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত মুর্শিদাবাদ থানায় যেখানে শ্রীমতী ছায়া ঘোষ সভ্য, সেখানকার এক গ্রামে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। সিংগা বলে একটা গ্রাম আছে, সেখানে কংগ্রেস এবং সি পি এম-এর মধ্যে হামলা হয়। প্রথমে পলাশডাঙ্গাতে কংগ্রেস মিটিং করে ফিরছিল। তারপর হামলা হয় এবং সেই হামলায় সাদেক বলে একটি ছেলে মারা যায়। তারপর ৩০ তারিখে সেখানকার সি পি এম-এর নেতা এই নিয়ে মারামারি করতে গিয়েছিল। তারপর সেখানে উত্তেজিত হয়ে দু'পক্ষই মারামারি হয়। তারপর ৩১ তারিখে আশে-

পাশে গ্রামের প্রায় ২ হাজার সি পি এম-এর লোক ভোর ছ'টার সময় সিংগা গ্রাম আক্রমণ করে। সেখানে কংগ্রেসের যত বাড়ি ছিল তারা সেই বাড়িতে লুট করে এবং গরু-বাছুর, বলদ, হাল-লাঙ্গল সব চুরি করে নিয়ে যায়। হাল-লাঙ্গল এবং প্রায় ৪০টি গরু-বাছুর চুরি করে নিয়ে যায়। এই ব্যাপার নিয়ে গত সপ্তাহে আমি যখন চলে আসি তখন এস পি-কে বলেছিলাম। এস পি-র সঙ্গে সঙ্গে থানার দারোগাকে বলা হয়েছিল। তার আগে নিত্যানন্দ মণ্ডল নামে একটি ছেলে এই ব্যাপারে খবর দেয় যে, এখানে এই ধরনের একটা ঘটনা ঘটতে যাচ্ছে। আপনি এই ব্যাপারে একটা প্রিভেন্টিভ মেজার নিন। সঙ্গে সঙ্গে ও সি, যিনি পার্টির ক্যাডার হিসাবে কাজ করছেন, তিনি সেই সম্পূর্ণ নির্দোষ ছেলেটিকে এ্যারেস্ট করেন। যখন ঐ গ্রামে আক্রমণ হয় তার আগে ও সি সেই গ্রামে তাঁর সিপাহী নিয়ে আসছিলেন। খবর পাওয়ার পরে ও সি তাঁর সিপাহী নিয়ে চলে যান এবং তার পরে সেই গ্রামে আক্রমণ করা হয়। আক্রমণ হওয়ার পরেও সেখানে অত্যাচার চলেছে। যাদের জমি আছে তাদের নিজেদের জল তোলা মেশিন দিয়ে জল তুলতে দিচ্ছে না। যার ফলে সেখানে বোরো ধান শুকিয়ে যাচ্ছে। এ পর্যন্ত এস পি-কে তিন/চার বার বলেছি, কিন্তু কোন ব্যবস্থা তিনি করছেন না। এই মুর্শিদাবাদ থানায় কতকগুলি ক্রিমিনাল আছে যাদের নাম হলো বেলাল, ইয়াদউল্লা, মেহেরুল্লা মিনার এবং কাজেম। ইঙ্গলডাঙ্গা বলে একটা জায়গা আছে, সেখানে সি পি এম-এর একটা সম্মেলন হয়। সেখানে যতগুলি ছাগল-বখরি ধরে নিয়ে গিয়েছিল সেইগুলি দিয়ে খানে একটি বিরাট ফিস্ট হয়। হালের বলদ যেগুলি নিয়ে গিয়েছিল সেইগুলিকে ্টে গ্রামের লোকের মধ্যে বিলি করেছে। যারা এই হালের বলদের মাংস খাবে বলেছে তাদের বলা হয়েছে যে, যদি তোমরা এই মাংস না খাও তাহলে তোমাদের ষ করে দেব। সুতরাং আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর ষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন। সখানে একটা পুলিশ ক্যাম্প বসানো দরকার। কালকে এস পি-কে বলেছি, তিনি লেছেন যে, এখন পরীক্ষা চলছে, এই ব্যাপারে পরে দেখছি। কিন্তু এই ব্যাপারে বার বলা সত্ত্বেও কিছু হয় নি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই পারে হস্তক্ষেপ করতে অনুরোধ জানাচ্ছি। কারণ এখানে শান্তিভঙ্গের একটা ংকা আছে। পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে এইভাবে এখানে একটা ত্রাসের সৃষ্টি হচ্ছে। ভাল ভাল গরু, বাছুর এবং ৪০/৫০টি হালের বলদ, ছাগল-বখরি চুরি নিয়ে চলে গেছে। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর আকর্ষণ করছি।

ডাঃ হরমোহন সিন্‌হাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বর্ধমান জেলার কাটোয়া সাবডিভিসাস্তাল ফুড এ্যাণ্ড সাপ্লাইজের কনট্রোলারের কাছ থেকে একটা রেডিওগ্রাম পেয়েছি। তাতে তিনি জানিয়েছেন যে, ওখানে ১ হাজার মেট্রিক টন কয়লা সাপ্লাইয়ের কথা ছিল, যেটা আগে থেকে স্যাংশন হয়ে আছে, সেই অনুযায়ী কয়লা পাঠানো হয় নি। কারণ হিসাবে জানানো হয়েছে যে, ওখানে যে কোল ডাম্প তৈরী হয়েছিল, সেখানে স্টকে কয়লা নেই। কয়লা এখন ডিরেক্ট কোলিয়ারি থেকে দেওয়া হয় না। বিভিন্ন জায়গায় যে-সমস্ত কোল ডাম্প তৈরী করা হয়েছে, সেখান থেকে দেওয়া হয়। কিন্তু ওখানকার একটা কোল ড্যামেও কয়লা নেই। সেখানকার লোক্যাল অফিসারকে ডাকা হয়, তিনি কোনরকমেই আমাদের ওখানে খাদ্য দপ্তরের যিনি কনট্রোলার আছেন, তাঁর সঙ্গে সহযোগিতা করছেন না। এক ছটাক কয়লা কোন কোল ড্যামে নেই, সবগুলি ড্রাই অবস্থায় রয়েছে। এই অবস্থায় ওখানকার মানুষের মধ্যে এক প্রচণ্ড ক্ষোভের সঞ্চার হতে চলেছে। আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে মানুষের মধ্যে এক উত্তেজনা সৃষ্টির উদ্দেশ্য এইরকম এক অব্যবস্থা সেখানে সৃষ্টি করা হয়েছে। এছাড়া সিমেন্টের ব্যাপারও রয়েছে। গত ডিসেম্বর মাসের সিমেন্টের কোটা তাঁরা তুলতে পারেন নি। ঊর্ধ্বতন মহলের কাছে এর জন্য তাঁরা ক্রমাগত যাচ্ছেন। সেখান থেকে তাঁদের বলা হচ্ছে, বাজারে লেভী ফ্রি সিমেন্ট যা পাওয়া যাচ্ছে, তাই যেন তাঁরা কিনবার চেষ্টা করেন। স্যার, বাজারে লেভী ফ্রি সিমেন্ট ৬৭ টাকা হিসাবে পাওয়া যায়। অথচ সরকারের যে লেভী সিমেন্ট বরাদ্দ আছে, তা তাঁদের তুলতে দেওয়া হচ্ছে না। এইভাবে ওখানে ডেভেলপমেন্টের কাজ সম্পূর্ণ বন্ধ হয়ে যেতে বসেছে। সরকারের পক্ষে যাতে ডেভেলপমেন্টের কোন কাজ করা সম্ভব না হয়, সেজন্য সমস্ত কোটা তাঁরা বন্ধ করে দিয়েছেন—এইভাবে এক বিপর্যস্ত অবস্থার সৃষ্টি হয়েছে। আমি মনে করি সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে আশু হস্তক্ষেপের প্রয়োজন। দুর্গাপুরের যে এ সি সি সিমেন্ট পাওয়া যায়, সেখানকার অফিসাররা পরিষ্কার বলে দিয়েছেন—বাজারে লেভী ফ্রি সিমেন্টের দিকে যেন সংশ্লিষ্ট খাদ্য দপ্তর লক্ষ্য দেন ও সংগ্রহ করেন। অর্থাৎ বেশী পয়সা ব্যয় করে সরকারকে তার প্রয়োজনীয় কাজ চালাবার জন্য সিমেন্ট বাজার থেকে সংগ্রহ করতে হবে। এই অবস্থার প্রতি সরকারের হস্তক্ষেপের জন্য আমি অনুরোধ করছি।

শ্রীলক্ষ্মীকান্ত দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন হাউসে ছিলাম না তখন এন আর এস হসপিট্যালকে কেন্দ্র করে আমার নাম জড়িয়ে এক অসত্য

বিবৃতি রাখা হয়েছে। গত কয়েকদিন ঐ হাসপাতালের এমারজেন্সি বিভাগে রোগী ভর্তি বন্ধ ছিল। আজকের কাগজেও এ সম্পর্কে এক খবর বেরিয়েছে। ঐ হাসপাতালের এমারজেন্সি বিভাগ খোলার দাবীতে কিছু সাধারণ মানুষের সঙ্গে যখন স্টাফের বচসা হচ্ছিল, সেই সময়ে আমি ঐ হাসপাতালে উপস্থিত হয়েছিলাম। তখন আমাকে কিছু ডাক্তার এবং স্টাফ হাসপাতালের সুপারিন্টেণ্ডেন্ট-এর কাছে নিয়ে যান। আমি তাঁর সঙ্গে তখন কথা বলি। আজ হাউসে জীবনদায়ী ঔষধ পাওয়া যাচ্ছে না ইত্যাদি বলে যেভাবে বিবৃতি রাখা হয়েছে, আমার সঙ্গে সুপারিন্টেণ্ডেন্টেরও সেই বিষয়ে কথাবার্তা হয়। কথা প্রসঙ্গে তিনি আমাকে জানান, এগুলি তাঁরা সাধারণতঃ ক্যাশ পারচেজ করে থাকেন। সেগুলির যোগান না থাকার জন্য সাময়িকভাবে তিনি অর্ডার দিয়েছিলেন এমারজেন্সি বিভাগ-আউটডোর বন্ধ রাখতে। তিনি আরও জানান যে, এই নির্দেশ দেওয়া সত্ত্বেও অন্যান্য বিভাগ যথারীতি খোলা ছিল। শেষ পর্যন্ত আবার কালকেই সমস্ত বিভাগ চালু রাখার জন্য অর্ডার দিয়েছেন বলে জানিয়েছেন। এই রকম এক নির্দেশের পরিপ্রেক্ষিতে কিছু কিছু ডাক্তার—সব ডাক্তার নয়—কাজ বন্ধ রেখেছিলেন কেবল মাত্র হাসপাতালকে পুরোপুরি খোলা রাখার দাবীতে। আমার সঙ্গে হাসপাতালের রোগীদের সঙ্গেও কথাবার্তা হয়েছিল। সব কিছু দেখে আমার মনে হয়েছিল, হাসপাতালটি পুরোপুরি চালু রয়েছে—এমন কি এমারজেন্সি বিভাগও চালু রয়েছে। এ কথাগুলি আমি এইজন্য বললাম যে, আমার নাম করে সম্পূর্ণ ভিন্ন অসত্য এক কথা এখানে রাখা হয়েছে। আমার সম্বন্ধে যা বলা হয়েছে, তা সম্পূর্ণ অসত্য ও মিথ্যা।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি প্রশ্ন রাখছি যে, আমাদের লিডার অফ অপজিশান—সাত্তার সাহেব মুখ্যমন্ত্রীর বাড়ীতে লিফট্ বসানো সম্পর্কে যে প্রশ্ন তুলেছিলেন, সে সম্পর্কে মিনিস্টার-ইন-চার্জ উত্তরে জানিয়েছিলেন, বিষয়টি আলোচনা স্তরে আছে, কোন ওয়ার্ক অর্ডার নাকি দেওয়া হয় নি। এ সম্পর্কে আমি মেনশন করে বলছি যে, ওয়ার্ক অর্ডার যে দেওয়া হয়েছিল, তার প্রাইমা ফেসি অর্ডারের অরিজিন্যাল ফটোস্ট্যাট কপি আমার কাছে আছে, যার মধ্যে পরিষ্কার ওয়ার্ক অর্ডার যে তিনি দিয়েছিলেন তা লেখা আছে—একে কি তিনি অস্বীকার করতে পারেন? ১ লক্ষের বেশী টাকার অর্ডার দেওয়া হয়েছে। লক্ষাধিক টাকার অর্ডার কিছুতেই সাধারণ ভাবে হতে পারে না—মন্ত্রী মহাশয়ের নির্দেশ নিশ্চয়ই ছিল। এই অবস্থায় স্যার, আপনি যদি কিছু টাইম দেন, তাহলে উনি ম্যানিপুলেট করতে পারেন—এটা আমরা ধরে নিতে পারি।

[3.55—4.05 P. M.]

পি ডব্লিউ ডি-র মন্ত্রী হিসাবে উনি এর একটা ব্যবস্থা করুন। এই সময়ে কনস্ট্রাকশন কোম্পানীর ব্যাপারে কোন উত্তর দিতে পারেন নি, কিন্তু আজকে আপনার বিভাগের সমস্ত অফিসাররা এখানে আছেন, আপনি তাঁদের জিজ্ঞাসা করুন, কারণ এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আজকে অফিসাররা সব রেডি হয়ে এসেছেন, সুতরাং আমার মনে হয় তাঁরা উত্তর দিতে পারবেন। আমি ফাইল নং এবং ইস্যু নং দিয়ে দিচ্ছি। ইয়েস অর নো এই উত্তরটি অন্তত: দিন পজিটিভলি।

শ্রীযতীন চক্রবর্তী : আমি আজকে এখানে ৭টা/৭-৩০ পর্যন্ত থাকবো, সুতরাং আজকে আমি উত্তর দিতে পারবো না। কালকে অফিসারদের সঙ্গে কথা বলে এর সঠিক জবাব দেব।

শ্রীআবদুস সাত্তার : স্যার, ফাইল নং ৩৫০ এবং ডেট হচ্ছে ৫.২.৮৩।

Mr. Speaker : A question has arisen as to whether there was a proposal to install a lift in the house of the Chief Minister. Suppose there was a proposal Then the question relates to the whole issue as to whether a lift has been installed at Government cost. What I would suggest is that we should not waste the time of the House now.

শ্রীআবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পূর্তমন্ত্রী যে বাজেট এনেছেন সেই বিতর্কে অংশগ্রহণ করে এই বাজেটের বিরোধিতা করা ছাড়া অন্য কিছু উপায় দেখছি না। আমরা জানি এই সরকার দেউলিয়া সরকার। এই সরকারের পূর্তমন্ত্রীর কাজ হচ্ছে কংগ্রেস আমলে যে-সমস্ত রাস্তা, ব্রীজ তৈরীর পরিকল্পনা নেওয়া হয়েছিল, সেখানে তিনি সেই রাস্তাগুলি তৈরী হওয়ার পরে ফিতা কাটার কাজে পরিণত হয়েছেন। এই সরকারের পূর্তমন্ত্রী ফিতা কাটার মন্ত্রী ছাড়া আর কিছু নয়। আজকে পূর্তমন্ত্রীর কাছে প্রশ্ন করেছিলাম, বিগত ৫ বছর ধরে আরামবাগে কতগুলি রাস্তা তৈরী হয়েছে এবং আরামবাগ মহকুমায় কত কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে। তার লিখিত উত্তর আজকে পেয়েছি। যে উত্তর পেয়েছি সেটা খুবই হতাশাব্যঞ্জক। পশ্চিমবাংলার আরামবাগের মত অনেক শহরে এখনো রাস্তা তৈরী হয় নি। আরামবাগে যেহেতু

বিরোধী দলের বেশী প্রতিনিধি রয়েছে, সুতরাং সেখানে রাস্তাঘাটের উন্নতি হবে না। এটা আমরা জানি। ইন্দিরা কংগ্রেসের দু'জন এম এল এ আরামবাগে কোন একটি রাস্তাঘাট তৈরী করার জন্য মন্ত্রীকে অনুরোধ করেছিল এবং মন্ত্রী তাতে নির্দেশও দিয়েছিলেন, কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল তিনি তাঁর কথা রাখতে পারেন নি। কিছুদিন আগে আরামবাগে ষষ্ঠীপুরে রাস্তা তৈরী করার জন্য আমি মন্ত্রীর কাছে একটি প্রস্তাব করেছিলাম এবং এর জন্য সুপারিশও করেছিলাম। উনি প্রতিশ্রুতিও দিয়েছিলেন। কিন্তু আজকে প্রশ্নোত্তরের সময়ে মন্ত্রী উত্তর দিলেন যে, এটা প্রশ্ন ওঠে না, সুতরাং এর থেকে কি বোঝা যায় না যে, এই মন্ত্রী ফিতা কাটার মন্ত্রী ?

এই সরকারের পূর্তমন্ত্রী যিনি আছেন, তিনি মূর্তি বসানোর ব্যাপারে খুব আগ্রহী হয়েছেন। জাতীয় নেতাদের মূর্তি বসানোতে আমরা তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু আমরা দেখছি মূর্তি বসানোর নাম করে তিনি বিকৃত রুচির পরিচয় দিচ্ছেন। বাঘাযতীন ও গোষ্ঠ পালের মূর্তির মধ্যে বাস্তবতা কি আছে জানি না। ঘোড়ার রঙ কবে সবুজ হল জানি না। বাঘাযতীনের ঘোড়া সবুজ। তিনি রাস্তাঘাটের উন্নয়নের কথা চিন্তা না করে শহীদ মিনারের রঙ লাল করার জন্য ব্যস্ত হয়েছেন। শহীদ মিনারের রঙ লাল না করে, লাল বিপ্লবের স্বপ্ন না দেখে তিনি হাসপাতালে ঔষধ দেবার কথা যদি চিন্তা করেন তাহলে ভালো হয়। এইভাবে টাকা অপচয়ের মধ্য দিয়ে পশ্চিমবাংলার কতটা উন্নতি করতে পেরেছেন ? তার ক্ষমতা কতটুকু জানি না। তিনি সব কিছুতেই বলেন, সব কিছুই জেলা পরিষদের হাতে, পঞ্চায়েত সমিতির হাতে। তাদের হাতে যে টাকা দেয়া হয় তাতে রাস্তাঘাট হয় না। এই টাকাগুলি পঞ্চায়েতের মাধ্যমে দলের ফাণ্ডে দেয়া হচ্ছে। এ ব্যাপারে পূর্তমন্ত্রী সেখানে নির্বাক। জাতীয় সড়ক ৩ এবং ৬নং মেনটেন করার দায়িত্ব রাজ্য সরকারের। কেন্দ্রীয় সরকার সমস্ত টাকা দেয়, কিন্তু এইসব জাতীয় সড়কগুলি মেনটেন করা হয় না। আপনি তো বিভিন্ন জেলা পরিদর্শন করেন, সেখানে আপনি দেখবেন জাতীয় সড়কগুলি মেনটেন করা হয় না। যে-সমস্ত ঠিকাদার আছে তাদের স্বার্থ রক্ষা করার জন্য কাজগুলিকে টাইম বাউণ্ড করা হয় না। এর ফলে কস্ট বেড়ে যাচ্ছে, না হয় কাজগুলি পরিত্যক্ত করা হয়, না হয় পরিকল্পনা বহির্ভূত টাকা খরচ করা হয়। পূর্ত দপ্তর থেকে নির্দেশ কি দিয়েছেন জানি না। রাস্তাগুলির উপর অনেক বাম্প আছে। এই বাম্পের ব্যাপারে কোন জ্ঞানের পরিচয় আছে কিনা জানি না। কোথাও বাম্প দিতে গেলে একটা নোটিশ দিতে হয়। জাতীয় সড়কের উপর বাম্প হলে কালো-হলদে নিশানা দিতে হবে এবং স্টেট হাইওয়ের উপর হলে সাদা-কালো চিহ্ন দিতে হয়। কিন্তু কোথাও এই

চিহ্ন না দেবার ফলে বাম্পগুলির জন্য যে টাকা খরচ হয়েছে তা কাজে লাগছে না। বিনা নোটিশে বাম্পগুলি হবার জন্য বহু দুর্ঘটনা ঘটছে। রাজ্য সরকার আর্থিক অনটনের কথা বলে বলেন যে, তাঁরা এজন্য কিছু করতে পারছেন না। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন, ব্রীজ কর্পোরেশন আছে। আমাদের এখানে সে-সব করার কথা চিন্তা করছেন না কেন? এসব করলে পূর্ত দপ্তরের আয় কিছু হতে পারতো এবং পূর্ত দপ্তরের কাজ গতিশীল হতে পারতো।

[4.05—4.15 P. M.]

যে জায়গায় হয়ত পাকা রাস্তা করা যায় নি সেখানে মোরাম দিয়ে রাস্তা করা যায়, কিন্তু দেখা যাবে সেখানে পূর্ত দপ্তর কিছু পরিকল্পনা নিতে পারেনি, কোন কাজ করতে পারেনি। আজকে মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় হাসপাতাল বিল্ডিং-এর কথা বলেছেন, কিন্তু পশ্চিমবঙ্গে তিনি নতুন হাসপাতাল বিল্ডিং তৈরী করতে পারেন নি, উপরন্তু কংগ্রেস আমলে কোথাও হাসপাতাল বিল্ডিং তৈরী হয়ে থাকলে সেই হাসপাতাল বিল্ডিং-এ যাবার জন্য তিনি রাস্তা তৈরী করতে পারেন নি। যেমন আমি বলতে পারি আরামবাগের এখানে মন্ত্রী রয়েছেন, সেখানে রামচন্দ্রপুরে যে হাসপাতাল বিল্ডিং রয়েছে সেই হাসপাতাল বিল্ডিং-এ যাবার জন্য কোন রাস্তা তিনি তৈরী করতে পারেন নি। হাউসিং-এর ব্যাপারে দেখা গেছে সব সময় শহরকেন্দ্রিক। গ্রাম থেকে যাঁরা এসেছেন তাঁরা দেখেন গ্রামে হাউসিং-এর জন্য কিছু পরিকল্পনা নেওয়া হয় নি। শুধু শহর এলাকার মানুষের বাড়ীর দরকার হয়, গ্রামে গৃহহীন মানুষ বহু রয়েছে, তাদের জন্য হাউসিং-এর পরিকল্পনা নেওয়া হয় নি। গ্রামে যে-সমস্ত সাব-ডিভিসন্যাল হেড কোয়াটার্স আছে, সাব-ডিভিসন্যাল টাউন আছে, সেখানে অনেক সরকারী কর্মচারী আছেন, ব্লক স্তরে অনেক সরকারী কর্মচারী আছেন, আজকে তাঁদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। ট্রান্সফারেবল জব যাঁদের তাঁদের অনেক সময় টাউনের বাইরে যেতে হয়, তাঁরা পাড়াগাঁয়ে গিয়ে থাকার ব্যবস্থা করতে পারেন না, তাঁদের জন্য এই সরকার কোন পরিকল্পনা নিতে পারেন নি। শহরে হাউসিং ফ্ল্যাটের জন্য চেষ্টা করা হয়েছে, সেখানে দেখা গেছে দুর্নীতি। বামফ্রন্ট সরকারের পূর্তমন্ত্রী সেই দুর্নীতি রোধ করতে পারেন নি। আমি জানি পূর্তমন্ত্রীর ক্ষমতা খুব সীমিত, তিনি নামে বামফ্রন্টের পূর্তমন্ত্রী, কাজের কথা বললে তিনি বলবেন বাজেট নেই। কিন্তু বামফ্রন্টের সি পি এম দলের যদি পূর্তমন্ত্রী হতেন তাহলে তিনি টাকা।

পেতেন। যেহেতু আর এস পি দলের লোক পূর্তমন্ত্রী, সেজন্য তিনি টাকা কম পাচ্ছেন। অথচ তিনি সি পি এম-এর কথা শুনে কেন্দ্রের বিরুদ্ধে কথা বলছেন। পূর্তমন্ত্রী অসহায়, তাঁর অসহায়তার কথা পশ্চিমবঙ্গের মানুষের কাছে বলতে চান না, সেটা তিনি গোপন রাখতে চান। পশ্চিমবঙ্গের মানুষের কাছে যদি তিনি প্রকৃত তথ্য রাখতেন তাহলে আজকে পশ্চিমবঙ্গের এই অবস্থা হত না। আজকে সেন্ট্রাল সেক্টরে প্ল্যানটেশন ওয়ারকারদের জন্য হাউসিং-এর যে প্রোগ্রাম আছে, আজকে আমাদের দার্জিলিং-এ যে চা-বাগান আছে সেখানে দেখতে পাই না পশ্চিমবঙ্গের পূর্তমন্ত্রী মহাশয় হাউসিং-এর কোন পরিকল্পনা নিয়েছেন। চা-বাগানে যে-সমস্ত কর্মচারী আছে সেখানে তাদের বিভিন্ন দলের ইউনিয়ন আছে, সেই সমস্ত চা-বাগানের কর্মচারীদের জন্য আপনি হাউসিং এস্টেটের কোন পরিকল্পনা নেন নি। এখানে অনেক শ্রমিক-দরদী আছেন, তাঁরা শ্রমিকদের দরদে কান্নার রোল তোলেন, আজকে যে-সমস্ত কনট্রাক্টররা পি ডব্লু ডি'র রাস্তা তৈরী করে, তাদের অধীনে অনেক লেবার কাজ করে, আজকে তাদের কত মাইনে দেওয়া হয়? সরকার ক্ষেত-মজুরদের ন্যূনতম দৈনিক ৮·১০ টাকা মজুরী করে দিয়েছেন। কিন্তু যে-সমস্ত লেবার কনট্রাক্টরের অধীনে পি ডব্লু ডি'র রাস্তা তৈরী করে তাদের জন্য পূর্তমন্ত্রী মহাশয় বলুন কি করেছেন? কনট্রাক্টররা সেই সমস্ত খেটে-খাওয়া মানুষদের বঞ্চিত করে লক্ষ লক্ষ টাকা আয় করছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা পূর্তমন্ত্রী একবারও বলেননি। আজকে দেখতে পাই পূর্ত দপ্তর থেকে যে-সমস্ত কিছু কিছু কাজ হয়েছে সেই সমস্ত কাজ করার জন্য যাদের জমি নেওয়া হয়েছে তাদের সেই জমির জন্য ক্ষতিপূরণ দেওয়ার কথা। সেই সমস্ত নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত, গরীব চাষীদের জমির ক্ষতিপূরণ হিসাবে অগ্রীম ৮০ পার্সেণ্ট টাকা দেওয়ার কথা, কিন্তু সেই টাকা তাদের দেওয়া হয়নি এবং বাকি ২০ পার্সেণ্ট টাকা সেটাও ফরফিট করে দেওয়া হয়েছে, সেই সমস্ত মানুষ জানতে পারেনি তাদের টাকা গেল কোথায়। খানেও দুর্নীতি হচ্ছে।

সেখানেও দুর্নীতি হয়েছে। আজকে ফ্লাট এ্যালটমেণ্টের ক্ষেত্রে দেখছি মাইনরিটি মিউনিটি, সিডিউল্ড কাস্ট কমিউনিটি, ব্যাকওয়ার্ড কমিউনিটি প্রভৃতি নিম্ন শ্রেণীর াক যারা রয়েছে তাদের জন্য ফ্ল্যাটের কোটা ঠিক করা হয় নি। স্যার, এই াবে পশ্চিলবাংলার পূর্ত বিভাগ চলেছে। মন্ত্রী মহাশয় প্রতিটি ক্ষেত্রে নিজের য়-দায়িত্ব এড়িয়ে গিয়ে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করছেন। এই সব না কারণে আমি এই পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে বক্তব্য শেষ রছি।

শ্রীমধু ব্যানার্জী : মাননীয় স্পীকার মহাশয়, পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট পে করেছেন তাকে পুরোপুরি সমর্থন করে আমি দু'একটা কথা বলতে চাই। বিগ দিনে পশ্চিমবাংলায় যখন কংগ্রেসী শাসন ছিল সেই সময় দেখেছি তাঁ যে সমস্ত রাস্তা তৈরী করতেন সেগুলি সব বিশেষ বিশেষ এলাকায় তৈরী করব চেষ্টা করেছেন। যেখানে সত্যসত্যই গ্রামের মানুষের সুবিধার জন্য রাস্তার প্রয়োজ ছিল সেদিকে নজর না দিয়ে তাঁরা নিজেদের গোষ্ঠীর দিকে লক্ষ্য রেখে কাজক করতেন। কিন্তু বামফ্রন্ট সরকার যেখানে রাস্তার প্রয়োজন হয়েছে, হাসপাতালে প্রয়োজন হয়েছে, যেখানে কালভার্ট করবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে সেখানে জেলা পরিষদের মাধ্যমে মানুষের সত্যিকারের প্রয়োজনের দিকে সঠিকভাবে লক্ষ রেখে, দুর্বলতর মানুষের দিকে লক্ষ্য রেখে বিভিন্ন জেলায় কাজ শুরু করেছেন পূর্ত দপ্তরের আর্থিক টানাটানি থাকা সত্ত্বেও যে-সমস্ত জায়গায় সেতু করা দরকা সেটা করবার চেষ্টা মন্ত্রী মহাশয় করেছেন। কিছুদিন পূর্বে নবদ্বীপ সেতুর উদ্বোধ করা হয়েছে এবং মেদিনীপুরেও সেতুর উদ্বোধন করা হয়েছে। শুধু তাই নয়, যেখানে সড়কের প্রয়োজন সেখানে আর্থিক টানাটানি থাকা সত্ত্বেও সেটা করার চেষ্টা হয়েছে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুদান দেওয়া উচিৎ. কিন্তু সেটা তাঁরা দেননি রুরাল হাউসিং, আর্বান হাউসিং-এর ক্ষেত্রে যে অনুদান দেওয়া উচিত সে সম্ব কংগ্রেস (আই)-এর বন্ধুরা কেন্দ্রীয় সরকারকে বলুন না যে এই ব্যাপারে অনুদা দিন। আমরা জানি কোল রোড এবং ন্যাশানাল হাইওয়ের ক্ষেত্রে কেন্দ্রী সরকারের যে অনুদান দেয়া উচিত ছিল তাঁরা দেননি। তাঁরা যখন আসানসো মহকুমায় গিয়েছিলেন তখন আমরা তাঁদের কাছে গিয়ে বলা সত্ত্বেও তাঁরা কো রকম অনুদান দেননি। মন্ত্রী মহাশয় এই বাজেটের মাধ্যমে স্বাভাবিকভাবে এব সঠিকভাবে বলেছেন সড়ক নির্মাণ এবং সেতু নির্মাণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে দায়-দায়িত্ব রয়েছে সেটা তাঁরা সঠিকভাবে পালন করেন নি। আজকে পশ্চিম বাংলায় যেটা করা হচ্ছে বিভিন্ন জেলায় যে-সমস্ত গরীব মানুষ আছে, তপশীল, আদিবাসী এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ আছে যারা দীর্ঘদিন ধরে কংগ্রেস শাসনে উপেক্ষিত হয়েছে, অবহেলিত হয়েছে—তাদের স্বার্থ যাতে রক্ষা করা যায়। আজকে কংগ্রেসীরা বড় বড় কথা বলছেন, কিন্তু তাঁদের আমলে আমরা লক্ষ্য করেছি সব সময় তাঁরা চেষ্টা করেছেন যাতে বড়লোকদের স্বার্থ রক্ষিত হয়। বিভিন্ন জে পরিষদে সাধারণ মানুষের প্রতিনিধিরা রয়েছেন, শ্রমিক, কৃষক এবং গরীব মানুষে দ্বারা নির্বাচিত জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির মাধ্যমে আজ ভালভাবে কাজকর্ম হচ্ছে। ওঁরা চাইতেন না গ্রামের মানুষের হাতে ক্ষমতা আসুক। কি

ামাদের পূর্ত দপ্তর সঠিকভাবে জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ করে বিভিন্ন ায়গায় যেখানে প্রয়োজন সেখানে রাস্তা তৈরী করবার চেষ্টা করছেন।

[4.15—4.25 P. M.]

যেখানে কালভার্ট তৈরী প্রয়োজন সেখানে কালভার্ট তৈরী হচ্ছে, যেখানে সেতুর য়োজন সেখানে সেতু হচ্ছে। একথা ঠিক যে আরও বেশী রাস্তা, সেতু হওয়া চিত, হাসপাতাল ভবন আরও বেশী হওয়া উচিত। তবুও আর্থিক অনটন থাকা ত্বেও ১৪০০ গ্রামে রাস্তা হয়েছে, কালভার্ট তৈরী হয়েছে অনেক গ্রামে। আরও য়েকটি ওভারব্রীজ হওয়া উচিত শ্রীরামপুর, মালদার বিভিন্ন জায়গায় —এই সমস্ত ভারব্রীজ তৈরী হতে চলেছে। পশ্চিমবাংলার পূর্ত দপ্তর তার সীমিত আর্থিক বস্থা, সীমিত ক্ষমতা সত্ত্বেও চেষ্টা করছে যাতে গরীব তপশীলি ও নিম্ন আয়-ম্পন্ন মানুষদের জন্য বেশ কিছু আবাসন তৈরী করতে। একথা ঠিক যে আরও শী আবাসন তৈরী হওয়া দরকার। যে-সমস্ত স্বল্প আয়ের কর্মচারী আছে তাদের ন্য শুধু কলকাতায় নয়, অন্যান্য জায়গাতেও অন্যান্য শহরেও এই আবাসন হওয়া রকার। আমাদের সরকারের সেদিকে প্রচেষ্টা আছে, সেদিকে লক্ষ্য আছে। মাদের পূর্তমন্ত্রী এবং তাঁর দপ্তরের সে অভিপ্রায় আছে। আজকে গরীব মানুষের ইচ্ছা তার দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আছে। ইন্দিরা কংগ্রেসের সদস্যরা বড় বড় থা বলেন। ওনারা কি জানেন না যে যেখানে কংগ্রেসী শাসন আছে উত্তরপ্রদেশ, রিয়ানা, দিল্লীতে কি পরিমাণ অনুদান দেওয়া হয়। কেন্দ্রীয় সরকার আমাদের পেক্ষা করেন, তাদের যে দায়-দায়িত্ব তা সঠিকভাবে পালন করেন না। আজকে শ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে ইন্দিরা কংগ্রেসের তরফ থেকে আক্রমণ রা হচ্ছে। আমরা দেখছি এই সীমিত আর্থিক অবস্থার মধ্যে থেকেও ক প্রচেষ্টা হচ্ছে যাতে বেশ কিছু রাস্তা তৈরী করা যায়, যাতে বেশ কিছু াবাসন, বেশ কিছু সেতু, বেশ কিছু কালভার্ট তৈরী করা যায়। পূর্ত প্তরের ব্যয়-বরাদ্দের সমর্থনে পূর্তমন্ত্রী একথা বলেছেন যে আরও কিছু সেতু ওয়া দরকার। উনি নিজে ঘুরে এসেছেন ঐ পুরুলিয়া, বর্ধমানে। এবং ঐসব ায়গায় যেসব সেতু রাস্তা মন্ত্রিসভার অনুমোদন লাভ করেছে আর্থিক অপ্রতুলতার জন্য হয়ে উঠছে না। আমি আশা করি আগামী দিনে আরও কিছু সেতু এবং রাস্তা তৈরি হবে। আমাদের বিশ্বাস এই আর্থিক দুরবস্থা তিনি কাটিয়ে উঠবেন এবং আরও বেশী সেতু, কালভার্ট, রাস্তা, আবাসন তৈরি হবে। এমন কোন

গ্রাম থাকবে না যে গ্রামের সঙ্গে শহরের যোগাযোগ থাকবে না। এই ভর আমার আছে যে জনগণের সহযোগিতায় তিনি এই আর্থিক সংকট কাটিয়ে উঠে এবং সমস্ত গ্রামে তিনি রাস্তা তৈরি করতে পারবেন এবং গুরুত্বপূর্ণ সেতুগুলিও তৈ করতে পারবেন। এই কথা বলে মাননীয় পূর্তমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, the budget placed by P. W. D. Minister is the most unplanned budget. It fails to fulfil the minim desire which we expect from this department. That is why, as a representat of the people of my constituency as also as a representative of the people West Bengal it is my sacred duty to oppose the budget.

আপনি দেখুন, প্রথম আঘাত হচ্ছে, শহীদ মিনারের উপর। 'শহীদ' কং মানে হচ্ছে : What is the meaning of Sahid ? It is a persian word. Sa means martyr. Who are the martyrs, Sir ? Martyrs are those who h suffered for the cause of the country, who died for the cause of the Count But it is Holwell monument—the standing monument of English debauchery.

শহীদ মিনারের ভিতরে মানুষ জুতো পরে ঢুকে যায়, সেই জুতোর তল পায়খানা লেগে থাকে। তাহলে তাকে কি শহীদ মিনার বলা যায় ?

It is an insult to the Minar. It is an insult to those Sahids. If you co construct a separate Sahid Minar we could have appreciated that. T monument should not be so named.

The second thing that I want to say is that the Minister has failed discharge his responsibilities because so many departments have been giver him. Sir, I think that the Roads should be under one separate wing. Bridges should be under another separate wing. Since all these items are in department the Minister has failed to do Justice to any of the wings.

Sir, for economic development there should be well communication betw the urban and the rural area for which road is the only medium. The Mini should have made his planning from the village level. The planning should such that a village should not be at a distance of more than two kilometers f any link road so that any person coming from a village does not have to v more than two kilometers to reach the link road. This should be born mind while making chart of roads to be constructed and while making su of the villages. There should not be a single village which should be situ at a distance of more than two kilometers away from any road. But we not find anything of that sort. Then, Sir, many roads are in dama condition. Those roads should be repaired considering economic developn of these areas.

আপনারা তো ময়দানে ফরেনারদের মূর্তি বসিয়েছেন, আমাদের দেশের নেতাদেরও বসিয়েছেন, চার্লির মূর্তিও বসাতে যাচ্ছেন, আমার তাতে কোন আপত্তি নেই।

Sir, we respect Charlie Chaplin but there are so many other yet to be done. আপনারা তো তাজমহল দেখতে যান, সবাই ছবি তোলেন, টি. ভি-তেও তাজমহল দেখানো হয়, সকলেই ওপরের দিকে দেখেন। বাট ডু ইউ নো হু আর দি রিয়্যাল হিরোজ ? হ্যাভ ইউ এ্যাপ্রিসিয়েটেড দেয়ার এফর্টস ? যারা লেবারার, যারা ইট-পাথর নিয়ে কাজ করেছে, তাদের কিন্তু কেউ মনে রাখে না। So, the sacrifice lies on the bricks.

[4-25—4-35 P. M.]

শ্রীআব্দুর রউফ আনসারি : তাদের দিকে তাকিয়ে দেখা উচিত ছিল। আমরা টি. ভি-তে পাবলিসিটি দেখতে পাই। কিন্তু যারা কাজ করল, স্যাক্রিফাইস করল, তাদের পাবলিসিটি হবে না, প্রচার হবে না। মেদিনীপুর কিম্বা অন্য যেকোন জেলার গ্রামে বাস করে এইগুলি কনট্রিবিউট করছে, তাদের কথা আপনি বলতে পারেন নি। তাদের টোটাল ফিগার আউট হয়ে গেছে, এই রকম বহু হিরোর কথা বলতে পারেন নি। মহাজাতি সদনে গিয়ে দেখুন এই রকম সব লোকেরই ছবি সেখানে আছে। যারা কাজ করেছে তাদের একটা করে ছবি টাঙিয়ে দিয়েছে, স্ট্যাচু লাগিয়েছে। আপনি মেজর পার্টনারদের খুশী করবার জন্য কিছু এদিক কিছু ওদিক করে চালিয়ে যাচ্ছেন। টু'নং পয়েন্ট হল, আপনি খুব কম টাকা দিয়েছেন। বিকজ দেয়ার ইজ সর্টেজ অফ ফাণ্ড। রিগার্ডিং এ্যালটমেন্ট অব ফ্ল্যাটস—দেয়ার আর সো মেনি কমপ্লেন্টস। আপনি যেকোন ফ্ল্যাটে গেলে দেখতে পাবেন হ্যাপি পিপল, ওয়েল-টু-ডু পিপল সেখানে বাস করছে, তাদের দরজার গোড়ায় গাড়ী দাঁড়িয়ে থাকে। আপনি বলেন খেটে-খাওয়া, ময়লা জামা-কাপড় পরা, মেহনতী, মিডল ক্লাসদের জন্য ফ্ল্যাট তৈরী হয়েছে। কারা সেখানে আছে সেটা আপনি দয়া করে গিয়ে দেখে আসুন। গরীব, মেহনতী, মিডল ক্লাস মানুষরা কোথায় ফ্ল্যাট পেয়েছে ? স্যার, আপনি জানেন এই বিষয়ে অনেক ব্যাপার কাগজে বেরিয়েছে। বঙ্গভবনে গিয়ে দেখুন আজকে কি অবস্থা হয়েছে। ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে সেখানকার জন্য একটি গাড়ী কেনা হয়েছিল। পরবর্তীকালে সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে ম্যাক্সিমাম ৩টি গাড়ী কেনা হয়েছিল। আজকে সেখানে

৮টি গাড়ী হয়েছে। এবং নাইনথ্ কার ইজ গোয়িং টু বি পারচেজড। সেই গাড়ী কারা ব্যবহার করে? মন্ত্রী এবং বেশ কিছু অফিসার সেই গাড়ী ব্যবহার করছেন। আর অন্য দিকে আপনারা বলছেন ভীষণ খরা হয়েছে, গ্রামের মানুষের জন্য টাকা নেই। একদিকে আপনারা বলে বেড়াচ্ছেন বাজেটে টাকা নেই, অন্যদিকে ৮/৯টি গাড়ী বঙ্গভবনে থাকবে, মিস ইউজ হবে। ইউ হ্যাভ টু পে দি প্রাইস অব পেট্রল, পেট্রল ইজ সো কস্টলি। ফর হুম ইউ আর মিসইউজিং দি মানি? হিয়ার ইউ আর মিসইউজিং দি মানি অব দি পুওর পিপল অব ওয়েস্ট বেঙ্গল। সেখানকার রিসেপশান কাউন্টারের জন্য ৬/৭টি রিভলভিং চেয়ার কেনা হয়েছে, আগে সেখানে বেতের চেয়ার ছিল। ৭২০ টাকা করে দাম। ৩ মাসের মধ্যে সেই সব চেয়ার ভেঙেচুরে গো-ডাউনে চলে গেল। কার মানি চলে গেল? নেতাদের টাকা নয়, পশ্চিমবাংলার সাধারণ মানুষের টাকা চলে গেল। ওয়ারেন্ট ইস্যু করে তাদের কাছ থেকে সেলস ট্যাক্স, অন্যান্য ট্যাক্সের মাধ্যমে এই টাকা আদায় করে নিচ্ছেন। আপনারা সেলস ট্যাক্স নিচ্ছেন, পারচেজ ট্যাক্স নিচ্ছেন। জুতোর উপর ট্যাক্স করেছেন, এর পরে চুলের উপর ট্যাক্স করবেন। আগামী দিনে চুল কাটতে গেলে হয়ত ট্যাক্স দিতে হবে। আপনারা পেট্রল মিসইউজ করছেন, অথচ ফার্টিলাইজারের জন্য টাকা দিতে পারছেন না, পাম্প মেশিনের জন্য টাকা দিতে পারছেন না। এই ৮টা গাড়ী কেনা হয়েছে কাদের জন্য? ইউ হ্যাভ গট টু রিপ্লাই। আপনি বলেছিলেন কোন কিছু কাজ করাতে গেলে আগে টেণ্ডার দিতে হয়। কিন্তু আশ্চর্যের ব্যাপার হচ্ছে সেই টেণ্ডার কল না করেই ওয়ার্ক অর্ডার ইস্যু করে দিলেন। সিলেকশানের ব্যাপার আছে, প্রায়রিটি পাবার পরে কাজ আরম্ভ হয়। দেন ইট মিনস্ ইউ আর এ্যাকসেপটিং ইওর ফেলিওর। ওয়ার্ক অর্ডার করার পরেও কাজ হচ্ছে না। কেন হচ্ছে না? ইউ হ্যাভ নেভার ব্ল্যাক লিস্টেড্ এনি কন্ট্রাক্টরস। বাজারে গুজব হচ্ছে পি. ডবলিউ. ডি. ইজ কন্ট্রাক্টর'স প্যারাডাইস। আপনারা কন্ট্রাকটরদের প্যারাডাইস করে দিয়েছেন। আপনারা কোথাও বলেন নি ওয়ার্ক অর্ডার ইস্যু করার পরে কন্ট্রাকটররা কাজ না করলে তাকে সাসপেণ্ড করা হবে। হোয়াই আর ইউ রানিং আফটার দি কন্ট্রাকটরস?

Why are you not trying to get the work done through the department instead of rushing to contractors or by inviting tenders? I find that you are not engaging your own departmental people. You have got your competent engineers and qualified men in the department but you are not utilising their services. Instead, always you are looking for the tender of contractors, and it has become the contractors' paradise. You are discouraging the efficient officers. এতে করে একটা হতাশা তাদের মধ্যে এসে পড়েছে। কমপিটেন্ট লোক

ডিপার্টমেন্টে বসে আছে কিন্তু তাদের কাজে লাগান হচ্ছে না। এই যে ন্যাশানাল হাইওয়ে আছে, আপনি জানেন যে দেয়ার আর সার্টেন রোডস, সেই রাস্তাগুলির উপর বেশী প্রেসার পড়ছে এবং দ্যাট বিকামস ইকনমিক্যালি হেল। মহারাষ্ট্র বা সাউদার্ন পার্ট অব দি কান্ট্রি থেকে যে-সমস্ত জিনিস নিয়ে আসে দ্যাট রোডস আর ইউসড। ইফ ইউ গো টু বোম্বে, রোডগুলি কেমন হয়ে আসে—দেখতে পাবেন। কাজেই এই রাস্তাগুলির উপরে বেশী প্রেসার পড়ে এবং তার ফলে এগুলির অবস্থা আরো শোচনীয় হচ্ছে।

If you like to go to outside Bengal the roads are so much bad that accidents frequently occur. The reasons are due to bad roads. For these reasons they are incurring heavy cost. There are shifting of markets and there are shifting of buyers. So, these bad roads and bad maintenance are causing loss to the economy of West Bengal and of other industries. The traders are forced to change their avenues—their business. So, I will request you to look and examine over these things and try to spend money on the roads which are frequently jammed. I want to know whether new metal roads are coming up.

আজকে কিছু কিছু প্যাচ অব ওয়ার্ক আপনারা করেছেন। আগেকার যা করা ছিল তার কিছু কিছু কাজ আপনারা ৬ বছরে করেছেন। I do not find in your statement what exactly you are doing, আপনারা কত রোডস করেছেন তা লেখেন নি। সো, এভরিহয়ার উই ফাইণ্ড, ফ্রম দিস বাজেট শুধু হতাশা। ওয়েস্ট বেঙ্গলের চারদিকে খালি হতাশা। আমরা খবর পেয়েছি যে চারিদিকে Immense work is necessary because one man is concentrating with all powers, instead of decentralising the road corporation, bridge corporation and for example I am giving you the names of some roads and bridges, construction of which are awaited. (1) Construction of Ratua Bridge at Thukra Bari in P.S. Islampore, West Dinajpur, (2) Work order for the construction of road from Sonamati to Barbilla for connecting two thanas of Islampore and Goalpokhar, (3) Repairing of damaged roads—Islampore to Sonamati, Islampore to Patogora Dhollgaun to Sujali—all in Islampore P.S.

আমি একটা এক্সজামপল দিয়েছি, আমি মন্ত্রী মহাশয়কে রিকোয়েস্ট করছি, এটা তিনি দেখবেন। এই ধরনের প্রত্যেক জেলায় ছোট ছোট নদী আছে তার একদিকে হাট হয়। আপনারা গরীব মানুষের, মেহনতী মানুষের কথা বলেন। কিন্তু you are not the poors' representative,

আমার মনে হচ্ছে এটা কনট্রাকটরস্ প্যারাডাইস। কাজেই I will request the Chief Minister, all other Ministers including the M L As to submit the return of statement of accounts for their assets and

liabilities and let it go to the C. B. I. for examination. আজকে যদি এই ফ্যাক্টসগুলি ইনকোয়ারিতে দেওয়া যায় তাহলে বোঝা যাবে যে কে কত মেরেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই, আপনি বলেন যে এই সরকার পবিত্র আছে, শুদ্ধ আছে এই সরকারের কোন করাপশান নেই। You come forward and ask the Ministers to submit their assets and liabilities statement to the central Bureau of Intelligence for examination.

আমি জোর দিয়ে বলছি যে Give them for their examination as to how they achieved it.

মিঃ স্পীকারঃ Mr. Ansari, I think, there is no rule in West Bengal that the Ministers have to submit their asset statements.

শ্রীআবদুর রউফ আনসারীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সো, আই সে তাদের ভয় হচ্ছে। তারা সাধারণ মানুষকে ফেস করতে চায়না। আমার কথা ওদের খারাপ লাগছে। আই ক্যাননট বি হিজ মাস্টারস' ভয়েস। সে জন্য আমার কথা ওদের ভাল লাগছে না। এই বাজেট সম্পর্কে আমি চীফ মিনিস্টারকে রিকোয়েস্ট করবো যে আপনি পি. ডবলিউ. ডি মন্ত্রী মহাশয়কে আরো টাকা বাড়িয়ে দিন। সেকেণ্ডলি হচ্ছে, ইমিডিয়েটলি তুটো জিনিস করতে শুরু করুন। একটা রোড কর্পোরেশান, আর একটা ডেভলপমেন্ট কর্পোরেশান এবং সাইমালটেনিয়াসলি ব্রীজ কর্পোরেশান। থার্ডলি হচ্ছে আপনার পি. ডবলিউ. ডি. ডিপার্টমেন্টে যে করাপশান ঢুকেছে সেটা বন্ধ করুন। কারণ কনট্রাকটররা পারসেণ্টেজ না দিলে সেখানে বিল পাশ হয়না। প্রত্যেককে কিছু কিছু করে দিতে হবে। এটা দিতে গেলে হি উইল ডু সামথিং রং। আমরা খবর পেয়েছি বঙ্গভবনে যে ৮টি গাড়ী আছে তাতে কি হয়। সেখানে ৩/৪ জন মন্ত্রী বিনা ট্যুর প্রোগ্রামে দিল্লীতে চলে আসেন এবং এসে সেই গাড়ীতে তাদের ফ্যামিলি নিয়ে তাজমহল, নৈনিতাল, সিমলা, কুলু ইত্যাদি জায়গায় ঘুরে বেড়ান। সে জন্য এই ৮টি গাড়ী ব্যবহার করা হয়। আগে ৩টি গাড়ী দিয়ে যদি সিদ্ধার্থ শংকর রায় সরকার চালাতে পারেন তাহলে What purpose you are serving at Banga Bhavan ? I oppose this budget. I feel it is against the interest of the poor people of West Bengal. It is my sacred duty to oppose this budget.

[4-35—4-45 P. M.]

শ্রীজ্যোৎস্না কুমার বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্তমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত পূর্ত এবং আবাসন বিভাগের যে ব্যয়-বরাদ্দ তাকে সমর্থন করে আমার বক্তব্য এখানে পেশ করছি। স্বাধীনোত্তর যুগে আমাদের গ্রামের সঙ্গে মফঃস্বল বা শহরের সঙ্গে গ্রামের যোগাযোগের প্রয়োজন ছিল। তখন সেই সময়কার সরকার—অবশ্য এরা নয়, তখন ছিল ভারতীয় জাতীয় কংগ্রেস সরকার। আজকে এরা হচ্ছে কংগ্রেস (আই)-এর সরকার—সেই সরকার যখন রাস্তাগুলি তৈরী করেছিলেন, তখন এগুলি এমন ভাবে তৈরী করা হয়েছিল তাতে ৩ টন থেকে ৫ টনের লরী যাতায়াত করতো। কেননা, সেই রকম লরী তখনকার দিনে যাতায়াত করতো এবং সেই ভাবে ৮ ফুট চওড়া এবং ৯ ইঞ্চি পেভমেন্ট-এর রাস্তা তৈরী হল। তারা ভেবেছিলেন যে ভবিষ্যতে প্রয়োজন ভিত্তিতে রাস্তাগুলিকে চওড়া করা হবে এবং পেভমেন্টগুলিকে বাড়ান হবে। কিন্তু দেখা গেল বাণিজ্যিক কারণে খুব তাড়াতাড়ি ২০ থেকে ৩০ টনের ট্রাক তৈরী হল এবং সেই রাস্তাগুলির উপর দিয়ে যাতায়াতের ফলে রাস্তাগুলি চলাচলের অযোগ্য হল। তাছাড়া বাংলাদেশের মাটি অন্যান্য প্রদেশের মাটি থেকে খুবই খারাপ থাকায় সাধারণ মানুষের চোখে সেই রাস্তাগুলির অবস্থা অতি শোচনীয় দেখাল। সেই শোচনীয় অবস্থা থেকে যদি আজকে চলাচলের অবস্থায় আনতে হয় তার জন্য যে অর্থ বরাদ্দের দরকার, সেই অর্থ বরাদ্দ আমাদের বামফ্রন্ট সরকার কেন, আগে যারা সরকারে ছিলেন, যারা এর বিরুদ্ধে নানা রকম মিথ্যা অভিযোগ করলেন, তারাও কোনদিন পারেননি।

আমরা বরঞ্চ কিছু বেশী করবার চেষ্টা করছি। ৯ ইঞ্চি থেকে ১২ ইঞ্চি পেভমেন্টকে যাতে আরো কিছু বেশী করা যায় তার জন্য প্রচেষ্টা চলছে। স্যার, তা ছাড়া রাস্তাগুলির মেনটেনান্স খরচ হিসাবে এই দপ্তরকে যা দেওয়া হয় তা দিয়ে প্রকৃত পক্ষে কিছুই হয় না। ওঁরা জানেন কিনা জানি না। অবশ্য ওঁদের জানার কথা, কারণ ওঁদের ভেতর কেউ কেউ এর আগে নব কংগ্রেসের মন্ত্রী ছিলেন। বর্তমানে যাঁরা আই কংগ্রেসে পূর্বে তাঁরা নব কংগ্রেসে ছিলেন। তাঁরা জানেন যে, এই রাস্তাগুলি মেনটেনান্স-এর জন্য খুব বেশী টাকা বরাদ্দ থাকে না। আমি যত দূর জানি বর্তমানে এই রাস্তাগুলির জন্য মেনটেনান্স বরাদ্দ হচ্ছে ৭ থেকে ৮ হাজার টাকা এবং তার ভেতরে আবার কর্মচারীদের বেতন ইত্যাদির ব্যাপারে খরচ হয়ে যায় ৬ হাজার টাকা। কাজেই এক দেড় হাজার টাকা দিয়ে মন্ত্রী মহাশয়

কি করে যে কি করেন তা আমি বুঝতে পারছি না। আমাদের স্টেট হাইওয়ে আছে ২৩০০ কিলো মিটার, ডিস্ট্রিক্ট মেজর হাইওয়ে আছে ৩৯০০ কিলোমিটার। তা ছাড়াও মাইনর ডিস্ট্রিক্ট হাইওয়ে আছে ৪০০০ কিলো মিটার এবং ১৩০০ কিলো মিটার মোরাম রাস্তা। মূলতঃ এই সামান্য টাকা দিয়ে এত রাস্তা কি করে যে মেনটেনান্স হয়, সে ধারণা আমার নেই। উনি যে কি করে চালান, তা উনি জানেন। আশা করি উনি বলবেন, কি করে চলছে। কেননা, ৬০০০ টাকা তো বেতন দিতেই যাচ্ছে, আর বাকি দেড় থেকে দু'হাজার টাকা থাকছে। সেই টাকা দিয়ে এই দপ্তরের অফিসাররা যে বাকি রাস্তাগুলি কি করে ম্যানেজ করেন, তা তাঁরাই জানেন।

দ্বিতীয় কথা হচ্ছে, বর্তমানে আমাদের রাস্তাগুলির ওপর বাইরের চাপ অত্যন্ত বেশী পড়ছে। আমাদের যে ন্যাশনাল হাইওয়েগুলি আছে তার মধ্যে দু'নম্বর ন্যাশনাল হাইওয়ে হচ্ছে জি টি রোড। কিন্তু এই জি টি রোড দিয়ে রানীগঞ্জ থেকে কয়লা নিয়ে বা দুর্গাপুর থেকে স্টিল নিয়ে সোজা ৩৪ নম্বর ন্যাশনাল হাইওয়ে ধরে নর্থ বেঙ্গল বা আসাম যাওয়া সম্ভব হচ্ছে না। ভীমগড় দিয়ে স্টেট হাইওয়ে ধরে মোড়গ্রাম গিয়ে ৩৪ নম্বর ন্যাশনাল হাইওয়েতে পড়তে হচ্ছে। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ভীমগড় থেকে মোড়গ্রাম পর্যন্ত যে স্টেট হাইওয়েটি আছে, সেটিকে ন্যাশনাল হাইওয়ে বলে যাতে কেন্দ্রীয় সরকার মেনে নেন, তার জন্য তিনি চেষ্টা করুন।

তৃতীয় কথা হচ্ছে, বিরোধী পক্ষের অনেকে একটা অভিযোগ করেছে, কিন্তু সেটার কোন মূল্য আছে বলে আমার মনে হয় না, তাই আমি সে বিষয়ে কোন কিছু বলছি না। তবে শুরু থেকেই আমাদের বামফ্রন্ট সরকারের ইচ্ছে প্রধান সড়ক থেকে গ্রামের দূরত্ব যেন ২ কিলো মিটারের বেশী না থাকে। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি এদিকে একটু নজর দিন এবং সেই প্রচেষ্টা গ্রহণ করুন।

চতুর্থ কথা হচ্ছে, আমি আবাসন সম্বন্ধে কিছু বলে আমার বক্তব্য শেষ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় মফঃস্বল শহরে আবাসন করছেন ঠিকই, কিন্তু তবুও আমি তাঁকে অনুরোধ করব যে, তিনি এ বিষয়ে আরো বেশী নজর দিন। কলকাতা শহরের আবাসনের ব্যাপারে দেখা যাচ্ছে যে, দক্ষিণ কলকাতার দিকে অনেক বেশী আবাসনের ব্যবস্থা হয়েছে, কিন্তু উত্তর এবং পূর্ব কলকাতায় আবাসনের সংখ্যা কম। তা ছাড়া ভাড়া বড় বেশী হয়ে পড়ছে। যদি ওঁর পক্ষে সম্ভব হয়, তাহলে উনি ভাড়া একটু কমাবার ব্যবস্থা করুন। ২০ বছর বা ৩০ বছর লংজিবিটি ধরে

যদি কস্টিং করে দেখা যায় যে ভাড়া একটু কমান সম্ভব, তাহলে উনি সেদিকে একটু নজর দিন। এই অনুরোধ জানিয়ে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 P. M.]

শ্রীবনমালী দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বিগত কয়েক বৎসর ধরে যে-সমস্ত রাস্তাঘাট এবং সেতু নির্মাণ করেছেন তার জন্য তিনি বিশেষ প্রশংসার দাবী রাখেন। কংগ্রেসী বন্ধুরা বললেন, যে পরিমাণ রাস্তাঘাট এবং সেতু হওয়া দরকার ছিল তার কিছুই হয়নি। তাঁদের বক্তব্যের মধ্যে এই কথাটাই ফুটে উঠছে যে বামফ্রন্ট সরকারের আমলে রাস্তাঘাট সেতু কিছুই হয়নি, সব তাদের আমলে হয়েছে। আমরা সব নষ্ট করে দিয়েছি। ওরা বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেছেন এবং ওদের বক্তব্যের মধ্যে হতাশা দেখতে পাচ্ছি এবং তাঁরা মানুষের মনে হতাশা সৃষ্টি করবার চেষ্টা করছেন। কিন্তু আমি বলছি, মানুষের মনে হতাশা সৃষ্টি হয়নি বরং মানুষ বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতিকে সমর্থন করেছেন এবং আশীর্বাদ করেছেন। তারা দীর্ঘ বছর ধরে কংগ্রেসী রাজত্বে রাস্তাঘাট এবং সেতুর জন্য যে দুর্ভোগ এবং অসুবিধা ভোগ করেছে সেই দুর্ভোগ এবং অসুবিধা অনেকাংশেই দূরীভূত হয়েছে। আমি আশা করবো, যে পরিমাণ রাস্তাঘাট এবং সেতু হয়েছে তার চেয়ে আরোও বেশী রাস্তাঘাট এবং সেতু হবে এবং এটা হলে মানুষের যে দুর্ভোগ সেটা অনেক বেশী লাঘব হবে। আমি দেখছি, ১৯৮২-৮৩ সালে ৪০০ কিলোমিটার রাস্তা হওয়ার কথা ছিল কিন্তু ২০০ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে। এটা না হওয়ার কারণ সবাই জানেন। এই সরকারের আর্থিক অসঙ্গতিই এটা না হওয়ার জন্য দায়ী। কংগ্রেস বন্ধুরা বললেন, রাস্তাঘাট কিছুই হয়নি। ওনারা তো কেন্দ্রীয় সরকারের কাছে দাবী রাখতে পারেন। পশ্চিমবাংলায় যে পরিমাণ রাস্তাঘাট বা সেতু হওয়া দরকার তার জন্য যে অর্থের প্রয়োজন সেই অর্থের জন্য তারা কেন্দ্রের কাছে দাবী রাখতে পারেন, তারা তো এই দাবী মেটাতে পারেন। এই সম্পর্কে ওরা কোন কথা না বলে শুধু কিছুই হয়নি, কিছুই হয়নি বলছেন। তথাপি আমরা দেখতে পাচ্ছি রাস্তা হয়েছে, অনেকগুলি গুরুত্বপূর্ণ ব্রীজ হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, স্বর্ণরেখার ওপর যে ব্রীজ হয়েছে তা পশ্চিমবঙ্গ, বিহার এবং উড়িষ্যার মধ্যে

সংযোগ স্থাপন করেছে। তারপর দেখতে পাচ্ছি, নরঘাটে হলদি ব্রীজ হওয়ার ফলে কলকাতা থেকে দীঘা যাতায়াতের পক্ষে অনেক সুবিধা হয়েছে, দূরত্ব অনেব কমে গেছে। তাছাড়া, মুর্শিদাবাদ জেলায় বালিরঘাটে গোবরানালা ব্রীজ এব নবদ্বীপে ভাগীরথী নদীর উপর গৌরাঙ্গ সেতু তৈরী হয়েছে এই বামফ্রন্ট সরকারের আমলে। এছাড়া মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় দুটি ব্রীজ করার কথা বলেছেন। একটি বীরভূম জেলার অজয় নদীর উপর পাণ্ডবেশ্বর ব্রীজ আর বর্ধমান এবং মুর্শিদাবাদ জেলার অজয়, কুয়ে ও ময়ূরাক্ষী নদীর উপর বাদশাহী সড়কে আরোও তিনটি সেতুর কথা বলেছেন। এই ৫টি ব্রীজ হলে মুর্শিদাবাদ, বর্ধমান এবং বীরভূম জেলার মধ্যে দ্রুত সংযোগের ব্যবস্থা হবে, যাতায়াতের পক্ষে অনেক সুবিধা হবে। অজয় নদীর উপর এই ব্রীজ হলে বীরভূম জেলা এবং বর্ধমান জেলার সঙ্গে সংযোগ দ্রুত স্থাপন হলে কলিয়ারী অর্থাৎ শিল্প এলাকার সঙ্গে যেমন রানীগঞ্জ এবং আসানসোলে যাতায়াতের সুবিধা হবে এবং ব্যবসা-বাণিজ্য হবে। আশা করছি, তিনি অবিলম্বে কাজ আরম্ভ করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের এই রাস্তাঘাটের ক্ষেত্রে আমি একটু পঞ্চায়েতের ভূমিকার কথাটা বলতে চাইছি। যদিও এর সঙ্গে সে ব্যাপারের কোন সংযোগ নেই তথাপি এই জন্য বলছি যে রাস্তাঘাটের দূরবস্থাটা পঞ্চায়েত আসা সঙ্গে সঙ্গে অনেকটা সুরাহা হয়েছে। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, গ্রা পঞ্চায়েত এরা রাস্তাঘাট নির্মাণের ক্ষেত্রে অনেকটা ভূমিকা নিয়েছে। তারা অনে জায়গাতে মোরাম দিয়ে বা কাঁচা মাটি ফেলে রাস্তা তৈরী করে গ্রামগুলির সং যোগাযোগ স্থাপন করেছে। এর ফলে পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের যে অভাবটা ছিল সেটা দূর হয়েছে। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, ব্রীজের ক্ষেত্রে আমরা দেখেছি যে বীরভূমের রামপুরহাট সাব ডিভিশনে অসংখ্য পুরনো কাঠের ব্রীজ ছিল তাতে অনেক সময় অনেক এ্যাকসিডেন্ট হয়েছে। বাস এ্যাকসিডেন্ট হয়েছে এব তাতে অনেক লোক মারা গেছে। এখন আমরা দেখতে পাচ্ছি যে সেইসব কাঠের ব্রীজগুলি ভেঙে দিয়ে সেখানে কংক্রীট ব্রীজ তৈরি হয়েছে। রাস্তাঘাটের যাতায়াতের পক্ষে সুযোগ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা কিছু রাখতে চাই। আমরা দেখছি যে রাস্তাঘাটের ব্যাপার যেভাবে এগিয়ে চলেছে সেটাকে আরও দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাওয়া দরকার এবং সেই সঙ্গে পঞ্চায়েত সমিতি জেলা পরিষদের মধ্যে যে স্থায়ী পূর্ত সমিতি আছে সেই স্থায়ী সমিতির সঙ্গে এই ডিপার্টমেন্টের একটা সংযোগ স্থাপন করা দরকার। রাস্তা তৈরী বা মেরামতের

ব্যাপারে যদি তাদের কোন অধিকার থাকে—রাস্তা তৈরীর ব্যাপারে এই যে ঢিমে তেতালা ভাব—এটা দূর করতে পারা যাবে। কাজেই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে রাস্তাঘাট তৈরীর ব্যাপারে তাদেরও কাজে লাগান। আবাসনের ব্যাপারে আমি যেটুকু জানি তাতে দেখছি যে কিছু দুর্নীতিপরায়ণ লোক, সমাজ-বিরোধী ঐসব বাড়ী দখল করে আছে, এমনকি কিছু বড় বড় ব্যবসাদার তারা অপরের নামে ঐ আবাসনগুলি দখল করে রয়েছে, যেখানে কম বেতনের সরকারী কর্মচারী, গরীব মানুষ, ছোটখাটো কাজে জীবিকা নির্বাহ করে, তারা সুযোগ-সুবিধা পায় না। এইগুলিকে মন্ত্রী মহাশয় লক্ষ্য রেখে প্রশাসনিক ব্যবস্থা অবলম্বন করে তাদের সেখান থেকে দূর করার চেষ্টা করুন। আর সমাজের দুর্বলতর শ্রেণী, তপসিলী জাতি উপজাতির কর্মচারীদের যে কোটা আছে, সেই নিয়ম অনুযায়ী তাদের সুযোগ-সুবিধা দিন, এই কথা বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তিমোহন রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় তাঁর বাজেটে যে ব্যয়-বরাদ্দ আমাদের সভায় উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গে সি পি এম-এর নেতৃত্বে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে সারা পশ্চিমবঙ্গে রাস্তাঘাটের অবস্থা ক্রমশঃ খারাপ হচ্ছে। আমি হুগলী জেলা পুড়শুরা কেন্দ্রের প্রতিনিধি। আমার বক্তব্য হুগলী জেলার মধ্যে সীমাবদ্ধ রেখে আমার বক্তব্য শেষ করব। প্রথমেই তাঁকে বলি আপনার মাধ্যমে যে তিনি পূর্তমন্ত্রী হওয়ার পর থেকে হুগলী জেলার যেসব রাস্তাগুলি কংগ্রেস সরকারের আমলে নির্মিত হয়েছিল সেই রাস্তাগুলি দিনের পর দিন সংস্কারের কোন ব্যবস্থা করছেন না, নূতন রাস্তা তো দূরের কথা।

[4.55—5.05 P.M.]

অহল্যাবাঈ রাস্তার কথা বলি, যেটা চাঁপাডাঙ্গা থেকে শুরু করে বরাবর আরামবাগ মহকুমাকে পরিক্রমা করে পশ্চিম দিকে বাঁকুড়া জেলার দিকে চলে গেছে—সেই রাস্তার তারকেশ্বর থেকে চাঁপাডাঙ্গা পর্যন্ত যে অবস্থা তাতে বাস চলতে পারে না। পার্টিকুলারলি যেটা অহল্যাবাঈ রাস্তা থেকে সামন্ত রোড চলে গেছে, সেই রাস্তায় বাস চলতে পারছে না। সেই রাস্তায় মাঝে মাঝেই বাস বন্ধ থাকছে।

অহল্যাবাঈ রাস্তা, যেটা মেইন রাস্তা যেটা দিয়ে হুগলী জেলার সঙ্গে বাঁকুড়া জেলার যোগ রয়েছে, সেটা দিয়ে দিনের পর দিন হুগলী জেলার মানুষেরাই যাতায়াত করেন তাই নয়, বাঁকুড়া জেলার লোকও যাতায়াত করেন, নিত্যযাত্রীরা যাতায়াত করেন। এই রাস্তাতে চাঁপাডাঙ্গার পর যে পীচতলা আছে, সেই পীচতলায় কাঠের পুল আছে। পীচতলার পর কাবলেটে কাঠের পুল আছে। কাবলেটের পর ভূতাডাঙ্গার পশ্চিম দিকে কাঠের পুল আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই রাস্তার উপর দিয়ে এক্সপ্রেস বাস একটির পর একটি কলকাতায় যাতায়াত করে। এক্সপ্রেস বাস যে রাস্তা দিয়ে চলে তাতে যদি কাঁচা পুলগুলো থাকে, তাহলে যেকোন সময় এ্যাকসিডেন্ট হতে পারে এবং হয়ও। সেই জন্য এই তিনটি পুল সম্পর্কে বিশেষ করে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সামন্তবেড়ীর রাস্তা এত খারাপ যে বাস বন্ধ হয়ে যাচ্ছে। এদিকেও মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী জানেন না যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে গয়েরহাট থেকে ঝিঁকড়ে পর্যন্ত একটি রাস্তা অধিগ্রহণ করবার কথা ছিল, প্ল্যানে টেক-আপ করবার কথা ছিল। সেই রাস্তার আজকে হয়তো অস্তিত্বই খুঁজে পাওয়া যাবেনা। কিন্তু চক্রপুর থেকে ঝিঁকড়ে পর্যন্ত অর্থাৎ খানাকুল থানার সদর থেকে পশ্চিম এবং পূর্ব দিকে যোগাযোগ করবার কোন রাস্তা নেই। সেই জন্য খানাকুল পুলিশ স্টেশন থানার অধিকাংশ অংশ থেকে আজও বিচ্ছিন্ন হয়ে রয়েছে। একদিকে যেমন চক্রপুর থেকে ঝিঁকড়ে পর্যন্ত রাস্তা নেই, যদিও সেখানে কাঁচা রাস্তা বহুদিন যাবৎ রয়েছে, তেমনি অন্য দিকে রাজহাটি থেকে পাঞ্চেটি পর্যন্ত পূর্ব দিকে যে রাস্তা, সেই রাস্তাকে পাকা করবার কোন ব্যবস্থা হয়নি। খানাকুল থেকে গৌরহাটি যাবার রাস্তা, খানাকুল থেকে পশ্চিম দিকে ঠাকুরানী পর্যন্ত যাবার রাস্তা যা কাঁচা রয়েছে, তাকে পাকা করে খানাকুল থানার সঙ্গে যোগাযোগ রাখবার চেষ্টা আজ পর্যন্ত হয়নি। আমি পুড়শুরা কনস্টিটিউয়েন্সী থেকে এই বিধানসভায় এসেছি। সেই কনষ্টিটিউয়েন্সীর মেইন রাস্তার দামোদরের পশ্চিম পাড়ের বাঁধে মাটি ফেলা হচ্ছে। খরা-ত্রাণের যা টাকা পাওয়া গেছে, সেই টাকা থেকে ৩ লক্ষ টাকা নাকি মঞ্জুর করা হয়েছে মাটি ফেলার কাজে। সেই রাস্তা দিয়ে দিনের পর দিন লরী যাতায়াত করছে, তার ফলে সেই রাস্তা দিয়ে পেডেস্ট্রি-য়ানদের যাওয়া অসুবিধাজনক হয়ে দাঁড়িয়েছে। আমি এর আগে মেনশনে খুশীগঞ্জ থেকে যে বাঁধ, যা দামোদরের পশ্চিম পাড়ে অবস্থিত, সেই বাঁধে লরী চলাচল যাতে বন্ধ থাকে এটা মেনশন করা সত্ত্বেও পূর্তমন্ত্রী মহাশয় সে সম্পর্কে কোন ব্যবস্থা নেননি। ঐ রাস্তা অন্ততঃ পক্ষে মোরাম ফেলে যাতে যানবাহন চলাচলের উপযুক্ত

করা হয় সেই অনুরোধ আবার আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীকে করছি।

শোধপুর থেকে খুশীগঞ্জ পর্যন্ত রাস্তা নেওয়া আছে, কিন্তু আজ পর্যন্ত তাকে পাকা করবার কোন ব্যবস্থা করা হয় নি। আরামবাগ থানার কাবলে থেকে আমাদের কবি কঙ্কন মুকুন্দরামের জন্মস্থান গোটাং পর্যন্ত—গোটাং হলো বর্ধমান জেলায় বাকিটা আমাদের হুগলী জেলায়—এই রাস্তাটা অধিগ্রহণ করা সত্বেও আজ পর্যন্ত তাকে পাকা করবার কোন ব্যবস্থা করা হয়নি। মলয়পুর পর্যন্ত পাকা রাস্তা হয়ে গিয়েছে, কিন্তু মলয়পুর থেকে আরো তিন/চার মাইল রাস্তা কাঁচা রয়ে গিয়েছে। উত্তর দিকে অর্থাৎ কাবলে থেকে উত্তর দিকে কবি কঙ্কন মুকুন্দরামের জন্মস্থান পর্যন্ত যাবার কোন রাস্তা নেই। এই ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। গোঘাট থানার কথা আমরা যদি ধরি, গোঘাট থানায় আমরা জানি একটা রাস্তা ছাড়া আর কোন রাস্তা নেই। কামারপুকুর থেকে রামজীবনপুর হয়ে মেদিনীপুর জেলার সঙ্গে যোগাযোগকারী রাস্তা ছাড়া আর কোন রাস্তা নেই। যদিও কামারপুকুর থেকে আরামবাগ হয়ে বদনঘাট পর্যন্ত বাস যায় কিন্তু কামারপুকুর থেকে বদনঘাট পর্যন্ত কোন রাস্তা নেই। গোঘাট থানার সঙ্গে উত্তর দিকে যোগাযোগের কোন পাকা রাস্তা নেই। যদিও কাঁচা রাস্তা আছে, পাকা রাস্তার ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। গোঘাট থানায় ব্যাংগাই পর্যন্ত যদিও কাঁচা রাস্তা আছে কিন্তু উত্তর দিকে কুমারগঞ্জ পর্যন্ত যাওয়ার রাস্তা হওয়া উচিত। কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। এই রাস্তাগুলির ব্যাপারে বিশেষ করে হুগলী জেলার আরামবাগ মহকুমাতে যে রাস্তাগুলি আছে আমরা দেখতে পাচ্ছি বছরের পর বছর পড়ে আছে। বারে বারে এই ব্যাপারে বলা সত্বেও মাননীয় পূর্তমন্ত্রী ছয় বছর সরকারে আছেন, তিনি কোন ব্যবস্থা নেন নি। রাধানগর, যেখানে রাজা রামমোহনের জন্মস্থান, সেখানে যাবার জন্য সামন্ত রোডের উপর দিয়ে যারা যাওয়া আসা করে তাদের একটা নদী পার হতে হয়। সেই নদী হচ্ছে ডিগুরিখাল—মুণ্ডেশ্বরী নদী। সেই মুণ্ডেশ্বরী নদীর উপর একটা পুল নির্মাণের জন্য সেখানকার স্থানীয় অধিবাসী, রাধানগর কলেজের প্রিনসিপ্যাল, প্রফেসার, ছাত্র সকলে মিলে আমাদের পূর্তমন্ত্রীর কাছে দরখাস্ত দিয়েছিলেন। সেই পুল হবে কি হবে না আজ পর্যন্ত কোন কিছু জানা যাচ্ছে না। সেই পুলটি হওয়া দরকার। রাস্তা ছাড়া মাননীয় মন্ত্রী মহাশয় হাসপাতালের ঘরের কথা বলেছেন। তিনি বলেছেন অনেক করেছেন এবং অনেক করতে চলেছেন। কিন্তু আমরা জানি যে থানাকুল এক নম্বর কের অন্তর্গত রঘুনাথপুর, যেখানে রাজা রামমোহন জন্মগ্রহণ করেছিলেন সেখানে রাজা রামমোহনের নাতি এবং নাতবউ-এর দানে একটা চ্যারিটেবল ডিসপেনসারী

চলছে। তার নাম হচ্ছে "হরিমোহন গোলাপ চ্যারিটেবল ডিসপেনসারী"। সেই ডিসপেনসারী অজিত পাঁজা মহাশয় অধিগ্রহণ করে গিয়েছিলেন। আজ পর্যন্ত সেখানে বাড়ি করে দেন নি। স্বাস্থ্যমন্ত্রীর দোষে দেননি না স্বাস্থ্যমন্ত্রীর গাফিলতিতে দেন নি, নাকি পূর্তমন্ত্রীর গাফিলতিতে দেন নি সেটা আমরা ঠিক জানি না। তার পাশেই শিক্ষা দপ্তর থেকে রাজা রামমোহনের নামে স্থানীয় শিক্ষা দপ্তর থেকে ১৬ একর জমি অধিগ্রহণ করা আছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে এই জমি অধিগ্রহণ করা হয়। শিক্ষা দপ্তর থেকে আজ পর্যন্ত সেখানে কোন পরিকল্পনা নেওয়া হয়নি। আমি পূর্তমন্ত্রীর কাছে দাবি রাখবো—তিনি যখন কলকাতায় অনেক মূর্তি তৈরি করান, যারা বাংলাদেশের প্রাতঃস্মরণীয় ব্যক্তি তাদের স্মৃতি রক্ষার জন্য চেষ্টা করছেন, সেই ভাবে রাধানগরকে গড়ে তুলে তাঁর স্মৃতি রক্ষা করুন। রাজা রামমোহনের জন্মস্থান যে রাধানগর সেটা অনেকেই জানে না। অনেকেই বলে থাকে ওনার জন্মস্থান ওয়েস্ট দিনাজপুরে। যাই হোক রাধানগরের স্মৃতি যাতে রক্ষিত হয় তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলীর সদর মহকুমার পাণ্ডুয়া থানাতে একটা রাস্তা হচ্ছে। সেই রাস্তার এক কিলোমিটার মাত্র পাকা রাস্তা হয়েছে, বাকি রাস্তা এখানকার বালি খাদের মালিকরা হতে দিচ্ছে না। দিনের পর দিন লরি চালিয়ে তারা সেই রাস্তা খারাপ করে দিচ্ছে।

[5.05—5.15 P. M.]

শুধু রাস্তাকে খারাপ করেছে তাই নয়, সেখানকার গরীব মানুষদের ওখানকার লরীর মালিক ও বালিখাদের মালিকরা লরী চালিয়ে তাদের উৎখাতের চেষ্টা করছে। অথচ তাদের জন্য দ্বিতীয় কোন রাস্তার ব্যবস্থা নেই। সেখানে যে-সমস্ত সরকার পক্ষের এম. এল. এ. আছেন, তাঁরাও জানেন যে, তাবাকামাল চকের রাস্তা আজ পর্যন্ত হয়নি। আমরা দেখতে পাচ্ছি, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে কংগ্রেসী আমলে যতগুলি রাস্তা হয়েছিল, তার চাইতে এক বিন্দু বেশী রাস্তা কোথাও হয়নি। কংগ্রেসী আমলে যতগুলি পুল হয়েছিল, তার চাইতে বেশী কোথাও কোন রাস্তায় গ্রামাঞ্চলে পুল নির্মাণ হয়নি। অন্ততঃ হুগলী জেলাতে হয়েছে কিনা আমার জানা নেই। অন্য কোন জেলাতে হয়ত হতে পারে কিন্তু আরামবাগে কিছু হয় নি। হয়েছে বলে আমি দেখতে পাইনি। গ্রামাঞ্চলের বুকে সরকার পক্ষ যেহেতু কোন রাস্তাঘাট, পুল ইত্যাদি তৈরী করে কোন উন্নতি দেখাতে পারেন নি, সেই হেতু মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন করতে পারছি

না। আমি এই ব্যয়-বরাদ্দের প্রতি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপাল চন্দ্র পাণ্ডা: মাননীয় স্পীকার স্যার, আমাদের পূর্তমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। সেই সঙ্গে আমার একটি দাবীর কথাও এখানে রাখতে চাই। প্রথম কথা হল, আমাদের পূর্তমন্ত্রী তাঁর লিখিত বক্তব্যে বলেছেন যে, আমাদের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে কাজ করতে হচ্ছে। সেজন্য আমাদের লক্ষ্যে আমরা সম্পূর্ণরূপে পৌঁছতে পারি নি বা সম্ভব হয়নি। আমাদের যে লক্ষ্য তা থেকে অনেকখানি পিছিয়ে চলতে হচ্ছে। যেখানে আমাদের বামফ্রন্ট সরকারের লক্ষ্য ছিল ১॥ হাজার বা তার অধিক বসতিপূর্ণ গ্রামকে—সেই ধরনের সমস্ত গ্রামকে —অন্য স্থানে গমনাগমনের উপযোগী রাস্তা তৈরী করব, এবং যেখানে ১ হাজার পর্যন্ত তার কম বসতি আছে, সেখানে অন্ততঃ পক্ষে ৫০ ভাগ কাজ করব, তা আজ র্যন্ত করা সম্ভব হয় নি। আমি মাননীয় পূর্তমন্ত্রীর এই বক্তব্য পূর্ণ সমর্থন করি। মরা জানি, প্রকৃত অবস্থা কি। অর্থের দিক থেকে সীমিত আয়ের উপর দাঁড়িয়ে তটুকু সাধ্য, তিনি তা তাঁর এই বাজেটের মাধ্যমে আমাদের কাছে উপস্থাপিত রেছেন। বাজেটে অর্থের অভাবের কারণই বা কি, তাও আমরা জানি। কেন্দ্রের াছ থেকে আমাদের যে অর্থ পাওয়া দরকার ছিল—যে ন্যায্য অর্থ আমরা পাওয়ার ধিকারী—তা তাঁরা দেন নি। তাঁদের বঞ্চনার কারণেই আমাদের এই অর্থাভাব। মামাদের বিরোধী পক্ষের সদস্যেরা অনেকে অনেক কথা বলেছেন—এখানে এইটা, ওখানে ওইটা হয়নি—কিন্তু কেন হয়নি, তার কারণ সম্বন্ধে, সেই পয়েন্ট সম্বন্ধে কেউই বলেন নি। তাঁরা বক্তব্যের মধ্যে একবারও বললেন না যে, আমাদের রাজ্য কেন্দ্রের কাছ থেকে তার প্রাপ্য ন্যায্য অর্থ থেকে বারে বারে বঞ্চিত হয়েছে—সেদিক থেকে তাঁরা নীরব থেকে গেছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, আমাদের বামফ্রন্ট সরকার তাঁর মহৎ উদ্দেশ্য নিয়ে পশ্চাৎপদ এবং তপসিল ও দিবাসী অধ্যুষিত এলাকার উন্নতির জন্য যে-সমস্ত প্রোগ্রাম নিয়েছেন, তাকে মি পূর্ণ সমর্থন করি। যে-কোন দেশপ্রেমিক, যে-কোন দরদী মানুষও কে সমর্থন করবেন বলে আশা রাখি। এ বিষয়ে কোন সন্দেহ থাকতে পারে না। ী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আর একটি কথা বলতে চাই, আমাদের বিভিন্ন গ্রামীণ এলাকাগুলির মধ্যে যে-সমস্ত অসামঞ্জস্য আছে, তা দূর করবার জন্য তিনি ন বিশেষভাবে দৃষ্টি দেন। এবারে আমি আমার এলাকা সম্বন্ধে বলব—আমার র্বাচন কেন্দ্র নন্দীগ্রামের কথা।

সেখানে বিগত ৩৬ বছরে ৬ মাইল মাত্র রাস্তা তৈরী হয়েছে। কংগ্রেস আমলে এই রাস্তা তৈরী হয়েছিল। এই রাস্তা তৈরীর ব্যাপারে একটা ইতিহাস আছে— পশ্চিমবঙ্গকে খণ্ডিত করার ব্যাপারে কংগ্রেসীরা উদ্যোগী হয়ে বাংলা-বিহারের মার্জারের প্রস্তাব দিয়েছিলেন। তারা নন্দীগ্রামকে বিভক্ত করার জন্য ে সমাবেশের সৃষ্টি করতে চেয়েছিলেন যাতে বাংলা-বিহারকে এক সঙ্গে যোগ করতে পারা যায়, তার জন্য তারা একটা কনফারেন্স ডেকেছিলেন। সেই কনফারেন্সে ২ লক্ষ আড়াই লক্ষ মানুষ জমায়েতও হয়েছিল। তারা বুঝতে পারলো কংগ্রেসীদের অপচেষ্টা। তখন তারা কংগ্রেসীদের অপচেষ্টার বিরুদ্ধে লড়াই করেছিল। সেই সময়ে ৬ মাইল রাস্তা তৈরী হয়েছিল। তারপরে দীর্ঘ ২৫ বছরে কংগ্রেসী শাসনে এক ছিটেফোঁটাও রাস্তা তৈরী হয়নি এবং এক ছিটেফোঁটাও মাটি সেখানে পড়েনি। কংগ্রেসীদের কাছে এই নন্দীগ্রাম একটি অবহেলার বস্তু এবং চক্ষু শূলের জায়গায় পরিণত হয়েছিল। সেখানে কোন ডেভেলপমে হয়নি। আমাদের বামফ্রন্ট সরকার আসার পরে ঐ পশ্চাৎপদ গ্রামটি যাতে একটু উন্নতি হয় তার জন্য আবেদন করছি। নন্দীগ্রামে দুর্গত অবস্থা এবং এটা একটি পশ্চাৎপদ অবস্থায় রয়েছে। বিগত কংগ্রেস আমলে নন্দীগ্রামে মানুষ কংগ্রেসীদের অপচেষ্টার বিরুদ্ধে যে লড়াই করেছিল তার জন্য এই জায়গা একটি স্বাতন্ত্র্য বজায় রেখেছে। সুতরাং নন্দীগ্রামকে অভিশাপ থেকে মুক্ত করার জন্য আমাদের বামফ্রন্ট সরকারকে অনুরোধ করছি। আগস্ট বিপ্লবের ক্ষেত্রে নন্দীগ্রাম একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছে। এই নন্দীগ্রামকে যাতে শাসন ব্যবস্থার সঙ্গে যুক্ত করা যেতে পারে এবং এই বঞ্চিত গ্রামটিকে যাতে সরকারি যোগাযোগ ব্যবস্থার সাথে যুক্ত করা যায় তার জন্য অনুরোধ করছি। কংগ্রেসীরা যে অপচেষ্টা সেখানে করেছিল সেটাকে আপনারা মুক্ত করুন। কেবল মাত্র ৩৬ বছরে ৬ মাইল মাত্র রাস্তা তারা তৈরী করেছিলেন। এখানে ২ লক্ষ আড়াই লক্ষ লোক বাস করে। তারা যাতে ঠিকমত যাতায়াত করতে পারে এবং এখানে যে অফিস আছে তার সঙ্গে জনসাধারণের কোন যোগ সংযোগের ব্যবস্থা নেই। আপনি আপনার সীমিত অবস্থার মধ্যে যেটুকু করেছেন তার মধ্যে এই গ্রামটির দিকে একটু দৃষ্টি দেবেন। আপনি প্রত্যক্ষভাবে সেখানে যোগাযোগ সৃষ্টি করে কাজটি যাতে ত্বরান্বিত হয় তার জন্য ব্যবস্থা নেবেন। আরেকটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। এই রাস্তা নির্মাণের কাজ যাতে ত্বরান্বিত হয় তারজন্য একটি অনুরোধ রাখছি। এখন মেটিরিয়ালসের দাম বেড়েছে, ফলে রাস্তা নির্মাণের কাজে অসুবিধা হচ্ছে এবং রাস্তা নির্মাণের খরচ দিনের পর দিন বেড়ে যাচ্ছে।

কারণে আমি একটি প্রস্তাব রাখছি—যদি পঞ্চায়েতের মাধ্যমে মাটি ফেলার কাজ দেওয়া হয় এবং মেটিরিয়ালস দেওয়ার ব্যাপারে পি ডব্লু ডি-কে দায়িত্ব দেওয়া হয় তাহলে জনসাধারণের সঙ্গে একটা ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপিত হয়। এতে রাস্তাগুলিও অনেক ডেভেলাপ করতে পারে এবং জনসাধারণের অনেকটা সুবিধা হবে। সুতরাং বিগত ৩৬ বছরে যে রাস্তার কোন উন্নতি হয়নি এবং শাসন ব্যবস্থার সঙ্গে কোন রকম যোগাযোগ নেই, বঞ্চিত অবস্থায় রয়েছে তার অগ্রাধিকার যাতে হয় তারজন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি এবং সেই সঙ্গে এই বাজেট বরাদ্দকে পরিপূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 P. M.]

শ্রীসুভাষ চন্দ্র মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রীর লিখিত ভাষণ অল্প সময়ের মধ্যে পড়ে যেটুকু অভিজ্ঞতা হল তাতে এই বাজেটের বিরোধিতা না করে থাকতে পারছি না। বামফ্রন্ট সরকার বা কংগ্রেস সরকার থেকে যেকোন উন্নয়নমুখী কাজ করতে গেলে রাস্তার প্রয়োজন। মুখ্যমন্ত্রীর বাজেটের উপর আলোচনাকালে বলেছিলাম গ্রাম ও শহরের মধ্যে একটা কম্যুনিকেশান গ্যাপ থেকে যাচ্ছে। এই গ্যাপ রেখে কিভাবে কাজ হবে তা বুঝতে পারছি না। আমি শুধু পুরুলিয়া ও বাঁকুড়ার কথা বলবো। ১৯৫৬ সালের ১লা নভেম্বরে পুরুলিয়া জেলা পশ্চিমবাংলায় সংভাই হিসেবে এল। তৎকালীন এর নাম ছিল মানভূম। আমি এখানে কতকগুলি বিশেষ বিশেষ রাস্তার কথা বলবো। প্রথম হচ্ছে আড়ষা হতে বেগমকুদর রাস্তা। এই রাস্তার কাজ বামফ্রন্ট সরকার শুরু করেছিলেন। তারপর হঠাৎ জানি না কেন এর কাজ বন্ধ হয়ে গেল। চারিদিকে পাথর বিছান রয়েছে যার ফলে সাইকেল দূরে থাক গাড়ি চলে না। তারপর রাথবড় হতে বেগমকুদর রাস্তার মাঝে কাঁসাই নদীর উপর সেতু ও রাস্তা করার দরকার। দেখা গেল এই রাস্তা গ্রহণ করা হল, টাকাও দিলেন। কিন্তু দেখা যাচ্ছে সেই সেতু ও রাস্তা দুইই হচ্ছে না। সামনে পঞ্চায়েত নির্বাচন বলে জানি না কোন খাতে এই টাকা খরচ হবে—সেতু না রাস্তা। এবার ঝালদা হতে গোলা রাস্তার কথা বলবো। এই রাস্তার মধ্যে দিয়ে মা ছিন্নমস্তার পূজা দিতে যেতে হয়। এই রাস্তা মাত্র ২৪ মাইল, আবার বোখারো দিয়ে গেলে ৯০ মাইল ঘুরতে হবে। এই রাস্তাটি পি. ডবলু. ডি. (রোডস) সার্ভে করেছেন। কিন্তু জেলা পরিষদের চেয়ারম্যান না করতে দেবেন, না করবেন। এই অবস্থার জন্য আমি আলোচনা করায় তিনি বলেন পি. ডবলু. ডি.

(রোডস) চাইলেই তিনি রাস্তাটি দেবেন। এদিকে যখন পি. ডবলু. ডি. চাইতে যাচ্ছেন করার জন্য তিনি তখন বলছেন জেলা পরিষদ থেকে করা যাবে। বিহার এবং বাংলার বর্ডারের উপর যে নদী আছে তার উপর একটি সেতু নির্মাণ করা খুব দরকার। এই সেতুটি বিহার সরকার করার পরিকল্পনা করেছিলেন। এদিক থেকে একটা পরিকল্পনা হয়েছিল। কিন্তু টেণ্ডারের গোলযোগের জন্য কাজ পড়ে আছে। বিহার সাইডের কাজ তারা আরম্ভ করেছে। বাগমুণ্ডি আরষা থানায় অযোধ্যা পাহাড়ে অনেকে বেড়াতে যান। সেখানে মুখ্যমন্ত্রী, রাজ্যপালও গেছেন। কিন্তু সেই রাস্তাটি আজ পর্যন্ত সরকার গ্রহণ করলেন না কেন? বাজেটের মধ্যেও কিছু নেই। সাঁওতালদিহি তাপবিদ্যুৎ কেন্দ্রের রাস্তা নির্মাণের জন্য ২২ লক্ষ টাকার উল্লেখ করেছেন। এই কাজটি করা সত্যিই দরকার। কিন্তু অযোধ্যা পাহাড়ে যাওয়ার ক্ষেত্রে যে রাস্তা সেই রাস্তাটা অত্যন্ত এসেনশিয়াল হয়ে পড়ে। আমি আশা করেছিলাম সেই রাস্তার কথা মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে পাব। কিন্তু সে সম্বন্ধে কোন বক্তব্য তাঁর বাজেট ভাষণে পেলাম না। সেজন্য এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীঅনন্ত সরেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত আবাসন মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু'চারটি কথা বলতে চাই। আমি বিরোধী দলের বক্তব্য খুব মন দিয়ে শোনার চেষ্টা করেছি। তাঁরা যে বক্তব্য রাখলেন বা এই ব্যয়-বরাদ্দের যে সমালোচনা করলেন তাতে আমার মনে হয় তাঁরা যদি ক্ষমতায় থাকতেন তাহলে পশ্চিমবঙ্গে আর কোন সমস্যা থাকত না, তাঁরা সমস্ত সমস্যা শেষ করে দিতেন। আমি মাঝে মাঝে লক্ষ্য করি তাঁরা বক্তব্য রাখেন, না, অভিনয় করেন সেটা ঠিক বোঝা যায় না। যাই হোক, বামফ্রন্ট সরকারের সীমিত ক্ষমতার মধ্য দিয়ে তিনি যে কাজ করতে চেয়েছেন বিশেষ করে আদিবাসী অধ্যুষিত এলাকায় রাস্তাঘাটের উন্নয়নে তিনি যে চেষ্টা চালিয়েছেন তার দৃষ্টান্ত কিছু এখানে রাখতে চাই। আমি যে এলাকা থেকে নির্বাচিত সেটা উড়িষ্যা-বিহার সীমান্ত। আমি সেই সীমান্ত সংলগ্ন এলাকার দু'একটা কথা বলতে চাই। আমরা আদিবাসী অধ্যুষিত এলাকায় বা গ্রামাঞ্চলে বসবাস করে রাস্তাঘাট বা কোন সেতুর স্বপ্ন কোনদিন দেখিনি। ১৯৭২ সালে কংগ্রেস ক্ষমতায় আসার পর আমাদের ঐ এলাকার জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি তাঁরা পালন করতে পারেন নি। সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি আমাদের এই সুবর্ণরেখা নদীর উপর সেতু করার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন।

কিন্তু সেই প্রতিশ্রুতি তিনি রক্ষা করতে পারেন নি। আমাদের বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার উপর দাঁড়িয়েও যেভাবে ঐ এলাকার মানুষকে উৎসাহের সঙ্গে কাজ দেখিয়েছেন তাতে আমি মনে করি ৩০ বছর যাঁরা সরকারে ছিলেন তাঁদের আর সমালোচনা করার কিছু নেই।

[5.25—5.35 P.M.]

আমরা এটা আশা করিনি, ভাবতে পারিনি যে, সুবর্ণরেখা নদীর উপর সেতু নির্মাণ করা হবে, কিন্তু আমরা দেখলাম সেখানে সেতু নির্মিত হয়েছে এবং অত্যন্ত আনন্দের কথা সেখানে যিনি আদিবাসীদের মহান নেতা ছিলেন তাঁর নামেই সেই সেতু নির্মাণ করা হয়েছে এবং জনসাধারণের স্বার্থে সেই সেতুর উদ্বোধন করা হয়েছে। অতীতে এখানে যে সরকার ছিল তাঁদের দল আজকে এখানে বসে নানা রকম কথা বলছেন, চীৎকার করছেন। তাঁরা আজকে নানা রকম যুক্তি দিয়ে এই বাজেটের সমালোচনা করছেন, কিন্তু গত ৩০ বছর ধরে তাঁরা কি করেছিলেন সেটা কিন্তু একবারও বললেন না। তাঁরা নানা রকম যুক্তি দিয়ে সমালোচনা করেন বটে, কিন্তু আমি লক্ষ্য করেছি মন্ত্রী মহাশয়রা যখন জবাবী ভাষণ দেন তখন তাঁদের তরফে ২।৩ জন সদস্য মাত্র এখানে উপস্থিত থাকেন। আমি মনে করি এটা খুবই লজ্জার কথা। এবারে আমি আমাদের ওখানে যে-সমস্ত কাজ হয়েছে তার উদাহরণ দিচ্ছি। খড়িকা মাথানী থেকে চুমশাই ২৫ কিলোমিটার পাকা রাস্তা হয়েছে, বরাকাটি থেকে নিগোই যেটা হচ্ছে ন্যাশানাল হাইওয়ে তার কাজ চলছে। আমি আশা করি, এই সমস্ত কাজ অত্যন্ত দ্রুত গতিতে হবে। আমরা আর একটা জিনিস যা ভাবতেও পারিনি সেটা হয়েছে—অর্থাৎ ঝাড়গ্রামে সরকারী কর্মচারীদের জন্য একটা আবাসন তৈরী হয়েছে এবং একটা বাস্ স্ট্যাণ্ড নির্মাণের পরিকল্পনা হয়েছে। এইভাবে কাজ করা সত্বেও বিরোধী পক্ষের সদস্যরা যেভাবে ব্যয়-বরাদ্দের সমালোচনা করলেন তাতে আমি মনে করি এটা তাঁদের পক্ষে ঠিক শোভনীয় নয়। আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন যে পশ্চিমবাংলা জন্য ভাবনা চিন্তা করুন, পশ্চিমবাংলা কি অবস্থায় আছে দেখুন। কৈ, সেকথা তো আপনারা একবারও বললেন না? ওঁনাদের সময় পশ্চিমবাংলায় জরুরী ভিত্তিতে একটা পরিকল্পনা করা হয়েছিল এবং পশ্চিমবাংলা সরকার তাতে ২৫০ কোটি টাকা খরচ করবার জন্য একটা পরিকল্পনা করেছিলেন। এ ব্যাপারে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া যে রিপোর্ট পেশ করেছে তাতে বলা হয়েছিল, যে সমস্ত রাস্তা করবার কথা বলা হয়েছে, সেগুলো অযোগ্য এবং ঠিকাদারদের সঙ্গে হাত

মিলিয়ে তখনকার বন্ধুরা যে কাজ করেছিলেন সেটাও সেই রিপোর্টে উল্লিখিত আছে। কাজেই তাঁরা আবার আমাদের সমালোচনা করছেন—এটা বড়ই দুঃখের কথা। এবারে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব মেদিনীপুর এবং অন্যান্য জেলায় যে সমস্ত রাস্তাঘাট অবহেলিত অবস্থায় রয়েছে বা হয়নি সেদিকে দৃষ্টি দিন। সব কিছু কাজ হয়ে গেছে এটা ঠিক কথা নয়। সবকিছু যাতে ভালভাবে গ্রাম থেকে শহরে আসতে পারে এবং বিভিন্ন জেলার সঙ্গে যাতে যোগাযোগ সৃষ্টি করা যায় তার ব্যবস্থা করুন এবং কংসাবতীর উপর যাতে সেতু হয় সেই ব্যবস্থা করুন। আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি এবং মাননীয় স্পীকার, বামফ্রন্ট সরকার ও মাননীয় সদস্যদের ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীযতীন চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছি সেটা আমার পক্ষে মনে করিয়ে দেওয়া উচিত যে কাকের বাসায় কোকিল ডিম পেড়ে যায়—কারণ কোকিল বাসা বাঁধতে পারে না—সেই জন্য কাকের বাসায় ডিম পাড়ে, আর কাক তা দিয়ে সেই ডিম ফুটিয়ে দেয়। আমি এখানে তিনটি বরাদ্দ পেশ করেছি। একটা হোল ৪৮ কোটি ১৮ লক্ষ, আর একটা হোল ৭১ কোটি ৫৩ লক্ষ, আর একটা হোল ২০ কোটি ৫৮ লক্ষ এবং এর সঙ্গে কয়েক হাজার টাকা আছে। অধ্যক্ষ মহাশয় আমার নিজস্ব বলতে রাস্তাঘাট তৈরী করা, বাড়ী তৈরী করা আবাসন মন্ত্রী হিসাবে—তাহলে স্যার, আমার মোট বরাদ্দ আমার নিজের জন্য বাজেট যেটা সেটা হচ্ছে PWD, PWD Roads, PWD Construction Board সেতু এই তিনটি মিলে আমার সবশুদ্ধ ১২ কোটি টাকা এবং আবাসনের জন্য ৭ কোটি টাকা। আর বাকীটা সেই কোকিলের ডিম কাকের বাসায়, আমি শুধু তা দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের বক্তাদের বক্তব্য শুনলাম। একটা কথা বলেছে যে রুর‍্যাল হাউসিং কেন হয় না। ওঁরা জানেন না যে ওটা আমার দপ্তরের কাজ নয়। গ্রামাঞ্চলে বাড়ী করবার দায়িত্ব অন্য দপ্তরের। অনেকে বলেছেন রুর‍্যাল রোডের ব্যাপারে আমাদের নাকি অত্যন্ত কমতি টাকা। রুর‍্যাল রোডের ব্যাপারটা ওঁদের পরিষ্কার করে দেওয়া দরকার। আমরা কিছু কিছু রাস্তা গ্রামে করেছি এবং করবো। যেখানে ১৫/১৬ শত অধিবাসী বাস করে সেটা এক শ্রেণীর রাস্তা—আর কিছু কিছু রাস্তা করি যেটা আর এক শ্রেণীর রাস্তা, যেখানে এক হাজার থেকে দেড় হাজার অধিবাসী বাস করে। এখন হিসাব করে যদি দেখি তাহলে দেখবো পশ্চিম-বাংলায় ৩৭ হাজার গ্রাম আছে এবং এই ৩৭ হাজার গ্রামে যদি যোগাযোগের

কম রাস্তা করতে হয় তাহলে ১৭ হাজার ৬০০ কিলোমিটার রাস্তা করতে হবে এবং তাতে খরচ পড়বে ১ হাজার কোটি টাকা। সুতরাং আমি যেটুকু টাকা পাই সেই টাকার মধ্যে কিছু কিছু গ্রামাঞ্চলের রাস্তা করছি। বিরোধী দলের সদস্য শান্তি মোহন রায় বললেন—তিনি হুগলী জেলার লোক—তাঁর একটু কৃতজ্ঞতা থাকা উচিত ছিল। স্যার, আরামবাগের দিকে যদি যান তাহলে দেখতে পাবেন যে সেখানে ১৭টি কাঠের পুল ছিল। বামফ্রন্ট সরকার আসার পর আমরা ১৪টি কংক্রীট ব্রীজ করে দিয়েছি। তা সত্ত্বেও তিনি এই সব কথা বললেন—একটু কৃতজ্ঞতা ওঁর থাকা উচিত ছিল।

[5.35—5.45 P.M.]

১৯৭৭ সালের আগে পর্যন্ত ১৪,৫০০ কিলোমিটার পর্যন্ত রাস্তা ছিল। ১৯৭৭ সালের পর থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত ১৭,০০০ কিলোমিটারের ওপর রাস্তা হয়েছে। আমরা প্রতি বছর ২৫০—৩০০ কিলোমিটার রাস্তা তৈরী করে থাকি। কংগ্রেসের যতগুলো সেতু ছিল, আমরা বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর একটা নীতি গ্রহণ করি যে ন্যূনতম পক্ষে একটি করে সেতু প্রতি জেলাতে করে দেব। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত আমরা ১৯টি বড় বড় ব্রীজ ও সেতু তৈরী শেষ করেছি। এবং কয়েকটি ক্ষেত্রে তৈরীর কাজ চলছে। তা সত্ত্বেও ওঁরা বলছেন যে বামফ্রন্ট সরকার নাকি কোন কাজ করেনি। ওঁদের সব থেকে বড় অভিযোগ কি, না, বাম্প তৈরী হচ্ছে। স্যার, আমাদের রাজ্যপাল যখন কোন জেলাতে যান এবং মুখ্যমন্ত্রীর যদি কোন জেলায় প্রোগ্রাম থাকে তখন নাকি আমি নিজে দাঁড়িয়ে থেকে পুলিশ এবং ইঞ্জিনীয়ারদের সাহায্য নিয়ে ঐসব বাম্পগুলোকে তুলে দিই। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, কি করব, আমাদের দেশের লোক এই রকম, এই রকম সমস্যার সমাধান আমরা করতে পারছি না। আমি নিজে দেখেছি—যে আনন্দবাজার পত্রিকা আজকে খুব ক্ষোভ দেখাচ্ছেন—আনন্দবাজারে আমার ছবি বেরিয়েছে যে আমি কি করে বাম্প ভাঙছি, কত তাড়াতাড়ি ভাঙছি। যখনই যেখানে বাম্প হয়, বিশেষ করে ন্যাশনাল হাইওয়েতে যদি হয়—আমরা বাম্প তৈরী করি না, আমরা রাম্বল স্ট্রীপ তৈরী করি এবং সেটাই হচ্ছে নিয়ম, সেটা কেন্দ্রীয় সরকারের নির্দেশ। যেগুলো রাজ্য সড়ক—আমাদের একটা মার্ক করা আছে, তার বেশী উঁচু বাম্প আমরা করি না। যেখানে আমাদের বাম্প থাকে সরকারী ভাবে সেখানে আমরা সেই সব সাইনবোর্ড দিয়ে দিই যে সামনে

বাম্প আছে। কিন্তু গ্রামের লোকেদের একটা অদ্ভুত ধারণা কোন জায়গায় যদি একটা এ্যাক্সিডেণ্ট হয় কোন সময়, যে কোন কারণেই হোক সঙ্গে সঙ্গে ওখানে তারা একটা বাম্প তৈরী করে দিল। গ্রামের লোকেরা যেখানে সেখানে যখন খুশী এইসব বাম্প তৈরী করছে। বর্ধমান থেকে পানাগড় পর্যন্ত রাস্তায় আমি বোধহয় চার/পাঁচবার বাম্প ভেঙেছি পুলিশ দিয়ে, হাইওয়ে পেট্রল সঙ্গে নিয়ে। সুতরাং যাঁরা প্রতিনিধিত্ব করেন গ্রামের মানুষের, জেলার মানুষের তাঁদের যে দায়-দায়িত্ব আছে, যাতে কথায় কথায় বাম্প তৈরী না করে গ্রামের লোকেরা, সাধারণ যাত্রীদের অসুবিধার সৃষ্টি যাতে না হয় সে দিকে যদি তাঁরা দৃষ্টি রাখেন তাহলে আমার মনে হয়, এত বাম্প তৈরী হত না। এবারে আমি আপনার কাছে বলি, আমার অবস্থা সেই দীন দরিদ্র ব্রাহ্মণের মত। সত্যই আমি দীন দরিদ্র ব্রাহ্মণের মত, সকলের আমার প্রতি সহানুভূতিশীল হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন আমার অবস্থাটা কি। আবাসনটা আমি আগে ধরছি। পশ্চিমবাংলায় আমার দুটি বিভাগ আছে। একটি হচ্ছে আবাসন পর্ষদ, আর একটি হল আবাসন বিভাগ—হাউজিং ডিপার্টমেণ্ট, হাউজিং বোর্ড। আবাসন পর্ষদ গঠিত হয়েছে ১৯৭৩ সালে। ১৯৭৩ সাল থেকে শুরু করে এবং তার আগে থাকতে হাউজিং ডিপার্টমেণ্টে মোট এই পর্যন্ত বাড়ী বিক্রি করবার জন্য হায়ার পারচেজ সিস্টেমে সব সমেত আমরা তৈরী করেছি মাত্র ৬৫,০০০।

আমরা হিসাব করে দেখেছি আমাদের জনসংখ্যা যেভাবে বাড়ছে এবং পূর্ববাংলা থেকে আজও আমাদের ভাইবোনেরা যেভাবে আসছেন তাতে ক্যালকাটা মেট্রো-পলিটন এরিয়াতে-কোলকাতা এবং তার আশেপাশে প্রতি বছর ৫০ হাজার করে যদি আমরা ডুয়েলিং ইউনিট করি বা বাসস্থানের ব্যবস্থা করি এবং লাগাতার ১৫ বছর ধরে যদি আমরা এই রেটে করে যাই তাহলে মেট্রোপলিটন ডিস্ট্রিক্টে কিছুটা আমরা সুরাহা করতে পারি। অথচ সেখানে আমাদের পারফরমেন্স কি? তার কারণ কি? স্যার, আপনি জানেন, ৫৫ লক্ষ লোক বস্তিতে বাস করেন। তাদের যদি আমাকে বাড়ী দিতে হয় এবং যদি ইউনাইটেড নেশানের যে মান আছে সেই মানে আমাকে যদি ৫ লক্ষ বাড়ী প্রতি বছর করতে হয়—২ কোটি আমাদের জনসংখ্যা তাদের জন্য এবং সেখানে যারা দুর্বলতর শ্রেণীর মানুষ তাদের বাড়ী তৈরীর জন্য যদি ১০ হাজার টাকা করে ধরি, জমির দাম বাদ দিয়ে তাহলে সর্বসাকুল্যে ৫০ কোটি বছরে আমার প্রয়োজন। কে দেবে আমাকে সে টাকা? স্যার আপনাকে আমি আগেই বলেছি, আবাসনের জন্য সবসুদ্ধ আমাদের পরিকল্পনা বাজেট ৭ কোটি টাকার বেশী নয়। আমরা তাহলে কোথা থেকে টাকা পাব? স্যার, আমরা যে বাড়ী তৈরী করেছি,

এল. আই. জি, এম. আই. জি, ইকনমিক্যালি উইকার সেকশানের জন্ম এবং সরকারী কর্মচারীদের জন্ম সেটা হচ্ছে ২৬ হাজার ৩৪০। তাছাড়া আমরা কিছু কিছু টাকা ধারও দিয়ে থাকি মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের। ১ কোটি ৫৫ লক্ষ টাকা এ বছর আমরা দিচ্ছি। তাতে এল. আই. জি, এম. আই. জি শ্রেণীর মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত মানুষরা ১১শো বাড়ী তারা তৈরী করবেন। সর্বসাকুল্যে ২৭ হাজার আর ২৬ হাজার বেসরকারীভাবে নিজেদের উদ্যোগে আমাদের থেকে টাকা ধার নিয়ে লোকে বাড়ী করেছেন, এই বাড়ী আমরা তৈরী করেছি। স্যার, আগামী বছর আমরা যে বাড়ী তৈরী করার কাজে হাত দিচ্ছি সেটা হচ্ছে ১৬শো ফ্ল্যাট আমরা তৈরী করছি। দুর্বলতর শ্রেণীর জন্ম ৩৫৮টি ফ্ল্যাট, নিম্নবিত্তদের জন্য ৬২৪টি ফ্ল্যাট এবং সরকারী কর্মচারীদের জন্ম ৬১৮টি ফ্ল্যাট বিভিন্ন জায়গায় হবে। এর মধ্যে শিলিগুড়ি আছে, আন্দুল রোড আছে, মালবাজার আছে, কোলকাতার সল্টলেক আছে, কাঁথী আছে, কুচবিহার আছে এবং দুর্গাপুর আছে। স্যার, দুর্ভাগ্যের কথা দুর্গাপুরে আমরা ৪শো বাড়ী তৈরী করে বসে আছি কিন্তু কাজের সমন্বয়ের অভাবের জন্ম সেগুলি পড়েই আছে। আমরা এই ৪শো বাড়ী সিটি সেন্টারে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের জন্ম করেছি কিন্তু তিন বছর ধরে খালি পড়ে আছে। এর কারণ হচ্ছে, দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি আমাকে জল দেবেন, তারা দিচ্ছেন না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড আমাকে বিদ্যুত দেবেন তবে আমার পাম্প বসবে কিন্তু সেখানে সমন্বয়ের অভাব রয়েছে। আমার বোধহয় বাড়ী করার আগে এদের সঙ্গে বন্দোবস্ত করা উচিত ছিল। তবে আমি ভেবেছিলাম, আমরা আবেদন করলেই পেয়ে যাব। এই না পাবার ফলে আমাদের মুশকিল হয়ে গিয়েছে। সেখানে বহু টাকা আমরা ভাড়া হিসাবে পাচ্ছি না। আমরা সেগুলি ভাড়া দিতে পারছি না তার কারণ জল ও বিদ্যুত ছাড়া ভাড়া দেওয়া যায় না। এর জন্ম সেখানে আমাকে পাহারা রাখতে হচ্ছে।

[5.45—5.55 P. M.]

আমাদের কিছু কিছু টাকা যা ভাড়া পেতাম সেটাও আজকে পাচ্ছি না। সেদিক থেকে আমাদের রেভিনিউয়ের ক্ষতি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি প্রশ্নোত্তরে বলেছি যে, আমার হাউসিং দপ্তর থেকে, আমার আবাসন দপ্তর থেকে কঠোর ব্যবস্থা নিয়েছি। এবারে বকেয়া ভাড়া আদায়ের ক্ষেত্রে আমরা রেকর্ড করেছি। ১৯৮৩ সালের মার্চ পর্যন্ত ৬৪ লক্ষ টাকা আমরা বকেয়া ভাড়া

আদায় করেছি। আমরা কঠোর ব্যবস্থা নিয়ে পুলিশ দিয়ে তুলে দিয়েছি এবং এখন পর্যন্ত রেকর্ড আদায় হয়েছে, ১ কোটি ৬০ লক্ষ টাকা আদায় হয়েছে। তা সত্ত্বেও আজকে জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে গেছে তাতে আমি কি বাড়ী তৈরী করবো বুঝতে পারছি না। বাড়ী তৈরী করবার পথে আমার যে বাধা, তার মধ্যে দিয়ে আমাকে কাজ করতে হল। আপনি দেখুন যে জিনিসপত্রের দর কিভাবে বাড়ছে। আমার স্টীল লাগে। ১৯৭৭ সালে স্টীলের দর ২ হাজার টাকা মেট্রিক টন ছিল। আমার ২ হাজার মেট্রিক টন প্রয়োজন হয়। ১৯৮২ সালে তার দর বেড়ে হ ৫ হাজার ২০০ টাকা। অর্থাৎ ২৬০ পারসেন্ট দর বেড়েছে। আমার সিমেন্ট লাগে ১৯৭৭ সালে এক মেট্রিক টন সিমেন্ট ছিল ৩৬০ টাকা। সেখানে লেভী সিমেন্ট হয়েছে ১ হাজার ৬০ টাকা। আর নন-লেভী হচ্ছে ১৪০০ টাকা। এটা হিসাব করলে দেখা যাবে যে, ২৯০ পারসেন্ট দর বেড়েছে। আমার ইট প্রয়োজন হয়। আমরা অনেক ইট তৈরী করি। কিন্তু তা সত্ত্বেও আজকে ১ হাজার ইটের দাম ১৯৭৭ সালে ছিল ১৮০ টাকা, সেটা আজকে বেড়ে হয়েছে ৭০০ টাকা। অর্থাৎ ৩৬০ পারসেন্ট দর বেড়েছে। আমার বাড়ী তৈরী করতে গেলে দরজা, জানালার জন্য শাল কাঠের প্রয়োজন হয়। ১৯৭৭ সালে তার দর ছিল কিউবিক মিটার ১৪০০ টাকা। সেটা আজকে বেড়ে হয়েছে ৩,২০০ টাকা। অর্থাৎ ২২০ পারসেন্ট দর বেড়েছে। এই রকম অবস্থার মধ্যে দিয়ে আমরা বাড়ী তৈরী করছি এবং সেই বাড়ী ভাড়া হচ্ছে। আমাদের কতকগুলি নিয়ম আছে। সেই নিয়ম অনুসারে আমরা বাড়ী তৈরী করে থাকি এবং তার ভাড়া নির্ধারণ করে থাকি। সেই নির্ধারণের সময়ে আমরা জমির দাম, জিনিসপত্রের দাম, যে টাকা আমরা লগ্নী করছি তার একটা সুদ এবং ৭৫ বছরের জন্য সেই বাড়ীর পরমায়ু ধরে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, শিলিগুড়িতে আমরা বাড়ী করে ফেলে রেখেছি মহানন্দা সেতুর ওখানে। এই ব্যাপারটা মাননীয় সদস্যদের আমি. ভেবে দেখার জন্য অনুরোধ করবো। আমি আর ভাড়া বাড়ী করবো কিনা সেটা বুঝতে পারছি না। ভাড়া বাড়ী বোধহয় আর করা সম্ভব হবে না। শিলিগুড়িতে ৩-তলা বাড়ী করেছি। নিচের তলায় দুর্বল শ্রেণীর যারা এল আই জি তাদের জন্য বাড়ী করেছি। ঠিক সেতুর সমান্তরাল করে দোকান করেছি। আপনি যদি দার্জিলিং যাবার সময়ে সেতুর উপর দিয়ে দেখেন তাহলে আপনার চোখ জুড়িয়ে যাবে, এত সুন্দর হয়েছে। তার যে মান, সেই মান অনুযায়ী হিসাব করে দেখেছি যে মধ্যবিত্ত পরিবারের জন্য যে ফ্ল্যাট করেছি তার ভাড়া গিয়ে দাঁড়াচ্ছে ৯০০ টাকা মাসে।

নিম্নবিত্তদের জন্য ৫০০ টাকা এবং দোকানের জন্য ভাড়া নির্ধারিত হতে চলেছে

। শো টাকা। কে নেবে? আমি কমিটি বসিয়ে রেখেছি, এস ডি ও তার
াপতি, বহু দরখাস্ত আসছে, আমি ফাইনান্স দপ্তরের কাছে পাঠিয়েছি এই বলে
, আপনারা ঠিক করে দিন আমাদের ভরতুকি দেবেন কিনা। সুতরাং আজকে
ড়া বাড়ী করা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে, করতে পারবো কিনা জানি না। এ
পর্কে সরকারের একটা নির্ধারিত নীতি ঠিক করতে হবে, তা ছাড়া কোন উপায়
ই। এই রকম একটা অদ্ভুত পরিস্থিতির মধ্যে দিয়ে আমি আবাসনমন্ত্রী হিসাবে
াজ করে চলেছি। তারপর মেনটেনান্স বা রক্ষণাবেক্ষণ সম্পর্কে কথা উঠেছে।
বছর সর্বসাকুল্যে মেনটেনান্সের জন্য আমি পেয়েছি ২ কোটি ৭৭ লক্ষ টাকা এবং
তবার পেয়েছিলাম ২ কোটি ৩২ লক্ষ টাকা। বিরোধী দল থেকে বলা হবে নিশ্চয়
।, এবারে তো টাকা বেড়েছে, তাঁদের বলব, সেখানে আপনারা হিসাব করে দেখুন
বস্থাটা কি দাঁড়িয়েছে। মেনটেনান্সের স্টাফেদের মাহিনা বেড়েছে, তাদের
র্ঘভাতা বেড়েছে, এর থেকে সেটা আমাকে দিতে হবে। তা ছাড়া ইলেকট্রিক
ল সেটাও আমাকে দিতে হচ্ছে। ইলেকট্রিক কোম্পানী তাদের রেট বাড়িয়ে
য়েছেন, কাজেই সেখানেও আমার টাকা খেয়ে যাচ্ছে। তা ছাড়া আরো শুনুন,
াৎ আচমকা মিউনিসিপ্যাল ট্যাক্স বাড়িয়ে দেওয়া হল অদ্ভুতভাবে, আমাকে সে
কাও দিতে হবে। এর উপর আবার জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে,
সকালেশান অব কস্ট অব কনসট্রাকশান মেটিরিয়ালস, সেটা আমি আগেই বলেছি
মনটেনান্স করা অসম্ভব হয়ে পড়েছে। ৪/৫ বছর বাড়ী হয়েছে, সেখানে রং
রার জন্য বারবার আমার কাছে সেখানকার অধিবাসীরা বলছেন, কিন্তু সেটাও
মি করে উঠতে পারছি না। ইঞ্জিনীয়ারদের ধমকাচ্ছি, বকছি। তাঁরা বলছেন,
স্যার, আপনি টাকা বের করে দিন, হবে। আমি ৭ কোটি টাকা পেয়েছি প্ল্যান
াজেটে এবং ২ কোটি ৩০ লক্ষ টাকা পেয়েছি মেনটেনান্সের জন্য। এর পর স্যার,
মি রাস্তার ব্যাপারে কয়েকটি কথা বলব। রাস্তার ব্যাপারে বলার আগে আমি
র একটি কথা বলে নিই। স্যার, রাস্তার ব্যাপারেই হোক বা আবাসনের ব্যাপারেই
হাক, একথাটা আশা করি বিরোধীপক্ষ স্বীকার করবেন যে, পূর্ত এবং আবাসন
প্তরের পক্ষ থেকে কোন সময়ই আমরা সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের মধ্যে
কান বৈষম্য কোনদিন করি না, সেখানে নিরপেক্ষভাবে আমরা কাজ করি।
আরামবাগে যখন আমাদের কোন প্রতিনিধি ছিলেন না, নির্বাচিত প্রতিনিধি তখন
আরামবাগে আমি পোল করে দিয়েছি। তখন সেখান থেকে লোকসভার সদস্য
ছিলেন শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন এবং বিধানসভার সদস্য ছিলেন শ্রীঅজয় দে। নিরপেক্ষ
ভাবে আমরা সেখানে কাজ করেছি, কংগ্রেসের মতন আমরা খোঁজ করে কাজ

করিনি। আমরা কাজ করেছি, তার কারণ আমরা বিশ্বাস করি জনসাধারণ, যাঁরা শহরে বা গ্রামে থাকেন, তাঁরা যে দলভুক্তই হোন না কেন তাঁরা আমাদের কাছে কিছু প্রত্যাশা করেন। সেখানে যেটুকু আমাদের অর্থনৈতিক সঙ্গতি আছে বা যেটুকু আমাদের করার ক্ষমতা আছে সেটুকু আমরা করে দিয়েছি এবং দিই। সেখানে নিরপেক্ষভাবে বামফ্রন্ট সরকারের মন্ত্রী হিসাবে আমি কাজ করেছি। সেখানে ফ্ল্যাট বন্টনের ব্যাপারেই বলুন, আর রাস্তা তৈরীর ব্যাপারেই বলুন, কোনখানেই আমরা কোন রকম বৈষম্য করি নি। স্যার, রাস্তার ব্যাপারে বলতে গিয়ে আমি জিনিসপত্রের দাম কিভাবে বেড়েছে সে কথার আর পুনরুক্তি না করে কেবল কয়েকটি জিনিসের দাম কি হারে বেড়েছে সেটার একটু উদাহরণ দিতে চাই। যে পীচ তৈরী করি রাস্তার জন্য ১৯৭৭ সালে এক হাজার টাকা ছিল মেট্রিক টন, এখন তার দর হয়েছে ৩ হাজার টাকা মেট্রিক টন। সেখানে ৩০০ পারসেন্ট দর বেড়েছে।

[5.55—6.09 P. M.]

আমরা কি রাস্তা তৈরী করব ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভেবে দেখুন, প্রথম প্ল্যানে আমাদের প্ল্যান এ্যালোকেশন ছিল টোটাল বাজেটের ৭.৫%, আর ষষ্ঠ প্ল্যানে সেটা কমে এসে দাঁড়িয়েছে ২.৩% এবং তার মধ্যে মিনিমাম নিডস প্রোগ্রামের জন্যও অর্থ নির্দিষ্ট করা আছে। অর্থাৎ ১২ কোটি টাকার মধ্যে থেকেও আবার টাকা সরিয়ে রাখতে হচ্ছে। আগে ছিল শুধু সিডিউলড ট্রাইবসরা যে এলাকায় থাকেন, অর্থাৎ আদিবাসী অঞ্চল বলে নির্দিষ্ট, সেখানে সেই অর্থ ব্যয় করতে হত, কিন্তু ঐ ১২ কোটি টাকার মধ্যে এখন আবার জুটেছে সিডিউলড কাস্টসরা, তাদের জন্যও আমাকে ইয়ারমার্কড করে রাখতে হচ্ছে, নির্দিষ্ট করে রাখতে হচ্ছে। স্যার, ১৯৮২-৮৩ সালে প্রথমে আমরা ১৬ কোটি টাকা বরাদ্দ পেয়েছিলাম, তার থেকে ছাঁটকাট করে আমাকে দেওয়া হয়েছিল ১৩ কোটি টাকা এবং তারপরে আবার যখন বাজেটকে রিভাইস করা হয়েছিল তখন সেটা কমে দাঁড়িয়েছিল ১২ কোটি টাকা এবং আমি হাতে পেয়েছিলাম, লেটার অফ ক্রেডিট ১১ কোটি ৭০ লক্ষ টাকা। ১৬ কোটি টাকা এ্যালটমেন্ট হয়েছিল, কিন্তু ছাঁটকাট হয়ে, রিভাইস হয়ে রাস্তা এবং সেতুর জন্য হাতে পেয়েছিলাম ১১ কোটি ৭০ লক্ষ টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই জন্য এবারে যখন অষ্টম অর্থ কমিশন এসেছিল তখন আমি তাঁদের কাছে যে বক্তব্য রেখেছি, সেটা আপনার কাছে এবং সভার কাছে আবার যদি রাখি, তাহলে বুঝতে পারবেন যে পি. ডবলিউ. ডি এবং পি. ডবলিউ.

ডি. (রোড)-এর কি করুণ অবস্থা। এখানে বিরোধীপক্ষের একজন বললেন যে, "আপনি আর এস পি'র মন্ত্রী, সি পি এম সংখ্যাগরিষ্ঠ, সেই জন্য আপনার দপ্তরের টাকা কেটে দিয়েছে, আপনাকে টাকা দেয়নি।" কে আর এস পি, কে ফরোয়ার্ড ব্লক, কে কোন্ দলের—ঐসব কথা বলে আমাদের বামফ্রন্টের মধ্যে যে ঐক্য রয়েছে, সেই ঐক্যকে ভাঙা যাবে না, আমাদের মধ্যে বিভেদ আনা যাবে না, একথা আমি পরিষ্কার করে বলে দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই জন্য আমি বলছি, এবারে যে বাজেট এ্যালোকেশন হয়েছে তাতে দুঃখ করার কিছু নেই। স্বাস্থ্য দপ্তরকে বেশী করে টাকা দিতে হবে। পরিবহণের যে অবস্থা তাতে পরিবহণ দপ্তরকে বেশী করে টাকা দিতে হবে। সেই জন্য আমাদের যত টাকা পাওয়ার কথা তত টাকা আমরা পেলাম না। সুতরাং এই সীমিত সঙ্গতি নিয়েই আমাদের রাস্তাঘাট তৈরী করতে হবে। এখন সবচেয়ে মুশকিল হচ্ছে মেনটেনান্সের ব্যাপারে। আমাদের ১৬ হাজার থেকে ১৭ হাজার রাস্তা মেনটেনান্স করতে হবে। এই সংখ্যাটা কংগ্রেস আমল থেকে ৩০০০ বেশী। প্রতি বছর আমরা ২৫০ থেকে ৩০০ কিলো মিটার নতুন রাস্তার কাজ হাতে নিচ্ছি। এই অবস্থায় আমাদের একটা জিনিস মনে রাখা দরকার যে, যখন আমাদের স্বাধীনতা হলো—যখন আমাদের দেশ দ্বিখণ্ডিত হলো—পশ্চিমবঙ্গ গড়ে উঠল তখন আমাদের কমিউনিকেশন বা যোগাযোগ ব্যবস্থা রাস্তার মাধ্যমে তাড়াতাড়ি করার প্রয়োজন দেখা দিয়েছিল। কারণ তখন রেল ব্যবস্থা ডিসরাপটেড হয়ে গিয়েছিল, অনেকটা রেলপথ বাংলাদেশে বা পূর্ব পাকিস্তানে চলে গিয়েছিল। তখন আমাদের একমাত্র পথ ছিল রাস্তার সাহায্যে তাড়াতাড়ি যোগাযোগ ব্যবস্থা সৃষ্টি করা। সেই সময়ে পশ্চিমবঙ্গ সরকারের সেটাই উদ্দেশ্য ছিল। কিন্তু সেই সময়ে পশ্চিমবঙ্গ সরকার সেই উদ্দেশ্যে কি করেছে ?

যত বেশী জায়গায় রাস্তা করতে পারা গেছে সেটা আমরা করেছি। জেলা শহরের সঙ্গে সাব-ডিভিশন্যাল শহর এবং সাব-ডিভিশন্যাল শহরের সঙ্গে গ্রামের যোগাযোগ ব্যবস্থা করার ফলে যে মানের রাস্তা তৈরী করার প্রয়োজন ছিল, অর্থাৎ যতটা মজবুত করে তৈরী করার দরকার ছিল ততটা আমাদের আর্থিক সঙ্গতি ছিল না। তা সত্ত্বেও বেশী সংখ্যায়, বেশী জায়গায় রাস্তা করতে হয়েছে, ফলে সরকারের পক্ষে সেইভাবে কাজ করা সম্ভব হয়নি। এর উপর ১৯৭১ সালের বন্যা। সেই বন্যায় চেয়েছিলাম ৪৫ কোটি টাকা মেরামত করার জন্য, কিন্তু পেলাম ১৩ কোটি টাকা। বাকি টাকা আমাদের দিতে হয়েছে মেরামত করার জন্য এবং নতুন করে রাস্তা তৈরী করার জন্য আর্থিক অসঙ্গতি থাকা সত্ত্বেও। কারণ সেই

কাজ তো ফেলে রাখতে পারি না। অর্থ কমিশনের কাছে বলেছি, রাস্তা মেইনটেন করতে হবে। যদি রাস্তা রক্ষণাবেক্ষণ করতে হয়, যে এ্যাসেট আমরা তৈরী করেছি তাকে যদি টিকিয়ে রাখতে হয় তাহলে মেইনটেনান্স খাতে কেন্দ্রীয় সরকারের অর্থ কমিশনের দায়িত্ব আছে সেই টাকা দেবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় আমরা মাত্র এক-তৃতীয়াংশ টাকা পেয়েছি। ১৭ কোটি টাকা চেয়েছিলাম, তার মধ্যে পেয়েছি ১২ কোটি টাকা। এর মধ্যে আমি বাধ্য হয়েছি বেশী খরচ করতে। সুতরাং ইতিমধ্যেই ঘাটতি চলছে। আমি পরিষ্কার বলে দিতে চাই, এই হারে যদি আমার ব্যয়-বরাদ্দ কমে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি সাহায্য না পাই, অর্থ কমিশন যদি সাহায্য না করে তাহলে ভবিষ্যতে কি হবে তাতে আমি আশংকিত হয়ে আছি। কারণ রাস্তা দিয়ে ওভারলোড ট্রাক চলছে, আমাদের রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে, আমরা মেরামত করতে পারছি না, সুতরাং এর জন্য সাহায্য দরকার। আমরা ওভার-ড্রাফট নিচ্ছি, তারও সীমা বাধা আছে। কেন্দ্রীয় সরকারের নোট ছাপাবার কারখানা আছে, প্রিন্টিং প্রেস আছে, টাকা ছাপিয়ে দিচ্ছেন। কিন্তু আমরা যদি কেন্দ্রের কাছ থেকে সাহায্য পাই, যদি আশ্বাস পাই, যেমন আমরা পেয়েছি রেলমন্ত্রী শ্রীবরকত গনি খান চৌধুরী মহাশয়ের কাছ থেকে—৫টি উড়ালপুল করার যে কথা আছে—তিনি আশ্বাস দিয়েছেন এবং প্রতিশ্রুতি দিয়েছেন—৫টি ফ্লাইওভার করবার জায়গায় আরও ৩টি বলেছেন। আমরা উত্তরবঙ্গে ডালখোলার কাছে এবং শিলিগুড়ির কাছে এবং লেক-গার্ডেন্স-এর কাছে করবো। আমি দেখে এসেছি, কাজ চলছে। যদি এইরকম সহযোগিতা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকার পায়—কেবলমাত্র বামফ্রন্ট সরকার বলে বিমাতৃসুলভ ব্যবহার কিম্বা বৈষম্য যদি না করেন তাহলে আমার বিশ্বাস, আগামী দিনে আমাদের যত রাস্তাই হোক, কিম্বা যে আবাসন তৈরী করছি সেইগুলিই হোক—আমরা রক্ষণাবেক্ষণ করতে পারবো। সেগুলি সুন্দর-ভাবে আমরা সমাধান করতে পারব। এই কথা বলে আজকে আমি যে ব্যয়বরাদ্দ আপনাদের সামনে পেশ করেছি সেগুলি মঞ্জুরী দেবার জন্য আবেদন করছি এবং সেই সঙ্গে যে ছাঁটাই প্রস্তাবগুলি রাখা হয়েছে সেগুলির সম্পূর্ণ বিরোধিতা করছি।

DEMAND No. 25

The motions that the amount of Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of **Shri JATIN CHAKRABARTY** that a sum of Rs. 48,18,41,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "259—Public Works, 277—Education (Sports) (Buildings), 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings), 278—Art and Culture (Buildings), 280—Medical (Buildings), 282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution) (Buildings), 283—Housing (Buildings), 287—Labour and Employment (Buildings), 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings), 295—Other Social and Community Services (Zoological and Public Gardens) (Buildings), 305—Agriculture (Buildings), 309—Food (Buildings), 310—Animal Husbandry (Buildings), 311—Dairy Development (Buildings), 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries (Buildings), 459—Capital Outlay on Public Works, 477—Capital Outlay on Education, Art and Culture (Sports) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Youth Welfare) (Buildings), 477—Capital Outlay on Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare) (Buildings), 480—Capital Outlay on Medical (Buildings), 481—Capital Outlay on Family Welfare (Buildings), 482—Capital Outlay on Public Health, Sanitation and Water Supply (Buildings), 483—Capital Outlay on Housing (Buildings), 485—Capital Outlay on Information and Publicity (Buildings), 495—Capital Outlay on Other Social and Community Services (Buildings), 509—Capital Outlay on Food (Buildings), 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 514—Capital Outlay on Community Development (Panchayat) (Buildings), 520—Capital Outlay on Industrial Research and Development (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) and 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)," was then put and agreed to.

DEMAND No. 70

The motion that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Jatin Chakrabarty that a sum of Rs. 71,53,18,000 be granted for expenditure under Demand No. 70, Major Heads: "337-Roads and Bridges, 537-Capital Outlay on Roads and Bridges and 737-Loans for Roads and Bridges", was then put and agreed to.

DEMAND No. 39

The motion that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Jatin Chakrabarty that a sum of Rs. 20,58,95,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads : "283-Housing, 483-Capital Outlay on Housing and 683-Loans for Housing", was then put and agreed to.

ADJOURNMENT

The House was then adjourned at 6.9 P. M. till 1 P. M. on Tuesday, the 12th April, 1983, at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 2th April, 1983 at 1-00 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 12 Ministers, 14 Ministers of State and 89 Members.

Held over Starred Questions
(to Which oral answers were given)

পশ্চিমবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থাগুলিতে কর্মচারী নিয়োগ

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৯০।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** স্বরাষ্ট্র পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুন মাসে প্রথম বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর অদ্যাবধি (১৫ই ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত) এই রাজ্যে যথাক্রমে (১) সি এস টি সি (২) এন বি এস টি সি এবং (৩) ডি এস টি সি-তে নতুন কত জন কর্মচারী নিয়োগ করা হয়েছে?

[1.00—1.10 P. M.]

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী: (১) সি এস টি সি-তে ৩৬০০ জন ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে।

(২) এন বি এস টি সি-তে ৪০২ জন ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে।

(৩) ডি এস টি সি-তে ২২০ জন ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই সি এস টি সি-তে এক্সেস স্টাফের জন্য শ্রমশক্তি অপচয় হচ্ছে এবং বছরের পর বছর লোকসান হচ্ছে। তা সত্ত্বেও আপনাদের আমলে দেখতে পাচ্ছি ৩ হাজার ৬শো লোক নেওয়া হয়েছে। ফলে বেহিসাবী এক্সেস স্টাফ নিয়োগ করে লোকসানের হারটাকে আরো বৃদ্ধি করার কারণটা কি?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : লোকসানের কারণটা লোক নিয়োগ নয়, অন্য কারণ আছে। গাড়ি বেড়েছে, সেই জন্য লোক নেওয়া হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার : আপনাদের দেওয়া বই-এর মাধ্যমে দেখেছি যে, একটি বাসের জন্য ১৭ থেকে ২৬ জন লোক কাজ করে। কিন্তু অন্য জায়গায় বা পাবলিক বাসের ক্ষেত্রে তাদের যা লোক সংখ্যা আছে তার থেকে স্টেট বাসে লোকসংখ্যা অনেক বেশী। এখানে এক্সেস স্টাফ আন-ইউটিলাইজড হয়ে বসে আছে এবং এর মাধ্যমে শ্রমশক্তি নষ্ট হচ্ছে। এদের সদ্ব্যবহার করা বা ফিক্সড স্ট্রেংথ করার কোন পরিকল্পনা এই রাজ্য সরকারের আছে কি না জানাবেন কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : আমাদের এক্সেস স্টাফ কিছু নেই। ফিক্সড স্ট্রেংথ দেখে স্টাফ নেওয়া হয়।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সি এস টি সি-তে বাস প্রতি যে লোক সংখ্যা নিয়োগ করা হয়েছে সেই রকম সর্বভারতীয় ক্ষেত্রে বা অন্যান্য রাজ্যে এর গড় হিসাবটা কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : আপনি এই ব্যাপারে আগে থেকে প্রশ্ন করলে জানিয়ে দিতে পারতাম, এখন উত্তর দেওয়া সম্ভব নয়।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে লোক নিয়োগ করা হয়েছে, এই নিয়োগের পদ্ধতিটি কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : পদ্ধতি হচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয় এবং ডাই ইন হারনেস থেকে যে সমস্ত আসে তাদের নেওয়া হয় এবং এক্সজেম্পটেড ক্যাটাগরি থেকে নেওয়া হয়। যে ক্ষেত্রে ড্রাইভার কর্মীরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যাচ্ছে না, সেখানে তাদের কাছ থেকে দরখাস্ত নিয়ে ইণ্টারভিউয়ের ভিত্তিতে তাদের নিয়োগ করা হচ্ছে।

শ্রীঅতীশ চন্দ্র সিনহা : সি এস টি সি-তে বাস প্রতি ২০ জন করে কর্মী নিযুক্ত আছেন। মন্ত্রী মহাশয় কি মনে করেন এরকম থাকা উচিত ? তিনি এই সংখ্যা কিছু কমানোর কথা চিন্তা করছেন ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : এর উত্তর আমি আগেই দিয়েছি।

শ্রীঅভীশ চন্দ্র সিনহা : আমি কোন স্পেসিফিক উত্তর পেলাম না। আমি জানতে চেয়েছি, বাস প্রতি ২০জন স্টাফ থাকাকে মন্ত্রী মহাশয় কি ন্যায্য বলে মনে করেন ?

মিঃ স্পীকার : দিস ইজ অনলি ওপিনিয়ান। ওপিনিয়ান ক্যান নট বি এ কোশ্চেন।

মেদিনীপুর জেলার সবং থানায় ক্ষুদ্র সেচ প্রকল্প

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮১।) **ডাঃ মানস ভুঁইয়া :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানায় চলতি খরা পরিস্থিতি মোকাবিলার জন্য কোন ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, কয়টি, কি কি ও কোথায় প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছে ?

শ্রীকানাই ভৌমিক : (ক) হ্যাঁ।

(খ) এই প্রশ্নের উত্তর সম্বলিত একটি বিবরণী এতৎসহ দেওয়া হল।

Statement referred to in reply to Question 'kha' of *246

'খ' প্রশ্নের উত্তর সম্বলিত বিবরণী

প্রাথমিক সংখ্যা	প্রকল্পের নাম	প্রকল্পের সংখ্যা	অনুমোদিত, স্থাপিত ইত্যাদি	স্থান
১।	নদী সেচ প্রকল্প	১	অনুমোদিত	জে এল নং ৩৪৭ প্লট নং ১৭৮৭ মৌজা—নেড়ুয়া, সবং ব্লক
২।	গভীর নলকূপ প্রকল্প	২	পূর্বে স্থাপিত বৈদ্যুতিকরণ করা হয়েছে	সবং মৌজা (১) সবং ব্লক (১) দশাগ্রাম মৌজা সবং ব্লক।

প্রাথমিক সংখ্যা	প্রকল্পের নাম	প্রকল্পের সংখ্যা	অনুমোদিত, স্থাপিত ইত্যাদি	স্থান
৩।	কুলভেড়ী জলাধার খনন প্রকল্প	১	অনুমোদিত	কুলভেড়ী, সবং ব্লক
৪।	পুষ্করিণী উন্নয়ন প্রকল্প	১০	অনুমোদিত	সবং ব্লকের ২ হইতে ১১ নং গ্রাম পঞ্চায়েত এলাকার প্রতিটিতে একটি করিয়া।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ক্ষুদ্র সেচ প্রকল্প নেছুয়া এবং কূলভেড়ী ছাড়া সবং থানার অন্য এলাকাতে কোন খরচ না হয়ে আপনার দপ্তর থেকে ১৯৮২-৮৩-র আর্থিক বছরে প্রায় ৫৬ হাজার টাকা ফেরত এসেছে ?

শ্রীকানাই ভৌমিক ঃ আমি এরকম কোন খবর পাইনি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজগুলির মধ্যে ৭০ ভাগ হয় পঞ্চায়েতের মাধ্যমে এবং ৩০ ভাগ হয়ে থাকে ডিপার্টমেন্টের মাধ্যমে। আমাদের কাছে নির্দিষ্ট অভিযোগ আছে—ডিপার্টমেন্টাল কাজগুলির যেগুলি কনট্রাকটর দিয়ে হয়ে থাকে, সেই টাকা সবং থানার পঞ্চায়েত সমিতিতে কাজ না হয়ে ফিরে এসেছে, টাকার পরিমাণ প্রায় ৫৬ হাজার টাকা। এ খবর কি আপনার জানা আছে ?

মিঃ স্পীকার ঃ এটা হতে পারে না। ইউ হ্যাড নো দি মেথড অফ কোশ্চেন। ইউ হ্যাড নো দি রুলস্। দিস ইজ ইনফরমেশান। ইনফরমেশান ক্যান নট বি এ কোশ্চেন। ইউ হ্যাড আস্ক স্পেসিফিক কোশ্চেন।

শ্রীঅভীশচন্দ্র সিনহা ঃ খরা মোকাবিলার জন্য বিভিন্ন প্রকল্প সরকার থেকে নেওয়া হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপের প্রকল্প আছে কি ?

শ্রীকানাই ভৌমিক ঃ কোন গভীর নলকূল আমরা বর্তমান বছরে বসাতে পারি নি।

শ্রীঅতীশ চন্দ্র সিনহা : এই রকম কোন প্রকল্প বর্তমান বছরে করার কথা চিন্তা করছেন কি ?

শ্রীকানাই ভৌমিক : এর উত্তর আমি বাজেট আলোচনার সময়ে দেব।

নদী-জলোত্তোলন প্রকল্পগুলিতে বৈদ্যুতিকরণ

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৫।) **শ্রীউপেন কিসকু :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন নদী-জলোত্তোলন প্রকল্পগুলি বৈদ্যুতিকরণের সিদ্ধান্ত নিয়েছেন ; এবং

(খ) সত্য হলে, বাঁকুড়া জেলায় কবে নাগাদ ইহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রীকানাই ভৌমিক : (ক) হ্যাঁ।

(খ) রাজ্যের নদী জলোত্তোলন সেচ-প্রকল্পগুলিকে পর্যায়ক্রমে বৈদ্যুতিকরণ করা হইতেছে। এ পর্যন্ত এই জেলায় ২৫টি প্রকল্প বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে। তন্মধ্যে ৯টি ডিজেল চালিত প্রকল্পের বৈদ্যুতিকরণ ইতিমধ্যেই সম্পন্ন হইয়াছে। ৬টির বৈদ্যুতিকরণ আগামী আর্থিক বৎসরে সম্পন্ন হইবে এবং আরও ৬টির ক্ষেত্রে রাজ্য বিদ্যুৎ পর্ষদের সঙ্গে কথাবার্তা চলিতেছে। বাকি ৪টি পরবর্তী পর্যায়ে গৃহীত হইবে।

Goods Transport Services in West Bengal

*325. (Admitted question No. *1045.) **Shri Abdul Mannan** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether goods transport services are being run by some State Transport Undertakings in West Bengal ; and

(b) if so—

(i) what are the financial results of such operations during the period from July 1977 to June 1982 ;

(ii) what are the present freight rates ;

(iii) whether such services have been proved to be economically viable ; and

(iv) if not, what steps have been taken to make such operations economically viable ?

[1.10—1.20 P. M.]

Shri Sibendra Naryan Chowdhury : (a) Yes. Goods transport services are being run by the North Bengal State Transport Corporation in west Bengal.

(b) i) Earnings of the NBSTC in the goods transport sector were as follows :

1977-78	...	Rs. 17,60,401/-
1978-79	...	Rs. 20,08,079/-
1979-80	...	Rs. 23,03,101/-
1980-81	...	Rs. 23,81,547/-
1981-82	...	Rs. 22,68,989/-
1982-83	...	Rs. 4,04,578/-

(Upto June '82)

ii) Present freight rates are 25 paise per kilogram and rupees 10/- per squarefeet ;

iii) Yes.

iv) Question does not arise.

সুন্দরবনে নদী পথে পরিবহণের জন্য মোটর লঞ্চের সংখ্যা

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৭।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল :** স্বরা(পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনে নদী পথে পরিবহণের জন্য বর্তমানে কতগুলি মোটর লঞ্চ চালু আছে ;

(খ) ঐ লঞ্চগুলিতে দৈনিক গড়ে কত যাত্রী যাতায়াত করেন ;

(গ) ঐ লঞ্চগুলির ভাড়া নিয়ন্ত্রণ, যাত্রীদের নিরাপত্তা ও নিয়মিত চলাচল ইত্যাদি বিষয়ে সরকারী কোন আইন আছে কিনা ; এবং

(ঘ) (গ) প্রশ্নের উত্তর "না" হলে উক্ত বিষয়ে সরকার আইন প্রণয়নের কথা ভাবছেন কিনা ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : (ক) আনুমানিক ১৫০টি মোটর লঞ্চ সুন্দরবন জলপথে চালু আছে।

(খ) প্রায় ২০,০০০ যাত্রী প্রত্যহ যাতায়াত করেন।

(গ) হ্যাঁ।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীকৃপাসিন্ধু সাহা : আপানাদের যে ১৫০টি লঞ্চ আছে তার মধ্যে কতকগুলি চালু আছে।

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : সুন্দরবনে ১৫০টি লঞ্চ আছে।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ১৫০টি লঞ্চের মধ্যে কতগুলি সরকারী লঞ্চ এবং কতগুলি বেসরকারী লঞ্চ ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : নোটিশ দিতে হবে।

শ্রীরবীন্দ্র নাথ মণ্ডল : অনেক জায়গায় লঞ্চ সার্ভিস চালু ছিল, সেখানে সার্ভিস বন্ধ হয়ে গেছে—যেমন ভি আই পি-বাগজোলা ক্যানেল এবং কৃষ্ণপুর-নিউ কাট ক্যানেল সেখানে কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : এই ব্যাপারে নির্দিষ্টমত সাজেশান দিলে আমরা বিবেচনা করে দেখবো।

হুগলী জেলায় কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৬।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ (২৮এ ফেব্রুয়ারী পর্যন্ত) বছরে হুগলী জেলায় কতজন কৃষককে কৃষি পেনশন দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে কৃষি পেনশন পরিকল্পনায় হুগলী জেলায় কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

শ্রীকমলকান্তি গুহ : (ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে হুগলী জেলায় যথাক্রম ১৯৯০ এবং ৭৬৭ জনকে কৃষি বার্ধক্য ভাতা দেওয়া হয়েছে।

(খ) উক্ত দুই বছরে কৃষি বার্ধক্য ভাতা প্রকল্পে মোট ১৮,২৮,৭১৪.৬০ টাকা (আঠার লক্ষ আঠাশ হাজার সাতশ' চোদ্দ টাকা ষাট পয়সা) বরাদ্দ করা হয়েছিল।

শ্রীশচীন্দ্র নাথ হাজরা : এই যে কৃষি পেনশন দেওয়া হয় তার পরিমাণ বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের হাতে আছে কি ?

শ্রীকমল কান্তি গুহ : ইচ্ছা আছে, কিন্তু কোন পরিকল্পনা নেই।

কলিকাতা-রায়গঞ্জ/শিলিগুড়ি-কলিকাতা রুটে সরকারী ও বেসরকারী বাসের সংখ্যা

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৬।) **শ্রীদীপেন্দ্র বর্মণ:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা-রায়গঞ্জ / শিলিগুড়ি-কলিকাতা রুটে যাত্রী পরিবহণকারী সরকারী ও বেসরকারী বাসের সংখ্যা কত;

(খ) উপরোক্ত রুটে শিলিগুড়ি ও রায়গঞ্জ সার্ভিসে মাসিক গড় যাত্রী সংখ্যা কত; এবং

(গ) রায়গঞ্জ-কলিকাতা-রায়গঞ্জ রুটে সাধারণ সার্ভিস বাড়াবার ও ডিলুক্স সার্ভিস প্রবর্তনের পরিকল্পনা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের আছে কি?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী: (ক) রায়গঞ্জ-কলিকাতা রুটে দিন, রাত্রি ও স্পেশাল সার্ভিসে ৬টি সরকারী বাস, শিলিগুড়ি-কলিকাতা (রকেট-সার্ভিস) ও জলপাইগুড়ি-কলিকাতা (রকেট সার্ভিস)-ভায়া শিলিগুড়ি রুটে ৬টি সরকারী বাস চলিতেছে। কলিকাতা-রায়গঞ্জ এবং কলিকাতা-শিলিগুড়ি রুটে প্রাইভেট বাস চালাইবার কোন পারমিট দেওয়া হয় নাই।

(খ) রুটগুলিতে মাসিক গড় যাত্রী সংখ্যা এই রকম: রায়গঞ্জ-কলিকাতা রুট—৫৮৩২ জন, শিলিগুড়ি-কলিকাতা রুট ও জলপাইগুড়ি-কলিকাতা (ভায়া শিলিগুড়ি) রুট—৫৭৬০ জন।

(গ) বর্তমান আর্থিক বছরের প্রথম কোয়ার্টার হইতে রায়গঞ্জ-কলিকাতা রুটে একটি ডিলুক্স সার্ভিস ও শিলিগুড়ি-কলিকাতা রুটে একটি বাড়তি সার্ভিস চালু করিবার পরিকল্পনা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের আছে।

শ্রীকাশীনাথ মিশ্র: নর্থ বেঙ্গলের যাত্রীদের চাহিদা অনুযায়ী এবং যেভাবে টিকিটের ব্ল্যাক হচ্ছে তাতে কত তাড়াতাড়ি গাড়ী বাড়াবার চেষ্টা করবেন?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী: টিকিট ব্ল্যাক হচ্ছে—এ রকম অভিযোগ নেই; তবে ২টি বাস বাড়ানো হবে।

শ্রীসরল দেব : কলকাতা থেকে ঐ রুটে অনেক যে ট্যুরিষ্ট বাস যায়, তার ।।রমিট কারা দেয় ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : ট্যুরিষ্ট বাসের নিয়মিত কিছু নেই। যাদের অল বঙ্গল পারমিট তারা যেতে পারে।

শ্রীকৃপাসিন্ধু সাহা : ট্যুরিষ্ট বাস রিজার্ভ করে প্যাসেঞ্জার নিয়ে যেতে পারে, ন্তু রেগুলার প্যাসেঞ্জার নিয়ে যেতে পারে কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : রেগুলার প্যাসেঞ্জার নিয়ে যাচ্ছে এ রকম ভিযোগ নেই।

শ্রীসরল দেব : কলকাতা থেকে শিলিগুড়ি যাবার পথে মাঝখান থেকে াসেঞ্জার নিচ্ছে এটা কি জানেন ? আমি নিজে মধ্যমগ্রাম থেকে এসপ্ল্যানেড আসি ২৫ টাকা ভাড়া দিয়ে ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : বিনা পারমিটে কোন বাস যায় না, তবে ট্যুরিষ্ট াস যায়।

মিঃ স্পীকার : কিছু বাস টেম্পোরারী পারমিট নিয়ে যাতায়াত করে। রো যে বাসে আগুন লেগেছিল তার তো পারমিট ছিল না।

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : ট্যুরিষ্ট বাসের আন-অথরাইজড পারমিট আছে । জানি না। পলাশীর ঐ বাসে পারমিট ছিল না।

শ্রীসরল দেব : এক শ্রেণীর ব্যবসায়ী যারা সরকারকে চীট করছে তাদের স্ন্যাপ ধরার ব্যবস্থা করবেন কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : আমি নিজে শিলিগুড়িতে এরকম ধরেছি।

শ্রীঅমলেন্দ্র রায় : ট্যুরিষ্ট বাসগুলি কি ষ্টেজ ক্যারেজের মত যাতায়াত করতে র ?

মি: স্পীকার: ট্যুরিষ্ট বাসের এক নিয়ম, ষ্টেজ ক্যারেজ যারা যাত্রী ক্যা‍ি করে তাদের আলাদা নিয়ম।

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী: একটা ট্যুরিষ্ট বাসের পারমিট আছে শিলিগুড়ি যাবার। সে মাঝপথে যদি মালদা ঘুরে, থেমে যায় তাহলে অন্যায় নয়। ট্যুরি‍ বাস এবং ষ্টেজ ক্যারেজ এক জিনিস নয়।

[1.20—1.30 P.M.]

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় মন্ত্রী মহাশয়ের জবাবটা আমি বুঝতে পারলা না। ট্যুরিষ্ট বাসের পারমিট নিয়ে যারা এইভাবে ইররেগুলার ওয়েতে প্লাই করা এবং যার জন্য রিসেণ্টলি একটা এ্যাকসিডেণ্ট ঘটে গেল, আগুন জ্বলে গেল, সে ক্ষে আপনি বলছেন সুনির্দিষ্ট অভিযোগ দিলে ব্যবস্থা নেব; এই ট্যুরিষ্ট বাসের পারমি নিয়ে যাতে এই রকম মিসইউজ না হয় সেটা চেক করার জন্য আপনার দপ্তর থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী: ব্যবস্থা নেওয়া হয়েছে, অনেক বাস ধরা হয়েছে।

*481. Held Over

*482. Not Called

Starred Questions

(to which oral answers were given)

পশ্চিমবঙ্গে দৃষ্টিহীন ও বাক্‌শক্তিহীন মানুষের সংখ্যা

*৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: ত্র কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দৃষ্টিহীন ও বাক্‌শক্তিহীন মানুষের সংখ্যা কত ; এবং

(খ) এদের পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে বা হয়েছে ;

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ (ক) জনগণনা কার্যালয় কর্তৃক প্রকাশিত ১৯৮১ ালের হিসাব মত অন্ধ ব্যক্তির সংখ্যা ২৯,১৫৫ জন এবং মূক ব্যক্তির সংখ্যা ১৭,৬৭১ জন।

(খ) অন্ধ ও মূকবধির সহ প্রতিবন্ধীদের সার্বিক উন্নতির তথা পুনর্বাসনের জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন :

ম। **কর্ম সংস্থান ঃ**

১। বৃত্তিমূলক শিক্ষাদানের জন্য শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে কলিকাতা, বর্ধমান, হুগলী এবং মুর্শিদাবাদ জিলায় এরূপ চারিটি কেন্দ্র খোলা হয়েছে।

২। শূন্যপদের শতকরা ২ ভাগ হারে প্রতিবন্ধীদের চাকুরি দেওয়ার জন্য সরকারী নির্দেশ পাঠানো হয়েছে, ৮০-৮১ সালে প্রতি দপ্তরে একজন প্রতিবন্ধীকে অবশ্য চাকুরি দিতে হবে—এই নির্দেশ পাঠানো হয়েছিল। চাকুরি পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধীদের ৪৫ বৎসর পর্যন্ত বয়স শিথিল করা হয়েছে। এই সমস্ত নির্দেশ সঠিক ভাবে প্রয়োগের জন্য শ্রম বিভাগ থেকে বিশেষ তদারকি "সেল" গঠন করা হয়েছে।

৩। অর্থনৈতিক পুনর্বাসনের উদ্দেশ্যে পেশাগত ছোটখাটো কাজকর্মে স্ব-নিযুক্তির মাধ্যমে স্বাবলম্বী হওয়ার জন্য প্রতিবন্ধীদের মাথাপিছু ১০০০·০০ টাকা (এক হাজার টাকা) অনুদানের ব্যবস্থা আছে।

।। **শিক্ষা :**

১। শিক্ষাদপ্তর সুসংহত শিক্ষা প্রকল্প এবং বিশেষ ধরনের শিক্ষা ব্যবস্থা প্রচলনের জন্য উদ্যোগী হয়েছেন।

২। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষাদানের জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

ই। আর্থিক সাহায্য ঃ

১। **অক্ষমভাতা ঃ কাজ করিতে সম্পুর্ণ** অযোগ্য প্রতিবন্ধীদের মাসিক ৩০·০ (ত্রিশ) টাকা হারে ভাতা দেওয়া হয়।

২। সরকারী বাসে এবং ট্রামে যাতায়াতের জন্য বিশেষ সুবিধা দেওয়া হয়। সরকারী চাকুরে প্রতিবন্ধীদের যাতায়াতের জন্য মূল বেতনের শতকরা ১০ ভাগ অথবা সর্বোচ্চ ৫০·০০ (পঞ্চাশ) টাকা যাতায়াত ভাতা দেওয়া হয়।

৩। "প্রস্থেটিক এইড" প্রকল্পে প্রতিবন্ধীদের বিভিন্ন ধরনের কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গ দিয়ে সাহায্য করা হয়।

ঈ। অন্যান্য সুযোগ-সুবিধা ঃ

১। পুনর্বাসনের জন্য প্রতিবন্ধীদের দ্বারা গঠিত কো-অপারেটিভ সোসাইটি ইউনাইটেড ব্যাঙ্ক এবং রাজ্য সরকার আর্থিক সাহায্য দেওয়ার পরিকল্প গ্রহণ করেছেন।

২। অন্ধদের যাতায়াতের সুবিধার জন্য "হোয়াইট কেন ল" (White car law) প্রণয়নের জন্য সরকার সচেষ্ট হয়েছেন।

৩। প্রতিবন্ধীদের সমস্যা সমাধানের জন্য "পশ্চিমবঙ্গ প্রতিবন্ধী কল্যাণ পর্ষদ গঠন করা হয়েছে।

৪। হাউসিং বোর্ড কর্তৃক নির্মিত ফ্লাটগুলির শতকরা ১ ভাগ প্রতিবন্ধীদে জন্য সংরক্ষণ করা হয়েছে।

৫। প্রতিবন্ধীদের বৃত্তিকর মকুব করা হয়েছে।

৬। দক্ষ বিকলাঙ্গ কর্মীদের এককালীন রাষ্ট্রীয় রপুস্কার প্রাদান করা হয়।

৭। প্রতিবন্ধীদের সেবাকার্যে ব্রতী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহকে উদারভাবে অনুদান মঞ্জুর করা হয় যাতে অর্থাভাবে তাদের সেবা কাজ ব্যাহত না হয়

৮। প্রতিবন্ধকতা নিবারণের উদ্দেশ্যে এবং ইহার প্রতিরোধ কল্পে প্রতি সুসংহত শিশু বিকাশ প্রকল্পে প্রতিষেধক হিসাবে সুসংবদ্ধ পদ্ধতি পোলিও এবং অন্যান্য অসুখের টিকা দেওয়ার ব্যবস্থা আছে।

৯। জন-মানসে চেতনা সঞ্চারের উদ্দেশ্যে বিভিন্ন প্রচারের মাধ্যমে যথা—সভা, সেমিনার, বিতর্ক, প্রদর্শনী চলচ্চিত্রানুষ্ঠান ইত্যাদির বহুল ব্যবহার করা হয়।

প্রতিবন্ধীদের ৪টি তথ্যচিত্র এ পর্যন্ত নির্মিত হয়েছে।

শ্রীহাজারী বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন বামফ্রণ্ট সরকার ক্ষমতায় আসীন হবার পর থেকে আজ পর্যন্ত এই দৃষ্টিহীন এবং বাকহীন কত মানুষকে চাকরি দেওয়া হয়েছে ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়: এই মুহূর্তে এই সংখ্যা দেওয়া সম্ভব নয়, এর জন্য নোটিশ দিতে হবে।

শ্রীকৃপাসিন্ধু সাহা: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি যে পুনর্বাসনের জন্য ৪টি স্থানের নাম করেছেন ৪টি জেলায় তার মধ্যে হুগলী জেলায় যেটা করেছেন সেটা কোথায় করেছেন ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়: চন্দননগরে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এদের তদারকী করার জন্য যে সেল তৈরী হয়েছে, এতোগুলি প্রতিবন্ধী, দৃষ্টিহীন মানুষদের দেখাশুনা করার জন্য, সেটা ঠিক ভাবে কার্যকরী হচ্ছে, এর বিরুদ্ধে কোন কমপ্লেন এসেছে কিনা ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়: এই যে সেল করা হয়েছে, তার কাজ খুবই লিমিটেড, সাধারণতঃ জেলা পর্যায়ে এই কাজগুলি হয়ে থাকে।

পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে বায়ুদূত এয়ার সার্ভিস

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৩।) **শ্রীঅমলেন্দ্র রায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে

বায়ুদূত এয়ার সার্ভিস চালু করার কর্মসূচী বর্তমানে কোন্ পর্যায়ে আছে—এ বিষয়ে কোন তথ্য সরকারের নিকট আছে কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ হ্যাঁ, আছে। মালদহ, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর ও কুচবিহার জেলার সদর দপ্তরগুলি বায়ুদূত বিমান চলাচল ব্যবস্থা দ্বারা কলিকাতার সহিত যুক্ত করার পরিকল্পনা আছে।

কুচবিহার ব্যতীত উপরোক্ত স্থানগুলো উপযুক্ত বিমানপোতের অভাবে ঠিক এখনই বিমান চলাচল ব্যবস্থার অনুপযোগী বলে কেবলমাত্র কুচবিহার জেলাস্থ বিমান বন্দরটি (air strip) ব্যবহারোপযোগী হলেই উক্ত বিমান চলাচল ব্যবস্থা কার্যকরী করা হবে, এই মর্মে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আশ্বাস পাওয়া গিয়েছিল।

উপরোক্ত স্থানগুলোতে বায়ুদূত বিমান চলাচল ব্যবস্থা অবিলম্বে প্রবর্তন করার অনুরোধ জানিয়ে সম্প্রতি মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারকে স্মরণ করিয়ে আবার একটা চিঠি দিয়েছেন। তার জবাব এখনও পাওয়া যায় নি।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে পরিষ্কার করে বলুন যে, প্রথম কেন্দ্রীয় সরকার কুচবিহার থেকে একটি বায়ুদূত বিমান চালু করার কথা ঘোষণা করেছিলেন—তারপর যদি সার্ভিস স্টেশনগুলি হয়ে যায় তাহলে পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, মালদায় চালু করা হবে। আমি জানতে চাই কুচবিহারের ব্যাপারটি কি চূড়ান্ত হয়েছে ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ কেন্দ্রীয় সরকারের ট্যুরিজম এণ্ড সিভিল এ্যাভিয়েশন তৈরী হয়ে গেল সেখানে চালু হবে, এটা হোল ফার্স্ট ফেজের কথা, আর সেকেণ্ড ফেজে ঐসব জেলায় চালু হবে এবং তার জন্য তারা এক্সপার্ট পাঠাবেন—তার পর সব ব্যবস্থা হবে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ কুচবিহারের ব্যাপার তো শুনলাম। বাকী ঐ তিন জেলা সম্পর্কে আপনি কোন স্পষ্ট প্রতিশ্রুতি পেয়েছেন কি ?

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী ঃ ওঁরা এক্সপার্ট পাঠিয়ে দেখবেন, তারপর বলবেন

এবং আমরা আসানসোলেও এটা করতে চাই। এই ব্যাপারে গত মার্চ মাসে মুখ্যমন্ত্রী একটা চিঠি দিয়েছেন। আমরা এখনও তার কোন উত্তর পাইনি।

বারাসাত ১নং পঞ্চায়েত কমিটির অধীনে বাবপুর ডিপ টিউবওয়েল স্থাপনের পরিকল্প

*৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৮।) **শ্রীসরল দেব**ঃ কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত ১ নং পঞ্চায়েত কমিটির অধীনে বাবপুর এবং রুদ্রপুরে ডিপ টিউবওয়েল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীকানাই ভৌমিকঃ (ক) আপাততঃ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীসরল দেবঃ এই বাবপুর এবং রুদ্রপুরের জন্য পঞ্চায়েত সমিতির তরফ থেকে রেকমেণ্ড করে পাঠানো হয়েছিল যে, ঐ অঞ্চলটি তপসিলী অধ্যুষিত এলাকা— ওখানে ডিপ টিউবওয়েল হওয়া উচিত। এটা কি মন্ত্রী মহাশয় জানেন?

শ্রীকানাই ভৌমিকঃ হওয়া উচিত, কিন্তু এখন করতে পারছি না—বলেছি আপাততঃ নেই।

শ্রীসরল দেবঃ মন্ত্রী মহাশয় বলবেন কি যে, বাজেট বরাদ্দের পরে এই ব্যাপারটি বিবেচনা করবেন কি?

শ্রীকানাই ভৌমিকঃ সে কথা এখনই বলা যাবে না।

পশ্চিমবঙ্গে ওয়াটার সাপ্লাই ডিকেড-এর সিদ্ধান্তগুলি চালু

*৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইন্টারন্যাশনাল ওয়াটার সাপ্লাই ডিকেড-এর সিদ্ধান্তগুলি পশ্চিমবঙ্গ সরকার কি আকারে গ্রহণ করিয়াছেন ;

(খ) ১৯৮১ সাল হইতে এই সিদ্ধান্তগুলি কার্যকরী করিবার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) এই পরিকল্পনা অনুসারে অদ্যাবধি কি কি পরিকল্পনা কার্যকরী হইয়াছে এবং তাহার দ্বারা কত লোক উপকৃত হইয়াছে ?

শ্রীপ্রশান্ত কুমার শূর : (ক) সম্মিলিত জাতি সংঘের সদস্য হিসাবে ভারত সরকার "International Water Supply And Sanitation" দশকটি পালন করার সিদ্ধান্ত গ্রহণ করায় পশ্চিমবঙ্গ সরকারও এই দশকটিকে উপযুক্ত ভাবে রূপায়ণের সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) Water Supply And Sanitation Decade ; এবং

(গ) এর লক্ষ্যে পৌঁছাবার জন্য একটি মাস্টার প্ল্যান ১৩৩২ কোটি টাকায় রচনা করা হয়েছে এবং তা পশ্চিমবঙ্গ সরকার অনুমোদন করে কেন্দ্রীয় সরকারের নিকট পাঠিয়েছেন। Decade Programme-এর কাজ দ্রুত বাস্তবায়িত করার জন্যও বিভিন্ন দপ্তরের কাজের সমন্বয়ের জন্য রাজ্য সরকার একটি Apex Committee-ও গঠন করেছেন। Decade-এর লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য যে অর্থের প্রয়োজন তা রাজ্য সরকারের নেই। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার পৃথক ভাবে এখনও কোন টাকা মঞ্জুর করেন নি। এই Decade-এর দুই বৎসরের, অর্থাৎ ১৯৮১ ও ১৯৮২ সনে যে কাজ হয়েছে তা সবই রাজ্য সরকারের বার্ষিক পরিকল্পনা ও কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত জল সরবরাহ প্রকল্পের খাত থেকেই করা হয়েছে।

[1.30—1.40 P.M.]

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ইন্টারন্যাশনাল ওয়াটার সাপ্লাই ডিকেড—এই প্রতিষ্ঠানটা, এর যে-সব ফাংশনগুলো আছে, সেটা আমাদের পশ্চিমবঙ্গ সরকার—আপনার দপ্তর সেই ব্যাপারে ব্লু-প্রিন্ট কখন তৈরী করেছিলেন ?

শ্রীপ্রশান্ত কুমার শূর : এই ব্লু-প্রিন্ট আমরা ভারত সরকারকে পাঠিয়েছি ১৯৮২ সালের জানুয়ারী মাসে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ব্লু-প্রিণ্ট পাঠালেন তাতে কি কি জরুরী ভিত্তির বিষয় আছে ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ এই কর্মসূচীর মধ্যে আছে পশ্চিমবঙ্গের সমস্ত শহর এবং গ্রামাঞ্চলের মানুষের পানীয় জলের ব্যবস্থা করতে হবে এবং শহরের ১ লক্ষ লোকের বসবাস যেখানে আছে তাদের শতকরা ৮০ ভাগ মানুষের পয়ঃপ্রণালীর ব্যবস্থা করতে হবে এবং গ্রামাঞ্চলের ২৫ ভাগের পয়ঃপ্রণালীর ব্যবস্থা করতে হবে। সুতরাং যেহেতু আমাদের ১৩ শত কোটি টাকার কর্মসূচীর এই যে নির্মাণ সমস্যা, একে মনে রেখে নর্মস করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

*৫৫৭ Not Called.

দমদম সেন্ট্রাল জেলে কয়েদীর সংখ্যা

*৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৯।) **শ্রীসেখ ইমাজুদ্দিন:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) দমদম সেন্ট্রাল জেলে ৩১শে ডিসেম্বর, ১৯৮২ তারিখে কতজন কয়েদী ছিল ;

(খ) ঐ তারিখ পর্যন্ত কোন কয়েদীর বিনা চিকিৎসায় মারা যাওয়ার ঘটনা সরকারের গোচরে এসেছে কিনা ;

(গ) খাদ্য বাবদ ঐ জেলের কয়েদীদের মাথাপিছু দৈনিক কত টাকা খরচ হয় ; এবং

(ঘ) কোন্ শ্রেণীর কয়েদীদের বা কোন্ কোন্ অপরাধে দণ্ডিত কয়েদীদের ঐ জেলে রাখা হয় ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ (ক) ১৪৯৭ জন।

(খ) না।

(গ) ৩.০৫ টাকা।

(ঘ) এই জেলের বন্দীদের মধ্যে রয়েছে দেশের বিভিন্ন দণ্ডবিধির একটি বা একাধিক বিধিভঙ্গকারী দণ্ডপ্রাপ্ত আসামী ও বিচারাধীন বন্দীগণ।

পশ্চিমবঙ্গে পান চাষ

*৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৪।) **শ্রীবিভূতিভূষণ দে ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কত পরিমাণ জমিতে পানের চাষ হয় ;

(খ) ১৯৭৮ সালের বন্যায় কত পরিমাণ জমির পান নষ্ট হয় ; এবং

(গ) এই ক্ষতি টাকার অঙ্কে কত ?

শ্রীকমলকান্তি গুহ : (ক) আনুমানিক ৭৬০০ একর জমিতে ব্যবসায়-ভিত্তিক পানের চাষ হয়।

(খ) আনুমানিক ৩০৮০ একর।

(গ) আনুমানিক ১২ কোটি ৬১ লক্ষ টাকা।

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বিগত ১৯৭৮ সালের বন্যায় যে পানের ক্ষতি হয়েছিল, বামফ্রন্ট সরকার সেই ক্ষতিগ্রস্থ পানচাষীদের আর্থিক কোন সাহায্য দিয়েছেন কি না ?

মিঃ স্পীকার : এই প্রসঙ্গটা কি ওঠে ?

শ্রীকমলকান্তি গুহ : এটা সঠিক ভাবে বলা যাচ্ছে না। তখন আমরা এক হাজার পর্যন্ত ক্ষতিপূরণ দিয়েছি। ঠিক কত টাকা কোন্ জেলায় দেওয়া হয়েছে, এখন বলা সম্ভব নয়।

শ্রীউপেন্দ্র কিসকু : মন্ত্রী মহাশয় বলবেন কি, বিভিন্ন জেলার পান চাষের প্রসারের জন্য কি পরিকল্পনা নিয়েছেন ?

শ্রীকমলকান্তি গুহ : বিভিন্ন জেলায় উৎকৃষ্ট পান ঠিকমত যাতে চাষ হয় সেই রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। কোন্ জেলায় কি ধরনের পান চাষ হয় সেই সম্পর্কে আপনি আলাদা প্রশ্ন দেবেন, আমি উত্তর দিয়ে দেব।

কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাস

*৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ডসমূহের পুনর্বিন্যাসের (ডিলিমিটেশন) কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) কৃষ্ণনগর পৌর এলাকার মধ্যে সম্প্রতি পঞ্চায়েতের কোনও এলাকা সংযুক্ত হয়েছে কি না; এবং

(গ) '(খ)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, সংযুক্ত এই এলাকা কিভাবে এবং কোন ওয়ার্ডরূপে চিহ্নিত হয়েছে বা হবে?

শ্রীপ্রশান্ত কুমার শূর: (ক) বর্তমানে কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ডসমূহের বিন্যাসের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

(খ) কৃষ্ণনগর পৌর এলাকায় এখনও পর্যন্ত কোন পঞ্চায়েত এলাকা সংযুক্ত হয় ; তবে ৭নং দোগাছি অঞ্চল পঞ্চায়েতের অন্তর্গত কালিনগর জি এস লানীকে কৃষ্ণনগর পৌর এলাকার অন্তর্ভুক্ত করার জন্য বঙ্গীয় পৌর আইনের ।)(ঘ) ধারা বলে একটি প্রাথমিক বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে।

(গ) উক্ত এলাকা উপরোক্ত পৌর আইনের ৮(গ) ধারায় চূড়ান্তভাবে পৌর াকার সহিত সংযুক্ত করার পর কোনও ওয়ার্ডরূপে অন্তর্ভুক্ত অথবা স্বতন্ত্র ওয়ার্ড- া চিহ্নিত হবে কিনা সে সম্পর্কে বিবেচনা করা হবে।

জলপাইগুড়ি জেলায় সোনাপুর-বাবুরহাট এলাকায় পানীয় জল সরবরাহ

*৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩২।) **শ্রীমোহনলাল উরাও:** স্বাস্থ্য পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১ নং পঞ্চায়েত সমিতির অধীন সোনাপুর-বাবুরহাট এলাকায় নলবাহী পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, এ বৎসরেই কি উক্ত কাজ আরম্ভ হইবে?

শ্রীকমলকান্তি গুহ: (ক) জলপাইগুড়ি জেলার দক্ষিণ সোনাপুর ও তৎসংলগ্ন কার জন্য একটি জল সরবরাহের প্রকল্প রচনা করিয়া কেন্দ্রীয় সরকারের মোদনের জন্য পাঠানো হয়েছিল।

(খ) প্রকল্পটির জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন সবেমাত্র পাওয়া গেছে। ল্পটিকে রাজ্য সরকারের অনুমোদন দেবার পূর্বে অর্থ দপ্তরের সম্মতি এবং অন্যান্য াসনিক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা আছে। কাজেই কখন কাজ আরম্ভ । তা এখনই সঠিকভাবে বলা যাচ্ছে না।

পুরুলিয়া জেলার মানবাজারে পানীয় জল সরবরাহ

*৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং * ১৯৬৫।) **শ্রীকমলাকান্ত মাহাতো**ঃ স্বা ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনু করে জানাবেন কি, পুরুলিয়া জেলার মানবাজারে পানীয় জল সরবরা পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রীকমলকান্তি গুহঃ পুরুলিয়া জেলার মানবাজার পানীয় জল সরবর পরিকল্পনাটির কাজ সমাপ্তি পর্যায়ে আছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হইতে বি সংযোগ পাওয়া গেলে প্রকল্পটি হইতে পুরোপুরি জল সরবরাহ শুরু করা যাই ইতিমধ্যে জেনারেটারের সাহায্যে আংশিক জল সরবরাহের কাজ চালু হচ্ছে।

*৫৬৩। Held Over.

*৫৬৪। Held Over.

বর্ধমান, কাটোয়া প্রভৃতি কারাগারে বে-সরকারী পরিদর্শক টিম গঠন

*৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৩।) **শ্রীসৈয়দ মহম্মদ মসীহ**ঃ স্বর (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান, আসানসোল, কালনা ও কাটোয়া কারাগারে বে-সরকা পরিদর্শক টিম গঠিত হয়েছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, প্রতিটি কারাগারের পরিদর্শক টিম-এ সদস্যদের নাম কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ (ক) এখনও পর্যন্ত গঠিত হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

Seed-Farm Under the State Government

*566. (Admitted question No. *2160.) Shri KAMAL SARKAR : Wi the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if there is any seed-farm under the State Govenment for the productio of jute seeds ;

(b) if so, the output of the said seed-farm or seed-farms per year ; and

(c) how much of the total requirement of jute-growers of the State fo jute seeds is being met from the output mentioned under (b) ?

শ্রীকমলকান্তি গুহ: (a) পাটবীজ প্রধানতঃ গোয়ালতোড়, ভজনঘাট, কৃষ্ণনগর ও মালদহে অবস্থিত কৃষি বিভাগের খামারগুলিতে উৎপন্ন হয়।

(b) উপরিউক্ত খামারগুলিতে গত দুই বৎসরে মোট উৎপাদনের আনুমানিক পরিমাণ হোল: ১৯৮১-৮২—২১৩ কুইন্টাল, ১৯৮২-৮৩—৩০২ কুইন্টাল।

(c) আনুমানিক ২ শতাংশ।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল: আপনি বললেন ৩টি জায়গায় পাট বীজ তৈরী হয়। অন্যান্য জায়গায় এটাকে ছড়িয়ে দেওয়ার কোন পরিকল্পনা আপনার আছে কি?

শ্রীকমলকান্তি গুহ: অন্যান্য জায়গায় ছড়িয়ে দিলেও কাজ ঠিকমত হবে না। কারণ এটা ওখানকার ক্লাইমেটের উপর নির্ভর করে। নদীয়া, বাঁকুড়া, মালদহ, মেদিনীপুর এই সব জেলায় সীড কর্পোরেশন থেকে কনট্রাক্ট ফারমার স্কীমে বীজ যাতে বেশী করে উৎপন্ন হয় তার জন্য আমরা ব্যবস্থা করছি।

শ্রীসরল দেব: ওখানে যে বীজ উৎপাদিত হয় সেগুলি কি মূল্যে চাষীদের সরবরাহ করা হয়?

শ্রীকমলকান্তি গুহ: সরকারী নিয়ন্ত্রিত একটা দর আছে এবং সেটা বাজার থেকে অনেক কম দর। তবে সঠিক উত্তর আমি এখন দিতে পারছি না, অনুমানের উপর নির্ভর করে বলছি, বোধহয় ৮ টাকা কেজি হবে।

[1.40—1.50 P. M.]

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস: এই জুট সীডস কেনার জন্য এ রাজ্য থেকে বহু টাকা বাইরের রাজ্যে চলে যাচ্ছে এবং প্রতি বছরই এটা চলে যাচ্ছে। প্রতি বছর যাতে এই ভাবে জুট সীডের জন্য অন্য রাজ্যের উপর নির্ভর করতে না হয় সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় কোন পরিকল্পনার কথা চিন্তা করছেন কি?

শ্রীকমলকান্তি গুহ: আমরা চেষ্টা করছি এ রাজ্যে পাটবীজের যে চাহিদা আছে এই রাজ্যের অভ্যন্তর থেকে তার যতখানি সম্ভব চাহিদা মেটাবার।

সেইজন্য আমরা বীজ নিগম থেকে কৃষকদের সাথে চুক্তির ভিত্তিতে এই বীজ উৎপাদনের জন্য চেষ্টা করছি। এ ক্ষেত্রে মনে রাখা প্রয়োজন যে, বীজ উৎপাদন করে যদি তার ঠিকমত দাম কৃষকরা না পায় তাহলে কৃষকদের পক্ষে সেটা ক্ষতি হবে। সেইজন্য কৃষকরা বীজ উৎপাদনের ব্যাপারে উৎসাহী নন, তাঁরা বাইরের বীজের উপর নির্ভর করেন। সেখানে যে দরে আমরা মহারাষ্ট্র থেকে বীজ আনি সেই দর আমরা কৃষকদের দেব এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেব—এই চুক্তিতে পশ্চিমবঙ্গের ভেতরে যে-সব জেলায় বীজ উৎপাদন হতে পারে সেই সব জেলায় এটা করার আমরা প্রচেষ্টা নিচ্ছি।

শ্রীহাজারি বিশ্বাসঃ বর্তমানে পাট বীজের যে সংকট চলছে সে ব্যাপারে মন্ত্রী মহাশয় অবগত আছেন কি এবং থাকলে তার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানাবেন কি?

শ্রীকমলকান্তি গুহঃ সংকট আছে। আমরা খুব চেষ্টা করেছি ন্যাশনাল সীড কর্পোরেশনের মাধ্যমে বীজ আনার এবং আমরা এ পর্যন্ত প্রায় দুশো টন বীজ বাইরে থেকে আনতে পেরেছি। আমাদের প্রতি বছর বাইরে থেকে ১৪শো টন বীজ আসে। আমরা চেষ্টা করছি আরো আনার। তবে সেই চেষ্টা ফলবতী হবে না বলেই মনে হচ্ছে, কারণ যে-সব জায়গা থেকে বীজ আসে সেই সব জায়গা খরায় প্রচণ্ডভাবে মার খেয়েছে আগের বার, সেই জন্য বীজ পাওয়া সম্ভব হচ্ছে না।

*৫৬৭। Held Over.

চন্দ্রকোণা পৌরসভাকে টাউন হল তৈরী করার জন্য টাকা মঞ্জুর

*৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৪।) **শ্রীউমাপতি চক্রবর্তী**ঃ স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) চন্দ্রকোণা পৌরসভাকে ১লা জানুয়ারি, ১৯৭৯ সাল থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৮১ সাল পর্যন্ত 'টাউন হল' তৈরী করার জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছিল;

(খ) চন্দ্রকোণা শহরে ঐ 'টাউন হল' এ পর্যন্ত তৈরী হয়েছে কি;

(গ) '(খ)' প্রশ্নের উত্তর 'না' হলে, এর কারণ কি;

(ঘ) উক্ত পৌর কর্তৃপক্ষের বিরুদ্ধে দুর্নীতির কোনও অভিযোগ সরকারের কাছে আছে কি; এবং

(ঙ) থাকিলে, এ বিষয়ে তদন্ত করা হয়েছে কি ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ (ক) এক লক্ষ টাকা।

(খ) না।

(গ) উপযুক্ত স্থান নির্বাচন সম্পর্কে সর্বসম্মত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা এ যাবৎ সম্ভব হয় নি।

(ঘ) হ্যাঁ।

(ঙ) হ্যাঁ। হচ্ছে।

শ্রীউমাপতি চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এত দীর্ঘ সময় পরেও সাইট সিলেকশন না হবার কারণ কি ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ আমি এখনই তা বলতে পারছি না, তবে আমি সে সম্পর্কে খবর নেব এবং যাতে তাড়াতাড়ি তদন্ত হয় সেটা দেখবো।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অভিযোগ যদি নাই থাকে তাহলে তদন্তের প্রশ্ন উঠছে কেন ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ অভিযোগ তো আছে, আমি তো উত্তরে হ্যাঁ বলেছি।

বাঁকুড়া জেলার বড়জোড়া থানায় সরকারী গভীর নলকূপ

*৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪৫।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়া থানায় কোন সরকারী গভীর নলকূপ আছে কিনা;

(খ) থাকিলে, মোট কয়টি নলকূপ আছে; এবং

(গ) ঐ নলকূপগুলি চালু আছে কিনা ?

শ্রীকানাই ভৌমিক ঃ (ক) হ্যাঁ।

(খ) একটি।

(গ) না।

এর সংগে আরো জানাতে চাই যে, একটা এখনও চালু নেই, তাঁর কারণ

হচ্ছে যে ঐ গভীর নলকূপটি আছে গোবিন্দপুরে, ১৫-৪-৭৭ তারিখ থেকে ভূগর্ভস্থ জলস্তরের অপ্রতুলতার জন্য বন্ধ হয়ে যায়। পুনরায় চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেও চালু করা সম্ভব হয় নি। বর্তমানে প্রকল্পটি পুনর্খননের সম্ভাব্যতা বিবেচনাধীন আছে।

*৫৭০। Held Over.

গড়বেতা ও চন্দ্রকোণা রোডকে রেগুলেটেড মার্কেট এলাকা হিসাবে ঘোষণা

*৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬৭।) **শ্রীশুভেন্দু মণ্ডল এবং শ্রীউমাপতি চক্রবর্তী**ঃ কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সদর উত্তর মহকুমার গড়বেতা ও চন্দ্রকোণা রোডকে রেগুলেটেড মার্কেট এলাকা হিসাবে ঘোষণা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) মেদিনীপুর জেলায় বর্তমানে কয়টি রেগুলেটেড মার্কেট আছে?

শ্রীকমলকান্তি গুহঃ (ক) সদর উত্তর মহকুমার গড়বেতা ৩ নং ও শালবনী ব্লক দ্বয়ের কিয়দংশ ও সম্পূর্ণ গড়বেতা ২ নং ব্লক বর্তমানে গোয়ালতোর নিয়ন্ত্রিত বাজার এলাকার অংশ হিসাবে প্রজ্ঞাপিত রহিয়াছে। এই মহকুমার অবশিষ্ট অংশও নিয়ন্ত্রিত বাজার এলাকা হিসাবে প্রজ্ঞাপিত করার পরিকল্পনা আছে।

(খ) সঠিক বলা যায় না।

(গ) বর্তমানে চারটি নিয়ন্ত্রিত বাজার এলাকা আছে।

শ্রীউমাপতি চক্রবর্তীঃ চারটি রেগুলেটেড মার্কেট-এর নাম কি?

শ্রীকমলকান্তি গুহঃ (১) গোয়ালতোর, (২) ঝাকড়া, (৩) চন্দ্রকোণা, (৪) তমলুক।

শ্রীউমাপতি চক্রবর্তীঃ এগুলি কি সরকারের হাতে এসেছে?

শ্রীকমলকান্তি গুহঃ তমলুকে জমি অধিগ্রহণের কাজ চলছে, জমি অধিগ্রহণের কাজ শেষ হলেই বাকি অন্যান্য কাজ আমরা শুরু করব।

Starred Questions
(to which written answers were laid on the table)

আসানসোল মহকুমার অন্তর্গত গ্রামে পানীয় জল সরবরাহ

*৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১১।) **শ্রীবামাপদ মুখার্জী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমার অন্তর্গত কিছু কিছু গ্রামে রানীগঞ্জ কোলফিল্ড জল সরবরাহ প্রকল্প অনুযায়ী জল সরবরাহের ব্যবস্থা অদ্যাবধি (২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৩) করা হয় নাই ;

(খ) সত্য হইলে, যে-সব গ্রামে উক্ত প্রকল্প অনুযায়ী জল সরবরাহ করা হয় নাই সেই সব গ্রামগুলিতে পানীয় জল সরবরাহের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীকমলকান্তি গুহ:

(ক) সত্য।

(খ) হ্যাঁ।

(গ) আসানসোল মহকুমার আরও ১১৩টি গ্রামকে রানীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্পের (২য় পর্যায়) অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত জলসরবরাহ প্রকল্পের কাজ চলছে।

Point of Privilege

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আমার প্রিভিলেজ্ মোশানটি তুলতে চাই। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র (পরিবহণ) মন্ত্রীর বিরুদ্ধে অধিকার ভঙ্গের অভিযোগ উত্থাপন করছি। তাঁদের আমি সভার অধিকার ভঙ্গ করার অভিযোগে অভিযুক্ত করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই সভায় দীর্ঘদিন ধরে বাস, ট্রামের ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনের উপর যে আক্রমণ হয়েছে তার তদন্ত দাবী করা হচ্ছে। সেই সঙ্গে বর্ধিত ভাড়া প্রত্যাহার এবং ভাড়া পুনর্বিন্যাসের দাবী জানিয়ে আসা হচ্ছে। এই প্রসঙ্গে আমরা মাননীয় মুখ্যমন্ত্রী এবং পরিবহণমন্ত্রীর

বিবৃতি দাবী করেছি এবং সেই বিবৃতি দাবী করতে গিয়ে গত ১৫ই মার্চ এই বিধানসভা থেকে আমাকে বহিষ্কৃত হতে হয়েছিল এবং সমস্ত বিরোধী সদস্যরা সভাকক্ষ থেকে ওয়াক্ আউট করেছিলেন। গত ১৫ই মার্চের পর থেকে প্রায় প্রতিদিন ঐ দাবী এই সভায় উত্থাপিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অথচ আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি এই অবস্থায় বিধানসভা চলাকালীন মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় পরিবহণমন্ত্রী বিধানসভায় কোন বিবৃতি না রেখে ছাড়া পুনর্বিন্যাসের সম্পর্কে বিধানসভার বাইরে বিবৃতি রেখেছেন। আমি মনে করি এটা সংসদীয় গণতন্ত্রের রীতিসম্মত নয়। তবে সংসদীয় গণতন্ত্রের পুরোন মর্যাদা এখন আর নেই। যেটুকু ছিঁটেফোঁটা অবশিষ্ট ছিল বর্তমানে মন্ত্রীদের আচরণের দ্বারা সেটুকুকেও পদদলিত করা হচ্ছে। মন্ত্রীরা ঐ রকম আচরণ করলে সভার আর কোন মর্যাদা থাকবে না এবং সংসদীয় গণতন্ত্র কার্যত: প্রহসনে ও মকারিতে পরিণত হবে। কাজেই এই অবস্থায় আমি আমার মোশানটি আপনার অনুমতি নিয়ে পড়ছি। "Sir, I hereby give notice of my intention under rule 226 of the Rules of Procedure and Conduct of Business to move the following motion on a matter of privilege :

Along with the unprecedented resistance movement outside this House against the unjust tram-bus fare rise the voice of opposition within this House against the said fare rise was equally unforeseen. With the demand of enquiry regarding the savage attack on peaceful demonstration protesting against tram-bus fare rise Assembly proceedings will speak for continuous voice of the opposition demanding withdrawal of tram-bus fare rise and revision of the fare structure which was sought to be executed by the Government on and from the 15th March, 1983. In order to stick to the demand of having a statement to the context mentioned above from the Chief Minister the undersigned had even to be suspended from this House and the entire opposition staged a walk-out on 15th March, 1983. Apart from this, demand to this context was being raised by the Opposition within this House almost every day since 15th March, 1983. But recently to our utter surprise from news report we come to know the Home (Transport) Minister and the Chief Minister making report outside this House announcing new fare structure on 7.4.83 and 8.4.83 respectively, ····" When the House is in session, before making any statement in this House as such an urgent issue, such outside announcement or makin greport, as the case may be, by the said Ministers amounts to serious breach of privilege of this House.

[1.50—2.00 P. M.]

Mr. Speaker : Shri Debaprasad Sarkar, M.L.A. has given notice of a

privilege motion u/r 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Sarkar states that the Minister-in-charge of the Home (Transport) Department and the Chief Minister made announcements on 7.4.83 and 8.4.83 respectively outside the House regarding the new bus and tram fare structure, which have been reported in the newspapers. In the opinion of Shri Sarkar such an announcement on an urgent issue outside the House, while the House is in session, amounts to serious breach of privilege of the House.

It may be pointed out in this connection on that technically no privilege of Parliament is involved if statements on matters of public interest are not first made in the House and are made outside (**vide** Practice and Procedure of Parliament by Kaul and Shakdher, Ist Edn., p. **217**). Of course, the normal practice is that the statements on important matters of public interest are first made by the Ministers on the floor of the House but the deviation from this does not constitute any basis on which breaches of privilege can be founded.

The notice of Shri Sarkar is, therefore, disallowed.

Here I would like to add something more and draw the attention of the Ministers that when the Assembly is in session all notices of public importance or statements relating to matters of public interest shoul dfirst be made in the House and then these are to be made outside.

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা Under Rules 226 of the Rules of Procedure and Conduct of Buisness. জমা দিয়েছি। গত ৭ই এপ্রিল তারিখে যখন শিক্ষা বাজেট নিয়ে আলোচনা হচ্ছিল তখন মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া আমার অতীত জীবন সম্পর্কে কতকগুলি কথা বলেছেন। আমি গভীরভাবে বিশ্বাস করি যে এটা অসত্য, উদ্দেশ্য প্রণোদিত এবং কুৎসাপূর্ণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমি custodian-এর ৪৯৯ বা ৫০০ ধারা অনুসারে তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পারি না, যেহেতু সংবিধানের ১৯৪ (২) ধারা আমাকে বাধা দেয়। সেখানে বলা আছে যে হাউসের মধ্যে যা কিছু বলা হবে তার জন্য মোকদ্দমা করা যাবে না। ১৯৫৮ সালে সুরেন্দ্র মহান্তী ও নবকিশোর চৌধুরী, তার যে মোকদ্দমার রায় উড়িষ্যা হাইকোর্ট দিয়েছিল, সেই রায়ে একথা বলা হয়েছে যে, হাউসের মধ্যে যে কথা বলা হবে তার জন্য কোন মোকদ্দমা করা চলবে না। সম্প্রতি তামিলনাড়ু বিধানসভার অধ্যক্ষ রাজারাম যে রুলিং দিয়েছেন সেই রুলিংয়ের মধ্যে সুস্পষ্টভাবে একথা বলা হয়েছে। এখন হাউসের যে অধিকার আমাদের রয়েছে, সেই অধিকার যদি কেউ ভঙ্গ করে তাহলে হাউসের কাস্টোডিয়ান হিসাবে আপনার কাছে আসা ছাড়া আমাদের আর কোন পথ থাকেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে Kaul & Shakdher, Part I-এর

২০৯ নম্বর প্যারাগ্রাফে এই সম্পর্কে পরিষ্কার ভাবে উল্লেখ আছে যে, কি কি হলে ব্রীচ অব প্রিভিলেজ হতে পারে, সে সম্পর্কে ব্যাখ্যা দেওয়া আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জুডিসিয়াল প্রোনাউন্সমেণ্টে একথা পরিষ্কার ভাবে বলা আছে যে, Freedoom of speach does not connote freedom within the walls of the legislature। অতএব তিনি যে কথা বলেছেন, যেটা আমি মনে করি যদি কোন সদস্যের অধিকার ক্ষুণ্ণ করা হয় তাহলে যেহেতু আপনি হাউসের কাষ্টোডিয়ান, আপনার কাছে একমাত্র আসার সুযোগ আছে, আণ্ডার রুল ১২৬-এ আপনার কাছে নোটিশ জারি করতে পারি এবং রুল ২২৪ তার অধীনে দাঁড়িয়ে আছে, আপনার কাছে প্রোটেকশান চাইতে পারি। সে জন্য উনি যে বক্তব্য এখানে রেখেছেন তার উপরে ভিত্তি করে আপনার কাছে এই নোটিশ আমি পেশ করছি এবং আপনার রুলিং চাইছি।

মিঃ স্পীকার ঃ আমি আপনার মোশানের রুলিং পরে দিচ্ছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গতকাল আমি হাউসে মেনশান করেছিলাম যে, মাননীয় পি. ডব্লিউ. ডি. মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় গত ৪ তারিখে হাউসে মুখ্যমন্ত্রীর বাড়ীতে লিফট্ সংক্রান্ত ব্যাপারে কতকগুলি অসত্য বক্তব্য এখানে তুলে ধরেছিলেন এবং প্রসঙ্গক্রমে তিনি বলেছিলেন যে এটা সম্পূর্ণ আলোচনা স্তরে আছে, এটা নিয়ে কোন সিদ্ধান্ত এখনও নেওয়া হয় নি। আমি গতকাল অফিসিয়াল কপি থেকে দেখলাম এটা বলার পরে এবং আর একটা সরকারী অর্ডার সীটে দেখলাম, তার নম্বর হচ্ছে ৩৫০ এবং যেটা ৯/২/৮৩ তারিখে কোটেশান এ্যাকসেপ্ট হয়েছে এবং যেটার মাধ্যমে ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছে।

আপনি জানেন স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় এখানে অসত্য কথা বলেছেন। তিনি ওয়ার্ক অর্ডার মানে বলেছেন কাজ হচ্ছে এবং হবে। কিন্তু এটা হয় না। ওয়ার্ক অর্ডার মানে ক্যাটেগরিক্যালি সব কিছু ফাইনাল ওয়ার্ক অর্ডার সব হয়ে গেছে। অফিসিয়ালি সেখানে গভর্নরের নাম করে ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছে —কত দিনের মধ্যে কাজ শেষ হবে—টেণ্ডার ছাড়াই স্পেশ্যাল কেস হিসাবে নেওয়া হয়েছে, সমস্ত কিছু বিস্তারিতভাবে দায়িত্ব নিয়ে সুপারিনটেনডিং ইঞ্জিনীয়ার ইস্যু করে দিয়েছেন। এই সম্বন্ধে উনি অসত্য বক্তব্য রেখেছেন বলে নিম্নলিখিত প্রিভিলেজ মোশান ওনার সম্পর্কে এনেছি, আমি সেটা পড়ে শোনাচ্ছি,

The Secretary,
West Bengal Legislative Assembly,
"Assembly Houe", Calcutta-700 001. 12.4.1983
Dear Sir,

I bring to your kind notice that Sri Jatin Chakrabarty, Minister-in-Charge for P.W.D. & Housing in reply to a mention case on 4th of this month stated that installation of a lift in the residence of the Chief Minister, West Bengal is under consideration and no final decision has been taken in this regard.

I raised the matter in the House again on yesterday by presentlng a copy of the letter no. 350 dt. 22 2.'83 written by the Superintending Engineer, Electrical Circle, No. 1, P.W.D. to M/s. Otis Elevator Company (India) Ltd., Eastern Region, Jeevan Deep, 1, Middleton Street, Calcutta-700 071 from which it appears that the said Superintending Engineer placed an order to the above mentioned company for supplying and installation of 1 No. Passenger Lift at the residence of the Chief Minister, West Bengal against the Quotation No. 52N5303C/SPG : S dt. 9.2.'83 of the said Company @ Rs. 1,08,700.00.

Thus it proved that the statement made by Sri Chakrabarty, MIC for PWD & Housing is false and misleading which amounts to breach of privilege.

So, I hereby give notice under Rule 226 of the Rules of Procedures and Conduct of Business of the West Bengal Legislative Assembly to raise the matter before the House today after question hour.

আমি আশা করি, এ সম্পর্কে আপনার রুলিং দেবেন।

Mr. Speaker : আপনার রুলিং আমি পরে দেবো। তার আগে আমি কান্তিবাবুর ব্যাপারে রুলিং দিচ্ছি। A notice of privilege motion has been received from the Hon'ble Minister, Shri Kanti Chandra Biswas under Rule 226 of the Rules of Procedure & Conduct of Business in the West Bengal Legislative Assembly. It has been stated in that notice that on 7.4.83 during the debate on the Education Budget Dr. Manas Bhunia, M.L.A. made some observations against the Hon'ble Minister, Shri Biswas, which were not only baseless and false but also deliberately malicious and libelous and hence they constituted a breach of his privilege as a member of House.

Now, the observations made by Dr. Bhunia against Shri Biswas during the debate relate to the conduct and character of Shri Biswas not as a Minister or a member of this House but as a private individual ; that is to say, they relate to him when he was not a member af this House. In order to constitute a bıeach of privilege a libel upon a member must concern his character or conduct in his capacity as a member of the House and must be based on matters arising in the actual transaction of the business of the House. Reflections upon members otherwise than in their capacity as members do not, therefore, involve any breach of privilege or contempt of the

House. (**Vide** Practice & Procedure of Parliament by Kaul & Shakdher, 1st Edn. pp. 204-5).

So, from the technical point of view there appears to be no prima facie case of breach of privilege involved in the matter and hence it may not be allowed to be raised in the House under Rule 227.

Further to above, it may be pointhd out that on the very same day i.e. on 7.4.83 the Hon'ble Minister concerned refuted the allegations contained in the observations of Dr. Bhunia totally by way of personal explanations during his reply to the debate. After a personal explanation has been made the matter is deemed to be closed. (**Vide** Parliamentary Procedure in India by A.R. Mukherjee, Second Edn. page 165).

In this connection, however, if Hon'ble Speaker agrees, attention of members may be invited to the procedure of raising an allegation by a member against another member on the floor of the Lok Sabha. According to that procedure the member desirous of raising an allegation on the floor of the House has to furnish the Hon'ble Speaker & the Minister concerned with an advance copy of the allegation and to take permission of the Hon'ble Speaker in advance (**Vide** Lok Sabha Debates, dt. 7.5.76 cc 5-6, 119-20 ; dt. 20.8.76, cc 135—77.) On another occasion the Hon'ble Speaker of Lok Sabha ruled that a member should not level an allegation against another member without verifying the facts and giving advance notice to the Speaker (**Vide** Lok Sabha Debates dt. 7.5.70 c. 201).

I would like to draw the attention of the honourable members that it is not fair that all on a sudden you will make allegations against a member depriving him of a chance of clarifying his position or refuting the allegations. In future if any member desires to make any allegation against another member he should supply a copy of the allegation in advance to me with a copy to the member concerned, and then only I will allow the member to raise it. Otherwise I will not allow him to raise any allegation or allow this to form part of the proceedings. I hope members will take note of it.

[2.00—2.10 P. M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে সি. পি. এমের গুণ্ডাদের তাণ্ডব নৃত্য শুরু হয়ে গেছে। এই পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে ইতিমধ্যে বিভিন্ন জায়গায় বিভিন্ন কংগ্রেস প্রার্থীদের ভয় দেখানো হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে জানাচ্ছি যে, আমার এলাকার একজন পঞ্চায়েত সমিতির প্রার্থী তার নাম দীনবন্ধু, তাকে তিন দিন আগে বাড়ী থেকে তুলে নিয়ে গেছে, আজও খুঁজে পাওয়া যাচ্ছে না। তারপর

আমাদের বিধানসভার প্রাক্তন সদস্য শ্রীভোলানাথ সেন মহাশয় তিনি আমার কাছে একটি চিঠি পাঠিয়েছেন। তাতে তিনি লিখছেন যে, তাঁর ওখানে নাকি কংগ্রেস প্রার্থীদের বাড়ী বাড়ী গিয়ে শাসান হচ্ছে যে নির্বাচনে প্রার্থী হয়ে দাঁড়াবে তাকে শায়েস্তা করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, আমাদের এই বিধানসভার সদস্য ডাঃ মানস ভুঁইয়া, ওঁর এলাকা সবং ১২ নম্বর অঞ্চলে কেরুর গ্রাম, পোষ্ট অফিস—উচিতপুর, সেখানে ডাঃ হরিহর সেন মহাশয় পঞ্চায়েত সমিতির একজন কংগ্রেস প্রার্থী হওয়ায় তাঁর স্ত্রীর কাছে একটা চিঠি দেওয়া হয়েছে, দুর্বৃত্তগণ বলে বেনামে, তাতে লেখা হয়েছে যে, ডাক্তারবাবুকে ডাক্তারী করতে বলুন, পঞ্চায়েত সমিতিতে দাঁড়ালে আপনার সিঁথির সিঁদুর মুছে দেওয়া হবে, হাতের শাঁখা ভেঙে দেওয়া হবে নমিনেশন ফাইল করার ১৫ দিনের মধ্যে। তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এই রকম ঘটনা ঘটছে। কংগ্রেস প্রার্থীদের এইভাবে শাসান হচ্ছে। আপনি জানেন, ওদের অপকর্ম এবং অপদার্থতার জন্য, পঞ্চায়েতে যে-রকম চুরি হয়েছে সেজন্য কংগ্রেস প্রার্থীরা যাতে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের নির্বাচনে দাঁড়াতে না পারে সেজন্যই এইরকম করছে। আমি আপনার কাছে চিঠিখানি রাখছি, অনুগ্রহ করে একটু দেখবেন এবং এর একটা বিহিত ব্যবস্থা করবেন।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েক দিন আগে এই সভার নজরে এনেছিলাম যে, এই পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে কংগ্রেসীরা গ্রাম-গ্রামাঞ্চলে অশান্তির প্রচেষ্টা শুরু করেছে। গত রাতে আমার রাজারহাট কনষ্টিটিউয়েন্সীর অন্তর্গত মহীষবাথান এলাকায় কংগ্রেসীরা সম্ভাব্য পঞ্চায়েত প্রার্থীর বাড়ীতে হামলা করে এবং তাঁর বাড়ীতে আগুন ধরিয়ে দেয়। এই ঘটনায় দু'জন অগ্নিদগ্ধ হন। আমি রাত সোয়া একটা পর্যন্ত সেখানে ছিলাম এবং আহত দু'জনকে হসপিটালাইজ করেছি। সেই গ্রামাঞ্চলে ভেড়ির মালিকরা আজ কংগ্রেসী পতাকা-তলে ঐক্যবদ্ধ হয়েছে এবং অশান্তি সৃষ্টি করছে। আজকে পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে এই শান্ত পশ্চিমবঙ্গকে অশান্ত করবার জন্য এই যে সুপরিকল্পিত প্রয়াস এঁরা চালাচ্ছেন সেটা বন্ধ করবার চেষ্টা করতে হবে এবং শান্তির পরিবেশ বজায় রাখতে হবে। আজকে জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে কংগ্রেসীরা যে-পথ অবলম্বন করেছে তা রুখবার জন্য কঠোর হতে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রীনীরদ রায়চৌধুরীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আজকে রেলে প্রায় দেড়গুণ ভাড়া বেড়েছে, কিন্তু কোন দিকেই কোন উন্নতি ঘটেনি। গতকাল শিয়ালদহ থেকে আড়াই ঘণ্টা লেটে ট্রেন ছেড়েছে। আমি গভীর রাত পর্যন্ত আটকে ছিলাম সেখানে। একটি কমপার্টমেন্টে যেখানে ১০০ জন যাত্রী যেতে পারে, সেখানে ৩০০ জনকে যেতে হচ্ছে। এই গরমের মধ্যে নিত্যযাত্রীদের আজকে কি অবস্থা তা ভাষায় বর্ণনা করা যায় না। আপনাকে বলছি, শিয়ালদহ ষ্টেশনে বর্তমানে জলের ব্যবস্থা পর্যন্ত নেই—সমস্ত জলের কলগুলো খুলে নিয়ে গেছে। সেখানে স্যানিটেশনেরও কোন ব্যবস্থা নেই। সেখানে একটা অরাজক অবস্থা চলছে। ট্রেনের মধ্যে পাখা নেই, বসবার জায়গা নেই—একটি রড রয়েছে, তার উপর বসতে হচ্ছে। এই রেল পরিবহণে অব্যবস্থার বিরুদ্ধে আপনার মাধ্যমে রেলমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় যে অভিযোগ তুলেছেন সেই ব্যাপারেই বলছি যে, আজ সকালে আমার এলাকার সবং থানার ডাঃ হরিপদ সেনগুপ্ত আমাদের এম এল এ হস্টেলে এসেছিলেন। তিনি সত্যবাবুর হাত ধরে কেঁদে ফেললেন—সত্য কথা বলছি স্যার। তিনি সম্ভাব্য কংগ্রেস প্রার্থী, তিনি অত্যন্ত পপুলার ডাক্তার—তাঁর স্ত্রীকে এই ধরনের চিঠি দেওয়া হয়েছে, এটা সত্যি অত্যন্ত দুর্ভাগ্যের কথা। তাঁর স্ত্রীর শাঁখা ভেঙ্গে দেওয়া হবে, নমিনেশন পেপার সাবমিট করবার পর তাঁর ডেড বডি ড্রেনে পাওয়া যাবে—এসব কথা সত্যি লিখেছে স্যার। আপনি মুখ্যমন্ত্রী এবং পঞ্চায়েতমন্ত্রীকে বলুন তাঁর ব্যক্তিগত নিরাপত্তার ব্যবস্থা করার এবং ইনভেষ্টিগেশন করবার জন্য। আমি সমুদয় বিষয়টি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার ঃ ডাঃ ভুঁইয়া, সত্যবাবু বললেন—আবার আপনিও একই কথা বললেন। এ হয় না, এভাবে বলবেন না।

Adjournment Motion

Mr. Speaker : I have received one notice of Adjournment Motion to-day. It comes from Shri Kashinath Misra, which deals with delay in installation of the imported scanner machine for brain tumour treatment. The subject-matter of the motion is not such which can justify adjournment of business of the House. Moreover, the member will get opportunity to raise the

natter to-day during discussion on the Demand for Grant of the concerned epartment. I, therefore, withhold my consent to the above motion. The member may, however, read out the text of the motion, as amended.

শ্রীকাশীনাথ মিশ্র : আমি এই কারণে মুলতুবী প্রস্তাব দিয়েছিলাম যে, সরকারের আজকে চিন্তাধারা কোথায় গেছে যে, সরকারের নিজস্ব একটা জিনিস, গাফিলতির জন্য ৬৫ লক্ষ টাকার জিনিসটা নষ্ট হচ্ছে। পূর্ত বিভাগ এবং স্বাস্থ্য বিভাগ ঐ স্ক্যানারটির দায়িত্ব নেওয়া সত্ত্বেও এখনও বসাবার কোন ব্যবস্থা হয় নি। যা হোক আমি পড়ছি—

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

চারমাস আগে ইনস্টিটিউট অব নিওরোলজির জন্য বিদেশ হতে ৬৫ লক্ষ টাকার ক্রীত "স্ক্যানার" যন্ত্র যা ব্রেন টিউমার চিকিৎসার জন্য গুরুত্বপূর্ণ, বিদেশ হতে সেটি এসে পৌঁছালেও পূর্ত দপ্তরের গাফিলতির জন্য আজ পর্যন্ত বসান হয় নি।

Calling Attention to Matters of Urgent Public Importance

[2.10—2.20 P.M.]

Mr. Speaker: I have received 3 notices of Calling Attention on the following subjects, namely :

1. Apprehended rise in price of wheat and wheat products due to recent announcement by Union Minister for Agriculture from Shri Rabindra Nath Mondal and Shri Joykesh Mukherjee, M.L.As.

2. Incidents of fire at Bankura, Jalpaiguri, Burdwan, Nadia and Purulia resulting in death of 5 persons from Shri Kashinath Misra, M.L.A.

3. Acute crisis of drinking water in Calcutta, Bankura, Purulia, Howrah and in other districts from Shri Asoke Ghosh, M.L.A.

I have selected the notice of Shri Rabindra Nath Mondal and Shri Joykesh Mukherjee on the subject of apprehended rise in price of wheat and wheat products due to recent announcement by Union Minister for Agriculture.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date for the same.

Shri Achintya Krishna Ray: আমি রিসেসের পরে স্টেটমেন্ট দেবো।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Power Department to make to statement on the subject of non-functioning of drinking water supply pump houses of Milannagar, Shahidnagar and Lichubagan under Kanchrapara Municipality for want of service connections.

(Attention called by Shri Jagadish Chandra Das on the 5th April, 1983)

শ্রীপতিতপাবন পাঠক : স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি, পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য শ্রীজগদীশচন্দ্র দাশ মহাশয়ের ৫ই এপ্রিল, ১৯৮৩ তারিখের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির আমি উত্তর দিচ্ছি।

কোন জায়গায় বিদ্যুৎ সরবরাহ করার পূর্বে, বিদ্যুৎ গ্রাহকের পর্ষদের সংশ্লিষ্ট অফিসে "টেস্ট ফর্ম" জমা দেওয়া প্রয়োজন। পর্ষদের বিবরণ থেকে জানা যায় যে, সি এম ডি এ কর্তৃপক্ষ এখনও পর্যন্ত তাদের প্রস্তুতিপর্ব শেষ করে নি এবং টেস্ট ফর্মও জমা দেয় নি।

পর্ষদের তরফ থেকে উচ্চ শক্তিসম্পন্ন লাইন টানা হয়ে গিয়েছে এবং পাম্প হাউসের কাছে সাব-স্টেশনও প্রস্তুত হয়ে গিয়েছে।

"টেস্ট ফর্ম" জমা পড়লেই পাম্প হাউসে বিদ্যুৎ সংযোগ করা হবে।

Statement under Rule 346

Dr. Ambarish Mukhopadhyay : Mr. Speaker, Sir, with your permission I rise to make a statement on the closure of Emergency Section and new admissions in the N.R.S. Medical College & Hospital due to alleged shortage of life-saving drugs.

It is not a fact that the stock of all varieties of life-saving drugs had run out at the N.R.S. Medical College and Hospital. It is not an unusual thing that a few items might be in short supply at any time whieh is an All India Phenomenon. In fact shortage of essential drugs in the open market is also a common phenomenon for which we have very little control. It must be emphasized that the shortage of essential drugs in the N.R.S. Medical College & Hospital had not assumed such proportion so as to warrant a complete closure of the Emergency Section or the Hospital. The temporary closure was brought about at the instance of a section of agitating Interns and house staff who gheraoed for eight hours and pressurised the Superintendent to close the Emergency and also fresh admissions to the Hospital. The Superintendent of the Hospital has powers delegated to him to make local purchase of medicine in the event of short supply. After the temporary closure during late hours of the night of 8th April, 1983 local purchase of essential drugs was made in the morning and the Emergency Section was re-opened by the afternoon

)th April, 1983. Once again under pressure of a section of the agitating house staff and interns the Emergency Section had again to be closed down at 11 o'clock on the night of 9th April, 1983. The Emergency Section was re-opened and admissions resumed on the evening of 10th April, 1983 by the hospital authority and worning since then.

On Sunday, the 10th April, 1983 at 4 p.m. the Superintendent was nformed by the Wardmaster on duty that a dead body was lying on the steps of the out-patient department block. The outpatient department always emains closed on Sundays. The identity of the dead person, the time he came or whether he was brought dead to the hospital premises are not known. t has been gathered from the Emergency out-post police staff and others that he dead person was a beggar and was often found taking shelter in the out-patient department. However, the matter is under investigation by the police and inquest and post mortem are being undertaken.

The most interesting part of the whole episode is that on 11th April, 1983 a section of the agitating house staff and interns on being accused by the members of the public for having forcibly brought about the closure of the admissions and Emergency service are reported to have gheraoed the empty chair of the Superintendent of the hospital (who was out on duty) with the pre-conceived motive of forcing the Superintendent to make a statement (on his return) to the press that closure of the Emergency and of fresh admissions had been done on the initiative of the hospital authorities and not due to the pressure of the agitators. Another interesting episode is that a trainee nurse of N.R.S. Hospital Mamtaz Begum suffering from acute appendicitis and requiring immediate surgical attention was admitted by the Superintendent on 10 4.83 which was promptly opposed by the agitators. The patient had perforce to be transferred to the S.S.K.M. Hospital for treatment. She has been operated upon and now she is well. This closure which had clearly taken place under duress is extremely unfortunate and it is the responsibility of the Government and of all sections of the people to build up a strong public opinion against this type of irresponsible conduct.

The situation this morning is near normal and the representatives of House Staff and Interns may discuss the entire affair with the officials even with me if they so desire, on 14.4.83 at Writers' Buildings, Calcutta in the inteiest of the smooth running of the Hospital.

Note on availability of critically important and disputed drugs in N.R.S. Medical College Hospital

	Name of the Drug	Average daily requirement	Stock in hand	No. of days for which existing stock is enough
1.	Inj. Amplicilline (500 mg.)	250 Ampl	3,000 Ampl	12 days
2.	Inj. Decadron	150 Ampl	2,000 Ampl	13 days
3.	Inj. Syntocinon	25 Ampl	X	Practically no material available in open market against cash. A large stock of Methergin is available in N.R.S.M.C.H.
4.	Inj. Neostigmine	150 Ampl	1,000 Ampl	7 days
5.	Inj. Penidure La 6	100 vial	1,000 vial	10 days
6.	Inj. Tetanus Toxoid	30 vial	500 vial	15 days

Voting on Demand for Grants

Mr. Speaker : Before I go to the next business, I would like to inform you that I want to take up Demand No. 41 first though it is the last item in to-day's List of Business. As it is permissible under the rules I think you will all agree with me.

(Voices—Yes)

Now I request Shri Prabhas Chandra Phadikar to move his Demand—Demand No. 41.

DEMAND No. 41

Major Heads : 285—Information and Publicity, 485—Capital Outlay on Information and Publicity and 685—Loans for Information and Publicity.

Shri Prabhas Chandra Phadikar : Sir, on the recommendation of the Governor I beg to move that a snm of Rs. 5,56,17,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "285—Information and Publicity, 485—Capital Outlay on Information and Publicity and 685—Loans for Information and Publicity". (This is inclusive of a total sum of Rs. 92,70,000 already voted on account in March, 1983).

2. My Department maintains liaison between the Government and the

people. The task of this Department is to make the people aware of the activities and programmes of the Government and to help in drawing up of programmes of the Government on the basis of adequate appreciation of their reactions. The activities of this Department are being guided with an eye to enlist the cooperation and win the trust from the people from all quarters.

3. During the days of the first Left Front Government a number of projects were undertaken under the plan-programme of this Department. To ensure the completion of those projects properly and in times, no now project has been aken up this year. On account of restrictions on the budgetary provisions on planning, no new project has been proposed.

4. Of all the media for projection of the Government's objectives the role of advertisement is very important. We have made known time and again that our policy of distribution of advertisement will be guided by a democratic outlook. We have not deviated from that policy. Advertisement is made available to all categories of newspapers, irrespective of political opinion. Besides, we have adopted a policy of allotting a larger quota of advertisements to the small newspaperys of the districts. A proposal has been moved for expenditure of a total of Rs. 1,10,00,000 on advertisement head in 1983-84.

5. After our assumption on office, emphasis has been placed on strengthening the rural information system. Various programmes have, therefore, been taken up under the plan.

(a) Under the sixth five year plan five subdivisional information centres have been opened in 1982-83 under our policy to have information centres in all subdivisions. Four more such centres will be opened next year. The project will then be completed.

(b) Three information centres have already been sanctioned for the tea-garden areas of Darjeeling-Jalpaiguri and two such centres for the coliery-belt of Asansol-Raniganj. All these centres will have mobile film units attached to them. Motor vehicles and other machinery have been purchased for this purpose. Recruitment of personnel for these centres is going on. All these eentres will start functioning this year.

(c) Arrangements have been made for the repair of vehicles and other machinery locally in the districts. Three repairing centres with required number of technical personnel have been sanctioned under this project. These centres will be opened at Burdwan, Murshidabad and Siliguri.

(d) A project was taken up to distribute television sets to different social and cultural organisations. 19 sets were purchased in 1982-83 under this scheme. An expenditure of Rs. 2 lakhs has been proposed for the year 1983-84. These sets will be distributed among different organisations on the basis of recommendation of district level committees with Sabhadhipatis and District Magistrate as members.

6. Under the Sixth Year Plan, a scheme to open a few information centres

in different States was taken up. Accordingly centres have been opened at Madras, Agartala and Cuttack. The centre at Bombay, although sanctioned, could not be opened as no suitable accommodation was readily available. The setting-up of another Centre at Jaipur is also under consideration of our Department.

7. Our Exhibition Section has organised good number of exhibitions both inside and outside the State. The large number of visitors in these exhibitions is a testimony to their interest in the activities of the Left Front Government. My Department successfully participated in the International Trade Fair held in New Delhi.

8. Efforts to use Bengali for offieial purposes in the State and Nepali in Darjeeling district are continuing. Arrangements of training of typists in Bengali and Nepali have been made. A project has been taken up to provide every block office with one Bengali typewriter in phases. District Magistrates have been sanctioned Rs. 2 lakhs in 1982-83 for this purpose. Similar amount will be made avilabe during 1982-83.

9. In Darjeeling, a Nepali printing press has been set up. Recruitment of personnel is under way. It will become operative in 1983-84.

10. This Department is entrusted with the management of the daily newspaper, Basumati. Its average circulation is around 56,000 now. When discharging the additional financial commitment on the implementation of the Palekar Award, the organisation has gradually cut down on the losses, and that too without any sharp increase in the place. It is now on its way to self-sufficiency.

11. In the field of publication, an important component of our publicity effort, my Department has achieved considerable progress. The periodicals published in six languages from this Department including weekly Paschim Banga in Bengali, have not only been able to retain there hold on an enlarged readership, they have also earned acclaim for editorial competence and for the richness and variety of their contents.

12. In the past we had occasion to apprise the Hon'ble members of the crisis in the film industry in West Bengal. In a bid to meet the situation some long-term measures were taken, like the setting-up of a colour film laboratory, an art film theatre complex, grants for film making, direct production by the Government, making of documentary films in larger numbers. All these projects will continue.

13. The most serious problem facing the film industry is that of exhibition outlet. A number of Bengali films, including some produced by us, are still awaiting release. No arrangement for their release could be made as yet because the entire system of distribution and exhibition is controlled by a handful of people and a dearth of show houses has further intensified the problem. The problem can never be solved unless there are State controlled show houses.

Hallowners are singularly reluctant to exhibit Bengali films. My Department, therefore, has taken on hand a project for the construction of cinema halls in collaboration with the National Film Development Corporation and a commercial Bank. An expenditure of Rs. 5 lakhs has been proposed during 1983-84 Serious thought is being given for having Government's own organisation for the distribution of our films. It has been decided to entrust this work to the Colour Film Laboratory Corporation. It is expected that this new arrangement will yield good results as it is difficult to departmentally handle a complex matter like film distribution within the frame work of official rules and regulations.

14. In the field of film-production, it is worth mentioning that our full-length feature film, 'Chokh' (The Eye) has received an award at the recently held International Film Festival at Delhi. We are receiving invitations from various Film Festivals from all over the world, from Berlin, Cannes and others. It may be added here that our film 'Grihajuddha' (The Civil War) was selected and applauded at the Venice Film Festival last year. Another of our productions, 'Arohan' (The Ascent) got an award at the Karlovy Vary Festival in Czechoslovakia, and was invited to the London Festival. During 1982-83, grants have been given for the making of three feature films, four news-reels, and nine short documentaries. An expenditure of Rs. 71 lakhs has been proposed for grants and production costs during 1983-84.

15. There is a scheme for organising film festivals in different districts. For the purpose, a sum of Rs. 1 lakh has been proposed for 1983-84.

16. This Department has taken up various schemes towards promotion and cultivation of healthy trends in keeping with the aspirations of the common man in the field of culture. Schemes are being implemented on the advice of people well-known in their respective fields of jatra, theatre, music, literature, fine arts, folk culture etc.

17. Last year grants have gone to 84 persons having meritorious work in the field of music and fine arts and suffering from infirmiiy at the moment, under a scheme.

18. Grants have been sanctioned towards publication costs of original works by promising authors who are not normally supported by commercial publishers. During 1982-83 one hundred writers received the grant. This scheme will continue for the next year as well. Steps have been taken to publish the works of Munshi Premchand in Bengali translation in 4 volumes. The first volume is almost ready and awaits early publication. Another scheme was taken up to publish the works of Kazi Nazrul Islam and some other stalwarts. Owing to copy-right difficulties these works could not be published during 1983-84.

19. Various organisations and persons connected with drama, music and arts have been sanctioned grants. The yearly Abanindra Award is being given for excellence in painting and sculpture. Sometime ago the Government bought

the paintings of Late Jamini Roy and set up an art gallery in his house. Last year, some paintings of artist Gopal Ghose were also purchased and kept in that gallery. In the near future, these paintings will be preserved in the Art Gallery being constructed at the Calcutta Information Centre. There will be facilities holding art exhibitions in the Exhibition Room of the Gallery.

20. Various awards were given in recognition of significant contributions in the field of jatra and drama for the year 1982. 14 talented theatre workers are being given monthly stipends.

21. Two centres have been opened at Suri and Jhargram for the cultivation and preservation of Tribal Culture. Proposals for opening two other similar centres in the near future, one at Alipurduar of Jalpaiguri district and another at Purulia, are under consideration.

22. Under the aegis of Nepali Academy set up at Darjeeling, various incentives are being given for the development of Nepali literature nnd culture. Bhanubhakt Award is being given annually.

23. A Music Academy has been set up in Calcutta for facilitating discussions and research on music. The construction work for two theatre houses with latest facilities and amenities is under progress at Baghbazar and Jodhpur Park.

24. This House passed a legislation for bringing the Rabindra Bhavans in the different district and sub-divisional towns of West Bengal under Government control. Accordingly, the Government has till now undertaken the management of eight Rabindra Bhavans in all. Financial assistance is being given for the development of these Bhavans. This assistance will be given in the coming year also.

25. Under this Department's scheme for the construction of Public Hall, various organisations are given financial assistance for the construction of halls, meant for public use. In accordance with this scheme five organisations have been given financial assistance in 1982-83.

In conclusion, I would like to say that our problems are complex and multifarious, while aspirations of the people are great. Our financial capability is extremely limited. Neverthelcs, despite limitations, my Department will strive ceaselessly to conduct its activities with the welfare of the common people in mind, and endeavour to project the objectives of the Government to all classes of people in a correct and prompt manner. We intend to move forward towards our goals, and peoples co-operation, support and appraisal will be our constant guides.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫টি অনুচ্ছেদে আমার সংক্ষিপ্ত বিবৃতি রাখার প্রয়াস পেয়েছি। আমি প্রত্যাশা রাখছি, মাননীয় সদস্যবন্ধুরা এর উপর গঠনমূলক আলোচনা ও পরামর্শ দেবেন।

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be Reduced by Rs. 100/-.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of Demand be Reduced by Rs. 100/-.

[2.20—2.30 P.M.]

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইনফরমেশান, তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না। শুধু সমর্থন করতে পারছি না, তাই নয়—আমি তার সঙ্গে কিছু সমালোচনাও করতে চাই। গত বিধানসভায় উনি যখন প্রথম মন্ত্রী হয়ে এসেছিলেন স্বভাবতঃই আমরা সেই সময়ে যে-সমস্ত প্রশ্ন উত্থাপন করেছিলাম আমরা তার ২ পার্সেন্টের জবাব পাইনি। এইবার আশা করি আপনি পুরনো হয়েছেন—দপ্তর বুঝে নিয়েছেন। সুতরাং আমরা যে-সমস্ত বক্তব্য এই ব্যয়বরাদ্দের পরিপ্রেক্ষিতে তুলে ধরবো, তিনি আশা করি তাঁর জবাবী ভাষণে তার উত্তর দিতে চেষ্টা করবেন। যদিও আমার নিজের ধারণা যে, এই দপ্তর কংগ্রেস আমলে যে পরিমাণ বিস্তার লাভ করেছিল এবং তার পরিধি বাড়াতে পেরেছিল সেই তুলনায় এই সরকারের আমলে তার পরিধি বাড়ানো তো দূরের কথা, ক্রমশঃ সংকুচিত হচ্ছে। সংকুচিত হওয়ার কারণ আছে। আমার মনের প্রসারতা যদি না থাকে এবং ন্যূনতম উদারতা যদি না থাকে এবং তার পদক্ষেপ যদি না দেখাতে পারি এবং সংস্কৃতি এবং কৃষ্টি রক্ষা করার যে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া দরকার সেটা না নিতে পারি, শুধু সংকীর্ণ পার্টির দৃষ্টিভঙ্গিতে এই ধরনের একটা দপ্তরের আয়তন এবং পরিধি বাড়ানো কখনোই সম্ভব নয় এবং ব্যর্থতা মুখ্যতঃ সেই কারণেই। ফলে এই দপ্তর সম্পর্কে বলার আগে রাইটার্স বিল্ডিংসের একটি স্ট্যাচুর কথা উল্লেখ করছি। রাইটার্স বিল্ডিংসে আপনারা জানেন আছে স্ট্যাচু অফ মিনার্ভা—একটি মূর্তি আছে যেটাকে বলা হয় দি গডেস্ অফ উইসডাম। অবশ্যি এখন সেটাকে আর সেই কথা না বলে দি গডেস্ অফ গুণ্ডাস্ এই কথাটি মনে করিয়ে দেয়। সেখানে মিনার্ভার স্ট্যাচু যেটা রয়েছে তার উইস-ডামের নামগন্ধ কিছু নেই। স্বভাবতঃই যেখানে গডেস্ অফ উইসডাম মাথায় রেখে একদিন রাইটার্স বিল্ডিংস্ চলেছিল, সেখানে গডেস্ অফ গুণ্ডাসে পরিণত হয়েছে।

সুতরাং সেখানে কখনোই সংস্কৃতি বৃদ্ধি পাবে না, অপসংস্কৃতির দানব মাথাচাড়া দিয়ে উঠবে এবং এই ক্ষেত্রেও তাই দেখা যাচ্ছে। সমাজের সর্বত্র অপসংস্কৃতির দানব মাথা-চাড়া দিয়ে উঠছে। দীর্ঘ ৬ বছর পরে বক্তব্য রাখতে এসে একটি ছোট্ট ঘটনার কথা মনে পড়ে গেল যে, কোন জায়গায় গিয়ে পৌঁছেছে আমাদের এই সংস্কৃতি আপনারা যদি একটি ১০ বছরের ছেলেকে দেখেন তাহলে দেখবেন তার গলায় অমিতাভ বচ্চনের গান গুন্ গুন্ করে হচ্ছে, আর আপনি যদি কোন আপ রাইট ফ্যামিলির ১০ বছরের ছেলেকে জিজ্ঞাসা করেন গান্ধীজীর স্ত্রীর নাম কি? তাহলে ছেলেটি অনেক ভেবেচিন্তে বলবে তার দু'জন স্ত্রী ছিলেন। একজনের নাম কস্তুরীবা, আর একজনের নাম বিনোবাভাবে। এটা খুব দুঃখের সঙ্গে বলছি যে, এই পরিণতি হয়েছে আজকে এবং সেই যুগেই আমাদের মন্ত্রী মহাশয় এই দপ্তরের দায়িত্ব নিয়েছেন। ওনাকে দেখে প্রেমেনবাবুর একটি কবিতার কথা মনে পড়ে যায়। অত্যন্ত দুঃখের বিষয় যে, খোদ মন্ত্রী নিজে নিজের দপ্তরের কিছু ব্যবস্থা নিতে পারেন না স্বয়ং মুখ্যমন্ত্রী না বলে দিলে। ভারপ্রাপ্ত মন্ত্রীকে যদি মিনিমাম বা ন্যূনতম দায়িত্ব না দেওয়া হয় তাহলে এই ব্যয়বরাদ্দ আমাদের কাছে পেশ করে কি হবে? আগে মুখ্যমন্ত্রীর অনুমতি নেওয়া দরকার। ওনাকে দেখে একটি কবিতার কথা মনে পড়ে গেল। প্রেমেনবাবুর লেখা কবিতাটি: গুরুচরণ কামার / দোকানটা তার মামার / হাতুড়ি আর হাপরটা ধারে / জামা ছিল আমার / একটা হৃদয় ছিল তার / সেটা নিজের রাম নাম সত্য হ্যায়। আমরা দেখছি ওনারও তাই অবস্থা হয়েছে। সব দপ্তরটাই জ্যোতিবাবুর হাতে, উনি শুধু সরকারে বসে আছেন ব-কলমে—আমি সেটা বলতে চাই না, উনি জানেন। ওনার নিজের বলতে শুধু গদিটুকুনি আছে, যেটা জোচ্চুরি করে পেয়েছেন। সেইটুকুও তাঁর রাম নাম সত্যর মত অবস্থা হয়ে গেছে। ৩১শে মে-র পর আরো বুঝতে পারবেন। স্যার, দুঃখের কথা বলতে হচ্ছে—এই দপ্তর সম্বন্ধে আমি প্রথমেই বলি ডাইরেকটরেট অফ ইনফরমেশান সম্বন্ধে। নাম্বার ওয়ান, এই পোস্টের মর্যাদা দীর্ঘদিন ধরে ডাঃ রায়ের আমল থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ পোস্ট। ওঁরা ফাইল পাঠালেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ডাইরেকটরেট অফ ইনফরমেশানের পোস্ট ফিল আপ করার জন্য কি নীতি নির্ধারণ করা হবে সেটা জানিয়ে দেওয়া দরকার বলে।

সাধারণভাবে পি এস সি এটা এ্যাপ্রুভ করেন, কিন্তু নীতি নির্ধারণ করেন সরকার। বুদ্ধদেববাবু নীতি সংশোধন করে একটা রুল রেখেছিলেন। অর্থাৎ ৫ বছর যদি কেউ জয়েন্ট ডাইরেক্টার থাকেন তাহলে তাঁকে যোগ্য বলে ধরে নেয়া হবে। উনি ফাইল পাঠালেন জ্যোতিবাবুর কাছে এবং তার তলায় লিখে

দিলেন প্রীতিম ভট্টাচার্য স্যুড বি এ্যাপয়েন্টেড এজ এ ডাইরেক্টার। তিনি তাতে সই করে তারপর এ্যাকশান নেবার চেষ্টা করলেন। তিনি কে? আমি জানি তিনি আটকে রাখতে পারতেন, যেমন বুদ্ধদেববাবু আটকে রেখেছিলেন। কিন্তু তাঁর মেরুদণ্ড আছে কিনা যেখান থেকে রেকমেণ্ড হয়ে আসছে তাকে আটকান? এই পদ্ধতির পরিবর্তন হওয়া দরকার। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আমি তাঁকে প্রভোক করছি না। কিন্তু আমি তাঁকে আবেদন করবো মাথা উঁচু করে দপ্তর চালাবার চেষ্টা করুন, যাতে নর্মসগুলি মেনটেন করতে পারেন। সেটা যদি ভায়োলেট হয় তাহলে এ অর বি মিনিস্টার ডাস নট এরাইজ, তবে একজন দায়িত্বশীল মন্ত্রী হিসেবে নর্মস মেনটেন করার চেষ্টা করবেন। আজ পর্যন্ত পি এস সি-কে জানান নি। ৫ বছরের যোগ্যতা প্রীতিম ভট্টাচার্যের হয় নি। এই রকম অবহেলার নজির অনেক আছে। এই দপ্তরের জন্য একজন এক্সপার্ট লোকের দরকার। আমি নিজেকে দুর্ভাগ্য বলে মনে করবো এমন একজন মানুষকে তিনি নিয়ে এলেন—হি ইজ এ টায়ার্ড হর্স, হি কান্ট রান। উনি যদি তাঁকে হুইপ করেন তাহলে শুয়ে পড়েন, বাট হি কান্ট রান। আমি সামনের বার তাঁর কাছ থেকে জানবো তিনি মাথা তুলে দাঁড়িয়েছেন কিনা? আপনি যে রথ টেনে নিয়ে যাবার চেষ্টা করছেন সেই রথ চলে না। ম্যান ইমমেটিরিয়াল ম্যাটার হলেও তাঁর ক্ষমতা, যোগ্যতা সম্বন্ধে সন্দেহ আছে। এ থেকে মনে করছি তাঁর কিছু করার নেই। এই অসহায় মানুষের সমালোচনা করে লাভ নেই। আপনি জানেন অপসংস্কৃতি বলে বক্তৃতা করে সংস্কৃতি রক্ষা করা যায় না। বাংলা ও বাঙালীর যে সংস্কৃতি তাতে পৃথিবীর বুকে আমরা এখনও মাথা উঁচু করে দাঁড়াতে পারি এবং আমাদের দাঁড়াতে হবে। আমাদের এ নিয়ে গর্ব আছে। এই দেশের লোক হিসেবে একে কিভাবে রক্ষা করবেন? বৈদিক যুগ থেকে আরম্ভ করে এই যুগ পর্যন্ত যদি দেখেন তাহলে দেখবেন রাজশক্তির সহযোগিতা এবং সক্রিয় মদত ছাড়া কতকগুলি জিনিসের প্রসারতা লাভ করতে পারেনি। রাজশক্তি যদি উদার মানসিকতা নিয়ে চলে তাহলে এরকম ধরনের বড় জিনিসের প্রতিষ্ঠা লাভ হয়। সম্রাট অশোক যদি রাজশক্তির সহায়তা নিয়ে বৌদ্ধধর্ম প্রচার না করতেন তাহলে বৌদ্ধধর্ম এত বিস্তার লাভ করতো কিনা সন্দেহ আছে। কিন্তু এ ক্ষেত্রে রাজশক্তির অবহেলা ও ঔদাসীন্য হয়েছে।

পতাকার রঙ লাল করে সংস্কৃতিকে তুলে ধরা যায় না। এক সময়ে আমি এই দপ্তরের সঙ্গে যুক্ত ছিলাম। বহু প্রস্তাব সে সময় হয়েছিল, যা আজ পর্যন্ত কার্যকরী হয় নি। এ বিষয়ে আমি একটা নজির দিচ্ছি। আজ থেকে

৬ বছর আগে সরকারী ফাইলে, কাজে বাংলা ভাষা চালু করার যে প্রস্তাব ছিল আজ পর্যন্ত তার এক ইঞ্চি অগ্রসর হয়নি। ভাষার সাম্রাজ্যকতা সরকারের মধ্যে থাকবে কেন? কেন আমলাতন্ত্রের হাতে এখনও পর্যন্ত তামাক খাবেন? ইংরাজীর কৌলীন্য থেকে আজও মুক্ত হবেন না? গ্রামের কতকগুলি স্কুলে বাংলা করে দিয়েছেন এবং শহরে কে জি, কনভেন্ট করে দিচ্ছেন। বৃটিশ আমলের লেখাপড়া জানা কিছু লোকের পৃষ্ঠপোষকতায় ইংরাজী রেখে দিয়েছেন।

[2.30—2.40 P. M.]

তার জন্য ৬ বছর আগে যে প্রস্তাব আছে আজকে ৬ বছর পরে সেই একই প্রস্তাব নিয়ে ফাইল নিয়ে বলতে হচ্ছে। বহুবার এই বিষয় নিয়ে আমরা আপত্তি করেছি। বললে বলবেন আপনারা কি করেছিলেন? আমরা তো খানিকটা শুরু করেছিলাম, তার আগে কেউ করে নি। তার আগে শুধুমাত্র কতকগুলি বক্তৃতা ছিল। এই মুহূর্তে ফাইল নিয়ে কথা উঠেছে। সেখানে আমরা বলেছিলাম ইংরাজী কথাটা ইউজ করা হোক যদি বাংলায় অনুবাদ করা সম্ভব না হয়, যেটা সুকুমারবাবু পর্যন্ত সাজেশান দিয়েছিলেন। সেটা কেন করা হচ্ছে না? আমরা যেটুকু সংবাদ রাখি তাতে বলতে পারি আজকে বাংলার স্টেনো, টাইপিস্টের পরিমাণ বাড়াতে, তাদের ট্রেনিং-এর ব্যবস্থা করতে, বিশেষ করে অফিসারদের কি বাধ্য করতে পেরেছেন দুটো লাইন বাংলায় অর্ডার দিতে বা লিখতে? স্বভাবতঃই আমি মনে করি এই শ্লথ গতিহীন দপ্তরে যিনি রয়েছেন তাঁর দায়িত্ব অনেক বেড়ে গেছে। একটা ব্যাপারে আমরা অবশ্য অনেক খুশী যে, জ্যোতিবাবু তাঁর বক্তৃতায় বলেছেন প্রমোদকরগুলি মুক্তি দেওয়া হল। আমাদের কাছে এটা অভিনব কিছু নয়। আমরা যখন সরকারে ছিলাম এবং তার আগে ডাঃ বিধানচন্দ্র রায় সম্পূর্ণভাবে সাংস্কৃতিক জগতে, এমন কি ম্যাজিকে পর্যন্ত প্রমোদকর তুলে দিয়েছিলেন। সুতরাং অতিরিক্ত বাহবা এতে কিছু নেই। তবুও যে ক্ষতি করেছেন আমরা চলে যাবার পর সেটা আবার রি-ইনট্রোডিউস করেছেন। কিন্তু তার সঙ্গে আর কি করেছেন সেটা অনেকে জানেন না। একদিকে রাজ্য সরকার প্রমোদকর তুলে দেব বলে চিৎকার করছেন অপরদিকে পৌরমন্ত্রী করপোরেশনে ডবল / তিন ডবল করে প্রমোদকর চাপিয়ে দিচ্ছেন। কলকাতার বুকের পর একই সরকারের দুই মন্ত্রী দুভাবে বিভাগ পরিচালনা করছেন। একজনের নীতি একদিকে, আর একজনের নীতি অন্যদিকে। তাহলে প্রমোদ কর তুলে

দেওয়ার বাহবাটা কোথায়? আমি দাবি করছি একইভাবে পৌরসভার কর উইথড্র করে নেওয়া হোক, তা না হলে মূল নীতি ভ্রষ্ট হয়ে যায়। স্যার, কৃষ্টি এবং সাংস্কৃতিক ক্ষেত্রে মৌলিকত্ব থাকা দরকার। রাজ্যে যাঁরা রাজনীতি দর্শনে বিশ্বাস করেন তাঁরা জানেন বিদেশ থেকে ধার করা জিনিস নিয়ে আর যাই হোক কোন র‍্যাডিক্যাল চেঞ্জ, রেভলিউশান হবে কিনা জানি না, কিন্তু কৃষ্টি এবং সংস্কৃতিকে রক্ষা করা, তাকে বৃদ্ধি করা বিদেশ থেকে ধার করে হবে না, সেই ব্যারোমিটারে মাপলে হবে না। আমি এও জানি যে, এর মধ্য দিয়ে আমাদের পথ বের করে নিতে হবে আমাদের নিজস্ব কৃষ্টি এবং সংস্কৃতি থেকে। আপনারা যে রাজনীতি দর্শনে বিশ্বাস করেন সেই রাজনীতি দর্শনে কৃষ্টি এবং সংস্কৃতির ক্ষেত্রে কি সায়েন্টিফিক এ্যাপ্রোচ করবেন জানি না, কিন্তু একেবারে মৌলিক চিন্তার পথপ্রদর্শক আপনাদের হওয়া উচিত। আমি মনে করি এরা কালাপাহাড় হয়েছে। কালাপাহাড় যেমন হিন্দুদের সমস্ত মন্দিরগুলো ধ্বংস করে বেড়াচ্ছিল, তেমনি এরা যেখানে আমাদের কৃষ্টি এবং সংস্কৃতি আছে সেখানে সেটা ধ্বংস করে বেড়াচ্ছে। স্যার, আপনি সংবাদপত্র খুললে দেখতে পাবেন একদিকে রবীন্দ্র জয়ন্তীর উপর বোমা মারা হচ্ছে, পতাকা নিয়ে বোমাবাজি হয়েছে, অপর দিকে মাও সে তুং অথবা স্তালিনের উপর সরকারী অনুদান দিয়ে সেগুলি দেখাবার চেষ্টা করা হচ্ছে। স্যার, যখন আমরা এই প্রসঙ্গে আলোচনা করছি তখন আমরা কোথায় দাঁড়িয়ে আছি সেটা জানা দরকার। মন্ত্রী মহাশয় যখন এই বাজেট বরাদ্দ নিয়ে এসেছেন তখন বাইরে তাঁদের দলের প্রধান চিৎকার করে বলছেন চার অধ্যায় ধ্বংস হোক, রবীন্দ্রনাথ এবং বঙ্কিমচন্দ্রকে কলুষিত করবার চেষ্টা করছেন। এই স্পর্ধা, ঔদ্ধত্য, দম্ভ একজন বাঙালীর কি করে হয়? এটা দম্ভের কথা, আত্মহননের কথা—এটা রাজনীতির কথা নয়। আজকে যদি আমরা সমবেত স্বরে এর প্রতিবাদ করতে না পারি তাহলে প্রকৃতির কাছে আমরা অভিশাপ প্রাপ্ত হব। যে বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ সম্বন্ধে একদিন মনীষীরা বলেছিলেন একহাতে আনন্দমঠ আর এক হাতে তরবারি নিয়ে আমাদের যুদ্ধ করতে হবে, এতবড় অনুপ্রেরণা লাভ করেছিল, লক্ষ লক্ষ মানুষ শহীদ হয়ে গিয়েছিল, মায়ের একমাত্র সন্তান তার পিঠে মাইন বেঁধে বৃটিশের ট্যাংকের সামনে দাঁড় করিয়ে দিয়েছিল আনন্দ মঠকে বুকে চেপে ধরে।

আজ সেই বঙ্কিমচন্দ্রকে, সেই রবীন্দ্রনাথকে, তার চার অধ্যায়কে পরিকল্পনা মাফিক কলুষিত করবার চেষ্টা করা হয়েছে। এই সাংস্কৃতিক দপ্তর আমাদের সংস্কৃতিকে একেবারে ধ্বংসের পথে নিয়ে চলে যাচ্ছে। এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর। আমরা কি এর প্রতিবাদ করবো না? আমরা রাজনৈতিক প্রতিবাদ

করেছিলাম রবীন্দ্র সদনে। ওঁরা বঙ্কিমচন্দ্রকে বলেছেন তিনি কলুষিত। ওঁরা তাঁকে ছোট করে দেখছেন। ওঁরা বলেছেন 'জল পড়ে পাতা নড়ে' এইসব পড়া চলবে না। এখন পড়তে হবে 'জল পড়ে পাতা নড়ে, আর ঐ সি পি এম পার্টির নেতার মাথা নড়ে।' এই রকম সমস্ত কথা যোগ দিয়েছেন। কই আপনারা তো তার প্রতিবাদ করছেন না? একটু বিচার করে দেখবেন যে, এইসব ঠিক হচ্ছে কিনা। কাজেই দেখছি আমাদের সাংস্কৃতিক আন্দোলন বামপন্থীদের অস্থির চিন্তার জন্য আমাদের দেশের সাংস্কৃতিকে হত্যা করা ছাড়া অন্য কোন পথিকৃতি বলে আমি মনে করি না এবং আজ যদি আমরা সচেতন না হই তাহলে আমাদের পরিণতি আরও ভয়াবহ হবে বলে আমি মনে করি। তার কারণ একটা জাতি বেঁচে থাকবে তার সংস্কৃতি এবং কৃষ্টিকে নিয়ে। একটা জাতি না খেতে পেয়ে মরে যায় না। সেই জাতি তখনই মরে যায় যখন তার কৃষ্টি এবং সংস্কৃতি থেকে দূরে চলে যায়। আমার কোন ব্যক্তির প্রতি আক্রোশ নেই। কিন্তু কমিউনিস্ট পার্টির এই যে কৌশল, যে কৌশলে ওঁরা চার অধ্যায়, আনন্দমঠ থেকে আরম্ভ করে অনেক ভাল ভাল জিনিসকে ছাঁটাই করে দিয়েছেন, আজকে যদি তার প্রতিরোধ না করা হয় তাহলে আগামী দিনে এই কৌশল থেকে কোরান পর্যন্ত মুক্তি পাবে না। সেদিন আসবে যেদিন দেখবেন হিন্দুরা কোরানকে অভিশপ্ত করবে, অপর দিকে মুসলিমরা গীতাকে খারাপ বলে চীৎকার করবে।

এর পরে আমি চলচ্চিত্র সম্পর্কে দু'-একটা কথা বলবো। এই চলচ্চিত্রে যে অনুদান আপনারা দিয়েছেন তার সমস্তটাই ভস্মে ঘি-ঢালা হয়েছে। আমি বহুবার দাবী করেছি যে, একটা পেপার অন্ততঃ আপনারা সাবমিট করুন যে কি কি এবং কাকে কাকে আপনারা অনুদান দিয়েছেন এবং এই অনুদান কার স্বার্থে দিয়েছেন এবং তাতে কি ভাল ফল হয়েছে। যখন অনুদান দেওয়া হয়, শুধুমাত্র ডেভেলপমেণ্টের জন্যই দেওয়া হয় না, তার সাথে কিছু বাণিজ্যিক দৃষ্টিভঙ্গিও থাকে। আপনারা এই অনুদান কি টার্মস এণ্ড কণ্ডিশনে দিয়েছেন এবং তার কি রিটার্ন হোল সেটা কোনদিনই আমাদের বললেন না। যে-সমস্ত অনুদান দেওয়া হয়েছে, দেখবেন সব লোক বেছে বেছে দেওয়া হয়েছে। আপনারা উৎপল দত্তকে লক্ষ লক্ষ টাকা দিয়েছেন এবং তার কোন রিটার্ন নেই। তার পক্ষে আপনারা বলেছেন, অমুক অমুক জায়গায় পুরস্কার পেয়েছেন। আমরা দেখছি অনুদানের যে মূল কথা সেটা নষ্ট হয়ে যাচ্ছে। উৎপল দত্তের কল্লোলের কথা ছাড়া দেওয়ালে তার সম্বন্ধে অনেক কথা লেখা হয়েছে। তাঁর আছে, বন্ধু কোথায় তোমার তীরন্দাজ—এখানকার উৎপল নয়, আমেরিকার গোলন্দাজ। এইসব কথা দেওয়ালে লেখা হয়েছে—

আমার কথা নয়। আর সেই লোককে বার বার লক্ষ লক্ষ টাকা দিয়েছেন আপনারা এবং সেটা প্রকাশ্যে দেওয়া হয়েছে। স্বরূপ দত্তকে কয়েক লক্ষ টাকা দিয়ে দিলেন ডকুমেন্টারী তুলতে হবে এবং ১০ মিনিটের মধ্যে তুলতে হবে এমন-ভাবে যে, সেটা মানুষকে যেন দেখানো যায়। সেই ডকুমেন্টারী এমন দেওয়া হয়েছে যেটা মানুষের সামনে দেখানো যাচ্ছে না। লক্ষ লক্ষ টাকা পাইয়ে দিয়ে এমন জিনিস করলেন যেটা মানুষকে দেখানো পর্যন্ত যাচ্ছে না। আবার একটা বই করছেন শুনেছি। একদিকে দেখছি গান্ধীজীর ছবি ভাঙবেন বলে সংবাদপত্রে বেরিয়েছে, আবার অপর দিকে দেখছি ধানকাটা শ্রমিক সংগঠনের নাম করে পার্টির ছবি তুলছেন এবং সেটা দেখানোর সাহস পর্যন্ত আপনারা করতে পারেন নি। আজকে এই অবস্থার মধ্যে আমরা আছি—এ একটা মারাত্মক অবস্থা। আমি অনুরোধ করছি এবং এটা আমার সাজেশন যে, রবীন্দ্রসদন এবং ইনডোর স্টেডিয়ামকে ইনফরমেশান এণ্ড কালচারাল ডিপার্টমেণ্টের আওতায় আনবার প্রস্তাব বহুদিন থেকে আছে—কিন্তু এখনও কিছুই হয় নি। দিল্লীতেও এ নিয়ে আলোচনা হয়েছে তাই আমি প্রস্তাব করছি। আপনারা এখনই নিয়ে নিতে পারেন। এই দুটি প্রতিষ্ঠান আমলাতন্ত্রের একেবার কুক্ষিগত হয়ে গেছে এবং সেখানে কোন কালচারাল ব্যাপার কিছুই হয় না। সেখানে এই জিনিস হচ্ছে "তুমি নাচ, আমি নাচি"—এই সব হচ্ছে। অথচ সেখানে এই ইনডোর স্টেডিয়ামকে যখন স্বামীজী আন্তর্জাতিক যুব সম্মেলন করার জন্য চাওয়া হয়েছিল তখন হোম সেক্রেটারী বলে দিলেন, তোমাদের দিলে হরেকৃষ্ণ যারা আছে তারাও চাইবে। আজকে এইসব কথা বলা হচ্ছে। আমি একটা সাজেশান রাখছি যে, রবীন্দ্র সদনকে এবং ইনডোর স্টেডিয়ামকে এখনই এই ডিপার্টমেণ্টের আওতায় নিয়ে আসা হোক এবং এগুলির ব্যাপারে একটা সাধারণ নীতি ঠিক করে দেওয়া হোক, যে নীতির ভিত্তিতে যে-কোন লোক আবেদন—করবে সেই অনুমতি পাবে।

[2.40—2.50 P. M.]

চলচ্চিত্র সম্পর্কে বলতে গিয়ে বলছি, দু'কোটি স্ট্রাইক হয়ে পড়ে রয়েছে অলরেডি, আর আগামী ১৪ তারিখ থেকে বোধহয় বাকী সবগুলো লক-আউট হয়ে যাবে। আমাকে বলুন সরকার কতগুলি ত্রিপাক্ষিক নীতি করেছেন, আমাকে বলুন সরকার কি কি উদ্যোগ এই চলচ্চিত্র গৃহগুলিকে খোলবার জন্য নিয়েছেন। কেন

এ. আই. এম. পি.-র সঙ্গে বার বার বৈঠক করা হয় নি। আমি নিশ্চিত জানি বৈঠকের মধ্যে দিয়ে ৭৫ পারসেন্ট সমস্যার সমাধান হতে পারত। যার ফলে শুধুমাত্র আমি চিত্ত-বিনোদনের জন্য এই কথা বলছি না, আজকে সরকারের একটা বড় অংশ ট্যাক্স আসে এই ইণ্ডাস্ট্রির কাছ থেকে। বহু মানুষ জীবনযাত্রা নির্ভর করে এই সিনেমা ইণ্ডাস্ট্রি থেকে। আজকে তারা সকলে না খেয়ে মরবে। ইকনমিক্যাল কণ্ডিশন আজকে তাদের সাংঘাতিক। আজকে সরকার উদ্যোগ নিলে ৭৫ পারসেন্ট সলভ হয়ে যেত। ন্যূনতম উদ্যোগ সেখানে নেওয়া হয়নি। নেওয়া হয়নি বলে একদিকে লক-আউট, আর একদিকে স্ট্রাইক হচ্ছে। আগামী ১৪ তারিখ থেকে ৭শো চলচ্চিত্র গৃহ বন্ধ হয়ে যাবে। সুতরাং বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে, সত্যিকারের প্রপোজাল নিয়ে ত্রিপাক্ষিক চুক্তির মধ্যে দিয়ে এই সমস্যার সমাধান যদি ওঁরা করবার চেষ্টা করতেন তাহলে সামনে এই ভয়াবহ অবস্থার মধ্যে এতগুলো মানুষকে পড়তে হতো না। এটাও ঠিক, বিশেষ করে কলকাতা শহরে আজকে রিক্রিয়েশন বলতে সিনেমা দেখা ছাড়া অন্য কিছু নেই। সাধারণ মানুষের ঘরে ভিডিও নেই, সবার বাড়ীতে নানারকম রিক্রিয়েশনের ব্যবস্থা নেই, সেই ক্ষেত্রে সাধারণ মানুষের জন্য এই রিক্রিয়েশন, ন্যূনতম পয়সা সিনেমা হলে দিয়ে এই রিক্রিয়েশন পাওয়া যেত। আজকে সেই সিনেমা হলগুলো বন্ধ হতে চলেছে, জানিনা কতদিন বন্ধ থাকবে। আমার আশঙ্কা আগামী দু-তিন মাসের মধ্যে এই সমস্যার সমাধান হবে না। যাই বন্ধ হয়েছে তাই দু'-তিন মাস সময় লেগে যাচ্ছে খুলতে। এই ক্ষেত্রেও তার পুনরাবৃত্তি হবে বলে আমার মনে হয়। আমরা দু'-চারটি অধিগ্রহণ করেছিলাম স্টুডিও, ওঁরা একটা অধিগ্রহণ করেছেন, টেকনিসিয়ান্স স্টুডিও—সেটা বর্তমানে না পাবলিক আণ্ডার টেকিং, না অন্য কিছু। কোন ব্যবস্থা নেই। শুধুমাত্র টেক ওভার করে একটা খয়ের-খাঁ লোককে সেখানে বসিয়ে দেওয়া হয়েছে, সে লুটে-পুটে খাচ্ছে। সলিলবাবুর আই পি টি এ'র লোকেরা ডুগি-তবলা নিয়ে বসে "কালী রে কালী রে" গান গাইছেন। এটা কার টাকায় হচ্ছে? এখন কেন এই টেকনিসিয়ান্স স্টুডিওর সংস্কার করা হয় নি? যদি এটাকে সংস্কার করা হোত তাহলে আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি এর থেকে বহু টাকা মুনাফা হোতো এবং এর ফলে বহু লোক বাঁচতে পারত। আমরা দেখিনি কংগ্রেস, কমিউনিস্ট—আমরা সেদিন এন বি টি অধিগ্রহণ করেছিলাম মানুষকে বাঁচাবার জন্য। স্যার, সংবাদপত্র সম্পর্কে দু'-একটি কথা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পশ্চিমবঙ্গে ৪৬টি দৈনিক সংবাদপত্র রয়েছে। এই তথ্য ইণ্ডিয়া রিপোর্টে ১৪০ পাতায় ওয়েস্ট বেঙ্গল রিপোর্ট দিচ্ছে যে, ডেলীজ ৪৬, উইকলি

১২, ফর্টনাইটলি ২৪৯, মান্থলি ৬৫২, কোয়ার্টারলি ৩৪৫, আদার পিরিওডিক্যালস ৩৩। যদিও সরকারের পৃষ্ঠপোষকতা পেলে আমি মনে করি এটা আরও বৃদ্ধি পেত। খানে একটা উল্লেখযোগ্য ঘটনা বলা দরকার, আজকে দিল্লীতে টোটাল কাগজ হল ১৩৩। কেরালায় ডেলি পেপারের সংখ্যা ৯৬। আমাদের এখানে কমে যাচ্ছে, র্ধেক হয়ে গেছে, মহারাষ্ট্রে ডেলি পেপারের সংখ্যা দেখুন ১৫২। আমার সাজেশান াম থেকে এবং জেলান্তরে যে কাগজগুলো বেরোয়, সেই কাগজগুলোকে যদি একটু ্যাট্রোনাইজ করা যায় এ্যাডভারটাইজমেন্ট দিয়ে বা আনুষঙ্গিক সাহায্য দিয়ে, াহলে আমি নিশ্চিতভাবে বলতে পারি যে অনেক কাগজ বাড়বে। কারণ তারা ার্থিক কারণে বার করতে পারে না।

সেই অকাল মৃত্যু সরকারী সহযোগিতায় রোধ করা সম্ভব। সরকার পক্ষ াকে ব্যাংক গ্যারান্টির প্রপোজাল দিয়ে নানাভাবে ছোট ছোট কাগজগুলির প্রেস ইত্যাদিকে সাহায্য করে বাঁচাবার চেষ্টা করতে পারেন এবং সেই প্যাট্রনাইজেশন যদি পেত তাহলে এত খারাপ অবস্থা হত না। সংবাদপত্রের ারকুলেশন যত বেশী বাড়বে, আমার মনে হয় পশ্চিমবাংলায় তত বেশী জনমত ত্রী হবে এবং নানা দিক থেকে মানুষের উপকার হবে। এই বিষয়ে আমি এর াগে মেনশান করেছিলাম, এখন আবার বলছি, পালেকার এ্যাওয়ার্ডে যে সুপারিশ রা হয়েছিল, সেই সুপারিশ ক'টা ডেলি সংবাদপত্র মানছে? আমার সংবাদ চ্ছে মাত্র ৮টি কাগজ এই সুপারিশ ইমপ্লিমেণ্ট করেছে আউট অফ ৪৬। এই পারিশ কার্যকরী না হওয়ার দুটি কারণ আমরা খুঁজে বের করেছি। একটি হল, বছরের ব্যালান্স সিট দিলে কাগজটি কোন শ্রেণীর সেটা বলে দেওয়া যায়। ই ক্ষেত্রে কোন সংবাদপত্র ৩ বছরের ব্যালান্স সিট সাবমিট করে নি। আইন রা হয়েছে সারকুলেশন নাম্বার প্রত্যেকটি সংবাদপত্রের উপর ছাপিয়ে দিতে হবে। ষ্টটসম্যান এবং বসুমতী ছাড়া আর কোন সংবাদপত্র এই সারকুলেশন নাম্বার াপিয়ে দেয় না। পার্ট টাইম ওয়ার্কারদের ছাঁটাই করা চলবে না, এই সুপারিশ রা হয়েছিল। কিন্তু মজার কথা হল, এই পার্ট টাইম ওয়ার্কার্সদের দেদার ছাঁটাই রে দেওয়া হচ্ছে এবং বেআইনী ভাবে অসাধু উপায়ে নিয়োগ হয়ে যাচ্ছে এবং জলা থেকে সংবাদ সংগ্রহের নানা চ্যানেল তৈরী করা হচ্ছে। এই লিকেজ বন্ধ রা দরকার। আপনারা বলেন আমরা শ্রমিক-কর্মচারীদের লোক। এখানে কিন্তু হাজার হাজার কর্মচারীর ব্যাপার জড়িত রয়েছে। অনেক সময় আপনারা মালিকদের প্রকাশ্যে সমালোচনা করেন। কিন্তু এই ক্ষেত্রে আপনারা সেই সমালোচনা করে দেখান যে, এইসব মালিকের বিরুদ্ধে আঘাত করেছেন। বহু

জায়গায় আই জে এ-এর তরফ থেকে মামলা করা হয়েছে। মালিকদের এত ঔদ্ধত্য যে এই সমস্ত মামলায় তাদের প্রতিনিধিত্ব পর্যন্ত পাঠায় না। সরকার পক্ষ নীরব। তাছাড়া প্রভিডেন্ট ফাণ্ডের টাকা-পয়সা নয়-ছয় করে দিচ্ছে, সরকার পক্ষ থেকে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। তাছাড়া প্রেস এ্যাকুইজিশন কার্ড সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের একটা নির্দিষ্ট নিয়ম আছে, আইন আছে। সেই আইন ইমপ্লিমেণ্ট করে রাজ্য সরকার এবং বিভিন্ন প্রতিনিধিদের কাকে নিতে হবে ইত্যাদি সমস্ত কিছুই ঠিক করেন। আমরা বহুবার বলেছি আপনারা এইগুলি ইমপ্লিমেণ্ট করুন। তা করবেন না। আজকে ক'জন প্রেস কার্ডহোল্ডার আছে তিনি নিজেই বলতে পারবেন না। হাজার হাজার পার্টির প্রেসের লোক বেরিয়ে পড়েছে। তার কারণ নির্দিষ্ট নিয়ম নেই, কমিটি নেই। দেদারভাবে ইচ্ছামত যাকে খুশী দিয়ে দিচ্ছেন। আজকে যে বেরল তাকেও প্রেস এ্যাকুইজিশন কার্ড দিয়ে দিচ্ছেন। কাজেই এই বিষয়ে সঠিক নির্দিষ্ট নিয়ম থাকা দরকার। কেন্দ্রীয় সরকারের যে নির্দিষ্ট নিয়ম আছে, আইন আছে, সেই আইন ইমপ্লিমেণ্ট করা দরকার আছে।

ছোট ছোট সংবাদপত্রগুলিকে বেশী করে এ্যাডভার্টাইজমেণ্ট দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সাংবাদিকদের জন্য হাউসিং স্কীম অনেক স্টেটে তৈরী করা হয়েছে। অনেক স্টেটে কলোনী টাইপ করা আছে। আমাদের এখানে নেই। ৩০/৪০ মাইল দূর থেকে বহু সাংবাদিককে এখানে আসতে হয়। রাজ্য সরকারের কাছে এই প্রস্তাব এসেছিল। কেরলের হাউসিং স্কীম ধাঁচে এখানেও হাউসিং স্কীম করবার পরিকল্পনা হয়েছিল, আপনি সেই ফাইলপত্র খুঁজে বের করার চেষ্টা করুন এবং সেটাকে যদি রূপায়িত করার চেষ্টা করেন তাহলে আমার মনে হয় আপনি বহু লোকের সাধুবাদ পাবেন। আপনার আগে যিনি এই তথ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন, তিনি তাঁর বাজেটের সময় হাউসে ঘোষণা করেছিলেন পেনশন স্কীম চালু করবেন। তারপর উনি চলে গেলেন। এক বছর হয়ে গেল। কিন্তু আজ পর্যন্ত সেই স্কীম সম্পর্কে কোন উচ্চ-বাচ্য করছেন না এবং এই বিষয়ে আপনার দপ্তরও কোন উদ্যোগ গ্রহণ করছে না। এবার আমি আপনার দপ্তর সম্পর্কে কয়েকটি কথা বলব। স্যার, পশ্চিমবঙ্গ পত্রিকা নিয়ে আমাদের অনেক গর্ব ছিল। এটা অনেক তথ্যসমৃদ্ধ কাগজ ছিল। কিন্তু আপনি কি বলতে পারবেন এই পত্রিকা এখন ঠিকমত ধারাবাহিকভাবে বেরোয়? ওয়েস্ট বেঙ্গল এবং পশ্চিমবঙ্গ এখন যুগ্মভাবে প্রকাশিত করা হয়েছে। কেন করা হয়েছে জানেন? একটিমাত্র প্রেসকে জবরদস্ত কায়দায়, ফ্যাসিস্ট কায়দায় অর্ডার

করছেন টেণ্ডার প্রথার অবলুপ্তি ঘটিয়ে। তার নাম কি জানেন? তার নাম হচ্ছে হুগলী প্রিন্টিং প্রেস এবং এর মালিক হল জয়ন্ত রায়। (ভয়েস: মিথ্যা কথা) মিথ্যা হলে I am ready to face the privilege motion. Ask your Minister. I am ready to face it. এই হুগলী প্রিন্টিং প্রেস কার? জবরদস্তি করে এর উপর চাপিয়ে দিয়েছেন, ডেলিভারি দিতে পারছে না। পশ্চিমবঙ্গ এবং ওয়েস্ট বেঙ্গল পেপার নিয়মিতভাবে প্রকাশিত হয় না। ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে এই রকম একটি ডেট আমাদের দেখান—বহু জায়গায় যুগ্ম প্রকাশ পর্যন্ত করতে হয়েছে। এই সব আগে ছিল না। স্যার, উনি মুখ্যমন্ত্রীর আস্থাভাজন নন। মুখ্যমন্ত্রী তাঁর দপ্তরে ৩ মাসের জন্য একজন প্রেস সেক্রেটারি নিয়োগ করবেন, এই বিষয়ে মন্ত্রীর কোন রকম পরামর্শ চাইলেন না এবং ফাইল পেরেন্ট ডিপার্টমেন্ট থেকে যাওয়ার তোয়াক্কা পর্যন্ত করলেন না, অথচ হি ইজ দি মিনিস্টার ইন চার্জ। সরাসরি ওঁর দপ্তর থেকে মুখ্যমন্ত্রীর দপ্তর—মুখ্যমন্ত্রীর দপ্তর অর্থ দপ্তরকে বললেন। অর্থ দপ্তর ৩ বার সেটা রিজেক্ট করে দিলেন।

[2.50—3.00 P. M.]

তার কারণ ক্যাবিনেট ডিসিশান আছে যে-কোন নতুন পদ সৃষ্টি করা যাবে না এবং ফাইন্যান্স ডিসিশানও এই বিষয়ে আছে। তারপর অর্থ দপ্তর থেকে সেটা পাস করিয়ে ৩ মাসের জন্য প্রেস সেক্রেটারির একটা পোস্ট করলেন এবং ৩ মাসের জন্য প্রেস সেক্রেটারি নিয়োগ করলেন ভায়লেটিং ক্যাবিনেট ডিসিশান এবং মন্ত্রীও কিছুই জানেন না। মন্ত্রীর ফাইল থেকে যখন ডিসিশান হয়ে আসছে তখনও উনি জানেন না যে, একজন প্রেস সেক্রেটারি এ্যাপয়েন্ট হচ্ছে ৩ মাসের জন্য মুখ্যমন্ত্রীর দপ্তরে। স্যার, আমি বিভিন্ন কমিটির কথা আপনাকে বলেছি যে, কত অবাঞ্ছিত লোক নেওয়া হয়েছে। আমি একটি উদাহরণ দিচ্ছি। উনি তো বললেন যে, গণতান্ত্রিক অধিকার মানুষের কেড়ে নেওয়া হয় নি, গণতান্ত্রিক অধিকার মানুষকে নতুন করে দেবার জন্য সব রকম ব্যবস্থা করা হয়েছে। স্যার, শিশির সেন এবং ইন্দ্রনাথ বন্দোপাধ্যায় নামে দু'জন ভদ্রলোক আছেন। ওঁরা চলচ্চিত্রের পরিচালক নন, এটা সবাই জানেন। ওঁরা অভিনেতাও নন, কিন্তু সিনেমা কমিটিতে ঢোকানো হয়েছে এবং শিল্পী সংঘের ওঁরা মাতব্বর বলেই এই রকম একটি বড় কমিটিতে ওঁদের ঢোকানো হয়েছে। স্যার, আপনি তো কলকাতার মানুষ, আপনি কোনদিনও এই শিশির সেন এবং ইন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের নাম শুনেছেন? ওঁরা কোনদিনও

পরিচালক বা প্রযোজক হয়েছেন, এই রকম কথা শুনেছেন কি? আজকে এঁরাই সমস্ত ক্ষমতা কন্ট্রোল করছেন। স্যার, এই দু'জন মানুষকে আন-ডেমোক্রাটিক ওয়েতে বহাল করা হয়েছে। স্যার, এঁদের এক একজন হয়ত কোন জায়গায় আই জি পুলিশের হেড ক্লার্ক ছিলেন, সেখান থেকে নিয়ে এসে ৬০০ টাকা বেতন বাড়িয়ে ডেপুটি ডিরেক্টর অব কালচার করে দেওয়া হয়েছে। এইভাবে আজকে ডেপুটি ডিরেক্টর অব কালচার করে দেওয়া হচ্ছে। কলকাতার বুকের উপর বিনা চুক্তিতে এই জিনিস হয়েছে। আই উইল টেণ্ডার মাই রেজিগনেশান ইফ হি এ্যাকসেপ্টস মাই চ্যালেঞ্জ। তাদের চুক্তি পর্যন্ত হাউসে সাবমিট করতে পারবেন কিনা যথেষ্ট সন্দেহ আছে। এখনো পর্যন্ত কোন চুক্তি হয় নি। তাঁদের মাইনে বাড়িয়ে ডেপুটি ডিরেক্টর করে দেওয়া হয়েছে, অথচ বাংলাদেশের মানুষ তাঁদের নাম পর্যন্ত জানে না। প্রাকটিক্যালি ওঁরাই ডিপার্টমেণ্টের এ্যাডভাইসার হয়েছেন বলে আমাদের কাছে সংবাদ আছে। স্যার, বিজ্ঞাপনের ব্যাপারটা খুব ভাল কাজ এবং আমি মনে করি ওঁকে সাধুবাদ দেওয়া দরকার। স্যার, বিজ্ঞাপনের সমস্ত ব্যাপারটা উনি সেণ্ট্রালাইজ করবার চেষ্টা করেছেন। যে-সমস্ত বিজ্ঞাপন দেওয় হয় সেগুলি সব ইনফর্মেশন দপ্তর থেকে দেওয়া হয়। আমি মনে করি এটা একটা সায়েন্টিফিক এ্যাপ্রোচের ব্যাপার। কিন্তু উনি করেছেন কি? সত্যিকারে যেগুলি বিজ্ঞাপন দেওয়ার মত দপ্তর সেগুলিকে এর মধ্যে আনেন নি। উনি খুচরো কয়েকটি দপ্তর নিয়ে এটা করেছেন। তার কারণ কি? নিজেদের একগাদা লোককে এই সব পোস্টে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়ে দিয়েছেন ভায়োলেটিং অল নর্মস। ডেপুটি ডিরেক্টর করে দিয়েছেন এক্সট্রা ১০ জনকে। তারপর টুরিজম্ ডিপার্টমেণ্টের সমস্ত অধিকার নিয়ে নিয়েছেন। কিন্তু তাদের লোক কি করবে, তার কোন জবাব নেই। তারা বিনা কাজে চুপ করে বসে আছে। সমস্ত কিছু যদি ব্রড মাইণ্ড নিয়ে করার চেষ্টা করতেন তাহলে এই এ্যাডমিনিস্ট্রেটিভ ডিফিকাল্টি হত না। আজকে মাথাভারি সংগঠন হয়ে আছে। যারা কাজের লোক ছিল তারা অন্য ডিপার্টমেণ্টে গিয়ে বসে আছে। তাই আমাদের এই প্রস্তাবটি একটু ভেবে দেখতে অনুরোধ করব। সমস্ত ডিপার্টমেণ্ট, এমন কি এ্যাডভার্টাইজমেণ্টের ডিপার্টমেণ্টগুলিকে যদি আপনার দপ্তরে নিয়ে আসেন তাহলে তার সঙ্গে সংশ্লিষ্ট কর্মীদেরও নিয়ে আসুন। কারণ সেখানে অনেক এক্সপার্ট আছে। তাতে আপনার অতিরিক্ত দু'জনকে নিতে হলে নেবেন। এতে আপত্তির কি আছে? কিন্তু শুধু পোস্টগুলি ক্রিয়েট করে ডিপার্টমেণ্ট চুপ করে বসে রইল—এটা কি গৌরী সেনের টাকা যে, ওনাকে দেবেন, আর উনি খরচ করবেন? এদিকে ওভারড্রাফ্ট নিয়ে চলেছেন, আর অন্য দিকে কোন কাজ

নেই। হয় উনি দপ্তরের সমস্ত কিছু জিনিস বুঝতে পারছেন না, না হয় ওনাকে কে ক্যামোফেজ করছেন তাও আমি জানি না। স্যার, কাগজে লেখা হল ইনফর্মেশন ডিপার্টমেন্ট থেকে ৫ লক্ষ টাকা মুখ্যমন্ত্রীর খরা ত্রাণে দান করা হয়েছে। এটা ঠিক নয়। এয়ার কণ্ডিশন গাড়ী, থিয়েটার করার জায়গা, তার সঙ্গে আনুষঙ্গিক আর্থিক সাহায্য, বিজ্ঞাপন ইত্যাদি বাবদ যে পরিমাণ টাকা খরচ করা হয়েছে তার মূল্য এই ৫ লক্ষ টাকার থেকে অনেক বেশী। অথচ ফলাও করে বলা হল পশ্চিমবাংলার বিপন্ন মানুষের জন্য ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। সিম্পলি ইনফর্মেশন ডিপার্টমেণ্ট থেকে ৫ লক্ষ টাকা সুইচ ওভার হয়ে খরা ত্রাণ ডিপার্টমেণ্টে ঢুকে গেল। বাইরে থেকে যদি খরা ত্রাণের টাকা কালেকট করে আনতেন তাহলে সাধুবাদ দিতাম। আমি নিজে জানি মুখ্যমন্ত্রীর খরা ত্রাণ তহবিলে বহু মানুষ টাকা দিয়েছেন। আমরা সংকীর্ণতাবাদ বা পার্টিবাজী করতে চাই না এই ব্যাপারে। কিন্তু উনি কি করেছেন? উনি নিজের ইনফর্মেশন ডিপার্টমেণ্টের ফাণ্ডের টাকা সুইচ ওভার করে কায়দা করে একবার শিশির মঞ্চ ঘুরিয়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দিয়ে দিলেন। এতে কি হল? উনি ক্যাটিগোরিক্যালি আমাদের বলুন যে, ৫ লক্ষ টাকা খরা ত্রাণে দিয়েছেন এবং ওনার দপ্তর থেকে বিজ্ঞাপন বাবদ কত লক্ষ টাকা খরচ হয়েছে সেটাও বলুন। আজকে বিজ্ঞাপন বাবদ ঐ 'হল' যদি ভাড়া দিতেন তাহলে কত টাকা লাগতো? গাড়ী যেটা ওনার চীফ এ্যাডভাইসরকে দিয়েছেন, সেই গাড়ী বাই বাই করে ছুটছে। সেই গাড়ী নিয়ে কি করা হচ্ছে? কোন সময়েই এই জিনিস হয় না। আজকে তার বাবদে কত খরচ হল তার যদি ব্যালেন্স সীট করা হয় তাহলে মাইনাস-প্লাস করে দেখা যাবে যে ৬ লক্ষ টাকা খরচ হয়ে গেছে। আর ৫ লক্ষ টাকা জ্যোতিবাবুর খরা ত্রাণ তহবিলে জমা হয়েছে। আমার নিজের ধারণা যে, এই সম্পর্কে বোধ হয় উনি ওয়াকিবহাল হতে পারেন নি। তার পরে একথা বলতে চাই যে, লোকরঞ্জন শাখাকে সচল পথে আনার চেষ্টা করুন। আজকে লোকরঞ্জন শাখা আই পি টি-'এঁর একটা ঘাঁটিতে পরিণত হয়েছে। স্যার, রাষ্ট্রপতির স্বর্ণপদক পেয়েছেন যে বেহালা বাদক তাকে বাতিল করে দেওয়া হয়েছে কমিটির নাম করে। আর যত সব অযোগ্য লোক, যাঁরা ওঁদের গুণগান গাইবেন, যাঁরা ওঁদের রাজনৈতিক গান গাইবেন, আই পি টি এ থেকে বেছে বেছে তাদের ধরে রেখেছেন। স্যার, উনি খুব সংস্কৃত জানেন। আমি তাই সংস্কৃতের একটা শ্লোক বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আমি ওনাকে মনে করিয়ে দিতে চাই এবং আমি পজিটিভ উত্তর চাই। আমি চাই না, উনি একটা সংস্কৃত শ্লোক বলে কি একটা গাধা, গরু বলে দিন। এটা পার্ট অব দি ডিবেট। আমি চাই পজিটিভ উত্তর। আমি সংস্কৃতের একটা

শ্লোক বলে শেষ করবো। সংস্কৃতে একটা শ্লোক আছে। শ্লোকটা হল :
'কাব্যংহি……বুভুক্ষুতা।'

অর্থাৎ দর্শনের আসরে যদি কাব্য চর্চা হয় তাহলে দর্শনের আসরটা মাটি হয়ে যায়। তেমনি কাব্যের আসরে যদি গানের চর্চা হয় তাহলে কাব্যের রসত্ব নাশ হয়। আর সঙ্গীতের আসরে যদি নাটক শুরু হয় তাহলে সঙ্গীতের আসর নষ্ট হয়ে যায়। আর দর্শন, কাব্য, সঙ্গীত, নাটক—সব কিছু ব্যর্থ হয়ে যায় যদি দেশে দারিদ্র্যতা থাকে, বুভুক্ষুতা থাকে। আজকে এমন সময়ে সংস্কৃতি জগৎ নিয়ে আলোচনা করছি যখন মানুষ না খেতে পেয়ে মরছে। মৃতদেহ সৎকার করার জন্য লোক পাওয়া যায় না, যখন খরার কবলে পড়ে হাজার হাজার মানুষ অনাহারে রয়েছে, যখন ৭৫ ভাগ মানুষ বিলো পভার্টিতে রয়েছে, যেখানে শতকরা ৪০ ভাগ মানুষকে সরকারের জি আর, টি আর-এর উপর নির্ভর করে থাকতে হয়, সেই যুগের উপর দাঁড়িয়ে সংস্কৃতি নিয়ে আলোচনা করছি। শান্তি পাবো একথা বলতে পারি না। কিন্তু একথা নিশ্চয়ই দাবী করবো যে, এই সীমিত ক্ষমতার, মধ্যে অন্ততঃ যেটুকু করা যায় ক্ষতি না করে সেটুকু করতে পারেন। চলচ্চিত্র, প্রেস, অন্যান্য মাস কমিউনিকেশান যেগুলি আছে এবং সংস্কৃতি প্রচারের জন্য নাটক ইত্যাদি যদি করতে পারেন তাহলে নিশ্চয়ই সাধুবাদ জানাবো। আজকে আমরা যেগুলি করেছি সেগুলিরও গলা টিপে ধরা হয়েছে। আপনারা খালি মুখে সংহতির কথা বলেন, কিন্তু কার্যক্ষেত্রে কিছুই করেন না। আমরা পূর্ব ভারতে একটা সাংস্কৃতিক সম্মেলন করেছিলাম। সেখানে ১৪টি রাজ্য থেকে প্যাট্রোনাইজ করেছিল এবং একসঙ্গে মিলে গিয়েছিলাম। সমস্ত রাজ্যের প্রতিষ্ঠিত ব্যক্তিরা সেখানে এসেছিলেন, তার ডকুমেন্ট আমি দিতে পারি। সেখানে পরিচিত অনেকেই অংশগ্রহণ করেছেন। তাঁদের নিয়ে একটা ঐক্যতান করার চেষ্টা করেছিলাম। কাজেই সংহতির জন্য উদ্যোগ নেওয়া দরকার, বক্তৃতা নয়। সে জন্য আমি মনে করি এই ব্যর্থ অপসংস্কৃতির জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করা হয়েছে, এর তীব্র প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

[3.00—3.10 P. M.]

শ্রীসরল দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করে ২/৪টি কথা বলতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধী দলের নেতার মুখে সংস্কৃতির কথা শুনছিলাম।

স্বাভাবিকভাবে সুব্রতবাবু যে সংস্কৃতিতে বিশ্বাস করেন, তার সঙ্গে আমাদের নীতিগত তফাৎ আছে। উনি বলেছেন যে, শতকরা ৭৫ ভাগ মানুষ দারিদ্র্য রেখার নিচে বাস করে। এর জবাব তো ওঁদের দিতে হবে। কারণ পশ্চিমবঙ্গে ৩০ বছর ওঁরাই রাজত্ব করেছিলেন এবং কেন্দ্রে মাঝখানে ২ বছর বাদ দিয়ে ওঁরা বরাবরই আছেন। এখানে সুব্রতবাবুরা জবাব চাইছেন যে কেন মানুষ দারিদ্র্য সীমার নিচে আছে? এর জবাব তো তাঁকে দিতে হবে। স্যার, জরুরী অবস্থার সময়ে যখন জয়প্রকাশ নারায়ণ ক্যালকাটা ইউনিভার্সিটির ওখানে এসেছিলেন, সেদিন আমি ইউনিভার্সিটি ইন্সটিটিউটের সামনে দাঁড়িয়েছিলাম। সেখানে গাড়ীর উপর দাঁড়িয়ে সুব্রতবাবুরা যে নৃত্য করেছিলেন তাতে ওঁদের সংস্কৃতি সম্পর্কে আমার ধ্যান-ধারণা পাল্টে গিয়েছিল। তাঁর মুখে সংস্কৃতির কথা শুনতে হচ্ছে, অদ্ভুত অবস্থা! উনি রবীন্দ্রনাথের কথা বলেছেন। ওঁরা তো ৩০ বছর ধরে এই রাজ্যে ক্ষমতায় ছিলেন, রবীন্দ্র-সাহিত্য সম্বন্ধে কি করে গেছেন? আমাদের রাজ্য সরকার তাঁর সীমিত ক্ষমতার মধ্যেও রবীন্দ্রনাথের চিন্তাধারা প্রসারিত করবার জন্য ৫০,০০০ পুস্তক ছাপাবার ব্যবস্থা করেছেন এবং আরো ২৫,০০০ ছাপাবার অনুমতি চেয়েছেন। আমাদের সরকার সীমিত ক্ষমতার মধ্যেও নজরুল রচনাবলী প্রকাশের এবং মুন্সী প্রেমচাঁদের রচনাবলী অনুবাদের ব্যবস্থা করেছেন।

সুব্রতবাবু বক্তৃতা করে চলে গেলেন, কিন্তু তাঁর জবাব শোনবার ধৈর্যটুকু পর্যন্ত নেই। তিনি বিগত ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভেলের সময়ে রবীন্দ্র সদনে যে কারবার করেছিলেন, তারপরে আজকে তিনি সংস্কৃতির ভাল কথা শোনাবার চেষ্টা করছেন! এটা কি শোভনীয়? আমি আজকে একটা কথা পরিষ্কারভাবে বলতে চাই, আমরা পশ্চিমবাংলায় একটা ধনবাদী সমাজ-ব্যবস্থার মধ্যে দিয়ে চলছি। আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় ফিল্ম সেন্সর বোর্ড হিন্দী ছায়াছবিগুলিকে অনুমোদন দেয় এবং এটি একটি কেন্দ্রীয় সরকারী সংস্থা। এ বিষয়ে রাজ্য সরকারের কিছু করার থাকে না। অথচ হিন্দী ছায়াছবির মাধ্যমে আমরা অপসংস্কৃতির জোয়ারে ভেসে চলেছি। যে হিন্দী ছায়াছবিগুলিকে কেন্দ্রীয় সেন্সর বোর্ড অনুমোদন দেয় সেই ছবিগুলিতে সাধারণতঃ থাকে নগ্ন যৌন আবেদন। ওঁরা চান সেই আবেদনে আমাদের যুবসমাজ ভেসে যাক। এটাই ওঁদের কাছে কাম্য। কারণ যুবকরা চরিত্রহীন লম্পট হলে পুঁজিবাদী ব্যবস্থা এবং ওঁদের বেঁচে থাকা আরো কিছু দিন সহজ হবে। সেই জন্য সুব্রতবাবু তাঁদের সংস্কৃতির কথা বলে গেলেন।

সুস্থ সংস্কৃতি এবং তার প্রবাহমান যে গতি, সেই গতিকে যদি সাবলীল করতে হয় তাহলে এই সমাজব্যবস্থাকে পাল্টাতে হবে। একদিকে পুঁজিবাদ থাকবে,

আর অপরদিকে সুস্থ সংস্কৃতিকে সম্প্রসারিত করব—এই দুটো কিন্তু ডায়মেট্রিক্যালি অপোজিট্ হয়ে যাচ্ছে। সুতরাং সুব্রতবাবুর সাংস্কৃতিক চিন্তাধারার সঙ্গে আমাদের বামপন্থী চিন্তাধারার—বিশেষ করে আমরা যাঁরা শ্রেণী-সংগ্রামের কথা বলি, তাঁদের চিন্তাধারার নিশ্চয়ই তফাৎ আছে। সুতরাং আমাদের উভয়ের চিন্তাধারার মধ্যে মিল হবে না।

তবে একটা কথা উনি বলেছেন এবং আমিও সেকথা আমাদের মাননীয় তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়কে বলছি যে, আমাদের আমলে এই রাজ্যে অনেকগুলি রবীন্দ্র সদন গঠিত হয়েছে এবং অনেকগুলি অসম্পূর্ণ অবস্থায় আছে। কিছু কিছু জায়গায় আমরা দেখেছি এই রবীন্দ্র সদন বা ভবনগুলি এমন অবস্থায় আছে, যা চোখে দেখা যায় না। এরকম একটির কথা ইতিপূর্বে আমি মন্ত্রী মহাশয়কে বলেছি এবং আজকে আবার বলছি। বারাসাত রবীন্দ্র ভবনটি একটি ব্রথল্'-এ রূপান্তরিত হয়েছে। এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দপ্তরে বার বার আবেদন করেছি, অথচ আজ পর্যন্ত এটির সংস্কার হলো না। আমাদের বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, বারাসাত উত্তর ২৪ পরগণার জেলা শহর হবে। আজকে সেই বারাসাত শহরের রবীন্দ্র ভবন অনাদৃত, অবহেলিত। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়টির প্রতি একটু দৃষ্টি দেবেন।

দ্বিতীয় কথা হচ্ছে, যে-সমস্ত অক্ষম সংগীত শিল্পী এবং সাহিত্যিকদের এই দপ্তর থেকে অনুদান দেওয়া হচ্ছে, সেই সমস্ত শিল্পী এবং সাহিত্যিকদের যদি অনুদানের বদলে পেনশনের ব্যবস্থা করা যায় তাহলে তাঁদের বেশী উপকার হবে। যেমন আমাদের এই রাজ্য, তথা সারা ভারতবর্ষে যে রকম পলিটিক্যাল সাফারাররা পেনশন পাচ্ছেন, তেমনি আমাদের রাজ্যের অক্ষম শিল্পী, সাহিত্যিকদের পেনশন দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

তৃতীয় কথা হচ্ছে দক্ষিণ ভারতের বিভিন্ন রাজ্য, যথা মাদ্রাজ বা তামিলনাড়ু, কর্ণাটক, অন্ধ্র প্রভৃতি রাজ্যের সিনেমা শিল্পে বিভিন্ন ভাষার ছবি নির্মিত হলেও সেখানে সিনেমা হলগুলিতে সেখানকার মাতৃভাষায় নির্মিত ছায়াছবিগুলিই অধিক প্রচারিত হয়। অথচ পশ্চিমবাংলার বিভিন্ন সিনেমা হলে অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় হিন্দী ছায়াছবি অধিক পরিমাণে প্রচারিত হয়। আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়টির দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। আজকে হিন্দী ছায়াছবির প্রচার বন্ধ বা কমাবার কথা চিন্তা করতে হবে। কারণ হিন্দী ছায়াছবির প্রভাব পশ্চিমবাংলার যুব সমাজকে আজকে অপসংস্কৃতির কানাগলিতে ঠেলে

নিয়ে যাচ্ছে। এর হাত থেকে পশ্চিমবাংলার যুব সমাজকে রক্ষা করবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

এছাড়া আমাদের রাজ্যে যে-সমস্ত ক্ষুদ্র পত্রিকা আছে সেগুলিকে আপনি যেভাবে উৎসাহিত করছেন, সেই উৎসাহের গতি আরও যাতে সম্প্রসারিত হয় সেটা দেখবেন। মফঃস্বলের সাধারণ মানুষের কথা, অবহেলিত মানুষের কথা মফঃস্বল পত্রিকাগুলিতে রূপ পায়। বড় বড় সংবাদপত্রের শিরোনামায় তাদের কথা প্রকাশিত হয় না। সেই জন্য মফঃস্বলের ছোট ছোট পত্রিকাগুলিকে আপনি উৎসাহিত করবার জন্য যে প্রচেষ্টা চালাচ্ছেন তার জন্য আমি নিশ্চয়ই তাঁকে স্বাগত জানাবো। আর একটি কথা বলছি। পশ্চিমবাংলায় আপনার দপ্তরের যে-সমস্ত ইনফরমেশন সেণ্টার খুলেছেন তার মধ্যে মফঃস্বল শহরে ক'টা খুলতে পেরেছেন এবং ক'টা খুলতে পারেন নি এবং কতদিনের মধ্যে মফঃস্বল শহরে ইনফরমেশন সেণ্টারগুলি খুলতে পারবেন তার একটা সুস্পষ্ট বক্তব্য আপনার জবাবী ভাষণে নিশ্চয়ই রাখবেন। পরিশেষে বিরোধী দলের নেতা শ্রীসুব্রত মুখার্জী যে বক্তব্য রেখেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং মাননীয় তথ্য দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় তথ্য এবং সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, গতানুগতিকভাবে আমরা যদি দেখি তদানীন্তন যিনি ঐ দপ্তরের মন্ত্রী ছিলেন তিনি যেভাবে বাজেট বরাদ্দ করেছিলেন বর্তমানে এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সেই একইভাবে বাজেট বরাদ্দ করেছেন। তবে বরাদ্দটা কার্যতঃ কিছুটা বৃদ্ধি ঘটেছে। তৎকালীন মন্ত্রী শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে-রকম করেছিলেন, ৪ কোটি ৭৬ লক্ষ ৭৬ হাজার টাকা, মূলধন যেটা করেছিলেন ৪০ লক্ষ ৭২ হাজার টাকা, তথ্য প্রচার ঋণদান হিসাবে যেটা ৭৩ লক্ষ টাকা মঞ্জুরীর জন্য আবেদন করেছিলেন, অনুরূপভাবে সেই অবস্থাই চলছে। আমাদের দেশের মানুষের নিজেদের জীবনে যেমন কতকগুলি লক্ষ্য এবং উদ্দেশ্য থাকে এবং একটা জাতির তাদের জাতীয় জীবনে যেমন লক্ষ্য এবং উদ্দেশ্য থাকে, সেই লক্ষ্য এবং উদ্দেশ্যকে চরিতার্থ করার জন্য, তাদের বৈশিষ্ট্যকে অক্ষত রাখার জন্য প্রয়োজন একটা আবশ্যকীয় তাদের ঐতিহ্যপূর্ণ সংস্কৃতি এবং সেই সংস্কৃতিটা উত্তরাধিকার সূত্রে বহন করে নিয়ে যায়। আজকে কিন্তু আমরা দেখতে পাচ্ছি, সেই ঐতিহ্যপূর্ণ সংস্কৃতি আজ বিভিন্নভাবে ধ্বংসের মুখে এবং ভারতবাসীর সংস্কৃতি যেটা

এক এবং অভিন্ন, সেখানে আমরা সংস্কৃতির উদারতা দেখতে পাই যেটা বহিরাগত ভাবধারাকে অনুপ্রাণিত করে এবং যেখানে বুদ্ধ, বিবেকানন্দ এবং চৈতন্যদেব প্রমুখ মহাপুরুষ একটা পথ দেখিয়ে উদ্দীপনা সৃষ্টি করেছিলেন, সেখানে আজকে আমরা দেখতে পাচ্ছি সেই ঐতিহ্যগুলিকে ধ্বংস করে একটা বিচ্ছিন্নতাবাদ, সাম্প্রদায়িকতা এবং আঞ্চলিকতা রূপের প্রসার ঘটছে। এর জন্য সংস্কৃতির প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। বিভিন্নভাবে কূপমণ্ডুকতার আকার ধারণ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জাতির সংস্কৃতি এবং ঐতিহ্যকে বহন করার ক্ষেত্রে এবং তাদের আশা-আকাঙ্ক্ষাকে রূপ দেবার ক্ষেত্রে এই বাজেট বিবৃতিতে কিছুই দেখতে পাচ্ছি না, কিছুই ফুটে ওঠেনি—আমরা সেটা দেখতে পাচ্ছি না।

[3.10—3.20 P. M.]

আমরা আজকে সেটা দেখতে পাচ্ছি না। বিভিন্নভাবে ত্রুটিপূর্ণ অবস্থায় যেটা দেখতে পাচ্ছি, মাননীয় অধ্যক্ষ মহাশয় সেটাকে বলা যেতে পারে—আমি একটা উদাহরণ আপনার কাছে রাখছি, যেটা সরকারের নিজেরই ঘোষিত, সরকার যেখানে নিজেই বলছেন, তাঁদের সরকারী সংস্থা যেটা বসুমতী, বিগত কংগ্রেসের আমলে যেটা সরকারী অধীনে এসেছিল সেখানে গত বছর সাড়ে তিন কোটি টাকা লোকসান হয়েছিল। লোকসানটা ক্রমাগতভাবে বেড়েই চলেছে। লোকসান রোধ করার জন্য সরকারের কোন প্রচেষ্টা নেই। আজকে বিভিন্ন প্রেসকে বিভিন্নভাবে সরকারী দপ্তরের কাজ করতে হচ্ছে। সেখানে বসুমতী প্রেসকে যদি তাঁরা ব্যবহার করতেন অন্য প্রেসের জায়গায় তাহলে বসুমতী প্রেসের আয় বাড়তো, সরকারের আয়ও বাড়তো। সেখানে সরকারের কোন উৎসাহ নেই। কিন্তু এটা সরকারকে গঠনমূলক কাজে নিয়ে যেতে পারতো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা আরও দেখতে পাচ্ছি যে, সরকার বিগত দিনে যে-সব প্রতিশ্রুতি দিয়েছিলেন, যেটা মাননীয় সদস্য সরল দেব মহাশয় বললেন, রবীন্দ্র ভবনগুলি আপনারা অধিগ্রহণ করেছেন এবং সেগুলিকে নিজেদের দপ্তর হিসাবে পরিচালনা করেন নি, সেজন্য সেগুলি ধ্বংসের দিকে যাচ্ছে। আপনারা রবীন্দ্র ভবনের কথা বলছেন, ওদিকে আপনাদের আরও দুটো অসমাপ্ত কাজ রয়েছে, তার মধ্যে একটা হচ্ছে বাগবাজারের গিরিশ মঞ্চ সেটা এখনো হয় নি। এই গুলি অসমাপ্ত অবস্থায় রয়েছে, সেই জিনিসগুলি যদি না দেখেন তাহলে সৃষ্টি, কৃষ্টি কোন কিছুই ঠিক চলে না। সংস্কৃতি বিলোপের পথে যাচ্ছে। সংস্কৃতি

সমাজের দৈনন্দিন জীবনধারায় যেটুকু গ্রহণযোগ্য সেটাকে যদি আমরা ঠিকভাবে, যাকে বলে সোস্যাল এ্যাডজাষ্টমেন্ট, সেই সোস্যাল এ্যাডজাষ্টমেন্টকে ঠিক করতে পারছি না। সোস্যাল এ্যাডজাষ্টমেন্ট যদি ঠিকমত প্রবাহিত করতে পারি দেশের সব দিক থেকে সার্বিক উন্নতি হবে, দেশ এগিয়ে যাবে। তা না হলে আপনাদের এই দপ্তরের বিফলতার জন্য দেশের সংস্কৃতি রূপায়িত হবে না। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহেমেন মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তথ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন করছি। আমরা আজকে ১৯৮৩ সালে যখন সংস্কৃতির কথা বলছি, তাতে আজ থেকে প্রায় ৪০/৪২ বছর আগে সুভাষচন্দ্র বসু মহাশয়ের শরৎচন্দ্র বসু মহাশয়কে লেখা একটি চিঠি স্মরণ করা যেতে পারে। তিনি লিখেছিলেন, বর্তমান কংগ্রেসের নেতৃত্বে এদের হাতে যদি কোনদিন দেশের দায়িত্ব দেওয়া যায়, তাহলে দেশের ভাগ্যে কি না ঘটবে। আজকে সংস্কৃতির ক্ষেত্রে এই প্রশ্নটা আমাদের ৩৫ বছরের অভিজ্ঞতায় আমরা দেখছি। আজকে গ্রামাঞ্চলে লোকসংস্কৃতি এরা ধ্বংস করেছে। এরা শিল্প এবং সংস্কৃতির মধ্যেও একচেটিয়া পুঁজিপতিকে আমদানী করেছে। অপসংস্কৃতির প্রচার করেছে। শহর ছাড়া গ্রামেও এরা রেডিও, সিনেমা, টিভি-র মারফত প্রচার করেছে। আমাদের সংস্কৃতি কি রকম ? তাতে রবীন্দ্রনাথ বলেছেন, আজ গ্রামে পথ নেই, জল স্থল শুকিয়ে গেছে। মন্দির ভেঙ্গে গেছে, যাত্রাগান সমস্ত বন্ধ, তার একমাত্র কারণ অন্য দল কাজ করছে না। তাই গ্রামের আত্মশক্তির উদ্বোধন ছাড়া তাকে কোনও মতেই বাঁচানো যাবে না। এই পল্লীগ্রাম যে নিঃসহায় হয়েছে এইজন্য আজই তাদের সত্য সহায় লাভ করার দিন এসেছে। আজকে আমাদের দেশের সংস্কৃতি দ্বারায় অনেক বেশী কাজ হতে পারে। তাঁরা সেই কাজ করেন নি, বরং সমস্ত ধ্বংস করেছেন। পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে তাঁরা বলছেন, তাঁরাই পশ্চিমবঙ্গের সরকারের সেই কাজের ক্ষতি করেছেন। তাঁরা লোকসংস্কৃতির চিন্তাকে বস্তুনিষ্ঠ ব্যাখ্যা করে বস্তুনিষ্ঠভাবে তুলবার চেষ্টা করেছেন ! তাঁরা গবেষণা করে বের করেছেন যে, আমাদের কৃষ্টি ব্যর্থ হয়ে যাচ্ছে—আমরা সংস্কৃতিকে বাঁচাতে পারিনি। তার জন্য ৩৫ বছর ধরে ওঁরা যে সুযোগ-সুবিধা পেয়েছিলেন, যে সম্ভাবনা সৃষ্টি হয়েছিল সেই সম্ভাবনাকে ওঁরা ব্যবহার করেন নি। কিন্তু আজকের এই অর্থনৈতিক অবস্থায় স্বভাবতঃই সংস্কৃতি বিপন্ন হবে এবং সেই বিপদ আমাদের দেশে বর্তমানে দেখতে পাচ্ছি।

ওঁরা নতুন নতুন কথা বলেছেন। ওঁরা কোন্ সাংস্কৃতিক আন্দোলন আরম্ভ করেছেন? ফাটাকেষ্টার সাংস্কৃতিক আন্দোলন শুরু করেছেন, জোর করে চাঁদা আদায় করা, জোর করে মাস্তানী করে সারা দেশে পূজার নাম করে, সাংস্কৃতিক সম্মেলনের নাম করে সরকারী টাকা নিয়েছে—এতটুকু বিবেকে বাধেনি, অপরাধবোধ জাগেনি। এইভাবে ওঁরা ফাটাকেষ্টো সংস্কৃতি গড়ে তুলেছিলেন—সংস্কৃতির বন্যা বইয়ে দিয়েছিলেন পশ্চিমবঙ্গে ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত বিশেষ করে।

আমরা লক্ষ্য করছি, আজকে সংস্কৃতির ব্যাপারে সুব্রতবাবু এসে হাজির হয়েছেন—যাঁকে সারা ভারতবর্ষের মানুষ চিনে ফেলেছে। তিনি ষ্টেটম্যান পত্রিকার রিপোর্টারকে কি বলে এসেছিলেন সেকথা সবাই জানেন। রবীন্দ্র সদনের কথা, জয়প্রকাশ নারায়ণকে আক্রমণের কথাও সবাই জানেন। দুর্গাপূজার সময় সরকারের তেল খরচ করে কিভাবে ঘুরেছিলেন তাঁরা সেকথা ভেবে দেখলেন না! কিভাবে তাঁরা ঐ সংস্কৃতি আমদানী করেছেন এবং তার পেট্রোনিজম্ করেছিলেন? আপনাদের সময় 'পশ্চিমবঙ্গ' পত্রিকায় খরচ হচ্ছে। আপনাদের সময় 'পশ্চিমবঙ্গ' পত্রিকায় মন্ত্রীদের ছবি ছাড়া কিছুই দেখা যেতো না। আজকে 'পশ্চিমবঙ্গ' পত্রিকার হিসাব আছে, বিক্রি হচ্ছে, শুধু তাই নয়—মানুষ আগ্রহে তা কিনছে। তার ব্যবস্থা, ছাপা, তার সম্পাদকীয় অংশ এবং সার্বিক পত্রিকাটা একটু লক্ষ্য করে দেখবেন! ব্যঙ্গ করবার আগে কাচের ঘরে বসে ঢিল ছুড়বার চেষ্টা করবেন না। আজকে তাঁরা নতুন নতুন কথা আমদানী করছেন। কি বলছেন? এখানে নাকি প্রেসের, সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে, এখানে নাকি পেট্রোনাইজেশন হচ্ছে না! কোন্ রাজ্যে এইভাবে স্থানীয় সংবাদপত্রগুলোকে সমানভাবে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে একটু খোঁজ নিয়ে দেখবেন। যাঁরা বিহার প্রেস বিল রচনা করে করেছিলেন আপনারা তাঁদের লোক। এক্ষেত্রে প্রেসটিজ অফ গভর্নমেন্ট শেষ হয়ে গেছে, ডেমোক্র্যাটিক গভর্নমেন্ট ফিনিসড্ হয়ে গেছে। অবশ্য বিধানসভায় বিহারের মুখমন্ত্রী কি বলেছিলেন?—"আমি একটু টেষ্ট করে দেখেছিলাম মানুষের প্রেস বিল সম্বন্ধে কতটুকু চেতনা আছে।" এর বিরুদ্ধে এত লড়াই, সেটা কি শুধু আপনাদের হাতে মরবার জন্য! ওঁরা প্রেস বিল রচনা করে রাষ্ট্রপতির কাছে স্বাক্ষর করবার জন্যও পাঠিয়েছিলেন, কিন্তু পরে বললেন কি, যে সংবাদপত্রের স্বাধীনতার ব্যাপারে মানুষের চেতনা ঠিক আছে কিনা তা দেখবার জন্য এটা করা হয়েছে। এই হচ্ছে ওঁদের নির্লজ্জতা।

আজকে গ্রামাঞ্চলে নতুন করে তথ্যকেন্দ্র এবং তথ্যকর্মী, সাংস্কৃতিক কর্মী দেবার ব্যবস্থা হয়েছে। গ্রামাঞ্চলে যে অবস্থা ছিল তাতে তাঁদের সংগঠিত করে তুলতে

হলে কর্মীগোষ্ঠীর কথা মন্ত্রী মহাশয় সঠিকভাবেই উত্থাপন করেছেন। অর্থনৈতিক সংকটের সঙ্গে সাংস্কৃতিক সংকটের সম্পর্ক কোথায়, এটা বুঝতে গেলে যা থাকা দরকার সেটা ওদের মাথায় নেই। গ্রামে গ্রামে তাই আবার নতুন করে শুরু করতে হবে, যে পথে ভুল করে আমাদের চলে আসতে হয়েছে, তা সংশোধন করে এগিয়ে যেতে হবে। এছাড়া গত্যন্তর নেই। গ্রামাঞ্চলে তথ্যকর্মী নিয়োগ এবং সংস্কৃতিকর্মী নিয়োগের মধ্যে দিয়ে যে চেষ্টা করা হচ্ছে, লোকসংস্কৃতিকে বিভিন্ন সমালোচনা, বিভিন্ন উৎসবের মধ্যে দিয়ে যেভাবে সংগঠিত করা হচ্ছে, প্রত্নতাত্ত্বিক কৃষ্টিকে রক্ষা করার জন্যে যে-সমস্ত আয়োজন করা হচ্ছে, যাত্রাগান এবং সংস্কৃতির জন্য যে-সব সংগঠক আছে এবং শিল্পী আছে, তাঁদের যেভাবে এগিয়ে আনা হচ্ছে তাতে এই সরকারের নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন। সেই জন্য ওনারা এইভাবে আমাদের আক্রমণ করছেন এবং বিপন্ন হয়ে পড়েছেন। বাজে সিনেমা দিয়ে ওঁরা যেভাবে অপসংস্কৃতিকে চালিয়ে দেবার চেষ্টা করেছিলেন সেটাকে এই সরকার বন্ধ করে দিয়েছে। তাঁরা এই ভাবে চেন সিসটেমে ঐ ধরনের সিনেমাকে চালাবার চেষ্টা করেছিলেন। সেই সিনেমাগুলিকে এই সরকার বেরতে দেয় নি। কাজে কাজেই ওঁরা বিপন্ন হয়ে পড়েছেন। এই বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅবনী ভুষণ সৎপথি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য এবং সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করতে গিয়ে আমি দু'-একটা কথা বিনীত ভাবে বলতে চাই। কিছুক্ষণ আগে এখানে বিরোধী পক্ষের নেতা সংস্কৃতি সম্পর্কে কিছু বক্তব্য উত্থাপন করেছেন। তারপরে আমাদের সরকার পক্ষের কিছু বক্তা তার জবাব দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, যে-সমস্ত সংস্কৃতির কথা তিনি এখানে তুলে ধরে কথা বলেছেন—আমরা যারা পশ্চিমবাংলার মানুষ, আমরা নিজেদের অভিজ্ঞতা দিয়ে দেখেছি ১৯৭০ সাল থেকে আরম্ভ করে সাত দশকের ১৯৭৭ সাল পর্যন্ত সেই দুঃস্বপ্নের দিনগুলি। তখন পশ্চিমবাংলাতে শিল্প-সংস্কৃতি এবং শিল্পীরা এবং গণতান্ত্রিক অন্যান্য স্তরের মানুষের কোন নিরাপত্তা ছিল বলে নিশ্চয়ই কেউ মনে করে না। আমরাও তা মনে করি না। আজকে তাঁরা সংস্কৃতি সম্পর্কে গালভরা বুলি দেবার চেষ্টা করছেন। তাঁরা আগেকার ইতিহাসের পৃষ্ঠা উল্টে দেখার চেষ্টা করেন না। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার বিগত ৫ বছরে এবং চলতি বছরগুলোতে সংস্কৃতি উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা আমি বলতে চাই। মাননীয়

স্পীকার স্যার, ১৯৭১ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সংস্কৃতি দুঃস্বপ্নের মধ্যে দিয়ে কেটেছে। সেই সময় আমরা দেখেছি নাট্যকার প্রবীর দত্ত নিহত হয়েছে। পি এল টি-র যে অভিনয় ছিল দুঃস্বপ্নের নগরী, তাকে কংগ্রেসী মস্তানরা ভেঙ্গে চুরমার করে দিয়েছে। বিভিন্ন জায়গায় যে-সমস্ত অভিনয় অনুষ্ঠিত হতো সেইগুলিকে তারা পণ্ড করে দেবার চেষ্টা করতো। আশু মুখার্জী একজন অন্ধ গায়ক, তার নামে আদালতে মিথ্যা মামলা করা হয়েছিল। স্বাভাবিক কারণে ওঁরা যখন সংস্কৃতির কথা বলেন তখন সেই পচাগলা অবক্ষয় সংস্কৃতির কথা মনে পড়ে যায়। আজকে সংস্কৃতির মধ্যে দিয়ে মানুষের মধ্যে নবজাগরণ আনার চেষ্টা করা হচ্ছে, গ্রামে গ্রামে মানুষের মধ্যে, অবহেলিত মানুষের মধ্যে যে প্রাণের স্পন্দন লক্ষ্য করা যাচ্ছে সেটা ওঁরা সহ্য করতে পারছে না। তাই তাঁরা সর্বত্র রাজনৈতিক ভূত দেখতে আরম্ভ করেছেন। অতীতেও লোকেরা রাজনৈতিক ভূত দেখেছে। কারণ শাষক শ্রেণী তারা একটা নির্দিষ্ট রাজনীতিতে বিশ্বাস করে। শোষিত, নির্যাতিত, নিপীড়িত মানুষ তাদেরও একটা নিজস্ব জীবনবোধ আছে এবং সংস্কৃতির ক্ষেত্রে সেই আগের কথাই প্রযোজ্য। আজকে বামপন্থী এবং অন্যান্য গণতান্ত্রিক মানুষ যখন সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যাবার জন্য গণ-সংস্কৃতির আগল খুলে দেবার পদক্ষেপ গ্রহণ করেছে, যখন সংবাদপত্রের স্বাধীনতা, শিল্পীদের স্বাধীনতা এবং শিল্পকর্মের উৎকর্ষতাকে স্বীকৃতি দেওয়া হচ্ছে এবং শিল্পীদের স্বীকৃতি দেওয়া হচ্ছে তখন তাঁদের মনের মধ্যে আতঙ্কের সৃষ্টি হচ্ছে। তাঁরা মনে করছেন যে আবার তো সেই বিভীষিকাময় দিনগুলি আর ফিরে আসবে না। সমস্ত মানুষ তাদের মনের কথা স্বাধীনভাবে নির্ভীকভাবে প্রকাশ করতে পারছে। আর স্বাভাবিক কারণে যারা অন্ধকারময় দিনগুলি সৃষ্টি করেছিল, যার প্রতিফলন এই সংস্কৃতির মধ্যে পড়েছিল এবং শিল্পের ক্ষেত্রে, সাহিত্যের ক্ষেত্রে সংস্কৃতির ক্ষেত্রে অবক্ষয়ের দিনগুলি সৃষ্টি করেছিল, যারা শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রেই নয়, সারা ভারতবর্ষের ক্ষেত্রে সংস্কৃতিকে এমন একটা জায়গায় নিয়ে যাবার চেষ্টা করেছিল, যার ইতিহাস প্রতিটি রাজ্যে পাওয়া যাবে, তারা আজ ভীত।

[3.20—3.30 P. M.]

আজকে ওঁরা বলছেন, বাচ্চারা রাস্তাঘাটে অমিতাভ বচ্চনের গান গেয়ে বেড়ায়। কিন্তু ওঁদের আমলের সেই ১৯৭০/৭২ সালের ভয়ঙ্কর দিনগুলোর কথা আজও মানুষ নিশ্চয়ই ভুলে যায় নি। ভুলে যায় নি সেই সময়ের অপসংস্কৃতি চর্চার দিনগুলোর

কথা। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেই অপসংস্কৃতির বিরুদ্ধে রুখে দাঁড়াবার চেষ্টা করছেন। চেষ্টা করছেন সুস্থ সংস্কৃতি গড়ে তোলার। সংস্কৃতিকে আরও উন্নত করার চেষ্টা করছেন। সেইজন্য আমরা দেখছি কি গ্রামাঞ্চলে, কি শহরাঞ্চলে সমস্ত প্রতিষ্ঠানগুলিকে তাঁরা বিভিন্ন ভাবে অনুদান দিচ্ছেন। সরকারের এমন মনোভাবের ফলে ওঁরা আঁৎকে উঠছেন ও বিরোধিতার জোয়ারে নিজেদের নিমজ্জিত করছেন। যে সমস্ত সাহিত্যিক পয়সার অনটনের পরিপ্রেক্ষিতে তাঁদের মৌলিক রচনা সম্ভার প্রকাশ করতে পারেন নি, তাঁদের মধ্যে—তাঁরা গ্রামাঞ্চলের বা শহরাঞ্চলের বলে কোন বৈষম্য না রেখে—৭০ ভাগ অনুদান বামফ্রন্ট সরকার বরাদ্দ করেছেন। গ্রামের মধ্যে আদিবাসী সম্প্রদায়ের সংস্কৃতির উন্নয়নের জন্য এবং তাদের সংস্কৃতির গবেষণাকল্পে আদিবাসী অধ্যুষিত এলাকাগুলিতে সংস্কৃতি চর্চা কেন্দ্র খোলা হচ্ছে। আমার পূর্ববর্তী বক্তা বলে গেছেন গ্রামবাংলার বিভিন্ন পত্র-পত্রিকাগুলির মধ্যে সমহারে এ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হচ্ছে। বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গির ক্ষুদ্র মনোভাব প্রকাশ পায় নি। প্রতিটি সংবাদপত্রকে সমান ভাবে দেখা হচ্ছে ও এ্যাডভার্টাইজ-মেন্টের ব্যাপারে সমান অধিকার দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণের মধ্যে বলেছেন যে, পশ্চিমবঙ্গের সিনেমা শিল্প এক কঠিন সংকটের সম্মুখীন হয়েছে। যার ফলে বাংলা সিনেমা দেখানো সম্ভব হচ্ছে না। এক্ষেত্রে সরকারের পক্ষ থেকে বিশেষ কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়ে ওঠে নি। দীর্ঘদিন ধরে সিনেমা শিল্পের উন্নয়নের জন্য এখানে কোন ব্যবস্থা গৃহীত হয় নি। বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন আর্থিক সাহায্য পাওয়া যায় নি। বামফ্রন্ট সরকার বাংলা সিনেমার প্রসার কল্পে একটা বিল তৈরী করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলেন। দুঃখের কথা, আজ পর্যন্ত তাঁদের কাছ থেকে সে ব্যাপারে কোন অনুমোদন পাওয়া যায় নি। অথচ আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম, বিরোধীবন্ধুরা এখানে মায়াকান্না কেঁদে গেলেন বাংলার চলচ্চিত্র শিল্পের প্রসার ঘটছে না দেখে। এভাবে মায়াকান্না কাঁদবার কোন যুক্তি আমরা দেখি না। কারণ আমরা জানি পশ্চিমবঙ্গ সরকার প্রভূত উৎসাহ নিয়ে এ ব্যাপারে এগিয়ে এসেছেন। বামফ্রন্ট সরকারের পৃষ্ঠপোষকতায় 'চোর' ও অন্যান্য বহু ছবি প্রযোজিত হয়েছে আমরা জানি। আমরা জানি, এই সমস্ত ছবিতে অভিনয় করে ভারত সরকারের কাছ থেকে ও বাইরের দেশ থেকে বহু অভিনেতা অভিনেত্রী পুরস্কার নিয়ে এসেছেন। পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সীমাবদ্ধতার কথা আমরা জানি। খুব স্বাভাবিকভাবে তথ্য ও সাংস্কৃতিক দিক থেকে এ রাজ্য

পিছিয়ে ছিল, তাকে এ যাবৎকাল পদদলিত করে রাখা হয়েছিল—এই শিল্পকে ও সংস্কৃতিকে মানুষের সামনে তুলে ধরার জন্য এগিয়ে এসেছেন বামফ্রন্ট সরকার। যে-কোন রকমের বাধাকে অতিক্রম করে, সমস্ত প্রকার অপ-সংস্কৃতিকে দূরে ফেলে দিয়ে সুস্থ সংস্কৃতিকে প্রতিষ্ঠা করার জন্য সরকার চেষ্টা করে যাচ্ছেন। এর জন্য সরকারকে বহু রকমের রাস্তা, বাধা ও বিশৃংখলতাকে অতিক্রম করতে হচ্ছে। আমরা ১৯৭৭ সালের আগের ইতিহাস দেখেছি। বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পর 'দুঃস্বপ্নের নগরী'র কথা বা আরও অসংখ্য ছবির কথা জানি। সেগুলোকে বাংলার মানুষ বোধহয় আজও ভুলে যায় নি। আমরা জানি, সংস্কৃতির কণ্ঠরোধ করার জন্য ওঁরা বিহার রাজ্যে প্রেস সেন্সরশিপ করার চেষ্টা করেছিলেন। সেন্সরশিপের নাম করে রবীন্দ্রনাথের ছবিকেও পূর্বতন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুও আটকে দিয়েছিলেন। ইদানীংকালে পশ্চিমবঙ্গের বুকে এরকম ঘটনা একটাও ঘটে নি। বিহার প্রেস বিলের কথা আমি আগেই উল্লেখ করেছি। সারা ভারতবর্ষের মানুষ আজ জেগেছে, তাদের কোন বিভ্রান্তির মধ্যে নিয়ে যাওয়া সম্ভব নয়। পশ্চিমবঙ্গের মানুষকে যাতে কোনরকম বিভ্রান্তির মধ্যে না যেতে হয়, তার জন্য বামফ্রন্ট সরকার সুস্থ সংস্কৃতির প্রসারের জন্য এখানে সতত প্রচেষ্টা রেখেছেন ও রাখছেন। পরিশেষে মাননীয় তথ্যমন্ত্রীর কাছে একটি কথা উল্লেখ করতে চাই। আদিবাসীদের সংস্কৃতি চর্চার প্রসারকল্পে অলচিকি ভাষার স্বীকৃতি দেওয়া হয়েছিল সরকারের পক্ষ থেকে। আমরা জানি, একে কেন্দ্র করে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে বিচ্ছিন্নতাবাদের চেষ্টা করা হচ্ছে। কিন্তু আদিবাসী সম্প্রদায়ের মানুষ যথেষ্ট সচেতন ও উজ্জীবিত হয়ে উঠেছেন এই দেখে যে, বামফ্রন্ট সরকার বিভিন্নভাবে তাদের সাহায্য করতে এগিয়ে এসেছেন। এই আদিবাসী সম্প্রদায়ের মানুষদের চেতনাকে প্রসারের জন্য যদি কোন চলচ্চিত্র নির্মাণ করেন, তাহলে এই অবহেলিত মানুষদের প্রতি বামফ্রন্ট সরকারের দরদী ভূমিকা প্রস্ফুটিত হয়ে উঠবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে এর জন্য আবেদন জানিয়ে ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

[3.30—3.40 P.M.]

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ২৩শে সেপ্টেম্বর ১৯৮২ সালে আমার জবাবী ভাষণে বিরোধী পক্ষের নেতাদের কাছে এবং সভাতে পণ্ডিত, মূর্খ এই শব্দটি উল্লেখ করেছিলাম। শব্দটির তাৎপর্যটা একটু উপলব্ধি করার

চেষ্টা করুন। এখানে সুব্রতবাবু পরিশেষে সংস্কৃত উদ্ধৃতি দিয়ে শেষ করলেন, সুতরাং আমি ইংরেজী উদ্ধৃতি দিয়ে শুরু করছি Ruling ideas of each age have never been the ruling ideas of its ruling class. এই মূল কথাটি সম্মুখে রেখে আজকে সংস্কৃতির যে সংকট এবং যে সংকটের মুখোমুখি দাঁড়িয়ে আছে আজকে আমাদের সংস্কৃতি তাতে প্রতিটি ক্ষেত্রে যা হওয়া উচিত ছিল তা কখনোই হওয়া সম্ভব নয়। এখানে বিরোধী পক্ষের যে ২ জন বক্তব্য রাখলেন তাতে মাঝে মাঝে আমি বুঝতে পারলাম না যে, তাঁরা পশ্চিমবঙ্গের রাজ্য বিধানসভায় কোন পার্টির সভা হিসাবে বক্তৃতা করছেন না কোন পার্লামেন্টে বক্তৃতা করছেন? একটি রাজ্য তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এবং ভৌগোলিক সীমাবদ্ধতার অবস্থায়, তথ্য ও জনসংযোগ সার্বিক উন্নয়নের পরিপ্রেক্ষিতে সারা দেশব্যাপী যদি সামঞ্জস্য করা যায় তাহলে অনুরূপ বাক-বিশ্লেষণ আসতে পারে। তবে আমি ধন্যবাদ জানাই ব্রতচারিণীর ব্রতবিহারকে কারণ তিনি সর্বশেষে স্বীকার করেছেন যে দেশের শতকরা ৭৫ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে। তাঁকে আমি অনুরোধ করি কেন এই শতকরা ৭৫ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে? তার কারণ হচ্ছে অর্থনৈতিক কারণ। সুতরাং সেটা বিশ্লেষণ করলেই যে প্রশ্নগুলির অবতারণা করেছেন তার উত্তর তার থেকেই পাওয়া যাবে। গতবার বলেছিলেন আমি শতকরা ২ ভাগের উত্তর দিইনি। আমি বিগত সময়ে বিরোধীদের ২টি প্রশ্নের উত্তর দিইনি। আমি যে দুটির উত্তর দিইনি তার প্রথমটি হচ্ছে আমার দপ্তর সম্বন্ধে। আমার দপ্তরের কাজকর্মের মধ্যে নাকি বাজে দৃষ্টিভঙ্গি ফুটে উঠেছে। বামফ্রন্ট সরকার যে চলছে তার যে কর্মসূচী সেটা আমাদের প্রতিদিনের কর্মসূচীর মধ্যে থাকছে। এটাতো সকলের নোটিফিকেশানে আছে এবং এটাতো স্বতঃস্ফূর্ত ব্যাপার যে তথ্য ও জনসংযোগের ভেতর দিয়ে সরকারের দৃষ্টি-ভঙ্গি ফুটে উঠবে এবং এটাই তো আমাদের প্রধান কাজ। সুতরাং এই কারণে গতবার এর উত্তর দিইনি। দ্বিতীয় প্রশ্নের ক্ষেত্রে ওঁরা বলেছেন সংবাদপত্রের উদারতার ক্ষেত্রে কোন্ স্তর পর্যন্ত অধিকার দেওয়া হয়ে থাকে। এটা সম্পূর্ণ হোম (পোল) ডিপার্টমেন্টের। সুতরাং সেই দপ্তরের ব্যাপারে আমার উত্তর দেওয়ার প্রশ্ন ওঠে না। সেই জন্য এই ২% উত্তর দেওয়ার প্রয়োজন ছিল না বলেই উত্তর দিই নি। দ্বিতীয় কথা তাঁরা বলেছেন বামফ্রন্ট সরকার বিগত ৬ বছরের মধ্যে সংস্কৃতির ক্ষেত্রে কোন উন্নতি তো করতে পারেন নি উপরন্তু এর অগ্রগতি আরো সংকুচিত হয়েছে, যে অগ্রগতি নাকি ওঁদের সময়ে সমুদ্র পর্যন্ত বিস্তৃত ছিল। পশ্চিমবাংলার মানুষ, বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষ বিগত ৫ বছরে সেই সময়ের কার্যকলাপের মধ্যে আমাদের সাংস্কৃতিক ক্রিয়াকলাপ, কৃষ্টির সংকোচন হয়েছে না

প্রসার হয়েছে বলে দেবে। আমাদের সংস্কৃতি এবং কৃষ্টির দিকে ভারতবর্ষের অনেক রাজ্য তাকিয়ে আছে। সুতরাং এই কথা তাদের স্মরণ করিয়ে দিতে চাই। পরন্তু তাঁরা অভিযোগ করেছেন এখন ছেলেদের গলায় অমিতাভ বচ্চনের গান শোনা যায় কিন্তু তাঁরা মহাত্মা গান্ধীর স্ত্রীর নাম জানে না। এটা আপনাদের জানা উচিত রুলিং আইডিয়াস অফ ইচ এজ—এটাই মানুষের চিরন্তন ধর্ম। এটা আপনাদের জানা উচিত যে ধ্যান-ধারণা মানুষের আছে যে সময়ে যে রুলিং ক্লাশ থাকবে তার ধ্যান-ধারণার সঙ্গে মিলিত হয়ে গড়ে উঠবে। একটা রাষ্ট্রব্যবস্থা পরিচালন করতে গেলে তার যে মূল বুনিয়াদ, যে মূল বুনিয়াদের উপর রাষ্ট্রব্যবস্থা চলে সেখানে শিক্ষা, সংস্কৃতি এবং স্বাস্থ্য তার উপরে দলীয় প্রভাব থাকবেই। সুতরাং যে বাধা-বিপত্তি রয়েছে তার মধ্যে দিয়ে শিক্ষা, সংস্কৃতির মধ্যে একটা শৈল্পিক প্রতিফলন ঘটাতে হবে।

তা যদি হয় তাহলে গোটা দেশের অর্থনীতি যেভাবে চলবে তার যদি আমূল পরিবর্তন না হয় সেখানে যদি অন্য দৃষ্টিভঙ্গি নিয়ে না এগুনো যায় তাহলে কাঠামোগত সমাধান কিভাবে হবে? এ সরকার পরিষ্কার বলতে চায় সংস্কৃতির যে অবলোপ, মরণোন্মুখ যে সমাজ-ব্যবস্থা এবং তার যে তীব্র আর্তনাদ সেখানে যে অপসংস্কৃতি তার বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তুলতে চাই। গ্রাম-বাংলায় যেখানে যেটুকুন সম্ভাবনা আছে সেখানকার শিল্পী, সাহিত্যিকদের নিয়ে অপসংস্কৃতির বিরুদ্ধে জনমত জাগ্রত করে তুলতে চাই এবং পাশাপাশি সাংস্কৃতিক রূপরেখা দিতে চাই। অন্ধকার শেষ কথা বলে না, অন্ধকার সম্বন্ধে বিশ্লেষণ দরকার। আমরা আলোর সন্ধান করে মানুষকে সমাজের এক স্তর থেকে অন্য স্তরে নিয়ে যেতে পেরেছি। তারপর তিনি বলেছেন মুখ্যমন্ত্রীর নির্দেশে আমার দপ্তর পরিচালিত হচ্ছে। আমরা মনে করি মন্ত্রিসভার একটা সার্বিক দায়িত্ব আছে। মন্ত্রিসভা পরিচালনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রতিটি স্তরে পরামর্শ দিতে পারেন। ডাইরেক্টার অফ ইনফরমেশানের নিয়োগের ক্ষেত্রে তিনি বললেন নর্মস না মেনে ডাইরেক্টার অফ ইনফরমেশান নিযুক্ত করা হয়েছে। প্রসঙ্গতঃ বলতে চাই রুলস রেগুলেশান-এর বাইরে ডাইরেকটার অফ ইনফরমেশান নিয়োগ করা হয়নি। প্রমোশান একটা সূত্র ছিল এবং সেই সূত্রে বর্তমান অধিকর্তা সেখানে গেছেন। তাঁর আমলেও অনুরূপভাবে বাই প্রমোশান তথ্য অধিকর্তা নিযুক্ত হয়েছিলেন। আমি সে নাম বলতে চাই না। রাজশক্তির মদতের কথা তিনি বলেছেন। রাজশক্তি বলতে তিনি কি বলতে চেয়েছেন সেটার বিশ্লেষণ করবো। রাজশক্তি বলতে বুঝি গোটা দেশের ক্ষমতা যার হাতে আছে। অঙ্গ রাজ্যের ক্ষমতা যেখানে সীমাবদ্ধ সেখানে কি বলবো।

পরবর্তী তিনি বলেছেন সরকারী কাজে আমরা বাংলা ভাষার প্রচলন করছি না। বাংলা ভাষা অধিকভাবে সরকারের কাজে যাতে ব্যবহার হয় তার জন্য উদ্যোগ নেয়া হয়েছে। প্রত্যেকটি ব্লক স্তরে বাংলা টাইপের ব্যবস্থা করা হয়েছে এবং সব ফর্ম বাংলায় ছাপা হচ্ছে। এখন পর্যন্ত ২০০টি বাংলা টাইপ রাইটার মেশিন বিভিন্ন জায়গায় দেয়া হয়েছে। বিভিন্ন জেলা পর্যায়ে ১ লক্ষ ৫৮ হাজার টাকার ৫০টি মেশিন কেনার জন্য জেলা সমাহর্তাদের দেয়া হয়েছে। বাংলা সর্টহ্যাণ্ড মহাকরণে এবং বালিগঞ্জ সরকারী স্কুলে শেখাবার ব্যবস্থা করা হয়েছে। এখন পর্যন্ত ২৪২ জন ট্রেনিং পাচ্ছেন। সুতরাং তাঁদের আশংকার কারণ নেই। পরবর্তীতে বলেছেন আমরা কেন কতকগুলি ক্ষেত্রে প্রমোদকর মুক্ত করেছি। মুখ্যমন্ত্রীর বাজেট বক্তব্যে বাংলা ও নেপালী চলচ্চিত্রের উপর আংশিক প্রমোদকর মুক্ত করার কথা বলা হয়েছে। পাশাপাশি বলেছেন কর্পোরেশন বাড়িয়ে দিচ্ছেন অন্য ভাবে। ট্যাক্স নেবার সুযোগ যেখানে আছে সেখানে আলোচনার মধ্য দিয়ে তারা এগিয়ে যাবে।

[3.40—3.50 P. M.]

উনি বলেছেন র‍্যাডিক্যাল চেঞ্জ হবে কি হবে না—র‍্যাডিক্যাল চেঞ্জ তখনই হবে যখন মূল যে ভিত্তি অর্থনৈতিক বুনিয়াদ যার মধ্য দিয়ে আমূল পরিবর্তন সম্ভব হবে সেই অর্থনৈতিক বুনিয়াদের পুরো কাঠামোগত পরিবর্তন হচ্ছে। তা না হলে এই প্রশ্ন এখানে তোলা বাতুলতা মাত্র। চার অধ্যায়, আনন্দ মঠের প্রশ্ন তিনি উল্লেখ করেছেন। আনন্দ মঠের প্রশ্ন বিভিন্ন সূত্রে আলোচিত হয়েছে, এখানে শুধু একটা কথা বলতে চাই সংস্কৃতিকে হত্যা এই আলোচনার মধ্যে করা হয়নি আমাদের জাতি এটা বুঝবে, জাতীয় ঐতিহ্য তাকে স্মরণে রাখবে এবং জাতীয় ঐতিহ্যের উপর শ্রদ্ধা রেখে আমরা আগামী দিনে এগিয়ে যাব। তারপর অনুদানের পদ্ধতির প্রশ্ন তুলেছেন, ঝড়ের প্রশ্ন তুলেছেন। উৎপল দত্ত পরিচালিত যে ঝড় চলচ্চিত্র সেটা সরকারী অনুদান থেকে তৈরী হয়নি, সরকার নিজেই সেখানে প্রযোজক, উৎপল দত্তকে সেখানে পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছে। সরকার প্রযোজিত যে বই সেই বই তিনি পরিচালনা করেছেন। ইতিপূর্বে চলচ্চিত্র পরিচালনার জগতে যিনি পুরোধা তাঁর উপর এই দায়িত্ব দেওয়া হয়েছে। সরকার যেখানে প্রযোজক আর ব্যক্তি যেখানে প্রযোজক এই দুয়ের মধ্যে পার্থক্য যে বিরাট সেটা অনুধাবন করার জন্য অনুরোধ করছি। উনি যে সাজেশান দিয়েছেন রবীন্দ্রসদন এবং ইণ্ডোর স্টেডিয়াম আমার বিভাগের আওতায় নিয়ে আসার জন্য সেটা শুভ প্রস্তাব, কিন্তু

ঐ দুইটি পরিচালনা করার ব্যাপারে একটা কমিটি আছে, সেই কমিটির কাছে আমার দপ্তরের বক্তব্য খুব জোরাল ভাবে রাখা হয় এবং সেখানে সেই দৃষ্টিভঙ্গি নিয়ে পরিচালনা করা হচ্ছে। উনি বলেছেন ২শো সিনেমা হল বন্ধ। এই প্রসঙ্গে আমি বলতে চাই এর আগে যখন সিনেমা হল বন্ধ হয়েছিল তখন কি ভাবে এর মীমাংসা করা যায় তার জন্য একটা কমিটি করা হয়েছিল। সেই কমিটি এমপ্লয়ীজদের পে-স্কেলের যে সাজেশান রেখেছিলেন সেই সাজেশান গ্রহণ করা হয়েছে, পে-স্কেল কি হবে না হবে সেই সূত্রে সরকার একটা সাজেশান রেখেছেন এবং সেই সাজেশানকে ভিত্তি করে সিনেমা হলের কর্মচারীরা সিনেমা হলের মালিক পক্ষের সঙ্গে আলাপ আলোচনার মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে। উনি বললেন ২শো হল বন্ধ আছে, এখনও পর্যন্ত সঠিক তথ্য যা আমার কাছে আছে তাতে বলতে পারি কলকাতা শহরে যে ৭৯টি সিনেমা হল রয়েছে সেখানে মাত্র ১০টি বন্ধ আছে এবং সেই ১০টি বন্ধের মধ্যে ২টি ফর রেনোভেশান, ১টি লেসর এবং লেসীর সম্পর্কে গোলমাল আছে বলে বন্ধ হয়ে গেছে, টোটাল বন্ধ সিনেমার সংখ্যা মাত্র ৩। তবে আলাপ-আলোচনার মধ্য দিয়ে ১০৭-টির ক্ষেত্রে মীমাংসা সম্ভব হয়েছে। আগামী ১৪ তারিখে যে লকআউটের আশঙ্কা করছেন এই প্রসঙ্গে আমরা ওয়াকিবহাল আছি। আমরা উভয় পক্ষকে ডেকে বিভিন্ন স্তরে বিভিন্ন ভাবে আলোচনায় অবকাশ গ্রহণ করব। স্টুডিও অধিগ্রহণের ক্ষেত্রে তিনি বললেন এন টি স্টুডিও নিয়ে সেখানে আমরা কি করছি, এন টি স্টুডিও আমরা গ্রহণ করেছি, সেখানে আমরা রাজ্য স্তরে রাজ্য সঙ্গীত এ্যাকাডেমির অধীনে সঙ্গীত, নৃত্য, বাদ্যে লব্ধ প্রতিষ্ঠিত শিল্পী যাঁরা তাঁদের নিয়ে একটা পরামর্শ কমিটি গঠন করা হয়েছে, আমাদের ঐতিহ্যবহ সঙ্গীতকে ভিত্তি করে যাতে আমরা এগিয়ে যেতে পারি তারই ভিত্তিতে তাঁরা কর্মসূচী গ্রহণ করছেন। তারপর তিনি বলেছেন দৈনিক পত্র-পত্রিকার সংখ্যা ৪৬টি, আমার কাছে যে খবর আছে সেটা হচ্ছে ৪৮ এবং সেখানে সান্যাল কমিটি বলে যে ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটি গঠিত হয়েছিল তাঁরা যে নির্দিষ্ট সুপারিশ রেখে ছিলেন সেই সুপারিশের মধ্যে যতগুলি গ্রহণ করা যায় সেগুলি গ্রহণ করে সেগুলি কার্যকরী করার চেষ্টা হয়েছে। তবে মফঃস্বল জেলায় যে ক্ষুদ্র ক্ষুদ্র পত্র-পত্রিকা তাদের সম্বন্ধে যে রকম সাজেশান ছিল সেগুলিকে কার্যকরী করার চেষ্টা করছি। পালেকার এ্যাওয়ার্ড কার্যকরী করা সম্বন্ধে বলেছেন। আমি স্মরণ করিয়ে দিতে চাই পালেকার এ্যাওয়ার্ড কার্যকরী···।

মিঃ স্পীকার: একটু বসুন, সময়টা একটু বাড়াতে হবে। নির্ধারিত সময়

শষ হয়ে গেছে—তাই আমি অনুরোধ করছি হাউসের সময় আরও আধ ঘণ্টা াড়াবার জন্য—আশা করি সবাইয়ের এই ব্যাপারে মতামত আছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, এই সেশনে আমি বার বার হাউসে দেখলাম যে, াউস যখন চলে তখন আপনি মন্ত্রীদের জন্য এক ঘণ্টা দেড় ঘণ্টা সময় বাড়িয়েছেন। ্থচ আমাদের সময়টা ঠিক রেখেছেন।

মিঃ স্পীকার ঃ আপনি দেখবেন আপনাদেরও সময় বাড়িয়ে দেওয়া হয়। ামার কাছে তার লিষ্ট আছে, আপনি দেখে যাবেন।

শ্রীপ্রভাস ফাদিকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম সই সূত্র ধরে আবার শুরু করছি। পালেকার এ্যাওয়ার্ড কার্যকরী যারা করেন সেটা ামাদের দপ্তর নয়। পৃথক একটি দপ্তর পালেকার এ্যাওয়ার্ড কার্যকরী হচ্ছে কনা সেটা তাঁরা দেখেন। তাঁরা পরামর্শ চাইলে আমরা সে সম্বন্ধে আলাপ ালোচনা করার সুযোগ করে দিই। আমাদের দপ্তরের সঙ্গে কিছুটা যুক্ত যেটি সটা হচ্ছে বসুমতী। সেই বসুমতীতে পালেকার এ্যাওয়ার্ড কার্যকরী করা হয়েছে। থ্য ও সাংস্কৃতিক বিভাগের বাজেট আলোচনাকরার সূত্রে এই পালেকার এ্যাওয়ার্ড ার্যকরী হচ্ছে কিনা এই অভিযোগ আনলে, এর উত্তর যদি না দিই তাহলে উনি নক্ষুণ্ণ হবেন বলে উত্তর দিলাম। প্রেস কার্ডের কথা এনেছেন। প্রেস কার্ডের াপারে কোন নির্দিষ্ট নীতি নেই। আমরা একটা কমিটি করতে চেয়েছিলাম এবং সই কমিটি আমরা করছি। কিন্তু এই কমিটি না হওয়া পর্যন্ত আমরা এই সব াইডেন্টিটি কার্ড এক্রিডেসন কার্ড দেবার ব্যবস্থা আমরা রেখেছি এবং দেওয়া চ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে যাদের রিপ্রেজেনটেশন থাকার কথা সেই কমিটিতে কার তগুলি রিপ্রেজেনটেশন থাকবে তা নিয়ে একটা মতপার্থক্য রয়েছে এবং সেটা মালাপ আলোচনার মধ্যে মীমাংসা করতে চাই এবং সেই পথই অনুসরণ করা য়েছে। এই আলোচনা শুরু হবার মূলে হয়তো পরোক্ষভাবে পূর্বতন সরকারের মর্থাৎ বামফ্রন্ট সরকারের আগের সরকারের পরোক্ষ ভূমিকা কিছু থেকে যায়, এটা মস্বাভাবিক নয়। হাউসিং স্কীম সম্বন্ধে বলা হয়েছে। এই হাউসিং স্কীম াংবাদিক বন্ধুদের জন্য অন্যান্য রাজ্যে রয়েছে। এই রাজ্যের ক্ষেত্রেও কতটা করা ায়, আমাদের হাউসিং ব্যাপারে যিনি দেখাশুনা করেন আমার সহযোগী বন্ধু, াঁর সঙ্গে আলাপ আলোচনা চলছে। আমি আবার এই আলোচনা করতে পারি।

পেনশন স্কীম-এর প্রশ্নে আমরা আলোচনার সূত্রে এগোব, এইটা হচ্ছে ঘটনা। পেনশন স্কীম সম্বন্ধে আমরা কিছুটা এগিয়েছিলাম, এটা আমরা আবার ভাবনা চিন্তা করবো। পশ্চিমবঙ্গ পত্রিকার ধারাবাহিকতা রক্ষিত হচ্ছে না এবং এই সূত্রে যারা মুদ্রক তাদের বিরুদ্ধে কিছু কিছু ক্ষোভ এখানে রাখা হয়েছে। আমি এখানে পরিষ্কার করে বলেছি যে পশ্চিমবঙ্গ পত্রিকা ৫১টি সংখ্যা সাধারণভাবে বেরুবার কথা। সেখানে আমরা দুটি যুগ্ম সংখ্যা বের করেছি। আমরা ৪১টি সংখ্যা বের করেছি যেখানে ৫০টি হবার কথা—তার মানে ৯টি যুগ্ম সংখ্যার সম্ভাবনা থাকতে পারে। সবগুলি যুগ্ম সংখ্যা নয়। এই সূত্রে তাঁরা বলেছেন এই বই ছাপাতে দেওয়ার ব্যাপারে। হ্যাঁ এটা ঘটনা পশ্চিমবঙ্গ পত্রিকা বিভিন্ন ভাষায় প্রকাশিত হয়—শুধু বাংলা ভাষায় নয়, অন্যান্য ভাষাতেও প্রকাশিত হয়। সেখানে কিছুটা বিলম্ব ঘটেছে। নূতন টেণ্ডার দিয়ে সেটা বের করার কথা বলেছেন। আমরা জানি কাজের জন্য কিছু বিলম্ব ঘটেছে। উনি যে মুদ্রকের নাম এখানে উল্লেখ করেছেন—আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই সেই মুদ্রক পশ্চিমবঙ্গ বাংলা ভাষাতে ছাপেন। ইংরাজীতে ছাপেন না। অন্য একটা মুদ্রক সেখানে আছে এবং সেই মুদ্রক সংস্থায় যিনি যুক্ত আছেন বলে উল্লেখ করলেন—সেই মুদ্রক সংস্থা গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া আণ্ডারটেকিং।

[3.50—4.00 P.M.]

[**Including adjournment**]

সেই মুদ্রক সংস্থা গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার আণ্ডারটেকিং। তবে আমি একটা কথা বলতে চাই, মুদ্রণের ক্ষেত্রে যদি নিয়মাবলীর নিয়মাবর্তিতা না থাকে, নিশ্চয়ই আমরা সেখানে বিচার-বিবেচনা করে দেখবো প্রত্যেকটি ক্ষেত্রে।

(এ ভয়েস—জয়ন্ত রায় ?)

জয়ন্ত রায় বর্তমান হুগলী প্রিন্টিং ওয়ার্কাসের্র সঙ্গে যুক্ত নন। গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার যে আণ্ডারটেকিং আছে তাদের কাছে আমরা দিয়েছি।

মিঃ স্পীকার: আমি বুঝি না যে লোকটি হাউসে নেই, তাঁর সম্বন্ধে কিছু বলা, It is not fair to identify a particular person or anybody. Shri Jayanta Roy is now under the Government of India Service.

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ প্রেস সেক্রেটারীর প্রশ্ন উনি রেখেছেন। প্রেস সেক্রেটারীর পদ নতুন করে সৃষ্টি হয় নি। আমাদের একজন ডেপুটি ডিরেক্টার, তিনি প্রেস সেক্রেটারী হিসাবে কাজ করছেন। খরা ত্রাণ কমিটির প্রসঙ্গ এসেছে। সাম্প্রতিকালে বন্যা এবং তারপর যে খরা স্তর চলছে, বন্যার প্রতিক্রিয়া এবং খরার প্রতিক্রিয়ার মৌলিক পার্থক্য হচ্ছে, খরার প্রতিক্রিয়া আরও দীর্ঘকালব্যাপী স্থায়ী হয়। খরার জন্য একবার আমন ফসল নষ্ট হয়ে যাবার ফলে আবার পরবর্তী আমন ফসল না হওয়া পর্যন্ত—এই তের থেকে চৌদ্দ মাস এই খরাত্রাণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান এগিয়ে এসেছেন, আমি তাঁদের সাধুবাদ জানাচ্ছি। রাজ্য স্তরে সকল ক্ষেত্রে প্রথিতযশা ব্যক্তিদের নিয়ে শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী, সাংবাদিক সমস্ত পুরোধা ব্যক্তিদের নিয়ে যে খরাত্রাণ কমিটি করা হয়েছে তাঁদের আমরা সহযোগিতা করছি। সহযোগিতার ক্ষেত্রে আমরা তাঁদের একটি জায়গা করে দিয়েছি, সেখানে তাঁরা বসবেন, পরিকল্পনা করবেন, পরিকল্পনাকে কার্যকরী করবেন। আমরা সেখানে শিশির মঞ্চে অনুষ্ঠানের সময়ে বিনামূল্যে দেবার ব্যবস্থা করেছি এবং বেশীর ভাগ ক্ষেত্রে তাঁদের যে বিজ্ঞাপন তার জন্য বেসরকারী সংস্থা, তাঁদেরই সৌজন্যে সেই বিজ্ঞাপন বেশী করে আসে। সুব্রতবাবু বললেন যে, আমরা নাকি এই দপ্তর থেকে ৫ লক্ষ টাকা দিচ্ছি। আমি শুধু এইটুকু জানিয়ে রাখতে চাই খরাত্রাণ কমিটির সংগে মানুষ যাঁরা যুক্ত আছেন, তাঁরা যে উদ্যোগ গ্রহণ করেছেন সেই উদ্যোগকে সহস্র সাধুবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এবং জানাব। মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে যে বিশাল পরিমাণ টাকা সংগৃহীত হয়েছে তার মধ্যে একটা উল্লেখযোগ্য অংশ খরাত্রাণ কমিটি দিয়েছে। এই প্রসঙ্গে শিশির সেন এবং ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় নাম উনি উল্লেখ করলেন। আমি দুঃখিত, সুব্রতবাবু এই দু'জন মানুষের সাংস্কৃতিক জগতে যে অবদান রয়েছে তা তিনি জানেন না, তাঁদের কে চেনেন না, শুধুমাত্র তিনি বললেন যেহেতু তাঁরা চলচ্চিত্র পরিচালক নন, তাই চলচ্চিত্র পরামর্শদাতা কমিটিতে তাঁরা থাকতে পারেন না। শিশির সেন ভারতীয় গণনাট্য সংঘের সম্পাদক, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘের সম্পাদক। পশ্চিমবাংলার সাংস্কৃতির ক্ষেত্রে যে দু'জন মানুষের অবদান আছে তাঁরা যদি পরামর্শদাতা কমিটিতে থাকেন, তাঁদের যে সাধু পরামর্শ আমরা তা নেব। সংগে সংগে এই কমিটিতে পশ্চিমবাংলার চলচ্চিত্র জগতের যাঁরা মানুষ তাঁরাও এর সংগে যুক্ত আছেন, সেই কথা আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাশীনাথবাবুর একটা কথার উত্তর দিচ্ছি। উনি বাঁকুড়ার কাশীনাথ, উনি কাশীর বিশ্বনাথ নয়, তাই স্থান বিপর্যয়ের ফলে লোকসভায় যে কথা

বলার দরকার সেটা পশ্চিমবাংলার বিধানসভাতেই বলেছেন। তিনি কি বলেছেন, সেটা আমি বোঝার চেষ্টা করেছি এবং আমি যেটা বলছি সেটাও তিনি বোঝার চেষ্টা করুন। সংস্কৃতির ক্ষেত্রে রাজশক্তির ভূমিকা কি থাকবে না থাকবে সেটা আরও বারান্তরে আলোচনা করা যেতে পারে।

রবীন্দ্র ভবনের কথা বলছেন। এই রবীন্দ্র ভবনগুলি ১৯৬১ সালে রবীন্দ্র শতবার্ষিকী বৎসর শুরু হবার সময় বিভিন্ন ভাবে শুরু করা গিয়েছিল বেসরকারী উদ্যোগে মূলতঃ এবং সেই সময় রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের প্রদেয় টাকা দেওয়া হয়েছে। কিন্তু অধিকাংশেরই কাজ সম্পূর্ণ হয় নি। অধিগ্রহণ করেছি কোন্‌গুলো? যেগুলো তৈরী হয়েছিল, চলছিল, চালু হয়েছিল, তার মধ্যে ৮টি অধিগ্রহণ করা হয়েছে। সমস্ত অসম্পূর্ণ রবীন্দ্র ভবন অধিগ্রহণ করা যায় না, আইনে সেই বিধি নেই। তবে যে-সমস্ত অসম্পূর্ণ নির্মীয়মাণ রবীন্দ্র ভবন রয়েছে তাদের আমরা সাধ্যমত সহযোগিতা করে চলেছি। আমি শুধু এটুকু স্মরণ করিয়ে দিতে চাই, ওঁদের আমলে যে-সমস্ত জায়গায় রবীন্দ্র ভবনগুলি শুরু হয়েছিল সেইগুলি যখন শেষ করতে আমরা বাধ্য তখন মানুষ জানবে না যে, সঠিকভাবে এই সাংস্কৃতিক কাজকর্ম করার ক্ষেত্রে এইসব চলবে কি চলবে না—কারণ শহর থেকে অনেক দূরে এগুলি তৈরী হয়েছে। মালদা শহর থেকে অনেক দূরে তৈরী করা হয়েছে। অনেক টাকা দেন নি আগেকার সরকার, আমরা খরচ করতে বাধ্য হয়েছি, অনেক টাকা দিয়েছি এবং কাজ শেষ করবার জন্য আপ্রাণ চেষ্টা করব। পরিশেষে পরামর্শ যা দিয়েছেন আমাদের যেটুকু গ্রহণ করার সাধ্যমত তা গ্রহণ করব। সংস্কৃতির জগতের যারা কিছুমাত্র অবদান রাখতে পারবেন তাঁদেরই আমরা গ্রহণ করি এবং এই ক্ষেত্রেও সেই রকম অনেক লোক আছেন। পরিশেষে আমি এটুকু বলতে চাই যে, আমরা বিশ্বাস করি মূল ভিত্তির পরিবর্তন ছাড়া উপরি কাঠামোগত পরিবর্তন করে সমস্যার সমাধান করতে পারা যায় না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দেশে যেখানে দারিদ্র্য সীমাহীন, যেখানে সামাজিক অসাম্য বেপরোয়া, যেখানে অজ্ঞানত অতল স্পর্শী, সেই সার্বিক সাংস্কৃতিক পটভূমিকায় দাঁড়িয়ে একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই, বিশ্বে পুঁজিবাদী সংকট যখন আসে তাকে উদ্ধার করার জন্য এগিয়ে আসে শ্রেণীস্বার্থের ক্ষেত্রে বুর্জোয়া শাসক শ্রেণী এবং শাসক শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্য এগিয়ে আসে ফ্যাসিবাদ, আর সেই সঙ্গে অপসংস্কৃতিও এগিয়ে আসে। তাই গোটা দেশের কাঠামো পরিবর্তনের আবেদন আমি আপনাদের কাছে রাখছি। অন্ধকার শেষ কথা বলবে না, অন্ধকার চিরন্তন সামাজিক সত্য নয়, আসুন একযোগে

ৰকলে আলোর সন্ধান করি। এই ক'টি কথা বলে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I now put to vote all the cut motions except 1, 2, 4 & 5. understand where a division will be demanded.

The motion of Shri Kashinath Misra that the amount of Demand be educed by Rs. 100/-, was then put and lost.

The motions of Shri Kashinath Misra and Shri Subrata Mukherjee that he amount of Demand be reduced by Rs. 100/-, were then put and a Division taken with the following results.

NOES

Anisur Rahman Biswas, Shri
Banerjee, Shri Amiya Bhusan
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Chakrabarty, Shri Jatin
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Malin
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Jyotsna Kumar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Kar, Shrimati Anju
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Surendra Nath
Malik. Shri Purna Chandra
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha. Shri Chitta Ranjan
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sufal
Nanda, Shri Kiranmoy
Nath, Shri Monoranjan
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish

Roy, Shri Amalendra
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy Barman. Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar. Shri Nikhilananda
Saren, Shri Ananta
Satpathy, Shri Abani Bhusan
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sur, Shri Prasanta Kumar

AYES

Abdur Rauf Answrai, Shri
Banerjee, Dr, Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Basu, Dr. Hoimi
Bhunia. Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chowdhary, Shri Abdul Karim
Goswami, Shri Arun Kumar
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Subrata
Roy, Shri Sukumar
Sha, Shri Ganga Prosad

Abstention

Sarkar, Shri Debaprosad

The Ayes being 16, the Noes 71, and the Abstention 1, the motions were lost.

The motion of Shri Prabhas Chandra Phodikar that a sum of Rs. 5,56,17,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads "285—Information and Publicity, 485—Capital outlay on Information and Publicity and 685—Loans for Information and Publicity". This is inclusive of a total sum of Rs. 92,70,000 already voted on account in March, 1983, was then put and agreed to.

(At this stage the House was adjourned till 4.30 p. m.)

(After Adjournment)

Statement Under Rule 346

[4-30—4-40 P. M.]

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী ১৫ই এপ্রিল থেকে সরকারী বণ্টন ব্যবস্থায় ও ময়দা কলের জন্য গমের বিক্রয়মূল্য বৃদ্ধি করার সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার তাঁদের ৭।৪।৮৩ তারিখের টেলিগ্রামে জানিয়েছেন। বণ্টন ব্যবস্থায় গমের কেন্দ্রীয় সরকারের বিক্রয়মূল্য প্রতি কুইন্টাল ১৬০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে হবে ১৭২ টাকা। আর ময়দা কলের গমের কেন্দ্রীয় সরকারের বিক্রয়মূল্য প্রতি কুইন্টাল ১৮৫ টাকা থেকে বৃদ্ধি পেয়ে হবে ২০৮ টাকা। অর্থাৎ বণ্টন ব্যবস্থার গমের এই দাম বাড়ছে কুইন্টাল প্রতি ১২ টাকা এবং ময়দা কলের গমের এই দাম বাড়ছে কুইন্টাল প্রতি ২৩ টাকা। গত আগস্ট ১৯৮২-তে বণ্টন ব্যবস্থার ও ময়দা কলের গমের কেন্দ্রীয় সরকারের বিক্রয়মূল্য একধাপে যথাক্রমে ১৪৫ টাকা থেকে ১৬০ টা ।

বং ১৫৫ টাকা থেকে ১৮৫ টাকা করা হয়েছিল। নয় মাসের মধ্যে আবার এই ল্যবৃদ্ধি। কেন্দ্রীয় সরকার বলছেন সংগ্রহমূল্য বৃদ্ধির ফলেই এই বিক্রয়মূল্য াড়াতে হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে এবার সংগ্রহ মূল্য বেড়েছে। ৯ টাকা, কিন্তু] জায়গায় সরকারী বণ্টন ব্যবস্থায় ও ময়দা কলের গমের বিক্রয়মূল্য সংগ্রহ :ল্যের তুলনায় যথাক্রমে ৩ টাকা ও ১৪ টাকা বেশী বাড়ানো হয়েছে। এছাড়া নতুন :গ্রহ মূল্যের গম এখনো সংগ্রহ হবে। যে গম বর্তমানে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন । পূর্বের সংগ্রহ করা গম। সুতরাং এখনই এই নতুন ও উচ্চহারে কেন্দ্রীয় রকারের গমের বিক্রয় মূল্য বাড়ানোর কোন যৌক্তিকতা নেই। রাজ্য সরকার :ন করেন যে, বণ্টন ব্যবস্থায় খাদ্যশস্যের ভরতুকির পরিমাণ কমিয়ে দেওয়াই এই ্যবৃদ্ধির মূল উদ্দেশ্য। ভারত সরকার আই এম এফ-র থেকে ঋণ নেওয়ার শর্ত রণ করার জন্য ধাপে ধাপে ভরতুকির পরিমাণ সংকোচ করে চলেছেন।

কেন্দ্রীয় সরকার কর্তৃক বণ্টন ব্যবস্থার ও ময়দাকলের এই বিক্রয় মূল্য বাড়ানোর :ল রাজ্য সরকারকে বাধ্য হয়েই গমজাত দ্রব্য ও রেশনে দেয় গমের দাম বাড়াতে ব। রেশনে গমের নতুন খুচরা দাম নির্ধারণের ব্যাপারে ইতিমধ্যেই স্থানীয় এফ আই কর্তৃপক্ষের সাথে প্রাথমিক কথাবার্তা হয়েছে এবং অনুমান করা যাচ্ছে যে, শনে গমের খুচরা দাম কমপক্ষে কেজি প্রতি ১.৯৫ টাকা হবে। এই দাম বর্তমান মের থেকে ১৩ পয়সা বেশী। এই দামের মধ্যে রাজ্য সরকারের প্রস্তাবিত সেলস্ াক্স জনিত বৃদ্ধি ধরা হয় নি।

অনুরূপভাবে ময়দা কলের গমের বিক্রয়মূল্য বাড়ার ফলে গমজাত দ্রব্যাদির ন নির্ধারণের বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে এবং শীঘ্রই গমজাত দ্রব্যের নতুন দাম হুর করা হবে।

মাননীয় সদস্যরা হয়ত অবহিত আছেন যে, পশ্চিমবঙ্গ সরকার পাউরুটির দামও য়ন্ত্রণ করেন। যেহেতু ময়দার দাম বাড়বে, তাই পাউরুটির দামও স্বাভাবিকভাবে বড়ে যাবে।

কেন্দ্রীয় সরকার কর্তৃক উচ্চহারে গমের বিক্রয় মূল্য বৃদ্ধির ফলে রাজ্যের াধারণ মানুষের উপরে খুবই চাপ পড়বে। পশ্চিমবঙ্গের মতন ঘাটতি রাজ্যে এবং র্তমান খরা পরিস্থিতিতে এই মূল্যবৃদ্ধি খুবই দুর্ভাগ্যজনক। রাজ্য সরকার এই ল্য বৃদ্ধির প্রতিবাদ জানাবে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান পরিস্থিতিতে রাজ্য রকারকে এই গমের মূল্য বৃদ্ধি আপাততঃ স্থগিত রাখার জন্য অনুরোধ করছি।

আপনারা কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের প্রতিবাদ করুন। কিন্তু গমের ১৩ পয়সা মূল্য বৃদ্ধি করার সিদ্ধান্ত আপাততঃ বন্ধ রাখুন। কারণ পশ্চিম বাংলার জনসাধারণ যে অবস্থার মধ্যে আছে, এই পরিস্থিতিতে আবার গমের বাড়তি মূল্য যদি তাদের দিতে হয় তাহলে দারুণ সংকটের সৃষ্টি হবে। কাজেই কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা এর প্রতিবাদ করুন এবং আপাততঃ এই মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহার করে নিন। এই আবেদন রাখছি।

Shri Jatin Chakrabarty : Sir, Yesterday you will remember that Hon'ble Member, Shri Subrata Mukherjee showed a document and reported about an order which has been issued by the Superintendent Engineer and that a work order has been issued to the Otis for installing a lift at the Chief Minister's residence.

He accused that I misled the House on the 4th April when I made a statement that no decision had yet been taken. He alleged that I had committed a 'breach of privilege' of the House. Sir, in that connection, I would like to make statement.

All Ministers are entitled to free, furnished residential accommodation and also to free medical treatment at the expense of the State Government.

2. The Chief Minister has been residing in his own house. He has not availed of furnished residential accommodation of the State Govt.

3. The Chief Minister took ill some time ago. He has recovered from that illness to the extent that he can discharge his public duties provided he does not climb stairs.

4. In his own house only the second floor is at the disposal of the Chief Minister, but there is no lift by which he can ascend to that floor. Therefore, following expert medical advice on this matter, the installation of a lift in his house at the expense of Government initially is necessary in the public interest to enable him to discharge his public duties. Without a lift, it will be impossible for him to discharge those duties.

5. A decision has accordingly been taken by Government in principle to install a lift at the residence of the Chief Minister. The work will be done by M/s. Mackintosh Burn & Co. Ltd., which is a Company managed by the State Government themselves.

6. I reiterate, I repeat that work has, however, not started. The requisite drawings have also not been made. An order for the lift has simply been placed, for the delivery time was stated to be 16 weeks.

7. Work could not be started, for the question of the utilisation of the lift in the event of the Chief Minister ceasing to hold his present office had not been finally decided. It has now been decided by my department that in that event, the lift will be removed and used by Government for their own purpose else-

where or, should the Chief Minister require it for his own use, he will pay the legitimate price for it. This decision will be placed before the Cabinet for their approval.

8. I, therefore, repeat that work has not started and no decision has yet been taken on what the final financial arrangements will be.

শ্রীআবদুস সাত্তার ঃ স্পীকার স্যার, আমি এ বিষয়ে এ টুকুই বলতে চাই যে···

মিঃ স্পীকার ঃ এটা নিয়ে কোন ডিবেট হবে না। মন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন, তার ওপরে কোন আলোচনা হয় না।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, আপনি যদি বলতে না দেন, তাহলে আমরা কি করে বলব। মন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট করলেন সে সম্বন্ধে আমাদের কিছু বক্তব্য ছিল।

Mr Speaker : Unless I allow you to dihcuss how can you do that ? I have not allowed any discussion. How does it arise ?

[4·40—4·50 P. M.]

শ্রীআবদুস সাত্তার ঃ আপনি যদি বলতে না দেন তাহলে বলবো না। কিন্তু উনি যে বক্তব্য রেখেছেন সেটা কনট্রাডিক্টরি বক্তব্য। যাই হোক, আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে স্যার, জাস্ট নাউ আমি একটা চিঠি পেলাম। আমাদের সভাপতি শ্রীআনন্দ গোপাল মুখার্জীর কাছ থেকে, আজকের তারিখ আছে ১২ এপ্রিল। তিনি বলছেন, "Dear Sattar Sahab one of our close associates and active members of our party Niloy Chatterjee was seriously assaulted by the Police in the hazat on 28th March after 10 P.M. He was seriously assaulted that he was totally unconscious and next day he was removed to Asansol Hospital and subsequently transferred to B. R. Singh Hospital as he was a Railway employee. He died on 4th April in the hospital. There was a massive procession on behalf of our party on 5th April with the dead body at Asansol. On 6th there was a total *bundh* at Asansol as a mark of protest against this atrocious act of Police.

"Niloy was a youngman of 27 years and left behind his young widow, one child below one year and old parents. This matter was published in the local dailies from Asansol. This is the fourth murder in Police hazat. Niloy's

wife with the child, old parents and other relatives are going to see you." ...no action has been taken against the Police... He was beaten to death by the Police.

এই নিলয়কে হাজতে পিটিয়ে মেরে শেষ করেছে। শুধু একটা নয়, ৪ জনকে শেষ করেছে। এই সরকারের যদি সত্যিকারের আইনের প্রতি আনুগত্য থাকে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি আইনের আনুগত্য মানেন, ডেমোক্রাসি যদি বিশ্বাস করেন, সংবিধান যদি বিশ্বাস করেন তাহলে আমি বলবো পুলিশের বিরুদ্ধে এ্যাকশান নেওয়া উচিৎ। যারা মেরে শেষ করে দিয়েছে তাদের বিরুদ্ধে নো এ্যাকশান হ্যাজ বিন টেকেন এগেনস্ট দি পুলিশ। আপনি দেখবেন স্যার, হাসপাতালের ডাক্তারের সার্টিফিকেট আছে হি ওয়াজ বিটিন টু ডেথ বাই দি পুলিশ।

Shri Subrata Mukherjee : We want a judicial inquiry into this matter.

ডাঃ হরমোহন সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ খবরের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করার অনেক ক্ষণ ধরে চেষ্টা করছি সেটা হচ্ছে, গত ২৮ তারিখে এই হাউসে কংগ্রেস (ই) সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় বলেছেন যে হায়ার সেকেণ্ডারী এগজামিনেশান হচ্ছে এবং ২ লক্ষ ১৮ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। তিনি এই প্রসঙ্গে বললেন, কাটোয়া, হাওড়া, ডায়মণ্ডহারবার প্রভৃতি জায়গা থেকে তিনি খবর পেয়েছেন সেখানে লোডশেডিং হয়েছে এবং পরীক্ষা হল থেকে ছাত্রছাত্রীরা বেরিয়ে গেছে। তুহীন সামন্ত মহাশয় বর্ধমান থেকে এসে খবর দিয়েছেন। আমি এই ব্যাপ্যারে খোঁজ খবর নিয়ে দেখেছি, তিনি সমস্ত অসত্য কথা বলেছেন এই হাউসে। কাটোয়া থেকে কেউই বেরোয়নি এবং অন্যান্য জায়গা থেকেও বেরোয়নি।

(গণ্ডগোল)

Voting of Demands for Grants

DEMAND No. 36

Major Heads : 280—Medical and 480—Capital Outlay on Medical.

Dr. Ambarish Mukhopadhyay : Sir, on the recommendation of the Governor,

I beg to move that a sum of Rs. 1,25,21,95,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads: "280—Medical and 480—Capital Outlay on Medical".

(This is inclusive of total sum of Rs. 20,87,00,000 already voted on account in March, 1983).

DEMAND No. 37

Major Head : 281—Family Welfare.

Dr. Ambarish Mukhopadhyay : Sir, on the recommendation of the Governor, I beg to move that sum of Rs. 19,06,06,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "281—Family Welfare".

(This is inclusive of a total sum of Rs. 3,17,68,000 already voted on account in March, 1983).

DEMAND No. 38

Major Heads : 282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution) and 682—Loans for Public Health, Sanitation and Water Supply.

Dr. Ambarish Mukhopadhyay : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 56,01,29,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution) and 682—Loans for Public Health, Sanitation and Water Supply".

(This is inclusive of a total sum of Rs. 9,33,56,000 already voted on account in March, 1983).

DEMAND No. 48

Major Heads: 295—Other Social and Community Services (Excluding Zoological and Public Gardens), 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services.

Dr. Ambarish Mukhopadhyay : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,70,26,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "295—Other Social and Community Services (Excluding Zoological and Public Gardens), 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services.

(This is inclusive of a total sum of Rs. 45,06,000 already voted on account in March, 1983.)

Sir, I have already placed my Budget Speech on the Table and honourable members will very carefully examine them. I want constructive criticism from the members and I will give my reply after listening to their points. Sir, with these words I place my Demands before the House.

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND No. 36

Dr. Sukumar Roy : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Shri Gyan Singh Sohanpal : —do—
Shri Kashinath Misra : —do—
Shri Shaikh Imajuddin : —do—
Shri Abanti Misra : —do—
Shri Jokhilal Mondal : —do—
Shri Mahabubul Haque : —do—
Shri Dipendra Barman : —do—
Shri Subhas Chandra Mahata : —do—

DEMAND No. 38

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Shri Abanti Misra : —do—
Shri Kashinath Misra : —do—
Shri Shaikh Iamajuddin : —dc—

ডাঃ শিশির কুমার বোস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েক মিনিটের মধ্যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমার বন্ধু ডাঃ মুখার্জীর এই বাজেট বিবৃতি পড়ার সুযোগ হল। এই সূত্রে তাঁর গত বছরের এবং তারও আগের গত ৫ বছরের বাজেট বক্তৃতায় এই মেডিকেল এবং স্বাস্থ্য বিষয়ে কতকগুলি বাজেট করা হয়েছে সেগুলি আমি একটু দেখে নেবার চেষ্টা করেছি। প্রথমেই আমি যেকথা বলতে চাই, যেমন আমাদের সাধারণ বাজেট জেনারেল বাজেট আমরা ব্যাপক পরিকল্পনা যাকে বলে সার্বিক নীতি, যাকে বলে একটা স্ট্র্যাটেজি খুঁজে পাইনি। দুঃখের বিষয় আমাকে এই কথা বলতে হচ্ছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের এই বক্তৃতাতেও একটা সার্বিক হেল্‌থ ষ্ট্র্যাটেজির কোন চিহ্ন নেই। কতকগুলি অসংলগ্ন, বিক্ষিপ্ত খবর আমাদের দেওয়া হয়েছে। এখানে এই হয়েছে, ওখানে ঐ হচ্ছে, অথবা এইখানে কিছু করার

ইচ্ছা আছে, এটা করা হচ্ছে না, কিছু কিছু কারণ দেখান হয়েছে, কেন জানিনা, তার মধ্যে সঙ্গত কারণও আছে আমরা স্বীকার করছি। কিন্তু আবার বলছি যে যেটা আমরা বাজেট বিবৃতির মধ্যে খুঁজি সেটা খুঁজে পাচ্ছি না। আমি বাজেট বক্তৃতার শেষের দিকে মাননীয় মন্ত্রী মহাশয় যে কতকগুলি কথা বলেছেন সেটা দিয়েই আরম্ভ করতে চাই। তিনি আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি সম্বন্ধে কথা বলেছেন, হোমিওপ্যাথি চিকিৎসা সম্বন্ধে বেশ কিছু বলেছেন, ইউনানী এবং অন্যান্য চিকিৎসা পদ্ধতি সম্বন্ধে বলেছেন; আমি এই কথা-গুলো বলছি এই জন্য যে, এই সব ব্যাপার এই বিধানসভায় বিস্তারিতভাবে আলোচনা হওয়া উচিৎ, কারণ আমার মনে হয় এই বিভিন্ন চিকিৎসা পদ্ধতি নিয়ে জনগণের মনে অনেক বিভ্রান্তি আছে। এই বিভ্রান্তি অন্ততঃ আমাদের মনে, যাঁরা বিধায়ক বলে পরিচয় দিই, তাঁদের থাকা উচিত নয়। আমরা জানি ইউনানী, যোগ আমাদের দেশে যুগ যুগ ধরে চলে আসছে এবং আমরা সেটা স্বীকার করে নিয়েছি। তারপর গ্রীকরা নিয়ে এলেন ইউনানী—সেটাও আমরা নিয়ে নিলাম। তারপর ইউরোপ থেকে চলে এলো হোমিওপ্যাথি—সেটাও চালু আছে। কিন্তু যেটা সবচেয়ে তাৎপর্যপূর্ণ সেটা আমাদের স্বীকার করতে হবে, সেটা হচ্ছে গত দশকের প্রথম দিকে দ্বিতীয় দশকে যাকে আমরা বলি মডার্ন সিস্টেম অফ মেডিসিন, সায়েন্টিফিক সিস্টেম অফ মেডিসিন, সেটা ভারতবর্ষে এসে পৌছল। একটা কৌতূহলকর ব্যাপার আছে, হয়তো আপনারা সকলেই জানেন—১৮২২ সালে প্রথম এই কলকাতায় মেডিকেল স্কুল চিকিৎসা-শাস্ত্রের জন্য স্থাপিত হয়। তখন স্থির হয়েছিল এই স্কুলে সংস্কৃত ভাষায় পড়ানো হবে। অথচ দেখুন সেটা স্থাপন করেছিলেন ইংরেজরা, যাঁরা এই দেশে তখন রাজত্ব করতেন। তাঁদের মধ্যে যাঁরা বিজ্ঞানসাধক এবং বিজ্ঞানী ছিলেন তাঁরা ঠিক করেছিলেন সংস্কৃত ভাষায় পড়ানো হবে, অবশ্য সেটা বেশীদিন চলেনি। আমি এই কথা এই জন্য বলছি যে, যাঁরা সত্যিকার বিজ্ঞানী এবং বিজ্ঞানী চিকিৎসক তাঁদের মনটি খোলা। আমরাও চাই—যে-কোন ভাষা হোক এবং যে-কোন পদ্ধতি হোক, আমরা তার যেটুকু ভাল তা নেবার চেষ্টা করবো। কিন্তু তারপর আরও প্রায় ১০ বছর পরে, প্রায় ১৮৩৫ সালে এই ভারতবর্ষের তিনটি শহরে একের পর এক মেডিকেল কলেজ স্থাপিত হয়েছিল এবং সেটাই প্রথম কলকাতার মেডিকেল কলেজ। তখনকার বৈজ্ঞানিক পদ্ধতি, চিকিৎসা শাস্ত্র এবং তার পঠন-পাঠন—এই দেড়শ' বছরে তার আমূল পরিবর্তন হয়ে গেছে। এর কারণ হোল আমাদের এই পৃথিবীর বিজ্ঞানীরা চিকিৎসা শাস্ত্রে নতুন দিগন্ত খুলে দিয়েছেন। সুতরাং আমরা বর্তমানে এমন একটি যুগে বাস করছি

যেখানে সব কিছু আমাদের বিজ্ঞানের কষ্টিপাথরে, বিজ্ঞানের মাপকাঠিতে যাচ করে নিতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটি কথা বলা হয়েছে, আমার শুনতে য ভুল না হয়ে থাকে—মন্ত্রী মহাশয়ের মুখে শুনেছি—এই এ্যালোপ্যাথি নাকি ব্যয়বহু সুতরাং হোমিওপ্যাথিকে বড় করা হোক। ডাঃ মুখার্জীও এই রকম কথা শু থাকবেন। আজকে হোমিওপ্যাথি যাতে বিস্তার লাভ করে তার চেষ্টা ক হোক না। আমরা এ্যালোপ্যাথি চিকিৎসায় অনেক সময় অস্ত্রশস্ত্র, শস্ত্র কি জানি না, ছুঁচ ইত্যাদি ব্যবহার করে থাকি—এটা অনেকেরই পছন্দ নয়। (বিরুদ্ধে একটি মনোভাব বা আপত্তি অনেকেরই আছে, অনেক নাকি কড়া ক ওষুধ ব্যবহার করি।

এই যে এন্টিবায়োটিক ওষুধগুলো আছে সেইগুলিকে অনেকে বলেছেন য কড়া ওষুধ। এখানে একদল ডাক্তার বলেছেন যে, না, এই এন্টিবায়োটিক ও কড়া নয়। এটা প্রকৃতি থেকে একটা বিশেষ ফেনোমেনন নিরীক্ষণ করে স্বাচার ভাবে এই এন্টিবায়োটিক ওষুধের জন্ম হয়। ওনারা বললেন যে, এই সব ব্যাপ নিয়ে এ্যালোপ্যাথির অনেক দ্বিধা আছে। কিন্তু এই যে আপনারা ইউনা হোমিওপ্যাথি, আয়ুর্বেদ—এই সবের কথা বলেছেন, এইগুলি আমরা চাই লেট হানড্রেড ফ্লাওয়ার ব্লুম, এই ব্যাপারে আমাদের আপত্তি নেই। এইগু সত্যকারের বিজ্ঞানসম্মত হলে আমাদের আপত্তি নেই। আপনারা এইগুলো এ্যালোপ্যাথির সংগে প্রতিযোগিতামূলক করে তুলবেন না, তাহলে সেটা মারাত্ম হবে। এই যে ইউনানী, হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ শাস্ত্র, সেটার অসুবি বলতে—আমাদের গত ১০০ বছরের বিজ্ঞান জগতে যে জ্ঞান, যদিও আমাদের জ্ঞা খুব সীমিত, এইগুলি স্বাস্থ্যকারেরা নিজেদের স্বার্থের মধ্যে নেন নি। তার ফ আমরা যেটা বলে থাকি এম্পিরিসিজিম, এই সব এম্পিরিসিজিম অর্থাৎ কেব বিবেচনাকে কাজে লাগিয়ে কতকগুলি রীতি-নীতি চিকিৎসা পদ্ধতিতে চলে আসছে এইভাবে কখনও চিকিৎসার প্রসার লাভ করতে পারে না, এইভাবে কখন আমাদের দেশে স্বাস্থ্য-ব্যবস্থার উন্নতি হতে পারে না। আপনারা হোমিওপ্যাথি ইউনানী বা আয়ুর্বেদ যাই করেন না কেন, যদি চিকিৎসা পদ্ধতির উন্নতি চান তাহলে সেটা বিজ্ঞানভিত্তিক হোক। এই প্রস্তাব আমি করবো, দরকার হলে আমাদে একটা হেল্থ সারভিস কমিশান গঠন করা হোক, যাতে সকলে তাদের মতামত দিতে পারে। কিন্তু একটা কথা মনে রাখতে হবে যেটা বিজ্ঞানভিত্তিক নয়, আমাদের যতটুকু জ্ঞান আছে—যদিও আমাদের জ্ঞান খুব সীমিত—সেই জ্ঞান দিয়ে বিচার

করে যেটা সত্যি বলে প্রমাণিত হবে না সেটা আমরা গ্রহণ করবো না। স্বীকার করি আমরা যারা এ্যালোপ্যাথি অনুসরণ করে চলি, আমরা কিন্তু এম্পরিসিজিম করি, আমরা বিজ্ঞানভিত্তিক চিকিৎসা করি না। কিন্তু এটা গ্রাহ্য নয়। তেমনি যে চিকিৎসা—সে হোমিওপ্যাথি বলুন, ইউনানী বা আয়ুর্বেদ বলুন—সেটা যদি বিজ্ঞান-ভিত্তিক না হয় তাহলে সেটাকে আমরা গ্রাহ্য করবো না। এটা সকলকে বলতে হবে। এই বৈজ্ঞানিক মনোভাব আমাদের সকলকে বিচার করতে হবে। সরকারের পক্ষ থেকে কখনও এইরকম ভ্রান্ত ধারণা যেন না প্রচার করা হয় যে, কেবল একটা জিনিস সস্তা বলে এটা দিচ্ছি। সুতরাং এটা বৈজ্ঞানিক দিক থেকে বিচার করলে উপকার হবে বলে আমি মনে করি। এই পলিশি, এই নীতি পরিষ্কার হওয়া দরকার। না হলে ফল ভাল হবার কথা নয়। এখানে একটা কথা শুনে আমার দুঃখ হলো। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় মর্মবেদনার বশে বলেছেন, "প্রাথমিক স্বাস্থ্য রক্ষার কাজকে আমাদের প্রধান কাজ বলে বিবেচনা করতে হলে বিভিন্ন ধরনের কাজের দক্ষতা ও বিশেষ দক্ষতার উল্লম্বিক সম্প্রসারণের প্রশ্নটিও আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে। এই ক্ষেত্রে বিশেষ করে পশ্চিমবঙ্গ আর অগ্রগামী নেই।

[4.50—5.00 P. M.]

তার কারণ আংশিক ভাবে ভারত সরকারের বিমাতৃসুলভ আচরণ এবং আংশিক ভাবে বিগত ৩০ বছরে পরিকল্পনার অভাব।" আমি বলতে চাই, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী প্রিজুডিসের দিক দিয়ে খানিকটা ইনফ্লুয়েন্সড হয়েছেন। দেখা যাক কি হয়েছিল ব্যাপারটা। আমরা শিশুদের ডাক্তার বলে নিজেদের পরিচয় দিয়ে থাকি। আমাদের একটা কঠিন সংগ্রাম করতে হয়েছিল। আমাদের এখানে যে-সমস্ত শিশুস্বাস্থ্য বিজ্ঞানী আছেন, বহুদিন বহু বৎসর ভারত সরকারের সে সময়ে হর্তাকর্তা বিধাতা যাঁরা ছিলেন মেডিকেল এডুকেশানের ক্ষেত্রে, তাঁরা কেউই কোনদিনই কোন গুরুত্ব দিতে রাজী হন নি। এটা ভাল হয় নি। কিন্তু যেটা ভুল হয় নি সেটা হল—এখানে যখন বামফ্রন্ট সরকার গঠিত হতে চলেছে বা গঠিত হয়ে গেছে ষাটের দশকের শেষের দিকে, একটা নতুন চিন্তা-ভাবনা এসেছে, ভারত সরকার অন্ততঃ স্বাস্থ্যের বিষয়ে গভীর ভাবে চিন্তা করেছেন। তাঁরা এগিয়ে এসেছিলেন তখন, তাঁদের মতামত অনেকটা বৈজ্ঞানিকদের মতন ছিল। আপনারা অনেকে হয়ত জানেন বা জানেন না সেই সময়ে ৭০ সালে, ভারত সরকারের পক্ষ থেকে একটা মেডিকেল এডুকেশান কমিটি গঠিত হয়েছিল। তাঁরা তখন গুরুত্ব দিয়ে

অগ্রসর হওয়ার কথা চিন্তা করেছিলেন। আমরা অবশ্য জানি, আমরা অগ্রসর অনেকখানি হয়েছি। অগ্রসর যে হয়েছি, এ বিষয়ে একেবারে অস্বীকার করার উপায় নেই। কিছু অগ্রসর তো আমরা হয়েছি। মেডিকেল কলেজ শিক্ষার ক্ষেত্রে ক্রমান্বয়ে আমরা অগ্রসর হয়েছি, সেই হিসাবে যদি ধরা যায়, তাহলে অগ্রসর যে আমরা হয়েছি, তা স্বীকার করতেই হয়। লাইফ এক্সপেকটুয়েন্সীর কথা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন। এক্ষেত্রে আমরা যতটুকু চেয়েছি, তার খানিকটা বেড়েছে। কিন্তু যে কথাটা তাঁরা সেদিন অনুধাবন করতে পারেন নি, তাহল আমরা যত কথাই বলি না কেন, আমাদের আপামর দরিদ্র জনগণের জন্য প্রায় একেবারেই কিছু করতে পারি নি বললেই হয়। অন্ততঃ বিশেষ কিছু করতে পারিনি, আংশিক ভাবে কিছু করতে পেরেছি মাত্র। ১৯৭৪ সালে একটা গ্রুপ ফর মেডিকেল ম্যান পাওয়ার সাপোর্ট বলে একটা গ্রুপ তৈরী হয়েছিল। তাঁদের আবেদনে মেডিকেল এডুকেশান কমিটির রেকমেণ্ডেশান মত তাঁরা একটা খসড়া রচনা করেছিলেন। সেই খসড়া ১৯৭৫ সালের শেষের দিকে গৃহীত হয়েছিল। আমরা স্বাস্থ্য বিজ্ঞানীরা সেটাকে 'রোম' বলে থাকি, অর্থাৎ রি-অরিয়েনটেশান অফ মেডিকেল এডুকেশান। এর নাম যদিও 'রোম' বা রি-অরিয়েনটেশান অফ মেডিকেল এডুকেশান, এর মধ্যে এডুকেশান নেই। সার্বিক চিকিৎসা শাস্ত্রের ক্ষেত্রে কি কি পদক্ষেপ আমাদের অগণিত দরিদ্র জনগণের ক্ষেত্রে নেওয়া উচিত, এ কথাগুলি সেখানে বলা হয়েছে। এই বাজেট বিবৃতির মধ্যে একটা জিনিসের অভাব আমরা লক্ষ্য করেছি—এ বিষয়ে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—আমাদের এখানে তো ৭টি মেডিকেল কলেজ আছে, কিন্তু শিক্ষার ক্ষেত্রে, ভবিষ্যৎ পরিকল্পনা ও সেবার ক্ষেত্রে সরকারের ভূমিকা কি আছে বা হবে, সে সম্বন্ধে বিশেষ কথাবার্তা নেই। এই যে 'রোমের' কথা আমি বললাম, সেখানে কিন্তু বিশদভাবে কথাগুলি বলে দেওয়া হয়েছিল। প্রায় সম্পূর্ণভাবে বলে দেওয়া হয়েছিল। মেডিকেল শিক্ষার ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে বলে সেখানে বলে দেওয়া ছিল।

[5.00—5.10 P.M.]

আমাদের দেশের মেডিকেল কলেজের ক্ষেত্রে প্রাথমিক চিকিৎসার ব্যাপারে অবশ্যি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এটাকে প্রাইমারি হেল্‌থ কেয়ার বলেছেন এবং এই কথাটাই এখানে খুব চালু আছে, প্রাথমিক চিকিৎসা ক্ষেত্রে কি করে সম্পূর্ণ করা যায়, কি করে সার্থক করা যায় এবং তার মূল উদ্দেশ্যটা কি হওয়া উচিত এবং

ইনটেনসিভ কেয়ার ইউনিট চালাবার জন্য, ডাক্তার তৈরী করার জন্য কি করা উচিত এবং তার জন্য কিছু প্রাথমিক কর্তব্য আছে। শুধু তাই নয়, পঠন-পাঠনের ক্ষেত্রে, শিক্ষার বিস্তারের ক্ষেত্রে এবং সিলেবাস বদলে দেবার ক্ষেত্রে ঠিকমত পরিকল্পনা অনুসারে রূপায়িত হয় নি। পরিকল্পনায় বলা আছে হেল্‌থ এ্যাডমিনিষ্ট্রেটরদের শিক্ষাক্ষেত্রে সক্রিয় ভূমিকা নিতে হবে, শুধুমাত্র রাইটার্স বিল্ডিংসে বসে কাগজে-কলমে ফাইলে সই করলে হবে না, তাদেরকে শিক্ষকতাও করতে হবে। যে ছাত্ররা এখানে পড়তে এসেছে তারা শুধু ডাক্তারি পড়বে না, হেলথ এ্যাডমিনিষ্ট্রেটরদের কাছেও লেখাপড়া করবে। তারপরে তৃতীয় কথা ছিল যে, মেডিকেল কলেজের কথা আমরা ভাববো, তার সেবার কথা আমরা ভাববো। এই মেডিকেল কলেজ থেকে যে সব ছাত্ররা শিক্ষালাভ করার পরে তাদের ইণ্টারনি হতে হবে এবং ইণ্টারনি হবার পরে তাদের বেশীর ভাগ কাটাতে হবে গ্রামে, না হয় গ্রামাঞ্চলে—কি সেমি আরবান এলাকায় এবং প্রথম থেকেই যাতে তারা ঠিকমত ইণ্টারনিশিপ হিসাবে থাকতে পারে তার জন্য যেন সেইমত তাদের ওরিয়েনটেড করা হয়। আমার আরেকটি বড় কথা হচ্ছে, এখানে যে কাঠামোয় শিক্ষা দেওয়া হয় সেটা যদি পরিবর্তন করে নতুনভাবে তৈরী করা হয় এবং ছাত্রদের পরিকল্পনামত মনোভাব নিয়ে যদি শিক্ষা দেওয়া হয় তাহলে অনেক ভালো হবে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি এই মেডিকেল কলেজগুলি কি করছে সেই বিষয়ে একটু দৃষ্টি দিতে। ১৯৭৫ সালে যে পরিকল্পনা হয়েছিল সেই পরিকল্পনা অনুসারে মেডিকেল কলেজগুলিকে প্রাথমিক স্তরে ৩টি ব্লকের ভার নিতে হবে। তাদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। শুধু ঝিলিমিলি ভ্যানে করে গ্রামেগঞ্জে বেড়াবার জন্য বা সেখানে গিয়ে পিকনিক করার জন্য নয়, তাদের ভার নিতে হবে। এক একটি মেডিকেল কলেজ এবং তার সঙ্গে আরেকটি মেডিকেল কলেজ যুক্ত হয়ে একটি ডিষ্ট্রিক্টের ভার নেবে এবং তার সাথে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যেটা বলেছেন সেটা হচ্ছে একটি সুন্দরভাবে সংগঠিত রেফারাল সিসটেম থাকবে। ডাক্তার যাঁরা হবেন তাঁদের স্তরে স্তরে বসতে হবে। বেসিক ডাক্তার যাঁরা তাঁরা থাকবেন প্রাইমারি হেল্‌থ কেয়ারে এবং জেনারেল স্পেশালিষ্টরা থাকবেন সাব-ডিভিশানে এবং ডিষ্ট্রিক্টে। সুপার স্পেশালিষ্টরা শহরে থাকছেন, কিন্তু ডাক্তারদের ক্ষেত্রে কোনরকম পার্থক্য করা চলবে না। সেখানে আমার আপনার ক্ষেত্রে আলাদা আর গরীব মানুষের ক্ষেত্রে আলাদা সেটা চলবে না। যেমন বুকের ব্যথা ধরুন, সকলেরই হতে পারে। আমারও হতে পারে, আপনারও হতে পারে এবং গ্রামেগঞ্জে গরীব লোকেদেরও হতে পারে। সেক্ষেত্রে আপনার, আমার ক্ষেত্রে ইনটেনসিভ কেয়ার ইউনিট আর গ্রামের

লোকেদের ক্ষেত্রে হোমিওপ্যাথিক—এটা কখনোই চলতে পারে না। এই মনোভাব যদি ত্যাগ না করতে পারেন তাহলে ওই যে পরিকল্পনার কথা বললেন সেটা কখনোই রূপায়িত করতে সমর্থ হবেন না।

[5.10—5.20 P. M.]

এই যে পরিকল্পনার কথা বললাম রি-অরিয়েনটেশান অফ মেডিকেল এডুকেশান, এটা সরকারী ভাবে চালু হয় ১৯৭৭ সালে, ঠিক যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে। তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো দেখুন আমরা তার কতটা করতে পেরেছি, সে সুযোগ গ্রহণ করতে পেরেছি। সে সময় এই পরিকল্পনার মধ্যে লেখা ছিল প্রতিটা মেডিকেল কলেজকে প্রায় ৫ লাখ করে টাকা ভারত সরকার থেকে দেয়া হবে গ্র্যান্ট হিসেবে এবং বলা ছিল সেই গ্রান্ট কিভাবে ব্যয় হবে। আরো বলা ছিল ছাত্রাবাস স্থাপন করা, যন্ত্রপাতি কেনা হবে। মোটামুটিভাবে সেই টাকা আমরা ব্যবহার করেছি কিনা তা দেখতে হবে। এটা যে সমস্ত জায়গায় হয় নি তা নয়। সর্বভারতীয় ভিত্তিতে কতকগুলি ন্যাশনাল ইনস্টিটিউট আছে। দিল্লী, চণ্ডীগড়, পাঞ্জাবের কথা ছেড়ে দিলাম। আমি ব্যক্তিগত ভাবে বেশ কয়েকটি রাজ্যে পরীক্ষক হিসেবে, ইন্সপেকটার হিসেবে গেছি। বেশ কয়েকটি রাজ্য পুরোপুরি-ভাবে না হলেও এই পরিকল্পনা রূপায়িত করতে পেরেছে। আপনারা শুনলে আশ্চর্য হবেন আমাদের পার্শ্ব রাজ্য উড়িষ্যায় যখন পরীক্ষা নিতে যাই তখন দেখেছি, যে ছাত্র আমার সামনে পরীক্ষা দিচ্ছে সে ফুল টাইম ষ্টাইপেণ্ড পায় কিম্বা ইন-সার্ভিস। মধ্যপ্রদেশের জব্বলপুরে, অন্ধ্রে একই অবস্থা দেখেছি। পশ্চিমী রাজ্যগুলি অনেকখানি এগিয়ে গেছে—গুজরাটের কথা স্বাস্থ্যমন্ত্রী নিজেই বলেছেন। সুতরাং আমাদের মেডিকেল শিক্ষার ক্ষেত্রে কিম্বা আমাদের দেশের প্রাইমারী হেল্‌থ কেয়ারের সম্প্রসারণের দিকে আমাদের যেতে হবে। এটা ছিল একটা বড় অস্ত্র—যেটা আপনার হাতে এসেছে। ৬ বছর কেটে গেছে, সেখানে আমাদের দেখতে হবে ৬ বছরে আমরা কি সুযোগ গ্রহণ করেছি। ব্যক্তিগতভাবে এ দায়িত্ব আপনার নয়, কারণ আপনি তো মাত্র এক বছরও হয় নি কার্যভার গ্রহণ করেছেন। আমরা কতটুকু করতে পেরেছি এবং কতটুকু পারিনি সেটা দেখা দরকার। সেজন্য আমি বলবো আমাদের মানসিকতা পরিবর্তন করা দরকার। আমাদের অগ্রাধিকার ঠিক করা দরকার, যার কথা এখানে নেই। আমার মনে হয় যেটা অগ্রাধিকার হওয়া উচিত ছিল সেখানে মন্ত্রী মহাশয় বলেছেন পশ্চিমবাংলা আর অগ্রগামী নেই। এটা তিনি খুব দুঃখের

সংগে বলেছেন বলে আমি মনে করি। কিন্তু কেন এটা হবে? আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা বলে শেষ করবো। আমরা দেখেছি গ্রামে আমাদের ব্যর্থতা। এ বিষয়ে আপনার যতটা ব্যর্থতা, আমারও ততটা ব্যর্থতা। কারণ আমি আপনি একই পেশার লোক। অসুখ কি করে হয়? পরিস্রুত জল অসুখ নিবারণের জন্য প্রয়োজন। কলকাতার ১০০ মাইলের মধ্যে অনেক গ্রামের লোক তা জানেনা।

আমরা যখন একটা সেফ ওয়াটার প্রোজেক্ট নিয়ে কাজে নেমেছিলাম, তার রিপোর্ট আমি ভাল করে লিখছি স্বাস্থ্যমন্ত্রীকে দেবার জন্য, যখন সেটা গ্রহণ করেছিলাম, আপনারা শুনে আশ্চর্য হয়ে যাবেন তখন আমাদের বলা হয়েছিল জল যদি ফোটাও তাহলে জলের সব গুণ চলে যাবে, সুতরাং জল ফুটিও না। সুতরাং এই যে বিজ্ঞানভিত্তিক পাবলিক এডুকেশান এটা যে-কোন স্বাস্থ্য প্রকল্পের পক্ষে একবারে জরুরী। আমরা বললাম যে, আমরা তোমাদের ছোট ছোট বাচ্ছাদের মল পরীক্ষা করে দেখব—কি প্রচার আরম্ভ হয়ে গেল জানেন, যেটা রিয়ালিটি সেটা আমাদের দেখাতে হবে। প্রচার আরম্ভ হয়ে গেল যে, ওসব করতে নেই—ডাইনি ধরে। সুতরাং আগে যেটা বলছিলাম বিজ্ঞানভিত্তিক স্বাস্থ্য শিক্ষা সেটা যে কত সত্য সেটা আপনারা উপলব্ধি করবেন। আমার মনে হয় না এটার জন্য প্রভূত অর্থের প্রয়োজন হয়। আমরা মাইক্রোসকোপ নিয়ে গিয়েছিলাম মায়েদের বাপেদের দেখাব বলে—এই যে ক্রিমি হয় পেটে সেই বস্তুটা কি? একবার যখন এই সম্বন্ধে জ্ঞান হয় তখন তার ফল পাওয়া যায়। তখন প্রচার হয়ে গেল, ঐ যে যন্ত্র এসেছে ঐ যন্ত্র যদি চোখে লাগাও তাহলে একেবারে অন্ধ হয়ে যাবে। এই যেখানে অবস্থা সেখানে আজকাল যে নতুন স্বাস্থ্য-চিন্তা সারা পৃথিবীতে গ্রহণ করা হয়েছে তাতে অনেকেই এই হাসপাতালগুলিকে বলেন ডিজিজ প্যালেস—রোগের প্রাসাদ। এই রোগের প্রাসাদ একটার পর একটা তৈরী করে ভারতবর্ষের স্বাস্থ্য সমস্যার সমাধান কোনদিন হবে না। সেজন্য আমাদের পুরোপুরি অগ্রাধিকার দিতে হবে ঐ গ্রামের দিকে, প্রাইমারী হেল্‌থ কেয়ারের দিকে যেতে হবে এবং তার পূর্ণ সুযোগ স্বাস্থ্য কন্‌কারেন্ট লিস্টে আছে। কন্‌কারেন্ট মানে কনফ্রনটেনশান নয় এবং সরকারের পক্ষ থেকে অনেকেই বলেন, মুখ্যমন্ত্রীও বলেন যে একটা ফেডারেল সিসটেম। একটা ফেডারেল গভর্নমেণ্টে কনফ্রনটেশান কথাটা খুব একটা ওঠার কথা নয় এবং এমন চিন্তাবিদরা ভারত সরকারের স্বাস্থ্য দপ্তরে আছেন যাঁরা নীতিগত ব্যাপারে আমাদের সংগে একমত এবং এক সংগে চলতে রাজী। সেই সব কথা মনে রেখে আমি বলব যে, আমাদের এই বামফ্রন্ট সরকারের স্বাস্থ্যনীতিকে ঢেলে সাজান হোক, যেভাবে আপনারা বছরের পর বছর অসংলগ্ন বিক্ষিপ্তভাবে এখানে ওখানে একাজ

ওকাজ করার কথা বলে চলেছেন এটার শেষ হোক। আপনারা যেভাবে বাজেট প্লেস করেছেন, টাকার ব্যাপারে আমি যাচ্ছি না, কোটি কোটি টাকা খরচ করুন, তাতে কিছু বলার নেই, খরচ করতে পারলে আমাদের লাভ, কিন্তু আসল কথা হল মৌলিক নীতি কি সেই নীতি নির্ধারণ করুন, না হলে এই ধরনের বাজেট বক্তৃতা কোন স্বাস্থ্য বিজ্ঞানীদের চোখে গ্রাহ্য নয়।

[5.20—5.30 P. M.]

শ্রীসতীশচন্দ্র বিশ্বাসঃ মিঃ স্পীকার স্যার, স্বাস্থ্যখাতে বরাদ্দকৃত বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি হতাশ হচ্ছি। হতাশ হচ্ছি এই কারণে যে, মূলতঃ সংসদীয় গণতন্ত্রের বিধানসভায় বিরোধী দলের ভূমিকার উপরে অনেকাংশে বিধানসভার ঐতিহ্য, উজ্জ্বলতা ও তার গুরুত্ব নির্ভর করে। সরকার পক্ষের একটা ভূমিকা আছে এবং বিরোধী দলেরও একটা ভূমিকা আছে। কিন্তু বিধানসভায় বিরোধী দলের ভূমিকাই বিধানসভার গৌরব ও উজ্জ্বলতাকে আরও তীক্ষ্ণ করে। এই পশ্চিমবাংলার বিধানসভায় আমি যে কয়েক বছর আছি, তাতে আমি লক্ষ্য করেছি যে, আমাদের প্রধান যে বিরোধী দল কংগ্রেস-ই—তাদের ভূমিকা হতাশাব্যঞ্জক। এই বাজেট আলোচনা করতে গিয়ে আগেই আমার মনে পড়ে যে, ৫ বছর পরে আমরা যখন জনগণের আশীর্বাদ ও সমর্থন নিয়ে এই সরকার আবার গঠন করেছি, ঠিক তার প্রথম বাজেট পেশ করার মাঝখানে—স্বাস্থ্য বাজেট আজকে আলোচনা হচ্ছে—তাঁরা অনাস্থা প্রস্তাব এনে হাজির করলেন। এই অনাস্থা প্রস্তাবটা কি? এই অনাস্থা প্রস্তাব হচ্ছে বিরোধীদের একটা মারণ অস্ত্র এবং এটাকে কিভাবে প্রয়োগ করতে হয় সেটাও তাঁরা জানেন না—এই প্রয়োগ করার কৌশলটাও তাঁরা জানেন না। আবার অনাস্থা প্রস্তাব আনা হোল, তার আলোচনা হোল—তারপর যখন ভোট হবে তখন তাঁরা একটা যান্ত্রিক গোলোযোগের অজুহাত দেখিয়ে চলে গেলেন। অজুহাত দেখালেন সাত্তার সাহেব, জয়নাল আবেদিন সাহেব। অর্বাচীন বালখিল্লের মত পিছিয়ে গেলেন। অদ্ভুত ব্যাপার। বিরোধী দলের একটু ধৈর্যের পরিচয় দেওয়া উচিত ছিল। বিধানসভায় অনাস্থা প্রস্তাব কেন আসে? বাইরে যখন কোন একটা বিক্ষোভ বা সরকারী দলের অত্যাচারে মানুষ ফেটে পড়ে, মানুষের মধ্যে সরকার-বিরোধী একটা হতাশা দানা বেঁধে ওঠে, তাকে সংসদে রূপ দেবার জন্য অনাস্থা প্রস্তাব আনতে পারেন, সেই বিক্ষোভকে এগিয়ে নিয়ে যেতে পারেন, কিন্তু আমরা সেদিক থেকে কিছুই

দেখলাম না। তাই আমরা বিরোধীপক্ষের কার্যকলাপে হতাশা বোধ করছি। এই অবস্থায় জনগণের মনে কি প্রতিক্রিয়া হয়, সেটা ওঁদের জানা দরকার। স্বাস্থ্য সম্বন্ধে উল্লেখ করতে গেলে আমরা জানি, খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা এবং শিক্ষা —এই পাঁচটি সমস্যার কথাও ভাবতে হবে। এই পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও চিকিৎসা সমস্যার সমাধান করা সম্ভব। ৩৫ বছরে কংগ্রেস রাজত্বে এই অবস্থার কোন প্রতিকার হয় নি।

যে দেশে স্বাধীনতার ৩৫ বছর পরও ৭০ ভাগ মানুষ নিরক্ষরতার অন্ধকারে ডুবে রয়েছে, তারা হাবুডুবু খাচ্ছে, যে দেশে শতকরা ৬০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে, যে দেশে শতকরা ৪০ ভাগ মানুষ ফুটপাথে, রাস্তার খাদে অথবা বস্তিতে বাস করে, সেই দেশের স্বাস্থ্য সম্পর্কে আজকে বিরোধী দলের মাননীয় সদস্যরা আলোচনা করছেন, আজকে ওনাদের লজ্জা হওয়া উচিত ছিল। বিগত ৩৫ বছর ধরে তো ওনাদের পার্টিই কেন্দ্রে রয়েছেন, তাঁরা কি করেছেন? আজকে এই ধরনের পারিপার্শ্বিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে স্বাস্থ্য বিষয়ে যে বাজেট বরাদ্দ আনতে হয়েছে, তাকে সমর্থন করছি। শিশির-বাবু এখানে জ্ঞানের কথা বলে গেলেন। আমি তাঁকে বলবো, আজকে যে মাল্টি-ন্যাশনাল কর্পোরেশনগুলো রয়েছে, যে বহুজাতিক সংস্থাগুলো রয়েছে, যাদের হাতে ওষুধ কোম্পানীগুলো রয়েছে, একচেটিয়া ওষুধের কারবারগুলো তাদের হাতে। কেন্দ্রীয় সরকার সেই ওষুধ ব্যবসায়ীদের নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন? যেভাবে জীবনদায়ী ওষুধের দাম বাড়ানো হচ্ছে, যেভাবে এই সব ওষুধ নিয়ে ফাটকাবাজী করা হচ্ছে, যেভাবে এই সব ওষুধের উপর ট্যাক্স ধার্য করা হয়েছে, তা তো ওনারা জানেন। সেই সব ওষুধের দাম কমানোর জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, এটাই আমার মাননীয় সদস্য শিশিরবাবুর কাছে জিজ্ঞাস্য। তা ছাড়া কংগ্রেস আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা জানি হাসপাতালগুলোর অবস্থা কি ছিল। ঐ নীলরতন হাসপাতাল থেকে আরম্ভ করে কলকাতার সব হাসপাতালের কি চরম অবনতি ঘটেছিল। ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কি ভাবে ডাক্তারী পরীক্ষায় গণ-নকল হয়েছে, কি ভাবে গুণ্ডামী চলেছে, হাসপাতালগুলো সমাজবিরোধীদের আখড়ায় পরিণত হয়েছিল। আমরা জানি, ১৯৭১ সালে একটাও ডাক্তারের জন্ম হয় নি, একটা ডাক্তারও পাশ করে বেরোয় নি। ১৯৭৭ সাল পর্যন্ত যারা ডাক্তার হয়ে বেরিয়েছে, সেই সব ডাক্তার সব ভুয়ো ডাক্তার। মানস ভুঁইয়ারা নীলরতন হাসপাতাল নিয়ে খুব হৈ চৈ করছেন—সেদিন দেখলাম, আনন্দবাজার পত্রিকায়

একটি ছবি। আসলে ঐ মৃতদেহটি একজন ভিক্ষুকের, কারণ তার পাশে একট পুঁটুলি দেখা গেছে। তাই নিয়ে খুব হৈ চৈ করা হচ্ছে। আমি তাঁদের জিজ্ঞাস করি, স্বাধীনতার ৩৫ বছর পরেও আজকে কি করে রাস্তায় মানুষ মারা যায়? এইভাবে গত ৩৫ বছর ধরে কংগ্রেসীরা এবং নকশালরা হাসপাতালকে জঙ্গলের রাজত্বে পরিণত করেছে। এই সব হাসপাতালগুলোর দিকে নজর দিতে গিয়ে দেখা গেছে চতুর্দিকে অরাজকতা। আমরা সরকারে এসে হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি করেছি। আগে ছিল ১১০০টি শয্যা, আমরা দু' হাজার শয্যা বাড়িয়েছি। কিন্তু শুধু এই শয্যা সংখ্যা বাড়ালেই স্বাস্থ্য সম্পর্কে সমস্যার সমাধান হবে না। প্রাথমিক স্তরের হাসপাতাল থেকে আরম্ভ করে শহরাঞ্চলের হাসপাতাল পর্যন্ত একটা সমন্বয় রক্ষা করতে হবে। এই সমন্বয় রক্ষা করার জন্য চাই প্রতিটি প্রাইমারী হেল্‌থ সেন্টারে একটি করে এ্যাম্বুলেন্স। যাতে এই এ্যাম্বুলেন্সে করে রোগীদের দ্রুত গতিতে শহরাঞ্চলের হাসপাতালে নিয়ে যাওয়া যায়। এই বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.30—5.40 P.M.]

ডাঃ হৈমী বসুঃ মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থ স্বাস্থ্য দপ্তরের অস্বাস্থ্যকর বাজেটের প্রতিবাদ করার জন্যই বলতে উঠেছি। একটু আগে ডাঃ শিশির বসু মহাশয় বলে গেছেন যে, অগ্রাধিকার কাদের দেওয়া হবে, প্রায়রিটি কাদের দেওয়া হবে—ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমল থেকে প্রায়রিটি ভালভাবে কিউরেটিভ সাইডে দেওয়া হয়েছে, এবার প্রিভেনটিভ সাইডে প্রায়রিটি দেবার কথা, সেই প্রায়রিটি দেবার কথা বলতে গিয়ে তাঁর বাজেট বক্তব্যের এক জায়গায় তিনি প্রিভেনশান সাইড হাইলাইট করার জন্য লিখেছেন, তাই আমি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। তাঁর দপ্তরে হেল্‌থ গাইড, হেল্‌থ ওয়ার্কারস তৈরী হয়েছে, প্রিভেনশানের উপর জোর দেওয়াই হল তাদের দায়িত্ব। গ্রামাঞ্চলের মানুষকে সচেতন করে তোলার জন্য তাদের হাতে একটি করে ব্যাগ ধরিয়ে দেওয়া হয়েছে। সেই ব্যাগ ধরার পরিণতি হিসাবে প্রিভেনশান আবার শেষের দিকে চলে গেছে, এটা কি তিনি জানেন? কিউরেটিভ সেখানে বেড়ে গেছে। আমি আপনার কাছে বিনীতভাবে অনুরোধ করব, ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশন অভিযোগ করেছেন, এই ব্যাগধারীরা অনেকেই পয়সা নেওয়া শুরু

করেছেন, এটা আপনি একটু লক্ষ্য করবেন। বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষের কাছ থেকে পয়সা নেওয়া শুরু করেছেন। এটা মিথ্যা হলে আমি খুব আনন্দিত হব। কিন্তু এটাই হচ্ছে বাস্তব ঘটনা। আমি বলছি না যে, তাদের কাছ থেকে ব্যাগ কেড়ে নেওয়া হোক। আমি শুধু এটাই বলতে চাই যে, তারা ফার্স্টএইড দিক, তারপর প্রাইমারী হেল্‌থ সেণ্টারে রোগী নিয়ে আসুক। এই ব্যাগধারীদের ব্যাপারটা আপনি লক্ষ্য করুন। গ্রামাঞ্চলে এই জিনিস ঘটছে। এই ব্যাগের সুযোগ নিয়ে গ্রামাঞ্চলের সাধারণ চাষীদের কাছ থেকে পয়সা নেওয়া শুরু করেছে। এই প্রিভেনটিভের মূল বক্তব্য হওয়া উচিত নিউট্রিশানের উপর সাধারণ মানুষকে ট্রেনিং দেওয়া এবং সেল্‌ফ ড্রিংকিং ওয়াটার, চাইল্ড হেল্‌থ, মেটারনিটি, ফ্যামিলি ওয়েলফেয়ার, এনভায়রনমেণ্ট ইত্যাদি—এই ৫টি জিনিসের উপর জোর দেওয়া দরকার। সেই জোর কিন্তু ওরা দিচ্ছে না। আমরা মনে করি এই জন্যই ওদের মোটামুটি এ্যাপয়েণ্ট করা হয়েছে। নিউট্রিশানের ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শহরাঞ্চলে এই ব্যাপারে কিছু কিছু প্রচেষ্টা চলেছে। কিন্তু গ্রামাঞ্চলে সেই প্রচেষ্টা দেখা যাচ্ছে না। গ্রামাঞ্চলের শিশুরা কেন দুধ পাবে না, তাদের জন্য কেন দুধের কার্ড দেওয়া হবে না? আজকে এই জিনিস জরুরী ভিত্তিতে দেখা দরকার হয়ে পড়েছে। কারণ গ্রামাঞ্চলে শতকরা ৭৯ জন মানুষ বাস করে। আর একটা অদ্ভুত জিনিস আমরা লক্ষ্য করছি। প্রতি বছর প্রায় ৪০০ থেকে ৪৫০ জন কোয়ালিফায়েড মেডিকেল প্রাকটিশনারস পাশ করে বেরোচ্ছে। পশ্চিমবাংলায় প্রায় ৩ থেকে ৪ হাজার ডাক্তার বেকার হয়ে রয়েছে। ২ হাজার ডাক্তার চাকরির জন্য দরখাস্ত করেছিল, কিন্তু তা সত্ত্বেও ৩২৫ জনকে সিলেক্ট করা হয়েছে। আমি ধরে নিলাম অন্য জায়গায় অসুবিধা আছে। কিন্তু এ্যাডহক ভিত্তিতে তো ডাক্তারদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া যেতে পারে। গ্রামাঞ্চলের ১৬০ থেকে ২০০ টির মত হাসপাতালে কোন ডাক্তার নেই। সেখানকার মানুষদের ভীষণ অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। শুধু তাই নয়, সেবিকাও অত্যন্ত কম আছে। সেবিকার জন্য হাজার হাজার মেয়ে দরখাস্ত করেছে। ৩৫০টি সিলেকশান দেওয়া হয়েছে। তাহলে মানুষ সুস্থ হবে কি করে? আপনার বাজেট বক্তৃতায় তো আর মানুষ সুস্থ হবে না—এইগুলি সব বাস্তব ঘটনা। আপনারা ইণ্ডিয়ান মেডিকেল প্রাকটিশনার তৈরী করে দিলেন। 'ভোর' কমিটি অত্যন্ত বিশদভাবে দৃঢ়তার সংগে এই ডুয়েল সিসটেম অব মেডিকেল এডুকেশন পরিত্যাগ করেছিল সারা ভারতবর্ষে এবং কি কেন্দ্রীয় সরকার, কি অন্য রাজ্যের সরকার, সকলেই এটাকে পরিত্যাগ করেছিল। ডুয়েল সিসটেম অব মেডিসিন হতে পারে না। এম. বি. বি. এস.

এক দিকে যেমন আছে, তেমনি এই কোয়ালিফায়েড কোয়াক দিয়ে, হাতুড়ে দিয়ে কোন কাজ চলতে পারে না। এটা অমানবিক। কিন্তু আপনারা এটা চালু করে দিলেন। স্যার, আপনি জানেন কিছুদিন আগে ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশন কর্তৃক আমন্ত্রিত হয়ে তদানীন্তন স্পীকার হবিবুল্লা সাহেব সেখানে গিয়েছিলেন। তিনি সেখানে বলেছিলেন, হ্যাঁ, মনে হচ্ছে এটা ঠিক হয়ে যাবে, আমরা মনে করছি এটা বন্ধ হয়ে যাবে। এটা বন্ধ হয়ে গেছে কিনা জানি না, আই ষ্ট্যাণ্ড টু বি কারেকটেড, ভুল হলে সংশোধন করে দেবেন—আবার সেই ভূত এখন ঘাড়ে চেপে বসল এবং তিনি ডুয়েল সিসটেম অব মেডিকেল এডুকেশন করে দিলেন। শহরাঞ্চলের জন্য কোয়ালিফায়েড এম. বি. বি. এস. ডাক্তার থাকবে, আর গ্রামাঞ্চলের গরীব চাষীদের জন্য অফিসিয়্যাল ষ্ট্যাম্প দিয়ে হাতুড়ে মেডিকেল ডাক্তার তৈরী করে দিচ্ছেন এবং এই সব হাতুড়ে ডাক্তাররা তাদের চিকিৎসা করবে।

সমস্ত গণতান্ত্রিক ব্যবস্থায় যে জিনিসকে রিজেক্ট করা হয়েছে সেই জিনিসকে আরো নোংরাভাবে, আরো নিকৃষ্টভাবে তাঁরা ঢুকিয়ে দিলেন। এল. এম. এফ. কোর্স ৪ বছরের, আর সেখানে তিন বছরের কমিউনিটি মেডিকেল প্রাকটিশনার নাম দিয়ে তাদের ঢুকিয়ে দিলেন গ্রামাঞ্চলে গরিব কৃষকদের তাদের হাতের শিকার হবার জন্য। তারপর আপনাদের ট্রান্সফার পলিসি, প্রমোশান পলিশি যা আমরা দেখছি তাতে বলতে পারি সেখানে শুধু দলবাজী ছাড়া আর আপনাদের কোন পলিশি নেই। স্যার, যে হাসপাতালগুলিতে গরিব অসুস্থ এবং দুঃস্থ মানুষেরা অনেক আশা নিয়ে সুস্থ হবার জন্য এবং বাঁচবার জন্য আসে এবং যে হাসপাতাল-গুলিকে আমরা মন্দির বলে মনে করি সেই মন্দিরগুলিকে ওঁরা মরণফাঁদ হিসাবে গড়ে তুলেছেন। চিন্তা করুন হাসপাতালে ঔষধ নেই। সবচেয়ে বড় হাসপাতাল —নীলরতন সরকার মেডিকেল কলেজ এ্যাণ্ড হসপিটাল, সেখানে যে-কোন কারণই আপনারা দেখান না কেন সেখানে ঔষধ কোম্পানীগুলিকে আপনারা টাকা দেন নি বলে তারা ঔষধ দেওয়া বন্ধ করে দিয়েছে। এরচেয়ে চরম ব্যর্থতা ডিপার্টমেণ্টের আর কি কিছু হতে পারে ? সেখানে সেই হাসপাতালের সিঁড়ির উপর একজন মরে পড়ে আছে, সে ছবি আনন্দবাজারে বেরিয়েছে। স্যার, কলকাতার নীলরতন সরকার হাসপাতালেরই যদি এই অবস্থা হয় তাহলে সুদূর গ্রামাঞ্চলের স্বাস্থ্য কেন্দ্রে যেখানে ৩০টা লোকের মতন সালফাগুয়াডিন দিয়ে ৩ হাজার লোকের চিকিৎসা হয়, তারা কি অবস্থার মধ্যে পড়ে আছে সেটা সহজেই অনুমেয়। এইভাবে তারা হাসপাতাল নামক মরণফাঁদগুলির শিকার হচ্ছে। স্যার, এরপর আমি মাননীয় মন্ত্রী অম্বরীশবাবুর দৃষ্টি একটি বিষয়ে আকৃষ্ট করছি। স্কুল অব ট্রপিকাল মেডিসিনকে

আমরা কলকাতা সহ পশ্চিম বাংলার গর্ব বলে এতদিন ধরে এসেছি। সেই স্কুল অব ট্রপিকাল মেডিসিনকে সরকার বললেন এটা হচ্ছে একটা টিচিং ইনষ্টিটিউশান, অতএব ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশনের সুপারিশ অনুসারে তাঁরা মাহিনা পাবেন। চিকিৎসকদের বেলায় সে ব্যবস্থা হল, কিন্তু অচিকিৎসক কর্মচারী যাঁরা তাঁরা যে অন্ধকারে ছিলেন তাঁরা সেই অন্ধকারেই পড়ে রইলেন, তাঁদের মাহিনা বাড়লো না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বিনীতভাবে বলছি, সেখানে সাব-স্ট্যাণ্ডার্ড ড্রাগস দেওয়া হচ্ছে। স্যার, আপনি জানেন, অন্য হাসপাতালে ব্যর্থ হয়ে মানুষ সুস্থ হবার আশায় এই স্কুল অব ট্রপিকাল মেডিসিনে ছুটে আসেন। এই স্কুল অব ট্রপিকাল মেডিসিনেই সাব-স্ট্যাণ্ডার্ড ড্রাগ দেওয়া হচ্ছে। একটা ছোট ঔষধ ট্রিপল কার্ব, এর মধ্যে যে তিনটি জিনিস থাকে তার মধ্যে একটা বিশমাথ কার্ব না দিয়ে ডবল কার্ব ওষুধকে ট্রিপল কার্ব ওষুধ বলে চালানো হচ্ছে আউটডোরে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটু ভালোভাবে খোঁজ নেন তাহলেই এগুলি জানতে পারবেন। তারপর লুম্বিনী পার্কে সেখানে সি. পি. এম.-এর দলবাজীর জন্য মন্ত্রী মহাশয়কে অলরেডি দুবার এ্যাডমিনিষ্ট্রেটার বদলাতে হয়েছে। তা ছাড়া স্যার, সেখানে যেহেতু সি. পি. এম. করেন না সেই অজুহাতে দু'জন কর্মীকে সেখান থেকে মেরে তাড়ানো হয়েছে। স্যার, হাসপাতালগুলিকে কেন মরণফাঁদ বলছি তার একটা উদাহরণ দিচ্ছি। কয়েকদিন আগে সহদেব হালদার নামে একজন মারাত্মক জখম রোগীকে আমি এস. এস কে. এম. হাসপাতালে পাঠালাম। সেখানে তাকে ফার্ষ্ট-এইড দিয়ে ছেড়ে দেওয়া হল। পরের দিন রোগীর অবস্থা আরো ডেটিরিয়োরেট করায় তাকে পাঠানো হল, সেদিনও তাকে ছেড়ে দেওয়া হল। পরে তাকে এ্যাম্বুলেন্সে করে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে পাঠানো হল, তাঁরা বললেন, আমাদের এ্যানাসথেটিষ্ট নেই, সুতরাং আমরা এরকম সিরিয়াস কেস নিতে পারবো না, তখন তাকে আবার এস. এস. কে. এম. হাসপাতালে পাঠানো হল। স্যার, যে রোগীকে তাঁরা দু'বার রিজেক্ট করে ফেরত পাঠিয়ে দিয়েছিলেন তাকে এবারে তাঁরা ভর্তি করলেন এবং ভর্তির ১॥/২ ঘণ্টা বাদে সেই পেসেণ্টটি মারা গেলেন। কাজেই স্যার, ওঁদের নেতৃত্বে হাসপাতালগুলি যে মরণফাঁদে পরিণত হয়েছে, নরকে পরিণত হয়েছে সেটা এর থেকেই আপনি বুঝতে পারলেন।

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে এ্যানাসথেটিষ্ট নেই। আমি একজন এ্যানাসথেটিষ্ট কেসের রোগীকে পাঠাই, কিন্তু তাঁরা সেটা রিফিউজ করে দেন। আমি আবার যোগাযোগ করে বলি যে এটা একটা গুরুত্বপূর্ণ কেস, এটা আপনারা দেখুন। তাঁরা বললেন যে, এখানে সার্জিক্যাল

করতে পারবো না, আমাদের এখানে এ্যানাসথেটিষ্ট নেই। আজকে কলকা শহরে শম্ভুনাথ পণ্ডিত হসপিটালের এ্যানাসথেটিষ্ট না থাকার জন্য রোগী ভর্তি ব হয়ে আছে। কলকাতায় যদি আজকে এই অবস্থা হয় তাহলে গ্রামাঞ্চলের ডিষ্ট্রি হাসপাতালগুলির অবস্থা কি সেটা আপনারা ভাল করেই বুঝতে পারেন। আর এক কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো। সেটা হচ্ছে, রামকৃষ্ণ মিশ সেবা প্রতিষ্ঠান, সম্পর্কে। রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান কলকাতা শহরে একমা সেবা প্রতিষ্ঠান যেখানে দরদ দিয়ে, সহানুভূতি দিয়ে, ভালবাসা দিয়ে মানুষে সেবা করার চেষ্টা করা হয়। সেখানে আপনারা যে টাকা অনুদান দিয়েছিলেন তা হয় না, ডেফিসিট হয়ে যায়। গত বছর তারা এ্যাপিল করেছিল, কিন্তু আপনা টাকাটা আটকে দিলেন। আমি যতীনবাবুকে ধন্যবাদ জানাই। তিনি এটা হেল্ মিনিষ্টারকে বোঝাতে পেরেছিলেন যে, এই অনুদান দেওয়া দরকার। ১৪ লক্ষ টাব ডেফিসিট হয়েছে, ৭ লক্ষ টাকা আপনারা দেন। এটা ঐ প্রতিষ্ঠানের সন্ন্যাসীদে বাঁচাবার জন্য নয়, সাধারণ মধ্যবিত্ত ঘরের যে-সমস্ত লোক সেখানে যায় তাদে বাঁচার জন্য দয়া করে এই অনুদান দেওয়ার ব্যবস্থা করুন।

আপনি বাজেট ভাষণে ২ হাজার শতাব্দীতে সকলের জন্য সুস্বাস্থ্যের কথ বলেছেন। এটা ওয়ার্লড হেল্থ অর্গানাইজেশানের শ্লোগান। আপনি এই শ্লোগা আপনার বাজেট ভাষণে রেখেছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। তবে আপনার ডিপার্টমেণ্ট যে অবস্থায় চলছে, হাসপাতালগুলি যে অবস্থার মধ্যে দিয়ে চলেছে তাতে ২ হাজার শতাব্দীতে সুস্বাস্থ্য আসবে না, আসবে কুস্বাস্থ্য। দেশের দরিদ্র মানুষ, তারা আরো অসুস্থ হয়ে পড়বে এবং সেই অসুস্থতা মানুষগুলিকে মৃত্যুমুখে পতিত করবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.40—5.50 P.M.]

শ্রীমতী ছায়া ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন এবং এই বাজেট বরাদ্দের যে স্যাংশন চেয়েছেন, আমি জানি, স্বাস্থ্য দপ্তর যতখানি গুরুত্বপূর্ণ দপ্তর, সেই দপ্তরের পক্ষে যদিও এটা যথেষ্ট নয়, তবুও যে আর্থিক সংকটের মধ্যে আমরা পড়েছি, এর মধ্যে দিয়েই আমাদের চলতে হবে, কাজেই সেদিক থেকে এই ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন করে কতকগুলি কথা আপনার মাধ্যমে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় স্বাস্থ্য দপ্তর যখন প্রথম সৃষ্টি হয় তখন থেকে এই স্বাস্থ্য দপ্তরটি

একটি মাথাভারী প্রশাসন হয়েই তৈরী হয়েছে। আমি হৈমীবাবুর মত ডাক্তার নই, মাননীয় শিশিরবাবুর মত ডাক্তার নই, আমি একজন সাধারণ গ্রামের মানুষ। আমি বিশেষজ্ঞ নই, আমি চোখের সামনে যে জিনিস দেখি তার উপরেই আমার বক্তব্য রাখতে চাই। আমরা দেখেছি যে দীর্ঘদিন ধরে এই জিনিস চলে আসছে। আমি আজকের মানুষ নই, আমি বহুদিন আগেকার মানুষ। ১৯৭৭ সালে আমার জন্ম নয়, তার বহু আগে আমার জন্ম হয়েছে এবং তখন থেকে আমি অভিজ্ঞতা সঞ্চয় করে এসেছি। ঠিক এই মুহূর্তে গ্রামের হাজার হাজার মানুষ স্বাস্থ্য সম্বন্ধে যেটুকু সুযোগ-সুবিধা পাচ্ছে, ১৯৭৭ সালে আগে সেটুকুও তাদের কাছে পৌঁছায় নি বলে দেখেছি। আজকে মাথাভারী প্রশাসন বলতে আমি একথা বলতে চাই যে, ডাইরেক্টর আছে, ডেপুটি ডাইরেক্টর আছে, জয়েন্ট ডাইরেক্টর আছে, গাদা গাদা শুধু ডাইরেক্টর আর কর্মচারী দিয়েছেন। কিন্তু সত্যিকারের যারা ফিল্ডে সাধারণ মানুষের পাশে দাঁড়াবে, দুর্বল মানুষের পাশে, অসুস্থ মানুষের পাশে দাঁড়াবে, ঠিক সেই কারণে প্রশাসন নেই।

আমার মনে হয় এই বিভাগে বর্তমানে একটা অদক্ষ প্রশাসন চলছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। তিনি যতটুকু করতে পেরেছেন ততটুকুই এখানে স্বীকার করেছেন, যা করতে পারেন নি তা না পারার কারণ তিনি এখানে উল্লেখ করেছেন। এখানে মাননীয় সদস্য সত্য বাপুলি মশাই বলেছেন, "২৫ বছর আমরা জমিদার ছিলাম, একটা বিরাট প্রাসাদে ছিলাম, সেটা আজকে ভেঙেচুরে পড়েছে, ধ্বংস হয়ে গেছে, সেই প্রাসাদকে জোড়াতালি দিয়ে কতটা আর ঠিক রাখা যায়।" ওঁরা আজকে এটা বুঝতে পেরেছেন। আমরা এটা জানি যে, রাখা যায় না। কারণ স্বাস্থ্য দপ্তরের সমস্যা দীর্ঘদিনের অত্যন্ত গভীর সমস্যা, এটা আজকে অস্বীকার করার কোন উপাই নেই। আজকে যাঁরা ডাক্তারী পাশ করে ডাক্তার হচ্ছেন, তাঁরা কোন্ ঘর থেকে আসছেন? আমার মনে হয় তেমন ঘরের ছেলেরাই ডাক্তারী পড়ার সুযোগ পান যাঁদের গ্রামে ডাক্তারী করতে যাবার মানসিকতা থাকে না। তাই আমরা দেখছি বহু হেল্থ সেণ্টারে ডাক্তারের পদ খালি রয়েছে। সে সমস্ত জায়গায় কোন ডাক্তার যেতে চান না। কাজেই আমার মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, আজকে এমন কোন ব্যবস্থা গ্রহণ করা হোক, যাতে গ্রামে ডাক্তার যেতে বাধ্য হন। শুধু ডাক্তারই নয়, আমরা প্রতিটি জেলায় দেখছি বহু নার্সের পদও খালি রয়েছে। নার্সরাও বহু জায়গায় যেতে চান না। আজকে সর্বস্তরে এই রকম একটা অব্যবস্থা চলছে। এটা অস্বীকার করবার কোন উপায় নেই। সব চেয়ে ভয়াবহ ব্যাপার হচ্ছে, জেলাস্তর থেকে আরম্ভ করে

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, উপস্বাস্থ্য কেন্দ্র, কোথাও কোন জীবনদায়ী ওষুধ নেই। জীবনদায়ী ওষুধ যাতে অতি শীঘ্র সমস্ত জায়গায় পৌঁছায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি। সেই সংগে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, যে-সমস্ত ডাক্তাররা দীর্ঘদিন ধরে প্যানেলভুক্ত হয়ে পড়ে আছেন, তাঁদের যখন নেওয়া হবে তখন যেন তাঁদের গ্রামেগঞ্জে যেতে বাধ্য করা হয়। সেই সংগে বলছি, শুধু ডাক্তার এবং নার্স নিয়োগ করলেই হবে না, আজকে ডাক্তার এবং নার্সদের মানসিকতার পরিবর্তন হওয়া প্রয়োজন। তাঁদের দায়িত্ব এবং কর্তব্য সম্বন্ধে যথেষ্ট পরিমাণে সচেতন করে দেওয়া উচিত। গতকাল আনন্দবাজার পত্রিকায় একটি মারাত্মক এবং দুঃখজনক ব্যাপার দেখলাম। একজন রোগী কলকাতা শহরের একটি বড় হাসপাতালে না খেয়ে, বিনা ওষুধে মারা গেছে। না খেয়ে বা বিনা ওষুধে মারা গেছে, সেটাই সব চেয়ে বড় কথা নয়, সব চেয়ে বড় কথা হচ্ছে, একজন রোগী বেলা ১২টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত হাসপাতালে পড়ে আছে, অথচ ডাক্তারদের, নার্সদের, জি. ডি. এ.'দের, অন্যান্য কর্মচারীদের বা সেখানে কর্মরত পুলিশ কর্মচারীদের কারো দৃষ্টিতে তা পড়ল না। সেই হতভাগা ঐ দীর্ঘ সময় কারো দৃষ্টি আকর্ষণ করতে পারল না, এটা অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা! আমি এই ঘটনাটির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, তিনি খোঁজ নিয়ে দেখুন কারা সেই সময়ে কর্মরত ছিলেন এবং তাঁদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আমরা গ্রামগঞ্জের হাজার হাজার মানুষের প্রতিনিধি হয়ে এখানে এসেছি। সেই সমস্ত হাজার হাজার মানুষের মধ্যে থেকে মুমূর্ষু রোগীরা যখন ভাল চিকিৎসার জন্য—যা জেলা হাসপাতালে হয় না—জেলা হাসপাতাল থেকে রেফার্ড হয়ে কলকাতা শহরের বড় বড় হাসপাতালে আসেন, তখন তাঁরা সেখানে কোন বেড খালি পান না। আমরা দেখেছি কলকাতার হাসপাতালগুলিতে কলকাতার লোকেরাই সব শয্যায় ভর্তি হয়ে থাকেন, গ্রামের মানুষেরা সেখানে কোনরকম সুযোগ পান না। এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে, কলকাতা শহরের বড় বড় হাসপাতালগুলিতে জেলা ওয়াইজ কিছু বেড নির্দিষ্ট করে রাখা প্রয়োজন। আজকে জেলা হাসপাতালগুলির অবস্থা হচ্ছে—এ্যাম্বুলেন্স নেই, এ্যাম্বুলেন্স থাকলেও হয় ভেঙে পড়ে আছে, আর না হয় তেল নেই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বাজেট বিবৃতিতে দেখলাম যে, তিনি এ-সমস্ত বিষয়ে ব্যবস্থা নিচ্ছেন, তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। এইসব ব্যবস্থা করার বিষয়ে তিনি তাঁর বিবৃতিতে যে বক্তব্য রেখেছেন তা ঠিকমত কার্যকরী হলে আমার

মনে হয় গ্রাম বাংলার মানুষের বিশেষ উপকার হবে। বামফ্রন্ট সরকারের কাছে মানুষ অনেক প্রত্যাশা নিয়ে আছে। মানুষ জানে এই সরকার কিছু করতে না পারলেও মানুষকে ধাপ্পা দেবে না। এই বিশ্বাস মানুষের আছে। স্বাস্থ্য দপ্তর একটা প্রচণ্ড ভারি দপ্তর। এই দপ্তরকে আজকে দু'ভাগ করা হয়েছে এবং এর থেকে পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিংকেও বাদ দেওয়া হয়েছে।

[5.50—6.00 P. M.]

কাজেই কাজ অনেক হাল্‌কা হয়ে গেছে, এখন ২ জন মন্ত্রী আছেন। কাজেই আমি প্রত্যাশা করছি, স্বাস্থ্য দপ্তরকে ঢেলে সাজানো হবে এবং ব্যাপক কর্মসূচী নেওয়া হবে এবং এর সাথে সাথে সবচেয়ে বড় প্রয়োজন যেটা সেটা হচ্ছে দক্ষ প্রশাসন। প্রতিটি হাসপাতালে হাসপাতালে যে দুর্নীতির আখড়া তৈরী হয়েছে সেগুলি দূরীভূত করতে হবে। এই সমস্ত আখড়ার দালালরা কারা সেটা আমরা সবাই জানি এবং সাধারণ মানুষও জানে। এই সমস্ত দালালরা আজকে তৈরী হয় নি। দীর্ঘদিন ধরে এই সমস্ত দালালদের একটা চক্র গড়ে উঠেছে প্রতিটি হাসপাতালে হাসপাতালে। স্যার, আমি একটি দুর্ভাগ্যজনক ঘটনার কথা বলি, আমার কেন্দ্রে ৪/৫ দিন আগে ইসলামপুর প্রাথমিক হাসপাতালে সমস্ত ডাক্তাররা নিজেদের মধ্যে মারামারি আরম্ভ করে দিলেন। সেখানে স্যালাইনের বোতল নিয়ে এবং যন্ত্রপাতি নিয়ে মারামারি হলো এবং এই মারামারির ফলে একজন ডাক্তারের হাত ভাঙলো, একজনের দুটো দাঁত ভেঙে গেল। শেষ পর্যন্ত তাঁরা প্রাথমিক হেল্‌থ সেন্টার ছেড়ে বহরমপুর সি. এম. ও. এইচের অফিসে ধর্না দিলেন। সুতরাং ডাক্তারদের এই সমস্ত মানসিকতাগুলি এবং এই সমস্ত প্রবণতাগুলি যাতে নষ্ট করা যায় সে ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া গ্রামে গ্রামে অতি সত্বর ডাক্তার পাঠাতে হবে, নার্স দিতে হবে এবং এই সীমিত ক্ষমতার মধ্যে, বিশেষ করে গরীব মানুষেরা যাতে প্রয়োজনীয় ওষুধ পেতে পারে, তাদের হাতে চিরকুট যাতে না ধরিয়ে দেওয়া হয় সে ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি। এছাড়া গ্রামে গ্রামে যে-সমস্ত দুষ্ট চক্রগুলি গড়ে উঠেছে সেই সমস্ত চক্রগুলিকে অতি সত্বর ভেঙে দেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এছাড়া আর একটি ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে খাদ্য বা ডায়েট। আমি জানি না কিভাবে টেণ্ডারগুলি করা হয়। খাদ্যের ব্যাপারে যারা টেণ্ডার দেন তাঁরা যে পরিমাণ ডায়েট সাম্পেল দেখান ঠিক সেই পরিমাণ খাদ্য বা সেই ধরনের খাদ্য

রোগীদের পরিবেশন করা হয় না। কাজেই যে ধরনের এবং পরিমাণ খাদ্য টেণ্ডারে দেখান ঠিক সেই পরিমাণ এবং সেই ধরনের খাদ্য যাতে রোগীদের মধ্যে পরিবেশন করা হয় সেটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি এবং এগুলি দেখার জন্য দক্ষ প্রশাসনের প্রয়োজন। অর্থাৎ মূল কথা হচ্ছে, আমাদের স্বাস্থ্য দপ্তরকে গ্রামের সাধারণ মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ করতে হবে এবং যে-সমস্ত প্রাথমিক হেল্‌থ সেণ্টার আছে সেগুলোর ইন্সপেকশান করতে হবে। এর সাথে আর একটি অনুরোধ জানাচ্ছি, কলকাতায় যে নার্সিং হোমগুলি আছে, সেই নার্সিং হোমগুলিতে লক্ষ্য রাখতে অনুরোধ করছি যাতে তারা বার্ষিক রিটার্ন দাখিল করেন। এটা করা যায় কিনা সেটা দেখবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন এই সীমিত ক্ষমতার মধ্যে, তাকে ধন্যবাদ জানিয়ে এবং সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় মহাশয় স্বাস্থ্য দপ্তরের যে বাজেট উপস্থাপিত করেছেন সে ব্যাপারে আমার অর্থনৈতিক দিকে কোনরকম আপত্তি নেই, বরঞ্চ আরো বাড়লে খুশী হতাম। কিন্তু পদ্ধতিগত, অর্থাৎ নীতি নির্ধারণের ক্ষেত্রে আমার যথেষ্ট আপত্তি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বাজেট বক্তৃতায় যে-সমস্ত কথাগুলি বলেছেন—একজন ডাক্তার হিসাবে তিনিই প্রথম স্বাস্থ্যমন্ত্রী হলেন এবং আমি গতবারের অধিবেশনে বলেছিলাম যে, বহুদিন বাদে একজন ডাক্তার স্বাস্থ্যমন্ত্রী হয়েছেন এবং এই প্রথম বামফ্রণ্ট সরকারের প্রধান শরিক যাঁরা কর্তৃত্ব করতে পারেন, যাঁরা মতামত ব্যক্ত করতে পারেন কার্য নির্ধারণের ক্ষেত্রে সেই সি. পি. এম. পার্টিরই একজন সদস্য স্বাস্থ্যমন্ত্রী হয়েছেন।

আমরা এই অধিবেশনে আশা করেছিলাম, একটা ডাক্তার হিসাবে আর একজন ডাক্তার স্বাস্থ্যমন্ত্রী হলে খুবই সময়োপযোগী এবং বর্তমান চিন্তাধারা, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী সর্বত্র থাকবে। সর্বোচ্চ যে শিক্ষা, সেই মেডিকেল শিক্ষা ব্যবস্থায় হাসপাতাল উন্নয়নকারী পদ্ধতিতে ডাক্তার, ছাত্র, নার্স, কর্মচারীর মধ্যে একটা সমন্বয় সাধন, এঁদের সঙ্গে পাবলিক পেসেণ্ট যাঁরা আসেন, তাঁদের সঙ্গে একটা জনসংযোগ, সুন্দর পরিবেশ গড়ে ওঠা নিয়ে একটা পরিকল্পনা তাঁর বক্তব্যের মধ্যে থাকবে। কিন্তু আমরা খুবই হতাশ হলাম। জানি না, ইজ ইট রিফ্লেকশন অফ এ ডক্টর অর রিফ্লেকশন অফ এ পার্টি মেম্বার আই ডাউট ইট। আমরা জানি, আপনি নিজেও জানেন, শুনেছেন পৃথিবী বিখ্যাত যাদুকর পি সি. সরকারের কথা,

তিনি মারা গেছেন, তাঁর ছেলে জুনিয়ার পি. সি. সরকার, তিনিও সুবিখ্যাত, অনেক নাম করেছেন। আজকে দুর্ভাগ্যের ব্যাপার আমরা অবাক হলাম তিনি বলছেন যে, আমার থেকেও একজন সুবিখ্যাত যাদুকর এসেছেন পৃথিবীর মধ্যে। তাতে তিনি বলছেন, আমি একটা ঘোড়া হাওয়া করে দিলাম, একটা মানুষকে খণ্ড খণ্ড করে কেটে আবার জুড়ে দিই, একটা হাতীকেও উড়িয়ে দিতে পারি, কিন্তু তার থেকেও একজন বড় যাদুকর, তার নাম পি. বি. সরকার। তিনি টেলিগ্রাফে একটা ইন্টারভিউতে কনফেস করেছেন, তাতে তিনি বলেছেন মাই কেরিয়ার......

মিঃ স্পীকার ঃ I cannot allow you to read, you can only refer it.

ডাঃ মানস ভুঁইয়া ঃ আচ্ছা। তিনি বলেছেন আমার থেকেও বড় পি. বি. সরকার, তার মানে পশ্চিমবঙ্গ সরকার। পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং স্বাস্থ্যমন্ত্রী ডাঃ মুখার্জী এঁরা সব হাওয়া করে দিয়েছেন—তেল, কেরোসিন, চাল এবং সর্বশেষ জীবনদায়ী ওষুধও হাওয়া করে দিয়েছেন। কোন কিছুই নেই, এঁদের থেকে বড় যাদুকর নেই—এটা জুনিয়ার পি. সি. সরকারও স্বীকার করে নিয়েছেন। আমি স্বাস্থ্য দপ্তরের মূল যে দিক যেটা ডাঃ শিশির বোস মহাশয় তুলে ধরেছেন, সেই অনেক দিকই জানি। আমরা দৈনন্দিন জীবনে যে-সমস্ত অসুবিধার সম্মুখীন হচ্ছি, আমি আশা করেছিলাম সেই অসুবিধাগুলির কথা ডাঃ মুখার্জীর কাছ থেকে পাব, কিন্তু আমরা হতাশ হয়েছি। আমি দু-একটি কথা তুলে ধরতে চাই। আপনি জানেন বাজেট বক্তৃতায় সবথেকে বেশী হতাশ হয়েছি এই জন্য যে, মেডিকেল শিক্ষানীতিতে—যে ডাক্তার তৈরী হবে গ্র্যাজুয়েলী ট্রেনিং থেকে, তৈরী হবে প্রসেস অফ ট্রেনিং থেকে, সেই মেডিকেল শিক্ষার মূল যে সিংহভাগ এম. বি. বি. এস এ্যাণ্ড পোষ্ট গ্র্যাজুয়েট কোর্সের সম্বন্ধে কোন সুনির্দিষ্ট কথা ডাঃ মুখার্জী বাজেট বক্তৃতার মধ্যে রাখেন নি। তিনি ডি. এম. এস. কোর্সের কথা বলেছেন। তিনি বলেছেন না আগের নীতি ফলো করেছেন বা করতে বাধ্য হয়েছেন কিনা তা জানিনা, তবে তিনি বুকে হাত দিয়ে এই পবিত্র বিধানসভায় বলুন তো যে, তিনি এটাকে সাপোর্ট করেন কিনা? যেখানে ৩ হাজার ডাক্তার বেকার, যেখানে ৪৫০ জন এম. বি. বি. এস ডাক্তার প্রতি বছর বেরোচ্ছে। রামনারায়ণবাবু গতকাল স্বীকার করেছেন, উনি ডাক্তার নন, প্রেস ষ্টেটমেণ্টে বেরিয়েছে যে, এখনো ১৬০টি পোষ্ট খালি রয়েছে। উনি বলেছেন যে, আমরা ফোর্থ পি. এস. সি. লিষ্ট ছেড়ে দিয়েছি, আমরা ওয়েট করছি তাঁরা জয়েন করেন কিনা দেখবার জন্য।

[6.00—6.10 P. M.]

সাংবাদিকরা প্রশ্ন করেছেন যে, এত দেরী কেন? রামনারায়ণবাবু ডাক্তার না হয়েও আমার কথা স্বীকার করেছেন। তাঁর বিচক্ষণতা আছে, গাটস্ আছে—তিনি স্বীকার করেছেন। তিনি বলেছেন যে, পি. এস. সি. অনেক দেরী করে লিষ্ট ছাড়ায় এবং স্বাস্থ্য দপ্তরের অবহেলায়—যুগান্তর পত্রিকায় বেরিয়েছে, তিনি অকপটে স্বীকার করেছেন—ইন্টারভিউর চার বছর পর তাঁকে রিলিজ করার একমাত্র কারণ হচ্ছে এই ডাক্তারদের দেরী করে জয়েন করতে যাওয়া। একজন ডাক্তার হয়ে বেরোলো, একটু বোঝবার চেষ্টা করুন, তাঁর চাকরির দরকার আছে। লিষ্ট বেরোলো দু বছর পরে। তাঁর চাকরির দরকার, টাকা দিতে হবে বাড়ীতে। সে খুঁজে বেড়াচ্ছে একটা প্রাইভেট কনসার্ন, সে চেষ্টা করছে প্রাইভেট প্র্যাকটিশ করবার। সে মাথা ঠোকাঠুকি করছে পোষ্ট গ্র্যাজুয়েটে সিট জোগাড় করার জন্য। হঠাৎ একটা সুযোগ এলো—সে চলে গেল। কিন্তু পি. এস. সি. লিষ্ট যখন বেরোলো, সে কিন্তু আর সেই সুযোগ পেল না গ্রামের স্বাস্থ্যকেন্দ্রে জয়েন করার। একথা কিন্তু রামনারায়ণবাবু স্বীকার করেছেন। আমি সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই। ডাক্তার মুখার্জীকে অনুরোধ করবো, তিনি ডাক্তার হয়ে এই কথাগুলো চিন্তা করবেন এবং উপলব্ধি করবার চেষ্টা করবেন।

মিঃ স্পীকার স্যার, আমরা জানি আই. এম. এ. বলে একটি সংস্থা আছে এবং বিশ্বব্যাপী তার শাখা। তার শাখা ভারতবর্ষে আছে, তার শাখা পশ্চিমবঙ্গে আছে। আমি জানি না ডাঃ মুখার্জী আই. এম. এ-র সদস্য কিনা, হওয়া উচিৎ নিশ্চয়ই। কিন্তু দুঃখের ব্যাপার, ১৯৭৭ সালে যখন প্রথম বামফ্রন্ট এলো, সেবার ডাক্তারদের নেতৃত্বে বিধানসভা অভিযান হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী গণতান্ত্রিক অধিকার স্বীকার করে নিয়ে এবং ডাক্তারদের বিশেষ মর্যাদা দিয়ে ১৪৪ ধারা তুলে নিয়েছিলেন এবং ডাক্তারদের প্রতিনিধিদের সঙ্গে দেখা করে বলেছিলেন যে, আমি এবার থেকে স্বাস্থ্য দপ্তরের অধীনে যে-কোন নীতি নির্ধারণ এবং সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে আই. এম. এ. প্রতিনিধিদের সঙ্গে বসবো এবং তাঁদের মতামতের যোগ্য মর্যাদা দিয়ে গ্রহণ করবো, কারণ তাঁরাই একমাত্র ডাক্তারদের সংগঠন যাঁরা ব্যাপকভাবে, সার্বিকভাবে ডাক্তারদের কথা বলেন। কিন্তু কি দেখলাম? একজন ডাক্তার স্বাস্থ্যমন্ত্রী হবার পর তিনি যে-কোন কারণেই হোক—কখনও পেট খারাপের জন্য, কখনও মাথা ব্যথার জন্য, আবার কখনও এড়িয়ে যাওয়ার জন্য—আজ অবধি একটিও আই. এম. এ. ইনভিটিশন মিটিংয়ে যান নি এবং তাঁদের কোন ওপিনিয়ন

সিক্ করেন নি, দুঃখের ব্যাপার। আই. এম. এ. মানে ডাক্তারদের এ্যাসোসিয়েশন, এ্যাপেক্স বডি। তাঁরা কি বলছেন? তাঁরা বলছেন যে, কি করেছেন আপনারা? ১৯৮২ সালের প্রতিবন্ধী বর্ষে ছয়-ছয়টি বিকলাঙ্গ শিশুর জন্ম দিলেন? এত প্রগ্রেসিভ গভর্নমেন্ট; আজকে ডি. সি. এম. এস. কোর্স, ডিপ্লোমা ইন কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্স চালু করেছেন। কি এটা? আজকে যেখানে হাজার হাজার এম. বি. বি. এস. ডাক্তার বেকার, সেখানে গ্রামের মানুষকে ধোঁকা দেবার জন্য আজকে এর পাশাপাশি আপনারা এটা চালু করলেন এবং বললেন যে, গ্রামের মানুষের কাছে খুব সহজে চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দেবার জন্য ডি. সি. এম. এস. কোর্স চালু করেছেন। তার জন্য এই বছরের ১৯৮৩-৮৪ সালের বাজেটেও ১৭ লক্ষ টাকা ধরে রেখেছেন। আমি জানি এবং ডাঃ মুখার্জীকে প্রশ্ন করি, উনি কি জানেন যে, এই রাজ্যে আজকে রেডিওগ্রাফার নেই। এই রাজ্যে রেডিওগ্রাফার না থাকবার জন্য একজন লোককে দিয়ে ৫০টি করে এক্সপোজার খাওয়াচ্ছেন, এক্স-রে করাচ্ছেন। ফলে তাঁদের ক্যানসার হচ্ছে, ডিজঅর্ডার হচ্ছে, রোগ হচ্ছে বিভিন্ন রকম। রেডিওগ্রাফার, রেডিও-টেকনিশিয়ানস্, প্যাথলজি ল্যাবরেটরি টেকনিশিয়ান, হেমাটোলজি টেকনিশিয়ান—এসব আজকে নেই। আজকে ফার্মাসিষ্ট নেই। আমি অনুরোধ করছি, ডি. সি. এম. এস. কোর্স আজকে আপনারা এই বিধানসভায় বলুন যে, তুলে দিলাম এবং ঐ স্কুলগুলিতে এখন থেকে রেডিওগ্রাফি পড়ানো হবে, প্যাথলজিষ্ট তৈরী করা হবে, ট্রেনিং দেওয়া হবে। আপনাদের হিম্মৎ থাকলে ঘোষণা করুন, কিন্তু আপনারা পারবেন না। আপনাদের মাথার টিকি বাধা আছে আলিমুদ্দিন ষ্ট্রীটে—কিছুই করবার ক্ষমতা আপনার নেই এবং সেই কারণেই আমরা হতাশ। আজকে আমরা একজন ডাক্তারকে মন্ত্রী হিসাবে পেয়েও হতাশ। পাশাপাশি আমরা কি দেখলাম স্যার? শুনুন, কি দুর্ভাগ্যের ব্যাপার! হাসপাতালের কথা ছেড়েই দিন। জীবনদায়ী ওষুধের কথায় পরে আসছি। আজকে দু' বছর হয়ে গেল রামঋকদাস হরলালকা হসপিটাল বামফ্রন্ট সরকার অধিগ্রহণ করেছেন, কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার—ডাঃ মুখার্জী নিজে ভিজিট করেছেন, এ্যাডিশনাল ডাইরেকটর গেছেন, ভিজিট করেছেন—বলেছেন, এত সাংঘাতিক অবস্থা বাড়ীটার? বলেছেন যে ইমিডিয়েটলি প্ল্যান করে কিছু করা দরকার। ৭ দিন আগে, ফর ইওর ইনফরমেশন, ছাদের ধস নেমে দু'জন পেসেন্টের উপর ইট পড়েছে, ফলে ভার্টিক্যাল কলাম ফ্র্যাকচার হয়ে স্পাইনাল ইনজুরী হয়ে গেছে। চিকিৎসিত হতে এসেছিলেন স্পেশাল ওয়ার্ডে ভর্তি থেকে। হাসপাতালে রোগী ভর্তি হয়ে বেডের উপর শুয়ে থেকে ছাদ ধসে ভার্টিক্যাল কলাম

ভেঙ্গে স্পাইনাল ইনজুরী হয়ে গেছে। এই তো অবস্থা! একজন ইঞ্জিনীয়ার পাঠিয়ে সেই বাড়ীটার প্ল্যান এস্টিমেট করা হোল না, প্ল্যান করলেন না, বাড়ীটা রিপেয়ার করবার প্রয়োজন বোধ করলেন না। কি দুর্ভাগ্যের ব্যাপার! আপনারা কি করে আশা করেন—আপনারা মাথাভারি প্রশাসনের কথা বলছেন। শ্রীমতী ঘোষও মাথাভারি প্রশাসনের কথা বলেছেন। অজয় মুখার্জী কমিশন ডি. এইচ. এস.-কে এক্স-অফিসিও সেক্রেটারী করে যে ক্ষমতা দিয়ে গিয়েছিলেন ডেলিগেট করে—আজকে তাঁকে ঠুঁটো জগন্নাথ করে একটা গিনিপিগের মত করে ঘরে বসিয়ে রেখে দিয়েছেন। আপনারা আজকে ক্ষমতার কথা, ডিসেণ্ট্রালাইজেশনের কথা বলেন, কিন্তু আজকে সেই ডি. এইচ. এস-কে রবার স্ট্যাম্পের মত ছাপ মারেন খচ্ খচ্ করে। এই তো অবস্থা!

আজকে ডাক্তারদের কোন সে আছে? আজকে নীলরতনের ডেপুটি ডিরেক্টার তাঁর কোন সে আছে? আজকে মীরা ব্যানার্জী, ডেপুটি ডিরেক্টার তাঁর কোন সে আছে? আজকে ডেপুটি ডিরেক্টাররা নিজেদের প্লান মতো কাজ করতে পারবে? সমস্ত আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থার মধ্যে ট্রাপট হয়ে গেছে। মন্ত্রী মহাশয় ডাক্তার, তিনিও ট্রাপট হয়ে যাবেন। তিনি কতকগুলি ছকে বাঁধা ষ্টেটমেণ্ট দেবেন। আজকে তিনি যেমন ষ্টেটমেণ্ট দিয়েছেন। তিনি বলেছেন, Intentionally and politically motivated and part of the doctors are creating pressure on this issue in the N.R.S. Madical College & Hospital. তিনি জানেন এটা কি ধরনের অসত্য কথা। তিনি জানেন এটা ৮.৪ তারিখের সারকুলার। তাঁরই ডেপুটেড সুপারিনটেণ্ডেণ্ট নীলরতন মেডিকেল কলেজে বলেছেন, Due to lack of essential drugs and life saving drugs. এটা তাঁর কথা। তাঁর কোন্‌টা লাইফ সেভিং ড্রাগস এণ্ড এসেনসিয়াল ড্রাগস সেটা তিনি ক্লারিফাই করবেন, আমি করবো না। ডাক্তার মুখার্জী করবেন। একটা জুট ফ্যাক্টরীর মতো, একটা কারখানার মতো, একটা সারকুলার টাঙিয়ে বলে দিলেন হাসপাতাল বন্ধ, ক্লোজার। কি অদ্ভুত ব্যাপার! ডাক্তাররা তার বিরুদ্ধে প্রতিবাদ করেছে। ডাক্তাররা বলেছে যে, আমাদের ওষুধ দেওয়া হোক, আমরা চিকিৎসা করবো। ওষুধ দিন, এখনই আমরা চিকিৎসা আরম্ভ করে দিচ্ছি। যখনই এসিওরেন্স দেওয়া হচ্ছে তখনই তারা আউট ডোরে গিয়ে বসেছে। আউট ডোরে বসার পর আমরা কি দেখলাম? বিধানসভার মাননীয় সদস্য লক্ষ্মী দে মহাশয় সি. পি. এম.-এর গুণ্ডা বাহিনীকে নিয়ে নিজে—আমি আবার রিপিট করছি তিনি নিজে গিয়ে ডাক্তার অমিতাভ চৌধুরীকে দু' নম্বর মেডিকেল আউট ডোরে হেকেল করেছেন এবং

এ্যাসন্ট করেছেন। ডাক্তারেরা ষ্ট্রাইক করেছেন, আপনি দেখিয়ে দিতে পারবেন? আপনি একটা চিঠির কথা বলেছেন যে, ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের ছেলেরা যে ডিমাণ্ড প্লেস করেছে হাউস ষ্টাফরা নাকি সেই ডিমাণ্ড প্লেস করেছে। সুতরাং ওরা সবাই কংগ্রেস হয়ে গেছে। আমি চ্যালেঞ্জ করে বলছি হাউস ষ্টাফ এ্যাসোসিয়েশনের যে জেনারেল সেক্রেটারী জয়দেব পাঠক তার সঙ্গে ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের এবং স্থানীয় কংগ্রেসের কোন সম্পর্ক আছে এটা যদি আপনি প্রমাণ করতে পারেন তাহলে আমি বিধানসভার সদস্য পদ ত্যাগ করবো। উনি এটা প্রমাণ করতে পারবেন না আমি জানি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে নীলরতন সরকার মেডিকেল কলেজের অবস্থা দেখুন। উনি একটা ষ্টেটমেন্টে বলেছেন সুপারিনটেণ্ডেন্টরা নাকি চাপে পড়ে সই করে দিয়েছে। সুপারিটেণ্ডেন্টকে ডেকে এনে রাইটার্স বিল্ডিংস-এ সই করান হচ্ছিল যে, লিখে দাও তোমাদের চাপ দিয়েছে ডাক্তার। ডাঃ জে পি ঘোষ একজন প্রবীণ স্বাধীনতা সংগ্রামী, জেল খাটা মানুষ। তাঁকে কিন্তু আপনাদের চাপের সামনে নতিস্বীকার করাতে পারেন নি। তিনি ছাত্রদের মুখের দিকে তাকিয়ে, ডাক্তারদের কথা চিন্তা করে অসত্য কথা লিখতে চান নি। তাই তিনি চলে এসেছেন। তাই আপনাকে দিয়ে জোর করে অসত্য ভাষণ এই বিধানসভার কক্ষে দেওয়ানো হয়েছে। ডাঃ জে পি ঘোষ নীলরতনের সুপারিনটেণ্ডেন্ট, সম্প্রতি ন্যাশানাল মেডিকেল কলেজের সুপারিনটেণ্ডেন্ট এবং মেডিকেল সুপারিনটেণ্ডেন্ট পর্যন্ত আপনার এই আনস্ক্রুপুলাস এবং আনহেলদি এ্যাফেয়ার্স-এর জন্য পদত্যাগ করতে চেয়েছেন। 'আজকাল' পত্রিকায় বেরিয়েছে দেখবেন তিনজন সুপারিনটেণ্ডেন্ট পদত্যাগ করতে চেয়েছেন। কার দোষ বিচার করতে পারবেন না বলে অপরের ঘাড়ে দোষ চাপাতে চান। যত দোষ নন্দ ঘোষের ঘাড়ে চাপাতে চান। ডাক্তারগুলো খারাপ, এই পরিবেশে চলতে পারে, এই সব কথা বলেন। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো একটা ভাল পরিবেশ গড়ে তুলুন। ডাক্তাররা খারাপ, ডাক্তাররা চোর, ডাক্তাররা খারাপভাবে প্রাইভেট প্রাকটিশ করে, ডাক্তাররা নোংরা কিছু কিছু নিশ্চয়ই আছে। কিছু সেকশান অফ ডাক্তার এই ধরনের আছে। কিন্তু ফাইভ পারসেণ্ট খারাপ ডাক্তারদের জন্য ৯৫ পারসেণ্ট ভাল ডাক্তার যারা নিরলসভাবে সত্যিকারের সেবার মনোবৃত্তি নিয়ে কাজ করে তারা কেন কনডেম হবে? কেন সেই ফাইভ পারসেণ্ট ডাক্তারকে পিক আপ করবেন না? কেন এই ফাইভ পারসেণ্ট ডাক্তারকে শাস্তি দেবেন না? আজকে নির্দিষ্টভাবে সেই সমস্ত ডাক্তারকে শাস্তি দিয়ে দেখিয়ে দিন আপনারা যে, ওরা নোংরা, ওরা খারাপ, ওরা চুরি করে, ওরা চুরি করে প্রাইভেট

প্রাকটিশ করে। আপনারা কিন্তু এই ধরনের দৃষ্টান্ত স্থাপন করতে পারবেন না। আপনাদের হিম্মত আছে? মেডিকেল কলেজ, আর জি কর মেডিকেল কলেজ, ন্যাশনাল মেডিকেল কলেজ—এই সমস্ত জায়গায় যারা মৌরসী পাট্টা করে বসে আছে—সি পি এম, কি কংগ্রেরের লোক, আমি কোন দলবাজীর কথা বলছি না—যারা কলকাতা ছেড়ে বাইরে যেতে চায় না তাদের আপনি ট্রান্সফার করে বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান এবং নর্থ বেঙ্গলে পাঠাতে পারেন তাহলে আপনাকে আমি সেলাম করব। আমি আপনাকে আমার সমস্ত রকম শক্তি দিয়ে সহযোগিতা করবো এবং আমাদের দলের তরফ থেকে আপনি পূর্ণ সহযোগিতা পাবেন। আমি জানি আপনি পারবেন না। আপনারা শুধু বড় বড় কথা বলতে জানেন। আমরা শুনেছি বিধানসভার কক্ষে আপনি বলেছিলেন প্যারিটোনিয়াল ডায়ালিসিস ইউনিটের কথা। প্রফেসার ডাইরেকটর অফ ড্রাগ্‌স, মেডিসিন শ্রীসেন কমপ্লেন করেছেন।

[6.10—.620 P. M.]

ব্যাচ নাম্বার তুলে দেওয়া হয়েছে—টেলিগ্রাফ পত্রিকায় বেরিয়েছে ডায়ালিসিস ইউনিট ইজ ইন সিমবলিস। এই কথা তিনি বলেছেন। তিনি প্রতিটি নাম্বার সম্বন্ধে বলেছেন। একজাক্ট নাম্বার কি আছে আমি কি সেটা পড়তে পারি স্যার? ডায়ালিসিস ইউনিটের ক্ষেত্রে পাস্তুর ল্যাবরেটরীতে যে স্যাম্পল পাওয়া গেছে তাতে দেখা গেছে ডায়ালিসিসের ক্ষেত্রে মাইক্রোসকোপ্যাল ফ্যাংগাস পাওয়া গেছে—থকথকে ফ্যাংগাস। সেডিমেনটেড ফ্যাংগাস পাওয়া গেছে সেখানে। This is the condition of the Health Minister today. I think so.

এই তো হচ্ছে অবস্থা। আপনি কি সেখান থেকে বেরিয়ে আসতে পারবেন? এর থেকে বেরিয়ে আসতে গেলে আপনাকে টন টন ভিটামিন ট্যাবলেট খেতে হবে এবং আপনার ডাইরেকটরদের খাওয়াতে হবে, আপনার সেকরেটারীকে খাওয়াতে হবে এবং সমস্ত হসপিটালের এডমিনিষ্ট্রেটিভ সেটআপকে খাওয়াতে হবে। এই ফ্যাংগাস থেকে নিষ্কৃতি পেতে গেলে টন টন ভিটামিন ট্যাবলেট খেলে হবে না। তার জন্য যেটা চাই তা হলো সুচীশুভ্র মানসিকতা এবং সত্যিকারের সেটআপ গড়ে তোলার জন্য সুচিন্তিত মনোভাব। আমি আশা করবো আই. এম. এ-এর হেল্‌থ সারভিস এসোসিয়েশন এবং যে-সমস্ত ডিফারেণ্ট ষ্টুডেন্ট

এ্যাসোসিয়েশন আছে এবং হাউস স্টাফ এ্যাসোসিয়েশন আছে, তাদের সংগে আপনি কথা বলবেন। আপনার বিবৃতির মাধ্যমে বলেছেন যে, ১৪ তারিখে আপনি তাদের সংগে কথা বলবেন। আপনার ডিফারেন্সসিয়েশানগুলি আশা করি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজিম গ্রহণ করবেন, মানসিকতার দিক থেকে আঘাত পেয়ে গুমরে থাকবেন না, প্রতিশোধমূলক কোন মনোবৃত্তি নেবেন না। আপনি ১৪ তারিখে ডাক্তারদের সংগে বসবেন বলেছেন, আমি আশা করবো যে, আজকে যে একটা ষ্টেলমেট কানডিশানের সৃষ্টি হয়েছে তার আপনি নিরসন করবেন। আমি অনুরোধ করবো, ডি সি এম এস কোর্স তুলে দিন এবং ইয়ং মেডিকেল গ্র্যাজুয়েটস ইন-সারভিস ট্রেনিং এ্যাকসেপ্ট করুন। আমি আপনার কাছে বিনীত ভাবে আবেদন করছি যে—এক সময় মেডিকেল প্রফেশানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ছিল অগ্রণী রাজ্য, পশ্চিমবাংলায় প্রথম মেডিকেল এডুকেশান চালু হয়েছিল—এই কক্ষ থেকে আমি দাবি করছি, আপনি একটা প্রস্তাব গ্রহণ করুন—কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা সাপেক্ষে এখানে, এই কলকাতার বুকে আমরা যেন অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ মেডিকেল সারভিস তৈরী করতে পারি। কেন পশ্চিমবাংলা ডিপ্রাইভ হচ্ছে, তার জন্য যদি কোন প্রয়োজন থাকে আমরা সর্বদলীয় ভাবে দিল্লীর কাছে দরবার করবো। এই ব্যাপারে আপনার প্রাথমিক পদক্ষেপ সূচনা হোক, এই আবেদন করছি। এই বাজেটের ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শুরু করার আগে আমার ঠিক আগে ডাঃ মানস ভুঁইয়া যে-সব কথা বললেন, তার মধ্যে দু-একটি কথার জবাব দিয়ে নিতে চাই। প্রথম কথা হল, জীবনদায়ী ওষুধের অভাব বা সংকটের জন্য হাসপাতালগুলি বন্ধ হয়ে যাচ্ছে। এই যদি ঘটনা হয়, তবে বলতে হয়, সারা ভারতবর্ষের হাসপাতালগুলি বন্ধ করে দিতে হবে। কিন্তু এটি যে কতখানি গুরুতর সমস্যা—প্রতিটি রাজ্যের ক্ষেত্রে এবং ভারত সরকারের কাছে—তা নিয়ে আমি বলতে চাই না। মাননীয় সদস্য সমস্ত ডাক্তাররা খারাপ হয়ে গেছেন বলে উল্লেখ করেছেন। এ ব্যাপারে আমি উল্টোভাবে বলব। কারণ কিছু ডাক্তার পলিটিক্যালি মোটিভেটেড থাকতে পারেন, এই হাউসেও আমরা দেখছি কিছু আছেন। সেজন্য ঘটনাটা এমনও তো হতে পারে ওষুধের এই অভাব ও সংকটের সুযোগ নিয়ে তাঁরা হাসপাতালগুলিকে বন্ধ করে দিতে চাইছেন। এক্ষেত্রে মানবিক দিককে সম্পূর্ণ উপেক্ষা করতে চাইছেন। আমার প্রশ্ন হচ্ছে, কেন?

কার অথরিটিতে এটা করা হচ্ছে? সব রকম ওষুধের কি অভাব আছে, যার জন্য এমারজেন্সী সার্ভিস বন্ধ করে দিতে হবে হাসপাতালগুলিতে? সেক্ষেত্রে একটা রোগীর চিকিৎসা সম্ভব না হলে তো অন্য একটা রোগীকে সার্ভিস দেওয়া যেতে পারে। আমরা দেখছি, তা না করে, যেহেতু বিশেষ কয়েকটা ওষুধের ঘাটতি দেখা দিয়েছে, সেজন্য হাসপাতাল বন্ধ করে দেওয়া হল। কিন্তু কেন? কারখানা নাকি যে লক-আউট করতে হবে? কোথায় এসে দাঁড়িয়েছে ব্যাপারটা আমি বুঝলাম না। আমি এখানে ওঁর অনেকবার আর্তনাদ শুনেছি, হাজার হাজার ডাক্তার বেকার হয়ে আছেন—সংখ্যায় প্রায় ৩ হাজার হবে। আমি জানি না, উনি কোন্ আমলে ডাক্তারী পাশ করেছেন? একটা আমলের কথা আমরা জানি, যে-সময়ে ডান হাতে, বাম হাতে, ডান ও বাম পায়ে করে গণ-টোকাটুকি করে পাশ করে বেরিয়ে এসেছিল ডাক্তারের দল। ডাক্তারের যদি কোন আই কিউ বলে পদার্থ থাকে, তাহলে সেই ডাক্তার কখনই বেকার বসে থাকতে পারে না। সরকারী ভাবে সে যদি কোন চাকুরি পায় তো ভাল কথা, নয় তো নিজেই একটা ডিস্পেনসারী খুলতে পারে। তাহলেই তো ডাক্তারের বেকারত্ব থাকতে পারে না। এইসব দিকে দৃষ্টি না দিয়ে উনি গভর্নমেন্টের গোটা স্কীমকে উড়িয়ে দেবার চেষ্টা করেছেন। এদিক থেকে বিচার করলে বলতে হয়, উনি যা বলেছেন, তা কোন মতেই সত্য নয়। ডাক্তার বসু এবং ডাঃ মুখার্জী শেষের দিক থেকে তাঁদের বক্তব্য শুরু করেছিলেন। আমিও শেষের দিক থেকে আমার বক্তব্য আরম্ভ করতে চাই। ডাক্তার বসুর বক্তব্য শুনে খুব সহজ বলে মনে হয় নি। তিনি বিজ্ঞানের কথা তুলে বলেছেন। তাতে আমার মনে হয়েছে তিনি যেন লারকিং সাসপিসিয়ান খুঁজে পেয়েছেন, তার জন্য প্রকারান্তরে ঐ কথাগুলি বলে গেছেন। যেটা বর্তমানে আছে, সেটা হচ্ছে ইনডিজিনাস সিষ্টেম অফ মেডিসিন, যেটা ভারত সরকারের প্রোগ্রাম—তার মধ্যে ডেভেলপমেন্ট অফ ইনডিজিনাস সিষ্টেম অফ মেডিসিন আছে। তাতে আয়ুর্বেদ, ইউনানী, হোমিওপ্যাথি এবং নেচার কোর্স'ও আছে।

আমি ডাঃ মুখার্জীকে ধন্যবাদ জানাই এইজন্যই যে, বৈজ্ঞানিক কিনা আমি জানি না, তবে বৈজ্ঞানিক হোক বা অবৈজ্ঞানিক হোক আমরা বুঝি এই ট্রান্সিশনাল অবস্থার ভেতরে আমাদের সমাজে সিষ্টেম অফ মেডিসিনের যে-কোন কারণেই হোক প্রয়োজন বা দরকার আছে এবং তিনি সেটা করার চেষ্টা করছেন। সেইদিক থেকে এইগুলি অবৈজ্ঞানিক বলে টোটালি রিজেক্ট না করা হয়েছে, নিশ্চয় এতে সমাজের কোন উপকার হতে পারে বলে। আমাদের রাজ্য সরকার এবং বামফ্রন্ট সরকার এই ইনডিজিনাস সিষ্টেম অফ মেডিসিনের যথাযোগ্য গুরুত্ব যতটুকু

দওয়া দরকার ততটুকু গুরুত্ব দিয়েছেন। এরই মধ্যে আয়ুর্বেদিক ডিসপেনসারি খোলা হয়ে গেছে। ১৬৬টি আয়ুর্বেদিক ডিসপেনসারি অলরেডি খোলা হয়েছে, হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতির ক্ষেত্রে দেখা যাচ্ছে ১৮৫টি ডিসপেনসারি খোলা হয়েছে এবং চিকিৎসা অধিকর্তা পি. এইচ. ই. ১৫জন লোককে নিয়োগ করা হয়েছে, গ্রাম পঞ্চায়েতের আওতায় হোমিওপ্যাথিক ডিসপেনসারি ১৯৫টি খোলা হয়ে গেছে এবং ১৮৫টি খোলার চেষ্টা করা হচ্ছে। ইউনানী সম্পর্কে বিস্তারিতভাবে বলছি না, কারণ এটা সবে শুরু হয়েছে। আসল কথা ডাক্তার মুখার্জী এই বিষয়ে জানবেন। নচার কিওরের ক্ষেত্রে এটা ইনডিজিনাস সিষ্টেম অব মেডিসিনের মধ্যে পড়ে, সুতরাং সেটা সম্বন্ধে পরীক্ষা-নিরীক্ষা হওয়া উচিত বলে আমি মনে করি। এই কথা আমি শুরুতেই বলেছি। এইবার ডাঃ মুখার্জীর প্রথম লাইনের হেডিংটি তুলে ধরছি— মহাশয় আমরা বিশ্বাস করি, রোগ সারানোর চেয়ে রোগ যাতে না হয় সেদিকে নজর দেওয়াটাই বেশি জরুরী। হিয়ার ইজ দি পলিশি, তা না হলে কি হবে? গোটা দেশটা হাসপাতালে ভর্তি হয়ে যাবে এবং গোটা দেশের সকলে যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে কে কাকে সামলাবে এবং কতগুলি হাসপাতাল তাহলে আপনারা গড়ে তুলবেন? তাতে কত লোক ভর্তি করবেন? কয়েকজন ডাক্তার— বিরোধীদলের তিনজন ডাক্তার সদস্য এই আলোচনায় অংশগ্রহণ করলেন। আমরা তাঁদের কাছ থেকে আশা করেছিলাম যে, তাঁরা ধীরস্থির ভাবে মূল সমস্যাটি কি সেটা তুলে ধরার চেষ্টা করবেন, কিন্তু তা তুলে ধরার চেষ্টা করেন নি। যদিও আমি এই ব্যাপারে আই এ্যাম এ লে ম্যান, তবুও আমি বিনীতভাবে তাঁদের কাছে অনুরোধ রাখছি, আপনারা চিন্তা করে দেখুন কোন্ জায়গায় আসল পলিশি কিভাবে ডিটারমিণ্ড হওয়া উচিত, কিন্তু হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কনষ্টিটিউশানের পার্ট ফোরের ডিরেকটিভ প্রিন্সিপলস্ অফ ষ্টেট পলিশি, দি ষ্টেট গভর্নমেন্টস্ পলিশির হেডিংটি দয়া করা দেখুন। আর্টিকেল ৪৭-এর কি বলা হয়েছে? সেখানে আর্টিকেল ৪৭-এর হেডিংয়ে বলা হয়েছে: Duty of the State to raise the level of nutrition and the standard of living and to improve Public Health. তারপরে আর্টিকেল ৪৭-এ বলা হয়েছে, এটা হেডিংয়ের পরে বলা হয়েছে: The state shall regard the raising of the level of nutrition and the standard of living of its peoples and the improvement of Public Health as among its primary duties.... তাহলে কি দাঁড়ালো? এখানে দাঁড়াচ্ছে এই লেভেল অফ নিউট্রিশান এবং ষ্ট্যাণ্ডার্ড অফ লিভিংয়ের সঙ্গে পাবলিক হেল্থ অঙ্গাঙ্গিভাবে জড়িত। অতএব কোন

জায়গায় লেভেল অফ নিউট্রিশান যদি রেজ করতে পারে এবং ষ্ট্যাণ্ডার্ড অফ লিভিং যদি রেজ করতে না পারে তাহলে পাবলিক হেল্‌থের কোন উন্নতি করা যাবে না এবং এটার উন্নতি করা কঠিন হয়ে পড়বে। অতএব এই দিক থেকে বিবেচনা করলে এই বিষয়ে চিন্তা করতে হবে। সুতরাং এই তো আমাদের দেশের অবস্থা। এর মধ্যে স্বাস্থ্যের উন্নতি করা কি করে সম্ভব?

[6.20—6.30 P. M.]

লেভেল অফ নিউট্রিশান, ষ্ট্যাণ্ডার্ড অফ লিভিং ৩৬ বছরে কোথায় এসেছে সে জায়গায় নজর দিলেন না। সেখানে দেখা যাচ্ছে ওঁরা ডাক্তার—বলতে পারেন ক্যালরি বলে একটা কথা আছে। ৭০ কোটি ভারতবাসীর যে ক্যালরির প্রয়োজন প্রত্যেকটি মানুষ কি তা পায়? পুরুষ যদি হয় তাহলে ২৪ থেকে ৩৬ ক্যালরি, যেটা ১২০ পাউণ্ড ওজন ধরা হয়েছে। স্ত্রীলোকের ক্ষেত্রে ১০০ পাউণ্ডে ধরা হয়েছে ২১০০ ক্যালরি এবং শিশুদের ক্ষেত্রে ১ থেকে ১২ বছর পর্যন্ত ১০০ থেকে ১ হাজার, ১২ বছর থেকে ২১ বছর পর্যন্ত ২৪০০ ক্যালরির প্রয়োজন হয়। বলতে পারেন কত ক্যালরির ইনটেক? একটা বৈজ্ঞানিক ভিত্তিতে সমস্যার আলোচনা করবেন। তা না করে সামান্য ঘটনা, যার কোন দাম নেই রিলেটিভলি স্পিকিং সেইসব ঘটনা নিয়ে এখানে হুল্লোড় করা হয়েছে, তাঁদের নাম দিয়ে খবরের কাগজে এসব খবর বের হবে। সেই নামের মোহে ডুবে গিয়ে মূল সমস্যা দেখছেন না। এসব কথা চিন্তা করুন। ডাঃ হৈমী বসু বলুন তো ব্যালান্স ডায়েটের ক্ষেত্রে প্রত্যেকটি মানুষ কি ১০০ আউন্স দুধ, ৩ আউন্স মাছ, মাংস, ডিম একটা করে পায়? এই ৩টি আইটেম ৭০ কোটি লোকের ক'জন এগুলি ডায়েট হিসেবে পায়? এই যে পলিটিক্যাল এক্সপেরিমেন্ট চলছে তাতে ক'জন শিশু, বৃদ্ধকে আমরা তা দিতে পেরেছি? একথা স্বীকার করা উচিত এবং পারি নি বলেই সমস্যা। এর ফলে কি হয়েছে? ডঃ অমর্ত্য সেন যিনি আমাদের দেশের একজন বিখ্যাত অর্থনীতিবিদ, তাঁর একটা লেখা পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন: লেভেল অফ নিউট্রিশান এবং ষ্ট্যাণ্ডার্ড অফ লিভিং দুটো বড় জিনিস এবং এই দুটোকে আগে ধরতে হবে। The more you fail there the more you will fail here···এটার ব্যত্যয় হবার উপায় নেই। তিনি তাঁর সাম্প্রতিক একটা বক্তৃতায় সিগ-নিফিক্যাণ্টলি বলেছেন: Though India could be more or less bracket-ed with China and Srilanka in terms of per capita real income the average life expentancy of 52 years in India still came nowhere

near that of 69 years achieved by those two countries. আমাদের পার ক্যাপিটা ইনকাম দু' পয়সা কমেছে, না বেড়েছে? লাইফ এক্সপেক্টেশান কত? শ্রীলঙ্কায় ৬৯ বছর লাইফ এক্সপেক্টেশান, আর আমাদের এখানে গড়ে ৫২ বছর। কিন্তু এদিকে নজর নেই। আমরা বলছি সেলফ সাফিসিয়েন্সি ইন ফুড এ্যাচিভড। গ্রিন রেভোলিউশান, হোয়াইট রেভোলিউশান হয়েছে। কিন্তু ব্যালান্স ডায়েট কতজনকে আমরা দিতে পেরেছি? কতজন শিশুকে দিতে পেরেছি? আপনাদের হোয়াইট, গ্রীন রেভোলিউশান কমপ্লিটেড। ফল কি হয়েছে। অমর্ত্য সেন বলেছেন:
The claim of India's attainment of so-called self-sufficiency in food held ground as long as a third of the country's population went hungry. By remaining persistently hungry, these people did not allow the creation of scarcity conditions in the market. Food in India was rationed by poverty.

এই তো লেভেল অব নিউট্রিশান, দিস ইজ দি ষ্ট্যাণ্ডার্ড অব লিভিং, যেটা আমাদের দেশের একটা অকাট্য সত্য, সেটাকে কেউ অস্বীকার করতে পারে না। এর ফল এটাই হয়েছে যে, এত বেশী যক্ষ্মা পৃথিবীর আর কোথাও নেই। খেতে যারা পায় না, ওয়ান থার্ড পিপল্ খেতে পায় না, সেখানে সেল্ফ সাফিসিয়েন্সি ইন ফুড এটা কনট্রাডিকশান ইন টার্মস, এই জায়গায় দেশ এবং সেখানে যা হয় তাই হয়েছে, পুষ্টির অভাবে ৯০ লক্ষ টি. বি. কেস। শুনেছেন কেউ কোথাও এটা? ফলে ৫ লক্ষ বছরে মারা যাচ্ছে। দ্বিতীয়তঃ আসুন কুষ্ঠ, ৩২ লক্ষ কেস। তৃতীয়তঃ আসুন ক্যান্সার, প্রত্যেক বছর ৪ লক্ষ ২৫ হাজার লোক মারা যাচ্ছে। এগুলি গভর্নমেন্ট ষ্ট্যাটিসটিক্স, এগুলি আমার বানানো ষ্ট্যাটিসটিক্স নয়। সুতরাং আজকে লেভেল অব নিউট্রিশান, ষ্ট্যাণ্ডার্ড অব লিভিং-এর প্রশ্নে আমরা কি ভয়াবহ একটা জায়গায় দাঁড়িয়ে আছি সেটা চিন্তা করতে হবে। আমি অন্যান্য পয়েন্টের ভেতরে যাচ্ছি না। জন্ম হারের অবস্থা কি, সাধারণভাবে মৃত্যু হারের অবস্থা কি, শিশু মৃত্যু হারের অবস্থা কি, সব মিলিয়ে আমরা দেখছি অন্যান্য দেশের তুলনায় আমাদের দেশ মার্ক টাইম একটা জায়গায় দাঁড়িয়ে, আসলে অগ্রগতি কিছু হয় নি। কনষ্টিটিউশানে ডাইরেকটিভ প্রিন্সিপাল অব ষ্টেট পলিশিজ—ষ্টেট গভর্নমেন্ট পলিশি নয়, ষ্টেট মানেটা এখানে পরিষ্কারভাবে বুঝে নেওয়া উচিত, তাঁদের যেটা প্রাইমারী পলিশি হিসাবে নেওয়া উচিত কিন্তু নেন নি, অন্যান্য ক্ষেত্রে দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের সমস্ত ক্ষমতা কুক্ষিগত করবার একটা প্রচেষ্টা, অদ্ভুত ব্যাপার এই হেল্থ এবং পাবলিক হেল্থের ক্ষেত্রে—দেখা যাচ্ছে পাওয়ার নিতে চাচ্ছেন না, এতবড় একটা দায়িত্ব ষ্টেটের ঘাড়ে দেওয়া হয়েছে, প্রাইমারী ডিউটি অব দি ষ্টেট, সেই দায়িত্ব তাঁরা পালন

করছেন না। তাহলে কে দেখবে দেশটাকে? খালি রাজ্য সরকারের ঘাড়ে দায়িত্ব, সমস্যার বোঝা চাপিয়ে দিয়ে ওখানে তাঁরা বসে থাকবেন, এটা কি হতে পারে? আজকে আমরা দেখতে পাচ্ছি সমস্ত পাবলিক হেল্‌থের হেল্‌থ প্রবলেমের দু'-একটা তাঁরা নিজেদের হাতে রেখেছেন, ইউনিয়ন লিষ্টে আছে, আর ষ্টেটের ঘাড়ে আসলটা চাপিয়েছেন। ষ্টেট লিষ্ট, লিষ্ট ২, আইটেম নং ৬ হচ্ছে পাবলিক হেল্‌থ এণ্ড স্যানিটেশান, অবশ্য হসপিটালস এণ্ড ডিসপেনসারিজ ওঁদের হাতেও আছে, ডাইরেক্টলি সেনট্রাল গভর্নমেণ্ট ম্যানেজ করছেন—এই রকম কিছু আছে, কিন্তু বেশীর ভাগ হাসপাতাল এবং ডিসপেনসারিজ রাজ্য সরকারের আওতার মধ্যে। তাছাড়া বহু গুরুত্বপূর্ণ বিষয় কংকারেণ্ট লিষ্টে ফেলে দেওয়া হয়েছে, তার মানে ভাগের মা গঙ্গা পায় না, রাজ্য সরকারের ক্ষমতা নেই, আর কেন্দ্রীয় সরকারের কাজ হচ্ছে এ্যাডভাইস করা এবং বিভিন্ন রাজ্য সরকারের সঙ্গে কো-অর্ডিনেশান বজায় রাখা, মাঝে মাঝে দিল্লীতে বৈঠক করা, কনফারেন্স করা, কাউন্সিল করা—এইসব, কিন্তু কাজের কাজ কিছু নেই। কোথা থেকে হবে কাজের কাজ? বাজেটে ফার্ষ্ট প্ল্যানে আমাদের টোটাল ইনভেষ্টমেণ্ট ছিল ১ হাজার ৯৬০ কোটি টাকা, সেখানে হেল্‌থ আউট লে ছিল ৬৫ কোটি টাকা, তার মানে হচ্ছে টোটাল বাজেটের ৩·৩০ ভাগ হেল্‌থকে দেওয়া হল। তার সিক্সথ্‌ প্ল্যানে কি অবস্থা হল—সিক্সথ প্ল্যানে টোটাল আউট লে হচ্ছে ৯৭ হাজার ৫শো কোটি টাকা।

[6.30—6.40 P. M.]

তার মধ্যে হেল্‌থে দেওয়া হয়েছে ১৮২১·০৫ কোটি টাকা—অর্থাৎ তার পারসেণ্টেজ কি হোল? টোটাল ইনভেষ্টমেণ্টের ১·৮৬%। অর্থাৎ প্রথম পাঁচ শালায় ছিল ৩·৩০—সেটা নেমে হোল ১·৮৬। এইজন্য মূল দায়িত্ব চাপিয়ে দেওয়া হোল রাজ্য সরকারের ঘাড়ে Public Health and Sanitation of hospitals and dispensaries. বাদ বাকী সব চলে গেল কংকারেণ্ট লিষ্টে। list III. item No. 15 vagrancy, item 16—Lunacy and mental deficiency, item 18—adulteration of food stuffs, item 19—drugs and poisons, item 20-A—population control and family planning, item 23—social security, item 25—medical education, item No. 26—medical profession, item 30—vital statistics—সমস্তগুলি কংকারেণ্ট লিষ্টে। এই অবস্থাতে কি হয়েছে? ডাক্তার নার্স এর সব কিউরেটিভ দিক কি করে দেখবে?

এই যেখানে অবস্থা সেই অবস্থায় কিউরেটিভে কি করে যেতে পারে? হাসপাতাল বা হেল্থ সেন্টার তৈরী করতে ইনফ্রাসট্রাকচার দরকার—ডাক্তার, নার্স, জি. ডি. এ, আয়া, অন্যান্য কর্মচারী প্রয়োজন। সেদিক থেকে কিউরেটিভই বলুন, আর প্রিভেন-টিভ দিকেই বলুন সম্পূর্ণভাবে আনকেয়ার্ড ফর—আজকে কোন ব্যবস্থাই করতে পারেন নি। আবার অতিরিক্ত খেলে আপনার কি অবস্থা হবে বুঝতে পারছেন। আজকে গোটা দেশ হাসপাতালে পরিণত হয়েছে। গোটা দেশের লোক কেউ না কেউ একটা না একটা রোগে ভুগছে। এখানে আপনি কি করে ট্যাকল করবেন? এই জন্য হাসপাতালে প্রেসার পড়ছে—এগুলি অপারেট কি করে করবেন—এই হচ্ছে টেনশন—এটাই বাস্তব অবস্থা। এদিক থেকে যদি সুরাহা করতে চান তাহলে এ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা আরও উন্নত হওয়া দরকার। কোথায় একটা পার্টিকুলার কেস বিধানসভায় পার্টি কালার দিয়ে হল, কোথায় একটা ট্রান্সফার ব্যাপার নিয়ে হামলা—এসব সাংগঠনিক ব্যাপার, এ দিয়ে কিছু হবে না। কোন মৌলিক আলোচনা ঠাণ্ডা মাথায় যদি না হয় তাহলে আপনাদের মত বিরোধী দল দিয়ে আমাদের কি হবে? আপনারা যখন ৩৫ বছর গদিতে ছিলেন—তখন আপনাদের এই রকম মনোভাব ছিল বলে সেই রকম কিছু উন্নতি করতে পারেন নি। আর আপনারা বিরোধী দল হিসাবে আমাদের সাহায্য করবেন, এ আশা আমরা কখনই করতে পারি না। আপনারা বিন্দুমাত্র সাহায্য করতে পারবেন না। এই হেল্থ প্রবলেমে আপনারা সম্পূর্ণ ফেলিওর হয়েছেন—যেহেতু আপনাদের লুকওয়াম পলেশি—কোন ডাইরেকটিভ পলেশি আপনাদের ছিল না।—কতটা দায়িত্ব আপনারা পালন করেছেন? ভাবতে পারা যায় না সারা ভারতবর্ষে আমাদের রেজিষ্টার্ড ডাক্তারের সংখ্যা ১৯৭৮-৭৯ সালে ছিল ১,৭২,০০০। ইউ. কে.-র কথা ছেড়ে দিলাম, যে-কোন ছোট দেশ দেখুন—চেকোশ্লোভাকিয়ায় যেখানে দেড় কোটি লোক সংখ্যা, সেখানে ১৭,৫৩৯ বেডের সংখ্যা, জি. ডি. আর.-এ বেড সংখ্যা ১,৭১,৮৯৫, ফেডারেল রিপাবলিক অব জার্মানী ছোট দেশ, সেখানে বেডের সংখ্যা হচ্ছে ৭,১২,০৫৫। আর ভারতবর্ষের অবস্থা কি? পশ্চিমবাংলার অবস্থা কি বলবো, গোটা ভারতবর্ষের অবস্থা আজকে কি? কাজেই এইসব হাসপাতালগুলোতে কত লোকের চিকিৎসা হতে পারে? এই যে পভার্টি স্ট্রিকন্ পিপল্, তিন ভাগের এক ভাগ লোক খেতে পাচ্ছে না, নিউট্রিশান নেই, ফুড নেই, এই অবস্থায় এত রোগীর ভার বহন করার সাধ্য আজকে নেই। যেটুকু ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করা সম্ভব ছিল, কেন্দ্রীয় সরকারের এই দু'মুখো নীতির জন্য, ধরি মাছ না ছুঁই পানি, শুধু এ্যাডভাইস দেবার রোল নিয়ে তাঁরা দিল্লীতে বসে আছেন, কাজের কাজ তাঁরা কিছু

করছেন না। এটাই তাঁদের প্রাইমারী রেসপন্সিবিলিটি বলে গ্রহণ করা উচিত ছিল। কিন্তু তা তাঁরা করেন নি। সেইজন্য আমরা এখানেও কিছু করতে পারছি না। আর একটা কথা বলে আমি শেষ করছি, আগে আমি ইনডিজিনাস সিষ্টেমের কথা বলেছি, ৩ লক্ষ ৭ হাজার রেজিষ্টার্ড প্রাকটিশনার আছেন সারা ভারতবর্ষে—এঁরা একটা 'দাভে' কমিটি করেছিলেন, কেন বসান এত কমিশন, কেন এত কমিটি বসান, যেগুলোর একটা রেকমেণ্ডেশনও কার্যকরী করা হয় না? যদি করা হতো —কারণ টাকা লাগবে। কার্যকরী করার অর্থ এই নয়—লিখে দিলাম কাগজে, তা তো নয়। কার্যকরী করার মানে হচ্ছে, তার সঙ্গে সঙ্গে দায়িত্ব নিতে হবে, রেসপন্সিবিলিটিজ আসবে ঘাড়ে এবং টাকা খরচ করতে হবে। 'দাভে' কমিটির রিপোর্টে অনেক রেকমেণ্ডেশন আছে, সেই ইনডিজিনাস সিষ্টেম অব মেডিসিন সম্পর্কে করা হয়েছিল। একটা রেকমেণ্ডেশন আজ পর্যন্ত কার্যকরী করা হয় নি। অন্যান্য কমিটির কথা বলছি না, কমিশনের কথা বলছি না, অনেক আছে, যেখানে তাঁরা আদৌ কোনরকম কনসার্ন দেখান নি এবং এইসব কারণে আজকে আমাদের যে অবস্থা হয়েছে, সেই অবস্থায় হাসপাতালগুলোতে নানা রকম সমস্যা দেখা দিচ্ছে, যে সমস্যার সুরাহা হবে কি হবে না—এই নিয়ে আমাদের মধ্যে অনেক রকম সন্দেহ দেখা দিচ্ছে, এটা স্বাভাবিক, কিন্তু এই কথাটা আমি শেষবারের মত বলে যেতে চাই মাননীয় বিরোধী দলের, বিশেষ করে ডাক্তার সদস্যদের কমপ্রিহেনসিভ কোন আউট লুক আমাদের হয়তো নেই, আমরা তো ডাক্তার নই, কিন্তু আপনারা তো পাশ করে এসেছেন, আপনারা কোথায় এখানে কমপ্রিহেনসিভ আউট লুকের পরিচয় রাখলেন? কেউ বললেন না তো যে, Level of nutrition, standard of living, basic questions. সেই কোশ্চেনের সলিউশন যদি না হয়, এখনই কি হয়েছে, সেই সব হাসপাতাল আস্তাবলে পরিণত হবে। কারণ সেই টাকা নেই এবং দেখতে পাচ্ছি ফাস্ট প্ল্যানে যে বেশিও টাকা বরাদ্দ করা হয়েছিল, সিক্সথ প্ল্যানে টাকা তার থেকে কিভাবে কমিয়ে নেওয়া হয়েছে এবং এই যে টাকা বাড়বে এই ভরসা কি আপনাদের আছে, মাননীয় হৈমী বোসকে জিজ্ঞাসা করি? আপনারা কি ভরসা করেন যে, কেন্দ্রীয় সরকার আমাদের অনেক টাকা দেবেন, সারা দেশের জন্য বহু টাকা দেবেন? যদি সেই আশা নিয়ে বসে থাকেন তাহলে সেটা দুরাশায় পরিণত হবে। আজকে যদি এই সমস্যার সমাধান করতে চান, কোথায় কোন্ ডাক্তারকে বদলি করা হলো, কোথায় কোন্ নার্সকে কি করা হয়েছে, কোথায় কোন্ জীবনদায়ী ওষুধের জন্য কি হলো বা কোথায় কোন লোক পড়ে মারা গেল, যেখানে দিনের পর দিন নিত্যনৈমিত্তিক তিলে তিলে

মানুষ মরছে, আমাদের চোখে পড়ছে না, কৈ সেইগুলো তো ছাপা হয় না খবরের কাগজে? মরছে না, যাদের নিউট্রিশান নেই, যাদের ফুড নেই, তাদের সমস্যার সমাধান করাটার উপর নির্ভর করছে পাবলিক হেল্থ সিষ্টেম। আমরা ঠিক জায়গায় দাঁড় করাতে পারবো কি পারবো না, সেদিকে চূড়ান্ত ব্যর্থতা ৩৬ বছরে আমাদের একটা জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছে। এটা হঠাৎ করে এই জায়গায় এসে দাঁড়ায় নি। এই কথাটা ভুলবেন না, তাহলে যদি সমস্যার সমাধানটা বার করতে পারেন, এই কথা বলে ডাঃ মুখার্জী যে ব্যয়বরাদ্দ দাবী পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6.40—6 50 P.M.]

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অম্বরীশ মুখার্জী মহাশয় আজকে যে স্বাস্থ্য বাজেট পেশ করেছেন সেই বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে এই সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় অমল রায় মহাশয় তাঁর বক্তব্য রাখতে গিয়ে তিনি ম্যালনিউট্রিশান, ষ্ট্যাণ্ডার্ড অব লিভিং ইত্যাদি কথাগুলি উল্লেখ করেছেন। ক্যালরি টেকের অভাব আছে, এটা সত্য কথা। এইদিক থেকে কেন্দ্রের যে একটা বিরাট দায়িত্ব আছে, সেটা তাঁরা পালন করছেন না। সেই বিষয়ে নিশ্চয় সমালোচনার অবকাশ রাখে এবং সাথে সাথে এই কথাও সত্য যে, ষ্ট্যাণ্ডার্ড অব লিভিং, ক্যালরির অভাব ইত্যাদি এইসব সমস্যাগুলিকে কেন্দ্র যেমন অত্যন্ত গভীরতর করেছে, তেমনি রাজ্য সরকারও এই সমস্যাকে আরো সমস্যাসঙ্কুল করে তুলেছে তাদের বিভিন্ন নীতির মধ্য দিয়ে। এটা নিশ্চয় অস্বীকার করার উপায় নেই। তাদের দুগ্ধ প্রকল্প, রেশন ব্যবস্থার মধ্য দিয়ে এই সমস্যাকে আরো সমস্যাসঙ্কুল করে তুলেছে। কেন্দ্রের এই দায়-দায়িত্ব, ত্রুটিকে এরা আরো ব্যাপক করে তুলেছে। তবে এই কথা ঠিক যে, স্বাস্থ্য দিনের পর দিন ভেঙ্গে পড়ছে এই অর্থনৈতিক কাঠামোর মধ্যে। কিন্তু তা সত্ত্বেও যে অবস্থা ছিল পশ্চিম বাংলার এই স্বাস্থ্য দপ্তরের সেটাকে রক্ষা করে অন্ততঃ খানিকটা উন্নত করা, বিরাট কিছু না হলেও—এটা পশ্চিম বাংলার মানুষ নিশ্চয় এই বামফ্রণ্ট সরকারের কাছ থেকে আশা করে। কিন্তু বাস্তব অবস্থাটা কি, এটা অস্বীকার করা যায়? এ কথা ঠিক যে, গ্রাম বাংলায় চিকিৎসার ব্যবস্থা কোনদিনও ভাল ছিল না। কিন্তু এটা অন্ততঃ আমরা গর্বের সঙ্গে বলতে পারতাম যে, কলকাতা মহানগরী সারা ভারতবর্ষের মধ্যে আধুনিক চিকিৎসার ক্ষেত্রে শ্রেষ্ঠ স্থান অধিকার করেছিল এবং ভারতবর্ষের বিভিন্ন এলাকার মানুষ এই চিকিৎসার জন্য কলকাতা

শহরে আসতেন, এই কথা অস্বীকার করার উপায় নেই। কিন্তু আজকের চিত্র কি? আজকে কলকাতা শহরের চিকিৎসার সঙ্গে দিল্লী, মাদ্রাজ, ভেলোর, বম্বে শহরের চিকিৎসার তুলনা করলে দেখা যাবে আধুনিক চিকিৎসার দিক থেকে কলকাতা অনেক পিছিয়ে আছে। এখানে চিকিৎসক নেই, এই কথা আমি বলছি না। কিন্তু চিকিৎসার সাজ-সরঞ্জামের অভাব রয়েছে—এই রকম একটা জায়গায় নিয়ে গেছেন। অর্থাৎ গ্রামের স্বাস্থ্য ব্যবস্থা কোনদিনই ছিল না, আর শহরে যেটুকু ছিল সেটাও ভেঙ্গে পড়েছে। কংগ্রেস আমলে সর্বনাশ করে গেছে, আর আপনারাও কোন উন্নতি করতে পারেন নি, অবস্থা বরং আরো খারাপের দিকে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী একটি বিবৃতি দিয়েছেন। নীলরতন সরকার হসপিটালে লাইফ সেভিং ড্রাগের অভাব দেখা দিয়েছে, এই সম্পর্কে আমরা হাউসে চীৎকার চেঁচামেচি করেছিলাম, উনি সেটা স্বীকার করতে চান নি। উনি বলেছেন, সারা ভারতবর্ষে অভাব রয়েছে, অতএব নীলরতনেও থাকবে। কিন্তু তাই বলে হাসপাতাল বন্ধ করার মত পরিস্থিতি সেখানে হয় নি। কে বন্ধ করল, সেই বিতর্কের মধ্যে আমি যাচ্ছি না। একদল বলছে যারা আন্দোলন করছিল তারা করেছে, আবার অন্য একদল বলছে কর্তৃপক্ষ করেছে। এটা কি ফ্যাক্ট—লাইফ সেভিং ড্রাগের অভাব ছিল? মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই, এটাই কি ঘটনা? নীলরতন সরকার হাসপাতালে গত শুক্রবার দিন মেদিনীপুরের গ্রামাঞ্চলের একটি বাচ্চা ছেলে সাপের কামড় খেয়ে এসেছিল। এই কলকাতা শহরের বুকের উপর এ্যান্টি-ভেনমের অভাবে ১০॥ ঘণ্টা থাকার পরে সে বিনা চিকিৎসায় মারা গেল। এটাই কি ঘটনা? এই হচ্ছে পশ্চিম বাংলার বাস্তব চিত্র। কলকাতার হাসপাতালগুলির বাস্তব চিত্র। শুধু আজ নয়, গত ১ বছর ধরে এই লাইফ সেভিং ড্রাগের অভাব সম্পর্কে আমরা হাউসে বিভিন্ন সময়ে বার বার বলে এসেছি। স্যার, শুধু নীলরতন সরকার হাসপাতাল নয়, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালের অবস্থাটাও আপনি ভাল করে জানেন। সেখানে এ্যানাসথেসিষ্ট নেই। একজন ডিগ্রিধারী এ্যানাসথেটিক সেখানে নেই, এই হচ্ছে অসুবিধা। একজন এম. বি. বি. এস. ডাক্তারকে দিয়ে সেখানে কাজ চালানো হচ্ছে। গত ৮ই মার্চ থেকে সেখানে এমারজেন্সী অপারেশান বন্ধ। সেখানকার অপারেশান থিয়েটারের অবস্থা জরাজীর্ণ এবং তার মেশিনগুলির অবস্থাও জরাজীর্ণ। সেখানে গ্যাস লিক করছে, ফলে কোন এ্যানাসথেটিক ভরসা পান না সেখানে কাজ করতে। এর ফলে সেখানে কোন ডিগ্রিধারী এ্যানাসথেটিক আসছেন না। স্যার, এই হাসপাতালে কোন এ্যাম্বুলেন্স নেই। ১॥ বছর ধরে একটি এ্যাম্বুলেন্সের গাড়ীর চাকা খারাপ হয়ে

পড়ে আছে এবং সেজন্য চিঠিচাপাটিও চলছে, কিন্তু কোন ব্যবস্থা হয় নি। তারপর জীবনদায়ী ওষুধ রক্ষণাবেক্ষণের জন্য সেখানে ১১টি রেফ্রিজারেটার আছে, কিন্তু সেই ১১টির মধ্যে ১০টিই খারাপ বা অকেজো হয়ে পড়ে আছে। সেখানে একটি পোর্টেবল এক্স-রে মেশিন আছে। এটা নামে মাত্র পোর্টেবল, কারণ একটু টানাটানি করলেই বা নড়ালেই তাতে আর এক্স-রে হয় না। স্যার, সাধারণভাবে হাসপাতাল লোড শেডিং-এর আওতার বাইরে, কিন্তু এই হাসপাতালটি লোড শেডিং-এর আওতার মধ্যে। পিক আওয়ার্স যেটা সকাল ৯টা থেকে ১২টা, সেই সময় এখানে লোড শেডিং হয়। হাসপাতালের যদি এই অবস্থা হয় তাহলে সেগুলি কি রকম চলছে সেটা নিশ্চয় বুঝতে পারছেন। তারপর স্যার, কলকাতার হাসপাতাল-গুলিতে প্রশাসনের অপদার্থতা, তাদের দুর্নীতি এবং একটা অর্থে কায়েমী স্বার্থের প্রভাবের ফলে সেখানে কোটি কোটি টাকার যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে নিজেও ওয়াকিবহাল আছেন। একমাত্র এস. এস. কে. এম. হাসপাতালেই এককোটি টাকার যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। ২১শে জানুয়ারী আপনি নিজে সরকারী ডাক্তারদের প্রতিনিধিদের ডেকে এ ব্যাপারে টেকনিক্যাল কমিটি করার কথা বলেছেন। যন্ত্রপাতি যে সেখানে নষ্ট হচ্ছে সে স্বীকারোক্তি আপনার রয়েছে। মেডিকেল কলেজে ১৮টি ই. সি. জি. মেশিন আছে। ডাক্তারদের অভিযোগ অনেক সময় এক সংগে ১৮টি মেশিনই অকেজো হয়ে পড়ে। এই যদি অবস্থাটা হয় তাহলে চিকিৎসাটা কোন্ পর্যায়ে চলে গিয়েছে বুঝতেই পারছেন। বি. সি. রায় চিলড্রেন হসপিটাল, এখানে একটাও ইনকিউবেটার কাজ করছে না, ফলে আগাম প্রসবের কেসগুলি তারা নিতে পারছে না। তা ছাড়া স্যার, সারা রাজ্যে বিভিন্ন যে হাসপাতাল আছে সেখানে যে-সব কৃত্রিম শ্বাসযন্ত্র আছে তার সংখ্যা হচ্ছে ২০/২১টি, এর মধ্যে কমপক্ষে ১৫টি অকেজো হয়ে পড়ে আছে। তারপর হাসপাতালে যে রক্ত কষ্ট করে রাখা হয় সেটা এতই ত্রুটিপূর্ণ ব্যবস্থার মধ্যে রাখা হয় যে, সেই রক্ত ব্যবহার করলে রোগীর সমূহ ক্ষতি হতে পারে। তারপর স্যার, এক্স-রে মেশিন নিয়ে দু' নাম্বার কারবার অনেক ক্ষেত্রে চলেছে এবং সেখানে দুর্নীতি চলেছে। অনেক সময় কর্মচারীরাই মেশিন খারাপ করে দিয়ে বাইরের প্রাইভেট সংস্থা থেকে এক্স-রে করাবার জন্য লোকদের পাঠাচ্ছেন। বহু জায়গায় দেখাশোনার অভাবে মেশিনপত্র খারাপ হচ্ছে, আবার বহু জায়গায় দুর্নীতির জন্য এই সব মেশিন খারাপ করে রাখা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন যে, ড্রাগ ক্রাইসিস যেটা বলা হচ্ছে সেখানে অনেক ক্ষেত্রে কৃত্রিম অভাব সৃষ্টি করা হচ্ছে। এ ক্ষেত্রে আমার কথা হল, এটা দেখার দায়িত্ব তো প্রশাসনের। সেখান

থেকে যদি ওষুধ চুরি যায় তাহলে সেটা তো তাঁরাই দেখবেন। জনসাধারণের অর্থ এখানে খরচ হচ্ছে, এক্ষেত্রে সরকারের দায়িত্বের কথা কি আপনারা অস্বীকার করতে পারেন ?

[6.50—7.00 P. M.]

আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে, নার্সদের সম্পর্কে। ডাক্তারদের কথা অনেকে বলেছে, আমি সেই কথা আর রিপিট করবো না। কিন্তু একথা বলতে চাই যে, চিকিৎসার সঙ্গে অত্যন্ত প্রয়োজন হচ্ছে নার্স। আপনি জানেন যে, প্রয়োজনের তুলনায় নার্সের সংখ্যা খুবই কম এবং নার্সদের মধ্যে আবার আর একটা সমস্যা আছে। আমরা দেখেছি যে বিভিন্ন হাসপাতালে যে-সব ট্রেনী নার্স আছে, তারা দুরবস্থার মধ্যে রয়েছে। আমি সেই ট্রেনী নার্সদের দুরবস্থা সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, ট্রেনী নার্সদের স্টাফ নার্সদের মত হাসপাতালে ডিউটি দিতে হয়। তাদের অস্বাভাবিক ভাবে পরিশ্রম করতে হয়। তাদের নাইট ডিউটি দিতে হয় এবং এর সঙ্গে পড়াশোনা আছে, ক্লাশ করা ইত্যাদি নানা সমস্যা আছে। অথচ এদের মান্ধাতার আমলের সেই ২০০ টাকা মাত্র পারিশ্রমিক দেওয়া হয় এবং তাদের খাওয়া-দাওয়ার যে ব্যবস্থা আছে তাতে তাদের পেট ভরে না। তাদের সারা রাত ডিউটির পরে আবার রান্না করে খেতে হয়। তাদের পোশাক-পরিচ্ছন্ন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার যে খরচ সেটাও এর মধ্যে থেকে করতে হয়। আমরা শুনেছি যে, এই ব্যাপারে ট্রেনী নার্সরা আপনার কাছে কয়েকবার ডেপুটেশান দিয়েছে এবং আপনি নাকি বিষয়টি সহানুভূতির সঙ্গে শুনেছেন। কিন্তু আজ পর্যন্ত তাদের পারিশ্রমিক, তাদের ভাতা ইত্যাদির যে ২০০ টাকা ছিল সেটা বাড়ানোর জন্য কোন কার্যকরী ব্যবস্থা নেওয়া হয় নি। কাজেই এই বিষয়টা আপনাকে দেখার জন্য বলবো। নার্সদের সম্পর্কে আর একটা কথা আমি এখানে বলতে চাই। সেটা হচ্ছে, নার্সদের সামাজিক নিরাপত্তার প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বর্ণালী দত্তের মর্মান্তিক কাহিনীর কথা অবগত আছেন এবং পশ্চিমবাংলার মানুষও এই বিষয়ে অবগত আছেন। কাজেই নার্সদের সামাজিক নিরাপত্তার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রকম একটা মর্মান্তিক ঘটনা ঘটার পরেও নার্সদের নিরাপত্তার দিক থেকে আপনার দপ্তর থেকে মৌখিক প্রতিশ্রুতি দিলেও আজ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা নেওয়া হয় নি। তাছাড়া হাসপাতালগুলির যা,অবস্থা, বিশেষ

করে যারা ক্লাশ ফোর্থ ষ্টাফ, তারা কো-অর্ডিনেশান কমিটির দ্বারা প্রভাবিত, তাদের জন্ম এই নার্স'রা তাদের পদমর্যাদা সহকারে চলাফেরা করতে পারছে না, একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হচ্ছে। এর ফলে তারা কোন অন্যায়ের প্রতিবাদ করতে পারে না। প্রতিবাদ করলে তাদের প্রতি অশালীন ব্যবহার, নানা রকম ইঙ্গিত, চিঠিপত্র ইত্যাদি নানারকম জিনিস তারা করছে। এর ফলে নার্স'দের সামাজিক নিরাপত্তা থাকছে না। কাজেই এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া যে কথা আপনি এখানে স্বীকার করেছেন, আপনার বক্তব্যর মধ্যে আছে যে, হাসপাতালগুলিতে গুণ্ডামি চলছে এবং জনসাধারণ এটা নিয়ে অত্যন্ত বিক্ষুব্ধ। এই গুণ্ডাদের শক্ত হাতে দমন করা এবং হাসপাতালের বে-আইনী ঘরগুলি ভেঙ্গে দেবার জন্ম সরকারের সহযোগিতা প্রার্থনা করি। এই বিষয়টি আপনি স্বীকার করেছেন বলে আপনাকে ধন্মবাদ জানাচ্ছি। আজকে হাসপাতালগুলি যে পরিবেশে আছে, সেটার পরিবর্তন হওয়া দরকার। হাসপাতালের মধ্যে একটা সুস্থ পরিবেশ যাতে ফিরে আসে তার প্রতি আপনি নজর দেবেন। আর আপনি ভাষণে যে কথা বলেছেন, জনগণের স্বার্থে সেবা পরিচর্যার কাজে পশ্চিমবাংলা সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে। কিন্তু এই গুরুত্ব দেওয়ার লক্ষণ নতুন বাজেটে যে অর্থ বরাদ্দ এবং আপনার দপ্তর যেভাবে পরিচালনা করা হচ্ছে—তাতে এর মধ্যে পরিলক্ষিত হচ্ছে না। আমি গোড়াতে বলেছি যে পশ্চিমবাংলায় যে, স্বাস্থ্য ব্যবস্থা তাতে অতীতের ঐতিহ্য হারিয়ে ফেলেছে এবং আজকে নামতে নামতে এমন একটা অবস্থায় চলে গেছে যেটা আপনারা সকলেই অনুমান করতে পারেন। আমি ইতিপূর্বে এই সম্পর্কে বহুবার বলেছি যে, মেডিকেল কলেজগুলির standard চলে যাচ্ছে। আজকে স্বাস্থ্য দপ্তর, শিক্ষা ব্যবস্থা এই রকম অবস্থায় দাঁড়িয়েছে। ফলে এগুলি ষ্ট্যাণ্ডার্ড ফল করছে এবং আপনার স্বাস্থ্য দপ্তর মারাত্মকভাবে অবহেলিত হচ্ছে, সেটা অস্বীকার করার উপায় নেই। আজকে কলকাতার হাসপাতালগুলি যখন এই চেহারা তখন গ্রামাঞ্চলের হাসপাতালগুলির অবস্থা কি সেটা আপনারা বুঝতে পারেন, সেটা বক্তৃতা দিয়ে বোঝাবার প্রয়োজন হয় না। আজকে যে যাই চিৎকার করে বলুন না কেন, এ্যাসেম্বলীর প্রসিডিংস যদি খোলা যায় তাহলে ৬ বছরের মধ্যে উল্লেখ পর্ব থেকে শুরু করে দেখা যাবে যে, শুধু বিরোধী পক্ষই নয়, সরকার পক্ষেরও বহু এম. এল. এ হাসপাতালের অব্যবস্থা সম্পর্কে, স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে, চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে প্রতিবাদ করেছেন, সংস্কারের কথা বলেছেন এবং আরো অনেক সমস্যার কথা উল্লেখ করেছেন, যার প্রমাণ এ্যাসেম্বলীর প্রসিডিংসে পাওয়া যাবে। পশ্চিমবাংলার স্বাস্থ্যের পরিস্থিতি আজকে কোথায় চলে গেলে তার প্রমাণ পাওয়া

যাবে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশুভেন্দু মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে ২/৪টি কথা বলছি। স্যার, আমরা পশ্চিমবঙ্গে অর্থনৈতিক দিকে থেকে নানাভাবে বিপর্যস্ত হয়ে রয়েছি। সেই সঙ্গে ভারতবর্ষে যে অর্থনৈতিক সঙ্কট চলছে তাতে গোটা দেশের মানুষের সামনে যে-সমস্ত সমস্যাগুলি এসে হাজির হয়েছে তার মধ্যে স্বাস্থ্য-সমস্যা এবং স্বাস্থ্য রক্ষার সমস্যা অন্যতম। স্বাস্থ্য বা স্বাস্থ্য রক্ষার সমস্যা কোন বিচ্ছিন্ন সমস্যা নয়। কাজেই আজকে যখন কোন মৌলিক নীতি নির্ধারণের কথা ওঠে তখন আমাদের মনে হয় যে, বিগত ৩০ বছর ধরে যাঁরা এখানে সরকার চালিয়েছিলেন তাঁরা যদি কোন মৌলিক নীতি নির্ধারণ করে যেতেন, দেশের মৌলিক অর্থনৈতিক কাঠামো যদি তৈরী করে যেতেন, শোষণহীন সমাজব্যবস্থা তৈরী করার কাঠামো যদি তৈরী করে যেতেন, তাহলে আজকে আমাদের দেশের মানুষকে এই সমস্যার সম্মুখীন হতে হত না। কিন্তু তাঁরা তা না করে দেশী-বিদেশী পুঁজিপতি এবং সাম্রাজ্যবাদী শক্তির শোষণের সুযোগ সৃষ্টি করে দিয়ে গেছেন। তাদের শোষণ এমনভাবে বেড়েছে যে, শোষণের ভারে আজকে মানুষ জর্জরিত। এই শোষণের বিরুদ্ধে সংগ্রাম করে পশ্চিমবাংলার কৃষক, শ্রমিক, কর্মচারী থেকে আরম্ভ করে বিভিন্ন পেশার মানুষ বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় বসিয়েছেন। ক্ষমতায় আসবার পূর্ব মুহূর্তে বামফ্রন্টের শরিক দলগুলি যে ইস্তাহার প্রকাশ করেছিলেন তাতে তাঁরা এ কথা বলেন নি যে, মৌলিক কাঠামো পরিবর্তন করা হবে বা চিকিৎসা ক্ষেত্রে কোন মৌলিক নীতি গ্রহণ করা হবে। বামফ্রন্টের কর্মসূচীতে বলা হয়েছিল কতগুলি সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হবে। এবারেও বামফ্রন্টের স্বাস্থ্য দপ্তরের যে কর্মসূচী ঘোষণা করা হয়েছে তার মধ্যেও সে-সব জিনিসগুলি উল্লেখ করা হয়েছে। অবশ্য আমাদের প্রতিদিন সমস্যা বেড়ে যাচ্ছে এবং তার সঙ্গে পাল্লা দিয়ে স্বাস্থ্য দপ্তরকে কাজ করে যেতে হচ্ছে। এর মধ্যে যতটুকু অগ্রগতি হয়েছে তার ইতিহাস মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে রেখেছেন এবং আমিও দু / চারটি কথা বলছি। আমাদের দেশের অর্থনীতির বিপর্যয়ের কথা আজকে সকলেই জানেন এবং মানুষের যে দুরবস্থা চলছে তাও অন্যান্য দপ্তরের বাজেট নিয়ে আলোচনার সময়ে এখানে উল্লেখ করা হয়েছে, আরো হবে। নানারকম অব্যবস্থা রয়েছে, বেকার সমস্যা রয়েছে, মানুষের দারিদ্র্য রয়েছে, ঋণের বোঝা নিয়ে মানুষ বাস করছেন। আজকে আমাদের দেশের বেশীর

ভাগ মানুষই কৃষিজীবী। কৃষিজীবী মানুষদের অর্থনৈতিক অবস্থা এমন পর্যায়ে দাঁড়িয়েছে যে, তাঁদের ঘর ছাওয়ার জন্য ন্যূনতম প্রয়োজন হচ্ছে খড়ের, অথচ যে পরিমাণ খড় তাঁরা সংগ্রহ করতে সক্ষম হচ্ছেন তাতে তা দিয়ে আজকে ঘর ছাইতে গেলে তাঁরা আর বলদকে খাওয়াতে পারেন না, বা বলদকে খাওয়াতে গেলে ঘর আর ছাওয়া হয় না। এই হচ্ছে আজকে কৃষকদের অবস্থা। আজকে ভারত সরকার সারা দেশে যেভাবে জিনিসপত্রের দাম বাড়িয়ে চলেছেন তাতে খাদ্য উৎপাদন করার পরে খাদ্য সংগ্রহ করতে গিয়ে কৃষকদের মুমূর্ষু অবস্থা হচ্ছে। অন্যদিকে পুঁজিবাদী শোষণ দিন দিন বেড়ে চলেছে। সুতরাং এই অবস্থায় সমাজব্যবস্থাকে পাল্টাতে হবে। তা না হলে কোন সমস্যারই সমাধান হবে না। সমাজ ব্যবস্থাকে পাল্টাবার জন্যই আমরা আজকে শিক্ষা ব্যবস্থাকে পাল্টাতে চাইছি। আমরা দেখছি স্বাস্থ্যরক্ষা এবং সুস্বাস্থ্যের জন্য মানুষ সর্বত্র চেষ্টা করছে। আজকে আমরা গ্রামে, শহরে সব জায়গায় লক্ষ্য করছি যে, ভালভাবে বাঁচাবার জন্য ভাল চিকিৎসার প্রয়োজন, ভাল পানীয় জলের প্রয়োজন। শুধু বেঁচে থাকার জন্যই নয়, ভালভাবে বাঁচার জন্য সমস্ত মানুষকে চিকিৎসার সুযোগ দিতে হবে। সেই কারণেই আজকে গ্রামে গ্রামে হাসপাতাল করবার দাবী উঠছে, তারই জন্য আজকে গ্রামে গ্রামে চিকিৎসা কেন্দ্র খোলা হচ্ছে। আজকে শুধু এ্যালোপ্যাথিক চিকিৎসা কেন্দ্রই খোলা হচ্ছে না, আজকে হোমিওপ্যাথিক চিকিৎসার কথাও বলা হচ্ছে। আজকে আমরা এ্যালোপ্যাথিক চিকিৎসার পাশাপাশি হোমিওপ্যাথিক চিকিৎসার কথাও বলছি।

[7.00—7.10 P.M.]

মানুষ যেটা পছন্দ করে সেটা চায়। যখন এ্যালোপ্যাথিতে কাজ না হয় তখন হোমিওপ্যাথি করে এবং যখন হোমিওপ্যাথিতে কাজ না হয় তখন আয়ুর্বেদ চিকিৎসা করে। আমি নিজেই ভুক্তভোগী, এ্যালোপ্যাথি, সার্জারীতে যখন কাজ হলো না তখন হোমিওপ্যাথিতে গেলাম, যখন দেখলাম হোমিওপ্যাথিতে কাজ হচ্ছে না তখন আয়ুর্বেদ করলাম। সুতরাং এইভাবেই মানুষ চলছে এবং ক্রমশঃ সচেতন হচ্ছে, কি করে নিজের স্বাস্থ্য রক্ষা করা যায়, কিভাবে তার শিশু সন্তানকে বাঁচিয়ে রাখা যায় সেইদিকে তারা চেষ্টা করছে। এ ছাড়া দেশে অপুষ্টির হারের পরিমাণ এত বেশী বাড়ছে যে, শিশু সন্তানেরা অন্ধ হচ্ছে। লক্ষ লক্ষ শিশু অন্ধ হয়ে যাচ্ছে ভিটামিন (এ)-এর অভাবে। এই ভিটামিন কিসে পাওয়া যায়, পালংশাকে পাওয়া যায়, শাক-সব্জিতে পাওয়া যায়, দুধে পাওয়া যায়, ভাতে পাওয়া যায়। মানুষ

যদি দু'বেলা দু'মুঠো পেট ভরে খেতে পায় তাহলে চোখের রোগ হয় না, শিশুর চোখগুলি খারাপ হয় না। শিশুরা যদি মাতৃস্তনের দুধ খেতে পায় তাতেও চোখের রোগ হয় না। কিন্তু সেই সব মায়েরা যদি খেতে না পায়, যদি সংসার না চালাতে পারে, তাহলে শিশুকে দুধ দেবে কি করে? শিশুরা দুধ না পেয়ে অন্ধ হয়ে যাবে। সুতরাং এই হচ্ছে বাস্তব পরিস্থিতি। আমরা দেখলাম, কেন্দ্রীয় সরকার কি নীতি নিলেন—বিদেশ থেকে ঋণ নিতে হবে, তা না হলে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। সেইজন্য আই. এম. এফ. থেকে ঋণ নিলেন। ঋণ নিয়ে আমাদের কি সুবিধা হলো? কেন্দ্র বললো, খাদ্যের জন্য ভরতুকি দেওয়া বন্ধ করতে হবে এবং কতকগুলি অত্যাবশ্যকীয় পণ্য উৎপাদন বন্ধ করে দিলেন এবং বললেন, আমদানি নীতিকে আরও উদার করতে হবে। কাজেই খাদ্য খাতে এবং স্বাস্থ্য খাতে বরাদ্দ কমের দিকে যেতে লাগলো। ঋণের ভার যেভাবে বাড়ছে তার ফলেই আমাদের স্বাস্থ্যহানি ঘটছে। এখানে বিরোধীদলের কয়েকজন বক্তা ভাল ভাল কথা বলেছেন। আমরাও বলতে পারি, আমাদেরও ডাক্তার রয়েছেন, অভিজ্ঞ ডাক্তার রয়েছেন। কিন্তু যে পরিস্থির সৃষ্টি হচ্ছে তাতে গ্রামের মানুষ ভাল স্বাস্থ্য রাখার জন্য চায় আরও ভাল ওষুধ এবং চিকিৎসা ব্যবস্থা। এখানে জীবনদায়ী ওষুধের কথা বলা হয়েছে। আজকে আনন্দবাজার কাগজে দেখলাম, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জীবনদায়ী ওষুধের ব্যাপারে একটি বিবৃতি দিয়েছেন। তাতে তিনি বলেছেন, দিল্লীতেও জীবনদায়ী ওষুধের দাবী রয়েছে। কারণ একটা আইন হয়েছে যে, বিশেষ লাইসেন্স নিতে হবে এর জন্য। সেইজন্য হয়তো সমস্ত ওষুধ সরিয়ে দিয়েছে। এখানেও আমার সন্দেহ হয়, যেহেতু আজকে মেডিকেল বাজেট সেহেতু তার আগে একটা গণ্ডগোল ঘটিয়ে দেখাবার চেষ্টা করছে, যেহেতু জীবনদায়ী ওষুধ পাওয়া যাচ্ছে না সেহেতু মারপিট করে দিয়ে, ডাক্তারবাবুদের কাজ বন্ধ করে দিয়ে—এর মধ্যে হয়তো একটা ষড়যন্ত্র আছে। এছাড়া কালোবাজারীদের মুনাফা করার ব্যবস্থা দীর্ঘ ৩০ বছর ধরে চলে আসছে। তারা এইসব বন্ধ করার ব্যবস্থা করেনি। সুতরাং ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে আমরা রয়েছি। এই পরিস্থির মধ্য থেকে বামফ্রন্ট সরকার কাজ করে যাচ্ছে। হাসপাতালের সংখ্যা বাড়াচ্ছে, নার্সদের ট্রেনিং-এর সংখ্যা বাড়ছে। বামফ্রন্ট সরকার বলেছিল ডাক্তার আরও বাড়াতে হবে, তাড়াতাড়ি ডাক্তার যাতে পাওয়া যায়, এম. বি. বি. এস. ডাক্তার নিশ্চয়ই চাই, নিশ্চয়ই ভাল, কিন্তু তার সাথে সাথে গ্রামাঞ্চলে সাধারণ ডাক্তার যাতে আরও বেশী করে যায় তার জন্য ৩ বছরের মেডিকেল কোর্স করা হয়েছে। ব্লকে ব্লকে মায়েরা যাতে নার্সের কাজ পেতে পারে তার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন। দায়ের (ধাত্রী) সংখ্যা

আগে হাসপাতালে যা ছিল তার চেয়ে আরও বেশী বাড়ানো হয়েছে। সুতরাং বিভিন্ন কাজে যে অগ্রগতি সেই অগ্রগতিকে রক্ষা করার জন্য সব রকম চেষ্টা করা হচ্ছে। কিছু সুবিধা দেবার ব্যবস্থা করা হচ্ছে। সেই কারণে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সুকুমার রায়ঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় মহাশয় ৩টি ডিমাণ্ডের মাধ্যমে যে বাজেট অনুমোদন চেয়েছেন আমি তার বিরোধিতা করছি এবং সেই সঙ্গে এই কথা বলছি, তিনি যে বাজেট বক্তব্য পেশ করেছেন তার মধ্যে আমি অন্ততঃ কোন জায়গায় স্বাস্থ্যনীতির কোন ডেফিনিট লাইন খুঁজে পাইনি। আমরা পরিষ্কার ভাবে জানতে চেয়েছিলাম যে, এখানে কি অবস্থা চলছে? স্বাস্থ্য দপ্তরে পরবর্তীকালে কি অবস্থা তাঁরা করতে চাইছেন তার একটা ডেফিনিট আউট লাইন আমরা জানতে চেয়েছিলাম, কিন্তু এখন কি অবস্থা চলছে? সেই অবস্থার পরিপ্রেক্ষিতে পরবর্তীকালে আমরা কি করতে চাইছি সেটা যদি ডেফিনিট করে বলা থাকত তাহলে নিশ্চয়ই আমাদের অনেকটা জানা হয়ে যেত। যাইহোক এখানে একটা জায়গায় তিনি বক্তব্য রেখেছেন, কিছু কিছু হিন্ট্স দিয়েছেন, যে হিন্ট্স দিয়েছেন সেই হিন্ট্সের মাধ্যমে আমরা কয়েকটা জিনিসে তাঁর মনোভাবটা জানতে পেরেছি। সেটাই আমি এখানে বলব। আমরা জানি পশ্চিমবঙ্গে ৭টি মেডিকেল কলেজ আছে, তার মধ্যে কলকাতায় ৪টি আর বাইরে আছে ৩টি। ৪টি বরাবরের জন্য রেকগনাইজড, আর ৩টি এখনো হয় নি। এর মধ্যে বাঁকুড়ায় টেম্পোরারী কিছুদিনের জন্য পাচ্ছে, নর্থ বেঙ্গল নয়, বর্ধমানও টেম্পোরারী কিছুদিনের জন্য আছে। কিন্তু কেন এই জিনিসগুলি হচ্ছে? এইগুলি কেন রেকগনিশন হচ্ছে না? আসল কারণটা জানা দরকার। অধ্যক্ষ মহাশয়, আমাদের ডাক্তারীতে স্পেশাল সার্জারীতে একটা কথা আছে, কথা নয়—একটা অপারেশন আছে। যদি আমরা ডায়াগনিসিস ক্লিনিক্যাল-এর ওপর থেকে না করতে পারি তাহলে এক্সপ্লোটারী ল্যাপাটোমী বলে একটা কথা আছে, আমরা এক্সপ্লোর করে দেখি কোন্ জায়গায় ডিফেক্ট। তারপর সেখানে সার্জারী চিকিৎসা হয়। আজকে এক্সপ্লোটারী ল্যাপাটোমী করেও কোন্ বিষয় ডিফেক্ট ধরা যাচ্ছে না, সেই জিনিসটাই আমি তাঁকে বোঝাতে চাইছিলাম। কলকাতার হাসপাতালগুলিতে ওভার ষ্টাফ হয়ে গেছে, অন্ততঃ টিচিং ষ্টাফ এখানে এত বেশী যে, কেউ আর বাইরে যেতে চাইছেন না। ওভার ষ্টাফ হওয়া সত্ত্বেও বাইরে যে যাচ্ছে না এর একমাত্র কারণ হচ্ছে ট্রান্সফারের ব্যাপারে বৈষম্যমূলক ব্যাপার হচ্ছে, কোন নিরপেক্ষ নীতি নেই। তিনি অবশ্য বলেছেন যে, ঐ নীতিটা

আমরা বদলাচ্ছি। সমান বিচার, সমান সুযোগ—এই আদর্শের ভিত্তিতে পুনরায় রচনা করা হচ্ছে। মেন জিনিসটা সেখানেই দাঁড়িয়ে আছে। কলকাতায় ডাক্তার আছেন, অনেকদিন থেকে এখানে রয়েছেন, বাইরে যেতে চাইছেন না। তাঁরা টেম্পোরারী রেকগনিশান নেবার জন্য, তিন মাসের জন্য কোন কোন টিচার এখানে পড়ান, ওখানে পড়ান। তাতে প্রবলেম সল্‌ভ হবে না, মেন উদ্দেশ্য যেভাবে প্রবলেম পার্মানেন্টলি সল্‌ভড হয় তার ব্যবস্থা করতে হবে। কলকাতা থেকে বাইরে ট্রান্সফার করলে অনেকের অসুবিধার মধ্যে পড়তে হয়। নর্থ বেঙ্গলের কথা আমি জানি। মেডিসিনের হেড অফ দি ডিপার্টমেন্ট মাত্র ৪ দিন ওখানে থাকেন। বৃহস্পতিবারের ফ্লাইটে চলে আসেন। তাঁর কোন এ্যাডমিশন ডেট নেই। যিনি হেড অফ দি ডিপার্টমেন্ট, তাঁর এ্যাডমিশন ডেট নেই। ওখানকার লোক তাঁর আণ্ডারে ভর্তি হতে পারে না। বৃহস্পতিবারে চলে আসেন, আমি জানি না মন্ত্রী মহাশয় এটা জানেন কিনা, একটু খোঁজ করে জানবেন।

[7.10—7.20 P. M.]

সেখানে হেড অফ দি ডিপার্টমেন্ট অফ মেডিসিন যিনি আছেন, তাঁর আণ্ডারে যদি কোন চিকিৎসা না হয় তাহলে ওখানে কয়েক দিন উনি লেকচার করে চলে আসবেন—এই জিনিসটা তো কোন সলিউশন নয়। এ ব্যাপারে একটা সলিউশন করতে হবে। আবার দেখছি যে কিছু লোককে তিন মাসের জন্য বাঁকুড়ায় পাঠানো হয়েছে। তাঁদের বলা হয়েছে যে, আমরা তিন মাস পর ফিরিয়ে আনবো। এঁরা অবশ্য অনেকেই বাইরে কাটিয়ে এসেছেন। তাঁরা হয়তো আগে মফঃস্বলে অনেকবার ট্রান্সফারও হয়েছেন এবং কাজ করেছেন। আবার তাঁদের পাঠিয়েছেন বাইরে। আমার বক্তব্য, যাঁরা মৌরসী পাট্টা নিয়ে এখানে বসে আছেন তাঁদের যদি আইনানুগভাবে সম্ভব না হয়, ক্যাবিনেট কমিটি আছে—আপনারা রি-সাফল করতে পারেন। এখানে এক্স-ম্যানেজমেন্ট বলে একটি কথা আছে। এক্স-ম্যানেজ-মেন্টের ডাক্তার ন্যাশনাল মেডিকেল কলেজে আছে জানি। এক্স-ম্যানেজমেন্টের ভিতর অপশনিষ্ট এবং নন-অপশনিষ্ট বলে দু'টি ভাগ ছিল। এখন দেখছি যাঁরা অপশন দিয়েছিলেন তাঁরা কিন্তু অসুবিধার মধ্যে পড়ে গেছেন। আর যাঁরা নন-অপশনিষ্ট, যাঁরা এক্স-ম্যানেজমেন্টে বসে আছেন—তাঁরা বেশ সুবিধা ভোগ করছেন। এ সম্বন্ধে যদি কোন কিছু থেকেও থাকে, যদি তাঁদের সঙ্গে কোন চুক্তি হয়েও থাকে—আমাদের কি কোন আইন কানুন নেই যে, এগুলো বদলে

এখানে যে ওভার ষ্টাফ আছেন তাঁদের বাইরে পাঠানো যায়? আমার মনে হয় মন্ত্রী মহাশয় যদি এদিকে লক্ষ্য করেন, তাহলে এই যে তিনটি হাসপাতালে চিকিৎসার এবং ষ্টুডেণ্টদের পড়াবার যে অসুবিধা হচ্ছে, সেটা অনেকাংশেই লাঘব হয়ে যাবে। তাছাড়া আরও কতগুলো কথা বলতে চাই। যেমন ধরুন ইনসেনটিভ, এটা চাই নিশ্চয়ই। ডাক্তাররা পড়িয়ে আসছেন এত দিন ধরে। এখানে প্রি-ক্লিনিক্যাল, প্যারা-মেডিকেল যাঁরা আছেন—প্যারা-মেডিকেল আমি বলবো—জুরিষ্ট প্যাথলোজিষ্ট যাঁরা আছেন, তাঁরা কিন্তু বিশেষ উৎসাহ পাচ্ছেন না ক্লিনিক্যাল সাইডে বা পড়ানোর দিকে। প্রি-ক্লিনিক্যালেও তাঁরা উৎসাহ পাচ্ছেন না। তাঁরা কেউই চাইছেন না সেখানে পোষ্ট গ্র্যাজুয়েট করতে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পার্টিকুলারলি এখানে ওঁরা অনেক কথাই বলেছেন। অমলেন্দ্রবাবুর কথার পরিপ্রেক্ষিতে আমি দু'-একটি কথা বলবো। অমলেন্দ্রবাবু এখানে ক্যালোরির কথা, ব্যালান্সড ডায়েটের কথা বলেছেন। ডেফিনিটলি আমি এই জায়গায় তাঁর সঙ্গে একমত। আজকের দিনে ব্যালান্সড ডায়েট ভারতবর্ষের কোথায়ও পাওয়া যায় না এটা যেমন ঠিক, তেমনি আমরা এখানে বলতে পারি, আমাদের যে সীমিত ক্ষমতা—আপনাদের কথায়ই বলছি—সেই ক্ষমতায় হাসপাতালে যে যে রোগীগুলো যায় তাঁদের কি আমরা ব্যালান্সড ডায়েট দিতে পারি আমাদের এই ক্ষমতার মধ্যে? আমার মনে হয় তা আপনারা পারছেন না। সেখানে রোগীরা দুধ কিভাবে পায়? দুধ আমরা দুই বেলাই দিচ্ছি, কিন্তু তাতে তিন ভাগ জল এবং এক ভাগ দুধ থাকে। যে কনট্রাক্টররা খাবার সাপ্লাই করে তাঁরাও ব্যালান্সড ডায়েটের খাবার সাপ্লাই করে না। আমরা জানি এবং মন্ত্রী মহাশয়ও জানেন যে, আজকে প্রত্যেকটি হাসপাতালে দুরবস্থা চলছে। কিন্তু কিছু বললেই চেঁচাবেন। কিন্তু আপনারা নিজেরাই জানেন যে, নিজ নিজ জেলার হাসপাতাল-গুলোকে আজকে কি দুরবস্থার মধ্যে কাটাতে হচ্ছে। প্রত্যেকটি লোক সেই সমস্ত হাসপাতালে যেয়ে কি সমস্যার মধ্যে পড়েন তা আপনারা প্রত্যেকেই জানেন। এই ফ্লোরে আমি যদি সেই কথা বলি আপনারা নিশ্চয়ই চেঁচাবেন। তাই সে-সব কথা বললাম না। আপনারা ভেতরে জিজ্ঞাসা করবেন যে, দুরবস্থাটা কি? তাহলে সেটা আপনারা নিজেরাই বুঝতে পারবেন। মাননীয় অমলেন্দ্রবাবু বললেন যে, স্যানিটেশন এ্যাণ্ড পাবলিক হেল্থ ব্যাপারটা নাকি কেন্দ্রীয় সরকার জোর করে এখানে চাপিয়ে দিয়েছে। আমি নতুন এসেছি, কিন্তু এ সম্বন্ধে এখানে ওঁদের কোন লেকচারের মধ্যে কোন জায়গায় শুনতে পাইনি যে, এটা ওঁরা চান নি—এটা কেন্দ্র নিয়ে নিলেই ভাল হয় এই ধরনের কোন কথা। আমি মনে করি যে ওঁরা এটাকে কঙ্কারেণ্ট লিষ্ট থেকে

ওদিকে সরিয়ে দিতে চাইছেন। কিন্তু কঙ্কারেন্ট লিষ্ট থেকে ওঁরা বলছেন শিক্ষাটাকে বাদ দিয়ে দাও—এদিকে দিয়ে দাও একথা বলছেন। কিন্তু এটার সময় ওখানে দিতে চাইছেন। কি যে আসলে চাইছেন বোঝা যাচ্ছে না। এই লেকচার এখানে না দিয়ে অ্যাকচুয়ালি পার্লামেন্টের ফ্লোরে দিলে আমার মনে হয় অনেক বেশী ভাল হোত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি পোষ্ট গ্র্যাজুয়েট মেডিকেল কলেজে প্রফেসর বা টিচার সংখ্যার দিক দিয়ে অনেক শর্ট রয়েছে, ডার্থ অফ্ টিচার। এ্যাডমিনিষ্ট্রেটর-কাম-সুপারিন্টেণ্ডেণ্ট, চিত্তরঞ্জন সেবা সদন, একজন প্রফেসর অফ পেডিয়াট্রিক্সকে আহ্বান করলেন যে, আপনি আমাদের এখানে ক্লাশ নিন। তিনি ক্লাশ নিতে এসেছেন এবং এখনও নিচ্ছেন। কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে, যিনি উইদাউট এনি রেমুনারেশন আজ দেড় / দু' বছর ধরে ক্লাশ নিচ্ছেন, তাঁকে কি মিনিমাম স্বীকৃতিটা সরকারের দেওয়া দরকার নয়? তাহলে ইনসেনটিভ পাবেন কোথা থেকে মানুষ, যাঁরা স্বতঃপ্রবৃত্ত হয়ে উইদাউট এনি রেমুনারেশন পড়াতে আসতে চান? তিনি মেডিকেল কাউন্সিলের রেকগনাইজড প্রফেসর। আমরা জানি ক্লিনিক্যাল ষ্ট্যাটাস ডিক্লেয়ার হয়ে গেছে। কিন্তু ক্লিনিক্যাল ষ্ট্যাটাস অন দি বেসিস অফ হোয়াট? একটা হ্যাপাজার্ড ওয়েতে এই ক্লিনিক্যাল ষ্ট্যাটাস ডিক্লেয়ার হয়েছে বলে বাইরে কেউ যেতে চাচ্ছে না। এই বাজেটে যদিও মন্ত্রী মহাশয় কিছু জিনিস আমাদের জানিয়েছেন, তবুও আমার মনে হয় এই স্বাস্থ্য দপ্তরের কোন ডেফিনিট লাইন নেই। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ হরমোহন সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে এতক্ষণ ধরে বিরোধী পক্ষ থেকে এবং অন্যান্য বক্তারা যে বক্তব্য রেখেছেন সেইগুলি আমি শুনলাম। আমার একটা ধারণা হয়েছিল, অন্ততঃ পক্ষে স্বাস্থ্যব্যবস্থা সম্পর্কে একটা সঠিক সমালোচনা হবে। যে সমালোচনার মাধ্যমে আমাদের স্বাস্থ্য দপ্তরে যদি কোন ত্রুটি-বিচ্যুতি থাকে সেইগুলি আমরা সংশোধন করে নেবার সুযোগ পাবো। কিন্তু সেই বিষয়ে আমি হতাশ হয়েছি। প্রথমে ডাক্তার শিশির বোস, তারপর আর একজন চিকিৎসক বন্ধু মানস ভুঁইয়া, ডাঃ হৈমী বোস এবং সর্বশেষে ডাঃ সুকুমার রায় মহাশয় বক্তব্য রেখেছেন। প্রশ্ন হচ্ছে, যে-সমস্ত কথা তাঁরা বললেন—শুধু বললেন যে বাজেটের বিরোধিতা করছি। সুকুমারবাবু থেকে আরম্ভ করে প্রত্যেকেই বাজেটের বিরোধিতা করলেন। কিন্তু কেন বিরোধিতা করছেন

সেই কথা তাঁরা একবারও বললেন না। কি পলিশি বাতিল করতে হবে, কোন্ প্রকল্পটা ঠিক হয় নি, কোন্ প্রকল্পটা হলে ভালো হতো, কোন্ পদ্ধতি নিলে ভালো হতো, কোন্ উন্নয়নমূলক কাজে টাকা খরচ করতে হবে—এই সম্পর্কে কেউ কোন কথা বললেন না। কোন্ খাতে টাকা কার্টেল করে কোন্ খাতে দেওয়া যায়—সেইসব কথা বললেন না। এই খাতে এই টাকা বাড়াতে হবে এবং এই টাকা বাড়াতে গেলে যদি পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রের কাছে যেতে হয় তাহলে আমরাও একযোগে যাবো, এই ধরনের কোন কথা ওঁরা বললেন না। এই ধরনের কথা ওনারা যদি বলতেন তাহলে আমরা খুশি হতাম। প্রথমে শিশির বসু মহাশয় যে বক্তব্য রেখেছেন সেটা আমার খুব ভাল লেগেছে। ডাঃ বসুকে দেখে মনে হচ্ছিল তিনি যেন দলের সঙ্গে স্ববিরোধী ভূমিকায় ভুগছেন, তিনি তাঁর দলের সঙ্গে নিজেকে মিলিয়ে নিতে পারছেন না। তাঁর নিজস্ব এনটিটি রেখে দিয়েছেন। চিকিৎসক হিসাবে সমাজে যে দায়িত্ব পালন করা উচিত সেই সম্পর্কে তাঁর ধ্যান-ধারণা এই বক্তব্যের মধ্যে তিনি রাখার চেষ্টা করেছেন। এখানে তিনি কিছু শিক্ষামূলক বক্তব্য রেখেছেন। এই জন্য তাকে আমি ধন্যবাদ জানাই। অন্যান্য বক্তারা যে-সমস্ত বক্তব্য রেখেছেন তার মধ্যে অনেক জায়গায় তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। এখানে আমাদের ভ্রাতৃপ্রতিম মানস ভুঁইয়া বলেছেন যে, আমাদের রামনারায়ণ গোস্বামীর সৎ সাহস আছে। এইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। হ্যাঁ, আমাদের সৎ সাহস আছে। আমাদের সৎ সাহস আছে বলেই আমাদের জনসাধারণ এখানে ক্ষমতায় বসিয়েছে। তাদের কাছে আমরা এই পরিচয় রেখেছি এবং সততার সংগে আমরা এখানে লড়াই করে যাচ্ছি। কেন্দ্রীয় সরকারের যে টাকা ব্যয় করার দরকার ছিল সেইগুলি ব্যয় করতে পারছে না। ব্যয় করতে পারছে না বলে বাজেটের মধ্যে যে-সমস্ত ঘাটতি-গুলি রয়েছে সেইগুলি পূরণ করতে পারছি না। ওনারা সব আজেবাজে খবর এনে বাজেট বক্তৃতা দেবার চেষ্টা করছেন। আমি বন্ধুবরদের জিজ্ঞাসা করি আমরা যেখানে দাঁড়িয়ে—অবক্ষয় সমাজের মধ্যে দাঁড়িয়ে, পচাগলা সমাজের মধ্যে দাঁড়িয়ে, গত ৩০ বছর ধরে ক্ষমতায় থেকে আপনারা যেভাবে সমাজের ক্ষয় সৃষ্টি করে গেছেন সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা কি করতে পারি? একটা রোগী যদি চিকিৎসার অভাবে, খাদ্যের অভাবে ক্ষয়রোগে আক্রান্ত হয়, যখন দেখলো বিনা চিকিৎসায় তার মুখ দিয়ে রক্ত বেরোচ্ছে, তখন বুঝলো আর কোন উপায় নেই, তাকে এমন একটা ব্যাধি আক্রমণ করেছে, চিকিৎসকের কাছে যাওয়া ছাড়া উপায় নেই। সে তখন চিকিৎসকের কাছে যায়।

[7.20—7.30 P. M.]

চিকিৎসকের কাছে যাওয়া মাত্র চিকিৎসক তাঁর বৈজ্ঞানিক গবেষণা দ্বারা দেখেন। তিনি তখন বলেন, 'তোমার রক্ত এখুনি থেমে যেতে পারে, তবে এর জন্য দরকার দীর্ঘস্থায়ী চিকিৎসা। তবে আশু ব্যবস্থা হিসাবে তোমার রক্তটা বন্ধ করে দিতে পারি মাত্র।' এখানে আমরা কি করছি? আমাদের সমাজে একটা ক্ষয়রোগ দেখা দিয়েছে—সমাজে ক্ষয় দেখা দিয়েছে—আশু ব্যবস্থা হিসাবে এ রোগের রক্ত বন্ধ করা যেতে পারে, কিন্তু পরবর্তী স্তরে এর জন্য দরকার এক্স-রে করা। ক্ষয়রোগের চিকিৎসার জন্য এক্স-রে-এর উপযোগিতাকে আপনারা কখনই অস্বীকার করতে পারেন না। আমরা সমাজবিজ্ঞানের দিক থেকে একে সঠিকভাবে ধারণা করতে পারি। সেই হিসাবে আমরা যদি বলি মার্কসবাদের ভিত্তিতে, সেই আলো দিয়ে এর চিকিৎসা করা দরকার, তখনই আপনারা চীৎকার করে উঠবেন। কিন্তু চিকিৎসা ক্ষেত্রে এক্স-রে-এর প্রয়োজনীয়তাকে কি আপনারা কখনও অস্বীকার করতে পারেন? এক্স-রে-এর মাধ্যমে যেমন শরীরের ভেতরের প্রকৃত অবস্থার খবরা-খবর জানিয়ে দেওয়া যায়, দিবালোকের মত প্রকৃত অবস্থা বা চিত্র বেরিয়ে আসে, ঠিক তেমনি করে মার্কসবাদ সমাজব্যবস্থা সম্বন্ধে সঠিক ধারণা দিতে পারি। আমরা সমাজবাদী হিসাবে ধারণা করতে পারি সমাজব্যবস্থার ঠিক কোন্ জায়গায় ঘা আছে। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা একথাও জানি যে, এই সমাজ ব্যবস্থার সমস্ত রকম ভাল কখনই করা সম্ভব নয়। কিন্তু তা সত্ত্বেও আমরা কখনও মনে করি না, একেবারে কিছুই করা সম্ভব নয়—সেজন্য কিছু কিছু আমরা করেছি ও করার চেষ্টা আমরা রেখেছি। এবারে আমি কয়েকটি তথ্য দিয়ে বোঝাতে চাই যে, সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবঙ্গের স্থান কোথায়। ইনফ্যাক্ট মর্টালিটির রেটের ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল ১৯৮২-তে হচ্ছে ৩১'৮—সেখানে অল ইণ্ডিয়া এ্যাভারেজ হচ্ছে ১৩০। ক্রুড বার্থ রেটের ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল হচ্ছে ১০.৩—সেখানে অল ইণ্ডিয়া এ্যাভারেজ হচ্ছে ৩৩.২। মেটারন্যাল মর্টালিটি রেটের ক্ষেত্রে অল ইণ্ডিয়া এ্যাভারেজ হচ্ছে ১৪.১—সেখানে ওয়েষ্ট বেঙ্গলের রেট হচ্ছে ৩.৮৪। পজিটিভ হেল্‌থ-এর ক্ষেত্রে অল ইণ্ডিয়া এ্যাভারেজ হচ্ছে ৬.৮। এর দ্বারা আমাদের গর্ব করার কিছু নেই। এ তথ্যে শুধু পশ্চিমবঙ্গ শেষ হয়ে গেছে যেহেতু বলা হচ্ছে, সেজন্য তুলনামূলক ভাবে তুলে দেখালাম। কিন্তু এর জন্য আমরা আদৌ খুশী নই, খুশী কখনই আমরা হতে পারি না। আমরা জানি, যে স্বাস্থ্যব্যবস্থা এখানে বর্তমানে আছে, তা থেকে মানুষের স্বাস্থ্যকে আরও কতখানি উন্নত করে তুলতে পারি,

তার জন্য আমাদের অনেক বেশী নজর দিতে হবে। এর জন্য আমাদের প্রথমে লক্ষ্য দিতে হবে জনসংখ্যার দিকে। জনসংখ্যার চাপ তিলে তিলে বেড়ে গেছে। এই জনসংখ্যার চাপ যদি কমাতে হয়, যদি পরিমিত ভাবে বৃদ্ধির হারকে বজায় রাখতে হয় তবে আমাদের আর্থিক ও খাদ্য সংকটের দিকে বিশেষ ভাবে দৃষ্টি দিতে হবে। আমরা জানি, খাদ্যাভাব ও অর্থনৈতিক সংকট এখানে সৃষ্টি করা হয়েছে ও হচ্ছে। ভারতবর্ষের বুকে কেন্দ্রীয় ভাবে যে দল ক্ষমতাসীন আছেন, তাঁদের যে নীতি, তার ফলেই এই সংকটের সৃষ্টি হয়েছে ও হচ্ছে। শুধু এখানে নয়, অন্যান্য রাজ্যগুলিতেও একই ভাবে হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে যদি আমরা ধারণা করি যে, স্বাস্থ্য ব্যবস্থার সংকট থেকে আমরা মুক্ত হতে পারব, তবে বলতে দ্বিধা নেই, আমরা মূর্খের স্বর্গে বাস করছি। আমরা যদি এখানে ভাবতে শুরু করি এখানকার স্বাস্থ্যব্যবস্থা সুন্দর হওয়া উচিত, প্যাথোলজি ব্যবস্থা হওয়া উচিত কোন সমাজতান্ত্রিক বা উন্নত দেশগুলির মত, তাহলে তা কখনই সম্ভব নয়। অন্ততঃ ভারতবর্ষের মত একটা দেশের বুকে যেখানে পুঁজিবাদীরা অর্থ-ব্যবস্থাকে সম্পূর্ণ কব্জা করে রেখে দিয়েছে, সেখানে ঐ সমস্ত উন্নত দেশগুলোর মত সম্ভব হতে পারে না। দেশের অভ্যন্তরে পুঁজিবাদীর কথা চিন্তা করে যদি আপনারা স্বাস্থ্যব্যবস্থাকে চিন্তা করে দেখেন, তাহলে সহজেই বুঝতে পারবেন যে, এখানে সমস্ত কর্মঠ হাতগুলিকে, সমস্ত শক্ত-সমর্থ লোকগুলোকে তারা কর্মহীন ও পঙ্গু করে রেখে দিয়েছে কেবলমাত্র নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য। এরই ফল হিসাবে আমরা দেখতে পাই এখানে বেশীর ভাগ মানুষ দারিদ্র্য সীমারনীচে বাস করছে। শতকরা ৩০ ভাগ মানুষ খেতে পায় না, এরা চিকিৎসার অভাবে মৃত্যুমুখে পতিত হয়। চিকিৎসার পরিবর্তে এই সমস্ত মানুষ মৃত্যুর দিকে এগিয়ে যায়। এই রকম এক অবস্থার মধ্যে দাঁড়িয়ে স্বাস্থ্যের কথা বলা কি নিরর্থক নয়? অন্যান্য দেশের দিকে তাকিয়ে দেখুন, সেখানে কি ভাবে চলছে। কাজেই শুধুমাত্র বাজেট বাড়ালেই হবে না বা হাসপাতাল তৈরী করলেই সব সমাধান হয়ে যাবে না। যে ব্যবস্থা বর্তমানে আছে, তাতে করে গ্রাম বাংলার ঘরে ঘরে, গরীব মানুষদের জন্য চিকিৎসার সুযোগ আমরা তুলে দিতে পারছি না। গরীব মানুষের ঘরে যে শিশু জন্মগ্রহণ করছে, সে ক্রমান্বয়ে তিলে তিলে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। এগুলো নিয়ে তো একবারও ভাবছেন না! একবারও তো ভাবছেন না, ডাক্তার হিসাবে প্যাথোলজির কি হবে? তা যখন তাঁরা নির্ণয় করতে পারেন না, তখন তো রোগীদের নিদেন দেবার কোনও অধিকার তাঁদের নেই।

আপনারা এক্সপ্লোর করছেন, রোগী হাতড়ে বেড়াচ্ছেন ইত্যাদি নানা

ধরনের কাজ করছেন। কিন্তু আমি বলি অত রোগী হাতড়ে বেড়াবেন না। আপনারা ম্যালেরিয়া থেকে শুরু করে সর্ব ক্ষেত্রে এ্যান্টিবায়োটিক্স চালাচ্ছেন। এতে ড্রাগ স্ট্যান্ডার্ড হচ্ছে। আপনারা বলবেন শ্রমিকদের রোগ নির্ণয় করার দরকার আছে, তাদের জন্য ড্রাগসের দরকার আছে। কিন্তু আমি বলছি সমাজকে আজ যে রোগে ধরেছে—যে পুঁজিবাদী অবক্ষয়ের রোগ, সেই রোগকে আগে সারানোর ব্যবস্থা করুন। এতে সক্রিয় ভূমিকা নিন, তাহলে দেশের উন্নতি হবে। একজন চিকিৎসকের একটা দায়িত্ব আছে। একজন ডাক্তার রোগী দেখে প্রেসক্রিপ-সান করে দিলেন—তোমার যক্ষ্মা রোগ হয়েছে, তোমাকে বেশী করে খেতে হবে—দুধ খেতে হবে, ডিম খেতে হবে ইত্যাদি। পুষ্টিকর খাদ্য তার দরকার বলে দিলেন। কিন্তু একবার বুঝলেন না বা দেখলেন না যে, লোকটিকে ছয় টাকা মজুরিতে কাজ করতে হচ্ছে, যে টাকা না পেলে ছেলে, বৌয়ের মুখে ভাত দিতে পারবে না, তাকে কী বলা হচ্ছে, না যে তোমাকে পুষ্টিকর খাদ্য খেতে হবে। তার পরে আপনারা আবাসনের কথা বলেছেন—একটা ঘরের মধ্যে যেখানে যক্ষ্মা রোগী রয়েছে সেই ঘরেই তার পরিবারও আছে। এতে যক্ষ্মা রোগ বিস্তৃতি লাভ করে না? আসলে রোগকে নিরাময় করা দরকার, এর জন্য ওষুধের প্রয়োজন আছে। এইটুকু সামাজিক দৃষ্টিভঙ্গী নিয়ে যদি সত্যিকারের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি করার ইচ্ছা থাকে তাহলে এর উন্নতি করতে পারবেন। এর জন্য আপনাদের একটু চিন্তা-ভাবনা, একটু সুস্থ মানসিকতার দরকার। তাহলেই এই স্বাস্থ্যব্যবস্থার পুনরুদ্ধার করা সম্ভব। তবে আপনারা যদি বিরোধী দলে আছেন বলেই বিরোধিতা করবেন—এই রকম মনোবৃত্তি করে থাকেন তাহলে অবশ্য অন্য কথা। সেই জন্য বিরোধী দল আনন্দবাজার কাগজকে উস্‌কে দিয়ে 'নীলরতন সরকার মেডিকেল কলেজে ওষুধ পাওয়া যাচ্ছে না বলে হাসপাতাল বন্ধ'—এই ছবি তুলে দিলেন। এতে যে ওঁদের কি সুবিধা হোল বুঝতে পারলাম না। এর ভেতরে মাননীয় সদস্য মানস ভুঁইয়া এবং আরো কিছু বিরোধী মাননীয় সদস্যদের কি উদ্দেশ্য ছিল সেটা বুঝতে পারলাম না। তাঁরা অনেক এধিক্কের কথা বলে চলে গেলেন। আমি একজন ডাক্তার হিসাবে নিজে বলছি, কি করে এই ধরনের অদ্ভুত কথা বলেন আমি বুঝতে পারলাম না। তাঁরা স্বাস্থ্য ব্যবস্থাকে যে কোন্ পথে নিয়ে যাচ্ছেন সেটা বুঝতে পারছি না। আমি ডাক্তারবন্ধুদের অনুরোধ করছি তাঁরা মানুষকে জীবনদায়ী ওষুধ পেথিড্রিন যতই দিন না কেন, একটু সিমপ্যাথি তাঁদের প্রতি না থাকলে ওষুধ কোন কাজেই লাগবে না। সেই জন্য চিকিৎসকদের অবশ্যই একটু সহানুভূতিশীল হতে হবে, যার অভাব ভীষণভাবে এখন পরিলক্ষিত হয়। কমার্শিয়াল ফার্মের মত চিকিৎসা ব্যবস্থাকে কমার্শিয়াল

াপে পরিণত করবেন না। এমন অবস্থা দাঁড়াচ্ছে যে এটাকে আপনারা নগ্যাল প্রফেশানের মধ্যে ফেলে দিচ্ছেন। মেডিকেল প্র্যাকটিশনার্স ানে মেডিকেল সার্ভিসেস বোঝায় না। ডাক্তাররা Bread and butter ite at the cost of distress of the commom people. মাননীয় ধ্যক্ষ মহাশয়, আরো বলছি একজন ডাক্তার হিসাবে—দু'জন ডাক্তার যাচ্ছে। ার মধ্যে একজন সাইকেল করে আরেক জন হেঁটে আসছে, তাদের মধ্যে কথাবার্তা চ্ছে—একজন আরেক জনকে প্রশ্ন করছে—ব্রাদার কিরকম বাজার চলছে? তীয় জন বললো যে, রোগীপত্র কিছু নেই, ভালো যাচ্ছে না। আবার আরেকদিন ই দু'জনের দেখা হোল—ব্রাদার কি খবর? তাতে দ্বিতীয় জন বলছে আমার থন রোরিং প্র্যাকটিশ, কলেরা এপিডেমিক হয়ে দেখা দিয়েছে। সুতরাং এই তো বস্থা, এরাই সমাজের হত্যাকারী বন্ধু বলে পরিচিত। যখন গরীব মানুষ অসুস্থ য়ে পড়ছে তখন এরা দাঁও মারছে। আমি সেই জন্য ডাক্তারদের অনুরোধ করছি াপনারা একটু চিন্তা-ভাবনা করুন, স্বাস্থ্য ব্যবস্থাকে যাতে উন্নত করা যায় তার জন্য কটু আপনারা ভাবুন। শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করবেন না। ই বাজেটে যে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে তাকে পরিপূর্ণ মর্থন করছি। এই বাজেট বরাদ্দকে সমর্থন করছি এই কারণে যে, বড় বড় কাজ রতে গেলে যে সমস্যা এবং যে অর্থের প্রয়োজন সেই তুলনায় এখানে অনেক কম াকা চাওয়া হয়েছে। এই প্রসঙ্গে আরেকটি কথা বলার প্রয়োজন আছে। আমি ন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, রাইটার্স বিল্ডিংসের সমস্ত অফিসারদের যে াটগুলি আছে সেগুলি রাখবেন না। রাইটার্স বিল্ডিংস থেকে ভেঙে একটি একটি রে ডিষ্ট্রিক্টগুলির এবং এ্যাডিশন্যাল ডাইরেকটরের হাতে দিয়ে দিন। এইভাবে ডসেনট্রলাইজ করুন। আপনারা প্রশাসন দীর্ঘ দিন ধরে, দীর্ঘ ৩০ বছর ধরে যভাবে রাখা ছিল সেটাকে ভেঙে দেওয়ার ব্যবস্থা করুন। এই কথা বলে আমার ক্তব্য শেষ করছি।

[7.30—7.40 P.M.]

শ্রীঅরুণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তার সম্বন্ধে ২/১টি কথা বলবো। সরকার পক্ষের সদস্যরা পৃথিবীর কথা, কেন্দ্রের কথা বলবেন। আনন্দের কথা সরকার পক্ষের একজন সদস্য ছায়া ঘোষ পশ্চিমবাংলার মানুষ এই দপ্তর সম্বন্ধে কি বলছে তা বুঝতে পেরেছেন বলে

প্রকাশ্যে কিছু বলে গেলেন বিরোধিতা করে। তাঁর সৎ সাহস আছে বলে তিনি বললেন। যে-সমস্ত সদস্যরা এই ব্যয়বরাদ্দ সমর্থন করলেন তাঁদের অনুরোধ করছি এই স্বাস্থ্য দপ্তরের ব্যবস্থাপনায় কি অব্যবস্থার মধ্য দিয়ে হাসপাতাল এবং হেলথ সেন্টারগুলি চলছে তা খোঁজ নিয়ে দেখুন। এই হাউসে সরকার পক্ষের বহু সদস্য বহুভাবে বারবার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন যে, বহু হাসপাতালে এবং হেলথ সেন্টারে এ্যাম্বুলেন্স নেই। আজও পশ্চিমবাংলার বহু হাসপাতালে এ্যাম্বুলেন্স নেই। এ তথ্যও আমার কাছে আছে। আজ পর্যন্ত যে-সব হাসপাতালে এক্স-রে মেশিন আছে তা কোথাও চলে না। সেখানকার রেডিওলজিষ্টরা রোগীদের বলেন, বাইরে গিয়ে এক্স-রে করুন, এতে ছবি ওঠে না। অমলবাবু শিশুদের সম্বন্ধে বললেন। শিশুদের জাতির ভবিষ্যৎ বলে মনে করা হয়। সেই শিশুদের অবস্থা কি একটু শুনুন। ডাঃ বি. সি. রায় শিশু হাসপাতালে অভিভাবকরা শিশুদের নিয়ে যাচ্ছেন না।। এটি ২৫০ বেডের হাসপাতাল। এখানে ১৩০/১৪০ জন রোগী থাকে, বাকী সিট খালি থাকে। ১৯৭৬ সালে এখানে এডমিশান হয়েছিল ১২৫৫৪, মারা গিয়েছিল ১৫৫৭—১২.২৮%। ১৯৮২ সালে সেখানে মানুষ শিশু নিয়ে যাচ্ছেন না। এ বছরে ভর্তি হল ৬৭৮৯, মারা গেল ১৬১৫—মানে ২৩.১৭%। ১৯৮৩ সালে ১৩০৫ জন শিশু ভর্তি হল, মারা গেল ৩২০ জন—মানে ২৭.০৩%। এই হাসপাতাল সম্বন্ধে বহু অভিযোগ আছে। অর্থাৎ দিনের পর দিন ডিটিওরেট করছে। আমরা বলতে চাই এই দপ্তর থেকে কোটি কোটি টাকা খরচ হবে, আর দিনের পর দিন ডিটিওরেট করবে—এটা কেন? আমার কাছে বহু অভিযোগ আছে মফঃস্বল হাসপাতাল সম্বন্ধে। তিনি ডায়েট, ক্যালোরির কথা বলেছেন। গ্রামবাংলা আর শহরের মানুষের মধ্যে আপনারা তফাৎ করে রেখেছেন। গ্রামবাংলার হাসপাতালে একজন রোগীর জন্য পথ্য হচ্ছে দৈনিক ৪ টাকা, আর কলকাতার জন্য সাড়ে ৪ টাকা, এস. এস. কে. এম-এর জন্য ৫ টাকা। গ্রামবাংলায় হাফ ডাক্তাররা রোগী দেখবেন, পথ্য ৪ টাকা—আর শহরের জন্য সাড়ে চার/পাঁচ টাকা। গ্রাম বাংলার মানুষদের মানুষ মনে না করার কারণ কি বুঝতে পারছি না।

ব্লাড ব্যাঙ্কে চরম অবস্থা। ২/১ বোতল ব্লাডের জন্য সারা পশ্চিমবাংলায় যে যেখানে আছে ঘুরে বেড়াচ্ছে ব্লাড ব্যাঙ্কে। সকলে নানা রকম কথা বললেন, কিন্তু ব্লাড ব্যাঙ্কে যে চরম দুরবস্থা চলছে, মানুষ সেখানে কোন রক্ত পাচ্ছে না, সে কথা কেউ বললেন না। সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে শতকরা ২ জন মাত্র রক্ত পায়, বাকি লোককে ব্ল্যাক মার্কেটে রক্ত কিনতে হবে ১৮০ টাকায় ২০০ টাকায়। ব্লাড ব্যাঙ্কে দাঁড়িয়ে লোককে ব্ল্যাক মার্কেটে রক্ত কিনতে হচ্ছে। শ্যামবাজারে ড্রিমল্যাণ্ড

নার্সিং হোমে ব্লাড ব্যাঙ্কের যিনি তত্ত্বাবধায়ক তিনি মেডিকেল কলেজের ব্লাড ব্যাঙ্কের প্রাক্তন ডাইরেক্টর। ব্লাড ব্যাঙ্কের ব্লাড চুরি করেছিলেন বলে তাঁর চাকরি গেছে। তিনি সেখানে রক্ত দেখাশুনা করছেন, তাঁর কাছে রক্তের জন্য পাঠিয়ে দেওয়া হচ্ছে, তিনি রক্ত সাপ্লাই করছেন। ব্লাড ব্যাঙ্কের লোকেরা সেখানে গিয়ে পার্ট টাইম চাকরি করছে। সেটা আপনার নলেজে আছে, কিন্তু আপনি সেটা দেখেন না। মানুষে যেখানে রক্তের জন্য রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, সেখানে আমাকে বলতে হবে যে, পশ্চিমঙ্গের স্বাস্থ্য দপ্তর ভালভাবে চলছে? ব্লাড তৈরী করার জন্য কয়েক লক্ষ টাকা খরচ করে প্লাজমা মেশিন বসান হয়েছে, কিন্তু সেই প্লাজমা মেশিন আজো চলছে না। সেখানে যারা চাকরি করে, কয়েক হাজার টাকা তাদের মাইনে দেওয়া হয়। মাসে মাসে তারা মাইনে নিয়ে চলে যাচ্ছে, এটা আপনার নলেজে আছে, অথচ আপনারা চুপ করে বসে আছেন। মিস ইউজ অব মানি কি ভাবে হচ্ছে সেটা আপনারা ভালভাবে জানেন। তারপর কন্ট্রাক্টররা যা খুশী খাদ্য দিচ্ছে। আপনি নিশ্চয়ই জানেন ৪/৫ মাস বাদে বাদে রাইটার্স বিল্ডিংসে বসে বসে তাদের বিল তৈরী হয় অর্থের বিনিময়ে। তারা কোন রেট দেয় না, সেখানে বসে বিল তৈরী হয়, এটা আপনার নজরে আছে, অথচ এর কোন প্রতিবাদ হচ্ছে না। আপনার ভাষণে দেখলাম অনেক হাসপাতালে বেড বাড়ান হয়েছে, কিছু কিছু নতুন হাসপাতাল তৈরী করার পরিকল্পনা নিয়েছেন। আপনি জানেন আজো অনেক হাসপাতালে, এমন কি এস এস কে এম হাসপাতালে মেটারনিটি ওয়ার্ডে একটা বেডে ৪ জন রোগী থাকে। বার বার বলা সত্ত্বেও আপনারা বেড বাড়াচ্ছেন না। দুর্নীতি সব জায়গায় হচ্ছে। লেডি ডাফরিনের সুপারিনটেনডেন্টের কোয়ার্টার রয়েছে, সেই কোয়ার্টার তিনি চাবি দিয়ে রেখেছেন। তাঁকে হাউস রেন্ট এ্যালাওয়েন্স দেওয়া হচ্ছে এবং সরকারী গাড়ী এবং পেট্রোল দেওয়া হচ্ছে। তিনি গাড়ীতে করে বাড়ী গিয়ে হাওয়া খেয়ে আসছেন, কোয়ার্টারে চাবি দেওয়া আছে। তাঁর বিরুদ্ধে কিছু করা যাচ্ছে না, যেহেতু তিনি আপনাদের লোক। শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালের সেক্রেটারী আপনাদের লোক। তিনি ডাক্তারকে কোয়ার্টার থেকে বের করে দিয়ে সেখানে বসবাস করছেন। সেই ডাক্তার বাইরে থেকে আসতে পারছেন না, অথচ সেক্রেটারীকে কোয়ার্টার দেওয়া হয়েছে। আইনে কোথায় আছে যে, সেক্রেটারীকে কোয়ার্টার দিতে হবে? এইভাবে দুর্নীতি চলছে। এই দুর্নীতি যদি বন্ধ করতে পারেন তাহলে বহু কোটি টাকা বেঁচে যাবে এবং এই অব্যবস্থা যদি বন্ধ করতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের আশীর্বাদ করবে এবং দরিদ্র রোগী যারা হাসপাতালের দরজায় দরজায় ঘুরছে তারা ভর্তি হবার

সুযোগ পাবে। টি বি পেসেন্ট বরাবর সপ্তাহে ২ বার করে ওষুধ পেত, এখন ৬/৮ মাস অন্তর ১ সপ্তাহের ওষুধ পাচ্ছে। এটা আপনি খোঁজ নিয়ে দেখবেন, এর চেয়ে লজ্জার কথা আর কিছু হতে পারে না। এই দুরবস্থার জন্য এই বাজেটের বিরোধিতা করে এবং তীব্র প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7.40—7.50 P. M.]

শ্রীচিত্তরঞ্জন মৃধা ঃ মিঃ স্পীকার স্যার, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীঅম্বরীশ মুখার্জি মহাশয় যে বাজেট বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন, সেই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি দু'-চার কথা বলতে চাই এবং সেই সাথে সাথে আমি এই বাজেট ভাষণের একটা লাইন এখানে পড়ে দিতে চাই— "সুন্দরবন অঞ্চলে চিকিৎসা-সাহায্য দানের জন্যও একটি ভাসমান ডিসপেনসারী স্থাপনের উদ্দেশে ১৯৮৩-৮৪ সালের বাজেটে অর্থ বরাদ্দ করা হয়েছে।" এই কথা লেখার জন্য আমি সুন্দরবনের সদস্য হিসাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই। যে সুন্দরবন চিরদিন অবহেলিত, উপেক্ষিত কুসংস্কারাচ্ছন্ন, সেই সুন্দরবনে যেখানে কলেরা, মহামারী এবং সাপে কামড়ালে সেই ওঝা ছাড়া আর কিছু ছিল না, যেখানে কত প্রসূতি মায়ের জীবন শেষ হয়ে গেছে, যেখানে গুনিন ছাড়া আর কোন উপায় ছিল না—সেখানে এই ব্যবস্থা করছেন আমাদের সরকার, এতে কংগ্রেস পার্টির তরফ থেকে বিরোধিতা করবেন বৈকি! আমি বলতে চাই বিগত দিনে কংগ্রেস আমলে যিনি আমার প্রতিদ্বন্দ্বী, গোবিন্দ নস্কর—তিনি সুন্দরবনে বাসন্তীতে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র উদ্বোধন করবেন বলেছিলেন। কিন্তু স্থানীয় এম এল এ পঞ্চানন সিংহের সংগে গণ্ডগোল হবার জন্য তিনি সেই স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করতে পারলেন না। আজকে আমরা সেখানে সেই স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করেছি—আমরা পূর্ণভাবে সেটা প্রথম দিকে চালনা করতে পারি নি বলে সেখানে আমরা ডিসপেনসারী চালু করে দিয়েছি, বিনা পয়সায় ওষুধ পাবার ব্যবস্থা করে দিয়েছিলাম। তাই আমাদের বাজেটকে কংগ্রেস সমর্থন করতে পারছেন না। মাননীয় সদস্য শিশিরবাবু বদলীর কথা বললেন। প্রাক্তন মন্ত্রী একটি বিশেষ কারণের জন্য এক হাসপাতালের নার্সকে আর একটি হাসপাতালের কোয়ার্টার দেবার জন্য সেখানকার ডাক্তার ডাঃ আলিকে নির্দেশ দিয়েছিলেন। তিনি তা করেন নি বলে তাঁকে সিংকোনা প্রোজেক্টে ট্রান্সফার করে দেওয়া হয়েছিল। তার জন্য ডাঃ আলি রেজিগনেশন দিতে চেয়েছিলেন, চাকুরি পর্যন্ত ছেড়ে দিতে চেয়েছিলেন। কিন্তু সেটা হয় নি। তাঁর

আত্মীয়স্বজন সেই চাকুরি অনুরোধ করে রেখে দেয়। আজকে আমরা বাসন্তী হাসপাতালকে পূর্ণভাবে স্থাপন করেছি। ক্যানিং-এ একটা গ্রামীণ হাসপাতাল যেটা রয়েছে সেখানে কি অবস্থা ? সেখানে কম্পাউণ্ডারের হাতে সব। সেই কম্পাউণ্ডারের হাতে মেন ষ্টক, সাব-ষ্টক, ডিসপেনসারী, আউটডোর—এমন কি ওষুধের খাতা তাঁর কাছে আছে। তিনি আলি সাহেবের বিরোধিতা করেছিলেন এবং তিনি হচ্ছেন গোবিন্দ নস্করের হাতের লোক। আমরা তাঁকে বদলী করেছি বলে তিনি হাইকোর্ট করেছেন। এখানে জয়নাল সাহেব নেই, থাকলে বলতাম যে, ডাঃ আলির সাথে ওঁদের জানাশোনা ছিল। আজকে জনস্বাস্থ্য খাতে আমাদের এই বাজেটে ৫,৬১,২৯০০০ টাকা ধরা হয়েছে। ওঁদের আমলে ওঁরা জনস্বাস্থ্য বাজেটে ব্যয় করেছেন কি? ১৬ লক্ষ টাকা খরচ করে ক্যানিংয়ে রিজারভার তৈরী হয়েছে। আণ্ডার গ্রাউণ্ড পাইপলাইন বসানো হয়েছে। জল পাওয়া যাচ্ছে কি না দেখা হয় নি তখন। এখনও সেই ডিপ টিউবওয়েল বসে নি। সেই ডিপ টিউবওয়েল বসানোর জন্য আমাদের টাকা দিতে হয়েছে, আমাদের কষ্ট করতে হচ্ছে। ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টকে গিয়ে লাগতে হচ্ছে, তদ্বির করতে হচ্ছে। তবে একটাতে কিছু জল পাওয়া যাবে বলে খবর পাচ্ছি। আরেকটা এখনও অকেজো হয়ে পড়ে রয়েছে। সেই মাথাভারী ব্যবস্থায় জল উঠবে কিনা দেখার কেউ নেই, অথচ টাকা ব্যয় হয়ে গেল। সেই বাজেটকে ওঁরা সমর্থন করতে পারেন, আর আমাদের বাজেটকে ওঁরা বিরোধিতা করবেন ! আজকে সি এইচ ভি'র কথা উঠেছে। আমরা স্বাস্থ্য দপ্তরের সি এইচ ভি করেছি। তারা এক হাজার লোকপিছু গ্রামে গ্রামে চিকিৎসা করছে! সেই চিকিৎসা বিরাটভাবে কিছু করতে না পারলেও রোগীদের খবরটুকু নিয়ে এসে যেটুকু প্রাথমিক ষ্টেজে এর ওষুধ দেওয়া যায়, ঐ সালফাগোয়াডিন বা এনটারোকুইনাল বলুন, এইসব আমাশার বড়ি বা একটু বমির ওষুধ তারা যাতে দিতে পারে সেই ব্যবস্থা করেছি। তারা যখন সামলাতে পারছে না তখন সেই রোগীকে হাসপাতালে পৌঁছে দেওয়া, এই পদক্ষেপ ওঁরা দেখিয়েছেন কোনদিন? এক হাজার পিছু অন্ততঃ একটি মানুষ আছে যে খবর দিতে পারবে, এই সি এইচ ভি'র ব্যবস্থা আমরা করেছি। আমাদের নীচের তলার স্বাস্থ্যকর্মীদের কি অবস্থা ছিল একবার ভাবুন ? যে-সব নীচের তলার কর্মী কমিউনিষ্ট পার্টি করত, গ্রামে গ্রামে তারা একটু কাজ করছে এটাই তাদের অপরাধ ছিল। সেই অপরাধে আমাদের বিদ্যুৎ রায়চৌধুরী, যশময় ধর প্রমুখ হেল্‌থ কর্মীদের বীরভূম, পুরুলিয়া প্রভৃতি বিভিন্ন জায়গায় ট্রান্সফার করে দেওয়া হয়েছে। তারা গ্রামে কাজ করত, তাদেরকে তারা সহ্য করতে পারে না। তাদের

অপরাধ তারা কমিউনিষ্ট পার্টি করত। আজকে এঁরা বলছেন আমরা নাকি দলবাজী করছি। যক্ষা রোগীদের সম্বন্ধে আগে আমরা বিভিন্ন খবরের কাগজে দেখেছি এবং শুনেছি যে, যক্ষা রোগীর ভর্তির চিঠি আসতো তখন যখন সেই যক্ষা রোগীকে শ্মশানে পুড়িয়ে আত্মীয়স্বজনরা বাড়ী ফিরছে। আর আমরা বর্তমানে বলতে পারি অন্ততঃ বছরে ৫০/৬০টি করে রোগী ভর্তি করছি বিভিন্ন জায়গায় এ্যাজ ইউজুয়াল। এ্যাসিষ্ট্যান্ট ডিরেক্টার, টি বি তাঁকে দরখাস্ত জমা দেওয়া হচ্ছে, বুধবার বোর্ড বসছে, সেই বোর্ড থেকে পাশ হচ্ছে, তারা চিঠি পাচ্ছে এবং হাসপাতালে গিয়ে ভর্তি হচ্ছে। আজকে এই যে অবস্থাকে ওনারা অব্যবস্থা বলছেন। অব্যবস্থা থাকবে না? সীমিত ক্ষমতার মধ্যে আজকে যখন দেশে খাদ্যাভাব, দেশে যখন পুষ্টিকর খাদ্যের অভাবে টি বি হচ্ছে, দেশের প্রতি বাড়ী খুঁজলে দু-চারটি করে টি বি রোগী পাওয়া যায়, তখন আমরা হয়ত সকলের জন্য ব্যবস্থা করতে পারিনি, এই কথা ঠিক। আমরা বলতে চাইছি বিগত দিনের কথা আর আজকের দিনের কথা—দুটোর তুলনা করে দেখুন। আজকে যে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাজেট উত্থাপন করেছেন তাকে আপনারা বিরোধিতা না করে সমর্থন করুন। আমিও সেই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরামনারায়ণ গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের বাজেট বরাদ্দের উপর বিরোধীরা খুব জোরালো সমালোচনা কিছু করতে পারেন নি। তাঁরা গতানুগতিক কিছু কথাবার্তা বলেছেন, যেহেতু বিরোধী বেঞ্চে আছেন বিরোধিতা না করে উপায় নেই, সেইজন্য করেছেন। ওঁরা জানেন যে, আমরাও আরো বেশী সমালোচনা করি এবং আপনিও জানেন আমরা নিজেরা বামফ্রন্টের অন্যান্য দপ্তরের মত স্বাস্থ্য দপ্তর সম্পর্কে একটা আত্মসমালোচনামূলক দৃষ্টিভঙ্গী নিয়েছি। আপনি জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন যে, কংগ্রেসী অপশাসনের জের হিসাবে হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র এবং গোটা চিকিৎসা ব্যবস্থাটাকে আমরা কোন্ অবস্থাতে পেয়েছি। হাসপাতাল এবং হেল্‌থ সেন্টার—এসবগুলো যা আছে তা নরকের থেকেও জঘন্য অবস্থার মধ্যে আছে। সমাজবিরোধীদের একটা আড্ডার জায়গা হয়ে দাঁড়িয়েছে এইসব হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলি।

[7.50—8.00 P.M.]

হাসপাতালের এক অংশের কর্মীরা প্রতিদিন বিশৃঙ্খলা সৃষ্টি করার প্রচেষ্টা

করছেন। এছাড়া আপনি জানেন, স্বাস্থ্যকেন্দ্রগুলির সাইট সিলেকশান যেভাবে হয়েছে সেগুলি খুব আন-প্ল্যাণ্ড ওয়েতে খেয়ালখুশী মত হয়েছে এবং পরিচালন ব্যবস্থায় কিছু ত্রুটি আছে। এইভাবে আমরা স্বাস্থ্যকেন্দ্রগুলি পেয়েছি। এই রকম একটি অবস্থায় স্বাস্থ্য কেন্দ্র, হাসপাতাল এবং গোটা চিকিৎসা ব্যবস্থা আমাদের ঘাড়ে এসে চেপেছে। এই সম্পর্কে আমরা পূর্ণ ওয়াকিবহাল আছি। সুতরাং দু'-চারটে মজার কথা বলে লাভ কিছু নেই। অমলবাবু বলেছেন, এটা পেটি ফগারি, খুব বেশী কিছু করা যায় না। তবে এটা ওঁরা ঠিক বুঝতে পারছেন না, আমরা দৃঢ়-প্রতিজ্ঞ, এই সীমিত ক্ষমতার মধ্যে, বর্তমান সামাজিক কাঠামোর মধ্যে কিছু হেডওয়ে করা যায়, আমরা সেটা করব এবং পশ্চিমবাংলার সাড়ে পাঁচ কোটি মানুষের কাছে আমরা এই জিনিস প্রমাণ করব, এই বিষয়ে কোন দ্বিমত নেই। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন, গতবার বাজেটে আমি বলেছিলাম যে, আমরা পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান সৃষ্টি করতে চাই। সেদিক থেকে আমাদের একমাত্র মানসবাবু, সুকুমারবাবু এখানে উপস্থিত আছেন। এখন মুশকিল হচ্ছে সব জেলা থেকে ওঁদের আবার প্রতিনিধি নেই, দু'-একটি জেলা থেকে প্রতিনিধি আছেন। ওঁরা বোধহয় জানেন না বর্ধমান, হুগলী, বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া, জলপাইগুড়ি, মালদা ইত্যাদি কয়েকটি জেলায় আমি ঘুরেছি। যা কখন হয় নি, সেখানকার অগণিত জনসাধারণকে আমরা কাজে নামিয়েছি। আমরা বলেছি, পিপলস ইনভলভমেণ্ট মাষ্ট বি এ্যাসিওর্ড। স্বাস্থ্য দপ্তরের কাজে অগণিত মানুষকে আমরা নামিয়েছি। স্যার, আমাদের কিছু বক্তব্য আপনি শুনেছেন। বর্ধমানে ৬ মাস আগে কেউ কেউ হয়ত গেছেন এবং তাঁরা নিশ্চয় হয়ত আকাশ-পাতাল পার্থক্য দেখেছেন। ঐখানে গেলে আপনারা বুঝতে পারবেন যে, আমরা কি প্রচেষ্টা সেখানে শুরু করেছি। সুনীতিবাবু এখানে নেই, বীরভূমের ব্যাপারটা উনি জানেন। বীরভূমে সাবসিডিয়ারি হেলথ সেণ্টার থেকে শুরু করে ডিষ্ট্রিক্ট হসপিটাল পর্যন্ত সমস্ত জায়গায় আমরা পরিষ্কার অভিযান করেছি এবং এই ইতিবাচক কর্তব্য আমাদের যা কিছু ছিল এই সংক্ষিপ্ত সময়ের মধ্যে, এই অবস্থার মধ্যে সেটা আমরা করেছি। আপনি জানেন, একদিকে আমরা যেমন পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানে নেমেছি সব জায়গায় এবং জনসাধারণের অংশগ্রহণকে আমরা যেমন সুনিশ্চিত করছি, তেমনি অন্যদিকে এই সমাজবিরোধীদের হামলা কিভাবে রুখতে পারা যায় সেই প্রচেষ্টা চালিয়েছি। আমরা এখনো সবটা রুখতে পারিনি। কিন্তু মাননীয় স্পীকার স্যার, আমি কনফিডেণ্টলি বলতে পারি পশ্চিমবাংলার মানুষের কাছে এই সমাজবিরোধীদের হামলার কথা যে বলা হচ্ছিল তার পিছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে।

সেই হামলাবাজীর রাজনৈতিক স্বরূপ এ যাবৎকাল প্রকাশিত হয় নি। সেটা এখন প্রকাশিত হয়ে গেছে মানুষের কাছে। বর্ধমান হাসপাতালের কথাই ধরুন—সেই হাসপাতালের কিছু অংশের কর্মী এবং বাইরের সমাজবিরোধীরা মিলে সেই হাসপাতালের সুপারিনটেনডেন্টের মাথায় পায়খানা ঢেলে দিয়েছে। ডি এম, এস পি-র গাড়ী ভেঙ্গে দেওয়া হয়েছে। হাসপাতালের সেই সব নোংরা আমাদের সাফ করতে হচ্ছে। খেয়ালখুশী মত সিক্ত ওয়ার্ক করে যাচ্ছেন, কেউ কাজে আসছেন না। সেখানে ৪২ জনের পে আমরা উইথহেল্ড করলাম এবং ১৬ জন যে সিক্ত ওয়ার্ক করেছিল তাদের সামারি ডিসমিস যখন করে দিলাম, তখনই সঙ্গে সঙ্গে তাদের রাজনৈতিক স্বরূপ প্রকাশ হয়ে পড়ল। ছুতোনাতা খোঁজা হচ্ছিল। মনীষীর ছবি টাঙানোর ব্যাপার নিয়ে ওঁদেরই নেতা মনোরঞ্জনবাবুর নেতৃত্বে দল বেঁধে গেলেন। উনি আবার ওঁদেরই কংগ্রেসী নেতা, সেখানকার সুপারিনটেনডেন্টকে মারলেন। তাঁর সোল্ডার জয়েন্ট ডিসলোকেশান হয়ে গেল। সম্প্রতি এন আর এস নিয়ে বলছেন। মাননীয় মন্ত্রী অম্বরীশবাবু বলেছেন, এটা রাজনৈতিক উদ্দেশ্য ছাড়া আর কিছু নয়। এই সব জিনিস ওঁরা করলেন। ওঁরা একটা কি চিঠি দেখিয়ে বললেন, সুপারিনটেনডেন্ট নাকি বলেছেন, ওষুধের অভাবের জন্য হাসপাতাল বন্ধ রেখেছেন। আমি খুব জোর দিয়ে কনফিডেন্টলি বলছি, সুপারিনটেনডেন্টকে এ চিঠি লিখতে বাধ্য করা হয়েছে। তিনি ঐ নোটিশ ডিসপ্লে করতে বাধ্য হয়েছেন। সেখানকার হাউস ষ্টাফ, ইনটারনিজ যাঁরা আছেন উইথ এ পলিটিক্যাল মোটিভ, বাজেট সেসান আসছে জেনেই এইসব কাণ্ডগুলি করেছেন। আমরা সেগুলির মোকাবিলা করব। এই সমস্ত হাউস ষ্টাফ, ইনটারনিজরা যে-সব কাণ্ড করেছেন তার জন্য তাঁদের হাউস ষ্টাফশিপ ইনটারনিজশিপ সার্টিফিকেট দেওয়া হবে কিনা সেই সম্পর্কে আমরা চিন্তা-ভাবনা করছি। মাননীয় স্পীকার স্যার, ওঁরা হামলাবাজীর কথা বলছেন, মানসবাবু, সুকুমারবাবু, হৈমীবাবু, এঁরা সকলেই হামলাবাজীর কথা বললেন।

সুকুমারবাবু, মানসবাবু জানেন হৈমীবাবুকে সেদিন পুলিশ আটকে ছিল, ঐ এস এস কে এম হাসপাতালে। তিনি হাঙ্গামা করতে গিয়েছিলেন এবং পুলিশ তাঁকে গ্রেপ্তার করেছিল। এঁরাই আজকে সমাজবিরোধীদের হামলাবাজীর কথা বলছেন। কি করেছিলেন আপনাদের নেতা সুব্রত মুখার্জী?

মিঃ স্পীকারঃ এস এস কে এম-এর ব্যাপারটি সাব-জুডিস, আপনি ওটা নিয়ে বলবেন না।

শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ আমি স্যার, শুধু মেনশান করছিলাম। যাইহোক বলছি না। আবার বলি, সুব্রত মুখার্জী কি করলেন? তিনি এন আর এস হাসপাতালে গিয়ে কয়েকদিন আগে সেখানে আমাদের যে গার্ড আছে তাকে তিনি ধরে পেটালেন! স্বভাবতঃই আপনি বুঝতে পারেন শুধু সমাজবিরোধীদের হামলা নয়, এর পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে, যে উদ্দেশ্যটা আজকে বিভিন্ন হাসপাতালে প্রকাশিত হয়ে পড়েছে। বাঁকুড়ায় প্রকাশিত হয়ে পড়েছে, কালিম্পং-এ প্রকাশিত হয়ে পড়েছে এবং এন আর এস ও অন্যান্য হাসপাতালে প্রকাশিত হয়ে পড়েছে। অন্যদিকে বলতে পারি যত হামলার খবর এবং হাঙ্গামার খবর কাগজে বেরিয়েছে সবটা কিন্তু সত্য নয়। ধরুন ২৪ পরগনার বারুইপুরের হাসপাতাল সম্পর্কে শোনা গেল যে, বাইরে থেকে হামলা করে একজন ডাক্তারকে ছুরি মারা হয়েছে। ঘটনাটা কিন্তু তা নয়। সঙ্গে সঙ্গে সেখানে আমাদের ডি এইচ এস ডি ডি এইচ এস গিয়েছেন এবং জেনেছেন সেই ডাক্তার নিজেই সিজোফ্রেনিয়া রোগী, কোন হামলা তাঁর উপর হয় নি। অনুরূপভাবে আলিপুর-দুয়ারে সেখানে একজন পেসেন্ট খুন হল, তাই নিয়ে চারিদিকে চিৎকার এবং কংগ্রেসীরা তাই নিয়ে একটা মিছিলও করে ফেললো। তারা বললে, হাসপাতালের কর্মীরা, ডাক্তাররা তারা নাকি এই কাণ্ড করেছে, সমাজবিরোধীরা করেছে। তার পরের দিনই আমি নিজে আলিপুরদুয়ারে গিয়েছি। এটা এখন আমি করছি, চারিদিকে যাচ্ছি। আলিপুরদুয়ারে চিকিৎসার অবহেলার কোন ব্যাপার নয়, সেখানে হাসপাতালের কোন কর্মীও তার সঙ্গে জড়িত নয়, সেই মেয়েটি তাদের নিজেদের পারিবারিক কলহের পরিণতিতে খুন হয়েছে। কাজেই এর থেকে বোঝা যায় যত কিছু কাগজে বেরুচ্ছে বা যা নিয়ে হৈ চৈ করা হচ্ছে তার সবটাই সত্য নয়। তাছাড়া স্যার, এই হামলার পেছনে আরো যে কারণ আছে সেটা হচ্ছে কিছু বিকৃত তথ্য সেখানে প্রচার করা হয়েছে। আমরা বিক্ষিপ্তভাবে এবং বেশী করে ডাক্তারদের বিরুদ্ধে অপবাদ রটিয়েছি, ডাক্তাররা স্কেপগোট হয়েছেন। আমরা বলেছি, ডাক্তাররা ফাঁকিবাজ, তাঁরা গ্রামে যেতে চান না, তাঁরা সব প্রাইভেট প্রাকটিস করেন, বিজনেসম্যানের মতন ব্যবসা করেন ইত্যাদি ইত্যাদি। এইভাবে একতরফা সব অপবাদ ছড়ানো হয়েছে। স্বভাবতঃই আপনারা বুঝতে পারেন এর দ্বারা ডাক্তার এবং স্বাস্থ্য কর্মীদের মর‍্যালকে একেবারে দমিয়ে দেওয়া হয়েছে। আমি বারবার বিভিন্ন জায়গায় গিয়ে ম্যাস মিটিং করে বলেছি, কর্মীদের মিটিং করে বলেছি যে, so far treatment is concerred we are to rely

upon the Doctors. ডাক্তারদের বিরুদ্ধে একতরফা অপবাদ ছড়িয়ে হয়তো ভোট পাওয়া যেতে পারে, কিন্তু তাতে চিকিৎসা ব্যবস্থার কোন উন্নয়ন আমরা করতে পারবো না। ডাক্তারদের বিরুদ্ধে এইভাবে একতরফা অপবাদ ছড়িয়ে এর সমাজবিরোধীদের হামলাকে প্রশ্রয় দিয়ে ওরা একটা অবস্থা তৈরী করেছেন এর আমরা সেগুলির মোকাবিলার চেষ্টা করছি। অন্য দিকে আমি খুব খোলাখুলি বলছি, হাসপাতালগুলিতে এক শ্রেণীর কর্মী আছেন, যাঁদের কাজের পেছনে রাজনৈতিক উদ্দেশ্য আছে। আমরা বারবার তাদের কাছে এ্যাপিল করেছি যে আপনারা আপনাদের আন্দোলনের স্বার্থে কাজ করুন। আপনারা জানেন ডাক্তার থেকে শুরু করে একেবারে সুইপার পর্যন্ত তাঁরা আজকে কোন মানুষের সমর্থন পাচ্ছেন না। আমরা বলেছি, আপনাদের আন্দোলনের স্বার্থে মানুষের সমর্থন আপনাদের আদায় করে আনতে হবে এবং তা করতে গেলে মানুষের আস্থা আপনাদের কিছু অর্জন করতে হবে। কাজেই আপনারা হাসপাতালে শৃঙ্খলা ফিরিয়ে আনুন এবং কিছুটা সেবার মনোভাব নিয়ে কাজকর্ম করুন। তবে স্যার, আমরা জানি, ১৯৭২—৭৭ সালের সেই অন্ধকারের যুগে যারা পয়দা হয়েছে আমরা বললেও তাদের জন্য এখনই সব জায়গায় শান্তি-শৃঙ্খলা ফিরে আসবে না কাজেই under compulsion of the circumstances আমাকে কিছু মেজার নিতে হয়েছে। ইতিমধ্যে ৪১ জনকে আমাকে সাসপেণ্ড করতে হয়েছে। উপায় নেই তাই করতে হয়েছে। কয়েকজন মামলা ইত্যাদি করেছেন। সেই সবের মোকাবিলা আমরা করবো। কিছুর পে উইথহেল্ড করতে হয়েছে। সে ব্যাপারেও মামলা হয়েছিল, সেই মামলায় আমরা জিতে গিয়েছে। কিছুকে ডিসমিস করতে হয়েছে এই সমস্ত ডিসিপ্লিনিয়ারী এ্যাকশন আমাকে নিতে হয়েছে। প্রায় ৪৮ জনের পে ইউথহেল্ড করে দিয়েছি এবং ১৬ জনকে ডিসমিস করে দিয়েছি। এইভাবে আমরা শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনছি এবং মানুষের উদ্যোগকে আমরা কাজে লাগাবার চেষ্টা করছি। তাছাড়া যে বিকৃত প্রচার ডাক্তার এবং স্বাস্থ্যকর্মীদের বিরুদ্ধে চলছে সেটাকে আমরা কাটিয়ে ওঠার চেষ্টা করছি।

[8.00—8.10 P. M.]

অন্যদিকে আপনারা জানেন বিভিন্ন জায়গায় হাঙ্গামা হত, কিন্তু আমাদের ডিপার্টমেন্ট, ডাইরেকটরেট সব ক্ষেত্রে হাজির হতে পারত না। এখন মানসবাবুর সকলেই স্বীকার করবেন যে, কোন জায়গায় হাঙ্গামা হলে খুব প্রম্পটলি অফিসারর ছুটে যাচ্ছেন, হস্তক্ষেপ করছেন, প্রয়োজনীয় সাহায্য যা কিছু করার সেগুলি তাঁর

করছেন। অন্যদিকে আপনারা জানেন জনগণের অংশগ্রহণকে আরো ভালভাবে করার জন্য আমরা বলেছি। বিশেষ করে কলেজ হসপিটালগুলিতে আমরা ম্যানেজমেন্ট বোর্ড তৈরী করেছি এবং সেই ম্যানেজমেন্ট বোর্ডসবে মাত্র ফাংশান করতে শুরু করেছে। আমরা আশা করি তার মধ্য দিয়ে কিছুটা এগিয়ে যেতে পারব। আপনারা জানেন স্বাস্থ্য দপ্তর একা চলতে পারে না। পি. ডবলিউ. ডি., ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং, জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন ইত্যাদি সকলের সাথে মিলে আমাদের চলতে হয়। কিন্তু আগে কোন দপ্তরের কাজের সাথে কোন কো-অর্ডিনেশন ছিল না, যেটাকে ইণ্টার ডিপার্টমেণ্টাল কো-অর্ডিনেশন বলে, সেটা ছিল না। সেটা করার জন্য আমরা একটা ডিষ্ট্রিক্ট লেভেল কো-অর্ডিনেশন কমিটি তৈরী করেছি এবং ডি. এম. ও. চেয়ারম্যান হিসাবে থাকবেন, সি. এম. ও. তার কনভেনর হবেন। এই ভাবে আমরা একটা কমিটি করেছি। সেই কমিটি বিভিন্ন জায়গায় বসতে শুরু করেছে এবং আমরা মনে করি এই কমিটি ঠিকমত ফাংশন করতে শুরু করলে বড় বড় যে-সব অসুবিধা আছে সেগুলি দূর করতে পারব। তাঁরা প্রতি মাসে বসবেন এবং কি কি অসুবিধা হচ্ছে, না হচ্ছে সেগুলি সব ডিপার্টমেণ্টকে জানাবেন, এই ভাবে একটা প্রচেষ্টা শুরু হয়েছে। এছাড়াও নানা রকম অসুবিধা আছে, ওঁরা বলেছেন, সে-সব বিষয়গুলি আমরা জানি। সুপারিনটেনডেণ্ট, ডি. এম. ও. যাঁরা আছেন তাঁরা এত বেশী প্রশাসন ব্যবস্থার সংগে জড়িয়ে থাকছেন—এমন কি প্রাইমারী হেল্থ সেণ্টারের ডাক্তারবাবুকে পর্যন্ত প্রশাসনের কাজে জড়িয়ে থাকতে হয়, ফলে হাসপাতালের উন্নতি করার জন্য, রোগীদের সেবা করা. চিকিৎসার ব্যবস্থা করার মত সময় থাকে না। সেই জন্য আমরা ঠিক করেছি হোম (পি. এ. আর.) ডিপার্টমেণ্টের সংগে আলোচনা করে তাড়াতাড়ি সেক্রেটারি দেবার কথা ভাবছি, সব জায়গায় দিতে পারব না। প্রাইমারী হেল্থ সেণ্টারগুলিতে ক্লার্ক দিতে পারি কিনা, সেটাও আমরা চিন্তা করছি। এটা করতে পারলে তারা খানিকটা সাহায্য করবে। এছাড়া আপনারা জানেন, ছোটখাট সামান্য ব্যাপারে বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে, প্যাথোলজিক্যাল ক্লিনিকে ব্লাড, ষ্টুল ইত্যাদি পরীক্ষা যা হয়ে থাকে, এতদিন পর্যন্ত সেই সুযোগ ছিল না। আমরা এই বাজেটে প্রভিশন রেখেছি সমস্ত প্রাইমারী হেল্থ সেণ্টারে প্যাথোলজিক্যাল ডিপার্টমেণ্টে খুলে দেব—আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। তারপর ওষুধ সরবরাহের অব্যবস্থা আছে বলেছেন। এটা ওঁদের দান, তখন থেকেই চলে আসছে। এইসব জিনিস আমরা দেখেছি। সেদিক থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি কিছুটা বিকেন্দ্রীকরণ করব। ডিষ্ট্রিক্টের ডি. আর. এস. গুলিকে আমরা

শক্তিশালী করব। এছাড়া আপনারা জানেন, আমাদের হসপিটাল লেভেল অনেক গ্রাম আছে, এটা আমি দেখছি। নতুন মন্ত্রী হয়েছি, এই অভিজ্ঞতা ছিল না, এখন অভিজ্ঞতা হচ্ছে আস্তে আস্তে। সেখানে মেকানিক্যাল ইউনিট আছে। সেখানে কারপেণ্টার আছে, টিনস্মিথ আছে, গার্ডেনার আছে। কিন্তু এই গার্ডেনার, মালিদের কোন কাজ নেই। আমি এখন সব খোঁজখবর নিয়ে জানতে পারছি। কয়েকজন টিনস্মিথ, কার্পেণ্টার আছে, কয়েকজন মেকানিক্যাল ইউনিটের লোক আছে। কিন্তু তাদের কোন টুলস নেই। ৫০০ থেকে ১০০০ টাকার মধ্যে সেইসব টুলস হয়ে যাবে। সেই জন্য আমরা ঠিক করেছি যতদূর সম্ভব এসব টুলস পাঠিয়ে তাদের কাজে লাগাবার ব্যবস্থা করব। গুড নাম্বার অব মালিজ বিভিন্ন জায়গায় আছে, তাদের কোন কাজ নেই। সেই মালিগুলিকে কাজে লাগিয়ে আমরা গার্ডেন করার কথা চিন্তা করছি। সোস্যাল ফরেষ্ট্রি ডিপার্টমেণ্ট হল পরিমলবাবুর দপ্তর। ওঁর সংগে আলোচনা করে প্রত্যেকটি হাসপাতালে ফুলের বাগান ইত্যাদি করতে পারি কিনা, সেই ব্যাপারে আমরা চিন্তা-ভাবনা করছি। দীর্ঘদিন ধরে আমরা এই সব ত্রুটিগুলি দেখছি। চলবে কি করে? কনটিনজেন্সির জন্য যে টাকা রাখা হয় তার পরিমাণ খুব কম। আমরা তাই সিদ্ধান্ত নিয়েছি বিভিন্ন হেডে যে টাকাগুলি দেওয়া হয় সেই টাকার পরিমাণ আমরা বাড়িয়ে দেব। এইসব কাজ আমরা হাতে নিয়েছি। ডাক্তার নিয়োগের ব্যাপারে ওঁরা কিছু কথা বলেছেন। আমরা সেপ্টেম্বর মাসে এসেছি। আমরা আসার ৬/৭ মাস-এর মধ্যে পি. এস. সি. ৯৪০ জনের মত ডাক্তারের একটা প্যানেল লিষ্ট আমাদের কাছে পাঠিয়েছে। এই লিষ্টটি আমরা পেয়েছি। আমরা সবাইকে এ্যাপয়েনমেণ্ট লেটার দিয়েছি, কিন্তু মাত্র ২৬৩ জন জয়েন্ করেছে এবং এ্যাড-হক রিক্রুট হয়েছে ২১৮ জন। আমি মানসবাবুকে বলব যে, তিনি ওঁদের একটু বোঝান, ওঁদের সবাইকে জয়েন করতে বলুন। আমরা আগে থাকতেই ভাবছি যে, আমাদের এ্যাড-হক এ্যাপয়েন্টমেণ্ট দিতে হবে। অবশ্য এ বিষয়ে বিরোধী সদস্যরা আমাদের প্রস্তাবকে সমর্থন করছেন। অ্যাড-হক ছাড়া বোধহয় আমাদের আর কোন রাস্তা থাকছে না। আজ পর্যন্ত ২৪০ জন ডাক্তারের ভেকেন্সি আছে এবং ফিফথ্ লিষ্টে ৬৭২ জনের প্যানেল আছে। আমরা সেই প্যানেল ছাড়তে শুরু করেছি, তবে কতজনকে পাব জানি না। তারপরে ভেকেন্সি দেখে এ্যাড-হক এ্যাপয়েন্টমেণ্ট দেব।

স্যার, তারপরে বিভিন্ন জায়গায় যেভাবে হাসপাতাল গড়ে উঠেছে তা দেখে আমি অবাক হয়ে গেছি। অবশ্য আমি এর আগে এ-সবের সঙ্গে খুব বেশী যুক্ত ছিলাম না, মূলতঃ কৃষক আন্দোলন করতাম। এখন দেখছি এবং অবাক হচ্ছি।

মাঠের মাঝে হাসপাতাল হয়েছে, শ্মশানের পাশে হাসপাতাল হয়েছে। এমন জায়গায় হাসপাতাল হয়েছে, যার তিন মাইল রেডিয়াস্ নিয়ে কোন গ্রাম নেই। ইতিপূর্বে এইসব হয়েছে। আজকে আমি পরিষ্কার জানিয়ে দিয়েছি এই রকম কোন জায়গায়, শ্মশানের ধারে আমরা কোন হাসপাতাল করব না। এম. এল. এ. বা অন্য কোন জনপ্রতিনিধি এইরকম কোন জায়গায় হাসপাতাল করবার জন্য আমার ওপর চাপ দিলে, কমপক্ষে সেই এম এল এ বা জনপ্রতিনিধিকে ছেলে-মেয়ে নিয়ে ৬ মাস সে জায়গায়—শ্মশানের ধারে থাকতে হবে। তা না হলে সেখানে হেলথ সেন্টার করব না। এটা পরিষ্কার বলে দিচ্ছি। তা না হলে ডাক্তারদের বা নার্সদের শ্মশানের ধারে পাঠান যাবে না। স্থান নির্বাচন নিয়ে বিভিন্ন ঘটনা আমরা দেখেছি এবং মেদিনীপুরের বিভিন্ন জায়গায় আমি বলেছি, এইরকম কোন স্থানকে নির্বাচন করা হবে না।

এ ছাড়াও বেশীর ভাগ জায়গায় আমরা দেখতে পাচ্ছি বাউণ্ডারি ওয়াল নেই, কিচেন নেই। আমরা পরিষ্কার বলে দিয়েছি, বাউণ্ডারি ওয়াল, ইট ইজ মাষ্ট, না হলে আমরা হাসপাতাল বা হেলথ সেন্টার টেকওভার করব না।

তারপর বিরোধী পক্ষ থেকে এখানে বলা হয়েছে, এই দপ্তরে দু'জন মন্ত্রী এসেছেন এবং তার পরে ৬ মাস হয়ে গেল, কিন্তু ৬ মাসে এ্যাচিভমেণ্ট কিছুই হয় নি। এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে, আমরা দু'জন মন্ত্রী এসেছি ঠিক কথা এবং গত ৬ মাসে আমরা ১৪টি হাসপাতাল বা হেল্থ সেণ্টার করেছি এবং এখন পর্যন্ত শয্যা সংখ্যা বাড়িয়েছি ১৪২১টি। গত ৬ মাসে ১৪২১টি নতুন বেড বেড়েছে। যা ওঁরা কখনো পারেন নি। এ ছাড়াও ৯টি হাসপাতাল তৈরী হয়ে গেছে, এপ্রিল বা মে মাসে ওপেন করব। আর ৬৬টি'র মত হেল্থ সেণ্টার আণ্ডার-কনষ্ট্রাকশন আছে। ১,১১৭টি সাব-সেন্টার খোলা হয়েছে। গত ৬ মাসে সি. এইচ. জি'তে রিক্রুট করেছি ৫৮৮১ জনকে। দাই হিসাবে ট্রেনিং দেওয়া হয়েছে ২২২৬ জনকে। স্যার, আপনি জানেন এবং মানসবাবু ও কাশীবাবু জানেন যে, আমরা নতুন চারটি ব্লাড ব্যাঙ্ক খুলেছি। আই. সি. ডি. এস. সেণ্টার খুলেছি ২৪টি। এইভাবে একদিকে আমরা এইসব কাজ করছি, অন্যদিকে দীর্ঘদিনের পুরনো ৬টি হাসপাতাল আমরা টেক্ওভার করেছি। নিরাময়, হরলালকা, মেয়ো, উপেন্দ্রনাথ, সরকার পুল ইত্যাদি হাসপাতালগুলি আমরা টেকওভার করেছি।

স্যার, আমি এখানে একটা জিনিস ঘোষণা করতে চাই। আপনি জানেন, সুন্দরবন এলাকার যেখানে হেল্থ সেণ্টার করে পরিচালনা করা ভৌগোলিক অবস্থার পরিপ্রেক্ষিতে খুবই দুঃসাধ্য ব্যাপার—ওষুধ পাঠান যায় না, ডাক্তার পাঠান

যায় না—সেখানে আমরা ডিপার্টমেন্ট থেকে সিদ্ধান্ত নিয়েছি সামনের ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবসে দুটো ফ্লোটিং মেডিকেল ইউনিট চালু করব। দুটো লঞ্চ চালু হবে, তাতে এক্স-রে মেশিন থাকবে, প্যাথোলজিক্যাল এ্যাণ্ড ক্লিনিক্যাল ব্যবস্থা থাকবে। এইভাবে এটা আমরা চালু করছি। আমরা ডেট ঠিক করে দেব, এই ইউনিট দুটি কোন্ জায়গায় কোন্ তারিখে যাবে।

ফ্যামিলি প্ল্যানিং-এর ব্যাপারে দেখুন, আমরা গত বছর যেখানে ২,১৭,৩২৯টি ষ্টেরিলাইজেশন অপারেশন করেছিলাম, সেখানে এ বছর ইতিমধ্যেই প্রোভিশনাল ফিগার হচ্ছে, ২,৫৫,১৫৩টি ষ্টেরিলাইজেশন অপারেশন করেছি, এটা আরো কিছু বাড়বে। এর মধ্যে টিউবেকটমি হচ্ছে ১৮,৪৮৬১টি, এটা এখন পর্যন্ত পশ্চিমবাংলায় রেকর্ড। এর আগে পশ্চিমবাংলায় কোনদিন এই রেকর্ড হয় নি।

হৈমীবাবু প্রিভেনটিভ সাইডের ওপর বেশী করে জোর দেওয়ার কথা বলেছেন, এটা খুবই ভাল কথা, ভাল প্রস্তাব, প্রিভেনটিভ সাইডের ওপর জোর দিতে হবে।

[8.10—8.20 P.M.]

আমি হৈমীবাবুকে বলবো ভাল কথা বলেছেন এবং সেটা বলতে গিয়ে উনি বললেন সি. এইচ. জি.-দের যে ব্যাগ দেওয়া হয়েছে সেটা কেড়ে নেওয়া হয়েছে। সি. এইচ. জি.-দের ব্যাগ আমরা দিই না, এটা সেনট্রাল গভর্নমেন্টের স্কীম। এখানে কয়েক হাজার সি. এইচ. জি. আছে। ওদের গায়ে হাত দেবার চেষ্টা করবেন না। তাঁরা সিনসিয়ারলি কাজ করছেন। এই সি. এইচ. জি.-দের ৫০ টাকা করে এ্যালাউন্স দেওয়া হচ্ছে। এই টাকা দিয়ে একটা ছাগলেরও মাসিক খাবার হয় না। সুতরাং এদের এ্যালাউন্সটাকে বাড়িয়ে দিতে হবে। আমি এই ব্যাপারে চিঠি লিখেছি। আপনারা নিজেদের পক্ষ থেকে এই ব্যাপারে তদ্বির করুন, যদি প্রিভেনটিভ সাইডে আপনারা জোর দিতে চান। সেনট্রাল গভর্নমেণ্টকে বলুন এঁদের এ্যালাউন্সটাকে বাড়িয়ে দেবার জন্য।

মিঃ স্পীকার: এক মিনিট বসুন। এই সময়ের মধ্যে দেখছি শেষ হবে না। এটা সওয়া আটটায় শেষ হবার কথা ছিল। সুতরাং আরো ১ ঘণ্টা বাড়িয়ে দেবার জন্য সভার সম্মতি চাইছি। আশা করি, কারো আপত্তি নেই। সুতরাং আরো ১ ঘণ্টা সময় বাড়িয়ে দেওয়া হলো।

শ্রীরামনারায়ণ গোস্বামী: আপনারা জানেন, প্রিভেনটিভ সাইডে সবচেয়ে বেশী জোর দিতে গিয়ে আমরা বহুমুখী স্বাস্থ্য প্রকল্প গ্রহণ করেছি। কিন্তু আশ্চর্য হয়ে গেলাম, ওঁদের নেতৃত্বে যে সংগঠন তাঁরা দুটো মামলা করে দিলেন ঐ মালটিপারপাস স্কীমের এগেনষ্টে। একটা মামলায় আমরা জিতেছি, আর একটি সাব-জুডিস কেস। সুতরাং আপনারা প্রিভেনটিভ সাইডে জোর দিতে দেবেন না, বহুমুখী স্বাস্থ্য প্রকল্প চালু করতে দেবেন না। এটা করা ঠিক নয়। আমরা সেনট্রাল গভর্নমেন্টকে এই ব্যাপারে লিখেছি। আপনারাও বলুন। এখনও পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট ভার্টিকাল প্রোগ্রাম হেডে টাকা দিচ্ছে। এটা মালটিপারপাস স্কীমে টাকা দেওয়া হোক। আপনারা জানেন, হাতি-কমিটি এবং কর্তার সিং-কমিটির রিপোর্টে বলা হয়েছে, মালটিপারপাস স্কীম যদি সত্যিই চালু করতে হয় তাহলে ভার্টিকাল হেডে টাকা দেওয়া ঠিক নয়। আমি বলবো, গত ৪ বছরে সেন্ট্রাল গভর্নমেন্টের ম্যালেরিয়া বা এইসবের জন্য যে রি-ইমবার্সমেন্ট করার দরকার ছিল সেটা হয় নি। আমি চিঠি পাঠিয়ে দিয়েছি। রি-ইমবার্সমেন্ট হেডে ম্যালেরিয়া বা ঐসব হোমিওপ্যাথি কমপ্লেক্স যা তৈরী হচ্ছে এই ব্যাপারে কেন্দ্রের ৭ কোটি টাকা ঋণ-আবদ্ধ হই। এই ব্যাপারে আমি চিঠি লিখেছি এবং ব্যক্তিগতভাবে প্রণববাবুকে চিঠি লিখেছি। আমাদের প্রকৃত কঠিন অবস্থার মধ্য দিয়ে চলতে হচ্ছে। এই টাকা যেন তাঁরা দিয়ে দেন। এছাড়া হৈমীবাবু বলতে গিয়ে বললেন, লুম্বিনী পার্ক মেন্টাল হসপিট্যাল যেটা আছে ওখানকার এ্যাডমিনিষ্ট্রেটর নাকি সি. পি. এম. বিরোধী বলে আমরা তাঁকে সরিয়ে দিয়েছি। শ্রী বি. এন. চৌধুরী যিনি ওখানকার এ্যাডমিনিষ্ট্রেটর ছিলেন তাঁর ৬০ বছর পেরিয়ে গেছে বলে তিনি রিটায়ার করেছেন। তারপরেও আপনি বলবেন তাঁকে ধরে রাখতে হবে? উনি বলছেন সি. পি. এম. বিরোধী বলে আমরা তাঁকে সরিয়ে দিয়েছি। কিন্তু ঘটনা তা নয়। তারপর উনি রামকৃষ্ণ মিশনকে টাকা দিতে হবে বলেছেন। আমরা রামকৃষ্ণ মিশনকে গ্রান্ট-ইন-এইডে টাকা দিই। তাঁরা ভাল কাজ করছেন, তারজন্য তাঁদের সার্টিফিকেট দিচ্ছি। আমরা তাঁদের বছরে ৫টি হেডে ১৭ লক্ষ ৬৮ হাজার টাকা দিচ্ছি। এ বছরে যে পুরো টাকাটা পাওনা ছিল সেই পুরো টাকাটা দিয়ে দিয়েছি এবং আরো যদি কিছু বাড়তি দরকার হয় সে ব্যাপারে আলাপ-আলোচনা করা যেতে পারে। কিন্তু আমাদের যা ক্ষমতা, আমাদের যা বাজেট প্রভিশন তার মধ্যেই থাকতে হবে। সুতরাং আমরা ইচ্ছা করে টাকা দিই না, রামকৃষ্ণ মিশন বিরোধিতা করছে এইসব বক্তব্য ঠিক নয়। আর একটি কথা বলেছেন, শম্ভুনাথ হাসপাতালে নাকি এ্যানাসথেসিষ্ট নেই। ঘটনাটি আগে জেনে তারপর বলুন। সেখানে এ্যানাস-

থেসিষ্ট আছে এবং আর একজন এ্যানাসথেসিষ্টকে বি. সি. রায় চিলড্রেন হাসপাতাল থেকে ট্রান্সফার করে পাঠিয়ে দিয়েছি। এইভাবে এ্যালোপ্যাথি সিষ্টেম অফ মেডিসিনের যে-সমস্ত হাসপাতাল আছে সেগুলিকে নতুন করে করার চেষ্টা করছি। প্রিভেনটিভ সাইডের ব্যাপারে আপনারা জানেন, অতীতে এইরকম তৎপর হতে কখনও দেখিনি। ঐ মেদিনীপুরে যখনই গ্যাসট্রো-এনট্রাইটিস স্প্রেড করেছে আমরা তখনই লোক নামিয়ে দিয়েছি, টীম নামিয়ে দিয়েছি। এ ব্যাপারে জেলা পরিষদকে চিঠি দিয়েছি। এখন এটা আণ্ডার কনট্রোল। ডিস-ইনফেকশান অফ ট্যাঙ্কস্ করেছি। ওর‍্যাল রি-হাইড্রোশান চালু করেছি। কলেরার জন্য ইনোকুলেশান দেওয়া হচ্ছে। এইভাবে কাজ শুরু হয়েছে।

আপনি জানেন স্যার, যখন এনকেফেলাইটিস আমাদের এখানে শুরু হয় সে সময় কত দ্রুততার সঙ্গে—অতীতে কেউ বলতে পারবেন না—যে কত দ্রুততার সঙ্গে কাজ হয়েছিল। জ্ঞানসিং সোহন পাল মহাশয়, হাউসে নেই, তিনি নিজে আমাকে বলেছেন যে, এই ধরনের প্রম্পটনেস কখনও দেখেন নি। তিনি বিকেল ৪টের সময় আমাকে রিপোর্ট করেছেন সকাল ৮টার সময়ে সেখানে ডাক্তার এবং আমার হোল টিম চলে গেছে। আপনি জানেন সেদিন হাওড়ায় কি রকম দুর্ঘটনা ঘটল, কিন্তু কত দ্রুততার সঙ্গে এই সমস্ত ব্যবস্থা আমরা করেছি। আসাম থেকে প্রায় সব কিছু মিলিয়ে ৪১ হাজার বাড়তি লোক সেখানে এসেছিল। ক্যাম্পে প্রায় ২১/২২ হাজারের মত লোক সে সময় আছে, তবুও কত দ্রুততার সঙ্গে আমাদের দপ্তর সেখানে সমস্ত কাজগুলি করেছে। স্যার, এইভাবে আমরা প্রিভেনটিভ সাইড এবং কিউরেটিভ সাইড একইভাবে দেখার চেষ্টা করেছি। এটা স্যার, ওঁরা বললেন না। আমাদের ডাঃ শিশির বসু মহাশয়, যা বলেছেন,—অমলবাবু অবশ্য যুক্তি দিয়ে বলেছেন—হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক এবং ইউনানী এই সমস্ত সিষ্টেমকে তাঁরা খুব একটা অবৈজ্ঞানিক বলে বাদ দিতে চাইছেন। আমি জানিনা, এ্যালেমবিক, ফাইজার তাঁকে আবার টিউটর করেছেন কিনা? যাইহোক হোমিওপ্যাথিক সিষ্টেম অফ মেডিসিন যেটা আমরা রেকগনাইজড করেছি, আমরা বাজেটেও বলেছি, এটা কম কৃতিত্ব নয়। ১৮৫টা নূতন করে আমরা পঞ্চায়েত ডিসপেনসারী খুলেছি। পি. এস. সি.-তে আমরা ডাক্তার দিচ্ছি, গত ৪ বছর ধরে সেখানে আন্দোলন এবং অনশন, কত কাণ্ড হয়েছে। একটা কলেজ হসপিটালকে আমরা টেকওভার করেছি এবং আমি প্রতিশ্রুতি দিয়েছি অতি সত্বর, খুব অল্প সময়ের মধ্যে আরো দুটো কলেজ হসপিটাল, মেদিনীপুর এবং মহেশ ভট্টাচার্য টেকওভার করব। এইসব কথা আমরা বলেছি। সেখানকার ছাত্রদের দাবী ছিল সব কিছু এ্যাট

পার এম. বি. বি. এস. করতে হবে। তার সব কিছু ডেভেলপমেণ্ট ফি ছিল আমরা সেগুলিকে বাদ দিয়ে দিয়েছি। যে একেবারে সব কিছু আমরা এ্যাট পার এম. বি. বি. এস. করেছি, ওখানে যে হসপিটাল ষ্টাফ এবং ইনটারনি আছেন তাদেরও এ্যাট পার এম. বি বি. এস.-রা যে ষ্টাইপেণ্ড পায় সেটা আমরা দেবার চেষ্টা করছি এবং এই নিয়ে ভাবনা-চিন্তা করছি। এছাড়া আপনারা সব কিছু জানেন না—আয়ুর্বেদ, নদীয়ায় কয়েক বছর ধরে পড়ে ছিল যে হারবেরিয়াম, সেই হারবেরিয়াম আমি যাওয়ার পরে সেটা আবার চালু হয়েছে, প্লানটের চাষবাস হচ্ছে। সেখানে সব ওষুধ কিছু কিছু তৈরী হচ্ছে। আমরা সেগুলি ভাল করে দেখে একটা ব্যবস্থায় আনবার জন্য প্রচেষ্টা করছি। ইউনানী সম্বন্ধে আমরা অল্প সময়ের মধ্যে এই সমস্ত কিছুকে দেখে একটা ভাল ব্যবস্থায় আনবার জন্য চেষ্টা করছি এবং যে ইউনানী কাউন্সিলটা দীর্ঘদিন ধরে গঠিত হয় নি সেখানে ইউনানী কাউনসিল—আমি আসবার কিছুদিনের মধ্যে সেই ইউনানী কমপ্লেক্স সেখানে গঠিত হয়েছে। ১৭ জনকে নিয়ে সেখানে ইউনানী কাউনসিল গঠন করেছি। এই ইউনানীর একটা কমপ্লেক্স গড়ে তোলার জন্য জায়গা পাওয়া যায় কিনা সেটা দেখছি সল্ট লেকের ধারে। ঐ ইষ্টার্ন বাইপাসের কাছে আমরা দেখছি এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা আলাপ-আলোচনা শুরু করে দিয়েছি। সব শেষে যে কথা বলতে চাই যে, আপনি জানেন এবং এঁরাও সবাই বলেছেন যে, ৩৫ বছর স্বাধীন হওয়ার পরও আমাদের দেশে কোন ইন্টিগ্রেড হেল্থ পলিশি নেই। স্বভাবতঃই এটা কনকারেণ্ট লিষ্টে আছে।

আমরা নিজেরা উদ্যোগী হয়ে গোটা স্বাস্থ্যনীতি পশ্চিমবঙ্গে চালু করে দেব, ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ যেখানে, সেখানে এসব সম্ভব নয়। এজন্য আমরা বিভিন্নভাবে কেন্দ্রীয় সরকারকে বলছি যে গোটা বিষয়টা ভেবে দেখা দরকার। সম্ভব হলে পরে হাতী-কমিটির রিপোর্ট কার্যকরী করুন। স্বভাবতঃই সেনট্রাল গভর্নমেণ্টকে দেখতে হবে এবং জানেন যে, ক্রাইসিস আজকে কোন্ জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। প্রত্যেকটি জিনিসের দাম হু হু করে বাড়ছে। শতকরা ৮০ ভাগের মত যাঁরা বিলো দি প্রভার্টি লাইন, আর অনেকে প্রভার্টি লাইনের কাছাকাছি আছেন। এই রকম হচ্ছে। শতকরা ৮০ ভাগ মানুষ এবং ম্যাল নিউট্রিশন সাংঘাতিক অবস্থায় দাঁড়িয়েছে। প্রতিদিন ওষুধের দাম বাড়ছে, মালটিন্যাশনাল কর্পোরেশন প্রতিদিন ওষুধের দাম বাড়িয়ে দিচ্ছে। কি করে চেক করবে। কেন্দ্রীয় সরকার তাদের চেক করতে আসবেন না। পেট্রোলের দাম,

ইকুইপমেন্টের দাম, ভিহিকলের দাম বাড়ছে। আপনি জানেন এই বছর ড্রাউট কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। সব পুকুর, ডোবা, গোড়ে শুকিয়ে গেছে। টিউবওয়েলে জল উঠছে না। এইরকম কঠিন অবস্থার মধ্যে দিয়ে আমরা কাজ করে যাচ্ছি। বাজেট প্রভিশনে ডাঃ মানস ভুঁইয়া মহাশয় বলেছেন যে, বাজেট প্রভিশন আমাদের একটু বাড়ান দরকার। যাইহোক স্যার, এইরকম অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে আমরা স্বাস্থ্য দপ্তর পরিচালনা করছি। আমি গর্ব করে বলতে পারি যে, এই কয়েক মাসের মধ্যে অতীতের যে-কোন সময়ের তুলনায় কাজের ক্ষিপ্রতা বেড়েছে। স্লাগনেস কমে গেছে, তবে আরো বাড়ান দরকার, সাফল্য কিছু হয়েছে, তবে বুক চাপড়ে বলার মত নয়। কিন্তু আমি বলতে পারি কনফিডেণ্টলি আমরা এগিয়ে যাচ্ছি এবং এগিয়ে যাব। এই কথা বলে আমার এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[8.20—83.0 P.M.]

ডাঃ অম্বরীশ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে সমালোচনা করেছেন, সেই আলোচনা আমি অত্যন্ত নিষ্ঠা, সততা এবং ধৈর্য সহকারে শুনেছি। আমার একটি কথা প্রথমে মনে হয়েছে, যাঁরা সমালোচনা করেছেন তাঁরা আমার বাজেট বক্তৃতা পড়েন নি কারণ পড়লে অনেকগুলো প্রশ্নের উত্তর তাঁরা পেয়ে যেতেন, বিশেষ করে বিরোধী দলের বন্ধুরা যাঁরা নানা ক্ষেয়ারে এক্সপার্ট তাঁদের অন্তত খুঁটিয়ে পড়া উচিত ছিল। আমি অনুরোধ করবো, এই কাগজগুলো নিয়ে বাচ্চার দুধ গরম না করে আমরা কোথায় যেতে চেয়েছি, অসুবিধা কোথায়, আমাদের সাফল্য সম্বন্ধে কি বলেছি তা বুঝবার চেষ্টা করুন। একটি জিনিস আমার মনে হয়েছে, পড়াশুনাটা আমাদের বিরোধী দলের বন্ধুদের খুব একটা থাকবার কথা—তা মনে হয় না, নানা কাজ এবং অকাজ তাঁরা করছেন কাজেই এটা না বুঝতে পারলে আমি কি করবো? আমি বলছি, পড়াশুনাটা একটু করুন না। আমি স্টেটমেণ্ট অন ন্যাশনাল হেল্‌থ পলিসি থেকে কোট্‌ করি—

"In spite of such impressive progress, demographic and health picture of the country still constitutes a cause for serious and urgent concern. The high rate of population growth continues to have an adverse effect on the health of our people and the quality of their lives. The mortality rates for women and children are still distressingly high; almost one third of the total deaths occur among children below the age of 5 years, infant mortality is around 129 per thousand live births. Efforts at raising the

nutritional levels of our people have still to bear fruit and the extent and severity of malnutrition continues to be exceptionally high. Communicable and non-communicable diseases have still to be brought under effective control and eradicated. Blindness, Leprosy and T. B. continue to have a high incidence. Only 31% of the rural population has access to potable water supply and O.5% enjoys basic sanitation"...Health for All by the year 2000 A.D.

কোট্ করুন না গিয়ে দিল্লীতে! গিয়ে বলুন না ম্যাডামের কাছে! চাকরি চলে যাবে। আমি যখন হেল্থ ফর অল বাই দি ইয়ার ২০০০ এ.ডি. বলেছিলাম এটা করতে হবে, অবশ্য এটা একটা ডিফিকাল্ট টাস্ক কারণ— there is lack of coordination among different departments. An integrated plan should be taken up because the entire socio-economic aspect of the question is involed therein...আমি কোট্ করি, "India is committed to attaining the goal of 'Health for All by the year 2000 A. D.' through the universal provision of comprehensive primary health care services. The attainment of this goal requires a thorough overhaul of the existing approaches to the education and training of medical and health personnel and the reorganisation of the health services infrastructure. Furthermore, considering the large variety of inputs into health, it is necessary to secure the complete integration of all plans for health and human development with the overall national socio-economic development process, specially in the more closely health related sectors, e. g. drugs and pharmaceuticals, agriculture and food production, rural development, education and social welfare, housing, water supply and sanitation, prevention of food adulteration, maintenance of prescribed standards in the manufacture and sale of drugs and the conservation of the environment."

এ সম্বন্ধে আমি আরও বলতে পারি। তবে এটা তো আপনাদেরই বক্তব্য। This is the statement of the National Health Policy. This has been promised by the Primary of Health & Family Welfare, Govt. of India, New Delhi.

এখানে প্রাইমারী হেল্থ কেয়ার এবং হেল্থ পলিসি সম্বন্ধে একটা ধারণা থাকা দরকার। এই ব্যাপারে অনেকে বলেছেন। এই সম্বন্ধে আমি কতকগুলি ছোট ছোট কথা বলি। আই. এম. এ সম্বন্ধে বলেছেন। আই. এম. এ কি বলেছে? আমি যেটা পড়বো সেটা আই. এম. এ-র নিউজ থেকে বলবো। ডাঃ মানস ভুঁইয়া আমাকে জিজ্ঞাসা করেছেন আমি আই. এম. এ-র লোক কিনা। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, তিনি কি আই. এম. এ-র লোক? এটা অফিসিয়াল পাবলিকেশান অফ ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসন।

"Every citizen has a right to enjoy health as a positive attribute of life, therefore, it is the responsibility of the Society and thus the State to provide minimum attainable and acceptable level of health which means physical, mental and social well being. Health cannot be viewed in isolation from the over allnational development and offering of positive health should be the goal of any National Health Policy. This should aim at promotion of positive health for its people and should clearly declare that State recognises the right of the health care as the fundamental right of the health care, as the fundamental right of the people. The success of health care system is very much dependent on the socio-economic and cultural upliftment of the people and has to be integrated with the national development and production. Any expenditure aimed on the health must be considered as an investment and not as a consumption ; therefore, increase in budgetary allocations of health is called for Indian Medical Association thinks this, and now if you contradict your own obligations I have nothing further to say. This is an IMA document."

আই. এম. এ ডকুমেণ্ট। এই ডকুমেণ্টের অন্তর্নিহিত অর্থ কি ? এর এম হচ্ছে The aim is to provide health care within a measurable time. আমরা এদের সঙ্গে আলোচনা করি। আমবা দিল্লির বক্তব্য শুনেছি, আমরা আই এম. এ-এর বক্তব্য শুনেছি। সকলের বক্তব্য শুনেছি সেমিনার করেছি, সিমপোজিম করেছি, সাধারন মানুষের বক্তব্য শুনেছি। আমাদের একটা প্রোগ্রাম অ্যপ্রোচ টু হেল্থ আছে। সব মিলিয়ে আমরা একটা হেল্থ পলিশি তৈরী করেছি। আপনারা জানেন তো কনট্রাডিক্ট করুন। আপনারা একবার বলেন প্রাইমারী হেল্থের কেয়ার নিতে হবে। আপনাদের একটু একটু করে বলি, শুনুন। বক্তৃতা করলেন আয়ুর্বেদ, ইউনানি এবং হোমিওপ্যাথি নিয়ে। আপনারা জানেন কি—

The country has large stock of health manpower comprising of private practitioners in various systems, for example, Unani, Sidha, Homoeopathy, Yoga, Naturopathy, etc. This resource has not so far been adequately utilised The practitioners of these various systems enjoy high local acceptance and respect and consequently exert considerable influence in health beliefs and practices. It is, therefore, necessary to initiate organised measures to enable each of these various systems of medicines and health care to develop in accordence with its genius. ইটস জিনিয়াস। কি করবো বলুন, সেণ্ট্রাল গভর্নমেণ্টের এটা স্টেটমেণ্ট। যে ইউনানি আছে, আয়ুর্বেদ আছে এবং অন্যান্য যে সমস্ত আছে সেইগুলিকে তো বাড়তে দিতে হবে। এর ইতিহাস তো জানতে হবে —Health policy has its history of its own.

কেমন করে এই সিস্টেমগুলি চলে গেলো। কেমন করে ইংরেজ আসার সঙ্গে

সঙ্গে ওদের সিস্টেমকে নিয়ে এলো, এটা তো বুঝতে হবে। সাইনটিফিক এবং আনসাইনটিফিকের ব্যাপারে নয়। হিসটোরিক্যাল এ্যাপ্রোচ—এটা না বুঝলে হবে না। একটা আয়ুর্বেদ সিস্টেম ছিল, Should you not develop Ayurved ? Is it not scientific ? That is to be ascertained. বি এ্যাসার্টেড। এখনও তো মিডিল ইষ্ট এশিয়াতে অনেক লোক এই আয়ুর্বেদিক সারপেনটেনিয়া ব্যবহার করে। এখনো আমাদের দেশের অনেক লোক এর মাধ্যমে চিকিৎসা করে আসছে। এটা সিস্টেম নয়, এই বক্তব্য কোথা থেকে আসছে? আপনারা তো জানেন আয়ুর্বেদ সিস্টেম এবং অন্যান্য সিস্টেমের মাধ্যমে মানুষের চিকিৎসা করা হয় আজকাল। কাজেই ইউনানি, আয়ুর্বেদ এবং ইন্ডিন সাঁওতালি মেডিসিনের বইও আমরা দেখেছি যে একজন ইংরেজ লিখেছে। এই গুলি তো পড়তে হবে। তাই বলা হয়েছে যে এই গুলোকে গ্রো করতে দিন। এই গুলি নিয়ে রিসার্চ করুন। এর ভাল জিনিসকে নিয়ে আসুন। তাহলেই ইন্টিগ্রেটেড সিস্টেম হবে। There should be a sound scientific approach. এই গুলি যখন আমরা করতে যাব তখন সারা জীবন ধরে বলবেন তোমরা ভারতবর্ষের সংস্কৃতি মানো না, ভারতবর্ষের উত্তরাধিকার মানো না। আবার আয়ুর্বেদ, হোমিওপ্যাথি খুঁজতে হবে, ভাল করে দেখতে হবে। এই ব্যাপারটা আমাদের উপর চেপে যাবে, কি করা যাবে ? এইভাবে আপনারা বলবেন না। এমন কি There should be a sound scientific approach. আপনারা জীবনদায়ী ঔষধ সম্বন্ধে বলেছেন। আপনারা জানেন World Bank takes up in case of de-hydration. আমাদের ভাবতে হবে, বিচার করতে হবে কিভবে সিস্টেমটার গ্রো করান যায়। এই বিষয়ে আমরা গবেষণা করবো। সাইন্সটা ইন্টিগ্রেটেড কিভাবে হয় সেই ব্যাপারে সাইন্টিফিক এ্যাপ্রোচ নিতে চাই।

[8.30—8.40 P. M.]

আমেরিকা, বিলেত, জার্মানী এবং জাপান যেভাবে এগিয়ে চলেছে, তা প্রশংসনীয়। তাদের নিয়ে তো আমাদের গবেষণা করে দেখতে হবে। গবেষণা যদি না হয়ে থাকে, তাহলে সেটা তো অপরাধ বলে মানতেই হবে। ভবিষ্যতে তার এফেক্ট আছে। সেজন্য সব কিছুকেই আমাদের রিসার্চ করে দেখতে হবে। এখন তো সেণ্ট্রাল শুরু করে দিয়েছেন, আমরাও শুরু করেছি। আমার মনে হয়েছে, এ্যালোপ্যাথি সিস্টেম অফ মেডিসিন নিয়ে ওঁরা কথা বলতে গিয়ে

গোলমালগুলি এসে গিয়েছে। এ্যালোপ্যাথি সিস্টেম অফ মেডিসিন হচ্ছে ইংরেজদের শিক্ষা। আমার খুব ভাল লেগেছে কংগ্রেস(আই) সদস্যদের মধ্যে ডাক্তার যাঁরা আছেন, তাঁদের বক্তব্য শুনে। ডাক্তারদের উপরে আমার পারসোন্যাল রেসপেক্ট আছে। একজন ডাক্তার যে দলেরই সদস্য হোন না কেন, তবুও তিনি যে ডাক্তার তা মানতেই হবে। আমি নিজে ছোট হলেও একজন ডাক্তার, দীর্ঘদিন ধরে আমি এর সঙ্গে যুক্ত আছি। যাইহোক, ওঁদের একজন যখন আলোচনা করছিলেন, তখন আমার খুব ভালই লাগছিল। আলোচনা করতে গিয়ে কৌতূহলের কথা বলেছেন। কৌতূহল অবশ্য ভেতরের ব্যাপার। আলোচনা প্রসঙ্গে তিনি আমাকে উপরে ওঠার কথা বলেছেন। আমি তাঁকে বলি, উপরে ওঠবার কথা বলে তিনি কি ঠিক করেছেন? এখানে আমাকে বলতে হয়, উনি ইংরাজীটা বোধ হয় ভাল করে পড়ে দেখেন নি। বাংলা সম্বন্ধে ওঁর কতখানি জ্ঞান আছে আমার জানা নেই। আগে উনি ইংরাজীতে বক্তৃতা করতেন, আজকে দেখলাম বাংলায় বলেছেন। হোয়াইল কনসিডারিং প্রাইমারী হেলথ কেয়ার এ্যাজ আওয়ার প্রাইম প্রি-অকুপেশান কি কোশ্চেন অব ভার্টিক্যাল এক্সপ্যানশান ইন ডিফারেণ্ট স্পেশালিটিজ এ্যাণ্ড সুপার-স্পেশালিটিজ অলসো হ্যাভ এনগেজড আওয়ার ইমিডিয়েট এ্যাটেনশান। তাই বলে কি আমরা সুপার-স্পেশালিটিজের কথা ভাবব না? পশ্চিমবাংলা পিছিয়ে নেই। একটু পরেই আবার আপনারা বলেছেন, চণ্ডীগড়, ভেলোর এগিয়ে গেছে। জানিনা, ডাঃ ভুঁইয়া এ ব্যাপারে কতখানি বলবেন? এই সম্বন্ধে বলতে গিয়ে অন্যান্য ইনস্টিটিউটের কথাও তাঁরা বলেছেন। আমরাও তো এগিয়ে ছিলাম। আমাদের এখানে সাহা ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিকস, চিত্তরঞ্জন ক্যানসার হসপিট্যাল আছে, আমাদের এখানে এক্সপেরিমেণ্টাল মেডিকেল সায়েন্স আছে। এগুলো কিন্তু উন্নত স্তরে যায় নি। সেজন্য হেমাটোলজি, নিওরলজি ভার্টিক্যাল একসপ্যানশান আমাদের করতে হবে না? আমি আগেও বলবার চেষ্টা করেছি, এগুলো আমরা বাড়াবার চেষ্টা করছি, এর উপরে আমাদের এমফ্যাসিস দিতেই হবে, যাতে এগুলো আমরা ভার্টিকালি একসপ্যাণ্ড করাতে পারি। রোগ নিরাময় ও রোগ নিবারণ—এ দুটোর মধ্যে একটা জায়গা আছে, সেখানেই আমি বলবার চেষ্টা করেছি। গ্রামে-শহরে সর্বত্র রোগ আমরা রুখবার চেষ্টা করছি। এজন্য হেলথ সেণ্টার বাড়াতে হবে গ্রামের বুকে। এর সঙ্গে চাই ফুড ঠিক ভাবে যোগান দেওয়া। এই সমস্ত প্রশ্ন নিয়ে মাননীয় সদস্যরা অনেকেই বলেছেন। এই কারণেই আমরা ভার্টিক্যালি উঠতে চাই। চণ্ডীগড়, ভেলোর ও দিল্লী এগিয়ে আছে। কটক এগিয়ে আছে এসব জানার পরেও যদি আমরা না

বাড়াতে পারি, তাহলে তো ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাবে। যখন আমাদের টাকা-পয়সা ও সুবিধা-সুযোগ আসবে, তখন স্মাল আই বার্ন এ সিঙ্গল ক্যাণ্ডাল? তখন কি থাউজ্যাণ্ড ক্যাণ্ডাল জ্বালব না? আরও পিছিয়ে যাব? আমি এই কথাগুলিই বলবার চেষ্টা করেছি, লাস্ট বাট নট দি লিস্ট। সেই মানসিকতা নিয়ে বহু কষ্ট করে টাকা-পয়সা যোগাড় করে আমরা এগুলো করার চেষ্টা করছি। কিন্তু অবস্থা কি দেখছি? সমস্ত জিনিষপত্রের দাম বেড়ে চলেছে, খরার মোকাবিলার জন্য দিল্লী আমাদের বাজেটে টাকা বাড়াতে চায় না। কিন্তু ইউ হ্যাভ টু রিগেন, ইট ইজ নট সো ইজি ট্যাস্ক। সুতরাং রিসেসান হচ্ছে, ইনফ্লেসান হচ্ছে—এগুলি বলে লাভ কি? এতো আমরা রোজই মাঠে-ময়দানে বলে থাকি। একটা মেসিন ৩০ লক্ষ টাকায় কেনা হয়, তার পেছনে বছরে খরচ হয় ৬০ লক্ষ টাকা মেনটেন্যান্সের জন্য। এছাড়া মেডিকেল প্যাক আপ, পারসোন্যাল প্যাক আপ এর জন্য সব মিলিয়ে ১ লক্ষ ৯২ হাজার টাকা খরচ হয়। সেটি ইনস্টলেশানের জন্য ৫০ টন সিমেন্ট লাগে। বিলেত থেকে সাহেব আসবে, তারা ইনস্টাল করবে। আমাদের পারসোন্যালি ট্রেনিং দেবে, কি করে হ্যাণ্ডেল করতে হয় তাও দেখাবে। এগুলোর জন্য আপনারা একটুও অভিনন্দন জানাবেন না—হ্যাঁ, এটা করে ভাল করেছেন। তা আপনারা বলছেন না। বলছেন, কেন এত দেরী করলেন, এর জবাব দিতে হবে। আমি বন্ধুদের বলতে চাই, প্রসেস্ অফ বার্থ ইজ এ পেনফুল প্রসেস। আমি আর একটা কথা বলতে চাই, ইনকিউবেটরে বসিয়ে যে ডিম বসানো হয়, 'তা' দেওয়ার জন্য—তার একটাই উদ্দেশ্য থাকে, ডিম ফুটে বাচ্চা বেরিয়ে আসা। কিন্তু ইট মাস্ট টেক ইটস্ ওন টাইম। চাইলেই কি একস্‌পার্ট চলে আসবে মেসিন বসাবার জন্য? এখন তো হাউস চলছে, যথাযথ ভাবে আলোচনা করুন। বলতে পারেন, এটা করেছেন ভাল হয়েছে, কিন্তু কাজটা একটু ত্বরান্বিত করার চেষ্টা করুন।

আপনারা বললেন যে শিক্ষাক্ষেত্রে কি করেছেন? কেন আমি কি এখানে একনায়কত্ব করতে এসেছি? আমরা গণতন্ত্রে বিশ্বাসী এবং আমরা তার মূল্য দিয়েছি রক্ত দিয়েছি, গণতন্ত্রের জন্য লড়াই করেছি। সরকারী হাসপাতালের কর্মচারীদের একাংশের বিরুদ্ধে আমাদের আপত্তি-অভিযোগ থাকা সত্ত্বেও এসমো ইত্যাদিকে এখানে আনবার জন্য আমরা ডেমোনোস্ট্রেশন করেছিলাম। আমি কি একাই সব করে দেব? অনেক কমিটি রয়েছে অন এডুকেশানে। আমার স্টেটমেণ্টে আমি বলেছিলাম যে এডুকেশান রিকগনাইজ করবার জন্য একটি টাস্ক ফোর্স করেছিলাম। সেখানে কি আদেশ দিয়েছি—সেখানে বলেছি যে আগে যতগুলি কমিটি আছে

তাদের রিপোর্ট সাবমিট করতে বলা হোক। আপনারা কয়েকজন মিলে এবং ইউনিভার্সিটির কয়েকজন মিলে আমাকে একটা ছোট্ট নোট দিন যাতে কি ভাবে রিঅরগানাইজ করা যায় এবং এর জন্য কি কি করতে হবে সেই ব্যাপারে। আমাদের স্কীম পরিষ্কার আছে, লিস্ট আমাদের কাছে আছে, সেই লিস্ট আপনাদের দেখাবার চেষ্টা করছি। কোন কোন রেফারাল হসপিট্যাল কোন কোন জেলায় এবং ওল্ড প্রোগ্রামের কথাও ভাবছি। ওটাকে যাতে আরো এক্সটেণ্ডকরা যায় তার কথাও ভাবছি। আমি এরই মধ্যে বলেছি যে প্রিভেন্টিভ হেল্থ কেয়ার-গুলিকে যাতে কয়েকটি কিউরেটিভ ব্যাক আপে চালান যায় তার চেষ্টা করছি। আজকে লেখা আছে জ্বর হইলে ঔষধ সেবন করুন, রক্ত পরীক্ষা করুন। কিন্তু এতেও কেন লোকে ছুটে আসেনা? আমি আজকে রক্ত দেব আর ৬ মাস ধরে ল্যাবরেটরি তার ডাটা প্রসেস করবে। কেন এতে লোকে ইনটারেস্টেড হবে? আমি জানিনা কোথা থেকে ডাঃ শিশির বোস পেয়েছেন যে মাইক্রোসকোপ দিয়ে দেখলে চোখ অন্ধ হয়ে যায়, আর মল পরীক্ষা করালে ডাইনী ধরবে। আফ্রিকার কোন নিভৃত পল্লীতে উনি গিয়েছিলেন আমার জানা নেই—যেখানে মাইক্রোসকোপ দিয়ে দেখলে অন্ধ হয়ে যায় কিংবা মল পরীক্ষা করালে ভূতে ধরে, ডাইনী ধরে। এগুলি আমার জানা নেই। কিন্তু আমার মনে হচ্ছে যে রক্ত পরীক্ষা এইজন্য করে যে এই পরীক্ষার পর রিপোর্ট থেকে জানতে পারা যাবে ম্যালেরিয়া ফাউণ্ড অর নট ফাউণ্ড এবং তখন আপনারা আমাদের স্বাস্থ্য কর্মীর কাছে ছুটে আসবেন পরীক্ষা করিয়ে নিতে। আজকে মানুষ এটা বুঝেছে। যে কিছু কিছু ইনভেস্টিগেশান করার দরকার আছে এবং সেটা একটা Blood examination is an important aspect of diagonosis তাই বলবার চেষ্টা করেছি যে প্রিভেন্টিপ, কিউরেটিভ এবং থেরাপিউটিক ব্যাক আপ থাকবে। আবার নিচের থেকে স্টেশানগুলি তৈরী করে আসতে হবে। ইন্টার মিডিয়ারি সারকুইট স্টেশান থাকবে, তারপরে রেফরাল আছে বড় বড় হাসপাতাল আছে, এই সুপার স্পেশালিটি এক জায়গায় কেন্দ্রীভূত আছে এবং এইভাবে অনেক কলেজ বাড়বে। এবং মেডিকেল কলেজ বাড়বে। এই ব্যাপারটি ভালো করে না পড়ে শুধু শুধু সমালোচনা করা যায় না। ডাঃ হৈমী বসু নতুন কোন কথা বলেন নি। কেসটি সাব-জুডিস আছে কাজেই আমি সেই বিষয়ে কিছু বলবো না।

আমি ডাক্তার মেম্বার বিশেষ করে বিরোধী দলের ডাক্তার মেম্বারদের সম্বন্ধে I take them very seriously.

ডাঃ হৈমী বসু হঠাৎ দুম করে বলে দিলেন যে ২ লক্ষ টাকার জিনিষপত্র যেটা দিল্লী

দিয়েছে সেটা বম্বেতে পড়ে নষ্ট হচ্ছে। আমি শুরু করলাম দেখা যে কোথায় কি হোল? ব্যাপারটা কি? দেখলাম কি কয়েকদিন আগেই সেগুলি এসে গেছে এবং সেগুলি নিয়ে নর্থ বেঙ্গলে কাজ হচ্ছে। এতে লাভ কি হয় শুধু শুধু সময় নষ্ট করে। মুশকিল কোথায় হয়েছে সেটা আমি বলছি। আমার মুশকিল হচ্ছে আমি একটা পলিসির দিকে যাচ্ছি। আমি এইকথা বলবার চেষ্টা করেছি যে আপনারা যদি এইরকম ভাবে বলেন যে Take care of derailment without having the rails তাহলে আমার পক্ষে মুশকিল I should have the railway lines first and then I can take care of derailments.

আপনারা সমালোচনা করেছেন, আমি একটা রিপোর্ট দেখেছিলাম তাতে আপনারা বলেছেন আমরা নাকি ট্রান্সফার পলিসি মানছি না। আমরা একটা ট্রান্সফার পলিসি তৈরী করবার চেষ্টা করছি। অনেক সারকমস্টেন্স ছিল যার জন্য সেটা হয়ে ওঠে নি এবং তার কারণে এটা কোর্টে ইন্টারভেন করছে। সামটাইমস্ পারসোন্যাল ফ্যাক্টার ইন্টারভেন করছে। জোর করে কি ট্রান্সফার পলিসিকে রিওরিয়েন্ট করবো? আই. এম. এ.-র সঙ্গে আলোচনা করে কি অপরাধ করেছি? হেলথ সার্ভিস এ্যাসোসিয়েশানের সঙ্গে আলোচনা করে কি অপরাধ করেছি? হেলথ সার্ভিস এ্যাসোসিয়েশান বলে দিয়েছে ডাঃ মুখার্জী আমাদের সাথে আলোচনা করেছেন আমাদের অফিসারের রিপোর্ট আছে সেটা এ্যাকসেপটেড। ট্রান্সফার পলিসি আমরা করবো কিন্তু একটা ঘটনা যে ডাক্তাররা বাইরে যেতে চাননা। এর ওষুধ আবিষ্কার করার চেষ্টা করছি। দেখা যাক না ওখানে লোক্যাল ক্যাডার ডেভোলাপ করতে পারি কিনা।

[8.40—8.50 P.M.]

এ বিষয়ে মামলা হয়ে গেছে। হাইকোর্টকে বাদ দিয়ে আমরা এগুতে পারি না। কারণ বিচার বিভাগকে আমরা শ্রদ্ধা করি। তাহলেও লোকাল কেডার ডেভালপ করার কথা আমরা চিন্তা করছি এবং খানিকটা এগিয়েছি। আমাকে যাদুকর বলে তাঁরা কি বলতে চান জানিনা। তবে আমি কোদালকে কোদালই বলতে জানি। জীবনদায়ী ওষুধ নেই এই অজুহাতে হাসপাতাল বন্ধ করা হয় এবং সুপারিনটেন-ডেন্টকে ৮ ঘণ্টা ঘেরাও করে রেখে তাঁকে বলা হল তিনি স্বেচ্ছায় হাসপাতাল বন্ধ করে দিয়েছেন। কিভাবে প্রেসারাইজড করা হল। সুপারিনটেনডেন্টকে প্রেসারাইজড করে থার্ড ডিগ্রি করে বারবার প্রশ্ন করা হয়। একজন শেষ

করছেন তো আর একজন প্রশ্ন করছেন এবং তিনি তার উত্তর দেবেন। একজন বয়স্ক লোককে ৮ ঘন্টা ঘেরাও করে রাখলে তাঁর নার্ভ থাকে? He can sign his death warrent. ৮ ঘন্টা ঘেরাও হবার পর কার গার্টস্ থাকে? এই ভাবে ঘেরাও করে রেখে তাঁকে আবার ইনটারোগেট করছেন। টেকিং ওভার অফ ইনষ্টিটিউশান সম্বন্ধে বলা হয়েছে। টেকওভার হরলালকার কথা বলা হয়েছে। এটা অতি বৃদ্ধ, দাঁতগুলি সব নড়বড়ে, ৩২টা দাঁত নড়ছে, তুলতে পারা যায়নি। এটাকে রিনোভেট করতে হবে। এ বিষয়ে ইঞ্জিনিয়াররা কি করবেন জানিনা। আমি এটা নিয়ে কি করবো? এটাকে ভাঙতে হবে না ফেলতে হবে এ নিয়ে ইঞ্জিনিয়াররা কি বলেন দেখুন। আমাদের অনেক ইনষ্টিটিউশান টেক ওভার করতে হচ্ছে। কিন্তু টাকা পয়সা কম হচ্ছে। চ্যারিটির উপর ট্যাক্স হয়েছে বলে না অন্য কোন ব্যাপার আছে জানি না। এটা একটা বিতর্কিত ব্যাপার। পার্লামেন্টারী নর্মস বুঝতে হবে। একজন মন্ত্রী সাহাজাদা নয় এটা বুঝবেন। পার্লামেন্টারী রুলস, প্রোসিডিওর একটু বুঝবার চেষ্টা করুন। আপনারা যা বললেন আই উইল কনসিডার দিস। আমাদের একটা নীতি আছে যাকে আমরা রূপ দিতে চাই। আমাদের একটা পার্টি আছে, নীতি আছে এবং সেই নীতির বাইরে কিছু করার দুঃসাহস আমাদের নেই। অল ইণ্ডিয়া ইনিষ্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স এর কথা বলেছেন। এ বিষয়ে ম্যাডামকে গিয়ে বলুন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলারের কথা, ডাঃ রমেন পোদ্দার, বলেছেন। ইউ. জি. সি. থেকে যদি ব্যবস্থা না হয় তাহলে ডি-রেকগনাইজ করে দেবেন পোষ্ট গ্র্যাজুয়েট ইনিষ্টিটিউশানকে। আমি এ বিষয়ে আলোচনা আরম্ভ করেছিলাম। সেখানে একটা তাণ্ডব নৃত্য করা হল, ম্যাডামের কাছে যাওয়া হল। এটা কি ডাঃ ভুঁইয়া দেখবেন না? You should find who are the dry woods. এই সমস্তের একটা ইনট্রিংসিক ভ্যালু আছে যেগুলি আপনারা দেখবেন। ইউ মাষ্ট ফেস প্যাক্টস। সুতরাং আমাদের এক হাতে লড়তে হবে, আর হাতে কাজ করতে হবে। আপনারা আলোচনা স্যাডিজম-ভাবে তা অন্যায়। সুতরাং আপনারা ভালোভাবে হার্টিলি চিন্তা করুন।

মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার কতকগুলি কথা বলেছেন। উনি বলেছেন দিল্লী যা বলছে তারাও ঠিক বলছে না, আমরাও ঠিক বলছি না। মুস্কিল হচ্ছে দিল্লীর সংগে আমাদের নীতিগত অনেক ফারাক আছে সেটা তো বুঝবেন। উনি এস ইউ সি করেন, একবার ওঁর সংগে এক সংগে কাজ করেছি, উনি আমার সংগে ছিলেন পুরুলিয়াতে, আমরা পাশাপাশি কাজ করেছি। আমি এটা বলবার চেষ্টা করেছি যে ইণ্ডিয়া ইজ বেসিক্যালি এ ল্যাণ্ড অব এগ্রিকালচার, এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রিজের

পর দাঁড়িয়ে আছে ভারতবর্ষের অর্থনীতি। আজকে ক্ষেত মজুর গরীব চাষীর কে যদি না তাকান, তারা যদি দুর্বল হয়ে যায় তাহলে প্রোডাকসান হবে কি রে? আমাদের দেশের প্রোডাকটিভিটি তাহলে মার খাবে, ইণ্ডিয়ান ইকনমির বর আরো তাড়াতাড়ি খোঁড়া হবে। তাই ওদের জন্য যদি কাজ করতে হয় াহলে ওখানে এমফ্যাসিস দিতে হয় এবং যদি ওখানে এমফ্যাসিস দিতে হয় তাহলে থানে বলতে পারেন না সমস্ত জীবনদায়ী ওষুধ দিতে হবে, হাসপাতালে সমস্ত রাগীর চিকিৎসা করতে হবে, হাসপাতালে বেড বাড়াতে হবে। আজকের দিনে বড, ডাক্তারের ড্রাগ কনসেপ্ট চলে না এগুলি বুঝতে হবে। আজকে প্রায়োরিটি কাথায়? ডব্লু জি ওরা প্রায়োরিটি রেখেছেন, ইউনিসেফ প্রায়োরিটি রেখেছেন, াই সি এম আর কি বলছেন এই সব বুঝবেন। তবুও আমার ভাল মনে হয়েছে াাম্বুলেন্সের কথা যেটা বলেছেন। এক্সরে মেশিনের ব্যাপারে বলেছেন এইমাত্র বর পেলাম মেডিকেল কলেজে ই সি জি মেশিনগুলি সব নষ্ট হয়ে গেছে। আমার াছে রিপোর্ট হচ্ছে ১৮টি ই সি জি মেশিনের মধ্যে ১৬টি কাজ করছে। এদের কি ট্যালিটি নেই? মেশিন কি খারাপ হবে না? সেজন্য আমি বলেছি আমরা একটা ইঞ্জিনিয়ারিং সেল করতে যাচ্ছি। যে কোম্পানী মেশিনগুলি দিচ্ছে তারাই কি সারাবে? তারা যদি সারে তাহলে কি তারাই বরাবর সারাবে? তাহলে তাদের কি নতুন মেশিন বিক্রি হবে? সেজন্য আমাদের একটা ইঞ্জিনিয়ারিং সেল করতে হবে সেকথা আমি বলেছি। যাই হোক, ওষুধের ব্যাপারে একটা কথা বলি, ইণ্ডিজেনাস ইউজ অব ড্রাগ এর ব্যাপারে একটু বলা দরকার। এটা নিয়ে অনেক আলোড়ন হয়েছে। ড্রাগ সম্বন্ধে আমাদের বলা হয়েছে যে ১৫ শো কোটি টাকার মত ড্রাগ করতে হবে, কারণ, এরপরে আর হবে না। হাতি কমিটির রিপোর্ট আপনারা সবাই জানেন, যে ওষুধ হয় তাতে ২০ শতাংশ হয়, জীবনদায়ী ওষুধ আমরা যে দেব তাতে অসুবিধা আছে, তাতে ইণ্ডিসক্রিমিনেট ইউজ হবে, ইন্টারনি, হাউস স্টাফ কি ঠিক করে দেবে কোনগুলি জীবনদায়ী কোনগুলি জীবনদায়ী নয়? এমনকি তার যে হেল্‌থ হ্যাজার্ড হবে সেটা কে দেখবে? ড্রাগ এ্যাবিউজ হয়ে যে এ্যাকিউট পয়জনিং হবে সেটা কে দেখবে? সাইট্রোকসিক এফেক্টের প্রশ্ন নেই? ইনটক্সিকেশান, ডাইভাজজিং, ডাইহাইপারসিটিজ-এর প্রশ্ন নেই? এইগুলি মাথায় রেখে তবে তো আপনি বলবেন। এগুলি কি একজন ইন্টারনি ঠিক করে দেবে? কোন্‌গুলি জীবনদায়ী ওষুধ সেটা কি একজন ইন্টারনি ঠিক করে দেবে? আউটডোর থেকে সেই ওষুধ নিয়ে চলে যাবে বাড়ীতে, সাত দিন ধরে চিকিৎসা হবে? এগুলি তো বুঝবেন। একথা যদি একজন ডাক্তার

বলেন তাহলে এগুলি মাথায় রেখে বলতে হবে যে ড্রাগের স্ট্যান্ডার্ডাস আছে। স্যার, আমি একটা কথা বলে শেষ করব, এখানে ডাঃ ভুঁইয়া এণ্ড আদার্স আছেন, ডাঃ সুকুমার রায় আছেন, আমি লাইটলি একটা কথা বলি। একজন একটা গাড়ী কিনতে গিয়েছিল, দেখল যে সেকেণ্ড হ্যাণ্ড হলেও মোটামুটি দাম ঠিক হয়ে গেছে, মাইল মিটার নেই। বলল যে ওটার আর দরকার হবে না। তখন বলল সে আবার কি, মাইল মিটার না হলে আমি কি করে বুঝব স্পীড উঠল কি উঠল না। তখন বলল সে ঠিক বুঝবেন, ২০ কিলো মিটার যখন স্পীড উঠবে তখন গাড়ী কঁ্যাচ কঁ্যাচ করবে, যখন ৪০ কিলো মিটারে উঠবেন তখন গাড়ী ঘটাং ঘটাং করবে আর যখন ৬০ কিলো মিটারে উঠবেন তখন দেখবেন গাড়ী ঝর ঝর করছে। অতএব মাইল মিটারের আর দরকার কি? এমন অবস্থায় আমরা আপনাদের কাছে গাড়ীটা পেয়েছি, কিন্তু এইভাবে কি ড্রাইভ করা যায়? সেজন্য আমাদের মাইল মিটার বসাতে হবে।

[8.50—8.56 P.M.]

আর একটা কবিতা বলি—কারণ বেশ কিছু দিন ধরে কবিতা আমরা এখানে শুনছি। একটু আগে আমাদের মিঃ সুব্রত বলেছেন। আমি যেটা পড়ছি এটা হচ্ছে Alice in the wanderlands...

'You are old Father William,' the young man said,
'And your hair has become white ;
And yet you incessantly stand on your head,
Do think, at your age, it is right ?'
'In my youth,' Father William replied to his son,
'I feared it might injure the brain,
But now that I am perfectly sure I have none,
Why, I do it again and again'.

এখন বুড়ো বয়স মাথার উপর দাঁড়াচ্ছে—এখন আমি বুড়ো হয়েছি—আমি বুঝেছি আমার মাথায় কিছু নেই—তাই আমি বার বার করে মাথার উপর দাঁড়াই।

With these words, Sir, I conclude my speech I oppose all the cut motions.

DEMAND NO. 36

The motions that the amount of demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 1,25,21,95,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "280-Medical and 480-Capital Outlay on Medical", (this is inclusive of a total sum of Rs. 20,87,00,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

DEMAND No. 37

The motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 19,06,06,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "281-Family Welfare" (this is inclusive of a total sum of Rs. 3,17,68,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

DEMAND No. 38

The motions that the amount of demand be reduced by Rs. 100 was than but and lost.

The motion of Dr. Ambarish Mukhopadhyay that a sum of Rs. 56,01,29,000 be granted for expenditure under Damand No. 38, Major Heads : "282-Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution and 682-Loans for Public Health, Sanitation and Water Supply", (this is inclusive of a total sum of Rs. 9,33,56,000 already voted on account in March, 1983), was than put and agreed to.

DEMAND No. 48

The motion of Dr. Ambarish Mukhopadhyay that sum of Rs. 2,70,26,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "295—Other Social and Community Services (Excluding Zoological and Public Garden), 495—Capital Outlay on Other Social and Community Services, and 695—Loans for Other Social and Community Services".—This is inclusive of a total sum of Rs. 45,06,000 already voted on account in March, 1983, was then put and agreed to.

Adjourment

The House was then adjourned at 8.56 p.m. till 1 p.m. on Wednesday, the 13th April, 1983 at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 13th April, 1983 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 15 Ministers of State and 119 Members.

[1.00—1.10 P. M.]

Adjournment Motion

Mr. Speaker : I have received two notices of adjournment motion today.

The first is from Shri Sk. Imajuddin which deals with alleged murder of Shri Swapan Chatterjee, Commissioner of Berhampur Municipality by the miscreants on 11.4.1983.

The second is from Shri Kashinath Misra, which deals with results on Joint Entrance Examination (1982) declared void by Hon'ble High Court.

The first motion relates to day-to-day administration. Besides, the member will get opportunity to raise the matter during discussion on Demand for Grant of the concerned department.

The second motion is not such which can call for adjournment of business of the House. The member may draw the attention of the Minister concerned on the subject by way of giving notice of Calling Attention.

I therefore withheld my consent to the above motions.

One member of the party, may, however read out the text of the motion, as amended.

শ্রী শেখ ইমাজুদ্দিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে বর্তমানে সন্ত্রাসের রাজত্ব চলছে। গত ১১/৪/৮৩ সোমবার সন্ধ্যায় বহরমপুর পুরসভার কমিশনার এবং আর. এস. পি. নেতা স্বপন চ্যাটার্জী জনসমক্ষে আততায়ীর গুলিতে খুন হয়েছেন এবং তাঁর সহকর্মী সোমেশ্বর সান্যাল গুরুতর আহত হয়েছেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 4 notices of Calling Attentions namely :

1. Joint Entrance Examination of 1982 declared void by Hon'ble High Court—Shri Kashinath Misra.

2. Alleged creation of terror of supporters of a major political party just before the Panchayat Election—Shri Ashoke Ghosh.

3. Alleged murder of Swapan Chatterjee, Municipal Commissioner of Berhampur Town, Murshidabad on 11.4.83—Shri Sk. Imajuddin and Shri Amalendra Roy.

4. Reported deaths of 20 persons and seriously injured many persons due to Cyclone in Gaighata Block under Bongaon Sub-Division—Shri Rabin Mondal.

I have selected the notice of Shri Rabin Mondal on the subject of reported deaths of 20 persons and seriously injured many persons due to Cyclone in Gaighata Block under Bongaon Sub-Division.

Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : Tomorrow.

শ্রীযতীন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বপন চ্যাটার্জী, আমাদের দলের বহরমপুরের নেতার মৃত্যু—এই ব্যাপারে গতকাল জেলমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় সেখানে গেছেন এবং গতকালই তিনি আমাকে টেলিফোন করেছিলেন। আমার দলের বিধানসভার নেতা হিসাবে আমি এখানে সেটা বলছি, বিরোধী দলের সদস্যরা এতে সন্তুষ্ট হবেন। এই ব্যাপারে আমার সঙ্গে মুখ্যমন্ত্রীর আলোচনা হয়েছে, আমি আজ সকালে আই. জি.-কে ডেকেছিলাম, ডি. আই. জি.-কেও ডেকেছিলাম। ডি. আই. জি., সি. আই. ডি., তিনি ওখানে চলে গেছেন, সেখানে তিনি তদন্ত করছেন। ডি. আই. জি., তিনি একজন খুব এফিসিয়েন্ট অফিসার। তাঁকে নির্দেশ দেওয়া হয়েছে, তিনি এই সম্পর্কে তদন্ত করবেন। আর যিনি আহত হয়েছেন সোমেশ্বর সান্যাল, তাঁকে গতকাল রাত্রের ট্রেনেই কলকাতায় পাঠিয়ে দেওয়া হয়েছে। আমি নিজে উপস্থিত থেকে এস. এস. কে. এম. হসপিটালে তাঁকে ভর্তি করিয়েছি। তাঁর এক্স-রে হয়েছে। কার্ডিও থেরাপী ইউনিটে রাখা হয়েছে। কি হয়েছে, না হয়েছে এই সম্পর্কে যতক্ষণ পর্যন্ত ডি. আই. জি., সি. আই. ডি. তদন্ত করে রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে না দিচ্ছেন এবং ডি. আই. জি., যিনি ওখানে

গেছেন তিনি তদন্ত করে রিপোর্ট না দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত এই সম্পর্কে কিছু মন্তব্য করা ঠিক হবে না।

শ্রীপতিতপাবন পাঠক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১১ তারিখে এই বিধানসভায় আমাদের মাননীয় সদস্য আবদুল মান্নান একটি অভিযোগ করেন যে, আরামবাগে তাঁর বাড়ী এ্যাটাক করা হয়েছে। এতে আমরা সকলেই উদ্বেগ বোধ করেছিলাম। আমি সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীর কাছে যাই এবং তিনি এস. পি. হুগলী-কে এই ব্যাপারে তদন্ত করে ফলাফল জানাতে বলেন। কালকে রেডিও ম্যাসেজ পেয়েছি, সেটা আপনার কাছে পড়ে দিচ্ছি।

From : S. P. Hooghly
To : D. G. & I. G. P. West Bengal
ORG No. 16/SP/H Dated : 11.4.83

Reference your ORG No. 1259 CR Dated 11.4.83. There was no incident on 10.4.83 in which the House of Shri Abdul Mannan (Congress-I) M.L.A. was attacked or ransacked. On 10.4.83 the following incident had taken place at Arambagh At about 08.30 hours one Atul Bhowmick of Gourhati supporter of Congress(I), assaulted one Kartick Banerjee CPI(M) supporter with a bhojali and took shelter in the House of one Rajgopal Singha Roy of Gourhati. Over the assault some members of public grew highly agitated and forcibly entered in the House of Rajgopal Singha Roy at about 09.00 hours and assaulted Atul Bhowmick. Atul Bhowmick admitted in hospital. Over the incident Arambagh P.S. Case No. 8 dated 10.4.83 u/s 324 IPC and Case No. 9 dated 10.4.83 u/s 147/148/448/325/506 IPC have been started. Two persons have been arrested. Police Picket has been posted and raids are continuing. Situation is under watch.

ডঃ জয়নাল আবেদিন: স্যার, এটা সারকুলেট করার কথা বলেদিন। কারণ মেম্বার কমসার্ণড এখানে উপস্থিত নেই।

মি: স্পীকার: আমি অলরেডি এটা সারকুলেট করার জন্য বলে দিয়েছি।

I beg to present the 24th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber Yesterday and recommended the revised programme of business from the 18th April to the 21st April, 1983.

Twenty-fourth Report of the Business Advisory Committee

Monday, 18-4-83—

(i) Demand No. 21 ... (255—Police)—4 hours.
(ii) Demand No. 8 ... (230—Stamps and Registration)
(iii) Demand No. 4 ... (214—Administration of Justice)—1 hour.

Tuesday, 19-4-83 :

(i) Demand No. 47 ... (289—Relief on account of Natural Calamities) —2 hours.

(ii) Demand No. 66 ... (332—Multipurpose River Projects,
333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects,
532—Capital Outlay on Multipurpose River Projects, and
533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Project)—2 hours.

(iii) Demand No. 10 ... (239—State Excise)—1 hour.

Wednesday, 20-4-83 :

(i) Demand No. 12 ... (241—Taxes on Vehicles),

(ii) Demand No. 68 ... (335—Ports, Lighthouses and Shipping),

(iii) Demand No. 69 ... (336—Civil Aviation), and

(iv) Demand No. 71 . (338—Road and Water Transport Services,
538—Capital Outlay on Road and Water Transport Services, and
738—Loans for Road and Water Transport Services)—2 hours.

(v) Demand No. 67 ... (334—Power Projects, and
734—Loans for Power Projects)—2 hours.

(vi) Demand No. 32 ... [277—Education (Sports)

(vii) Demand No. 33 ... 277—Education (Youth Welfare)]—1 hour.

Thursday, 21-4-83 :

(i) Demand No. 42 ... (287—Labour and Employment)—2 hours.

(ii) Demand No. 46 ... [288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and
688—Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)].

(iii) Demand No. 49 ... (296—Secretariat Economic Services)—1½ hours.

(iv) Demand No. 40 ... (284—Urban Development,
484—Capital Outlay on Urban Development, and
684—Loans for Urban Development)—1½ hours.

(v) Demand No. 1 ... (211—State Legislature),
(vi) Demand No. 5 ... (215—Elections),
(vii) Demand No. 6 ... (220—Collection of Taxes on Income and Expenditure),
(viii) Demand No. 9 ... (235—Collection of Other Taxes on Property and Capital Transactions).
(ix) Demand No. 11 ... (240—Sales Tax).
(x) Demand No. 13 ... (245—Other Taxes and Duties on Commodities and Services),
(xi) Demand No. 14 ... (247—Other Fiscal Services),
(xii) Demand No. 16 ... (Interest Payments),
(xiii) Demand No. 20 ... (254—Treasury and Accounts Administration,
(xiv) Demand No. 28 ... (266—Pensions and Other Retirement Benefits),
(xv) Demand No. 30 ... (268—Miscellaneous General Services),
(xvi) Demand No. 51 ... (304—Other General Economic Services),
(xvii) Demand No. 72 ... (339—Tourism),
(xviii) Demand No. 73 ... (544—Capital Outlay on Other Transport and Communication Services),
(xix) Demand No. 77 ... [282—Public Health, Sanitation and Water Supply (Prevention of Air and Water Pollution),
295—Other Social and Community Services (Zoological and Public Gardens), and
313—Forest (Lloyd Botanic Garden, Darjeeling)],
(xx) Demand No. 85 ... (766—Loans to Government Servants, etc., and 767—Miscellaneous Loans)—1 hour.

(i) There will be no Questions for Oral Answers on the 19th April, 1983.

(ii) There will be no Mention Cases on the 18th April, 20th April and 21st April, 1983.

I will now request the Minister-in-Charge for Parliamentary Affairs to move his Motion for acceptance.

শ্রীপতিত পাবন পাঠক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৬তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য আমি সভায় উত্থাপন করছি।

মিঃ স্পীকার: আশা করি এই ব্যাপারে সবার মত আছে। অতএব এটা গৃহীত হল।

Mention Cases

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কলিং এ্যাটেনশনটা ণ করায় আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, অত্যন্ত গভীর উদ্বেগের সঙ্গে মি একটি খবর আপনার কাছে জানাতে চাই। গতকাল রাত্রি ৭-৪৫ মিনিটে টি অস্বাভাবিক ঘূর্ণিঝড় বনগাঁ মহকুমার গাইঘাটা ব্লকের উপর দিয়ে বয়ে যায়। ল একটা বিরাট ক্ষয়ক্ষতি হয়ে গেছে। তাতে ২০টি গ্রাম সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত য়েছে। এ পর্যন্ত রিপোর্ট হচ্ছে ২০ জন মারা গেছে এবং কয়েক শত মানুষ ভিয়ারলি ইনজিওর্ড হয়েছে। এই সমস্ত আহতদের বনগাঁ, হাবড়া হসপিটালে কৎসা করানো হচ্ছে। গতকাল রাত্রে এই খবর পাবার সঙ্গে সঙ্গে এস. ডি. ও., ।. ডি. পি. ও. সেখানে চলে যান এবং সাধারণ মানুষ উদ্ধার কাজে আত্মনিয়োগ রন। আজ ভোরবেলায় ঐ এলাকার নির্বাচিত বিধানসভার সদস্য মাননীয় ী কান্তি বিশ্বাস জেলা শাসক, পুলিশ সুপারকে নিয়ে বিধ্বস্ত এলাকায় চলে ছেন। রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অম্বরীশ মুখার্জী চিকিৎসকদল পাঠিয়েছেন এবং ণমন্ত্রীও চলে গেছেন এবং দ্রুততার সঙ্গে ত্রাণকার্য শুরু হয়ে গেছে। সমস্ত স্তরের নুষ সেখানে গেছেন। সরকার যে দ্রুততার সঙ্গে হস্তক্ষেপ করেছেন সেই জন্য মরা খুশী এবং গর্বিত। এই উদ্বেগের বিষয়টি আমি আপনার মাধ্যমে সভার াছে রাখলাম।

[1.10—1.20 P. M.]

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে প্রথমেই ধন্যবাদ দচ্ছি আমাকে বলার সুযোগ দেবার জন্য। স্যার, আমি যে বিষয়টি নিয়ে ামফ্রণ্ট সরকারের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে পঞ্চায়েতের নির্বাচনের প্রাক্কালে সরকারের কাজকর্মের ব্যাপার। স্যার, আমরা জানি, আর. এস. পি. ফরোয়ার্ড ব্লক নয়, আর. এস. পি.-সি. পি. এম. এবং ফরোয়ার্ড ব্লক-সি. পি. এম.-এর বিভিন্ন জায়গায় শরিকী সংঘর্ষ চলেছে। সি. পি. এম. তো পঞ্চায়েতকে আগে থেকেই ক্যাপচার করার চেষ্টা করছে। স্যার, এই ঘটনারই কিছু নজীর আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, সি. পি. এম.-এর জেলা পরিষদের সভাধিপতিরা সরকারের টাকা বেআইনীভাবে অন্য হেডের টাকা বা অন্য ডিপার্টমেণ্টের টাকা নিয়ে কি রকম বেআইনীভাবে পঞ্চায়েতের কাজে লাগাচ্ছেন ভোটের আগে এবং সেই টাকা নিয়ে নয়ছয় করছেন তারই একটি দৃষ্টান্ত আমি তুলে ধরছি।

মাননীয় ডাইরেক্টার অব হেল্থ সার্ভিসেস তার মেমো নং DHS No. HAV/5B-3-82/10186 dt. 25/3/82.—তাতে সিউড়ি হাসপাতালে মেটিরিয়ালস, ডায়েট এবং অন্যান্য জিনিস কেনার জন্য প্রথমে ৮০ হাজার টাকা দেন, তারপর ডি. এইচ. এস. Memo No. HAV/5B-3-82/10183.—এই খাতে উনি ১০ লক্ষ টাকা বীরভূমের সি. এম. ও. এইচের কাছে পাঠালেন। স্যার, পঞ্চায়েত নির্বাচনের আগে হেল্থের এই টাকা যা সিউড়ি হাসপাতালে পাঠান হয়েছিল ফর ডেভেলপমেন্ট সেখানে সেই টাকা নিয়ে কি করা হল দেখুন। জেলা পরিষদের সভাধিপতি কমরেড ব্রজ মুখার্জী একটা ডি. ও. লিখলেন সি. এম. ও. এইচ-কে, কি রকম বেআইনী কাজ দেখুন। To the Chief Medical Officer, Birbhum. It has come to my notice that Rs. 10 lakhs only has been placed to the Suri Sadar Hospital. I would request to arrange for transfer of the amount to P. L. Fund of Birbhum Zilla Parishad. স্যার, জেলা পরিষদে টাকা ট্রান্সফার করার জন্য এবং হেল্থের টাকা পঞ্চায়েতের কাজে লাগাবার জন্য কমরেড ব্রজ মুখার্জী একটা রিটিন চিঠি দিলেন। স্যার, কি রকম বেআইনী কাজ দেখুন—সি. এম. ও. এইচ. সঙ্গে সঙ্গে ডি. এম. ও.-কে ইন্সট্রাকশান দিলেন—ডিস্ট্রিক্ট মেডিকেল অফিসার Memo No. 2607 dt. 31.3.83. যে, এই টাকাটা তুমি জেলা পরিষদে ট্রান্সফার করে দাও। স্যার, পঞ্চায়েত নির্বাচনের আগে গরিব মানুষের ভোট কেনার জন্য এইভাবে টাকা নয়ছয় করা হচ্ছে এবং সেখানে অন্য ডিপার্টমেণ্টের টাকাও নেওয়া হচ্ছে। স্যার, সিউড়ি হাসপাতালে এ্যাম্বুলেন্স নেই, ঔষধ নেই এবং সেজন্য সরকার সেখানে দয়া করে টাকা পাঠিয়েছিলেন, কিন্তু সেই টাকা সেখানে খরচ না হয়ে পঞ্চায়েত নির্বাচনের সময় ভোটার পারচেস করার জন্য জেলা পরিষদের সভাধিপতি বেআইনীভাবে সেই টাকা নিয়ে নিচ্ছেন। স্যার, এইভাবে যে টাকা নয়ছয় হচ্ছে এর কি আমরা, যারা জনপ্রতিনিধি তারা কোন প্রতিবাদ করবো না? স্যার, আপনি আইনজ্ঞ এবং আপনি উপযুক্ত বিচারক, আপনি স্যার, বিচার করে বলুন এইভাবে একটা অন্য হেডের টাকা জেলা পরিষদে আনা যায় কিনা বা পঞ্চায়েতের কাজে লাগানো যায় কিনা।

স্পীকার স্যার, আমি শুধু বক্তৃতা রাখার জন্যই বক্তৃতা করছি না। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে প্রতিকার দাবী করছি। পঞ্চায়েত নির্বাচনের ঠিক আগেই আজকে গোটা পশ্চিমবাংলায় এক বিভাগের টাকা আর এক জায়গায় নয়ছয় করা হচ্ছে। সি পি এম কমরেডরা এক খাতের টাকা পঞ্চায়েতে ভোট পাওয়ার জন্য অন্য খাতে নয়ছয় করছে। এরকম নজীর ভারতবর্ষের ইতিহাসে নেই।

আমরা বিগত বিধানসভা নির্বাচনের সময়েও এই জিনিস দেখেছিলাম। তখন এক ডিপার্টমেন্টের টাকা অন্য ডিপার্টমেন্টে ট্রান্সফার করা হয়েছিল। অথচ সরকারী আইন-কানুন অনুযায়ী এই জিনিস করা যায় না।

(এই সময়ে লাল আলো জ্বলে এবং অধ্যক্ষ মহোদয় পঞ্চায়েতমন্ত্রী শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীকে তাঁর দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করতে অনুরোধ করেন।)

Voting on Demands for Grants

DEMAND No. 59

Major Heads: 314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat).

Shri Benoy Krishna Chowdhury: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,86,41,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 4,97,74,000 already granted on vote on account in March, '83).

DEMAND No. 60

Major Heads: 314—Community Development (Excluding Panchayat), 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat), and 714—Loans for Community Development (Excluding Panchayat).

Shri Benoy Krishna Chowdhury: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,19,95,000 be granted for expenditure under Demand No. 60, Major Heads: "314—Community Development (Excluding Panchayat)", "514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)", and "714—Loans for Community Development (Excluding Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 2,86,67,000 already voted on account in March, 1983).

২। যেহেতু বামফ্রন্ট সরকার ক্ষমতার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের নীতিতে দৃঢ়ভাবে আস্থাশীল এবং নানা প্রকার উন্নয়নমূলক প্রকল্পের প্রণয়নে এবং রূপায়ণে স্থানীয় জনসাধারণের একটা বৃহৎ অংশের অংশগ্রহণকে নিশ্চিত করতে চান, সেহেতু ১৯৭৭ সালে ক্ষমতায় আসার এক বছরের মধ্যেই ত্রি-স্তর পঞ্চায়েতের নির্বাচনের ব্যবস্থা করেছিলেন। কংগ্রেস আমলে প্রায় ১৫ বৎসর যাবৎ পঞ্চায়েতে কোন নির্বাচনই হয় নি। যেহেতু বামফ্রন্ট সরকার আন্তরিকভাবে চান যে পঞ্চায়েতই বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির প্রধান রূপকার হয়ে উঠুক, সেহেতু পঞ্চায়েত সংস্থাগুলিকে দায়িত্ব দিয়েছেন সমস্ত উন্নয়নমূলক কর্মসূচীগুলিকে রূপায়িত করার, যা গ্রামীণ অর্থনীতিকে উজ্জীবিত করতে সাহায্য করবে।

৩। গ্রামোন্নয়নের কার্যসূচীতে স্থানীয় প্রয়োজনবোধকে জাগ্রত করার জন্য এবং স্থানীয় অনুপ্রেরণাকে উদ্দীপিত করার জন্য ১৯৭৮ সালের ৪ঠা জুন তারিখে একদিনের নির্বাচনে পঞ্চায়েত সংস্থাগুলিকে একটা জড়ীভূত অবস্থা থেকে পুনরুজ্জীবিত করা হয়েছিল। ১৫টি জিলা পরিষদ, ৩২৪টি পঞ্চায়েত সমিতি ও ৩২৪২টি গ্রাম পঞ্চায়েত নিয়ে একটি ত্রি-স্তর পঞ্চায়েত ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল এবং তখন থেকেই বর্তমান সরকার এই সংস্থাগুলির কার্যকারিতাকে উন্নততর করার জন্য, সংস্থাগুলিকে শক্তিশালী করার জন্য এবং সংস্থাগুলির কার্যের পরিধিকে ব্যাপকতর করে তুলবার জন্য অনবরত চেষ্টা করে আসছেন। নির্বাচিত প্রতিনিধিদের যোগ্যতাকে আরো উন্নত মানের করে তুলতে এবং তাঁরা যাতে গ্রামীণ জনজীবনের সামাজিক বা অর্থনৈতিক পরিবর্তন সাধনের যথার্থ প্রতিনিধি হতে পারেন তার জন্যও বর্তমান সরকার অনুক্ষণ চেষ্টা চালিয়ে আসছেন।

৪। অর্থব্যয় যাতে বাস্তবাশ্রিত স্থানীয় প্রয়োজনভিত্তিক এবং স্থানীয় জনসাধারণের ইচ্ছানুসারে হয় সেজন্য সরকার পঞ্চায়েতের বিভিন্ন স্তরে বহুসংখ্যক পরিকল্পনা রূপায়ণের দায়িত্ব অর্পণ করেছেন এবং তার জন্য প্রয়োজনীয় অর্থ নৈতিক ও প্রশাসনিক বন্দোবস্তও করেছেন। ফলতঃ একক প্রতি অত্যন্ত স্বল্প খরচে গত কয়েক বছরে উল্লেখযোগ্য গ্রামীণ সম্পদ সৃষ্টি করা গেছে—যার উপকারিতা প্রত্যেকেই অনুভব করতে পারছেন। গভীর আগ্রহ এবং নিষ্ঠা সহকারে পঞ্চায়েত সংস্থাগুলি তাদের প্রাতিষ্ঠানিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল বলেই প্রশাসনের পক্ষে সম্ভব হয়েছিল গত খরিফ মরসুমে ভয়াবহ খরার মোকাবিলা করার। এই সময়ে, ডিসেম্বর ১৯৮২ পর্যন্ত, ত্রাণ ও কল্যাণ দপ্তরের ত্রাণ শাখা, কর্মের সুযোগ সৃষ্টি করতে ৩৩·১০ কোটি টাকা ব্যয় করছেন। অগভীর নলকূপ স্থাপন ও ইঁদারা খননের জন্য পঞ্চায়েত সমিতিগুলিকে ১·৯৯ কোটি টাকা দেওয়া হয়েছে। রিগ মেসিনের

সাহায্যে বাঁকুড়া ও পুরুলিয়াতে ১৫০০ টিউবওয়েল প্রোথিত করা হয়েছে। ক্ষুদ্র সেচের ব্যবস্থা করতে পাম্প মেসিন দেওয়ার জন্য ১০·৬০ কোটি টাকা ব্যয়িত হয়েছে। পঞ্চায়েত সংস্থাগুলি বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত ও পরিচালিত এই সব প্রকল্পে ৩০৭·৩৩ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করতে সক্ষম হয়েছেন। ভূমিহীন কৃষিজীবীদের এবং অনুন্নত সম্প্রদায়ের ব্যক্তিদের বাড়ি তৈরীর জন্য ৩·৭১ কোটি টাকা ব্যয় করা হয়েছে। ভূমিহীনদের জন্য ৮০ হাজারেরও বেশী বাড়ি তৈরি করা হয়েছে এবং ১৯৭৮ সাল থেকে পঞ্চায়েত সমিতিগুলি এই প্রকল্প রূপায়ণে সক্রিয় ভূমিকা গ্রহণ করে আসছে। গ্রামের বেকার ও অর্ধবেকারদের জন্য জাতীয় গ্রামীণ কর্মবিনিয়োগ প্রকল্পে ২২৩·৭৭ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করা সম্ভব হয়েছে। সরকার এই প্রশাসনিক, বিশেষভাবে কারিগরি পৃষ্ঠপোষকতাকে আরো বর্ধিত করতে চান এবং এতদুদ্দেশ্যে একটি প্রস্তাব অষ্টম অর্থ কমিশনের কাছে রেখেছেন।

৫। এই রকম নজিরবিহীন সম্পদের অনুবর্তনের ফলে প্রয়োজন দেখা দিয়েছিল একটা অব্যাহত হিসাব পরীক্ষার এবং এর জন্য একটি সার্বিক নিরীক্ষা ব্যবস্থা সৃষ্টি করা হয়েছে। জিলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির আইনানুগ হিসাব পরীক্ষা পূর্বের মতোই পশ্চিমবঙ্গের এ্যাকাউণ্ট্যাণ্ট জেনারেলের স্থানীয় হিসাব পরীক্ষকরাই করে থাকেন এবং এ্যাকাউণ্ট্যাণ্ট জেনারেলের অফিসেই সেই পরীক্ষার ফলাফল সংকলিত হয়। গ্রাম পঞ্চায়েতের আইনানুগ হিসাব পরীক্ষা করছেন পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকরা। তাঁরা এখন পর্যন্ত ১৯৭৮-৭৯ আর্থিক বৎসরের ৩২১৯টি গ্রাম পঞ্চায়েতের, ১৯৭৯-৮০ আর্থিক বৎসরের ৩১৪৪টি গ্রাম পঞ্চায়েতের, ১৯৮০-৮১ আর্থিক বৎসরের ২৯৯৭টি গ্রাম পঞ্চায়েতের এবং ১৯৮১-৮২ আর্থিক বৎসরের ২৫১৯টি গ্রাম পঞ্চায়েতের হিসাব পরীক্ষা সম্পূর্ণ করতে পেরেছেন। বেশ কিছু গ্রাম পঞ্চায়েতের হিসাব পরীক্ষা করা সম্ভব হয়ে ওঠেনি, পুলিশ কেস বা কোর্ট কেসে হিসাব সংক্রান্ত নথিগুলি জড়িত থাকার জন্য।

৬। পঞ্চায়েতিরাজ সংস্থাগুলিতে সম্পদ হস্তান্তরের ফলে সরকারকে, আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার জন্য অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাও অবলম্বন করতে হয়েছে। অব্যাহত হিসাব পরীক্ষার ব্যবস্থা ছাড়াও ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের ২০৫ (১) ধারা অনুসারে বিভিন্ন স্তরের সরকারী কর্মচারীদের পঞ্চায়েত সংস্থাগুলিকে পরিদর্শন ও তত্ত্বাবধানের ক্ষমতা দেওয়া হয়েছে। যখনই প্রয়োজন হয়েছে তখনই পঞ্চায়েতের পদাধিকারীদের ভুল-ভ্রান্তি নিরসনের ব্যবস্থাও করা হয়েছে বা তাঁদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থাও নেওয়া হয়েছে। এটা সব সময়েই দল-নিরপেক্ষ ভাবেই করা হয়েছে। এ যাবৎ দশটি গ্রাম পঞ্চায়েতকে বাতিল করা

হয়েছে। এর মধ্যে পাঁচটির বিরুদ্ধে অভিযোগ ছিলো অর্থ আত্মসাৎ করার এবং দুটির বিরুদ্ধে অভিযোগ ছিলো ক্ষমতার অপব্যবহারের। পাঁচজন প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তাঁদের মধ্যে চার জনের অপরাধ ছিলো তহবিল তছরূপ এবং একজনের অপরাধ ছিলো ক্ষমতার অপব্যবহার। তাঁদেরকে স্ব স্ব পদ থেকে অপসারিত করা হয়েছে। দুর্নীতির অভিযোগ থাকার জন্য জেলা প্রশাসন ১৪৪টি ব্যাপারে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির পদাধিকারীদের বিরুদ্ধে পুলিশের কাছে এফ. আই. আর. পেশ করেছেন।

৭। ১৯৭৮ সালে সৃষ্ট অধিকাংশ পঞ্চায়েত সংস্থার কার্যকাল পাঁচ বছর পূর্ণ হতে চলেছে। সেজন্য বর্তমান বছরের ৩১শে মে তারিখে দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচনের দিন ধার্য করা হয়েছে। সরকার আরো স্থির করেছেন যে এবারে এই প্রথম ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের ধারাগুলিকে আসানসোল ও দুর্গাপুর মহকুমার গ্রামগুলিতেও প্রয়োগ করা হবে। কিছু বড় বড় ব্লক এলাকাকে দু'ভাগ করার দাবীও ছিলো অনেক কালের। কিন্তু পঞ্চায়েত সমিতিগুলির ও জেলা পরিষদগুলির গঠন সংক্রান্ত কিছু অসুবিধা থাকায় এতকাল এব্যাপারে কোনো ব্যবস্থা অবলম্বন করা হয় নি। দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে কোচবিহার জেলার তুফানগঞ্জ ব্লক, নদীয়া জেলার করিমপুর ব্লক, হুগলী জেলার গোঘাট ব্লক, মেদিনীপুর জেলার খেজুরী ও পটাশপুর ব্লক এবং ২৪ পরগনা জেলার ব্যারাকপুর ব্লককে দু'ভাগ করা সম্ভব হয়েছে। যাদবপুর মিউনিসিপ্যালিটি সৃষ্ট হবার ফলে ২৪ পরগনা জেলার যাদবপুর-বেহালা ব্লকের কেবল জোকা ও গোপালপুর অঞ্চল দুটি অবশিষ্ট ছিল—তাও এই অঞ্চল দুটি ছিল পরস্পর বিচ্ছিন্ন ও আমূল পৃথক। এই দুটি অঞ্চলকে মহেশতলা-মেটিয়াবুরুজ ব্লকের সঙ্গে যুক্ত করা হয়েছে এবং এই ব্লকটিকে ভেঙে মহেশতলা এবং ঠাকুরপুকুর-মেটিয়াবুরুজ নামে দুটি ব্লকের সৃষ্টি করা হয়েছে। এই সমস্ত প্রশাসনিক পরিবর্তনের ফলে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত সমিতির সংখ্যা বেড়ে দাঁড়াচ্ছে ৩৩৯ ও গ্রাম পঞ্চায়েতের সংখ্যাও বেড়ে দাঁড়াচ্ছে ৩৩০৫।

৮। এই সভা নিশ্চয়ই ১৯৭৮ সালের নির্বাচনের কতকগুলি বিশিষ্টতা সম্পর্কে অবগত আছেন। সেবারেই সমগ্র ভারতবর্ষের মধ্যে প্রথম পশ্চিমাংলাতেই নির্বাচন কমিশনের অনুমোদিত রাজনৈতিক দলগুলিকে তাঁদের সংরক্ষিত প্রতীক চিহ্নসহ পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবার অনুমতি দেওয়া হয়েছিল। প্রকৃত নির্বাচন-পর্বেরও বিশিষ্টতা ছিল এই অর্থে যে, একদিনের নির্বাচনে নির্বাচকমণ্ডলী পঞ্চায়েতের তিনটি স্তরেই ৫৬ হাজার সভ্যকে সরাসরি নির্বাচিত করেছিলেন। ভারতের নির্বাচন কমিশনের নির্দেশানুযায়ী যেহেতু এখন বিধানসভার নির্বাচকমণ্ডলীর তালিকা একটি

নির্বাচন এলাকাকে ভিত্তি করে তৈরী হয়, সেহেতু গ্রাম পঞ্চায়েত ক্ষেত্রগুলিকে নতুন ভাবে পুনর্গঠিত করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল যাতে নির্বাচন কমিশনের চাহিদার সঙ্গে সমতা রক্ষা করা সম্ভব হয়। আগামী পঞ্চায়েত নির্বাচনে ২৯৫৭১টি নির্বাচন ক্ষেত্র থেকে গ্রাম পঞ্চায়েতে ৪৫৯৮৫ জন সভ্য নির্বাচিত হবেন। জিলা পরিষদে এবং পঞ্চায়েত সমিতিতেও সরাসরি যথাক্রমে ৬৭৮ জন এবং ৮৬৫৭ জন সভ্য নির্বাচিত হবেন। আগামী পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতিপর্ব চলছে সমগ্র পশ্চিমবঙ্গ জুড়ে সন্তোষজনকভাবেই এবং রাষ্ট্রীয় প্রশাসন গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের এই দুঃসাহসিক পরীক্ষাকে সফল করে তুলতে সম্পূর্ণভাবে বদ্ধপরিকর। আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে, যে বিশাল উদ্দীপনা, উদ্দেশ্যবোধ এবং গতিশীলতা ১৯৭৮ সালের নির্বাচকমণ্ডলী প্রদর্শন করেছিলেন, এবারের নির্বাচনেও তা দেখা যাবে এবং গ্রামবাংলার মাটির বুক থেকে যে নেতৃত্ব বিকশিত হয়ে উঠবে, তা জাগ্রত গ্রামীণ জনসমাজের আশা-আকাঙ্ক্ষাকে যথার্থ প্রাতিষ্ঠানিক রীতির মধ্য দিয়ে প্রতিফলিত করতে পারবে।

আমি এখন ১৯৮৩-৮৪ সালের বাজেটে বিভিন্ন খাতে প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের হিসাবগুলি পেশ করছি :

(ক) **পঞ্চায়েত শাখা সম্পর্কিত ৫৯ সংখ্যক অভিযাচন।**

(১) পঞ্চায়েত অধিকার ও বিভিন্ন জেলায় নিযুক্ত এবং ব্লক প্রশাসনে নিযুক্ত কর্মীদের মাহিনা, ভাতা, পাথেয় ইত্যাদি বাবদ এবং বিভিন্ন স্তরে পঞ্চায়েত প্রশাসন যন্ত্রকে সুদৃঢ় করে তোলার জন্য ২ কোটি ২২ লক্ষ ৮৬ হাজার টাকার বরাদ্দের জন্য প্রস্তাব করা হচ্ছে। এর মধ্যে হিসাব রক্ষা ও নিরীক্ষা সংস্থার ব্যয়-বরাদ্দও ধরা আছে।

(২) পঞ্চায়েত সংস্থাগুলির বেসরকারী কর্মী প্রতিনিধিদের গ্রাম পঞ্চায়েতের সচিবদের, গ্রাম পঞ্চায়েতের কর্মসহায়কদের, হিসাব নিরীক্ষকদের ও সরকারী কর্মচারীদের প্রশিক্ষণ ব্যয় বাবদ ১২ লক্ষ ২৫ হাজার টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৩) গ্রাম পঞ্চায়েত সচিব, চৌকিদার, দফাদার, কর্মসহায়ক এবং কর আদায়কারীদের বেতন, ভাতা, কমিশন ইত্যাদি বাবদ সরকার বাৎসরিক অনুদান দিয়ে থাকেন।

উন্নয়নমূলক কাজের জন্যও থোকঅনুদান দিয়ে থাকেন গ্রাম পঞ্চায়েতকে প্রতি বৎসর। কর, অভিকর, শুল্ক ইত্যাদি সংগ্রহের পরিমাণের দিকে লক্ষ্য রেখে সম

পরিমাণ অনুদান (অনধিক গ্রাম পঞ্চায়েত পিছু পাঁচ হাজার টাকা পর্যন্ত) সরকার গ্রাম পঞ্চায়েতকে দেন প্রতি বৎসর। এছাড়াও জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতি কর্তৃক গ্রামীণ স্বাস্থ্যব্যবস্থা এবং পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যাবলী—যেমন পয়ঃপ্রণালী ইত্যাদির সংরক্ষণ, অবদান-ভিত্তিক গ্রামীণ রাস্তা তৈরী প্রকল্প, জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির কর্মচারীদের বেতন, ভাতা পাথেয় ; গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের সভ্যদের সভায় যোগদান করার জন্য পাথেয়, ইত্যাদি বাবদ অনুদানও সরকার দিয়ে থাকেন ফি-বছর। অঞ্চল নার্শারী প্রকল্পের জন্য, সামাজিক বনসৃজন প্রকল্পের জন্য এবং সর্বভারতীয় পঞ্চায়েত পরিষদকে দেয় ব্যয়ভার সংক্রান্ত অনুদানও সরকার বহন করেন প্রতি বৎসর। এই সমস্ত খাতে অনুদান দেবার জন্য মোট ২০ কোটি ১৭ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৪) গ্রাম পঞ্চায়েতের নিজস্ব অফিস বাড়ি তৈরীর জন্য এবং জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির অফিস বাড়ি সম্প্রসারণের জন্য ২৯ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৫) মাসিক পত্রিকা "পঞ্চায়েতীরাজ"-র প্রকাশনার জন্য এবং পঞ্চায়েত সংক্রান্ত প্রদর্শনীর জন্য মোট ৫ লক্ষ ১২ হাজার টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৬) কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘভাতা দেবার জন্য ৭৯ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৭) দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য ৫ কোটি টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৮) পথ এবং পূর্ত অভিকরের পরিবর্তে জিলা পরিষদ সরকারের কাছ থেকে অনুদান পান। এছাড়াও ভূমি শুল্কের চলতি অভিযাচনের ওপর গত তিন বৎসরের শুল্ক সংগ্রহের পরিমাণের পাঁচ শতাংশ জিলা পরিষদকে অনুদান হিসাবে দেওয়া হয়। এসবের জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৯) পঞ্চায়েত সংস্থাগুলিকে কোন সংকটের সময় অত্যাবশ্যকীয় ঋণ দানের জন্যও ১০ হাজার টাকার একটি টোকন ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(খ) সমষ্টি উন্নয়ন সম্পর্কিত ৬০ সংখ্যক অভিযাচন।

(১) ব্লক প্রশাসন ও হেডকোয়ার্টারের প্রশাসনিক ব্যয় বাবদ ১২ কোটি ৭৮ লক্ষ টাকার সংস্থান রাখার জন্য প্রস্তাব করছি।

(২) তিনটি প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য ৬ লক্ষ ২৪ হাজার টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হচ্ছে।

(৩) মহিলামণ্ডলের মাধ্যমে পুষ্টি প্রকল্পে শিক্ষাদানের উদ্দেশ্যে ও মহিলামণ্ডলের কর্মীদের উৎসাহব্যঞ্জক পুরস্কার (ইনসেনটিভ অ্যাওর্ড) দেওয়ার জন্য এবং মহিলা-মণ্ডলগুলিকে উন্নততর ও সবলতর করে তোলার উদ্দেশ্যে মোট ১৩ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব করছি।

(৪) গ্রামীণ গৃহনির্মাণ প্রকল্পে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে ভূমিহীন শ্রমিকদের জন্য গৃহনির্মাণের উদ্দেশ্যে ১ কোটি ১৬ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(৫) ব্লক পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণের জন্য ৫৫ লক্ষ টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব রাখা হচ্ছে।

(৬) কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘভাতা দেওয়ার জন্য এই ৫০ লক্ষ ১ হাজার টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব রাখা হচ্ছে।

(৭) জীবনবীমা কর্পোরেশনের তহবিল থেকে যে গ্রামীণ গৃহনির্মাণ কর্মসূচী নেওয়া হয়েছে তার ঋণ সহায়ক ব্যবস্থা হিসাবে দেয় ৫০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখছি।

(গ) ৬১ নম্বর অভিযাচনের অন্তর্গত পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন দপ্তর ছাড়া অন্য দপ্তর সংক্রান্ত

(১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অন্তর্ভুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের জন্য, মৎস্য দপ্তরের অন্তর্ভুক্ত ট্যাংক-ফিশারি প্রকল্পের জন্য, পশুপালন ও পশু-চিকিৎসা দপ্তরের অন্তর্গত পশু-চিকিৎসা সম্পর্কিত ব্যবস্থাদির জন্য ও কৃষি দপ্তরের প্রশিক্ষণ তথা উন্নয়ন পরিকল্পনার জন্য মোট ১ কোটি ৭ লক্ষ ১০ হাজার টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব রাখছি।

(৯) এখন আমি ১৯৮৩-৮৪ সালের জন্য নিম্নোক্ত ব্যয়-বরাদ্দগুলি মঞ্জুর করার জন্য বিধানসভাকে অনুরোধ করছি।

(ক) ৫৯ নম্বর অভিযাচনের অন্তর্ভুক্ত নিম্নোক্ত খাতগুলিতে মোট ২৯ কোটি ৮৬ লক্ষ ৪১ হাজার টাকা

(১) "314-Community Development (Panchayats)" শীর্ষক বাজেট থেকে ২৮ কোটি ৬৬ লক্ষ ৩১ হাজার টাকা।

(২) "363-Compensation and Assignment to Local Bodies

and Panchayati Raj Institutions (Panchayat)" শীর্ষক বাজেট থেকে ১ কোটি ২০ লক্ষ টাকা।

এবং

(৩) "714-Loan for Community Development (Panchayats)" শীর্ষক বাজেট থেকে ১০ হাজার টাকা।

(খ) ৬০ নম্বর অভিযাচনের অন্তর্ভুক্ত নিম্নোক্ত বাজেট খাতগুলিতে মোট ১৭ কোটি ১৯ লক্ষ ৯৫ হাজার টাকা।

(১) "314-Community Development (Excluding Panchayat)" বাজেট শীর্ষক থেকে ১৬ কোটি ১৪ লক্ষ ৯৫ হাজার টাকা।

(২) "514-Capital Outlay on Community Development (Excluding Panchayat)" শীর্ষক বাজেট থেকে ৫৫ লক্ষ টাকা।

এবং

(৩) "714-Loan for Community Development (Excluding Panchayat)" শীর্ষক বাজেট থেকে ৫০ লক্ষ টাকা।

Mr Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND NO. 59

Shri Subrata Mukherjee : I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Gyan Singh Sohanpal	:	I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-
Shri Kashinath Misra	:	—do—
Shri Subrata Mukherjee	:	—do—
Shri Abanti Misra	:	—do—
Shri Jokhilal Mondal	:	—do—
Shri Dwipendra Barman	:	—do—
Shri Sk. Imajuddin	:	—do—

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই বিধানসভায় পঞ্চায়েতের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী উপস্থাপিত করা হয়েছে তা প্রায় ৪৮ কোটি টাকার। আমি এই ব্যয়-বরাদ্দের দাবীর বিরোধিতা করছি। স্যার, আমার দলের তরফ থেকে যে-সমস্ত কাট মোশান রাখা হয়েছে সেগুলিকে আমি সমর্থন করছি।

এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সরাসরি প্রশ্ন রাখছি। আপনি বলেছেন, দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচন করতে যাচ্ছেন এবং ইতিপূর্বেই এ ব্যাপারে ভোটার লিস্ট তৈরী করার জন্য ৫ কোটি টাকা নিয়েছিলেন। আপনি এখানে বলেছেন, The increase is mainly due to inclusion of provision on account of preparation of Electoral Rolls in connection with the General Panchayat Election all over the state. আপনি আমাদের কাছে যে বই সাপ্লাই করেছেন তাতে এটা দেওয়া আছে।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ ইলেকটোরাল রোল আমরা তৈরী করিনি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ কিন্তু এখানে আপনি লিখেছেন। আপনি যে মেমো-রেণ্ডাম দিয়েছেন তাতে লিখেছেন।

আমার প্রথম কথা হচ্ছে, এই যে নির্বাচন হতে চলেছে এটা দ্বিতীয় পঞ্চায়েত নির্বাচন নয়। আপনার জানা উচিত ১৯৫৭ সালে একটা পঞ্চায়েত আইন তৈরী হয়েছিল এবং তার ভিত্তিতে নির্বাচন হয়েছিল। আপনি সেদিন দাবী করলেন, প্রথম যুক্তফ্রন্টের কার্যকালে বেনামী জমি উদ্ধার শুরু হয়েছিল এবং তাকে আপনি প্রথম যুক্তফ্রন্টের কৃতিত্ব হিসাবে দাবী করেছিলেন। তাহলে এ ব্যাপারে কেন আপনি কৃতিত্ব দাবী করলেন না? ১৯৬৭ সালে পঞ্চায়েত নির্বাচন ডিউ হয়েছিল এবং তখন আপনারা ক্ষমতায় ছিলেন—প্রথম যুক্তফ্রন্ট ক্ষমতায় ছিল—তখন কেন আপনারা নির্বাচন করেন নি?

[1.20—1.30 P. M.]

আপনারা এর জন্য দায়ী। এর উত্তর পরে দেবেন। দ্বিতীয় অভিযোগ করি, দ্বিতীয়বার যখন ক্ষমতায় আসীন হয়েছিলেন অর্থাৎ ১৯৬৯ সালে, সেই সময়ে পঞ্চায়েত নির্বাচন ডিউ ছিল—সেই সময়ে আপনারা নির্বাচন করেন নি। ১৯৭১ সালে যখন আমরা সর্ট টার্মের জন্য এলাম তখন আপনারা সমস্ত নির্বাচন বয়কট করলেন। সেই জন্য কংগ্রেস সরকারের সময়ে এই নির্বাচন অনুষ্ঠান করা সম্ভবপর হয় নি। কারণ সি. পি. এম. রাজ্যের ডেমোক্র্যাটিক দল, সেই দল নির্বাচন বয়কট করলো। এই এ্যাসেম্বলীতে আপনারা ১৪-তে রিডিউস্‌ড হয়েছিলেন এবং বিরোধী দলের নেতা জ্যোতি বসু পরাজিত হয়েছিলেন বলে বিধানসভা বয়কট করেছিলেন। কংগ্রেস দল গণতান্ত্রিক নির্বাচনে বিশ্বাস করে, প্রতিপক্ষ অর্থাৎ বিরোধী পক্ষকে বিশ্বাস করে, সেইজন্য পঞ্চায়েত নির্বাচন করা সম্ভবপর হয় নি—আপনাদের গোঁসা,

আপনাদের অভিমান, আপনাদের লজ্জাশীলতা এবং আপনারা পরাভূত এবং পলাতক জেনেও আমরা নির্বাচন করিনি। এটা যদি স্বীকার না করেন তাহলে জবাব দেবেন। ১৯৭৩ সালে এই আইনটিকে কার্যকরী করতে গিয়ে দেখা গিয়েছে কিছু ত্রুটি ছিল, এই আইনটিকে সম্প্রসারিত করা দরকার। মাননীয় সুব্রত মুখার্জী এবং শ্রীসন্তোষ রায় এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। তাঁরা জিলা পরিষদ অ্যাক্ট ১৯৬৩ এবং পঞ্চায়েত অ্যাক্ট ১৯৫৭ রিপ্লেস করে কমপ্রিহেনসিভ পঞ্চায়েত আইন করেছিলেন। আপনারা সেই আইনকে সংশোধনের চেষ্টা করেছেন স্বার্থের অনুকূলে, কিন্তু সংশোধন করতে পারেন নি। আপনারা যে অভিযোগ করেন—১৪ বছর আমরা পঞ্চায়েত নির্বাচন কেন করিনি—প্রকৃতপক্ষে লেফট্ ফ্রন্টের বেনামদার প্রথম এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার তারাই পঞ্চায়েত নির্বাচন করেনি। পরবর্তীকালে আপনারা নির্বাচন বয়কট করেছিলেন, সেইজন্য পঞ্চায়েত নির্বাচন পেছিয়ে গেছে। এর জন্য যে গ্রামাঞ্চলের মানুষের ক্ষতি হয়েছে একথা অনস্বীকার্য। কিন্তু আপনারা যখন নির্বাচন করেছেন সেই নির্বাচনের দিন ছিল ৪ঠা জুন, ১৯৭৮, প্রচণ্ড গিরমের সময়। পরবর্তী নির্বাচন ডিউ হবার কথা ছিল ১৯৮২ সালের আগষ্ট মাসে। কিন্তু আপনারা সেই নির্বাচন করেন নি। পঞ্চায়েতের যে সমীক্ষা হয়েছে, প্লানিং কমিশনের যে নির্দেশ আছে এবং ঋষি-মনীষীরা যে অভিমত ব্যক্ত করেছেন সেটা হচ্ছে আর যাই হোক, পঞ্চায়েতের নির্বাচন কোন সময়েই স্থগিত করা যায় না। আপনারা দলীয় স্বার্থে নির্বাচন পেছিয়ে দিলেন অনির্দিষ্টকালের জন্য। তারপর জনমতের চাপে আবার নির্বাচন ঘোষণা করতে বাধ্য হয়েছেন। ১৯মে যখন বিধানসভার নির্বাচন হলো তখন গরম হয় নি কি? আর আগষ্ট মাসে ১৯৮২-তে প্রচণ্ড গরম ছিল বলে আপনারা বলছেন সম্ভব হয় নি। কিন্তু তা তো নয়। রাজনৈতিক আবহাওয়া আপনাদের অনুকূলে ছিল না। বিধানসভার নির্বাচনে রিগিং-এর ফলে জনমতের যে রোষ আপনাদের বিপক্ষে ছিল—সেই জন্য জনমতের রোষ যাতে উপশম হয় এবং আপনাদের অনুকূলে পরিবেশ তৈরী হয় তার জন্য আপনারা নির্বাচন করেন নি। আজকে পশ্চিমবাংলা খরায় জ্বলছে। এই ৩১শে মার্চের মধ্যে প্রতিটি জেলায়—ইন ওয়েষ্ট দিনাজপুর মোর দ্যান ২ ক্রোরস—১৬টি ব্লকে, ইন মেদিনীপুর মোর দ্যান ৫ ক্রোরস—এইভাবে প্রতিটি জেলায় ৩৩/৩১ কোটি টাকা আপনারা পাঠিয়ে দিয়েছেন। কিন্তু কোন হিসাব দিতে পারেননি। আপনারা বলেছেন, এই টাকা কনট্রাকটরের মাধ্যমে খরচ করা যাবে না, এই টাকা খরচ করবে দুর্নীতিগ্রস্ত যে-সব পঞ্চায়েত রয়েছে তার মাধ্যমে। সুতরাং ইন এ সেন্স কেন্দ্রের দেওয়া ৭০কোটি ৩১লক্ষ টাকা আপনারা পেয়েছিলেন—তার মধ্যে ৪০কোটি

টাকা লাগিয়েছেন অনুকূল জনমত করার জন্য দুর্নীতিগ্রস্ত নির্বাচিত পঞ্চায়েতের প্রতিনিধির মাধ্যমে। সুতরাং আপনারা নির্বাচন আবহাওয়া অনুকূলে আনার জন্য এই টাকা ব্যয় করেছেন। আরো লজ্জার কথা—আমি আজ মালদা থেকে এলাম সেখানে প্রচণ্ড খরা চলছে—আগেও ছিল, এ বছরেও আছে। সেখানে আপনারা পানীয় জল নিয়ে প্রচণ্ড রাজনীতি করছেন আদিবাসীদের নিয়ে। ঐ আদিবাসীদের জল-কূয়া, টিউবওয়েল এবং কিছু পাম্পসেট সাবসিডিয়ারী রেটে দেওয়া হচ্ছে সরকার থেকে। কিন্তু শপথ বাক্য লিখিয়ে নেওয়া হচ্ছে ওদের কাছ থেকে। ওখানকার গ্রাম পঞ্চায়েত ওদের কাছে গিয়ে বলছেন, এই আমাদের ফরম, This is the form for bank loan, this is the form having pumpset at subsidised rate. তাদেরকে দেবতার নামে শপথ করিয়ে নিচ্ছে এই সমস্ত জিনিস দেবার পরিবর্তে।

আপনি অস্বীকার করতে পারেন? মুশকিল হচ্ছে এইখানে। মাননীয় মন্ত্রী মহোদয়, আমি নিজে স্পেসিফিক—কোথায় আপনার পঞ্চায়েত ডাইরেকটার—আমার এলাকায় দুর্নীতির অভিযোগ করেছি। আপনি জানিয়েছেন যে, আপনার গ্রাম পঞ্চায়েতের প্রধানকে সাসপেণ্ড করেছেন। সে ছিল একজন স্কুল টিচার। হি ইজ সাসপেণ্ডেড। তাকে সাসপেণ্ড করেছেন। আমি নিজে আপনাদের পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে চিঠি লিখেছিলাম। আপনারা পঞ্চায়েত এবং পার্টি থেকে তাকে সাসপেণ্ড করেছেন, হি ইজ নট ফাংশনিং। যদি হিম্মৎ থাকে দেখবেন। আপনারা কোন প্রতিকার করেন নি এবং নির্বাচিত প্রতিনিধিকে কোন উত্তর দেওয়ার প্রয়োজন মনে করেন নি। কিসের প্রশাসন? আজ দপ্তরের কর্মচারীরা উত্তর দিতে পারে না বলে আমরা অভিযোগ করি না। ভিজিলেন্স কমিশন—একাধিক দুর্নীতির বিরুদ্ধে আমরা সেই ভিজিলেন্স কমিশনে অভিযোগ পাঠিয়েছি, কিন্তু আপনারা নীরব থেকেছেন, কোন ব্যবস্থা করেন নি। আপনি আপনার ভাষণে ৫ জন প্রধানের অপসারণের কথা বলেছেন। মালদা জেলার ২৭ জন প্রধানের অপসারণের জন্য সুপারিশ করেছেন। মাননীয় দেবব্রত বন্দোপাধ্যায় মহাশয়ের কার্যকালে—আমরা জানি—এখানে পঞ্চায়েতের বিরুদ্ধে ৫০ হাজার অভিযোগ উপস্থিত হয়েছিল এবং ২০ হাজার অভিযোগ প্রমাণিত হয়েছিল। সেই পঞ্চায়েত দপ্তর আজকে দেবব্রতবাবুর কাছে নেই, সেই পঞ্চায়েত দপ্তরের দায়িত্ব নিয়েছেন আজকে ভূমি এবং ভূমি রাজস্ব বিভাগের প্রবীণ মন্ত্রী শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয়। অন্য জনের হাতে থাকলে আজকে পঞ্চায়েতের বিরাট দুর্নীতির কথা জনসমক্ষে প্রচার হয়ে যাবে। তিনি ব্যবস্থা নেওয়ার আগে

প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু এখন কি রকম পঞ্চায়েত ব্যবস্থা ? মাননীয় দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের কাছ থেকে দপ্তরের দায়িত্ব নিয়েছেন আপনি, কিন্তু কি অনুকূল পরিবেশের সৃষ্টি হয়েছে, দুর্নীতি রদ হয়েছে, অপচয় বন্ধ হয়েছে? আপনাকে সরাসরি জিজ্ঞাসা করি আপনাদের ৩২৭২টি গ্রাম পঞ্চায়েত ছিল, আজকে ৩৩০৫টি করতে চলেছেন, এই ৩৩০৫টি পঞ্চায়েতে আপনাদের কত এ্যাসেট তৈরী হয়েছে ? আমি যদি জিজ্ঞাসা করি যে, আপনারা ক্যাশ দিয়েছেন, আপনাদের এই ৫ বছরে more than five hundred crores from different department. আমি যদি আপনাদের কাছে অভিযোগ করি যে, আপনারা ক্যাশ এ্যাণ্ড কাইণ্ড ৫০০ কোটি টাকার উপর সব গ্রামে পঞ্চায়েতের মাধ্যমে দিয়েছেন, এই টাকার স্থায়ী সম্পদ কি আছে দেখাতে পারবেন ?

আপনারা বলেন বিকেন্দ্রীকরণ। একটা বিষয়ে আপনাকে আমি সাধুবাদ জানাই। যেখানে কোন কমিউনিষ্ট দেশে পঞ্চায়েত ব্যবস্থা আছে বলে আমার জানা নেই। যদি থাকে পঞ্চায়েতের বিকল্প কি ব্যবস্থা আছে আপনাদের মার্কসীয় দেশগুলিতে ? আজকে একদলীয় শাসন যেখানে আছে সেটা আমাদের জানিয়ে দেবেন। কমিউনিষ্টরা পারেন না। আজকে পঞ্চায়েত, মহাত্মা গান্ধীর ধ্যান-ধারণা সি পি এমের ওঁরা বিশ্বাস করেন না গণতন্ত্রে। আজকে মহাত্মা গান্ধীর আদর্শ নিয়ে যদি ক্ষমতা বিকেন্দ্রীকরণের শপথ নিয়ে থাকেন তাহলে আমরা স্বাগত জানাতে পারতাম। প্রতিটি পঞ্চায়েত দুর্নীতিমুক্ত হোতো, সম্পদ সৃষ্ট হোতো এবং গ্রামের শোষণ এবং সব কিছুই কাজে লাগতে পারত। আপনাকে জিজ্ঞাসা করি, গ্রামের প্রধান সমস্যা এই যে অতিরিক্ত শ্রমিক আছে কিন্তু কাজ নেই, আপনাদের পঞ্চায়েতগুলিকে কি সেইদিকে চ্যানেলাইজ করতে পেরেছেন ? আপনি বলেছেন যে, ২ কোটির উপর শ্রম-দিবস সৃষ্টি হয়েছে। ২ কোটি শ্রম-দিবস যদি সৃষ্টি হয়ে থাকে তার পরিপূরক করসপণ্ডিং এ্যাসেটস্ কি তৈরী হয়েছে ? আপনার কি কথা ছিল সেটার উত্তর দেবেন। আজকে যদি উত্তর দিতে পারেন তাহলে খুশী হব এবং তাহলে একটা সর্বদলীয় কমিটি করে টোকেন ইন্সপেকশনের ব্যবস্থা করা হবে। আমি বলি, আমরা গিয়ে দেখি, আপনারা সাহায্য দেবেন। মাননীয় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এস. কে. দে মহাশয়কে এনে দু-একটা সাজান পঞ্চায়েতকে দেখিয়ে সুপারিশ চাইতে পারেন যে, আমাদের সুপারিশ করা। যেন জনসমক্ষে আমরা দাঁড়াতে পারি। কিন্তু পঞ্চায়েতে তো যেতে পারছেন না। একদিকে হিসেব ব্যতিরেকে টাকা বইয়ে দিচ্ছেন, যার কোন হিসেব নেই। আপনি যে ষ্টেটমেন্ট দিয়েছেন তাতে সব পঞ্চায়েতে অডিট হয়েছে সে কথা বলতে

পারেন নি। আপনি বলতে পারেন যে, কিছু অংশে অডিট হয়েছে। ৩৩১টাতে হয়েছে। ব্লক সমিতি আছে, ৩৩৯টি পঞ্চায়েত সমিতিতে হয়েছে এই রকম বলতে পারছেন না যে, সবগুলিতে অডিট হয়েছে, আপনি বলতে পারছেন না what is the check, what were the supervision for the development. কারণ আপনারা গ্রহণ করেছেন যে জন্য তার মূল হচ্ছে রাজনীতির পক্ষ বিস্তারের জন্য—গ্রামের মানুষের কল্যাণের জন্য নয়, বিকেন্দ্রীয়করণের জন্য নয়, তা যদি থাকত তাহলে এর কম হোতো না। আপনি এখানে বলেছেন যে, ৩টি সেণ্টার আছে ইভ্যালুয়েশন ফর চিনসুরা, জলপাইগুড়ি এবং ক্যালকাটা এই ৩টি সেণ্টার আছে।

[1.30—1.40 P. M.]

কম-বেশি ৮ লক্ষ টাকা ব্যয় করেছেন। পঞ্চায়েতমন্ত্রী মহাশয়, আপনার পূর্বসূরী, এই হাউসে কি একটি রিপোর্ট দিয়েছেন যে, ইভ্যালুয়েশন করে ইমপ্রুভমেণ্ট করবেন—এই সিদ্ধান্তে পৌঁছেছেন এবং পঞ্চায়েতগুলোর পরিপূরক ব্যবস্থা এই হওয়া উচিত। পঞ্চায়েতগুলোর ঠিক ঠিক সম্পদ এ্যামেণ্ডমেণ্ট হওয়া দরকার। একটুও দেননি, ব্যয় হয়ে গেছে সরকারের ৮ লক্ষ টাকা। আপনি আবার সেই প্রস্তাব করেছেন। কিন্তু একটি জিনিস আমি বুঝলাম না—আপনি গ্র্যাণ্ট নাম্বার ৫৯, মেজর হেড ৩৬৩—সেখানে চার্জ করে নিয়ে এলেন। আপনি কি নতুন কোন হেড করবার কথা চিন্তা করছেন? পঞ্চায়েতে তো চার্জ এ্যাকাউণ্ট থাকে না। যদিও টাকাটা অল্প, সিম্পল, মাত্র ২০০০ টাকা চেয়েছেন চার্জ এ্যাকাউণ্টে, কিন্তু আমি তো বুঝতে পারছি না পঞ্চায়েতে চার্জ এ্যাকাউণ্ট কি করে হয়। যদি আপনার নতুন কোন মেজর হেড থাকে, কিংবা খুলবার কোন পরিকল্পনা থেকেও থাকে—সেকথা কিন্তু আপনার প্রারম্ভিক ভাষণে আমাদের জানান নি। আপনি উত্তর দেবার সময় বলবেন আশা করি হোয়াই দিস ৩৬৩ মেজর হেড-এ ২০০০ টাকা আপনি চার্জ এ্যাকাউণ্ট খুলেছেন। আমি অনুমান করছি যে, আপনি নতুন কোন হেড বা মেজর হেড উপস্থিত করবেন বলে আজকে এই বরাদ্দ চেয়েছেন। আপনাকে জিজ্ঞাসা করি, আপনার এখানে ফাংশনারি আছে মোর দ্যান ৭.৫০ থাউজেণ্ড। আপনার এখানে করা উচিত ছিল গ্রামের স্বায়ত্তশাসন এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ। কারণ কারোর কোন ট্রেনিং নেই, অভিজ্ঞতা নেই, সি. পি. এম-এর দাপটে ওঁরা চাঙ্গা এবং আপনাদের ছোরা, ডাণ্ডা এবং বোমার দাপটে ভোটে কোথাও কোথাও জিতে এসেছেন বটে—কিন্তু ওঁদের সুপারভিশনের কোন ব্যবস্থা ছিল? ওঁদের কোন

ট্রেনিং-এর ব্যবস্থা ছিল? আপনারা তো বলছেন থ্রি-টায়ার পঞ্চায়েত ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন, কিন্তু কতজন ট্রেনিং পেয়েছেন, ট্রেনিং-এর ফলাফল কি, কত দিনের ট্রেনিং? ইম্পর্টেন্ট ফাংশনারী বলে আপনারা তো এখানে তাঁদের রাহা-খরচ, তাঁদের অনারারিয়ামের আরও বরাদ্দ চেয়েছেন, কিন্তু ট্রেনিং-এর খরচ কত আপনার কাছে জানতে চাই। যে ব্যবস্থা করেছেন পঞ্চায়েতে, তাতে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ওঁরা খরচ করছেন, যাঁরা কোনদিন টাকা হ্যাণ্ডলিং করেন নি, যাঁরা ব্যয় করতে জানেন না, প্ল্যানিং বোঝেন না। তাহলে কি রাজ্যস্তরে প্ল্যানিং কমিশন থাকবে না? তাহলে কি জেলাস্তরে প্ল্যানিং বোর্ড থাকবে না? রাজ্য স্থরে প্ল্যানিং বোর্ড থাকবে না? এই দায়িত্ব কে পালন করবেন? রিজনাল ইমব্যালেন্স এবং গ্রামের অতিরিক্ত শ্রমশক্তি—এই দুটোকে কো-অর্ডিনেট করে যে সম্পদ সৃষ্টির সুযোগ ছিল, সেটাতো আপনারা করেন নি? করেন নি, কারণ ল্যাক্ অফ ট্রেনিং, ল্যাক্ অফ অডিট, ল্যাক্ অফ ইন্সপেকশন, ল্যাক্ অফ সুপারভিশন। শুধু গলায় লাল রুমাল থাকলেই সাত খুন মাপ। এবার আবার শুরু করেছেন। একদিকে অর্থ দিচ্ছেন, অন্যদিকে—আমার এলাকায় আমি ঘুরে এলাম। মানুষ সেখানে বাড়ী ফিরতে পারছে না। নোমিনেশন পেপার সাবমিট্ করতে পারছে না। মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি যাঁরা বিরোধী দলের সম্ভাব্য প্রার্থী হবেন তাঁদের উপর হামলা করছেন, তাঁদের বাড়ী পুড়িয়ে দিচ্ছে, তাঁদের এ্যাটাক করছেন। বহরমপুরের নির্বাচিত মিউনিসিপ্যাল কমিশনার শট ডেড হয়েছেন। আমরা জানতে চাই কি কারণে কত জায়গায় সম্ভাব্য বিরোধী দলের প্রার্থীদের উপর আপনারা হামলা করেছেন? এই অভিযোগ আমরা একাধিকার এই হাউসে উত্থাপন করেছি। আমি নিজের চোখে দেখে এলাম বালুরঘাট অঞ্চল। মনোজিৎ সান্নাল নমিনেশন সাবমিট করতে পারেন নি, হামলার ফলে হসপিটালাইজড্ হয়েছেন। আপনারা প্রতিটি জায়গায় ভয়, হুমকি দেখাচ্ছেন। অন্যদিকে সি পি এম-এর হাতে পুলিশ দপ্তর। যাঁরা বিরোধী দলের সম্ভাব্য প্রার্থী তাঁদের বিনা কারণে পুলিশের মারফৎ হয়রানি করবার চেষ্টা করছেন। যাঁর বন্দুকের লাইসেন্স আছে, গান-বন্দুক, আমি নাম করছি—সংগ্রামপুরের এম এল এ শ্রীআজার আলিকে বন্দুকের লাইসেন্স, বন্দুকের কার্টিজ এবং বন্দুক সুদ্ধো থানায় উপস্থিত হবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। একদিকে আমাদের এলাকার সব কয়টি বন্দুক লুঠ হয়েছিল, তার মধ্যে একটি ছাড়া সব কয়টি বন্দুকই কংগ্রেস সমর্থকদের। আপনারা নাম দিচ্ছেন একটি মিষ্টদের, কিন্তু প্রকৃত কাজ করছে সি পি এম। আবার এখন দেখছি পঞ্চায়েত নির্বাচনের ডঙ্কা বাজার সঙ্গে সঙ্গে টাকার বন্যা বয়ে যাচ্ছে। আজকে আপনাদের

প্রতাপে কোন উন্নয়নমূলক কাজই হবে না যদি না আপনাদের সাপোর্টে কাজ না করা হয়, সি পি এম-এর সমর্থনে বা সি পি এম-কে ট্যাক্স না দেওয়া হয়। বিনয়বাবু, ওয়েষ্ট দিনাজপুরে আপনাদের কয়টি ক্যাণ্ডিডেটকে জিতিয়ে আনতে পারবেন নিরপেক্ষ নির্বাচন করে সে ব্যাপারে চ্যালেঞ্জ গ্রহণ করুন! কয়েকটি হয়তো জিতিয়ে আনতে পারবেন পুলিশের দাপটে, বন্দুক ক্যান্সেল করে, বন্দুক লুট করে, পাম্প সট দিয়ে, কাজ বন্ধ করে, পুলিশের হয়রানি করে, কিন্তু আপনারা কোন প্রার্থী পান নি। জিজ্ঞাসা করি আপনাকে, যাঁরা আপনাদের নির্বাচিত প্রতিনিধি তাঁদের কত পারসেণ্ট এবারকার পঞ্চায়েত নির্বাচনে নমিনেশন পাচ্ছেন এবং কত পারসেণ্ট পাচ্ছেন না? আপনি আপনার প্রারম্ভিক ভাষণে বলেছিলেন যে মাত্র পাঁচজনের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। আমরা জানি যে পাঁচজন নয়—আপনাদের টোটাল ফাংশনারির মধ্যে কম-বেশী ৪৪০০০ প্রতিনিধি ছিল, এই ৪৪০০০-এর মধ্যে আজকে ৪০ হাজারই দুর্নীতিগ্রস্ত। এই ৪০ হাজার প্রতিনিধিই শোষণ এবং টাকা তছরূপের দায়ে অভিযুক্ত।

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে আপনারা দলীয় লোকেদের কাজে লাগিয়েছেন, পঞ্চায়েতকে আপনাদের পার্টির স্বার্থে ব্যবহার করেছেন ও করছেন—এ ধরনের সুস্পষ্ট অভিযোগ আমাদের কাছে আছে। দলীয় ভাবে পঞ্চায়েত কর্মীদের যদি আপনারা ব্যবহার না করেন, তবে আমি এখানে ঘোষণা করতে পারি, আসন্ন পঞ্চায়েতে আপনারা অবশ্যই পরাজিত হবেন। Let us accept the challenge. Let the Minister announce it in the House, We accept the challenge. Let the election be fair. We intimidation. No attack on Panchayat candidates.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউস থেকে সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে হাউস চলাকালে একটা নিরপেক্ষ তদন্তের ব্যবস্থা করা হোক, জেলাওয়ারী তদন্তের জন্য একটা প্রতিনিধিদল গঠনের ব্যবস্থা করা হোক। Let the Police Commissioner, I.G. of Police and Director General of Police form a Committee. Let there be representatives of each party of the House. Let there be a sample of one district. আমার জেলায় আমি গর্ব করে বলতে পারি, সেখানে নিরপেক্ষ নির্বাচন হলে আপনারা একটা আসনেও জয়লাভ করতে পারবেন না। কারণ সেখানে ইতিমধ্যে বহু অত্যাচারের অভিযোগ এসে জমা হয়েছে, বহু জায়গায় অসংখ্য মানুষ আহত হয়েছেন। সেখানে আক্রমণকারীদের ভয়ে মানুষ পথে চলাফেরা করতে পারছেন না। পঞ্চায়েতগুলির

দুর্নীতি আপনি বন্ধ করতে সক্ষম হন নি। প্রবীণ সদস্য বিজয় পাল মহাশয় এখানে বসে চীৎকার করছেন, কিন্তু পঞ্চায়েতের দুর্নীতি সম্বন্ধে উনি সেন্ট পারসেন্ট কিছু করতে পারছেন না। দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েত প্রধানদের মধ্যে মাত্র কয়েকজনকে সাসপেণ্ড করেছেন, কিন্তু জেল দিতে পারেন নি। আপনি বর্ধমানের প্রতিনিধি, অবশ্য এখন সারা রাজ্যের মন্ত্রী—পঞ্চায়েত মন্ত্রী এবং ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী—আপনি বিশেষ সুবিধাজনক অবস্থায় আছেন। আপনার দপ্তর সম্বন্ধে আমি একাধিকবার অভিযোগ তুলেছি—যে-সমস্ত জায়গায় সি. পি. এম.-এর দখলে পঞ্চায়েত ছিল, সেই সমস্ত জায়গায় সমস্ত গাছগুলি পঞ্চায়েত কর্তৃপক্ষ কেটে শেষ করে দিয়েছে। এই অভিযোগ আমি আগে একাধিকবার করেছি—খাস জায়গায় রাস্তাঘাটে যত সরকারী গাছ ছিল, সেগুলি কেটে একেবারে ফাঁকা করে দিয়েছে—কিন্তু কোন ফল হয় নি। বন সংরক্ষণের কোন নিয়ম-নীতি তারা পালন করে নি। আপনি তাদের গাছ বপন করার হুকুম দিয়েছেন, কিন্তু বন সংহারের কোন হুকুম নিশ্চয়ই দেন নি। অথচ তারা সে হুকুম কখনও পালন করে নি। পঞ্চায়েত সি. পি. এম.-এর হাতে, সেজন্য তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যায় না। আমি এ. ডি. এম.-এর কাছে নিজে গিয়ে অভিযোগ করেছিলাম, কিন্তু কোন সুরাহা হয় নি। এক আমার এলাকায় মোর দ্যান রুপিজ ১০ ল্যাকস্ ওয়ার্থ ট্রিজ কেটে ফেলা হয়েছে। আপনি যেহেতু একই সঙ্গে ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী, সেজন্য একথা এখানে তুললাম। আপনি গাছ লাগাবার জন্য তাদের উপর দায়িত্ব দিয়েছিলেন, কাটার জন্য নয়। সেই জন্যই আমি একথা এখানে বললাম। এইভাবে গাছ কাটার ফলে যে ইকোলজি সৃষ্টি হয়েছে, তারজন্য দেশের প্রায় সবত্র খরা দেখা দিচ্ছে। এই বছরে ব্যাপক আকারে খরা দেখা দিয়েছে, আগের বছরে অল্প পরিমাণে বৃষ্টিপাত হয়েছিল। গ্রামাঞ্চল আজ এক সংকটজনক অবস্থার মুখে এসে দাঁড়িয়েছে। গ্রামাঞ্চলে সি. পি. এম.-এর পঞ্চায়েতগুলি গাছ কেটে একেবারে ফাঁকা করে দিয়েছে, সমস্ত সুইট ফ্রুট ট্রি কেটে ফেলেছে। এখানে সুন্দরবনের মন্ত্রী উপস্থিত আছেন, আপনিও তো গাছ রক্ষা করতে হবে বলেন। দেশে আইন তো কিছু আছে, তাহলে গ্রামাঞ্চলের বুকে ব্যাপকভাবে গাছ কাটে কি ভাবে? পঞ্চায়েতের ব্যাপারে আপনি অনেক আইন তৈরী করতে পারেন, কিন্তু তাহলেও এই মনোভাবের পরিবর্তন কখনই করতে পারবেন না। আজকে যারফলে দেখছি, জমির ক্যারেকটার চেঞ্জ হয়ে যাচ্ছে। আইন করে আপনি কখনই জমির ক্যারেকটার পরিবর্তন করতে পারবেন না। এর উপরে আপনি আবার পঞ্চায়েতের উপরে জমি বিলির দায়িত্ব ন্যস্ত করে দিয়েছেন। বর্ষব্যাপী আমি একাধিকবার

ল্যাণ্ড রেভেনিউ ডিপার্টমেন্টের কাছে এ ব্যাপারে অভিযোগ করেছি। জমির পাট্টা দেওয়ার ব্যাপারে পঞ্চায়েত নানা প্রকার বিধি-নিষেধ জারি করছে। জমির পাট্টা পায় গরীব মানুষ। সেখানে রামা কৈবর্ত কিম্বা রহিম সেখের মধ্যে কোন তফাৎ নেই—সবাই গরীব মানুষ। কিন্তু আপনাদের পঞ্চায়েতী রাজত্বে দেখলাম, যে গরীব আগে থেকে পাট্টা পেয়ে আছে, তার পাট্টা ক্যানসেল করে দেওয়ার জন্য নোটিশ দেওয়া হয়েছে পঞ্চায়েত থেকে। পঞ্চায়েত থেকে গরীব, ভূমিহীন মানুষদের, তপসিল জাতি, দরিদ্র মুসলমানদের জমির দখল (পাট্টা দলিল) কেড়ে নেবার হুমকি দেওয়া হচ্ছে। আমি জে. এল. আর. ও-কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি জানিয়েছেন, তিনি নাচার। পঞ্চায়েত যেভাবে হুকুম দেবে সেইমত কাজ করতে তিনি বাধ্য। গ্রামের বুকে এইভাবে আগুন আপনারা জ্বালাচ্ছেন। সমস্ত গ্রাম পঞ্চায়েতে, জেলা পরিষদ এলাকাতে আজকে জমির উপরে মানুষের প্রচণ্ড অনিশ্চয়তা দেখা দিয়েছে। মজুরশ্রেণী, ভূমিহীন মার্জিন্যাল কৃষকদের আপনারা পরস্পরের মধ্যে তীব্র দ্বন্দ্বের সৃষ্টি করতে চাইছেন। যারা এই দ্বন্দ্বের নায়ক তাদের গায়ে যদি সি. পি. এম. লেবেলের কোন ছাপ মারা থাকে তাহলে তাদের সাত খুন মাপ। অর্থাৎ এর কোন প্রতিকার গ্রামের বুকে নেই। আশা করব, এর প্রতিকারের ব্যবস্থা আপনি করবেন। এর জন্য একটা অন্ততঃপক্ষে ডিপার্টমেন্টাল কমিটি গঠন করুন (আমাদের সেই কমিটির মধ্যে রাখার কোন দরকার নেই)। আপনার দপ্তরের লোকদের নিয়ে গঠন করুন। তাঁরা গ্রামে গিয়ে দেখবেন, যে জমি চাষী বা ভূমিহীন গরীব মানুষ আগে থেকে চাষ করে আসছে, সেই জমির পাট্টা প্রকৃতপক্ষে তাদের মধ্যে দেওয়া হয়েছে, না কি অন্য কোন মানুষদের মধ্যে বিলি করা হয়েছে? জমির সঙ্গে আগে থেকে যাদের কোন সংযোগ নেই, পঞ্চায়েতের বর্তমান প্রতিনিধিরা তাদেরই হাতে সেইসব জমি তুলে দিয়েছে ও দিচ্ছে। পঞ্চায়েত নির্বাচনের ঠিক আগের মুহূর্তে সর্বত্র এইভাবে কাজ করা হচ্ছে। ভোটের আগে থেকেই ফরম্ ছাপিয়ে ভূমিহীন লোকেদের কাছে গিয়ে তারা বলছে, তোমরা আমাদের ভোট দাও, তাহলে তোমাদের নানা রকম সুযোগ-সুবিধা পাইয়ে দেব, তোমরা ঈশ্বরের নামে শপথ কর আমাদের ভোট দেবে। সি. পি. এম. আবার শপথে বিশ্বাস করতে শুরু করেছে। বলছে, যদি এই জমি পেতে চাও তো আমাদের ভোট দিতে হবে। সর্বত্র এই অভিযান চলছে।

[1.40—1.50 P. M.]

এর দ্বারা কি গ্রামের উন্নয়ন কখনও সম্ভব? বিশেষ করে গ্রামের বুকে ভূমি

ব্যবস্থার যে অনিশ্চয়তা আছে তার ফলে কি ভূমির উৎপাদন ক্ষমতা বা প্রডাকটিভিটির উপর ব্যাঘাত সৃষ্টি হবে না? গ্রামের বুকে সর্বত্র জমির ক্যারেকটার পরিবর্তিত হয়ে যাচ্ছে ডিউ টু ইণ্ডিসক্রিমিনেট ইউজ অফ টি ফেলিং বাই ইওর পঞ্চায়েত—ব্রাণ্ডেড্ সি পি এম পঞ্চায়েত। দেশ খরার কবলে পড়ছে। এই অবস্থায় গ্রামের গরীব মানুষদের কাছে গিয়ে বলছে (তাদের প্রলোভন দেখাচ্ছে জমির পাট্টা ইত্যাদি দেবে বলে) তোমরা আমাদের আগামী পঞ্চায়েত নির্বাচনে ভোট দেবে, নাহলে তোমাদের পাট্টা কেড়ে নেওয়া হবে। একদিকে তাদের জমির পাট্টা দেওয়ার প্রলোভন দেখানো হচ্ছে, অপরদিকে তাদের দেয় পাট্টা কেড়ে নেবার হুমকি দেওয়া হচ্ছে। গরীব ভূমিহীন চাষীদের কাছ থেকে জমি কেড়ে নেবার জন্য শাসানি দেওয়া হচ্ছে, পাট্টা বাতিল করার হুমকি দেওয়া হচ্ছে। তাদের কাছে গিয়ে বলা হচ্ছে পঞ্চায়েত নির্বাচনে ভোট দিলে পঞ্চায়েত থেকে পাট্টা দেওয়া হবে। আপনারা একাধিক বার এই সাঁড়াশি আক্রমণ চালিয়েছেন, আবার আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে বিপুল উৎসাহে শুরু করে দিয়েছেন। একজন মানুষ একঢিলে বড় জোর দুটি পাখী মারতে পারে, কিন্তু এখানে সি পি এম দেখছি একঢিলে—এক পঞ্চায়েত নির্বাচনে অবতীর্ণ হয়ে—পাঁচটি পাখী মারবার চেষ্টা করছে। আপনারা শোষণ বন্ধ করবেন বলেছিলেন। শোষণ কোন ভাবে বন্ধ করতে পেরেছেন কি? গ্রামের বুকে গৌড় গ্রামীণ ব্যাংক স্থাপিত হয়েছে, আমাদের ওদিকেও হয়েছে। ময়ূরাক্ষী গ্রামীণ ব্যাংকের শাখাও বিভিন্ন জেলাতে স্থাপিত হয়েছে। গ্রামাঞ্চলের বুকে এই সমস্ত ব্যাংক থেকে অর্থ সাহায্য পেতে গেলে পঞ্চায়েতের সুপারিশ দরকার হয়। গ্রামাঞ্চলে এই সমস্ত ব্যাংক থেকে গ্রামের গরীব ভূমিহীনরা ইনষ্টিটিউশনাল ক্রেডিট পাওয়ার অধিকারী। কিন্তু আশ্চর্যের ব্যাপার, এই ব্যাপারে আমি এখানে আপনার কাছে একাধিকবার অভিযোগ করেছি—পঞ্চায়েতে যাঁরা প্রতিনিধি আছেন—সি. পি. এম. মার্কা প্রতিনিধি—তাঁরা ঋণ পাওয়ার ব্যাপারে নিজেরাই আগে থেকে ফরম্ ছাপিয়ে ফেলেছেন। তাঁরা স্থানীয় গ্রামীণ ব্যাংকের ম্যানেজারদের জানিয়ে দিয়েছেন, তাঁদের সুপারিশ ছাড়া যেন কাউকে কোন টাকা সাহায্য না দেওয়া হয়। আমি নিজে ব্যাংকের ম্যানেজারকে জিজ্ঞাসা করেছিলাম—তিনি কেন ওঁদের কথা শুনছেন? উত্তরে তিনি জানিয়েছিলেন, কথা না শুনে তাঁর উপায় নেই, তিনি এলাকায় থাকতেই পারবেন না, রাত্রিতে বোমা মেরে উড়িয়ে দিতে পারে। এমন কি এই ধরনের কোন ঘটনা ঘটলে পুলিশ পর্যন্ত তদন্তে যাবে না। কারণ পুলিশ তো সি. পি. এম.-এর অধীনে। সেজন্য আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ জানাবো, তিনি যেন গ্রামের বুকে এই ধরনের অত্যাচার বন্ধ করার

ব্যবস্থা করেন এবং নিরপেক্ষ ও অবাধ নির্বাচনের আবহাওয়া গড়ে তুলতে সমস্ত রকমের সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের জন্য অবিলম্বে নির্দেশ দেন। আপনি নিজে এখানে স্বীকার করেছেন, পাঞ্চয়েতের ভোটার লিষ্ট ভুলে ভরা। এই আবহাওয়ায় ও পরিস্থিতিতে নির্বাচন কখনই অবাধ ও সুষ্ঠুভাবে হতে পারে না। নির্বাচনী তালিকা ভুল জানা সত্ত্বেও তাকে সংশোধনের কোন ব্যবস্থাই আপনারা করেন নি। এই অভিযোগ আমি আগেই করেছিলাম—গত বিধানসভার নির্বাচনের সময়ে বলেছিলাম, ভোটার লিষ্ট সংশোধনের ব্যবস্থা করুন, কিন্তু সেই সময়েও কোন সংশোধন আপনারা করেন নি। আমার ১ নং অভিযোগ হচ্ছে—পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে ভোটার লিষ্ট সংশোধনের কোন ব্যবস্থাই আপনারা করেন নি। তার জন্য আপনি ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়েছেন, কিন্তু সংশোধন কিছুই করেন নি। ২ নং অভিযোগ হচ্ছে—পঞ্চায়েতে যাঁরা প্রতিনিধি আছেন তাঁরা বিভিন্ন খাতে হিসাব বহির্ভূত ভাবে খরচ-খরচা করেছেন, তার কোন হিসাব-নিকাশ হয় নি। চিফ সেক্রেটারীকে আসতে বলুন, লেট দি চিফ সেক্রেটারী কাম এ্যাণ্ড এক্সপ্লেন। কেন্দ্র খরার মোকাবিলার জন্য যে টাকা সাহায্য হিসাবে দিয়েছেন, সেই টাকা খরার ব্যাপারে খরচ না করে পঞ্চায়েতের মাধ্যমে, কণ্ট্রাকটরের মাধ্যমে খরচ করার জন্য পাঠানো হচ্ছে ও সেইভাবে ব্যয় হচ্ছে। ৩০শে মার্চের মধ্যে বা ঐ তারিখের মধ্যে কেন্দ্র প্রায় ৪০ কোটি টাকা দিয়েছেন—মুখ্যমন্ত্রী তাঁর রিলিফ ফাণ্ড থেকে ফারাক্কা অঞ্চলে বোরো চাষ বাঁচাবার জন্য ৬ লক্ষ টাকা দেওয়ার কথা এ্যানাউন্স করেছেন—এর মধ্যে ১ কোটি ২ লক্ষ টাকা মজুত রেখেছেন আসন্ন পঞ্চায়েত নির্বাচনে কাজে লাগাবার জন্য। এ পর্যন্ত কেন্দ্র মোট ৭৭ কোটি ৩৯ লক্ষ টাকা দিয়েছেন, এর মধ্যে ৩৯ লক্ষ টাকা রেখে দিয়েছেন পঞ্চায়েত নির্বাচনের জন্য। এই যেমন হচ্ছে আমার অভিযোগ, তেমনি আমার অভিযোগ হচ্ছে—নির্বাচনে যাঁরা প্রতিদ্বন্দ্বিতা করবেন, তাঁদের বাড়ীতে নানা ভাবে হামলা করা হচ্ছে। পঞ্চায়েত নির্বাচনে মূলতঃ প্রতিদ্বন্দ্বী হচ্ছে কংগ্রেস। এই সংগঠনের কেউ যাতে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করতে পারে, সেজন্য তাঁদের সম্ভাব্য প্রার্থীদের প্রত্যেকের বাড়ীতে গিয়ে হুমকি দেওয়া হচ্ছে। তাঁদের মধ্যে যাঁরা লাইসেন্সধারী বন্দুকের মালিক, তাঁদের বন্দুক লুট হচ্ছে বা কেড়ে নেওয়ার হুমকি দেওয়া হচ্ছে। তাঁদের বৈধ লাইসেন্স বাতিল করার নোটিশ দেওয়ার ব্যবস্থা করেছেন। আমাদের দাবী, পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য আপনাদের এই সমস্ত সাঁড়াশি আক্রমণ বন্ধ করার ব্যবস্থা করতে হবে, না হলে পঞ্চায়েত নির্বাচন কখনও অবাধ হতে পারে না। গঙ্গারামপুরে আমাদের দলের নির্বাচিত প্রতিনিধির বন্দুকের লাইসেন্স বাতিলের জন্য পুলিশের

মাধ্যমে নোটিশ জারি করেছেন, আপনাদের এই ধরনের সাঁড়াশি অভিযান বন্ধ করতে হবে। বিগত ৫ বছরে পঞ্চায়েতের মাধ্যমে আপনারা যে পরিমাণ টাকা ব্যয় করেছেন, তার সুষ্ঠু হিসাব-নিকাশ আপনারা রাখতে পারেন নি। পঞ্চায়েতের মধ্যে কমবেশী ৭৫০ (কখনও বা শুনছি ৮০০) কর্মীদের নাকি ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করেছেন। আমার জিজ্ঞাসা—এর উৎস কি, সিলেবাসই বা কি? কে এদের শিক্ষা দেবে? কাগজে দেখেছি—কল্যাণীতে নাকি আপনি পঞ্চায়েতে কাজ করার জন্য একটা ট্রেনিং ইনষ্টিটিউট করবেন। আপনি অবশ্য সেজন্য এখানে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন। কে ট্রেনিং নেবে, কি প্রকারে ট্রেনিং হবে তা অবশ্য আপনি কিছু উল্লেখ করেন নি। এখানে আর একজন মন্ত্রী আছেন—সোস্যাল এডুকেশনাল মিনিষ্টার। তিনি ঠিক করেছেন—গ্রামের বুকে লাইব্রেরীগুলি মার্কসবাদী লিটারেসিতে ভর্তি করে দেবেন। লোকসভায় এ নিয়ে অনেক আলোচনা হয়েছে। গ্রামের বুকে গ্রন্থাগারগুলি যদি মার্কসবাদী বই দিয়ে ভর্তি করেন এবং একই সঙ্গে মার্কসবাদী পুলিশ দিয়ে গ্রামের মানুষদের উপরে আক্রমণ করেন—গ্রামের গরীব মানুষদের জমি কেড়ে নেওয়ার হুমকি দেন, তাহলে আসন্ন পঞ্চায়েত নির্বাচন কখনই অবাধ ও সুষ্ঠুভাবে হতে পারে না। আপনি একদিকে যেমন পঞ্চায়েতমন্ত্রী, তেমনি আবার ভূমি ও ভূমি-রাজস্ব দপ্তরের মন্ত্রীও বটে। আপনি যদি এই ধরনের দ্বৈত আক্রমণের ব্যবস্থা করেন, তাহলে পঞ্চায়েত নির্বাচন কখনই অবাধ হতে পারে না।

আপনারা জমি কেড়ে নিচ্ছেন অন্যদিকে শোষণ হচ্ছে। এই পঞ্চায়েতে উদ্বৃত্ত জমি বণ্টন করার কোন ভূকিকা আছে বা সেই সঙ্গে কাজের সংস্থান করার কোন ভূমিকা আছে কি? নেই। আপনারা শ্রমিকদের ন্যূনতম মজুরির কথা বলেছেন। আপনারা যা অবস্থার সৃষ্টি করেছেন তাতে সুনিশ্চিত যে গ্রামাঞ্চলে মজুর শ্রেণী সংগঠিত হলেও তারা ন্যূন্যতম মজুরী পাবে না। গ্রামাঞ্চলে পঞ্চায়েতগুলির মাধ্যমে যে কাজ হয় সেখানেও আপনারা শ্রমিকদের ন্যূনতম মজুরি দেন না। যেমন ১০০ স্কোয়ার ফিট কাটলে আড়াই কেজি গম ও ১৫০ কেজি চাল কোথাও কোথাও পাওয়া যায়। আবার কোথাও বিধান ছিল ১ কেজি গম ১ কেজি চাল এবং কোন কোন জায়গায় আবার ১ কেজি চাল এবং এক সঙ্গে ১.২৫ পয়সা মজুরী পাওয়া যায়। অর্থাৎ শ্রমিকদের মজুরির ব্যাপারে সমতা কোথাও ছিল না। এই ভাবে আপনারা শ্রমিকদের বঞ্চিত করেছেন, এটাও আমরা দেখেছি। আরেকদিকে খয়রাতি বণ্টনের নাম করে মেটিরিয়াল, মিনিকিট বণ্টন হচ্ছে। খয়রাতি বণ্টনের ক্ষেত্রে আমরা দেখেছি যে স্কুলের টিচার মিনিকিটের দোকান করে বসে আছেন। এখন

আর কেউ লটারির টিকিট কেনেন না। আপ বাম্পার লটারি, ভূটান বাম্পার লটারি ৫ লক্ষ টাকা, ৬ লক্ষ টাকা দিচ্ছে। এখানে ট্রেনে বা বাসে যাতায়াত করলে লটারির টিকিট বিক্রি হয় না। আমরা জিজ্ঞাসা করলাম লটারির টিকিট কেন বিক্রি হচ্ছে না? কিছু ছেলে বলেছিল পঞ্চায়েতের কমরেডদের জন্য সপ্তাহে সপ্তাহে গমের বস্তা তারা বিলি করছে, মেটেরিয়াল বিলি করছে। সুতরাং তারা আর লটারির টিকিট কিনতে চাইছে না। এই রকম দুর্নীতি চলছে। আমরা দেখেছি মিনিকিট, ফার্টিলাইজার, মেটেরিয়াল, জি. আর., গ্রাচুয়েস রিলিফ বিলি করার ব্যাপারে কি প্রবল দুর্নীতি! একটা গ্রামের লোকসংখ্যা ৩১৪, আর খয়রাতি সাহায্যের জন্য বিলি হয়েছে ৫৫৭। আমরা জিজ্ঞাসা করেছিলাম লোকসংখ্যা যেখানে ৩১৪ সেখানে খয়রাতি সাহায্য বাবদ ৫৫৭ পেল কি করে? আপনারা বললেন যে, ওই সময়ে ওখানে লোক এসেছিল। মাষ্টার রোল তৈরীর ক্ষেত্রে কি দেখেছি? একটা মানুষের হাতের ছাপ, পায়ের ছাপ রয়েছে। হাতের ৫টি আঙ্গুলের ছাপ, পায়ের আঙ্গুলের ছাপ রয়েছে। একজনকে বলা হল ৫৫৭ জন মানুষের মাষ্টার রোল তৈরী করে দাও। তাতে হাতের ছাপ, কনুইয়ের ছাপ, কোমরের ছাপ, পায়ের ছাপ নিতে আরম্ভ করলো। আমি জিজ্ঞাসা করলাম এই ছাপগুলি কিসের? তারা বলবো ভূতুড়ে বন মানুষের ছাপ নয়, কেউ না কেউ পেয়েছে। ১০ টা/২০ টা আঙ্গুলের ছাপ। এইভাবে ৫৫৭ টা মানুষের ছাপ দিয়ে মাষ্টার রোল তৈরী করতে হয়েছে। হাতের ছাপ, গোড়ালির ছাপ দিয়ে মাষ্টার রোল তৈরী করা হয়েছে। এর কোন তদন্ত হয় নি। আমরা দেখছি পাবলিক এ্যাকাউন্টস্ কমিটিতে বিরোধীদের নেতা যিনি চেয়ারম্যান ছিলেন তিনি বলেছিলেন পঞ্চায়েতের মাধ্যমে যে টাকা স্কুল তৈরী করার জন্য, কিংবা বিভিন্ন রিলিফ দেওয়ার জন্য চাওয়া হয়েছিল সেই টাকার ইউটিলাইজেশান পঞ্চায়েতের মাধ্যমে ঠিকমত হয় নি। আমরা দেখছি পাবলিক এ্যাকাউন্টস কমিটির ইউটিলাইজেশান সার্টিফিকেট নেই, ভাউচার নেই, দিতে পারেন নি। আপনারা পেণ্ডিংয়ের কি ব্যবস্থা করেছেন? সুতরাং আমরা দেখছি নির্বাচনের নাম করে সরকারী টাকা গৌরী সেনের টাকা যে প্রকারে বিলি করা হচ্ছে, উড়িয়ে দেওয়া হচ্ছে তার কোন তদন্ত হচ্ছে না বা হবে না। এখানে ফিঙ্গার প্রিণ্ট এক্সপার্ট আছেন, আপনারা প্রস্তুত আছেন মাষ্টার রোল চেকেন করার জন্য? এক একটা ব্লক থেকে ১০টা করে মাষ্টার রোল নিন, লেট ইট বি একজামিণ্ড বাই ফিঙ্গার প্রিণ্ট এক্সপার্ট। এইগুলি মানুষের ছাপ না হাতের ছাপ? মিনিকিট বণ্টনের ক্ষেত্রে অবাধ দুর্নীতি চলছে। এর বিরাট সুযোগ আপনারা নিচ্ছেন। ভগবান আপনাদের অনুকূলে কিনা জানিনা, আপনারা

খরার বিরাট সুযোগ নিচ্ছেন। সেণ্ট্রালের টাকা আসছে, সেই টাকার হিসাব আপনাদের দিতে হবে না, সুতরাং অবাধে বিলাও পঞ্চায়েত নির্বাচনের জন্য আপনারা অবগত আছেন নিশ্চয়, গতকাল প্রদেশ কংগ্রেস সভাপতি মহাশয় রাজ্যপালের সঙ্গে দেখা করেছিলেন। আপনারা কি দুর্নীতি বন্ধ করবেন? আমরা স্পেসিফিক অভিযোগ তুলেছি আপনাদের বিরুদ্ধে সরকারী টাকা ধ্বংস করার জন্য। আপনারা ৩৪টি ব্লক রিজার্ভ করে আপনাদের খেয়াল খুশীমত টাকা খরচ করছেন। চিফ সেক্রেটারি সার্কুলার দিয়েছেন কণ্ট্রাক্টর নেই, সুতরাং এই টাকা ব্যয় কর, এই টাকা পঞ্চায়েতের ভোটের জন্য ব্যয় কর।

[1.50—2.00 P.M.]

আপনারা প্রস্তুত আছেন তদন্ত করতে? ইউটিলাইজেশান এবং সুপারভিশান করতে আপনারা কি প্রস্তুত আছেন? আপনাদের পঞ্চায়েতের সংখ্যা ৩৩০ আফটার ডিভিসান এবং পঞ্চায়েত সমিতির সংখ্যা ৩৩৯। এর স্পেসিফিকেশানের জন্য আপনারা ঘরের ব্যবস্থা করছেন। কিন্তু কি স্পেসিফিকেশান এবং সাইজ কি? এ নিয়ে হাইকোর্টে দুটো মামলা আছে। সি. পি. এমের অনুকূলে পঞ্চায়েত অফিস হবে। কোথাও কোথাও দেখছি জেলা পরিষদের জন্য ঘর নির্মাণের ব্যবস্থা করেছেন। এগুলি কি নিরপেক্ষভাবে হবে? এই রকম দিন আপনাদের থাকবে না। এই ঘরগুলি কোথায় হবে? আপনারা তো ল'ইয়ার্স প্যারাডাইস করে দিয়েছেন হাইকোর্টের করিডরকে। কিন্তু গ্রামে একটা বিবাদের ক্ষেত্র হয়ে গেছে যে, এই পঞ্চায়েতের অফিস কোথায় হবে তা নিয়ে। নিরপেক্ষ ভূমিকা নিয়ে সরকারের এ বিষয়ে ডিসিশান নেওয়া দরকার। যোগাযোগ, পোষ্ট অফিস, স্কুল ইত্যাদির সংগে যোগ রেখে করা দরকার। কোথাও প্রান্তে হচ্ছে, কোথাও মধ্যস্থলে হচ্ছে, কোথাও এলাকার বাইরে পঞ্চায়েতের ঘর নির্মাণের ব্যবস্থা হচ্ছে। এই ঘরগুলি কি ডিভিসান এবং স্পেসিফিকেশানে তৈরী হবে জানেন কি? আপনাদের কি মেসিনারী আছে অডিট করার যে, সাব-ষ্ট্যাণ্ডার্ড মেটিরিয়াল দিয়ে তৈরী হবে কিনা তা দেখার? এম. এল. এ-দের চিঠির উত্তর আপনার দপ্তর দেয় না। আপনিও নির্বিকার গৌরাঙ্গ মহাপ্রভুর ভূমিকায় নেমেছেন। আপনিও কোন উত্তর দেন না। বি. ডি. ও.-র ঘরগুলি কোথায় হবে? ব্লকের নিজস্ব বাড়ী নেই, ভাড়া বাড়ীতে আছে। তাদের জন্য পার্মানেন্ট ঘর কোথায় হবে? আপনারা বলেছেন স্পোর্টস, এ্যাথলেট এবং জিমন্যাসিয়ামের

চার অভাবের জন্য লিডারশিপ ডেভেলপ করছে না। কটা পঞ্চায়েত সমিতি পশ্চিম বাংলায় স্পোর্টসের ক্লাব, এ্যাথলেটিকসের ক্লাব তৈরী করেছে, যা দক্ষ খেলোয়াড় তৈরী করেছে? এসবের হিসাব কি আপনার আছে এবং যদি থাকে তাহলে দেবেন। আমরা মনে করি এগুলিতে অপচয় হচ্ছে। অন্য দিকে গ্রামীণ সংস্কৃতিকে এনকারেজ করে আপনারা লোকসংস্কৃতির ব্যবস্থা করেছেন। এর বেনিফিট কি পেয়েছেন? স্থানীয় লোকসংস্কৃতির কতটা উন্নতি হয়েছে, বিকাশের কতখানি সাহায্য করেছেন তার উত্তর কি দেবেন? আমরা দেখেছি এর নামে পার্টি মেলা— মানে হটুমেলা। অর্থাৎ যা কিছু সব সি পি এমের। একাধারে প্রশাসন ও পুলিশের সাহায্যে আপনারা পার্টি বাড়াচ্ছেন, অন্যদিকে নিরীহ মানুষের উপর অত্যাচার করছেন। আপনারা রুরাল স্পোর্টসের এনকারেজ করতে পারেন নি, অন্যদিকে লোকসংস্কৃতির বিকাশের জন্য ব্যয় কোথাও হয় নি। কৃষির দ্বারা সমস্ত মানুষের কর্মসংস্থান সম্ভবপর নয়। মাইনর ইরিগেশনের ব্যবস্থা করে সিজন্যাল এমপ্লয়মেন্ট লিটল মোর করা সম্ভবপর। আবার অন্যদিকে ক্রাফট এবং হ্যাণ্ডিক্রাফট যা গ্রামে ছিল তা কুটির ও ক্ষুদ্র শিল্পের সহযোগিতায় উন্নতি সাধন করতে পারতেন। কিন্তু তা করেন নি। গ্রামের যে মূল সম্পদ গোবর তা থেকে বায়ো-গ্যাস খাদি এণ্ড ভিলেজ ইণ্ডাষ্ট্রি কমিশনের মাধ্যমে করতে পারতেন। এসব কাজে পঞ্চায়েতের ভূমিকা একটা ছিল, যা আপনারা তাদের দিয়ে করাতে পারেন নি। গঙ্গারামপুরের এম. এল. এ.-র অভিযোগ ছিল সেখানকার পঞ্চায়েত সমিতির সভাপতি হিসেবের বিরাট গরমিল করেছেন এবং তাঁর তছরূপের বদনাম আছে।

আপনারা ধান কিনতে গিয়েছিলেন পঞ্চায়েতের মাধ্যমে, এণ্টায়ার প্রোকিওরমেণ্ট হ্যাজ বিন কার্টেল্ড, প্রোকিওরমেণ্ট সম্ভব হয় নি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে হিসাব দেবেন পঞ্চায়েতের মাধ্যমে কত টাকা বিনিয়োগ করেছেন শস্য ক্রয়ের জন্য, ধান ক্রয়ের জন্য, কত প্রোকিওরমেণ্ট হয়েছে, কত টাকার হিসাব পাওয়া যায় নি এবং কত টাকার হিসাব পাওয়া গেছে, কত টাকা রিফাণ্ড গেছে টু দি গভর্নমেণ্ট এক্সচেকার অর টু দি ফাইনান্স ডিপার্টমেণ্ট। আমরা দেখেছি এই পরিকল্পনা একটা অসম্ভব অবাস্তব পরিকল্পনা, এই পরিকল্পনা রূপায়ণ করতে গিয়ে আপনারা হোঁচট খেলেন, আপনারা প্রোকিওরমেণ্ট ছেড়ে দিলেন, কেননা সামনে পঞ্চায়েত নির্বাচন—যে কথা কাশীনাথ মিশ্র, সুনীতি চট্টরাজ এবং আবদুল মান্নান বলেছেন। আপনাদের প্রোকিওরমেণ্ট ব্যর্থ হয়েছে। অন্যদিকে জুটের এখানে প্রবলেম, জুট গ্রোয়ার্স আর নট গেটিং ফেয়ার প্রাইস, সেজন্য এঁরা পঞ্চায়েতের

মাধ্যমে রেশন কার্ডের মত জুট কার্ড করার চেষ্টা করলেন। পঞ্চায়েতের মাধ্যমে জুট গ্রোয়ার্সদের কার্ড বিলি করলেন, সেই কার্ড দেখালে ১ কুইন্টলের দাম দিয়ে দেবে, কিন্তু এরা কোন জুট বিক্রি করতে পারেনি। আর একদফায় তহশীলদারদের মাধ্যমে এটা করার চেষ্টা হয়েছে, কিন্তু তাতেও ষ্টোরেজ এবং মার্কেটিং-এ কোন সুবিধা হয় নি। আমি মনে করি কৃষিজ দ্রব্যের বিপণন এবং সংরক্ষণের ব্যবস্থা হওয়া উচিত। আমি অভিযোগ করছি টু-ডে হ্যাপেন্স টু বি থারটিন্থ অব এপ্রিল আপনার যদি নির্বাচন অবাধ করার ইচ্ছা থাকে ৩১শে মে-র মধ্যে তাহলে কোন পঞ্চায়েতে বিরোধী পক্ষের উপর হামলা হবে না, এই প্রতিশ্রুতি আপনি হাউসে দিন। আপনি প্রতিশ্রুতি দিন পুলিশ নিরপেক্ষ থাকবে। আপনি প্রতিশ্রুতি দিন গান লাইসেন্সের ব্যাপারে কোন হ্যারাসমেন্ট হবে না। আপনি প্রতিশ্রুতি দিন এই খরার সময়ে খয়রাতি সাহায্য পঞ্চায়েতের মাধ্যমে বিলি না করে সরকারী অফিসারের মাধ্যমে বিলি করা হবে। আপনি প্রতিশ্রুতি দিন রুরাল ওয়াটার সাপ্লাই গ্রামে পানীয় জলের ব্যবস্থা পঞ্চায়েত করবে না, হেল্‌থ ডিপার্টমেন্টের অফিসার করবে। এই প্রতিশ্রুতি দিন তাহলে বুঝব অবাধ নির্বাচন। কিন্তু আপনারা ভুয়া ভোটার লিষ্ট করে রেখেছেন, আপনারা ইলেক্টোরাল রোল সংশোধন করেন নি। সুতরাং আমার অভিযোগ নির্বাচন অবাধ হতে পারে না, নির্বাচনের কারচুপি করে রেখেছেন, তাই আপনাদের জেতার সম্ভাবনা আছে। তবুও আই এ্যাকসেপট দি চ্যালেঞ্জ প্রোভাইডেড ইউ ডু নট টেক রিকোর্স টু ভায়োলেন্স, হিংসার আশ্রয় নিয়ে প্রতিপক্ষকে বিপর্যস্ত করবেন না, সরকারী কোষাগারের অর্থ নিয়ে জুলুম বাড়াবেন না এই প্রতিশ্রুতি দিন। কিন্তু দিতে পারবেন না। তাই অনাচারী দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতের জন্য দুর্নীতিগ্রস্ত সরকার যে ব্যয়বরাদ্দের দাবী এনেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি।

শ্রীসুনীতি চট্টরাজ: মিঃ স্পীকার স্যার, ইউ আর দি কাষ্টোডিয়ান অব দি হাউস। আই ওয়ান্ট টু ড্র ইওর এ্যাটেনশান টু এ সিরিয়াস ম্যাটার। আমার মনে হচ্ছে কিছু মেম্বারের প্রিভিলেজ কার্টেল্ড হচ্ছে। স্বপন মার্ডার হয়ে যাবার পর আর এস পি'র সদস্যরা হাউসে আসছেন না, আপনি তাঁদের আনার ব্যবস্থা করুন, ইউ আর দি কাষ্টোডিয়ান অব দি হাউস।

(ভয়েসেস: আছে, আছে, একজন আছে)

[2.00—2.10 P. M.]

শ্রীহেমন্ত কুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত একটি বিতর্কিত বিষয় এবং সেই পঞ্চায়েত বাজেট সম্পর্কে আজ আলোচনা হচ্ছে। বিরোধী দলের শ্রদ্ধেয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সম্বন্ধে আমার ধারণা ছিল উনি যখন বহুদিন ধরে বিধানসভায় আছেন, তখন নিশ্চয়ই কিছু ভাল কথা বলবেন। কিন্তু এখন দেখছি তাঁর ভীমরতি হয়েছে। তিনি সব জায়গায় কেবল চুরি দেখছেন এবং সকলের গায়ে "চোর" এই লেভেল এঁটে দিয়েছেন। তিনি পঞ্চায়েতের কোন ভাল কাজ দেখলেন না। কিন্তু আমরা দেখছি গ্রাম বাংলায় মানুষের কিন্তু এই পঞ্চায়েত সম্পর্কে অত্যন্ত আগ্রহের সৃষ্টি হয়েছে। এই পঞ্চায়েত আজ গ্রামের নিপীড়িত জনসাধারণ, ভাগচাষী এবং ক্ষেতমজুরদের বুকে ভরসা এনে দিয়েছে এবং অপর দিকে মহাজনদের বুকে ভয় এনে দিয়েছে। আপনারা জানেন গ্রামের মানুষ, ক্ষেত-মজুররা যখন কাজ পায় নি তখন ফুড ফর ওয়ার্ক প্রোগাম-এর মাধ্যমে তাদের সাহায্য করার ব্যবস্থা হয়েছে। আমরা জানি কংগ্রেস যে ৩৩ বছর রাজত্ব করেছে সেই সময় গ্রামের গরীব মানুষ, ক্ষেতমজুরদের গ্রামের বড় বড় জোতদার, জমিদারদের কাছে গিয়ে হাত পাততে হত এবং চাষের সময় কম মজুরীতে কাজ করে দেবে এই চুক্তিতে ধার নিতে হোতো। কিন্তু আজকে পঞ্চায়েতের বিভিন্ন কাজকর্মের জন্য, ফুড ফর ওয়ার্কের জন্য গ্রামের এই সমস্ত লোকদের, কৃষকদের আর সুদখোর এবং জমিদার-জোতদারদের কাছে গিয়ে পড়তে হয় না। পঞ্চায়েতের এই যে বিভিন্ন রকম কাজ চলছে সেটা বিরোধীদলের চোখে পড়ে না। আজকে উন্নয়নমূলক কাজগুলির ক্ষেত্রে গ্রামের সাধারণ মানুষের সঙ্গে একটা যোগসূত্র স্থাপিত হয়েছে। আজকে গ্রামে অনেক ডিপ টিউবওয়েল হয়েছে। কংগ্রেস আমলে কিছুই হয় নি সে কথা আমি বলছি না। তবে গ্রামে গিয়ে দেখুন, তাঁদের সময় গ্রামে যে টিউবওয়েলগুলি হয়েছিল সেগুলো জমিদার-জোতদারদের জায়গায় হয়েছিল, তাঁদের দলের এম. এল. এ.-দের কথায় এবং তাঁদের দলের নেতাদের কথায় হয়েছিল, কিন্তু আজকে আর সেটা হচ্ছে না, আজকে স্থায়ী সমিতির সঙ্গে আলোচনা করে কোথায় হলে মানুষের উপকার হবে সেখানে ডিপ টিউবওয়েল বসানো হচ্ছে। আজকে ঐ জোত-দারদের কথায় ডিপ টিউবওয়েল বসছে না। তারপর জমি বিলি আমরা আইনমত করছি এবং জমি বিলির জন্য একটা কমিটি হয়েছে। কিন্তু তাঁদের সময় মন্তেশ্বরে যে জমি বিলি করা হয়েছিল সে সম্বন্ধে আমি আপনাদের আমন্ত্রণ জানাচ্ছি, আপনারা গিয়ে দেখুন একটি জমিতে ২ বার পাট্টা বিলি করা হয়েছে। আমি ভূমি

রাজস্বমন্ত্রীর দৃষ্টিতে আনছি, যে লোকের জমি খাস করা হয়েছে তার ছেলেকে ভূমিহীন সাজিয়ে পাট্টা দিয়েছে। এইভাবে তাঁরা যে জমি বিলি করেছিলেন সেটা আমি প্রমাণ করতে পারি। স্যার, আপনি জানেন যে, এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে গ্রামে অনেক সম্পদ সৃষ্টি করা হয়েছে। কিন্তু সে কথা তো ওঁরা বললেন না। এই পঞ্চায়েতের মাধ্যমে বহু পুকুর কাটা হয়েছে। আপনারা গ্রামে গিয়ে দেখুন—যে-সমস্ত গ্রামে রাস্তা ছিল না, নামমাত্র রাস্তা ছিল সেখানে ইটের রাস্তা তৈরী হয়েছে। যে-সমস্ত গ্রাম থেকে রোগীদের আনা যেতো না, সেই সমস্ত গ্রামে রাস্তা করে দিয়ে রোগীদের শহরে আনবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ স্যার, পুকুর কাটা শুধু সি. পি. এম.-দের আমলেই হয় নি, কংগ্রেস আমলেও বহু পুকুর কাটা হয়েছিল।

শ্রীহেমন্ত কুমার রায়ঃ উনি বললেন যে, আমরা পঞ্চায়েত নির্বাচন করি নি এই কারণে যে, সেই সময় সি. পি. এম. নির্বাচন বয়কট করেছিল। তিনি একথা এখানে কি করে বললেন বুঝি না। ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছিল, তা কি রকম নির্বাচন হয়েছিল সেটা আপনারা জানেন। হিন্দু শাস্ত্রে একটা নিয়ম আছে—তান্ত্রিক মতে পূজা করা। সেই পূজার ব্যবস্থা হচ্ছে যদি বলি না হয় এবং মদের বোতলের ছিপি না খোলা হয় তাহলে পূজাই হোল না। আপনারা তান্ত্রিক মতে নির্বাচন চান। আর আমাদের আমলে যে নির্বাচন হয়েছে, সেই নির্বাচন নির্বাচনই নয়। ১৯৭৮ সালে আমরা প্রথম পঞ্চায়েত নির্বাচন করি ১৫/১৬ বছর পরে। তারপর বিরাট বন্যা হয় এবং সেই বন্যার মোকাবিলা এই পঞ্চায়েতগুলি কিভাবে করেছে তা আজ আর কারও অজানা নেই। বর্ধমান জেলায় গ্রাম পঞ্চায়েতের সদস্য বন্যায় গ্রামের লোককে বাঁচাতে গিয়ে মৃত্যুবরণ করেছিল। পঞ্চায়েতগুলি এইভাবে কাজ করেছে। ১৯৭৭ সালে আরও একটা বন্যা এসেছিল এবং সেই বন্যায় যে জলপ্লাবন হয়েছিল তা কখনও লোকে দেখে নি। মানুষের মধ্যে হাহাকার উঠে গিয়েছিল। লোকে খড়কুটো ধরে এখানে এসে হাজির হয়েছিল। এই সময় তারা চেয়েছিল এই জিনিসের মাধ্যমে তাঁরা আবার পশ্চিমবাংলায় রাজনৈতিক পুনর্বাসন করবেন। কিন্তু পঞ্চায়েতগুলি তাদের সেই সুযোগ দেয় নি। তাঁরা সেই সুযোগ গ্রহণ করতে পারেন নি। গ্রামের মানুষকে খাবারের সন্ধানে শহরে আসতে হয় নি। পশ্চিমবঙ্গ সরকার পঞ্চায়েতের মাধ্যমে বিলি-বণ্টনের যে ব্যবস্থা করেছিল তাতে তারা ঘরে বসেই খাবার পেয়েছে, অনাহারে একটি লোকও মরে নি। এই জিনিস তারা সহ্য

করতে পারছে না। আজকে পঞ্চায়েতের মাধ্যমে জমি বন্টন করা হচ্ছে, জমি রেকর্ডভুক্ত করা হচ্ছে। আজকে এ জিনিস ওঁরা চান না বলেই পঞ্চায়েতের বিরোধিতা করছেন। আজকে পঞ্চায়েত-রাজের মাধ্যমে একটা উদ্যোগ সৃষ্টি হয়েছে এবং যে উদ্যোগের ফলে গ্রামের মানুষ এগিয়ে এসেছে, উন্নয়নমূলক কাজে অংশ গ্রহণ করছে।

[2.10—2.20 P. M.]

এবং ওঁদের আমলে উন্নয়নমূলক কাজগুলো আমলাতন্ত্রের হাতেই সীমাবদ্ধ থাকতো। আমরা অতীতে বারবার দাবী করে এসেছি ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে। বর্তমানে আমরা পঞ্চায়েতের মাধ্যমে প্রমাণ করে দিয়েছি যে, ক্ষমতার কিভাবে বিকেন্দ্রীকরণ করতে হয়। আপনারা জানেন আমরা যেমন কেন্দ্র-রাজ্য সম্পর্কের কথা বলছি, তেমনি স্বায়ত্ত শাসন বিভাগগুলোর ভিতর দিয়ে যাতে বেশী বেশী উন্নয়নমূলক কাজ করা যায়, সেদিকেও আমরা প্রচেষ্টা চালিয়েছি। ওঁদের আমলে পঞ্চায়েতের নাম করে অনেক টাকা এসেছে, কাজ করা তো দূরের কথা, কোন হিসাব পর্যন্ত দেন নি। আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন রাখবো, আপনি একটা নিয়ম করে দিন যে, প্রতি গ্রাম পঞ্চায়েতে বা পঞ্চায়েত সমিতি যখন তাদের হিসাব সরকারী অফিসে জমা দেবেন, সেই হিসাবের একটা কপি তৈরী করে যেন ঐ কংগ্রেস (আই) অফিসে পাঠিয়ে দেন। তাহলেই তাঁরা ব্যাপারটা বুঝতে পারবেন। আমি বলতে চাই, হাল আমলে দেখছি ওনারা হিসাব নিয়ে খুব টানাটানি করছেন, আপনাদের বকেয়া হিসাব আপনারা দেবেন কি? আমরা জানি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত প্রায় ২॥ শত কোটি টাকা রুরাল ডেভেলপমেন্ট স্কীমের জন্য ভারত সরকারের কাছ থেকেএসেছিল, সেই টাকার হিসাব আপনারা দিয়েছিলেন কি? সেই টাকা কার পকেটে গেছে? হয়তো কোন কনট্রাক্টরের পকেটে গিয়ে থাকতে পারে বা আপনাদের দলের কোন নেতার পকেটে গেছে। আজকে যদি সেই হিসাব দিতেন তাহলে সেখানে দেখা যাবে, যেখানে খাল কাটার নাম করে টাকা নেওয়া হয়েছে—গ্রামের লোককে জিজ্ঞাসা করবেন, তারাই বলবে যে, সেখানে খাল কাটা হয় নি। এই যে অবস্থাগুলো, এই অবস্থা তাঁরাই সৃষ্টি করেছেন। আজকে ওনারাই আবার হিসাবের কথা তুলছেন। আইন আছে, কানুন আছে, দুর্নীতি একদম হয় নি, আমাদের মন্ত্রী মহাশয় সেই কথা বলেন নি এবং যারা দুর্নীতিগ্রস্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনারা

জানেন, আপনাদের আমলে কোন একজনের বিরুদ্ধেও কোন ব্যবস্থা নেওয়া হয় নি আপনাদের দলে আস্তুলে থাকতে পারে, যিনি সিমেন্ট ব্ল্যাক করে কোটি কোটি টাব করেছেন, যা খবরে প্রকাশিত হয়েছে। কিন্তু আমাদের দলে কেউ দুর্নীতি কর তাকে দলে থাকতে দেওয়া হয় না। আপনাদের দলে থাকতে গেলে দুর্নীতি কর হয়, এটাই হচ্ছে আমাদের সঙ্গে আপনাদের তফাৎ। তাই আজকে আপনাদে মুখে দুর্নীতির কথা শুনে হাসি পায়। আপনারা ১৯৭৭ সালের শিক্ষাগ্রহণ করেন নি জয়নাল সাহেব বড় বড় কথা এখানে বলে গেলেন, কিন্তু একবারও ভাবলেন ন পশ্চিম বাংলার জনসাধারণ আপনাদের কেন বর্জন করলেন। আপনারা যদি এ ভাল কাজ করে থাকেন গণতন্ত্রের জন্য, গণতন্ত্রের জন্য যদি আপনারা জীবনপা করে থাকেন তাহলে কি করে ১৯৭৭ সালে আপনাদের এই রকম বিপর্যয় ঘটলে সেই জিনিসটা আপনাদের জানা দরকার। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাে আমি এই কথা বলতে চাই, এঁরা কোন ভাল কাজ দেখতে পান না। আমর ছোটবেলায় একটা গল্প পড়েছিলাম—এক মেছুনি সব সময় মাছের ঝুড়িটা মাথা নিয়ে ঘুরে বেড়াতো। রাত্রে শোবার সময়ও সেই ঝুড়িটাকে মাথার কাছে নি শুতো। একদিন সে তার এক বন্ধুর বাড়িতে গেল, কিন্তু যাবার সময় তার সে নিত্যসঙ্গী ঝুড়িটাকে নিয়ে গেল না। ফলে সেই বন্ধুর বাড়িতে রাত্রে তার একদ ঘুম হলো না। মেছুনির বন্ধু তাকে জিজ্ঞাসা করলো, রাত্রে ঘুম হলো না কেন তখন সেই মেছুনি বললো, তার সঙ্গে যে মাছের ঝুড়িটা থাকে, সেই ঝুড়িটা ছিল না কারণ সেই ঝুড়ি থেকে যে আঁসটে গন্ধ বেরোয়, সেই গন্ধ না পাওয়ার ফলে তা রাত্রে ঘুম হয় নি, এটাই তার অভ্যাস। তেমনি ভাবে এঁরাও নর্দমার পাঁক না ঘেঁটে দুর্নীতি দুর্নীতি বলে না চেঁচিয়ে সুখে থাকতে পারেন না। ওঁরা বর্তমানে চারিদিবে বিভীষিকা দেখছেন। এই বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়ে দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি সরকার একটি উদ্দেশ্য সাধনে ব্রতী হয়েছেন এবং কংগ্রেস সরকার যদি একট অন্যায় অপরাধ করে গিয়ে থাকেন তাহলে বামফ্রন্ট সরকারও সেই অপরাধ-দুষ্ট হয়ে কাজ চালিয়ে যাবেন, এটা কিন্তু কোন নীতি নয়, কোন ভাষা নয়। বিগত কংগ্রেস সরকার যে ভুল করে গেছে সেই নীতিতে আপনারাও যদি মনে করে থাকেন ভুল করবেন, তাহলে কিন্তু বিগত কংগ্রেস সরকারের যে পরিণতি হয়েছিল আপনাদেরও

সই পরিণতি হতে বাধ্য। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৪ঠা জুন, ১৯৭৮ সালে এই এই পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল, তারপর আপনি ৩১শে মে ১৯৮৩ তারিখে আবার নির্বাচন ডেকেছেন। ৪ বছরের মেয়াদ ছিল, সেটাকে বাড়িয়ে ৫ বছর করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদের সংখ্যা ১টি বেড়েছে। ৩২৪-এর জায়গায় ৩৩৯ হয়েছে। গ্রাম পঞ্চায়েতও কিছু বৃদ্ধি ঘটেছে। ৩২৪২-এর জায়গায় ৩৩০৫ হয়েছে।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ কতকগুলি জায়গা আগে ছিল না—দুর্গাপুর, আসানসোল এই সব জায়গা ছিল না, এখন সেগুলি এ্যাড হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আশা করছি এই নির্বাচন বুথওয়াইজ হচ্ছে এবং হিলি এলাকায় ঠিক করে দিয়েছেন ৫০০ পর্যন্ত হলে একটি, আর ৫০০ উপর হলে একাধিক হবে। কিন্তু আমরা দলের প্রভাবে দেখতে পাচ্ছি ৭০১টি হলে ১টি হচ্ছে, আর ৭১৫টি হলে ২টি হচ্ছে—এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি পশ্চিমবাংলার একজন সবচেয়ে শ্রদ্ধাভাজন মন্ত্রী, আপনার কাছে আমরা এটা অন্ততঃ আশা করি নি। আপনি একটা বিরাট দায়িত্ব নিয়ে কাজে নেমেছেন। ৫৫ হাজার ৩২০টি আসন—একটা বিরাট ব্যাপার। অবশ্য বর্তমানে ৪৫ হাজার হচ্ছে এবং দেখা যাবে সেই আসনে লক্ষাধিক প্রার্থী দাঁড়াবে। সাধারণ নির্বাচনের চেয়েও এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্বাচন। কাজেই অবাধ নির্বাচন পরিচালনা করা এবং শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য আপনি নিশ্চয় রাজ্য সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। কিন্তু ইতিমধ্যেই বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের ঘটনা ঘটতে শুরু করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় সত্য বাপুলী মহাশয় এবং ডাঃ মানস ভুঁইয়া মহাশয় কতগুলি ঘটনার কথা এখানে উল্লেখ করেছেন। এতে আমরা আতঙ্কিতবোধ করছি। সবং থানার ১২নং অঞ্চলের চৌৎপুর গ্রামের ডাঃ হরিপদ সেনগুপ্ত যেহেতু কংগ্রেস প্রার্থী হয়ে দাঁড়িয়েছেন সেই জন্য তাঁর স্ত্রীর কাছে কোন এক দুর্বৃত্ত দল একটি চিঠি দিয়েছে। সেই চিঠিতে দুর্বৃত্ত দল বলেছে, যদি ডাঃ সেনগুপ্ত প্রার্থী হন তাহলে আপনাকে বিধবা হতে হবে। এই জিনিসগুলি কেন হবে? এই সব ঘটনা কেন ঘটবে? অতীতে কংগ্রেস সরকার কি করেছিল আমরা জানি না। কিন্তু আপনার কাছে জনসাধারণ আশা করবে আপনি ও সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করবেন এবং শান্তিশৃঙ্খলা বজায় রাখবেন। আমরা

দেখতে পাচ্ছি সেটা হচ্ছে না। স্যার, বাঁকুড়া জেলার ওঁদা, একাড়িয়া গ্রামের খবর কালকে আমরা পেয়েছি। ৩০০/৪০০-র উপর একদল সশস্ত্র ব্যক্তি ভূষণ পালের উপর আক্রমণ করে এবং বলে প্রার্থী হওয়া চলবে না।

[2.20—2.30 P.M.]

বাঁকুড়া সদর থানার নড়রায় অনুরূপ ঘটনা ঘটেছে। মেজিয়ার তারাপুর অঞ্চলে গণেশ দাসকে কিডন্যাপ করা হয়েছে—আজকে সকালে ট্রাঙ্ককলে সে খবর পেলাম। এগুলি তো অবাধ নির্বাচনের পদক্ষেপ নয়। পশ্চিমবাংলায় আগামী ৩১শে মে যে পঞ্চায়েত নির্বাচন হতে চলেছে সকলের সমবেত প্রচেষ্টায় সেটা সুসম্পন্ন হবে এবং সকলে সেই চেষ্টায় ব্রতী হবেন এটাই সকলে চান, কিন্তু তা না হয়ে সরকারের নিজস্ব চিন্তাধারার মাধ্যমে সরকার এই কাজটা করতে চাইছেন। যাদের হাতে এ্যাডমিনিষ্ট্রেটিভ ক্ষমতা আছে তাদের হাতে ক্ষমতা থাকা অবস্থাতেই তারা প্রার্থী হয়ে নির্বাচনে দাঁড়াচ্ছেন এটাই আমরা দেখছি। এ ক্ষেত্রে কারা প্রার্থী হতে পারবেন, আর কারা পারবেন না সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন। সেখানে যারা পঞ্চায়েতের সদস্য, সে যদি পঞ্চায়েত সমিতিতে প্রার্থী, হতে চায় তাহলে তাকে পঞ্চায়েত থেকে রিজাইন করতে হবে। অনুরূপ ভাবে যে পঞ্চায়েত সমিতির সদস্য সে যদি জেলা পরিষদে দাঁড়াতে চায় তাহলে তাকে পঞ্চায়েত সমিতি থেকে রিজাইন করতে হবে। তাদের হাতে অনেক টাকা খরচ করার ক্ষমতা রয়েছে। এই অবস্থায় সে যদি প্রার্থী হয় তাহলে সেই টাকা নিয়েই সে প্রার্থী হবে এবং তা হলে কখনও সেখানে অবাধ বা সুষ্ঠু নির্বাচন হতে পারে না। আমরা যদি দেখতাম আপাততঃ তাদের হাত থেকে ক্ষমতা নিয়ে বি. ডি. ও-দের হাতে ক্ষমতা দিয়ে দিয়েছেন, তাহলে সেখানে নিরপেক্ষ নির্বাচনের একটা প্রমাণ থাকতো, কিন্তু তা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন, গ্রাম পঞ্চায়েতের আইনানুগ হিসাব পরীক্ষা করছেন পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকরা। তারা এখন পর্যন্ত ১৯৭৮-৭৯ আর্থিক বৎসরের ৩২১৯টি গ্রাম পঞ্চায়েতের, ১৯৭৯-৮০ আর্থিক বৎসরের ৩১৪৪টি গ্রাম পঞ্চায়েতের, ১৯৮০-৮১ সালের আর্থিক বৎসরের ২৯৯৫টি গ্রাম পঞ্চায়েতের এবং ১৯৮১-৮২ আর্থিক বছরের ২৫১৯টি গ্রাম পঞ্চায়েতের হিসাব পরীক্ষা সম্পূর্ণ করেছেন। বেশ কিছু গ্রাম পঞ্চায়েতের হিসাব পরীক্ষা করা সম্ভব হয়ে ওঠেনি পুলিশ কেস বা কোর্ট কেসে হিসাব সংক্রান্ত নথিগুলি জড়িত থাকার জন্য। তাহলে বোঝাই যাচ্ছে এখানে দুর্নীতি আছে। মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য

বিধানসভায় নানাভাবে বলেছেন, অভিযোগ আছে। এটা যে তিনি স্বীকার করেছেন সেজন্য তিনি নিশ্চয় ধন্যবাদ পাবেন, তবে যারা দুর্নীতিগ্রস্ত তাদের যদি উপযুক্ত শাস্তি দেন তাহলে তিনি আরো ধন্যবাদ পাবেন। আমরা মনে করি জনসাধারণের টাকার কোনভাবেই অপচয় হওয়া উচিত নয়, তার সদ্ব্যবহার হওয়া উচিত। আমরা দেখছি বিভিন্ন খাতে টাকা বাড়ছে, এই সেদিন দেবব্রতবাবুর বাজেট দেখছিলাম, তাতে দেখলাম টাকা বেড়েছে. তবে সেই সঙ্গে জিনিসপত্রের মূল্য বৃদ্ধিও ঘটেছে, কিন্তু সমস্ত টাকার যাতে সদ্ব্যবহার হয় সেটা দেখতে হবে। স্যার, সবং থানার গ্রাম পঞ্চায়েতগুলিকে যে টাকা দেওয়া হয়েছে তাতে উনি যে হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ১৯৭৮-৭৯ সালে ৪ লক্ষ ৩৩ হাজার ৬৭৯ টাকা দেওয়া হয়েছে, ১৯৭৯-৮০ সালে ১৭ লক্ষ ৮২ হাজার টাকা, ১৯৮০-৮১ সালে ১০ লক্ষ ৬ হাজার ৯৫ টাকা ৬৫ পয়সা এবং ১৯৮১-৮২ সালে ১১ লক্ষ ৩৯ হাজার ৪২১ টাকা ৯৫ পয়সা দিয়েছেন। হিসাব পেয়েছেন ১৯৭৮-৭৯ সালের। ১৯৭৯-৮০ সালের বি. ডি. ও. ১০ লক্ষ ৭৪ হাজার ৪০০ টাকা সদ্ব্যবহারের সার্টিফিকেট পেয়েছেন। এতেও দেখা যাচ্ছে প্রায় ১৮ লক্ষ টাকার হিসাব এখনও পাওয়া যায় নি।

পশ্চিমবঙ্গের কয়েকটি জেলা পরিষদ তাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ রিপোর্ট ১৯৭৭-৭৮ সালের পর পেশ করেছে। সেগুলি হচ্ছে, ২৪ পরগনা ১৯৭৯-৮০ সাল বাদ দিয়ে ১৯৮১-৮২ সাল পর্যন্ত রিপোর্ট পেশ করেছে, পশ্চিম দিনাজপুর ১৯৮১-৮২ সাল পর্যন্ত পেশ করেছে, বাঁকুড়া ১৯৮০-৮১ পর্যন্ত, মেদিনীপুর ১৯৮০-৮১ পর্যন্ত, মুর্শিদাবাদ ১৯৮০-৮১ পর্যন্ত, পুরুলিয়া ১৯৮০-৮১ পর্যন্ত, কুচবিহার ১৯৮০-৮১ পর্যন্ত, দার্জিলিং ১৯৮০-৮১ পর্যন্ত, বর্ধমান ১৯৭৯-৮০ সাল পর্যন্ত, হুগলী ১৯৭৯-৮০ পর্যন্ত, নদীয়া ১৯৭৯-৮০ পর্যন্ত, জলপাইগুড়ি ১৯৭৯-৮০ সাল পর্যন্ত পেশ করেছেন। হাওড়া ও বীরভূমের জেলা পরিষদ ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত হিসাব দিয়েছে। এর পরে যদি জানতে পারি যে, বাকিগুলি এসে গেছে, তাহলে ভাল। আর তা না হলে আমার প্রশ্ন মন্ত্রী মহাশয় এ বিষয়ে কি ব্যবস্থা করছেন? মাননীয় মন্ত্রী মহাশয় অডিট থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে তদারকি করার জন্য একটা ডিপার্টমেন্ট বা সেকশন করেছেন, কিন্তু সেই ডিপার্টমেন্টের কাজের নমুনা আমরা জানি না। অথচ তার জন্য বহু টাকা এ্যালটমেন্ট হয়েছে। অডিট সেকশনের জন্য লোক নিয়োগ করা দরকার কিনা, সে বিষয়ে কোন পরীক্ষা-নিরীক্ষা করা দরকার, সেটা কি করা হয়েছে? সেটা যদি না হয়ে থাকে, তাহলে সেটা অবিলম্বে করা দরকার। আজকে কাজের সুবিধার জন্য একজন করে ইন্টারনাল অডিটর নিয়োগ করেছেন। আমরা আশা করব নীতি নির্ধারণ করেই নিয়োগ করেছেন এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর

মাধ্যমে নিশ্চয়ই নিয়োগ করেছেন। এ ব্যাপারে যদি কোথাও কোন গলদ হয়ে থাকে তাহলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিচার প্রার্থী।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের যে ইস্তাহার প্রকাশিত হয়েছিল সেই ইস্তাহারে আমরা দেখেছি, তাঁরা জনগণকে বলেছিলেন, ভূমি সংস্কার ও কৃষির উন্নয়ন করবেন, কৃষকদের ফসলের ন্যায্য দাম নির্ধারণ করে দেবেন, শিক্ষা ও সংস্কৃতির উন্নতি করবেন এবং প্রসার ঘটাবেন, প্রতি ৫০০০ জন মানুষের জন্য একটি করে স্বাস্থ্য কেন্দ্র করে দেবেন, ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশ ঘটাবেন, পঞ্চায়েতের দ্বারা পথঘাট, যোগাযোগ ইত্যাদির উন্নতি করবেন এবং পঞ্চায়েত সমবায়ের উন্নতি ঘটাবে। কিন্তু আজকে আমরা কি দেখছি? আজকে তাঁরা বলছেন, এই ক'বছরের কাজের জন্য জনগণ পঞ্চায়েতে তাঁদের ইতিবাচক ভোট দেবে এবং ইতিবাচক ভোটের মাধ্যমে তাঁরা জিতবেন বলছেন। আমরা দেখলাম মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতৃবর্গ এবং বামফ্রন্টের নেতৃবর্গ এটাই আশা করছেন। তাঁরা বলেছেন, তাঁরা বিগত ৪ বছরে ৩১,৩০৯ কিলোমিটার রাস্তা তৈরী করেছেন। এটা যদি তাঁরা করে থাকেন তাহলে নিশ্চয়ই ভাল কাজ করেছেন, দেশের উন্নতির কাজ করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে আমরা রাস্তাঘাটের যা অবস্থা দেখছি তাতে তদানীন্তন কংগ্রেসী আমলে যে রাস্তাঘাট করা হয়েছিল তার উপরে আজকে মাটিও পড়েনি। নতুন রাস্তা হওয়া তো দূরের কথা। কোথায় নতুন রাস্তা তৈরী করেছেন, কত কিলোমিটার করেছেন, তা যদি একটু স্পেসিফিক ভাবে বলেন, তাহলে আমরা জানতে পারি এবং আমাদের পক্ষেও বক্তৃতা রাখতে সুবিধা হয়। আমরা সেই হিসাব কোথাও পাইনি, আমি আশা করব পঞ্চায়েতমন্ত্রী আমাদের সেই হিসাবটা জানাবেন। মন্ত্রী মহাশয় বলছেন, ১৯৭০ সাল থেকে ১৯৮১ সালের মধ্যে প্রায় ৫ কোটি শ্রম-দিবস সৃষ্টি হয়েছে। এই হিসাব মন্ত্রী মহাশয় দিয়েছেন। বিভিন্ন পঞ্চায়েত সংস্থাগুলির বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত ও পরিচালিত প্রকল্পে ৩০৭·৩৩ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি হয়েছে এবং গ্রামের বেকার ও অর্ধ-বেকারদের জন্য জাতীয় গ্রামীণ কর্মবিনিয়োগ প্রকল্পে ২২৩·৭৭ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, কত শ্রম-দিবস তৈরী হয় নি, কতগুলি নষ্ট হয়েছে, সেই হিসাব কি আপনি দিয়েছেন? সেই হিসাব কে করবে? (সরকার পক্ষের জনৈক সদস্য: সেটা আপনি করবেন।) না আমি করব না। আমি আশা করব সরকারী দপ্তর এ বিষয়ে উত্তর দেবেন। যদি তাঁরা উত্তর না দেন, তাহলে সরকারের সমালোচনা হতে বাধ্য। বিগত সাধারণ নির্বাচনের সময় আমরা যে-সব আশঙ্কা করেছিলাম তা বাস্তবে রূপ লাভ করেছিল। আমরা দেখেছি নির্বাচনে বিভিন্ন রকমের কারচুপি হয়েছিল। বিভিন্ন বিষয়ের

কারচুপির কথা আমরা বলছি এবং তা প্রমাণও হয়ে যাচ্ছে। গতকাল মহামান্য হাইকোর্ট-এর রায়ের দ্বারা প্রমাণিত হয়েছে যে, এই সরকার বিভিন্ন ক্ষেত্রে কারচুপি করে চলেছেন। আমরা বলেছিলাম জয়েণ্ট এনট্রান্স পরীক্ষার ভিতরে কারচুপি হয়েছে এবং মহামান্য হাইকোর্টের গতকালের রায়ে তা প্রমাণ হয়ে গেছে। এই দপ্তরের ভেতরও নানারকম গলদ এবং কারচুপি রয়েছে। বিভিন্ন ক্ষেত্রে গলদ রয়েছে, ফলে আজকে পশ্চিমবাংলায় সম্পদ সংগ্রহের কোন ব্যবস্থাই নেই।

[2.30—2.40 P.M.]

যেখানে আপনারা ৫০০/৬০০ কোটি টাকা ব্যয় করেছেন এবং যেখানে কেন্দ্রীয় সরকার পঞ্চায়েতের জন্য বিভিন্ন খাতে ১০০ কোটি টাকা দিয়েছে—হয়তো প্রকৃত হিসাব করলে দেখা যাবে ৫৯ কোটি টাকা, কিন্তু সব মিলিয়ে হিসাব করলে দেখা যাবে ১০০ কোটি টাকার উপর বিভিন্ন খাতে কেন্দ্র থেকে টাকা এসেছে বিভিন্ন সংস্থা তৈরী করার জন্য। জাতীয় প্রকল্পের মাধ্যমে সেইসব পরিকল্পনা তৈরী হয়েছে। কিন্তু যে নীতির মাধ্যমে আপনারা করছেন, যদি নিরপেক্ষতা বজায় রেখে করতেন তাহলে দেশের অগ্রগতি অনিবার্য ছিল এবং আপনাদের আশীর্বাদ জনসাধারণ করতো। কিন্তু সেই আশানুরূপ ফল হয় নি। দেশের মানুষের কল্যাণার্থে শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই মনোনিবেশ করবেন বলে আমার বিশ্বাস। তাই পঞ্চায়েতের কাজ ত্রুটিপূর্ণ বলে এই বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবরঞ্জন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়নমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। পঞ্চায়েত নির্বাচন প্রায় ১৫ বছর পরে ১৯৭৮ সালে এই পশ্চিমবাংলায় অনুষ্ঠিত হয়। বামফ্রণ্ট সরকার পঞ্চায়েত নির্বাচন যখন করে তখন এই কথা বলেছিল, পঞ্চায়েত নির্বাচন করলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করবো, গণতান্ত্রিক পদ্ধতি চালু করবো, গ্রাম বাংলার মানুষের হাতে ক্ষমতা দেবো। বিগত ৫ বছরের পঞ্চায়েত প্রমাণ করছে যে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে, পরিকল্পনা রূপায়ণ করার জন্য পঞ্চায়েত ক্ষমতা পেয়েছে, গ্রাম বাংলার মানুষ নিজেদের পরিকল্পনা করছেন, পরিকল্পনার রূপ দিচ্ছেন এবং পরিকল্পনা সম্পূর্ণ করছেন। বিগত ৫ বছরের পঞ্চায়েত প্রমাণ করে দিয়েছেন যে, গণতান্ত্রিক পদ্ধতিতে যদি পঞ্চায়েতকে কাজ করতে

দেওয়া যায় তাহলে পরে পশ্চিমবাংলার অনৈতিক কাঠামোকে পুনরুজ্জীবিত করতে পারা যায়, পশ্চিম বাংলার গ্রামবাংলার সম্পদ সৃষ্টি করতে পারা যায়, পশ্চিমবাংলার গ্রামবাংলার নতুন চেহারা আনতে পারা যায়। তাই এবারের ব্যয় বরাদ্দের দাবী পেশ করে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণে যে কথাগুলি বলেছেন সেই কথাগুলির মধ্য দিয়ে এইকথাই পরিষ্কার হয়ে গেছে যে বিগত ৫ বছরে পঞ্চায়েতের মধ্য দিয়ে আমরা কোন্ কোন্ কাজ সম্পূর্ণ করতে পেরেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন, পঞ্চায়েতের মধ্য দিয়ে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় যেখানে অত্যন্ত খরা চলছে সেখানে দেড় হাজারটি টিউবওয়েল বসানো হয়েছে। এটা অত্যন্ত ব্যয়-সাপেক্ষ কাজ। সেই পরিকল্পনা সুষ্ঠুভাবে রূপ দিতে পারা গেছে। ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সালের গোড়া পর্যন্ত যখন আপনারা ছিলেন তখন তো পঞ্চায়েত ছিল— তখন পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় খরা দমন করার জন্য, জলকষ্ট নিবারণের জন্য কি পরিকল্পনা নিয়েছিলেন? সে কথার তো জবাব দিলেন না? আপনাদের ভাষণের মধ্য দিয়ে এই কথাই বলার চেষ্টা করেছেন পঞ্চায়েতের মধ্যে দুর্নীতির কথা, পঞ্চায়েতের মধ্য দিয়ে কারচুপির কথা এবং আগামী ৩১ মে যে পঞ্চায়েতের নির্বাচন হবে তার কারচুপির কথা। আমি এই কথা পরিষ্কার বলে দিতে চাই, পশ্চিমবাংলার মানুষ আগামী ৩১ মে যে পঞ্চায়েত নির্বাচন হবে তাতে বামফ্রন্টকেই জয়যুক্ত করবে। কারণ পঞ্চায়েতের মধ্য দিয়ে গ্রাম বাংলার সম্পদ সৃষ্টি হয়েছে, গ্রাম বাংলার চেহারার উন্নতির চেষ্টা করা হয়েছে, গ্রাম বাংলায় যেখানে রাস্তাঘাট ছিল না সেখানে রাস্তাঘাট করা হয়েছে।

আজকে সেখানে রাস্তাঘাট করা হয়েছে, আজকে সেখানে টিউবওয়েল করা হয়েছে এবং পুরনো অকেজো টিউবওয়েলগুলি মেরামত করা হয়েছে। ৩ লক্ষ শ্রম-দিবস তৈরী করা হয়েছে। এই কৃতিত্ব কার, এই কৃতিত্ব একমাত্র দাবী করতে পারে বামফ্রন্ট এবং এই সম্পদ সৃষ্টি করতে পেরেছে বলে আজকে পশ্চিমবঙ্গের চেহারা পাল্টেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ৫ বছরে পঞ্চায়েতের রাজত্বে আমরা গ্রাম বাংলার ১৪ লক্ষ ভূমিহীন লোককে সাড়ে সাত লক্ষ একর জমি বণ্টন করেছি। আমরা ৮৩ হাজার গৃহহীন লোকের গৃহ তৈরী করে দিয়েছি এবং ত্রাণ ও কল্যাণ দপ্তরের মধ্য দিয়ে আমরা কমপক্ষে ৩০৭ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে পঞ্চায়েতে, এই পঞ্চায়েতের রূপরেখা কি? সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতির মধ্যে পরিষ্কার ফুটে উঠেছে। এর আসল কারণটা কি? এখন গ্রাম বাংলার পঞ্চায়েত নিজেকে জনগণের সঙ্গে ইনভলভ করে দিয়েছে, কিন্তু তখন এম এল এ-ভিত্তিক ব্যবস্থা ছিল, এম এল এ-রাই সর্বেসর্বা

ছিলেন। তাঁরাই সেখানে রাজা হয়ে থাকতেন। আমরা সেই জিনিসটার পরিবর্তন করেছি। গরীব মানুষ, সাধারণ মানুষ এবং মধ্যবিত্ত মানুষের হাতে ক্ষমতা এনে দিয়েছি। আজকে যা কিছু পরিকল্পনা, যা কিছু ভাল কাজ, যা কিছু বন্দোবস্ত আমরা সমস্ত জিনিসটাই পঞ্চায়েতের মাধ্যমে সম্পূর্ণ করার চেষ্টা করছি। তাই আমরা দেখতে পাচ্ছি এই পদ্ধতির মধ্যে দিয়ে গ্রামে বসে, গ্রামের মানুষের পরামর্শ নিয়ে, উপদেশ নিয়ে বিভিন্ন এলাকার উন্নয়নমূলক কাজ শুরু করে দেওয়া হয়েছে। আজকে পঞ্চায়েতের কাজ করতে গিয়ে ১৯৭৮ সালে যাঁরা এই ভার নিয়েছিলেন তখন তাঁদের অভিজ্ঞতা ছিল না, পঞ্চায়েতী শাসন ব্যবস্থা চালু রাখবার মত দক্ষতা ছিল না। কিন্তু সরকারের তরফ থেকে তাঁদের শিক্ষা দেবার, ট্রেনিং দেবার যে-সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে ৪ বছরের অভিজ্ঞতায় আজকে আগামী ১৯৮৩ সালের হিসাবে নির্বাচনের পরে ভাল পঞ্চায়েতী রাজ, যে রাজ বামফ্রন্টের আমলে শুরু হতে চলেছে, সেই রাজ আগামী দিনের পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সুন্দরভাবে প্রতিষ্ঠিত করতে পারবে। আমরা এই আশা রাখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতির মধ্যে যে কথাগুলি বলেছেন তার মধ্যে আমরা দেখেছি যে, তিনি গ্রামের যে বেকার, অর্ধ-বেকার তাদের জন্য ২২৩ লক্ষ শ্রম-দিবস সৃষ্টির ব্যবস্থা করেছেন। তাই আজকে এই প্রমাণ হয়েছে যে, যদি পঞ্চায়েতের মধ্যে দিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করতে পারা যায়, ক্ষমতাকে স্থায়িত্ব দিতে পারা যায়, গ্রাম বাংলার ইনভলভমেণ্ট তৈরী করতে পারা যায়, তাহলে গ্রাম বাংলার উন্নতি অনিবার্য। যেটা কংগ্রেস বিগত ৩০ বছরে করেন নি। তাঁদের স্থায়িত্বের জন্য তাঁরা জেলা পরিষদকে ঠুঁটো জগন্নাথ করে রেখেছিলেন, গ্রামের প্রধানকে কোন ক্ষমতা দেন নি। সমস্ত ক্ষমতাকে কেন্দ্রীভূত করে রাজ্য ভিত্তিতে, এম এল এ ভিত্তিতে করে রেখে চলবার চেষ্টা করেছেন এবং এই চলার জন্যই আজকে ঐ দুরবস্থা হয়েছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয়, বরাদ্দের মধ্যে দিয়ে এই কথাই প্রমাণ হয়েছে যে, পঞ্চায়েত পশ্চিমবঙ্গের একটি অঙ্গ এবং এই পঞ্চায়েতকে টিকিয়ে রাখতে হবে। পঞ্চায়েতকে আরও ক্ষমতা দিতে হবে, ক্ষমতা দিতে পারলে এই পঞ্চায়েত আগামী দিনে পশ্চিমবঙ্গে রাজনীতি, অর্থনীতি এবং গ্রামীণ সমাজব্যবস্থাকে সুদৃঢ় করতে পারবে, জোরদার করতে পারবে, গ্রামের অর্থনৈতিক কাঠামোকে জোর করে একটা জায়গায় দৃঢ় করতে পারবে।

[2.40—2.50 P.M.]

তাই আজকে এই পঞ্চায়েতীরাজ ব্যবস্থার মধ্যে দিয়ে ১৯৭৮ সালের নির্বাচনের

পর থেকে যে পরীক্ষা-নীরিক্ষা বামফ্রন্ট সরকার চালিয়েছে তাতে এ কথা প্রমাণ হয়ে যে গণতান্ত্রিক পদ্ধতিতে সার্বজনীন গ্রামভিত্তিক ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারি এবং সাধারণ মানুষকে তারমধ্যে যদি আরও বেশী করে যুক্ত করা যায় তাহলে এই পঞ্চায়েতীরাজ-ব্যবস্থার মধ্যে দিয়ে আগামী দিনে আমাদের এই সমাজব্যবস্থাকে পাল্টে দিয়ে আমরা যে সমাজতান্ত্রিক রাষ্ট্র কাঠামো গড়ার কথা বলি তা গঠন করতে পারবো। আগামী ৩১শে মে নির্বাচনের যে কর্মসূচী রাখা হয়েছে সেই কর্মসূচীর ভিত্তিতে আমরা নির্বাচনের জন্য প্রস্তুতি নিতে চলেছি এবং আগামী দিনে পঞ্চায়েতের মধ্যে দিয়ে গ্রাম-বাংলায় আমরা কি রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক দায়-দায়িত্ব পালন করতে চাই সেদিকে লক্ষ্য রেখে এ কথা বলতে পারি আগামীদিনে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে যে কর্মসূচী, যে নির্বাচনী ইস্তাহার—সেই ইস্তাহারের মধ্যে দিয়ে আমরা তাঁদের পাশে এসে দাঁড়াবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী তরফ থেকে বিরোধী পক্ষের নেতারা বলবার চেষ্টা করেছেন যে, দুর্নীতির মধ্যে দিয়ে পঞ্চায়েতগুলি চলছে এবং কারচুপির মধ্যে দিয়ে আগামী নির্বাচন হবে। তারা গ্রামেও আজ এই আওয়াজ তুলবার চেষ্টা করছেন। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা পরিস্কার জানিয়ে দিতে চাই তাঁরা যতই অপপ্রচার করুন না কেন, যে পজেটিভ কর্মসূচীর মাধ্যমে আজ পঞ্চায়েতী-রাজ প্রতিষ্ঠিত, আজকেও সেই পজেটিভ ইস্যুর মধ্যে দিয়ে আমরা এগিয়ে যেতে চেয়েছি এবং সেই ইস্যুভিত্তিক যে রাজনীতি, সেই রাজনীতির ভেতর দিয়ে পঞ্চায়েতী-রাজ-ব্যবস্থার যে স্বপ্ন, আমাদের যে ইচ্ছা, আকাঙ্খা—সেই আকাঙ্খা আমরা পূরণ করতে পারবো এই ভরষা রেখে মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী শ্রীবিনয় চৌধুরী মহাশয় যে বাজেট উত্থাপন আমি তার বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি।

প্রথমতঃ, আজকে এই বাজেট বিতর্ক আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে খুবই গুরুত্বপূর্ণ। আমি প্রথমে শুরু করবো যে, আসন্ন পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্টের পক্ষ থেকে যে নির্বাচনী ইস্তাহার তাঁরা প্রকাশ করেছেন, ১১ পৃষ্ঠার নির্বাচনী ইস্তাহার—১২ দফা ভিত্তিক—সেই ইস্তাহারে আপনারা বিগত ৫ বছরে বামফ্রন্ট রাজত্বে পঞ্চায়েতে সাফল্যের খতিয়ান তুলে ধরেছেন এবং তুলে ধরতে গিয়ে আপনারা বলেছেন, বামফ্রন্ট আমলে এই পঞ্চায়েতগুলো রাজ্যের গরীব চাষী, ভূমিহীনদের

র্থ কিভাবে কাজ করেছে। বলেছেন আপনাদের আমলে ৭.৫০ লক্ষ একর ন্যস্ত মি ভূমিহীনদের মধ্যে বিলি হয়েছে। আমি অত্যন্ত আশ্চর্য হলাম, এই মিথ্যাচার, ই অসত্য ভাষণ এই বিধানসভার অভ্যন্তরে মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি দিয়েছিলেন। মি ঘটনা দিয়ে প্রমাণ করে দিচ্ছি তাঁর ঐ ভাষণ অসত্য। আপনাদের আমলে ৫০ লক্ষ একর জমি বিলি হয় নি।

আপনাদের আমলে যে জমি বিলি হয়েছিল সেই বিলি করা জমির পরিমাণ লো ১ লক্ষ ৩৭ হাজার ৫ শো ১২ একর। মুখ্যমন্ত্রী এই কথা অস্বীকার করতে রবেন না। এই ১ লক্ষ ৩৭ হাজার ৫ শো ১২ একর ন্যস্ত জমি বিলি করে শ্চিমবাংলার জনগণকে ভাঁওতা দিচ্ছেন এই বলে যে, আমরা সাড়ে ৭ লক্ষ একর মি বিলি করেছি। মিথ্যা কথা বলার একটা সীমা থাকা উচিত। আমি আরো বাত্মক অভিযোগ এখানে করবো। জমি যে অল্প বিলি করেছেন তাই নয়, এই লক্ষ ২৪ হাজার ৮ শো ৪২ একর জমি আজও পড়ে আছে, বিলি করেন নি। শ্চিমবাংলায় যখন লক্ষ লক্ষ ভূমিহীন চাষী রয়েছে, চাষের অভাবে তারা অনাহারে র্ধাহারে দিন কাটাচ্ছে সেই সময় এই বামফ্রন্ট সরকার প্রচার করছেন যে, আমরা সাড়ে ৭ লক্ষ একর জমি বিলি করেছি। মিথ্যা কথা বলার একটা সীমা থাকা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন সেই কথাটা আমি বলছি। আমি এই সরকার পক্ষের মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করেছিলাম কি কারণে এই জমি বিলি করেন নি? এই ৩ লক্ষ ২৪ হাজার ৮ শো ৪২ একর জমি হাতে রেখেছেন কেন? এই ব্যাপারে রহস্য উদ্‌ঘাটন করেছেন এই ভূমি রাজস্ব বিভাগের কমিশনার যিনি ছিলেন—শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় তিনি। তিনি বলেছেন এই অবিলিকৃত ন্যস্ত জমি থেকে বেনামদার জোতদারদের কাছ থেকে ১৭ কোটি টাকা উপার্জন করে। সেই বেনামদার জোতদারদের সঙ্গে পঞ্চায়েতের কর্মকর্তাদের সম্পর্ক অতি নিবিড় এবং মধুর। সেই জমি পশ্চিমবাংলার ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করেন নি। অথচ এঁরাঃ আবার গরিব-দরদী সরকার। এই কি গরিব চাষীদের প্রতি দরদের নমুনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে আমি একটার পর একটা প্রমাণ দিতে চাই। পশ্চিমবাংলায় বিগত পাঁচ বছরে বামফ্রন্ট সরকারের রাজত্বে পঞ্চায়েতে কিভাবে জালিয়াতি করা হয়েছে, পশ্চিমবাংলার দরিদ্র চাষীর উপর, ক্ষেতমজুর এবং ভূমিহীন চাষীদের উপর কি ধরনের চরম বঞ্চনা করা হয়েছে প্রধানদের মাধ্যমে একটার পর একটা তার প্রমাণ দিচ্ছি। এক নম্বর প্রমাণ আমি দিয়ে দিয়েছি। এই বার আমি দুই নম্বর প্রমাণ দেব। আপনি জানেন এই পঞ্চায়েত্কে গ্রামের বিপন্ন কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ করার

দায়িত্ব দেওয়া হয়েছিল। খতিয়ানটা কি? গত ২ বছরে ১ লক্ষ করে টাকা দেওয় হয়েছিল পঞ্চায়েতগুলিকে ধান সংগ্রহ করবার জন্য, যাতে বিপন্ন চাষীরা বিপর্যস্ত না হয়। অথচ খতিয়ানটা দেখুন স্যার, প্রথম বছর ১৪ হাজার টন ধান সংগ্রহ করেছে। গত বছর ৩৫ হাজার টন ধান সংগ্রহ করার লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু মাত্র কয়েক শো টন ধান সংগ্রহ করেছে। যাতে গ্রামের গরীব কৃষক বিপন্ন হয়ে না পড়ে, ফড়িয়াদের খপ্পরে না পড়ে সেই জন্য পঞ্চায়েতের মাধ্যমে ধান কেনার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু ওরাই আজ বিপন্ন কৃষককে শোষণ করছে। ওরা কিনবে কেন? এইগুলি স্যার, আপনি বিচার করবেন। এই পঞ্চায়েতকে দায়িত্ব দেওয়া হয়েছিল—এই বক্তব্য সুপারিশ করেছেন—পাট্টাদার বর্গাদারদের ধান দেবার ব্যবস্থা ছিল।

[2.50—3.00 P. M.]

তাদের সুপারিশক্রমে ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়া হবে। আপনি অস্বীকার করতে পারবেন না যে, এই পঞ্চায়েতগুলো তাদের যে ঋণ দিত, যে সংখ্যা নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল, তার ২০ পারসেন্ট পঞ্চায়েত থেকে আসছে না। এইভাবে গরীব পাট্টাদার ও বর্গাদাররা সুযোগ থাকা সত্ত্বেও পঞ্চায়েতের জন্য মহাজনদের খপ্পরে পড়ছে। এর মধ্যে দিয়েই বোঝা যায় পঞ্চায়েত কাদের স্বার্থ রক্ষা করছে। আজকে অপারেশান বর্গা, অপারেশান বর্গা বলে চীৎকার করছেন। অথচ আপনার দপ্তরেরই বক্তব্য হচ্ছে, লক্ষ্যমাত্রার ৫০ পারসেন্টও পূরণ করা যায় নি। আজও ৬৬ পারসেন্ট বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করা সম্ভব হয় নি। আপনারাই আবার ভূমিহীন কৃষক, ক্ষেতমজুরদের স্বার্থরক্ষা করার কথা বলেন। গ্রামে গ্রামে ক্ষেত-মজুররা সরকার নির্ধারিত মজুরী পায় না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে দুর্নীতি নিয়ে। এ নিয়ে অনেক কথা, অনেক আলোচনাও হয়েছে—ইট ইজ এ্যান ওপেন সিক্রেট. পশ্চিবাংলায় এটা সর্বজনবিদিত। ফলে এ নিয়ে-আমি আর বেশী কথা বলতে চাই না। পশ্চিমবাংলার পঞ্চায়েত যে দুর্নীতিগ্রস্ত সে কথা সকলেরই জানা আছে। যার জন্য ১৯৮২ সালের নভেম্বর, ডিসেম্বর মাসে বামফ্রন্টের চেয়ারম্যান, সরোজবাবু সিদ্ধান্ত নিয়েছিলেন—পঞ্চায়েতের কর্মকর্তাদের মাধ্যমে কোন টাকা খরচের জন্য দেওয়া হবে না। সমস্ত টাকা-পয়সা অফিসারদের মাধ্যমে খরচ করার জন্য দেওয়া হবে। আপনারা নিজেরাই কোটি কোটি টাকা পঞ্চায়েতের হাতে তুলে দিয়েছিলেন নয়ছয় করার জন্য। একবার যেহেতু আপনারা খরচ করার সুযোগ দিয়েছিলেন, সেই জন্য

ার্টির অভ্যন্তরে এক বিরাট অসন্তোষ দেখা দিয়েছিল। যার ফলে সরোজবাবুকে
রায় সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়েছিল। পঞ্চায়েতের হাতে খরচ-খরচা করার
য পুনরায় অনুমতি দিতে হয়েছিল। এবারে আমি একটি উদাহরণ দেই স্পেশাল
স্পোনেন্ট নিয়ে ২৪ পরগনা জেলার ব্যাপারে। এই বাবদ ২৪ পরগনা জেলাতে
কোটি টাকার মত দেওয়া হয়েছিল। স্পেশাল কম্পোনেন্টের ৫০ পারসেন্ট টাকা
ন্দ্রীয় সরকার ভরতুকী হিসাবে দেন। বাকী ৫০ পারসেন্টের ৩০ পারসেন্ট ব্যাঙ্ক
নান হিসাবে দেন ও ২০ পারসেন্ট রাজ্য সরকার দিয়ে থাকেন, এই টাকা পরিশোধ
রতে হয়। এই টাকা দেওয়া হয়ে থাকে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষ—তপসিল
াতি ও উপজাতিদের মধ্যে যাঁরা বর্গাদার এবং পাট্টাদার আছেন, তাঁদের মধ্যে
বলি করার জন্য। এই টাকা তাঁদের ঋণ হিসাবে দেওয়া হয়ে থাকে। ২৪ পরগনা
জলাতে আমরা দেখেছি, যাঁরা এই ঋণ পাওয়ার যোগ্য নয়—যাঁরা পঞ্চায়েতের
র্তা এবং আত্মীয়ের মধ্যে পড়েন, তাঁদের নামে বিলি করা হয়েছে। শুধু তাই
য়, যাঁরা পাট্টাদার ও বর্গাদার নন, তাঁদের মধ্যে বিলি করা হয়েছে। অর্থাৎ
ারা তপসিল জাতি বা উপজাতি সম্প্রদায়ের কেউ নন—চ্যাটার্জী, মুখার্জী,
ভট্টাচার্যদের মধ্যে এই ঋণের টাকা বিলি করা হয়েছে। প্রত্যেক জায়গাতে এই
ব্যাপারে তদন্ত হওয়ার পরে ব্যাংকের রিপোর্ট এই মর্মে পাওয়া গেছে। এখানে
আমি মাত্র একটি জেলার নমুনা তুলে ধরলাম, অন্যান্য জেলাতেও একইভাবে ঋণের
টাকা বিলি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় একজন বামপন্থী ও বর্ষীয়ান নেতা,
তিনি দীর্ঘদিন বহু আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন, তাঁর পক্ষ থেকে যে কথা বলা
হয়েছে, মাননীয় জ্যোতিবাবুও সেদিন ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডে একই কথা বলেছেন—
পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা। আপনারা পঞ্চায়েতের মাধ্যমে
জনগণের হাতে ক্ষমতা তুলে দিয়ে বিকেন্দ্রীকরণের কথা বলেন। আমি দুর্নীতির
কথা বাদ দিয়েই বলছি, পঞ্চায়েতের মাধ্যমে জনগণের হাতে ক্ষমতা তুলে দিয়ে
যে সমাজ-ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চান, তা কি এই সমাজ-ব্যবস্থার মধ্যে দিয়ে
কখনই সম্ভব? বিশেষ করে যে সমাজ-ব্যবস্থায় পুঁজিবাদী শোষণ অব্যাহত
রয়েছে, যে রাষ্ট্রীয় কাঠামোয় কলে-কারখানা থেকে আরম্ভ করে সর্বত্র শ্রমিকরা
মালিকদের দ্বারা শোষিত হচ্ছে, যেখানে ভূমিহীন ক্ষেতমজুররা জোতদারদের দ্বারা
শোষিত হচ্ছে, সে ক্ষেত্রে জনগণের হাতে ক্ষমতা কি আপনি সম্পূর্ণ সার্থকভাবে
তুলে দিতে পারেন? একটা আমূল পরিবর্তন সমাজের বিপ্লব এনে করতে হবে।
জেনেশুনে মিথ্যাচারের উপর দাঁড়িয়ে আসল ফ্যাক্টস্‌কে লুকোনোর চেষ্টা করবেন
না। এই বাস্তব অবস্থার উপর দাঁড়িয়ে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কি করা যায়

এটা যদি আপনারা বলতেন তাহলে অনেক ভালো হোত। আপনারা যদি মার্কসিষ্ট বা বামপন্থী দৃষ্টিভঙ্গী নিয়ে জিনিসটি বিচার করেন তাহলে দেখবেন গ্রামাঞ্চলের সাধারণ মানুষ, গ্রামের দুর্বলতর শ্রেণী-গরিব চাষী, ক্ষেত-মজুর এদের দুঃখ দুর্দশার মূল কারণ হচ্ছে অভ্যন্তরীণ কায়েমী স্বার্থে। পঞ্চায়েতে যে দুষ্টচক্র হয়েছে সেটাই সমস্ত দুর্বলতর শ্রেণীর মানুষের দুঃখ দুর্দশার প্রধান কারণ। এই কংগ্রেসী শাসনের কালে এই দুষ্টচক্রের পৃষ্ঠপোষকতা করে এসেছে কংগ্রেস এবং কংগ্রেস এই দুর্বলতর শ্রেণীকে শেষ করেছে। সুতরাং এই অবস্থার মধ্যে একমাত্র অবজেকটিভ সেটাকে রিয়ালিস্টিক আউট-লুকে কাউণ্টার করা দরকার। অভ্যন্তরীণ সমাজের ভূমিহীন চাষী, ক্ষেত-মজুর যারা শোষিত মানুষ তাদের ন্যায়-সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী এবং জোরদার করা দরকার। এই সবের মধ্যে দিয়েই তারা এ দুষ্টচক্রকে রোধ করতে পারবে। কাজে কাজেই পঞ্চায়েতকে সংগঠনমূলক কাজে লাগানো এবং এই পটভূমিকায় এটা বিচার করা দরকার। কিন্তু বিগত ৫ বছরে পঞ্চায়েত কার স্বার্থে কাজ করেছে? এই দুষ্টচক্র কাদের পারপাস সার্ভ করেছে? এই কংগ্রেসীরা যখন ক্ষমতায় ছিল তারা নিজেদের দাপটের মধ্যে এই পঞ্চায়েতকে রেখে সন্ত্রাসের রাজত্বে পরিণত করেছিল। এই কংগ্রেসী দাপট থেকে আপনারা উদ্ধার করে এই পঞ্চায়েতকে নিজেদের আয়ত্তে এনে নিলেন। আপনারাও একইভাবে এ্যাট দি কস্ট অফ পিপলস্ ইন্টারেস্ট—এর দিকে না তাকিয়ে নিজেদের স্বার্থে একে কাজে লাগালেন। এতে জনগণের স্বার্থ রক্ষিত হয় নি। কংগ্রেসীরা যখন ক্ষমতায় ছিলেন তখন ভূমিহীন চাষী, ভাগচাষী এবং ক্ষেত-মজুররা তাদের ন্যায্য ফসল পায় নি। তারা জমি থেকে উৎখাত হয়েছিল। আপনারা এসে তাদের কাছ থেকে এই ক্ষমতা কেড়ে নিলেন, এতে শুধু এইটুকু পরিবর্তনই হয়েছে যে কংগ্রেসীদের বদলে আপনারা এই পঞ্চায়েতকে কণ্ট্রোল করলেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা একটু বিচার করে দেখে বলুন যে কি, অবস্থা। আমার তৃতীয় কথা হচ্ছে পঞ্চায়েতের পরিচালনার ক্ষেত্রে সরকারী দৃষ্টিভঙ্গী কি স্বার্থে ব্যবহৃত হয়েছে। আমি ক্রিটিসিজিম করতে চাই না কেবল গঠনমূলক সমালোচনা করতে চাই। সরকারী দৃষ্টিভঙ্গী কি হওয়া উচিত এবং এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কিভাবে পরিচালিত করতে হবে এটা পঞ্চায়েত মন্ত্রী আমাদের কাছে পরামর্শ নিতে পারতেন। তবে আমি এই কথা বলছি না যে আমাদের উপর পঞ্চায়েতের ক্ষমতা দিন। কিন্তু বর্তমান সমাজ-ব্যবস্থার মধ্যে এবং অর্থনৈতিক বনিয়াদের মধ্যে যে পঞ্চায়েতের সাংগঠনিক অর্থনৈতিক ক্ষমতা দিয়েছেন এবং বর্তমান সমাজ-ব্যবস্থার মধ্যে তাকে যে অর্থনৈতিক সুবিধা দিয়েছেন তাতে এই পঞ্চায়েতকে রেসট্রেন করবেন

কি করে? এই পঞ্চায়েতগুলিকে রেসট্রেন করতে গেলে কোথাও গণ-কমিটি গঠন করে, কোথাও পিপল্‌স্ কমিটি গঠন করে তবে এগুলিকে রেসট্রেন করা যাবে। এই গণ-কমিটি এই পঞ্চায়েতগুলিকে দেখাশুনো করবে এবং তাদের নজর রাখবে এবং এইভাবে জনগণের সচেতনতার সাংগঠনিক অংশগ্রহণের মধ্যে দিয়ে পঞ্চায়েতের সুবিধাগুলি একমাত্র রেসট্রেন করা যায় এবং এইগুলি নিয়ন্ত্রণ করা যায়। পঞ্চায়েতের মাধ্যমে যদি সংস্কারমূলক কিছু কাজকর্ম করতে চান তাহলে গণ-আন্দোলনকে জোরদার করতে হবে এবং গণ আন্দোলনকে আরো শক্তিশালী করে গড়ে তুলতে হবে কারণ তার যে সুযোগ-সুবিধা আছে সেগুলি আদায় করবার জন্য। এই পঞ্চায়েতের মধ্যে যে সুবিধার রাজনীতি রয়েছে, ভোট সর্বস্ব রাজনীতি রয়েছে তাকে গ্রাস রুট লেভেল থেকে দূর করতে হবে। কংগ্রেসীরা একে নির্বাচনসর্বস্ব করে রেখে চলে গেছেন এবং বিপ্লবের রাজনীতির কোমর তারা ভেঙে দিয়েছেন। আজকে সেটা জোড়া লাগাতে হবে।

[3.00—3.10 P.M. including adjournment]

কিন্তু তা হচ্ছে না। যেভাবে কেন্দ্রীয় সরকার ভারতবর্ষে চিহ্নিত পুঁজিপতি শ্রেণীর দল তৈরী করেছেন আপনারাও এখানে সে জিনিস করছেন। আজকে ক্ষয়িষ্ণু পুঁজিপতি শ্রেণী জানে তাদের সঙ্কট থেকে মুক্তি পেতে হলে জনগণের উপর সঙ্কটের বোঝা চাপিয়ে দিতে হবে তা না হলে মানুষের পুঞ্জীভূত অসন্তোষকে দমান যাবে না। ভারতবর্ষে ক্ষমতা কেন্দ্রীকরণ করার নাম করে তাই দেখছি ক্ষমতা কেন্দ্রীভূত হচ্ছে। আপনারাও ইন সেম টিউন কাজ করছেন। আপনারা তাই জনসাধারণের নীতি নৈতিকতাকে মেরে দিচ্ছেন। তাই আপনারা যেভাবে নির্বাচন করছেন তাতে ফ্রি এণ্ড ফেয়ার হতে পারে না। আপনারা ভোটার লিষ্ট সংশোধন করার সুযোগ দিলেন না, নূতন নাম যোগ করার সুযোগ দিলেন না। আপনারা বলেছেন বিধানসভার ভোটার লিষ্ট অনুযায়ী ভোট হবে। সুতরাং প্রথম থেকেই কারচুপি। আপনারা ফ্রি, ফেয়ার ইলেকশান ফেস করতে চান না। আপনারা নির্বাচনের ইস্তাহার মিথ্যাচার দিয়ে আরম্ভ করেছেন। আপনাদের যদি গাট্‌স থাকে তাহলে পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে উন্নয়নের যে খরচ রুলিং পার্টির দ্বারা হবে তা বন্ধ করুন। তা না হলে নির্বাচনকে প্রভাবিত করতে সাহায্য করবে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.30 P.M.)

(After Adjournment)

[3.30—3.40 P. M.]

শ্রীনীরোদ রায় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সাথে আপনার মাধ্যমে হাউসের কাছে একটা রিপোর্ট করছি যে, গতকাল বিধ্বংসী ঘূর্ণি ঝড়ে বনগাঁ সাব-ডিভিশানের গাইঘাটা থানায় ২১টি গ্রাম এবং হাবড়া থানায় ২টি গ্রাম দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ২১টি গ্রামের মধ্যে ১২টি গ্রাম ডেমোলিস্‌ড হয়ে গেছে, দোতলা/তিনতলা পাকা বাড়ির চিহ্নমাত্র নেই। গবাদি পশু সহ বহু মানুষ ক্ষতিগ্রস্ত। প্রায় ১/১৷৷ হাজার মানুষকে হাসপাতালে নিয়ে যেতে হয়েছে, তার মধ্যে ১৮৩ জন মানুষ এখনও হাসপাতালে আছে, অন্যদের ফার্স্ট এইড দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। ৩০ জন মানুষ মারা গেছে। স্থানীয় পঞ্চায়েত এবং স্থানীয় লোকেরা তৎপরতার সাথে এটার মোকাবেলা করতে পেরেছেন। সমস্ত মানুষ ঝাঁপিয়ে পড়ে এই দুর্গত মানুষদের উদ্ধার করে হাসপাতালে পাঠিয়ে দিয়েছেন। সঙ্গে সঙ্গে পুলিশ প্রশাসন এবং সাধারণ প্রশাসনের পক্ষ থেকে হস্তক্ষেপ করেছেন। কাল রাতে এবং আজ সকালে এস, ডি, ও, বি, ডি, ও, এস, পি, ডি, এস, পি এঁরা সকলেই তৎপরতার সাথে এটাকে মোকাবেলা করেছেন। আজ সকালে সেখানে ডি, এম উপস্থিত হয়েছেন, মাথাপিছু ১ কেজি চাল, ৩ শো ডাল, চিড়া গুড় দেওয়ার তিনি ব্যবস্থা করেছেন। কিন্তু সেখানে তৎপরতার সাথে মেডিকেল এইড, ওষুধ দেওয়া প্রয়োজন। আমি যখন আসি আজকে বেলা ১২ টার সময় তখন দেখলাম মাননীয় মন্ত্রী রামনারায়ণ গোস্বামী সেখানে গিয়ে পৌঁছেছেন, আমাদের ত্রাণমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী কান্তিবাবুও সেখানে গিয়ে পৌঁছেছেন। এই যে গবাদি পশুসহ সেখানে ৩০ জন মারা গেছেন এবং আরো হাসপাতালে যাঁরা আছেন তাঁরাও মারা যাবেন বলে ধারণা, এঁদের পরিবারবর্গের ক্ষতিপূরণের যাতে ব্যবস্থা করা হয় এবং দুর্গত মানুষদের গৃহনির্মাণ, খাওয়া-দাওয়ার যাতে ব্যবস্থা করা হয় এবং মেডিকেল এইডের যাতে ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করছি।

শ্রীকমলাক্ষী বিশ্বাস : মাননীয় স্পীকার মহাশয়, আমি আজ সকালে ২ বার ট্রাংককল পেয়েছি, সেখান থেকে কতকগুলি এসেছে, তারা যে রিপোর্ট করেছে তাতে জানা যায় এতবড় ঝড় গত ৩/৪ দশকের মধ্যে হয় নি। এই ঝড়ে কত লোক

গৃহহারা হয়েছে, কত মানুষকে রাস্তায় বসতে হয়েছে তার ইয়ত্তা নেই। রাস্তার মাঝে বড় বড় গাছ পড়ে রাস্তা অবরুদ্ধ হয়েছে। পুলিশ স্টেটবাস লরী রিকুই-জিশান করে দুর্গত মানুষদের হাসপাতালে পাঠিয়েছে। এখন ত্রাণব্যবস্থা করবার জন্য আমি আপনার মাধ্যমে সরকারকে বলছি।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল দক্ষিণ কলকাতায় এফ, সি, আই-র গোডাউনে কংগ্রেস (ই) পরিচালিত সমিতি এবং কংগ্রেস (ই) পরিচালিত শ্রমিক ইউনিয়ন-এর মধ্যে দারুণ সংঘর্ষের ফলে ওই অঞ্চলে চাল, গম ইত্যাদি সরবরাহ বন্ধ হয়ে গেছে। এফ, সি, আই-র জোনাল ম্যানেজার এবং সিনিয়র রিজিওনাল ম্যানেজার নানা কারণে দীর্ঘদিন ধরে দিল্লীতে বসে আছেন এবং তার ফলে এফ, সি, আই-র প্রশাসনে চরম অব্যবস্থা, নৈরাজ্য সৃষ্টি হয়েছে এবং বলা যায় প্রশাসন ভেঙে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস (ই)-র মধ্যে অন্তর্দ্বন্দ্বের ফলে পশ্চিমবাংলায় এফ, সি, আই-র খাদ্য সরবরাহের ক্ষেত্রে যে নৈরাজ্য সৃষ্টি হয়েছে তার অবসানের জন্য আপনার মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়েণ্ট এনট্রান্স পরীক্ষার ব্যাপার নিয়ে আমি ইতিপূর্বে বিধানসভায় বক্তব্য রেখেছিলাম। কিন্তু আজকে এই ২২০০ ছাত্র-ছাত্রীর যে অবস্থা হয়েছে তাতে দেখছি ভগবান ছাড়া তাদের আর কোন ভরসা নেই। ৮০০ মেডিকেল ছাত্র এবং ১৪০০ ইঞ্জিনীয়ারিং-এর ছাত্র এর সঙ্গে জড়িত হয়ে রয়েছে এবং তাদের পড়াশুনা আজ ১ বছর যাবৎ বন্ধ। জয়েণ্ট এনট্রান্স পরীক্ষায় কারচুপি হয়েছে এবং কম নম্বর পাওয়া ছেলেকে পাশ করান হয়েছে এই অভিযোগ উঠেছিল। আমি আলিপুরের জজ মিঃ ভৌমিকের ছেলে সম্বন্ধে বলেছিলাম ফার্স্ট ডিভিশনে পাশ করেছে, ন্যাশনাল স্কলারশিপ পেয়েছে, সে নাকি পরীক্ষায় ফেল করেছে।

মিঃ স্পীকারঃ ইট ইজ এ সাবজুডিস ম্যাটার। হাউ ক্যান আই এ্যালাউ দ্যাট?

শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ জয়েণ্ট এনট্রান্স পরীক্ষায় বরাবরই কারচুপি হচ্ছে,

চুরি-জোচ্চুরি হচ্ছে এই অভিযোগ আমি ইতিপূর্বে রেখেছিলাম এবং সেই অভিযোগ প্রাথমিকভাবে ২/১টি ক্ষেত্রে প্রমাণ করতেও পেরেছি। আপনি বলছেন সাব-জুডিস ম্যাটার, স্টে অর্ডার হয়েছে। আমি সমস্তই জানি। স্টে অর্ডার হয়েছে সেটা বড় কথা নয়, কালকেই ভ্যাকেটেড হবে। আমার বক্তব্য হচ্ছে এই যে, ২২০০ ছেলে আটকে আছে তাদের মানসিক অবস্থা অত্যন্ত খারাপ, কাজেই বলুন তারা পড়তে পারবে কিনা ?

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মালদহ এবং পশ্চিম দিনাজপুরের লোকেরা যে ডিজেল পাচ্ছে না তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই ডিজেলের জন্য মানুষকে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হচ্ছে, কাজেই আমি মনে করি দিস্ স্যুড বি র‍্যাশনালাইজড এ্যাণ্ড এ্যাসিওর্ড। গত বছর সামান্য কিছু ফসল তৈরী করেছিল, কিন্তু এবারে দেখছি ডিজেল, ফুয়েল কিছুই নেই। আমি ক্যাটিগরিক্যালি মালদহ এবং পশ্চিম দিনাজপুরের কথা বিশেষভাবে বলছি এবং আশা করছি অবিলম্বে এই ব্যাপারে দৃষ্টি দেওয়া হবে।

[3.40—3.50 P. M.]

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি যে, গতকাল তিনি একটা লিখিত ভাষণ এই বিধানসভায় সদস্যদের অবগতির জন্য দিয়েছেন। স্যার, অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, এসেনসিয়াল ড্রাগের চার/পাঁচটি ইনজেকশন নীলরতন সরকার হাসপাতালে—Injection Ampiciline যার ডেলি রিকয়ারমেণ্ট—সে সম্পর্কে তিনি বললেন যে, ৩ হাজার এম্পল ষ্টকে আছে। ১২/৪ তারিখে ষ্টকে দেখা গেল। কিন্তু স্যার আমাদের কাছে তথ্য আছে—উনি অথেনটিক বলেছেন—যে ঐ ইনজেকশন এম্প্লিসিলিন ২২/৮৩ থেকে ৯/২/৮৩ পর্যন্ত নীল ছিল। তিনি হাউসকে মিসলিড করেছেন। ১১ তারিখে স্পেশ্যাল অর্ডার করে, তারপর আনা হয়েছে। তিনি অসত্য ভাষণ দিয়েছেন, মন্ত্রী লিখিতভাবে একটি অসত্য তথ্য এই হাউসে প্লেস করেছেন। এই কথা বলে তিনি কয়েকজন ডাক্তারকে পলিটিক্যালি মটিভেটেড বলে তাঁদের উপর মিথ্যা দোষারোপ করেছেন। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতীশ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধী দলের বন্ধুরা একটি জায়গায় তাদের দোষ দেখার চেষ্টা করেছেন। সেটা হচ্ছে পঞ্চায়েত দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে। সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী তাঁর ভাষণে পরিষ্কার ভাষায় বলেছেন যে, পঞ্চায়েত যে উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছিল, আমরা পরিচালনার যে পদ্ধতি অবলম্বন করেছি, সবটাতেই মূলতঃ আমাদের প্রচেষ্টা সাফল্যমণ্ডিত হয়েছে। কোথাও কোথাও দুর্নীতি দেখা দিয়েছে এবং আমরা আমাদের প্রশাসন ও সরকার থেকে সেই দুর্নীতির মোকাবিলা করছি। আমি তার উদাহরণ দেবো যে, কিভাবে আমরা তার মোকাবিলা করছি। আমরা মার্কসবাদে বিশ্বাসী এবং ওঁরা গান্ধীবাদে বিশ্বাসী —ওঁদের রাজনৈতিক চিন্তাধারার সঙ্গে আমাদের চিন্তাধারার পার্থক্য আছে। বর্তমান সমাজ কাঠামোর মধ্যে অর্থাৎ গোটা ভারতবর্ষের সমাজ ব্যবস্থার মধ্যে থেকে আমরা আমাদের আকাঙ্ক্ষিত পঞ্চায়েত-রাজ কায়েম করতে পারি নি। কিন্তু আমরা বলেছি আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে এবং বর্তমান বুর্জোয়া গণতন্ত্রের মধ্যে থেকে জনগণের যে অধিকার আছে সেই অধিকার যাতে জনগণ সঠিকভাবে প্রয়োগ করতে পারে তার চেষ্টা আমরা করবো। আমাদের বামফ্রন্ট সরকার সেই দৃষ্টিভঙ্গি নিয়ে সেই কাজ চালিয়ে যাবে। কংগ্রেসীবন্ধুরা জানেন যে, আমাদের দেশের একজন প্রখ্যাত ব্যক্তি কিছুদিন আগে পশ্চিমবাংলায় এসেছিলেন দেখতে যে, পশ্চিমবাংলায় পঞ্চায়েতের কাজকর্ম কিভাবে হচ্ছে। তিনি সরেজমিনে তদন্ত করেছেন এবং সাংবাদিক সম্মেলনে তিনি বক্তব্য রেখেছেন যে, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় পঞ্চায়েতের কাজ যেভাবে চলছে সেটা সত্যিই প্রশংসনীয় এবং সমগ্র দেশের আদর্শস্থানীয়।

বামফ্রণ্টের লোক তিনি নন, তিনি অতীতে কংগ্রেসের কেন্দ্রীয় মন্ত্রিসভার একজন সদস্য ছিলেন, তা সত্ত্বেও তিনি বাস্তবে পরীক্ষা করার পর, তদন্ত করার পর বাস্তব সত্যটাকে স্বীকার করেছেন। আমিও বলছি, পশ্চিমবঙ্গের পঞ্চায়েতে কোথাও কোথাও দুর্নীতি দেখা দিয়েছে। কিন্তু সেই দুর্নীতি আমরা বন্ধ করার জন্য সামগ্রিকভাবে প্রচেষ্টা চালিয়েছি। আমরা আগামী দিনের নির্বাচনে যখন প্রার্থীদের মনোনয়ন দিয়েছি, তখন সেখানে অতীতের যে ভুলত্রুটি সেটা যাচাই করে কাজ করছি, ওঁদের মত দুর্নীতিপরায়ণ লোককে আমরা দ্বিতীয়বার সমর্থন করি না। আর একটা কথা বলতে চাই, পঞ্চায়েতের অর্থ যেটা আমরা বুঝি বর্তমান গণতান্ত্রিক কাঠামোর মধ্যেও, সেটা হচ্ছে যে—আমাদের বামফ্রণ্টের যিনি কর্ণধার, বর্তমান সরকারের যিনি কর্ণধার, মুখ্যমন্ত্রী, তিনি সরকারের পক্ষ থেকে ঘোষণা করেছিলেন যে, রাইটার্স বিল্ডিংসই

শুধু ক্ষমতার উৎস হিসাবে থাকবে না। আমরা এই ক্ষমতাকে ছড়িয়ে দেব গ্রামবাংলার সেই কালু শেখ এবং হারাধন মণ্ডলের মত মানুষের মধ্যে। যারা গত ৩৩ বছর ধরে ওঁদের পায়ের তলায় ছিল, সেই মানুষকে ক্ষমতা দেব, সেই মানুষের যে অধিকার, সেই অধিকার ওদের হাতে তুলে দেব, যাতে ঐ সব গ্রামবাংলার মাটির মধ্যে থেকে সম্পদ আহরণ করে তারা তাদের নিজেদের গ্রামকে গড়ে তুলতে পারে। সেই প্রচেষ্টাই বর্তমান সরকারের তরফ থেকে চলেছে। উন্নয়নমূলক যে-সমস্ত কাজ, সেই সমস্ত কাজই পঞ্চায়েত লেভেলে হচ্ছে এবং কারা এইসব পঞ্চায়েতের প্রতিনিধি? যারা গ্রামের ক্ষুদ্রতম মানুষ, অর্থাৎ যাদের টাকা-পয়সা নেই, যারা জোতদার-জমিদারদের প্রতিনিধিত্ব করে না, গ্রামের দরিদ্র মানুষের প্রতিনিধি, তারাই হচ্ছে আজকে গ্রাম-পঞ্চায়েতের সদস্য। সেই মানুষের সাহায্যে এবং সহানুভূতিতেই আজকে পঞ্চায়েতগুলো পরিচালিত হচ্ছে। সেই জন্যই আজকে ওঁদের ভয়। গত ৩৩ বছর ধরে যে মানুষগুলোকে পায়ের তলায় এঁরা রাখবার চেষ্টা করেছিলেন সেই মানুষগুলো আজকে জেগে উঠেছে। তারা জানতে পেরেছে, সমাজে যারা নিজেদের বড় বলে এতদিন পরিচয় দিয়ে এসেছে, যারা ওদের মুখের অন্ন কেড়ে নিয়েছিলেন, তাদের দিন ফুরিয়ে গেছে। আপনাদেরই অতীতের একজন মন্ত্রী আক্ষেপ করে বলেছিলেন বিধান রায়ের আমল হওয়া সত্ত্বেও, তিনি বলেছিলেন কংগ্রেসী মন্ত্রীরা আমাদের দেশের গরিব চাষীদের ভূমিহীন করেছে, আমাদের দেশের কংগ্রেসী মন্ত্রীরা শ্রমিকদের কর্মচ্যুত করতে বাধ্য করেছে। সেই কংগ্রেসীরা আজকেও আছেন। আমরা সেই অবস্থার পরিবর্তন করার চেষ্টা করেছি। সেই পরিবর্তন করতে গেলে, ওঁদেরও ক্ষমতা আছে, ওঁরা সেই ক্ষমতা প্রয়োগ করে গ্রামের মধ্যে আজ দ্বিতীয়বার ষড়যন্ত্রের জাল তৈরী করবার চেষ্টা করছে, তার মধ্যে আমলাতন্ত্রের একটা অংশ আছে, এই জিনিস আমরা অস্বীকার করি না। এটা আজকে গ্রামাঞ্চলের মানুষের লড়াইয়ের মধ্যে দিয়ে প্রমাণিত হয়েছে। ওঁরা জানেন, কংগ্রেসীবন্ধুরা জানেন, আজও গ্রাম বাংলার মানুষ বর্গা-রেকর্ড করাতে গিয়ে জমিদার-জোতদারদের ভাড়াটে গুণ্ডাদের হাতে খুন হচ্ছে।

[3.50—4.00 P. M.]

সি. পি. এম.-এর কর্মী, কৃষক কর্মী, কৃষক নেতা, আর. এস. পি.-র কৃষক কর্মী, কৃষক নেতা, ফরোয়ার্ড ব্লকের কৃষক কর্মী, কৃষক নেতা কংগ্রেসীদের হাতে খুন হয়েছে, জোতদারদের গুণ্ডা দ্বারা খুন হয়েছে বামফ্রন্ট সরকার থাকা সত্ত্বেও, এটা

আমরা জানি। এই বাস্তব সত্যকে স্বীকার করতে আমাদের কোন অসুবিধা নেই। পুলিশ আমাদের আছে। কিন্তু সমস্ত পুলিশকে আজও আমরা আমাদের এই বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী দ্বারা পরিচালিত করাতে পারিনি। পুলিশের মধ্যে এখনো কিছু মুষ্টিমেয় লোক আছেন যাঁরা ওদের পক্ষে কাজ করেন এবং আমাদের সরকারের মধ্যে নানা রকম বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা করেন এবং গ্রাম-বাংলার কায়েমী স্বার্থের পক্ষে, ওদের পক্ষে তাঁরা কাজ করেন, এই কথা আমাদের জানা আছে। তাই গ্রাম-বাংলার কৃষকদের বিরুদ্ধে আজও থানার পুলিশ শয়ে শয়ে মামলা দায়ের করছেন। দক্ষিণ ২৪ পরগনার ঘটনা আমি জানি। সেখানে কয়েক শত মামলা জারি হয়েছে। কয়েক হাজার কৃষক নেতা, কৃষক এই ফৌজদারি মামলায় বিপর্যস্ত হয়ে পড়েছে। বামফ্রন্ট সরকার থাকা সত্ত্বেও সেখানকার জোতদার মহাজন, জমির রাঘব বোয়ালরা গুণ্ডাদের কাজে লাগিয়ে আমাদের কৃষক নেতাদের খুন করেছে, এটা আমরা জানি! কিন্তু তা সত্ত্বেও আমি বলতে চাই ইতিহাস আমাদের পক্ষে থাকবে, ওদের পক্ষে থাকবে না। কারণ গ্রাম-বাংলার মানুষ আজকে জেগে উঠেছে এবং আমরা লড়াইয়ের মধ্য দিয়ে তাদের সেই অধিকারকে প্রতিষ্ঠিত করব এবং আগামী দিনে আমরা এগিয়ে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই বলতে চাই, আমরা পঞ্চায়েত অর্থে বুঝি রুল বাই দি পিপল, ফর দি পিপল এ্যাণ্ড অব দি পিপল, আর ওরা সেটাকে এই অর্থে ব্যবহার করতে চায় না। পঞ্চায়েতকে যদি আজকে সঠিকভাবে মানুষের স্বার্থে পরিচালিত করতে হয় তাহলে গ্রাম-বাংলার মানুষকে ক্ষমতার সেই মূল কেন্দ্রে রাখতে হবে। তাই আমি পঞ্চায়েত-মন্ত্রীকে অনুরোধ করব এই কাজগুলি যদি সঠিকভাবে গ্রাম-বাংলার মানুষের কাছে পৌঁছে দিতে হয় তাহলে আজকে সমন্বয়ের প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী তিনি খুব অভিজ্ঞ ব্যক্তি। তিনি এটা ভালভাবেই জানেন যে, পঞ্চায়েত-ব্যবস্থার মধ্যে যদি কোন উন্নয়নমূলক কাজ সঠিকভাবে করতে হয় তাহলে পঞ্চায়েত দপ্তর, সমবায় দপ্তর এবং শিক্ষা দপ্তরের ভূমিকা সাংঘাতিক গুরুত্বপূর্ণ এবং দেশের অভিজ্ঞ ব্যক্তিরা বিভিন্ন সময়ে এই ব্যাপারে বিভিন্ন প্রশ্ন দেশের মানুষের সামনে রেখেছেন। গ্রাম বাংলার মানুষকে যদি শিক্ষায় শিক্ষিত করে তুলতে পারি, তাদের মধ্যে অক্ষর জ্ঞান প্রসারতার ব্যবস্থা যদি আমরা করতে পারি তাহলে নিশ্চয় তাদের মধ্যে চেতনা এবং জ্ঞানের শ্রীবৃদ্ধি ঘটাতে পারব এই বিশ্বাস আমাদের আছে। তখন তারা গ্রামের ভাল মন্দ বুঝে নিতে পারবে। কারা তাদের বিরুদ্ধে কাজ করছে, আর কারা তাদের পক্ষে আগামী দিনে কাজ করবে এই বোধ তাদের মধ্যে জাগ্রত হবে। সমবায় দপ্তরের মাধ্যমে পশ্চিমবাংলার গ্রামভিত্তিক, পঞ্চায়েতভিত্তিক, অঞ্চল

সমিতিভিত্তিক যদি কুটির শিল্প গড়ে তুলতে না পারা যায় তাহলে পশ্চিমবাংলায় এই যে ভয়াবহ বেকার সমস্যা যেভাবে বেড়ে চলেছে কোনদিনই তার সমাধান করতে পারব না। সেই জন্য পঞ্চায়েত দপ্তরের সঙ্গে সমবায় দপ্তরের সামগ্রিক সমন্বয় সাধন করা দরকার এবং সেই সমন্বয় সাধন যদি আমরা ঘটাতে পারি তাহলে গ্রাম-বাংলায় নতুন নতুন কর্মোদ্যোগ গড়ে তুলতে পারব, নতুন নতুন কুটির শিল্প গড়ে তুলতে পারব সমবায়, পঞ্চায়েত দপ্তরের সহযোগিতায় এবং নতুন কর্ম-সংস্থানের পথ খুলে দিতে পারব। তাই আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে অনুরোধ করব, এই কথাগুলি মনে রেখে তিনি যেন এদিকে একটু দৃষ্টি দেন। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন উত্তর বাংলার দুটি জেলায়, বিশেষ করে জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ চা-বাগান ছড়িয়ে আছে। হাজার হাজার একর জমি চা-বাগানের কুক্ষিগত হয়ে রয়েছে এবং সেই চা-বাগানগুলিকে কেন্দ্র করে জনবসতি গড়ে উঠেছে। আর সেই চা-বাগানের লাগোয়া অনেক বনভূমি আছে ফরেষ্ট ডিপার্ট-মেন্টের অধীনে।

সেখানে লক্ষ লক্ষ গরিব মানুষ বাস করেন। বর্তমানে আমাদের পঞ্চায়েতের যে বিধান আছে তাতে চা-বাগান এলাকার রাস্তাঘাট এবং বন বিভাগের অধীন যে বস্তিগুলি আছে সেই এলাকার রাস্তাঘাট এবং পানীয় জলের বন্দোবস্ত করার জন্য পঞ্চায়েতের খবরদারি করার কোন ক্ষমতা নেই। চা-বাগান এলাকার রাস্তাঘাট সম্পর্কে চা-বাগানের মালিকরা এমন একটা মনোভাব নিয়েছেন যে, তারা আর এজন্য অর্থ ব্যয় করেন না এবং পানীয় জলের জন্য কোন ব্যবস্থা করেন না বা সেজন্য কোন পরিকল্পনা করেন না। স্যার, সেখানকার গরীব মানুষগুলি যাদের মধ্যে অধিকাংশই হচ্ছেন উপজাতি সম্প্রদায়ের এবং নিম্ন শ্রেণীর তারা এর ফলে নানান সমস্যার সম্মুখীন হচ্ছেন। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী এদের পঞ্চায়েত আইনের মধ্যে এনে, এদের আধিকারকে অক্ষুন্ন রাখার জন্য কি চিন্তা করছেন সেটা আশা করি তিনি তাঁর জবাবী ভাষণের সময় বলবেন। স্যার, পরিশেষে বলি, আজকে সারা গ্রাম-বাংলার অর্থনীতির মূল ভিত্তি দাঁড়িয়ে আছে এই পঞ্চায়েত-ব্যবস্থার উপর। আজকে যদি এই পঞ্চায়েতগুলিকে আরো সুষ্ঠুভাবে চালানো যায় এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের কাজের মধ্যে একটা সমন্বয় সাধন করে কাজগুলি যথা সময়ে করা যায় তাহলে আমরা মনে করি গ্রামের মানুষের আস্থা পঞ্চায়েতের উপর আজকে যে ভাবে এসেছে সেটা আগামী দিনে আরো বেড়ে যাবে। বিরোধী দলের বন্ধুরা বলেছেন, তাঁরা আগামী পঞ্চায়েত নির্বাচনে বিশেষ ভাবে সাফল্য লাভ করবেন। কাশীবাবু দুর্নীতির কথা বলেছেন। আমি এ সম্পর্কে বলতে চাই যে, যে সমাজ

াবস্থার মধ্যে আমরা বাস করি সেই সমাজ-ব্যবস্থার মধ্যে আমাদের মধ্যে কোন ময় কোন মানুষের মনের পরিবর্তন ঘটতেই পারে। গ্রাম-বাংলায় যারা আছেন রা তো প্রত্যেকেই আমাদের পার্টির ক্যাডার বা পার্টির কোর নন। আমরা সখানে বলেছি, যারা সৎ এবং মানুষের প্রতি যাদের দরদ আছে তারাই পঞ্চায়েত রিচালনায় অংশ গ্রহণ করতে পারবেন। সেই ধরনের মানুষকে বিচার করেই আমরা অতীতে পঞ্চায়েতের প্রার্থী করেছিলাম। যারা জয়ী হয়েছেন সেই কাজে, রা সেখানে সততার প্রমাণ দিয়েছেন, আগামী দিনে তারাই থাকবেন আর তা থকে যারা বিচ্যুত হয়েছেন তারা নিশ্চয় সেখানে আর থাকবেন না। কাজেই আমি ওঁদের বলব, এতে আপনাদের ভয় পাওয়ার কিছু নেই। স্যার, কংগ্রেসীরা এতদিন ধরে যেভাবে পঞ্চায়েত পরিচালনা করে এসেছেন তাতে আমরা দেখেছি সেখানে আমলাতন্ত্র এবং গোষ্ঠীতন্ত্রই প্রাধান্য পেয়েছে। পঞ্চায়েত প্রধান এবং জেলা স্তরে যারা থাকতেন পঞ্চায়েতের গোটা টাকাটা তারা পকেটস্থ করতেন। সেখানে হয়ত ২০ ভাগ টাকা নিচের তলায় মানুষের জন্য ব্যয় হত আর বাকি ৮০ ভাগ টাকাই তাদের পকেটে যেত। আজকে সেই অবস্থায় পরিবর্তন হয়েছে। তবে সেখানে নিশ্চয় একথা বলব না যে, আমাদের মধ্যে শতকরা ১০০ ভাগ লোকই সততার পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। আমাদের মধ্যে ৫ ভাগের দুর্নীতি আছে তবে আগামী দিনে সেটাও যাতে বন্ধ করা যায় তার জন্য আমাদের মন্ত্রী হিসাব পরীক্ষার মধ্যে দিয়ে এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থার মধ্যে দিয়ে তার বন্দোবস্ত করছেন এবং সেকথা তিনি তার ভাষণের মধ্যেও উল্লেখ করেছেন। আগামী দিনে পঞ্চায়েত যাতে আরো সুষ্ঠুভাবে কাজ করতে পারে এবং তাদের কাজ যাতে আরো ত্বরান্বিত হয় এবং জনকল্যাণমূলক কাজে পঞ্চায়েতকে যাতে আরো ক্ষমতা দেওয়া যায় সেটা আমরা চিন্তা করছি।

[4 00—4-10 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার পঞ্চায়েত হচ্ছে সমগ্র ভারতবর্ষের কাছে আদর্শস্থানীয় এবং এই পঞ্চায়েতকে আগামী দিনে আমরা সমগ্র ভারতবর্ষের সামনে আরো উজ্জ্বল তারকা হিসাবে প্রতিষ্ঠিত করতে চাই। সে ক্ষেত্রে আমরা এগিয়ে যাবই, সে বিশ্বাস আমাদের আছে। এই কারণে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি।

শ্রীশান্তিরাম মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আজকে এই হাউসে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তার বিরোধিতা করে আমি ২/৪টি কথা বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধিতা করছি এই কারণে যে, বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় এসে গান্ধীজী নির্দেশিত পঞ্চায়েত-রাজের নামে পঞ্চায়েতগুলির মাধ্যমে গ্রাম-বাংলায় তাণ্ডব নৃত্য শুরু করেছেন। এর ফলে আজকে পশ্চিমবঙ্গে গ্রামগুলির সামাজিক আবহাওয়া সম্পূর্ণ দূষিত হয়ে গেছে। ১০ বছর আগে গ্রামে যে শান্তি ছিল, আজকে আর সেই শান্তি নেই। আজকে গ্রামের পরিবেশ সম্পূর্ণ বিষাক্ত হয়ে গেছে। সেই জন্য আমি পঞ্চায়েত বাজেটের বিরোধিতা করছি। যে পঞ্চায়েত বামফ্রন্ট সরকার সৃষ্টি করেছে সেই পঞ্চায়েত পঞ্চায়েত-রাজের নামে গ্রাম-বাংলায় তাণ্ডব লীলা শুরু করেছে। ফলে আজকে আমরা এই বিভাগের ব্যয় বরাদ্দের বিরোধিতা করতে বাধ্য হচ্ছি। গান্ধীজী পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা বলেছিলেন এবং মন্ত্রী মহাশয়ও আজকে সেই কথা বলেছেন। কিন্তু আমরা এখানে দেখছি তা মোটেই হয়নি। বরঞ্চ এখানে ক্ষমতার অপব্যবহার হচ্ছে। পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতার অপ-ব্যবহার হচ্ছে। আজকে কোটি কোটি টাকা পঞ্চায়েতকে দেওয়া হচ্ছে। জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং বিভিন্ন স্তরের পঞ্চায়েতের ইলেকটেড্ মেম্বারদের হাতে কোটি কোটি টাকা তুলে দেওয়া হচ্ছে। অথচ এদের ওপরে সুপারভাইজিং অথরিটি নেই। ফলে অর্থের অপব্যয় হচ্ছে। কিছুদিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ২০৫ ধারা অনুসারে একটা কমিটি গঠন করে দেওয়া হচ্ছে, পঞ্চায়েতের কাজকর্মে যদি ত্রুটি-বিচ্যুতি থাকে তাহলে এই কমিটি সেগুলি দেখাশোনা করবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা পঞ্চায়েতের যে তাণ্ডবলীলা দেখতে পাচ্ছি তাতে দেখছি যে, অফিসের মধ্যে বি. ডি. ও'র ওপর অত্যাচার হচ্ছে। আজকে সরকারী অফিসাররা চিন্তা করছেন, তাঁরা এই সরকারের অধীনে চাকরি করবেন কিনা। বি ডি. ও.'র ওপর আক্রমণ হচ্ছে, পঞ্চায়েত সচিবের ওপর আক্রমণ হচ্ছে। আজকে পঞ্চায়েত জোরকদমে চুরি করছে এবং সরকারী অফিসারদের ওপর আক্রমণ করছে। পুরুলিয়া জেলায় বি. ডি. ও.'র ওপর আক্রমণ হয়েছে, তাঁকে মারধর করা হয়েছে, তাঁকে হাসপাতালে ভর্তি হতে হয়েছে। এই অবস্থা সব জায়গায় চলছে। পঞ্চায়েত এক্সটেনশন অফিসাররা কোথাও অডিট করতে যেতে পারেন না। পঞ্চায়েত প্রধান মুখে মুখে যা বলে তাঁকে তাই লিখে সই করে দিতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় রাস্তাঘাট করার কথা বলেছেন এবং তিনি বলেছেন পঞ্চায়েত-

ক্ষর মাধ্যমে স্বল্প খরচে গ্রামাঞ্চলে অনেক উল্লেখযোগ্য সম্পদ সৃষ্টি হয়েছে। কি
পদ সৃষ্টি হয়েছে? মাননীয় মন্ত্রী মহাশয়, সম্পদ সৃষ্টির নমুনাটা একটু দেখাবেন
? আজকে আপনারা কত কিলোমিটার নতুন রাস্তা তৈরী করেছেন? আমি
রিষ্কারভাবে বলছি, আপনারা ক্ষমতায় আসার আগে যে রাস্তা ছিল গ্রামাঞ্চলে,
ই সমস্ত রাস্তাও আজকে ভেঙেচুরে নষ্ট হয়ে গেছে। আপনারা সেই রাস্তাগুলি
পেয়ার পর্যন্ত করতে পারছেন না।

সমস্ত রাস্তা ভেঙে চুরমার হয়ে গেছে, রিপেয়ার পর্যন্ত করতে পারছেন না।
স্ব টাকাগুলো পার্টি ফাণ্ডে বা অন্য জায়গায় চলে যাচ্ছে। আজকে এই অবস্থা
ায়েতের মধ্যে সৃষ্টি করেছেন। এখানে সরকার পক্ষের একজন সদস্য বলেছেন
লিয়া এবং বাঁকুড়া জেলায় ১৫০০ টিউবওয়েল তৈরী করেছি। তিনি এই প্রসঙ্গে
লছেন, আমি বলছি না যে কংগ্রেস আমলে টিউবওয়েল হয়নি। তিনি এটা স্বীকার
রছেন যে, কংগ্রেস আমলে টিউবওয়েল হয়েছে। তবে তিনি বলেছেন সেই সমস্ত
বওয়েলগুলি হয়েছে কোন জোতদারের বাড়ীর সামনে অথবা কোন গ্রামের
াজনের বাড়ীর সামনে। আমি মাননীয় সদস্যকে এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে
নাতে চাই, এখন যে টিউবওয়েলগুলি তৈরী হচ্ছে সেগুলি ঐ পঞ্চায়েত প্রধানদের
ড়ীর সামনে হচ্ছে। প্রধানদের বাড়ীর সামনে নাহলে টিউবওয়েল বসবে না।
ই রকম বহু অভিযোগ এসেছে। জেলার এস. ডি. ও. এবং বি. ডি.-ওরা বলেছেন
মরা অসহায়, আমরা কিছু করতে পারছি না। টিউবওয়েলের স্পট সিলেকশান
পঞ্চায়েত সমিতির সভাপতি তিনি সিলেক্ট করেন। মাননীয় সদস্য বলেছেন,
গ্রেস আমলে কোন জোতদারের বাড়ীর সামনে কিম্বা কোন মহাজনের বাড়ীর
মনে বসানো হতো। আজকে কিন্তু সেই একই অবস্থা চলছে। মেম্বারদের
ড়ীর সামনে বসছে, প্রধানদের বাড়ীর উঠোনের মধ্যে বসানো হচ্ছে। মাননীয়
ন্ত্রী মহাশয় বাজেট বিবৃতিতে বলেছেন, আমরা এন. আর. ই. পি-র মাধ্যমে প্রচুর
শ্রম দিবস সৃষ্টি করতে পেরেছি। এন. আর. ই. পি-র মাধ্যমে গ্রাম-বাংলায় যে খরা
লছে সেই খরা পরিস্থিতিকে সম্পূর্ণভাবে মোকাবিলা করেছি। আমি এই ব্যাপারে
লতে চাই, আজকে সমস্ত জেলা থেকে অভিযোগ আসছে, সমস্ত জেলা আজ
হাহাকার যে গ্রাম-বাংলার মানুষ আজ অসহায়, আজকে গ্রাম-বাংলার মানুষ
অনাহারে এবং অর্ধাহারে দিন কাটাচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি, এই এন. আর.
ই. পি-তে যে টাকা দেওয়া হয়েছে সে টাকা সম্পূর্ণভাবে তছনছ হচ্ছে। কাগজে
কলমে শ্রম দিবস সৃষ্টি হচ্ছে কিন্তু বাস্তবে এনকোয়ারি করে যদি দেখা যায় তাহলে
দেখবেন ঐ এন. আর. ই. পি এবং অন্যান্য স্কীমে পঞ্চায়েতের মাধ্যমে যে টাকা দেওয়া

হয়েছে—আমি চ্যালেঞ্জ করে বলছি—ঐ পায়ের আঙ্গুলের টিপ ছাপ পর্যন্ত নিয়েছে কিন্তু বাস্তবে কিছুই হচ্ছে না, সমস্ত টাকা তছনছ হয়েছে। আজকে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বরাদ্দকে বিরোধিতা করছি কারণ সমস্ত পঞ্চায়েত আজ দুর্নীতিগ্রস্ত। অত্যন্ত দুঃখের বিষয়, গ্রামের যে ঐতিহ্য ছিল, গ্রাম-বাংলার মানুষের যে সততা ছিল সেই সততা আজকে বামফ্রন্ট সরকার তার পঞ্চায়েতের মাধ্যমে নষ্ট করে দিয়েছে। পঞ্চায়েতকে দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন। এরপর আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করবো, আপনি বলেছেন কিছু কিছু ক্ষেত্রে অর্থাৎ কিছু গ্রাম-পঞ্চায়েতে এবং কিছু ব্লকের পুনর্বিন্যাস করেছেন। গ্রাম-পঞ্চায়েত এবং ব্লকের সংখ্যা বাড়ানো হয়েছে। আমি অনুরোধ করবো, আরোও পুনর্বিন্যাস হওয়া দরকার। আমরা দেখেছি, কিছু কিছু গ্রাম পঞ্চায়েত ২ হাজার থেকে আড়াই হাজার ভোটার বা ৩ হাজার পপুলেশান নিয়ে গ্রাম পঞ্চায়েত আছে। আবার দেখেছি ১০ হাজার থেকে ১৯ হাজার পপুলেশান নিয়ে গ্রাম পঞ্চায়েত আছে।

[4.10—4.20 P.M.]

এই যে বিরাট জিনিসটা রয়েছে এটাকে কমিয়ে নিয়ে আসা দরকার। এমন কিছু কিছু ব্লক আছে, যেটা মাত্র ৫/৬টা গ্রাম-পঞ্চায়েত নিয়ে তৈরী হয়েছে, আবার এমন কিছু কিছু ব্লক আছে সেটা ১৪, ১৫, ১৬, ১৭, ১৮টা গ্রাম-পঞ্চায়েত নিয়ে তৈরী হয়েছে। এগুলিকে একটু পুনর্বিন্যাস করার প্রয়োজন আছে বলে মনে করি এবং মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রশান্ত কুমার প্রধানঃ মাননীয় স্পীকার মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। বিরোধীপক্ষ, কংগ্রেস পক্ষ থেকে বলেছেন যে এই নির্বাচনে ব্যাপক গোলমাল হবে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব আশঙ্কা করেছেন যে গুণ্ডামী হবে, পুলিশের লোকজন জুলুম করবে। আমি কিছু দিন আগে বলেছিলাম যে পঞ্চায়েত নির্বাচন যত এগিয়ে আসছে, কংগ্রেস পক্ষ থেকে লোক যত সরে যাচ্ছে ততই ওঁদের মাথা খারাপ হয়ে যাচ্ছে। গুণ্ডামী ওঁরাই করছেন, এবং এখানে এই হাউসে এসে

চীৎকার করছেন। ব্যাপারটা বোঝার দরকার আছে। পঞ্চায়েত নির্বাচনের কথা ওঁরা বলতে পারেন না। নৈতিক অধিকার নেই বলার। ১৫ বছর ধরে পঞ্চায়েত নির্বাচন করেন নি। আমাদের আছে বলেই আমরা আবার পঞ্চায়েত নির্বাচন করছি, ন্যায়সঙ্গতভাবে দায়িত্ব নিয়ে পঞ্চায়েত নির্বাচনের দিকে এগিয়েছি। ১৫ বছর ধরে নির্বাচন করেন নি। আগে নির্বাচন হোতো, কিভাবে নির্বাচন হোতো। ভোটার লিষ্টের ভিত্তিমত নির্বাচন হোতো না। ট্যাক্সের ভিত্তিতে ওঁরা নির্বাচন করতেন। যে জন্য সাধারণ মানুষের সেই নির্বাচনে একটা অনীহা ছিল। ১৯৭৮ সালে বামফ্রণ্টের সময়ে পঞ্চায়েত নির্বাচন হল, সেই নির্বাচন একটা বিরাট নির্বাচন, দেশের সবচেয়ে বড় একটা নির্বাচন। দেশের মানুষ প্রথম জানল যে, পঞ্চায়েতে তাদের অধিকার আছে এবং মানুষের সেই অধিকারকে প্রতিষ্ঠিত করতে হবে। সেই নির্বাচনে কারা জিতেছিল, সমস্ত স্তরের মানুষ—বিশেষ করে যারা অবহেলিত, উপেক্ষিত ছিল সেইসব মানুষ সেই নির্বাচনে এগিয়ে এসেছিল। অতীতে জমিদার, জোতদারের ট্যাক্সের ভিত্তিতে নির্বাচন হোতো, কৃষক, ক্ষেতমজুর এদের সে নির্বাচনে কোন অধিকার ছিল না। কিন্তু ১৯৭৮ সালের নির্বাচনের ষ্ট্যাটিসটিক্স যদি দেখেন তাহলে দেখা যাবে যে, ৫·৭ পারসেণ্ট কৃষক, ক্ষেতমজুর জয়লাভ করেছে। ভূমিহীন ৪·৮ পারসেণ্ট, ১·৮ পারসেণ্ট বর্গাদার, ১৪ পারসেণ্ট শিক্ষক—এইগুলি কম্পোজিশন করে দেখা গেল সাধারণ মানুষ চাইছে যে, প্রশাসনকে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে গ্রামের ক্ষমতাটাকে গ্রামের মানুষের কাছে নিয়ে যাওয়া হোক।

কংগ্রেস পক্ষ আগেই ভাবছেন গোলমাল হবে, মাথা ঠাণ্ডা করে ভাবুন, আগে যেমন জোতদার, জমিদার এঁরা ট্যাক্সের ভিত্তিতে টাকাকড়ি কিছু দিয়ে কিছু টিউবওয়েল করিয়ে দিয়ে খারাপ পথে নির্বাচন করে সেই নির্বাচনকে নিজেদের পথে নিয়ে যেতেন এখন আর তা হবে না। আগামী দিনে ৩১শে মে, যে নির্বাচন হবে সেই নির্বাচনে তাঁরা নিশ্চিত পরাজিত হবেন, এটা জেনেই আজকে জয়নাল সাহেব ঐ কথা বললেন যে, গুণ্ডামী হবে। আজকে তাই কংগ্রেস দলের এম. এল. এ. মুকুলবাবু ধরা পড়েছেন। তিনি একটা মিটিং করতে গিয়েছিলেন, সেই মিটিংয়ে মাত্র ১৫ জন লোক ছিল, তারাও সমাজ-বিরোধী মানুষ। সেখানে গ্রামের মানুষ তাঁদের ঘিরে ফেলে এবং তাদের কাছ থেকে পাইপগান, রিভলভার ইত্যাদি পাওয়া গিয়েছিল। এস. পি. এ্যারেস্ট করতে গেলে তিনি জোড়হাত করে বলেন যে, এ্যারেষ্ট করবেন না। সেখান থেকে তিনি সই করে অব্যাহতি পান। তাঁদের কার্যের জন্য তাঁরা গ্রাম-বাংলা থেকে উচ্ছেদ হতে হতে এই অবস্থায় এসে দাঁড়িয়েছেন।

শিশির অধিকারী মহাশয় পঞ্চায়েতের মিটিং করবার জন্য গ্রামে গেছেন তিনি এস. ডি. পি. ও-কে চ্যালেঞ্জ দিয়েছেন, বলেছেন যে, তিনি বোমা গুণ্ডা নি মিটিং করবেন—সাহস থাকে তো যেন এ্যারেষ্ট করেন। আজকে এই যে এঁ বলছে, করছে এর কারণ তাঁরা আজকে আতঙ্কিত হয়ে পড়েছেন। সাধারণ মানু যে সাফল্য দেখেছে, ক্ষেতমজুররা মজুরী বৃদ্ধির আন্দোলনে পঞ্চায়েতকে পা পেয়েছে, কৃষক বর্গাদাররা রেকর্ড করবার জন্য পঞ্চায়েতকে পেয়েছে পাশে এব সর্বস্তরের মানুষ জেনেছে সাধারণ মানুষের স্বার্থ রক্ষার্থে এই পঞ্চায়েত। সর্বস্তরে অগ্রাধিকারের ভিত্তিতে আজকে কাজ এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। আর যদি ' না হোত তাহলে বিগত এত বড় বন্যার মোকাবিলা করা যেতো না। গ্রাম থে একটি মানুষও এসে ভিক্ষা চাই, ভিক্ষা চাই বলে ভিক্ষা করেনি, তাঁরা পুনর্গঠনে কর্মসূচী সামনে রেখে পঞ্চায়েতের সঙ্গে হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ লাগিয়ে এ ভয়াবহ বন্যার তাণ্ডবকে রুখে দিতে পেরেছেন। তারপর যে খরা পরিস্থিতি চলছে শতাব্দীর অবিস্মরণীয় খরা। এই খরার মোকাবিলায় আমরা দেখেছি ৮২-৮৩ সা খরাত্রাণের সমস্ত টাকাই এই পঞ্চায়েতের মাধ্যমে খরচ হয়েছে। রিলিফ ফা খরচ হয়েছে ১০৬৬·৪৮৭ লক্ষ টাকা, ইরিগেশনে খরচ হয়েছে ১০৫০·০০০ লক্ষ টাকা এগ্রিকালচারে খরচ হয়েছে ৯৩২·৫ লক্ষ টাকা, পি. ডবলু. ডি-তে খরচ হয়েছে ৩০ লক্ষ টাকা, ফরেস্টে খরচ হয়েছে ১১৯·৬০ লক্ষ টাকা, ফিসারীতে খরচ হয়ে ৬৯·৯৯ লক্ষ টাকা। সেখানে বেনিফিসিয়ারিজ কমিটি করা হয়েছে, তাতে আপনার কংগ্রেসের লোক আছে। আমি দায়িত্ব নিয়ে বলছি, সেই বেনিফিসিয়ারি কমিটিতে তাঁরা আলাপ-আলোচনা করে অগ্রাধিকারের ভিত্তিতে আলোচনা করছে —তবুও আজকে জয়নাল আবেদিন সাহেব আতঙ্কিত! তাই তাঁরা বলতে চেয়েছে ইলেকশনে গোলমাল হবে, বানচাল হবে। আমি প্রশ্ন করি, নির্বাচন বয়ক করবার জন্য ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তাঁরা নির্বাচন করেন নি – এত ব অসত্য কথা কি করে বললেন? কিন্তু অন্যান্য জায়গায় তো রিগিং করে উপ-নির্বাচ করেছিলেন, না হয় মেনেই নিলাম আমরা ভোট বয়কট করেছিলাম। সে নির্বাচন করতে পেরেছিলেন, পঞ্চায়েতের আইন পাশ করতে পেরেছিলেন— নির্বাচন করতে পারলেন না কেন? পারেন নি, কারণ আপনারা জনগণ থে বিচ্ছিন্ন হয়ে রয়েছেন বলেই নির্বাচন করতে পারেন নি। আজকে ক্ষমত বিকেন্দ্রীকরণ হচ্ছে, সাধারণ মানুষ এগিয়ে চলেছে। আজকে গ্রাম-বাংলার মানু জোটবদ্ধ হচ্ছে যাতে পশ্চিমবাংলার যে সুষ্ঠু পরিবেশ, নির্বাচনের সময়ও যা এই শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা যায়। তাঁরা কোন রকম গুণ্ডামী, অপচেষ্ট

বরদাস্ত করবেন না। তাই আপনারা আতঙ্কিত হয়ে পড়েছেন। আতঙ্কিত হয়ে এস. ইউ. সি-ও আপনাদের সাথে বলছেন দুর্নীতির কথা। আমি অন্তত দুটি উদাহরণ দিতে চাই। আমার এলাকা ভগবানপুরের অন্তর্গত মহম্মদপুর-১ গ্রাম পঞ্চায়েতে কংগ্রেসী প্রধান দুর্নীতির জন্য তাঁর বিরুদ্ধে কেস চলছে, তার দুর্নীতি প্রমাণিতও হয়েছে। আর একটি ঘটনা—তমলুক মহকুমার নোনাকুড়ি গ্রাম পঞ্চায়েতে এস. ইউ. সি কংগ্রেসের সঙ্গে সহযোগিতা করে প্রধান হলেন কিন্তু অবশেষে তিনি দুর্নীতির দায়ে আত্মহত্যা করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের লোক, সমাজবিরোধীরা ভোট দিতে চায় না, আজকে এগিয়ে এসেছেন ক্ষেতমজুর, গরীব কৃষক এবং সর্বস্তরের মানুষ। তাঁরা আজকে বলতে চায়—বামফ্রন্টের কর্মসূচীকে রূপায়িত করতে হলে, ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হলে এই পঞ্চায়েতের মাধ্যমে এগিয়ে যেতে হবে। তাই এই পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন, তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্য যে সব কথা এখানে বলেছেন তা সম্পূর্ণ অসত্য —একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.20—4.30 P. M.]

শ্রীশেখ ইমাজুদ্দিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এখানে কিছু বলতে চাই। গত বারের পঞ্চায়েত নির্বাচন ১৯৭৮ সালের ৪ঠা জুন বামফ্রন্ট সরকারের আমলে হয়েছিল। তার ৫ বছর অতীত হয়ে গেছে। আবার ১৯৮৩ সালের ৩১শে মে পঞ্চায়েত নির্বাচন হবে। এখন গ্রামের মানুষ ভাবতে শিখেছে, চিন্তা করতে শিখেছে গত পাঁচ বছরে পঞ্চায়েতের মাধ্যমে কি কাজ হয়েছে। গ্রামের মানুষ বলে লক্ষ লক্ষ টাকা গ্রাম পঞ্চায়েতে এসেছে কিন্তু কিছু হয় নি। সেই টাকা যদি রাস্তায় ছড়িয়ে দেওয়া হতো তাহলে গ্রামের রাস্তা অনেক উঁচু হয়ে যেত। তারা বলছে সেই লক্ষ লক্ষ টাকা কোথায় গেল। অনেকে এখন প্রশ্ন করছে এই টাকা কোথায় গেল। তারা এর জবাব দেবে আগামী ৩১শে মে তারিখে। অনেক জায়গায় একটা গ্রাম পঞ্চায়েত ১০ থেকে ২০ লক্ষ টাকা পেয়েছে, এই টাকা কোথায় গেল। অনেকে বলেছেন রাস্তা তৈরীর জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেটা তছরূপ করা হয়েছে। বাড়ি তৈরী করার জন্য টাকা বরাদ্দ করা হয়েছিল। সেই টাকা দিয়ে গরিব লোকের বাড়ি হয় নি। সেই টাকা দিয়ে গ্রাম পঞ্চায়েতের বাড়ি হয়েছে,

তারা শহরে চলে এসে বাড়ি তৈরী করেছে। অনেক জায়গায় বাড়ি তৈরী করার টাকা দিয়ে জিপ কিনেছে, মটর সাইকেল কিনেছে। এই ব্যাপারে যে টাকা দেওয়া হয়েছিল তা দিয়ে গ্রামের মানুষের কোন উন্নতি হয় নি। আপনি জানেন স্যার এবং আমরাও জানি যে কোন কোন গ্রামে কিছু কিছু কাজ হয়েছে। সেই কাজগুলি কি ভাবে হয়েছে সেই সম্পর্কে আমি বলি। একটা গ্রামে ৩টি পাড়া আছে। সেই তিনটি পাড়ার মধ্যে হয়ত ২টি পাড়ার লোকেরা সি. পি. এমকে ভোট দিয়েছে কিংবা বামফ্রন্ট সরকারের কোন এক শরিক দলকে ভোট দিয়েছে, তারাই কেবলমাত্র পঞ্চায়েতের দেওয়া টাকা পাবে বা পঞ্চায়েতের সাহায্য পাবে। কিন্তু সেই আর একটা পাড়া, যারা কংগ্রেসকে ভোট দিয়েছে, তারা কোন সাহায্য পাবে না। সেই পাড়ার কোন লোক মিনিকিট পায় নি, জি. আর. পায় নি। সে পাড়ার লোক গরিব মানুষ হওয়া সত্ত্বেও সে জি. আর. পায় নি যেহেতু সে কংগ্রেসকে ভোট দিয়েছে। আমি আর একটা কথা বলতে চাই যে আমরা অনেক জায়গায় দেখেছি কোন গ্রামে ২-১ জন লোক কংগ্রেসকে ভোট দেয় নি, তারা সি. পি. এমকে ভোট দিয়েছে বা বামফ্রন্টের কোন শরিক দলকে ভোট দিয়েছে বলে সেই কয়েকজন লোকই সমস্ত রকম সুযোগ-সুবিধা পাবে, মিনিকিট পাবে, জি. আর. পাবে, সরকারের অনুদান পাবে এবং ঋণের টাকা পাবে। অন্যান্য লোক কিছু পাবে না। এই রকম সব জায়গায় চলছে। ৩১শে মে আসছে, এর উপযুক্ত জবাব আপনারা পাবেন।

(এ ভয়েস: আপনি নাম করে বলুন, কোথায় কি হয়েছে।)

অনেক নাম দেওয়া হয়েছে, কোন ব্যবস্থা নেওয়া হয় নি, কোন কিছুর সুরাহা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুর্শিদাবাদ জেলায় ১৯৭৮ সালে বন্যার পর বাড়ি তৈরী করার জন্য জেলা পরিষদের মাধ্যমে সরকারের তরফ থেকে টাকা বরাদ্দ করা হয়েছিল। সেই টাকা কি ভাবে তছরূপ হয়েছিল তার কিছু উদাহরণ এখানে আমি দেব। ১৯৭৮ সালের বন্যায় রেকমেনডেশান অফ বিল্ডিং-এর জন্য সরকার থেকে কিছু গ্রান্ট দেওয়া হয়েছিল। সেখানে দেখতে পাওয়া যাবে পঞ্চায়েত থেকে যে লিষ্ট পাঠানো হয়েছিল সেই লিষ্ট অনুযায়ী জেলা পরিষদ থেকে টাকা পাচ্ছে না। যাদের নাম সেই লিষ্টে আছে তারা টাকা পাচ্ছে না অথচ যাদের নাম নেই তারা যদি ২-৫ শো টাকা দিতে পারে তাহলে সেই বাড়ি তৈরী করার টাকা পাবে। অনেকে এই ভাবে টাকা পেয়েছে। এই ভাবে পঞ্চায়েতে ২-৫ শো টাকা ঘুষ দিয়ে বাড়ি তৈরীর টাকা পেয়েছে। সেই ভাবে পঞ্চায়েতে দুর্নীতি চলছে। আমি আর একটি অভিযোগ এখানে তুলে ধরতে চাই। মুর্শিদাবাদ জেলার সহকারী সভাধিপতি

শিদাবাদ জেলা পরিষদের টাকা—প্রায় ৩০ লক্ষ টাকা নিজের এ্যাকাউণ্টে রখেছেন। তিনি নিজে স্পটে টাকা দিয়ে আসেন। এই ধরনের কোন আইন াছে কি যে সরকারী টাকা নিজের এ্যাকাউণ্টে রাখতে পারেন? এ থেকে বোঝা ায় কি ভাবে টাকা নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে এবং কি ভাবে তছরূপ হচ্ছে। তনি নিজে স্পটে গিয়ে টাকা বিলি করেন এবং সেখানে গাড়ি করে যান। এর থকে নিশ্চয়ই বোঝা যাচ্ছে সেই সহকারী সভাধিপতির সঙ্গে তাদের যোগসাজশ াছে এবং টাকা ভাগাভাগি করে নেয়। এই ধরনের প্রমাণ আমার কাছে আছে।

পঞ্চায়েতকে টাকা দেওয়ার ব্যাপারে আপনারা বলেছেন, পঞ্চায়েতের মাধ্যমে ইতিমধ্যে আপনারা অনেক কাজ করতে পেরেছেন। ১৯৭৮ সালে পঞ্চায়েত গঠিত হবার পরে অনেক কাজ আপনারা গ্রামের বুকে করতে পেরেছেন বলে দাবী করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কংগ্রেস পশ্চিমবাংলার বুকে ৩০ বৎসর শাসন ক্ষমতায় অধিষ্ঠিত থাকা সত্ত্বেও প্রদেশ কংগ্রেস এখানে নিজস্ব কোন অফিস-বাড়ী তৈরী করতে পারে নি। কিন্তু সি. পি. এম. এখানে মাত্র ৫ বৎসর ক্ষমতায় থেকে আলিমুদ্দিন ষ্ট্রীটে বিরাট প্যালেস বাড়ি তৈরী করে ফেলেছে। আমি জিজ্ঞাসা করি, এই টাকা কোথা থেকে আসে? এর তদন্ত হওয়া দরকার। মাত্র ৫ বৎসর শাসন ক্ষমতায় থেকে বিরাট প্যালেস বাড়ি প্রায় ১ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করে ফেলেছেন। আমরা জানি, এই টাকা বিভিন্ন গ্রাম পঞ্চায়েত থেকে বখরা নিয়ে করা হয়েছে। তবে এর মধ্যে অল্প কিছু টাকা আপনাদের নিজস্ব থাকতে পারে। আপনারা পঞ্চায়েত প্রধানের হাতে টাকা দিয়ে বলেছেন, কিছু অংশ আমাদের পার্টি ফাণ্ডে দিতে হবে। টাকা পাওয়ার আশায় তাঁরা তা দিয়েছেন। পঞ্চায়েত থেকে আপনারা বিভিন্ন ভাবে টাকা সংগ্রহ করেছেন। আপনারা বিভিন্ন সময়ে কংগ্রেসকে দোষারোপ করে থাকেন। বেলডাঙ্গায় বিধানসভা নির্বাচনে তিমিরবাবু পরাজিত হয়েছেন। আমি সরকার পক্ষের সদস্য-গণকে অনুরোধ জানাব, তাঁর পরাজয় কি জন্য ঘটেছিল একটু খোঁজ নিয়ে দেখবেন। ৭৮ সালের বন্যার জন্য লাখ লাখ টাকা সেখানে বরাদ্দ হয়েছিল। তিমিরবাবুর আপত্তি থাকা সত্ত্বেও ক্যাডাররা সেই টাকা ভাগাভাগি করে নিয়েছিলেন। সেখানে ব্লক লেবেলে দোতলা অফিস বাড়ি তৈরী করা হয়েছে। এই টাকা কোথা থেকে আসে? আসলে আপনারা পার্টির কাজে ব্যয় করার জন্য নানা ভাবে টাকা, জি. আর, গম ও পাটের বীজ দিয়েছিলেন, এবং সে জন্যই এই ভাবে ব্লক লেবেলে বাড়ি হওয়া সম্ভব হয়েছে। তা নাহলে কখনই হতে পারে না। সেখানকার স্থানীয় মানুষ যখন এই খবর জানতে পেরেছিলেন, তখন তাঁরা বিধানসভার নির্বাচনে উপযুক্ত

জবাব দিয়েছিলেন। আমরা দেখতে পাই, অনেক সময়ে বিভিন্ন ব্লকে কৃষক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের জন্ম বিভিন্ন অঞ্চলের প্রধানদের মোটা টাকা চাঁদা দিতে হয়। আমি পঞ্চায়েত মন্ত্রীর কাছে প্রশ্ন করেছিলাম, আমার নির্বাচন কেন্দ্র হরিহর পাড়ার অন্তর্গত হুমায়নপুর অঞ্চলের প্রধানকে কোন অভিযোগে পার্টি থেকে বহিষ্কার করেছেন? উত্তরে তিনি জানিয়েছিলেন—তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে। আমি প্রধানকে এই ব্যাপারে জিজ্ঞাসা করেছিলাম। উত্তরে তিনি জানিয়েছিলেন, সম্মেলনের জন্ম পার্টির ক্যাডাররা আমার কাছে ৫০০ টাকার চাঁদা নিয়ে ৫০ টাকার রসিদ দিয়েছেন। বাকী ৪৫০ টাকার হিসাব আমি পঞ্চায়েতে কি করে দেব বলে জানিয়েছিলেন। সি. পি. এম. পার্টি থেকে এই ভাবে চাঁদা তুলে কম পরিমাণ অর্থ পেয়েছে বলে রসিদ দেয়—সেখানে কোন ব্যবস্থা নেওয়া হয় না। এই ভাবে বিভিন্ন সময়ে বিভিন্ন ক্যাডাররা পঞ্চায়েতের কাছ থেকে টাকা তুলে থাকে। এর জন্ম পঞ্চায়েতে হিসাবের গোলমাল হয়। হিসাব না মেলার প্রধান কারণগুলির মধ্যে এটি একটি কারণ। অন্ম একটি এলাকায় একসঙ্গে তিনজন প্রধানকে পার্টি থেকে বহিষ্কার করা হয়েছে। সেই তিনজন প্রধান অন্ম দলে যোগদান করেছে। যখন দুর্নীতির অভিযোগে সি. পি. এম. পার্টি থেকে কাউকে বহিষ্কার করা হয়, তখন দেখা যায় সে শরিক দলের অন্ম কোন পার্টিতে যোগদান করে—সি. পি. এম. থেকে ফরওয়ার্ড ব্লকে, ফরওয়ার্ড ব্লক থেকে সি. পি. এম. বা আর. এস. পি.-তে। আর. এস. পি. থেকে যখন কাউকে বহিষ্কার করা হয়, তখন সে সি. পি. এম. বা ফরওয়ার্ড ব্লকে যোগদান করে। এইভাবে বহিষ্কারের ব্যাপারে আপনারা বিন্দুমাত্র বিচলিত বোধ করেন না। কারণ আপনারা ভালভাবেই জানেন যে, সে তো অন্ম কোন দলে যোগ দেবে না, যোগ দেবে অন্ম কোন শরিক দলের সঙ্গে। অর্থাৎ আপনাদের ভোট ভাগাভাগি হওয়ার কোন ভয় থাকছে না। শরিক দলের মধ্যে নাম লেখালে, তার ভোট আসলে আপনাদেরই সমর্থনে এসে যাবে। আমরা আশা রাখি, আগামী পঞ্চায়েত নির্বাচনে উপযুক্ত জবাব বাংলার মানুষ আপনাদের দেবেন। আমরা জানি, ১৯৭৮ সালের ভোটের ঠিক পূর্ব মুহূর্তে আপনারা বাড়ি বাড়ি বিভিন্নভাবে টোকেন টাকা দেওয়ার প্রতিশ্রুতি রেখেছিলেন। তখন বলেছিলেন, আমাদের ভোট দিলে, এত টাকা বা এত গম আমরা দেব। আরও বলেছিলেন, টাকা বা গম আমরা দেব ঠিকই, তবে ভোট যেন আমাদের পক্ষে থাকে। এবারেও আমরা জানি, ঐ ধরনের আচরণ করা হবে ভোট পাওয়ার প্রত্যাশায়। আমরা আশা করব, আগামী ৩১শে মে তারিখে পঞ্চায়েতের নির্বাচনে যেন এই ধরনের আচরণ না হয় তা দেখবেন। আগামী পঞ্চায়েত

নবাচনে কারচুপি হওয়ার সম্ভাবনা আছে। সে জন্য আমি এই সভায় প্রকাশো ঘোষণা করতে চাই, পঞ্চায়েতের নির্বাচন যদি অবাধ ও সুষ্ঠুভাবে হয়, তবে উপযুক্ত জবাব আপনারা পাবেনই। শতকরা ৪০ শতাংশের বেশী ভোট আপনারা কখনই পাবেন না। আমি নির্বাচনের আগে আগাম ঘোষণা করলাম। এই সঙ্গে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন, তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.30—4.40 P. M.]

শ্রীভূপাল পাণ্ডা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত-মন্ত্রী যে ব্যয়বরাদ্দ উত্থাপিত করেছেন, আমি সেই ব্যয়বরাদ্দকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমেই ২টি কথা বলি—আমাদের জয়নাল আবেদিন সাহেব পার্লামেন্টারিয়ান, উনি যে এমন কথা বলবেন ভাবতে পারিনি। সুতরাং তার উত্তর না দিয়ে কোন উপায় আমি খুঁজে পাচ্ছি না। তিনি বলেন, খাস জমির বৃক্ষ ছেদন করা হয়েছে এতে খরার প্রাদুর্ভাব বেড়েছে। তাহলে সারা ভারতবর্ষে যে খরা চলছে তাতে অন্যান্য রাজ্যগুলিতে কারা তার বৃক্ষ ছেদন করেছেন? এখানে বামফ্রন্ট সরকার বৃক্ষ ছেদন করার ফলে খরার প্রাদুর্ভাব ঘটেছে কিন্তু অন্য রাজ্যগুলিতে কারা করেছেন? তিনি আরেকটি কথা বলেছেন জমি বণ্টনের ব্যাপারে। তিনি বলেছেন, যে জমি বণ্টন হয়েছে তাতে নাকি গ্রামের ভূমিহীন এবং আদিবাসীদের জমি বেশীরভাগ গ্রাস করে বিলি করা হয়েছে যার ফলে কৃষকদের কৃষি উৎপাদনে নিরুৎসাহ দেখা যাচ্ছে। তাদের নিরুৎসাহ যোগাতে আমাদের খয়রাতি সাহায্য চাওয়া হচ্ছে। সুতরাং কেন্দ্রকে দোষ দিয়ে কোন লাভ নেই। তুমি খাদ্যোৎপাদন করতে পারনি, তোমার কর্মের ফল তুমি ভোগ কর। এই কথা বলে তাদের উৎসাহিত করতে চেয়েছেন। স্যার, জয়নাল সাহেবের কথা শুনে আমার একটি গ্রামের প্রচলিত ছড়া মনে পড়ে গেল, 'ওখান থেকে মারলো তিল লাগলো কলা গাছে, উরু কেটে রক্ত পড়লো চোখ গেল রে বাবা'। সুতরাং জয়নাল সাহেব এটি স্মরণ করিয়ে দিচ্ছি। আমি আর দ্বিতীয় কথায় যাবনা। মাননীয় কাশীবাবু বললেন যে, খরার প্রতিকারের জন্য অনেকগুলি প্রকল্প নেওয়া হয়েছে। তার জন্য প্রচুর টাকা বরাদ্দ করা হয়েছে কিন্তু সেই টাকা ঠিকমত ব্যবহৃত হবে না, তাকে নিয়ে ছিনিমিনি চলবে এবং আসল কাজে লাগবে না। আমি জয়নাল সাহেব এবং কাশীবাবুকে জিজ্ঞাসা করি ইতিপূর্বে গ্রামোন্নয়নের যে টাকা দেওয়া

হোত সেগুলি কি কাজে লাগতো ? আমরা নির্বাচিত হয়েছি ৬ বছর মাত্র। তার পূর্বে আপনাদের হাতেই প্রধানত ক্ষমতা ছিল, তখন গ্রামের উন্নয়নের কি ব্যবস্থা করতেন? সেটা হয়েছিল আমলা পরিচালিত, আমলা চালিত এবং আমলা কর্তৃক কর্তিত উন্নয়ন। দেশের উন্নয়ন ব্যবস্থায় স্বভাবতই আমলারাই এটাকে কন্ট্রোল করে থাকতো। গ্রামের লোক দিয়ে যে কাজ করানো যেতে পারে এই ধ্যান-ধারণা তাদের ছিল না। সেই কারণে যখন পঞ্চায়েতের হাতে গ্রামের উন্নয়নের ক্ষমতা দেওয়া হোল এবং গ্রামের নির্বাচিত লোকেদের হাতে যখন এই ক্ষমতা তুলে দেওয়া হোল তারা তখন বলেছেন, অপচয়ে সব যেন সর্বনাশ হয়ে যাচ্ছে। আমি বলি মাননীয় স্পীকার স্যার, আপনারা একটু অপেক্ষা করে দেখুন, ৫ বছরের অতীত অভিজ্ঞতা কি বলে? এই গত ৫-৬ বছর ধরে নতুন ব্যবস্থা চালু করার দিন থেকে আজ পর্যন্ত কত চুরি, জোচ্চুরি হয়েছে আপনারা চিৎকার করছেন চুরি হয়েছে, জোচ্চুরি হয়েছে বলে আসলে গ্রামের উন্নতি হয়েছে এটা আপনারা স্বীকার করতে চাইছেন না।

দুর্নীতি সম্বন্ধে অনেক কথা বলেছেন। কিন্তু কত পার্সেন্ট কটা জায়গায় হচ্ছে। আমি মনে করি উন্নয়নের জন্য যে টাকা বরাদ্দ হচ্ছে, সেই টাকার ৯৯% গ্রামের উন্নয়নের কাজে লেগেছে, হয়ত ১% কিম্বা তারও কম এখানে ওখানে বুঝতে না পারার জন্য, অভিজ্ঞতা না থাকার জন্য এ জিনিস হয়েছে। যাদের কোন অভিজ্ঞতা ছিলনা তারা প্রথম তাদের সাধ্যমত কাজ করেছে। কোথাও হয়ত কিছু ক্রুটি-বিচ্যুতি, অপচয় হয়েছে। কিন্তু আমি বলবো যে, বেশীর ভাগ টাকা যা কন্ট্রাক্টারদের দিতে চলে যেত, ঘুঁষ বাবদ দিতে চলে যেত তা হয়নি। মাটি চুরি করে কিম্বা কম দেখিয়ে কন্ট্রাক্টাররা চুরি করতো। আর এখন হাজার হাজার মানুষের চোখের সামনে পরিকল্পনা করে কাজ হচ্ছে। তারা যেসব প্ল্যান দিচ্ছে সেই অনুযায়ী অর্থ বরাদ্দ হচ্ছে। এই অর্থ বরাদ্দের ক্ষেত্রে কিছু পয়সা এদিক ওদিক হতে পারে। কিন্তু যেসব কথা বলা হচ্ছে পুকুরচুরি সেসব বাজে কথা। সুতরাং ভুল কথা বলে এখানে লাভ নেই। ওদের যে চিন্তাধারা কন্ট্রাক্টার দিয়ে ভাল কাজ হয়, আমলাদের দিয়ে ভালোভাবে দেশের উন্নয়ন হয়, গ্রামের প্রতিনিধিদের দিয়ে কাজ হয় না—এই দৃষ্টিভঙ্গী, মানসিকতা এবং নীতির সঙ্গে আমাদের পার্থক্য আছে। সুতরাং এখানে আমরা নিরুপায়। পঞ্চায়েতে গরীব মানুষ, আদিবাসী, হরিজন প্রভৃতি থেকে যেসব প্রতিনিধি নির্বাচিত হন তাঁদের শিক্ষা-দীক্ষা অন্যান্যদের মত নয়। তাঁদের কাজের ক্ষেত্রে যে অসুবিধা সৃষ্টি হয় তা দূর করার জন্য একটা ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। কিন্তু এটা ঠিকভাবে সফলকাম হয় নি। এদিকে লক্ষ্য রাখা দরকার। আর. এস. পি.-র সদস্য যেকথা বললেন, আমি

না সমর্থন করে বলছি যে, সমবায় ব্যবস্থাকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত না করলে পঞ্চায়েত সফল হবেনা। ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করতে হবে। শিক্ষা, সংস্কৃতি, শরীর চর্চা বিষয়গুলিকে পঞ্চায়েত দপ্তরের সঙ্গে সংযুক্ত করতে হবে। গ্রামে যে উন্নয়নের কর্মকাণ্ড আরম্ভ হয়েছে তাতে সর্বাঙ্গীন উন্নতি হবে যদি এ কাজ আপনারা করেন, এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

[4 40 – 4 50 P. M.]

শ্রীসুভাষচন্দ্র মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। মন্ত্রী মহাশয়ের ভাষণ পড়ে যেটুকু অভিজ্ঞতা সঞ্চয় করেছি তারই পরিপ্রেক্ষিতে পঞ্চায়েতের দুর্নীতি এবং ব্যর্থতা সম্পর্কে দু'চার কথা আমি বলতে চাই। সরকার পক্ষের অনেক বক্তাই এখানে বক্তব্য রেখেছেন, এঁদের দুটো সত্য কথা আমার মনে পড়ছে—বিগত কংগ্রেস সরকারকে দোষারোপ করা এবং সেই সত্য কথা পশ্চিমবঙ্গের গ্রাম-বাংলার মানুষের মধ্যে নেশার মত চাপিয়ে দেওয়া। টিফিনের আগে একজন বক্তা বলেছেন ৩৩ বছর কংগ্রেস সরকার কিছু করেনি এবং বিগত সরকার গণতন্ত্রের হত্যাকারী। কংগ্রেস সরকার ৩৩ বছর যদি কিছু না করে থাকে তাহলে উন্নয়নমূলক বা সম্পদ সৃষ্টিমুখী কোন কাজ করতে গেলে প্রথমে প্রয়োজন হয় রাস্তার। গ্রাম-বাংলার সেই রাস্তাগুলির ১৯৬৬-৬৭ সালের পর থেকে আজ পর্যন্ত কেন মেরামত হয়নি? সমীক্ষার একটা ফিগারও মন্ত্রী মহাশয় এই ভাষণে দিয়েছেন। আমি বলি যে কাজগুলি বিগত কংগ্রেস সরকার করেছেন সেই কাজগুলি না করে অন্য কোন কাজ করব সেই চিন্তা এঁরা করছেন। তাই দেখি গ্রাম-বাংলার যে ২ কোটি মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে সেই মানুষকে পঞ্চায়েতের নামে এই প্রচণ্ড খরায় কিছু পাইয়ে দিয়ে তাদের কাজ করার ক্ষমতা তাদের মেরুদণ্ড ভেঙে দিয়েছে। আমি পুরুলিয়া জেলার কতকগুলি দৃষ্টান্ত আপনার সামনে রাখতে চাই। অবহেলিত অনুন্নত পুরুলিয়া জেলা সম্বন্ধে এখানে একটা কথা বলেছেন যে ১৫শো টিউবওয়েল বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে করা হয়েছে। পুরুলিয়া এবং বাঁকুড়া জেলার জলকষ্ট সম্বন্ধে আমরা অত্যন্ত সচেতন। বিগত সরকার এই জেলা দুটিকে ব্যাচিলর অব ড্রাউট হিসাবে দেখত, বর্তমান মুখ্যমন্ত্রী বলেছেন ১শো বছরেও এই রকম খরা হয়নি,

সেজন্ত পুরুলিয়াতে মাস্টার অব ড্রাউট হয়েছে বলছেন। এঁরা বলছেন ১৫শো টিউবওয়েল হয়েছে, আমি বলছি পুরুলিয়া জেলায় ৪৫১টি টিউবওয়েল হয়েছে। বাকি টিউবওয়েলগুলি কোথায় গেছে? যে টিউবওয়েলগুলি অকেজো হয়ে আছে, সেগুলি রিপেয়ারের ব্যবস্থা নেই। যেখানে নতুন টিউবওয়েল তৈরী করা হবে, সেখানে একজন এসে মাটি খুঁড়ে যাবে, তারপর ১ বছর বাদে সিমেন্ট দিয়ে প্লাস্টার করা হবে, তারপর হেড লাগবে ৬ মাস পরে। এই হচ্ছে টিউবওয়েলের ব্যবস্থা। এখানে একটা কথা বলেছেন ভূমিহীন কৃষিজীবীদের অনুন্নত সম্প্রদায়ের বাড়ি তৈরীর জন্ত ৩·১ কোটি টাকা ব্যয় করা হয়েছে। তাহলে ভূমিহীন কৃষক, কৃষিজীবী এবং অনুন্নত সম্প্রদায়ের লোক কারা সেই প্রশ্ন থেকে যাচ্ছে। স্যার, আপনি নিশ্চয়ই জানেন আমাদের পুরুলিয়া জেলাকে কেন্দ্রীয় সরকার অনুন্নত জেলা বলে ঘোষণা করেছেন। জনতা সরকারের আমলে ৭৭টি অনুন্নত জাতির সর্বপ্রকার উন্নতি সাধনের জন্ত একটা কমিশন গঠন করা হয়েছে এবং অন্যান্ত রাজ্যে সেই কমিশন গঠিত হয়েছে। আমাদের এখানে সেই কমিশন এখনও হয়নি। আমি জানতে চাই সেই কমিশন গঠন করার কোন পরিকল্পনা আপনাদের আছে কি? এবারে আমি পুরুলিয়া জেলার ঝালদা তুনম্বর ব্লক সম্বন্ধে কিছু বলতে চাই। বেগুনকোদর এবং টাটুয়াড়া অঞ্চলে কংগ্রেস প্রধান এখনও আছে এবং সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি হলেন বামফ্রন্টের লোক। সেই পঞ্চায়েতের হিসেব নিকেশ আমরা পাইনি এবং এই ব্যাপারে বলা হচ্ছে কোর্টের ব্যাপার আছে। কোর্ট কেস্ কেন হল সেটা কিন্তু বললেন না। কাজেই এই যে বইতে লিখেছেন 'পশ্চিমবঙ্গ সরকার' এটা না লিখে 'বামফ্রন্ট সরকার' লিখলেই ভাল করতেন। স্যার, বেগুনকোদর এবং টাটুয়াড়া এই তুটি গ্রাম পঞ্চায়েতের লোকেরা বাধ্য হয়েই কেস করেছিল। পঞ্চায়েত এ্যাক্টের ১০১ ধারাতে বলা আছে, গ্রাম পঞ্চায়েত জুরিসডিক্শনে পঞ্চায়েত সমিতি কোন স্কীম, কূপ খনন এবং গ্রান্ট লোন ইত্যাদি গ্রাম পঞ্চায়েতের লিখিত মতামত ছাড়া করতে পারবে না। কিন্তু সেখানে তারা এ্যাডহক পঞ্চায়েত সৃষ্টি করেছেন এবং গ্রাম পঞ্চায়েতের পরামর্শ না নিয়ে সি এ ডি সি-র মতামত নিয়ে কাজ করে চলেছেন। সেখানে একটা কেস হয়েছে এবং সেই কেস-এ মহামান্ত হাইকোর্ট যে রায় দিয়েছে সেটা পঞ্চায়েত সমিতি মেনেছে কিনা আমি জানতে চাই। আমি হাই কোর্টের সেই রায় পড়ে শোনাচ্ছি। Henceforth Jhalda-II Panchayat Samity will distribute all sorts of finds and cereals should be destributed amongst the 9 Gram Panchayats. কিন্তু ওই তুটি অঞ্চলকে বাদ দিয়ে সব ডিসট্রিবিউশন হচ্ছিল এবং যার জন্তই কেস

য়ছে। সামনে পঞ্চায়েত নির্বাচন আসছে কাজেই আমি জানতে চাই পঞ্চায়েত মিতি সেই রায় মেনেছে কি? তারপর, ১৬৯টি বেনিফিসিয়ারী লিস্ট পাশ করে ঠান হয়েছে। দু' বছর ধরে সেই কাজ করা হয়নি এবং এখন সি এ ডি সি যে ষ্টু দিয়েছে সেই অনুসারে কাজ হবে। আই আর ডি পি লোন গভর্নমেন্ট নোটি-ফকেশন অনুসারে বলা আছে, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি উইল সিলেক্ট গণ্ড আইডেন্টিফাই দি বেনিফিসিয়ারিস্ অব দি স্কীম। কিন্তু দেখা যাচ্ছে, পঞ্চায়েত মিতি তার এ্যাডহক পঞ্চায়েতের দ্বারা আই. আর. ডি. পি. লোন এবং সাবসিডি লি বণ্টন করার ব্যবস্থা করেছে। বেগুনকোদর গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত মিতি ১৬৯টি বেনিফিসিয়ারির লিস্ট পঞ্চায়েত সমিতির মিটিং-এ অনুমোদন করে াকা পেমেন্টের জন্য ১৯৮১ সালে এম জি. ব্যাঙ্কে দিয়েছিল। সি. এ. ডি. সি.-র মার সার্ভিস সোসাইটি এই স্কীমগুলো দেড় বছর ফেলে রেখেছিল। আমার ক্তবা হল, ব্যাঙ্কগুলো পার্টিভিত্তিক না হয়ে যেন সার্বিকভাবে হয়। এ কথা বলে ই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[4.50—5.00 P. M.]

শ্রীনিখিলানন্দ সর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন তার সমর্থনে বলতে উঠে প্রথমেই বলতে হচ্ছে, বিরোধী বন্ধুদের বক্তৃতা আমাদের প্রত্যাশা পূর্ণ করেছে। কারণ পঞ্চায়েত নির্বাচনের াকে কাঠি পড়েছে—এবং স্বভাবতঃ আজকে পঞ্চায়েতের কাজের মধ্যে কোন কিছু ভাল তারা দেখবেন না। কেবল চারিদিকে চুরি আর দুর্নীতি দেখছেন। ঐ দলের মাননীয় সদস্য কাশীবাবু ক্লিয়ারলি কনফেস করলেন যে, কংগ্রেসের সময় যা খারাপ তারা করেছে তার জন্য আজকে তাদের এই পরিণতি হয়েছে। এ কথা তিনিই বললেন। পশ্চিমবাংলার মানুষ এদের কপালে চুরি আর দুর্নীতির লেবেল এঁটে দিয়েছেন। তিনি বলছেন, যারা ক্ষমতায় আছেন তাদের যাতে দুর্নীতি বা চোরের লেবেল না এঁটে যায়, তার জন্য সাবধান বাণী দিচ্ছেন। এই সব কথা বলে যাতে মানুষ বিভ্রান্ত হয়, যাতে মানুষ সঠিক পথে না যেতে পারে তার জন্য এই সব কথা মানুষের কাছে প্রচার করছেন। ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন হয়েছে এবং ইতিমধ্যে পশ্চিমবাংলার মানুষ দু-দু'বার রায় দিয়েছে—১৯৮১ সালে, ১৯৮২ সালে —এটা আপনারা অনুধাবন করতে পেরেছেন। জয়নাল আবেদিন সাহেব ভোটার লিস্টের কথা বললেন। বললেন অবাধ নির্বাচন হতে পারে না। তাঁর স্মরণ-শক্তি

এতো কমে গিয়েছে বুঝতে পারি নি। এই এক মাস আগে এই পঞ্চায়েত আইন সংশোধন করা হয়েছে। সেই সময় পঞ্চায়েত মন্ত্রী স্পষ্ট ভাষায় বলেছিলেন ভোটার লিস্ট সম্পর্কে বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছে যে, বিধানসভার ভোটার লিস্ট অনুযায়ী পঞ্চায়েত নির্বাচন করতে হবে। এটা তিনি পরিষ্কার ভাষায় ঘোষণা করেছেন। তা সত্ত্বেও তিনি সেই একই কথার ধুয়ো তুলছেন। কারণ তিনি জানেন গো-হারা হেরে যেতে হবে এবং সেই ভেবেই তিনি আগেই বলে রাখছেন অবাধ নির্বাচন হতে পারে না। ভোটার লিস্ট ভুলে ভরা ইত্যাদি। দেবপ্রসাদবাবু তো কল্পনার রাজ্যে বাস করেন। কি ধরনের কাঠামোর মধ্যে তিনি বাস করছেন, সেটা তিনি প্রায়ই ভুলে যান। এক জায়গায় এক কথা শুনছি, আবার আর এক জায়গায় অন্য কথা। পঞ্চায়েত কেন ফসল কিনতে পারে না—কত টাকা কোন জায়গায় খরচ হয়েছে? ইত্যাদি কথা বললেন। ওঁর কি জানা নাই যে, গরীব চাষীদের নতুন ফসল উঠলে পরে কিভাবে তাদের দাবিয়ে রেখে দেওয়া হোত। তারা ফসল উঠার সাথে সাথে বিক্রি করে দিতে বাধ্য হয় এবং তারা ফসলের দর মোটেই পায় না টাকার অভাবে পঞ্চায়েত ফসল কিনতে পারে না। এবার কিছু টাকা দেওয়া হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে—আমরা এবার ফসল কিনবো। আর এই কথা শোনার সঙ্গে সঙ্গে দর উঠতে আরম্ভ হয়েছে। এবং গরীব চাষীরা তাদের ন্যায্য দর পেয়েছে এতদিন ওরা লোকসান দিয়েছে পঞ্চায়েত ফসল কিনতে পারে নি বলে। এইখানে ওঁদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির তফাৎ। ভাগচাষীদের সম্বন্ধে জয়নাল সাহেব বললেন—অদ্ভুত ব্যাপার। ১৯৭৫ সালে তিনি তো এই হাউসে ছিলেন সেদিনের কার্য বিবরণীতে দেখুন, ওঁদেরই দলের সদস্য এই বিধানসভায় বক্তৃতা দিয়েছিলেন, যে গরিব মানুষ বর্গা রেকর্ড করতে গিয়েছে এবং সঙ্গে সঙ্গে ওঁদের উপদলীয় চক্রান্তে তাকে মিসায় পুরে দেওয়া হয়েছে। এর পরে আবার ওঁরা ভাগচাষীদের জন্য খুব বেশী দরদ দেখাতে চাইছেন। জয়নাল সাহেব সর্বদলীয় কমিটি করতে চাইছেন পঞ্চায়েতে কতটা কাজ হয়েছে দেখবার জন্য তা আমার প্রশ্ন ওঁদের দখলেও তো কিছু পঞ্চায়েত আছে। সেখানকার পারফরমেন্স রিপোর্ট আপনারা মানুষের সামনে তুলে ধরুন যাতে কংগ্রেসের আদর্শে এই ধরনের পঞ্চায়েত পশ্চিমবাংলার মানুষ আগামী দিনে গড়ে তোলে। অদ্ভুত যুক্তি— একদিকে বলছেন খাবার নেই, একদিকে বলছেন জল নেই, কাজ নেই। অথচ জনসাধারণের মাধ্যমে নির্বাচিত পঞ্চায়েতকে দিয়ে কাজ করাতে ওঁদের খুব আপত্তি এই সমস্ত কাজ করলে কি অন্যায় হবে? তিনি কি চান না জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে দেশের কাজ হোক? ইতিমধ্যে কিছুটা কাজ সফ

হয়েছে। এবং ওঁদেরই চক্রান্তে ফুড ফর ওয়ার্কের কাজ ব্যাহত হয়েছে এবং এই কথা পশ্চিমবাংলার মানুষ পরিষ্কার জানে। আপনাদের দখলের পঞ্চায়েত থেকে আমরা কোন হিসাব পাই নি, আর আগেও কোন হিসাব ছিল না। কিন্তু আমাদের আমলে পঞ্চায়েতের হিসাব আমরা পেয়েছি। জয়নাল সাহেব কন্ট্রাক্টরের মাধ্যমে কাজের জন্য খুব উৎসাহী। জানি না তাদের সাথে ওঁর কতখানি বন্ধুত্ব। কিন্তু এই পশ্চিমবাংলায় কন্ট্রাক্টরের মাধ্যমে কাজ হবে না। পশ্চিমবাংলার বাইরে আপনাদের যে সব রাজ্য আছে সেখানে এই জিনিস করুন।

বামফ্রন্ট সরকার বিশ্বাস করেন যে, যাদের জন্য পরিকল্পনা তারাই নিজেরা তাদের পরিকল্পনা রচনা করবেন এবং তাকে কার্যকরী করবে। এটাই হল প্রকৃত গণতান্ত্রিক পদ্ধতি। ওরা গণতন্ত্রের বুলি আওড়ান, আসলে ওরা চিরকাল ঠিকে নিয়েছেন, গ্রামের মানুষকে বুঝিয়েছেন তোমাদের কিছু চেষ্টা করতে হবে না, তোমরা চুপচাপ বসে থাক, আমরা তোমাদের উপকার করে দোব। বামফ্রন্ট সরকার সেখানে ঘা দিয়েছেন, কায়েমী স্বার্থের হাত থেকে আজকে পশ্চিমবাংলার গ্রামের মানুষকে সরিয়ে নিয়ে আসতে পেরেছেন। আগামী দিনে সত্যিকারের ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং তার আরও সম্প্রসারণ করতে এই সরকার বদ্ধপরিকর। ওঁরা গণতন্ত্রের কথা বলেন, জাতীয় আন্দোলনের সময় থেকে ওঁরা স্বায়ত্ত শাসনের কথা বলে এসেছেন, আজকে ওঁরা ভুলে গেছেন বৃটিশ আমল শেষ হবার পরেও সেই যে ইউনিয়ন বোর্ড, যে ইউনিয়ন বোর্ডকে বৃটিশরা নিজেদের পিলার হিসেবে ব্যবহার করত—কত বছর রেখেছিলেন ইউনিয়ন বোর্ড? নামটা পাল্টেছেন, পঞ্চায়েত নাম দিয়েছেন কিন্তু ঠিক সেই শ্রেণীর হাতে যাতে ক্ষমতা থাকে এবং আপনাদের যাঁরা তল্পীবাহক গ্রামাঞ্চলে থাকেন তাঁদের হাতেই রেখেছিলেন এবং সেই নীতি আপনারা অনুসরণ করেছিলেন। তার অবসান আমরা ঘটিয়েছি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ১৯৭৮ সালের পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে। অন্য দিকে আজকে আপনারা ভাবছেন—গ্রামাঞ্চলে খুব চীৎকার করছেন কিন্তু দেখে আসুন গ্রামে গ্রামে আপনাদের গণতন্ত্রের মহিমা, গ্রামের মানুষ নেচে নেচে গান করছে এসমা নিয়ে। তারা বলছে নেচে নেচে এস মা, আপনাদের গণতন্ত্রকে ওরা আহ্বান করছে। যদি বিন্দুমাত্র আপনাদের বুদ্ধি থাকে তাহলে বুঝবেন এসমা নিয়ে গণতন্ত্র করা যায় না। এটা আবাহন সঙ্গীত নয়, বিসর্জন সঙ্গীত। এই ৩১শে মে'র নির্বাচনের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষ আপনাদের জবাব দেবে। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দের দাবীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলাকান্ত মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন মন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। মাননীয় বিরোধী সদস্যগণ এই ব্যয়বরাদ্দের উপর আলোচনা করতে উঠে পঞ্চায়েত নির্বাচন প্রসঙ্গকে টেনে নিয়ে এসেছেন। পঞ্চায়েত সম্পর্কে আজকে ওঁরা খুব আতঙ্কিত হয়ে পড়েছেন এটাই আমার কাছে মনে হয়েছে। আতঙ্কিত হওয়া স্বাভাবিক, কারণ যুগ যুগ ধরে ওঁরা যাদের সর্বনাশ করেছেন, বঞ্চিত করেছেন, ভুলিয়ে ফুসলিয়ে যাঁদের সমস্ত জমি জেরাত কেড়ে নিয়েছেন সেই সমস্ত গরিব মানুষেরা বিগত পঞ্চায়েত নির্বাচনে ওঁদের পরাজিত করেছেন, যে পরাজয়ের কালিমা এখনও তাঁরা বয়ে নিয়ে বেড়াচ্ছেন। তাঁরা আজকে আতঙ্কিত, এই সমস্ত গরিব মানুষেরা বিগত পঞ্চায়েত নির্বাচনে জয়যুক্ত হবার পর তাঁরা সরকারের যে টাকা পঞ্চায়েতগুলোকে দেওয়া হচ্ছে সেই টাকাগুলো নিজেরা গ্রামে বসে আলাপ-আলোচনা করে অগ্রাধিকারের ভিত্তিতে পরিকল্পনা রচনা করে সমস্ত কাজ করছেন এবং যা গ্রামাঞ্চলে একটা ব্যাপক জনগণের সমর্থন আদায় করতে পেরেছে এবং এই সমর্থন দেখে আজকে ওঁরা আতঙ্কিত হয়ে পড়েছেন। তাঁরা বুঝে নিয়েছেন আগামী নির্বাচনে এই গরীব মানুষদের পরাজিত করা সম্ভব হবে না। আজকে এই গরিব মানুষদের ওঁরা দোষারোপ করছেন, ওঁরা ওদের দুর্নীতি পরায়ণ বলে এখানে ঘোষণা করছেন কিন্তু ওঁরা এই কথা বলছেন না যে ওঁরাও তো কিছু পঞ্চায়েতে রয়েছেন, ওঁদেরও কিছু কিছু পঞ্চায়েত আছে, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি সব আমাদেরই নয়। আমি আমার পুরুলিয়া জেলার কথা বলি, ১৫৯টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ওঁদের ৮০টি গ্রাম পঞ্চায়েত রয়েছে, দুটি পঞ্চায়েত সমিতিও রয়েছে। ওঁরা কি বলবেন এই গ্রাম পঞ্চায়েতগুলো কি ভাবে কাজ করছে? আমি দায়িত্ব নিয়ে বলব আজকে গ্রাম পঞ্চায়েতগুলো যেভাবে কাজ করছে, তাদের প্রতিটি কাজের হিসেব প্রতিটি মানুষ জানে। পঞ্চায়েত সমিতির অফিসগুলোতে, গ্রাম পঞ্চায়েতের অফিসে তাদের কাজের হিসাব, খরচের হিসাব সমস্ত জনগণের সামনে তুলে ধরা হয়েছে এবং জনসভা করে ঢোল পিটিয়ে মানুষকে জমায়েত করে পঞ্চায়েতের কাজের হিসেব আমরা দিচ্ছি।

[5.00—5.10 P. M.]

ওঁরা দুর্নীতির কথা বলেছেন। এটা ওঁরা বলতে পারেন। কিন্তু ওঁদেরই ইটাগুড়ার প্রধান আত্মহত্যা কেন করলেন। আমরা দেখলাম প্রধান হরিদাস ওঁরা

লক্ষাধিক টাকা আত্মসাৎ করেছেন। এই টাকা আত্মসাৎ করার পরে মানুষ তাকে ঘিরে ধরল। এর ফলে আত্মহত্যা করা ছাড়া তার আর কোন উপায় ছিল না। শান্তিরামবাবু বলে গেলেন তিনি নাকি উন্নয়নমূলক কোন কাজ দেখতে পাচ্ছেন না, স্থায়ী সম্পদ দেখতে পাচ্ছেন না। তিনি কি করে দেখতে পাবেন ? গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি কাদের দ্বারা পরিচালিত ? ওদের দুটি পঞ্চায়েত সমিতি আছে। ঝালদা ১ নং-এ ৩০ টির মত গ্রাম পঞ্চায়েত এন. আর. ই. পি.-র ৫,৯৭৪২৫ টাকা খরচ করতে পারেনি। পুরুলিয়া ১ নং পঞ্চায়েত সমিতির অধীন যে গ্রাম পঞ্চায়েত-গুলি রয়েছে সেখানে কোন কাজ হয় নি। সেই কারণে সেখানকার মানুষ বিক্ষুব্ধ হয়েছে। সেই বিক্ষুব্ধ মানুষ প্রধানের কাছে কাজের হিসাব চাইছে। এটাকে যদি বিশৃঙ্খলা সৃষ্টি করার কথা বলেন তাহলে এই বিশৃঙ্খলা সৃষ্টি মানুষ নিশ্চয় করবে। জনগণের টাকা তছরূপ করবে, অপচয় করবে, গ্রামের মানুষ কোনদিনও তা মেনে নেবে না, মেনে নিতে পারে না। ওঁরা স্থায়ী সম্পদ সৃষ্টি হয় নি বলে কয়েকটি অভিযোগ করেছেন। ওদের আমি জানাতে চাই পুরুলিয়ায় ১৯৭৭ সালের আগে শতকরা ৬০টি প্রাইমারী স্কুলের কোন গৃহ ছিল না। এখন গ্রাম পঞ্চায়েতগুলি সেই সব প্রাইমারী স্কুলের গৃহ গড়ে তুলেছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েত পানীয় জলের জন্য ২০টি করে কুঁয়ো খনন করেছে, অনেক কুঁয়ো সংস্কার করেছে। সুভাষবাবু চলে গেলেন। সারা পুরুলিয়া জেলায় ৪৭১টি নলকূপ খনন করা হয়েছে, এটা উনি কিসের ভিত্তিতে বললেন আমি জানি না। তবে আমি দায়িত্ব নিয়ে এটুকু বলছি শুধু মানবাজার ১ নং পঞ্চায়েত সমিতির অধীনে ৪৩৩টি নলকূপ খনন করা হয়েছে। উনি সত্য কথা বলেন নি, অসত্য কথা বলেছেন। এইভাবে উন্নয়নমূলক কাজকে চেপে রাখা যাবে না। এইভাবে মানুষকে ধোঁকা দেওয়া যাবে না। আমরা জানি পুরুলিয়া জেলায় এই পঞ্চায়েত সমিতির মধ্য দিয়ে বিরাট কর্মকাণ্ড শুরু হয়েছে। পুরুলিয়ায় এই প্রচণ্ড খরার মধ্যেও মানুষকে কাজের জন্য বাইরে যেতে হয় নি। দরিদ্রতম জেলা পুরুলিয়ার মানুষকে কাজের জন্য বর্ধমান ও অন্যান্য শহর এলাকায় যেতে হত, আজ তাদের বাইরে যেতে হচ্ছে না। তারা যে টাকা পাচ্ছে সেই টাকা সম বন্টন করে সমান কাজের দায়িত্ব নিয়ে সন্তুষ্ট চিত্তে জীবনযাপন করছে। পঞ্চায়েত গরীব মানুষদের সাহায্য করছে, তাদের কর্মসংস্থান করে দিচ্ছে এবং এই কর্মসংস্থানের মধ্য দিয়ে তাদের ন্যায্য মজুরীর দাবী তারা সোচ্চার করতে পেরেছে। আজকে জোতদার, জমিদারদের বিরুদ্ধে এই পঞ্চায়েত লড়াই শুরু করেছে মজুরী বৃদ্ধির দাবীতে। তাই ওরা আতঙ্কিত। সেই জন্যই ওঁরা পঞ্চায়েতগুলির নামে আজ অপবাদ দিচ্ছেন। আমি তাই বিরোধীবন্ধুদের বলব আজকে যেটা বাস্তব

সত্য সেটাকে আপনারা জনসাধারণের সামনে তুলে ধরুন। আমাদের তরফে দুর্নীতি নেই, এই কথা আমরা বলছি না। পুরুলিয়া জেলায় ৪ জন গ্রাম প্রধানকে আমরা দুর্নীতির অভিযোগে আমাদের দল থেকে বহিষ্কার করে দিয়েছি। শুধু বহিষ্কার নয়, তার পৈতৃক সম্পত্তি বিক্রী করে পঞ্চায়েতের যে-সব টাকা আত্মসাৎ করেছিল সেই টাকা পূরণ করে দেওয়া হয়েছে। কিন্তু আপনাদের ঐ দুর্নীতিবাজ প্রধানের সম্পত্তি বিক্রী করে আত্মসাৎ করে নেওয়া পঞ্চায়েতের টাকা পূরণ করে দিতে পারবেন? আপনারা পারবেন না, আপনাদের সেই সাহস নেই। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দের দাবী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বক্তব্য আমি খুব মনোযোগ দিয়ে শুনেছি, এবারে আমি কয়েকটি কথা বলব। স্যার, প্রথমেই আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বলব, পঞ্চায়েতের মূল উদ্দেশ্যটা কি সেটা একটু বোঝা দরকার। পঞ্চায়েতের মূল উদ্দেশ্য হচ্ছে, গ্রাম থেকে জেলা স্তর পর্যন্ত প্রশাসনে সাধারণ মানুষের অধিকার যাতে প্রতিষ্ঠিত হতে পারে সে ব্যবস্থা করা। পরিকল্পনা রচনা করা, পরিকল্পনার অগ্রাধিকার ঠিক করা, পরিকল্পনাকে কার্যকরী করা—এই সমস্ত ব্যাপারে শুধু নির্বাচিত প্রতিনিধিরাই নয়, ব্যাপক জনসাধারণ যাতে সেই কাজে অংশগ্রহণ করতে পারেন সে ব্যবস্থা করাই হল পঞ্চায়েতের উদ্দেশ্য। এর আগে কংগ্রেস আমলে পশ্চিমবাংলার যে পঞ্চায়েত ব্যবস্থা ছিল এবং ভারতবর্ষের অন্যান্য কংগ্রেস শাসিত রাজ্যের যে পঞ্চায়েত ব্যবস্থা তার সঙ্গে আমাদের এই পঞ্চায়েতের একটা মৌলিক পার্থক্য আছে। আমি জানি এই পরিধির ভেতরে একেবারে বৈপ্লবিক কিছু করা যায় না, কিন্তু তবুও মৌলিক কথাটা কেন বললাম সেটা একটু বলছি। আমরা জানি, ইংরাজ আমলে ইউনিয়ান বোর্ডের মাধ্যমে তারা চেষ্টা করতেন তাঁদের বংশবদ জমিদারদের দিয়ে তাঁদের প্রভাব বিস্তার করতে এবং তারই যন্ত্র হিসাবে তাঁরা ইউনিয়ান বোর্ডকে ব্যবহার করতেন, ঠিক তেমনি কংগ্রেস আমলে সর্বত্র আমরা দেখেছি গ্রামীণ কায়েমী স্বার্থ—জোতদার শ্রেণী, শোষক শ্রেণী তাদের পঞ্চায়েত প্রতিষ্ঠা করে তাদের মাধ্যমে তাঁরা প্রভাব বিস্তারের চেষ্টা করতেন। একদিনেই 'মৌলিক' হবে না জানি। এখন যেটা হচ্ছে সেটা হচ্ছে, শোষিত, নিপীড়িত জন, তাঁরা ক্রমশঃ গ্রামীণ প্রশাসনে তাঁদের অধিকার প্রতিষ্ঠা করছেন। পঞ্চায়েত সম্বন্ধে যখন বিষোদগার করছেন তখন আপনাদের বলি, আপনারা মনে রাখবেন, আমি মন্ত্রী হয়েছি এবং আপনারা এম. এল. এ হয়েছেন, আমরা সবাই

কিন্তু ক্ষমতা পেয়েছি জনসাধারণের কাছ থেকে। তাদের ক্ষমতায় আমরা এখানে নির্বাচিত হয়ে এসেছি। মনে রাখবেন, সূর্যের আলোয় যেমন চারিদিক আলোকিত হয় তেমনি জনসাধারণের ক্ষমতায় আমরা ক্ষমতাবান। কাজেই মূল ক্ষমতার যে উৎস তাদের বিরুদ্ধে যখন বিষোদ্গার করবেন তখন মনে রাখবেন কাদের বিরুদ্ধে তা করছেন। এই যে স্ল্যাণ্ডারিং দি পিপল এটা করছেন তাদেরই বিরুদ্ধে, যে পিপল আপনাদের পাঠিয়েছেন। পঞ্চায়েতে যে ত্রুটি আছে তার চেয়ে অনেক বেশী ত্রুটি আছে অন্যান্য স্তরে। বামফ্রণ্টের আমলে পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতিরা আপনাদের অনেক মুখ্যমন্ত্রীর চেয়ে অনেক বেশী সৎ একথাটা আমি বলব। কাজেই আমি বলব, কিছু বলার আগে এই জিনিসগুলি আপনাদের পরিষ্কার করে ভাবা দরকার।

[5.10—5.20 P.M.]

ভারতবর্ষের অন্য কোন জায়গায় এই জিনিস হয়েছে। আপনাদের দখলে ১৫ বছর এখানে পঞ্চায়েতগুলি ছিল, সে সময়ে আপনারা এরকম হিসাব দিতে পেরেছিলেন ? পঞ্চায়েতের কাছ থেকে আপনারা এরকম হিসাব পান নি। (ডাঃ জয়নাল আবেদিন : আইন আমরা করেছিলাম)। আইন আপনারা করেছিলেন ঠিকই, কিন্তু হিসাব দেন নি কেন ? আইনে কি বলা ছিল কংগ্রেস থাকলে হিসাব দিতে হবে না ? আইনের মধ্যে কি এটা দেখাতে পারেন ?

মাননীয় সদস্য কাশীবাবু বিভিন্ন সময়ের বিভিন্ন প্রশ্ন তুলেছেন এবং তিনি বছর ও তারিখ-সহ জবাব চেয়েছেন। আমি একটা ফাইল নিয়ে এসেছি। এপ্রিল, ১৯৮৩ পর্যন্ত যে হিসাব আমরা সংগ্রহ করতে পেরেছি, সেই হিসাব আমি এখানে উল্লেখ করছি। (শ্রীআবদুস সাত্তার : সব বোগাস্।) বোগাস্ বললে হবে না, এটা আমাদের নিজস্ব মন গড়া হিসাব নয়, অডিট রিপোর্ট যা পেয়েছি তাই আমি এখানে উল্লেখ করছি। ১৯৭৮-৭৯ সালে যে ১৯টিতে মামলা আছে সে ক'টি বাদ দিয়ে বাকি সব ক'টির আমরা অডিট রিপোর্ট পেয়েছি। ১৯৭৯-৮০ সালে ২৯টির মামলা আছে, সে ক'টি বাদ দিয়ে বাকি সব ক'টির অডিট রিপোর্ট পেয়েছি। ১৯৮০-৮১ সালে ৩১টি মামলার ক্ষেত্রকে বাদ দিয়ে বাকিগুলির অডিট রিপোর্ট পেয়েছি। ১৯৮১-৮২ সালের ৫৩টি মামলার ক্ষেত্রকে বাদ দিয়ে বাকি সবগুলির অডিট রিপোর্ট পেয়েছি। মামলা আছে। মামলা যেমন আমাদের সদস্যদের বিরুদ্ধে আছে, তেমনি আপনাদের সদস্যদের বিরুদ্ধেও আছে।

মাননীয় সদস্য জয়নাল আবেদিন বললেন, নালিশ করলে কোন ফল হয় না। আমি তাঁকে বলছি, আপনি ওয়েষ্ট দিনাজপুরের সম্বন্ধে নালিশ করেছিলেন। সেখানে সি পি আই (এম)'র তিনজনের বিরুদ্ধে এবং কংগ্রেসের দু'জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তারপরে তাঁকে আমি জানাচ্ছি মালদহে সি পি আই (এম)-এর ২০টির বিরুদ্ধে, কংগ্রেসের ১৩ টির বিরুদ্ধে মামলা করা হয়েছে। সুতরাং এর থেকে দেখা যাচ্ছে আপনাদের সংখ্যাও খুব একটা কম নয়। এ বিষয়ে কোনরকম বাদ-বিচার করা হয় নি। সুতরাং আমাদের এই পঞ্চায়েতকে এমন জায়গায় নিয়ে যেতে হবে যাতে এক্ষেত্রে কারো মনে কোন সন্দেহ না থাকে। মালদহের কেউ যদি এখানে উপস্থিত থাকেন তাহলে তাঁকে আমি খবর দিচ্ছি যে, হরিশ্চন্দ্রপুরে আমরা যাঁকে দুর্নীতির অভিযোগে তাড়িয়েছি, কংগ্রেস তাঁকে আশ্রয় দিয়েছে! নামখানায় আমরা যাকে, দুর্নীতির অভিযোগে তাড়িয়েছি, কংগ্রেস তাঁকে আশ্রয় দিয়েছে। এরকম আরো অনেক উদাহরণ আছে।

আজকে প্রশ্নটা হচ্ছে বিরাট সংখ্যক পঞ্চায়েতের মধ্যে কেসের সংখ্যা কটি? বেশিওটা কি? কোন বেশিওই আসে না। ৫৬ হাজারের মধ্যে মাত্র ১৪৪টি ক্ষেত্রে কেস হয়েছে। তবুও আমরা চেষ্টা করছি, যাতে এরকম দুর্নীতি চলতে না পারে। প্রশ্ন হচ্ছে দুর্নীতির ধুয়া তুলে আসল জিনিসকে এড়িয়ে যাওয়া হচ্ছে। জনসাধারণ নিজেদের হাতে নিজেদের দায়িত্ব তুলে নিয়েছেন। অনেকে ওদের বলেন, আমরা তোমাদের ভাল করে দেব। এখন এত সব ভাল করবার এজেন্সি জনসাধারণের সামনে এসেছে, সেইজন্য জনসাধারণ বলছে, আমাদের কাজ আমরা নিজেরা পঞ্চায়েতের ভেতর দিয়ে করে নেব, তোমাদের আর আমাদের ভাল করতে হবে না। আজকে তারা বলছে, আমাদের ভাল তো অনেকেই অনেক করেছে, আর কাউকে আমাদের ভাল করতে হবে না, এবারে আমাদের নিজেদের ভাগ্য আমাদের রচনা করবার অধিকার দাও। আমরা সেই অধিকার তাদের দিতে চাইছি। তারা তাদের নিজেদের পায়ে দাঁড়াতে চায়, আজকে আমাদের কাজ হচ্ছে তাদের সচেতন করা। সেই জন্যই আজকে তাদের সমস্ত রকম অধিকার দেওয়া হচ্ছে। এটা নিশ্চয়ই তাঁদের স্মরণ আছে, যাঁরা জাতীয়তাবাদী আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের কথা, আমাদের কারো কথা নয়, "সেল্‌ফ গভর্নমেন্ট ইজ বেটার দ্যান গুড গভর্নমেন্ট"। সুতরাং কিছু দোষত্রুটির মধ্যে দিয়েও আজকে গ্রামের মানুষ নিজেদের কাজ নিজেরা করবে। এত বড় বিরাট ব্যাপারের মধ্যে কিছু কিছু গোলমাল থাকতেই পারে। কিন্তু প্রথম জিনিস যেটা সেটা হচ্ছে তাদের অধিকার তাদের দিতে

হবে। এটা দয়া নয়, আপনাদের দয়া বা কারো দয়ার কোন প্রশ্ন এখানে নেই।

সুতরাং তাদের যে অধিকার সেই অধিকার আমরা তাদের দিচ্ছি। সেই অধিকার কেড়ে নেবার জন্য ঐ শোষক শ্রেণী গ্রামাঞ্চলে তাদের ক্ষমতা প্রতিষ্ঠা করবার জন্য যদি চেষ্টা করেন তাহলে পরে তার ফল খুব খারাপ হবে। সুতরাং মূল জিনিস হচ্ছে, আমরা তাদেরকে এর জন্য সচেতন করতে চাই। মানুষ কতটা হৃদয়হীন হলে পরে এই সমস্ত কথা বলে। এপ্রিল, মে, জুন—এই তিনটি মাস লিন মাস। খুব খারাপ অবস্থা। জয়নাল সাহেব একদিকে বলছেন ইলেকশান করছেন কেন? আবার না করলে বলছেন কেন করছেন না। আপনার যুক্তিটা কি সেটা বোঝা যাচ্ছে না। আপনারা ১৯৬৭ সালে ৯ মাসও থাকতে দেন নি। সুতরাং এই ৯ মাসের মধ্যে কি ইলেকশান করা যায়? আপনারা ১৭ বছর কেন পারেন নি? সুতরাং এই ৯ মাস আর ১৩ মাস কেন করতে পারলেন না বলছেন—এটা কি সম্ভব? সেইজন্য ১৯৭৭ সালে এসেই করেছি। আর এ বছরে ঐ সময়ে কেন করা যায় নি সেটাও পরিষ্কার বলা হয়েছে। তারপর বলেছেন রিলিফের কাজ বন্ধ আছে। এখন প্রশ্ন হচ্ছে, গ্রামাঞ্চলে জলের দারুণ সমস্যা। ঐ জলের জন্য টাকা আমরা ডি. এমের হাতে দিচ্ছি। ঐ চীফ মিনিষ্টারের যে ফাণ্ড আছে সেই ফাণ্ডের টাকা পানীয় জলের জন্য, মোটামুটি একটা আইটেমের জন্য খরচ করে। অন্যদিক থেকে এইসবের জন্য ইন্সপেকশানেরও ব্যবস্থা আছে। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আসছে। এই সম্প্রতি সুপ্রীম কোর্টে এক্স-জাজ ভি. কে. কৃষ্ণাআয়ার—আপনারা তো নিরপেক্ষ জাজ দিয়ে এনকোয়ারী করানোর ব্যবস্থা করতে বলেন—তিনি ইন্সপেকশান করেছেন এবং এই সম্পর্কে তিনি বলেছেন: My brief visit to this Panchayat convinces me that people-oriented developmental activities are the only salvation for our rural people. The Panchayat, like the Soviet, must have broad-based involvement in all projects—for better health and nutrition, Education, Family Planning, Irrigation, Agriculture and animal husbandry. Why administration of local justice too. I am heartened to see the Panchayat here give a lead to the people. Surely tomorrow belongs to these people's institutions. That is Democracy, not the vote alone.

এখন প্রশ্ন হচ্ছে, আপনাদের মতন যারা চোখে ঠুলি বেঁধে আছে তাদের বাদ দিয়ে Those who have no eyes to see, ears to hear. অন্যান্যরা খোলা-খুলি এইকথা স্বীকার করেছেন। আমি আপনাদের বলছি, প্রাইভেটলি সেনট্রাল

গভর্নমেণ্ট-এর অনেক টিম এখানে ঘুরে দেখে বলেছে, অন্যান্য জায়গার চেয়ে পশ্চিম-বাংলা অনেক ভাল কাজ করেছে এবং আমি বলছি, ফরেনারদের যদি কোথাও দেখাবার প্রয়োজন হয় সেটা দেখাবার একটিই জায়গা আছে সেটা হচ্ছে এই পশ্চিমবাংলা।

[5.20—5.30 P. M.]

এই হচ্ছে ব্যবস্থা। এইজন্য এটা নিয়ে এই রকমভাবে বলে কোন লাভ নেই। আপনারা বলেছেন, দেখবেন অনেক কিছুই বন্ধ হয়ে গেছে। মাননীয় কাশীনাথবাবু অনেক কিছুই তুলে ধরেছেন। আমাদের ম্যানিফেষ্টো পড়েছেন তো? আমরা মোটেই আত্মসন্তুষ্ট নই। আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়েছি। যথা সময়ে এবং যথা স্থানে পাবেন। সেটা হচ্ছে এই যে, আমরা চাই পশ্চিমবঙ্গে পঞ্চায়েতে আমরা এমন একটা প্রচেষ্টা শুরু করব যেটা সারা ভারতবর্ষে একটা সত্যিকার দৃষ্টান্ত হতে পারে। এটা এখন এই পটভূমিকার ভিতর দাঁড়িয়েছে। গ্রামে জনগণের অধিকার, আবার বলছি গ্রাম থেকে জেলা পর্যন্ত প্রশাসন স্তরে তাদের সমস্ত অধিকার প্রতিষ্ঠা করার যে প্রচেষ্টা আমরা সেটা প্রতিষ্ঠা করতে চলেছি এবং সেই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যেতে চাইছি এবং তার জন্য কি কি করতে চাই, নিজে পঞ্চায়েতকে কিভাবে পরিচালনা করতে চাই তা পরিষ্কারভাবে বলেছি। একটা কথা বলেছি—যেমন পঞ্চায়েতের অধিকার থাকা উচিত স্থানীয় যে-সমস্ত স্কীমগুলি আছে সেগুলি রচনা করবার, সত্যিকার যে অধিকার তারা তা ভোগ করবে। তারাই তাদের অধিকার সম্বন্ধে ভাল জানবে। উপর থেকে তাদের উপর কিছু চাপান হবে না। ডেভেলাপ অফ লোকাল স্কীমস, তাদের প্রায়রিটি ঠিক করে দিচ্ছি। এই স্কীমগুলি অধিকাংশই গ্রামাঞ্চলের স্কীম, গ্রামের লোকের কাজ তারাই ভালই জানবে। যেমন খাল কাটার কাজ, রাস্তা তৈরীর কাজ, পুকুর সংস্কারের কাজ—যে কাজগুলো গায়ে-গতরে খেটে করা যায়। সেখানে সে অঞ্চলের মানুষ সেগুলি নিজে করবে। আপনারা তো দীর্ঘদিন কনট্রাকটারের মাধ্যমে কাজ করেছেন। কনট্রাকটার বাইরের লোক, তার একমাত্র উদ্দেশ্য বরাদ্দ টাকা কত কম খরচ করে কত মুনাফা লোটা যায়, তার জন্য কিভাবে কোনমতে তারা কাজ করবে। কিন্তু যারা ভোগ করবে তারা তা করবে না, কাজেই তাদের নিজেদের হাত দিয়ে তৈরী করা হোক। গত বন্যার সময়ে এখানে যে-সমস্ত কাজ করেছেন তাতে অনেক বেশী ভাল কাজ হয়েছে—তারা করতে পারবে, না আপনার কনট্রাকটার ভাল কাজ করবে? পারসেনটেজের ব্যবস্থা

থাকলে ভাল কাজ হয় না। সেজন্যই এখানে এই নীতি নিয়েছি। অন্যদিক থেকে পঞ্চায়েতের ক্ষেত্রে বলছি তাদের সমস্ত বরাদ্দের কথা জানিয়ে অফিসে টাঙ্গিয়ে দিতে হবে, যাতে করে সমস্ত লোক জানতে পারে যে কত বরাদ্দ পঞ্চায়েতের জন্য—সেটা সমস্ত জানিয়ে দিতে হবে। ২ নং হচ্ছে সেগুলিতে টাকার কি ব্যবস্থা হবে সেটা শুধু কমিটিতে বসে করলে হবে না, সেটা সমস্ত গ্রামের লোককে ডেকে মিটিং করে পাশ করতে হবে। এগুলি করবার চেষ্টা হচ্ছে। এইগুলিই হচ্ছে নীতি। আপনিই এবার বলুন, আমাদের এইখানে যে নীতিগুলি ঠিক করে দিচ্ছি, সেই নীতিগুলি ঠিক কি না? তারপর বলুন নীতি ঠিক কার্যকরী হচ্ছে কিনা? টাকার কথা বলছেন, সেটা আমরা ঠিক করেছি, সেটা হচ্ছে একটা এ্যামাউন্ট থাকবে যেটা দৈনিক কাজ করার জন্য লাগবে। সেটা ছাড়া বাকীটা ব্যাঙ্কে থাকবে। এই রকম রেজলিউশন আনা হচ্ছে। দৈনিক কাজ ছাড়া আর যে-সমস্ত খরচার জন্য টাকার দরকার হবে সে-সমস্ত জিনিস দু'জন অপারেট করবে। এই নীতির দিকটা কি খারাপ?

শুধু তাই নয়, সমস্ত হিসেব এই বছর প্রথম অন্ততঃ আমরা ঠিক করে নিয়েছি। তবে এটা আমরা বলবো গেল পাঁচ বছরে আমরা যা করেছি ভারতবর্ষের জন্য অন্য যে কোন প্রদেশে পঞ্চায়েত আছে, আমাদের এখানেও অতীতে পঞ্চায়েত ছিল, তার চেয়ে বহু গুণ ভাল হয়েছে। তবে এতেও আমরা সন্তুষ্ট নই। একে আরও উন্নত, ফলপ্রসূ করবার জন্য যে নীতি নির্ধারণ করেছি তা কঠোরভাবে পালন করবো। আপনারা সমস্ত ব্যাপারের মত এক্ষেত্রেও পক্ষপতিত্ব এবং দলবাজির কথা বলেছেন। আমি বলি আত্মবৎ মণ্যতে জগৎ, এতদিন যা করে এসেছেন তার বাইরে বুঝতে পারেন না, ভাল মানুষও যে থাকতে পারে এই বোধ আপনাদের নেই। তবে জেনে রাখবেন, আমাদের লক্ষ্য অনেকে উঁচুতে। আমরা চাই অধিকাংশ মানুষকে আমাদের দিকে আনতে, কিন্তু এখনও সবাইকে আনতে পারিনি। সেই জন্য আমাদের প্রচেষ্টা হবে, আজ যাঁরা ভুল বুঝে সত্যিকার শত্রুকে চিনতে না পেরে ওদিকে রয়েছেন তাঁদেরকে আমাদের দিকে নিয়ে আসতে হবে। আমাদের ভুল বুঝে যাঁরা যাঁরা এখনও দূরে রয়েছেন তাঁদের এদিকে আনার চেষ্টা করতে হবে। আমি এত আহাম্মক নই, সেই সমস্ত মানুষকে আপনাদের দিকে ঠেলে দেবো। এ ব্যাপারে সেদিক থেকে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। অন্ততপক্ষে আমাদের এই কাজের মধ্যে দিয়ে তাঁরা যাতে বোঝেন, অনুভব করেন—আমাদের প্রতিটি ভাবে, আচরণে আপনাদের সঙ্গে আমাদের পার্থক্য কোথায় এবং সেদিক থেকেও আমরা চেষ্টা করছি। আপনাদের কাছে শুধু একথা বলতে চাই—আমাদের যে মূল প্রচেষ্টা

চালাচ্ছি তাকে আপনাদের তারস্বরে চিৎকার করে দুর্নীতি দুর্নীতি বলে চালালে হ
না। সেখানে আমার কথা হোল, একটি মূল প্রশ্ন—আজ তাঁরা ক্ষমতা, আম
ক্ষমতা, নিজের অধিকার, নিজের জন্মগত অধিকার যা গত ৩০ বছরে আপনা
দেন নি—সেই অধিকার আমরা তাঁদের দিয়েছি।

আপনারা শিক্ষার কথা, সিলেবাস-টিলেবাসের কথা বলেছেন যে, আমাদে
প্রয়োগ কিভাবে করতে হবে। আমি বলছি বাংলায় সহজ করে প্রতিটি জিনি
প্রতিটি সংবাদ যাতে তাঁরা পান সে ব্যাপারে আমাদের ব্যাপকভাবে প্রস্তুতি নি
হবে এবং সেই জিনিসগুলো আমরা করছি। তবে এটা ঠিক, শাসকশ্রেণীর মধ্যে
যে করাপশন, নীচের তলার মানুষ—চাষী, মজুর, খেটে খাওয়া মানুষের মধ্যে
সেই করাপশন অনেক কম। সেই মানুষকে যদি তৈরি করা যায় তাহলে অনে
বেশী ভালভাবে চালাতে পারবো এবং তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি।

আমি আপনাদের আর বেশী সময় নেবো না। এখানে দুই/একটি প্রিন্টিং মিস্টে
রয়েছে, অবশ্য আপনি বলছিলেন—এটা গত বছরের বাজেটের একটি প্রিন্টিং মিস্টেক
তাতে লেখা আছে "With due to inclusion of provision on accounts o
preparation of electoral roll—এটা হবে না। সেখানে হবে for prepara
tory work of Panchayat.

আইন যখন হয় তখন পরিষ্কারভাবে বলেছি পঞ্চায়েতে প্রাথমিকভাবে কো
ইলেকটোরাল রোল ছাপা হবে না। আমি বলছি এটা ভুল ছেপেছে। আমি না
নাম করছি না, তবে তিনি ফুটনোটের ছাপাটা খুঁজে বের করেছেন—অবশ্য এ
ড্রেন ইন্সপেক্টরের মত ব্যাপার হয়ে যাচ্ছে—তবুও তাঁর এই অধ্যাবসায়ের জ
ধন্যবাদ।

[5 30—5.40 P.M.]

আমি জয়নাল সাহেবকে ধন্যবাদ দিচ্ছি এই জন্য যে, তিনি পড়াশোনা করে
ছেন। এই বাজেট বই-এর ফুট নোট পর্যন্ত তিনি ভালভাবে পডাশোনা করেছেন।

ডাঃ জয়নাল আবেদিন : ২ হাজার চার্জের কথা যে বলা হয়েছিল সে
ব্যাপারে কি হলো ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : ওটা এমন কিছু নয়। সব জায়গায় অল্প করে চ

থাকে। সেইজন্য এডিশনাল ভোটেড রাখা হয় নি। শুনুন এবারে আমি কারেকশানগুলি করে দিই। বাজেট বই-এর প্রথম পৃষ্ঠায় আছে 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)—এখানে একটা এ্যাড হবে and 714—Loane for Development (excluding Panchayat), আর পেজ ফোরে যেটা আছে ডিমাণ্ড নাম্বার ৬০ সেখানে A sum of Rs. 12 crores 78 lakhs 40 thousand have been proposed to be provided for head qarters administration হেড কোয়ার্টার্স এডমিনিস্ট্রেশান বলে, এখানটাতে হেড কোয়ার্টার্স এডমিনিস্ট্রেশান এটা কাটা যাবে। আর বাংলাতে তেমনি 514—Capital Outlay on Community Development (Excluding Panchayats)-এর সঙ্গে এ্যাড হবে and 714 Loans for Community Development (Excluding Panchayats)। তাছাড়া কয়েক জায়গায় দু/একটা জিনিস ড্রপ্ট করে গেছে। নয় পৃষ্ঠাতে যেখানে ২০ কোটি ১৭ লক্ষ ৮০ হাজার আছে সেখানে ৮০ হাজারের জায়গায় ৮৮ হাজার হবে। আবার যেখানে ৭৯ লক্ষ টাকা আছে সেখানে ২০ হাজার টাকা ড্রপ্ট করে গেছে। আবার ১০ পৃষ্ঠায় যেখানে ১২ কোটি ৭৮ লক্ষ টাকা আছে, সেখানে ৪০ হাজার টাকা ড্রপ্ট করে গেছে। আর এখানে ঐ ব্লক প্রশাসন আর হেড কোয়ার্টার্স এই দুটো কাটা যাবে। এই হলো মোটামুটি কারেকশান। আপনারা যে-সমস্ত কাট মোশানগুলি দিয়েছেন সেইগুলির আমি বিরোধিতা করছি। আমি আপনাদের কাছে আর একবার আবেদন করছি যে, অন্ততঃ জনগণের অধিকার প্রতিষ্ঠিত করার ব্যাপারে নিজেদের স্বার্থরক্ষা করার জন্য এটাকে সমর্থন করা উচিত। আমি আর একটা ব্যাপারে আপনাদের আশ্বস্ত করছি যে, আমরা অন্ততঃ পক্ষে ফেয়ার ইলেকশান চাই। আমরা ১৯৭২ সাল করবো না, যেটা আপনারা করেছিলেন। কারণ এইরকম করা আমাদের অভ্যাস নেই, আমাদের পক্ষে সম্ভবও নয়। কেন সম্ভব নয় সেটা আপনারা ভাল ভাবেই বোঝেন। সেইজন্য বলছি ফেয়ার ইলেকশান হবে এবং সেই ব্যাপারে সমস্ত রকম সহযোগিতা আপনাদের থেকে পাবো। যদি কোন ত্রুটি-বিচ্যুতি থাকে তাহলে নিশ্চয়ই আপনারা বলবেন। আর একটা জিনিস মাননীয় সদস্য কাশীবাবু বলেছেন যে, কোন কোন জায়গায় যদি হয় এবং এর আগে আইনটা যখন হয়েছিল তখন মাননীয় সদস্য অতীশ সিংহা মহাশয় বলেছিলেন এই হাউসে। আমি যত দূর জানি, আমি ক্লিয়ার ইন্‌সট্রাকশান দিয়েছি যে, আর একটা এ্যাডিশনাল যে পাবে সেটা নির্ভর করছে উপর থেকে লম্বাভাবে সাজিয়ে এনে প্রায়রিটি পাওয়া যাবে। সেই জন্য এখানে কম-বেশী হওয়ার কথা নয়।

অবশ্য আপনারা অনেক জায়গায় ভুল করেন যে, একটা গ্রাম পঞ্চায়েতে এমন হতে পারে যে গ্রাম পঞ্চায়েতে নাম্বার হয়ত দুটি পেয়েছে, আর তার চেয়ে হয়ত আর একটা বেশী সংখ্যক গ্রাম পঞ্চায়েত। সেটা নির্ভর করছে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের বাস্তব অবস্থার উপর। কিন্তু একটা গ্রাম পঞ্চায়েত, এটা করবার কারো অধিকার নেই। কারণ সেখানে খুব ক্লিয়ার আছে যে, প্রথমে সবটা দিয়ে তারপর একেবারে সাজাতে হবে উপর থেকে নিচে পর্যন্ত। উপর থেকে আস্তে আস্তে করে এগিয়ে আসবে, যেখানে ইন করবে সেখানে। সুতরাং এটা আপনারা একটু ভাল করে দেখে নেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 59

The motion that the amount of Demand be Reduced to Re. 1 was then put and lost.

The motion that the amount of Demand be Reduced by Rs. 100] was than put and lost.

The motion of Shri Benoy Krisnha Chowdhury that a sum of Rs. 29,86,41,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "314-Community Development (Panchayat), 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati, and 714-Loans for Community Development (Panchayat)". (This is inclusive of a total sum of Rs. 4,97,74,000 already voted on account in March, 1983.) was then put and agreed to.

DEMAND No. 60

Mr. Speaker : There is no cut motion. So I put to vote the main demand --Demand No. 60.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 17,19,95,000 be granted for expenditure under Demand No. 60, Major Heads: "314-Community Development (Excluding Panchayat)", 514-Capital Outlay on Community Development (Excluding Panchayat)" and 714-Loans for Community Development (Excluding Panchayat)". (This is inclusive of a total sum of Rs. 2,86,67,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখুনি ২৪ পরগনার গাঁইঘাটা থেকে ফিরছি। ইতিমধ্যে হাউসে কয়েকজন মাননীয় সদস্য এ সম্পর্কে

ল্লেখ করেছেন। আমি আজ সকাল ৬-৩০টা নাগাদ ২৪ পরগনা জেলা শাসকের ছ থেকে খবর পাই যে, সেখানে এক প্রবল ঘূর্ণিঝড়ে অসংখ্য মানুষ ক্ষতিগ্রস্ত য়েছে। কিছু মানুষ মারা গেছেন। অনেকের ঘরবাড়ী তছনছ হয়ে গেছে। এই খবর াওয়া মাত্রই আমি সেখানে আজ সকালে রওনা হই। এখন পর্যন্ত যে রিপোর্ট ামি পেয়েছি, তাতে দেখা যাচ্ছে—১৯টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। ৬টি গ্রাম ঞ্চায়েত এলাকার মধ্যে এগুলি আছে। প্রায় ১ হাজার ফ্যামিলি ক্ষতিগ্রস্থ য়েছেন, এবং মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২২। এর মধ্যে স্পট ডেথ্ ১৩ জন, ট ডেথ্ ৫ জন এবং ৪ জন হসপিটালাইজড্ হওয়ার পর মারা গেছেন—সব লিয়ে ২২ জন। যে যে হসপিটালে ক্ষতিগ্রস্ত মানুষকে ভর্তি করা হয়েছে, তার সাব হচ্ছে—বনগাঁ হসপিট্যালে ১৬৩ জন, হাবড়া হসপিট্যালে ১২৭ জন, কুর-নগর হসপিট্যালে ৬ জন এবং গোবরডাঙ্গা হসপিট্যালে ২ জন, মোট ১৯৮ ন হসপিট্যালে আছেন। আহতের সংখ্যা মোটামুটি ১৬৩ জনের মত। সখানে কিছু স্কুল বাড়ী ভেঙে গেছে, স্টেট ইলেকট্রিসিটির অফিস বাড়ী নষ্ট হয়েছে। ছাড়া এমনও দেখা গেছে কংক্রিট-ছাদ ৩০ হাত দূরে ছিটকে পড়েছে, টিনের চাল ড়ে গেছে। সমস্ত বাড়ী মাটির সঙ্গে মিশে গেছে। গরু, ছাগল ও গবাদি পশু কি রিমাণে মারা গেছে, তার হিসাব এখনও পুরো পাওয়া যায়নি। আশা করছি, সন্ধ্যা নাগাদ সব সংবাদ পাওয়া যাবে। ওখানে বিভিন্ন অফিসের অফিসারগণ ও কর্মীবৃন্দ কাজ চালিয়ে যাচ্ছেন। এস. ডি. ও, থানা ও অন্যান্য অফিসের অফিসার ও কর্মীবৃন্দ সেখানে সারা রাত ধরে ওখানকার জনসাধারণের সহযোগিতা নিয়ে রেসকিউয়ের কাজ চালিয়ে যাচ্ছেন। দুপুর বেলায় খাবার জন্য ড্রাইফুড—চিড়ে, মুড়ি দেওয়া হয়েছে এবং বাচ্চাদের জন্য দুধ খেতে দেওয়া হয়েছে। রাত্রিতে রান্নার জন্য চাল এবং ডাল পৌঁছে দেওয়ার ব্যবস্থা হয়েছে। এছাড়া, বারাসাত, বসিরহাট ও বনগাঁর এস. ডি. ও.-গণ জানিয়েছেন, প্রয়োজনে তাঁরা আরও সাহায্য দিতে রাজী আছেন। এছাড়া, আরও ৫ হাজার ত্রিপল ওখানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

[5.40—5.50 P.M.]

এছাড়া ৩টি মেডিকেল টিমকে ৪টি গাড়ী করে পাঠান হয়েছে। ৭ জনের অবস্থা সঙ্কটজনক, তার মধ্যে ৫ জনকে ব্লাড দিতে হবে। আমি যা দেখে এসেছি তাতে ৪ জনের অবস্থা খুবই খারাপ। ৬ বোতল ব্লাড পৌঁছে দেওয়া হয়েছে। ব্লাড

ট্রান্সফিউশান শুরু হয়ে গেছে। এই দিকের অবস্থা মোটামুটি ভালো—চিকিৎসার দিকে থেকে কোন অসুবিধা হচ্ছে না এবং ত্রিপল ইত্যাদির ব্যবস্থা হয়ে গেছে।

DEMAND No. 74

Major Head : 363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat).

Shri Prasanta Kumar Sur : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 62,53,28,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)". (This is inclusive of a total sum of Rs. 10,42,22,000 already voted on account in March, 1983.)

DEMAND No. 26

Major Head : 260-Fire Protection and Control.

Shri Prasanta Kumar Sur : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,77,77,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "260-Fire Protection and Control. (This is inclusive of a total sum of Rs. 96,30,000 already voted on account in March, 1983).

মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই সুযোগে আমি ১৯৮২-৮৩ সালের স্থানীয় শাসন ও শহর উন্নয়ন বিভাগের কার্যকলাপ সম্পর্কে এবং আগামী আর্থিক বছরে সরকার যে-সমস্ত কাজ করার প্রস্তাব রেখেছেন সে সম্পর্কে সভাকে অবহিত করতে চাই।

তার আগে, রাজ্যের স্থানীয় সংস্থাগুলি সম্পর্কে কিছু কথা বলার জন্য আমি অনুমতি চাইছি। মহাশয়, শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের যে নিজস্ব ইতিবৃত্ত আছে এটা আমরা সবাই জানি। ব্রিটিশ আমল থেকে এই সংস্থাসমূহের অনেক উত্থান-পতন ঘটেছে। নিজেদের ঔপনিবেশিক প্রশাসনের স্বার্থে ব্রিটিশ শাসকবর্গ এই সংস্থাসমূহকে ক্ষমতাপুষ্ট করার জন্য বিভিন্ন সময়ে নানাবিধ ব্যবস্থা অবলম্বন

করেছিলেন। উদাহরণস্বরূপ ১৮৭০ সালে লর্ড মেয়োর প্রস্তাব এবং ১৯১৫ সালে ঘোষিত ভারতীয় স্থানীয় স্বায়ত্তশাসন নীতির উল্লেখ করা যেতে পারে। কিন্তু স্বাধীনতালাভের সঙ্গে সঙ্গে অবস্থার আমূল পরিবর্তন ঘটলো। সারা দেশের উপর দিয়ে পরিবর্তনের হাওয়া বইতে শুরু করলো। আর, সম্পূর্ণ পরিবর্তিত এক পরিবেশে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহও সহসা স্পন্দিত হয়ে উঠলো। বিভিন্ন রকমের দায়িত্ব বর্তালো এই সংস্থাগুলির উপর। ফলে, এই সংস্থাগুলির কাছ থেকে মৌলিক যে-সব সুযোগ-সুবিধা ও সেবামূলক কাজ পাওয়া যেতে পারে সে ব্যাপারে সাধারণ মানুষের, বিশেষ করে দরিদ্রতর শ্রেণীর মানুষের প্রত্যাশা বেড়ে গেল। কিন্তু দুর্ভাগ্যের কথা এই যে স্বাধীনতার পর থেকে কংগ্রেস সরকারের আমল অবধি এই প্রত্যাশার পূর্ণ মর্যাদা দেওয়া হয় নি। ১৯৪৭ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত দীর্ঘ ৩০ বছরের শাসনকালে তৎকালীন সরকার মাত্র ১৩টি শহরের জন্য পৌরসংস্থার ব্যবস্থা করে তাঁদের দায়িত্ব শেষ করেছেন। এই তথ্য থেকেই আমার বক্তব্যের সারবত্তা বোঝা যাবে। শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলিকে প্রয়োজন অনুযায়ী সক্রিয় করে তোলা এবং জনসাধারণের প্রত্যাশা পূরণে ভূমিকা গ্রহণের ব্যাপারেও তাঁদের যথেষ্ট আগ্রহ লক্ষ্য করা যায় নি। ১৯৭৭ সালে ক্ষমতাসীন হওয়ার পর বামফ্রন্ট সরকারই আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে স্থানীয় সংস্থাসমূহে প্রকৃত অর্থে নূতন প্রাণ ও শক্তি সঞ্চারে উদ্যোগী হন। মহাশয়, এই প্রচেষ্টার ফলে বামফ্রন্ট সরকার তীব্র আর্থিক অনটন সত্ত্বেও তাঁদের বিগত ছয় বছরের শাসনকালে ১২টি নূতন পৌরসভা স্থাপন করেছেন। মহাশয়, এই সরকারই জনগণের, বিশেষ করে দরিদ্রতর শ্রেণীর মানুষের, মৌলিক প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের মাধ্যমে উন্নয়নের একটি নূতন কর্মপন্থা উদ্ভাবন করতে পেরেছেন। অথচ, আপনারা সকলেই জানেন, দশকের পর দশক এই সব মানুষের প্রয়োজনের প্রতি কোনও রকম নজর দেওয়া হয়নি।

মহাশয়, এই উপক্রমণিকা পর্ব শেষ ক'রে এখন আমি, ১৯৮২-৮৩ সালে রাজ্যের যে-সব অঞ্চল শহর হিসাবে গড়ে উঠেছে সেগুলিকে পৌরকরণ করার ব্যাপারে ক্ষমতাসীন হওয়ার পর থেকে এ পর্যন্ত আমরা যে-সমস্ত ব্যবস্থা নিয়েছি সেগুলির উল্লেখ করে একটি বিবরণ এই সভার কাছে পেশ করতে চাই। ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে আমার বাজেট ভাষণে এই বিভাগের কার্যকলাপ সম্পর্কে একটি বিশদ বিবরণ আমি মাননীয় সদস্যগণের কাছে উপস্থাপিত করেছিলাম। মাননীয় সদস্যগণ বিরক্তিকর মনে করতে পারেন এই কথা ভেবে সেই একই বিষয়ের পুনরাবৃত্তি থেকে আমি বিরত থাকছি।

'আরবান' শহরের জন্য পৌরসংঘের ব্যবস্থা

সাতটি বিভিন্ন জেলায় ছড়িয়ে থাকা ১৩টি শহরকে পৌরকরণ করার প্রস্তাব বর্তমান সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। সেগুলি হলো ঃ

১। জলপাইগুড়ি জেলায় দাবগ্রাম।

২। জলপাইগুড়ি জেলায় মাল।

৩। পশ্চিম দিনাজপুর জেলায় কালিয়াগঞ্জ।

৪। পশ্চিম দিনাজপুর জেলায় মরনাই।

৫। বর্ধমান জেলায় গুসকরা।

৬। বর্ধমান জেলায় জামুরিয়া।

৭। ২৪ পরগনা জেলায় ক্যানিং।

৮। মেদিনীপুর জেলায় পাঁশকুড়া।

৯। নদীয়া জেলায় কুপার্স ক্যাম্প।

১০। বর্ধমান জেলায় মেমারি।

১১। ২৪ পরগনা জেলায় মধ্যমগ্রাম।

১২। ২৪ পরগনা জেলায় রাজারহাট।

১৩। মেদিনীপুর জেলায় এগরা।

আমরা আশা করছি, দুর্গাপুর ও কল্যাণী প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকারকে পৌরসংঘে রূপান্তরিত করা সম্পর্কে চূড়ান্ত প্রজ্ঞাপন আর কিছুদিনের মধ্যেই প্রকাশ করা যাবে। মাথা ভাংগা, মেকলিগঞ্জ এবং হলদিবাড়ি শহর কমিটিগুলিকে পৌরসংস্থায় রূপান্তরিত করার প্রাথমিক প্রজ্ঞাপনও শীঘ্রই প্রকাশ করা হবে বলে আশা করা যায়।

বর্ধমান, বীরভূম, মেদিনীপুর, দার্জিলিং এবং হুগলী জেলায় ছয়টি নূতন প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার সম্পর্কিত প্রস্তাব আমাদের বিবেচনাধীন ছিল। এগুলির মধ্যে দার্জিলিং জেলার মিরিকে ইতিমধ্যে প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার প্রতিষ্ঠা করা হয়েছে। মেদিনীপুর জেলার হলদিয়া সম্পর্কে চূড়ান্ত প্রজ্ঞাপনও আমরা খুব শীঘ্রই প্রকাশ করতে পারবো বলে আশা রাখি। অন্যগুলির সম্বন্ধেও সরকার যাতে অবিলম্বে চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হতে পারেন তা সুনিশ্চিত করতে আমরা যথাসাধ্য চেষ্টা করছি।

শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের নির্বাচন ঃ

মহাশয়, মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে বিভিন্ন অনিবার্য কারণে চাকদহ, দুবরাজপুর, দার্জিলিং, কার্শিয়াং এবং ছয়টি নবগঠিত পৌরসংঘের সাধারণ নির্বাচন

এখনও অনুষ্ঠিত হতে পারে নি। অবশ্য, অনতিবিলম্বেই যাতে ঐ পৌরসংঘগুলির নির্বাচনের ব্যবস্থা করা যায় সেজন্য আমরা সমস্যাবলীর সমাধানের চেষ্টা করছি। আলোচ্য বছরে, এ রাজ্যের যে ৮টি পৌরসংঘের ৯টি ওয়ার্ডে উপ-নির্বাচনের ব্যবস্থা করতে পেরেছি সেগুলি হলো (১) কালনা, (২) আলিপুরদুয়ার, (৩) শ্রীরামপুর, (৪) কাটোয়া, (৫) পুরানো মালদহ, (৬) কৃষ্ণনগর, (৭) গাড়ুলিয়া, এবং (৮) দক্ষিণ শহরতলী। রাজপুর, বালুরঘাট এবং জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসংঘের ৩টি ওয়ার্ডে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্যও আমরা প্রয়োজনীয় বন্দোবস্ত করছি।

কলকাতা ও হাওড়া পৌরনিগমের নির্বাচন ঃ

নবপ্রণীত কলকাতা পৌরনিগম আইন, ১৯৮০ অনুসারে কলকাতা পৌরনিগমের এবং হাওড়া পৌরনিগম আইন, ১৯৮০ অনুসারে হাওড়া পৌরনিগমের সাধারণ নির্বাচন, যত শীঘ্র সম্ভব অনুষ্ঠিত করার জন্য আমাদের সরকার প্রতিশ্রুতিবদ্ধ। মাননীয় সদস্যগণকে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ১৯৮৩ সালের ১০ই জানুয়ারি থেকে হাওড়া পৌরনিগম আইন, ১৯৮০ বলবৎ করা হয়েছে। এ-বছরের শেষ নাগাদ কোন এক সময়ে যাতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে সে উদ্দেশ্যে নির্বাচক-তালিকা প্রণয়ন ও নির্বাচন পরিচালন সংক্রান্ত নিয়মাবলীও প্রকাশ করা হয়েছে। এই নূতন নিয়মাবলী অনুযায়ী নির্বাচক-তালিকা প্রণয়নের কাজ এখন পুরোদমে এগিয়ে চলেছে। আর, এই সুযোগে আমি মাননীয় সদস্যগণকে আশ্বাস দিচ্ছি যে, নূতন আইন অনুসারে হাওড়াপৌরনিগমের সাধারণ নির্বাচন এ-বছরই অনুষ্ঠিত হবে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কলকাতা পৌরনিগমের সাধারণ নির্বাচন সম্বন্ধে নিয়ম ও প্রনিয়মাবলী প্রণয়নের উদ্দেশ্যে গঠিত কমিটিসমূহ ঐ নিয়ম ও প্রনিয়মাবলীর মধ্যে অনেকগুলির খসড়া ইতিমধ্যে প্রণয়ন করে ফেলেছেন এবং বাকী নিয়ম ও প্রনিয়মগুলির খসড়াও এ মাসের শেষ নাগাদ প্রস্তুত হয়ে যাবে বলে আশা করা যায়। মাননীয় সদস্যগণ এটাও জানেন যে বিভিন্ন বিষয়, বিশেষ করে উন্নয়নমূলক দিকগুলির কথা বিবেচনা করে দেখার পর, সরকার যাদবপুর, দক্ষিণ শহরতলী ও গার্ডেনরীচের পৌরসংঘাধীন অঞ্চলসমূহকে এবং সল্ট লেক উপনগরীর অন্তর্গত অঞ্চলকে কলকাতা পৌরনিগমের আওতাভুক্ত অঞ্চলের সঙ্গে সংযুক্ত করে নেওয়া সম্পর্কে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সংশ্লিষ্ট পৌরসংঘাধীন অঞ্চল-সমূহের কর-দাতাদের কাছ থেকে আপত্তি আহ্বান করে ১৯৩২ সালের বঙ্গীয় পৌরসংঘ আইন মোতাবেক আবশ্যক প্রজ্ঞাপনাবলীও ১৯৮৩ সালের জানুয়ারি

মাসে প্রকাশ করা হয়েছে। আমরা আশা করছি, এই বিধিসম্মত প্রক্রিয়া ১৯৮৩ সালের জুলাই মাসের শেষ নাগাদ সম্পূর্ণ হয়ে যাবে। নূতন আইনের বিধান অনুসারে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের আগে আমাদের ঐ সমস্ত সংযোজিত অঞ্চলের জন্য প্রয়োজনীয় নির্বাচক-তালিকা প্রস্তুত করতে হবে এবং বর্তমান অঞ্চল সম্পর্কিত তালিকার সংশোধন করতে হবে। এসব বিষয় বিবেচনা করে, মাননীয় সদস্যগণকে আমি আশ্বাস দিতে পারি যে, ১৯৮৪ সালের প্রথমার্ধেই যাতে কলকাতা পৌর-নিগমের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে সেজন্য সরকার চেষ্টার কোনও ত্রুটি করবেন না।

উন্নয়নমূলক কর্মপ্রকল্প এবং শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের জন্য অনুদান ঃ

মহাশয়, অতএব এটা স্বতঃপ্রমাণিত যে, আমরা প্রকৃত নিষ্ঠার সঙ্গেই শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহকে পৌরসংঘে পরিণত করার এবং সেগুলির গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে আনার কাজ শুরু করেছি। অবশ্য, শুধুমাত্র যথোপযোগী আইনের বিধানমতে 'আরবান' শহরগুলিকে পৌরসংঘবিশিষ্ট করে তুলতে পেরেছি বলেই আমরা তুষ্ট নই। আমরা বিশ্বাস করি, উন্নয়নমূলক কাজকর্মের ব্যাপারে সুসম একটি উন্নয়ন-কর্মসূচি অনুসরণক্রমে নাগরিকদের মৌলিক পৌর সুখস্বাচ্ছন্দ্য-ব্যবস্থা ও জীবনযাত্রানির্বাহ-পদ্ধতির উন্নতি সাধনে ঐ সমস্ত স্থানীয় সংস্থা যদি তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের অবকাশ না পায়, তাহলে তারা কখনও জনসাধারণের, বিশেষ করে দরিদ্রতর শ্রেণীর যে মানুষদের কাছে আমাদের সরকার প্রতিশ্রুতিবদ্ধ সেই মানুষদের আরও কাছাকাছি এগিয়ে আসতে পারবে না।

এই লক্ষ্য নিয়ে আমাদের সরকার, রাজ্যের শহর-কেন্দ্রগুলিতে উন্নয়ন-ব্যয় নিয়মিতকরণের জন্য এই বিভাগ কর্তৃক গঠিত পশ্চিমবঙ্গ শহর উন্নয়ন কর্মপন্থা কমিটির সুপারিশ অনুসারে সময় থেকে সময়ান্তরে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলির মাধ্যমে বিভিন্ন উন্নয়ন-কর্মসূচি হাতে নিয়েছেন। এই কর্মপন্থা কমিটির সুপারিশ মতো সিদ্ধান্ত নেওয়া হয় যে, আমাদের যাবতীয় উন্নয়ন-প্রয়াস কলকাতা ও হাওড়ার মধ্যেই সীমাবদ্ধ না রেখে পৌরসংঘাধীন বাকী শহরগুলির সর্বাত্মক উন্নয়নের প্রতিও যথেষ্ট মনোযোগী হতে হবে। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় অধিষ্ঠিত হলেন তখন দেখা গেল, কলকাতা-হাওড়া এলাকায় মাথাপিছু পরিকল্পিত ব্যয়ের পরিমাণ যেখানে ৬১'৫৪ টাকা, সেখানে সি. এম. ডি.-র আওতাভুক্ত পৌরসংঘের জন্য এই ব্যয়ের পরিমাণ ১৯'৮৮ টাকা এবং সি. এম. ডি.-র আওতা-বহির্ভূত পৌরসংঘের জন্য ০'৮৭ টাকা। ঐ সংশোধিত কর্মপন্থা গ্রহণের সঙ্গে সঙ্গে

হরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের মধ্যে উন্নয়ন-ব্যয়ের এই বিরাট ফারাক অনেকটা :ম এলো এবং ১৯৮০-৮১ সালে ঐ মাথাপিছু উন্নয়ন-ব্যয়ের প্রতিসংগিক অর্থাঙ্ক :স দাঁড়ালো যথাক্রমে ৫৯.৫৩ টাকা, ৩০.৩০ টাকা ও ১৩.৮৪ টাকায়। ।. এম. ডি.-র আওতাভুক্ত এবং সি. এম. ডি.-র আওতা-বহির্ভূত পৌরসংঘগুলিকে ।রও বেশি অর্থ জুগিয়ে ঐ ফারাক আরও কমিয়ে আনার জন্য আমরা চেষ্টা ।লিয়ে যাচ্ছি। পৌরসংঘসমূহের মাধ্যমে যে-সমস্ত কর্মপ্রকল্প রূপায়িত হবে সগুলির পূর্বিতা সম্পর্কেও আমরা একটি পরিবর্তিত দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছি। ধাকথিত অত্যাধুনিক (সফিস্টিকেটেড) যে কর্মপ্রকল্পগুলি অধিকতর অর্থবিনিয়োগ-।াপেক্ষ সেগুলির বদলে আমরা সেইসব কর্মপ্রকল্প বেছে নিয়েছি, যেগুলি সাধারণ ানুষের, বিশেষ করে সমাজের দরিদ্রতর শ্রেণীর মানুষের দৈনন্দিন জীবনের সঙ্গে নিবিড়ভাবে সম্পৃক্ত। স্বভাবতঃই এই কর্মপ্রকল্পগুলির বিষয় হলো জল সরবরাহ, জল নিষ্কাশন, স্বাস্থ্যরক্ষা, সড়ক এবং অনুরূপ অন্যান্য ব্যবস্থা। আমরা পৌরসংঘ-সমূহের মাধ্যমে এমন কিছু কিছু লাভজনক কর্মপ্রকল্পও চালু করার চেষ্টা করছি, যগুলি স্থানীয় সংস্থাসমূহের অর্থসঙ্গতি বৃদ্ধি করতে অনেকটা সাহায্য করবে। কর্মপ্রকল্পগুলির রূপায়ণের ব্যাপারে স্থানীয় সম্পদকে, যতোদূর সম্ভব, কাজে লাগানোর নীতিকেই আমরা বেছে নেবো এবং একমাত্র সেসব ক্ষেত্রেই দামী উপকরণের সন্ধান করবো, যেখানে তার ব্যবহার অপরিহার্য বলে বিবেচিত হবে। এ সমস্ত কর্মপ্রকল্পের নির্বাচনে ও রূপায়ণে কেবল পৌর-কর্তৃপক্ষসমূহের সিদ্ধান্তই গ্রহণীয় এবং তাদের উদ্যোগ ও প্রচেষ্টাই সবচেয়ে বেশি প্রয়োজন।

মহাশয়, সেই মতো, আলোচ্য বছরে আমরা ভারত সরকার প্রবর্তিত ইউ. এন. ডি. পি. অনুসারে 'পোর-ফ্লাশ' পায়খানা কর্মপ্রকল্পের আওতায় আনার জন্য পৌর-সংঘাধীন ১২টি শহরকে বেছে নিয়েছি। শহরগুলি হলো মুর্শিদাবাদ, আলিপুরদুয়ার, ঘাটাল, রঘুনাথপুর, বোলপুর, সোনামুখী, রামজীবনপুর, শান্তিপুর, জঙ্গীপুর, আরামবাগ, কার্শিয়াং ও তুফানগঞ্জ। এসব কর্মপ্রকল্পের রূপায়ণের জন্য রাজ্য সরকার যে সমীক্ষা-রিপোর্ট প্রস্তুত করেছেন তা বর্তমানে ভারত সরকারের পরীক্ষাধীন রয়েছে। আশা করা যাচ্ছে, আমরা অচিরেই কর্মপ্রকল্পগুলির রূপায়ণের কাজ শুরু করতে পারব।

মুর্শিদাবাদ ও সোনামুখী এই দু'টি পৌরসংঘাধীন শহর থেকে মেথরদের অপসারণের জন্য আমরা দু'টি কর্মপ্রকল্প গ্রহণ করেছি। তাতে আনুমানিক ব্যয় হবে ৩৮.৭০ লক্ষ টাকা। এই উদ্দেশ্যে, ইতিমধ্যে ভারত সরকারের কাছ থেকে যথোপযুক্ত অনুদান হিসাবে ১৮.৩৫ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। মেকলিগঞ্জ, ঘাটাল, বোলপুর,

শান্তিপুর ও আলিপুরদুয়ার—এই পৌরসংঘাধীন শহরগুলির জন্যও আমরা একই ধরনের কর্মপ্রকল্প রচনা করছি। আমরা আশা করছি, এসমস্ত কর্মপ্রকল্প রূপায়িত হলে পৌরসংঘাধীন শহরগুলির চেহারা অনেকখানি পাল্টে যাবে। আর, উপযুক্ত কর্মপ্রকল্পের মাধ্যমে পুনর্বাসিত হওয়ার পর হরিজনদের জীবনযাত্রার মানও উন্নততর হবে।

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, আমাদের সরকার ছোট ও মাঝারি শহরের সুসংহত উন্নয়ন সম্পর্কে কেন্দ্র-প্রবর্তিত কর্মপ্রকল্প অনুসারে উন্নতিসাধনের জন্য যে ২০টি শহরকে বেছে নিয়েছিলেন সেগুলি হলো খড়্গপুর, মেদিনীপুর, কালিম্পং, বাঁকুড়া, ইংলিশবাজার, কুচবিহার, পুরুলিয়া, তারকেশ্বর, কৃষ্ণনগর, সিউড়ি, জলপাইগুড়ি, দার্জিলিং, বিষ্ণুপুর, বহরমপুর, বালুরঘাট, রায়গঞ্জ, রানাঘাট, কাটোয়া ও বসিরহাট। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ২০টি কর্মপ্রকল্পই ভারত সরকার অনুমোদন করেছেন এবং ঐ কর্মপ্রকল্পগুলির রূপায়ণের জন্য সংশ্লিষ্ট পৌরসংস্থাসমূহকে কেন্দ্রীয় ঋণ হিসাবে ২,৩০,২০,০০০ (দুই কোটি তিরিশ লক্ষ কুড়ি হাজার) টাকা এবং রাজ্য সরকারের অনুদান হিসাবে ৪১ লক্ষ টাকাও মঞ্জুর করা হয়েছে। এসমস্ত কর্মপ্রকল্প রূপায়ণের কাজ ষষ্ঠ যোজনা কালের মধ্যেই শেষ করতে হবে বলে, সংশ্লিষ্ট পৌরসংঘগুলির কার্যচালন-ব্যবস্থাকে ইতিমধ্যেই আরও সক্রিয় করে তোলা হয়েছে। এবং আশা করা যায়, তাঁদের যে অর্থ বরাদ্দ করে দেওয়া হয়েছে সেই অর্থ তাঁরা নির্দিষ্ট সময়ের মধ্যেই পুরোপুরি কাজে লাগাবেন। পরবর্তী পর্যায়ে বোলপুর, রানীগঞ্জ ও হাবড়া—এই পৌরসংঘাধীন শহরগুলিকে ঐ কর্মপ্রকল্পের আওতায় নিয়ে আসা যায় কিনা সেকথাও সরকার চিন্তা করে দেখছেন।

'ইউনিসেফ'-এর পৃষ্ঠপোষকতায় পুরুলিয়া পৌরসংঘাধীন শহরের জন্যও একটি মৌলিক সেবা কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে। এ বাবদ আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৫০ লক্ষ টাকা। আশা করা যায়, এই কর্মপ্রকল্পের কাজ অবিলম্বেই শুরু করা যাবে।

আলোচ্য বছরে অভূতপূর্ব খরার ফলে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলিকে যে নিদারুণ ক্ষতির সম্মুখীন হতে হয়েছে তার প্রতিকারের জন্যও আমরা ব্যবস্থা নিয়েছি। খরার দরুন জল-সরবরাহ-ব্যবস্থাই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই, রাজ্য সরকার খরাত্রাণ কর্মসূচির অধীনে কলকাতা পৌরনিগমসহ শহরাঞ্চলের সমস্ত স্থানীয় সংস্থাগুলিতে জল সরবরাহের অতিরিক্ত উৎস গড়ে তোলার উদ্দেশ্যে পর্যাপ্ত অর্থ বরাদ্দ করার জন্য ভারত সরকারের কাছে আবেদন জানিয়েছেন।

মহাশয়, এখন আমি ১৯৮২-৮৩ সালে স্থানীয় সংস্থাসমূহকে বিভিন্ন খাতে যে

র্থিক সহায়তা দেওয়া হয়েছে তার একটি সংক্ষিপ্ত হিসাব এই সভার কাছে উপস্থাপিত করছি। সেগুলি হলো :

১। মহার্ঘ ভাতার জন্য সরকারী সাহায্য ... ১৭,৭৭,২১,০২৮ টাকা

২। চুংগী অনুদান :

(ক) কলকাতা পৌরনিগম ... ১২,৭৫,০০,০০০ টাকা

(খ) শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহ ... ১৫,৪৮,২৫,৮৫১ টাকা

৩। মোটর-যান কর :

(ক) কলকাতা পৌরনিগম ... ২,৫০,০০,০০০ টাকা

(খ) শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহ ... ৫০,০০,০০০ টাকা

হরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহ যাতে তাদের বিভিন্ন ধরনের কর্মসূচিকে কাজে গাতে পারে সেজন্য ২০টি নূতন রোড রোলার কিনে তাদের হাতে তুলে দেওয়ার কটি প্রস্তাবও আমরা বিবেচনা করে দেখছি। তাছাড়া, বিদ্যুৎ ব্যবহারের জন্য হরাঞ্চলের কয়েকটি স্থানীয় সংস্থার কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের যে বকেয়া পাওনা াছে তা চুকিয়ে দেওয়ার জন্য ঐ সংস্থাগুলিকে আমরা প্রয়োজনীয় অগ্রিম হিসাবে ৭,৯৩,৩০০০ টাকা দেওয়ার ব্যবস্থাও করেছি।

পৌরসংঘগুলিতে আধিকারিক নিয়োগ :

মহাশয়, উন্নয়নের নূতন কর্মপন্থা এবং সেই উদ্দেশ্যে অধিকতর অর্থ বিনিয়োগের রিপ্রেক্ষিতে, শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলির প্রশাসন-ব্যবস্থাকে সুবিন্যস্ত ও জোরালো করে তোলা যে অত্যন্ত প্রয়োজন সেকথা বলাই বাহুল্য। অতএব, এই বভাগ প্রতিটি পৌরসংস্থায় একজন নির্বাহী আধিকারিক, একজন অর্থ আধিকারিক, একজন স্বাস্থ্য আধিকারিক ও একজন ইঞ্জিনিয়ার নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছেন। দনুসারে, ৭২ জন নির্বাহী আধিকারিক, ১৭ জন অর্থ আধিকারিক ও ১৫ জন াস্থ্য আধিকারিককে ইতিমধ্যেই নিয়োগ করা হয়েছে। তবে, আধিকারিকের ভাবে এ পর্যন্ত কোন ইঞ্জিনিয়ারকে নিযুক্ত করা যায় নি। যত শীঘ্র সম্ভব, বাকী শূন্যপদগুলি পূরণের জন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। এ ব্যাপারে সম্পূর্ণ ব্যয় বহন করছেন এই সরকার।

শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের কর্মচারীদের জন্য সুবিধা :

মহাশয়, আমার গতবারের বাজেট ভাষণে আমি ১৯৮২-৮৩ সালে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের কর্মচারীদের বিভিন্ন ধরনের যে-সমস্ত সুবিধা দেওয়া হয়েছে তার একটি বিশদ বিবরণ সদস্যগণের কাছে উপস্থাপিত করেছিলাম। তাতে রাজ্য

সরকারের কর্মচারীরা যেমন পেয়ে থাকেন, পৌরকর্মীদের জন্যও সেই একই রকম সংশোধিত বেতনক্রম পেনশন কর্মপ্রকল্প এবং চাকরি সংক্রান্ত অন্যান্য কিছু সুবিধার কথা বলা হয়েছিল। সংশোধিত বেতনক্রম প্রবর্তনের পর থেকে ঐ বিষয়ে যেসব ত্রুটি ও বৈষম্য লক্ষ্য করা গিয়েছে তা দূর করার জন্য আমরা দুটি বিশেষ কমিটিও গঠন করেছি। তার মধ্যে একটি হলো কলকাতা পৌরনিগমের জন্য এবং অন্যটি শহরাঞ্চলের বাকী স্থানীয় সংস্থাগুলির জন্য। এই কমিটিগুলির সুপারিশের জন্য আমরা অপেক্ষা করছি।

পশ্চিমবঙ্গ পৌরসংঘ অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে ব্যবস্থাগ্রহণ :

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, পশ্চিমবঙ্গ পৌরসংঘ অর্থ-কমিশনের রিপোর্ট ১৯৮২ সালের ৩০শে মার্চ তারিখে সরকারের হস্তগত হয়েছে। গত সেপ্টেম্বর মাসে বাজেট অধিবেশনের সময় ঐ রিপোর্টের কপি সদস্যদের মধ্যে প্রচার করা হয়েছে। উক্ত পৌরসংঘ অর্থ-কমিশন যে সমস্ত সুপারিশ করেছিলেন তার মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ দু'টি সুপারিশ সম্পর্কে যে সরকার সঙ্গে সঙ্গেই সিদ্ধান্ত নিয়েছিলেন সে কথাও সদস্যগণের অজানা নেই। সিদ্ধান্ত দুটি হলো, ১৯৮১ সালের ৩১শে মার্চ পর্যন্ত পৌরসংস্থাগুলিকে যতো ঋণ দেওয়া হয়েছিল তা মকুব করা এবং বিনোদন-কর বাবদ মোট যে অর্থ আদায় হয় তার ৫০ শতাংশ জনসংখ্যার অনুপাতে পৌরসংস্থা-গুলির মধ্যে ভাগ করে দেওয়া। ইতিমধ্যে আমরা পৌরসংঘ অর্থ-কমিশনের বাকী প্রায় সমস্ত সুপারিশ পরীক্ষা করে দেখেছি এবং বিভিন্ন পর্যায়ে সেগুলিকে এখন চূড়ান্তভাবে মাজাঘষা করে নেওয়া হচ্ছে। এ সমস্ত সুপারিশের অনেকগুলি সম্পর্কে সরকারী সিদ্ধান্ত অবিলম্বেই গ্রহণ করা হবে বলে আশা করা যায়।

কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ :

কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ পৌরসংঘসমূহকে তাঁদের মূল্যায়নের কাজে উপদেশ দিয়ে আসছেন। এই পর্ষদ সি. এম. ডি-র আওতাভুক্ত পৌরসংস্থাগুলির কর সংক্রান্ত প্রশাসন-ব্যবস্থার প্রতিও সতর্ক দৃষ্টি রেখে চলেছেন। বঙ্গীয় পৌরসংঘ আইনের ১৯৮০ সালের সংশোধন অনুসারে, ১৯৮২ সালের ১লা অক্টোবর থেকে সমস্ত পৌরসংঘ এবং সম্পত্তির সাধারণ পুনর্মূল্যায়নের কাজে নিযুক্ত আছেন। এই কাজে সি. এম. ডি-র আওতাভুক্ত পৌরসংঘগুলিকে পর্ষদ সক্রিয়ভাবে সাহায্য করে যাচ্ছেন।

স্থানীয় শাসন ও শহর সমীক্ষা প্রতিষ্ঠান :

কর্মচারিগণ যাতে তাঁদের নিজ নিজ কর্মক্ষেত্রে আরও বেশি বোঝাপড়া ও

দক্ষতার সঙ্গে কাজ করতে পারেন সেজন্য তাঁদের প্রশিক্ষণ দানের দায়িত্ব আরও ব্যাপকভাবে বহন করার উদ্দেশ্যে স্থানীয় শাসন ও শহর সমীক্ষা প্রতিষ্ঠানও প্রস্তুত হয়ে উঠছেন। স্থানীয় সংস্থা ও রাজ্য সরকারের কর্মচারীদের জন্য যথাক্রমে ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে ও ১৯৮৩ সালের জানুয়ারি মাসে দুটি হ্রস্ব প্রশিক্ষণ-ক্রমের ব্যবস্থা করা হয়েছিল। ঐ প্রতিষ্ঠান চলতি আর্থিক বছরে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলির কর্মচারী ও কমিশনারদের জন্য আরও তিনটি ওয়ার্কশপেরও ব্যবস্থা করছেন। প্রশিক্ষণ ছাড়াও ঐ প্রতিষ্ঠান শহরাঞ্চল সম্পর্কে গবেষণা এবং একটি পত্রিকা প্রকাশের কাজে আত্মনিয়োগ করবেন।

স্থানীয় সংস্থা অধিকার ঃ

পৌরসংঘ অর্থ-কমিশনের সুপারিশগুলির মধ্যে এই মর্মে একটি সুপারিশ ছিল যে, শহরাঞ্চলের স্থানীয় সংস্থাসমূহের কাজে সার্থক সহায়তা করার জন্য স্থানীয় সংস্থা অধিকারকে আরও শক্তিশালী করে তুলতে হবে। সুপারিশটি গ্রহণ করে, উক্ত অধিকারকে যাতে নির্দিষ্ট লক্ষ্যে উপনীত হওয়ার পক্ষে সমর্থ করে তোলা যায় সেই উদ্দেশ্যে অধিকারের অবয়ব ও গুণগত পরিবর্তন সাধন সম্পর্কে এই বিভাগ ইতিমধ্যে একটি প্রস্তাব রচনা করেছেন। ঐ প্রস্তাব এখন সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। আমরা আশা করছি, প্রস্তাব মতো কাজ হলে স্থানীয় সংস্থা অধিকারের পক্ষে অতীব গুরুত্বপূর্ণ যাবতীয় বিষয়ে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলিকে ফলপ্রসূ নির্দেশ দেওয়া এবং ঐ সংস্থাগুলির পাশে আগের চেয়ে আরও বেশি সামর্থ্য নিয়ে দাঁড়ানো সম্ভব হবে।

পৌর বাস্তু অধিকার ঃ

পৌরসংস্থাগুলি উন্নয়নমূলক বিভিন্ন যেসব প্রকল্প গ্রহণ করেছে সেগুলির রূপায়ণ সম্পর্কে পৌর বাস্তু অধিকার যে এই বিভাগের একটি কার্যোপযোগী সংগঠন এটাও প্রমাণিত হয়েছে। পৌরসংঘাধীন শহরগুলির বার্ষিক উন্নয়ন প্রকল্পের রচনা ও তত্ত্বাবধান ছোট ও মাঝারি শহরগুলির সুসংহত উন্নয়ন কর্মপ্রকল্প অনুযায়ী প্রকল্পের রচনা, স্বল্প ব্যয়ে 'পোর-ফ্লাশ' পায়খানা নির্মাণ কর্মসূচীর রূপায়ণ, ভূমি-ব্যবস্থার নিয়ন্ত্রণ সমেত শহরাঞ্চলের উন্নয়ন কর্মপ্রকল্পগুলির জন্য মানচিত্র প্রস্তুতকরণ, স্থানীয় সংস্থাসমূহকে তাদের টেণ্ডারসংক্রান্ত কাগজপত্র প্রস্তুত করার ব্যাপারে সাহায্য করা, স্থানীয় সংস্থাগুলির জন্য সিমেণ্ট, বিটুমেন ও পাথরকুচি ইত্যাদির মতো দুষ্প্রাপ্য নির্মাণ-উপকরণ যোগাড় কর্মসূচীর সমন্বয়সাধন, পৌরসংস্থাসমূহ যে-সমস্ত কর্মপ্রকল্প

ও প্রাক্কলন প্রণয়ন করে সেগুলি পরীক্ষাপূর্বক অনুমোদন করা এবং এ ধরনের বিভিন্ন বিষয়ে ঐ অধিকার গভীর আগ্রহ দেখিয়েছেন ও সক্রিয় অংশগ্রহণ করেছেন। বিশেষ করে নূতন উন্নয়ন কর্মপন্থা অবলম্বন ও সে বাবদ সরকারের তরফ থেকে বেশ কিছু অর্থ বিনিয়োগের পরিপ্রেক্ষিতে শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলি বিশেষজ্ঞের প্রায়োগিক উপদেশের যে প্রয়োজনীয়তা দীর্ঘকাল ধরে অনুভব করে আসছিল, এই সংগঠন তা মেটাতে পেরেছেন।

কলকাতা পৌরনিগমের কৃতিত্ব ও কর্মসূচী ঃ

মহাশয়, এখন আমি ১৯৮২-৮৩ সালে কলকাতা পৌরনিগমের কিছু কিছু উল্লেখযোগ্য কাজকর্মের বিবরণ এবং আগামী বছরের জন্য এঁর কর্মসূচী আপনাদের কাছে উপস্থাপিত করছি।

অর্থকৃচ্ছ্রতা সত্ত্বেও এই সংগঠন নগরীর অসমাহিত সমস্যাগুলির সমাধান করতে এবং তাঁর যৎসামান্য অর্থসংগতি নিয়ে এই নগরীকে মানুষের পক্ষে আরও বাসোপযোগী করে তুলতে নিরবচ্ছিন্ন প্রয়াস চালিয়ে যাচ্ছেন। অতঃপর আমি যা বলবো তাতে আমার এই বক্তব্য সমর্থিত হবে।

অন্যান্য কাজের সঙ্গে সঙ্গে কলকাতা পৌরনিগম বস্তিগুলির সেবা-ব্যবস্থা, সড়ক, ফুটপাথ, পুরাঙ্গন (পার্ক) ও পুরোদ্যান (স্কোয়ার), আবর্জনা অপসারণ ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা এবং জল সরবরাহ ব্যবস্থার উন্নতিসাধনের জন্য বিভিন্ন কর্মপদ্ধতি অবলম্বন করেছেন। চলতি বছরে এই নিগম ৬৮টি বস্তি সম্পর্কে গুরুত্বপূর্ণ কর্মপ্রকল্প হাতে নিয়েছেন। এজন্য আনুমানিক ব্যয় হবে ৩ কোটি টাকার মতো। এর মধ্যে আই ডি এ-২ কর্মসূচী অনুসারে সি এম ডি এ দিয়েছেন ২ কোটি টাকা। কলকাতা পৌরনিগম ১৯৮৩-৮৪ সালে আরও ৬৪টি বস্তির উন্নয়নের জন্য কর্মসূচী প্রস্তুত করেছেন। এজন্য আনুমানিক ব্যয় হবে প্রায় ৪.৩৫ কোটি টাকা। এর মধ্যে আই ডি এ-৩ কর্মসূচী অনুসারে সি এম ডি এ-র কাছ থেকে ৩ কোটি টাকা পাওয়া যাবে। অন্যান্য বিষয়ের সঙ্গে সঙ্গে ছোট 'ডায়া' নলকূপ বসানো, 'পিট প্রিভি' নির্মাণ, সড়কের ও আলোর ব্যবস্থার উন্নতিসাধনও এসব উন্নয়ন কর্মপ্রকল্পের অন্তর্ভুক্ত করে নেওয়া হয়েছে।

১৯৮২-৮৩ সালে রাজ্য সরকার কলকাতা পৌরনিগমকে যে অনুদান মঞ্জুর করেছিলেন তা দিয়ে ঐ নিগম বিভিন্ন ধরনের ৫২১টি সড়ক, ৮০টি ফুটপাথ এবং ৪৬টি পুরাঙ্গন (পার্ক) ও পুরোদ্যানের (স্কোয়ারের) উন্নতিসাধন করেছেন। ১৯৮৩-৮৪

সালে আরও ৪৫০টি সড়ক, ৬০টি ফুটপাথ এবং ৬০টি পুরাঙ্গন (পার্ক) ও পুরোছানের (স্কোয়ারের) উন্নতিসাধনের জন্য নিগম কর্মপ্রকল্প রচনা করেছেন।

নগরীকে আর্জনামুক্ত রাখার জন্য সর্বাত্মক প্রয়াস চালানো হয়েছে। সকালে ১৩০টি লরি আর বিকালে ৩০টি লরিকে কাজে লাগিয়ে প্রতিদিন গড়ে ২,০০০ টন আবর্জনা তুলে নেওয়া হচ্ছে। এ বছর আরও ২০টি নূতন টিপার লরি রাস্তায় নামানো হয়েছে। আগামী বছরে ৪ সেট টিপার কণ্টেনার কেনার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। লরিতে রূপান্তরিত ৪টি ট্রেকার ভ্যান বর্তমানে ছোট ছোট জীবজন্তুর লাশ সরিয়ে নেওয়ার জন্য কাজ করছে।

আলোচ্য বছরে নূতন বসানো '২১" সি আই' জলের মেন পাইপ থেকে কয়েকটি 'পিক্-আপ' সংযোগের (কানেকশনের) ব্যবস্থা করে বড়বাজার ও শোভাবাজার এলাকায় জলের সরবরাহ বাড়ানো হয়েছে। যে-সব এলাকায় জলকষ্ট রয়েছে সেসব এলাকায় জল সরবরাহ সহজ করার জন্য আরও ২০টি 'পিক্-আপ' সংযোগের (কানেকশনের) ব্যবস্থা করা হয়েছে। টালিগঞ্জে ৬,৫০০ মিটার জলের মেন পাইপ বসানো হয়েছে। যাতে আরও বেশি পরিমাণে জল বয়ে আসতে পারে সেজন্য জল বণ্টনের ২,৬০০ মিটার মেন পাইপ আরও বড় করা হয়েছে, অথবা ভিন্নমুখী করে দেওয়া হয়েছে। গার্ডেনরীচ ওয়াটার ওয়ার্কাস চালু হওয়ার ফলে নিউ আলিপুর, আলিপুর, চেতলা এবং খিদিরপুরের বিপুল এলাকা উপকৃত হয়েছে। যে-সমস্ত এলাকায় জলাভাব রয়েছে সেখানে পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে ২৮টি জলের ট্যাঙ্কারকে কাজে নামানো হয়েছিল। এ বছর ২০৭টি বড় 'ডায়া' নলকূপের মধ্যে ২০টি বদলানো হয়েছে। একই ভাবে ৮০০টি ছোট 'ডায়া' নলকূপ বদলানো হয়েছে। আগামী আর্থিক বছরে অনুরূপ ধরনের কয়েকটি কর্মসূচী গ্রহণ করে জল সরবরাহ ব্যবস্থার আরও উন্নতি ঘটানোর কথা পৌরনিগম চিন্তা করে দেখছেন।

স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা প্রসঙ্গে বলা যেতে পারে যে, খাদ্যে ভেজাল দেওয়া বন্ধ করার জন্য পৌরনিগম কঠোর ব্যবস্থা নিয়েছেন। ১৯৮৩ সালের জানুয়ারি পর্যন্ত ১,১৭৯টি নমুনা সংগ্রহ করা হয় এবং ভেজাল খাদ্য বিক্রি করছিলেন এমন কিছু ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। ৬'৫ লক্ষ মানুষকে কলেরা প্রতিষেধক টিকা দেওয়া হয়েছে। পৌরনিগম পরিচালিত পাঁচটি বিভিন্ন প্রসূতি সদনে প্রায় ৬,০০০ প্রসূতির চিকিৎসা করা হয়। যে-সব এলাকায় প্রকৃতই ম্যালেরিয়া রোগের আক্রমণের কথা জানা গিয়েছে সে-সব এলাকায় মশার উপদ্রব বিনষ্ট করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। পৌরনিগম ৭টি চেষ্ট ক্লিনিক এবং বোড়ালে একটি যক্ষ্মা হাসপাতাল চালাচ্ছেন। সেগুলিতে লক্ষাধিক রোগী চিকিৎসার সুবিধা পেয়ে

আসছেন। প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৪০,০০০ ছাত্র-ছাত্রীরও নিয়মিতভাবে স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে।

কলকাতা পৌরনিগমের অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচী হলো কিছু কিছু বাজারের পুনরুন্নয়ন। সেই বাজারগুলি হচ্ছে এস এস হগ মার্কেট, গড়িয়াহাট মার্কেট, মানিকতলা-কাঁকুড়গাছি মার্কেট এবং কলেজ স্ট্রীট মার্কেট। এজন্য মোট ব্যয় হবে আনুমানিক ২০·৬২ কোটি টাকা। এই কর্মসূচী রূপায়ণের কাজ এখন বিভিন্ন স্তরে রয়েছে। এস এস হগ মার্কেট, গড়িয়াহাট মার্কেট ও মানিকতলা-কাঁকুড়গাছি মার্কেটের পুনরুন্নয়নের কাজ ১৯৮৬ সালের ৩০শে জুনের মধ্যে সম্পূর্ণ করে ফেলাই লক্ষ্য। আর কলেজ স্ট্রীট মার্কেটের কাজ ১৯৮৭ সালের জানুয়ারি মাসের শেষ নাগাদ সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়। বাঁশদ্রোণী মার্কেটের পুনরুন্নয়নের জন্যও একটি কর্মপ্রকল্প রচনা করা হচ্ছে এবং শীঘ্রই তা চূড়ান্তভাবে রচিত হয়ে যাবে।

কলকাতা পৌর নিগমের হরিজন কর্মচারীদের জন্য নূতন বাসগৃহ নির্মাণ এবং তাঁদের বর্তমান বাসগৃহগুলির সংস্কারসাধন পৌর নিগমের বার্ষিক কর্মসূচীতে একটি গুরুত্বপূর্ণ বিষয়। বর্তমানে ৩১, ইউ. সি. ব্যানার্জি রোডে নূতন বাসগৃহ নির্মাণের কাজ চলছে। অনুরূপ কাজে আগামী বছর ২০ লক্ষ টাকা ব্যয় করা হবে বলে আশা করা যাচ্ছে।

উপসংহার ঃ

মহাশয়, এই হলো যথাক্রমে ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে এই বিভাগের কৃতিত্ব ও কর্মসূচীর সংক্ষিপ্ত বিবরণ। আমি আগেই বলেছি, আমাদের সরকার জনগণের কাছে, বিশেষ করে সমাজের দরিদ্রতর শ্রেণীর মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। শহরাঞ্চলের স্থানীয় সংস্থাগুলির আরও সুষ্ঠু পরিচালনার মাধ্যমে শহরবাসী বিপুল সংখ্যক মানুষের, বিশেষ করে ঐ দরিদ্রতর শ্রেণীর মানুষদের জীবনযাত্রার পরিবেশের উন্নতিসাধনের জন্য আমরা যে প্রয়াস চালিয়ে যাচ্ছি, পরিমিত হলেও তা আমাদের আন্তরিক প্রয়াস। আমাদের সঙ্গতি সীমিত। কিন্তু আমাদের আশা-আকাঙ্ক্ষা অনির্বাণ, প্রাণশক্তি অফুরন্ত। আমাদের যা কিছু সঙ্গতি আছে, আমরা তার সবটাই এমনভাবে কাজে লাগাচ্ছি যাতে সবচেয়ে বেশি সুফল পাওয়া যেতে পারে। এমনকি, আমাদের অর্থাভাবের দরুন যখন আমরা জনগণের কষ্ট লাঘবের জন্য বাস্তবিক কিছু করে উঠতে অপারগও হই তখনও আমরা তাঁদের পাশে গিয়ে দাঁড়াই, তাঁদের দুঃখের অংশভাগী হই এবং উজ্জ্বলতর ভবিষ্যতের সন্ধানে তাঁদের সঙ্গে একযোগে প্রয়াস চালিয়ে যাই।

মহাশয়, এই বলে আমি সভার অনুমোদনের জন্য আমার বিভাগের অর্থ বরাদ্দের এই দাবী পেশ করছি।

DEMAND No. 26

শুধুমাত্র স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগের অধীনে যে অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলি আছে তাদের পরিচালনা এবং সাধারণভাবে অগ্নিনির্বাপণ সংস্থার উন্নতি ও নতুন কেন্দ্র প্রতিষ্ঠার জন্য এই ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের অধীনে যে অগ্নিনির্বাপণ সংস্থাগুলি আছে উক্ত বিভাগই সেগুলির ব্যয় ভার বহন করে। তার জন্য Demand No. 27—Major Head "265-Other Administrative Services-III—Civil Defence—Non-Plan -2-ARP-(b) Fire Fighting" খাতে মোট ৩,০০,৮৫,০০০ (তিন কোটি পঁচাশি হাজার) টাকা ব্যয়বরাদ্দের দাবী উক্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় পৃথকভাবে এই সভায় পেশ করবেন। এর মধ্যে ভোট-অন-এ্যাকাউন্টে বরাদ্দ অর্থও ধরা আছে।

১৯৫০ সালে ত্রিশটি অগ্নিনির্বাপণ কেন্দ্র নিয়ে পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থা স্থাপিত হয়েছিল। কেন্দ্রগুলির অধিকাংশই ছিল কলকাতা এবং তৎসন্নিহিত শিল্পসমৃদ্ধ শহরতলী এলাকায়। বর্তমানে কেন্দ্রগুলির সংখ্যা দাঁড়িয়েছে ৭৪। এর মধ্যে ৩৯টি স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগের অধীন, বাকি ৩৫টি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের নিয়ন্ত্রণাধীন।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, প্রতি বছরই এই রাজ্যে অগ্নির কবলে অনেক ধনসম্পত্তি নষ্ট হয়। জীবনহানির ঘটনাও খুব কম ঘটে না। দমকল কেন্দ্রগুলির প্রধান দায়িত্ব আগুনের হাত থেকে মানুষের জীবন এবং ধনসম্পত্তি রক্ষা করা। বর্তমান যুগে অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে দেশের অর্থ নৈতিক উন্নতির একটি অচ্ছেদ্য অঙ্গ হিসাবে গণ্য করা হয়। রাজ্যে ঘনবসতিপূর্ণ বিভিন্ন এলাকায় অধিকতর সংখ্যায় নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। প্রয়োজনীয় অর্থের অকুলান সত্ত্বেও বামফ্রন্ট সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত এবং সাধ্যমত চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের অগ্নিনির্বাপণ সংস্থাটিকে সুগঠিত করে সুদৃঢ় বনিয়াদের উপর দাঁড় করিয়ে দিতে বামফ্রন্ট সরকার বদ্ধপরিকর। বহুকাল সংস্থাটি অবহেলিত ছিল। না ছিল যথেষ্ট পরিমাণ কর্মী, না ছিল আধুনিকতম সাজসরঞ্জাম।

রাজ্যের বিভিন্ন প্রান্তে ক্রমবর্ধমান শিল্প বাণিজ্য কেন্দ্রগুলিকে আগুনের হাত থেকে বাঁচাবার জন্য দেশে আরো বহুসংখ্যক অগ্নিনির্বাপণ কেন্দ্রের প্রয়োজন। স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগ রাজ্যে বামফ্রন্ট সরকারের শাসনকাল থেকেই এদিকে গভীর দৃষ্টি নিবদ্ধ করেছেন এবং মাননীয় সদস্যগণ শুনে অবশ্যই খুশী হবেন যে, এই কবছরের শাসনকালের মধ্যেই এই সংস্থায় প্রভূত উন্নতি সাধিত হয়েছে।

এ কথা স্বীকার্য যে এই সংস্থার বহু সাংগঠনিক দুর্বলতা রয়েছে। অগ্নিনির্বাপণ কার্যে ব্যবহৃত সাজ-সরঞ্জামাদির অধিকাংশই পুরানো এবং অনেকাংশে ব্যবহারের অনুপযোগী হয়েছে। প্রয়োজনীয় সুদক্ষ কর্মীরও অভাব। এই দুইটি কারণ একত্র হয়ে পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ সংস্থাটির পরিচালন সমস্যা তীব্র হয়ে উঠেছে, কিন্তু আমি পূর্বেই বলেছি যে, সরকার এই সমস্যাগুলি সম্বন্ধে সম্যক অবহিত এবং এ সমস্যা সমাধানে সযত্ন প্রয়াস চালিয়ে যাচ্ছেন। কিন্তু দুঃখের বিষয় অর্থের অভাবে প্রয়োজনীয় উন্নতি সাধন সম্ভব হচ্ছে না। রাজ্য সরকারের শত প্রচেষ্টাতেও অগ্নিনির্বাপণ সংস্থাটিকে কেন্দ্রীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত করা যায় নি। প্ল্যানিং কমিশন বিষয়টিকে পাঁচসালা পরিকল্পনার বাইরে রেখেছেন। নন-প্ল্যান আইটেম হিসাবে থাকার ফলে এই সংস্থার পরিচালনায় অর্থাভাব খুবই প্রকট। তা সত্ত্বেও স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ সংস্থাটির সর্বাত্মক উন্নতির জন্য এক ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছেন। ইতোমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে কয়েকটি নতুন দমকল কেন্দ্র স্থাপন করা হয়েছে। এ ছাড়া রাজ্যের বিভিন্ন শিল্পোন্নত কয়েকটি এলাকায় নতুন কেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহণের পরিকল্পনা চলছে। ইতোমধ্যেই কাটোয়া, তারাতলা, সিউড়ি, মেখলিগঞ্জ, বাঁকুড়া এবং রামপুরহাটে এই উদ্দেশ্যে জমি সংগৃহীত হয়েছে। মেখলিগঞ্জে দুই পাম্পবিশিষ্ট একটি দমকল কেন্দ্র স্থাপনের জন্য সাত লক্ষ একানব্বই হাজার টাকা ব্যয়ে একটি পরিকল্পনা অনুমোদন করা হয়েছে এবং এর কাজও শুরু হয়েছে। প্রায় দশ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত মানিকতলায় একটি অগ্নিনির্বাপণ কেন্দ্র সম্প্রতি চালু হয়েছে। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেডের সহযোগিতায় হলদিয়াতে ইতোমধ্যেই একটি দমকল কেন্দ্র স্থাপন করা হয়েছে, কিন্তু এই এলাকায় ক্রমবর্ধমান জনবসতি এবং শিল্প সমৃদ্ধির কথা বিবেচনা করে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির সহযোগিতায় আরও একটি কেন্দ্র এই এলাকায় স্থাপনের জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই নতুন কেন্দ্রটির নির্মাণের কাজও শুরু হয়ে গিয়েছে।

অগ্নিনির্বাপণ ট্রেনিং স্কুলটিকে বর্তমান স্থান থেকে সরিয়ে নেবার জন্য ১৯৭৯-৮০ সালে বেহালার এল. এম. দে রোডে প্রায় ৬ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল।

কিন্তু এই অধিগ্রহণের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে মামলা দায়ের হওয়ার জন্য এখনও জমির দখল পাওয়া যায় নি। বিষয়টি নিষ্পত্তি হতে হয়ত আরও কিছু দেরী হবে।

টালিগঞ্জ এবং খড়্গপুর অগ্নিনির্বাপণ কেন্দ্র বর্তমানে ভাড়া বাড়ীতে অবস্থিত। এই বাড়ীগুলি কিনে নেবার সিদ্ধান্ত হয়েছে। কৃষ্ণনগর অগ্নিনির্বাপণ কেন্দ্রের বাড়ীটিও কিনে নেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শীঘ্রই বিক্রয়-কোবালা সম্পাদিত হবে। এ ছাড়া চন্দননগর, রানীগঞ্জ, ভদ্রেশ্বর, উত্তরপাড়া এবং ক্যানাল ওয়েষ্ট রোডে অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলির বাড়ীর অধিগ্রহণের কাজও শীঘ্রই সম্পন্ন হবে। ১৯৩৯ সালে Defence of India Rules-এর ধারা বলে দমকল কেন্দ্র স্থাপনের জন্য যে বাড়ীগুলি হুকুমদখল করা হয়েছিল সেগুলি অধিগ্রহণ করা হয়েছে। এর মধ্যে কাঁচরাপাড়া, গড়িফা, গৌরীবাড়ি লেন, বদ্রিদাস টেম্পল ষ্ট্রিট-এর বাড়ীগুলির অধিগ্রহণ ইতোমধ্যেই সম্পূর্ণ হয়েছে। সিউড়িতে একটি নতুন কেন্দ্র নির্মাণের কাজ পর্যায়ক্রমে শেষ হবে। Calcutta Improvement Trust-এর সহায়তায় ক্যানাল ওয়েষ্ট রোডে একটি নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সল্টলেক এলাকায় একটি নতুন কেন্দ্র স্থাপনের জন্য ইতোমধ্যেই একখণ্ড জমি সংগ্রহ করা হয়েছে। দক্ষিণেশ্বর ট্রাক টারমিনালের জন্য অধিকৃত জমি থেকে বরানগরে একটি নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের জন্য সি. এম. ডি. এ.-কে ইতোমধ্যেই অনুরোধ করা হয়েছে। এ ছাড়া কোলবার্থ অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের জন্য কলকাতা পোর্ট ট্রাষ্ট কর্তৃপক্ষ তারাতলায় একখণ্ড জমি দান করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিকে যেমন রাজ্যের বিভিন্ন এলাকায় নতুন নতুন কেন্দ্র স্থাপন করে এই সংস্থাটির সমৃদ্ধি ঘটানো হচ্ছে, অন্যদিকে তেমনি এই সংস্থার কর্মদক্ষতা বৃদ্ধির দিকেও বিশেষ নজর দেওয়া হচ্ছে। আধুনিক সাজ-সরঞ্জামে সংস্থাটি সাজাবার দিকে যথেষ্ট মনোযোগ দেওয়া হচ্ছে। নতুন গাড়ী এবং যন্ত্রপাতি কেনার জন্য ইতোমধ্যেই প্রভূত অর্থ ব্যয় করা হয়েছে। পুরাতন যন্ত্রপাতিগুলির মেরামতি বা পরিবর্তন করে কেন্দ্রগুলি সুগঠিত করে তোলা হচ্ছে। আধুনিক উন্নত ধরনের ওয়াটার টেণ্ডার ফায়ার ইঞ্জিন ক্রয় করার ব্যবস্থা করা হয়েছে। পূর্বে যে গাড়ীর কাঠামোগুলি ক্রয় করা হয়েছিল ইঞ্জিনগুলি তার সঙ্গে যুক্ত করা হবে। আধুনিকতম সাজ-সরঞ্জাম ক্রয় করার উদ্দেশ্যে রাজ্য সরকার ইতোমধ্যে জীবন বীমা কর্পোরেশন-এর কাছ থেকে এক কোটি উনত্রিশ লক্ষ টাকা ঋণ হিসাবে সংগ্রহ করেছেন। সুউচ্চ অট্টালিকায় আগুন নেভাবার জন্য ১০৩ ফুট উঁচু স্নরকেল (Hydraulic platform), ওয়্যারলেসের যন্ত্রপাতি এবং অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম এই অর্থে সংগ্রহ করা হবে। ইতোমধ্যেই ৩০টি ছোট পাম্প বিদেশ থেকে সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণ করা

হয়েছে। এ ছাড়া রাজ্য সরকার জীবন বীমা কর্পোরেশন-এর কাছ থেকে আরও এক কোটি পনের লক্ষ টাকা ঋণ হিসাবে সংগ্রহ করেছেন। এই অর্থে একটি টার্নটেবল ল্যাডার, ১৫টি ওয়াটার টেণ্ডার, ২০টি ছোট পাম্প এবং ওয়ারলেসের যন্ত্রপাতি সংগ্রহ করা হবে। অগ্নিনির্বাপণ সংস্থায় ওয়ারলেস সিষ্টেম চালু করার প্রাথমিক কাজ শুরু হয়েছে এবং আশা করা যায় অল্প কিছুদিনের মধ্যেই এ কাজ সম্পন্ন হবে। এই পদ্ধতি প্রবর্তনের ফলে অগ্নিনির্বাপণ কেন্দ্রের কর্মদক্ষতা বহু গুণ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

ফায়ার লাইসেন্স ফি বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা নিরূপণের উদ্দেশ্যে পরামর্শ দান এবং ফায়ার লাইসেন্স শাখার পুনর্গঠনের উদ্দেশ্যে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগ একজন উচ্চপদস্থ অফিসার নিয়োগ করেছিলেন। উক্ত অফিসার ইতোমধ্যেই তাঁর প্রতিবেদন পেশ করেছেন। অগ্নিনির্বাপণ সংস্থার এই শাখাটির পুনর্গঠন করে অধিকতর কার্যকরী ভূমিকা পালনের উদ্দেশ্যে কতকগুলি পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। সমগ্র প্রতিবেদনটি সরকারের বিবেচনাধীন আছে। যত শীঘ্র সম্ভব এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কথা অনস্বীকার্য যে, কোন সংগঠনের শ্রমিক-কর্মচারীদের ন্যায্য দাবী-দাওয়া মেটাতে না পারলে তাঁদের কাছে উপযুক্ত পরিমাণ কাজ পাওয়া যায় না। বামফ্রন্ট সরকার সকল স্তরের শ্রমিক-কর্মচারীদের ন্যায্য দাবী-দাওয়া মিটিয়ে দেওয়ার পক্ষপাতী। সীমিত সামর্থ্যের মধ্যে সরকার এ বিষয়ে বিশেষভাবে চেষ্টা করছেন। অগ্নিনির্বাপণ সংস্থায় এতকাল দুই শিফ্‌ট কাজের প্রথা চালু ছিল। আন্তর্জাতিক শ্রমিক আইন বিরোধী এই প্রথা রদ করে বামফ্রন্ট সরকার এই সংস্থার কর্মচারীদের জন্য তিন শিফট্‌ কাজের প্রথা চালু করেন। ১৯৮০ সালের ১লা মে তারিখ থেকে সমস্ত অপারেশনাল ষ্টাফের জন্য প্রথম এই প্রথা চালু হয়। ১৯৮২ সালের ১১ই আগষ্ট থেকে সমস্ত ষ্টেশন অফিসারদের ক্ষেত্রেও এই ডিউটি প্রথা চালু করা হয়। ভারতবর্ষে অগ্নিনির্বাপণ সংস্থায় নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের চাকুরিগত সুযোগ-সুবিধা বৃদ্ধির ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের এটি একটি ঐতিহাসিক পদক্ষেপ। এই সংস্থার শ্রমিক-কর্মচারীরা বর্তমানে সরকারী সংস্থায় নিয়োজিত সমস্ত কর্মচারীদের মতই সপ্তাহে দেড়দিন ছুটি উপভোগ করেন। তিন শিফ্‌ট ডিউটি এবং সপ্তাহে দেড় দিন ছুটির প্রথা প্রবর্তনের ফলে শ্রমিক-কর্মচারীদের কর্মদক্ষতা বহু গুণ বৃদ্ধি পাবে বলেই বিশ্বাস।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, অগ্নিনির্বাপণ সংস্থার কর্মচারীগণকে অগ্নিনির্বাপণের আহ্বান পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছতে হয়। এই সংস্থার কর্মচারী

এবং অফিসারগণ সর্বদাই তাঁদের কর্তব্য সম্বন্ধে সচেতন। কিন্তু দুঃখের বিষয় কোন কোন ক্ষেত্রে অগ্নিনির্বাপনের জন্য ঘটনাস্থলে উপস্থিত হয়ে কর্মচারীগণকে দুষ্কৃতকারীদের হাতে নিগৃহীত হতে হয়। কোন ক্ষেত্রেই কর্মচারীগণ ইচ্ছাকৃতভাবে অযথা দেরী করেন না। রাস্তায় যানজট বা অন্যান্য যান্ত্রিক ত্রুটির জন্য কর্মচারীদের উপস্থিতির বিলম্ব ঘটে। এই প্রসঙ্গে একটি বেদনাদায়ক ঘটনার উল্লেখ করতে চাই। কিছুদিন পূর্ব বর্ধমান জেলার রামনগর গ্রামে অগ্নিনির্বাপণের ডাকে সাড়া দিতে গিয়ে অগ্নিনির্বাপণ সংস্থার এক কর্মী শ্রীগোলাম রসুল জনতার হাতে প্রচণ্ডভাবে নিগৃহীত হন এবং গত ১৫ই মার্চ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আমি মাননীয় সদস্যগণের মাধ্যমে সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছে আবেদন রাখছি যে, ভবিষ্যতে কোথাও যেন তাঁরা এই ধরনের হঠকারিতার প্রশ্রয় না দেন।

মাননীয় সদস্যগণ শুনে আনন্দিত হবেন যে, ১৯৮২ সালে আমাদের অগ্নিনির্বাপণ সংস্থা ৬,৭৯৪টি আগুন নেভানোর ডাকে সাড়া দিয়েছেন। প্রায় ২৯ কোটি ১২ লক্ষ টাকার সম্পত্তির সম্ভাব্য ক্ষতি থেকে তাঁরা তাঁদের প্রত্যুৎপন্নমতিত্ব এবং সময়োপযোগী ব্যবস্থা গ্রহণের ফলে ২৩ কোটি ৮৬ লক্ষ টাকার সম্পত্তি উদ্ধার করতে পেরেছেন। এই সব অগ্নিকাণ্ডের ফলে ৪০১ জন অগ্নিদগ্ধ এবং ১৯১ জন—৭২ জন মানুষ এবং ১১৯টি জীবজন্তু প্রাণ হারিয়েছিল এবং অগ্নিনির্বাপণ সংস্থার কর্মীরা ৯৪৬ জন মানুষ এবং ২৫২টি জীবজন্তুর প্রাণ রক্ষা করতে পেরেছিলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অগ্নিনির্বাপণ সংস্থাটিকে সুসংগঠিত করে মানুষের প্রয়োজনে একে অধিকতর অগ্রণী ভূমিকা পালনের কাজে নিয়োজিত করে তোলার জন্য বর্তমান সরকার দৃঢ়সংকল্প। সঠিকভাবে সংগঠিত করে তুলতে পারলে সংস্থাটি সমাজের অশেষ কল্যাণ সাধন করবে। বামফ্রন্ট সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত। সীমাবদ্ধ ক্ষমতা এবং আর্থিক অসচ্ছলতার মধ্যেও আমরা সংস্থাটিকে আধুনিকতম সাজ-সরঞ্জামে সাজিয়ে তুলবার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এই সংস্থাটি যাতে আরও বেশী সামাজিক দায়িত্ব পালন করতে পারে তার জন্য আমি মাননীয় সদস্যগণের সহযোগিতা কামনা করছি।

এই ক'টি কথা বলে মাননীয় সদস্যদের আমি আমার এই ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ করছি।

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND No. 74

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of demand be reduced by Rs. 100.

Shri Subhas Chandra Mahata: Sir, I beg to move that the amount of demand be reduced by Rs. 100.

Shri Kashinath Misra: Sir, I beg to move that the amount of demand be reduced by Rs. 100.

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, as a representative of the people I feel and I am sure that it will be unfair and unjust to support this demand now placed before the House because the Hon'ble Minister—who is at present Minister—against whom a very serious allegation regarding scandal of earth cutting worth Rs 3½ crores in the southern part of Calcutta came, and this is under judicial enquiry. He is still occupying the Chair, and how just and fair things can be expected of him ? I know a gentleman for a pretty long time when he was the Mayor of Calcutta Corporation. At the time of the selection of Education Officer he had exercised his influence in unfair way on the Municipal Service Commission, so that his nominee is selected. So, he played a very dirty role also in the past. How as a citizen and as a representative of the people I can support him ? According to statutory obligations no new post in the Corporation can be created or the pay-scale of any existing post be revised without prior sanction of the State Government, but for the past five years, lots of posts have been created in anticipation of State Government sanction and such sanction is hanging still now though appointments to these posts have been made and are continuing.

Sir, Hon'ble Minister-in-charge of Localself Government and Urban Development in his statement made before this House on 7th October last has said that in making appointments advertisements are made, candidates are selected by interview and recruitment regulations are observed. There are numerous instances where direct appointments were made in various posts without advertisement and any selection and just an forwarding notes by the Hon'ble Minister himself. According to the Act, no appointments made under Section 79(2) of the Act can continue beyond 6 months without following the existing regulations and also without the recommendations of the appropriate Service Commission, but almost all temporary appointments are continuing beyond six months disregarding such obligations. In a recent case the Learned Justice His Lordship Shri G. N. Ray on 19th July, 1982 has observed that creation of any post without prior sanction of the State Government is an act without authority of law and continuance of any temporary appoitment beyond six months without recommendations of the appropriate Service Commission is illegal and may be considered to be perpetuation of fraud on the Statute.

Sir, there would have been no criticism if the re-organisation was aimed at increase in quantum of civic services and augmentation of revenue, but in all

;s the main objective seems to be to create additional posts, to abolish lower ts and to make the administration top heavy.

To stimulate the Motor Vehicles Department one post of Special Officer otor Vehicles) was created and the post was advertised and candidates rviewed too. But ignoring the same the Hon'ble Minister forwarded application of a military officer still then in service and who made the lication direct and not through proper channel and he was appointed Special Officer (Motor Vehicles).

[5.50—6.00 P.M.]

Shri Abdur Rauf Ansari : You will find that there is no justice in water ly, drainage and conservancy, street light, preventive health measures, ary education, hospital, maternity and child welfare and municipal market. for the present Government have been able to discharge their responsibiiity. poration have failed to supply water to the public due to frequent leakage breakdown. Recently, a few days' back you have seen the disruption of ices of Corporation for supplying water due to failure of the electricity. again you will listen after few days যেটা মেন পাইপ টালা, পল্‌তা থেকে ছে সেখানে লিকেজ হয়েছে। লিকেজের কথা আমরা অনেক দিন থেকে শুনছি। do you not take precautionary measures then? You are unable to ralise it. You cannot give water to the citizens of Calcutta when they giving their taxes to the Corporation. সি এম ডি এ'র মাটি কাটার জন্য নজ সিষ্টেম বন্ধ হয়ে যাচ্ছে। ফলে একটু বৃষ্টি হলেই চারিদিকে জল জমে হ। This business is being misused, Corporation has become the source creating employment for your cadres. Regarding the ambulance of the poration, কর্পোরেশানের খাতায় ১৫টি এ্যাম্বুলেন্স লেখা আছে, কিন্তু আসলে শান করছে মাত্র ৮টি। Now you see that majority of the ambulance are functionig. You have got funds but যেটা আমরা করে গেলাম সেটাও নারা মেনটেন করতে পারছেন না, সব টাকা ড্রেন আউট হয়ে চলে যাচ্ছে। কাতা থেকে মিডিল ক্লাস যাদের বলা হয়, তাদের আপনারা তাড়িয়ে দিচ্ছেন। ল ক্লাস পিপল যেখানে থাকে সেখানে ১২ ফুট চওড়া রাস্তা আছে। আপনারা নে বিল্‌ডিং রুল অনুযায়ী বলছেন ১৭ ফুট চওড়া রাস্তা না হলে দোতলা বাড়ি যাবে না। সেজন্য সব বাড়ি বিক্রি হয়ে যাচ্ছে। Mr. Das is the expert of the

Revenue Department. বিল্ডিং-এর কাজে তাঁকে দিচ্ছেন না। আপনি বলেছিলে এক্সপার্টের হাতে দেব। আজকে হাজার হাজার আনঅথরাইজড কনস্ট্রাকশা হচ্ছে, সেটা দেখার জন্য মাত্র ২/৩ জন স্পেশাল অফিসার দিয়েছেন। ১১৫/১১৬ আনঅথরাইজড কনস্ট্রাকশানের কেস হয়েছে, কিন্তু তাঁরা বিল্ডিং কনট্রাক্টরদে দালালী করছেন, তলায় তলায় সব লেনদেন চলছে।

What is the duty of the Corporation ? Drainage-এর অবস্থা খু শোচনীয়। পাইপ ড্রেনেজ সিসটেমে যে বিগ ম্যানহোল আছে তার মধ্যে মানু ঢুকে যেতে পারে, তার মুখে ঢাকনা না থাকায় পাইপ লাইন সিল্টেড হয়ে যাচ্ছে পাইপ লাইনে লিকেজ হচ্ছে।

You are unable to save Calcutta and its people. People will die because of your inefficiency. you are giving employment Only to your cadres. সেই কেডাররা জানে না এফিসিয়েন্সি কাকে বলে। তারা শুধু সই করে বাড়ী চলে যায়। কলকাতার সাধারণ মানুষ কর্পোরেশানকে ট্যাক্স দিচ্ছে অথচ সার্ভিস কিছু পাচ্ছে না। আপনি মার্কেট সম্বন্ধে বলেছেন। মার্কেটের অবস্থা খুব শোচনীয়। রাস্তার উপর মার্কেট সিফট করেছে। ধর্মতলার মুখে সেণ্ট্রাল এ্যাভিনিউ-এর ধারে মার্কেট রাস্তার উপর উঠে এসেছে। যার ফলে প্রতিদিন হাজার হাজার গাড়ী ঘুরিয়ে দেওয়া হচ্ছে, এতে বেশী পরিমাণ পেট্রোল খরচ হচ্ছে এবং তার ফলে লক্ষ লক্ষ টাকা দেশের ক্ষতি হচ্ছে। কিন্তু অন্যদিকে When you are paying foreign exchange for purchasing of petrol.

আজকে মেয়েরা স্কুল কলেজে যেতে পারছে না এবং এ্যাকসিডেণ্ট অনেক বেড়ে গেছে। আপনারা যেমন ঠিক ভাবে ফিলটার্ড ওয়াটার সাপ্লাই করতে পারছেন না, ঠিক তেমনি আন-ফিলটার্ড ওয়াটার সাপ্লাইও করতে পারছেন না। সেদিন বড় বাজারে আগুন লাগল, কিন্তু কোথাও জল নেই। ফায়ার ব্রিগেড-এ আপনারা অনেক লোককে বেতন দিয়ে রেখেছেন কিন্তু তারা কাজ করবার সময় জল পাচ্ছে না। হয়ত তারা জল আনতে লালদিঘীতে যাবে, কিন্তু ততক্ষণে আগুনে সব শেষ হয়ে যাবে। কাজেই দেখছি, you are quite unable to give service to the people.

এবারে আমি স্মল ডায়ামিটার টিউবওয়েলের কথায় আসছি। টিউবওয়েল তৈরী হচ্ছে বা হবে সেখানে কনট্রাক্টররা পুরান পাইপ পালিস করে লাগাচ্ছে আপনাদের কমরেডরা এবং এরিয়া কমিটির সেক্রেটারী এই ব্যাপারে যা বল

-ই হবে। এই ভাবে আপনারা শাসনকার্য চালাচ্ছেন। So the corruption d nepotism is a common thing in the municipal department.

এবারে আমি রেভিনিউ সম্বন্ধে কিছু বলবো। ফিন্যান্স কমিটির রিপোর্ট আমি খেছি কেন কাজ হয়নি। আপনারা অহেতুক গরীব মানুষ, যারা খেটে খায় ই হকারদের তাড়িয়ে দিচ্ছেন। আপনারা যদি মার্কেট তৈরী করতে পারেন ত দেখবেন সরকারের অনেক আয় হবে। মুখ্যমন্ত্রীকে বলুন, বড় বড় রাস্তায় সমস্ত বড় বড় ভেহিকেল চলে তাদের উপর ট্যাক্স বসিয়ে সরকারের আয় বাড়ান কে। আপনারা মিউনিসিপ্যালিটির সংখ্যা বাড়িয়েছেন বটে, কিন্তু তাদের মিনিটিস্ কিছু বাড়িয়েছেন কি? মিউনিসিপ্যালিটিতে লাইটিং-এর ব্যবস্থা পনারা করতে পারেন নি। আপনারা তাহলে কি এ্যামিনিটিস্ দিয়েছেন দের? আজও দেখছি ১২ হাজার খাটা পায়খানা রয়েছে। আমরা মধ্য কাতার লোক, কখনই মশারী ব্যবহার করতাম না। কিন্তু আজ ২ বছর ধরে মরা মশারী ব্যবহার বরতে বাধ্য হচ্ছি। আমরা লক্ষ্য করেছি সব কিছুর মূলে রছে আপনাদের মিস্ ম্যানেজমেন্ট। ডাঃ রায়ের বাড়ীর কাছে একটা পাম্পিং শান তৈরী করেছেন। কিন্তু সেখানে লাইটের কোন ব্যবস্থা নেই। সেখানে কারে মার্ডার হচ্ছে এবং তার পেছনের দিকটায় নিয়মিত এ্যাক্সিডেন্ট হচ্ছে। মি জানতে চাই, ওখানে কি এই অন্ধকার অবস্থাই থাকবে, না লাইটের ব্যবস্থা ব? আমি বলছি, ওখানে লাইটের ব্যবস্থা করুন এবং কয়েকটা বাম্পস্-এর বস্থা করুন। বাম্পসের ব্যবস্থা হলে গাড়ীগুলি আস্তে আস্তে চলবে এবং াক্সিডেন্ট কম হবে। টি. বি. হসপিটাল যেটা রয়েছে সেটা আমরা করেছি। াপনারা কোন এ্যাডিশানাল হসপিটাল ফর দি পুওর এ্যাণ্ড কমন ম্যান অফ ালকাটা করতে পারেন নি।

[6.00—6.10 P. M.]

The condition of the city of Calcutta is the same as that of the condition of owrah. So your government's contemplation to bring Garden Reach area der the jurisdiction or the periphery of Calcutta Corporation will not befitting অবস্থায় তারা বাস করছে। সেখানে গেলে বুঝতে পারবেন। কলকাতার স্থিতে লোকে কিরকম ভাবে বাস করছে। It is a kind of punishment to live such municipal areas. On the contrary, the atmosphere in the villages is r better and more hygienic than that of this city. Moreover, the villages are

also free from any environmental hazards. Now, coming to the subject street accidents, what have you done with regard to averting street accide where so many lives are lost everyday ?

গাড়ি কমাতে পারবেন। অধ্যক্ষ মহাশয় অপনি দেখুন যে কলকাত ফায়ারবিগ্রেডগুলোতে কি রকম দুর্নীতি চলছে। ঐ সব ষ্টেশনগুলি একেবা দুর্নীতির আড্ডাখানা হয়ে গেছে।

You have introduced 'three shift duty system' for the Operational Staff the Fire Services Wing. Here with all the emphasis I can command I s that the administrative machinery of the West Bengal Fire Services h deteriorated to such an extent that even our imagination fails to account f it. No new policy has been framed with regard to the maintenance of t vehicles. Most of them are lying in a damaged condition. As regards t administrative machinery, some allegations were brought against so personnel of this Unit. They are—(i) Shri Ajoy Dey, Equipment Offic (H. Qr.), (ii) Shrimati Dipty Mukherjee, Station Officer (H. Qr.) (iii) Shri (Ghatak, Store Keeper. They were detected as criminals. But not to speak awardiag any punishment of any sort, the Equipment Officer Shri Ajoy Dey h been promoted to the rank of a Divisional Officer in the Howrah Fire Servic Station and the position of Shrimati Dipty Dey has been uplifted from h present assignment to the post of a Fire Station Officer of Serampore Fi Station. Sir, these things are going on in all the Fire Stations. Yo department as well as your Ministry has absolutely failed to tackle the situations.

আপনারা কলকাতার জনগণের জন্য কি কি সুবিধা করেছেন ? কলকাত মিউনিসিপ্যাল এ্যাক্টে যে-সব সুবিধার কথা বলা হয়েছে, তার কতটা আপনা দিতে সমর্থ হয়েছেন ? উপরন্তু তাঁদের উপর বিভিন্ন উপায়ে এবং বিভিন্ন রকম ভা কর বসানোর চেষ্টা করে যাচ্ছে এবং বসাচ্ছেন।

Your Department has already failed to give minimum amenities to t people of Calcutta which has been provided under the Calcutta Municipal A or West Bengal Municipal Act. You must give some amenities to th inhabitants of this city. But to our sadness you are imposing taxes on the in various ways. এমন কি আপনারা যারা সিনেমা দেখে তাদেরও সেই কর হাত থেকে রেহাই দেননি।

You have even imposed the burden of taxes on the Cinema goers, which one of the means of mental recreation. আপনারা ইলেকশন করতেও আজ পিছিয়ে যাচ্ছেন। আপনাদের ভোটার লিষ্ট ঠিকমত তৈরী নাই। আপনারা কা নিয়ে আসবেন এবং তিনি না এলে নির্বাচন হবে না। কেন হবে না ?

What about Corporation Elections ? You have failed there also. You ; failed and you are afraid that the Calcuttans will never favour you. Why 't you hold elections earlier ? Look at the distressing conditions of the cutta Corporation.

আপনারা কাউন্সিলরদের নমিনেশন দিচ্ছেন। নির্বাচিত কাউন্সিলরদের ানে নিয়ে আসা উচিত এবং আপনাদের পার্টির লোককেই সেখানে প্রোভাইড ছেন। এম. এল. এ বা জনপ্রতিনিধিদের আপনারা সেখানে ঠাঁই দিচ্ছেন না।

So all these things taken together, I Want to know from you if it is at all true literary concept of Democracy.

I strongly disapprove of this because it is hopeless for the people of Calcutta lso for the people living in the Municipal areas of West Bengal. I want to rid of it. Thank you.

ডাঃ হরমোহন সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে প্রশান্ত কুমার মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন ছি। সমর্থন করতে গিয়ে আমি বলব বিরোধী দলের যে বক্তা, যাঁর কাছ থেকে শুনব আশা করেছিলাম, নিশ্চয় তাদের অভিজ্ঞতার ভিত্তি দিয়ে কিছু বলবেন যেটার ভিত্তিতে আমাদের যদি কোন ত্রুটি-বিচ্যুতি থাকে সেইগুলো আমরা বর্তী কালে সংশোধন করে নিতে পারি, এইটুকু চেষ্টা করব, কিন্তু তিনি আমাদের াশ করেছেন। আমি জানিনা তিনি হয়ত বোঝাবার চেষ্টা করেছেন, তাঁর হয়ত বার অনেক কিছু ছিল কিন্তু তিনি বোঝাতে পারেন নি, বা আমরা বুঝিনি, কগুলো অসংলগ্ন কথা বারবার ঘুরে ফিরে কানে যেগুলো এসেছে তা হল একটা া 'নেপোটিজম' আর একটা কানে এল ঐ দলের লোকজন নিয়ে যে কথাগুলো া যায় আর কিছু দুর্নীতি, এই সব কথা। এটাতো প্রত্যেক দিন আপনারা ছেন, দুটো রেকর্ড আপনাদের বাজছে এই হাউসে। একটা রেকর্ডে বার বার ছেন আপনাদের কথা আর, আর একটা রেকর্ডে তার জবাব দিচ্ছি এর থেকে ন কিছু বলবেন এটাই আশা করেছিলাম, বাজেটিংকে সমৃদ্ধ করবেন এটাই আশা রেছিলাম। কিন্তু সেই ব্যাপারে আপনারা ব্যর্থ হয়েছেন। আমি তা সত্ত্বেও পনাদের কাছে জিজ্ঞাসা করতে পারি কি, আপনারা যখন ছিলেন তখন কি কি জ করেছেন ? এইটুকু যদি আপনারা বলতেন যে আমরা এই এই জিনিস করেছি হলে ভাল হোতো কিন্তু তা আপনারা বলেন নি। একটা কথা বার বার বলেছেন বি. হাসপাতাল সম্পর্কে। কিন্তু আপনারা কত টি. বি. রোগীর সৃষ্টি করেছেন, রিদ্র্য সীমার নীচে তাদের নামিয়ে এনেছেন, মানুষকে খেতে না দিয়ে কোন

জায়গায় ফেলেছেন, মানুষকে ঘরবাড়ী দিতে পারেন নি, আবাসন ব্যবস্থাকে ব্যর্থতায় পর্যবসিত করেছেন, রাস্তাঘাটের অবস্থা ১৯৭৭ সালের আগে কি ছিল সেটা সকলেই জানেন। সেই ১৯৭৭ সাল থেকে আজকে ১৯৮৩ সালে সেই রাস্তা দিয়ে যেভাবে মানুষ আগে চলাফেরা করত—আমি ধন্যবাদ দেব সেইসব আর্কিটেকটদের সেসব ইঞ্জিনীয়ারদের, সেইসব কর্মীদের, সেইসব সরকারী কর্মচারীদের এবং অফিসারদের যাঁরা নিশ্চয়ই সকলে অসং নন। আপনারা আজকে কলকাতার এই চলমান একটা সদাব্যস্ত নগরকে, যেখানে নতুন নতুন করে তৈরী করবার চেষ্টা করছেন, তাঁদের ধন্যবাদ দেব এবং আরও কিছু মানুষকে ধন্যবাদ দেব যেটা আপনারাও বলে গেছেন হাইড্রেন্ট-এ জল নেই, যেখানে প্রশান্তবাবুর দপ্তরের লোকেরা অগ্নি নির্বাপক যন্ত্র নিয়ে যান সেখানে তাঁরা জল পাননা বা জলের সন্ধান না পেয়ে জল কোথা থেকে নেবেন তা খুঁজে পান না তখন সেখানে তাঁরা যেভাবে কাজ করেন তাঁদের আমি ধন্যবাদ দোব। আপনাদের কাছে কি এইটুকু আশা করা যায় না? আপনারা কি ভাল কাজ দেখতে পান না? ভাল কাজকে ভাল বলুন। দিনের বেলাকে যদি একটু মেঘে ঢাকা অন্ধকার দেখে বলেন যে এটা রাত্রি চলছে তাহলে আমার মনে হবে কোন দ্রব্য গুণ সেখানে ক্রিয়া করছে। কোন দ্রব্য গুণ আমি জানিনা, এই দ্রব্যগুণ যদি আপনাদের ক্রিয়া করে থাকে তাহলে সবটাই অন্ধ পথ দেখবেন। আমি আপনাদের কাছে বলব একটু চেষ্টা করুন ভাল কাজকে ভালভাবে দেখার। নর্দমার জীব ক্রমাগত নর্দমার দিকে ছুটে যায়। সে শুধু ব' করে কোথায় কি আছে না আছে। ভালোর দিকে আপনারা একটু ওঠার চেষ্টা করুন। প্রশান্তবাবু তাঁর কনক্লুডিং স্পীচের কনক্লুশনে যা বলেছেন—আপনাদের জন্য আমাকে ইংরেজিতে পড়তে হচ্ছে, বাংলাটা একটু পড়ে দোব। তিনি বলছেন:

As I have already stated, our Government is committed to the people especially those belonging to the poorer sections of the Society. We have been trying in our modest but sincere way to improve the living conditions of the vast urban population, especially those poorer sections, through better management of urban local bodies. Our resources are limited, but not our aspirations and energies. We are making the best utilisation of the resources available with us to reap the optimum harvest out of it. Even where our finance does not permit us to take any concrete action towards mitigation of the sufferings of the people, we stand by them, bear with them and go on striving together towards a brighter future.

[6.10—6.20 P. M.]

আপনি যাবেন—আমি জানি কেন যাবেন। গায়ের জ্বালা ধরবে। কারণ কথায় অভ্যস্থ নন। আপনি একটি পরিষ্কার কথা বোঝবার চেষ্টা বন। আমরা কি বলেছি? এই হাউসে কিছুক্ষণ আগে পঞ্চায়েতের ট বরাদ্দ পাশ হয়ে গেছে। সেখানে পঞ্চায়েতের মধ্যে জনগণকে ইনভলভ আমরা কাজ করে যাচ্ছি। আবার সেই জনগণের এক অংশ সভ্যতার গতির সঙ্গে সঙ্গে শহর বা নগরের সঙ্গে যুক্ত হয়ে গেছে। অতীতে আমরা খছি নদী মাতৃক দেশ ছিল। সেই নদীর ধারে ধারে শহর, গঞ্জ গড়ে উঠেছিল। পর রেল লাইনের মাঝে মাঝে গঞ্জ গড়ে উঠল। জনগণের এক অংশ পঞ্চায়েতী র মধ্যে থাকল। আজকে আবার রোড ট্রান্সপোর্ট শুরু হয়ে যাওয়ায় রাস্তার ধারে গঞ্জ গড়ে উঠেছে। এই গঞ্জগুলি পঞ্চায়েতের মধ্যে থাকতে পারে। প্রশাসনিক ব্যবস্থা পঞ্চায়েতের মধ্যে কন্ট্রোল করতে পারা যায় না। এর বর বৃদ্ধি হচ্ছে। সেটাকে বলা হচ্ছে আর্বান সিসটেম এবং সেই সমস্ত গায় মিউনিসিপ্যালিটি করা হচ্ছে। আমি কি আপনাদের এই কথা জিজ্ঞাসা ত পারি যে, আপনারা থাকাকালীন এই রকম কতগুলি মিউনিসিপ্যালিটি ছিলেন? আপনারা ৩০ বছরের মধ্যে ১৩টি মিউনিসিপ্যালিটি করেছেন, আর রা গত ৬ বছরের মধ্যে এই রকম ১৩টি মিউনিসিপ্যালিটি করেছি। এই ১৩টি ও আরো ১৩টির প্রসেস নতুন করে তৈরী করা হচ্ছে। এর মধ্যে আমার ার ৩টি রয়েছে। এর জন্য আমি নিশ্চয় গর্ব বোধ করতে পারি। আমরা তে পাচ্ছি জলপাইগুড়ি থেকে শুরু করে পশ্চিমদিনাজপুর, বর্ধমান, ২৪ পরগনা, দীপুর, নদীয়া ইত্যাদি বিভিন্ন জেলা রয়েছে। আপনারা যা করতে পারেননি ান বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে সেই কাজগুলি করেছেন। লোকাল মেন্ট এ্যাণ্ড আর্বান ডেভেলাপমেন্ট ইত্যাদি করছেন। এখানে অনেক কিছু র আছে। তাই আমি আর্বান ডেভেলাপমেন্টের মন্ত্রী মহাশয়কে বলব ট্রপলিটান ডেভেলাপমেন্ট অথরিটি, লোকাল গভর্নমেন্ট এ্যাণ্ড আর্বান ভলাপমেন্ট এ্যাণ্ড টাউন এ্যাণ্ড কান্ট্রি প্ল্যানিং, এই তিনটিকে এক সঙ্গে কো-নেট করার ব্যবস্থা করতে হবে। কো-অর্ডিনেশনের ব্যবস্থা যেটুকু আছে কে আরো ব্যাপক করে তুলতে হবে এবং একটা এ্যাডভান্স আর্বান পলিসি গ্রোয়িং সেটেলমেন্টের ব্যবস্থা করতে হবে। গুজরাট, ইউ. পি-তে একটা টাউন য়েত এ্যাক্ট আছে। তারা সেখানে করছে। এই ব্যাপারে কো-অর্ডিনেশন

উইথ দি পঞ্চায়েত ডিপার্টমেন্টের সঙ্গে যোগ করা দরকার। কারণ যেসব টাউন গ্রো করছে—সেই গ্রোথের সঙ্গে সঙ্গে এক একটি এলাকায় কতকগুলি মাসরুম গজিয়ে উঠছে। সেগুলিকে যদি বন্ধ করে না দেওয়া যায় তাহলে আগামী দিনে এই সব মিউনিসিপ্যালিটিগুলিকে তার দায় ভার গ্রহণ করতে হবে। তখন সেই জায়গায় আবার নতুন করে ডেভেলাপমেন্টের প্রশ্ন আসবে। সেগুলি আমাদের সাধারণ কাজকে ব্যাহত করবে। এভলিউশান অব হিউম্যান সেটেলমেন্ট সুড বি ইভল্‌ভড় দেয়ার। র‍্যাশন্যাল আর্বান পলিসি মাথায় রেখে আমাদের ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করতে হবে। ইনফ্রাষ্ট্রাকচারে আমাদের কিছু অসুবিধা আছে। নর্মস অব ফাংশানিং করতে হবে এ্যাডমিনিষ্ট্রেটিভ কষ্টের উপর এবং তাদের মাইনে ইত্যাদি দরকার হবে, সেটা মিউনিসিপ্যালিটি থেকে তোলবার চেষ্টা করতে হবে। পরবর্তী কালে সেখানে যেসব আদার রিসোর্সেস পাওয়া যাবে সেগুলি নিয়ে ডেভেলাপমেন্টের কাজ করার চেষ্টা করতে হবে। র‍্যাশন্যাল এভলিউশান অব আর্বান প্রপার্টি সুড বি ইমিডিয়েটলি লুক্‌ড ইনটু এবং এটা গভর্নমেন্ট দেখুন। এর জন্য সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড তৈরী করেছেন এবং সেই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যে কাজ করছেন তাকে আরো গতিশীল করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি নিবেদন করতে চাই। গুজরাট এবং মহারাষ্ট্রের একটা মেন সোর্স অব ইনকাম হচ্ছে এই অকট্রয় ট্যাক্স। পশ্চিমবঙ্গের এই অকট্রয় ট্যাক্সের এ্যাপ্লিকেবিলিটি এ্যাসার্টেন করা দরকার। কারণ বেটার ফেজ অব মিউনিসিপ্যালিটি এটা হতে পারে। আমি বলব ষ্টাফের জন্য একটা কিছু করতে হবে। কারণ কোন কোন ক্ষেত্রে ওভার ষ্টাফ্‌ড্ হয়ে আছে, আবার কোথাও আণ্ডার ষ্টাফ রয়েছে, এটা র‍্যাশনালইজেশন করা দরকার আছে। আর একটি কথা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তব্য প্লেস করার সময় বলেছেন হেডওয়েতে করে ময়লা নিয়ে যাওয়া ব্যবস্থার অবসান ঘটাতে হবে। দুটি জায়গা তিনি ঠিক করেছেন। তিনি মুর্শিদাবাদ, সোনামুখী মিউনিসিপ্যালিটিতে করবেন বলেছেন।

আজকে এই সভ্যতার যুগে এই জিনিসগুলিকে দূর করা দরকার এবং ফ্লাশ সিস্টেম আনা দরকার। এর মধ্যে থেকে ব্যায়ো গ্যাস তৈরী করে সেটাকে ব্যবহার করা যেতে পারে। ড্রেনেজ ব্যবস্থার জন্য একটা লো কষ্ট ব্যবস্থা করা দরকার এবং সলিড ওয়েষ্ট মেটিরিয়াল যেগুলি সেগুলি যাতে ব্যবহার করা যায় তার ব্যবস্থা করা দরকার। তারপর মিউনিউসিপ্যালিটিগুলির মধ্যে যে সমস্ত ট্যাংক পুকুর রয়েছে আজকাল সেগুলি বসবাসের জমির জন্য বন্ধ করে ফেলা হচ্ছে বা মাটি দিয়ে ভরাট করে ফেলা হচ্ছে। এক্ষেত্রে পুকুরগুলি যাতে মিউনিসিপ্যালিটিগুলি

হাতে আসে সে ব্যবস্থা করা দরকার। যদি কোথাও হঠাৎ আগুন লাগে তাহলে সেই আগুন নেভানোর জন্য ডবল ক্যারেজ থাকা দরকার। সাবসয়েল ওয়াটার যদি তুলতে পারেন তুলবেন কিন্তু সেটা যদি কোন কারণে ফেল করে তাহলে ন্যাচারাল সোর্স অব ওয়াটারের ব্যবস্থা থাকা দরকার। কাজেই সেদিক থেকে এই ট্যাংকগুলি অত্যন্ত প্রয়োজনীয়। অতএব এই ট্যাংকগুলি যাতে মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষের হাতে থাকে সে দিকে নজর দেওয়া দরকার। তারপর মিউনিসিপ্যালিটিতে ডেভালপমেন্টের কাজের জন্য আইন যেখানে বাধা হয়ে দাঁড়ায় সেখানে সেই বাধা দূর করা দরকার। তাছাড়া বর্তমানে যে ব্যবস্থা রয়েছে তাতে কেন্দ্রীয় সরকার যে সমস্ত ক্ষেত্রে অর্থ দেন সেই অর্থ যদি তারা ঠিকমত দেন তাহলে কাজ হতে পারে। তারপর স্যার, এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলছি। আমরা শুনছি অক্টোরয় ট্যাক্স থেকে মিউনিসিপ্যালিটিগুলি যে টাকা পান সেটা কেন্দ্রীয় সরকার তুলে দেবার চেষ্টা করছেন। এটা যদি হয় তাহলে বুঝতে হবে কেন্দ্রীয় সরকার ক্রমাগত যেভাবে পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃসুলভ আচরণ করছেন এটা তারই একটা অঙ্গ। এটা যাতে কেন্দ্রীয় সরকার না করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। তারপর স্মল এ্যাণ্ড মিডিয়াম টাউনের যে পরিকল্পনা করা হয়েছে তাতে ২০টি এই ধরনের শহরকে নেওয়া হয়েছে এবং আরো তিনটি শহরকে নেবার চেষ্টা করা হচ্ছে। স্যার, পরিশেষে আমি বিরোধীদলের মাননীয় সদস্যদের বলব, অর্থের সাশ্রয়ের জন্য আমরা যেমন চেষ্টা করছি তেমনি আপনারাও জনসাধারণকে সমস্ত উন্নয়মমূলক কাজে ইনভলভ করার চেষ্টা করুন। আপনারা জানেন, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, লক্ষ লক্ষ গ্যালন জল অপচয় হচ্ছে। পাবলিককে বোঝাতে পারলে এই অপচয় বন্ধ হতে পারে। উন্নয়নমূলক কাজ যেগুলি হচ্ছে সেগুলি রক্ষা করার দায়িত্ব জনসাধারণের—একথা জনসাধারণকে বোঝাতে হবে। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করলাম।

শ্রীনীহার কুমার বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলব। স্যার, আদিকালে মাদ্রাজ কর্পোরেশন গঠিত হবার পর থেকে বর্তমানে পৌর শাসন ব্যবস্থার সূচনা হয়। ইংরাজ তার সাম্রাজ্যবাদী শাসনের স্বার্থের দৃষ্টিভঙ্গীতে পৌরশাসনকে দেখেছিলেন এবং পরবর্তী সময়ে কংগ্রেস ক্ষমতায় আসার পর দীর্ঘ ৩১ বছরের মধ্যে পৌর বা স্বায়ত্ত শাসনের মধ্যে কোন মৌলিক পরিবর্তন এনে দিতে পারেন নি। তারা দীর্ঘ ৩১ বছর ধরে জোতদার, জমিদার, মিল মালিকদের স্বার্থ

পৌর শাসন ব্যবস্থার ক্ষেত্রে দেখে এসেছেন। কাজেই সেখানে পৌরসভাগুলি নিজের পায়ে দাঁড়াতে পারেনি।

[6.20—6.30 P. M.]

নিদারুণ আর্থিক সংকটের ফলে সমস্ত পৌরসভাগুলি মুমূর্ষু অবস্থায় এসে পৌঁছেছিল এবং পৌরসভাগুলির নাভিশ্বাস উঠেছিল। কংগ্রেস এমন জনবিরোধী নীতি গ্রহণ করেছিল যে, তার ফলে ১৯৬৪ সালের আগে পর্যন্ত সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে পৌরসভার নির্বাচন হত না। দীর্ঘ আন্দোলনের পরে ১৯৬৪ সালে পৌরসভার ক্ষেত্রে সার্বজনীন ভোটাধিকারের দাবীটি স্বীকৃতি হয়েছিল। এই দাবী আদায় করার জন্য অনেক আন্দোলন হয়েছে, অনেক লড়াই হয়েছে এবং অনেক গড়িমসির পর কংগ্রেস রাজী হয়েছিল। গড়িমসির কারণ হচ্ছে, ওঁরা জানতেন সার্বজনীন ভোটাধিকার যদি দেওয়া হয় তাহলে শহরের সচেতন মানুষ জোতদার, জমিদার এবং শিল্পপতিদের তল্পিবাহক কংগ্রেসকে পৌরসভা থেকে বিদায় করবে। বাস্তব ক্ষেত্রেও আমরা দেখলাম যখন সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে পৌরসভাগুলির নির্বাচন শুরু হলো তখন মানুষ কংগ্রেসকে একটার পর একটা পৌরসভা থেকে সরিয়ে দিতে লাগল। মানুষ তাদের ঝেঁটিয়ে বিদেয় করল। একের পর এক পৌরসভা কংগ্রেসের হাত ছাড়া হয়ে গেল। কিন্তু তারা গত ৩০ বছর ধরে পৌরসভাগুলির আর্থিক বুনিয়াদ অত্যন্ত দুর্বল করে রেখে গেছে। বিভিন্ন সময়ে পৌরসভা সম্পর্কে যে-সমস্ত কমিশন কমিটিগুলি হয়েছিল তাঁরা বিভিন্ন সময়ে তা পরিষ্কার ভাবে বলে গেছেন। লোকাল এনকোয়ারি কমিটি, ১৯৫১, ট্যাকসেশন ইনকোয়ারি কমিটি, ১৯৫৪ সালে হয়েছিল। সমস্ত কমিটি বা কমিশন একই কথা বলে গেছে, যে নিদারুণ আর্থিক দুরবস্থার জন্য পৌরসভাগুলি কোন সময়েই নিজের পায়ে দাঁড়াতে পারছে না। পৌরসভাগুলির জন্য অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন আছে। এটা হচ্ছে একটা দিক। এর পাশেই আর একটা দিক হচ্ছে পৌরসভা সংক্রান্ত আইন। লর্ড রিপনের সময়ে ১৮৮৬ সালে প্রথম পৌর আইন তৈরী হয়েছিল এবং তারপরে ১৯৩২ সালে একটা নতুন আইন হয়েছিল। পরবর্তীকালে দীর্ঘ সময় কংগ্রেস কোন নতুন পৌর আইন রচনা করেনি এবং পুরোন আইনের সংশোধনও করেনি। দীর্ঘ দিন পরে আমাদের যুক্তফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এসেছিল তখন পৌর আইনের কিছু কিছু সংশোধন করা হয়েছিল। দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেস আইনের সংশোধনেরও কোন প্রয়োজন অনুভব করেনি।

ওরা স্বায়ত্তশাসনকে কি দৃষ্টিভঙ্গি দিয়ে দেখতো তা এর মধ্যে দিয়েই প্রতিফলিত হচ্ছে। পরবর্তী কালে বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে পৌর আইনের গুরুত্বপূর্ণ সংশোধন করা হয়েছে এবং সংশোধনের মধ্যে দিয়ে গোটা জিনিসটাকে নতুন ভাবে সাজান হয়েছে। অতীতে চরম সুযোগ-সুবিধা দেওয়া হত মিল মালিক এবং বড়-লোকদের। কিন্তু বর্তমানে নতুন সংশোধনের পরে কর ধার্যের ব্যাপারটাকে নতুন ভাবে বিন্যাস করা হয়েছে এবং এর ফলে গরিব লোকেরা অনেক বেশী উপকৃত হচ্ছে। যেমন, যাদের সম্পত্তির মূল্যমান ১০০ টাকা, তাদের ক্ষেত্রে কর রেহাই দেওয়া হয়েছে। অপর দিকে মিল মালিকদের ক্ষেত্রে বেশী বেশী করে কর ধার্য করা হচ্ছে। এর ফলে পৌরসভার কিছু আর্থিক সঙ্গতি বেড়েছে, তাতে কোন সন্দেহ নেই। কিন্তু আজকে যে পরিমাণ দায়-দায়িত্ব নিয়ন্ত্রণ করার সমস্যা পৌরসভাগুলির রয়েছে তা তাদের বর্তমান আর্থিক সঙ্গতি দিয়ে পূরণ করা সম্ভব নয়। ফলে আমাদের সরকার পৌরসভাগুলিকে প্রচুর পরিমাণ আর্থিক সাহায্য দিতে বাধ্য হচ্ছেন। যাতে পৌরসভাগুলির উন্নয়ন কাজ বন্ধ না হয় তা সরকারকে দেখতে হচ্ছে তথাপি যা দেওয়া হচ্ছে তা প্রয়োজনের তুলনায় খুব বেশী নয়। তবুও এই ৬ বছরে বামফ্রন্ট সরকার পৌরসভাগুলিকে যে পরিমাণ টাকা দিয়েছেন তা গত ৩০ বছরে কংগ্রেস সরকার যে পরিমাণ টাকা দিয়েছিল তার চেয়ে অনেক অনেক বেশী। এই টাকা দিয়ে সব চেয়ে উল্লেখযোগ্য যে কাজ শুরু হয়েছে, তা হচ্ছে ৫ বছরের জন্য শহরাঞ্চল এবং শহরতলীর জন্য উন্নয়ন পরিকল্পনা গ্রহণ।

এই পরিকল্পনা আন্তর্জাতিক ক্ষেত্রে প্রশংসিত হয়েছে এবং পৌরসভাগুলির উন্নয়নের কাজ যা হয়েছে পৃথিবীর ইতিহাসে আর কোথাও হয়নি। এই সমস্ত কাজকর্মের মধ্য দিয়ে, এই সমস্ত কর্মসূচীর মধ্য দিয়ে আজকে এটাই প্রতীয়মান যে বামফ্রন্ট সরকার কোন্ শ্রেণীর স্বার্থ দেখে আর কংগ্রেস কোন্ শ্রেণী স্বার্থের প্রতিনিধিত্ব করেন। স্যার, এবারে পৌরসভাগুলি কাজকর্মের ক্ষেত্রে চলতি যে সমস্ত অসুবিধাগুলি রয়েছে সেই সমস্ত অসুবিধাগুলি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাইছি। প্রথমে সব চেয়ে বড় অসুবিধা যেটা হচ্ছে সেটা বিদ্যুৎ নিয়ে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ মিউনিসিপ্যালিটির কাজ-কর্মগুলিকে একটা ব্যবসায়িক দৃষ্টি-ভঙ্গী নিয়ে দেখছেন। পৌরসভাগুলির ক্ষেত্রে বিদ্যুতের যে হার ধরা হয়েছে সেটা দেওয়ার মতন ক্ষমতা পৌরসভাগুলির নেই। তার ফলে আমরা দেখছি, পৌরসভাগুলির অনেক টাকা বাকী পড়ে আছে এবং সেটা শোধ করার আর্থিক সঙ্গতি পৌরসভাগুলির নেই। সুতরাং উন্নয়নের কথা চিন্তা করে বিদ্যুৎ পর্ষদ বিদ্যুতের যে মূল্য ধার্য করেছে সেটা নিয়ে নতুন ভাবে চিন্তা-

ভাবনা করতে হবে এবং স্বাভাবিকভাবে বিদ্যুতের হার কমানো দরকার। তা যদি না করা হয় তাহলে পৌরসভাগুলি অনেক পিছিয়ে পড়বে, উন্নয়নমূলক কাজ কিছু হবে না। কারণ পৌরসভাগুলিকে রাস্তায় আলোর ব্যবস্থা করতে হচ্ছে এবং বিশেষ করে নতুন নতুন ডীপটিউবওয়েল বসাতে হচ্ছে পানীয় জলের সমস্যার কথা চিন্তা করে। সুতরাং এর জন্য প্রচুর পরিমাণ বিদ্যুৎ ব্যবহার করতে হচ্ছে। জন-স্বার্থের কথা চিন্তা করে যদি বিদ্যুতের হার কম না করা হয় তাহলে মিউনিসিপ্যালিটিগুলির কাজ চালিয়ে যাওয়া সম্ভব নয়। দ্বিতীয় কথা হচ্ছে, বিদ্যুৎ পর্ষদের কাজকর্মে অনেক ঢিলেমি আছে। যেমন ডীপটিউবওয়েল বসানো হলো কিন্তু তার বিদ্যুৎ সংযোগ করতে এত বেশী দেরী করা হয় যার জন্য পানীয় জলের চাহিদা পূরণ করার ক্ষেত্রে বিলম্ব ঘটে। এছাড়া নতুন নতুন এলাকা পৌরসভাগুলির বাড়ছে। সেই সমস্ত এলাকার রাস্তায় বিদ্যুৎ সম্প্রসারণ করা প্রয়োজন। এই সব ক্ষেত্রে দেখছি, পর্ষদের অনেক ঢিলেমি আছে। এই সব ব্যাপারে পর্ষদের তাড়াতাড়ি কাজ কর্ম করে দেওয়া উচিৎ। এই সব দেরী করার ফলে নতুন নতুন সমস্যা দেখা দিচ্ছে এবং সংকট বেড়ে যাচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে অনুরোধ করছি, যদি প্রয়োজন হয় তাহলে একটি কমিটি করে বিদ্যুৎ পর্ষদের সঙ্গে বসে আলোচনা করুন। পর্ষদের উপর দায়িত্ব ছেড়ে দিলে হবে না। এ ব্যাপারে কোন স্থায়ী সংগঠন করা প্রয়োজন বলে মনে করি এবং অচিরেই করা উচিৎ। এ ছাড়া আরোও অনেক সমস্যা আছে, যেমন, খাটা-পায়খানা। এই খাটা পায়খানা জনস্বাস্থ্যের সঙ্গে সরাসরি যুক্ত। কলিকাতা শহরের বস্তি থেকে যেমন খাটা পায়খানা সরিয়ে ফেলা হচ্ছে, কিন্তু শহরতলীর পৌরসভাগুলির বস্তিতে খাটা পায়খানাগুলি রয়েছে। এর বিকল্প ব্যবস্থার ক্ষেত্রে যে প্রস্তুতি নেওয়ার প্রয়োজন ছিল সেটা কিন্তু নেওয়া হচ্ছে না। ফলে এই কাজ পিছিয়ে পড়ছে এবং জনস্বাস্থ্যের ক্ষেত্রে ক্রমশঃ বিপজ্জনক অবস্থা দেখা দিচ্ছে। সুতরাং এই ব্যাপারে কিছু করতে পারেন কিনা সেটা দেখার জন্য আমি আবেদন জানাচ্ছি। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের দাবীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় স্থানীয় শাসন ও নগর উন্নয়ন এবং পূর্ত মহানগর উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৮৩-৮৪ সালের যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্য দিয়ে দেখছি, ১৯৮২-৮৩ সালে যখন বাজেট পেশ করেছিলেন তখন তিনি বলেছিলেন ৫০ এবং

এবং ৬০ দশকে নগর উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে চতুর্থ স্থান অধিকার করে ছিল।

[6.30—6.40 P.M.]

৭০ দশকে এই স্থান ষষ্ঠে নেমে এল। যদিও এই সময়ের মধ্যে নগর এলাকার জনসংখ্যা ২৮ শতাংশ থেকে ৩২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। যদিও এই নগর ভারতবর্ষের অন্যান্য নগরের থেকে অনেক বেশী এগিয়েছে, কিন্তু ঘনবসতিপূর্ণ এলাকা হিসাবে সমগ্র ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ ষষ্ঠ স্থান অধিকার করে আছে। আমরা দেখতে পাচ্ছি জনবসতি প্রতি কিলোমিটারে, মাননীয় মন্ত্রী মহাশয়ের যে বিবৃতি তাতে আছে ৫৬২৪ জন, মহারাষ্ট্রের থেকে তিনগুণ, গুজরাটের থেকে চার গুণ বেশী, যা উনি এখানে বলেছেন এবং সেখানকার নাগরিকদের সুখ-সুবিধা বিধানের জন্য এই রাজ্য সর্বাধিক প্রয়োজনীয় ব্যবস্থাদি নিয়েছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা কি দেখতে পাচ্ছি? বর্তমানে কলকাতা কর্পোরেশন বলুন, আর পৌরসভাগুলিই বলুন, বেশীর ভাগ কর্পোরেশন এবং তার আরবান এরিয়াগুলি নিকটবর্তী এরিয়াগুলি কার দ্বারা পরিচালিত হচ্ছে? সি. এম. ডি. এ.-র দ্বারা পরিচালিত হচ্ছে! সেখানে আমরা কি দেখতে পাই, সেই সি. এম. ডি. এ. পৌর এলাকার বেশীর ভাগ উন্নয়নমূলক কাজের সাথে যুক্ত এবং কেন্দ্রীয় সরকারের অর্থও যুক্ত আছে। মাননীয় সদস্য আগে বলেছেন, এ ব্যাপারে কেন্দ্রের সহযোগিতা—কেন্দ্র এ ব্যাপারে বিভিন্ন সময়ে এবং বিভিন্ন ভাবে—মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবে এবং প্রশ্নোত্তরের সময়ে আমরা তাঁর কাছ থেকে জানতে পেরে থাকি যে, বিভিন্ন ক্ষেত্রে তার জন্য টাকা দেওয়া হয়। মাননীয় চেয়ারম্যান মহাশয় আমরা সার্বিক কল্যাণের জন্য সেটার সমবণ্টন চাই। সেটা সকলের কথা। আজকে এর উপর নির্ভর করছে সমগ্র পশ্চিমবঙ্গের নগর এবং শহরের সার্বিক কল্যাণ। আমরা কিছুক্ষণ আগে গ্রামীণ সার্বিক কল্যাণের কথা বলেছি পঞ্চায়েতের মাধ্যমে, এখন স্বায়ত্ত শাসনের মাধ্যমে নগর এবং শহরের উন্নয়নের কথা বলছি। আমরা দেখতে পাচ্ছি যে, মাননীয় মন্ত্রী মহাশয়, ১৯৮১-৮২ সালের যে মহানগর উন্নয়নের কথা বলেছেন, জলসরবরাহ থেকে আরম্ভ করে বস্তি উন্নয়ন, এলাকা উন্নয়ন, জঞ্জাল অপসারণ ও অন্যান্য কর্মসূচীর সঙ্গে পৌর অঞ্চলের এলাকার উন্নয়ন, বাড়ী নির্মাণ এবং গবাদি পশুর পুনর্বাসন ইত্যাদি ইত্যাদি। এখানে যে বলেছেন, ১৯৮১ সালের বাজেটে আমরা দেখতে পাচ্ছি যে, মার্চ মাসে ৬০ মিলিয়ন ডলার ঋণ বিশ্বব্যাঙ্ক

খালাস করছেন। এর ফলে রাজ্য সরকারের অতিরিক্ত সাহায্য হিসেবে ৪১ মিলিয়ন ডলার পরিমাণ টাকা প্রাপ্য হবে। এই যে অর্থ, বিশ্বব্যাঙ্কসহ কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারের মিলিত প্রচেষ্টায় চলেছে সেটা কোন রকমে অস্বীকার করা যায় না, কিন্তু ত্রুটিগুলিও থাকছে। যা নিয়ম আছে অর্গানাইজেশন এ্যাণ্ড ম্যানেজমেন্ট অফ সার্ভিসেস, আমরা মিউনিসিপ্যাল সার্ভিস বলতে কি বুঝি? আমরা বুঝি ওয়াটার সাপ্লাই, স্যানিটেশন, পাবলিক হেল্‌থ, গার্বেজ রিমুভ্যাল, রোডস্‌ স্ট্রীটস, লাইটিং, বিল্‌ডিং কন্‌ট্রোল এ্যাণ্ড সুপারভিশন অফ কমিউনিটি ফেসিলিটিস, প্রভিশন এ্যাণ্ড মেজারস অফ পাবলিক সেফটি এ্যাণ্ড প্রাইমারী এডুকেশন।

আজকে এই যে স্বায়ত্তশাসনের যে চিন্তাধারা এবং তার যে নীতি, সে সম্পর্কে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে সেখানে নানা রেকমেণ্ডেশন হয়েছে। এ সম্পর্কে একটি কমিটিও হয়েছিল, তাতে প্রফেসর অজিত দত্ত, মিঃ নির্মল ব্যানার্জী, মিঃ আর. এন. ঠাকুর, মিঃ এম. জি. কুট্টি, মিঃ কে. বিশ্বাস প্রমুখ সদস্যরা ছিলেন। এর মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি যে, সেখানে বিভিন্নভাবে প্রপার্টি ট্যাক্স থেকে আরম্ভ করে আদার ট্যাক্সেস এ্যাণ্ড নন্‌-ট্যাক্স রেভিনিউ এবং ডেভেলপমেন্ট ফিনান্স ইত্যাদি তাঁরা রেকমেণ্ড করেছেন। সেই রেকমেণ্ডেশনস্‌-এ লাষ্টলি দেখতে পাচ্ছি

"I received a copy of the report of the Municipal Finance Commission yesterday, the 29th March, 1982. While the commandable work has been done by the Commission p irticularly on matters such as estimation of resource gap and the property tax, there are certain points on which I am unable to agree with the recommendations of the Commission."

এই যে অবস্থা আমরা দেখতে পাচ্ছি, সেখানে পরিকল্পনা মাফিক কাজ হচ্ছে না কলকাতা নগর উন্নয়নের ব্যাপারে। কিছুদিন আগে আমরা দেখতে পেয়েছি তিনজন অফিসার বলেছেন, কলকাতার কোন মাষ্টার প্ল্যান রচনা করা হয় নি এবং সেখানে আপনাদের সি. এম. ডি. এ. গত ৫ বছর ধরে কসরৎ করে যে পারস্পেকটিভ প্ল্যান তৈরী করেছিলেন, সেটাও তো এঁরা গ্রাহ্য করেন নি। বেশ কিছু টাকা সেখানে খরচ হয়েছিল। সেই টাকা ব্যয় হওয়া সত্ত্বেও সেই মাষ্টার প্ল্যান রচনা করা হোল না, এতে আপনাদের অসুবিধাই হচ্ছে। যদি আপনাদের কাজের একটি পরিষ্কার চিত্র না থাকে, যদি বেসিক প্ল্যান না থাকে তাহলে আপনাদের বিভিন্ন ডিপার্টমেন্ট আপনাদের মাধ্যমে যে-সমস্ত ডেভেলপমেন্ট-এর কাজ করা সেগুলো রূপদান করা যাবে না এবং সেখানে বিভিন্নভাবে গাফিলতি এসে যাবে মাননীয় চেয়ারম্যান স্যার, সে-সম্বন্ধে আমি অন্তত: মনে করি যে সেখানে শিক্ষা স্বাস্থ্য, পরিবেশ—এখানে সরকার এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট খুলেছেন—এ

এনভায়রনমেন্ট গ্র্যাজুয়ালি খারাপের দিকে যাচ্ছে। সেখানে স্বায়ত্তশাসন বিভাগ নগর উন্নয়ন করে, শহর উন্নয়ন করে মানুষের স্বাস্থ্য রক্ষা করতে পারবে কিনা, মানুষকে শুদ্ধ বায়ু থেকে আরম্ভ করে বিশুদ্ধ জল সরবরাহ করতে পারবে কিনা—এটা কিন্তু আজকে দেখবার জিনিস। যেখানে লোকবসতি দিন দিন বেড়ে উঠছে, সেখানে বস্তির উপর এত বেশী চাপ, সেখানে বস্তিগুলো ঠিকমত সুযোগ পাচ্ছে না—সেখানে বস্তি উন্নয়নের যে পরিকল্পনা সরকারের আছে, সেটা বাস্তবে রূপ দিতে পারেন নি। এটা যদি বাস্তবে রূপ না দেওয়া যায়—লক্ষ লক্ষ বস্তিবাসী মানুষ সামান্য বর্ষা হলে তারা বড় বড় দোকানের নীচে, মোটর গ্যারেজের বারান্দার নীচে, মন্দিরে, মসজিদে আশ্রয় নেয়।

[6.40—6.50 P. M.]

এই কলকাতা শহরে ড্রেনের জলের জন্য তাদের বসবাসের পক্ষে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। কলকাতায় সামান্য বৃষ্টি হলেই রাস্তাঘাট জলে একাকার হয়ে যায়। যান চলাচল বন্ধ হয়ে যায় এবং অফিস-আদালত বন্ধ হয়ে যায়। এই জিনিসগুলি ক্রমাগত বেশী করে দেখা যাচ্ছে। সরকার সেখানে যত কাজই দেখান না কেন, সেখানকার মানুষ কিন্তু দেখতে পাচ্ছে সরকারের ব্যর্থতা। সেই ব্যর্থতা আপনারা কিন্তু ঢাকতে পারেন নি। মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এবারে অন্ততঃ যেটা বলেছেন যে, তাঁর পৌরসংস্থা ক্রমাগত বেড়ে চলেছে। খুবই আনন্দের কথা। তিনি আরো প্রস্তাব দিয়েছেন, নটিফায়েড এরিয়া বাড়াচ্ছেন এবং সেখানে আরো মিউনিসিপ্যাল সারভিস এবং বিভিন্ন শহরাঞ্চলের সঙ্গে মিউনিসিপ্যাল সারভিস যুক্ত করার প্রচেষ্টা, এটা ধন্যবাদসূচক হবে। সেখানে টাকা দিলেই সেটা ঠিক মতো চলবে না। তিনি বলেছেন যে, আমাদের প্রতিষ্ঠানগুলি ঠিকমত চলছে। সেখানে যদি আপনার প্রকৃত মেসিনারি না থাকে, সেখানে যদি আপনার ভিজিলেন্স না থাকে, সেখানে যদি তদারকি না থাকে তাহলে টাকার সদ্ব্যবহার ঠিকমতো হবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯৫১ সালে কলকাতা মিউনিসিপ্যাল আইন চালু হয়েছিল। সেখানে অর্থনৈতিক সীমাবদ্ধতা যেভাবে নির্ধারণ করা ছিল সেটা বিভিন্ন ভাবে এড়িয়ে যাওয়া হচ্ছে। বর্তমান পৌরসভাগুলিতে ঘাটতি নেই। কিন্তু অন্যভাবে যে ঘাটতিগুলি দেখতে পাচ্ছি সেটা হলো শ্রম যাচ্ছে। সেখানে শ্রমের বিনিময়ে কার্যতঃ যেটা পাওয়া উচিত সেটা থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। আমরা এটা দেখতে পাচ্ছি। আমি

আগে যে কথা বলেছি, ভিজিলেন্স না থাকার জন্য রেভিনিউ ফল করছে। আপনার সম্পদ যেটা সৃষ্টি হতো তদারকির জন্য সেটা ঠিকমত আসছে না। যার ফলে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং গরীব মানুষের উপর চাপ আসছে। আর যে-সমস্ত বিত্তশালী লোক আছে তারা ফাঁকি দিচ্ছে। আমরা বর্তমানে দেখতে পাই এই সি. এম. ডি. এ.-র মাধ্যমে যে পরিকল্পনা বিভিন্ন ভাবে নেওয়া হয়েছে—করর্পোরেশন সহ এই ব্যাপারে আপনাদের এই সংস্থার সাথে যুক্ত করা হচ্ছে। কিন্তু সেখানে বিভিন্ন ভাবে কিছুটা অন্যায় এবং অগণতান্ত্রিক উপায়ে কাজ চলেছে। আমরা দেখতে পাই যে, ষ্ট্যাটিউটরি প্রভিশান থাকে সেই প্রভিশানগুলি বিভিন্ন ভাবে উপেক্ষা করা হয়। সেখানে পে-স্কেলটা রাজ্য সরকারের অনুমতি ছাড়াই পরিবর্তন করা হয়। কোন পোষ্ট ক্রিয়েট না হলেও রাজ্য সরকারের অনুমতি ছাড়াই লোক নেওয়া হয়। আমরা দেখতে পাই যে, ১৯৩২ সালের আইনটা সংশোধন করে ১৯৮০ সালে একটা আইন করা হলো। সেখানে নিয়োগের ব্যাপারে যে-সব কথা বলা ছিল সেটাকে উপেক্ষা করা হয়েছে। এমন অনেক কেস আছে যেখানে আপনি জানেন স্যার, মহামান্য হাইকোর্টের নির্দেশ উপেক্ষা করা হয়েছে।

সেখানে এমনও দেখা গেছে যে, এমপ্লয়মেন্ট একচেঞ্জ তো দূরের কথা, আপনার কাছে—আপনার দপ্তরে সরাসরি দরখাস্ত করে ডিরেক্ট্ এ্যাপয়েন্টমেন্ট পেয়ে গেছে। শুধু তাই নয়, সেখানে মহামান্য হাইকোর্টের নির্দেশকেও উপেক্ষা করা হয়েছে। আমরা কলকাতা কর্পোরেশনের মোটর ভেহিকেলসে বিভিন্ন ভাবে দুর্নীতি দেখতে পাই। মোটর ভেহিকেলসের আইনকে উপেক্ষা করার জন্যই কলকাতার বুকে এই গার্বেজ সমস্যা। জঞ্জাল অপসারণে ব্যর্থতা এসে যাচ্ছে শুধু এই কারণেই। এদিকে সরকারের একটা দৃষ্টিভঙ্গি থাকা দরকার। মোটর ভেহিকেলসে ডিফেন্সের একজন রিটায়ার্ড করা ব্যক্তিকে স্পেশ্যাল অফিসার পদে নিয়োগ করেছেন। সেই সঙ্গে সঙ্গে তাঁকে চীফ ইঞ্জিনিয়ার হিসাবে উন্নীত করেছেন। সেখানে একজন চীফ ইঞ্জিনিয়ার আগে থেকেই ছিলেন, তবুও আর একজনকে ঐ পদে নিয়োগ করলেন। এই ধরনের বৈষম্যমূলক ব্যবহারের জন্য আপনাকে কাজ চালাতে গিয়ে বিভিন্ন ভাবে সমালোচনার মধ্যে পড়তে হচ্ছে। ১৯৫১ সালের মিউনিসিপ্যাল আইনের ৭৬ ধারাকেও অমান্য করা হচ্ছে। বিভিন্ন সময়ে গাড়িগুলিকে ইচ্ছাকৃত ভাবে কনডেম করে লোপাট করে দেওয়া হচ্ছে। আপনার কাছে এ সম্বন্ধে অভিযোগও এসেছে। আমরা জানি, আপনি তদন্ত ইত্যাদি করে বিভিন্ন ভাবে চেষ্টা করছেন। কিন্তু ঠিকমত ভাবে সেগুলিকে উদ্ধার করতে পারছেন না। এণ্টালী ওয়ার্কশপে ত্রুটি আছে। সেখানে বৈষম্যমূলক ব্যবহার করে একজন ফ্রিডম ফাইটারকে

সাসপেনশানের মধ্যে নিয়ে আসা হয়েছে। এর জন্য তাঁর কাছে কোন কারণ দেখিয়ে কৈফিয়ৎ পর্যন্তও চাওয়া হয় নি। বিভিন্ন ভাবে এক ডিপার্টমেন্ট থেকে অন্য ডিপার্টমেন্টে ট্রান্সফার করা হয়ে থাকে। একজন ফিনান্স অফিসারকে সি. এম. ডি. এ.-র স্পেশ্যাল ডেপুটি কমিশনার করা হয়েছে। এক জায়গা থেকে অন্য এক জায়গায় কি করে নিয়ে যাওয়া হয়েছে, তা বুঝতে পারি না। ৪৫০ জন ক্যাজুয়াল রাইটারকে ডেলি ওয়েজে নেওয়া হয়েছিল, তাদের সকলকে জুনিয়র ক্লার্কে নিয়োগ করা হয়েছে। আমরা জানি, আপনার দপ্তরে প্রমোশনের ক্ষেত্রে যাঁরা একজিষ্টিং ষ্টাফ তাঁদের মধ্যে থেকে ৫০ পারসেন্টকে ভ্যাকান্ট পোষ্টে উন্নীত করার পদ্ধতি ছিল। তাঁদের উপেক্ষা করে ফিন্যান্স এবং এ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট থেকে ১১৯ জনকে আপনি নিয়োগ করেছেন—এ কাজ বৈধভাবে হয় নি। এ কাজ প্রতিটি মিউনিসিপ্যালিটিতে হচ্ছে। সর্বত্রই বৈষম্যে ভর্তি হয়ে গেছে।

[6.50—7.00 P. M.]

আসল উদ্দেশ্য কিন্তু প্রকাশ করা হচ্ছে না। একজন রেখেছেন ভিজিলেন্স মেনে, তিনি তথাকথিত ঠিক সময়ে কাজ করেন নি। তারপরে ইউটিলাইজেশান সার্টিফিকেটের ক্ষেত্রে দেখা যাবে কাজ সেখানে শূন্য এবং এই দপ্তরের বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি আছে। এখন জল নেই, বিদ্যুৎ নেই, আজকে এই দপ্তরের কথা চিন্তা করা বিশেষ দরকার। কলকাতা মহানগরীর জন্য আপনার দপ্তরে নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র গড়ে তুলতে হবে। আগে প্রাইভেট সেক্টরে এই দপ্তরের নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র ছিল। কলকাতা ঘনবসতিপূর্ণ শহর। সেখানে বিদ্যুৎ সমস্যার কবে সুরাহা হবে সেটা বুঝতে পারছি না। বিদ্যুৎ সমস্যা একটা বিরাট সমস্যা, এই সমস্যার কিছুটা প্রতিকার না করতে পারলে জনসাধারণের খুব অসুবিধা হবে এবং এটা যদি আপনি করেন তাহলে জনসাধারণ আপনাকে অভিশাপ দেবে না বরং আশীর্বাদ করবে। গ্রামাঞ্চলে কিংবা শহরে পৌরনিকাশী করেছেন এবং আরো কতগুলি পৌরনিকাশী করবেন বলেছেন, সেগুলি কিন্তু করা হয় নি। অবহেলিত কলকাতা করপোরেশনের নির্বাচন আটকে রেখেছেন। সেখানে যাতে নির্বাচন ঠিকমত হয় এবং আরো কিছু নাম যুক্ত হয় তার জন্য মন্ত্রীকে অনুরোধ করছি এবং এটা যাতে ত্বরান্বিত হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরের সময়ে বলেছেন, এই কলকাতা করপোরেশনের নির্বাচন যাতে ত্বরান্বিত হয় তার জন্য তিনি

চেষ্টা করছেন। এই করপোরেশনের নির্বাচনে যাতে ইলেকটোরাল রোল ঠিকমত তৈরী হয়, তাতে যাতে কিছু নাম বৃদ্ধি পায় এবং কলকাতার অধিবাসীরা যারা এই করপোরেশনের সাথে যুক্ত তারা যেন ভোটের অধিকার থেকে বঞ্চিত না হয়। বর্তমানে আপনার যে প্রকট সমস্যা দেখা যাচ্ছে—যেমন জল নেই, টিউবওয়েলে জল নেই, পাম্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে। মন্ত্রী মহাশয় তাঁর ষ্টেটমেণ্টে এই বিষয়ে বলেছেন। কলকাতা মহানগরী এবং শিল্পনগরীতে বিভিন্ন ভাবে অস্থিরতা দেখা যাচ্ছে। ব্লক থেকে সোয়ারেজ সিস্টেম থেকে আরম্ভ করে সব কিছু ফল করেছে। আমি এমন ৮টি ব্লকের কথা বলছি যেখানে দীর্ঘদিন ধরে কোন জলনিকাশী হচ্ছে না। কলকাতার এনভায়রনমেণ্ট ডিপার্টমেণ্ট এই জলনিকাশীর কাজ করছে। আপনার কাছে আমি একটি প্রস্তাব রাখছি জনসাধারণের পক্ষ হয়ে, এই জল নিষ্কাশনের ব্যাপারে যদি এটা এনভায়রনমেণ্ট ডিপার্টমেণ্ট থেকে নিয়ে আপনার দপ্তরে রাখতেন তাহলে খুব ভালো হোত। এই জলনিকাশী ব্যবস্থাটি যাতে আপনার দপ্তরে আসতে পারে তার জন্য অনুরোধ করছি। এতে জনগণ বিপন্ন হচ্ছে এবং নানারকম রোগের প্রাদুর্ভাব ঘটছে। সুতরাং এনভায়রনমেণ্ট ডিপার্টমেণ্ট বিভাগটি যাতে আপনার দপ্তরে আনতে পারেন এবং এটা যাতে মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে ছড়িয়ে পড়ে সেদিকে দৃষ্টি দেবেন। এই বিষয়টি যাতে আপনার দপ্তরে আসতে পারে তার সবচেয়ে বড় জিনিস কো-অর্ডিনেশন চালু করা। জলসরবরাহ দপ্তর, জনস্বাস্থ্য দপ্তর, পৌর দপ্তর এবং রাস্তাঘাট এবং পূর্ত দপ্তর—এই কতকগুলি দপ্তরের মধ্যে যোগাযোগ থাকা দরকার। কিন্তু আজকে সেখানে কোন যোগাযোগ নেই। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সকলের উর্ধ্বে থেকে এবং আপনি যখন সরকারে আছেন, নিশ্চয় কোন রাজনৈতিক দলের সদস্য হিসাবে সরকারে আছেন, কিন্তু শাসন ক্ষমতায় যেহেতু আছেন সেখানে আপনি সব কিছু দলের উর্ধ্বে আছেন এবং সেই হিসাবেই আমি আপনাকে অনুরোধ করছি আপনি এই ব্যাপারে একটু দৃষ্টি দেবেন।

দেশের মানুষের জন্য আপনার চিন্তাধারা এমন হবে যাতে সেখানে দলীয় প্রাধান্য স্থান যেন না পায়। আপনার ১৯৮১/২/৩ সালের বাজেটের মধ্যে মোটামুটি একটা সমঞ্জস্য আছে। অর্থের পরিমাণও ১৯৮১ সাল থেকে ১৯৮৩ সালে বেড়েছে। অতএব আশা করবো সেই বরাদ্দ অনুযায়ী কর্পোরেশন, আরবান এরিয়াতে যেন কাজ হয়, বিশ্ব ব্যাঙ্ক এবং কেন্দ্র থেকে যে টাকা দেয় তা দিয়ে পরিকল্পনা অনুযায়ী কাজ যেন হয়। কিন্তু সে-সব করতে ব্যর্থ হয়েছেন বলে আমি আপনার বাজেটের বিরোধিতা করছি।

শ্রীমনোহর টিরকি ঃ মিঃ চেয়ারম্যান স্যার, ২৬ এবং ৭৪নং যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করছি। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জনবসতি বাড়ছে এবং এর জন্য সরকার থেকেও সুখ-সুবিধার ব্যবস্থাও করা হচ্ছে। যেখানে কম জনসংখ্যা সেখানে পঞ্চায়েত এবং যেখানে বেশি সেখানে মিউনিসিপ্যালিটি করা হয়েছে। আমি যেখানে থাকি সেটা না পঞ্চায়েত, না মিউনিসিপ্যালিটি, না কর্পোরেশন। কয়েক বছর ধরে মিউনিসিপ্যালিটিতে এবং কর্পোরেশনে থাকার সুযোগ আমার হয়েছে। এখানকার কারবার দেখে যে ধারণা আমার হয়েছে সে সম্বন্ধে কিছু বলবো। এখানে অবৈধভাবে সব ঘরবাড়ি গড়ে উঠছে। এম. এল. এ. হষ্টেলে থেকে দেখেছি পুলিশ ও প্রশাসনের বাধা সত্ত্বেও এইসব ঘরবাড়ি বেড়ে যাচ্ছে। বিনা প্ল্যানে যদি এসব হয় তাহলে নানা সমস্যা দেখা দেবে। এদের জন্য জল ও বিদ্যুৎ দরকার। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এদিকে দৃষ্টি দিতে। এই রকম বেআইনী কাজ যারা করবে তাদের শক্ত হাতে দমন করার জন্য অনুরোধ করছি। আমি এখানে এসে দেখলাম ফুটপাত সব দখল হয়ে যাচ্ছে এবং কিছু অসাধু সরকারী কর্মচারী এবং মস্তানদের সহযোগিতায় ফুটপাত দখল হয়ে যাচ্ছে। এর ফলে জনসাধারণের চলতে এবং ট্রাফিকেরও খুব অসুবিধা হচ্ছে। কর্পোরেশনের যে সিষ্টেম আছে তাতে এসব দেখা দরকার। পাতাল রেলের জন্য অনেক জায়গা খোঁড়া হয়ে আছে এবং তাতে জনসাধারণ এবং গাড়ির আসা-যাওয়ায় খুব অসুবিধে হচ্ছে। তাই বলছি কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে যেখানে প্রয়োজন সেখানে যেন গর্তগুলি ভরাট করা হয় এবং তাতে লোকের সুবিধে হবে।

[7.00—7.10 P.M.]

শহরে যারা মিডিল ক্লাস লোক তাদের অনেকগুলি সমস্যা আছে, তার মধ্যে ঘরবাড়ি একটা। আবাসন দপ্তর ঘরবাড়ি বানায়, সি আই টি ডিপার্টমেন্ট থেকেও ঘরবাড়ি করা হয়, কিন্তু সেটা এখন বন্ধ আছে। ভাড়ার একটু তফাৎ আছে বলে তারা আর ঘরবাড়ি বানায় না। পরশুদিন যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন, ভাড়ার একটা বৈষম্য আছে, তার জন্য ঘর বানায় না। সি আই টি-র পক্ষ থেকে ঘর বানিয়ে দিলে মোটামুটি লো ইনকাম গ্রুপের সুবিধা হবে, আমি সেই অনুরোধ আপনার কাছে করছি। আমরা অন্যান্য ষ্টেটের শহর ঘুরেছি, সেখানে জঞ্জাল নেই। কলকাতা শহরে আপনি জঞ্জাল পরিষ্কার করার চেষ্টা করছেন, সেটা আরো যাতে ভালভাবে করা যায় সেটা দেখবেন এবং জায়গায় জায়গায় যাতে শৌচাগার

করা হয় সেটা দেখবেন, না হলে যেভাবে রাস্তাঘাট নোংরা হচ্ছে সেটা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। তারপর বিভিন্ন জায়গায় যে মজা পুকুরগুলি আছে সেগুলি সংস্কার করলে একটু সুন্দর হয় এবং স্বাস্থ্যের দিক থেকেও অনেকটা ভাল হয়। তারপর অন্য একটা খাত ফায়ার ব্রিগেড সম্বন্ধে বলেছেন। মন্ত্রী মহাশয়ের প্রারম্ভিক ভাষণে আছে বর্তমান যুগে অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে দেশের অর্থ নৈতিক উন্নতির একটা অচ্ছেদ্য অঙ্গ হিসাবে গণ্য করা হয়। এর একটা হিসাব মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। বর্তমানে কেন্দ্রগুলির সংখ্যা দাঁড়িয়েছে ৭৪। এর মধ্যে ৩৯টি স্থানীয় শাসন এবং নগর উন্নয়ন বিভাগের অধীন, বাকি ৩৫টি অসামরিক প্রতিরক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন। আমি যে জায়গায় থাকি তা হচ্ছে উত্তরবঙ্গে, যেখানে ফরেস্টে চা-বাগান আছে। চা-বাগান যেখানে গড়ে উঠেছে সেখানে ঘন বস্তি আছে। চা-বাগানের শ্রমিকরা যেখানে থাকে সেখানে সমস্ত খড়ের ঘর। সেখানে একবার আগুন লাগলে গ্রামের পর গ্রাম পুড়ে শেষ হয়ে যায়। সেখানে পঞ্চায়েতের সুযোগ নেই, মিউনিসিপ্যালিটির সুযোগও নেই। জলপাইগুড়ি ডিষ্ট্রিক্টে আলিপুর-দুয়ার, মালবাজারকে কেন্দ্র করে যেভাবে ঘনবসতি হচ্ছে, লোকের ঘরবাড়ি বাড়ছে তাতে কয়েকটা ব্লককে কেন্দ্র করে—যেমন জলপাইগুড়ি, আলিপুরদুয়ারের মাঝখানে সেণ্টার হলে অর্থাৎ বিভিন্ন জায়গায়—ফালাকাটা আছে, অন্যান্য জায়গা আছে, মালবাজারে অলরেডি হয়ে গেছে, যেখানে মোটামুটি ঘন বস্তি আছে সেখানে ফায়ার ব্রিগেড-এর ব্যবস্থা করার জন্য অনুরোধ করব। কয়েক দিন আগে নিউ জলপাই-গুড়ির ফাটাপুকুর গ্রামে আগুন লেগে যাওয়ার ফলে ফায়ার ব্রিগেড পাওয়া যায় নি। মন্ত্রী মহাশয় বলেছেন কোন কোন জায়গায় উত্তেজনার সৃষ্টি হয়। আমি কয়েকটা জায়গায় দেখেছি দমকল বাহিনীকে গ্রামে আসার জন্য টেলিফোন করা হল, দমকল বাহিনী খালি গাড়ী নিয়ে চলে আসে, কারণ সেখানে জল পাওয়া যায় না, তারপর গ্রামে এসে জল খুঁজতে খুঁজতে যে টাইম লেগে যায় তাতে সব শেষ হয়ে যায়, পাবলিক তখন ক্ষেপে যায়, তার জন্য তখন তারা মারধর আরম্ভ করে। তারপর দমকল বাহিনী বলে আমাদের কাছে ট্যাংকে জল নেই। সেজন্য প্রস্তাব রাখছি যেখানে দমকল স্টেশন আছে সেখানে জলের ব্যবস্থা করা হোক। আমি বলতে চাই হাসিমারাতে যে ফায়ার ষ্টেশন আছে সেখানে জলের কোন ব্যবস্থা নেই। ফায়ার ষ্টেশনে বাথরুম, ল্যাট্রিনের ব্যবস্থা যাতে হয় সেটা দেখবেন। কারণ, এগুলি খুব এসেনসিয়াল।

অবশেষে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি, কারণ যাঁরা কাজ করেন তাঁদের বেতন বেড়েছে এবং বিভিন্ন রকম বিভিন্ন পদ্ধতির বৈজ্ঞানিক মেশিন আনা হয়েছে।

আমাদের এই আর্থিক অসংগতি এবং সীমিত ক্ষমতার মধ্যে মন্ত্রী মহাশয় অনেক কিছু করেছেন বলে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বীরপাড়া, ময়নাগুড়ি, ফালাকাটা, বারবিশা প্রভৃতি স্থানে ফায়ার ষ্টেশনের ব্যবস্থা করলে ভাল হয়। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাধিকারঞ্জন প্রামাণিক ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, লোকাল গভর্নমেন্ট এ্যাণ্ড আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর স্বায়ত্ত শাসন এবং নগর উন্নয়ন দপ্তরে যে প্রাণের সঞ্চার হয়েছে, কর্মযজ্ঞ শুরু হয়েছে এবং গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে যে কর্মযজ্ঞ শুরু হয়েছে সেটা কংগ্রেস সদস্যদের চোখে পড়ল না। আমি মনে করি বামফ্রন্ট সরকারের শাসনে এটা সবচেয়ে বড় উল্লেখযোগ্য ঘটনা। পশ্চিমবাংলায় ৫ কোটি ৪৪ লক্ষ জনসংখ্যার মধ্যে ১ কোটি ৪৪ লক্ষ হচ্ছে আরবান পপুলেশন এবং ১ কোটি ১৭ লক্ষকে মিউনিসিপ্যালিটির মধ্যে আনা হয়েছে। এই আরবানাইজেশন এবং মিউনিসিপালাইজেশন কংগ্রেস আমলে হয় নি। আরবান পপুলেশনের দিক থেকে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান হচ্ছে সিক্সথ, তামিলনাড়ু ২২, গুজরাট ৩। আর্বান পপুলেশনের ডেনসিটির দিক থেকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান হচ্ছে প্রথম এবং গুজরাটের স্থান হচ্ছে পঞ্চম। কিন্তু পপুলেশনের দিক থেকে আমরা তাদের ডবল্। জব চার্ণকের যে কলকাতায় আমরা বসে রয়েছি, সেই ১০ লক্ষ লোকের বসবাসযোগ্য কলকাতায় আজ ৮০ লক্ষ লোক বসবাস করে। ড্রেনেজ, স্যুয়ারেজ, গ্রাভিটি, গ্রেটার ক্যালকাটা ইত্যাদি পরিকল্পনা কংগ্রেসের সময় ছিল না বা তাঁদের কোন সায়েন্টিফিক এ্যাপ্রোচ ছিল না। তাঁরা কি কখনও ভেবেছেন ডিষ্ট্রিক্ট টাউন, সাব-ডিভিশনাল টাউন এবং ব্লক লেভেলে যে-সমস্ত টাউন আছে সেখানে যদি স্যানিটেশন, ড্রেনেজ স্যুয়ারেজ, ওয়াটার সাপ্লাই এবং লাইটের ব্যবস্থা না করা যায় তাহলে কলকাতায় লোক ছুটে আসবে এবং কলকাতায় ওভার পপুলেশন হবে আমরা যদি মিউনিসিপ্যালিটিগুলির উন্নতি করতে না পারি তাহলে কোলকাতার সমস্যার সমাধান হবে না। তাঁরা যে সমস্ত মিউনিসিপ্যালিটি করেছেন সেখানে তাঁরা গরীব এবং পিছিয়ে পড়া মানুষের জন্য স্যানিটেশন, স্যুয়ারেজ, ড্রেনেজ, ওয়াটার সাপ্লাই ইত্যাদির ব্যবস্থা করেন নি।

[7.10—7.20 P. M.]

বড়লোকের সেইসব এলাকায় আপনারা এইসব করেছেন। আপনারা জানেন আমার কাছে পরিসংখ্যান আছে, ১৯৭৭ সালে এই বামফ্রন্ট সরকার আসার আগে কলকাতা করপোরেশন, বালি এবং হাওড়া ও কলকাতার সন্নিহিত এলাকা পার ক্যাপিটা এক্সপেণ্ডিচার হোত ৬১·৫৪ পয়সা, আর নন-সি. এম. ডি. এ. এলাকায় মিউনিসিপ্যালিটিগুলিতে মাত্র ৮৭ পয়সা পার ক্যাপিটা এক্সপেণ্ডিচার হোত। আজকে আমরা আনন্দের সংগে বলছি যে, আমাদের মন্ত্রী মহাশয় তা পরিবর্তন করে নন-সি. এম. ডি. এ. এলাকায় যেখানে মাত্র ৮৭ পয়সা খরচ হোত এখন সেখানে ১৩·৮৪ পয়সা করেছেন। প্রায় ১৫ গুণ এবং তার পারসেনটেজ হোল ১৫০০%, কল্পনা করতে পারেন? এই ডিসপ্যারিটি আপনারা রেখেছিলেন। আপনার কলকাতা শহরের উন্নয়ন করেছেন, কিন্তু পারলেন কি করে? আপনারা তো কই কলকাতার পপুলেশন কমাতে পারেন নি? আপনারা পার্শ্ববর্তী এলাকাকে যদি ডেভেলপ না করেন তাহলে কলকাতায় লোক এসে ভিড় করবেই। আর একটা জিনিস আপনারা ধরতে পারেন নি। সায়েন্টিফিক এ্যাপ্রোচ আপনাদের মধ্যে ছিল না। যেমন একটা পাখীর দুটি ডানা—তার একটা ডানা কেটে দিলে সে আর উড়তে পারে না। রুর‍্যাল ডেভেলপমেন্ট এবং Urban development go hand in hand. একটার ডেভেলপমেন্ট করবেন আর একটার করবেন না—এ জিনিস হতে পারে না। এই বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি আপনাদের ছিল না। তাই আপনারা ব্যর্থ হয়েছেন এবং কলকাতারও সমস্যা সমাধান করতে পারেন নি। চীৎকার করছেন কলকাতার উন্নয়নের জন্য, আপনারা টাকা খরচ করেছেন। কিন্তু তাকিয়ে দেখুন আজকে কলকাতার কি অবস্থা—একথা তো আপনারা বললেন না। ১৯৭৮ সালে আমাদের বামফ্রন্ট সরকার হবার পর এই যে স্বায়ত্তশাসন বিভাগের কি রকম উন্নয়ন হয়েছে। কত কমিটি হয়েছে এবং সেই কমিটি কিভাবে কাজ করছে—এই কথা তো বললেন না। ওয়েষ্ট বেঙ্গল আরবান ডেভেলপমেন্ট ষ্ট্রাটেজি কমিটি এই স্বায়ত্ত শাসন বিভাগকে কিভাবে উন্নীত করা যায়, কিভাবে নাগরিকদের সুখ-সুবিধা দেওয়া যায় তার যে চেষ্টা করছে সে কথা তো বললেন না। এই কমিটি কি করবে? সেখানে এক্সপার্ট দরকার, যারা একসংগে বসে ঠিক কি করে মানুষদের সুখ-সুবিধা দেওয়া যায় রোগীর ক্ষয় সারার জন্য ডাক্তারের দরকার, ডাক্তারী বিদ্যা জানতে হবে। এই কথা তো আপনারা ভাবেন নি। এখানে একটা গাইড লাইন দরকার কিভাবে নাগরিকদের সুখ-সুবিধা দেওয়া যেতে পারে। এই জন্যই এক্সপার্টদের নিয়ে এই

কমিটি করা হয়েছে। ১৯৮০ সালের জুলাই মাসে এই কমিটি গঠিত হয়েছে এবং তার চেয়ারম্যান ছিলেন প্রশান্ত শূর মহাশয়। দি ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ফাইনান্স কমিশন করা হয়েছে এবং ডঃ ভবতোষ দত্ত তার চেয়ারম্যান। এই প্রথম পশ্চিমবাংলায় এই ধরনের কমিশন করা হোল এবং তার রেসপনসিবিলিটি সরকার গ্রহণ করেছেন। এইসব কথা তো আপনারা বললেন না? একটা মিউনিসিপ্যালিটি কিভাবে ফাইন্যানসিয়ালি ভায়েবল হবে, কিভাবে তার আর্থিক প্রয়োজন মেটাবে সে সম্বন্ধে চিন্তা-ভাবনা করার জন্য একটা ফাইন্যান্স কমিশন দরকার। একটা লে ম্যানকে নিয়ে তো হবে না। সেখানে এক্সপার্ট বসাতে হবে এবং তাঁরা ভাববেন কিভাবে একটা মিউনিসিপ্যালিটি চলতে পারে—টাকা কোথা থেকে আসবে—ফাইন্যানসিয়ালি ভায়েবল কি করে হবে, তার জন্য ফাইন্যান্স কমিশন বসানো হয়েছে। এটা পশ্চিমবাংলায় এই প্রথম। এই সম্পর্কে রিসার্চ দরকার, ট্রেনিং দরকার—একটা পরিসংখ্যান দরকার এবং তার জন্য তো বিজ্ঞান আছে। আজকে বিজ্ঞানকে ভিত্তি করে মানুষ চাঁদে যাচ্ছে। সেই রকম এর জন্যও বিজ্ঞান দরকার, প্রযুক্তিবিদ্যা দরকার—ট্রেনিংয়ের প্রয়োজন। আমরা নাগরিকদের সুখ-সুবিধা দিতে চাই এবং তার জন্য ইনষ্টিটিউশন অব লোকাল গভর্নমেণ্ট এণ্ড আরবান ষ্টাডির প্রয়োজন এবং সেটা ১৯৮২ সালের মে মাসে হয়েছে। যে-সব ডাইরেক্টরেট অব লোকাল বডিজ এবং এ্যাডমিনিষ্ট্রেটর আছে তাদের ট্রেনিংয়ের প্রয়োজন, কমিশনারদের ট্রেনিং দরকার। এখানে ডাইরেক্টর অব লোকাল বডিজ দরকার এবং পাবলিকেশন দরকার। এই জিনিস আপনারা করতে পারতেন। বিজ্ঞানের যুগে বাস করে এই সব কথা আপনারা চিন্তাই করেন নি। আমরা এটা করেছি ১৯৮২ সালের মে মাসে। তার পর ডাইরেক্টরেট অব লোকাল বডিজ হয়েছে এই সরকারের আমলে। ১৯৭৮ সালে লোকাল বডিজদের গাইড করবার জন্য ডাইরেক্টরেট অব লোকাল বডিজ করা হয়েছে। লোক্যাল বডিজগুলিকে সুষ্ঠুভাবে চালাতে গেলে এইসব দরকার। আমাদের পশ্চিমবাংলায় ২৯১টি টাউন আছে—ডিষ্ট্রিক্ট টাউন আছে। এর মধ্যে মাত্র ১১২টি মিউনিসিপ্যালাইজ হয়েছে, ৯৪টি বাকী আছে। কলকাতা করপোরেশন এবং চন্দননগর করপোরেশন—আমরা হাওড়া মিউনিসিপ্যালিটিকে করপোরেশনে উন্নীত করেছি এবং তার নির্বাচন ১৯৮৩ সালে হবে এটাও আমরা ঘোষণা করেছি। আর আটটা হচ্ছে নোটিফায়েড এরিয়া এবং বাকিটে হচ্ছে টাউন কমিটি, এই যে এতগুলো রয়েছে, এই লোকাল বডিগুলোকে যদি গাইড করতে হয় তাহলে ডিরেক্টার অব লোকাল বডিজ তৈরী করার দরকার রয়েছে, এটা তো বললেন না? আপনাদের আমলে হয় নি, বামফ্রণ্ট সরকারের আমলে

হয়েছে, কৈ এটা তো বললেন না ? ডিরেক্টার অব মিউনিসিপ্যালিটিতে ইঞ্জিনিয়ারিং— ঐ যে-সমস্ত লোকাল বডিজ রয়েছে, তাদের যে-সমস্ত প্রযুক্তিবিদ দরকার, নানা রকম ইঞ্জিনিয়ারিং কাজকর্ম হবে, কে তাদের সাহায্য করবে? ডিষ্ট্রিক্ট টাউন রয়েছে, সাব-ডিভিশন্যাল টাউন রয়েছে, কে তাদের সাথে পরামর্শ করবে ? গ্রামাঞ্চলে অনেক দূরে যে-সমস্ত রয়েছে, মফঃস্বল শহর রয়েছে, এই সমস্ত ইঞ্জিনিয়ারিং ব্যাপারে কে তাদের সাহায্য করবে ? তার জন্য আমরা ডিরেক্টার অব মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং করেছি, সেটা হয়েছে ১৯৮১ সালে, সেটা তো উল্লেখ করলেন না ? আমরা তারপর করেছি, প্রতিটি লোকাল বডিজে আমরা একজন করে আমাদের এক্সিকিউটিভ অফিসার, একজন করে ফাইন্যান্স অফিসার, একজন ইঞ্জিনিয়ার এবং একজন হেলথ অফিসার—এইগুলো আমরা ডেপুট করেছি। কারণ তাদের পরামর্শ দিতে হবে, গাইড করতে হবে, কৈ এইগুলো তো বললেন না ? এই যে কর্মযজ্ঞ চলছে, এই যে আপনাদের সঙ্গে দৃষ্টিভঙ্গির তফাৎ, বড়লোকেদের জন্য করবেন, শুধু কলকাতার জন্য করবেন—আমরা সমস্ত মিউনিসিপ্যালিটির জন্য করতে চাই, গরীব মানুষদের দিকে লক্ষ্য রেখে সব কাজ করতে চাই। আপনারা ৩০ বছরে মাত্র ১৩টা মিউনিসিপ্যালাইজেশন করেছেন, আমরা মাত্র ছয় বছরে ১১টি করেছি। শুধু ১৯৮১ সালে ছয়টি টাউনকে মিউনিসিপ্যালিটির সম্মান দিয়েছি. উন্নীত করেছি এবং শুধু তাই নয়, আমরা আরও ১৩টি টাউনকে মিউনিসিপ্যালিটির আওতায় আনবার কথা ভাবছি এবং দুর্গাপুর, কল্যাণীর নোটিফায়েড এলাকাকে মিউনিসিপ্যালিটির আওতারে আনবার চেষ্টা করছি। টাউন কমিটি এই রকম তিনটে আছে, তাদেরকেও মিউনিসিপ্যালিটির আওতারে আনবার চেষ্টা করছি। আরও ছয়টা নোটিফায়েড এরিয়া ঘোষণা করার চেষ্টা করছি এবং সর্বসাকুল্যে মাত্র ছয় বছরে আমরা ৩৬টি মিউনিসিপ্যালাইজেশনের আওতারে আনতে পেরেছি, যেটা ৩০ বছরে আপনারা মাত্র ১৩টা করেছেন। তাহলে ভেবে দেখুন এই নগরবাসীদের জন্য আপনারা কি করেছেন, আর আমরা কি করেছি। আর একটা কথা বলি, আজকের কলকাতা—১৯৭৭ সালের আগের কলকাতাকে মিউজিয়ামে ধরে রাখা যায় নি, যদি ধরে রাখতেন তাহলে আপনারাই বলতেন যে, কলকাতাকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে। গাড়িঘোড়ার জন্য রাস্তা দিয়ে হাঁটা যেত না, এত খানাখন্দ ছিল যে রাস্তায় চলা যেত না। আজকে কলকাতার দিকে তাকিয়ে দেখুন, ১৯৮১-৮২ সালে আমাদের সরকারের আমলে ১৯৩টি রাস্তা মেরামত হয়েছে, ইমপ্রুভমেন্ট হয়েছে, ২৫টি ফুটপাত মেরামত হয়েছে, ইমপ্রুভমেন্ট হয়েছে ২৭টি ফুটপাথ এবং স্কোয়ারের উন্নতি হয়েছে। ১৯৮২-৮৩ সালে ১২১টি রাস্তা মেরামত হয়েছে, ৮০টি ফুটপাথ

মেরামত আমরা করেছি এবং ३৬টি পার্ক মেরামত করেছি এবং ৬৮টি বস্তি তিন কোটি টাকা ব্যয়ে উন্নীত করেছি। ১৯৮২-৮৩ সালে প্রস্তাব করা হয়েছে ৫৫০টি রাস্তা মেরামত, ৬০টি ফুটপাথ মেরামত, ৬০টি পার্ক এবং স্কোয়ারের উন্নতি এবং ৬৪টি বস্তির উন্নতি করবো এবং এর জন্য ৪ কোটি ৩৫ লক্ষ টাকা খরচ হবে, এই পরিকল্পনা আমরা নিয়েছি। আমার সময় নেই, অনেক কিছু বলার ছিল। মার্কেট করার ব্যবস্থা হচ্ছে। কাঁকুড়গাছি, মানিকতলা, হগ মার্কেট—এই সব মার্কেটের উন্নতির ব্যবস্থা হচ্ছে। পরিসংখ্যান বাড়িয়ে কোন লাভ নেই। এই যে কর্মযজ্ঞ চলছে, আপনাদের সঙ্গে আমাদের যে মৌলিক পার্থক্য এটাই প্রমাণ করছে। এই কথা বলে ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশৈলেন্দ্রনাথ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি বিরোধী পক্ষের বক্তব্য শুনছিলাম, বিরোধী পক্ষের দু'জন সদস্য এখানে বক্তব্য রেখেছেন। রউফ আনসারি কি বলেছেন তা উপর হরমোহন সিংহ মহাশয় জবাব দিয়েছেন। কাশীবাবু কিছু বক্তব্য উপস্থিত করেছেন। তিনি এটা বোঝাতে চেয়েছেন বলে আমি বুঝেছি যে, পশ্চিমবঙ্গে যে নগর উন্নয়নের প্রশ্ন—কলকাতা এবং আশেপাশের শহরকে যেভাবে গুরুত্ব দেওয়া হয়েছে, দূরবর্তী শহরগুলোকে বোধহয় সেই রকম গুরুত্ব দেওয়া হচ্ছে না।

[7.20—7.30 P. M.]

তার কিছু জবাব একটু আগে মাননীয় সদস্য রাধিকা প্রামাণিক দিলেন। তিনি উল্লেখ করে দেখিয়েছেন ১৯৭৬-৭৭ সালে কংগ্রেস আমলে কলকাতা এবং হাওড়ার জন্য পার ক্যাপিটা ব্যয়বরাদ্দ ছিল ৬১·৫৪ পয়সা, আর ১৯৮০-৮১ সালে আমাদের আমলে সেই বরাদ্দ বেড়ে ৬৯·৬৩ পয়সা হয়েছে। ১৯৭৬-৭৭ সালে সি. এম. ডি. এ. পৌরসভার জন্য বরাদ্দ ছিল ১৯·৮৮ পয়সা। ৩০/৪০টি নন-সি. এম. ডি. এ. এলাকার জন্য বরাদ্দ ছিল ·৮৭ পয়সা। এখন সেটা বেড়ে ১৩·৮৪ পয়সা হয়েছে। কিন্তু এখনো অনেক ফারাক আছে। এবারের প্ল্যান বাজেটে দেখবেন আরবান ডেভেলপমেন্টের জন্য ১১ কোটি ৫৪ লক্ষ টাকা ধরা হয়েছে এবং তার মধ্যে ৫ কোটি টাকা সি. এম. ডি. এ., পৌরসভার জন্য খরচ করা হবে। বাকি টাকা নন-সি. এম. ডি. এ. এলাকার জন্য খরচ করা হবে। এতে ফারাকটা আর একটু কমে আসবে। এই আরবান ষ্ট্রাটেজি নূতন করে উন্নয়নমূলক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে নেওয়া হয়েছে,

আগে এটা ছিল না এবং আরে এই দৃষ্টিভঙ্গিতে উন্নয়নমূলক কাজ গ্রহণ করা হয় নি এই দৃষ্টিভঙ্গি নিয়ে চলার ফলে একটু উন্নত অবস্থায় এসেছে, ফারাকটা কমে আসছে গরীব এলাকায় কাজ করতে হবে, এই দৃষ্টিভঙ্গি নেওয়া হয়েছে এবং এইভাবে পৌরসভাগুলির বিকাশ, উন্নতি ঘটাতে হবে। যে-সমস্ত আরবান পয়েণ্ট হয়েছে অর্থাৎ শহর হয়েছে, মিউনিসিপ্যালিটি হয় নি, সেখানে মিউনিসিপ্যালিটি করতে হবে, তার ফিরিস্তি ইতিমধ্যেই দেওয়া হয়ে গেছে। সব চেয়ে বড় কথা হচ্ছে পৌরসভাগুলি পরিচালনার জন্য এই বাজেট পাশ করা হচ্ছে। একদিকে সি. এম. ডি. এ., পৌরসভার জন্য আগামী ৫ বছরে ৭৬ কোটি টাকার কাজ করবেন পৌরসভাগুলি এই কাজ করবেন, যা অতীতে কোন পৌরসভা এই দায়িত্ব পালন করেন নি। আর সি. এম. ডি. এ.-র বাইরে স্মল, মিডিয়াম, ছোট মাঝারি মিলিয়ে ২০টি শহর সিলেকটেড হয়েছে এবং তার প্রোজেক্ট রিপোর্ট তৈরি হয়ে গেছে। সেণ্ট্রাল গভর্নমেণ্টের এ্যাপ্রুভ্যাল পাওয়া গেলেই কাজ শুরু হবে ২০ কোটি টাকা এই ২০টি শহরের জন্য খরচ হবে। তার মধ্যে মাননীয় সদস্য কাশীনাথবাবুর বাঁকুড়া শহরও আছে। একদিকে এই ১০টি শহর, অন্যদিকে ৩৫টি শহর এবং সি. এম. ডি. এ. ভুক্ত পৌরসভাগুলি মিলিয়ে মোট সংখ্যা হচ্ছে ১১১। তার মধ্যে অর্ধেকেরও বেশী পৌরসভা আগামী কয়েক বছরের মধ্যে ১০০ কোটি টাকার কাজ রূপায়িত করবেন, পরিকল্পনা করবেন। পশ্চিমবঙ্গে কোথাও কখনো এই জিনিস হয় নি। তবে কাশীনাথবাবু একটি কথা সঠিকভাবেই বলেছেন যে তদারকি করতে হবে। তদারকি বলতে অতীতে আমরা দেখেছি সরকার থেকে কণ্ট্রোল করা হত। আর এই কণ্ট্রোল করা মানে মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করে দেওয়া। আমি অন্ততঃ এইটুকু বলতে পারি পশ্চিমবাংলায় ১৯৮১ সালে নির্বাচন হয়েছে। সেখানে বিভিন্ন দলের পৌরসভা থাকতে পারে। কিন্তু রাজনৈতিক কারণে কোন পৌরসভাকে সুপারসিড করা হয় নি। তবে পৌরসভাগুলির বিরাট দায়িত্ব এসে পড়েছে। তার মোকাবিলা করার জন্য যে সুপার স্ট্রাকচার দরকার সেই বিষয়ে কিছু বক্তব্য গতবারের বাজেট বিবৃতিতে আছে, এবারে সেটার রিপিটেশন আর করা হয় নি। মাননীয় রাধিকাবাবু সেই বিষয়ে কিছু কিছু বক্তব্য এখানে রেখেছেন। ডাইরেক্টর অব লোকাল বডি করা হয়েছে, মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার করা হয়েছে, ট্রেনিং-এর জন্য ইনষ্টিটিউট করা হয়েছে। মিউনিসিপ্যালিটিকে পরিকল্পনার মাধ্যমে সাহায্য করার জন্য এই ব্যবস্থাগুলি করা হয়েছে। কারণ ইন্টিগ্রাল আরবান ডেভেলপমেণ্টের জন্য, স্মল এ্যাণ্ড মিডিয়াম টাউন ডেভেলপমেণ্টের জন্য তাকে প্রোজেক্ট তৈরী করতে হচ্ছে। ৩৫টি

ৌরসভার ৭৬ কোটি টাকার পরিকল্পনা রচনা করতে সি. এম. ডি. এ.-র ইঞ্জিনিয়াররা সাহায্য করছেন। এইভাবে তারা সমস্ত দিক থেকে সাহায্য করছেন পৌরসভাগুলিকে, এতে মনিটারির দিক থেকেও কিছুটা সুবিধা হচ্ছে। পঞ্চায়েত বাজেটের সময় মাননীয় পঞ্চায়েতমন্ত্রী বলেছেন এবং পৌরসভার বাজেটের সময়ও আমরা বলতে চাই যে, জনগণের নির্বাচিত প্রতিনিধিদের অধিকার থাকবে, নগর উন্নয়ন বা গ্রাম উন্নয়নের ক্ষেত্রে তাঁদের ভূমিকা থাকবে। তাঁরা পরিকল্পনা রচনা করবেন, কার্যকরী করবেন, এই দৃষ্টিভঙ্গি আমরা প্রতিফলিত করছি এবং এই দৃষ্টিভঙ্গি অত্যন্ত সঠিক দৃষ্টিভঙ্গি বলে আমরা মনে করি।

এটা মনে করার কোন কারণ নেই যে, নির্বাচিত প্রতিনিধিরা সবাই চোর হয়ে যাবেন, তাঁরা কিছু করতে পারবেন না, আর সরকারী আমলা, সরকারী ইঞ্জিনিয়ার তাঁরা সব ঠিকঠাক করে দেবেন, কণ্ট্রাক্টররা সব ঠিকঠাক করে দেবেন। স্যার, শহরাঞ্চলে পৌরসভা এবং গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে ঐ সমস্ত উন্নয়নমূলক কাজ করার মধ্যে দিয়ে যে আত্মবিশ্বাস আমরা দেখেছি তাতে দেখেছি সত্যিকারের নগর উন্নয়নের ক্ষেত্রে বেশী বেশী করে মানুষ তাঁরা অংশগ্রহণ করছেন, পাবলিকের ইনভলভমেন্ট হচ্ছে। সেখানে ঐ স্ক্যাভেঞ্জারস ফ্রি—মাথায় করে যে ময়লা নিয়ে যাচ্ছে তার থেকে মুক্তির জন্য আমরা সাধারণ-ভাবে একটা গাইড লাইনের কথা বলেছি। সমস্ত পৌরসভা তাদের বাজেটের মধ্যে সেইভাবে অর্থ বরাদ্দ করছে। এর জন্য আমরা বিশেষভাবে ১২টি শহরে সার্ভে করিয়েছি। এই ১২টি শহরে কত খাটা পায়খানা আছে, তার অপসারণের জন্য কত টাকা দরকার—এগুলির প্রজেক্ট রিপোর্ট আমরা তৈরী করেছি। এগুলি আস্তে আস্তে রূপায়িত হবে। যাতে অন্ততঃ ১২টি শহরকে স্ক্যাভেঞ্জারস ফ্রি করা যায় বা খাটা পায়খানা থেকে মুক্ত করা যায় সে চেষ্টা আমরা করছি। ইতিমধ্যে সোনামুখী এবং মুর্শিদাবাদে সেই পরিকল্পনা গৃহীত হয়েছে, টাকা মঞ্জুর হয়েছে এবং তার কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। পুরুলিয়া শহরে আমরা কিছু বেসিক সার্ভিস দেবার জন্য প্রায় ৫০ লক্ষ টাকার প্রজেক্ট তৈরী করেছি। ইউনিসেফের সাহায্য নিয়ে সেই কাজ কিছুদিনের মধ্যেই আমরা শুরু করবো। এইভাবে সামগ্রিকভাবে সমস্ত পশ্চিমবাংলায় যে শহরগুলিতে মিউনিসি-প্যালিটি হয় নি তাকে মিউনিসিপ্যালিটি করার দৃষ্টিভঙ্গি এবং যেগুলি মিউনিসি-প্যালিটি হয়েছে তাদের সার্ভিসকে আরো বাড়াবার দৃষ্টিভঙ্গি নিয়ে একটা ব্যালেন্স করার চেষ্টা করা হচ্ছে। কলকাতার নাগরিকদের স্বার্থে এবং অন্যান্য শহরের নাগরিকদের স্বার্থের প্রতি নজর রেখে আমরা কাজ করার চেষ্টা করছি। স্যার,

এখানে মাননীয় বিরোধী দলের সদস্যদের উপস্থিতি দেখছি খুবই কম, তাঁরা হয় নগর উন্নয়নের গুরুত্বকে উপলব্ধি করছেন না। পরিশেষে বলি, তাঁরা যে-সম সাজেসান রেখেছেন সেগুলি সরকার নিশ্চয় বিবেচনা করে দেখবেন। মাননী মন্ত্রী মহাশয় এর পরে আরো বিস্তৃতভাবে বলবেন। এই বলে আমি আমার বক্তব শেষ করলাম।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যগণ, এই বাজেটের উপর আলোচনার জন্য সময় নির্দিষ্ট আছে তা শেষ হচ্ছে ৭টা বেজে ৪০ মিনিটে। দেখা যাচ্ছে আরো কিছু সময়ের প্রয়োজন, তাই আমি আরো আধঘণ্টা সময় বাড়াতে চাইছি আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর)

সময় আরো আধ ঘণ্টা বাড়লো।

শ্রীপ্রশান্তকুমার শূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআব্দ রউফ আনসারি সাহেবের সঙ্গে আমার দীর্ঘ দিনের পরিচয়। কলকাত কর্পোরেশনে উনি কংগ্রেস দলের নেতা হিসাবে কাজ করেছেন। স্যার, আমার দুঃখ লাগলো এটা দেখে যে, উনি আমার বাজেট বক্তব্যটা পড়ে দেখেন নি পড়ার প্রয়োজন আছে সেটাও বোধহয় মনে করেন নি। স্যার, আরো দুঃখের কথা, গত সেশানে আমার বিরুদ্ধে ৩৷৷ কোটি টাকা তছরূপের অভিযোগ আসে এবং তা নিয়ে বহুবার আলোচনা এই বিধানসভায় হয়, আমি আমার বক্তব্য রাখি এবং তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার জাষ্টিস সলিল রায়চৌধুরী কমিশন গঠন করেন।

[7.30—7.40 P. M.]

সেই কমিশনের অধিবেশন কয়েক দিন হয়ে গেছে এবং আবার হবে। কি তা সত্ত্বেও তিনি কেন ঐ কথা উল্লেখ করলেন, তা আমি বুঝতে পারলাম না দুর্নীতির কথাই যদি বলতে হয় তাহলে আমি মাননীয় সদস্য রউফ আনসারি সাহেবকে বলব, আপনি বুকে হাত দিয়ে দেখুন, যখন কর্পোরেশনে আপনার

কাজ করেছেন তখন সেখানে কি পরিমাণ দুর্নীতির বাসা বাড়িয়ে রেখে এসেছেন, আর আজকে বিরোধী পক্ষে গিয়ে আপনারা দুর্নীতির কথা বলছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে একটা দুর্নীতির ঘটনা উল্লেখ করছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে কংগ্রেসী মন্ত্রিমণ্ডলী অনেক ক্ষেত্রে অনেক কর্মচারী নিয়োগ করেছিলেন, কিন্তু তখন নিয়োগ সম্বন্ধে কোন আইন-কানুনের বালাই তাঁদের ছিল না। আমি খুবই দুঃখিত, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী আজকে এখানে উপস্থিত নেই। আমি কর্পোরেশনের নথিপত্রের মধ্যে দেখলাম ঐ সময়ে মন্ত্রী হিসাবে শ্রীমুখার্জী কর্পোরেশনের একজন লাইটিং ইন্সপেক্টরকে রাতারাতি এ্যাডিশনাল ডেপুটি ডাইরেক্টর অফ কনজার্ভেন্সি করে দিয়েছিলেন। কেন করেছিলেন, সে আলোচনা আমি করতে চাইছি না। তারপরে দেখুন, যখন দেখা গেল লাইটিং ইন্সপেক্টরকে এ্যাডিশনাল ডেপুটি ডাইরেক্টর অফ্ কনজার্ভেন্সি করেও আবর্জনা পরিষ্কার হচ্ছে না, বরঞ্চ আবর্জনা আরো বেশী করে জমছে, তখন সরকারের কাছে প্রস্তাব দেওয়া হলো যে, অফিসার অন স্পেশাল ডিউটি নামে একটা নতুন পোষ্ট ক্রিয়েট করা হোক। সেই পোষ্ট ক্রিয়েট করা হল এবং সেখানে এমন লোককে নিয়োগ করা হল, যিনি এর আগেই কলকাতার আবর্জনা পরিষ্কার করার দায়িত্ব গ্রহণ করেছিলেন। অর্থাৎ ঐ লাইটিং ইন্সপেক্টরকে সেই পোষ্টে বসান হল। স্যার, আপনি জানেন যে, একজন লাইটিং ইন্সপেক্টরের বেতন তখন ৫০০/৬০০ টাকা ছিল, ২১শে মে, ১৯৭৬ এ্যাডিশনাল ডেপুটি ডাইরেক্টর এবং অফিসার অন স্পেশাল ডিউটি হিসাবে তাঁর মাইনে নির্ধারণ করা হলো ১৫০০ টাকা থেকে ২০৪০ টাকা। তারপরে ঐ এ্যাডিশনাল ডেপুটি ডাইরেক্টরকে বলা হল, তুমি আমাদের অফিসার অন স্পেশাল ডিউটি এবং যেদিন একথা বলা হল সে দিনই আবার তাকে কর্পোরেশনে পাঠান হলো স্পেশাল ডেপুটি কমিশনার করে। তিনি সেখানে গিয়ে ১৫০০ টাকা থেকে ২০৪০ টাকা মাইনেতে স্পেশাল ডেপুটি কমিশনার হিসাবে কাজ করতে লাগলেন। অর্থাৎ কমিশনারের পরেই যিনি সর্বোচ্চ অফিসার। আমাদের আইনের ৫৭(এ) ধারাতে এই ধরনের অফিসারকে ডেপুটেশনে পাঠাবার ব্যবস্থা আছে। কিন্তু তাতে এরকম ব্যবস্থা নেই যে, একজন কর্পোরেশনের অফিসারকে সরকারী অফিসার করে, আবার তাকে সেদিনই সরকারী অফিসার হিসাবে একদিনও মাইনে ড্র না করে কর্পোরেশনের স্পেশাল ডেপুটি কমিশনার করে পাঠান যায়। এই জিনিস কংগ্রেস ছাড়া আর কে করতে পারে? স্যার, যদি সদস্যরা উদাহরণ চান, আমি এই ধরনের ভুরি-ভুরি উদাহরণ দিতে পারি। কিন্তু মাননীয় সদস্য সুব্রত

মুখার্জী আজকে এখানে উপস্থিত নেই, তাই আমি দৃষ্টান্তগুলি এখান দিচ্ছি না।

ওনারা বলছেন, আমরা চাকরি-বাকরি দিতে কোন নিয়ম-শৃঙ্খলা মানিনি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক নেওয়ার সরকারী যে নিয়ম সেই নিয়ম মানিনি আমি এই হাউসে উত্তর দিয়েছিলাম, কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৫১, সেই আইনের যে ধারা আছে, যেভাবে কর্মী নিয়োগ করা হয়, যে পর্যন্ত না ধারা পরিবর্তন করা হচ্ছে সে পর্যন্ত আমাদের সেই আইন অনুযায়ী নিয়োগ করতে হবে কিন্তু সাথে সাথে এই কথা বলছি, আমরা যখন ১৯৮০ সালে ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন আইন করেছি তখন আমরা সেখানে এই ধারা দিয়েছি যে, সমস্ত নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক আনতে হবে, নাম আনতে হবে। কিন্তু যে পর্যন্ত না সেই আইন চালু করতে পারছি সে পর্যন্ত প্রচলিত ধারা অনুযায়ী নির্বাচিত হবে। ওনারা বললেন, আমাদের ক্যাডাররাই খালি চাকরি পাচ্ছে। আমি আপনাদের সামনে এই লিষ্ট দিতে পারি, আমাদের এণ্টালি ওয়ার্কশপে খালাসী হিসাবে, ফিটার হিসাবে, ওয়েলডার হিসাবে, ব্লাকস্মিথ হিসাবে, ইলেকট্রিশিয়ান হিসাবে, জুনিয়ার হিসাবে, ফিটার হেলপার হিসাবে, পিয়ন হিসাবে, ব্লক সরকার হিসাবে, জুনিয়ার এ্যাসিসট্যাণ্ট হিসাবে এবং আরো অনেক কর্মী—যদি নাম চান আমি নাম পড়ে দিতে পারি, যেমন শ্রীতপন চক্রবর্তী, শ্রীজয়দেব মণ্ডল, শ্রীবিজয় গোপাল মণ্ডল, শ্রীচন্দন চাকী, শ্রীপ্রতাপ সিংহ, শ্রীসুশীল দাস ইত্যাদি ইত্যাদি—রউফ আনসারি সাহেব যদি নামের লিষ্ট চান তাহলে নিয়ে যেতে পারেন এবং সেটা নিয়ে মিলিয়ে দেখুন।

শ্রীআব্দুর রউফ আনসারি ঃ আপনি আমার লিষ্টটা কি নেবেন ?

শ্রীপ্রশান্তকুমার শূর ঃ হ্যাঁ, নিশ্চয়ই নেবো। কিন্তু তার আগে আমি এই কথা বলতে চাই। আপনারা বলেছেন যে, আমরা ক্যাডার নিয়োগ করেছি। সেই প্রসঙ্গে পরিষ্কার বলতে চাই, করপোরেশনের নিয়ম আছে, সেই নিয়মের বাইরে একজনকেও নিয়োগ করা হয় নি। আপনারা এখানে বলেছেন, বোধহয় কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন, আমরা অন্যায় ভাবে একজন মিলিটারি অফিসারকে নিয়োগ করেছি। হ্যাঁ, আমরা মিলিটারি অফিসারকে নিয়োজিত করেছি। তিনি সার্ভিসে ছিলেন, কিন্তু তিনি রেজিগনেশান দিয়েছেন। ডিফেন্স ডিপার্টমেণ্ট তাকে অনুমতি দিয়েছেন। আমরা যখন সেই পদের জন্য এ্যাডভার্টাইজমেণ্ট করি তখন তিনি ঐ

পদের জন্য একজন প্রার্থী ছিলেন পাবলিক সার্ভিস কমিশনের সামনে। ৯-২-৮৩ তারিখে পাবলিক সার্ভিস কমিশন রেকমেনডেশান দেন যে, তাঁকে নিয়োগ করা হোক। সুতরাং না জেনে অহেতুক কোন অভিযোগ এখানে করা ঠিক নয়। আপনারা আর একজন অফিসারের কথা বলতে চেষ্টা করেছেন—তিনি হচ্ছেন এফ. এ. এ্যাণ্ড সি. এ. ও.—ইনি সি. এম. ডি এ.-তে ছিলেন, এখানে কি করে তিনি আসলেন ?

[7.40—7.50 P.M.]

তিনি আসলে ছিলেন এ. জি. বেঙ্গলের লোক। সেখানে তিনি ভলান্টিয়ারি রেজিগনেশন দেন, ভলান্টিয়ারি রেজিগনেশন দেওয়ার পরে তিনি সি. এম. ডি. এ.-তে যোগ দেওয়ার জন্য আসেন। তখন সি. এম. ডি. এ.-র পক্ষ থেকে এ. জি. বেঙ্গলকে লেখা হয়। আমরা যে-সব শর্ত দিচ্ছি সেই সব শর্তে তাঁকে আমরা নিয়োগ করতে পারি কি না? এ্যাকাউনট্যান্ট জেনারেল, সেন্ট্রাল তিনি লিখেছেন :
When a Central Government Officer is appointed in an autonomous body public sector undertaking of the State Government after voluntary retirement the concerned authority is competent to settle the terms and conditions of such appointment as per rules of the authority applicable in this regard.

এটা ১৪-১২-৭৮ তারিখের এ জি. সেন্ট্রালের চিঠি। সুতরাং বুঝতেই পারছেন, এমন কোন দৃষ্টিভঙ্গি দেখাতে পারবেন না একটা ব্যাপারেও যে, আমরা অন্যায় ভাবে কোন নিয়োগ কি কিছু করেছি। কি কর্পোরেশন, কি অন্যত্র, আমাদের এই নির্দেশ আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বামফ্রন্ট সরকারের গর্বের কথা, ১৪-তলা বাড়ী, সেই বাড়ী আজকে ভাঙ্গা হচ্ছে এবং সেই বাড়ী রাখার জন্য শ্যামলাল আগরওয়ালা বহু লক্ষ টাকা ব্যয় করেছেন। তিনি অনেককে পারচেজ করতে চেষ্টা করেছিলেন এবং এটাও আনন্দের কথা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারও জানা দরকার, কেননা আপনি একজন আইনজ্ঞ, আপনি বুঝবেন—সুপ্রীম কোর্টের একটা বেঞ্চ যখন এটার ডিমোলিশন অর্ডার দিয়েছিলেন তখন সেটাকে আপহেল্ড করার জন্য টেনেন্টসরা চলে গেল এবং আবেদন করল, যার জন্য আর একটা বেঞ্চ তৈরী হল—তারা ঐ আদেশ অর্থাৎ ডেমোলিশনের আদেশকে স্থগিত রাখল এবং এখানে এনকোয়ারি হল, এনকোয়ারি হওয়া সত্ত্বেও—আমি এ কথা বলতে পারি যে, ক্যালকাটা কর্পোরেশনের চেষ্টায় এবং যে-সব আইনজ্ঞ সেখানে কাজ করেন তাঁদের সততার জন্য সুপ্রীম কোর্ট বেঞ্চ বাধ্য হয়েছে এবং এই বে-আইনী বাড়ী ভেঙে

দেবার নির্দেশ দিয়েছেন। ৪-তলা ভাঙা শুরু হয়েছে, দু-তলা বোধহয় ভাঙা হয়ে গেল। কংগ্রেসের তরফ থেকে কেউ কি বলতে পারেন—কি কংগ্রেস, কি সরকার কোনদিন একটা বাড়ীও ভাঙতে পেরেছেন ? বলুন।

আমি আর একটা কথা জিজ্ঞাসা করি মাননীয় সদস্য রউফ আনসারি সাহেবকে পি-১৪, হাওড়া এ্যাপ্রোচ রোডের যে নন্দ মার্কেট—যে বে-আইনী মার্কেট আপনাদের আমলে তৈরী শুরু হয়েছিল, কেন ভাঙতে পারেন নি ?

কিন্তু আপনারা তফাৎটা বলেন নি। ঐ নন্দ মার্কেটে আজকে ২৪-তলা পর্যন্ত বাড়ী হয়েছে—সেখানে আপনাদের সমর্থক নিশ্চয়ই রয়েছে, তা নাহলে ঐ বেআইনী বাড়ী কি করে উঠতে পারে ?

বন্ধুবর রউফ আনসারি সাহেবকে আর একটি কথা বলি—জলের কথা বলছেন ! আপনি তো এক সময় কর্পোরেশনে ছিলেন, সে সময় পলতা-টালা থেকে কত জল আসতো এবং আজকেই বা কত জল আসছে ? আজকে ১৪০ মিলিয়ন গ্যালন জল প্রতিদিন দেওয়া হচ্ছে। কলকাতা শহরে ২৭৭টি······

(গোলমাল)

(শ্রীআব্দুর রউফ আনসারি মহাশয় কিছু বলতে ওঠেন)

Mr. Speaker : Mr. Ansari, you are a senior member of the House. You are a man of patience—why are you agitated ? You know the rules of the House You have made certain allegations. You have mentioned his name. He is now mentioning your name. He is replying to your points. This is allowed in a parliamentary debate. Please do not indulge in this practice. Please do not interrupt the Minister.

শ্রীপ্রশান্ত কুমার শূর : কলকাতাতে বর্তমানে জল সরবরাহের কথা এখানে উল্লেখ করেছি। আমি এখানে এই দাবী রাখছি, সারা ভারতবর্ষে যত বড় বড় শহর রয়েছে—যেমন মহারাষ্ট্রের বোম্বে, মাদ্রাজ এবং আরও অন্যান্য শহর—সেখানে যে জলের ব্যবস্থা আছে তা থেকে শতগুণে ভাল ব্যবস্থা আছে কলকাতা শহরে এই জলের ব্যাপারে। আমি এই দৃষ্টান্ত রাখছি আপনাদের সামনে যে, বর্তমানে ১৪০ মিলিয়ন গ্যালন পলতা থেকে সাপ্লাই ছাড়াও ২৭৭টি বিগ ডায়ামিটার টিউবওয়েল কাজ করছে, যেখান থেকে ৩০ মিলিয়ন গ্যালন জল আসছে। এছাড়াও প্রতি বছর ৫০০টি করে স্মল ডায়ামিটার টিউবওয়েল বসছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জল যাতে সমভাবে বণ্টন হতে পারে—আমি একথা নি এবং স্বীকার করি যে, কোথাও কোথাও স্কেয়ারসিটি পকেট আছে, সেটুকু দূর রবার জন্য ইতিমধ্যে ৪২ হাজার মিটার পাইপ বসান হয়েছে এবং বস্তি এলাকায় সান হয়েছে ৫২,৫৩০ মিটার পাইপ। আমার কাছে ম্যাপ আছে, আমি দেখিয়ে তে পারি কোথা কোথা দিয়ে মেইন বসান হয়েছে এবং কোথায় জল সরবরাহ রা হচ্ছে। মাননীয় সুব্রতবাবু এখানে নেই। তিনি জোড়াবাগানের কথা লছিলেন। আমি বলতে পারি ১৮ এবং ২১ ইঞ্চি পাইপ সেখানে বসান হয়েছে বং তা দিয়ে জোড়াবাগানসহ বড়বাজারের কালীকৃষ্ণ ট্যাগোর ষ্ট্রীট পর্যন্ত একটি শ আজকে জল পাচ্ছে।

[7.50—8.00 P. M.]

আমি এখানে যুগান্তর পত্রিকার ২৮শে মার্চ তারিখের একটি খবর পড়ে দিচ্ছি। র শিরোনাম হলো :"মাদ্রাজে জলাভাব রাজনীতি ও অবহেলার ফল"। আপনারা ছু মনে করবেন না, এখানে কংগ্রেস রাজত্ব নয়। সুতরাং মনে করার কিছু ই। যখন করুণানিধি রাজত্ব করছিলেন তখন তিনি বীরনাম প্রকল্প করেছিলেন। ন রামচন্দ্রন ক্ষমতায় এলেন তখন এই প্রকল্পকে তিনি বাদ দিলেন এবং বাদ য়ে তিনি নূতন প্রকল্পের কথা চিন্তা করলেন। আমি বিশেষ কিছু এই কাগজ কে পড়তে চাই না। কিছু অংশ এখানে পড়ে দিচ্ছি। "এর ঠিক পরেই নমন্ত্রী মাদ্রাজ সফর করতে এসে ঘোষণা করলেন, মাদ্রাজকে পানীয় জল নোর জন্য অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক ও মহারাষ্ট্র কৃষ্ণা নদীর জল দিতে রাজি ছে।" সন্দেহ নেই বিপুল আনন্দের সঙ্গে এই ঘোষণাকে স্বাগত জানান ছিল। সাত বছর আগে ঘোষিত এই সিদ্ধান্ত কিন্তু এখনও পর্যন্ত কাগজে-মেই রয়ে গেছে। সময় কম বলে আমি বেশী পড়তে চাই না। এখানে ছে, "কিন্তু তিরুচি ও তাঞ্জোর জেলার চাষীরা এমন সোরগোল তুললেন যে, চন্দ্রনকে নীরবে এই পরিকল্পনা ছেড়ে দিতে হলো। তিনি আধুনিক তুঘলকের বললেন রাজ্যের রাজধানীকেই বরং মাদ্রাজ থেকে তিরুচিতে নিয়ে যাওয়া ক।" জলের অভাবের জন্য মাদ্রাজ শহরকে তিনি তিরুচিতে নিয়ে যাওয়ার বললেন। "ফেব্রুয়ারী মাস থেকে দৈনিক চার কোটি গ্যালন হারে যে জল য় হচ্ছে সেটা এলাকাওয়ারী ভাবে পাওয়া যাচ্ছে একদিন বাদ দিয়ে আর দিন। ২৫ লক্ষ লোকের জন্য ৪ কোটি গ্যালন জল সরবরাহ করা হচ্ছে।

আর আমাদের এখানে একমাত্র পলতা থেকে পাওয়া যায় ১৪০ মিলিয়ান গ্যাল জল। তাও যে ৪ কোটি গ্যালন জল সরবরাহ হয় সেটা এলাকাওয়ারী ভা একদিন বাদ দিয়ে আর একদিন। এটাও কাগজে-কলমেই থেকে যাচ্ছে। কেনন বহু এলাকায় যে দিন জল পাওয়ার কথা সেই দিন একফোঁটাও জল পৌঁছ না। গরম পড়তে শুরু করেছে। এই সময় এক বালতি জল সংগ্রহ করার জ মারামারি করতে হচ্ছে। জলের ট্যাংকার দেখতে পাওয়া মাত্র হঠাৎ মস্তানদে উদয় হয়। এই মস্তানরা জলের সরবরাহ দখল করে নেয়, আর যারা ঘন্টার প ঘন্টা জলের জন্য দাঁড়িয়ে ছিলেন তাঁদের সরিয়ে দেয়। এমন খবর আছে ে সমাজবিরোধীরা ট্যাংকার দখল করে সেইগুলি অন্যত্র নিয়ে চলে যায়। সরকা ঘোষণা করেছেন যে, জলের ট্যাংকারের সংগে সশস্ত্র রক্ষী পাঠানো হবে এবং জলে বন্টন যাতে সুষ্ঠুভাবে হয় সেই দিকে নজর রাখার জন্য প্রত্যেক ট্যাংকারের সং একজন করে সমাজকর্মীকে পাঠানো হবে।" তাহলে বুঝতে পারছেন বম্বে মা সারাদিনে ২ ঘন্টা জল পায়। কলকাতা শহরে আমাদের হিসাব আছে আমর মুহূর্তে মুহূর্তে সারা দিনে হাই প্রেসার এবং মিডিয়াম প্রেসারের মাধ্যমে জল দিচ্ছি

এখানে আপনারা আরও অভিযোগ করেছেন যে, এখনও অনেক গ্রাম নাি আছে, যেখানে ট্যাক্স কালেকশান হয় না। আপনারা তো জানেন, আমি এ হাউসে বলেছি যে, ১৯৭২—৭৭ সালে আপনারা যখন সরকার পরিচালনা করেছিলে তখন ২৫ কোটি টাকার বিল তৈরী করা হয় নি। ক্যাজুয়াল রাইটার নেওয়া হয়ে বলে যেদিন এখানে কাশীনাথবাবু বলেছিলেন, আমি সেদিন একথা বলেছিলাম শুধুমাত্র কর্মী নিয়োগ নয়, আমাদের সল্ট লেকে নতুন অফিস করতে হয়েছিল। ২ কোটি টাকার বিল আমরা পুরোপুরি তৈরী করেছি এবং সমস্ত করদাতাদের কা প্রেজেন্ট করেছি। এবারে আমি কলকাতা কর্পোরেশনের ট্যাক্স আগে কিভাব কালেকশন হয়েছিল এবং আমাদের সময়ে কিভাবে হয়েছে, তার হিসাব রাখছি ১৯৭২-৭৩ সালে ৭৯৬ লক্ষ টাকা, ১৯৭৩-৭৪ সালে ১,০৪৬ লক্ষ টাকা, ১৯৭৪-৭ সালে ৯১৫ লক্ষ টাকা, ১৯৭৫-৭৬ সালে ৯৯৩ লক্ষ টাকা, ১৯৭৬-৭৭ সালে ১১২ লক্ষ টাকা, ১৯৭৭-৭৮ সালে ১২০০ লক্ষ টাকা, ১৯৭৮-৭৯ সালে ১৩৫০ লক্ষ টাক ১৯৭৯-৮০ সালে ১৪৮০ লক্ষ টাকা, ১৯৮০-৮১ সালে ১৫৪৬ লক্ষ টাকা, ১৯৮১-৮ সালে ১৭৯৮ লক্ষ টাকা, ১৯৮২-৮৩ সালে ২০৬০ লক্ষ টাকা ট্যাক্স আদায় হয়েছিল। এ থেকেই আপনারা বুঝতে পারছেন আপনাদের সময়ে এবং আমাদের সময়ে ট্যা কিভাবে কালেকশন হয়েছিল বা হচ্ছে। আপনাদের সময়ে ট্যাক্স আদায় হা তা যেমন করে পকেটে যেত, এখন সেইভাবে পকেটে যায় না। সেজন্য দিনের

পর দিন ট্যাক্স আদায় বেড়ে চলেছে। বিগত ৬ বছরের মধ্যে আমরা এর পরিমাণ বাড়িয়েছি। আপনারা জেনে রাখুন, ১১ কোটি থেকে ২০ কোটি টাকা আমরা তুলেছি। এগুলো বুঝতে ও জানতে হবে আপনাদের। আমার হাতে সময় বেশী না থাকার জন্য আমি খুব দুঃখিত। আমি কাশীনাথ মিশ্রকে ধন্যবাদ দেই, কারণ তিনি আসলে আমার বিরোধিতা করেন নি। আপনার বক্তব্যে কলকাতা শহরের জন্য কোন পরিকল্পনা নেই বলে উল্লেখ করেছেন। এ পরিকল্পনা শুধু আজকের নয়, মেট্রোপলিটন ডেভেলপমেন্টের জন্য যে বেসিক ডেভেলাপমেন্ট প্ল্যান হয়েছে, তাকে ভিত্তি করে কলকাতা শহর এবং বৃহত্তর কলকাতার উন্নতি হয়েছে—এটা জানার দরকার আছে। আপনি যে বক্তব্য রেখেছেন, তার জন্য আমি খুব আনন্দ পেয়েছি। আপনি আমার বর্তমান বক্তব্য ও ২/৩ বছর আগের বক্তব্য পড়েছেন ও মিলিয়ে দেখেছেন। আমাদের কলকাতা শহরের নাগরিকদের সুখস্বাচ্ছন্দ্য দিতে আমি আমার সাধ্যমত চেষ্টা করব। সমস্ত কাট মোশান-এর আমি বিরোধিতা করছি।

DEMAND NO. 74

The motions that the amount of demand be reduced by Rs. 100., were then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 62,53,28,000 be granted for expenditure under demand No. 74, Major Head : "363-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)", (this is inclusive of a total sum of Rs. 10,42,22,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

DEMAND NO. 26

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 5,77,77,000 be granted for expenditure under dsmand No. 26, Major Head : "260-Fire Protection and Control", (this is inclusive of a total sum of Rs. 96,30,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8-00 P.M. till 1-00 P.M. on Thursday the 14th April, 1983, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursd the 14th April 1983 at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 12 Ministers, Ministers of State and 88 Members.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1.00—1.10 P.M.]

২৪-পরগনা জেলায় বিচারাধীন মামলা প্রত্যাহার

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে ২৪-পরগনা জেলায় কতগুলি বিচারাধীন মামলা সরকার তুলিয়া লইয়াছেন, এবং

(খ) বর্তমানে উক্ত জেলার আদালতগুলি হইতে কতগুলি বিচারাধীন মো তুলিয়া লইবার জন্য সরকারের বিবেচনাধীন আছে ?

শ্রীসৈয়দ মনসুর হবিবুল্লাহঃ (ক) ১৯৭৭-এর জুন হইতে ১৯৮২-এর জুন পর্য ২৪-পরগনা জেলায় ১৪১৮টি মামলা প্রত্যাহার করে নেওয়ার জন্য নির্দে দেওয়া হয়।

(খ) বর্তমানে উক্ত জেলার আদালতগুলি হইতে ২২টি মামলা প্রত্যাহারে বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

পলিটেকনিক ভর্তি

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৯।) **শ্রীঅবনীভূষণ সৎপথিঃ** শিক্ষ (উচ্চ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার পলিটেকনিকগুলিতে ভর্তির জন্য সর্বশেষ জয়েন্ট এনট্রান্স পরীক্ষায় কতজন ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করেছিল ; এবং

(খ) বর্তমানে কোন্ পলিটেকনিকে কতগুলি আসন শূন্য আছে ?

শ্রীনির্মল কুমার বসু : (ক) ১৯৮২ সালের জয়েন্ট এনট্রান্স পরীক্ষায় মোট ৩৫২১২ জন ছাত্র/ছাত্রী অংশ গ্রহণ করেছিল।

(খ) পশ্চিমবঙ্গে পলিটেকনিকগুলির মোট আসন সংখ্যা ২৯৯৮-এর মধ্যে মোট ১৯৯টি আসন খালি আছে, খালি আসন সংখ্যার বিশদ বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

১। জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিক—৪
২। উত্তর কলিকাতা পলিটেকনিক—১০
৩। রামকৃষ্ণ মিশন শিল্প মন্দির, বেলুড়মঠ—২৪
৪। রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ, বেলঘরিয়া—১৯
৫। মুর্শিদাবাদ ইনষ্টিটিউ, অফ টেকনোলজি—১৫
৬। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পলিটেকনিক—১৫
৭। মালদহ পলিটেকনিক—৭
৮। পুরুলিয়া পলিটেকনিক—২৪
৯। মহারাজ উদয়চাঁদ মহতাব ইনষ্টিটিউট, বর্ধমান—২৭
১০। কুচবিহার পলিটেকনিক—২
১১। বি পি সি ইনষ্টিটিউট, কৃষ্ণনগর—২৩
১২। কল্যাপুর পলিটেকনিক—২৩
১৩। জলপাইগুড়ি পলিটেকনিক—৬

মোট : ১৯৯

এই সংখ্যার মধ্যে তপসিলী জাতি ও উপজাতি ছাত্র সংখ্যা ১৩৩ জন অন্তর্ভুক্ত।

Water pollution in the Ganges Basin

*440. (Admitted question No. *1047.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) whether there is any arrangement for periodical survey of water pollution in the Ganges Basin in West Bengal ;

(b) if so—

(i) the name of the authority authorised to conduct the survey,

(ii) the periodicity of the same, and

(iii) salient feature of findings of the body in course of survey dur 1981-82 ; and

(c) the steps taken by the Government for arresting the said wa pollution ?

Shri Bhabani Mukherjee : a) Yes.

(b) (i) West Bengal Prevention and Control of Water Pollution Board.

(ii) The work has been taken up in May 1980 and is scheduled continue till March 19, the periodicity of collect of samples bei once a month.

(iii) Pollution level as measured in terms of B.O.D. (Bioche Oxyg Demand) which generally indicates the extent of organic polluti has by and large been found to be with the I.S.I. tolerence lin except at Diamond Harbour where it exceeds the limit.

Pollution faecal matter has been found to be rat high ; as reveal by the presence of high level faecal of coliforms.

(c) Board has been endeavoring to bring down the pollutional level of t trade effluent by insisting on the industries to conform to the quality their effluent to the acceptable standard. Corporation and municipaliti have been urged to obtain the consent of Board.

Starred Questions

(to which oral answers were given)

মুর্শিদাবাদ জেলায় সাগরদিঘিতে বিদ্যুৎ প্রকল্প

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** বিদ্যু বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদিঘিতে প্রস্তাবিত পাওয়ার প্রোজেক্ট স্থাপনে বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত প্রকল্পের প্রাথমিক কাজ কবে নাগাদ শুরু করা সম্ভব হইবে বলি আশা করা যায় ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : (ক) মুর্শিদাবাদ জেলার সাগরদিঘিতে প্রস্তাবিত তাপ বিদ্যুৎ প্রকল্প স্থাপনের প্রোজেক্ট রিপোর্টটি ইতিমধ্যে কেন্দ্রীয় বিদ্যুৎ প্রাধিকর দপ্তরে অনুমোদনের জন্য পেশ করা হয়েছে।

(খ) উক্ত প্রকল্পের প্রাথমিক কাজ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে শুরু করা যাবে বলিয়া আশা করা যায়।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন কি কি কনসিডারেশানে সাগরদিঘিতে এই পাওয়ার প্রোজেক্ট স্থাপনের কথা ভাবা হয়েছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ কনসিডারেশান হচ্ছে আমাদের বিদ্যুৎ দরকার এবং উত্তরবঙ্গে যে জলবিদ্যুৎ আছে তার সাথে তাপ বিদ্যুতের একটা যোগাযোগ করতে পারলে ভাল হয়। এখন যেটা হচ্ছে ওখানে মাটি ইত্যাদি সম্পর্কে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি কিছু প্রশ্ন করে পাঠিয়েছেন, তার জন্য উত্তর দেওয়া হচ্ছে, এরপরে এটা সম্বন্ধে বিবেচনা করা হবে।

শ্রীহাজারী বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে কেন্দ্রীয় দপ্তরের সঙ্গে যোগাযোগ করেছেন সে সম্পর্কে কোন উত্তর আপনার দপ্তরে এসেছে কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ আমাদের বোর্ডের কাছে উত্তর চাওয়া হয়েছিল, তারাই বলেছে তাদের কাছে কিছু প্রশ্ন করে জানতে চাওয়া হয়েছিল, সেগুলির উত্তর দেওয়া হয়েছে।

*৫৭৪। হেল্ড ওভার।

পুলিশ হাউসিং বোর্ড

*৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৮।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুলিশ বাহিনীর বাসস্থান সমস্যার সমাধানার্থে পুলিশ হাউসিং বোর্ড গঠিত হয়েছে কি ; এবং

(ক) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে,—

(১) উক্ত বোর্ডের কর্মসূচী কি, ও

(২) উক্ত বোর্ডের কাজকর্মের সঙ্গে আবাসন পর্ষদের কাজকর্মের সমন্বয় সাধনের কোন ব্যবস্থা হয়েছে কি ?

শ্রীজ্যোতি বসু : (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন পুলিশে হাউসিং প্রব্লেম সম্পর্কে দীর্ঘকাল ধরে কিছু বিক্ষোভ জমা হয়ে আছে—সরকা কি এদের প্রব্লেমের ব্যাপকতা এবং গভীরতা সম্বন্ধে খোঁজ খবর করে দেখেছেন ?

শ্রীজ্যোতিবসু ঃ আমরা সম্পূর্ণভাবে অবহিত আছি এই সমস্যা সম্বন্ধে কারণ আমরা হিসাব করে দেখেছি গত ১০/১৫ বছর ধরে পুলিশের হাউসিং-এর দিকে প্রায় কোন নজর দেওয়া হয়নি এবং যাঁরা পুলিশে কাজ করেন তাঁদের খুব কম অংশের হাউসিং-এর ব্যবস্থা আছে। সেজন্য কেন্দ্রীয়ভাবে অনেক আগে একটা কনফারেন্স হয়েছিল, সেখানে আমাদের প্রতিনিধিরাও ছিলেন, তখন প্ল্যানিং কমিশন ফাইনান্স কমিশন নানা রকম করে আমরা দেখলাম যে খরচ যেভাবে ধার্য করা হয়েছে কেন্দ্র থেকে তাতে এখন আর চলে না, সেই খরচে বাড়ি করা যায় না। এই ব্যাপারে ওরা কিছু দেবে আমরা কিছু দেব এবং ওদের যেসমস্ত হিসাব সেটা তখন হয়ত ঠিক ছিল কিন্তু এখন আমি মনে করি না সেটা ঠিক, সেজন্য আমাদের বাজেট থেকে আরো বেশী টাকা দিতে হবে। কারণ, কেন্দ্র কিছুতেই দিচ্ছে না। সেজন্য আমরা অষ্টম ফাইনান্স কমিশনের কাছে সমস্ত প্রশ্নটা আর একবার রেখেছি, আবার আমর বুঝিয়ে বলবার চেষ্টা করছি। ইতিমধ্যে আমরা বসে নেই, আমরা খানিকটা টাকা যোগান দিয়ে আলাদা কিছু ব্যবস্থা না করে ইনফ্রাস্ট্রাকচার তৈরি না করে যাতে দ্রুত বাড়িগুলি তৈরি করতে পারি তার চেষ্টা করছি। কারণ আমরা অনেক পিছিয়ে আছি, সেজন্য হাউসিং বোর্ডের সঙ্গে কথা বলে ওদের সম্পূর্ণ ভার দিয়ে দিয়েছি। তবে আমাদের পুলিশ দপ্তর থেকে দু'একজন সংশ্লিষ্ট থাকবেন যাতে দ্রুত গতিতে করতে পারি এবং কাজ শুরু হয়ে গেছে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটু পরিষ্কার করে বলেন যে সপ্তম ফাইনান্স কমিশন যে টাকা দেবেন বলেছিলেন সেই টাকা আমরা পেয়েছি কিনা এবং ফাইনান্সিয়াল যেসমস্ত ইনষ্টিটিউশানগুলি আছে তাদের কাছ থেকে কোন টাকা-পয়সার বন্দোবস্ত করার চেষ্টা হচ্ছে কিনা ?

[1.10—1.20 P. M.]

শ্রীজ্যোতি বসুঃ সেখান থেকে আমরা টাকা পাচ্ছি যেটা ওঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন। আপনার দ্বিতীয় প্রশ্নটি যেটা তুললেন সেটা গুরুত্বপূর্ণ। এর জন্য আমরা একটা করপোরেশান করতে চেয়েছিলাম। হাউসিং বোর্ড টাকা ধার করতে পারে। ওদের সঙ্গে আমাদের মিটিং হয়েছে। আলোচনায় জানা গেছে যে ওরা যে টাকা ধার করবে সেটা একমাত্র পুলিশের হাউসিংয়ের জন্য খরচ করতে পারবেন। এই সম্বন্ধে সেল এখনও হয় নি—এটা হবে।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি এই হাউস তৈরি করতে এচ ইউ ডি সিও টাকা দিয়েছে কিনা এবং পাবার সম্ভাবনা আছে কিনা?

শ্রীজ্যোতি বসুঃ হাউসিং বোর্ড এল আই সি, হাডকো—যার থেকেই হোক টাকা নেবেন।

*২৭৬। হেল্ড ওভার।

কলেজ সার্ভিস কমিশনের পরীক্ষার ফলাফল প্রকাশ ব্যবস্থা

*২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭০২।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলেজ সার্ভিস কমিশন বেসরকারী কলেজের অধ্যাপক-পদে নিয়োগের জন্য প্রার্থী তালিকা ইংরেজী বর্ণমালার আদ্যাক্ষর অনুযায়ী প্রকাশ করেন, প্রার্থীদের মেরিট অনুযায়ী নয়; এবং

(খ) সত্য হইলে, চাকরির পরীক্ষার (লিখিত বা মৌখিক) ফলাফল প্রকাশ্য-ভাবে জানানোর জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রীনির্মল কুমার বসুঃ (ক) না, ইহা সত্য নহে। কমিশন কোন প্রার্থী তালিকা প্রকাশ করেন না; তবে যে-সকল প্রার্থী ইন্টারভিউতে সফল হন এবং কমিশনের প্যানেলভুক্ত হন তাহাদের নামের তালিকা পূর্বে ইংরেজী বর্ণমালার ক্রম অনুসারে প্রকাশ করা হইত। বর্তমানে এই পদ্ধতি পরিবর্তন করিয়া কমিশন কেবলমাত্র নির্দিষ্ট তারিখে ইন্টারভিউতে সফল প্রার্থীগণের নাম তারিখ এবং প্রার্থী তালিকার ক্রমানুসারে প্রকাশ করিয়া থাকেন। ইহা মেরিট-লিষ্ট নহে।

(খ) পূর্বেই বলা হয়েছে।

শ্রীকিরণ চৌধুরী : মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী জানাবেন কি যে, এই যে প্যানেল সিষ্টেম যেটা আপনারা করেছেন—এইভাবে ধাপে ধাপে নাম না বের করে এক সঙ্গে বার করতে বাধা কি ?

শ্রীনির্মল কুমার বসু : আমি আগেই বলেছি যেদিন ইন্টারভিউ হবে, যাঁরা সফল মনে করবেন তাঁদের নাম তাঁরা বের করবেন। ধরুন তিন দিন ধরে ইন্টারভিউ হচ্ছে, ১০ করে সফল হচ্ছে—পর পর তিন জনের নাম প্যানেল করা হোল।

শ্রীঅনিল মুখার্জী : ১৯৭৭ সালের আগে এই রকম সার্ভিস কমিশন ছিল কিনা এবং এই রকম মেরিট লিষ্ট ছিল কিনা ?

শ্রীনির্মল কুমার বসু : না।

কেন্দ্রীয় ও রাজ্য সরকারী কর্মচারীদের ভাতা ইত্যাদির পার্থক্য

*৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯।) **শ্রীঅশোক ঘোষ :** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি, বর্তমানে বিভিন্ন স্তরের রাজ্য সরকারী কর্মচারীদের সহিত কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের ভাতা এবং অন্যান্য সুযোগ-সুবিধার কোন বৈষম্য আছে কি ?

শ্রীজ্যোতি বসু : হ্যাঁ, কিছু কিছু ক্ষেত্রে, যেমন—

	কেন্দ্রীয় সরকার	পশ্চিমবঙ্গ সরকার
(১) দুর্মূল্য ভাতা—	—	কোনো বৈষম্য নেই। পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীবৃন্দ বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় হারে দুর্মূল্য ভাতা পাইয়া থাকেন। পশ্চিমবঙ্গ সরকারও এ বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ।

	কেন্দ্রীয় সরকার	পশ্চিমবঙ্গ সরকার
(২) বাড়ী ভাড়া—	জনসংখ্যা অনুযায়ী শ্রেণী বিভাগে ভাগ করা— (ক) বড় বড় শহরে মূল বেতনের শতকরা ১৫ টাকা হারে সর্বোচ্চ ৪০০ টাকা পর্যন্ত। (খ) ছোট ছোট শহরে মূল বেতনের শতকরা ৭·৫০ টাকা হারে সর্বোচ্চ ২০০ টাকা পর্যন্ত।	সর্বত্র মূল বেতনের ১৫% হারে সর্বোচ্চ ২৭৫ টাকা পর্যন্ত।
৩) পার্বত্য অঞ্চল ভাতা—	অঞ্চলের উচ্চতা অনুযায়ী বিভিন্ন স্থানের জন্য বিভিন্ন হারে ভাতা নির্দিষ্ট আছে।	শিলিগুড়ি মহকুমা ছাড়া দার্জিলিং জেলার সর্বত্র মূল বেতনের শতকরা ১০ টাকা হারে দেওয়া হইয়া থাকে।
(৪) শীতকালীন ভাতা—	১২৫০ টাকা মূল বেতনভোগী মাত্র পার্বত্য অঞ্চলের উচ্চতা অনুযায়ী বিভিন্ন স্থানে বিভিন্ন হারে ভাতা পাইয়া থাকেন।	১২৫০ টাকা মূল বেতন পর্যন্ত শিলিগুড়ি মহকুমা ছাড়া দার্জিলিং জেলার সকল সরকারী কর্মচারী ৩০০ টাকা হারে বছরে একবার পাইয়া থাকেন।
(৫) নগর পরিপূরক ভাতা—	বিভিন্ন শহরে বিভিন্ন হারে দেওয়া হয়।	কোনো ব্যবস্থা নেই।
(৬) চিকিৎসা ভাতা—	কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য পরিকল্পনা অনুযায়ী হাসপাতালে বিনা খরচায় চিকিৎসা অথবা কোনো কোনো ক্ষেত্রে হাসপাতালের চিকিৎসার খরচা প্রত্যর্পণ।	মাসিক ১৬.৭০ টাকা হারে ভাতা এবং সরকারী হাসপাতালে বিনা খরচায় চিকিৎসা।

	কেন্দ্রীয় সরকার	পশ্চিমবঙ্গ সরকার
(৭) দেশভ্রমণ ভাতা—	চার বছর অন্তর ভারতের যে-কোনো স্থানে সপরিবারে ভ্রমণের জন্য রেল ভাড়া।	১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে সরকারী চাকুরি হইতে অবসরপ্রাপ্ত ব্যক্তিদের ভারতের যে-কোনো প্রা যাতায়াতের বাবদ দ্বিতী শ্রেণীর রেল ভাড়া প্রদানে ব্যবস্থা।

৫৭৯। Held Over.

উত্তর ২৪-পরগনার প্রাথমিক ভূমি উন্নয়ন সমবায় ব্যাঙ্ক কর্তৃক শ্যালো প্রকল্পে অর্থমঞ্জুরী

*৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩১।) **শ্রীসরল দেব**ঃ সমবায় বিভাগে মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার প্রাথমিক ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্ক কর্তৃক সাম্প্রতিক খরা পরিস্থিতির মোকাবিলায় শ্যালো প্রকল্পে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে এ পর্যন্ত কত টাকা ব্যয়িত হইয়াছে?

শ্রীনির্মল কুমার বসুঃ (ক) উত্তর ২৪ পরগনা জেলায় জরুরী ভিত্তিতে খরাত্রাণের জন্য শ্যালো টিউবওয়েল খনন ও পাম্পসেট ক্রয়ের জন্য ১৯৮২-৮৩ সালে মোট ৫ লক্ষ টাকা অনুদান বরাদ্দ করা হয়। ঐ টাকার মধ্যে ব্যাংককে ৬৫টি প্রকল্প কার্যকরী করতে বলা হয়।

(খ) উল্লেখিত অনুদান প্রকল্পে ৪ জনকে পাম্পসেট বিলি করা হয়েছে। মোট বণ্টনের পরিমাণ ১৮৮৫০ টাকা, প্রাপ্য অনুদানের পরিমাণ ৪২০০·০০ টাকা।

শ্রীসরল দেবঃ প্রচণ্ড খরাতে আপনি যে টাকা মঞ্জুর করলেন সেই টাকা উত্তর ২৪ পরগনার ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাংক খরচ করতে পারল না। আমার প্রশ্ন

হচ্ছে, এই অপদার্থ একজিকিউটিভ অফিসারের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন —যিনি ৫ লক্ষ টাকার মধ্যে মাত্র ১৮ হাজার টাকা খরচ করেছেন ?

শ্রীনির্মল কুমার বসু ঃ ঋণের টাকা বণ্টন করতে পারল না তার জন্য দায়ী কি অফিসার ? প্রচুর লোন তাদের বাকী আছে।

শ্রীসরল দেব ঃ আমার কাছে খবর আছে বহু চাষী দরখাস্ত করেও টাকা পায় নি। ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাংকের কাছ থেকে তারা আগে কোন লোন নেয় নি—এই খরার সময় তারা দরখাস্ত করেছে, কিন্তু দপ্তর থেকে কোন টাকা দেওয়া হয় নি। এ সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নেবেন জানাবেন কি ?

শ্রীনির্মল কুমারবসু ঃ আপনি অভিযোগ দিলেন, আমি খবর নেব।

রেল এলাকায় সমাজবিরোধী কার্যকলাপ নিয়ন্ত্রণে সমন্বয় কমিটি

*৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬০।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেলপথ ও রেলপ্রাঙ্গণে সমাজবিরোধী ও ধ্বংসাত্মক কার্যকলাপ নিয়ন্ত্রণের পথনির্দেশের জন্য স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে ২২-৯-১৯৭৯ তারিখে কোন সমন্বয় কমিটি গঠিত হইয়াছিল কি ;

(খ) হইয়া থাকিলে, উক্ত কমিটি কোনও পথনির্দেশ করিয়াছেন কিনা এবং উক্ত পথনির্দেশ কার্যকরী করার কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত কমিটি এখনও কোন পথনির্দেশ করেন নাই।

শ্রীদেব প্রসাদ সরকার ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, রেলপথে এবং রেলওয়ে প্রাঙ্গণে সমাজবিরোধীদের ধ্বংসাত্মক কার্যকলাপ নিয়ন্ত্রণের জন্য পশ্চিমবঙ্গ সরকার গুরুত্ব আরোপ করেন কিনা এবং যদি করেন তাহলে আড়াই বছর আগে যে সমন্বয় কমিটি গঠিত হল তাঁরা কোন পথনির্দেশ করলেন না কেন ?

শ্রীজ্যোতি বসু ঃ সমন্বয় কমিটি যখন গঠিত হয় তখন এরকম কোন কথা ছিল যে তাঁরা সাধারণভাবে ১/২/৩/৪ করে সুপারিশ করবেন। কথা ছিল এঁরা বিভি করবেন এবং সেই পর্যালোচনা করার জন্য প্রতি সপ্তাহে সপ্তাহে এবং মাসে মা মিটিং হচ্ছে। এতে আমাদের স্বরাষ্ট্র দপ্তরের সেক্রেটারী অর্থাৎ হোম সেক্রেটা থাকেন, চিফ সেক্রেটারীও থাকেন এবং রেলওয়ের প্রতিনিধিরাও থাকেন। প্র সপ্তাহে এবং মাসে এঁদের মিটিং হয় এবং তাঁরা যেভাবে সুপারিশ করেন সে কার্যকরী করার ব্যবস্থা হয়। কোথায় গোলমাল বেশী হয়, কারা এটা করছে এ কিভাবে দমন করা যায় সেটা নিয়ে আলোচনা করা হয়।

শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ এই সমন্বয় কমিটির মেম্বার কে কে আছেন জানাবে কি ?

শ্রীজ্যোতি বসু ঃ চেয়ারম্যান হিসেবে আছেন হোম সেক্রেটারী। সদ হিসেবে রেলওয়ের তরফে আছেন চিফ কমার্শিয়াল সুপারিনটেনডেন্ট, ইস্ট রেলওয়ে; চিফ কমার্শিয়াল সুপারিনটেনডেন্ট, সাউথ ইস্টার্ন রেলওয়ে; চি সিকিউরিটি অফিসার, ইস্টার্ন রেলওয়ে; চিফ সিকিউরিটি অফিসার, সাউথ ইস্টা রেলওয়ে এবং ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (ট্রাফিক এ্যাণ্ড রেলওয়েজ) ইনি হলেন মেম্বার সেক্রেটারী।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, রেলওয়েতে সমাজ বিরোধীদের দৌরাত্ম্য বন্ধ করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার যে তৎপর নন এ তাদের বিরুদ্ধে যে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছেনা তার কারণ কি এই যে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করলে তারা আপনাদের দল ছেড়ে চলে যাবে ?

মিঃ স্পীকার ঃ দিস্ কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

পুরুলিয়া জেলার মানবাজার ও বান্দোয়ান ব্লক এলাকায় বিদ্যুতীকরণ

*৫৮২। (অনুমোদিত প্রশ্ন নং *2084।) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী আর্থিক বৎসরে (১৯৮৩-৮৪ সালে) পুরুলিয়া জেলার মানবাজার

২নং ব্লক ও বান্দোয়ান ব্লক এলাকায় বৈদ্যুতীকরণের নূতন কাজ হাতে লওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) ব্লক ভিত্তিক তথ্য রাখা হয় না। যাহোক মানবাজার থানায় ১২৩টি মৌজা বৈদ্যুতীকরণের একটি প্রকল্প ও বানদোয়ান থানায় ১২৪টি মৌজা বৈদ্যুতীকরণের অপর একটি প্রকল্প গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশনের অনুমোদন লাভ করেছে।

(খ) আশা করা যায় ১৯৮৩-৮৪ সালে উক্ত প্রকল্প দুইটি রূপায়ণের কাজ শুরু হবে।

আসানসোল পলিটেকনিক

*৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৯।) **শ্রীবিজয় পাল ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে আসানসোল পলিটেকনিক-এর স্থায়ী কোন অধ্যক্ষ আছেন কি ;

(খ) না থাকিলে, কতদিন যাবৎ ঐ পদ শূন্য আছে ;

(গ) বর্তমানে অস্থায়ীভাবে কার্যরত অধ্যক্ষ সম্পর্কে কোন দুর্নীতির অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কি ;

(ঘ) আসিয়া থাকিলে, উক্ত বিষয়ে কোন তদন্ত করা হইয়াছে কি ;

(ঙ) উক্ত কলেজের গভর্নিং বডির মিটিং আহ্বান না করা সম্পর্কে কোন তথ্য বা সংবাদ সরকারের নিকট আছে কিনা ;

(চ) থাকিলে, সর্বশেষ মিটিং কোন্ তারিখে হইয়াছিল ; এবং

(ছ) ঐ সময়ের পর কোন মিটিং আহ্বান না করার কারণ কি ?

শ্রীনির্মলকুমার বসু ঃ (ক) না ;

(খ) ১১/১২ বৎসর যাবৎ ঐ পদ শূন্য আছে।

(গ) হ্যাঁ ;

(ঘ) তদন্তের জন্য নির্দেশ দেয়া হয়েছে।

(ঙ) উক্ত কলেজের গভর্নিং বডির সভা না ডাকার বিষয়টি সরকার অবগত আছেন।

(চ) ৭ই মার্চ, ১৯৮১।

(ছ) গভর্নিং বডির কার্যকাল ১৯৮২ সালের ৩১শে অক্টোবর শেষ হয়েছে। গভর্নিং বডির পুনর্গঠনের প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

[1.20—1.30 P. M.]

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গভর্নিং বডির যে মিটি তা আহ্বান করা হচ্ছে না কেন। গভর্নিং বডি পুনর্গঠনের পূর্বে আপাততঃ কো এডমিনিষ্ট্রেটর বা ঐ ধরনের কাউকে এ্যাপয়েন্ট করার কথা ভাবছেন কি?

শ্রীনির্মল কুমার বসুঃ পুরোপুরি একটা গভর্নিং বডি খুব সত্বর করা হবে।

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কি ১১/১২ বছর ধরে অধ্যক্ষের পদ খালি পড়ে আছে, এর কারণ কি?

শ্রীনির্মল কুমার বসুঃ পাবলিক সার্ভিস কমিশন অধ্যক্ষ পদের জন্য যাঁর না দিয়েছিলেন, তাঁর বিরুদ্ধে কিছু অভিযোগ ছিল, সেই জন্য তাঁকে করা যায় নি আবার নাম দিলে করা যাবে।

বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে জলবিদ্যুৎ প্রকল্প

*৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৪।) **শ্রীউপেন্দ্র কিস্কু**ঃ বিদ্যুৎ বিভাগে মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় শুশুনিয়া পাহাড়ে জলবিদ্যুৎ উৎপাদনের কোন পরিকল্প সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(ক) থাকিলে,

(১) ঐ পরিকল্পনা রূপায়ণে কত ব্যয় হইবে;

(২) কতদিনে উহা রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়; ও

(৩) ঐ প্রকল্পে কত বিদ্যুৎ পাওয়া যাইবে?

শ্রীপ্রবীর কুমার সেনগুপ্তঃ (ক) বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে জলবিদ্যু

উৎপাদনের কেন্দ্র নির্মাণের কোন পরিকল্পনা আপাততঃ সরকারের বিবেচনাধীন নই।

(খ) প্রশ্ন ওঠে না।

সৈনিকদের সম্মান পেনসন

*৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৫।) শ্রীপ্রবোধচন্দ্র সিংহ: অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বতন্ত্র সৈনিক সম্মান পেনসন পাওয়ার জন্য কতজন ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে রাজ্য সরকারের নিকট আবেদন করেছেন; এবং

(খ) ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে (১) কতগুলি আবেদনপত্র রাজ্য সরকার বিবেচনা করেছেন, ও (২) কতজন ব্যক্তিকে পেনসন দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট সুপারিশ করা হয়েছে?

শ্রীজ্যোতি বসু: (ক) প্রায় ৬৫,০০০।

(খ) (১) ৩,২২৪।

(২) ৬৭৫।

কলেজ ভবন সম্প্রসারণের জন্য আথিক অনুদান

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৩।) শ্রীনীহারকুমার বসু: শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলেজ ভবন সম্প্রসারণের জন্য ১৯৮১-৮২ আর্থিক বৎসরে কতগুলি কলেজকে আর্থিক অনুদান দেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত অনুদানের মোট অর্থের পরিমাণ কত?

শ্রীনির্মলকুমার বসু: (ক) ৫টি কলেজ।

(খ) ১১,২৩,৫৪৫ টাকা।

শ্রীনীহার কুমার বসু: মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বোধহয় জানেন যে, অনুদানের টাকায় কোন কলেজ বিল্ডিং হতে পারছে না। সুতরাং পূর্বে যা নিয়ম ছিল, অর্থাৎ কলেজ অথারিটি কন্সট্রাকশন করবে এবং সুপারভাইজ করবে পি. ডবলিউ. ডি., সেই ব্যবস্থা পুনর্বার চালু করা যায় কি না?

শ্রীনির্মল কুমার বসুঃ এই সম্পর্কে আমরা অবহিত আছি। আমরা যে টাকা বরাদ্দ করছি, সেটা নিয়ে কন্সট্রাকশন বোর্ড কাজ করতে চাইছে না। আবার কলেজকে সরাসরি দেওয়া যায় কিনা, সেটাও চিন্তার বিষয়। সুতরাং সমস্ত বিষয়টা বিবেচনা করে দেখা হচ্ছে।

*৫৮৭। Held Over.

বগুলা শ্রীকৃষ্ণ কলেজ

*৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২২২।) **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস** ও **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস**ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার বগুলা শ্রীকৃষ্ণ কলেজে (১) বি এস-সি বিভাগ ও (২) বি টি বিভাগ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

শ্রীনির্মল কুমার বসুঃ (ক) বর্তমানে নেই।

(খ) কলেজ কর্তৃপক্ষের নিকট হইতে সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেলে বিবেচনা করা হবে।

শ্রীসতীশ চন্দ্র বিশ্বাসঃ সীমান্তবর্তী তফসিল এলাকাভুক্ত নদীয়া জেলায় সবচেয়ে বেশী শিক্ষিত লোকের বাস যেখানে সেখানে এই কলেজের বি. এস-সি., বি. টি. বিভাগ খোলার প্রায়রিটি দেবার কথা সরকার থেকে চিন্তা করছেন কি ?

শ্রীনির্মল কুমার বসুঃ এই প্রস্তাব যদি বগুলা কলেজের পক্ষ থেকে আসে তাহলে সরকার নিশ্চয়ই বিবেচনা করে দেখবেন এবং বিশ্ববিদ্যালয়ও বিবেচনা করবেন নিয়ম অনুযায়ী।

*৫৮৯। Held Over.

উচ্চশিক্ষা ক্ষেত্রে বাংলা ভাষার প্রচলন

*৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮১।) **শ্রীব্রজগোপাল নিয়োগী**ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষা

ক্ষেত্রে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষাদান ও পরীক্ষা গ্রহণের জন্য রাজ্য সরকার কোন কর্মসূচী গ্রহণ করেছেন কি ?

শ্রীনির্মল কুমার বসুঃ পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষা ক্ষেত্রে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষাদান ও পরীক্ষা গ্রহণ ব্যবস্থা সম্ভাব্য ক্ষেত্রে মোটামুটিভাবে চালু আছে।

*৫৯১। Held Over.

*৫৯২। Held Over.

*৫৯৩। Held Over.

জঙ্গিপুর কলেজ

*৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০৩।) **শ্রীহাবিবুর রহমানঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর কলেজে বর্তমানে কোন স্থায়ী অধ্যক্ষ নেই ;

(খ) সত্য হইলে,—

(১) কতদিন যাবৎ ঐ পদ শূন্য রহিয়াছে ও (২) ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত কলেজে বিজ্ঞানের কোন্ কোন্ বিষয়ে অনার্স পড়ানো হয় ?

শ্রীনির্মল কুমার বসুঃ ক) হ্যাঁ।

খ) (১) ১-৮-৮২ তারিখ হইতে ঐ পদ শূন্য রহিয়াছে ;

(২) কলেজ সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত ব্যক্তি কলেজ কর্তৃপক্ষ প্রদত্ত নিয়োগপত্রে নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করায় ঐ পদটি শূন্য রহিয়াছে।

গ) উক্ত কলেজে বিজ্ঞান শাখায় কেবলমাত্র গণিত বিষয়ে অনার্স পড়ান হয়।

বেকার হস্টেল

*৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩২।) **শ্রীশীষ মহম্মদঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার বেকার হস্টেলটিকে তিনতলা হইতে চারতলায় উন্নীত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত পরিকল্পনা কতদিনের মধ্যে বাস্তবে পরিণত হইবে ?

শ্রীনির্মল কুমার বসুঃ ক) বর্তমানে এইরূপ কোন পরিকল্পনা সরকারের নেই।

খ) এই প্রশ্ন ওঠে না।

নেতাজী পুরস্কার

*৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২০।) **শ্রীকমলাক্ষ্মী বিশ্বাসঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বঙ্কিম পুরস্কার, বিদ্যাসাগর পুরস্কারের অনুরূপ নেতাজীর নামে কোন পুরস্কার প্রবর্তন করিবার কোন প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, বর্তমানে উক্ত প্রস্তাব কোন্ পর্যায়ে আছে ?

শ্রীনির্মল কুমার বসুঃ (ক) নেই।

(খ) প্রশ্ন উঠে না।

মিঃ স্পীকারঃ কোশ্চেন শেষ।

বেসরকারী বাসের পারমিট

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারি হইতে ৩১-এ ডিসেম্বর পর্যন্ত কলকাতা আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ (আর টি এ, কলকাতা সেল) কোন্ কোন্ ব্যক্তি বা সংস্থাকে বেসরকারী বাসের জন্য পারমিট প্রদান করিয়াছেন; এবং

(খ) উক্ত পারমিট প্রাপকের ঠিকানা কি ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারি থেকে ৩১-এ ডিসেম্বর পর্যন্ত আর টি এ, কলকাতা ১২১ জনকে বিভিন্ন রুটে বেসরকারী বাসের জন্য মঞ্জুরীপত্র প্রদান করেছেন।

(খ) তিনজন বাদে বাকী ১১৮ জন মঞ্জুরীপত্র প্রাপকদের নাম ও ঠিকানা সহ তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হল।

গ্রামীণ জলসরবরাহ প্রকল্প

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮।) **শ্রীঅনিল মুখার্জী:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮২-৮৩ (জানুয়ারি পর্যন্ত) সালে মোট কতগুলি জেলায় গ্রামীণ জলসরবরাহ প্রকল্প চালু হয়েছে;

(খ) উক্ত সময়ে কোন্ কোন্ জেলায় কোন্ কোন্ ব্লকে কতগুলি নতুন গ্রামীণ পানীয় জলের প্রকল্প গ্রহণ করা হয়েছে;

(গ) রিগ মেসিন দ্বারা পশ্চিমবঙ্গে ১৯৮২-৮৩ (জানুয়ারী পর্যন্ত) সালে মোট কতগুলি টিউবওয়েল বসানো হয়েছে; এবং

(ঘ) ইহার মধ্যে বাঁকুড়া জেলায় কতগুলি ও ওন্দা ব্লকে কতগুলি বসানো হয়েছে?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮২-৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট ৯টি জেলায় গ্রামীণ জলসরবরাহ প্রকল্প চালু করা হয়েছে। এর মধ্যে ২৪ পরগনা জেলায় ২টি, হাওড়া জেলায় ১টি, হুগলি জেলায় ১টি, মেদিনীপুর জেলায় ২টি এবং বাঁকুড়া জেলায় .টি প্রকল্প আংশিকভাবে চালু করা হয়েছে।

(খ) উক্ত সময়ে ২৪ পরগনা জেলার মথুরাপুর ব্লকে ১টি, নদীয়া জেলার চোপরা ব্লকে ১টি, মুর্শিদাবাদ জেলার বারোয়ান ব্লকে ১টি, হাওড়া জেলার পাঁচলা ব্লকে ১টি এবং আমতা ব্লকে ১টি, হুগলি জেলার বলাগড় ব্লকে ১টি, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকে ১টি, সুতাহাটা ব্লকে ৪টি এবং মহিষাদল ব্লকে ১টি, বর্ধমান জেলার রায়না ব্লকে ১টি, মালদা জেলার মালদা ব্লকে ১টি এবং দার্জিলিং জেলার রংলি-রংলিয়ট ব্লকে ৪টি, সুখিয়া-পোকরি ব্লকে ১টি ও মিরিক ব্লকে ১টি নতুন গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে।

(গ) ১৯৮২-৮৩ সালের ডিসেম্বর পর্যন্ত ১,১৩১টি টিউবওয়েল প্রোথিত হয়েছে।

(ঘ) ১৯৮২-৮৩ সালের ডিসেম্বর পর্যন্ত বাঁকুড়া জেলায় ৭১২টি এবং ওন্দা ব্লকে ৫০টি।

ডি এস টি সি-র অধীনে বাস স্ট্যাণ্ড বা ওয়েটিং হল

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৩।) **শ্রীঅনিল মুখার্জী**: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি এস টি সি-র অধীনে মোট কতগুলি বাসস্ট্যাণ্ড বা ওয়েটিং হল ও সেখানে মোট কতজন স্টার্টার নিযুক্ত আছেন ;

(খ) কোন্ কোন্ জায়গায় ডি এস টি সি-র বাস গ্যারেজ আছে ; এবং

(গ) দুর্গাপুর রেলওয়ে স্টেশনে ডি এস টি সি পরিচালিত যে বাসস্ট্যাণ্ড বা গুমটি, ওয়েটিং রুম আছে সেখানে কতজন লোক কাজ করেন ও কয়টি ঘর ডি এস টি সি-র অধীনে আছে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ডি এস টি সি-র অধীনে দুর্গাপুরে ২টি বাসস্ট্যাণ্ড আছে ও প্রত্যেকটিতে ২ জন করিয়া মোট ৪ জন স্টার্টার নিযুক্ত আছেন। ইহা ছাড়া শিলিগুড়ি, বহরমপুর, নবদ্বীপ ও মেদিনীপুর বাস টার্মিনাসের প্রত্যেকটিতে ১ জন করিয়া স্টার্টার অগ্রিম বুকিং ও ঐ সকল স্থান দিয়া যাতায়াতকারী ডি এস টি সি-র বাসগুলির সময় রেকর্ড করিবার নিমিত্ত নিযুক্ত রহিয়াছেন। ডি এস টি সি-র অধীনে কোন ওয়েটিং হল নেই।

(খ) দুর্গাপুরে ১টি গ্যারেজ ও হলদিয়ায় ১টি সাব-ডিপো আছে।

(গ) চারজন স্টার্টার ব্যতীত অন্য কোন লোক নিযুক্ত নেই। ৩টি ঘর ভাড়া লওয়া লইয়াছে।

প্রত্যাহৃত মামলার সংখ্যা

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩১১।) **শ্রীঅনিল মুখার্জী**: বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ হইতে ১৯৮২ সাল পর্যন্ত মোট কত মামলা রাজনৈতিক কারণে রাজ্য সরকার প্রত্যাহার করে নিয়েছেন ;

(খ) এইরূপ মামলার সংখ্যা কোন্ জেলায় কতগুলি ; এবং

(গ) ১৯৮২-৮৩ সালের জানুয়ারি পর্যন্ত কতগুলি ?

বিচার বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৭৭ হইতে ১৯৮২ সাল পর্যন্ত মোট ৫,৩১০টি মামলা প্রত্যাহার করে নেওয়ার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছেন।

(খ) বিভিন্ন জেলায় এইরূপ মামলার সংখ্যা—

(১) নদীয়া—১৩৩

(২) দার্জিলিং—৭৯

(৩) কলকাতা—৪৯

(৪) পুরুলিয়া—৫

(৫) বর্ধমান—১০৮৩

(৬) মালদহ—৫৪৮

(৭) পশ্চিম দিনাজপুর—২৪১

(৮) বাঁকুড়া—১৭

(৯) জলপাইগুড়ি—২৬১

(১০) কোচবিহার—৪৯

(১১) বীরভূম—২১৮

(১২) ২৪-পরগনা—১৪৪৩

(১৩) মুর্শিদাবাদ—১১১

(১৪) হাওড়া—১৩৫

(১৫) মেদিনীপুর—৮১৯

(১৬) হুগলি—১১৯

(গ) ১৯৮২-৮৩ সালের জানুয়ারি পর্যন্ত এইরূপ মামলার সংখ্যা ৬৬।

গ্রাম পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজের জন্য টাকা

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৮।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭ আর্থিক বর্ষে পশ্চিমবাংলার গ্রাম পঞ্চায়েতসমূহে উন্নয়নমূলক কাজের জন্য কোন্ কোন্ খাতে কত টাকা তৎকালীন রাজ্য সরকার দিয়াছিলেন; এবং

(খ) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ আর্থিক বর্ষে উক্ত খাতে সরকার কত টাকা দিয়াছেন?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred in reply to clauses 'Ka' and 'Kha' of Q. No. 255 (Admitted Q. No. 448)

(ক) ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গের পঞ্চায়েতসমূহের উন্নয়নমূলক কাজের জন্য বিভিন্ন খ্যাতে সরকার প্রদত্ত টাকা :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	গ্রাম পঞ্চায়েতকে থোক অনুদান (Lump grant to Gram Panchayat)	পঞ্চায়েত গৃহ নির্মাণ প্রকল্প	অঞ্চল নার্সারী স্থাপন প্রকল্প	উৎসাহমূলক অনুদান (Incentive grant)	জাতীয় গ্রামীণ কর্ম-সংস্থান প্রকল্প (N.R.E.P.)	সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প (I.R.D.P.)	পার্বত্য উন্নয়ন (Hill Affairs)	ঝাড়গ্রাম উন্নয়ন (Jhargram Affairs)	সুন্দরবন উন্নয়ন	উত্তরবঙ্গ উন্নয়ন কর্মসূচী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১৯৭৪-৭৫	২৯.২৬	—	—	১২.৩৯	—	—	১৬.২৭	—	—	১৩.১৫
১৯৭৫-৭৬	১৪.৬৩	৬.৩৪	—	১৪.৮৯	—	—	৭.৯৭	—	—	১৬.৯২
১৯৭৬-৭৭	৪৩.৮৯	১২.৫০	—	১৫.০৯	—	—	৪.৯২	—	—	১০০.০০

(খ) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েত সমূহে উন্নয়নমূলক কাজের জন্য বিভিন্ন খাতে সরকার প্রদত্ত টাকা :—

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	গ্রাম পঞ্চায়েতকে থোক অনুদান (Lump grant to Gram Panchayat)	পঞ্চায়েত গৃহ নির্মাণ প্রকল্প	অঞ্চল নার্সারী স্থাপন প্রকল্প	*উৎসাহমূলক অনুদান (Incentive grant)	জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (N.R.E.P.)	পার্বত্য উন্নয়ন (Hill Affairs)	ঝাড়গ্রাম উন্নয়ন (Jhargram Affairs)	সুন্দরবন উন্নয়ন	সার্বিক** গ্রামীণ উন্নয়ন প্রকল্প (I.R.D.P.)	উত্তরবঙ্গ উন্নয়ন*** কর্মসূচী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১৯৭৯—৮০	০.০২	৩৭.৯৬	—	০.০৩২ *১৯.৯৯	৯৮৪.০০	৫৪.৯৩	২৫.৫৭	২.৬৪	৩৩৪.৮৭	১৫০.০০
১৯৮০—৮১	৬৩.৫৭	৩৯.৯৮	—	*৭৭.৯৩	১১২৬.০৮	৪০.১৮	২৭.১২	১৮.৬৬	৪১.১৩	১৫০.০০
১৯৮১—৮২	৪২.৩২	৯.৯৪	০.৮৭	১.০০ *৮১.৮৩	১২৮০.৬৮	৫২.৫৮	৪১.৬৭	.৩৫	৩৯.৮৪	১৫০.০০

*উৎসাহমূলক অনুদান (Incentive grant) ১৯৭৯-৮০ আর্থিক বৎসর থেকে কর আদায় করার সাপেক্ষে ম্যাচিং গ্র্যান্ট-এ (Matching grant) রূপান্তরিত হয়েছে।

**১৯৮১-৮২ আর্থিক বর্ষে সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্পের টাকা (I.R.D.P.) জেলা গ্রামীণ উন্নয়ন সংস্থাকে (District Rural Dev. Agency) গ্রাম পঞ্চায়েতগুলিকে উন্নয়নের জন্য দেওয়া হয়েছে।

***উত্তরবঙ্গ উন্নয়ন কর্মসূচীর টাকা জেলা পরিষদের মাধ্যমে দেওয়া হয়ে থাকে।

নদীয়া জেলায় গ্রাম পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজের জন্য টাকা

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৯।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭ আর্থিক বর্ষে নদীয়া জেলার গ্রাম পঞ্চায়েতসমূহে উন্নয়নমূলক কাজের জন্য কোন্ কোন্ খাতে কত টাকা তৎকালীন রাজ্য সরকার দিয়েছিল ; এবং

(খ) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ আর্থিক বর্ষে উক্ত খাতে সরকার কত টাকা দিয়েছেন ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সংলগ্ন বিবরণীতে (ক) অংশে প্রদত্ত হল।

(খ) সংলগ্ন বিবরণীতে (খ) অংশে প্রদত্ত হল।

(ক) ১৯৭৪-৭৫, ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭ আর্থিক বর্ষে নদীয়া জেলার গ্রাম পঞ্চায়েতগুলিকে উন্নয়নমূলক কাজের জন্য থোক অনুদান (Lump Grant), পঞ্চায়েত ঘর নির্মাণ প্রকল্প ও উৎসাহব্যঞ্জক অনুদান (Incentive grant) প্রভৃতি বাবদ অর্থ দেওয়া হয়েছিল। বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ :—

আর্থিক বছর		থোক অনুদান (Lump Grant)	পঞ্চায়েত ঘর নির্মাণ প্রকল্প	উৎসাহব্যঞ্জক অনুদান (Incentive Grant)
১৯৭৪-৭৫	...	১,৪৯,০০০	...	১,৫৬,০৩৯
১৯৭৫-৭৬	...	৭৪,৫০০	১১,৭৫৫	৭১,৭৬৩
১৯৭৬-৭৭	...	২,২৩,৫০০	১,৬২,৪৩৫	১,৩০,৭৬৮

(খ) ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ আর্থিক বর্ষে উপরোক্ত উন্নয়নমূলক কাজে তৎসহ গ্রামোন্নয়ন প্রকল্প (অধুনা জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প), সাবিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী এবং অঞ্চল নার্সারী নির্মাণের জন্য টাকা দেওয়া হয়েছে। বরাদ্দকৃত অর্থের পরিমাণ এরূপ :—

আর্থিক বৎসর	থোক অনুদান	পঞ্চায়েত ঘর নির্মাণ প্রকল্প অনুদান	উৎসাহব্যঞ্জক অনুদান	অঞ্চল নার্সারী স্থাপনে প্রদত্ত অনুদান	জাতীয় গ্রামীণ কর্ম-সংস্থান প্রকল্প বাবদ অর্থ	সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী প্রকল্পে প্রদত্ত অর্থ
(১)	(২)	(৩)	*(৪)	(৫)	(৬)	**(৭)
						(মোট)
১৯৭৯-৮০		১,৬৮,০০০	...	...	৫৪,৬০,০০০	৩০,১৪,০০০
						(১৮,০০,০০০ টাকা রাজ্য সরকার এবং ১২,১৪,০০০ টাকা (কেন্দ্রীয় সরকার)
১৯৮০-৮১	৩,৫৪,৯০০	২,৯৪,০০০	*৬,০৮,১৯৪		...	৩,৭৫,০০০
						৬৯,৬৩,০০০ (রাজ্য সরকার)
১৯৮১-৮২	২,৩৬,৬০০	..	*৫,৫৪,০৪২	৬,০০০	৭০,৯৮,০০০	ঐ সালে কোন অর্থ দেওয়া হয় নাই

*উৎসাহব্যঞ্জক অনুদান (Incentive Grant) বর্তমানে কর আদায় সাপেক্ষে ম্যাচিং গ্রান্টে রূপান্তরিত হয়েছে।

**পঞ্চায়েত সমিতির মাধ্যমে সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী প্রকল্প রূপায়িত হয়। উক্ত অর্থ পঞ্চায়েত সমিতিগুলিকে দেওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েতকে কোন টাকা দেওয়া হয় নি।

মুর্শিদাবাদ জেলায় জনতা বস্ত্র উৎপাদন

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬০।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোথায় কতজন তাঁতী জনতা বস্ত্র উৎপাদন করেছেন; এবং

(খ) উক্ত সময়ে তাদের প্রত্যেকের মোট উৎপাদনের পরিমাণ কত?

কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এ প্রশ্নের বিস্তৃত তথ্য সংগ্রহ করা যথেষ্ট সময় সাপেক্ষের বিষয়। এখুনি যথাযথ উত্তর দেওয়া সম্ভবপর নয়।

(খ) ১৯৮২-৮৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত জেলার ১৩টি সমবায় সমিতির মাধ্যমে জনতা বস্ত্র ও লুঙ্গির মোট উৎপাদনের পরিমাণ ४১,৬১০ খানা। ব্যক্তিগত-ভাবে প্রত্যেক তাঁতীর মোট উৎপাদনের পরিমাণ এখুনি বলা সম্ভবপর নয়। এ ব্যাপারে বিস্তৃত তথ্য সংগ্রহ করা সময় সাপেক্ষ।

মধ্যমগ্রামে রেলের মাল চুরির ঘটনা

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৮।) **শ্রীসরল দেবঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি মধ্যমগ্রামে রেলের মাল চুরির কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ;

(খ) থাকলে, উক্ত কার্যে জড়িত ব্যক্তি:দের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) ঐরূপ ঘটনায় ১৫ই ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এইরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসে নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

পশ্চিম দিনাজপুর সমাজশিক্ষা উপদেষ্টা কাউন্সিল

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৯।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর সমাজ শিক্ষা উপদেষ্টা কাউন্সিল গত বৎসর জিলার ২৩টি গ্রামীণ গ্রন্থাগারের জন্য গ্রন্থাগারিক নিযুক্ত করেছেন এবং

(খ) সত্য হলে,

(১) গ্রন্থাগারিক নিয়োগের পূর্বে ঐ কাউন্সিল কর্মী নিয়োগসংস্থার কাছ থেকে প্রার্থী তালিকা চেয়েছিলেন কিনা ; এবং

(২) ঐ সব গ্রন্থাগারিকের প্রত্যেকের শিক্ষাগত যোগ্যতা কি ?

শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(২) শিক্ষাগত যোগ্যতা ও কর্মী নিয়োগ সংস্থা রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখে নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীদের তালিকা এই রকম :

tatement referred to in reply to clause 'kha' (2) of questions No. 259 (Admitted question No. 709)

Particulars of Selected Candidates allotted to authorities of 23 Rural/Primary Unit Libraries sanctioned vide G. O. No. 352-Edn/SE, dated 30 4-81

Sl. No	Name of the candidates	Employment Regd No.	Qualification	Remarks
1	Shri Lethuram Singh ..	IS/1542A/80	H.S	Appointed And joined
2	Shri Swadesh Saha	B/8304/79	H.S.	"
3.	Shri Kshitish Chandra Goswami	B/4730/80 X01.30	B.A	"
4.	Shri Manick Chandra Chanda ..	B/11376/78	B.Com.	"
5.	Shri Priya Nath Barman ..	B/3886A/78	S.F.	"
6.	Shri Tapan Kumar Roy ..	R/3183/81	H.S. Passed Librarianship Certificate Course.	"
7	Shri Bharatendra Chowdhury ..	R/4733/80	B.Com	"
8	Shri Paritosh Chowdhury ..	R/4583/81	M. P. (Madhyamik Pariksha). Passed Librarianship Certificate Course	"
9.	Smt. Tandra Guha Baksi ..	B/W/805/78 X01. 10	H.S.	"
10	Shri Daulat Nussain	R/4727/80 St. 28-7-77	H S.	"
11	Shri Jyotish Chandra Gayen ..	B/6982/78	S. F.	"
12.	Shri Sachindra Nath Ray ..	B/1052/79	H.S.	"
13.	Shri Pradut Kr. Guha ..	B/11055/78 Sty. 15-6-74	B A.	"
14.	Shri Nirmalya Kr. Mandal ..	B/11064/78 Sty. 17-2-76	B.A.	"
15.	Shri Milan Bhattacharya ..	B/969/78 Sty. 31-3-77	H.S.	"
16.	Shri Bhabatosh Dam ..	B/5578/80 Sty 14-5-76	H. S.	"
17.	Shri Gobinda Sarkar	B/5797/80 Sty. 26-7-76	H. S.	"
18.	Sri Haridas Saha	B/7099/78 Sty. 17-8-77	S.F	"
19.	Shri Kaliram Murmu	R/5068/80 Sty. 10-5-76	H.S.	"
20.	Shri Kalisankar Bandopadhyay ..	B/1890/80 Sty. 2-11-73	H.S,	"
21.	Shri Saraj Ch. Sathair ..	B/5796/80 Sty. 23-5-77	H. S.	"
22	Shri Bhabesh Ch. Das ..	IS/1543A/80	H.S.	Could not join
23.	Shri Swapan Kr. Chakraborty ..	B/1115/81 Sty. 25-1-78	H S. Passed Librarianship Certificate Course.	Did not join.

N B—As no other Librarianship Trained candidate was in the lists received from the Employment Exchanges, academically qualified candidates were selected for appointments.

পশ্চিমবঙ্গে মোট পত্রিকার সংখ্যা

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩০।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি পত্রিকা প্রতিদিন মুদ্রিত হয়;

(খ) উক্ত পত্রিকাসমূহে কর্মচারীর সংখ্যা কত;

(গ) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালের বিজ্ঞাপন উন্নয়ন খাতে কত টাকা বরাদ্দ ছিল; এবং

(ঘ) উক্ত সময়ে উক্ত খাতে কত টাকা ব্যয় করা হয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এই বিভাগে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৪৮টি দৈনিক পত্রিকা বিভিন্ন ভাষায় প্রকাশিত হয়।

(খ) বেসরকারী উদ্যোগে পরিচালিত পত্রিকাপ্রতিষ্ঠানের কর্মচারীর সংখ্যা এ বিভাগের জানা নেই।

(গ) বিজ্ঞাপন খাতে এই বিভাগে ১৯৮০-৮১ সালে বরাদ্দ ছিল ৮৫ লক্ষ টাকা। ১৯৮১-৮২ সালে বরাদ্দ ছিল ৯৫ লক্ষ টাকা। ১৯৮২-৮৩ সালে বরাদ্দ ছিল ১ কোটি টাকা।

(ঘ) বিজ্ঞাপন খাতে ১৯৮০-৮১ সালে বিভাগীয় বরাদ্দ থেকে ব্যয় হয়েছে ৯৭ লক্ষ ৫৪ হাজার ৭ শত টাকা। ১৯৮১-৮২ সালে ব্যয় হয়েছে ৯৭ লক্ষ ৮৪ হাজার ৯ শত ২৭ টাকা।

১৯৮২-৮৩ সালে ব্যয় হয়েছে ১ কোটি ৩৪ লক্ষ ৯৬ হাজার টাকা। গত কয়েক বছরের বকেয়া বিল পরিশোধের জন্য আর্থিক বছরে বরাদ্দীকৃত এক কোটি টাকার উর্ধ্বে আরো ৩৫ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয়ের অনুমোদন নেওয়া হয়।

গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্প

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৬।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে কেন্দ্রীয় সরকার ১৯৭৮ সালের জুন হতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত কত টাকা দিয়েছেন ;

(খ) ঐ সময়ে কোন্ জেলায় কতগুলি মৌজায় বৈদ্যুতীকরণ হয়েছে ;

(গ) বাঁকুড়া সদর থানার অন্তর্গত পাঁচরডাঙ্গা, ছবসাঁড়া, ধূবার গ্রাম, তাঁতকানালী, হরেকৃষ্ণপুর, ধূলকুমারী, কেশোডোবা, নিদয়া, পাপুরডিহি, দেবীপুর, জলহরি, উত্তরবনকাটি, দর্পনগর, কাপিষ্ঠা, দামড়াগড়া, মুরাদডিহি প্রভৃতি মৌজাগুলিসহ ৮২, ৮১, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৭৪, ৭৫, ৭৮, ৭৬, ৭৭, ৭৯ জে. এল. নং এলাকাগুলি বিশেষতঃ আদিবাসী ও তফসিলীভুক্ত এলাকাগুলিতে বৈদ্যুতীকরণের জন্য কেন্দ্রীয় সরকার কোন আর্থিক সাহায্য দিয়াছেন কি ; এবং

(ঘ) দিয়া থাকিলে, কবে নাগাদ ঐ এলাকাগুলিতে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৪৪৫৩.৪৬ লক্ষ টাকা।

(খ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গের বৈদ্যুতীকৃত মৌজাগুলির জেলাওয়ারি সংখ্যাসম্বলিত একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(গ) উল্লিখিত মৌজাগুলির মধ্যে মৌজা নিদয়া (জে এল নং ৬২), পাপুরডিহি (জে এল নং ৬৩) এবং দেবীপুর (জে এল নং ৬৪) গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশনের আর্থিক সহায়তায় বৈদ্যুতীকৃত হইয়াছে এবং মৌজা ধূলকুমারী (জে এল নং ৬০) রাজ্য পরিকল্পনা তহবিলের সাহায্যে বৈদ্যুতীকৃত হইয়াছে।

অবশিষ্ট মৌজাগুলির বৈদ্যুতীকরণ করিবার জন্য গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশনের সহায়তাপ্রাপ্ত কোন প্রকল্প বর্তমানে নেই।

(ঘ) সম্ভাবনার কথা ওঠে না।

Statement referred to in reply to Clause "Kha" of unstarred question No. 261 (Admitted question No. 746.)

১৯৭৮ সালের জুন হইতে ১৯৮৩ সালের জানুয়ারী পর্যন্ত বৈদ্যুতীকৃত পশ্চিমবাংলার গ্রামগুলির জেলাওয়ারি সংখ্যা।

ক্রমিক সংখ্যা	জেলা	জুন '৭৮ হইতে জানুয়ারী পর্যন্ত বৈদ্যুতীকৃত গ্রামগুলির সংখ্যা
১	বাঁকুড়া	১৫৪
২	বীরভূম	৭১৯
৩	বর্ধমান	৪২৩
৪	কুচবিহার	১৫৯
৫	দার্জিলিং	৭০
৬	হুগলী	১৩৪
৭	হাওড়া	৭১
৮	জলপাইগুড়ি	১১৮
৯	মালদহ	৫১৬
১০	মেদিনীপুর	৮০০
১১	মুর্শিদাবাদ	১৭৯
১২	নদীয়া	১৭৩
১৩	২৪-পরগনা	৫৫৭
১৪	পুরুলিয়া	১১০
১৫	পশ্চিম দিনাজপুর	৭২৫
	সর্বমোট ...	৫৪২৯

জেলা বিচারকগণের সুযোগ সুবিধা

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৯।) শ্রীকাশীনাথ মিশ্রঃ আইন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলায় বিচারপতিগণ (বিশেষতঃ জেলা বিচারকগণ) (১) গাড়ী (২) বাড়ী ও (৩) অন্যান্য কি কি সুযোগসুবিধা পাইয়া থাকেন;

(খ) এই সুযোগসুবিধার ব্যাপারে বৃহত্তর ও ক্ষুদ্রতর জেলার ক্ষেত্রে কোনরূপ পার্থক্য আছে কি; এবং

(গ) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি কয়েকটি ক্ষুদ্র জেলায় বিচারপতিগণকে সরকারী কাজে যাতায়াতের জন্য স্থানীয় প্রশাসন বিভাগের মুখাপেক্ষী হইয়া থাকিতে হয়; এবং

(ঘ) সুষ্ঠু বিচারকার্যের প্রয়োজনে উক্ত বিচারপতিদের আবাসন, পরিবহণ ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় সুবিধাদির ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

আইন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সরকারী কাজের সুবিধার জন্য কয়েকটি জেলার জেলা ও দায়রা বিচারপতিগণের হেফাজতে গাড়ী দেওয়া হইয়াছে এবং অন্যান্য জেলায় বর্তমান আর্থিক অসুবিধার জন্য গাড়ী দেওয়ার প্রস্তাব কার্যকরী করা যাইতেছে না।

সরকারী বাড়ী যে সকল জেলায় আছে সেখানে জেলার বিচারপতিগণ সেই সকল বাড়ীতে আইনানুগ ভাড়া দিয়া বসবাসের সুযোগ পাইয়া থাকেন।

এই সুযোগগুলি ছাড়া পশ্চিমবঙ্গ হায়ার জুডিসিয়াল সারভিসের অফিসারগণ নিজের ও পরিবারবর্গের চিকিৎসার সম্পূর্ণ খরচপত্রাদি পাইয়া থাকেন।

(খ) বৃহত্তর ও ক্ষুদ্রতর জেলা বলিয়া কোন পার্থক্য করা হয় নাই। তবে গাড়ীর ব্যাপারে সরকারের আর্থিক অসুবিধার জন্য সকল ক্ষুদ্রতর জেলায় গাড়ীর ব্যবস্থা করা সম্ভবপর হয় নাই।

(গ) হাঁা, সরকার অবগত আছেন।

(ঘ) বিচারপতিদের বসবাসের জন্য কয়েকটি জেলায় ও কয়েকটি মহকুমায় কিছু কিছু কোয়ার্টার নির্মাণ করা হইয়াছে। ইহা ছাড়া, বিভিন্ন জেলায় ও মহকুমায় বিচার বিভাগীয় অফিসারদের জন্য আরও কয়েকটি বসবাসের কোয়ার্টার নির্মাণের ব্যবস্থা করা হইতেছে।

বিচারকগণের সরকারী কাজের জন্য জলপাইগুড়ি ও কুচবিহার জেলার সদরে একটি করিয়া জীপ গাড়ী এবং ২৪-পরগনা, মেদিনীপুর, মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান ও দার্জিলিং জেলার সদরে একটি করিয়া এ্যাম্বাসাডার গাড়ী দেওয়া হইয়াছে। ইহা ছাড়া, অন্যান্য জেলায় বিচারকগণ অফিসের কাজের জন্য প্রয়োজনবোধে সরকারী পুল হইতে গাড়ী পাইয়া থাকেন।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মহিলাকর্মী নিয়োগের পরিকল্পনা

২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মহিলা স্বাস্থ্য-কর্মী ও সেবিকা নিয়োগ করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে উক্ত নিয়োগের পদ্ধতি কি হইবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বহুমুখী স্বাস্থ্য পরিকল্পনার অধীনে পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকায় প্রতি ৫,০০০ জনসংখ্যার ভিত্তিতে একজন করে মহিলা স্বাস্থ্যকর্মী নিয়োগ করা শুরু হয়েছে এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্বিভাগে সেবিকা (জি এন এম) নিয়োগ করিবার নির্দিষ্ট প্রথা চালু আছে।

(খ) নির্দিষ্ট মানের শিক্ষাগত যোগ্যতা, বয়ঃক্রম ও বাসস্থানভিত্তিক অবিবাহিতা/বিধবা/বিচ্ছিন্না মহিলাগণকে সংবাদপত্রে বিজ্ঞপ্তি মারফত আবেদন করিতে বলা হয় এবং তাহাদিগকে মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলের ভিত্তিতে যথাক্রমে মহিলাকর্মী বা সেবিকা (জি এন এম) শিক্ষণে ভর্তি করা হয়।

নির্দিষ্ট পাঠ্যক্রম শেষে পরীক্ষায় উত্তীর্ণা হলে, মহিলা স্বাস্থ্য কর্মীগণকে বিভিন্ন ব্লকে এবং সেবিকাগণকে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে বা হাসপাতালে নিয়োগ করা হয়।

বাজেমেলিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭১।) **শ্রীতারাপদ সাধুখাঁঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে এক বছরের বেশী সময় বাজেমেলিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোন চিকিৎসক নেই ; এবং

(খ) অবগত থাকিলে উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ। হুগলী জেলার বাজেমেলিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘদিন ডাক্তার ছিল না।

(খ) পশ্চিমবঙ্গ পাবলিক সারভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থী তালিকা থেকে একজন ডাক্তারকে উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রের জন্য নিয়োগপত্র দেওয়া হয়েছিল। সম্প্রতি তিনি সেখানে যোগদান করেছেন।

গত পাঁচ বছরে বরাদ্দকৃত সিমেণ্ট ও কেরোসিন তেলের পরিমাণ

২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯০১) : **শ্রীব্রজগোপাল নিয়োগী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত পাঁচ বছরে কত পরিমাণ সিমেণ্ট ও কেরোসিন তেল বরাদ্দ ছিল,

(খ) জনসংখ্যার আনুপাতিক হিসাবে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে বরাদ্দ কি পরিমাণ, এবং

(গ) উক্ত বরাদ্দ বাড়ানোর জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছিল ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) গত পাঁচ বছরে সিমেন্ট ও কেরোসিন তেলের বরাদ্দ ও সরবরাহ ছিল নিম্নরূপ :

সিমেন্ট — মেঃ টন হিসাবে

সাল			বরাদ্দ	সরবরাহ	বরাদ্দ অপেক্ষা সরবরাহ
১৯৭৮	...	...	১৩,১৮,০০০	১০,৪২,৪৯১	২,৭৫,৫০৯ (কম)
১৯৭৯	...	...	১৩,৮১,৩৩৬	৯,২২,১৭৬	৪,৬০,০৬০ (কম)
১৯৮০	...	...	৯,৩১,২৬০	৮,০৬,৪০৩	১,২৪,৮৫৭ (কম)
১৯৮১	...	...	১০,২৯,২১৫	৯,৩২,০৫২	৯৭,১৬৩ (কম)
১৯৮২	...	...	৭,১৩,৩২৯	৪,৯৬,৩৮৭	২,১৬,৯৪২ (কম)
			৫৩,৮৪,১৪০	৪১,৯৯,৬০৯	১১,৮৪,৫৩১ (কম)

ঐ সময়ে আমাদের বাৎসরিক চাহিদা ছিল ১০ লক্ষ টন।

কেরোসিন তেল — মেঃ টন হিসাবে

সাল			বরাদ্দ	সরবরাহ	বরাদ্দ অপেক্ষা সরবরাহ
১৯৭৮	...	...	৩,২৮,৯৩৬	৩,২০,৩৮০	৮,৫৫৬ (কম)
১৯৭৯	...	...	৩,৬১,৫৮৮	৩,৪৯,৫১০	১২,০৭৮ (কম)
১৯৮০	...	...	৩,৭৭,৫৮৮	৩,৬৮,৪৬৩	৯,১২৫ (কম)
১৯৮১	...	...	৪,০৫,৮১২	৪,১৩,৯৬৯	৮,১৫৭ (বেশী)
১৯৮২	...	...	৪,৩৯,৯০০	৪,৪৩,৮৭০	৩,৯৭০ (বেশী)
			১৯,১৩,৮২৪	১৮,৯৬,১৯২	১৭,৬৩২ (কম)

১৯৮২ সালে আমাদের মাসিক চাহিদা ছিল ৪৫,০০০ টন, বর্তমানে চাহিদা মাসিক ৫০,০০০ টন।

(খ) সিমেন্টের ক্ষেত্রে ভারত সরকারের সিমেন্ট কণ্ট্রোলার কর্তৃক ১৯৮০ সালে প্রকাশিত পুস্তিকা অনুযায়ী ১৯৭৯ সালে বিভিন্ন রাজ্যে মাথাপিছু বাৎসরিক সিমেন্ট

বরাদ্দের পরিমাণ নিম্নরূপ ছিল :—

চণ্ডীগড়	...	১৯২.২২ কেজি
দিল্লী	...	১১১.৪৫ "
পাঞ্জাব	...	৫৫.৮৭ "
গুজরাট	...	৫২.১৪ "
মহারাষ্ট্র	...	৩৭.৪৩ "
তামিলনাড়ু	...	৩৪.৩২ "
অন্ধ্রপ্রদেশ	...	৩৭.১১ "
কর্ণাটক	...	৩৩.৬৮ "
পশ্চিমবঙ্গ	...	১৫.৫০ "

কেরোসিনের ক্ষেত্রে ১৯৮১ সালের ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিলের রাজ্যওয়ারী মাসিক মাথাপিছু বরাদ্দের পরিমাণ নিম্নরূপ ছিল :

চণ্ডীগড়	...	১.৮৫ লিটার
দিল্লী	...	১.৪৯ "
পাঞ্জাব	...	১.১৩ "
গুজরাট	...	১.৪৫ "
মহারাষ্ট্র	...	১ ৫১ "
তামিলনাড়ু	...	.৯০ "
পশ্চিমবঙ্গ	...	.৮৫ "

(গ) সিমেন্ট ও কেরোসিনের বরাদ্দ বাড়ানোর জন্য রাজ্য সরকার নিয়মিত-ভাবে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়ে আসছেন। মুখ্যমন্ত্রীও বেশ কয়েকবার এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি দিয়েছেন।

মুর্শিদাবাদ জেলার চৈতন্যপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৬।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অধীন বেলডাঙ্গা থানার অন্তর্গত চৈতন্যপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বর্তমানে চালু আছে কি ; এবং

(খ) চালু থাকিলে, উহাতে কতজন ডাক্তার ও নার্স আছেন ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) চৈতন্যপুরে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নাই, তবে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে।

(খ) বর্তমানে ডাঃ তুষারকান্তি ঘোষকে ৪র্থ দফায় পোস্টিং দেওয়া হয়েছে।

বেলডাঙ্গা থানার রামপাড়া ২নং গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৮।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার কেস নং ১১৭৮, তাং ৩০-১-১৯৮৩-এর আদেশবলে অভিযুক্ত রামপাড়া ২নং গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ উক্ত অভিযুক্ত প্রধানের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৪০৯।১২০(বি) নং ধারা অনুযায়ী পুলিশের তরফ থেকে ৫-৩-১৯৮৩ তারিখে একটি মামলা দায়ের করা হয়েছে (মামলার নং ৭, তাং ৫-৩-১৯৮৩)।

জেলায় মঞ্জুরীকৃত মাধ্যমিক বিদ্যালয়

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৭।) **সেখ ইমাজুদ্দিনঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) কোন্ জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে মঞ্জুরী (রিকগ্নিশন) দেওয়া হয়েছে (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) ১৯৮৩-৮৪ সালে কতগুলি নতুন হাই স্কুলকে মঞ্জুরী (রিকগ্নিশন) দেওয়ার পরিকল্পনা সরকারের আছে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মোট ৬০৪টি। জেলাওয়ারী হিসাব সম্বলিত একটি তালিকা নিম্নে দেওয়া হল।

(খ) নতুন বছরের বাজেট বরাদ্দ পাশ হলে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

Statement referred in reply to clause 'ka' of unstarred question No. 268 (Admitted Question No. 997.)

জেলা-ওয়ারী তালিকা

জেলার নাম	১৯৮১ সাল		১৯৮২ সাল		১৯৮৩ স	
	জুনিয়ার হাইস্কুল ৫ম—৮ম শ্রেণী	হাইস্কুল ১০ম শ্রেণী পর্যন্ত	জুনিয়ার ৫ম—৮ম শ্রেণী	হাইস্কুল ১০ম শ্রেণী পর্যন্ত	জুনিয়ার ৫ম—৮ম শ্রেণী (ফেব্রুয়ারী প	হাইস্ক ১০ম পর্যন্
কলকাতা ..	১	৬	৬	২	—	—
২৪-পরগনা ..	২৮	৯	২৩	১৪	—	—
হাওড়া ..	১২	৪	১০	৯	—	
হুগলী ..	১৬	৭	১৩	১১	—	—
মুর্শিদাবাদ ..	১৮	৫	১০	১০	—	—
বর্ধমান ..	১৩	৮	১৪	১১	—	—
কুচবিহার ..	৯	৫	১০	৯	—	—
বাঁকুড়া ..	৯	৪	১০	৫	—	—
নদীয়া ..	৭	৪	৮	৯৯	—	—
দার্জিলিং ..	৯	—	৬	৮	৫	—
পুরুলিয়া ..	৮	৬	১১	৪	১	—
মালদা ..	—	১	২৩	১০	—	—
বীরভূম ..	৪	৪	৪	৮	১	[illegible]
পশ্চিম দিনাজপুর	১৬	৫	৯	১০	—	—
জলপাইগুড়ি	১১	৭	৭	১২	—	—
মেদিনীপুর ..	২২	৫	১৫	১১	—	—
	১৯৩	৮০	১৭৯	১৪৪	৭	[illegible]

রাজ্যে হাসপাতালগুলিতে এক্স-রে মেসিন ও অ্যাম্বুলেন্সের সংখ্যা

১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৬।) **শ্রীআব্দুল মান্নান:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের হাসপাতালগুলিতে মোট এক্স-রে মেসিন ও অ্যাম্বুলেন্সের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে অকেজো এক্স-রে মেসিন ও অ্যাম্বুলেন্সের সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) অ্যাম্বুলেন্সের সংখ্যা মোট ১৯৫টি এবং এক্স-রে মেসিনের সংখ্যা মোট ৩২৭টি।

(খ) অকেজো এক্স-রে মেসিনের সংখ্যা ৩৫ এবং অকেজো অ্যাম্বুলেন্সের সংখ্যা (মেরামতযোগ্য নহে) ৩৮টি এবং ২৭টি মেরামতির অপেক্ষায়।

খরাত্রাণ খাতের টাকা পূর্ত বিভাগকে দেওয়া

১৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৭।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরাত্রাণ খাত থেকে কাজ করার জন্য পূর্ত দপ্তরকে ১৯৮২-৮৩ সালে মোট কত টাকা দেওয়া হয়েছে ; এবং

(খ) ঐ টাকায় বসিরহাট মহকুমায় কোথায় কোথায় কি কি পরিকল্পনা রূপায়িত হচ্ছে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) মোট তিন কোটি টাকা [পূর্ত দপ্তরকে এক কোটি এবং পূর্ত (সড়ক) দপ্তরকে দুই কোটি]।

(খ) পরিকল্পনা নেই।

বসুমতী পত্রিকা

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯০।) **শ্রীমতী ছায়া ঘোষ:** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) দৈনিক বসুমতী পত্রিকা সংবাদপত্রের সঙ্গে যুক্ত মফঃস্বল সাংবাদিকের সংখ্যা কত (জেলা ভিত্তিক সংখ্যা) ;

(খ) উক্ত সংবাদপত্রের সঙ্গে যুক্ত মফঃস্বল সংবাদদাতাদের পালেকার অ্যাওয়ার্ডের আওতায় আনার কথা সরকার ভাবছেন কি ;

(গ) উক্ত সংবাদপত্রের মফঃস্বল সংবাদদাতাদের পরিচয়পত্র বা আইডেন্টিটি কার্ড পুনর্নবীকরণ করা হয়েছে কি ; এবং

(ঘ) ১৯৮১ সাল থেকে খবর পাঠানো বাবদ মফঃস্বল সংবাদদাতাদের প্রাপ্য টাকা দেওয়া হয়েছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে দৈনিক বসুমতী পত্রিকা কর্তৃপক্ষ কর্তৃক সর্বক্ষণের জন্য নিযুক্ত কোন মফঃস্বল সাংবাদিক নেই। প্রসঙ্গতঃ উল্লেখ্য, সাংবাদিকতা যাঁদের মূল পেশা নয় এমন বহু 'দৈনিক বসুমতী'র স্টাফ বহির্ভূত লেখক-লেখিকা কলকাতা শহরতলী এবং রাজ্যের বিভিন্ন জেলার সংবাদ ও ফিচার হিসাবে লেখা পাঠান।

(খ) 'ক' প্রশ্নের উত্তর সাপেক্ষে এই প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) যেহেতু 'মফঃস্বল সাংবাদিক' হিসাবে 'নির্দিষ্টকরণ' কিছুই নেই, তাই সংবাদদাতাদের 'প্রাপ্য টাকার' প্রশ্ন ওঠে না। তবে যাঁরা বসুমতী পত্রিকার জন্য মাঝে মাঝে সংবাদ বা লেখা পাঠান, সেগুলি উপযুক্ত বিবেচনায় প্রকাশিত হলে মাপের ভিত্তিতে কিছু সম্মানমূল্য নিয়মিতভাবে দেওয়া হয়।

সবং থানায় তফসিলী জাতি ও আদিবাসী মানুষদের জন্য স্যালো টিউবওয়েল স্থাপন

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৯।) **ডাঃ মানস ভুঁইয়া:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি খরা মরসুমে মেদিনীপুর জেলার সবং থানায় তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষদের জন্য স্যালো টিউবওয়েল বসানোর কোন নির্দেশ গেছে কি ; এবং

(খ) নির্দেশ থাকলে, কতদিন আগে ঐ নির্দেশ পাঠানো হয়েছে এবং আজ অবধি কয়টি স্যালো টিউবওয়েল বসানো হয়েছে ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) খরাত্রাণের জন্য কৃষি ও সেচ প্রকল্পের প্রস্তাব পাঠানোর জন্য সংশ্লিষ্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে অনুরোধ জানানো হয়েছে।

(খ) ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে মেদিনীপুর জেলার তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল প্রাধিকারিক ঐ অনুরোধ জানিয়েছেন। কিন্তু ব্লক ডেভেলপমেন্ট

অফিসারের কাছ থেকে কোন প্রস্তাব না পাওয়ায় অদ্যাবধি এই এলাকায় স্যালো টিউবওয়েল বা অন্য কোন কৃষি ও সেচ প্রকল্প অনুমোদন করা যায় নি।

দীঘা জেনারেল হাসপাতাল

১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯২।) **শ্রীঅবন্তী মিশ্রঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দীঘার জেনারেল হসপিটালে সরকার অনুমোদিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী কতজন ডাক্তার প্রয়োজন;

(খ) উক্ত হাসপাতালের কোন্ কোন্ বিভাগে মোট কতজন ডাক্তার আছেন; এবং

(গ) উক্ত হাসপাতালে ডাক্তারদের শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সুপারিন্টেণ্ডেণ্ট—১জন, মেডিকেল অফিসার (ফুল-টাইম)—২জন, মেডিকেল অফিসার (পার্ট-টাইম)—২জন।

(খ) পার্ট-টাইমের জন্য মেডিকেল অফিসার না পাওয়ায় ২টি পার্ট-টাইম পদের পরিবর্তে ১টি ফুল-টাইম মেডিকেল অফিসার পদ সৃষ্টি করা হয়েছিল।

সুপারিন্টেণ্ডেণ্ট ছাড়া বর্তমানে ঐ হাসপাতালে ৩টি পদে ৩জন ডাক্তারই আছেন।

(গ) প্রশ্ন ওঠে না।

মানিকচক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২০৮।) **শ্রীযোথীলাল মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মানিকচক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সংখ্যা কত;

(খ) উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কতজন ডাক্তার আছেন;

(গ) মানিকচক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিতে শয্যা সংখ্যা বাড়ানোর কোন সরকারী প্রস্তাব আছে কি; এবং

(ঘ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে শিশু চিকিৎসার কি কি ব্যবস্থা আছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পঁচিশ।

(খ) তিন জন।

(গ) বর্তমানে ঐরূপ কোন প্রস্তাব নেই।

(ঘ) শিশুচিকিৎসার জন্য কোন পৃথক বিভাগ নেই। তবে শিশুচিকিৎসা স্বাস্থ্য-কেন্দ্রের সার্বিক চিকিৎসারই অঙ্গ।

মালদহ জেলার ভুতনীদিয়াড়ায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২১০।) **শ্রীযোথীলাল মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার মানিকচক থানার অন্তর্গত ভুতনীদিয়াড়ায় কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নেই ;

(খ) উক্ত স্থানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকরী করা হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, সত্য। তবে এখানে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

বেকার ভাতা প্রাপকের সংখ্যা

২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৪।) **শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জীঃ** শ্রম-বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে এখন পর্যন্ত কতজন লোক বেকার ভাতা পাইয়াছে ; এবং

(খ) বেকার ভাতা প্রাপকদের মধ্যে এ পর্যন্ত কতজন সরকারী কাজে নিযুক্ত হইয়াছে ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বেকার ভাতা প্রকল্প ১লা এপ্রিল, ১৯৭৮ হইতে চালু হইয়াছে। ঐ তারিখ হইতে ৩১শে মার্চ ১৯৮৩ পর্যন্ত মোট ৪,২৭,২১৮ জন বেকার ভাতা পাইয়াছেন।

(খ) বেকার ভাতা প্রাপকদের মধ্যে আনুমানিক ১২,০০০ জন সরকারী কাজে নিযুক্ত হইয়াছেন।

বীরভূম জেলায় এনকেফেলাইটিস রোগে আক্রান্তের সংখ্যা

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৯।) **শ্রীবনমালী দাস:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ১৯৮২ জানুয়ারী হইতে ১৯৮৩ সালের জানুয়ারী পর্যন্ত এনকেফেলাইটিস রোগে থানাভিত্তিক কতজন লোক আক্রান্ত হইয়াছিলেন;

(খ) তন্মধ্যে কতজন মারা গিয়াছেন; এবং

(গ) এই রোগ প্রতিরোধের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছিল?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮২ জানুয়ারী হইতে ১৯৮৩ জানুয়ারী পর্যন্ত এনকেফেলাইটিস রোগে আক্রান্তের সংখ্যা নিম্নরূপ—

থানা				আক্রান্ত	মৃত
সিউড়ি	—	—	—	৩৮	১০
সাঁইথিয়া	—	—	—	১৮	১৫
খয়রাশোল্	—	—	—	৮	২
দুবরাজপুর	—	—	—	১৫	৪
ইলামবাজার	—	—	—	৮	১
রামপুরহাট	—	—	—	৩১	৯
নলহাটি	—	—	—	৬	১
মুরারই	—	—	—	৮	৫
লাবপুর	—	—	—	১৫	৪
নানুর	—	—	—	১১	৫
মহম্মদবাজার	—	—	—	১৩	৩
রাজনগর	—	—	—	৬	১
বোলপুর	—	—	—	১৪	৫
ময়ূরেশ্বর	—	—	—	১৭	৫
				২৩০	৭১
		অন্যান্য এলাকা হইতে		১৭	১
				১৪৭	৭২

(খ) মারা গিয়াছেন ৭২ জন।

(গ) এই রোগ প্রতিরোধের জন্য নিম্নরূপ ব্যবস্থা নেওয়া হইয়াছিল :

(১) এনকেফেলাইটিস রোগ প্রতিরোধের জন্য রোগাক্রান্ত লোকের বাড়ীতে এবং উহার সংলগ্ন ৫০টি বাড়ীতে গ্যামাক্সিন স্প্রে করা হয়।

(২) শূকর, গো-মহিষাদির খাটালে গ্যামাক্সিন স্প্রে করা হয়।

(৩) আক্রান্ত এলাকার জনসাধারণকে অনুরোধ করা হয় যে যাতে তারা রাত্রে মশারীর ব্যবস্থা করেন এবং শূকর বা গো-মহিষাদির সঙ্গে একই ঘরে বাস না করেন।

(৪) মশা যাতে না জন্মাতে পারে তার জন্য বিশেষ ব্যবস্থা নিতে জনসাধারণকে অনুরোধ করা হয়।

(৫) আক্রান্ত এলাকার কোন কোন স্থানে জাপানী এনকেফেলাইটিস ভ্যাকসিন দেওয়া হইয়া থাকে।

রাইপুর-রানীবাঁধ অঞ্চলে বৈদ্যুতীকরণের প্রকল্প

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৩।) **শ্রীউপেন কিস্কু:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাইপুর এবং রানীবাঁধ থানার কোন্ কোন্ মৌজা গ্রামীণ বৈদ্যুতিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে; এবং

(খ) তন্মধ্যে কোন্ কোন্ মৌজা (১) তফসিলী জাতি ও (২) আদিবাসী অধ্যুষিত?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) রাইপুর থানার ২৮টি মৌজা গ্রামীণ বৈদ্যুতিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে। মৌজাগুলির নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

বর্তমানে বাঁকুড়া জেলার রানীবাঁধ থানায় এইরূপ কোন গ্রামীণ বৈদ্যুতিক পরিকল্পনা নেই।

(খ) উপরোক্ত ২৮টি মৌজার মধ্যে চারটি মৌজা তফসিলী অধ্যুষিত এবং পাঁচটি মৌজা আদিবাসী অধ্যুষিত। এই মৌজাগুলির তালিকা নিম্নে (সংযোজনী "ক"-এ) দেওয়া হইল।

Statement referred to in reply of clause 'ka' of unstarred question No. 273
(Admitted question No. 1243)

List of Mouzas covered under the existing scheme in P.S. Raipur, district Bankura

Sl. No.	*Name of Villages*	*J. L No.*
1.	Tetulchita—Tribal concentrated	58
2.	Lakat—Tribal concentrated	161
3.	Sarigari	163
4.	Ledra	159
5.	Nayapara—Scheduled Caste concentrated	170
6.	Uparbandh (E)	171
7.	Simli	201
8	Ganguala	230
9	Fulberia—Tribal concentrated	278
10.	Dhanara	279
11.	Penchakila	298
12	Dubli—Scheduled Caste concentrated	299
13.	Kharkasuli—Tribal concentrated	300
14.	Katapas	339
15	Katalda	343
16.	Bharaboni—Scheduled Caste concentrated	344
17.	Taldiha	345
18.	Junboni	346
19.	Rusunia—Tribal concentrated	347
20.	Jokpur	348
21.	Gargaria	349
22	Indabinda—Scheduled Caste concentrated	354
23.	Purulia	355
24.	Janapara	356
25.	Chandpara	357
26.	Brahamandiha	358
27.	Belapal	368
28.	Majura	372

নদীয়া জেলায় ব্লকওয়ারী স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৬)। **শ্রীমাধবেন্দ্র মোহান্ত :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় কোন্ ব্লকে কয়টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে ; এবং

(খ) উক্ত জেলার কোন্ কোন্ স্বাস্থ্যকেন্দ্রে ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় :

(ক) ব্লকের নাম	প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা	উপ-স্বাস্থ্য-কেন্দ্রের সংখ্যা
রাণাঘাট (১)	১	৩
রাণাঘাট (২)	১	৪
চাকদহ	১	৪
হাঁসখালি	১	[illegible]
নাকাশিপাড়া	১	৪
নবদ্বীপ	১	২
হরিণঘাটা	১	৩
শান্তিপুর	১	[illegible]
কালিগঞ্জ	১	৫
কৃষ্ণগঞ্জ	১	[illegible]
করিমপুর	১	[illegible]
চাপরা	১	২
কৃষ্ণনগর (১)	১	২
কৃষ্ণনগর (২)	১	২
তেহট্ট (১)	১	২
তেহট্ট (১)	১	২

(খ) নিম্নলিখিত ৭টি উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই :

(১) ফকিরডাঙ্গা উপ-স্বাস্থ্যকেন্দ্র

(২) কুষ্টিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র

(৩) বাগবেড়িয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র

(৪) রামনগর উপ-স্বাস্থ্যকেন্দ্র

(৫) বাগচী জামশেরপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র

(৬) শ্রীনগর উপ-স্বাস্থ্যকেন্দ্র

(৭) নন্দনপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র

পালেকর কমিশনের সুপারিশ

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১১।) **ডাঃ মানস ভুঁইয়াঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সংবাদপত্র ও সংবাদপত্রকর্মীদের জন্য গঠিত পালেকর কমিশনের সুপারিশগুলি বসুমতী এবং গণশক্তি পত্রিকায় চালু হয়েছে কি?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ "বসুমতী" পত্রিকায় চালু হয়েছে। তবে, শ্রেণী-ভুক্তিকরণ এবং অন্যান্য ২-১টি বিষয়ে কিছু অভিযোগ আছে, যেগুলি তদন্ত করে দেখা হচ্ছে। "গণশক্তি" পত্রিকায় কোন বেতনভুক কর্মচারী নেই এবং পালেকর সুপারিশ কার্যকরী করার ব্যাপারে কোন বিরোধ নেই।

শবর, খেড়িয়া ও লোধা ছেলেমেয়েদের জন্য আশ্রম হস্টেল স্থাপন

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪১।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার শবর, খেড়িয়া ও লোধা ছেলেমেয়েদের জন্য কতগুলি আশ্রম হস্টেল স্থাপন করিয়াছেন;

(খ) সেগুলি কোথায় কোথায় অবস্থিত; এবং

(গ) ঐ আশ্রম হস্টেলের প্রত্যেকটিতে কতগুলি ছেলেমেয়ে বর্তমানে রহিয়াছে?

তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ষোলটি।

(খ) মেদিনীপুর জেলা:

(১) বিদিশা—৩টি

(১) বাদলপুর—২টি

(৩) ঢোলকাট (পুকুরিয়া)—১টি

(৪) চক সাহাপুর—১টি

(৫) নয়াগ্রাম—৩টি

(৬) চাঁদবিলা—২টি

বাঁকুড়া জেলা:

(১) রানীবাঁধ—১টি

(১) ঝিলিমিলি—১টি

(৩) চাত্রি—১টি

পুরুলিয়া জেলা :

(১) চিড়ুদি—১টি

(গ) বিদিশার একটিতে ও চিড়ুদিতে ৩০ জন করিয়া, ঢোলকোটে ২৫ জন ও বাকি সব কয়টি আশ্রম হস্টেলে ২০ জন করিয়া ছেলেমেয়ে থাকিবার ব্যবস্থা আছে।

বড়জোড়া থানা হেল্‌থ সেন্টার বা হাসপাতাল

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫১।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বড়জোড়া থানা হেল্‌থ সেন্টার বা হাসপাতালটিতে শয্যা-সংখ্যা কত ;

(খ) উক্ত হেল্‌থ সেন্টারে শয্যা-সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি, এবং

(গ) থাকলে, কবে নাগাদ বাড়ানো সম্ভব হবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) পঁচিশটি।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

হুগলী জেলার যুবকল্যাণ কেন্দ্রের সংখ্যা

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮০।) **শ্রীব্রজগোপাল নিয়োগী** : যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় মোট কতগুলি যুব কেন্দ্র আছে ; এবং

(খ) ১৯৮১-৮২ সালে ঐ সব যুব কেন্দ্রের কোন্‌টার জন্য কত টাকা ব্যয় করা হয়েছে ?

যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৭টি।

(খ) প্রতিটি যুবকেন্দ্রে মাহিনা ও ভাতা বাবদ খরচ এবং বিভিন্ন পরিকল্পনা

রূপায়ণের জন্য খরচ নিম্নে দেওয়া হইল :

যুব কেন্দ্র	মাহিনা ও ভাতা	বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের জন্য খরচ
	টাকা পয়সা	টাকা পয়সা
(১) চুঁচুড়া-মগরা ব্লক যুব কেন্দ্র	২৯,৬৪৮.১২	৭৯,৪৯০.০০
(২) জঙ্গীপাড়া — —	১৯,৮৭৬.২০	৪৮,৪২০.০০
(৩) গোঘাট — —	৩০,৯৮৮.২০	৫৭,৩৭১.০০
(৪) শ্রীরামপুর উত্তরপাড়া —	৩১,১০০.২০	৯৫,২৬৮.০০
(৫) চণ্ডীতলা-২ — —	৩০,৬৮০.২০	৬৩,৭৬৬.৫০
(৬) পাণ্ডুয়া — —	২৯,০১৭.২০	৬৫,৮৮০.০০
(৭) সিঙ্গুর — —	২৭,৯৬৫.১০	২,২৭,৬২৫.০০
(৮) আরামবাগ — —	৩৩,৩৯২.২০	৪২,৯৯৬.০০
(৯) পুরশুরা — —	২৬,৪৯৭.২০	৫৬,৯৬১.০০
(১০) তারকেশ্বর — —	২৫,১৪০.০৮	৫২,৫০১ ০০
(১১) হরিপাল — —	৩১,০২৬.২০	৫১,৯৮০.০০
(১২) বলাগড় — —	২৫,৩১২.০৮	২৫,৬৮০.০০
(১৩) চণ্ডীতলা-১ — —	২৮,২৭৩.২০	৪২,৩৭৫.০০
(১৪) খানাকুল-১ — —	২৭,৭৯৩.২০	৫৫,৯৪০.০০
(১৫) ধনিয়াখালী — —	২৬,২৪৮.০৮	৫০,৭৯০.০০
(১৬) পোলবাদাদপুর — —	২৭,১৮১.২০	৬৬,২৮৫.০০
(১৭) খানাকুল-২ — —	৩১,৮৩২.২০	৫২,৯৪০.০০
মোট টাকা :	৪,৯২,০৭০.৯৬	১১,৩৬,২৬৮ ৫০

হুগলী জেলায় শিল্পাঞ্চলে পরিবেশ দূষণ প্রতিরোধ প্রকল্প

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮২।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** পরিবেশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার শিল্পাঞ্চলে পরিবেশ দূষণ প্রতিরোধের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

পরিবেশ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) জল দূষণ ও বায়ু দূষণের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে :

জল দূষণ : হুগলী জেলার অন্তর্গত পৌরসভাগুলিকে দূষিত জল নদী বা জলাশয়ে ফেলিবার জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ হইতে অনুমতি লওয়ার জন্য বিজ্ঞপ্তি জারি করিয়া সচেতন করা হইয়াছে। গঙ্গার জলে দূষণের পরিমাণ নির্ধারণের জন্য গঙ্গার জল পর্ষদের পরীক্ষাগারে নিয়মিতভাবে পরীক্ষা করা হয়। বিভিন্ন শিল্পসংস্থাগুলি হইতে নির্গত দূষিত জল নদীবক্ষে ফেলার জন্য পর্ষদের নিকট হইতে অনুমতি লওয়া আবশ্যিক। এই সমস্ত শিল্পসংস্থা হইতে নির্গত জলের দূষণের মাত্রা পর্ষদের পরীক্ষাগারে পরীক্ষা করা হয়। দূষণের মাত্রা নির্ধারিত মান অতিক্রম করিলে শিল্পসংস্থাগুলিকে উপযুক্ত পরিশোধন ব্যবস্থা লওয়ার জন্য অনুরোধ-উপদেশ এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা লওয়া হইয়া থাকে।

বায়ু দূষণ : হুগলী জেলার বায়ু দূষণের মাত্রা ও উৎস সম্পর্কে ১৯৭৫—৮২ পর্যন্ত একটি সমীক্ষা করা হয়। ইহার ফলে বায়ু দূষণের মুখ্য উৎসগুলিকে চিহ্নিত করা এবং নির্গত বায়ুদূষণের পরিমাণ নির্ধারণ করা গিয়াছে। বায়ু দূষণকারী শিল্পগুলিকে নোটিস দেওয়া হইয়াছে এবং বায়ু দূষণ নিবারক যন্ত্রাদি আইনানুগভাবে লাগাইবার ব্যবস্থা লওয়া হইতেছে।

হুগলী জেলায় হোমিওপ্যাথি ডিসপেন্সারী স্থাপনের প্রকল্প

১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৩।) **শ্রীব্রজগোপাল নিয়োগী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার গ্রাম পঞ্চায়েত এলাকাগুলিতে হোমিওপ্যাথি ডিসপেন্সারী স্থাপনের কোন প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে উক্ত ডিসপেন্সারীর সংখ্যা কত হইবে (থানাওয়ারী) ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ও (খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

মেদিনীপুর জেলার সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৪।) **শ্রীউমাপতি চক্রবর্তী** : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি কেন্দ্রে ডাক্তার আছেন ; এবং

(গ) যে-সকল কেন্দ্রে ডাক্তার নেই সেই সকল কেন্দ্রগুলিতে ডাক্তার নিয়োগের কি ব্যবস্থা হইয়াছে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৩১টি।

(খ) ১১০টি।

(গ) ডাক্তার নিয়োগ করা হয়েছে। কিন্তু কোন ডাক্তারই কাজে যোগ দেন নি। আবার নিয়োগপত্র পাঠানো হয়েছে।

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে শয্যা-সংখ্যা বৃদ্ধি

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭০।) **শ্রীরবীন্দ্র ঘোষ :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে রোগীদের শয্যা-সংখ্যা বৃদ্ধি করার কোন প্রস্তাব আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ শয্যা-সংখ্যা বৃদ্ধি করা সম্ভব হইবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

বর্ধমান জেলায় বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৩।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায় :** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কতগুলি বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে ; এবং

(খ) উক্ত জেলায় গত পাঁচ বছরে কতজন বয়স্কের অক্ষরপরিচয় এবং ন্যূনতম শিক্ষালাভ হয়েছে ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ৯৮১টি।

(খ) এখনই সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়।

গৌরসুন্দর দ্বারকানাথ বিদ্যালয়

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৫।) **শ্রীশীষ মহম্মদ :** তফসিলী জাতি ও

আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার গৌরসুন্দর দ্বারকানাথ বিদ্যালয়ে তফসিলী জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীর সংখ্যা কত; এবং

(খ) ঐ তফসিলী ছাত্রছাত্রীদের মধ্যে কত সংখ্যক স্থানীয় ও কত সংখ্যক বহিরাগত?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) তফসিলী ২৭৭ ও আদিবাসী ১২।

(খ) বহিরাগত এবং স্থানীয় বলতে প্রশ্নকর্তা কি বোঝাতে চাইছেন বোঝা গেল না।

পানিহাটি সাধারণ হাসপাতালের শয্যা-সংখ্যা বৃদ্ধির প্রস্তাব

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৯।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পানিহাটি সাধারণ হাসপাতালের শয্যা-সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) ঐ হাসপাতালে গত এক বছরে দৈনিক গড়ে কতজন রোগী ভর্তি হন; এবং

(গ) ১৯৮২ সনে ঐ হাসপাতাল থেকে কতজন রোগীকে অন্য হাসপাতালে পাঠানো হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) গড়ে ৩০/৪০ জন রোগী।

(গ) ২৫৯ জন রোগীকে।

Freedom fighters and Swatantra Sainik Samman Pension Schemes

291. (Admitted question No. 1596.) **Dr. SISIR BOSE** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the number of freedom fighters so far brought under the Freedom Fighters Schemes of October, 1969, August, 1982 and Swatantra Sainik Samman Pension Scheme, 1980 ;

(b) how many of them have been recommended by the recommending board ;

(c) how many cases have been rejected ; and

(d) how many cases are still under disposal ?

Minister-in-charge of the Finance Department : (a) The freedom fighters nsion Scheme was introduced by Govt. of India with effect from 15th August 72. The scheme has been liberalised and renamed as Swatantra Sainik mman Pension Scheme by Govt. of India with effect from August, 1980.

The number of applications received—

Under 1972 Scheme about	...	...	30,000
Under 1980 Scheme about	...	...	65,000
			95,000

b) The number of cases so far recommended—

Under the 1972 Scheme ...	...	...	15,000
Under the 1980 Scheme ...	...	...	675
			15,675

c) The number of cases so far rejected—

Under the 1972 Scheme ...	...	...	10,000
Under the 1980 Scheme ...	...	...	2,549
			12,549

d) The number of cases still under disposal—

Under 1972 Scheme ...	...	...	5,000
Under 1980 Scheme ...	...	...	61,776
			66,776

১৯৮১-৮২ শিক্ষাবর্ষে আদিবাসী ছাত্রছাত্রীদের হস্টেল, বই এবং মেনটেনান্স গ্রান্ট

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫।) **শ্রীউপেন্দ্র কিস্কু :** তফসিলী জাতি ও দিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮১-৮২ ক্ষাবর্ষে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কতজন আদিবাসী ছাত্রছাত্রীকে হস্টেল, ই ও মেনটেনান্স গ্রান্ট দেওয়া হয়েছিল ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: প্রয়োজনীয় তথ্য সম্বলিত দুইখানা বিবরণী নিম্নে দেওয়া হইল:

Statement referred to in reply of unstarred question No. 292 (Admitted question No, 1625).

আদিবাসী উপকৃত ব্যক্তির সংখ্যা

জেলা মহকুমা	হস্টেল চার্জেস	মেন্টেনেন্স চার্জেস	বুক গ্রা
	১৯৮২-৮৩	১৯৮২-৮৩	১৯৮২-৮৩
১। বর্ধমান	৪,৫০,০০০	৩,৭৫,০০০	৮০,০০০
২। আসানসোল ...	৭০,০০০	৭০,০০০	৮,০০০
৩। বীরভূম	৬,০৫,০০০	২,৬০,০০০	৪৫,০০০
৪। বাঁকুড়া ...	৩৮,৩৫,০০০	১১,২৬,০০০	৩,০৫,০০০
৫। মেদিনীপুর ...	৩০,৯৭,০০০	৫,০০,০০০	৮৮,০০০
৬। ঝাড়গ্রাম ...	১৯,৯৫,০০০	৯,০০,০০০	১,৯৭,০০০
৭। হুগলী	২,৯০,০০০	২,৯৮,০০০	৪০,০০০
৮। হাওড়া ...	৬,০০০	১১,০০০	৩,০০০
৯। কলিকাতা ...	—	—	—
১০। ২৪ পরগনা ..	১,৬০,০০০	৩১,০০০	৯,০০০
১১। বারাসাত	৬,০০০	৮০,০০০	৯,৫০০
১২। বসিরহাট	১,০৬,০০০	২,৩৭,০০০	৩১,০০০
১৩। নদীয়া	১,০৫,০০০	১,০৪,০০০	১১,০০০
১৪। মুর্শিদাবাদ	৩,৪০,০০০	৭০,০০০	১৬,০০০
১৫। মালদহ	৩,৫০,০০০	১,০৫,০০০	৪০,০০০
১৬। পশ্চিমদিনাজপুর ...	১১,০৫,০০০	৬,১০,০০০	৯৯,৫০০
১৭। ইসলামপুর	৪,৪৫,৫০০	৬০,০০০	৩১,০০০
১৮। জলপাইগুড়ি ...	৩,১০,০০০	৩,০০,০০০	৫৭,৫০০
১৯। আলিপুরদুয়ার ...	৬,৩৫,০০০	২,৬৫,০০০	১,১৪,০০০
২০। দার্জিলিং	৩০,০০০	৩,৪০,০০০	৬৩,০০০
২১। কালিম্পং	২,০০,০০০	১,২৫,০০০	৫৬,০০০
২২। শিলিগুড়ি	২,৪২,০০০	১,৬০,০০০	৩৫,০০০
২৩। কুচবিহার ...	৪৫,০০০	২১,০০০	৬,০০০
২৪। পুরুলিয়া	৪৩,১১,৫০০	৮,৫০,০০০	২,৭২,০০০
মোট	১,৯৭,৩৯,০০০	৭০,০০,০০০	১৫,৯৭,০০০

আদিবাসী উপকৃত ব্যক্তির সংখ্যা

মহকুমা		হস্টেল চার্জেস	মেণ্টেনেন্স চার্জেস	বুক গ্রাণ্ট
		১৯৮১	১৯৮১	১৯৮১
বর্ধমান ...	...	৩৩৪	১,০০০	১,৫২০
আসানসোল	...	৩৩	৪১	১৬০
বীরভূম ...	...	৩৭২	৪৬৬	৮৫৩
বাঁকুড়া	...	৩,৫৫০	১,২৫০	৫,৬৪০
মেদিনীপুর	...	৩,১১১	১,০৪১	১,৫৬৬
ঝাড়গ্রাম	...	২,৬২৩	৩,৭১০	৩,৮৪০
হুগলী ...	...	১৫৪	৪৫৭	৭৪০
হাওড়া	...	২	১১	১০
কলিকাতা	...	৬	৪	১৮
২৪-পরগনা	...	১৬৩	১২১	১৭৬
বারাসাত ...	...	১	২০৮	১৮০
বসিরহাট ...	.	৬৯	৬১৫	৬৪০
নদীয়া ...	...	৩৯	৩৫৯	২১০
মুর্শিদাবাদ ...	..	২১১	২১৮	২৭৭
মালদহ ...	..	৩৭৬	৬০৯	৬৬৩
পশ্চিমদিনাজপুর	...	৭৬৬	১,৬৫৫	১,৯৩৭
ইসলামপুর ...	...	৩১৬	১০৮	৫১৭
জলপাইগুড়ি	...	৩২৭	৬৬১	১,১২০
আলিপুরদুয়ার	...	২২২	৮৩৩	১,১৮০
দার্জিলিং ...	...	১৩	২৯১	১,৩৬০
কালিম্পং ...	...	২২২	৫০০	৭১০
শিলিগুড়ি ...	...	১৮৩	৩৩৩	৬০০
কুচবিহার	...	৪৩	৬৩	১২০
পুরুলিয়া ...	...	৩,৭০০	২,০৮৩	৫,২২১
মোট	...	১৬,৯৪৭	১৬,৭৮৯	৩০,২৮৪

ন আর ই পি এবং ট্যাঙ্ক স্কীমে বাঁকুড়া জেলার পঞ্চায়েত সমিতিকে অনুদান

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫০।) **শ্রীসুভাষ গোস্বামী :** পঞ্চায়েত ও উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২ সালের ল মাস হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এন আর ই পি এবং ট্যাঙ্ক বাঁকুড়া জেলার পঞ্চায়েত সমিতিকে কত টাকা দেওয়া হইয়াছে (পৃথক পৃথক ব) ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ১৯৮২ সালের এপ্রিল মা হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত বাঁকুড়া জেলার পঞ্চায়েত সমিতি বরাদ্দকৃত অর্থের পরিমাণ এন আর ই পি-তে ১,৫২,০০,০০০ টাকা এবং ট্যাঙ্ক স্কী ৭২,২৬,৮৭৩ টাকা। এতৎসহ একটি বিবরণী নিম্নে পেশ করা হল ঃ

Statement referred to in reply of Unstarred Question No. 293
(Admitted question No. 1650)

১লা এপ্রিল ১৯৮২ থেকে ২৮শে ফেব্রুয়ারি ১৯৮৩ পর্যন্ত

ক্রমিক নং	পঞ্চায়েত সমিতি			প্রদত্ত অর্থের পরিমাণ	
				জাতীয় গ্রামীণ কর্ম-সংস্থান প্রকল্প (এন আর ই পি) (টাকায়)	ট্যাঙ্ক স্কী (টাকায়)
১।	বাঁকুড়া-১	...	..	৪,৮০,০০০	২,৩৭,[illegible]
২।	বাঁকুড়া-২	...	...	৫,৬০,০০০	৩,৫৫,৬[illegible]
৩।	ছাতনা	...	..	১০,৪০,০০০	৫,১৪,০[illegible]
৪।	সালতোরা	...	...	৬,৪০,০০০	৫,১৬,১[illegible]
৫।	মেজিয়া	...	...	৪,০০,০০০	৬,৩৩,৫[illegible]
৬।	বরজোড়া	...	...	৮,৮০,০০০	৫,৫৬,৫২[illegible]
৭।	গঙ্গাজলঘাটি	...	...	৮,০০,০০০	১,৬১,৯[illegible]
৮।	ওন্দা	...	...	১২,০০,০০০	৬,৫০,৫[illegible]
৯।	তালডাংরা	...	...	৭,২০,০০০	১,৮১,[illegible]
১০।	সিমলাপাল	...	...	৫,৬০,০০০	২,০০,৫৮১
১১।	রাইপুর-১	...	...	৬,৪০,০০০	১,৯৮,৭[illegible]
১২।	রাইপুর-২	...	...	৬,৪০,০০০	৯৫,১৯০
১৩।	রানীবাঁধ	...	...	৬,৪০,০০০	৩,১৫,৭১৫
১৪।	খাতরা-১	...	...	৫,৬০,০০০	১,৭৫,৬০[illegible]
১৫।	খাতরা-২	...	...	৪,০০,০০০	৩,৩৯,৬[illegible]
১৬।	বিষ্ণুপুর	...	...	৭,২০,০০০	৩৬,৬৯[illegible]
১৭।	ইন্দপুর	...	...	৫,৬০,০০০	২,৫৫,০৩[illegible]
১৮।	জয়পুর	...	...	৭,০০,০০০	৩,৬৩,৭৪
১৯।	কোতুলপুর	...	...	৬,৪০,০০০	৪,১৭,৮১৬
২০।	সোনামুখী	...	...	৮,০০,০০০	১,৬৩,৮১[illegible]
২১।	পাত্রসায়র	...	...	৮,০০,০০০	৭৯,২৫৮
২২।	ইন্দাস	...	...	৮,০০,০০০	২,৪৯,৯১২
		মোট	...	১,৫২,০০,০০০	৭২,২৬,৮৭৩

পশ্চিমবঙ্গে বিভিন্ন ভাষায় প্রকাশিত পত্রপত্রিকার সংখ্যা

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭১।) **শ্রীমাধবেন্দু মোহান্ত:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন ভাষায় প্রকাশিত দৈনিক, অর্ধসাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্রের সংখ্যা কত (পৃথক পৃথক হিসাব); এবং

(খ) উক্ত পত্রিকা ও সংবাদপত্রগুলির নাম কি?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) প্রকাশক প্রেরিত তথ্য অনুযায়ী—

(১) দৈনিক পত্রিকার সংখ্যা—৪৮

(ক) ইংরাজী—৬

(খ) বাংলা—২২

(গ) হিন্দী—৮

(ঘ) উর্দু—৯

(ঙ) গুরুমুখী—২

(চ) নেপালী—১

(২) সাপ্তাহিক—২৫১

(৩) পাক্ষিক—১১৩

(৪) মাসিক—১৪১

(৫) দ্বিমাসিক—৭

(৬) ত্রৈমাসিক—১০০

(৭) ষান্মাসিক—৭

(৮) বাৎসরিক—৯

(৯) অন্যান্য—৪

(খ) সংবাদপত্র এবং সাময়িক পত্রিকার নামের তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হল।

স্পেশাল কম্পোনেণ্ট স্কীম

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮০।) **শ্রীসুভাষ নস্কর:** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক কালে স্পেশাল কম্পোনেণ্ট স্কীমে তফসিলী জাতি, উপজাতিদের জন্য সমবায় সমিতি মারফত কিছু ঋণ এবং / বা অনুদান বণ্টন করা হয়েছে; এবং

(খ) সত্য হলে,—

(১) এই প্রকল্পের রূপরেখা কিরূপ,

(২) উক্ত সময়ে দক্ষিণ ২৪-পরগনা জেলার কতজন তফসিলী, জাতি, উপজাতি-ভুক্ত ব্যক্তির জন্য কত টাকা ঋণ / অনুদান মঞ্জুর করা হয়েছে,

(৩) তন্মধ্যে কত টাকা প্রকৃতপক্ষে বণ্টন করা হয়েছে,

(৪) এই টাকার কিছু অংশ উক্ত সমিতির তহবিলে রাখা আছে এই মর্মে কোন অভিযোগ সরকার পেয়েছেন কি, ও

(৫) পেয়ে থাকলে, সরকার ঐ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, এটা সত্য।

(খ) (১) প্রকল্প অনুযায়ী বর্গাদার এবং ভাগচাষীদের মধ্যে যাঁরা তফসিলী শ্রেণীভুক্ত এবং যাঁরা প্রান্তিক চাষী এবং যাঁদের বার্ষিক আয় অনধিক ৩,৫০০ টাকা, তাঁরা যদি ব্যাঙ্ক থেকে স্বল্পমেয়াদী চাষের ঋণ পান, তা হলে একর প্রতি ৫০০ টাকা (পাঁচশত টাকা) "স্কেল" ধ'রে শতকরা ৫০ ভাগ অর্থাৎ ২৫০ টাকা অনুদান পাবেন এবং শতকরা ২০ ভাগ অর্থাৎ ১০০ টাকা মার্জিন মানি পাবেন বিনা সুদে। বাকি শতকরা ৩০ ভাগ অর্থাৎ ১৫০ টাকা হবে ঋণ যেটা তাঁরা পাবেন শতকরা ৪ শতাংশ হার সুদে যদি সময়মত পরিশোধ করা হয়। পঞ্চায়েতের সুপারিশক্রমে এই অনুদান ও মার্জিন মানি সহ ঋণ বণ্টন করা হয়ে থাকে।

(২) বিগত খরিফ ও তৎপূর্ববর্তী রবি মরসুমে যথাক্রমে ১৩,০৪২ এবং ২,৭৫৫ জনকে প্রকল্প অনুযায়ী দক্ষিণ ২৪-পরগনায় ঋণ ও অনুদান মঞ্জুর করা হয়েছে। খরিফ মরসুমে অনুদান ও মার্জিন মানি বাবত দেওয়া হয়েছে টাঃ ৭১,০৬,৪২৩.৩০ এবং ঋণ দেওয়া হয়েছে টাঃ ৩০,৪৫,৬৫৭.৭০। রবি মরসুমে অনুদান ও মার্জিন মানি বাবদ দেওয়া হয়েছে ১৫,৭৪,১৬৭.০০০ ও ঋণ বাবদ টাঃ ৬,৭৪,৮৩৬,০০।

(৩) নিয়ম অনুযায়ী মঞ্জুরীকৃত ঋণ সমবায় সমিতিগুলি টাকার পরিমাণ অনুযায়ী "প্রনোট" দাখিল করে গ্রহণ করেছে। তদনুযায়ী খরিফ মরশুমে টাঃ ৩০,৪৫,৬৫৭·৭০ এবং রবি মরশুমে টাঃ ৬,৭৪,৮৩৬·০০ ঋণ গ্রহণ করেছে। মঞ্জুরীকৃত অনুদান ও মার্জিন মানির জন্য সমিতিগুলি প্রয়োজনীয় কাগজপত্র "সই" করে ব্যাঙ্কে দাখিল করে সমুদয় টাকা গ্রহণ করেছে।

(৪) একটি সমিতির (বেওতা এস কে ইউ এস) কিছু টাকা সমিতির নামে ব্যাঙ্কে জমা রাখা হয়েছে বলে সরকারের কাছে অভিযোগ ছিল। তা সমিতির তহবিলে ছিল বলে কোন অভিযোগ ঠিক নয়।

(৫) সমবায় বিভাগ উক্ত অভিযোগ তদন্তের ব্যবস্থা করে প্রাথমিকভাবে দেখেছেন যে, উক্ত সমিতির নামে বণ্টনযোগ্য টাকার একাংশ এলাকার কেন্দ্রীয়

ব্যাঙ্কে জমা রাখা হয়েছে। এ ব্যাপারে আরও বিশদ অনুসন্ধানের জন্য সমবায় দপ্তর পুনরায় প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করেছেন। আশা করা যায় শীঘ্রই এ ব্যাপারে বিশদ জানা যাবে।

বাঁকুড়া জেলায় এন ভি এফ ও হোমগার্ডের সংখ্যা

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৪) : **শ্রীকাশীনাথ মিশ্র : স্বরাষ্ট্র** (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাঁকুড়া জেলায় থানাওয়ারী এন ভি এফ ও হোমগার্ডের সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয়: বাঁকুড়া জেলায় হোমগার্ডের থানাওয়ারী হিসাব :

	থানার নাম	তালিকাভুক্তির সংখ্যা
১।	বাঁকুড়া	১৪৫
২।	ছাতনা	৭০
৩।	শালতোড়া	৩৭
৪।	মেজিয়া	২৯
৫।	গঙ্গাজলঘাটি	৪৬
৬।	বরজোড়া	১৮
৭।	সোনামুখী	৩৬
৮।	পাত্রসায়ের	২৫
৯।	ইন্দাস	৬৯
১০।	জয়পুর	৪৩
১১।	কোতুলপর	৪১
১২।	বিষ্ণুপুর	৮১
১৩।	ওন্দা	৭৪
১৪।	তালডাংরা	৫৩
১৫।	সিমলাপাল	১৮
১৬।	রাইপুর	৪২
১৭।	রানীবাঁধ	৪৭
১৮।	খাতরা	৫৫
১৯।	ইন্দপুর	৪৩
	মোট	৯৯৩

এন ভি এফ এই বিভাগের এক্তিয়ারভুক্ত নহে।

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৪।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক খোলার কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উক্ত ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা সম্ভব হইবে , এবং

(গ) উক্ত পরিকল্পনা বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আপাততঃ নেই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

এসপ্ল্যানেড-আকড়া ফটক রুটে বেসরকারী বাস

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৮।) **শ্রীনবকুমার রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বর্তমানে এসপ্ল্যানেড হইতে আকড়া ফটক পর্যন্ত রুটে কয়টি বেসরকারী বাস চলাচল করে ;

(খ) উক্ত রুটের সহিত নতুন কোনও বেসরকারী বাসরুট যোগ করার পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ;

(ঘ) উক্ত রুটে সরকারী এল-১৯ বাসটিকে ফটক পর্যন্ত চালাইবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঙ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে এই রুটে ৮৫টি বাসের পারমিট চালু আছে। এছাড়া, আরও ৩০টি পারমিটের মঞ্জুরীপত্র দেওয়া হয়েছে।

(খ) ও (ঘ) না।

(গ) ও (ঙ) উপরের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

পঞ্চায়েত বা ব্লক স্তরে সংস্কৃতি দপ্তরের শাখা

২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৪।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ব্লক স্তরে বা পঞ্চায়েত সমিতি স্তরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের কোন শাখা আছে কিনা;

(খ) থাকলে, উক্ত দপ্তরের কাজ কি ; এবং

(গ) বাঁকুড়া জেলায় কতগুলি ব্লকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের ঐরূপ শাখা আছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ব্লক স্তরে বা পঞ্চায়েত সমিতি স্তরে এই দপ্তরের কোন শাখা নেই। তবে বিভিন্ন জেলায় ব্লকস্তরে কাজ করার জন্য কতকগুলি ব্লকে ইতিমধ্যে ফিল্ড ওয়ার্কার নিযুক্ত হয়েছেন।

(খ) এই ফিল্ড ওয়ার্কাররা পঞ্চায়েত সমিতির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে এই বিভাগের বিভিন্ন কাজ করেন।

(গ) বাঁকুড়া জেলার চারটি ব্লকে এই দপ্তরের কর্মী, ফিল্ড ওয়ার্কার নিযুক্ত হয়েছেন। ব্লকগুলি হচ্ছে :

(১) খাতড়া

(২) গঙ্গাজলঘাটি সদর

(৩) সোনামুখী

(৪) রানীবাঁধ সদর।

চা-বাগিচাগুলিকে অর্থসাহায্য

৩০০। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৯।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ চা উন্নয়ন কর্পোরেশন কয়টি চা-বাগিচাকে আর্থিক সাহায্য দিয়াছে ;

(খ) কোন্ বাগিচাকে কত টাকা আর্থিক সাহায্য দিয়াছে ; এবং

(গ) আর কোন্ কোন্ বাগিচাকে শীঘ্র আর্থিক সাহায্য দেবে বলিয়া স্থির করিয়াছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) পশ্চিমবঙ্গ চা উন্নয়ন কর্পোরেশন ইজারা ভিত্তিতে তিনটি ও মালিকানা স্বত্বে চারটি চা-বাগান পরিচালনা করে। রাজ্য

সরকারের দেয় লোন ও ইকুয়িটি শেয়ার ক্যাপিটালের টাকা দ্বারা কর্পোরেশন বাগিচাগুলি পরিচালনা করে। কর্পোরেশন সরাসরি কোন চা-বাগিচাকে আর্থিক সাহায্য দেয় না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Adjournment Motion

Mr. Speaker : I have received two notices of adjournment motion today. The first is from Dr. Manas Bhunia which deals with alleged creation of terror by supporters of a major political party on the eve of Panchayat election.

The second is from Shri Kashinath Misra which deals with death and destruction caused by tornado at Gaighata P.S. in 24-Parganas.

The subject matter of the first motion relates to day to day administration. The member will get opportunity to raise the matter during discussion on the Demand for Grant of the concerned department.

Regarding the subject matter of the second motion it may be stated that the Minister of State Shri Ram Narayan Goswami gave a statement in the House on the matter yesterday.

I, therefore, withhold my consent to both the motions.

One member of the party, may however read out the text of the motion, as amended.

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং জরুরী, সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হলঃ আগামী ৩১শে মে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে কংগ্রেস (ই)-র সম্ভাব্য প্রার্থীদের পশ্চিমবঙ্গের প্রায় সমস্ত গ্রামেই ঘেরাও, দৈহিক নির্যাতন এবং জীবন নাশের হুমকি দেওয়া হয়েছে বামফ্রন্ট সরকারের বৃহৎ শরিক দলের পক্ষ থেকে। সরকার এই ব্যাপারে উদাসীন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received two notices of Calling Attention on the following subjects, namely :—

1. Alleged undue arrest of two journalists and a press photographer at Rajbhaban from Dr. Manas Bhunia.
2. Disastrous squall at Gaighata, 24 Parganas resulting in death of many lives from Shri Kashinath Misra and Shri Asok Ghosh.

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of alleged undue arrest of two journalists and a press photographer at Raj Bhavan.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 20th, April, 1983.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged smuggling of coal by mafia gangs in Asansol and Ranigunj coalbelt.

(Attention called by Shri Benoy Pal on the 31st March, 1983)

[1.30—1.40 P.M.]

Shri Jyoti Basu : Mr. Speaker Sir, in reply to the Calling Attention Notice tabled by Shri Bijoy Pal, MLA, alleging that several gangs of mafias in the Asansol-Raniganj coal-belt are raising coal illegally from the abandoned pits in that area by employing the local poor people at nominal wages without making any provision for their safety causing thereby a serious law and order problem and the safety of the people of the area, I rise to make the following statement :

It is not correct to say that several gangs of Mafia are operating in the abandoned pits in the Asansol-Rani gunj coal-belt by engaging poor labourers at very low wages without taking safety precautions. Illegal coal mining in the Asansol-Raniganj coal-belt has been checked to a great extent. There is now no organised illegal mining in any part of the coal-belt. Stray incidents, however, do occur where the indigent people of the loality clandestinely enter into the abandoned pits and extract coal at grave risk to themselves. It has been the endeavour of the local police authorities to make all-out efforts for checking illegal coal mining.

I would like to inform the Hon'ble Members that there are a few cases in which on the basis of orders issued by the Hon'ble High Court, Calcutta, private persons have been carrying on extraction of coal from such mines.

In the recent past, some persons have also obtained orders from the Court to the effect that they should be allowed to mine coal in the course of their normal operation of extraction of fire clay. Government is seriously contesting these cases before the High Court.

Every year a large number of trucks and other vehicles carrying coals mostly illegally raised or pilferred are seized under the Essential Commodities Act. A big hurdle in checking the illegal coal mining lies in the refusal of the

E.C.L. authorities to seal the abandoned pits and mines and closing tl mouths. As long as these pits are easily accessible to the local people, tl tendency grows to extract coal even at considerable risks. We hope that tl E.C.L authorities will co-operate with the Distridt authorities in sealing all tl abandoned pits and mines so that the temptation to extract illegally coals fro these areas may be kept under control.

Shri Bimalananda Mukherjee : Mr. Speaker Sir, it is a fact that 4 persor died due to consumption of illicit liquor. The names of the decease persons are—

(1) Sailen Das of Nabapalli, P.S. Barasat.

(2) Madan Paul of Madhumurati, P.S. Barasat.

(3) Kajal Ghose of Sukanta Palli, P.S. Barasatt.

(4) Ramkrishna Bhattacharjee of Madhumurati, P.S. Barasat.

The fact of the case is that on 28.3.83, i.e., on the day of Holi festival, th above 4 persons along with 8 others started taking liquor in the house o Ramkrishna Bhattacharjee, one of the deceased. As they all fell ill, the were removed to Barasat Sub-divisional Hospital. Subsequently, 7 of ther were shifted to N.R.S. Medical College Hospital, 4 to Medical Colleg Hospital and 1 to R.G. Kar Medical College Hospital. Of these 12 persons 8 persons are still under treatment.

On the complaint of Sadhan Kumar Ghosh of Sukanta Palli, P.S. Barasat brother of the deceased Kajal Ghose, Barasat P.S. Case No. 8 dated 29.3.83 under Sec. 302/307/34 I.P.C. has been started. In course o investigation, the police raided the houses of Ramkrishna Bhattacharjee of Madhumurati, Sanjoy Sarkar, alias Benu of Aurobinda palli and Pranat Chakaraborty alias Mama alias Sankar of Kalikapur and seized one sealed pint containing 375 M.L. and an open point containing 100 M.L. o Aristrocrat Whisky from the house of the deceased Ramkrishna Bhattacharjee and 6 pints each containing 375 M.L. of Aristrocrat Whiskv from the hous of Sanjoy Sarkar,

The police arrested the following persons on 29.3.83, namely, (1) Sanjoy Sarkar of Aurobinda Pally, (2) Constable Hiralal Chakraborty of Entally P S. (3) Kalyan Saha of 15, Sashi Sur Lane, Jorabagan. Calcutra, (4) Pranab Chakraborty of Kalikapur, Barasat. They are in police custody and were produced before the court on 11.4.83. Constable Hiralal Chakraborty was placed under suspension on 30.3.83.

Enquiry reveals that Constable Hiralal Chakraborty purchased 18 pints of Aristocrat Whisky each containing 375 M.L. from one Sankar of Belghoria. Out of these 18 pints he sold 12 pints to one Subrata Chakraborty, 3 pints to one Debu Bhattacharjee, 1 pint to one Mantu Bhowmic and 2 pints to one Tulsi Chakraborty, all of Kalikapur, P.S. Barasat.

Steps are being taken to find out the source of supply of illicit liquor and the report of chemical analysis is being awaited.

Shri Jyoti Basu : Mr. Speaker Sir, in reply to the Calling Attention Notice tabled by the Hon'ble Member, Dr. Manas Bhunia, M.L.A., regarding alleged murder of two boys of Barrackpore and mysterious exposure of the case after fifteen days' gap when the Police authorities knew everything prior to that, I rise to make the following statement.

2. The sudden and mysterious disappearance of two young boys from the Barrackpore area, the subsequent discovery of their dead bodies on the Railway track near Pandua Station and the disposal of the two unidentified dead bodies have caused great concern to the Government. In order that the full details of the tragedy may be unearthed, a thorough investigation by the CID has been ordered into the matter. We have received reports from the DIG, CID covering some aspects of the tragedy. The preliminary reports and the findings so far in the investigation of the case, tend to indicate that the death of the two young boys is suicidal in nature. Further probe into the matter is, however, contaimuing. The report of the Chemical Examiner to whom the viscera of the deceased boys has been sent, is also awaited.

3. The facts surrounding the unfortunate incidents are that in the afternoon of 21.3.83, Shri Tirthankar Das Sharma, Shri Sanjib Chatterjee and Shri Pintu Vaishya all more or less of 15 years of age and residing in Port Blair Lane, Barrackpore, P.S. Titagarh, had been to the house of Shri Kenny Roy, their common friend, on bi-cycles. All students of Class-X of different schools, these boys have been known to be close friends. They spent sometime together in the house of Shri Kenny Roy. At about 5.30 P.M., Tirthankar, Sanjib and Pintu left the house of Kenny and proceeded towards their own residences. Tirthankar and Sanjib were riding on one bi-cycle belonging to Sanjib while Pintu was on another bi-cycle. Tirthankar and Sanjib went to the latter's house, left the bi-cycle on the verandah and went off in a hurry. Sanjib's aunt had called them from behind and wanted to know where they were going. Tirthankar and Sanjib did not wait to give any reply. They were last seen at about 6 30 P.M. on 21.3.83 near Chiriamore, watching a procession of the Santan Dal. Since then they have been missing. The report about the missing of the two young boys was duly lodged with the Titagath P.S. on 22.3.83, which had transmitted the message to the neighbouring Police Stations as also to the Howrah and Sealdh Railway Police and the C.I.D., West Bengal. The parents of the two missing boys had met DIG, CID ; also, who had ordered one Inspector to undertake a thorough investigation into the matter.

4. On 5.4.83 at about 19.00 hours ; the O. C. Titagarh Police Station received an information that a Post Master commuting daily between Pandua

and Barrackpore had intimated to the relatives of both the missing boys that unknown dead bodies of two young boys of the same age were found on the Railway track near Pandua Railway Station. On 6.4.83, early morning O. C. Titagarh P. S. went to Bandel GRPS and came to know about the discovery of the two dead-bodies by the Bandel GRPS. On seeing the photographs and the wearing apparels, the relatives identified the dead-bodies as being of Tirthankar and Sanjib.

5. A team of CID officials undertook a thorough investigation into the incident. According to the report received so far the dead-bodies of Sanjib and Tirthankar were first found on the Railway track near Pandua Station at 05.08 hours on 22.3.83 by a Driver of an Inspection car proceeding towards Simlagarh from Pandua. The wondead-bodies were on the UP Main line near Goomty No. 16/C, at a distance of about 1/2 kilometre from the Pandua Railway Station. Investigation further indicates that some local people had seen two young boys sitting side-by-side on the 21st evening near the Railway track close to the Goomty where the dead-bodies were subsequently found. One of the boys was seen to be smoking. From local evidence, it seems that the death of the two boys took place close to the midnight of the 21st/22nd March.

6. The dead-bodies were found on the Railway track parallel to each other. The head of Sanjib was severed from the body and was lying in between the two rails. The head of Tirthankar was crushed. Both had their wearing chappals on. Their clothes did not show any mark of tearing or violence. There was no mark of any other injury on any other part of their bodies. There was a pool of blood at the place. The spot is not accessible by vehicles from any direction.

7. From the records, it appears that at 07.03 hours on 22.3.83, a message had been received at the Bandel GRPS from the Station Master Pandua Railway Station to the effect that two male dead bodies were lying on the Railway track. Bandel GRPS took up the investigation and sent the two dead bodies to Chinsurah Morgue for autopsy. The Autopsy Surgeon opined that "the injuries were caused by run over by a heavy vehicle as train and the deaths were instanteneous due to the effect of the injuries, anti-mortem and might be suicidal in nature". I may add in this connection that investigation has further revealed that Tirthankar had told some of his class friends on 21. 3. 83 that he would not attend school on 22.3.83. The two dead bodies were subsequently disposed off as unclaimed.

8. What has been most shocking in the entire unfortunate episode is the failure to relay messages of discovery of the dead bodies to all concerned on time because of which identification got delayed and the grief-stricken parents could not have a last look. The fathers of the deceased boys have also met me. Government has taken a serious view of the fact that despite lodging the information of the missing with the Titagarh Police Station, which has in

turn communicated the fact to all concerned, the discovery of the two dead bodies at Pandua Railway Station conforming to the description given by Titagarh P. S., could not de relayed on time either to the Criminal Investigation Department or to the Titagarh P. S. The Inspector General of Police was asked to look into this matter immediately to ascertain if there was any dereliction of duty on the part of any police official as also to examine the efficacy of the present system of exchange of information on missing persons between the local police units and the CID. Gross defects in investigation of the case by the Bandel GRPS have come to notice. The directions of the PRB apparently were not followed in dealing with the case of unnatural death. Departmental proceedings are being drawn up against the defaulting officers of the Bandel GRPS and appropriate action will be taken. Steps are also being taken to tone up the system of communication of inform ition between the local Police units and the C. I. D. in cases of unnatural death and tracing of missing persons.

[1.40—1.50 P. M.]

(উল্লেখ)

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গতকাল কলকাতার মহাজাতি সদনে কলকাতার বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক, সাহিত্যিক, আইনজীবী, সাংবাদিক তথা সর্বস্তরের নাগরিকদের নিয়ে একটি মহতী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সেই সম্মেলনের উদ্দেশ্য ছিল, সম্প্রতি বাস-ট্রামের ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনকারীদের উপর দমন-পীড়নের তদন্ত দাবী করা। সেই সম্মেলন থেকে প্রস্তাব নেওয়া হয়েছে এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ দাবী করা হয়েছে। তাঁদের দাবীগুলি হচ্ছে, নির্বিচারে পুলিশ এবং ঠ্যাঙাড়ে বাহিনী আন্দোলনকারীদের উপর যে লাঠি চালিয়েছে, টিয়ার গ্যাস চালিয়েছে, গুলি চালিয়েছে সে বিষয়ে তদন্ত করতে হবে। ঔপনিবেশিক অত্যাচারকেও ছাড়িয়ে গিয়ে পুলিশ যেভাবে আন্দোলনকারীদের গ্রেপ্তারের পর প্রিজন্ ভ্যানে এবং লক্-আপে নিপীড়ন করেছে, অত্যাচার করেছে, আক্রমণ করেছে, তার তদন্ত করতে হবে। এটা শুধু গণতন্ত্র বিরোধীই নয়, এটা দেশের প্রচলিত আইনের চোখেও অবৈধ। তারপরে আন্দোলনকারী জনতাকে ছত্রভঙ্গ করার জন্যই নয়, তাঁদের গুলি করে হত্যা করার জন্যই গুলি চালান হয়েছিল, এ বিষয়েও তদন্ত করতে

হবে এবং এই হত্যাকাণ্ড বা গুলি চালানোর সঙ্গে যারা যুক্ত ছিল তাদের খুঁজে বের করে, বিচার করে উপযুক্ত শাস্তি দিতে হবে। এই দাবীগুলির ভিত্তিতে একটা উচ্চ ক্ষমতাসম্পন্ন বে-সরকারী তদন্ত কমিশন গঠন করতে হবে। সেই সঙ্গে এটাও দাবী করা হয়েছে যে, বাস-ট্রাম, ট্রেনের ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলনের পরিপ্রেক্ষিতে যাঁদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের উইদাউট এনি ডিসক্রিমিনেশন মুক্তি দিতে হবে। তাঁদের বিরুদ্ধ থেকে মিথ্যা মামলা প্রত্যাহার করে তাঁদের নিঃশর্ত মুক্তি দিতে হবে। সেই সম্মেলনে এই সমস্ত দাবীগুলি সরকারের কাছে করা হয়েছে। স্যার, আপনি জানেন পাঞ্জাবে একটা প্যারোকিয়াল মুভমেন্ট হয়েছিল, সেখানে সেই মুভমেন্টের ওপর পুলিশের আক্রমণ ও গুলি চালনার এনকোয়ারী হচ্ছে, সেখানে সেই দাবী মানা হয়েছে। অথচ এখানে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের ওপর পুলিশের আক্রমণ, ঠ্যাঙাড়েদের আক্রমণ হলো, পুলিশ গুলি চালালো, মানুষ মারা গেল। তথাপি সরকার এ বিষয়ে তদন্ত করছেন না। এটা লজ্জার কথা। যে দাবীগুলির কথা আমি বললাম, ঐ দাবীগুলি আমরা আমাদের দলের পক্ষ থেকেই শুধু করছি না, ঐ দাবীগুলি পশ্চিমবাংলার বিশিষ্ট নাগরিকরা করছেন। আমি তাঁদের দাবীর প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কয়েকটি কথা বলতে চাই। গতকাল রাজভবনে যে কয়েকজন কংগ্রেসী বিক্ষোভ দেখিয়েছিল তার মধ্যে সেখানে একজন সাংবাদিক একজন ফটোগ্রাফারকে নিয়ে ছবি তুলেছেন। এই সাংবাদিকের নাম দেবাশিস ভট্টাচার্য। সেই প্রসঙ্গে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে যে, রাজভবনের মধ্যে কংগ্রেস কিছু গণ্ডগোল করছিল এবং তার মধ্যে সাংবাদিক ফটোগ্রাফার নিয়ে ফটো তুলেছিলেন। পুলিশ স্বাভাবিকভাবেই বিক্ষোভকারী মনে করে এ্যারেষ্ট করেন এবং ইনটারোগেট করেন। ইনটারোগেশনের সময় তিনি সাংবাদিক হিসাবে পরিচয় দেন, কিন্তু তিনি আইডেনটিটি কার্ড দেখান নি। এর মধ্যে একজন সাংবাদিক ছিলেন, তাঁর নাম হচ্ছে দেবাশিস ভট্টাচার্য। আপনি জানেন স্যার, কয়েকদিন আগে রাইটার্স বিল্ডিংস-এ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন যাচ্ছিলেন তখন তাঁর সামনে কংগ্রেসী নামধারী কিছু মস্তান পথ অবরোধ করে। ঠিক সেই মুহূর্তে যে সাংবাদিক ছিলেন তিনি হচ্ছেন এই দেবাশিস ভট্টাচার্য। আমি এই প্রসঙ্গে বলতে চাই, দুটি ঘটনার মধ্যে একটা কাকতালীয় ব্যাপার লক্ষ্য করা যাচ্ছে যে, এই সাংবাদিক দুটি ঘটনায় উপস্থিত।

নিরপেক্ষ সাংবাদিকতার আদর্শ থেকে বিচ্যুতি ঘটেছে এবং আমি মনে করি সাংবাদিকদের নিরপেক্ষতা বজায় রাখা উচিৎ। কিন্তু ইনি ঐ দলের হয়ে এজেন্ট হিসাবে কাজ করেছেন। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I am drawing the attention of the Minister-in Charge of the Police Deptt. and the Chief Minister regarding the anti-social activities of the miscreants. For the last few days a leader of the 'goondas', as stated, has created panic in near 9, Alimuddin Street which is near to CPM Head Office. The noted 'goonda' Sk. Ladu who was arrested a few days back attacked the local people with dreadly weapons and hurled bombs there at 12 45 p.m. on the last night after his release on bail on the 8th April, 1983. Park Street Thana is made invalid by the local CPM Leader. This convicted person is supported by the local CPM Leader. Last night Dr. Md. Amin, a noted physician who resides very near is fully aware of the incident.

I request the Hon'ble Minister in Charge of the Police Department to issue necessary instructions to the authorities concerned for immediate investigation so that the culprit can be punished and vandalism is stopped and the common man may live there peacefully, otherwise the situation will be deteriorated.

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য নবীন মণ্ডল মহাশয় যে ঘটনার কথা উল্লেখ করলেন আমি সেই প্রসঙ্গে বলতে চাই। উনি এখানে ঘটনাটিকে বিকৃত রূপে উপস্থাপনা করলেন। কারণ আমি মনে করি যে-কোন রাজনৈতিক দল তাদের রাজনৈতিক প্রোগ্রামের মাধ্যমে যদি কোন কাজ করেন বা প্রোগ্রাম রাখেন, পুলিশ আইনানুগ পদ্ধতিতে এ্যাকশান নেবে। এটা সত্য কথা, এটা আমরা মেনে নিচ্ছি। কিন্তু গভীর দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম বিধানসভার কক্ষে আপনারা গণতন্ত্রের কথা বলেন, গণ-আন্দোলনের কথা বলেন, গণতান্ত্রিক মাধ্যমের কথা বলেন, কিন্তু রাজ ভবনের মধ্যে ২ জন সাংবাদিক ও ১ জন চিত্র সাংবাদিককে যেভাবে এই সরকারের পুলিশ এ্যারেষ্ট করলেন সেটা অত্যন্ত দুঃখের ব্যাপার। তাঁরা পুলিশকে ঐ স্পটে আইডেনটিটি কার্ড বার করে দেখিয়েছেন এবং বলেছেন যে, আমরা সাংবাদিক এবং চিত্র সাংবাদিক। তা সত্ত্বেও তাঁদেরকে ছাড়া হলো না। পুলিশ কাষ্টোডিতে নিয়ে যাওয়া হলো। কলকাতার বুকে ২ জন সাংবাদিককে এবং ১ জন চিত্র সাংবাদিককে ৭ ঘণ্টা ধরে হাজতে আটকে রেখে

তারপর ছাড়া হয়েছে। সুতরাং রবীনবাবুর বলতে লজ্জা বোধ করলো না? একজন সাংবাদিককে রাজনৈতিক দলের নামে আখ্যা দিয়ে, বিশেষ দলের লোক বলে তাকে অভিহিত করার চেষ্টা করছেন? এটা গণতন্ত্রের পরিচয়? আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করছি, যে ধরনের ঘটনা ঘটেছে সেটা আর হওয়া উচিৎ নয়।

[1.50—2.00 P.M.]

শ্রীমতী অঞ্জু কর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে কালনায় এফ. সি. আই-এর গুদামে নানারকম দুর্নীতিমূলক কাজকর্ম হচ্ছে। প্রথম হচ্ছে ই. জি ডবলিউ পি. এবং এন. আর. ই. পি. এইসব স্কীমের কাজের জন্য, কাজের মজুরী হিসাবে শ্রমিকদের ধুলো, বালি মেশান গম দেওয়া হচ্ছে। দ্বিতীয় হচ্ছে গুদামে স্টক লেজারের কোন সঠিক হিসাব পাওয়া যাচ্ছে না। মজুত মালের একটা বিরাট গরমিল সৃষ্টি হয়েছে। বিভিন্ন দিনে যেমন ১৬. ৯. ৮২, ১৭. ৯. ৮২ এবং ২৩. ১১. ৮২ তারিখের বস্তাগুলি খালি করার জন্য কোনরকম পারমিশন ছিল না এবং এইসব তারিখে শ্রমিকদেরও কোন কাজে লাগান হয় নি। অথচ কাজ হয়েছে বলে দেখান হয়েছে। রাজ্য সরকার যাতে মানুষের খাদ্য নিয়ে এই যে ছিনিমিনি খেলা হচ্ছে তার জন্য শাস্তির ব্যবস্থা করেন এবং এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের সম্বন্ধে এই হাউসে জানাচ্ছি। আমি এর আগেও বিষয়টি উল্লেখ করেছিলাম, গোখেল মেমোরিয়াল কলেজের কথা এবং সেই গোখেল মেমোরিয়াল কলেজ পরিচালন ব্যবস্থায় যে ত্রুটি-বিচ্যুতিগুলি আছে সে কথাও বলেছিলাম। শিক্ষা বিভাগের সচিব মহোদয়কে শিক্ষা বিষয়ক আলোচনার দিন আমি বলেছিলাম এবং শিক্ষামন্ত্রী মহাশয় জানেন। তিনি একজন লোককে সেখানে অডিট করতে পাঠিয়েছেন, কিন্তু কোন কাগজপত্র তাঁকে দেওয়া হয় নি এবং দু' নম্বর খাতা যেটা পরিচালন কমিটি মেনটেন করেন সেটা প্রেসিডেন্টের নাম দিয়ে তাঁকে দেখান হয় নি। বলা হয়েছে যে প্রেসিডেন্ট না বললে দেওয়া হবে না। তার পরের দিন

কান অশরীরী হাত কাজ করেছেন জানিনা, তিনি আর সেখানে গেলেন না। সেখানকার প্রেসিডেন্ট আমাদের পশ্চিমবঙ্গের একজন স্বনামধন্য পুরুষ শ্রীশংকর প্রসাদ মিত্র, যিনি পশ্চিমবঙ্গের শিক্ষাকে রক্ষা করার জন্য আজীবন সংগ্রাম করেছেন, কাছা খুলে জেলে গিয়েছেন, তাঁর ব্যবস্থাতে সেখানে শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে চুরমার হচ্ছে। কিরণ চৌধুরী মহাশয় যিনি প্রিন্সিপ্যাল এ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট তাঁকেও এই নিয়ে দু'দিন বলেছি। ওখানে এমন অব্যবস্থা চলছে যে, ওখানে কেউ মাইনে পাচ্ছে না। এই ব্যাপারে সরকারী হস্তক্ষেপের জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

শ্রীআবদুর রউফ আনসারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় বিড়ি শ্রমিকদের মজুরী হচ্ছে ১৬ টাকা ৭২ পয়সা।

মিঃ স্পীকার : Mr. Ansari, you sought my permission to mention in regard to anti-social activities. But you are mentioning about Bidi Majdoor affairs. I won't allow this.

Now Shri Kamakhya Charan Ghosh.

শ্রীকামাখ্যা চরণ ঘোষ : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামে জনস্বাস্থ্য বিভাগে বামফ্রন্ট সরকার স্বেচ্ছাসেবক নিয়োগ করায় অসহায় গরীব মানুষদের চিকিৎসার একটু সুরাহা হয়েছে। প্রাথমিক স্তরে তাঁদের বেতন অনেক কম। সি. এইচ. ভি. প্রতি একহাজার জনসংখ্যায় একজন করে নিয়োগ করেন। তাঁদের বেতন মাত্র ৫০ টাকা। এই ভাতায় তাঁদের সংসার চলে না। তাই তাঁরা তাঁদের ভাতা বাড়াবার জন্য দাবী করেছেন। তাঁরা ওষুধও পান না এবং তাঁরা যে কাজ করছেন তার জন্য তাঁদের কোন সার্টিফিকেট দেওয়া হয় নি। তাই তাঁদের ভাতা যাতে বাড়ান হয়, নিয়মিত যাতে ওষুধের সরবরাহ হয় ৩ মাসের মধ্যে এবং তাঁদের সার্টিফিকেট দেওয়ার জন্য এবং এইসব বিষয়ে লক্ষ্য দেবার জন্য আমি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরাজকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিষয়টি হচ্ছে

হাওড়ার শালিমারে যে-সমস্ত সিমেন্টের এজেন্ট আছে তারা একযোগে রেজিগনেশান দেওয়ায় সেখানে এক অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। এটা আমি লেভি সিমেন্টের ব্যাপারে বলছি। সেখানে যে-সমস্ত সিমেন্টের রেক্ আসছে, সেগুলো খোলা হচ্ছে না। ফলে ডিলার, যারা ডি. ও পেয়েছে, টাকা-পয়সা জমা দিয়েছে, তারা সিমেন্ট পাচ্ছে না। তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। একবার ফ্রি স্কুল স্ট্রীট, একবার হাওড়ার কাছে, ডিষ্ট্রীক্ট কন্ট্রোলারের কাছে তারা দরবার করছে, কিন্তু কোন প্রতিকার হচ্ছে না। আবার ডিলাররা সিমেন্ট না পাবার জন্য পারমিট হোলডাররাও সিমেন্ট পাচ্ছেন না। ফলে ১০/২০ বস্তা সিমেন্ট হলেই যেখানে তাঁদের বাড়ী শেষ হতে পারতো, তা হতে পারছে না। এই অবস্থায় সাধারণ মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠছে। আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এই অবস্থার দ্রুত অবসান যাতে হয় এবং পারমিট হোলডাররা যাতে সিমেন্ট পান তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য বিষয়টা মন্ত্রিসভার গোচরেই আছে এবং তাঁরা প্রয়োজনীয় ব্যবস্থাও নিয়েছেন। তবুও বলছি যে, গত পরশুর সেই বিধ্বংসী ঘূর্ণি ঝড়ে ২৪ পরগনার গাইঘাটাসহ ২০টি গ্রামের মানুষ আজ বিপর্যয়ের সম্মুখীন। তাঁরা আজকে সমস্ত দিক দিয়েই বিপর্যস্ত। অবিলম্বে জরুরী ভিত্তিতে তাঁদের অর্থনৈতিক সাহায্য দিতে পারলে এই অবস্থায় তাঁদের কিছুটা উপকার হবে। আজকে এটা একটা ভীষণ সমস্যা। জরুরী ভিত্তিতে অর্থনৈতিক সাহায্য তাঁদের দেবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি।

শ্রীবারীন্দ্রনাথ কোলে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়েয় প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হোল, গত ১২.৪.৮৩ তারিখে বিকাল পাঁচটার সময় হাওড়া জেলার আমতা-১ এবং ২ নম্বর ব্লকের উপর দিয়ে প্রচণ্ড ঝড় বয়ে যায় এবং সঙ্গে প্রচণ্ড শীলাবৃষ্টি হয়। শিলাগুলোর ওজন ২/৩ শত গ্রাম, কোথাও কোথাও ৫ কেজি পর্যন্ত শিল পড়েছে। এর ফলে ৫০/৬০টি গ্রামের টালির ঘর নষ্ট হয়ে গেছে, এর মধ্যে অনেক ঘর সম্পুর্ণভাবে বিধ্বস্ত হয়েছে, পান বরোজ এবং অন্যান্য ফসলও নষ্ট হয়ে গেছে। ঐ তাণ্ডবে একটি ১৪/১৫ বছরের ছেলে সঙ্গে সঙ্গে মারা গেছে।

এখানে আজ অনেক লোকই গৃহহারা। সেইজন্য তাঁদের ত্রিপল এবং অর্থনৈতিক সাহায্য অবিলম্বে দেবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীকে অনুরোধ করছি।

[2.00—2.10 P.M.]

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী হাউসে উপস্থিত আছেন। আমি একটা ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বি. এ., বি. এস.-সি. পার্ট ওয়ান পরীক্ষা সামনে। শুনতে পাচ্ছি ক্যাজুয়াল ছাত্র-ছাত্রীরা ফর্ম পাচ্ছে না এবং রেগুলার ছাত্র-ছাত্রীদের ফর্ম পেতে অসুবিধা হচ্ছে। সেই ব্যাপারে কি ঘটনা ঘটেছে সেটা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে তিনি যেন যোগাযোগ করেন। কোন ব্যাপারে কি অসুবিধা আছে সেই ব্যাপারে তিনি যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীসতীশচন্দ্র বিশ্বাসঃ মাননীয় স্পীকার স্যার, আমার উল্লেখের প্রথম অংশ হচ্ছে আমরা এম. এল. এ.-রা যে-সমস্ত উল্লেখ করি সেই ব্যাপারে বিভাগীয় কর্তৃপক্ষ কি ব্যবস্থা নেন সেই সম্পর্কে আমরা কিছু জানতে পারি না। এটা যাতে জানতে পারি তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

আর একটা হচ্ছে শিয়ালদা হতে রাণাঘাট পর্যন্ত একটা রেলের সেকশান আছে। এটা হলো আমাদের যাতায়াতের একমাত্র পথ। সেই একমাত্র যাতায়াতের রাস্তা কেন্দ্রীয় সরকারের দয়ায় শেষ হতে চলেছে। এই সম্পর্কে বহুবার জানানো হয়েছে। কিন্তু রেল কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। শেষ পর্যন্ত রেলের ভরসা সকলেই ছেড়ে দিয়েছে। এখানে রাস্তার খুব অভাব। এখানে কোন ভাল রাস্তা নেই। এখানে রাণাঘাট থেকে আরংঘাটা পর্যন্ত একটা রাস্তা হচ্ছে। এটার কাজ এখনও পর্যন্ত সম্পূর্ণ হয় নি। আমার বিনীত নিবেদন এই যে, এই রাস্তাটি রাণাঘাট থেকে বগুড়া পর্যন্ত সম্প্রসারণ করা হোক। এখানে অনেক জনগণের স্বার্থ জড়িত আছে।

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবাংলায় এমন একটা পরিস্থিতি এসেছে যার ফলে সরকারের প্রায় ২৮ কোটি টাকা বাৎসরিক আয় কমে যাবে। ওনাদের

তো কোন চিন্তা নেই এবং দুঃখও নেই। কারণ ওঁদের টাকা না থাকলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাইবে, ওভার ড্রাফ্‌ট নেবে। আমি যে কথা বলতে চাই সেটা হলো পশ্চিমবাংলার বুকে সিনেমা শিল্পে সিনেমার মালিকরা লক-আউটের ডাক দিয়েছে। স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। পে-স্কেল সম্বন্ধে লেবার কমিশনার একটা ডাইরেকটিভ দিয়েছেন। তাতে একটা সাজেশান সিনেমা মালিকদের কাছে দিয়েছে সেটা ইল্‌লিগাল এ্যাণ্ড ইরেগুলার সারকুলার। সেটা বাইপারটাইট বা ট্রাইপারটাইট কোন এগ্রিমেণ্ট উইথ ওনার্স এবং গভর্নমেণ্টের সঙ্গে না হয়ে লেবার ইউনিয়ন সি পি এম-র কিছু নেতার কথা মতো একটা পে-স্কেল সৃষ্টি করে দিলেন। সেটা উপযুক্ত বডিতে আলোচনা হলো না। এই পে-ফিকসেশন নিয়ে একটা গণ্ডগোল স্টার্ট হয়। আজকে মালিকপক্ষ অত্যন্ত বিনয়ের সঙ্গে বলেছেন এবং কর্মচারীবন্ধুরা বলেছেন যে, যদি উপযুক্ত পে-স্কেল করে এবং আমাদের মধ্যে যদি সমন্বয় সাধন ঘটাতে পারে তাহলে আমরা সিনেমা শিল্পকে বাঁচিয়ে রাখবো। এর তরফ থেকে সরকারের যে আয় হয় সেটা বিঘ্নিত হবে না। আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাই সেটা হলো, আজকে পশ্চিমবাংলার বুকে সিনেমা শিল্পে কিছু কিছু জায়গায় বৈষম্য দেখা দিয়েছে। আপনি জানেন স্যার, যখন এই ফিল্ম ফেস্টিভ্যাল স্টার্ট হয় সেই সময় হলটা খোলার আগে কিছু ইনসেনটিভ দেওয়া হয়। কতটা বৈষম্য মূলক আচরণ করা হয়েছে সেটা আপনাকে দেখাবার চেষ্টা করছি। সেখানে যে ইনসেনটিভ দেওয়া হয়, সেই ব্যাপারে আমি কয়েকটা হলের নাম বলবো। সেই হলে ২০—৩০ জন করে এমপ্লয়ী আছে। ইনসেনটিভ সরকার দেন, কিন্তু এক্ষেত্রে বেছে বেছে ইনসেনটিভ পেল সি পি এম-এর সদস্যরা। সি পি এম-এর যারা সদস্য নয় তারা কিন্তু ইনসেনটিভ পেল না সরকারের কাছ থেকে। সুতরাং এটা একটা সি পি এম-এর সরকার। স্যার, এই যে ডিসপ্যারিটি, এই ব্যাপারে মালিকরা প্রতিবাদ করেছিল। আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি যে এই সরকার কি শুধু সি পি এম কর্মীদের? মালিকদের জন্য না হতে পারে, সমস্ত কর্মীদের তো হওয়া উচিত। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাচ্ছি ফদিকার সাহেব নাকি এখানে বলেছেন যে, ৫১ জন সিনেমা মালিক এই পে-স্কেলকে মেনে নিয়েছে।

আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, আমাদের দেশে কিছু ডিমর‍্যালাইজড ক্যাপিটালিস্ট ইণ্ডাস্ট্রি জন্ম নিয়েছে। একথা আমি এই জন্য বলছি যে, এর সঙ্গে বহু শ্রমিক জড়িত আছেন। দেয়ার স্যুড বি এ ট্রাইপারটাইট এগ্রিমেণ্ট ইমিডিয়েটলি। কারণ পশ্চিমবাংলার সমস্ত শিল্প প্রায় শেষ হতে চলেছে, এখানে কর্মসংস্থানের নতুন কোন উদ্যোগ বা কর্মযজ্ঞ নেই। এই শিল্পের সঙ্গে জড়িত আছেন নিম্নমধ্যবিত্ত ও

গরীব মানুষ। অন্যভাবে সম্ভব না হলেও যাতে শ্রমিক-মালিকদের মধ্যে বাইপারটাইট এগ্রিমেন্ট করে সিনেমা শিল্পের লক-আউট ও অরাজকতাকে বন্ধ করা যায় তার ব্যবস্থা হওয়া দরকার। কারণ এই সমস্ত দরিদ্র শ্রমিকদের আলিমুদ্দিন স্ট্রিটে বসে আয়ের কোন সোর্স নেই। সরকারের পক্ষ থেকে এখুনি সমস্ত রকম বিশৃঙ্খলা বন্ধ করার জন্য হস্তক্ষেপ করা প্রয়োজন, লক-আউট বন্ধ করার জন্য পে-স্কেলের যে বৈষম্য আছে তা দূর করা দরকার। মালিকদের সমস্ত রকম বৈষম্যমূলক আচরণ বন্ধ করে যাতে এই শিল্পে শান্তি ও শৃঙ্খলা ফিরে আসে, তার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুকুমার মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার রাণাঘাট-শান্তিপুর লাইনে বাতকুল্লা ও ...সখালি অঞ্চলে প্রায় ৪০ হাজার মানুষ বসবাস করেন। সেখানে মানুষ শান্তি-শৃঙ্খলাহীন অবস্থায় বসবাস করছেন। কেননা, সমাজবিরোধীদের দৌরাত্ম্য সেখানে ভীষণ ভাবে বেড়ে গেছে। এই জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, বাতকুল্লা অঞ্চলে স্থায়ী পুলিশ ফাঁড়ি বসাবার জন্য তিনি যেন প্রয়োজনীয় নির্দেশ দেন।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চুঁচুড়া কোর্টে একজন সেসান জজের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে। সেই দুর্নীতির বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে। কিন্তু সেই তদন্ত নিরপেক্ষ ভাবে হচ্ছে না। যাঁরা এ বিষয়ে তদন্ত করছেন, তাঁরা নানা ভাবে অপমানিত ও বাধাপ্রাপ্ত হচ্ছেন। কয়েকজন জুনিয়র জজ তদন্তে বাধা দিচ্ছেন। মাননীয় আইনমন্ত্রীর কাছে অনুরোধ, বিচার ব্যবস্থার এই সমস্ত পাপ যাতে কলুষ মুক্ত হতে পারে, তদন্তের কাজ যাতে সুষ্ঠুভাবে হতে পারে, সে ব্যাপারে যেন যথাযথ যোগাযোগ রাখেন ও দুর্নীতির সঙ্গে যুক্ত সকল ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা: মাননীয় স্পীকার মহোদয়, একটি জরুরী ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসন্ন পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারে এখন মনোনয়নপত্র দাখিলের কাজ চলছে।

মনোনয়নপত্র দাখিলের সময়ে ও এই কাজের ব্যাপারে অনেক সময় ভোটার তালিকা ও অন্যান্য অনেক প্রয়োজনীয় কাগজপত্রের বিশেষ অভাব থাকার জন্য সকলেই সংশ্লিষ্ট দপ্তরের সাহায্য গ্রহণের প্রয়োজন অনুভব করেন। এই সমস্ত সাহায্যগুলি যাতে যথাযথ ভাবে প্রার্থীরা পেতে পারেন তা দেখা দরকার। কারণ পঞ্চায়েত নির্বাচনের জন্য গ্রামের অনেক গরীব মানুষ প্রার্থী হিসাবে দাঁড়ান। তাঁরা যাতে সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রপারলি সাহায্য ও সহযোগিতা পেতে পারেন, সে বিষয়ে বিশেষ ভাবে নির্দেশ দেওয়ার জন্য আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুল কায়ুম মোল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ওয়াকফ এস্টেটের টাকা আত্মসাতের বহু কাহিনীর কয়েকটি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য রাখছি। উক্ত বিষয়ের একটি মুনসী সাজ্জাত হোসেন ও খায়রুন্নেছা বিবি ওয়াকফ স্টেট, নম্বর হচ্ছে ই সি ১৫১১/বি, যাহা বাংলাদেশের ভূতপূর্ব মন্ত্রী ডাঃ কামাল হোসেনের বাড়ী ছিল। অপরটি ডাঃ হাসান কারোওদ্দির ওয়াকফ সম্পত্তি, নম্বর হচ্ছে ই সি ৪৫০৭। এই ওয়াকফ এস্টেটের টাকা ওয়াকফ ডিপার্টমেন্টের মাতোয়াল্লী কি ভাবে আত্মসাৎ করছেন তার নমুনা তুলে ধরছি। প্রথমোক্ত বাড়ীতে ডাঃ রফিক আহমেদ নামক একজন ব্যক্তি ওয়াকফ কমিশনার কর্তৃক মাতোয়াল্লী নিযুক্ত হয়ে ১৯৬৪-৬৫ সাল থেকে বসবাস করছেন। বাড়ীটি ১৬/১, মার্কুইস স্ট্রীটে অবস্থিত। ঐ সময় থেকে তিনি ভোগ দখল করছেন। তাঁর বিরুদ্ধের বহু অভিযোগ আছে। এ পর্যন্ত তিনি ৫০ হাজার টাকা আত্মসাৎ করেছেন। ৫০,০০০ টাকার অভিযোগের ফাইলটি বাড়ী থেকে হারিয়ে গেছে বলে তিনি প্রচার করে দিয়েছেন। কয়েকটি ঘর নিজে ব্যবহার করছেন, অথচ তার কোন ভাড়া দেন না। তাছাড়া, নীচের ঘরের প্রায় সবগুলি তিনি নিজে ভোগ করিতেছেন। 'সোমা' হোটেল নামে একটি হোটেল সেখানে আছে। এটি তিনি ভাড়া দিয়াছেন। রেণ্ট যাহা আদায় হয়, তাহার সমস্তটাই তিনি নিজে ভোগ করিতেছেন। বাড়ীটি মেরামতের অভাবে ভগ্নপ্রায় হয়ে যাচ্ছে। তৎসত্বেও ১৯৭৫ সালে ডাঃ হাসান কারোওদ্দি ওয়াকফ এস্টেটের উক্ত ডাঃ রফিক আহমেদকে ওয়াকফ ডিপার্টমেন্ট মাতোয়াল্লী নিযুক্ত করেছেন। এই দুটি বৃহৎ বাড়ী পুরান দিনের নামকরা পরিবারের বাড়ী, যাহা ওয়াকফ সম্পত্তি রূপে সরকারের অধীনে আছে। ডাঃ রফিক আহমেদ সরকারকে ফাঁকি দিয়া নিজে বাড়ীটি ভোগ-দখল করে যাচ্ছেন বলে অভিযোগ আছে। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের

কট অনুরোধ তিনি যেন যথাযথ তদন্ত করে সত্যাসত্য অবগত হয়ে উপযুক্ত ব্যবস্থা হণের আদেশ দেন।

Voting on Demand for Grant

DEMAND No. 50

[2.10—2.20 P. M.]

Mr. Speaker : Now I request the Minister-in-charge to move his demand.

Shri Nirmal Kumar Bose : Sir, on the recommendation of the Governor, beg to move that a sum of Rs. 42,10,15,000 be granted for expenditure under emand No. 50, Major Heads : "298 Co-operation, 498 Capital Outlay on o-operation and 698 Loans for Co-operation". (This is inclusive of a total um of Rs. 7,01,70,000 already voted on account in March, 1983.)

১.১ এই বক্তৃতার সঙ্গে একটি পৃথক দলিলে বিগত পাঁচ বছরে এই রাজ্যের সমবায়ের বিভিন্ন ক্ষেত্রে যে কাজ হয়েছে, কোন্ কোন্ ক্ষেত্রে কিরূপ অগ্রগতি হয়েছে তার একটি সংক্ষিপ্ত তথ্য বিবরণ দেয়া হয়েছে। এই বিবরণটিকে আমার বাজেট বক্তৃতার অংশরূপে গণ্য করার জন্য আমি আপনার মাধ্যমে বিধান-সভার মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি।

২.১ দেশের বর্তমান মিশ্র অর্থনীতি ব্যবস্থার মধ্যে সমবায়ের মাধ্যমে মানুষের জীবনের সকল মৌলিক অর্থনৈতিক সমস্যার সমাধান না হলেও, এই ব্যবস্থার মধ্যেও সমবায়ের সাহায্যে বিভিন্ন ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি ও নিম্নবিত্ত মানুষের অবস্থার উন্নতির যে সম্ভাবনা রয়েছে, রাজ্য সরকার তার পরিপূর্ণ সদ্ব্যবহারের জন্য বদ্ধপরিকর।

২.২ কৃষি, মৎস্য-চাষ, দুগ্ধ উৎপাদন, কুটির ও ক্ষুদ্র শিল্প, আবাসন, নিত্যব্যবহার্য দ্রব্যের বন্টন প্রভৃতি ক্ষেত্রে সমবায়ের মাধ্যমে ব্যাপক উন্নতিসাধনের জন্য সরকার চেষ্টা করে যাবে।

২.৩ এতদিন সমবায়ের মাধ্যমে যতটুকু উন্নতি হয়েছে তার সিংহভাগ সমাজের অপেক্ষাকৃত অবস্থাপন্ন ব্যক্তিরা ভোগ করেছেন। এই অবস্থার পরিবর্তন করে গ্রাম ও শহরের সর্বত্র যাতে দরিদ্র মানুষকে আরও বেশি করে সমবায় আন্দোলনের আওতায় নিয়ে আসা যায় তার জন্য চেষ্টা করা হবে।

কৃষিঋণ

৩.১ এখনও আমাদের দেশের অর্থনীতি মূলতঃ কৃষি-নির্ভর। সমবায়ের ক্ষেত্রেও দেখা যাবে কৃষিসংক্রান্ত বিভিন্ন কাজকে কেন্দ্র করেই অধিকাংশ সমবায় সমিতি গড়ে উঠেছে।

৩.১ কৃষি সমবায়ের ব্যাপারে প্রথমেই উল্লেখযোগ্য হল কৃষিসংক্রান্ত কাজের জন্য স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী ঋণের প্রশ্ন। তথ্য-বিবরণ থেকে দেখা যাবে আমরা এই রাজ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের মাধ্যমে যে স্বল্পমেয়াদী শস্যঋণ এবং প্রাথমিক সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে যে দীর্ঘমেয়াদী উন্নয়ন ঋণ দেই, উভয় ক্ষেত্রেই এই ঋণের পরিমাণ অত্যন্ত কম। ১৯৮১-৮১ সালে স্বল্পমেয়াদী ঋণ দাদনের পরিমাণ মাত্র ৪৫.৫১ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী ঋণ দাদনের পরিমাণ মাত্র ৬.৭৭ লক্ষ টাকা। এই রাজ্যে কৃষির জন্য ঋণের প্রয়োজন যেখানে বছরে প্রায় ৩০০ কোটি টাকার বেশি, সেখানে সমবায় সংস্থা মাত্র ৫১ কোটি টাকার মত দাদন দিচ্ছে। কৃষির জন্য বাণিজ্য ব্যাঙ্ক ও গ্রামীণ ব্যাঙ্ক প্রদত্ত দাদনের পরিমাণ খুবই নগণ্য। ফলে এখনও মহাজনদের কাছ থেকেই প্রধানতঃ ঋণ গ্রহণ করতে হচ্ছে। এই অবস্থা চলতে দেয়া যায় না। মহাজনদের কবল থেকে কৃষকদের মুক্ত করতে হবে এবং এই কাজে সমবায়কেই প্রধান ভূমিকা পালন করতে হবে।

৩.৩ কৃষি কাজের জন্য সমবায়ের মাধ্যমে দেয়া ঋণের পরিমাণ এত কম হবার প্রধান কারণ ঠিকমত কৃষিঋণ আদায় না হওয়া। স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে এই রাজ্যে এখন অনাদায়ী ঋণের (ওভার ডিউজ) মোট পরিমাণ একশ' কোটি টাকারও বেশি। এ কথা ঠিক, পর পর কয়েক বৎসর এই রাজ্যে বন্যা, খরা, ঘূর্ণিঝড়, শিলাবৃষ্টি প্রভৃতি হবার জন্য আদায়ে প্রচণ্ড অসুবিধার সৃষ্টি হয়েছে এবং অনেক কৃষকের পক্ষেই ঋণ পরিশোধ করা সম্ভব হয় নি। কিন্তু ঋণ পরিশোধে বর্তমানের এই প্রায় অচলাবস্থা একদিনে হয় নি। দীর্ঘদিন ধরেই এই অবস্থা চলছে। এক শ্রেণীর ঋণগ্রহীতার মধ্যে এমন ধারণার সৃষ্টি হয়েছে যে, ঋণ পরিশোধ করার কোন প্রয়োজন নেই। তাছাড়া ঋণ বন্টনে অতীতে অনেক দুর্নীতিমূলক কাজ হয়েছে। ঋণ আদায় না করেই খাতাপত্রে কারচুপি করে (বুক অ্যাডজাস্টমেন্ট) নতুন ঋণ দাদন দেয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্টেও এই অভিযোগের কথা বলা হয়েছে।

৩.৪ ঋণ আদায় করতে না পারলে নতুন ঋণ দেয়া যায় না। বিগত বৎসরে প্রদত্ত ঋণের শতকরা অন্ততঃ ৪০ ভাগ আদায় করে ফেরত না দিলে রাজ্য সমবায়

ব্যাঙ্ক, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও প্রাথমিক কৃষি সমবায় সমিতি সংশ্লিষ্ট উর্দ্ধতন সংস্থা থেকে নতুন ঋণের টাকা পাবার যোগ্যতা অর্জন করে না। ফলে তার কাছে নতুন ঋণের টাকা আসে না। নীচের স্তর থেকে টাকা আদায় না করতে পারলে ঋণদানের টাকা হাতে আসে না। ফলে পুরানো সদস্যরা ঋণ পান না, নতুন সদস্যরাও ঋণ পান না। এইভাবে ঋণের ধারা ক্রমে শুকিয়ে যাচ্ছে। এর ফলে দরিদ্র কৃষকরাই বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

৩.৫ ঋণ পরিশোধের ক্ষেত্রে বরাবরই দেখা গেছে অপেক্ষাকৃত দরিদ্র যাঁরা তাঁরাই ঋণ শোধ করেন। আর যাঁরা অপেক্ষাকৃত অবস্থাপন্ন তারা সাধারণতঃ ঋণ পরিশোধ করতে চান না, নানাভাবে ঋণ পরিশোধে বাধা দেন এবং অপরকেও ঋণ পরিশোধ না করার জন্য প্ররোচিত করেন।

৩.৬ ঋণ পরিশোধ না হবার ফলে এই যে সঙ্কট তা কেবল সমবায়ের ক্ষেত্রেই সীমাবদ্ধ নেই, বাণিজ্য ব্যাঙ্ক ও গ্রামীণ ব্যাঙ্কও তাদের প্রদত্ত ঋণ আদায় করতে পারছেন না এবং ফলে তাঁরাও এই রাজ্যে অধিক পরিমাণে অর্থ কৃষির জন্য দাদন করছেন না। কেবল কৃষি নয়, মৎস্য চাষ, আবাসন প্রভৃতি ক্ষেত্রেও দেখা যাচ্ছে প্রদত্ত ঋণ ঠিকমত আদায় হচ্ছে না।

৩.৭ রাজ্য সরকার ঋণ আদায়ের ব্যাপারে বিশেষ নজর দিয়েছে। এই কথা অত্যন্ত স্পষ্টভাবে সবাইকে বলা হয়েছে, ঋণ শোধ করতেই হবে। কিছু বড় কৃষক ও অন্য ব্যক্তি ঋণ শোধ না করার জন্য দরিদ্র কৃষক ঋণ পাচ্ছেন না। সমবায়ে দরিদ্র কৃষককে অধিক পরিমাণে আনা যাচ্ছে না। এই জিনিস সরকার বরদাস্ত করতে পারে না। ঋণ পরিশোধের কাজে পঞ্চায়েত সংস্থা ও কৃষক সংগঠনকে বেশি করে যুক্ত করার জন্য চেষ্টা হচ্ছে। সবাইকে বুঝিয়ে-সুজিয়ে যাতে তাঁরা সময়মত ঋণ শোধ করেন তার জন্য চেষ্টা হচ্ছে। তবে যাঁরা অবস্থাপন্ন ও যাঁদের ঋণের পরিমাণ বেশি ও যাঁরা ঋণ পরিশোধে সক্ষম তাঁরা ঋণ শোধ না করলে তাঁদের বিরুদ্ধে আইন অনুযায়ী সর্বরকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ছোট চাষীদের ওপর ঋণ আদায়ের ব্যাপারে যাতে কোন জুলুম না হয় তার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

৩.৮ এই বছরের খরা পরিস্থিতি বিবেচনা করে ঘোষণা করা হয়েছে, যে ব্লকে আমন শস্য শতকরা ৫০ বা তার বেশি নষ্ট হয়েছে সেখানে চলতি বছরের জন্য যে স্বল্প মেয়াদী কৃষিঋণ পাওনা আছে তা আগামী তিন বছরে শোধ দেবার শর্তে মধ্যমেয়াদী ঋণে রূপান্তরিত করে যেকোন কৃষক সদস্য নতুন ঋণ গ্রহণ করতে পারবেন।

৩.৯ খরা পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের মাধ্যমে নতুন করে

শস্যঋণ দেয়া হয়েছে এবং প্রাথমিক সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে জলসেচ বৃদ্ধির জন্য পাম্প সেট প্রভৃতি এবং পুকুর খনন ইত্যাদির জন্য ঋণ দেওয়া হয়েছে। তবে অত্যধিক পরিমাণ ঋণ অনাদায়ী থাকায় উভয় ক্ষেত্রেই এই ব্যাপারে যতটা কাজ করা উচিত ছিল তা করা যায় নি।

৩.১০ সমবায়ের মাধ্যমে কৃষি ঋণ দেবার সময় প্রয়োজনমত নির্দিষ্ট দরিদ্র শ্রেণীর জন্য অনুদান (যেমন স্পেশাল কমপোনেন্ট প্রকল্প) অথবা সময়মত ঋণ পরিশোধকরণে একটা অংশ ছাড় (যেমন দীর্ঘমেয়াদী ঋণ) দেবার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে এবং নীতি অনুসারে ও আর্থিক সুবিধামত এইসব ব্যবস্থা আরও সম্প্রসারিত করা দরকার। কিন্তু এই কথা সবাইকে অত্যন্ত সুষ্ঠুভাবে বুঝাতে হবে যে, ঋণ দেবার পর কোন ক্ষেত্রেই সুদ বা আসলের ব্যাপারে কোন ভরতুকি দেয়া হবে না। ভরতুকি দিলে ঋণ পরিশোধের অভ্যাস নষ্ট হয়ে যায়, সমগ্র ঋণ-ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়। প্রাকৃতিক দুর্বিপাকের ফলে ফসল নষ্ট হলে কৃষি, ত্রাণ, পঞ্চায়েত প্রভৃতি বিভাগ থেকে প্রয়োজনীয় ত্রাণ দেয়া হবে। কিন্তু ঋণ শোধ করতেই হবে।

৩.১১ সমবায়ের মাধ্যমে প্রদত্ত কৃষিঋণ ব্যবস্থাকে সংহত করার জন্য সরকার এই রাজ্যের কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, প্রাথমিক ভূমি উন্নয়ন সমবায় ব্যাঙ্ক এবং প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলিকে (এস কে ইউ এস) শক্তিশালী করার জন্য চেষ্টা করবে।

৩.১২ পশ্চিমবঙ্গে কৃষিঋণ ব্যবস্থাকে শক্তিশালী করার ব্যাপারে সামগ্রিক একটি পরিকল্পনা গ্রহণ করার জন্য 'নাবার্ড'-এর (ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচারাল অ্যাণ্ড রুরাল ডেভেলপমেন্ট) সঙ্গে আলোচনা শুরু করা হবে।

৩.১৩ ঋণ পরিশোধ ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য ও অন্য কারণে সমবায় সংস্থার মাধ্যমে শস্যবীমাকে আরও সম্প্রসারিত করার জন্য চেষ্টা করা হবে।

৩.১৪ বিগত কয় বছরের হিসাব নিলে (তথ্য-বিবরণ দ্রষ্টব্য) দেখা যাবে ঋণ পরিশোধ এবং নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি না হলেও কৃষি সমবায় ব্যাঙ্ক ব্যবস্থার ক্ষেত্রে অন্য কয়েকটি দিকে কিছুটা অগ্রগতি হয়েছে। ১৯৭৬-৭৭ সালে যেখানে প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির মোট সদস্য ছিলেন ১,৯৩০,০০০, সেখানে ১৯৮১-৮২ সালে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ২,৩৩৬,০০০। দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রেও দেখা যাচ্ছে যে, ১৯৭৭-৭৮-এ যেখানে ১০১,০০০ জন সদস্য এই ঋণ নিয়েছেন, সেখানে ১৯৮১-৮২ সালে এই ঋণ নিয়েছেন ১৬৭,০০০ জন। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির শাখার সংখ্যা ১৯৭৬-৭৭-এ যেখানে ছিল ১৬৩,

১৯৮১-৮২ সালে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ২০৫। এই ব্যাঙ্কগুলির মোট সঞ্চয়ের পরিমাণ যেখানে ছিল ১৯৭৬-৭৭-এ ৩২.৭০ কোটি টাকা, সেক্ষেত্রে ১৯৮১-৮২ সালে এই অঙ্ক বেড়ে দাঁড়িয়েছে ৮১ কোটি টাকা। তবে আমরা এই অগ্রগতিতে সন্তুষ্ট নই। একে আরও বাড়াতে হবে।

৩.১৫ সর্বজনীন সদস্যব্যবস্থা (ইউনিভার্সাল মেম্বারশিপ) মারফৎ গত পাঁচ বছরে আমরা ৬ লক্ষেরও বেশি প্রান্তিক চাষী, বর্গাদার-পাট্টাদার ও ক্ষেতমজুরকে প্রাথমিক কৃষি সমবায় সমিতির সদস্য করেছি। ১৯৮০-৮১ সালে এইরূপ সদস্য সংখ্যা ছিল ৪৩১,০০০। আর ১৯৮১-৮২ সালে তা হয়েছে ৬২৩,০০০। এই প্রকল্প অনুযায়ী আগামী বছর আরও অনেক বেশি সদস্য করার জন্য চেষ্টা করব। কৃষি সমবায় ছাড়াও মৎস্যজীবী সমবায় ও তন্তুবায় সমবায় সমিতির সদস্যদের জন্যও এই প্রকল্প সম্প্রসারিত করার কথা ভাবা হচ্ছে।

৩.১৬ 'স্পেশ্যাল কমপোনেন্ট' পরিকল্পনা অনুসারে ১৯৮১-৮২ সালে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির মাধ্যমে ১ লক্ষ ৩০ হাজার বর্গাদার-পাট্টাদারকে ঋণ দেওয়া হয়েছে। এই ঋণের শতকরা ৫০ ভাগ অনুদান, শতকরা ২০ ভাগ মার্জিন মানি, আর বাকি ৩০ ভাগ মাত্র ঋণ। বার্ষিক সাড়ে তিন হাজার টাকা বা তার কম আয়ের কৃষিজীবীরাই এই ঋণ পেতে পারেন। নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ শোধ করলে এই ঋণের ক্ষেত্রে সুদের পরিমাণ মাত্র শতকরা ৪ টাকা। প্রধানতঃ তফসিলী জাতি ও উপজাতি শ্রেণীর দরিদ্র কৃষকের জন্য এই ঋণ।

৩.১৭ তফসিলী উপজাতি শ্রেণীর কৃষক ও অন্যান্যের জন্য যে বহুমুখী সমবায় সংস্থা 'ল্যাম্প' রয়েছে তার সংখ্যা বৃদ্ধি করা হবে এবং এই সংস্থার কাজকে আরও সংহত করার জন্য চেষ্টা করা হবে।

কৃষি বিপণন

৪.১ কৃষিঋণ (নগদ টাকা, বীজ, সার, কীটনাশক দ্রব্যাদি প্রভৃতি), জলসেচ ইত্যাদির সাহায্যে যথেষ্ট পরিমাণ ফসল উৎপাদন করলেই হবে না। কৃষক যাতে ফসলের ন্যায্য দাম পান সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে এবং এই কাজে সমবায় কৃষি বিপণন সমিতিসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৪.২ বর্তমানে এই রাজ্যে কৃষি বিপণন সমিতিগুলি কৃষকদের কাছ থেকে প্রধানতঃ পাট কিনছে। অন্য শস্যের মধ্যে ধান, আলু, তিল, সরষে, আদা, এলাচ প্রভৃতিও কোথাও কোথাও অল্প পরিমাণ কেনে। এই বছর বেশ কিছু পরিমাণ

কমলালেবুও পার্বত্য এলাকায় কেনা হয়েছে। আর বিক্রির মধ্যে কৃষি বিপণন সমিতি সার বিক্রয় করে এবং বেশ কয়েকটি ক্ষেত্রে নিত্যব্যবহার্য দ্রব্যের বণ্টন কেন্দ্র রূপে কাজ করে। এই ব্যবস্থা মোটেই যথেষ্ট নয়। কৃষকের সকল উৎপাদিত দ্রব্য (সবজি ও ফলসহ) যাতে বিপণন সমিতি ন্যায্য দামে কিনে নিতে পারে এবং কৃষি সংক্রান্ত সকল দ্রব্য যাতে কৃষকের কাছে বিক্রয় করতে পারে সেদিকে লক্ষ্য রেখে অগ্রসর হতে হবে।

৪.৩ তথ্য-বিবরণ থেকে দেখা যাবে রাজ্য সমবায় কৃষি বিপণন মহাসঙ্ঘের ('বেনফেড') উদ্যোগে এই রাজ্যে ১৯৭৭-৭৮ সালে যেখানে সার বিক্রয়ের পরিমাণ ছিল ৭৬,৪৪১ মেট্রিক টন, সেখানে ১৯৮১-৮২ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৮৯,২৩৫ মেট্রিক টন। কিন্তু এতে আমরা সন্তুষ্ট নই। কৃষকদের মধ্যে সারের ব্যবহার বাড়াতে হবে, বিক্রয় বাড়াতে হবে।

৪.৪ ভারতের পাট নিগমের (জে সি আই) প্রতিনিধিরূপে বেনফেড ও প্রাথমিক কৃষি বিপণন সমিতিগুলি বৎসরে যে পরিমাণ পাট কিনছে তা পরিমাণের দিক থেকে উল্লেখযোগ্য নয়। এই ক্রয়ের পরিমাণ বাড়াতে হবে। তবে এই বৎসর দেখা গেছে অধিকাংশ স্থানে বিপণন সমিতিগুলি সময়মত সংগঠন ও অর্থ নিয়ে পাটের বাজারে নামার ফলে পাটের দাম জে সি আই নির্দিষ্ট পরিপোষক দামের (সাপোর্ট প্রাইস) নীচে নামে নি। বিপণন সমিতির কাজের ফলে দালাল ফড়িয়াদের কিছুটা নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে।

৪.৫ কৃষি বিপণন সমিতিগুলির সঙ্গে যেসব হিমঘর, গুদাম ও পাট-এর রোলিং প্রেস প্রস্তুত হচ্ছে সেগুলিকে অবিলম্বে শেষ করতে হবে এবং এইগুলিকে আরও বাড়াতে হবে।

৪.৬ সমবায়ের মাধ্যমে পরিচালিত চাল কলগুলির সমস্যা সমাধানের ব্যবস্থা করে এগুলিকে চালু রাখার জন্য চেষ্টা করা হবে এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি পরিবর্তনের জন্য চাপ দেয়া হবে।

৪.৭ কৃষি বিপণন সমিতিগুলি যাতে কৃষিজাত বিভিন্ন দ্রব্য নিয়ে উৎপাদন কেন্দ্র (প্রসেসিং ইউনিট) গড়ে তোলে সেইদিকে নজর দেয়া হবে।

যৌথ খামার

৫.১ বিস্তীর্ণ জমিকে একটি ইউনিট ধরে কৃষকদের দ্বারা সমবায় সমিতির মাধ্যমে যৌথভাবে চাষ করার যে ব্যবস্থা এই রাজ্যের কোথাও কোথাও বর্তমানে আছে তাকে আরও সংহত করার জন্য চেষ্টা করা হবে।

৫.২ পাশাপাশি অবস্থিত ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিক যাতে পৃথকভাবে চাষ না করে যুক্তভাবে একত্র এই জমি চাষ করার জন্য সমবায় কৃষি উৎপাদন সমিতির মধ্যে সংগঠিত হন তার জন্য তাঁদের সর্বতোভাবে উৎসাহদান করা হবে এবং সরকারের পক্ষ থেকে তাঁদের সর্বপ্রকার সুযোগ-সুবিধা দেয়া হবে।

৫.৩ ভূমি সংস্কারের ফলে ভূমিহীনদের মধ্যে যে জমি বণ্টন করা হবে তা যাতে সমবায় যৌথ চাষ ব্যবস্থার মধ্যে আনা যায় তার জন্য চেষ্টা করা হবে।

অকৃষি ঋণের ক্ষেত্রে সমবায়

৬.১ অকৃষি ঋণের ক্ষেত্রে বর্তমানে এই রাজ্যে যে কয়েকটি সমবায় ব্যাঙ্ক এবং বিভিন্ন অফিস, শিল্পসংস্থা, ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষায়তন প্রভৃতিতে বেতনভুক ব্যক্তিদের নিয়ে গঠিত যেসব ঋণদান সমিতি আছে তাদের কাজ মোটামুটি সন্তোষজনক। এইসব সমিতির কাজ যাতে আরও ভালভাবে চলে তার জন্য চেষ্টা করা হবে।

৬.২ অকৃষি ঋণ দানের ক্ষেত্রে এইসব ব্যাঙ্ক ও সমিতিতে যে অর্থ জমা পড়েছে (ডিপোজিট) তার উপযুক্ত সদ্ব্যবহারের বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হবে।

ক্রেতা সমবায়

৭.১ প্রাথমিক ও কেন্দ্রীয় পাইকারী স্তরে বেশ কয়েকটি ক্রেতা সমবায় সমিতি ভাল কাজ করলেও অধিকাংশ সমিতির অবস্থাই ভাল নয়। এইসব সমিতির ব্যবসায় বৃদ্ধি ও আর্থিক ক্ষমতার সংহতি সাধনের দিকে নজর দেয়া হবে।

৭.২ জাতীয় ক্রেতা সমবায় মহাসঙ্ঘ (এন সি সি এফ) রাজ্য ক্রেতা সমবায় মহাসঙ্ঘ (বেনফেড) পাইকারী ক্রেতা সমবায় সমিতি এবং প্রাথমিক ক্রেতা সমবায় সমিতিগুলির কাজের মধ্যে আরও ঘনিষ্ঠ সহযোগিতা স্থাপনের জন্য চেষ্টা করা হবে।

৭.৩ নিত্যব্যবহার্য কয়েকটি নির্দিষ্ট দ্রব্য গ্রামাঞ্চলে প্রতিটি প্রাথমিক কৃষি সমবায় সমিতির (সংখ্যায় ৬,৬০০) সাহায্যে বিক্রয়ের ব্যবস্থা করে এই রাজ্যে সমবায়ের মাধ্যমে গণ-বণ্টন ব্যবস্থা সম্প্রসারণের জন্য চেষ্টা করা হবে।

৭.৪ ক্রেতা সমবায় সমিতিগুলি যাতে নিত্যব্যবহার্য বিভিন্ন দ্রব্যের উৎপাদন কর্মের কাজ নিজেরাই হাতে নিতে পারে তার জন্য বিশেষভাবে চেষ্টা করা হবে।

দুগ্ধ ও মৎস্য সমবায়

৮.১ গ্রামীণ অর্থনীতির সামগ্রিক উন্নয়নের জন্য কৃষির পাশাপাশি দুগ্ধ উৎপাদন ও মৎস্যজীবী সমবায় সমিতিসমূহের সম্প্রসারণ ও সংহতিসাধনের জন্য বিশেষভাবে চেষ্টা করা হবে।

৮.২ বর্তমানে যেসব প্রাথমিক ও কেন্দ্রীয় (ইউনিয়ন) দুগ্ধ উৎপাদন সমবায় সমিতি রয়েছে তার কাজের বিস্তার করা হবে এবং ব্যবসায়ের উন্নতির জন্য চেষ্টা করা হবে। রাজ্য স্তরে শীঘ্রই দুগ্ধ উৎপাদন সমবায় মহাসঙ্ঘ (ফেডারেশন) গঠন করা হবে।

৮.৩ 'অপারেশন ফ্লাড টু' প্রকল্প অনুসারে এই রাজ্যে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির যে ব্যাপক পরিকল্পনা সরকারের পশুপালন ও দুগ্ধ উৎপাদন বিভাগ থেকে গ্রহণ করা হয়েছে তাতে সমবায়কে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে।

৮.৪ উপকূলবর্তী সমুদ্র ও অভ্যন্তরীণ জলাধারসমূহে যেসব মৎস্যজীবী সমবায় সমিতি রয়েছে তার সংহতিসাধন এবং নতুন সমবায় সমিতি গঠন করে মৎস্যজীবীদের আরও বেশি করে সমবায়ের মধ্যে নিয়ে আসার জন্য চেষ্টা করা হবে।

৮.৫ ভারতের মৎস্যজীবী সমবায় সমিতি মহাসঙ্ঘের উদ্যোগে কেন্দ্রীয় সরকারের আংশিক অর্থসাহায্যে মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের জন্য যে বীমা প্রকল্প প্রবর্তন করা হয়েছে রাজ্য সরকারের মৎস্য চাষ বিভাগ তা এই রাজ্যে কার্যকর করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

কুটির ও ক্ষুদ্র শিল্প

৯.১ গ্রাম ও শহর সর্বত্র কুটির ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে বর্তমানে যেসব সমবায় সমিতি আছে সেগুলিকে শক্তিশালী করা হবে এবং নতুন সমবায় সমিতি গড়ার জন্য চেষ্টা করা হবে।

৯.২ মহিলাদের আরও বেশি করে শিল্প সমবায়ের মধ্যে নিয়ে আসার জন্য চেষ্টা করা হবে।

৯.৩ বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে শিল্প সমবায়ের যে সম্ভাবনা রয়েছে তা পরিপূর্ণভাবে ব্যবহার করার জন্য চেষ্টা করতে হবে। বেকার ছেলেমেয়েরা শিল্প সমবায় সমিতি গড়ার কাজে এগিয়ে এলে তাঁরা যাতে আইনকানুনের বাধার সম্মুখীন না হন এবং সহজ শর্তে প্রয়োজনীয় ঋণ পান, দরকার মত কাঁচামালের সরবরাহ সম্পর্কে নিশ্চিন্ত হন ও বিপণনের উপযুক্ত সুযোগ পান সেদিকে লক্ষ্য রাখা হবে।

বন্ধ হয়ে যাওয়া শিল্প পুনঃস্থাপনে সমবায়

১০.১ গত কয়েক বৎসরে বেশ কয়েকটি বন্ধ হয়ে যাওয়া শিল্প সেই সব শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিক ও কর্মচারীদের নিয়ে গঠিত সমবায় সমিতির দ্বারা পুনঃস্থাপন করা সম্ভব হয়েছে। এই দিকে আরও বেশি দৃষ্টি দেওয়া হবে।

১০.২ উত্তর বঙ্গে বন্ধ হয়ে যাওয়া কয়েকটি চা-বাগান শ্রমিক-কর্মচারীদের নিয়ে গঠিত সমবায় সমিতির দ্বারা পুনরায় চালানো যায় কি না তার জন্য বর্তমানে চেষ্টা করা হচ্ছে।

আবাসন

১১.১ আবাসন সমবায়ের সুযোগ যাতে নিম্ন মধ্যবিত্ত ও দরিদ্র মানুষের মধ্যে আরও বেশি করে সম্প্রসারিত করা যায় তার জন্য চেষ্টা করা হবে। বিশেষ করে গ্রামাঞ্চলে এই আবাসন সমবায়ের কাজ সম্প্রসারণের দিকে লক্ষ্য রাখা হবে। হাডকো'র (হাউসিং অ্যাণ্ড আরবান ডেভেলপমেণ্ট করপোরেশন) অর্থ সাহায্যে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য যাতে শতকরা ৪ টাকা সুদে ঋণ গ্রহণ করে সমবায় আবাসনের ব্যবস্থা করা যায় তার জন্য চেষ্টা করা হবে।

১১.২ বেশ কয়েকটি আবাসন সমবায় সমিতি, বিশেষ করে অবস্থাপন্ন ব্যক্তিদের দ্বারা গঠিত সমিতিতে যে দুর্নীতিমূলক কাজ হচ্ছে তা নিয়ন্ত্রণ করার জন্য কঠোরতর ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১.৩ আবাসন সমবায়ের সদস্যদের কাছে, বিশেষ করে উচ্চবিত্ত শ্রেণীর সদস্যদের কাছে যে বিপুল পরিমাণ অর্থ অনাদায়ী পড়ে আছে তা আদায়ের জন্য বিশেষ ভাবে চেষ্টা করা হবে।

ছাত্রদের জন্য সমবায়

১২.১ বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র ও শিক্ষকদের মিলিত উদ্যোগে যেসব ক্রেতা সমবায় সমিতি গঠিত হচ্ছে সেগুলিকে শক্তিশালী করা হবে।

১২.২ ছাত্ররা যাতে সমবায়ে যোগ দিয়ে গঠনমূলক কাজের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত থাকে, শিক্ষা প্রতিষ্ঠানে ক্রেতা সমবায়ের বৃদ্ধির ফলে সামগ্রিকভাবে যাতে ক্রেতা সমবায় আন্দোলনের সম্প্রসারণ হয় এবং ছাত্ররা সমবায়ে এসে যাতে সমবায় আন্দোলনের ভবিষ্যৎ নেতৃত্ব সৃষ্টির সম্ভাবনা ফলপ্রসূ হয় সেদিকে লক্ষ্য রেখে ছাত্র-শিক্ষক সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধির জন্য সরকার বিশেষভাবে চেষ্টা করবে।

১২.৩ স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠ্যসূচীতে সমবায়কে যাতে যোগ্য স্থান দেওয়া হয় তার জন্য চেষ্টা করা হবে।

বিভিন্ন ক্ষেত্রে সমবায়ের সম্প্রসারণ

১৩.১ সাম্প্রতিককালে এই রাজ্যে নতুন নতুন ক্ষেত্রে সমবায়ের সম্প্রসারণ হয়েছে। জলপথ পরিবহণ, সিনেমার প্রযোজনা, পর্যটন, স্বাস্থ্য ও চিকিৎসার ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে সমবায় সমিতি প্রতিষ্ঠিত হয়েছে এবং এইসব সমিতি উল্লেখযোগ্য কাজ করছে। আমরা আরও নতুন নতুন ক্ষেত্রে সমবায়কে নিয়ে যেতে চাই।

১৩.২ ইঞ্জিনীয়ারদের নিয়ে গঠিত সমবায় সমিতি, শ্রমিকদের কাজের জন্য গঠিত সমিতি, পরিবহণ সমবায় সমিতি প্রভৃতির ক্ষেত্রে বর্তমানে যেসব সমস্যা রয়েছে তার সমাধান করে এই সমিতিগুলিকে আরও কার্যকর করার জন্য চেষ্টা করা হবে।

শিক্ষা, প্রশিক্ষণ ও প্রচার

১৪.১ সমবায় শিক্ষা, প্রশিক্ষণ ও প্রচারের দায়িত্ব রয়েছে রাজ্য সমবায় ইউনিয়ন ও জেলা সমবায় ইউনিয়নগুলির ওপর। এইসব কাজের দায়িত্ব পালন ও সমবায় আন্দোলনের প্রতিনিধি স্থানীয় প্রতিষ্ঠানরূপে কাজ করার ব্যাপারে এই সব সংস্থা যাতে যোগ্য ভূমিকা পালন করতে পারে সেদিকে সরকার লক্ষ্য রাখবে।

১৪.২ এই রাজ্যে সমবায় প্রশিক্ষণের জন্য বর্তমানে যে ৬টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে, তার অতিরিক্ত আরও ২টি প্রশিক্ষণ কেন্দ্র—একটি মুর্শিদাবাদে ও আর একটি পুরুলিয়ায় যাতে আগামী বছর খোলা যায় তার জন্য চেষ্টা করা হবে।

১৪.৩ জেলায় জেলায় সমবায় সমিতির সদস্য ও সদস্যা হতে পারেন এমন সাধারণ মানুষের জন্য শিক্ষাদানের যে ব্যবস্থা আছে তাকে সম্প্রসারিত করার জন্য চেষ্টা করা হবে। মহিলাদের মধ্যে যাতে শিক্ষার বিশেষ প্রসার হয় সেদিকে লক্ষ্য রাখা হবে।

১৪.৪ সমবায় বিভাগের সঙ্গে যুক্ত অফিসার ও কর্মচারীরা যাতে বেশি করে সমবায় প্রশিক্ষণ গ্রহণ করেন তার জন্য চেষ্টা করা হবে।

১৪.৫ এই বছর কলকাতায় যে সমবায় মেলা করা হয়েছে তা সকলের সপ্রশংস দৃষ্টি আকর্ষণ করেছে। এই মেলা যাতে প্রতি বছর হয় তার জন্য চেষ্টা করা হবে।

সময়-সীমা নির্দিষ্ট পরিকল্পনা

১৫.১ এই রাজ্যে সমবায়ের কাজ এগিয়ে নিয়ে যাবার জন্য বিভিন্ন ক্ষেত্র ও এলাকা ধরে সময়-সীমা নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

১৫.২ পশ্চিমবঙ্গে (আসানসোল ও দুর্গাপুর মহকুমায়) মোট যে ১০৫টি কয়লা খনি আছে, বর্তমানে তার প্রায় ৬০টিতে ঋণদান সমবায় সমিতি এবং ৩০টিতে ক্রেতা সমবায় সমিতি আছে। এইরূপ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যে, আগামী বৎসরের মধ্যে সব কয়টি কয়লা খনিতেই ঋণদান ও ক্রেতা সমবায় গঠন করা হবে। এই কাজে সংশ্লিষ্ট সকল পক্ষ সহযোগিতা করতে সম্মত হয়েছেন।

কর্মচারী প্রসঙ্গে

১৬.১ রাজ্য সরকার মনে করে সমবায় সমিতি পরিচালনায় বেতনভুক কর্মচারীদের একটি বিশেষ ভূমিকা রয়েছে। কর্মচারীদের মর্যাদা বৃদ্ধি এবং তাদের আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করার জন্য সরকার উদ্যোগ গ্রহণ করেছে।

১৬.২ সমবায় সমিতিসমূহের জন্য যে নতুন আইন করা হচ্ছে (বিধানসভায় বিল পাশ হয়েছে, বর্তমানে রাষ্ট্রপতির স্বাক্ষরের অপেক্ষায় আছে), তাতে সমবায় সমিতির পরিচালকমণ্ডলীতে কর্মচারীদের নির্বাচিত প্রতিনিধি রাখার ব্যবস্থা করা হয়েছে। কোন কর্মচারী কর্মরত অবস্থায় মারা গেলে তার পরিবারের একজন যাতে তার শূন্যস্থানে কাজ পান তার জন্য বর্তমান নিয়মাবলীর সংশোধন করা হয়েছে। কোন সমবায় সংস্থায় চাকরি দেবার ক্ষেত্রে ঠিক করা হয়েছে, এই সংস্থার নীচে যে সংস্থা আছে তার কর্মচারীদের জন্য অন্ততঃ শতকরা ১০ ভাগ আসন সংরক্ষণ করা হবে।

১৬.৩ প্রাথমিক কৃষি সমবায় সমিতির ম্যানেজারদের জন্য 'কমন ক্যাডার' প্রবর্তন করে তাদের সর্বনিম্ন মাসিক বেতন ২৫০ টাকা (এতদিন তা অধিকাংশের ক্ষেত্রেই ছিল ১০০ টাকা বা তার চেয়েও কম) করা হয়েছে। বিভিন্ন প্রকার সমবায় সমিতির কর্মচারীদের বেতন ইত্যাদি বিষয়ে বিবেচনা করে প্রয়োজনীয় সুপারিশ করার জন্য সরকার যে পে-কমিটি গঠন করেছিলেন, সেই কমিটি তার রিপোর্ট সরকারের নিকট পেশ করেছে। ভারতে এই প্রথম কোন একটি রাজ্যে সরকার সমবায় সমিতির কর্মচারীদের জন্য এইরূপ পে-কমিটি গঠন করেছেন। সরকার

বর্তমানে পে-কমিটির রিপোর্টটি বিবেচনা করছে এবং আশা করা যায় শীঘ্রই এই সম্পর্কে সরকারী সিদ্ধান্ত প্রকাশ ও তা কার্যকর করা সম্ভব হবে।

১৬.৪ সকল সমবায় সমিতির কর্মচারীদের বুঝতে হবে তাদের বেতন ও চাকরির অন্যান্য সুযোগ-সুবিধার ক্ষেত্রে উন্নতি একান্তভাবে সমিতির উন্নতির ওপর নির্ভরশীল। এই ব্যাপারে সরকার কিছুটা সাহায্য করতে পারে মাত্র। তার বেশি নয়। সুতরাং কর্মচারীদের সমিতির ব্যবসায় বৃদ্ধি ও লাভ সুনিশ্চিত করার জন্য সর্বতোভাবে চেষ্টা করতে হবে।

সমবায় নিরীক্ষণকে সাধারণ সমবায় প্রশাসন থেকে পৃথক করা

১৭.১ সমবায় নিরীক্ষণ ব্যবস্থা বর্তমানে এই রাজ্যে সাধারণ সমবায় প্রশাসনের সঙ্গে যুক্ত রয়েছে। নিরীক্ষণকে সাধারণ প্রশাসন থেকে পৃথক করা হবে এবং আগামী বছরের মধ্যেই এই কাজ সম্পূর্ণ করা হবে।

নতুন আইন

১৮.১ ১৯৭৩ সালে প্রণীত বর্তমান সমবায় সমিতি আইন পরিবর্তন করে বিধানসভার এই অধিবেশনেই নতুন পূর্ণাঙ্গ আইনের জন্য বিল পাশ করা হয়েছে। বর্তমানে এই বিলটি রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় আছে। বিলটি আইনে পরিণত হলে সমবায় আন্দোলন এই রাজ্যে আরও গণমুখী হবে, আন্দোলনে আরও বেশি গণতন্ত্রীকরণ সম্ভব হবে, গ্রামাঞ্চলে সমবায়ের সঙ্গে পঞ্চায়েতের ঘনিষ্টতর সম্পর্ক স্থাপিত হবে, কায়েমী স্বার্থ ও দুর্নীতি দূর করার কাজ সহজতর হবে এবং দুর্বলতর শ্রেণীর মানুষকে আরও বেশি করে সমবায়ের সঙ্গে যুক্ত করা যাবে।

সমন্বয় সাধন

১৯.১ বিভিন্ন পর্যায়ে ও বিভিন্ন ক্ষেত্রে যেসব সমবায় সমিতি আছে তাদের মধ্যে আরও বেশি সংযোগসাধনের জন্য চেষ্টা করা হবে।

১৯.২ বিভিন্ন প্রকার সমবায় সমিতির কাজের সঙ্গে কৃষক সংগঠন, ট্রেড ইউনিয়ন ও অন্যান্য গণসংগঠনকে যুক্ত করার জন্য চেষ্টা করা হবে।

১৯.৩ এই রাজ্যে সমবায়ের কাজ যাতে আরও ভাল ভাবে চলে তার জন্য সমবায়, কৃষি, ভূমি সংস্কার, মৎস্য চাষ, দুগ্ধ উৎপাদন, কুটির ও ক্ষুদ্র শিল্প, খাদ্য ও সরবরাহ, তফসিলী জাতি ও উপজাতি, পরিবহণ প্রভৃতি বিভাগ যাতে পরস্পর আরও ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করে কাজ করে তার জন্য চেষ্টা করা হবে।

সমবায়ের উন্নয়নে অসুবিধা

২০.১ সমবায়ের উন্নয়নের পথে অন্যতম প্রধান বাধা হল কায়েমী স্বার্থ। অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে একই ব্যক্তি বা ব্যক্তি সমষ্টি নানা কায়দায় দীর্ঘদিন ধরে সমিতির ওপর কর্তৃত্ব করছে। কিছু অসাধু ব্যক্তি নানাভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণ করছে। সমবায় থেকে এই কায়েমী স্বার্থ ও দুর্নীতি দূর করতে সরকার বদ্ধপরিকর।

২০.২ কোন কোন সমিতির ক্ষেত্রে মামলা থাকার ফলে এইসব সমিতির সুষ্ঠু কার্যসম্পাদনে অসুবিধা হচ্ছে। এই সমস্যা সমাধানের জন্য আমরা সর্বতোভাবে চেষ্টা করছি।

সহযোগিতার আহ্বান

২১.১ সমবায় একটি আন্দোলন এবং একে একটি আন্দোলনরূপেই গড়ে উঠতে দিতে হবে। এই আন্দোলন যাতে সর্বপ্রকার বহির্নিয়ন্ত্রণমুক্ত হয়ে সদস্যদের স্বাধীন গণতান্ত্রিক আন্দোলনরূপে গড়ে উঠতে পারে এবং সমবায়ের ক্ষেত্রে যে সুযোগ-সুবিধা রয়েছে তার পরিপূর্ণ সদ্ব্যবহার করে যাতে রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন ও নিম্নবিত্ত মানুষের অর্থনৈতিক উন্নতি করা যায়, তার জন্য আমি বিধানসভার সকল সদস্যের কাছে তাঁদের সহযোগিতার হস্ত প্রসারিত করার জন্য আহ্বান জানাচ্ছি।

১৯৭৭-৭৮ সাল থেকে গত পাঁচ বছরে এই রাজ্যে সমবায়ের ক্ষেত্রে কিরূপ কাজ হয়েছে, তথ্য ও পরিসংখ্যানের সাহায্যে তার একটি চিত্র এখানে তুলে দেবার চেষ্টা করা হয়েছে।

এই বিবরণ থেকে দেখা যাবে, অধিকাংশ ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হলেও কয়েকটি ব্যাপারে, বিশেষ করে কৃষি ঋণের ক্ষেত্রে অবস্থা সন্তোষজনক নয়।

স্বল্পমেয়াদী কৃষি ঋণ

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক কর্তৃক স্বল্পমেয়াদী বিনিয়োগ

বছর	বিনিয়োগ (কোটি টাকায়)
১৯৭৭-৭৮	৪৬·৬৯
১৯৭৮-৭৯	৪৫·৭৪
১৯৭৯-৮০	৩৮·৭৭
১৯৮০-৮১	৩৪·৩৫
১৯৮১-৮২	৪৫·৫১
১৯৮২-৮৩ (৩১-১২-৮২ পর্যন্ত)	১৩·৮৩

প্রতিকূল অবস্থার দরুন সর্বাত্মক প্রচেষ্টা চালিয়েও ব্যাঙ্কগুলি বিনিয়োগ বৃদ্ধি

করতে পারে নি। কিন্তু ব্যাঙ্কের শাখার সংখ্যা যেখানে ১৯৭৬-৭৭ সালে ১৬৩টি ছিল সেখানে সেই সংখ্যা বাড়িয়ে ২৫০টি করতে সক্ষম হয়েছে এবং ১৯৭৬-৭৭ সালের সঞ্চয় খাতে অর্থসংগ্রহের পরিমাণ ৩২·৭০ কোটি টাকা থেকে বাড়িয়ে ১৯৮১-৮২ সালে ৮১ কোটি টাকা করতে পেরেছে।

নীচের সারণী থেকে অগ্রগতির চিত্রটি ধরা যাবে ঃ

বছর	সঞ্চয়খাতে সংগ্রহ (কোটি টাকায়)
১৯৭৬-৭৭ ...	... ৩২·৭০
১৯৭৭-৭৮ ...	... ৩৯·৯২
১৯৭৮-৭৯ ...	... ৪৯·২১
১৯৭৯-৮০ ...	... ৫৬·৬৬
১৯৮০-৮১ ...	... ৭০·২৫
১৯৮১-৮২ ...	... ৮১·০০
১৯৮২-৮৩ (৩১-১২-৮২ পর্যন্ত)	... ৮৩·৫০

১৯৭৬-৭৭ সাল থেকে কৃষি সমবায়ের সদস্য সংখ্যা বৃদ্ধির হিসেবটি এই রকম ঃ

বছর	সদস্য সংখ্যা
১৯৭৬-৭৭ ...	... ১৯,৩০,০০০
১৯৮১-৮২ ...	... ২৩,৩৬,০০০
১-৭-৮২ থেকে ৩১-১২-৮২ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে	১০,০০০

সর্বজনীন সদস্য ব্যবস্থায় গত ৫ বছরে সদস্য সংখ্যার প্রতিবছর হিসেবে বৃদ্ধির হিসেব ছিল এই রকম ঃ

বছর	সর্বজনীন সদস্যবাবস্থায় সদস্য বৃদ্ধি হয়েছে
	লক্ষ
১৯৭৭-৭৮	২·২০
১৯৭৮-৭৯	১·০৭
১৯৭৯-৮০	০·৮০
১৯৮০-৮১	১·৩৬
১৯৮১-৮২	১·১৬
১-৭-৮২—৩১-১২-৮২	০·১০

শস্যবীমা

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের পরিচালনায় পরীক্ষামূলকভাবে গুচ্ছ শস্যবীমা প্রকল্প চালু করা হয়েছে ১৯৭৯ সাল থেকে। ১৯৮১ সালের খরিফ মরশুমে ১২১টি থানা

এলাকায় সমবায় ও বাণিজ্যিক ব্যাঙ্কগুলির যৌথ উদ্যোগে কতগুলি নির্বাচিত স্থানে ১ কোটি ২৫ লক্ষ টাকার শস্যবীমা করার লক্ষ্য স্থির করা হয়েছিল। শস্যবীমা কিস্তির ৫০ শতাংশ সরকার দিচ্ছেন। এই মরশুমে ৯টি সমবায় ব্যাঙ্ক ৬২ লক্ষ ২০ হাজার টাকার শস্য ঋণকে বীমাভুক্ত করে। চলতি আলু ও বোরো মরশুমের জন্যও ব্যাঙ্কগুলি এই প্রকল্প গ্রহণ করছে। ১৯৮১-৮২ সালের ৩ লক্ষ ৭৯ হাজার টাকা ক্ষতিপূরণের দাবী সরকার ইতিমধ্যেই স্বীকার করেছেন। সদ্য সমাপ্ত খরিফ মরশুমে খরার দরুন শস্য ক্ষয়ের পরিমাণ নির্ধারণের কাজ চলছে। আশা করা যায় বীমাভুক্ত সদস্যগণ যথেষ্ট ক্ষতিপূরণ পাবেন।

কমন ক্যাডার

প্রাথমিক কৃষি সমবায়ের ম্যানেজারগণকে একটি সাধারণ পদাধিকারী প্রকল্পের (কমন ক্যাডার স্কীম) আওতায় আনা হয়েছে। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির ক্ষেত্রে এই প্রকল্পের অধীনে একটি শাসকমণ্ডলী (কমন ক্যাডার অথরিটি) ইতিমধ্যেই গঠন করে তার জন্য ৩৬ লক্ষ ২৪ হাজার টাকা মঞ্জুর করেছেন। ১৯৮২-৮৩ সালের জন্য ১৪৮ লক্ষ ৭৬ হাজার টাকার একটি প্রস্তাব ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়েছে। এই প্রকল্প অনুসারে ম্যানেজারদের সমহারে বেতন দিতে গিয়ে প্রাথমিক সমিতিগুলির যে ঘাটতি হয় তা কেন্দ্রীয় ও রাজ্য সরকার ৫০ : ৫০ হারে পূরণ করে দেন। এতে ম্যানেজারগণ ন্যায্য বেতন পেয়ে যেমন উপকৃত হন, তেমনি প্রাথমিক কৃষি সমিতির কাজকর্মেও স্বাভাবিকভাবেই উন্নতি ঘটে। পূর্বে ম্যানেজারগণ ৫০ থেকে ১০০ টাকা বেতন পেতেন। এখন তাঁরা সর্বনিম্ন মাসিক বেতন পাচ্ছেন ১৫০ টাকা। পূর্বে যাঁরা ১৫০ টাকার বেশি পেতেন তাঁরা এখনো তা পাবেন।

বর্গাদার ও পাট্টাদারদের জন্য

১৯৮২ সালের খরিফ মরশুমে সারা রাজ্যে যে ৩ লক্ষ বর্গাদার ও পাট্টাদারকে আর্থিক সাহায্য দানের লক্ষ্য স্থির করা হয় তাদের মধ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিই ১ লক্ষ ৮০ হাজার জনকে সাহায্য করে। ১৯৮১-এর খরিফ মরশুমে ১ লক্ষ ৩০ হাজার কৃষককে সমবায় ব্যাঙ্কগুলি ৬ কোটি ২৫ লক্ষ টাকা সাহায্য করে। চলতি বছরেও সমবায়গুলি এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

স্পেশাল কমপোনেন্ট

স্পেশাল কমপোনেন্ট প্ল্যান এবং ট্রাইবাল সাব-প্ল্যান-এর অধীনে ৬ হাজার পুনর্গঠিত প্রাথমিক কৃষি সমিতি, কৃষক সেবা সমিতি, গ্রামীণ ব্যাঙ্ক এবং ল্যাম্প গ্রামীণ

এলাকায় কাজ করছে। এগুলির সঙ্গে জড়িত সদস্যগণকে এই সব সমিতি থেকে প্রাতিষ্ঠানিক উৎপাদন অর্থ দেওয়া হচ্ছে। ২৬টি ভূমি উন্নয়ন ব্যাঙ্ক ক্ষুদ্রসেচ ও অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য দীর্ঘ মেয়াদী ঋণ দিচ্ছে। এছাড়া বিপণনের সুবিধা, কৃষি সরঞ্জাম এবং ভোগ্য পণ্য সরবরাহ করার জন্য অন্যান্য প্রকল্প গ্রহণ করা হয়েছে।

পূর্বে যে ১ লক্ষ ৩০ হাজার বর্গাদার ও পাট্টাদারকে আর্থিক সাহায্যদানের কথা বলা হয়েছে তাদের মধ্যে ৮০ শতাংশের বেশিই হল তফসিলী জাতি ও উপজাতির লোক। তাদেরকে প্রদত্ত সাহায্যের ৫০ শতাংশ অনুদান এবং ২০ শতাংশ বিনা সুদে মার্জিন মানি। যে ৩০ শতাংশ ঋণ হিসাবে দেওয়া হয় তার সুদের হার ছিল ৪ শতাংশ। অবশ্য যাঁদের আয় বার্ষিক ৩ হাজার ৫০০ টাকার মধ্যে এবং সময়মত সুদ পরিশোধ করবেন তাঁরাই এই সুবিধাজনক সুদের হার ভোগ করবেন।

বর্গা প্রথা চালু হবার পর ৩১-১২-৮১ তারিখ পর্যন্ত সরকার ১১ লক্ষ ২৫ হাজার বর্গাদারের নাম নথিভুক্ত করেছিল। ঐ সময় পর্যন্ত ১৩ লক্ষ ২৪ হাজার চাষীকে খাস জমি বন্টন করা হয়। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি এইসব চাষীদের আর্থিক উন্নতির জন্য দরাজ হাতে উৎপাদন অর্থ দিয়ে যাচ্ছে। ১৯৮২-র খরিফ মরশুমে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির ওপরই ১ লক্ষ ৮০ হাজার বর্গাদার ও পাট্টাদারকে আর্থিক সাহায্য দেবার দায়িত্ব অর্পণ করা হয়। যেখানে গোটা রাজ্যে এরকম সাহায্য দেবার পরিকল্পনা ছিল মোট ৩ লক্ষ চাষীকে। এছাড়াও উক্ত মরশুমে সমবায় ব্যাঙ্কগুলি আরো ১ লক্ষ ৩০ হাজার চাষীকে মোট ৬ কোটি ২৫ লক্ষ টাকা ঋণ দিয়েছে। চলতি বছরেও সমবায় ব্যাঙ্কগুলি অনুরূপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই ১ লক্ষ ৩০ হাজার বর্গা ও পাট্টাদারদের মধ্যে ৮০ শতাংশই ছিলেন তফসিলী জাতি ও উপজাতি শ্রেণীর লোক। এঁদেরকে ৫০ শতাংশ অনুদান এবং ২০ শতাংশ বিনা সুদে মার্জিন মানি হিসাবে দেওয়া হয়। বাকী ৩০ শতাংশ ঋণ হিসাবে দেওয়া হলেও তার সুদের হার হল মাত্র ৪ শতাংশ—যদি অবশ্য সময়মত ঋণ পরিশোধ করা হয়।

ষষ্ঠ পরিকল্পনার শেষে তফসিলী জাতি ও উপজাতির লোকেদের মধ্যে যাতে অন্ততঃপক্ষে ৫০ শতাংশ লোক দারিদ্র্যসীমার ওপর উঠতে পারেন সেইজন্য স্পেশাল কম্পোনেন্ট প্ল্যান এবং ট্রাইবাল সাব-প্ল্যান রচনা করা হয়েছে। ৬ হাজারের বেশি প্রাথমিক কৃষি সমিতি, কৃষি সেবা সমিতি, গ্রামীণ ব্যাঙ্ক এবং ল্যাম্প মিল এইসব সমিতির আওতাভুক্ত সদস্যগণকে উৎপাদন ঋণ দিয়ে যাচ্ছে। ২৬টি ভূমি উন্নয়ন ব্যাঙ্ক ক্ষুদ্রসেচ ও অন্যান্য উন্নয়নমূলক কাজে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। ১৯৮১-৮২ সালে স্পেশাল কম্পোনেন্ট প্ল্যানের আওতায় তফসিলী জাতির

াকেদের ২৯ লক্ষ ৭২ হাজার টাকা দেওয়া হয়েছে। এই টাকা নিম্নলিখিত াতে ব্যয় করা হয়ঃ

(১) যেসব সমিতির অধিকাংশ সভ্য তফসিলী জাতিভুক্ত তাদের অতিরিক্ত অংশীদারী মূলধন ৫.০০ লক্ষ টাকা

(২) ডি আর আই প্রকল্পের জন্য ১৯.১২ লক্ষ টাকা

(৩) সর্বজনীন সদস্য ব্যবস্থার জন্য ৫.২০ লক্ষ টাকা

(৪) সমবায়ে উপজাতির লোকেদের প্রশিক্ষণ বাবদ ০.৪০ লক্ষ টাকা

মধ্যমেয়াদী ঋণ

উপর্যুপরি বন্যা ও খরার দরুন স্বল্পমেয়াদী ঋণকে মধ্যমেয়াদী ঋণে রূপান্তরিত করতে হয়। তাতেও আদায় ভাল হয় নি।

স্বল্পমেয়াদী ঋণ আদায় হয়েছে এই রকম :

বছর	আদায় শতকরা
১৯৭৭-৭৮	৫৬.১
১৯৭৮-৭৯	৪৮.৪
১৯৭৯-৮০	৪১ ৬
১৯৮০-৮১	৪৫.৬
১৯৮১-৮১	৪০.৫
১-৭-৮২ থেকে ১৮-২-৮৩	১১.৪

মধ্যমেয়াদী ঋণ বণ্টনের হিসাব বিগত ৪ বছরে যে রকম ছিল তা নীচের সারণীতে দেওয়া হল :

বছর	বণ্টিত ঋণ (লক্ষ টাকায়)
১৯৭৯-৮০	৩১৭.০০
১৯৮০-৮১	১২০.০০
১৯৮১-৮১	১৯.০০
১-৭-৮ —৩১-১-৮৩	৩.০০

দীর্ঘমেয়াদী উন্নয়ন ঋণ

বিগত ৫ বছরে এবং এবছর ৩১-১২-৮২ পর্যন্ত দীর্ঘমেয়াদী ঋণ বণ্টনের চিত্র ছিল এই রকম :

বছর	ঋণ বন্টন (লক্ষ টাকায়)
১৯৭৭-৭৮	১০৩২.৩৯
১৯৭৮-৭৯	১১৩৭.১৩
১৯৭৯-৮০	৮০২.৮৩
১৯৮০-৮১	৬১৫.৪৫
১৯৮১-৮২	৬৪৬.৭৭
১৯৮২-৮৩ (৩১-১২-৮২ পর্যন্ত)	২৭৭.০০

নীচে দেওয়া আদায়ের চিত্রটিও ছিল অনুজ্জ্বল :

বছর	প্রাথমিক ভূমি উন্নয়ন ব্যাঙ্ক পর্যায়ে আদায় (শতকরা)
১৯৭৭-৭৮	৭৪.৬০
১৯৭৮-৭৯	৬১.১৪
১৯৭৯-৮০	৬২.৮৫
১৯৮০-৮১	৪০.৫৯
১৯৮১-৮২	৩৩.৫৯

বলাবাহুল্য, উপর্যুপরি বন্যা ও খরা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগই এর জন্য প্রধানতঃ দায়ী।

সম্প্রতি ঋণ বণ্টনের নিয়মাবলীকে উদার করে বিশেষভাবে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীগণকে বেশি বেশি সংখ্যায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের ছত্রছায়ায় নিয়ে আসা হচ্ছে।

ভূমি উন্নয়ন ব্যাঙ্ক থেকে সদস্যগণের অধিকতর মাত্রায় ঋণ গ্রহণের চিত্রটি নীচের সারণীতে দেখা যেতে পারে :

বছর	ঋণ গ্রহণকারী সদস্যের সংখ্যা
১৯৭৭-৭৮	১,০১,০০০
১৯৭৮-৭৯	১,২১,০০০
১৯৭৯-৮০	১,৩৯,০৭০
১৯৮০-৮১	১.৫৩,০৩১
১৯৮১-৮২	১,৬৭,১৪৬
১৯৮২-৮৩ (৩১-১২-৮২ পর্যন্ত)	১,৭৩,৫৪৫

ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি যেসব সুযোগ-সুবিধা দিচ্ছে সেগুলোর পূর্ণ সদ্ব্যবহার করবার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীগণকে আকৃষ্ট করবার উদ্দেশ্যে এইসব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে—

(১) গেহান ব্যবস্থার প্রবর্তন—এই ব্যবস্থায় চাষী তাঁর স্থাবর সম্পত্তির ওপর বিশেষ তত্ত্বাবধানমূলক একটি সরল বিবৃতি দিলেই ঋণ দেওয়া হয়। ঋণের জন্য জমি বন্ধক রাখার প্রয়োজন হয় না।

(২) সম্ভাব্য ঋণগ্রহীতাকে হলফনামা দাখিল করার ঝামেলা থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

(৩) ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সময়মত ঋণ পরিশোধে উৎসাহিত করবার উদ্দেশ্যে ঐ চাষীগণকে সুদের টাকা অনুদান হিসেবে দেবার জন্য ব্যবস্থা সম্বলিত একটি প্রকল্প রচনা করা হয়েছে।

(৪) পূর্বে জমির মূল্য এবং উন্নয়ন ব্যয়ের ভিত্তিতে ঋণ দেবার যে পদ্ধতি প্রচলিত ছিল তার বদলে এখন খরচা বাদে পরিবর্ধনশীল আয়ের আট গুণ পর্যন্ত মূল্যাকে জমির দাম হিসেবে গণ্য করার ব্যবস্থা প্রবর্তিত হয়েছে।

'নাবার্ড' (ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচারাল অ্যাণ্ড রুরাল ডেভেলপমেণ্ট)-এর কাছ থেকে ধারাবাহিক পরিবর্ধনশীল হারে যাতে অর্থ সাহায্য সংগ্রহ করা যায় তার জন্য যথোপযুক্ত পরিকল্পনা রচনা করা হয়েছে। বিভিন্ন প্রকল্পে যে পরিমাণ অর্থ সংগ্রহের মাত্রা ধার্য করা হয়েছে তা এই রকম :

	প্রকল্পের নাম			সাহায্য সংগ্রহের পরিমাণ (লক্ষ টাকায়)
(১)	ক্ষুদ্র সেচ	...	...	৩৫৬৬·৮৮
(২)	খামার যান্ত্রিকীকরণ	...	...	২১৮·০৩
(৩)	বাগিচা / উদ্যান	...	...	৩২৩·৫৯
(৪)	মৎস্য	...	...	৫০২·২৯
(৫)	বলদ/বলদটানা গাড়ি	...	...	১০২·০০
(৬)	গোবর গ্যাস	...	...	২২·১৮
(৭)	গুটিপোকার চাষ	...	...	১১·৬০
(৮)	গোশালা উন্নয়ন	...	...	২৫·০৭

গত পাঁচ বছরে রাজ্য সরকার বিভিন্ন উদ্দেশ্যে ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে নিম্নলিখিত অর্থসাহায্য দিয়েছেন :

	১৯৭৭-৭৮	১৯৭৮-৭৯	১৯৭৯-৮০	১৯৮০-৮১	১৯৮১-৮২
(১) দীর্ঘমেয়াদী ঋণ (সম্ভাব্য বিপদের জন্য তহবিল, সুপারভাইজারদের জন্য ভরতুকি, শাখা অফিস ও টেকনিক্যাল সেলের জন্য ভরতুকি)	১৩.২৭	১৪.০৪	১৮.৫১	১৪.২২	১৩.৯৬
(২) ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলির দ্বারা বাজারে ঋণপত্র ছাড়ার জন্য রাজ্য-সরকার-এর সমর্থন (গ্যারান্টি)।	৯৬.২৫	৫২.৬১	৫৩.৪৯	৩৯.৫১	৫২.৫০

জুট কর্পোরেশন অব ইণ্ডিয়ার এজেন্ট হিসাবে বেনফেড এবং প্রাথমিক কৃষি বিপণন ও কৃষি সমিতিগুলি চাষীদের কাছ থেকে সরাসরি পাট কিনছে।

বছর		পরিপোষক মূল্যে ক্রীত গাঁট (১ বেল = ১৮০ কেজি)	বাণিজ্যিক ভিত্তিতে ক্রীত গাঁট
১৯৭৭-৭৮	...	৫,২১১	১,৪০,১৯০
১৯৭৮-৭৯	...	১,২৫,৭৭৫	—
১৯৭৯-৮০	...	১,৩৯,৬২৪	২৮,৯০৩
১৯৮০-৮১	...	১,৪৭,৯২৭	৮৫,৬২৬
১৯৮১-৮২	...	৩,৭৮,৮২০	—
১৯৮২-৮৩ (৬ মাসে)	...	১,৩০,০০০	৭৩,০০০

'বেনফেড' এবং প্রাথমিক সমিতিগুলি কাঁচা পাট কেনার ফলে ১৯৮১-৮২ সালে পাটের বাজার দর পরিপোষক মূল্যের ওপরে উঠে যায়। ১৯৮২-৮৩-তেও বেশির ভাগ সময়ে অবস্থা অনুরূপ ছিল।

গম এবং তৈলবীজ নিয়ে 'বেনফেড' এবং তার সহযোগী হিসাবে প্রাথমিক সমিতি-গুলি যে বাণিজ্যিক লেনদেন করেছে তার হিসেব এই রকম :

বছর			বাণিজ্যিক লেনদেন (লক্ষ টাকায়)
১৯৭৭-৭৮	...	...	৮৩·০০০
১৯৭৮-৭৯	...	...	৯২·০০০
১৯৭৯-৮০	...	...	৫৬·৩০০
১৯৮০-৮১	...	...	৬৫·৬৪০
১৯৮১-৮২	...	...	৩৭·৯৮০

১৯৮২-৮৩ সালের মরশুমে ১৯৮৩-র মার্চ পর্যন্ত গম সংগ্রহ করা হয় নি। প্রাথমিক সমিতিগুলির সহযোগিতায় বেনফেড ১৯৮২-৮৩ সালে ১৯.৫৮ লক্ষ টাকা মূল্যের ৩০৬ মে. টন তিল ও সর্ষে সংগ্রহ করে। ১৯৮১-৮২ সালে এই পরিমাণ ছিল যথাক্রমে ৬ ৩৩ লক্ষ টাকা ও ১০৭·০৬ মে. টন।

১৯৮২-৮৩ সালে ন্যাফেড-এর সহযোগিতায় বেনফেড দার্জিলিং জেলায় ৬৫ মে টন আদা সংগ্রহ করেছে। এছাড়া পরিপোষক মূল্যে এবং বাণিজ্যিক ভিত্তিতে ১৯৮৩-র মার্চ পর্যন্ত বেনফেড তার প্রাথমিক সমিতিগুলির সহায়তায় ৬,৫০০ মে. টন আলু সংগ্রহ করেছে। ১৯৮১-৮২ সালে কেবলমাত্র পরিপোষক মূল্যে ১৬৫ মে. টন

সংগৃহীত হয়েছিল। চলতি বছরে সংগ্রহের লক্ষ্যমাত্রা হচ্ছে ১৭,০০০ মে. টন। ১৯৮১-৮২ সালে যেখানে ১৫১'৩০ লক্ষ টাকা মূল্যে ৩০১৩.৫ মে. টন ডাল সংগ্রহ করেছিল, সেখানে এ বছর পর্যন্ত ১৮.৭৯২ লক্ষ টাকা মূল্যে ৫৩৭ ৮৬০ মে. টন ডাল সংগ্রহ করেছে।

গত ১৯৮১-৮২ মরশুমে ০.২৪ লক্ষ টাকা মূল্যে ২ মে. টন এলাচ সংগ্রহ করা হয়েছিল। এ বছর এখনো এলাচ সংগ্রহ করা হয় নি। বিষয়টি নিয়ে এখন খতিয়ে দেখা হচ্ছে এবছর কতখানি সম্ভাবনা আছে।

গত ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ মরশুমে বেনফেড ও তার সহযোগী সমিতিগুলি ধান সংগ্রহ করতে পারেনি। কারণ ধানের বাজার দর পরিপোষক মূল্যের ওপরে ছিল। তবে এই বছর ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের বীজ ধানের যোগান দেবার জন্য বেনফেড ৩৫১'৫ মে. টন ধান সংগ্রহ করেছে।

যদিও বিপণন সমবায়গুলি বহুবিধ কাজে লিপ্ত, তবু সার বণ্টনের কাজটি আজ তাদের কাজের মধ্যে মুখ্য স্থান অধিকার করে আছে। কৃষি ঋণকে যে দুটি ভাগে ভাগ করে বণ্টন করা হয়, সার বণ্টন তার মধ্যে অন্যতম, যার দায়িত্ব বিপণন সমিতিগুলোর ওপর ন্যস্ত আছে।

বৎসর ভিত্তিক সার বণ্টনের পরিমাণ ও মূল্যের একটি সারণী দেওয়া হল :

বছর		বিক্রয়ের পরিমাণ (মে. টন)	মূল্য (লক্ষ টাকায়)
১৯৭৭-৭৮	...	৭৬,৪৭১	১১৪৬.০০
১৯৭৮-৭৯	...	৭৫,৮৬৬	১১৭২.০০
১৯৭৯-৮০	...	৭১,০২০	১১২৮'৭০
১৯৮০-৮১	...	৫৬,৭৩৩	১৩০০'৬১
১৯৮১-৮২	...	৮৯,২৩৭	১১২৭'৪৫
১৯৮২-৮৩ (৩১-১২-৮২ পর্যন্ত)		৬৪,৯৩১	১৩৬৮'৩৫

১৯৮২-র জুন পর্যন্ত মোট ১১৫টি জুট বেলিং ইউনিট মঞ্জুর হয়েছে। ঐ সময়ের মধ্যে ৬২টির নির্মাণ কার্য শেষ হয়েছে। গত ৬ মাসের মধ্যে ১২টি নির্মাণ কার্য শেষ হয়েছে এবং ২০টির নির্মাণ কার্য চলছে। বাকী কটির কাজ শীঘ্রই আরম্ভ করা হবে।

গুদামঃ সমবায়ের ক্ষেত্রে বিপণন ও কৃষি সমিতিগুলি গুদাম তৈরীর ব্যবস্থা করছে। এন. সি. ডি. সি-র (ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট করপোরেশন) অর্থানুকূল্যে এরা সাধারণতঃ প্রতিটি ১০০ মে. টন ক্ষমতাযুক্ত গ্রামীণ

গুদাম ও প্রতিটি ২৫০ মে. টন ক্ষমতাযুক্ত প্রধান গুদাম তৈরী করে। এইসব গুদামে বীজ, সার. চাষের সরঞ্জাম ইত্যাদি মজুত করা হয়।

১৯৭৬-৭৭ সাল পর্যন্ত গুদাম মঞ্জুর হয়		গত ৫ বছরে প্রস্তুত হয় আরো	
গ্রামীণ	প্রধান	গ্রামীণ	প্রধান
৮১০	৩১৮	৫৭৮	৯১
ঐ সময় পর্যন্ত প্রস্তুত হয়			
গ্রামীণ	প্রধান		
৪২৯	১৯৯		

মজুত করার ক্ষমতা ঐ সময়ে বৃদ্ধিপ্রাপ্ত হয় মোট ৮০,৫৫০ মে. টন।

হিমঘর ঃ ১৯৭৭-৭৮ সালে মোট ৮০০০ মে টন ক্ষমতাযুক্ত যে ৩টি হিমঘর তৈরী হয় তার ফলে ঐ সময় পর্যন্ত প্রস্তুত মোট ১০টি হিমঘরের ধারণ ক্ষমতা হয় ২০,৪০০ মে টন। তারপর থেকে ১৯৮০-৮১ পর্যন্ত গড়ে প্রতিটি ৪০০০ মে. টন ক্ষমতাযুক্ত আরো চারটি হিমঘর নির্মাণের জন্য সরকারী সাহায্য মঞ্জুর করা হয়েছে এবং এগুলি নির্মাণের কাজ শেষ হয়ে গেছে। ১৯৮০-৮১ সাল থেকে ৫ বছরে আরো ৪৫টি হিমঘর তৈরীর জন্য এন সি ডি সি-১ ও 'ইডা'র অর্থানুকূল্যে পাওয়া যাবে। ১৯৮২-৮৩ সালের মধ্যে প্রথম কিস্তিতে ২২টি ইউনিটের কাজ আরম্ভ হবে। ১৯৮৩-র জুনের মধ্যেই ১১টি ইউনিটের ব্যয় মঞ্জুর হবে বলে ঠিক হয়েছে। ১৯৮১-৮২ সালে মোট ৩৬০০০ মে. টন ক্ষমতাযুক্ত ৯টি হিমঘর তৈরীর কাজ শেষ হয়েছে। ফলে এ পর্যন্ত নির্মিত মোট ২০টি হিমঘরের ধারণ ক্ষমতা হল ৬০ হাজার ৪০০ মে. টন।

চালকল ঃ রাজ্যের ১০টি চালকলকে পুনরুজ্জীবিত করার কাজ হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে ৯টির কাজ শেষ হয়ে গেছে এবং বাকী ১টির কাজও শীঘ্রই শেষ হবে আশা করা যায়। এই চালকল সমবায়গুলিকে স্থানীয়ভাবে সংগৃহীত ধান দিয়ে কাজে লাগানো হবে বলে স্থির হয়েছে। ১৯৮৩-র ফেব্রুয়ারি পর্যন্ত ধানকলগুলি উৎপাদকের কাছ থেকে ৬৬৫ মে. টন ধান ক্রয় করেছে।

ক্রেতা সমবায়

রাজ্য সরকার নিম্নলিখিত ব্যাপারে ক্রেতা সমবায়গুলিকে আর্থিক সাহায্য দান করেন :

(ক) দোকান ঘরের জন্য অংশীদারী মূলধন ঋণ।

(খ) আসবাবপত্র ও সাজ সরঞ্জাম কেনার জন্য ঋণ ও অনুদান।

(গ) ঘাটতি ভিত্তিক পরিচালন ব্যয় অনুদান।

(ঘ) ঔষধের দোকান খোলার জন্য অনুদান।

(ঙ) কেন্দ্রীয় সরকার ও এন সি ডি সি-র সঙ্গে রাজ্য সরকার নিজস্ব সাহায্যের অংশ দিয়ে দুর্বল পাইকারী ক্রেতা সমিতিগুলির পুনর্গঠনে অংশীদারী মূলধন, ঋণ এবং অনুদান দিয়ে থাকেন।

(চ) আঞ্চলিক বণ্টনকেন্দ্র স্থাপনে আর্থিক সাহায্য দান।

(ছ) পরিবহণের জন্য গাড়ী কেনার সাহায্য করা।

(জ) এন সি ডি সি এবং কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুসারে গ্রামাঞ্চলে ভোগ্যপণ্য সরবরাহে সমিতিগুলিকে আর্থিক সাহায্য দান।

বিগত ৫ বছরে রাজ্য সরকার পরিকল্পনা খাতে ক্রেতা সমবায়ের জন্য যত টাকা ব্যয় করে তার হিসেব নীচে দেওয়া হল :

পরিকল্পনা খাতে রাজ্য সরকারের ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকা)

	১৯৭৭-৭৮	১৯৭৮-৭৯	১৯৭৯-৮০	১৯৮০-৮১	১৯৮১-৮২
শহরাঞ্চলীয় কার্যসূচী	৫২.১৪	৬৬.৪৬	৭৫.৯৮	৪১.৫০	৩১.৩৪
গ্রামীণ ...	৪.৪১	৪.৫৪	৬.৭৫	৫.৯৭	৩.৫১

ভোগ্যপণ্য সরবরাহে পাইকারী ক্রেতা সমিতি এবং তাদের সহযোগী সমিতিগুলি কতখানি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে সে সম্পর্কে নীচের তালিকা থেকে একটি স্বচ্ছ ধারণা পাওয়া যাবে :

বছর	কার্যকর প্রকল্পের সংখ্যা	প্রধান সমিতিকৃত ভোগ্যপণ্য লেনদেন লক্ষ টাকা	কার্যরত প্রাথমিক সমিতির সংখ্যা	প্রাথমিক সমিতিকৃত ভোগ্যপণ্যের লেনদেন লক্ষ টাকা
১৯৭৭-৭৮ ...	১৪	২১৩.৪৬	৪৪৫	৪৮.৬৪
১৯৭৮-৭৯ ...	৩৯	২৭৮.০১	৫০০	১০০.৬৪
১৯৭৯-৮০ ...	৫৭	৪৭২.৯১	৫৫৮	২০৭.৮৬
১৯৮০-৮১ ...	৯৫	৭৬২.৭৮	৬১৭	৩১৯.১৪
১৯৮১-৮২ ...	১০৩	১৫৬২.৮২	১০১৫	৫৬৩.৩৫

বিগত ৫ বছরে (১-৭-৭৭ থেকে ৩০-৬-৮১) পাইকারী ক্রেতা সমবায় সমিতিগুলিকে এবং কিছু কিছু নির্বাচিত প্রাথমিক সমিতিকে বিভাগীয় বিপণি খোলার জন্য,

বৃহদাকার ও ক্ষুদ্রাকার খুচরো বিক্রয় কেন্দ্র এবং জনতা বিপনি খোলার জন্য এবং এ ছাড়াও রুগ্ন ও দুর্বল পাইকারী ক্রেতা সমিতিকে পুনরুজ্জীবিত করবার জন্য রাজ্য সরকার যে আর্থিক সহায়তা দান করেছেন তার হিসেব নীচের সারণীতে পাওয়া যাবে :

বছর		এন সি ডি সি সাহায্যের পরিমাণ	সরকারী সাহায্যের পরিমাণ (লক্ষ টাকায়)	
			কেন্দ্রীয়	রাজ্য
১৯৭৭-৭৮	..	...	৩৫.০৩৫	৫৬.৫৫
১৯৭৮-৭৯	...	৮১.১০	৫৪.৫৩০	৭০.০০
১৯৭৯-৮০	...	১৩.৪১	৫.৬৪০	৮২.৭৩
১৯৮০-৮১	...	৩৬.২২	০.৯৩০	৪৭.৪৭
১৯৮১-৮২	...	১৭.৫৬	*	৩৮.৬৬

উল্লিখিত সময়ের মধ্যে ঐ আর্থিক সহায়তা দিয়ে নিম্নলিখিত বিপণিসমূহ খোলা হয়েছে :

(১) জনতা বিপণি—১০২টি মঞ্জুর হয়েছে ; ৬৭টি খোলা হয়েছে।
(২) বৃহদাকার খুচরো বিক্রয় কেন্দ্র ৪৫টি মঞ্জুর হয়েছে ; ৩৬টি খোলা হয়েছে।
(৩) ক্ষুদ্রাকার খুচরো বিক্রয় কেন্দ্র ২২টি মঞ্জুর হয়েছে ; ১৫টি খোলা হয়েছে।
(৪) বিভাগীয় বিপণি ৪টি মঞ্জুর হয়েছে ; ১টি খোলা হয়েছে।

নিম্নলিখিত কারণগুলির জন্যই (প্রধানতঃ) মঞ্জুরীকৃত হওয়া সত্ত্বেও সব বিপণি খোলা সম্ভব হয় নি :

(১) সমিতিসমূহে কর্মচারী নিয়োগে বিধিনিষেধ আরোপ।
(২) পর্যাপ্ত পরিমাণে বিক্রয় করার স্থানের অভাব।
(৩) সংশ্লিষ্ট সমিতিগুলির পরিচালন সমিতিগুলির পক্ষ থেকে যোগ্য প্রচেষ্টার অভাব।

যাই হোক, সংশ্লিষ্ট সহ-নিবন্ধকগণকে বিপণিগুলিকে আগামী জুন মাসের মধ্যে খোলার ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ দেওয়া হয়েছে।

'কনফেড'-এর নির্বাচন অনুষ্ঠিত হয় গত ২৬-৯-৮২ তারিখে। কিন্তু কলকাতা হাইকোর্টের নিষেধাজ্ঞা থাকায় এ ব্যাপারে আর অগ্রসর হওয়া যাচ্ছে না।

* কেন্দ্রীয় সরকারের কাছে ৩২.৬৪ লক্ষ টাকার প্রকল্প থাকলেও কিছুই মঞ্জুর হয় নি।

সমবায় আবাসন

গত পাঁচ বছরে সমবায় আবাসনের অগ্রগতির চিত্র ছিল এই রকম :

		৩০-৬-৭৭ তারিখ পর্যন্ত	১-৭-৭৭ থেকে ৩০-৬-৮২ পর্যন্ত	১-৭-৮২ থেকে ৩১-১২-৮২ পর্যন্ত
(১)	প্রাথমিক আবাসন সমিতি রেজিষ্ট্রিভুক্ত হয়েছে	৬৯৫	৬০৫	৫০
(২)	শীর্ষ আবাসন সমিতির সঙ্গে কতগুলি প্রাথমিক সমিতি সম্বন্ধীকৃত হয়েছে—			
	(ক) শহরাঞ্চলে ...	১৫১	৭০	...
	(খ) গ্রামাঞ্চলে ...	৬৪	২৭৯	...

		৩০-৬-৭৭ তারিখ পর্যন্ত	১-৭-৭৭ থেকে ৩০-৬-৮২ পর্যন্ত	১-৭-৮২ থেকে ৩১-১২-৮২ পর্যন্ত
(৩)	শীর্ষ সমিতির সঙ্গে সম্পর্ক যুক্ত প্রাথমিক সমিতি যতগুলি বাড়ী বা ফ্ল্যাট তৈরী করেছে	৩০৯৪	৫৬০৩	১০১
(৪)	শীর্ষ সমিতি অংশীদারী মূলধন হিসেবে যত টাকা পেয়েছে—			
	(ক) রাজ্যসরকারের কাছ থেকে	৮০.৪০ লক্ষ টাকা	৮৫.০০ লক্ষ টাকা	...
	(খ) প্রাথমিক সমিতিগুলির কাছ থেকে	৪৬.৩৭ "	৮০.৬৩ "	..
(৫)	শীর্ষ আবাসন সমিতিকে রাজ্যসরকার প্রদত্ত পরিচালন বাবদ ভরতুকী	০.১৫ "	৪.১০ "	..
(৬)	রাজ্যসরকার প্রদত্ত গ্যারান্টির ভিত্তিতে এল আই সিকর্তৃক শীর্ষ সমিতিকে মঞ্জুরীকৃত ঋণ।	৯১০.০০ "	১,৫০০.০০ "	**

** শীর্ষ আবাসন সমিতি (ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ হাউসিং ফেডারেশন) এল আই সি থেকে চলতি আর্থিক বছরে ৩ কোটি টাকা ঋণ পেয়েছে সরকারী গ্যারান্টির ভিত্তিতে। ঐ টাকা ১৯৮৩-র মার্চ মাসের শেষে পাওয়া গেছে বলে এই কলমে বৃদ্ধি দেখান যায় নি।

আবাসন সমিতির সঙ্গে যুক্ত সাধারণ সদস্য সংখ্যার বছরভিত্তিক হিসেব এই রকম :

বছর			সদস্য সংখ্যা (ক্রমবর্ধমান)
১৯৭৬-৭৭	...	.	৪৩,৮৪৯
১৯৭৭-৭৮	...	...	৪৪,৮৮৬
১৯৭৮-৭৯	...	...	৪৭,৩০৭
১৯৭৯-৮০	...	...	৫০,৩০০
১৯৮০-৮১	...	...	৫৩,২০২
১৯৮১-৮২	...	...	৫৫,৩০৪

দুগ্ধ সমবায়

পশ্চিমবঙ্গে এ পর্যন্ত যে ৬টি মিল্ক ইউনিয়ন বা কেন্দ্রীয় দুগ্ধ সমবায় সমিতি গঠিত হয়েছে সেগুলি হল ঃ

(১) দার্জিলিং জলপাইগুড়ি ও পশ্চিম দিনাজপুর জেলায়—হিমালয়ান কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ (হিমুল)।

(২) মুর্শিদাবাদ জেলায়—ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ।

(৩) নদীয়া জেলায়—কিষাণ কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ।

(৪) মেদিনীপুর জেলায়—মিড্‌নাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ।

(৫) হুগলী, বর্ধমান ও হাওড়া জেলায়—দামোদর কো-অপরারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ।

(৬) মালদা জেলায়—অনুরূপ একটি।

এই ৬টি মিল্ক ইউনিয়নের সঙ্গে জড়িত আছে প্রায় ৬০০ প্রাথমিক দুগ্ধ উৎপাদন সমিতি। এগুলি অপারেশন ফ্লাড-২ প্রকল্পের অধীন। এই প্রকল্পের জন্য প্রায় ৩৯ কোটি টাকা ব্যয় করার কথা আছে। প্রায় ৬ লক্ষ গো-পালক এই প্রকল্পের দ্বারা উপকৃত হবেন আগামী ৫ বছরে।—এই সময়ে আরও ১টি মিল্ক ইউনিয়ন সহ প্রায় ২,০০০ প্রাথমিক ডেয়ারী সমিতি চালু করা হবে বলে আশা করা যায়।

অ-কৃষি ঋণদান সমিতি

সরকারী অফিস, কলকারখানা, সওদাগরি অফিস, স্কুল-কলেজ ইত্যাদি প্রতিষ্ঠানের কর্মচারীদের দ্বারা গঠিত অ-কৃষি ঋণদান সমিতিগুলি এই রাজ্যে একটি

উজ্জ্বল ভূমিকা পালন করছে। অন্যান্য সব রকমের সমবায়ের তুলনায় এই জাতীয় সমবায়গুলি কেমলমাত্র এই রাজ্যেই প্রথম স্থান অধিকার করে নি—সমগ্র পূর্বাঞ্চলের মধ্যে এরা নেতৃস্থানে রয়েছে। ১৯৮২-র ৩০ জুন পর্যন্ত এই সমিতিগুলির কার্যকলাপের চিত্র নীচে দেওয়া হল :—

(১) মোট সমবায়ের সংখ্যা	...	১,০৫১
(২) সভ্যসংখ্যা (মোট)	...	১৪ লক্ষ ৮২ হাজার
(৩) মোট পেড-আপ শেয়ার ক্যাপিটাল	...	২২ কোটি ৯১ লক্ষ টাকা
(৪) ওয়ার্কিং ক্যাপিটাল	...	১৫৫ কোটি ৬২ লক্ষ টাকা

বিশেষ উল্লেখযোগ্য ঘটনা হল এই যে, সমবায় সূত্রে মোট যত টাকা সঞ্চয় খাতে জমা হয় তার ৮০ শতাংশই এইসব অ-কৃষি ঋণদান সমিতি কর্তৃক সংগৃহীত। কলকাতা শহরসহ পশ্চিমবঙ্গের অন্যান্য শহর ও গ্রামাঞ্চলে যেসব এলাকায় এরকম সমবায় গঠিত হয় নি সেখানে এ ধরনের সমিতি গড়ার উদ্যোগ নেওয়া হচ্ছে।

মৎস্যজীবী সমবায়

রাজ্য সমবায় মৎস্যজীবী ফেডারেশন এবং প্রাথমিক সমিতিগুলিকে গত কয়েক বছরে যে সাজসরঞ্জাম দেওয়া হয়েছে তার চিত্রটি ছিল এই রকম :—

বছর			সাজসরঞ্জাম (লক্ষ টাকায়)
১৯৭৯-৮০	...	...	১৪.৫৩
১৯৮০-৮১	...	...	৩০.৯২
১৯৮১-৮২	...	...	২১.১৫

ফেডারেশন গত ৬ মাসে প্রায় ৫৩ লক্ষ টাকার ব্যবসা করেছে।

এ রাজ্যে যে ৭৫০টির মত মৎস্যজীবী সমবায় আছে তার মধ্যে প্রায় ২০০টিকে স্বনির্ভর করে তুলবার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে অন্যান্যদের সাথে ডায়মণ্ডহারবায় ও বনগাঁয় অবস্থিত কেন্দ্রীয় মৎস্যজীবী সমিতিগুলিকে পুনরুজ্জীবিত করা হয়েছে। গত বছরে এই সমিতি দুটি ফেডারেশনের নেতৃত্বে ব্যবসা করে লাভ অর্জন করতে পেরেছে।

শিল্প সমবায়

রাজ্যের অসংগঠিত শ্রমিকদের মধ্যে বেকারত্ব ঘুচাবার জন্য লেবার কনট্রাক্ট সোসাইটি গঠনে উৎসাহ দেওয়া হচ্ছে। ১৯৮২-৮৩ সালে এসব সমিতিকে সাহায্য দেবার জন্য ১ লক্ষ টাকার সংস্থান করা হয়েছে।

এ ছাড়া রিক্সাচালক সমিতি ও অন্যান্য পরিবহণ সমিতি সংগঠিত করার ব্যাপারেও রাজ্য সরকার যথেষ্ট সচেতন আছেন। এই উদ্দেশ্যে মোট ১ লক্ষ ৭৫ হাজার টাকার সাহায্য দেবার সংস্থান রাখা হয়েছে।

এ ছাড়া সিনেমা শিল্প সমবায় গঠন করার ব্যাপারেও রাজ্য সরকার উদ্যোগ নিচ্ছেন। এই উদ্দেশ্যে টেকনিশিয়ান, শিল্পী ও অন্যান্য কর্মীদের নিয়ে গঠিত সমিতিকে সাহায্য দিতে চলতি আর্থিক বছরে ৫০ হাজার টাকার সংস্থান করা হয়েছে। চা-বাগিচা সমবায় সমিতিকে সাহায্য দেবার জন্য ও প্রাথমিকভাবে ৫০ হাজার টাকার সংস্থান চলতি বছরে করা হয়েছে। হুগলী নদী জলপথ পরিবহণ নামে একটি সমবায় সমিতি গঠন করা হয়েছে। হাওড়া ও কলকাতার মধ্যে লঞ্চ চালনাই এই সমিতির কাজ।

গ্যাঞ্জেস্ প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরি নামের একটি শিল্প সংস্থা উঠে যাবার উপক্রম হলে ঐ সংস্থার কর্মচারীদের দ্বারা একটি শিল্প সমবায় সমিতি গঠন করে সংস্থাটিকে বাঁচিয়ে তোলা হয়। আশা করা যাচ্ছে, কয়েক বছরের মধ্যে সমিতিটি স্বনির্ভর হয়ে উঠবে।

এলভক্ (প্রাইভেট) লিঃ সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তর কর্তৃক রুগ্ন বলে চিহ্নিত হয়েছিল। এটির উচ্চ দক্ষতাসম্পন্ন টেকনিশিয়ানগণকে নিয়ে একটি সমবায় গঠন করা হয়, যার সদস্যসংখ্যা ১০০। এই নবগঠিত সমিতিটি ব্যাটারি চার্জার, ট্রান্সফরমার, ব্যাটারী এলিমিনেটর, ভোল্টেজ স্ট্যাবিলাইজার প্রভৃতি তৈরী করছে। এটিকে ১ লক্ষ টাকা কার্যকর মূলধন দেওয়া হয়। ১৯৮০-র জানুয়ারী থেকে এটি উৎপাদন আরম্ভ করে। অনুরূপভাবে ১৯৭৯ সালে অন্নপূর্ণা মেটাল ওয়ার্কস সংস্থাটিকে একটি সমবায় সংস্থায় রূপান্তরিত করা হয়। অ্যালকালয়েড আর একটি অনুরূপ সমবায়। এটিও উৎপাদন করে চলেছে।

এ ছাড়া ওয়েস্ট বেঙ্গল স্টেট টেকনিসিয়ানস্ ইণ্ডাষ্ট্রীয়াল কো-অপারেটিভ সোসাইটি নামে একটি সমিতিকে অতিরিক্ত কর্মনিযুক্তি কর্মসূচীর আওতায় সংগঠিত করা হয়েছে। সম্প্রতি ইউনাইটেড কমার্শিয়াল্ ব্যাঙ্ক থেকে এটিকে ১০ লক্ষ ৫০ হাজার টাকা মঞ্জুর করা হয়।

বেকার ইঞ্জিনীয়ারদের সমবায়

এ রাজ্যে বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতিগুলির অগ্রগতির চিত্র নীচের সারণীতে দেওয়া হল :—

(১) ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত এসব সমিতির সংখ্যা ... ৪৮৫ টি

(২) বিগত ৫ বছরে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ... ৫২৮ টি

(৩) ১৯৭৬-৭৭ থেকে ১৯৮১-৮২ সাল পর্যন্ত এসব সমিতি কাজ করেছে ... ৬৭৫.১৮ লক্ষ টাকার

(৪) উল্লিখিত সময়ে রাজ্য সরকার এগুলিকে অর্থ সাহায্য দিয়েছেন ... ৫.৯৯ লক্ষ টাকা

(৫) চলতি আর্থিক বছরের জন্য বরাদ্দ ... ২.৫০ লক্ষ টাকা

সমবায় শিক্ষা ও প্রশিক্ষণ

সমবায় শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমের চিত্রটি গত ৫ বছর ছিল এই রকম :

		১৯৭৭-১৯৭৮	১৯৮১-৮৩
১।	শিক্ষণ কেন্দ্রের সংখ্যা ...	৪	৬
২।	সদস্য শিক্ষণ কর্মসূচী রূপায়ণের জন্য নিযুক্ত সমবায় শিক্ষকের সংখ্যা ..	১৩ জন	২০ জন
৩।	এর মধ্যে মহিলা শিক্ষকের সংখ্যা ...	...	৪ জন

৪। গত ৫ বছরে এঁরা শিক্ষণ দান করেছেন যাঁদেরকে তাঁদের মধ্যে—

(ক) সাধারণ সদস্যের সংখ্যা ৫৮,৫৮৮

(খ) পরিচালন সমিতির সদস্য সংখ্যা ১২,৬৬১

পশ্চিমবঙ্গে যে ৬টি প্রশিক্ষণ কেন্দ্র আছে সেগুলি হল :—

(১) উত্তরপাড়া

(২) ঝাড়গ্রাম

(৩) কালিম্পং

(৪) বরগুল

(৫) হেতমপুর

(৬) জলপাইগুড়ি

এর মধ্যে হেতমপুর এবং জলপাইগুড়ি কেন্দ্র দুটি প্রথম বামফ্রন্ট সরকারের আমলে চালু করা হয়েছে।

রাজ্য সমবায় ইউনিয়নের পরিচালন ব্যবস্থা ন্যস্ত ছিল একটি প্রশাসন বোর্ডের ওপর। প্রথম সাধারণ সভা হয় ৯-১২-৭৮ তারিখে। ঐ তারিখে ঐ সভায় অন্যান্য বিষয়ের সঙ্গে পরিচালন সমিতিও নির্বাচিত হয়। সেই থেকে নিয়মিত বাৎসরিক সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে। সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়, ৪-৯-৮২ তারিখে।

এ ছাড়া রাজ্য সমবায় ইউনিয়নের সঙ্গে সম্বন্ধীকৃত ২০টি জেলা ইউনিয়নগুলিতে যে যে তারিখে নির্বাচন হয়েছে তার একটি তালিকা নীচে দেওয়া হল :—

১।	বর্ধমান-১	...	...	৩-৭-৮১
২।	কলকাতা	...	...	২৩-১২-৮২
৩।	দক্ষিণ ২৪-পরগনা	...	...	৬-৩-৮২
৪।	নদীয়া	...	...	২৯-৬-৮০
৫।	কণ্টাই	...	...	১৭-২-৮১
৬।	দার্জিলিং	...	...	১৭-১-৮২
৭।	বর্ধমান-২	...	...	১০-১০-৮২
৮।	মালদা	...	...	৭-৩-৮২
৯।	পুরুলিয়া	...	...	২৯-৬-৮২
১০।	উত্তর ২৪ পরগনা	...	...	২৯-১১-৮২
১১।	হুগলী	...	...	২২-৯-৮২
১২।	বাঁকুড়া	...	...	১২-৩-৮২
১৩।	জলপাইগুড়ি	...	...	১১-৩-৮১
১৪।	হাওড়া	...	...	৪-৭-৮২
১৫।	তমলুক, ঘাটাল	..	...	৬-১২-৮১
১৬।	বীরভূম	...	...	৭-২-৮২
১৭।	মুর্শিদাবাদ	...	...	২৩-৫-৭৮ থেকে প্রশাসক বোর্ডের অধীন
১৮।	পশ্চিম দিনাজপুর	...	...	প্রশাসক বোর্ডের অধীন
১৯।	কুচবিহার	...	...	২-২-৮৩
২০।	মেদিনীপুর	...	...	২১-৩-৮২

রাজ্য সমবায় ইউনিয়ন ১৯৭৭-৭৮ সালে প্ল্যাটিনাম জয়ন্তী উৎসবে খুব ব্যস্ত ছিল। ওতে নিম্নলিখিত বিষয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয় :—

(১) রাজ্য স্তরের আলোচনাচক্র—পাহাড়ী এলাকা বিষয়ে।

(২) মহিলা সমবায় সম্পর্কে আলোচনাচক্র।

(৩) সমবায় ও পঞ্চায়েত সম্পর্কে আলোচনাচক্র।

(৪) অত্যাবশ্যক পণ্য বন্টনে সমবায়ের ভূমিকা বিষয়ে আলোচনাচক্র।

(৫) স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে সমবায়ের অন্তর্ভুক্তি বিষয়ে আলোচনাচক্র।

(৬) মৎস্যজীবী সমবায়ের ভূমিকা বিষয়ে আলোচনাচক্র।

চলতি বছরের ১৭-১২-৮২ থেকে ৪-১-৮৩ পর্যন্ত সমবায় ও পল্লী উন্নয়ন বিষয়ে কলকাতা ময়দানে এক বিরাট মেলা ও প্রদর্শনী করা হয়। সমবায় বিষয়ে ভারতে অনুষ্ঠিত মেলা ও প্রদর্শনীগুলির মধ্যে এটি অন্যতম বৃহত্তম মেলা বলে গণ্য হয়।

চলতি বছরে সমবায় প্রশিক্ষণ কেন্দ্রের পাঠ্যপুস্তক হিসেবে নিম্নলিখিত বইগুলি প্রকাশিত হয়:—

১। সেলস্‌মান সহায়ক।

২। সমবায় সমিতি নিরীক্ষা পদ্ধতি।

৩। মার্কসীয় দৃষ্টিতে সমবায়।

৪। সমবায় নীতি ও পরিকল্পিত উন্নয়ন।

৫। পশ্চিমবঙ্গ সমবায় আইন ও তার প্রয়োগবিধি।

৬। সমবায় হিসাব রক্ষণ পদ্ধতি।

৭। রি-অর্গানাইজেশন অব রুরাল ক্রেডিট ইন ওয়েস্ট বেঙ্গল।

৮। সমবায় ও কৃষক আন্দোলন।

৯। মুভমেণ্ট অ্যাট এ গ্লান্স।

১০। অ্যাবাউট আওয়ারসেলভস।

১১। ফেয়ার গাইড।

১২। অ্যাপিল অব দি চীফ মিনিস্টার।

১৩। অ্যান অর্গানাইজেশন ফর ফারদার‍্যান্স অব কো-অপারেটিভ মুভমেণ্ট।

১৪। প্রাথমিক সেবা সমিতির সদস্যদের জন্য বিভিন্ন ধরনের সরকারী সহায়তা।

১৫। গাইড টু কো-অপারেটিভ ইনস্ট্রাক্টরস্।

১৬। হ্যাণ্ড আউট ফর কো-অপারেটিভ ইনস্ট্রাক্টরস্।

১৭। সমবায় শিক্ষা ১, ২, ৩, ৪।

নির্বাচন

প্রাথমিক, কেন্দ্রীয় ও রাজ্য-শীর্ষ, সর্বস্তরে সমবায় সমিতির নির্বাচন যাতে সময় মত হয় তার জন্য চেষ্টা করা হচ্ছে। রাজ্য সমবায় ইউনিয়ন ও রাজ্য ক্রেতা সমবায় মহাসঙ্ঘের (কনফেড) নির্বাচন সম্পন্ন হয়েছে।

রাজ্য সমবায় ব্যাঙ্কের মত কয়েকটি সংস্থায় আদালতে মামলার দরুন নির্বাচন করা যায় নি।

পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের নির্বাচন সম্পন্ন করার পথে একটি বিরাট

বাধা দেখা দেয়। গত ২৪-৯-৮১ তারিখে একটি সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কি
ম্যানেজিং কমিটির ২৭ জন সদস্যের মধ্যে ৬ জনের বেশী নির্বাচিত হতে পারেন নি
বাকী সদস্যগণ ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ায় নির্বাচনে অংশ গ্রহণ করতে পারেন নি
ফলে ঐ ব্যাঙ্কে আবার বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে হয়।

নতুন সমবায় আইন

পরিশেষে সমবায় আইনের নবতম সংশোধন সম্পর্কে দু-একটি তথ্য পরিবেশন করা হচ্ছে :—

(১) সমিতি রেজিস্ট্রেশন বিষয়ে অনেক সময় বিঘ্ন সৃষ্টি হয়। কোন বিশেষ পরিস্থিতিতে যাতে এ ধরনের ব্যাপার স্বতঃই একটি রেজিস্ট্রেশন কাউন্সিলের কাছে স্থানান্তরিত হয় সেরকম বিধান করা হয়েছে।

(২) সমবায় আইনে কো-অপারেটিভ ইলেকশন অথরিটি এবং কো-অপারেটিভ সার্ভিস কমিশন গঠনের বিধান রাখা হয়েছে।

(৩) অন্যূনপক্ষে ১০ জন কর্মী থাকলেই সেই রকম সমবায় সংস্থার পরিচালন সমিতিতে কর্মীদের প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হয়েছে।

(৪) কোন প্রাথমিক কৃষি-সমিতি যে পঞ্চায়েত এলাকায় কাজ করছে সেই পঞ্চায়েতের প্রতিনিধিত্ব থাকতে পারবে ঐ কৃষি-সমিতিতে।

(৫) আইনের একটি বিশেষ পরিচ্ছেদে শুধু মাত্র আবাসন সমিতি বিষয়ে বিধান রয়েছে।

(৬) সমবায় আইনের অধীনে বিবাদ নিষ্পত্তি দ্রুততর করতে কলকাতা শহরাঞ্চলের জন্য একটি আরবিট্রেটর্স-কোর্ট স্থাপন করার বিধান রাখা হয়েছে। এতে একজন প্রধান আরবিট্রেটর থাকবেন।

(৭) দুর্নীতির দায়ে অভিযুক্ত ব্যক্তিকে শাস্তিদানের জন্য এই আইনে বিধান রাখা হয়েছে।

এ ছাড়া সমবায় কর্মচারীদের জন্য যে পে-কমিটির সুপারিশ পাওয়া গেছে সে বিষয়ে শীঘ্রই সিদ্ধান্ত নেওয়া হবে। কর্মচারীদের জন্য অন্যান্য সুযোগের মধ্যে রয়েছে কর্মরত অবস্থায় মৃত্যু হলে পরিবারের কোন লোককে বিকল্প চাকুরি দেওয়া এবং লোক নিয়োগের ক্ষেত্রে নীচের স্তরের সমিতির জন্য ১০ শতাংশ আসন সংরক্ষণ।

Mr. Speaker : All the cut motions are in order and are taken as moved.

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

Shri Subrata Mukhopadhyay : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Dr. Sukumar Roy : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন আমি সেটার তীব্র বিরোধিতা করছি। বিরোধিতা করতে গিয়ে আমি একটি কথা বলছি মাননীয় মন্ত্রী মহাশয় যেটা নিজে স্বীকার করেছেন আগেকার বক্তৃতায়, কিন্তু এখন অবশ্য তিনি কথাটা উল্টে দেবেন কিনা জানি না। এ্যাঙ্গেল, কার্ল মার্কস এবং লেনিন বলে গেছেন যে, সমবায় ছাড়া সমাজতন্ত্র ঠিকভাবে এগোতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের যে কমিউনিষ্ট চিন্তাধারা আজকে সবচেয়ে বেশী প্রতিষ্ঠিত এবং সেই কমিউনিষ্ট নেতার চিন্তাধারায় সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার কথা আমরা ভেবেছিলাম, সেই চিন্তাধারায় আজকে পশ্চিমবাংলার মানুষকে এগিয়ে নিয়ে যাবেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখলাম তা হয় নি। আমরা গান্ধীজীর আদর্শে আপনাদের চলতে বলছি না, সেই আদর্শে আপনারা এগিয়ে নিয়ে যেতে পারবেনও না। কিন্তু আপনাদের কার্ল মার্কস, লেনিন এবং এ্যাঙ্গেল যদি আজ বেঁচে থাকতেন তাহলে তাঁরা বিনয়ের সঙ্গে বলতেন যে, নির্মলবাবু যে সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য আমরা [illegible]বায় আন্দোলনের কথা ভেবেছিলাম সেটা আপনারা ধ্বংস করে দিচ্ছেন, নষ্ট [illegible]র দিচ্ছেন। সমবায় আন্দোলনের মানে মুষ্টিমেয় কয়েকটি মানুষ, তাদের [illegible]র্থ সাধিত হয়। সমবায়ের ক্ষেত্রে আপনারা সমভাবাপন্ন কিছু মানুষ, রাজনৈতিক [illegible]লের সঙ্গে যুক্ত, বামফ্রন্ট সরকারের সঙ্গে যুক্ত সমমনোভাবাপন্ন হয়ে চলতে [illegible]রে তাদেরই উন্নতিসাধন এই সমবায় আন্দোলনের মূল লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে, [illegible]তে পশ্চিমবঙ্গের মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা কিছু নেই এবং আগেও এইভাবে এগিয়ে নিয়ে যাওয়ার আপনারা চেষ্টা করেছেন।

পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন টোটালি বেসড হওয়া উচিত কৃষির উপর ডিপেণ্ড করে। কৃষির উন্নতি সাধনের জন্য সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য পরিকল্পনা করা উচিত ছিল। আমরা আশা করেছিলাম আপনারা সেইভাবে এগিয়ে নিয়ে যাবেন। সমবায়ের সাহায্য নেবার জন্য মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তরা এগিয়ে আসেন, জোতদাররা আসেন না। আজকে কো-অপারেটিভ সোসাইটির দলিল যদি দেখেন তাহলে দেখবেন আপনারা সরকারে আসবার পর যাঁরা ক্যাপিটালিষ্ট, ডিমরালিষ্ট কমিউনিষ্ট তাঁরা আপনাদের দ্বারা উপকৃত হচ্ছেন। অর্থাৎ সর্বহারা মানুষ, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তেরা কোন উপকার পাচ্ছে না। এ বিষয়ে আমি ২/১টি উদাহরণ দিতে পারি। আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং এ সম্বন্ধে লিখিত অভিযোগ, মাস পিটিশান আপনি পেয়েছেন। তারা লোন চাইতে গিয়ে আপনার দরজা থেকে ফিরে এসেছে। দলবাজী যেখানে হয়েছে সেখানে তা বলবো। আপনার ফিলড্ অফিসাররা, ইন্সপেক্টররা, কো-অপারেটিভ অফিসাররা আজ তাঁরা আপনার বিরুদ্ধে বলছেন। এই আমলে এই স্পেসিফিক ইনষ্টান্স গেছে যে, যারা পার্টি ফাণ্ডে চাঁদা দিতে পারবে না তাদের জন্য লোনের দরজা খোলা নেই। ফিলড্ অফিসাররা, ইন্সপেক্টররা কো-অপারেটিভকে যেখানে নিয়ে যাবার স্বপ্ন দেখছেন সেখানে এই অবস্থা। ফিলড্ অফিসার, ইন্সপেক্টরদের সঙ্গে আলোচনা করেছি, আপনিও হয়ত করেছেন, তাঁরা একটি কথাই বলছেন মন্ত্রী মহাশয় কম্প্রিহেনসিভ বিল আনার চেষ্টা করেছেন, কিন্তু এই বিল পশ্চিমবাংলায় কো-অপারেটিভ আন্দোলনের পথে বাধা সৃষ্টি করছে। ব্যাঙ্ক ম্যানাজারদের এই ভিউ। এই বিলের আলোচনার সময়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এটা শুধু তাঁদের ভিউ নয়, পশ্চিম বাংলার সব মানুষের ভিউ যে, তারা সমবায় আন্দোলনের মাধ্যমে গত ৩০ বছরে যতটুকুন উপকার পেয়েছিল আজ তারা তা পাচ্ছে না। আমি আপনার কাছে একজাম্পেল দিতে পারি, নাম বলে দেব যারা নিয়মিত ঋণ শোধ দিয়ে ১/৩ ফসল করবে বলে ডিপ্, শ্যালো টিউবওয়েলের জন্য সরকারী সংস্থা থেকে সাহায্যের জন্য আবেদন চেয়ে তা পায়নি এবং ফিরে এসেছে। এর একমাত্র কারণ হচ্ছে দলবাজী। টাকা শোধ করে টাকা পায় নি। (শ্রীনির্মল বসু: ২/১টা নাম বলতে পারেন।) অবিনাশপুরের শিশির ভাণ্ডারী। স্যার, আমাকে সময় দিলে আমি একঘণ্টা ধরে নাম বলতে পারি। মহম্মদ ফারুক, ধনঞ্জয়বাটি। আমি সমস্তগুলি এনড্রস করতে পারি—দি ডকুমেন্ট ইজ উইথ মি।

[2.20—2.30 P. M.]

আমি এই রকম নাম লিখিতভাবে জানাব। আজকে যে দুটো নাম বললাম দুটোই কংগ্রেস ক্যাণ্ডিডেট। তারা লোন শোধ দিয়েও আবার লোনের দরখাস্ত করে লোন পায় নি। আমি নাম দুটি বলার সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয় যে নাম দুটি নোট করে নিয়েছেন সেজন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ। ফরওয়ার্ড ব্লক এই দপ্তর নিয়ে নাড়াচাড়া করছে, কিন্তু নির্মলবাবু কি বলতে পারবেন কমপ্লিট জুরিসডিকশান আছে তাঁর নিজের ইচ্ছামত এই দপ্তরকে চালিয়ে নিয়ে যাওয়ার? নির্মলবাবু কোথাও অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলেছেন সি পি এম'র কর্মীদের অত্যাচারে তাঁরা এই দপ্তরকে এগিয়ে নিয়ে যেতে পারছেন না। স্যার, আজকে দুর্নীতি একটা ভোগ নাম। আজকে পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ সোসাইটিতে দুর্নীতি লিগ্যালাইজড হয়ে গেছে। আজকে দুর্নীতি কেউ যদি না করে থাকে তাহলে তার প্রোমোশন হবে না। দুর্নীতি না করলে কো-অপারেটিভ সোসাইটির কোন স্টাফ সার্টিফিকেট পাবে না। এই কো-অপারেটিভ ডিপার্টমেন্ট দুর্নীতিকে কমপ্লিটলি লিগ্যালাইজ করে দিয়েছে। আমি এগজাম্পল দিতে পারি, কিন্তু এগজাম্পল দিয়ে কোন লাভ হবে না। পশ্চিমবঙ্গের বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটির কর্মচারীরা গতদিন বিধানসভা অভিযানে এসেছিল, তারা একটা কথাই বললে যে, আজকে সমবায় আন্দোলনের পথে পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে অত্যন্ত বেদনার সঙ্গে বলব যে, আজকে এই সমবায় আন্দোলনের মাধ্যমে কৃষি বিপণন কেন্দ্র, বেকারদের শিল্পে প্রতিষ্ঠিত হবার সুযোগ হচ্ছে না। অনেক স্বপ্ন আমাদের কংগ্রেসী নেতারা দেখে গিয়েছিলেন, তাঁরা লিখিত দলিল করে গিয়েছিলেন যে, সমবায় আন্দোলনের মাধ্যমে পশ্চিমবঙ্গের মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত সমাজ উপকৃত হবে, সাধারণ মানুষ উপকৃত হবে, বেকার যারা তারা শিল্পে প্রতিষ্ঠিত হবে। যারা টাটা, বিড়লা ঘরের ছেলে নয়, যারা জ্যোতি বসু, সুনীতি চট্টরাজের ঘরের ছেলে নয়, তারা সমবায় আন্দোলনের মাধ্যমে জীবনে প্রতিষ্ঠিত হবে। পশ্চিমবঙ্গের বুকে ভারতবর্ষের বুকে মহান জননায়করা মহান ঋষিরা স্বপ্ন দেখেছিলেন যে, বিপণন কেন্দ্র কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে, কিন্তু সেই সমবায় আন্দোলন ঠিকভাবে এগোচ্ছে না। আপনার কাছে লিখিত অভিযোগ দিয়েছি, মৌনং সম্মতি লক্ষণম্, অভিযোগ পাওয়ার পর আপনি তার কোন প্রতিবাদ করেন নি। আমি বিনয়ের সঙ্গে বলছি মাননীয় নির্মলবাবু, আপনি এই দপ্তরে আছেন, আগামী দিনে নির্বাচনের সময় যদি বলেন যে, আমি এই দপ্তরে ছিলাম, কিন্তু

আমার উপরে ছিল এক্সট্রা কনষ্টিটিউশনাল এলাকার মানুষ, আমাকে ঠিকমত এই দপ্তর তারা পরিচালনা করতে দেয় নি, তাহলে পিপল উইল নট এক্সকিউজ ইউ।

আপনি যদি কিছু না করতে পারেন তাহলে রেজিগনেশন দিন, তীব্র প্রতিবাদ করুন, আমাদের দিকে চলে আসুন, প্রতিবাদের ঝড় তুলুন। আপনি পণ্ডিত লোক, আপনার চিন্তাধারা অত্যন্ত ভাল এটা অনেক ক্ষেত্রে আমরা দেখেছি। আমি এটাও জানি আপনার মনে ইচ্ছা আছে, কিন্তু তাকে বাস্তবে রূপ দিতে পারছেন না। এ বারে আমি বিনয়ের সঙ্গে নিবেদন করব শিল্প ক্ষেত্রে বেকারদের কি অবস্থা। আহমদপুর "অগ্রদূত" ক্লাবের পক্ষ থেকে খাদি বোর্ডের উদ্যোগে একটা কো-অপারেটিভ করবার জন্য রেজিষ্ট্রেশন অফিসে গিয়েছিল রেজিষ্ট্রী করবার জন্য। কিন্তু তাদের কি ফল ভোগ করতে হয়েছে, কি হয়রানি ভোগ করতে হয়েছে সেই খবরটা আশা করি আপনি ডিপার্টমেন্ট থেকে নেবেন। আমরা আশা করি বেকার যুবকরা কো-অপারেটিভ-এর মাধ্যমে ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলে এগিয়ে যাবে। কিন্তু বাস্তবে দেখছি সেই এগিয়ে যাবার ক্ষেত্রে কতগুলি বাধা আসছে। আপনি জানেন উইদাউট রেজিষ্ট্রেশন ইট ইজ নট পসেবল, কিন্তু দেখা যাচ্ছে রেজিষ্ট্রেশন করতে গিয়ে বাধা পাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যারা রেজিষ্ট্রেশন-এর সুযোগ পায় না তারা ট্রাইবুনালে যায় বিচারের আশায়। কিন্তু আপনি কি ব্যবস্থা করলেন? এইদিকে কতগুলি লোক বসে আছেন যাঁদের দিয়ে আপনি হয়ত এটা পাশ করিয়ে নেবেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি—এই ট্রাইবুনালের বিচারের কোন ক্ষমতা আছে কি? তাহলে হোয়াট ইজ দি ইউজ অফ দি কাউন্সিল? তাহলে আপনি কি সি. পি. এম. ব্যানারের লোকেদের কিছু মাইনে পাইয়ে দেবার জন্য এই রেজিষ্ট্রেশন কাউন্সিল করেছেন? থাক সেখানে সি. পি. এম, আর. এস. পি. এবং ফরওয়ার্ড ব্লকের লোক। কিন্তু তাদের কিছু জুডিশিয়াল পাওয়ার দিন। স্যার, আমরা দেখেছি গ্রাজুয়েট হবার পর ১১/১২ বছর ধরে বেকার হয়ে রয়েছে এবং সে যদি একটা আশা নিয়ে রেজিষ্ট্রেশন করতে যায় তখন তার কলকাতা-সিউড়ি, সিউড়ি-কলকাতা করতে করতে জুতোর শুকতলা শেষ হয়ে যায়। কাজেই কাম টু দি ইজি প্রসেস এবং এমন ব্যবস্থা করুন যাতে বেকার যুবকরা কিছুটা সুবিধা পায়। হোক্ না সে অন্য দলের লোক, কিন্তু সে তো সিটিজেন অব ইণ্ডিয়া এবং এটা তার ফাণ্ডামেন্টাল রাইট। আপনি তো তাদের ফাণ্ডামেন্টাল রাইট কার্টেল করতে পারেন না। ইণ্ডিয়ান কনষ্টিটিউশনে তাদের এই ফাণ্ডামেন্টাল রাইট দিয়েছে, রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে যে হার্ডেলগুলি রয়েছে সেটা অপসারণ করবার চেষ্টা করুন। আপনার উত্তর শুনে এরা হয়ত হাততালি

দেবে, কিন্তু তাতে পশ্চিমবাংলার সমবায় আন্দোলন এগিয়ে যাবে না, বরং পেছিয়ে পড়বে। একজন কংগ্রেস কর্মী হিসেবে আমি বীরভূমে দেখেছি খরার সময় অনেক জায়গায় ধান হয় নি, ফসল নষ্ট হয়েছে। যারা জোতদার নয়, যাদের হোর্ড করার ক্যাপাসিটি নেই, যারা হয়ত বছরে ৬ মাস চালাতে পারে তারা কিছু লোন পেয়েছে। আমি বলছি না তাদের লোন মকুব করে দিন। তবে এক্ষেত্রে যেটা ঘটেছে সেটা আপনার নজরে আনছি। মনে করুন একজন সি. পি. এম. মাইণ্ডেড লোক প্রচুর টাকা লোন নিয়েছে এবং একজন এ্যান্টি সি. পি. এম. প্রফেসরও লোন নিয়েছে। কিন্তু ঐ লোন আদায়ের ক্ষেত্রে দেখেছি প্রফেসরের বাড়ীতে গিয়ে লোনের টাকার জন্য গালাগালি করছে এবং অপরপক্ষে সি. পি. এমের লোক যে লোন নিয়েছে তাকে দেওয়া হচ্ছে কমপ্লিট প্রটেকশান।

[2.30—2.40 P. M.]

তাদের বাড়ীতে পুলিশ গেল না, তাদের বাড়ীতে ফিলড্ অফিসার গেল না। এইরকম বৈষমামূলক আচরণ চলছে। এতে মানুষের মনে কি ধারণা হবে? আজকে পশ্চিমবাংলায় সি. পি. এম. গভর্নমেন্ট চলছে। পশ্চিমবাংলার মানুষ জানে যে, সি. পি. এম. ছাড়া অন্য কেউ সাহায্য পাবে না এবং যদি পায় তাহলে সোনার পাথরবাটি হয়ে যাবে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আপনি কিছু জাস্টিস দেবার চেষ্টা করুন। আমি একথা বলবো না যে, খরার জন্য যে ঋণ দিয়েছেন সেটা মকুব করুন। কিন্তু যেখানে যেখানে খরা হয়েছে এবং যাদের সাহায্য বা ঋণ দিয়েছেন তাদের সি সি আর দেখুন, রেকর্ড দেখুন। অল্প জমি যাদের তারা ঋণ দিতে পারছে না। আপনি তাদের সঙ্গে একটু ভাল বিহেভিয়ার করুন দলবাজী না করে। তারা হয়তো এই ফাইনানসিয়াল ইয়ারে টাকা দিতে পারছে না। একটু ইজিয়ার ইনষ্টলমেন্ট করে দিন—বলে দিন আগামী বছরে ফসল হলে ঋণ শোধ করে দেবেন। তারা আজকে আননেসেসারিলি হ্যারাসড হচ্ছে। এই হ্যারাস যাতে না হয় সেদিকে তাকিয়ে একটু উপকার করে দিন। আমি যে সাজেশন দিচ্ছি সেটা একটু চিন্তা করবেন। কমপ্লিট ঋণ মকুব করে দিন এটা আমি চাই না। স্যার, আমি আপনার মাধ্যমে সমবায়মন্ত্রীকে বলছি যে, এই আন্দোলনের মাধ্যমে যে মেধাবী গরীব ছাত্ররা রয়েছে তাদের কিছু করতে পারেন কি না দেখুন। এমন অনেক মেধাবী, কৃতী ছাত্র-ছাত্রী স্কুল-কলেজে আছে যাদের আর্থিক সঙ্গতি নেই। আমি বলবো এই সমবায় বিভাগে যে-সমস্ত দপ্তর—এই

ছাত্রদের জন্য কিছু করা যায় কিনা সেটা দেখুন। এস এফ আই আছে। কিন্তু এই সমবায়ের মাধ্যমে ছাত্ররা মোটেই উপকৃত হচ্ছে না। আমি অবশ্য এক্সপার্ট নই—সব বিষয়ে আমি জানি না—হয়তো আপনি ভাল তথ্য দিতে পারবেন এবং আশা করি উত্তর দেবার সময় বলবেন যে, কোন্ কোন্ ছাত্র সমবায় আন্দোলনের মাধ্যমে উপকৃত হয়েছে। জয়নাল আবেদিন সাহেবের সময়, যখন তিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন আমি জানি বহু ছাত্র লোন গ্রান্ট ও বিভিন্নভাবে উপকৃত হয়েছে। কো-অপারেটিভ সোসাইটি থেকে অনুদান দেওয়া হয়েছিল। I am not an expert of all subjects, হয়তো কংগ্রেস আমলে দেওয়া হয় নি—হয়তো ছাত্রদের জন্য কিছু করা হয় নি। নির্মলবাবু তো বিশেষ শিক্ষা-দীক্ষা নিয়ে এখানে এসেছেন—অবশ্য তিনি যখন শিক্ষা গ্রহণ করেছিলেন তখন সি. পি. এম জমানা ছিল। তিনি কংগ্রেস আমলেই শিক্ষা করার সুযোগ পেয়েছিলেন। আমি যদি ভুল বলে থাকি তাহলে আপনি আমাকে কারেকশন করে দেবেন। এই কো-অপারেটিভ মুভমেণ্টে আপনি জানেন ষ্টুডেন্টস আর ইনভলবড। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো you think over it, আমাদের কংগ্রেস আমলে যদি কিছু না হয়ে থাকে তো আপনারা ছাত্রদের জন্য কিছু করুন। দলবাজী করবেন না। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দের বিরোধিতা করে একটি কথা বলবো যে, এই সমবায় আন্দোলন ক্রমশঃ পিছিয়ে যাচ্ছে—কারণ রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি, দলবাজী। পশ্চিমবাংলার আসল মানুষ যাদের জমির সঙ্গে সম্পর্ক তারা জমি থেকে উৎপাদন করার জন্য এই সমবায় থেকে কোনরকম উপকৃত হচ্ছে না।

কিন্তু আজকে যাদের জমি নেই, যেমন টি আর, জি আর, মাষ্টার রোলের নাম করে টিপসই দিয়ে টাকা। সেই একই ফরমূলা—জমি নেই, জমির সঙ্গে সম্পর্ক নেই, কিন্তু সি. পি. এমের লোক, কমরেড, জেলাধিপতি, কমরেড ব্রজ মুখার্জীর সুপারিশে সেই মালিক আজকে সমবায় থেকে প্রচুর টাকা নিয়ে চলে গেছে গৃহনির্মাণ করার নাম করে। বাসের পারমিট দেখিয়ে সমবায়ের কাছ থেকে অনেক বেশী টাকা নিয়ে গেছে, আজকে তারা উপকৃত হয়েছে। তাঁরা আজকে এখানে একই কথা বলছেন, একই দলবাজী করছেন। অনলি যাঁরা লালরঙের অনুগত, যাঁরা পশ্চিমবাংলার মানুষকে খুন করতে পারবে, যাঁরা পশ্চিমবাংলার মানুষের জমির ধান কেটে লুঠ করে নিয়ে যেতে পারবে, যাঁরা পশ্চিমবাংলার মানুষকে সর্বস্বান্ত করে দিতে পারবে সেই সমাজবিরোধী সি. পি. এম. পার্টির সদস্য হলে তবেই তিনি লোন পাবেন, তবেই তিনি সেই সাহায্য পাবেন। আমি মন্ত্রী মহাশয়কে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি আজকে পশ্চিমবাংলাকে ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের

একজামপল হতে দেবেন না, লেট আস সি ফর ওয়েষ্ট বেঙ্গল, বিগত দিনে কংগ্রেস কি খুন করেছিল তার একজামপল দেবেন না। আপনার আমলে—রামকৃষ্ণ দেবের একটা কথা আছে ঃ দাগ কেটে যা, জীবনে যতদিন আছিস দাগ কেটে যা—তাই আমি নির্মলবাবুকে বলছি আপনি ওদের মত মহিষাসুরের বংশধর নন, আপনার মধ্যে ধর্মের কিছু চেতনা আছে, ধর্ম যদি মানেন যতদিন আছেন পার্টির উর্ধ্বে, দলের উর্ধ্বে, দুর্নীতির উর্ধ্বে যতটুকু পারেন করার চেষ্টা করুন। যেন কো-অপারেটিভ আন্দোলনে আপনার একটু দাগ কাটা থাকে। এই আশা রেখে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীউমাপতি চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আন্তরিকভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় বিরোধী দলের সদস্যরা বিরোধিতা করে চলেছেন, কিন্তু কোন্ কোন্ স্পেসিফিক পয়েন্টে তাঁরা বিরোধিতা করছেন এবং তার পরিবর্তে তার বিকল্প প্রস্তাব কি তা তাঁরা কিন্তু এই সভায় রাখতে চান না। এইভাবে যান্ত্রিকভাবে ধ্বংসাত্মক সমালোচনা করে বিরোধী দলের রীতি পদ্ধতি পালন করা যায় না। এটা সংসদীয় গণতন্ত্রের রীতি নয়। আমি অনুরোধ করব সেই বিরোধী দলের মাননীয় সদস্যদের তাঁরা অন্ধ বিদ্বেষ পরিত্যাগ করে সরকার যেভাবে আমাদের দুর্বল অংশের মানুষের জন্য সমবায়কে কাজে লাগাতে চাইছেন সেই সরকারের সঙ্গে একমত হয়ে আসুন দেশ গড়ার কাজে সবাই মিলে হাত লাগাই। তাতে বিরোধী দলের ভূমিকা পালন করা হবে। সমবায়ের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কোন আমূল পরিবর্তন করতে পারেন নি। এই ব্যাপারে আমরা একমত। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলব যে, বর্তমান সমাজ ব্যবস্থার মধ্যে থেকে তার পরিবর্তন না করে এর বেশী এগোন যায় না। চীনে আমরা দেখেছি যে, চীনের বিপ্লবের পর সেখানে ৩০ কোটি একর জমি ভূস্বামীদের কাছ থেকে নিয়ে সেখানকার কৃষকদের মধ্যে বিলি করা হয়েছিল। কিন্তু ভারতবর্ষে কি এটা সম্ভব ? আমাদের একটা সীমাবদ্ধ ক্ষমতাসম্পন্ন বামফ্রন্ট সরকারের পক্ষে তা করা কি সম্ভব ? এটা বিপ্লবী সরকারের পক্ষে যা করা সম্ভব সীমাবদ্ধ এক রাজ্য সরকারের পক্ষে তা করা সম্ভব নয়। সারা ভারতবর্ষে এক ধরনের ভূস্বামী পর্যায়ের সমাজ থাকবে আর একটা রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে আমূল পরিবর্তন করবে, সমাজতন্ত্র গড়বে এই সমস্ত কথা যা বিরোধী দলের সদস্যরা বলছেন এটা কেমন করে সম্ভব সেটা সকলেই জানেন।

[2.40—3.30 P.M. (including adjournment)]

সেই প্রক্রিয়া আমাদের পশ্চিমবঙ্গে শুরু হয়েছে, আমরা স্থির বিশ্বাস করি। কিন্তু এই কাজ করতে দীর্ঘ সময় লাগবে। ৩০ বছর ধরে ওরা যে পাপ পশ্চিমবঙ্গে করে গেছেন তাকে সম্পূর্ণভাবে ধুয়েমুছে ফেলা এত অল্প সময়ের মধ্যে সম্ভব নয়। তার জন্য সময় লাগবে। আমাদের বর্তমান সরকার দুর্বল অংশের স্বার্থে এই কো-অপারেটিভকে কাজে লাগাতে চাইছেন এবং সেই কাজ আরম্ভ করতে চলেছেন। বামফ্রন্ট সরকার গ্রাম ও শহরের দুর্বলতর অংশ দরিদ্রতর অংশ যাতে ঋণের ক্ষেত্রে অগ্রাধিকার পায় সেদিকে লক্ষ্য রেখে যথেষ্ট ভাবে কাজ করে চলেছেন। এই সম্পর্কে কলকাতার সোসিও ইকনমিক রিসার্চ ইন্সটিটিউট থেকে বর্গাদারদের ক্ষেত্রে সমবায় কতটুকু কি সাহায্য করেছে, তার একটি সমীক্ষা প্রকাশিত হয়েছে। তাতে দেখা যাচ্ছে ৩৫ ভাগ বর্গাদার সমবায় ক্ষেত্রে ঋণ পেয়ে উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছে। ৬৫ ভাগ বর্গাদার তাদের অবস্থার উন্নতি ঘটিয়েছে এবং ২০ ভাগ সম্পূর্ণ ঋণ মুক্ত হয়েছে। এই প্রসঙ্গে আরো বলা হয়েছে গ্রামবাংলার মেহনতী, নিম্ন মধ্যবিত্তদের বিশেষ করে গ্রামের ভূস্বামী, মহাজনদের কাছে তাদের চাষের ঋণের জন্য আর নির্ভরশীল হতে হচ্ছে না। সমবায় এবং অন্যান্য গ্রামীণ ব্যাঙ্ক থেকে ঋণ পেয়ে তারা সমৃদ্ধি ঘটাতে সক্ষম হয়েছে। তারই জন্য ওঁরা এত চীৎকার করছেন। ওঁরা ভেবেছিলেন সমবায় ওঁদেরই কব্জায় থাকবে, অন্য কারো কব্জায় থাকবে না। পূর্বতন সরকারের সাথে বর্তমান সরকারের এইখানেই মৌলিক পার্থক্য রয়েছে। বর্তমান সরকারের সহযোগিতায় বর্গাদার, নিম্ন মধ্যবিত্তরা ঋণ পেয়ে নিজেদের পুষ্ট করতে পারছে। আগে এই সুযোগ ছিল না। ওঁদের আমলে জোতদাররা ক্ষেতমজুর সেজে ঋণ গ্রহণ করত। ফলে প্রকৃত ক্ষেতমজুররা ঋণের সুযোগ পেত না। রিজার্ভ ব্যাঙ্ক থেকে ব্যাঙ্ক লোনের একটা রিপোর্ট প্রকাশ করা হয়েছে। ওটা কাগজের হিসাব, বাস্তবে তার মিল খুঁজে পাওয়া যায় না। মাননীয় সমবায়মন্ত্রী নূতন আইন এনেছেন। ফলে ঋণ পাওয়ার সুযোগ বিভিন্ন ক্ষেত্রে বেড়ে যাবে। শুধু আইন করে এই কাজে সফলতা অর্জন করা যাবে না। এর জন্য কৃষকদের মধ্যে গণ-চেতনা, গণ-আন্দোলন বাড়াতে হবে।

(এই সময় হাউসের মধ্যে লোডশেডিং হয়ে যাওয়ায় ৩-৩০ মিনিট পর্যন্ত হাউস এ্যাডজোর্ন হয়ে যায়।)

(After adjournment)

[3.30—3.40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর পর যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, সমবায়ে যাঁরা নির্বাচিত হন বিভিন্ন কমিটিতে, তাঁদের এই সমবায় সম্পর্কে বিশেষ একটা ধ্যান-ধারণা থাকে না, সেটা কিন্তু থাকা দরকার। এ ক্ষেত্রে সমবায়ের কর্মীদেরও যেমন ট্রেনিং দিতে হবে, তেমনি যাঁরা নির্বাচিত হবেন তাঁদেরও ট্রেনিং দেওয়া দরকার। এ ছাড়া স্যার, ভিজিলেন্স আরো সুদৃঢ় করা দরকার। তার কারণ আমরা জানি, কায়েমী স্বার্থের লোক, যারা জমি বন্ধক রেখে ঋণ নেয় তাঁরা অনেক সময় সমবায়ের অগোচরে সেই জমি বিক্রি করে দেন। প্রতি বছর যাতে সেখানে চেক-আপ করার ব্যবস্থা থাকে সে ব্যবস্থা করা দরকার। তারপর স্যার, সমবায় এলাকায় কোন গো-ডাউন না থাকার জন্য কৃষকরা তাঁদের উৎপাদিত ফসল এবং বীজ, সার ইত্যাদি রাখতে পারেন না। এ বিষয়টির প্রতি নজর দেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। পরিশেষে স্যার, আর একটি কথা বলি। সারা ভারতবর্ষে যারা দুর্নীতির জন্ম দিয়েছেন তাঁদের মুখ থেকেই এখানে দুর্নীতির কথা শুনছি। আজকে আমাদের বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতা নিয়ে যেমন সমস্ত জায়গায় একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করেছেন, তেমনি সমবায়ের ক্ষেত্রে এই সরকার একটি সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করেছেন বা করবার চেষ্টা করছেন। এই কাজে সকলে এগিয়ে আসুন এই অনুরোধ জানিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ ১৯৮৩-৮৪ সালের যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন এবং তা করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন তার সাথে দেখলাম তিনি গত ৫ বছরে সমবায়ের অগ্রগতির বিষয়ে একটি প্রতিবেদনও রেখেছেন। স্বাধীনতার পর থেকে আমরা দেখছি এই সমবায় আইনের নানান সংশোধন হয়েছে এবং আজকে এই সরকার পুনরায় আর একটি সংশোধনের মাধ্যমে এই সমবায় আইনকে একটা রূপ দিতে চেয়েছেন। সেখানে বিভিন্ন সময় যে ত্রুটি-বিচ্যুতিগুলি ধরা পড়েছে সেগুলিকে সংশোধনের চেষ্টা করা হয়েছে। স্যার, সমবায়ের মূল ভিত্তি হচ্ছে পশ্চিমবাংলার রাজ্যস্তরে সমবায় ব্যাঙ্ক, জেলা এবং মহকুমা স্তরে কেন্দ্রীয় সমবায় এবং গ্রামাঞ্চলে প্রাথমিক ঋণ দান

সমিতি। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলা কৃষির উপর মূলতঃ নির্ভরশীল। কৃষির ক্ষেত্রে ঋণ দানের যে প্রতিষ্ঠানগুলি আছে, এই সমবায়ের একমাত্র ক হচ্ছে সেগুলিকে শক্তিশালী করা। আজকে দীর্ঘ মেয়াদী ঋণের কথা ছেড়ে দিলা কিন্তু স্বল্প এবং মধ্যমেয়াদী ঋণের পরিমাণগুলি বৃদ্ধি হওয়া প্রয়োজন। কৃষির য সার্বিক উন্নতি হয়, কৃষির যদি সর্বস্তরে একটা ডেভেলপমেন্ট আসে তখন সমব পদ্ধতিতে সেখানে উন্নতি হতে বাধ্য। আমরা কি দেখছি? আমরা দেখছি ১৯৬৭ সালে এই সমবায় ঋণ দানের ক্ষেত্রে একটু অবনতি ঘটেছিল। ১৯৭১- সালে ঋণ আদায়ের পরিমাণ যেটা ছিল, সেখানে কিছুটা ডেভেলপড করেছে। সে প্রায় ২০ ভাগ হয়েছে। ১৯৭৩-৭৪ সালে আদায় হয় ৪৫ ভাগ। আর কৃষি ঋণ দানের ব্যাপারে আমরা বিগত দিনে যা দেখেছি এবং এখনও যা দেখছি তা সেটা কিন্তু সুদৃঢ় হচ্ছে না। আর একটা সবচেয়ে বড় জিনিস হচ্ছে রিজার্ভ ব্যাঙ্ক রিজার্ভ ব্যাঙ্কের সমীক্ষকরা যা সুপারিশ করেছিলেন, সেই সুপারিশে তারা স্ব এবং মধ্যমেয়াদী ঋণদান প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করার জন্য বলেছিলেন, দুর করার জন্য নয়। সেখানে আজকে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিকে শক্তিশালী করা জন্য যে শেয়ার বৃদ্ধি করা, সেই শেয়ার বৃদ্ধি ঘটছে কিনা সেটা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন এবং সদস্যদের এই বিষয়ে চিন্তা দূর করবেন আমরা বিভিন্ন ভাবে দেখেছি যে, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি জেলাস্ত দুর্বল হয়ে পড়েছে। আমি এর সমস্যা এবং ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে দু'-একটি কথ বলবো। ১৯৭৪-৭৫ সালের সমবায় বাজেটে মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহে বলেছিলেন যে, জওহরলাল নেহরু চেয়েছিলেন সমাজভিত্তিক সমাজ গঠন করতে আবার ১৯৭২-৭৩ সালে তিনি বলেছিলেন যে, কো-অপারেটিভ সোসাইটিগুলি ক্রমান্বয়ে কলেবর বৃদ্ধি হয়েছিল। সুতরাং আজ সরকার পক্ষের মাননীয় সদস্যে ভাষণের মধ্যে আমরা একথা পাই। আমরা দেখেছি যে ১৯৬৭ সাল থেকে ১৯৭ সাল পর্যন্ত কো-অপরাটিভের টাকা বরাদ্দের পরিমাণ অতি অল্প ছিল। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো যে, ১৯৮১-৮২ সালের চেয়েও এবারে বাজেটের পরিমাণ বৃদ্ধি করেছেন। আমরা দেখেছি যে ঐ সময়ে, ১৯৬৭—৭০ সালে মাত্র ১ কোটি ১২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। আজকে এর পরিমাণ অনেক বেড়েছে ১৯৭৪-৭৫ সালে ছিল ৪ কোটি ৯৩ লক্ষ ৭৬ হাজার টাকা। আজকে কো-অপারেটিভে মেন যে উদ্দেশ্য—কৃষিতে ঋণদানের ব্যাপারে যেমন চিন্তা করছেন, তেমনি সেটাকে বৃদ্ধি করাও তাঁর দায়িত্ব। কো-অপারেটিভের ডিপোজিট যেটা বাড়ান দরকার, সেটা কিন্তু ক্রমান্বয়ে কমে যাচ্ছে।

[3.40—3.50 P.M.]

কো-অপারেটিভে যদি ডিপোজিট না বাড়ে, তাহলে কো-অপারেটিভ শক্তিশালী হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৪-৭৫ সালে পশ্চিমবাংলায় ডিপোজিট ছিল ৬২.২%, মহীশূরে ছিল ৬০.১%, কেরালায় ছিল ২৯.১% এবং উড়িষ্যায় ছিল ৯২%। আর ঐ ১৯৭৪-৭৫ সালে টাকার মূল্য ছিল ৩৬ পয়সা। আজকে নিশ্চয়ই টাকার মূল্যের পরিবর্তন ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি ঐ অবস্থা থেকে আজকে ডিপোজিট-এর হারটা কিভাবে বৃদ্ধি পাচ্ছে সেটা তিনি দয়া করে আমাদের জানান। এ প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, যে হারে বৃদ্ধি পাক না কেন, তাঁকে এ বিষয়ে আরো একটু বেশী লক্ষ্য দিতে হবে। আমরা বলছি এর মধ্যে ত্রুটি-বিচ্যুতি আছে, আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্নভাবে সেই ত্রুটি-বিচ্যুতিগুলি সংশোধন করবেন। আমরা জানি একটা বিশাল দায়িত্ব পালন করবার জন্য তিনি অগ্রণী ভূমিকা নিয়েছেন, অর্থাৎ সমবায় আন্দোলনের সঙ্গে পঞ্চায়েত-রাজকে সংযুক্ত করার প্রচেষ্টা তিনি গ্রহণ করেছেন। এর জন্য নিশ্চয়ই তাঁকে ধন্যবাদ দিতে হবে। তবে যদি তিনি এটাকে সঠিকভাবে রূপায়িত করতে পারেন, তাহলেই তিনি সাফল্য-লাভ করবেন, কিন্তু এখনো পর্যন্ত পশ্চিমবাংলায় তা তিনি পারেন নি। এক্ষেত্রে তিনি তাঁর ব্যর্থতারই পরিচয় দিয়েছেন। আগামী দিনে পঞ্চায়েত-রাজের বিভিন্ন কাজের মধ্যে সমবায়কে যদি তিনি পুরোপুরি সংযুক্ত করতে পারেন—পঞ্চায়েত এবং সমবায়কে যদি তিনি দলের ঊর্ধ্বে রেখে সংযুক্ত করতে পারেন—তাহলেই দেশের এবং সমাজের সর্বাঙ্গীণ উন্নতি সম্ভব হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা সমবায় দপ্তরের ১৯৮১-৮৩ সালের বাজেটে দেখেছিলাম এবং এবারেও দেখছি যে, ১৯৮০-৮১ সালে স্বল্পমেয়াদী সমবায় কৃষি ঋণ আদায় হয়েছিল ৪৫%, আর ১৯৮১-৮২ সালে পরিণামটা নেমে এসে আদায় হয়েছে ৪০.৫%। এ বিষয়ে এই বিধানসভা ভবনেই মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের কাছ থেকে ঋণ আদায় হয়, [তা]রা ঋণ পরিশোধ করে দেন, কিন্তু বড় চাষীদের কাছ থেকে ঋণ আদায় করার ক্ষেত্রেই বিভিন্ন রকম ত্রুটি-বিচ্যুতি দেখা দেয়। এই অবস্থায় আমরা দেখছি এই [ঋ]ণের দ্বারা বেশীর ভাগ মানুষ উপকৃত হয়, সুতরাং এটাকে আরো জোরদার করা [দ]রকার। পঞ্চায়েতের মাধ্যমে এই কাজকে জোরদার করা সম্ভব। তারপর বর্গা-[দা]রদের এবং পাট্টাদারদের স্পেশাল কম্পোনেন্ট প্রোগ্রামের মধ্যে রাখা হয়েছে। [এ]ই প্রোগ্রাম আজকে পঞ্চায়েত-রাজের সঙ্গে যুক্ত। এখানে যেসব দরখাস্তগুলি

আসছে সেগুলিকে দলমতের উর্ধ্বে রেখে বিচার করা প্রয়োজন। স্পেশ
কম্পোনেন্ট প্রোগ্রামে ঋণ পাওয়ার ক্ষেত্রে আমরা দেখছি—এখানে বিভিন্ন সদস্
বলেছেন—বিভিন্ন জেলায় বহু বর্গাদার এবং পাট্টাদার বঞ্চিত হচ্ছেন এবং ব্যা
গুলিও বিভিন্নভাবে তাঁদের অগ্রাহ্য করছে। এই স্পেশাল কম্পোনেন্ট প্রোগ্রামে
নেবার জন্য যে-সমস্ত বর্গাদার এবং পাট্টাদাররা দরখাস্ত করেছেন তাঁদের অনেকে
দরখাস্ত বাতিল হচ্ছে। সুতরাং আজকে এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আ
বেশী সম্প্রসারিত হওয়া প্রয়োজন।

আমরা আজকে দেখতে পাই, আপনি ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক বা ভূমি উন্ন
ব্যাঙ্কের মাধ্যমে দেশের এগ্রিকালচারকে ডেভেলপমেন্ট কি করে করা যায় তার
চিন্তা করছেন এবং আপনি খুবই আশাবাদী হয়ে বলেছেন, এই ভূমি উন্নয়ন ব্যাঙ্
মাধ্যমে কৃষি পণ্যের উৎপাদনের জন্য তাদের পাম্পসেট থেকে আরম্ভ করে বিভি
ভাবে অর্থ সাহায্যের ব্যবস্থা করেছেন, ক্ষুদ্র সেচের ডেভেলপমেন্ট করেছেন। কি
সেখানে আমরা দেখি, ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি পরিচালনার জন্য তার যে বিভিন্নভা
কাঠামো আছে সেই কাঠামো ত্রুটিপূর্ণ। আমি বাঁকুড়া জেলার কথা বলতে পারি
সেখানে ভূমি উন্নয়ন ব্যাঙ্কের বিরুদ্ধে বহু কমপ্লেন আছে। এই নিয়ে আপনি বিভি
ভাবে ব্যাঙ্কের প্রতিনিধির সাথে, জেলা শাসকের সঙ্গে এবং এ্যাসিসটান্ট রেজিষ্ট্রা
অফ কো-অপারেটিভ সোসাইটির যিনি আছেন তাঁর সাথে আলোচনা করেছেন
সেখানে নির্বাচিত প্রতিনিধিদের ঠিকমত ফাংশন করতে দেওয়া হয় না। এ্যাডমিনিষ্ট্রেট
হিসাবে সেখানে একজনকে বসিয়ে দেওয়া হয়েছিল। কিন্তু তিনি ঠিকমত কা
করতে পারেন না। সুতরাং এগুলি দেখতে হবে। আমি আশা করবো, তিনি
বিষয়ে লক্ষ্য নিশ্চয়ই দেবেন। ব্যাঙ্কের উন্নতি করতে গেলে যে ত্রুটিগুলি থে
যাচ্ছে সেগুলির প্রতিকার নিশ্চয়ই আপনি করবেন বলে দাবী রাখছি। দলী
স্বার্থকে উপেক্ষা করে সাধারণ মানুষকে সাহায্য দেবার জন্য, তাদের সার্বি
কল্যাণার্থে যেন এগিয়ে আসেন। আমরা যদি কোনরকম অকথা কোন কথা বলি
আপনার তাতে রাগ করলে চলবে না, অভিযোগ করলে চলবে না। আপনা
লক্ষ্যে পৌঁছাবার জন্য যেটা আপনার অভিপ্রায় এবং বাসনা, দেশের মানুষের সার্বি
কল্যাণ করার যে বাসনা সেটা আপনি করবেন। আজকে আমরা দেখতে পাচ্ছি
কো-অপারেটিভ সোসাইটিগুলির যে আয় তার চেয়ে ব্যয় বেশী হয়ে যাচ্ছে। তাদে
ষ্টাফের যে ষ্ট্রাকচার—বর্তমানে এখনও পর্যন্ত যে পদ্ধতি আছে, উনি পরিসংখ্যানে
দিক থেকে বলেছেন যে ষ্টাফের সংখ্যা বৃদ্ধি হয়েছে। আমিও বলবো, নিশ্চয়ই
পরিমাণ ষ্টাফের প্রয়োজন, আনুপাতিক হিসাবে সকল জায়গায় অর্থাৎ সক

প্রতিষ্ঠানগুলিতে যদি সামঞ্জস্যপূর্ণ হয়ে থাকে তাহলে কোন অসুবিধা হয় না। কিন্তু কয়েকটি ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটে। এই ব্যতিক্রমের ব্যাপারে আপনাকে লক্ষ্য দিতে হবে এবং কোথাও যদি অতিরিক্ত কিছু হয়ে থাকে সেগুলিরও ব্যবধান দূর করতে হবে। আপনি অনগ্রসর জায়গাগুলির উন্নতি চেয়েছেন, আপনি চেয়েছেন এন সি ডি সি'র মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কাঠামোকে পুনরুজ্জীবিত করতে, আপনি চেয়েছেন ক্রেতা সমবায়ের মাধ্যমে প্রত্যেক স্তরের মানুষকে সেখানে সুযোগ-সুবিধাগুলি দেবার। আপনি বিভিন্নভাবে পাইকারী ক্রেতা সমবায়গুলিকে অনুদান দিয়েছেন।

[3.50 – 4.00 P. M.]

কিন্তু একটা কথা, তাদের বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় জিনিস কেনার যে ব্যবস্থা আপনি করে দিয়েছেন তারা ঠিকমত সেগুলি কিনতে পারছে কিনা, তারা সেখানে সক্ষম আছে কিনা বা কি কি ব্যাপারে অক্ষমতার পরিচয় দিচ্ছে, কোথায় কোথায় গলদ আছে সেগুলি আপনাকে খুঁজে বার করতে হবে। বিভিন্নভাবে অনুকূল পরিস্থিতিতে সেখানে ক্রেতা সমবায় নীতি থাকা সত্ত্বেও সেগুলিতে বর্তমানে যে ত্রুটি-গুলি দেখা যাচ্ছে সেগুলিকে সংশোধন করতে হবে। আমরা আজকে দেখতে পাই কি? কলকাতার বুকে ১৯৬৮ সালে সমবায়িকা হয়েছিল, এই সমবায়িকার ৭টি ইউনিট ছিল, ঐ সময় কিছু শেয়ার বাজারে ছাড়া হয়েছিল। আমরা দেখতে পাচ্ছি কি, সেই কো-অপারেটিভে, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নিয়ে তাঁর সাথে বহু আদান-প্রদান হয়েছে, এখন চেয়ারম্যানকে এই নিয়ে বদল করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে সেখানকার, এই সমবায়িকার যে ইউনিট-গুলি আছে সেখানে ইউনিটগুলি ঠিকমতভাবে সুযোগ-সুবিধা পাচ্ছে না। বিভিন্ন অভিযোগ কমপ্লেন বুক সেখানে আজ পর্যন্ত রাখা হয় নি। ১৯৭৭-৭৮ সাল থেকে হিসাব-নিকাশের কোন এ্যাকাউন্ট ঠিক করা হয় নি। এইগুলি অন্ততঃ আপনাকে লক্ষ্য রাখতে হবে। এই ত্রুটিগুলি দূর করতে হবে। আমরা দেখছিলাম কিছুদিন আগে, যে জিনিসগুলি হচ্ছে এই কলকাতার বুকে—ভারত প্রসেস এ্যাণ্ড মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং লিমিটেড, রেজিষ্টার্ড করা যে একটা সোসাইটি আছে সেখানে প্রায় ৯০ হাজারের মত টাকা তছরূপ হয়েছে। কারা করেছে, কি করেছে, এই নিয়ে আপনার কাছে বহু অভিযোগ এসেছে। এ ব্যাপারগুলিতে আপনার লক্ষ্য দেওয়া উচিত। যা হোক সেটাকে অবশ্য বন্ধ করা দরকার।

শ্রীনির্মল কুমার বসু ঃ এটা কি সোসাইটি ? কনজিউমার সোসাইটি ?

শ্রীকাশীনাথ মিশ্র ঃ হ্যাঁ, কনজিউমার সোসাইটি। ভারত প্রসেস এ্যাণ্ড মেকামিক্যাল ইঞ্জিনীয়ারিং লিমিটেড। এটাকে আপনার অন্ততঃ লক্ষ্য রাখতে হবে। আমরা দেখছি সমবায়ের যে বিভিন্ন স্তরগুলি আছে সেই স্তরগুলিকে আপনাকে আরও শক্তিশালী করতে হবে। এই স্তরগুলিকে যদি আপনি আরও শক্তিশালী করেন, আপনার সমবায় আরও শক্তিশালী হবে এবং আপনাকে স্বল্প মেয়াদী ঋণের ব্যাপারেও একটা সুস্পষ্ট নীতি নিতে হবে এবং সেটাকে বাস্তবে রূপ দিতে হবে। আপনার স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ঋণের ক্ষেত্রে ঘোষিত যে নীতি সেখানে যদি কারও অসুবিধার সৃষ্টি হয়—এখানে অভিযোগ এসেছে, আপনি ঋণ আদায় করতে যাচ্ছেন, খরা এসে গেল—মাননীয় সদস্যরাও বলেছেন যে, এখন ঋণ আদায় কিছুটা বিরত রাখুন, প্রচণ্ড খরা, কেউ দিতে পারছে না। এই ব্যাপারে যদি ব্যবস্থা গ্রহণ করেন, তাহলে একটা সময় নির্ধারণ করতে হবে। সেই সময় নির্ধারণ করার পরে সেই লোন আবার যাতে আদায় হয় সেই ব্যবস্থাকে জোরদার করতে হবে। বিভিন্নভাবে যে পাট, তুলা, বিভিন্ন কীটনাশক ওষুধ, কৃষি যন্ত্রপাতি রাজ্য মার্কেটিং ফেডারেশনের মাধ্যমে যদি কেনার ব্যবস্থাটা করতে পারেন তাহলে আমার মনে হয়—কোন কোন জায়গায় করার চেষ্টা করেছেন, ভাল কথা—যদি না হয় তখন একটু চিন্তা করতে হবে। আমরা আরও দেখতে পাচ্ছি আজকে তাঁতীদের যে সমস্যা, কেন্দ্রীয় সরকার ঐ তাঁতীদের সাহায্যের জন্য দু' কোটি টাকা করে অনুদান দিচ্ছে, এইগুলি ঠিকমত ব্যবহৃত হচ্ছে কিনা, তন্তুজীবীদের বর্তমান দুরবস্থার কথা কাগজে কাগজে দেখেন, তন্তুজীবীরা প্রায় শেষ হতে চলেছে, এদের এই অবস্থার প্রতিকার এবং এদের বাঁচাবার ব্যবস্থা অন্ততঃ আপনাকে করতে হবে।

আজকে নদীয়া, বীরভূম, পুরুলিয়া, হাওড়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ প্রভৃতি জেলায় যে-সমস্ত তন্তুজীবীরা বাস করেন তাঁদের দুরবস্থার অন্ত নেই। কিছুদিন আগে বাঁকুড়া জেলায় দেখেছি একটি তন্তুজীবী পরিবার তাঁদের নিজের ছেলেমেয়েকে, গত বর্ষায় নদীতে সামান্য জল হয়েছে, তাতে মেরে ফেলে দিয়েছে। তিনি আইন এড়াতে পারেন নি, এ্যারেষ্ট হয়েছেন। আজকে এঁদের কিছু করা যাবে না যদি না সেদিকে নিরপেক্ষভাবে নজর রেখে করেন। আর যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে যান তাহলে আমরা মনে করি সেখানে সুবিধা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে, আপনাদের কো-অপারেটিভ

রাইস মিল আছে, কিন্তু সেই কো-অপারেটিভ রাইস মিলগুলো প্রায় বন্ধ হতে চলেছে। আমরা দেখতে পাচ্ছি, সিমলাপাল থানায় একটি কো-অপারেটিভ রাইস মিল আছে—বিকনা কো-অপারেটিভ রাইস মিল। জানি না সেটা বর্তমানে চালু হয়েছে কিনা। এতে বহু টাকা ব্যয় হয়েছে। আপনাদের কো-অপারেটিভ রাইস মিলগুলো আজ ধ্বংসের মুখে। লিকুইডেশনের কথা ধরলে এ ব্যাপারে আপনারা কি চিন্তা-ভাবনা করছেন ? এই জিনিসগুলো মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় এ সম্বন্ধে বলুন। ত্রুটি-বিচ্যুতি আছে, থাকবে। ত্রুটি-বিচ্যুতি সংশোধন করা যায়, কিন্তু ইচ্ছাকৃত ত্রুটিগুলো সংশোধন হয় না, সেটা কিন্তু সেখানে বহালতবিয়তে থাকে। আমি মনে করি, আপনার মাধ্যমে সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে সাধারণ মানুষের কল্যাণ, দেশের আর্থিক উন্নতির জন্য যে প্রোগ্রাম নিয়েছেন সেগুলোর বিগত পাঁচ বছরে আশানুরূপ অগ্রগতি ঘটেনি। সেখানে অনেক কিছুই পরিষ্কার হয় নি। এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি অন্ততঃ এসব বিষয়গুলি দেখুন, বিভিন্ন জায়গার অভাব-অভিযোগগুলি দেখুন। আমরা যে প্রবলেমগুলো বলছি সেটা আপনাদের হেয় করবার জন্য নয়। যদি কোন জায়গায় দুর্নীতি হয়েই থাকে, সেগুলো কঠোর হস্তে দমন করা প্রয়োজন। স্বাধীনতার পর থেকে ক্রমাগত ভাবে এই আইনের সংশোধন করে বিভিন্নভাবে সমবায় আন্দোলনকে শক্তিশালী করবার যে প্রচেষ্টা—সেখানে আপনি আর একটু সেটা বৃদ্ধি করতে পারতেন। আপনাদের 'ভাণ্ডার' কাগজের কপি আমরা পাচ্ছি না—এই কাগজের বর্তমানে কি অবস্থা সেটা দেখা দরকার। কোথাও ত্রুটি থাকলে—সেগুলো সংশোধন করুন। সেই ত্রুটগুলো সংশোধন না করলে এক্ষেত্রে সফলতা আনতে পারবেন না। এক্ষেত্রে সমবায়ের দৃষ্টিভঙ্গী না থাকলে কিছু করতে পারবেন না, ত্রুটি মুক্তও করতে পারবেন না। আবার বলছি, আজকে সেটুকু আমাদের সন্তোষজনকভাবে দিতে পারেন নি—একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4.00—4.10 P.M.]

শ্রীনীহার কুমার বোস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তার সমর্থনে আমি কিছু বলবো। আমাদের দেশে সমবায় আন্দোলন বহু দিনের আন্দোলন হলেও আজ পর্যন্ত কিন্তু আমাদের অর্থনীতিতে এর কোন প্রভাব পড়েনি। তার যে মূল কারণ সেই মূল কারণগুলি বলতে গিয়ে—শুরুতেই বিরোধী দলের মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ যে গ্রামের

কৃষি সমবায়ের কথা বললেন সেটা দিয়েই আমি শুরু করছি। আগে ওরা যে সমবায় আন্দোলন করেছেন আর আমরা যেটা করছি সেটার মধ্যে একটা পার্থক্য আছে। কারণ আমাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে ওনাদের দৃষ্টিভঙ্গীর একটা পার্থক্য আছে। আমরা দেখেছি গত ৩০ বছরে আমাদের দেশের গ্রামাঞ্চলে যে কৃষি আন্দোলন গড়ে উঠেছিল কংগ্রেসের নেতৃত্বে সেটা সমবায় আন্দোলন নয়, ব্যক্তি বিশেষের আন্দোলন; কারণ গ্রামে জোতদার এবং প্রভাবশালী ব্যক্তিরা গ্রামের সমস্ত সমবায়-গুলিকে কুক্ষিগত করে রেখেছিল। এই সমবায় থেকে যে-সমস্ত সুযোগ-সুবিধা পাওয়া যেত সেইগুলি তারা উপভোগ করতো এবং সমস্ত উপকরণ তারা ভোগ করতো। তারা নিজেদের সম্পদ বৃদ্ধি করেছে। সম্পদ বৃদ্ধি করতে গিয়ে গ্রামের গরীব মানুষকে শোষণ করেছে। সেই জন্য তখন ব্যক্তিগত সমবায় ছিল। ৩০ বছর এইভাবে সমবায়কে পরিচালনা করার পর আমরা দেখলাম গ্রামে ধনবাদ অর্থনীতির প্রসার লাভ করেছে। এর কারণ হলো তারা সমবায়কে ব্যক্তিগত কারণে ব্যবহার করেছে এবং সমবায়কে কুক্ষিগত করছে বলে। পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই সমবায় আন্দোলনের কিছু পরিবর্তন ঘটিয়েছে। গ্রামের ৭০ ভাগ দরিদ্র মানুষ, কৃষক, চাষী, প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদের সমবায় আন্দোলনের মধ্যে আনবার জন্য—সেই লক্ষ্যমাত্রা সামনে রেখে সমবায় সম্পর্কে বিভিন্ন রকম কাজ করেছে এবং সমবায়ের ব্যাপ্তি ঘটাবার চেষ্টা করেছে এই সরকার। এই জিনিস আগে ওরা পারত, কিন্তু নিজের স্বার্থ ক্ষুন্ন হবার জন্য এই জিনিস তারা করেনি। অল্প একটু হিসাবের মধ্যে দিয়ে আমি এটা বলি। ১৯৬৬-৬৭ সালে সমবায়ের সদস্য সংখ্যা ছিল ১৮ লক্ষ ৬৫ হাজার। আর ১৯৭৯-৮০ সালে সমবায়ের সদস্য সংখ্যা হলো ২২ লক্ষ ৯১ হাজার। এর মধ্যে ওদের সময় গরীব লোকের শতকরা হার ছিল ১৩ ভাগ। আর এখন এই সমবায়ে গরীব লোকের শতকরা হার হলো ১৭.৭৩ ভাগ। এর মধ্যে দিয়ে একটা জিনিস খুব ভাল ভাবে প্রতিফলিত হচ্ছে যে, আমরা যথাযথভাবে এই সমবায় আন্দোলনের গরীব মানুষের মধ্যে ব্যাপ্তি ঘটাতে পেরেছি। এই লক্ষ্য ওরা গ্রহণ করতে পারতো। কিন্তু তাঁরা করেন নি, আমরা গ্রহণ করেছি। এই সমবায়কে আমরা সার্বজনীন করার চেষ্টা করেছি। সেই সময় সদস্যরা সমবায়ের পকেট থেকে বেরিয়ে যেতে চাইত। কিন্তু এখন আমরা এই সমবায়ে সার্বজনীন সদস্য সংখ্যা বৃদ্ধি করতে পেরেছি। গ্রামের অনেক পাট্টাদার, গরীব কৃষক, প্রান্তিক চাষী এই সমবায় সমিতিভুক্ত হয়েছে। শুধু তাই নয়, তাদের অনেক আর্থিক অনুদান দেওয়া হয়েছে

যাতে আরো ব্যাপক হারে তারা সমবায় সমিতিতে যোগদান করতে পারে। এই ভাবে আমরা সমবায় আন্দোলনের ব্যাপ্তি ঘটাবার চেষ্টা করছি।

এই সমস্ত সমিতিগুলি যেহেতু পরিচালনার ক্ষেত্রে কোন ব্যক্তি বিশেষের মধ্যে ছিল, সেজন্য সেখানে নানা রকম ত্রুটি বিচ্যুতি ছিল। বিশেষ করে ত্রুটি ছিল কর্মচারীদের বেতনের ব্যাপারে। সমবায় সমিতিগুলির ম্যানেজারদের মাইনে কোথাও ছিল ২২ টাকা, কোথাও বা ২০ টাকা, আবার কোথাও ১৫ টাকা। আবার এমনও দেখা গেছে—তাদের কেউ আদৌ মাইনে পাবে কিনা তার কোন নিশ্চয়তা ছিল না। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর বেতন কাঠামো স্থির করে দিয়েছেন, কমপক্ষে বেতন ধার্য করে দিয়েছেন। ২৫০ টাকা মাসিক বেতন নির্দিষ্ট করে দিয়েছেন। আগে তাদের চাকুরির নিরাপত্তা বলে কিছু ছিল না। এখন কর্মচারীদের চাকুরিতে সুস্থিতি ফিরে এসেছে, ফলে সমিতিগুলি সুষ্ঠুভাবে চলছে আমরা দেখছি। গ্রামাঞ্চলে কৃষি সমবায় সমিতিগুলির মূল যে লক্ষ্য তাকে সামনে রেখে সমবায় সমিতিগুলি এখন পুরোপুরি এগিয়ে চলেছে। কিন্তু তাদের সামনে যে প্রশ্নটা এখন এসে দাঁড়িয়েছে তা হচ্ছে কৃষি বিপণন। আমি বিরোধীপক্ষের বন্ধুদের আলোচনাকালে বিপণনের কথা বলতে একবারও শুনতে পেলাম না। আসলে বিপণনের কথা বললে গ্রামের বাস্তুঘুঘু ও বিত্তশালীদের কথা বলতে হয়, সেজন্য হয়ত সযত্নে পরিহার করে গেছেন। কৃষক চায় তার উৎপাদিত ফসলের ন্যায্য দাম পেতে। গ্রামের গরীব ক্ষুদ্র কৃষকরা যদি তাদের ফসলের ন্যায্য মূল্য না পায়, ন্যায্য দামে বিক্রির পথ যদি তার সামনে না থাকে, তাহলে ঐ শ্রেণীর কৃষকরা ফড়েদের খপ্পরে পড়তে বাধ্য হয়। কারণ ক্ষুদ্র কৃষকরা নিতান্ত অভাবে পড়েই ফসল ঘরে ওঠার সঙ্গে সঙ্গেই বিক্রি করতে বাধ্য হয়। এই কারণেই কৃষি বিপণনের বিশেষভাবে প্রয়োজন আছে। এটি গ্রামের সমবায় সমিতির সাথে পরিপূরক হিসাবে কাজ করে। সমবায়ের স্বার্থ রক্ষার্থে কৃষি বিপণন এজন্যই অপরিহার্য। এ ব্যাপারে ওঁরা কোন কথা বলেন নি। এই প্রয়োজনের কথা অনুভব করেই আমরা বিপণনকে আরও জোরদার করতে চেয়েছি। এ কাজ পশ্চিমবঙ্গে আগে কখনও হয় নি। এখন পশ্চিমবঙ্গে ২০টি হিমঘরের ব্যবস্থা হয়েছে। বিশ্বব্যাঙ্কের সাথে ব্যবস্থা করে আরও অধিক সংখ্যায় যাতে বিপণন গঠন করা যায় তার জন্য আমি আবেদন করছি। আমরা চাই সমবায় আন্দোলনের ক্ষেত্রে আরও ব্যাপ্তি ঘটুক এবং গ্রামের গরীব মানুষ, প্রান্তিক কৃষক সমবায় আন্দোলনের মধ্যে আসুক। তাহলেই গ্রামের বুকে অর্থনীতি চাঙ্গা হয়ে উঠবে, যার সামগ্রিক প্রতিফলন ঘটবে সমগ্র

দেশের মধ্যে। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দের প্রতি পুনরায় সমর্থ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসতীশ রায়ঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় সমবায়মন্ত্রী যে বাজে এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। আজকে পশ্চিমবাংলায় সমবা আন্দোলনে আমরা একটা নতুন দৃষ্টিভঙ্গীর কথা বলছি এবং বিগত ৬ বছরে আমাদে রাজ্য সরকার অতীতে সমবায়গুলি যেভাবে, যে পদ্ধতিতে পরিচালিত হত—বিভি কমিটির রিপোর্টে একথা প্রমাণিত হয়েছে যে, সমবায়ের মধ্যে সাধারণ মানুষে স্বার্থ কিছু থাকলেও প্রকৃতপক্ষে সমবায়ের মূল কর্তৃত্ব কেন্দ্রীভূত হয়ে থাকতো গুটি কয়েক লোকের হাতে। তারা বিভিন্ন সমবায়কে তাদের পারিবারিক স্বার্থে ও গোষ্ঠীর স্বার্থে ব্যবহার করত ও সমবায়ের টাকা আত্মসাৎ করত। সমবায়কে তার বিপথে পরিচালিত করত। যে পরিকল্পনা ও আদর্শ নিয়ে সমবায় গঠিত হয়েছিল, তা থেকে সমবায়গুলি বাস্তবে দেখা গেছে অনেক দূরে সরে গেছে। যার ফলে সাধারণ মানুষের কল্যাণ সাধন করতে পারেনি। এটা হচ্ছে আমাদের অতীত অভিজ্ঞতা। মাননীয় কংগ্রেসীবন্ধুরা জানেন, আমাদের এই রাজ্যে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী শম্ভু ঘোষ যখন সমবায় ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী ছিলেন, তখন সমবায়ের ক্ষেত্রে, বিশেষ করে পাওয়ারলুম, হ্যাণ্ডলুম কো-অপারেটিভ সোসাইটিগুলি কি ভাবে পরিচালিত হয়েছিল এবং জনসাধারণের সঙ্গে শ্রমিকদের কতখানি স্বার্থ রক্ষিত হয়েছিল, সে সম্বন্ধে তিনি একটি কমিটি গঠন করেছিলেন—সেটা ছিল এন সি রায়ের কমিটি।

[4.10—4.20 P. M.]

এন সি রায় কমিটির রিপোর্ট আমাদের কাছে আছে। সেই রিপোর্টে দেখা গেছে বিশেষ করে কংগ্রেস দলের এম এল এ এবং বহু মন্ত্রী এবং বহু নেতা সমবায়ের সঙ্গে যুক্ত ছিল। সেখানে বলা হয়েছে যে, বহু মন্ত্রী এবং বহু নেতা সমবায়কে তাদের ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করে এবং সমবায়ের থেকে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থ আত্মসাৎ করেছেন। কিন্তু এন সি রায় কমিটির রিপোর্ট আমি এখানে দ্বিতীয়বার উল্লেখ করতে চাই না। তবে আজকে সেই মোড় আমরা ঘোরাতে পেরেছি। এতে আমাদের আত্মপ্রসাদ লাভের কোন কারণ নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, আমার যতদূর ধারণা সমবায় আন্দোলন ভারতবর্ষে যতগুলি রাজ্য হয়েছে তার মধ্যে

গুজরাট অনেকটা এগিয়ে আছে। গুজরাটে সমবায় পরিচালন পদ্ধতিতে সেখানকার সাধারণ মানুষের সক্রিয় ভূমিকা আছে। তাদের এই সক্রিয় ভূমিকাকে আমরা প্রশংসা করি। আজকে কলকাতার বাজারে যে আমূল দুধ শিশুখাদ্য হিসাবে ব্যবহৃত হয় এবং যেসব দুগ্ধজাত দ্রব্য ব্যবহৃত হয়—এই আমূল থেকে সেগুলি তৈরী হয়েছে। সেই আমূল ত' এই সমবায়ের মাধ্যমে গঠিত হয়েছে। আজকে পশ্চিমবাংলার মানুষের এটা গর্বের বিষয় যে, এই কো-অপারেটিভের মাধ্যমে ৮ লক্ষ লিটার দুধ সংগৃহীত হচ্ছে এবং এই দুধ থেকে বিভিন্ন দুগ্ধজাত দ্রব্য উৎপাদিত হচ্ছে, তাতে জনসাধারণও উপকৃত হচ্ছে। সমবায়ের সাথে যুক্ত আছে ৮ থেকে ১০ লক্ষ সদস্য এবং এই ৮-১০ লক্ষ সদস্য বিভিন্ন ভাবে উপকৃত হচ্ছে। আমার সৌভাগ্য হয়েছিল এই আমূল ফ্যাক্টরিটি দেখবার। সেখানে আমি দেখেছিলাম সমবায়ের সদস্যরা, বিশেষ করে যারা গ্রামে থেকে, দুগ্ধ উৎপাদন করে তারা সমবায়ের মাধ্যমে বিভিন্ন দুধের সাথে যুক্ত থাকে এবং তারা মাসে ৩০০ থেকে ৪০০ টাকা পর্যন্ত উপায় করে থাকে। মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় গরীব মানুষরা রয়েছে—যেমন মুর্শিদাবাদ জেলায় প্রচুর জেলে সম্প্রদায় রয়েছে। আজকে এই জেলে সম্প্রদায়কে দিয়ে যদি এই সমবায় আন্দোলন গড়ে তুলতে পারেন, তাতে একদিকে যেমন তাদের অর্থ নৈতিক সুবিধা হবে, তেমনি অপর দিকে প্রচুর মাছ উৎপন্ন হবে এবং এতে জনসাধারণের উপকার হবে। মুর্শিদাবাদ জেলায় প্রচুর খাল-বিল নদী-নালা আছে, সেগুলিতে মাছ চাষের সুযোগ আছে। এই নদী-নালাগুলি অতীতে বড়লোকদের কুক্ষিগত ছিল, এখন সেগুলি আইনসঙ্গতভাবে তাদের হাত থেকে কেড়ে নিয়ে মৎস্য-চাষী জেলেদের নিয়ে মাছ চাষ করা যেতে পারে সমবায়ের মাধ্যমে। এতে একদিকে যেমন জেলেদের অর্থ নৈতিক পুনর্বাসন হবে অপর দিকে পশ্চিম-বাংলার স্বার্থও এতে রক্ষিত হবে এবং মাছ উৎপাদন বাড়বে। নদীয়া জেলার অধিবাসীদের দিকে তাকান, সেখানে কয়েক লক্ষ তাঁতী আছে এবং মালদা জেলাতেও কয়েক লক্ষ তাঁতী আছে। তাদের যাতে সমবায় আন্দোলনের সাথে ওতপ্রোত ভাবে জড়িত করতে পারি তার জন্য চেষ্টা করা দরকার। এর জন্য করতে হবে একদিকে সুতা বন্টন, উৎপাদন ইত্যাদি অপর দিকে তাঁতীরা যে কাপড় তৈরী করে সেটা যাতে উপযুক্ত দামে মার্কেটে বিক্রি হয় তার জন্য মার্কেটে সৃষ্টি করতে হবে এবং সেটা বড়বাজার বা দাদন দিয়ে নয়, সমবায়ের মাধ্যমে দাম স্থির করতে হবে এবং সমবায়ের মাধ্যমে বিপণন ব্যবস্থা গড়ে তুলতে হবে যাতে গরীব মানুষের স্বার্থ এতে রক্ষা করতে পারেন। কেননা আজও বিভিন্ন সমবায় সংগঠনে দুর্নীতি আছে। আমি জানি একথা বললে কংগ্রেস বন্ধুরা চীৎকার করবেন। আমার পাশের এলাকা

নিউ ব্যারাকপুরে গোটা উপনগরীতে গড়ে উঠেছে হাউসিং কো-অপারেটিভ। ভক্তিবা: যখন এই দপ্তরে ছিলেন তখন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার কথা হয়েছিল কিন্তু হাইকোর্টে মামলা করে রাজ্য সরকারের ক্ষমতাকে তাঁরা আটকে দিয়েছেন আজও সেখানে লক্ষ লক্ষ টাকা চুরি হচ্ছে এবং জমি নিয়ে ফাটকা হচ্ছে সমবায়ে: নাম করে। এর ফলে সেখানকার যারা অধিবাসী তারা বিভিন্ন সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। সেজন্য বলবো সমবায়ে বাস্তুঘুঘুদের বাসা ভেঙে সেখানে সমবায়ে: সাধারণ মানুষের কল্যাণে কাজ করাতে হবে। ইণ্ডাষ্ট্রিয়াল কো-অপারেটিভে: কথা কিছু বলবো। বহু ছোট ও মাঝারী কারখানা বন্ধ হয়ে আছে। মালিকর এসবগুলি বন্ধ করে দিয়ে চলে গেছে। অথচ এইসব কারখানার মূল ক্যাপিটাল যা তাতে ব্যক্তিগত মালিকানার অংশ নগণ্য। অর্থাৎ তারা হয় ন্যাশনালাইজড ব্যাঙ্ক থেকে কিম্বা কোন ফাইন্যানশিয়াল প্রতিষ্ঠান থেকে টাকা নিয়ে কারখান পরিচালনা করছে। তবে ব্যক্তিগত মালিকানা থাকার ফলে শ্রমিকরা আ: মৃত্যুমুখে দাঁড়িয়ে আছে। কর্মচারীদের নিয়ে যদি ইণ্ডাষ্ট্রিয়াল কো-অপারেটিভ হয় তাহলে বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে একটা নতুন পদক্ষেপ আমরা গ্রহণ করতে পারব। আজকে ধনবাদী ব্যবস্থার মধ্যে থেকে সমস্ত কিছু করা সম্ভব নয় কিন্তু সীমাবদ্ধ আকারে আইনের যে দুর্বল কথাগুলি আছে সেগুলি যদি দূর করতে পারি তাহলে সমবায়ের মাধ্যমে সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করতে পারবো। ত: না হলে কিছুদিন আগে কো-অপারেটিভ ব্যাঙ্কে যে ঘটনা হয়েছে সে জিনিস আগামী দিনে আবার হতে পারে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে সমবায় পরিচালনার কথা মনে রাখবেন। এই কথা বলে আ: এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি।

শ্রীপান্নালাল মাজি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পে: করেছেন তাকে সমর্থন করে ২/১টি কথা বলতে চাই। সমবায় ব্যবস্থা দরি: জনসাধারণের পক্ষে একটা কল্যাণকর ব্যবস্থা এ বিষয়ে সন্দেহ নেই। সেজন্য বিশ্বের মহান বিপ্লবের স্রষ্টা কার্ল মার্কস সমবায় ব্যবস্থার উপর খুব গুরুত্ব দিয়ে ছিলেন। তিনি মনে করতেন সমবায়কে জনসাধারণের কল্যাণের জন্য যদি শোষণ মুক্তভাবে পরিচালনা করা যায় এবং এর মাধ্যমে পুঁজিবাদী শোষণ ব্যবস্থার মধ্যে জনগণের কিছু অর্থনৈতিক সুবিধা করা যায় তাহলে ভালো হবে। কিন্তু তার মানে তিনি এ কথা কোন সময়ে মনে করেন নি যে সমবায় ব্যবস্থার মধ্য দিয়ে আর্থিক সামাজিক সমস্ত কিছুর পরিবর্তন করা যাবে। আমরা মনে করি একে দুর্নীতিমু:

করে কায়েমী স্বার্থকে হটিয়ে জনসাধারণের কিছু কল্যাণ করা যায়। কিন্তু সমস্যা হচ্ছে এই ধরনের কল্যাণকারী প্রতিষ্ঠানকে আগেকার সরকার যাঁরা পরিচালনা করেছেন, যাঁরা এখন ওখানে বসে বিরোধিতা করছেন, তাঁরা এর দফা শেষ করে দিয়েছেন।

[4 20—4.30 P. M.]

নানা রকম দুর্নীতি এর মধ্যে ওরা চালিয়ে সব কিছু নষ্ট করে দিয়েছে যার জন্য একে পুনর্গঠন করে জনকল্যাণমুখী করতে খুব কষ্ট হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় যথাযোগ্যভাবে বলেছেন যে আমরা চেষ্টা করছি, এই ধরনের কথা কখনও বলেন নি যে আমরা করে ফেলেছি, আমরা এর জন্য চেষ্টা করছি। আমরা জানি এটা কঠিন কাজ। কারণ, প্রতিক্রিয়াশীল চক্র, জনস্বার্থ-বিরোধী দুর্নীতিপরায়ণ লোকেরা এখনও কো-অপারেটিভের মধ্যে আছে, তাদের সরান খুব শক্ত। আগে থেকেই কো-অপারেটিভে উঁচু থেকে নিচু পর্যন্ত চারিদিকে বিশৃংখলা, এখনও কিছুটা আছে, মাননীয় মন্ত্রী মহাশয় সেজন্য চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন সেগুলি থেকে কিভাবে কো-অপারেটিভকে উদ্ধার করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্থনৈতিক যে ভাঙন, অর্থনৈতিক যে অবনতি সারা ভারতবর্ষে চলছে পশ্চিমবঙ্গ তা থেকে বাদ যেতে পারে না। অন্যান্য রাজ্যের মানুষের যেমন দুরবস্থা পশ্চিমবঙ্গেরও সেই রকম দুরবস্থা, কিন্তু এখানে একটা জনদরদী সরকার থাকার ফলে তা যথেষ্ট রকম কমানর চেষ্টা হচ্ছে এবং জনগণ কিছুটা উপকৃত হচ্ছেন। সেদিক থেকে আমাদের লক্ষ্য হচ্ছে সমবায় ব্যবস্থাকে জনগণের কল্যাণের উপযোগী করে তোলা এবং একে পুনর্গঠন করে সেইভাবে পরিচালনা করা। শুধু তাই নয়, আরো নতুন নতুন কো-অপারেটিভ তৈরী করা আমাদের লক্ষ্য। কারণ, পুরান যেসব আছে সেখানে কায়েমী স্বার্থের দুর্নীতিপরায়ণ লোক আছে, তাদের হাত থেকে সমবায়কে উদ্ধার করা একটা শক্ত কাজ। সেজন্য জনকল্যাণকামী যে-সমস্ত সৎলোক আছে তাদের দিয়ে আরো নতুন নতুন সমবায় পরিচালনা করার চেষ্টা আমরা করছি। সেজন্য বিভিন্ন সেক্টরে কিছু কিছু উন্নতি আমাদের হয়েছে। পশ্চিমবঙ্গে খুব সমালোচনা হচ্ছে যে বহু টাকা ওভারডিউ অনাদায়ী পড়ে আছে, সেজন্য ঋণ দেওয়া যাচ্ছে না। একথা ঠিকই যে পশ্চিমবঙ্গে কৃষি-ঋণের ব্যাপারটা একটা অসুবিধাজনক অবস্থার মধ্যে এসে পড়েছে, ঋণ আদায় করা যাচ্ছে না, সেজন্য নতুন করে ঋণ দেওয়া হচ্ছে না, অসুবিধা আছে। আমাদের দেশে যেখানে

৭ হাজার ৪৬১টি এস কে ইউ এস অন্যান্য সব মিলিয়ে ৭॥ হাজারের মত সোসাইটি, মেম্বার যেখানে ২৩ লক্ষ এগ্রিকালচার সোসাইটিতে, তাছাড়া সার্বজনীন মেম্বার হবে ৬ লক্ষ সেখানে এইসব লোকদের আমরা প্রয়োজন মত ঋণ দিতে পারছি না যেহেতু কালেকশান করা যাচ্ছে না। কিন্তু ঘটনা হচ্ছে এটা কি হঠাৎ হয়ে গেছে ? এটা হঠাৎ হয়নি। কংগ্রেসী বন্ধুরা চেঁচাচ্ছেন, তাঁদের আমলে কি খুব ভাল ছিল ? ভাল মোটেই ছিল না, তাঁদের আমলেই এই সর্বনাশ হয়েছে। ১৯৭৬-৭৭ সালের আগের আগের বছর সর্ট টার্ম ইনভেস্টমেণ্ট কমে কমে এসেছে। কিন্তু ১৯৭৬-৭৭ সালে হাওয়া দেখে ওঁরা ভেবেছিলেন যে যেতে হবে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে ১৯৭৬-৭৭ সালে সিদ্ধার্থবাবুর নেতৃত্বে পশ্চিমবঙ্গে ধাপ্পাবাজ সাজান প্রতারক সরকার চলছিল, তাই যাবার আগে অনেক কিছু বিশৃংখলা ইত্যাদি করে নানাভাবে খরচ বাড়িয়ে দিয়ে যায় যাতে পরবর্তীকালে আমরা যখন ১৯৭৭ সালে আসি তখন আমাদের অসুবিধায় পড়তে হয়।

সেখানে এঁরা বছরে ৩৩ কোটির জায়গায় ৫১ কোটি টাকা সর্ট টার্ম লোন দিয়েছে। কিন্তু তারপর থেকেই আদায় ফল্ করতে লাগল এবং বন্যা, খরা ইত্যাদি চলল। তারপরও যেটা দেয়া হয়েছে সেটাও কিন্তু কম নয়। ১৯৭৯-৮০ সালে ৩(কোটি ৯৪ লক্ষ টাকা, ১৯৮০-৮১ সালে ৩৪ কোটি ৩৭ লক্ষ টাকা, ১৯৮১-৮২ সালে ৩৪ কোটি টাকা এবং ১৯৮২-৮৩ সালে ৩৫ কোটি টাকা। নিশ্চয়ই একে কম বলা যায় না। তবে ক্রেডিট সেক্টরে এই যে দুরবস্থা এটা শুধু আমাদেরই নয়, সারা ভারতবর্ষেই এই অবস্থা চলছে। গুজরাট, মহারাষ্ট্র কো-অপারেটিভ-এর ক্ষেত্রে অনেক এগিয়ে গেছে বলা হচ্ছে, কিন্তু সেখানকার রিপোর্ট হচ্ছে—গুজরাটে ৭৬৮৪টি কো-অপারেটিভ সোসাইটি আছে এবং তার সদস্য সংখ্যা হচ্ছে ১২ লক্ষ ৬১ হাজার। ১৯৮০ সাল পর্যন্ত তাদের লোন আদায় কিভাবে কমছে সেটা দেখুন। তারা ১৯৭৯ সালে লোন দিয়েছে ১৫১ কোটি টাকা, ১৯৮০ সালে লোন দিয়েছে ১৫৪ কোটি টাকা। অবশ্য তার আগে তাদের এই টাকার পরিমাণ বেশী ছিল। যাহোক, ১৯৭৯ সালে তারা কর্জ আদায় করল ১২৯ কোটি টাকা এবং ১৯৮০ সালে কর্জ আদায় করল ১২৭ কোটি টাকা। অর্থাৎ তাদের কর্জ আদায় কম হচ্ছে। তারপর ওভার-ডিউর পজিশন হচ্ছে ১৯৭৯ সালে ৯০ কোটি ২০ লক্ষ টাকা এবং ১৯৮০ সালে ১০৮ কোটি ৩৪ লক্ষ টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ থেকেই আপনি দেখতে পাচ্ছেন পার্সেণ্টেজ্ কিভাবে বাড়ছে। গুজরাটে কো-অপারেটিভের ডেভেলপমেণ্ট হয়েছে এবং সেখানকার "আমূল" আমরা দেখেছি। কিন্তু ঐ একটা জিনিস দেখে কো-অপারেটিভকে বিচার করা যায় না। লক্ষ লক্ষ ভাগচাষী এবং গরীব মানুষ কিভাবে

সুযোগ পাচ্ছে সেটা দিয়ে কো-অপারেটিভকে বিচার করতে হবে। প্রাইমারী সোসাইটির মেম্বাররা কতটা বেনিফিট পাচ্ছে তা দিয়ে কো-অপারেটিভকে বিচার করতে হবে। আমরা জানি ক্রেডিটটা সরাসরি এগ্রিকালচারে সাহায্য করে। ১৯৮০ সালে তাদের ওভার ডিউর পার্সেন্টেজ হচ্ছে ৩৭ পার্সেন্ট এবং ১৯৮০ সালে সেটা বেড়ে হল ৪১ পার্সেন্ট। তাহলে আমাদের রাজ্যে যেটা বাড়ছে সেটাকে কি বেশী বলা যায়? মহারাষ্ট্রে সোসাইটির সংখ্যা হচ্ছে ১৮ হাজার ৪০৬টি এবং মেম্বারের সংখ্যা হল ৫৫ লক্ষ। ১৯৮১-৮২ সালে ২৬২ কোটি টাকা লোন দেওয়া হয়েছে এবং তাদের আউটষ্ট্যাণ্ডিং হচ্ছে—১৯৮০-৮১ সালে ৩৮২ কোটি টাকা, ১৯৮১।৮২ সালে ৪১০ কোটি টাকা। তাদের ওভার ডিউর পজিশন হচ্ছে—১৯৮০-৮১ সালে ১৪৯ কোটি ৬৫ লক্ষ টাকা এবং ১৯৮১-৮২ সালে ১৭১ কোটি টাকা। তাহলে কোথায় যাবেন সেটা বলুন। মানুষ যাতে লোন ফেরৎ না দেয় তার জন্য হ্যাণ্ড বিল ছড়াচ্ছে, নানা রকম চক্রান্ত চলছে। কাজেই সেদিক থেকে বলা যায় আমাদের চিত্র খারাপ নয়। উত্তরপ্রদেশে ৮০ হাজার সোসাইটি আছে এবং তার সদস্য সংখ্যা হচ্ছে ৯১ লক্ষ। সেখানে ১৮৮ কোটি টাকা লোন দেওয়া হয়েছে এবং ওভার ডিউ হচ্ছে ১১৩ কোটি টাকা।

[4.30—4 40 P. M.]

এই হচ্ছে তাদের চিত্র। আমাদের রাজ্যে যে কো-অপারেটিভ আন্দোলন চলছে তাতে এগ্রিকালচার সেক্টরে সার, বীজ দেবার ব্যবস্থা আমরা করেছি এবং কোল্ড ষ্টোরেজ যা ওদের আমলে বিশেষ ছিল না, আমাদের বামফ্রন্ট সরকার আসার পর আমরা ১২টি কোল্ড ষ্টোরেজ করে ফেলেছি এবং আরও ছয়টি তৈরী হচ্ছে। তাছাড়া অনেক রুর‍্যাল গোডাউন, জুট বেসিং প্ল্যান্ট তৈরী করেছি। এতে চাষীদের অনেক সুবিধা হয়েছে এবং পরবর্তীকালে আরও হবে। এইসব জিনিস করার ফলে চাষীদের স্বার্থে প্রাইস সাপোর্ট চাষীরা পাবে। তারপর উইভারদের ব্যাপারে যেখানে টারগেট হচ্ছে ৬০% কভার করতে হবে, সেখানে ১৯৭৬-৭৭ সালে কভার হয়েছে মাত্র ১০%, আর ১৯৮১-৮২ সালে ৩৫%, আর ১৯৮২-৮৩ সালে ৩৮%। আপনারা তো গরীব উইভারদের কথা বলে গেলেন। কিন্তু কি করেছেন আপনারা? আপনারা মাত্র ১০% কভার করতে পেরেছিলেন ১৯৭৬-৭৭ সালে—যখন কেন্দ্র ও রাজ্য আপনাদের হাতে ছিল। আমরা ১৯৮২-৮৩ সালে ৩৮% গরীব উইভারদের কভার করেছি। আগামী বছরে আরও অনেক বেশী কভার করতে পারবো বলে আশা রাখি। ১৯৭৬-৭৭ সালে আপনারা মাত্র ৪টি কো-অপারেটিভকে লাভজনক

করতে পেরেছিলেন, আর ১৫০টি না-লাভ, না-ক্ষতি এই অবস্থায় ছিল। ১৯৮১-৮১ সালে আমরা ১২৩টি লাভজনক অবস্থায় এনেছি, এবং ৪৩৫টি না-লাভ না-ক্ষতি অবস্থায় এনেছি। আগামী ১৯৮৩-৮৪ সালে আমরা মোটামুটিভাবে ১৭০টি লাভজনক করতে পারবো এবং ৫০০টি না-লাভ না-ক্ষতি অবস্থায় আনতে পারবো। আর স্পিনিং মিল কো-অপারেটিভ সেক্টরে ২৫০০০ মাকু বাঁকুড়ার বড়জোড়া ও মেদিনীপুরে করা হচ্ছে। আমাদের রাজ্যে যেটা ছিল শ্রীরামপুরে—সেখানে ১৯৭৬-৭৭ সালে ৬০০০ মাকু ছিল, আমরা ১৯৮১-৮২ সালে সেটা ২৫০০০ করেছি। আপনাদের সময় কো-অপারেটিভ সেক্টরে তাঁতীদের বিন্দুমাত্র উন্নতি হয় নি। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে আমরা কো-অপারেটিভের যে কাজ সেটা একটা নীতির মাধ্যমে করে থাকি। শুধু বড় বড় কথা বলে মানুষকে ঠকাতে চাই না। সত্যিকারের কো-অপারেটিভকে সুষ্ঠুভাবে চালনার জন্য এই বিধানসভায় আইন পাশ করা হয়েছে—আগামী দিনে সেটা চালু হবে এবং আগামী দিনে জনগণের আরও কল্যাণে এই সমবায় আন্দোলন নিয়োজিত হবে। এর দ্বারা মাননীয় বন্ধুদের আমরা উপকার করতে পারবো বলে মনে করি। আমরা জনগণের কল্যাণের জন্য যে নীতি নিয়ে এই সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাচ্ছি তাতে ওঁরা সহযোগিতা করবেন বলে আশা রাখি। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট আজকে পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহাজারী বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী তাঁর বাজেট বরাদ্দের জন্য যে ব্যয় মঞ্জুরীর দাবী এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলবো। আপনি জানেন সমবায় আন্দোলন করতে গেলে মূলত যে জিনিস সাধারণের মধ্যে থাকা দরকার, সেটা হচ্ছে এই সমস্বার্থ, সমউদ্যোগ, সম-অধিকার। এই তিনটি জিনিস সমবায় আন্দোলনে থেকে গিয়েছে। এই জিনিসটা যদি সাধারণ মানুষ উপলব্ধি করতে না পারে, তাদের অধিকার সম্পর্কে সচেতন, তাদের স্বার্থ সম্পর্কে সচেতন যদি সাধারণ মানুষকে না করা যায় তাহলে এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার অসুবিধা আছে। আমাদের বামফ্রন্ট কর্মীরা এটা বিশেষভাবে জানেন। এই যে সমাজ-ব্যবস্থা পুঁজিবাদী ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থা সামন্ততান্ত্রিক সমাজ-ব্যবস্থা তাতে সমবায় আন্দোলন পরিপূর্ণভাবে বিকাশ লাভ করতে পারে না। যতদিন না শোষণহীন সমাজ-ব্যবস্থা কায়েম হচ্ছে ততদিন এই সমবায় আন্দোলন পূর্ণভাবে বিকাশ লাভ করতে পারবে না। এটা কঠিন ব্যাপার।

তা সত্ত্বেও ১৯৭৭ সালের জুন মাসে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর এই সমবায় আন্দোলনকে একটা গতিশীল রূপরেখা দেবার চেষ্টা করছেন। যদিও এই বামফ্রন্ট সরকার জানেন এই সমাজ ব্যবস্থার মধ্যে, এই সংবিধানের কাঠামোর মধ্যে একটা অঙ্গ রাজ্যের পক্ষে এই আন্দোলনকে একটা চরম পর্যায়ে নিয়ে গিয়ে সাধারণ মানুষের মৌলিক সমস্যার সমাধান করা সম্ভব নয়। তা সত্ত্বেও এই বামফ্রন্ট সরকার এই সমবায় আন্দোলনের মধ্যে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পিছিয়ে পড়া সমাজের মানুষের অর্থনৈতিক কাঠামোর বুনিয়াদকে একটু পরিবর্তন করার জন্য আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে। কিন্তু স্যার, চেষ্টা করলে কি হবে? বিগত দিনগুলোর দিকে তাকালে দেখা যাবে—মাননীয় কাশীবাবু শীশ মহম্মদ সাহেবের কথা বলেছেন, আমি সেই সময়েরই কথা বলছি, ১৯৭৪-৭৫ সালের বাজেটের কথা আমি বলছি। তখনকার সমবায় মন্ত্রী ছিলেন বর্তমান মাননীয় বিরোধী সদস্য ডাঃ জয়নাল আবেদিন, তিনি তাঁর বাজেট বক্তব্যের মধ্যে বলেছেন যে, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ সমবায়ের দিক থেকে পিছিয়ে আছে, এই কথা তিনি অকপটে স্বীকার করেছেন। প্রশ্নটা হচ্ছে এই, কাশীবাবু আজকে বলেছেন তাঁর বক্তব্যের মধ্যে যে কৃষির সার্বিক উন্নতি যদি হয়, তবেই সমবায়ের উন্নতি হতে পারে, ঠিক কথা। আজকে গোটা পশ্চিমবঙ্গে দেখা যাচ্ছে ৭০ ভাগ কৃষক ক্ষেত-মজুরে পর্যবসিত হয়েছে। ২০ বছর আগে যেখানে ছিল ৩০ ভাগ, আজকে ২০ বছর পরে ৭০ ভাগ মানুষ ক্ষেতমজুরে পর্যবসিত হয়েছে যে দেশে, যে রাজ্যে, সেখানে গোটা গ্রাম বাংলার সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নতি কি হতে পারে, সেই সব সমাজের অবস্থা কি হতে পারে, অর্থনৈতিক অবস্থা কি হতে পারে সেটা তো চিন্তার কথাই। কাশীবাবুর সঙ্গে আমি একমত যে, গোটা ভারতবর্ষের যে ভূমিনীতি, সেই নীতির ফলে আজকে সমাজের অবস্থা অত্যন্ত খারাপ অবস্থায় এসে পৌঁছেছে। দুর্বল শ্রেণীর মানুষ আজকে দুর্বল থেকে দুর্বলতর দিকে এগিয়ে যাচ্ছে এবং তারই পরিণতি হিসাবে আজকে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের ৭০ ভাগ মানুষ ক্ষেতমজুরে পর্যবসিত হয়েছে। এই যাদের দৃষ্টিভঙ্গী,, এই যাদের ধারণা, তারা ঐ সমবায় সম্পর্কে কি তাদের অধিকার, কি তাদের স্বার্থ, এবং কি তাদের সম-উদ্যোগ, এই প্রশ্ন নিয়ে চিন্তা-ভাবনা করা তাদের পক্ষে সম্ভব নয়। তাঁরা যে শ্রেণীর প্রতিনিধিত্ব করেন, ঐ শিল্পপতি, পুঁজিপতি এবং ধনী চাষী, জোতদারের যাঁরা প্রতিনিধি, তাদের হয়ে সমবায় আন্দোলনকে তাদের কুক্ষিগত করে রেখেছিলেন। বিভিন্ন সংস্থাতে তাঁরা তাঁদের নিজেদের লোককে বসিয়ে রেখেছেন, সেখানে ব্যাঙ্কের কথা বলুন, ইউনিয়নের কথা বলুন,

সমস্ত জায়গায় তাঁদের ঐ জোতদার এবং ধনী চাষীদের প্রতিনিধি বসিয়ে রেখে তাঁদের একটা কায়েমী স্বার্থের চক্র গড়ে তুলেছেন। যার জন্য আজকে সমাজের অন্যান্য দুর্বলতর অংশের মানুষ এই কো-অপারেটিভ, সমবায়ের যে-সমস্ত সাহায্য, তাঁরা পেতে পারতেন, তা থেকে তাঁরা বঞ্চিত হয়েছেন। তার কারণ বিগত দিনের কংগ্রেস সরকারের যে নীতি, সেই ধনীকে তোষণ করা, এই প্রশ্ন থেকেই কিন্তু এই প্রশ্নটা এসেছে। যার জন্য দুর্বল অংশের মানুষ আরও দুর্বল হয়ে গেছে। যার জন্য সাধারণভাবে সেই সব মানুষের মধ্যে অনীহা জেগেছে। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর মূল্যায়ন করে দেখেছে যে-সমস্ত কো-অপারেটিভগুলো আছে, সেইগুলো মূলতঃ ঐ ধনী চাষী এবং শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ, সার্বিক ভাবে সাধারণ মানুষের মধ্যে এটা ব্যাপ্তি লাভ করেনি। তার একটাই কারণ হচ্ছে পুঁজিবাদী রাষ্ট্র-ব্যবস্থার ধারক এবং বাহক যে সরকার এবং তাদের বশংবদ যে-সমস্ত জমিদার এবং জোতদার, তাদের মধ্যেই এই সমবায় সীমাবদ্ধ থেকে গেছে। যার জন্য সমবায়ের এই অবস্থা আজকে। এর থেকে কাটিয়ে ওঠা অত্যন্ত দুরূহ ব্যাপার, কঠিন ব্যাপার। এই সমাজ ব্যবস্থার মধ্যে, এই আর্থিক সঙ্কটের মধ্যে একটা অঙ্গ রাজ্যের পক্ষে এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া অত্যন্ত কঠিন এবং দুরূহ কাজ। তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার এই সীমিত ক্ষমতার মধ্যে, তাদের এই অর্থনৈতিক সমস্যার মধ্যেও বদ্ধপরিকর যাতে ঐ দরিদ্রতম, পিছিয়ে পড়া মানুষের আর্থিক জীবনযাত্রার মানকে খানিকটা উন্নত করা যায়। যার জন্য বামফ্রন্ট সরকার—বিগত দিনের সরকার যেমন ধনী চাষীদের ঋণ দান করেছেন, বর্তমান সরকার ঐ পাট্টাদার, বর্গাচাষী এবং গরীব চাষী, মাঝারী চাষীদের ঋণ দিচ্ছেন। বিগত দিনে সেই সব জিনিস কিছু হতো না। এই ক্ষেত্রে আমি বলতে চাই আপনার মাধ্যমে যে, এই ঋণ দানের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে. বিগত দিনে ধনী চাষী, যারা ঋণ নিয়েছিল, তারা কিন্তু সেই সব ঋণ আদায় দিচ্ছে না এবং তারা অন্যান্য সমাজের মানুষকেও উস্‌কানি দিচ্ছে, প্রলোভিত করছে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই সব করছে, যাতে নাকি বামফ্রন্ট সরকারের এই সমস্ত সমবায় আন্দোলনের কর্মসূচী ব্যাহত হয়, এই জন্য তারা উস্‌কানি দিচ্ছে।

[4.40—4.50 P.M.]

এই জন্য তাঁরা উস্‌কানি দিচ্ছেন, যার জন্য এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া কষ্টসাধ্য ব্যাপার হচ্ছে। যার জন্য বামফ্রন্ট সরকার সমস্ত স্তরের

মেহনতী মানুষদের ঐক্যবদ্ধ করে এর উদ্দেশ্য কি, এর স্বার্থ কি, সেই বিষয়ে সম্যকরূপে অবহিত করার জন্য একটি শিক্ষা কর্মসূচী গ্রহণ করেছেন এবং তার মধ্য দিয়ে এটাকে ছড়িয়ে দেওয়া হবে। এইভাবে ব্যাপক লোককে শিক্ষিত করে যদি এটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তবেই বামফ্রন্ট সরকারের এই কর্মসূচী সফলতা লাভ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আমি বলতে চাই যে, অনেকগুলি আইন প্রণয়ন হয়েছে নতুনভাবে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে অনেকগুলি প্রস্তাব রেখেছেন, আইনের কথা বলেছেন। বিগত দিনে কংগ্রেস আমলে জেনারেল বডির সদস্য বছরে একবার করা হত। সেই জেনারেল বডির মধ্যে দেখা গেছে ডাইরেক্টর বোর্ডের সাধারণ সভ্যরা আসতেন না। ওয়ান ফিফ্‌থ্‌ সদস্য থাকলে সভা হতে পারত। অনেক সময় সদস্যরা উপস্থিত না হলে মিটিং বন্ধ হয়ে যেত। তখন আইনে ছিল পরবর্তী সভা ৭ দিন পরে ২/৩ জন সদস্য থাকলেও করা যাবে। তাই তখন কায়েমী স্বার্থ যারা কুক্ষিগত করে রেখেছিল তাদেরই স্বার্থ প্রতিফলিত হত। বর্তমান আইনে ৫০ভাগ সদস্যকে উপস্থিত থাকতে হবে বলা হয়েছে এবং নতুন করে নোটিশ দিয়ে মিটিং করার ম্যানুয়্যাল তৈরী করতে হবে। এই ভাবে জনস্বার্থ আইন প্রণয়ন করা হয়েছে। মৎস্যজীবী সম্পর্কে আমি দু'-একটি কথা বলতে চাই। মৎস্যজীবীদেও প্রশ্নে ১০ ভাগ মৎস্যজীবী সদস্যের ব্যবস্থা আছে। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন আজকাল মৎস্যজীবী সম্প্রদায়ের ছেলেরাও শিক্ষালাভ করেছে। তাদের যদি সমিতি গঠন করা যায় তাহলে তারা স্বত্ব উপভোগ করবে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী মঞ্জুরীর জন্য বাজেট পেশ করেছেন আমি তাকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনির্মল কুমার বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের কাছে কৃতজ্ঞ যে, আজ সমবায় বিভাগের ব্যয়-বরাদ্দের দাবীর উপর আলোচনা করতে গিয়ে তাঁরা অত্যন্ত গঠনমূলক বক্তব্য রেখেছেন। আজকে যিনি বিতর্ক উদ্বোধন করলেন মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয়, যিনি এই বিধানসভার একজন বিতর্কিত ব্যক্তি, যিনি বক্তৃতা করতে উঠলেই চেঁচামেচি শুরু হয়, তিনি পর্যন্ত আজকে একটি অত্যন্ত ভাল বক্তৃতা করেছেন এবং আমি নিজেও উদ্বুদ্ধ হয়েছি তাঁর বক্তৃতা শুনে। কারণ পেশায় আমি শিক্ষক। সমবায়ের কাজও খানিকটা শিক্ষকতার কাজ। কাজেই সুনীতিবাবুও যে এই সমবায় আলোচনায় আকৃষ্ট করতে সক্ষম হয়েছেন সেটা আমার পক্ষে আনন্দদায়ক

বিষয়। তাছাড়া মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয়ও তাঁর বক্তব্যের ম
অনেকগুলি গঠনমূলক প্রস্তাব রেখেছেন। যে-সব প্রস্তাবগুলি রেখেছেন তার জব
দিতে গিয়ে আমি দু'-একটি কথা বলব। নিশ্চয় আমরা কাজ করতে গিয়ে এই
প্রস্তাব ভালভাবে বিবেচনা করব এবং আমাদের পক্ষের অনেক সদ
অনেকগুলি গুরুত্বপূর্ণ প্রস্তাব রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে-সব প্রশ্ন এখা
উঠেছে তার জবাব দেবার আগে আমি দু'-একটি কথা সাধারণভাবে বলে নি
চাই। আমি যে বাজেট বিবৃতি এখানে রেখেছি তার সঙ্গে গত ৫ বছরে
আর একটি বিবরণী রেখেছি। সেখানে আমি পরিষ্কার করে কতগুলি কথা বলেছি
আমরা একবারও দাবী করি নি যে, ৫॥/৬ বছরে দারুণ কিছু করে ফেলেছি
করাটা খুব কঠিন এবং আমরা চেষ্টা করছি। তবে এটা আমরা মনে করি বর্তমা
ব্যবস্থায় সমবায়ের মাধ্যমে কিছু করা যায়, কিছু করা প্রয়োজন। অর্থনী
ক্ষেত্রে, বিশেষ করে গ্রামীণ অর্থনীতি ক্ষেত্রে সমবায় এখনই একটা ইনফ্রাষ্ট্রাকচা
যার কোন বিকল্প নেই। অল ইণ্ডিয়া কো-অপারেটিভ সার্ভে কমিটি বলেছে
কো-অপারেটিভস আর পেড বাট কো-অপারেটিভস মাষ্ট সাকসিড। অনে
সমালোচনা অনেকেই করে থাকেন পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, সর্ব ভারতীয় ক্ষেত্রে। কি
অনেকগুলি ব্যাপারে এর ইনফ্রাষ্ট্রাকচার, এর ডেমোক্রেটিক ইনভলভমেণ্টের ব্যাপা
কোনরকম বিকল্প কিছু নেই।

সুতরাং এর উপর আমাদের নির্ভর করতে হয়। কৃষি ব্যবস্থায় হোক বা অ
ক্ষেত্রেই হোক, আমরা মনে করি, দরিদ্র মানুষদের অবস্থার উন্নতি করতে হ
সমবায়ের মাধ্যমে তার একটা বড় সুযোগ আছে। আরো একটি কথা জোরে
সঙ্গে আমরা বলতে চাই যে, রাজ্য সরকারের যে আর্থিক সীমাবদ্ধতা—যেটা হট
করে হয় নি এবং বর্তমানে যে সংবিধানের ব্যবস্থা সেখানে দরিদ্র মানুষদের অবস্
অর্থনৈতিক ক্ষেত্রে যদি উন্নতি করতে চাই এবং উৎপাদন বাড়াতে চাই তাহ
সমবায়ের উপর আমাদের বেশী করে নির্ভর করতে হবে। সমবায়ের অগ্রগতি হ
নানান রকমের অর্থনৈতিক প্রতিষ্ঠান—যেমন এন. সি. ডি. সি, নাবার্ড, এল.আই.সি
এদের কাছ থেকে আমরা প্রচুর টাকা পেতে পারি এবং এই সব টাকা নিয়ে বিভি
ক্ষেত্রে অগ্রগতির কাজে অংশ গ্রহণ করতে পারি। সমবায়ের ক্ষেত্রে আমরা এ
দৃষ্টিভঙ্গী রাখছি যে, গরিব মানুষের কাছে সমবায়কে নিয়ে যেতে হবে। গ্রামীণ কৃ
ক্ষেত্রে ক্ষুদ্র চাষী, বর্গাদার, পাট্টাদার, ক্ষেতমজুর এবং অন্য ক্ষেত্রে শহরাঞ্চলের শ্রমিক
মহিলা, নিম্নমধ্যবিত্ত মানুষ তারা যাতে সমবায়ের মাধ্যমে বেশী করে উপকৃত হ
সেই কাজ আমরা করতে চাই। সমবায়কে আমরা একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠা

হিসাবে পরিচালনা করতে চাই। এখানে সরকার বা কোন রাজনৈতিক দলের হস্তক্ষেপ যাতে না হয় বা কোন গোষ্ঠীর হস্তক্ষেপ যাতে না হয় এবং তাড়াতাড়ি যাতে তা থেকে মুক্ত হওয়া যায় সেই লক্ষ্য রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ছাঁটাই প্রস্তাবের নোটিশগুলি যখন আমি পেলাম তখন দেখলাম তার মধ্যে দু'টি কথা লেখা আছে। বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা কেন আমাদের ব্যয়-বরাদ্দকে সমর্থন করতে পারছেন না সে সম্বন্ধে বলতে গিয়ে তাঁরা দু'টি শব্দ ব্যবহার করেছেন—দুর্নীতি এবং দলবাজী। স্যার, আমি বিরোধীপক্ষের দু'জন মাননীয় সদস্য মহাশয়ের বক্তৃতা শুনলাম। দলবাজী কথাটা সুনীতিবাবু বারবার বললেন, কিন্তু তিনি একটিও দলবাজীর দৃষ্টান্ত রাখতে পারলেন না। তারপর দুর্নীতির কথা। আমি ভেবেছিলাম দুর্নীতির কথা বলতে গিয়ে তাঁরা অনেক সংগঠনের কথা বলবেন, চাঞ্চল্যকর সব কথা বলবেন যেটা কাগজে কালকে হেড লাইন হয়ে বেরুবে, কিন্তু সে ব্যাপারেও একটাও দৃষ্টান্ত দিতে পারলেন না। তাহলে এর থেকে কি এটা প্রমাণ হয় না যে, আমাদের সরকারের আমলে দুর্নীতি কমেছে ? ওঁরা একটিও দুর্নীতির দৃষ্টান্ত দিতে পারলেন না কিন্তু আমাকে যদি বলতেন তাহলে আমি ১০/১৫টা বলে দিতে পারতাম। দুর্নীতি আছে, দুর্নীতি একেবারে চলে গিয়েছে একথা আমরা কখনই বলিনি, তবে একথা বলতে পারি দুর্নীতি দূর করার চেষ্টা আমরা করছি এবং আমাদের কাজের মধ্যে কোথাও দুর্নীতি নেই। কতটা পারবো জানি না, কিন্তু আমরা চেষ্টা করে চলেছি দুর্নীতিমুক্ত সুষ্ঠু সমবায় আন্দোলন পশ্চিমবাংলায় গড়ে তোলার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমালোচনার প্রশ্নে যাবার আগে একটি বিষয়ে আমি বিস্তৃত আলোচনা করতে চাই। স্যার, আমাদের সমবায়ের ক্ষেত্রে কৃষিই প্রধান এবং সেক্ষেত্রে আমরা গুরুতর সংকটের সম্মুখীন হয়েছি। কৃষি ক্ষেত্রে যে পরিমাণ দাদন ইনভেষ্টমেণ্ট, ঋণদান সমবায়ের মাধ্যমে করা উচিত আমরা সেটা করতে পারছি না। এই মুহূর্তে পশ্চিমবঙ্গে কৃষি ঋণের প্রয়োজন প্রায় ৩শো কোটি টাকা—স্বল্প মেয়াদী, দীর্ঘমেয়াদী এবং মধ্যমেয়াদী নিয়ে—বা তার চেয়ে কিছু বেশী কিন্তু আমরা সমবায়ের মাধ্যমে ৫২ কোটি টাকার বেশী দিতে পারছি না। কি লজ্জার কথা বলুন ! সেখানে কৃষকদের মহাজনদের উপর নির্ভর করতে হচ্ছে। ব্যক্তিগতভাবে টাকা যোগাড় করে কতজন আর চাষ করতে পারে ? স্যার, ১৯০৪ সালে ভারতবর্ষে যখন প্রথম সমবায় আরম্ভ হয় এবং আমাদের বাংলাদেশে রবীন্দ্রনাথ যখন সমবায় করেন—কুষ্টিয়ার কাছে শিলাইদহে সমবায় ব্যাঙ্ক স্থাপন করেন, তখন থেকেই চেষ্টা হচ্ছে মহাজনদের হাত থেকে কৃষকদের মুক্ত করার। আজও কিন্তু তা সম্পূর্ণ করতে পারা যায় নি। এটা আমাদের করতে হবে। এই ৫২ কোটিকে ১০০/১৫০ কোটি টাকায়

তুলতে হবে। এক্ষেত্রে প্রধান বাধা হচ্ছে ঋণ আদায় হচ্ছে না, ঋণ অনাদায়ী পড়ে থাকছে, ওভার ডিউস পড়ে থাকছে। আমি আমার বাজেট ভাষণেও বলেছি যে, বড় চাষী তারা টাকা শোধ করছেন না। লোকের ধারণা হয়ে গিয়েছে যে, শোধ না করলেও চলবে। ছোট চাষী, দরিদ্র চাষী তারা চেষ্টা করছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব এখন নেই, তিনি সমবায় বিভাগের মন্ত্রী ছিলেন, তিনি সমবায় বিল আলোচনার সময় গর্ব করে বুক ফুলিয়ে বললেন, জয়নাল আবেদিন মন্ত্রী থাকলে শতকরা ৮৫ ভাগ আদায় হয়, আর নির্মলবাবু মন্ত্রী থাকলে শতকরা ৪৩ ভাগ আদায় হয়। স্যার, এক পয়সা আদায় না হলেও লেখা হয় আদায় হয়েছে, তাহলে জয়নাল সাহেব ৮৫ ভাগ কেন সেখানে তো ১০০ ভাগ লিখলেই পারতেন। ১০০ ভাগ লিখলে লোকে কি বলবে তাই বুঝি ৮৫ ভাগ লিখলেন ? স্যার, এ ক্ষেত্রে বড় যে ত্রুটিটা জয়নাল সাহেবদের আমল থেকে চলে আসছে এবং যেটা আমরা চেষ্টা করেও পুরোপুরি এখনও বন্ধ করতে পারি নি সেটা হচ্ছে ঐ বুক এ্যাডজাষ্টমেন্ট বা পেপার ট্রানজাকশান। সেই জিনিসটা কি ? টাকা আদায় হল না, অথচ শেষ দিনে লিখে দেওয়া হল ১০০ টাকা আদায় হয়েছে এবং ১০০ টাকা ঋণ দেওয়া হল। আদায় হয়ে গেল।

[4.50—5.00 P. M.]

আমি রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট থেকে পড়ছি। রিজার্ভ ব্যাঙ্ক শ্রীমতী ইন্দিরা গান্ধীর কর্তৃত্বের ব্যাঙ্ক, বামফ্রন্ট সরকারের ব্যাঙ্ক নয়, মলাটটা লাল হলেও। Report of the study team on over dues of Co-operative Credit Institutions.

আমি পড়ছি, Recoveries from members were shown a day or two earlier to the issue of fresh loans to them by the societies. In quite a few cases recoveries were shown even on the same date of issue of fresh loans. These recoveries were not, however, passed on by the societies to the Central Co-operative Banks as and when received but were retained on hand and shown to have been remitted on some subsequent date when drawals of either and equal amount or near equal amount were allowed by the Central Bank on the floating account with it.

এই করে এরা ঋণ ব্যবস্থার সর্বনাশ করেছেন। আদায়ের চেষ্টা করেন নি, আদায় হয় নি। অথচ খাতা-কলমে দেখিয়েছেন যে আদায় হয়েছে। আমরা এটা বন্ধ করেছি। আমি স্পষ্ট করে একথা বলতে চাই যে, ঋণ আদায়ের পরিমাণ

শতকরা ১০ ভাগ হোক, ১৫ ভাগ হোক বা ২০ ভাগ হোক, এই ভাবের ঘরে চুরি, এই অসাধু কাজ আমরা করবো না। আমরা চেষ্টা করছি, গ্রামে গ্রামে লোককে বোঝাবার চেষ্টা করছি যে, যদি ঋণ আদায় না হয়, নতুন ঋণ না দেওয়া যায় তাহলে কৃষির সর্বনাশ হবে। আমরা চেষ্টা করে চলেছি এবং ফলও পাচ্ছি। আমরা দেখেছি যে লোকে প্রচণ্ড খরার বছরেও সাধ্যমত চেষ্টা করছে। যাঁরা পারছেন না তাঁদের কথা আলাদা। তাঁদের উপর কোন জোরজুলুম হবে না। কিন্তু যাঁরা পারবেন তাঁদের দিতে হবে। অনেকে বলেছেন যে খরার বছর, অনেকে দিতে পারছেন না। আমরা কী বলেছি? আমরা বলেছি যে যাদের জমি আছে, অন্য আয় আছে, তারা দিক। যারা বড় চাষী, যাদের অন্য আয় আছে, দেবার সামর্থ্য আছে, তারা না দিলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু গরীব চাষী, যাঁরা দিতে পারবেন না, তাঁদের উপর কোন জোরজুলুম হবে না। তাঁদের জন্য আমরা অপেক্ষা করতে রাজী আছি। সুতরাং খরার মধ্যে ভাল ব্যবস্থা আছে। যে ব্লকে শতকরা ৫০ পারসেন্ট বা তার চেয়েও বেশী ফসল নষ্ট হয়েছে, সেখানে স্বল্পকালীন ঋণকে মধ্যকালীন ঋণে রূপান্তরিত করে ৩০ বছরে শোধ দেওয়া যাবে। এইরকম ব্যবস্থা নেওয়া হবে। ষ্ট্যাবিলাইজেশান ফাণ্ড আছে, চেষ্টা করা হচ্ছে। সুতরাং এর মধ্যে ব্যবস্থা আছে। খরা পরিস্থিতিতেও আমরা চেষ্টা করছি যতটা তাদের জন্য করা যায়। আমরা চেষ্টা করছি কি ভাবে আদায় করা যায়। আমি মাননীয় সদস্যদের একথা বলতে পারি যে, আমরা বিষয়টি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে গ্রহণ করেছি। দীর্ঘকালের যে রোগ, এই রোগে সমবায় ব্যবস্থাকে একেবারে শেষ করে ফেলেছে, সমস্ত ঋণদান ব্যবস্থাকে। আমরা সেটাকে একটা সুষ্ঠু ব্যবস্থায় দাঁড় করানোর চেষ্টা করছি। বুক এ্যাডজাষ্টমেন্ট, পেপার ট্রানজাকশান-এর ব্যাপারগুলি রয়েছে। কুচবিহার সম্পর্কে অভিযোগ উঠেছে। এই সম্পর্কে তদন্ত হচ্ছে। আমার বলতে খারাপ লাগছে। এই ষ্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের যে ইউনিট এবং কুচবিহার-এর যিনি নেতা, সুধীর নিয়োগী, তাঁর সঙ্গে আমি একসঙ্গে বিধান পরিষদে ছিলাম, যদিও আমি উত্তরবঙ্গের লোক, কিন্তু কেন আজকে সেই রোগ সারে নি? যেখানে তাঁর কর্তৃত্ব আছে, সেই কুচবিহারে গত বছর বুক এ্যাডজাষ্টমেন্ট করেছেন। অভিযোগ আছে, আমরা তদন্ত করছি এবং ব্যবস্থা গ্রহণ করছি। আমি একথা জোর দিয়ে বলি যে, বুক এ্যাডজাষ্টমেন্ট এবং পেপার ট্রানজাকশান আমরা হতে দেব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো কিছু কিছু প্রশ্ন এখানে উঠেছে। সুনীতিবাবু প্রশ্ন তুলেছেন যে, নিম্নবিত্তদের উপকার হচ্ছে না। একথাটা একেবারেই ঠিক নয়। আমরা নিম্ন-বিত্তদের বেশী করে উপকার করার চেষ্টা করছি। তাদের সমবায়ের মধ্যে আনছি—

যেমন সার্বজনীন সমবায় ব্যবস্থার মাধ্যমে যারা দরিদ্র, ক্ষেতমজুর, বর্গাদার, ক্ষুদ্র-চাষী তাদের আমরা গত কয়েক বছরে ৬ লক্ষের উপরে সদস্য করেছি প্রাথমিক সমবায় সমিতিতে। ১৯৮১-৮২ সালে এই রকম সদস্যের সংখ্যা ৬ লক্ষ ২৩ হাজার। তারপর বর্গাদার, পাট্টাদারদের সম্পর্কে একটা কথা বলি।

মিঃ স্পীকারঃ নির্মলবাবু, একটু বসুন। এটার সময় শেষ হয়ে যাচ্ছে। কাজেই আধ ঘণ্টা সময় বাড়াবার জন্য আমি হাউসের অনুমতি চাইছি। আশা করি আপনাদের সকলের অনুমতি আছে। সুতরাং আধ ঘণ্টা সময় বাড়ান হল। এবার বলুন।

শ্রীনির্মল কুমার বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। বর্গাদার, পাট্টাদারদের স্পেশাল কম্পোনেন্ট ব্যবস্থায় সমবায়ের মাধ্যমে বেশী করে ঋণ দেওয়া হচ্ছে। সুতরাং নিম্নবিত্তদের বেশী করে দেবার চেষ্টা চলছে। মাননীয় সদস্য সুনীতিবাবু একটা নির্দিষ্ট অভিযোগ এনেছেন। তিনি বলেছেন, কারা নাকি ঋণ শোধ দেওয়া সত্ত্বেও পান নি। আমি তাঁদের নাম লিখে নিয়েছি, আমি খোঁজ নেব কেন পান নি। তাঁদের সমিতি কি ডিফল্টার, তার জন্য পান নি, নাকি অন্য কোন কারণ আছে বা কোন অফিসারের ক্রটি আছে কিনা, তা আমি খোঁজ নেব। প্রতিটি ঘটনা তদন্ত করে ওঁর কাছে আমি তথ্য পাঠিয়ে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি বলেন, তাহলে আমি আপনার কাছেও পাঠিয়ে দেব। তারপরে তিনি ছাত্রদের ব্যাপারে একটা গুরুত্বপূর্ণ কথা তুলেছেন। তিনি জিজ্ঞাসা করেছেন, ছাত্রদের কি ঋণ দেওয়া যায় না? আমি তাঁকে বলছি, ছাত্রদের জন্য সমবায় আছে। বিভিন্ন বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয় প্রভৃতি জায়গায় ছাত্র-শিক্ষক ইত্যাদির সম্মিলিত ক্রেতা সমবায় সমিতি আছে, তার মাধ্যমে ছাত্ররা এই কাজ করেন এবং আমরা এই কাজে আরও উৎসাহ দিতে চাই। আমরা চাই ছাত্ররা বেশী করে গঠনমূলক কাজে আসুক, ক্রেতা সমবায় সমিতির মধ্যে দিয়ে ব্যবসা কর্ম শিখুক, ক্রেতা সমবায় সম্প্রসারিত হোক এবং সমবায় আন্দোলনের ভবিষ্যতের নেতা তৈরী হোক। তা ছাড়াও আমরা চাই তাদের অভিভাবকরা তাদের পড়াশুনার জন্য ব্যাঙ্ক থেকে কনজাম্প্‌শন লোন পান। সুতরাং আমরা ছাত্রদের আরো বেশী করে সমবায়ের মধ্যে আনবার চেষ্টা করছি। তিনি 'অগ্রদূত' ক্লাবের খাদি-প্রতিষ্ঠানের সাহায্যে রেজিষ্ট্রেশনের ব্যাপারে বলেছেন যে, রেজিষ্ট্রেশন হয় নি। আমি একথা বলব না যে, রেজিষ্ট্রেশনের ব্যাপারে কোথাও কোন ক্রটি-বিচ্যুতি নেই। আমি এ বিষয়ে খোঁজ নেব, নিয়ে তাঁকে জানাব। অবশ্য

[illegible]নেক সময় রেজিস্ট্রেশন অগ্রাহ্য করতে হয়, কিন্তু যাতে তাড়াতাড়ি হয়, ঠিকমত য় তার জন্য আমরা চেষ্টা করছি। আমি তাঁর সঙ্গে একমত নই যে, নতুন প্রস্তাবিত [illegible]াইনে যে রেজিস্ট্রেশন কাউন্সিল আছে, তার জন্য কাজের ক্ষতি হবে। আমার মনে য় এতে আমাদের কাজ আরো বাড়বে। অফিসারদের ব্যাপার নিয়ে মাননীয় সদস্য [illegible]নীতিবাবু বলেছেন এবং অন্যান্য সদস্যরাও বলেছেন। আমি একথা বলতে চাই যে, শুধু [illegible]াজকের মন্ত্রী হিসাবেই নয়, দীর্ঘকালের সমবায় আন্দোলনের কর্মী হিসাবে আমার [illegible]ভিজ্ঞতা হচ্ছে, আমাদের সরকারের অধিকাংশ অফিসাররাই ভালভাবে কাজ করেন, [illegible]াঙ্কের অফিসাররাও ভালভাবে কাজ করেন এবং সরকারী কর্মচারীরাও ভালভাবে [illegible]াজ করেন। কোথাও যদি ২/১ জনের মধ্যে ত্রুটি-বিচ্যুতি থাকে, সেটা আমি নিশ্চয়ই [illegible]খব। কিন্তু আমি আপনাদের বলব যে, ভাল অফিসারদের বিরুদ্ধে বিনা কারণে [illegible]ন্দাবাদ করবেন না। এটা আপনাদের কাছে আমার আবেদন। মাননীয় সদস্য [illegible]াশীনাথ মিশ্র মহাশয় বলেছেন, ঋণদান সংস্থাগুলিকে শক্তিশালী করা উচিত। [illegible]ামি তাঁকে বলব যে, সেই চেষ্টাই আমরা করে চলেছি। তিনি জিজ্ঞাসা করেছেন, [illegible]সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের শেয়ারের টাকা কি বেড়েছে? হ্যাঁ, বেড়েছে। [illegible]ামরা লং টার্ম অপারেশন ফাণ্ড থেকে প্রত্যেক বছর সেন্ট্রাল কো-অপারেটিভ [illegible]াঙ্ককে কিছু শেয়ারের টাকা দিই। ১৯৮২-৮৩ সালেও আমরা ১০ লক্ষ টাকার [illegible]ত শেয়ারের টাকা দিয়েছি। তিনি প্রশ্ন করেছেন যে, সেন্ট্রাল কো-অপারেটিভ [illegible]াঙ্কের ডিপোজিট কি বেড়েছে, না কমেছে? বেড়েছে। বাড়ার হিসাবটা আমি [illegible]ামার লিখিত বাজেট বক্তৃতার মধ্যে দিয়েছি। আমি আবার উল্লেখ করছি, [illegible]৯৭৬-৭৭ সালে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর ডিপজিট-এর পরিমাণ ছিল ৩২ [illegible]কোটি ৭০ লক্ষ টাকা, ১৯৮১-৮২ সালে সেটা বেড়ে হয়েছে ৮৫ কোটি টাকা। [illegible]তরাং ডিপোজিট বেড়েছে। কিন্তু আমরা সন্তুষ্ট নই। আমরা চাই আরো বাড়ুক। [illegible]বে হ্যাঁ, আগের চেয়ে বেড়েছে এবং ল্যাণ্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ক্রেতা সমবায় [illegible]মিতি, বেনফেড্ ইত্যাদিতে কাজকর্ম হচ্ছে। ত্রুটি-বিচ্যুতি কিছু থাকতে পারে। [illegible]তনি বাঁকুড়ার কথা বলেছেন, আমি সেটা জানি এবং ত্রুটি দূর করবার জন্য চেষ্টা [illegible]করছি। তারপরে এখানে ক্যালকাটা হোলসেল-এর ইউনিটগুলির অডিটের কথা [illegible]উঠেছে। আমি হিসাব নিয়ে দেখলাম যে, ১৯৭৯-৮০ সাল পর্যন্ত অডিট হয়ে গেছে [illegible]এবং তার পরের বছরগুলির অডিট হয়ে যাবে। তাঁতীদের সম্বন্ধে যে কথা উঠেছে, [illegible]স সম্বন্ধে পান্নাবাবু হিসাব দিয়েছেন। আমরা চালকল বা অন্যান্যগুলির উন্নতি [illegible]করবার চেষ্টা করছি। কিছু কিছু অসুবিধা আছে, কেন্দ্রীয় সরকারের নীতির ফলে [illegible]কিছু অসুবিধা হচ্ছে। আমরা সেই নীতি পরিবর্তনের কথা বলেছি। এখানে

পঞ্চায়েত এবং সমবায়ের কথা বলা হয়েছে। এটা খুবই গুরুত্বপূর্ণ কথা। আমরা যে নতুন আইন করেছি, তাতে এর ওপরে জোর দিয়েছি। প্রতিটি গ্রামীণ সমবায় সমিতিতে পঞ্চায়েতের একজন প্রতিনিধি থাকবেন। পঞ্চায়েত এবং সমবায় এক সঙ্গে কাজ করলে গ্রামীণ অর্থনীতির সামগ্রিক উন্নয়ন হবে, এটা আমরা মনে করি। এখানে "ভাণ্ডার" পত্রিকার কথা উঠেছে। "ভাণ্ডার" সমবায় আন্দোলনের মুখপত্র, রবীন্দ্রনাথের সংস্পর্শে গড়ে উঠেছে। এই পত্রিকার প্রচার বেড়ে চলেছে, মার্চ মাসের পত্রিকা, এই মাসে, অর্থাৎ এপ্রিল মাসে কপি প্রকাশিত হয়েছে। এর মধ্যে আমরা সমবায় আন্দোলনের কথা বলি, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন থেকে এটা বের করা হয়। এই পত্রিকার আরো যাতে প্রচার হয় তার জন্য নিশ্চয়ই চেষ্টা করতে হবে। মাননীয় সদস্য মতীশ রায় 'আমূল' এবং মৎস্যজীবী সমবায় সমিতির কথা বলেছেন। তিনি 'আমূল' সম্বন্ধে যা বলেছেন তা সত্য। আমি বার বার আমাদের কংগ্রেসীবন্ধুদের জিজ্ঞাসা করি যে, আমরা তো ১৯৭৭ সালে ক্ষমতায় এসেছি, ১৯৪৭ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত আপনারা এখানে ক্ষমতায় ছিলেন, গুজরাটেও আপনারা ক্ষমতায় ছিলেন, পশ্চিমবঙ্গেও আপনারা ক্ষমতায় ছিলেন, গুজরাটে অত উন্নতি হল, মহারাষ্ট্রে উন্নতি হল, কর্ণাটকে হল, পশ্চিমবঙ্গে কেন হল না? এর আপনারা কি কোন জবাব দিতে পারবেন? গুজরাটে 'আমূল' উন্নতি করেছে, এখানেও 'হিমূল' হয়েছে, কিন্তু কেন উন্নতি হয় নি। এখন উন্নতির চেষ্টা চলছে, এখন বামফ্রন্ট সরকার সমবায় আন্দোলনের দ্বারা চেষ্টা করছেন, যাতে দুগ্ধ সমবায়ের ব্যাপক সম্প্রসারণ হয়। আমাদের পশুপালন দপ্তরের মাননীয় মন্ত্রী অমৃতেন্দু মুখোপাধ্যায় চেষ্টা করছেন, আমরা সবাই চেষ্টা করছি, বিভিন্ন ইউনিয়ন চেষ্টা করছে, আমরা আশা করছি এ বিষয়ে ভাল ফল পাব।

[5.00—5.10 P. M.]

মাননীয় মতীশ রায় মহাশয় আর একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে, অনেক কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই সমস্ত কারখানাগুলি মালিকেরাই চালাতে পারে, শ্রমিকরা পারে না। তার মধ্যেও আমরা গ্যানজেস প্রিন্টিং, গ্লাডষ্টোন এ্যাণ্ড লায়াল এই ২'টি কারখানা খুলেছি। আমরা শ্রমিক-কর্মচারীদের ট্রেড-ইউনিয়নের কাছে আবেদন করেছি, আমাদের সঙ্গে বসুন, শ্রমিক-কর্মচারীদের সংগঠিত করুন, ব্যাঙ্ক টাকা দেবে। এইদিকে আমরা নজর দেবার চেষ্টা করেছি। চা-বাগান চালাবার চেষ্টা করেছি, বড় বড় পাটকল চালানো সম্ভব কিনা সেইদিকে আমাদের

নজর দিতে হবে। মাননীয় সদস্য হাজারী বিশ্বাস অ্যানুয়াল জেনারেল মিটিং-এর যে আইনের কথা বলেছেন সেই ব্যাপারে আমরা পরে ভাববো। শেষ কথা আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের রাজনীতির ক্ষেত্রে বা অন্য ব্যাপারে তফাৎ আছে, সমবায়ের ব্যাপারে নীতির দিক দিয়ে তফাৎ যে থাকবে না তা নয়—আমরা এতকাল দেখে এসেছি সমবায় উচ্চবিত্ত মানুষদের সাহায্য করেছে, সুতরাং নিম্নবিত্ত মানুষদের সাহায্যের জন্য এগিয়ে আসতে হবে, কায়েমী স্বার্থ দূর করতে হবে, দুর্নীতি দূর করতে চাই—বর্তমান অবস্থায় মানুষের যদি উপকার করতে হয়, দেশের অর্থনৈতিক উন্নতি যদি করতে হয়, উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে সমবায় ছাড়া উপায় নেই। কাজেই আসুন, আমরা দলমত নির্বিশেষে সকলে মিলে কাজ করি। আমি প্রতিশ্রুতি দিতে পারি সরকারের পক্ষ থেকে সমবায়ে কোন দলবাজি করা হবে না, কোনরকম হস্তক্ষেপ করা হবে না, স্বাধীন প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা হবে। আর একটি কথা আমি বলছি, কৃষি ঋণের ক্ষেত্রে যে অচলাবস্থা রয়েছে তাতে করে কৃষক এবং কৃষি বাঁচবে না, গ্রামীণ অর্থনীতি বাঁচবে না। আপনারা এত বক্তৃতা করেন, সমবায় বিলে আলোচনা করলেন, আর আজকেও করলেন। কই একবার তো বললেন না ঋণ আদায় ভাল করে করতে হবে? বড় চাষীদের কাছ থেকে জোর করে ঋণ আদায় করতে হবে? আসুন, আমরা এর জন্য দাঁড়াবো? এ ব্যাপারে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন, কৃষিমন্ত্রী রাও বীরেন্দ্র সিং বলেছেন, আর আপনারা কেন বলছেন না? পিছু টান কি কিছু আছে? যদি পিছু টান থাকে তাহলে সেটাকে অতিক্রম করে এগিয়ে আসুন। এই কথা বলে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তাঁর বিরোধিতা করি এবং আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো আমার ব্যয়-বরাদ্দের দাবীকে সমর্থন করুন।

The motion that the amount of Demand be reduced to Re. 1/- and the motions that the amount of Demand be reduced by Rs. 100/-, were then put and a Division taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Anisur Rahman Biswas, Shri
Banerjee, Shri Amiya Bhusan
Bera, Shrimati Chhaya
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Házari
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Nirmal Kumar
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Habib Mustafa, Shri
Haldar, Shri Krishnadhan
Kar, Shrimati Anju
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Lama, Shri Dawa
Majhi, Shri Dinabandhu
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Moazzam Hossain, Shri Syad
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Oraon, Shri Mohan Lal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sarkar, Shri Sailen
Sen Gupta, Shri Prabir
Singha Roy, Shri Jogendra Nath
Sk. Siraj Ali, Shri

AYES

Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Misra, Shri Kashinath

The Ayes being 4, and the Noes 65, the motions were lost.

The motion of Shri Nirmal Kumar Bose that a sum of Rs 42,10,15,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "298-Co-operation, 498-Capital Outlay on Co-operation and 698-Loans for Co-operation", this is inclusive of a total sum of Rs. 7,01,70,000 already voted on account in March, 1983, was then put and agreed to.

Statement by Minister

শ্রীনির্মল কুমার বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই বিবৃতিটি পাঠ করছি।

গত বৃহস্পতিবার (৭ই এপ্রিল, ১৯৮৩) বিধানসভায় প্রশ্নোত্তরকালে ৬৯৭ সংখ্যক তারকাচিহ্নিত প্রশ্নের উত্তর দেবার সময় এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি জানাই, সরকারী কলেজের যে ৯ (নয়) জন শিক্ষক নিয়োগ সংক্রান্ত নিয়মবহির্ভূত-

ভাবে পাবলিক সার্ভিস কমিশনের পূর্ব সুপারিশ ব্যতিতই 'অ্যাডহক' ভিত্তিতে নিযুক্ত হয়েছেন তাঁদের মধ্যে একজন ছাড়া আর সকলেই জুন, ১৯৭৭ তারিখের পূর্বে নিযুক্ত হয়েছেন। আমার প্রদত্ত এই তথ্যের সত্যতা সম্পর্কে বিরোধী পক্ষ থেকে সন্দেহ প্রকাশ করা হয়। তখন বিধানসভার মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে নির্দেশ দেন, আমি যেন এই সংক্রান্ত একটি বিবৃতি বিধানসভায় পেশ করি।

অধ্যক্ষ মহাশয়ের নির্দেশমত আমি সরকারী কলেজের সংশ্লিষ্ট এই ৯ জন অধ্যাপকের নাম, বিষয় ও কর্মে যোগদানের তারিখ বিধানসভায় পেশ করছি :

সংখ্যা	অধ্যাপকের নাম	বিষয়	কর্মে যোগদানের	তারিখ
১)	ডঃ বীরেশ কুমার বন্দ্যোপাধ্যায়	পদার্থবিদ্যা	৫ই জুলাই,	১৯৭৬
২)	শ্রীমতী মঞ্জুশ্রী দাস	পদার্থবিদ্যা	১৫ই এপ্রিল,	১৯৭৭
৩)	শ্রীনারায়ণচন্দ্র মাইতি	গণিতশাস্ত্র	১লা আগস্ট,	১৯৭৪
৪)	শ্রীশচীন্দ্রনাথ মাইতি	গণিতশাস্ত্র	১লা ফেব্রুয়ারী,	১৯৭৭
৫)	শ্রীমতী লক্ষ্মী বৈদ্যনাথন	গণিতশাস্ত্র	৩০শে মার্চ,	১৯৭৭
*৬)	শ্রীমতী স্মৃতি মুখোপাধ্যায়	অর্থনীতি	৫ই জুলাই,	১৯৭৭
৭)	শ্রীবদরুদ্দিন সৈয়দ	ফিগ্‌ ও উস্থুন	২৫শে নভেম্বর,	১৯৭১
৮)	শ্রীহিমাংশু কুমার চক্রবর্তী	স্মৃতি	১লা এপ্রিল,	১৯৭৭
৯)	শ্রীমতী অপর্ণা বন্দ্যোপাধ্যায় (মুখোপাধ্যায়)	পদার্থবিদ্যা	১৮ই এপ্রিল,	১৯৭৪

* ৬ সংখ্যক নামের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত কাজ জুন, ১৯৭৭-এর পূর্বেই হয়েছে। তবে প্রকৃতপক্ষে কর্মে যোগদানের তারিখ জুন, ১৯৭৭ এর পর (৫ই জুলাই, ১৯৭৭)।

এঁদের নিয়োগ অনুমোদন করে চাকুরির ক্ষেত্রে যাতে নিয়মিতকরণ করা সম্ভব হয় তার জন্য পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু পাবলিক সার্ভিস কমিশন এই অনুরোধ অগ্রাহ্য করেছেন।

এঁরা সকলেই দীর্ঘদিন সরকারী কলেজের চাকুরিতে কর্মরত রয়েছেন। সুতরাং এঁদের 'এ্যাড্‌হক' নিয়োগ বিধিবহির্ভূত হওয়া এবং পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়মিতকরণের প্রস্তাব অগ্রাহ্য করা সত্ত্বেও কিভাবে এঁদের চাকুরির নিয়মিত-করণ করা যায় সে বিষয়ে সরকার বিবেচনা করছেন।

[5.10–5.20 P. M.]

মিঃ স্পীকারঃ আমি হাউসের সকল মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, শ্রীসুনীতি চট্টরাজ মহাশয় এষ্টিমেট কমিটির সদস্য নির্বাচিত হয়েছিলেন। উনি পদত্যাগ করেছেন। তাঁর জায়গায় ডাঃ মোতাহার হোসেনকে আমি নোমিনেট করছি। আণ্ডার Rule 252(2) of the Rules of Procedure and Conduct of Business says that "No member shall be appointed or elected to a Committee if he is not willing to serve on it. The proposer shall ascertain whether the member whose name is proposed by him is willing to serve on the Committee."

দ্বিতীয় কথা হচ্ছে, আমি দেখেছি বসে বসে অনেক মাননীয় সদস্য ভেতর থেকে প্রেসের সঙ্গে কথা বলেন, এখানে অনেক দর্শক আছেন—তাঁদের সঙ্গে কথা বলেন। আমাদের রুলে এ সম্বন্ধে অসুবিধা আছে। আমাদের রুলে বলা আছে হাউসের ভেতর থেকে এটা করা যায় না। শুধুমাত্র মাননীয় মন্ত্রিগণ ক্ল্যারিফিকেশনের জন্য তাঁদের অফিসারদের সঙ্গে কথা বলবেন। কাজেই মাননীয় সদস্যদের বলছি ভেতর থেকে এটা কখনই করবেন না, এটা রুলের বাইরে।

Privilege Motion

Mr. Speaker : A notice of privilege motion has been received from Shri Subrata Mukherjee, MLA on 12.4.83 under Rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Mukherjee alleges that the Hon'ble Minister in charge of the Departments of Public Works and Housing, Shri Jatin Chakravorty made a false and misleading statement on 4.4.83 to the effect that the installation of a lift at the residence of the Chief Minister was under consideration and that no final decision had been taken in this regard. In support of his allegation Shri Mukherjee has furnished a copy of the letter of Superintending Engineer, Electrical Circle No. 1 P. W. D. dt, 22.2.83 addressed to Messrs. Otis Elevator Company (India) Ltd., Eastern Region, Jeevan Deep, 1, Middleton Street, Calcutta-71.

I would like to point out that the matter of privilege sought to be raised by Shri Mukherjee is not entertainable as it has not been raised at the earliest opportunity as required under Rule 227. From the notice of Shri Mukherjee it is evident that though he got the opportunity of giving notice of this motion on 11.4.83 he did not do that ; instead he sought to raise this matter straightway on the floor of the House on 11.4.83 and subsequently on following day of 12.4.83 submitted this notice. In this connection it is worthwhile to notice that on August 17, 1966, on a question of privilege against the Minister of Food & Agriculture, the Hon'ble Speaker, Lok Sabha observed as follows :—

So far as this privilege is concerned, it is of the utmost importance that the notice must be given immediately, at the very first opportunity; a delay of one day or two days has been held to be fatal to the entertainment of any notice of breach of privilege. See L. S. Deb. 17.8.66, cc. 5167, see also P. Deb. (II) 30.11.1950, cc 937-38.

In view of the above, the notice given by Shri Mukherjee cannot be entertained.

4. Further, it may be seen that there are several cases and rulings of the Hon'ble Speakers in the Indian Legislatures as well as in the British House of Commons governing the disposal of such questions. According to the established parliamentary convention, mere inaccuracy in the Minister's statement cannot necessarily give rise to the question of a breach of privilege. It is only a deliberate lie, if substantiated, would give rise to the question of breach of privilege. (vide Subramanyam Case, Lok Sabha Debates dt. 17.8 66 cc. 5165-78).

5. Indeed, in his statement which gave rise to the present notice, the Hon'ble Minister on 4.4.83 stated that a scheme for installation of a lift at the residence of the Chief Minister was drawn up but from whom the lift would be taken and when it would be installed had not been fixed. But, from the contents of the letter of the Superintending Engineer, which Shri Mukherjee cites and the genuineness whereof is not disputed, it is apparent that the Government had already entered into the contract with the firm for installation of the said lift within a specified time viz. sixteen weeks from the date of receipt of the aforesaid letter by the firm. Thus there is patent discrepancy between the information furnished by the Minister in the House on 4.4 83 and the actual position disclosed by the aforesaid document. Notwith standing the above, it is very difficult to accept that the Hon'ble Minister deliberately furnished such incorrect information, to mislead the House. In his statement made on 12.4.83, the Minister concerned gave the detailed information with regard to the installation of the lift at the residence of the Chief Minister which clearly shows that the work has not yet been taken on hand and approval of the Cabinet was yet to be taken. In view of the above, it is difficult to accept that the Minister concerned deliberately made any inaccurate or untrue statement or that the Minister concerned attempted to mislead the House by making any deliberately inaccurate statement.

Therefore, in that consideration as well I find that the notice given by Shri Mukherjee does not disclose any prima facie case.

In the above premises I withhold my consent to the raising of the question of breach of privilege by Shri Subrata Mukherjee.

I request the Minister to be cautious while making any statement in the House in future.

Voting on Demands for Grants

DEMAND No. 53

Major Heads : 306—Minor Irrigation, 307—Soil and Water Conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development.

Shri Kanai Bhowmick : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 64,06,49,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306—Minor Irrigation, 307—Soil and Water Conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development".

(This is inclusive of a total sum of Rs. 10,67,77,000 already voted on account in March, 1983).

অন্যান্য কয়েকটি বিভাগ কর্তৃক রূপায়িত বিভিন্ন প্রকল্প বাবদ ১৫,৫৫,৯১,০০০ (পনের কোটি পঞ্চান্ন লক্ষ একানব্বই হাজার) টাকাও এই মোট দাবীর মধ্যে ধরা আছে।

২। জাতীয় অর্থনীতিতে কৃষির উপর গুরুত্ব আরোপ পুনরাবৃত্তির অপেক্ষা রাখে না। আমাদের মতো খাদ্যে ঘাটতি রাজ্যের অর্থনীতির উপর এর প্রভাব অনেক বেশী। এই কারণেই বামফ্রন্ট সরকার সেচ এলাকাকে বর্তমানের শতকরা ৩০ থেকে শতকরা ৫০-এ উন্নীত করবার লক্ষ্য নির্দিষ্ট করেছেন। এই লক্ষ্যমাত্রার বহুলাংশই ক্ষুদ্র সেচ প্রকল্পের আওতায় পড়বে।

৩। এখন পর্যন্ত প্রাপ্ত হিসাবের ভিত্তিতে বৃহৎ (major) ও মাঝারি (medium) সেচের চূড়ান্ত সম্ভাব্য এলাকার পরিমাণ ২৩ লক্ষ হেক্টর (gross) এবং ক্ষুদ্র সেচের (minor irrigation) চূড়ান্ত সম্ভাব্য এলাকার পরিমাণ ৩৮ লক্ষ হেক্টর (gross)। আবার ক্ষুদ্র সেচের ৩৮ লক্ষ হেক্টরের অনুমিত বিভাজন এই রকম :

(১) ২৫ লক্ষ হেক্টর-এর উৎস ভূর্গভস্থ জল, যা গভীর নলকূপ, অগভীর নলকূপ এবং সেচকূপ (dugwell)-এর মাধ্যমে ব্যবহার করতে হবে। এখন পর্যন্ত সেচ ক্ষমতা সৃষ্টি করা হয়েছে প্রায় ৫ লক্ষ হেক্টর, অর্থাৎ সম্ভাব্য এলাকার মাত্র শতকরা ২০ ভাগ।

(২) ১৩ লক্ষ হেক্টর-এর উৎস ভূপৃষ্ঠ-জল ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে যেমন ছোট ছোট স্রোতস্বিনী, জোড়, পুষ্করিণী, বোরো বাঁধ, নদী এবং সেচখাল থেকে সেচের জল

উত্তোলনের ব্যবস্থা করতে হবে। এখন পর্যন্ত সেচ ক্ষমতা সৃষ্টি হয়েছে প্রায় ৯ লক্ষ হেক্টর অর্থাৎ সম্ভাব্য এলাকার শতকরা ৭০ ভাগ।

উল্লেখ্য যে, অনধিক দু' হাজার হেক্টর পরিমিত সেচ সেবিত অঞ্চলের যে কোন সেচ প্রকল্প ক্ষুদ্র সেচ শ্রেণীভুক্ত।

৩। খাদ্যে ঘাটতি এই রাজ্য অন্যান্য রাজ্য থেকে ৫০০ কোটি টাকা মূল্যের প্রায় ২০ লক্ষ টন খাদ্যশস্য আমদানী করে। সেচ এলাকার সম্প্রসারণ এবং বিভিন্ন কৃষি পদ্ধতির উন্নতিসাধনের মাধ্যমে এই ২০ লক্ষ টন শস্য উৎপাদন করে এই রাজ্যে ৫০০ কোটি টাকার আমদানী বন্ধ করা সম্ভব। এ বিষয়ে সাফল্য গ্রামীণ বেকার সমস্যার আংশিক সমাধানেও অনেকটা সাহায্য করতে পারে। এর ফলে ভূমিহীন ক্ষেতমজুরদের মজুরীর হার বৃদ্ধি অবশ্যই হবে এবং গ্রামাঞ্চলে ক্রয় ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে। এই রাজ্যে কর্ষিত জমির হার খুব বেশী—প্রায় শতকরা ৬৫ ভাগ। অতএব এ রাজ্যের একর প্রতি জমির ফসলের হার বৃদ্ধি এবং নিবিড়তর শস্য উৎপাদন ত্বরান্বিত করা কর্তব্য। এ বিষয়ে সাফল্য লাভের জন্য নূতন ভূগর্ভস্থ এবং ভূপৃষ্ঠ সেচ-উৎস সৃজনের উপর এবং বর্তমান সেচ প্রকল্পগুলিতে জল সম্পদের সুষ্ঠু ব্যবহারের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা দরকার, কারণ সৃষ্ট সেচক্ষমতার (potential) সম্ভবতঃ শতকরা ৬০ ভাগ মাত্র বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির যে-সব সুবিধা আছে তা হোল :

(১) প্রকল্পগুলি স্থাপনের ব্যয় তুলনামূলকভাবে কম,

(২) ফললাভ দ্রুত,

(৩) দুই এবং তিন ফসলী উৎপাদনের মাধ্যমে নিবিড় কৃষির সাহায্যে সারা বছর ধরে গ্রামীণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রচুর সম্ভাবনা থাকে। ক্ষুদ্র সেচ প্রকল্পে ব্যয়িত একটি টাকা পরবর্তীকালে বহুগুণ হয়ে ফিরে আসে।

(৪) ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি পরিবেশ ভারসাম্য (ecological balance) রক্ষায় এবং ভূমিক্ষয় রোধে সাহায্য করে।

এইসব কারণে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির উপর আরও বেশী গুরুত্ব আরোপ করা দরকার এবং সেই সঙ্গে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় অর্থের জোগান অত্যাবশ্যক। আমি বারবার একথা বলব যে, পুষ্করিণী, কূপ, গভীর ও অগভীর নলকূপ, নদী-জল উত্তোলন (আর. এল. আই.)-এর মতো ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি আমাদের গ্রামাঞ্চলে দ্রুত রূপান্তর ঘটাতে সক্ষম।

খরা এবং ত্রাণব্যবস্থা

৫। বাজেট সম্বন্ধে আলোচনা শুরু করবার পূর্বে এ রাজ্যে ১৯৮১ সালের সেপ্টেম্বরের ঠিক মাঝামাঝি থেকে যে অভূতপূর্ব খরা পরিস্থিতি শুরু হয়েছিল তার পর্যালোচনা না করলে আমার কর্তব্যচ্যুতি ঘটবে। ১৯৮২ সালেও খরার প্রকোপ অব্যাহত ছিল। ১৯৮২-৮৩ সালের শস্যবর্ষ আরম্ভ হয়েছিল এক সর্বনাশা রূপ নিয়ে। বিলম্বিত বর্ষা শুরু হয় ১৯৮২ সালের আগষ্ট মাসে—তার স্থায়িত্ব ছিল মাত্র ৪/৫ সপ্তাহ। আমাদের দুর্দশা বাড়াবার জন্যই যেন বর্ষা অকালে বিদায় নিয়েছিল সেপ্টেম্বরের মাঝামাঝি। দক্ষিণবঙ্গে বৃষ্টিপাতের ঘাটতি ছিল শতকরা ৪০ থেকে ৬০ ভাগের মধ্যে।

৬। খরার কবল থেকে শস্যকে যথাসম্ভব রক্ষা করবার জন্য গভীর নলকূপ, নদী-জল উত্তোলন প্রকল্প প্রভৃতির মেরামত, রক্ষণাবেক্ষণের মাধ্যমে সম্পূর্ণ চালু অবস্থায় রাখবার জন্য সার্বিক প্রয়াস চালানো হয়েছে। চুরি যাওয়া ট্রান্সফরমার ও হাই এবং লো টেনশন বৈদ্যুতিক তারের বদলে নূতন ট্রান্সফরমার ও তার বসিয়ে এবং যন্ত্রাংশ প্রভৃতি সরবরাহ করে যথাসম্ভব বেশী সংখ্যক নিষ্ক্রিয় ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি সক্রিয় করে তোলা এবং যতগুলি সম্ভব নূতন প্রকল্প বৈদ্যুতীকরণের মাধ্যমে খরা পরিস্থিতি মোকাবিলার জন্য চালু করার উপরও গুরুত্ব দেওয়া হয়েছে। এর জন্যে এই সরকারের কৃষি বিভাগ এবং বিদ্যুৎ বিভাগের মধ্যে সমন্বয়ের উন্নতি সাধন করা হয়েছে। এই প্রয়াসের ফলে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ নিগমের পক্ষে এই আর্থিক বছরে ১৪২টি গভীর নলকূপে বিদ্যুৎ যুক্ত করে চালু করা সম্ভব হয়েছে।

৭। খরার মোকাবিলায় ভূপৃষ্ঠ জলের সর্বাধিক ব্যবহার সুনিশ্চিত করার জন্য অনুমিত মোট চার কোটি টাকা ব্যয়ে ৮০০টি মাঝারি উচ্চ শক্তিসম্পন্ন পাম্পসেটসহ ৩০০টি নূতন নদী জল উত্তোলন প্রকল্প মঞ্জুর করা হয়েছে।

তাছাড়া খরা মোকাবিলায় সাহায্য করবার জন্য বিভিন্ন জেলা পরিষদকে অল্প অশ্ব শক্তিসম্পন্ন ছোট পাম্পসেট সরবরাহের উদ্দেশ্যে ৬০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। বিশেষ খরাত্রাণ এবং কর্মসংস্থান ব্যবস্থা হিসাবে ১০ একর পর্যন্ত জমির মালিকদের ও অগভীর নলকূপের জন্য অল্প অশ্ব শক্তির পাম্পের মূল্যে শতকরা ২৫ ভাগ হারে ভরতুকি বাবদ ১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

৮। কর্মসংস্থান এবং স্থায়ী কৃষিসম্পদ সৃষ্টি—এই দ্বৈত উদ্দেশ্য নিয়ে বিভিন্ন শ্রমপ্রধান প্রকল্পের জন্য প্রায় ১২ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এইসব প্রকল্প হলো পুষ্করিণী খনন ও সংস্কার, বোরো বাঁধ নির্মাণ, কাঁচা সেচকূপ এবং পোড়া মাটি বেড় দেওয়া সেচকূপ এবং ভূপৃষ্ঠ সেচ ও নিকাশী প্রকল্প। শেষোক্ত প্রকল্পটি

রূপায়িত করেছেন সেচ ও জলপথ বিভাগ। এই প্রকল্প ছাড়া অন্য প্রকল্পগুলির জন্য মঞ্জুর করা বরাদ্দের জেলাভিত্তিক হিসাব পরিশিষ্ট -১-এ দেওয়া হোল। আশা করা যায় এইসব প্রকল্প রূপায়ণের ফলে প্রায় ১৮৩ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি সম্ভব হবে। খরা মোকাবিলায় এত ব্যাপক এবং বিপুল আকারে কর্মযজ্ঞের পূর্ব নজীর সম্ভবতঃ এই রাজ্যে নেই। এই কর্মসূচীর অন্তর্ভুক্ত বিশেষ উল্লেখ্য প্রকল্প হচ্ছে খাস ন্যস্ত (vested) এবং ব্যক্তিগত মালিকানার পুষ্করিণীগুলির সংস্কার এবং নূতন পুষ্করিণী খনন। এই বিশাল প্রকল্পের অনুমিত ব্যয় ৯ কোটি টাকা। এই প্রকল্পের অধীনে ব্যক্তিগত মালিকানার যে-সব পুষ্করিণীর কাজ হবে, সেগুলির মালিকরা জনসাধারণকে ২৫ বৎসর পর্যন্ত সেচের উদ্দেশ্যে জল ব্যবহারের অধিকারদানে সম্মতিজ্ঞাপক বণ্ড স্বাক্ষর করবেন।

৯। উল্লেখ্য যে, এই সমস্ত খরাত্রাণ প্রকল্পগুলির ব্যয়ভার সম্পূর্ণ বহন করবেন সরকার। এই কর্মসূচী অনুসারে মজুরী দেওয়া হবে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের নির্দিষ্ট হারে। আশা করা যায়, এইসব প্রকল্প রূপায়ণের ফলে বিপুল সংখ্যক সেচ উৎস সৃষ্টি ছাড়াও প্রচুর গ্রামীণ কর্মসংস্থান সম্ভব হবে।

স্বাভাবিক কর্মসূচী

১০। বার্ষিক পরিকল্পনার অধীনে পূর্বোক্ত প্রকল্পগুলি যথারীতি চালু ছিল এবং বোরো বাঁধের জন্য ২৫ লক্ষ, পুষ্করিণীর জন্য ২০ লক্ষ, পাকা সেচ কূপের জন্য ৫০ লক্ষ এবং ভূপৃষ্ঠ সেচ ও নিকাশী প্রকল্পের জন্য ৫৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। অন্য একটি শ্রমপ্রধান প্রকল্প অর্থাৎ ক্ষুদ্রতর সেচ প্রকল্পের (Small Irrigation Scheme) জন্য মঞ্জুর করা হয়েছে ৫০ লক্ষ টাকা। ১৯৮৩ সালের এপ্রিল থেকে জুনের মাঝামাঝি সময়ের জন্য যখন কৃষি কাজের চাপ কম থাকে, খরাত্রাণের উদ্দেশ্যে বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়ণের জন্য আরও ১০ কোটি টাকা অর্থ সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছে।

১১। এই খরাগ্রস্ত দুর্বৎসরে কৃষকেরা সেচের—বিশেষতঃ ক্ষুদ্র সেচ প্রকল্পের গুরুত্ব উপলব্ধি করতে পেরেছেন। তাঁরা গভীর নলকূপ, অগভীর নলকূপ, নদী জল উত্তোলন প্রভৃতি ক্ষুদ্র সেচ প্রকল্প আরও অধিক সংখ্যায় দাবী করেছেন। রাজ্যের রবিশস্যের অন্ততঃ শতকরা ৮০ ভাগ ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির সাহায্য পুষ্ট। এই প্রকল্পগুলি কৃষি কাজের মন্দার সময় কর্মসংস্থান করে এবং আলু, বোরো ধান এবং গমের মত উচ্চ ফলনশীল শস্য উৎপাদনে সাহায্য করে। বিশেষতঃ গভীর নলকূপগুলি এরূপভাবে তৈরী যে, দীর্ঘস্থায়ী খরা পরিস্থিতিতেও সেচের জল সরবরাহ করতে

সক্ষম হয়। বর্তমান খরার বৎসরে যে শস্য রক্ষা সম্ভব হয়েছে তার মূলে আছে জনসাধারণের উৎসাহব্যঞ্জক সহযোগিতা ও ক্ষুদ্র সেচ বিভাগের সক্রিয় ভূমিকা। জনসাধারণ তাঁদের অনেক দুর্দশার মধ্যেও কৃষি উৎপাদনের জন্য সাহসিকতার সঙ্গে প্রাণপণ প্রচেষ্টা চালিয়ে গেছেন। এজন্য কৃষি ক্ষুদ্র সেচ বিভাগ তাঁদের স্বাগত জানাচ্ছে।

১২। ষষ্ঠ পরিকল্পনায় ৭ লক্ষ হেক্টর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় আনার প্রস্তাব ছিল। প্রথম তিন বৎসরের অনুমিত সাফল্য ১·৪৬ লক্ষ হেক্টর মাত্র। ঘাটতির প্রধান কারণ সাধারণ অর্থসংকটের দরুন অপ্রতুল বাজেট বরাদ্দ এবং অগভীর নলকূপ স্থাপনের কর্মসূচীতে কৃষকদের আংশিক অনীহা।

অগভীর নলকূপ

১৩। উল্লেখ করা যেতে পারে যে, পরিকল্পনা অনুসারে লক্ষ্যমাত্রার অধিকাংশই ব্যাঙ্কের আর্থিক সহায়তায় কৃষকদের দ্বারা স্থাপিত অগভীর নলকূপের সাহায্যে অর্জিত হওয়ার কথা। এখন পর্যন্ত প্রাপ্ত ভূগর্ভ জলের তথ্য অনুসারে এই রাজ্যে ৫ লক্ষ অগভীর নলকূপ স্থাপিত হতে পারে, কিন্তু বাস্তবিকপক্ষে স্থাপিত হয়েছে মাত্র ১·৮ লক্ষ (এক লক্ষ আশি হাজার)। পরিশিষ্ট—২-এ জেলাভিত্তিক হিসাব দেওয়া হোল। এই কর্মসূচীর অসাফল্যের কারণগুলি নিম্নরূপ :

(ক) অনাদায়ী অর্থের পরিমাণ অত্যধিক হওয়ায় ঋণদানে সমবায় এবং বাণিজ্যিক ব্যাঙ্কগুলির অনিচ্ছা।

(খ) উপকরণের (inputs) ক্রমবর্ধমান মূল্য এবং উৎপন্ন শস্যের লাভজনক দর না পাওয়ায় কৃষকেরা সেচকার্যে অধিক বিনিয়োগে দ্বিধাগ্রস্ত।

(গ) ভূমির খণ্ডীভবন (fragmentation): যে-সব কৃষক অগভীর নলকূপের আওতার মধ্যে অন্তত: এক হেক্টর জমির মালিক নন ব্যাঙ্ক কর্তৃপক্ষ তাঁদের ঋণদানে সম্মত হচ্ছেন না। খণ্ডীভবনের ফলে জমিগুলি ক্রমশ: অত্যন্ত ক্ষুদ্র হওয়ায় খুব অল্পসংখ্যক কৃষক এই ঋণ প্রাপ্তির যোগ্যতা অর্জন করছেন। আমাদের রাজ্যের বর্তমান ভূমিব্যবস্থার বিচারে ঋণদানের শর্তাবলীর পুনর্বিবেচনা করা ব্যাঙ্কগুলির কর্তব্য।

(ঘ) সরকারী এজেন্সীগুলির ভরতুকি প্রত্যাহার: সুসংহত গ্রাম উন্নয়ন প্রকল্প (আই. আর. ডি. পি) প্রবর্তনের ফলে দরিদ্রতম ভূমিহীন ক্ষেত-মজুরেরাই স্বভাবত: প্রথম অগ্রাধিকার পাবেন। ফলে যে-সব ক্ষুদ্র

এবং প্রান্তিক চাষী শতকরা ২৫ থেকে শতকরা ৩৩ ভাগ ভরতুকি পেতেন এখন তা তাঁরা পাচ্ছেন না। পাম্প এবং ডিজেলের মূল্যবৃদ্ধি হেতু ভরতুকি ছাড়া নলকূপ স্থাপনে অর্থ বিনিয়োগ এখন লাভজনক হচ্ছে না। ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের ভরতুকি দিয়ে সাহায্য করলে কৃষি উৎপাদন বাড়ে এবং গ্রামাঞ্চলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ ঘটে। তার ফলে বেশীর ভাগই উপকৃত হবেন ভূমিহীন ক্ষেতমজুরেরা।

(ঙ) তাছাড়া রয়েছে প্রকল্পগুলির বৈদ্যুতিকরণের নানান সমস্যা।

১৪। এই পরিস্থিতিতে বিনিয়োগ বৃদ্ধির জন্য কয়েকটি পন্থা অবলম্বন করা হচ্ছে। এই রাজ্যে প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীরা সংখ্যাগুরু অথচ বিনিয়োগ ক্ষমতা-বিহীন। উপর্যুপরি খরায় এই সীমিত ক্ষমতা আরো হ্রাস পেয়েছে। এইসব কৃষকদের বিশেষ অর্থ সাহায্য দেওয়া দরকার। আগামী কৃষি মরসুমগুলিতে উৎপাদনকে সর্বোচ্চ মাত্রায় নিয়ে যেতে হলে আমাদের সামনে যে একটি মাত্র পথ খোলা তা হচ্ছে, এই সব কৃষকদের ভরতুকি দিয়ে নিজেদের অগভীর নলকূপ স্থাপনে উৎসাহিত করা। ব্যক্তিগত মালিকানায় অগভীর নলকূপ স্থাপনের জন্য ভরতুকি বাবদ ১৫ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বিশেষভাবে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের জন্য কেন্দ্রীয় উদ্যোগে (Centrally sponsored) ভরতুকি প্রকল্পের পুনপ্রবর্তনের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হচ্ছে।

১৫। ষষ্ঠ পরিকল্পনায় ১ লক্ষ ২০ হাজার অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট আছে। এর অনুমিত ব্যয় ১২০ কোটি টাকা। এর মধ্যে ১০৮ কোটি টাকা আসবে বাণিজ্যিক সমবায় ব্যাঙ্কগুলির মাধ্যমে NABARD থেকে। প্রথম তিন বছরে মাত্র ২০ কোটি টাকা তোলা হয়েছে। এর ফলে ক্ষুদ্র সেচের লক্ষ্য প্রকৃত পক্ষে ভেঙে পড়েছে। অবশ্য ঋণ আদায় সুনিশ্চিত করা হবে এই শর্তে NABARD ঋণদানে সম্মত হয়েছেন। তাই অগভীর নলকূপের জন্য নেওয়া ঋণ পরিশোধের জন্য কৃষকদের উদ্দেশে আমি আবেদন জানাচ্ছি। সেই সঙ্গে আমি ব্যাঙ্কগুলিকে অনুরোধ করবো তাঁরা যেন একের পর এক বন্যা ও খরার কবলে নিঃস্ব কৃষকদের দুরবস্থা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে অগভীর নলকূপের জন্য ঋণদানের ব্যাপারে উদার দৃষ্টিভঙ্গী অবলম্বন করেন। একটি অগভীর নলকূপ অন্তত: ৮ একর জমিতে দু'টি ফসলের ফলন সম্ভব করে এবং এর ফলে শুখা মরশুমে গড়ে অন্তত: ৮০০ শ্রম-দিবসের সৃষ্টি হয়।

এই প্রসঙ্গে আমি জানাতে চাই, এই রাজ্যে মোট ১ লক্ষ ৮০ হাজার অগভীর নলকূপের মধ্যে এখনও পর্যন্ত মাত্র ২৫ হাজারটি বিদ্যুৎ যুক্ত করা হয়েছে। বাকীগুলি

ডিজেল চালিত। অগভীর নলকূপগুলিকে পর্যায়ক্রমে বিদ্যুৎ যুক্ত করা প্রয়োজন। কৃষির জন্য যে পরিমাণ বিদ্যুৎ পাওয়া যায় তা নগণ্য—মাত্র শতকরা ৪ ভাগ। বিদ্যুতের ন্যূনতম প্রয়োজন মেটাবার জন্য কৃষির ক্ষেত্রে সরবরাহ অন্ততঃ শতকরা ১০ ভাগ করা অবশ্য কর্তব্য।

গভীর নলকূপ

১৬। আমি পূর্বেই বলেছি যে প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের বিনিয়োগ ক্ষমতা সীমিত। ভরতুকি দেওয়া সত্বেও তাঁদের অনেকেই বিশেষতঃ উপজাতি এবং অনগ্রসর মানুষেরা নিজেরা অগভীর নলকূপ স্থাপনে অক্ষম। এইসব এলাকায় সরকারী গভীর নলকূপ স্থাপনই একমাত্র সমাধান। যেসব এলাকায় অগভীর নলকূপ স্থাপন লাভজনক নয় এবং কারিগরি দিক থেকে সম্ভব নয় সেই সব এলাকায়ও গভীর নলকূপ স্থাপন প্রয়োজন। বর্তমানে এই বিভাগের কৃষি ইঞ্জিনিয়ারিং অধিকারের অধীনে প্রায় ২৩৩২টি গভীর নলকূপ আছে। [জেলাভিত্তিক হিসাব পরিশিষ্ট—৩-এ দ্রষ্টব্য]। এখন পর্যন্ত প্রাপ্ত ভূগর্ভ জলসংক্রান্ত তথ্য অনুসারে এ রাজ্যে প্রায় ৫০০০টি গভীর নলকূপ স্থাপন করা চলে। আমরা বিদেশী সহায়তায় ইতিমধ্যেই ১২০০টি গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা প্রণয়ন করেছি। ইতিমধ্যে আমরা সম্ভবতঃ গভীর নলকূপ প্রকল্পের কর্মসূচী স্থগিত রাখতে পারি না, এই কারণে ১৯৮৩-৮৪ সালে নূতন গভীর নলকূপ স্থাপনের জন্য ২৫০ লক্ষ টাকার বাজেট সংস্থানের প্রস্তাব করা হয়েছে।

সেচকূপ (Dugwell) এবং পুষ্করিণী সেচ (Tank Irrigation)

১৭। এগুলি শ্রমপ্রধান ক্ষুদ্র সেচ প্রকল্প। কঠিন প্রস্তর স্তরের অস্তিত্বের জন্য যেখানে অগভীর নলকূপ প্রভৃতি স্থাপন সম্ভব নয় সেই সব বিশেষ অঞ্চলে এই প্রকল্পগুলি উপযুক্ত। বাজেটে সেচকূপের জন্য ২৫ লক্ষ এবং পুষ্করিণী সেচের জন্য ২০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এই প্রসঙ্গে স্মর্তব্য যে খরাত্রাণ কর্মসূচীর অধীনে এই বিষয়ে এক বিশাল কর্মসূচী রূপায়িত হচ্ছে এবং ১৯৮৩-৮৪ সালেও এ কাজ চলবে বলে আশা করা যায়। পঞ্চায়েতী সংগঠনের সহযোগিতায় জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের অধীনে এই কাজ করারও প্রস্তাব আছে।

নদী জল উত্তোলন প্রকল্প (R. L. I.)

১৮। বর্তমানে নদী-জল উত্তোলন প্রকল্পের সংখ্যা ২৭৬৯ যার জেলাওয়ারী হিসাব পরিশিষ্ট-৪-এ দেওয়া আছে। এর জন্যে ১৯৮৩-৮৪ সালের বাজেটে ৪১৫ লক্ষ

টাকার সংস্থান রাখা হয়েছে। প্রস্তাব আছে যে এই টাকার অধিকাংশ ইতিমধ্যে স্থাপিত প্রকল্পগুলির পাইপ লাইন নির্মাণের কাজে এবং গত বৎসরের মঞ্জুর করা ৩০০টি R. L. I.-এর বকেয়া টাকা মেটাবার কাজে খরচ করা হবে।

অন্যান্য ক্ষুদ্র সেচ প্রকল্প

১৯। অন্যান্য ক্ষুদ্র সেচ অর্থাৎ ভূপৃষ্ঠ-জল নিকাশ ও সেচ, বোরো বাঁধ এবং ক্ষুদ্রতর সেচ (Small Irrigation) প্রকল্পের জন্য সংস্থান রাখা হয়েছে যথাক্রমে ৬০ লক্ষ টাকা, ৪০ লক্ষ টাকা এবং ২০ লক্ষ টাকা। সাধারণ আর্থিক সংকট অন্তরায় না হলে আমরা অধিকতর অর্থসংস্থান রাখতে পারলে সুখী হতাম।

পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম

২০। পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম গভীর নলকূপ খনন এবং নদী-জল উত্তোলন প্রকল্প স্থাপনের কাজ হাতে নিয়েছেন। ঐ সংস্থার প্রকল্পগুলির একটি জেলাভিত্তিক তালিকা পরিশিষ্ট-৫-এ দ্রষ্টব্য। রাজ্য সরকার ঐ সংস্থাকে শেয়ার ক্যাপিট্যাল দিয়ে সাহায্য করছেন। এই নিগম রাজ্য সরকারের দেওয়া গ্যারান্টির বলে ব্যাঙ্ক থেকে ঋণও গ্রহণ করছেন। ১৯৮২-৮৩ সালে ক্ষুদ্র সেচ নিগম ১৪৫টি গভীর নলকূপকে বিদ্যুৎযুক্ত করেছেন এবং বর্তমান প্রকল্পের অধিকাংশে পাইপ লাইন বসিয়েছেন। ১৯৭৬ সাল থেকে পুরোপুরি সরকারী ব্যবস্থাপনায় গভীর নলকূপ খননের জন্য অর্থ বরাদ্দ করা সরকারের পক্ষে সম্ভব হয়নি। ক্ষুদ্র সেচ নিগমের মাধ্যমে এখন পর্যন্ত ৬১৬টি গভীর নলকূপ স্থাপন সম্ভব হয়েছে। এই নিগমের জন্য বাজেটে যে সংস্থান রাখা হয়েছে তা হচ্ছে শেয়ার ক্যাপিট্যালের জন্য ৭৫ লক্ষ, জলকরের ভরতুকি বাবদ ১০ লক্ষ এবং কর্মচারিবৃন্দের বেতন বাবদ ভরতুকির জন্য ১০ লক্ষ টাকা।

উপজাতি এলাকা উপ-পরিকল্পনা

২১। উপজাতি এলাকায় বিভিন্ন প্রকল্পের জন্য ৬১ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। উপজাতি এলাকায় কর্মসংস্থানের উদ্দেশ্যে শ্রমপ্রধান প্রকল্পগুলির উপর জোর দেওয়া হয়েছে।

ভূগর্ভ-জল ও ভূপৃষ্ঠ জলসম্পদের অনুসন্ধান ও উন্নয়ন

২২। ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির যুক্তিসিদ্ধ পরিকল্পনার জন্য প্রয়োজন রাজ্য জল অনুসন্ধান অধিকার দ্বারা ভূগর্ভ ও ভূপৃষ্ঠ জলসম্পদের বৈজ্ঞানিক অনুসন্ধান ও মূল্যায়ন। এই অধিকারের সংস্থাগত শক্তি বৃদ্ধি করা হচ্ছে। রাজ্যের মোট

৩৩৫টি ব্লকের মধ্যে A.R.D.C. কর্তৃক নির্দিষ্ট মান অনুসারে ২৫০টি ব্লকে ভূগর্ভ জলসম্পদের সম্ভাবনা নির্ধারণের কাজ সমাপ্ত হয়েছে। এই নির্ধারণের ভিত্তিতে সমস্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ব্যাঙ্কগুলিকে ভূগর্ভস্থ জল নিষ্কাশনকারী বিবিধ ক্ষুদ্র সেচ প্রকল্পের অনুমোদন (clearance) সম্পর্কে অবহিত করা হয়েছে। অনুসন্ধান কল্পে কয়েকটি প্রকল্প রূপায়িত করা হচ্ছে যেমন, (১) Scheme for hydrological study in Dwarakeswar River Basin; (২) Scheme on determination of soil moisture status in the dists. of Bankura & Purulia; (৩) Scheme for evolving construction technique & permeability test of dugwells on the foot-hills of the Himalayas ইত্যাদি।

২৩। এই মুহূর্তে এই অধিকারের সামনে যে সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে তা হল লবণাক্ত এলাকায় ভূপৃষ্ঠ-জল এবং ভূগর্ভ-জলের লবণাক্ততার অস্তিত্বের সনাক্তকরণ, নির্ধারণ এবং লবণগ্রস্ত এলাকাকে চিহ্নিতকরণ। যে-সমস্ত এলাকায় আরও ভূগর্ভ-জল অনুসন্ধানের প্রয়োজন আছে সেগুলিকে চিহ্নিত করা হয়েছে। খরা পরিস্থিতির মোকাবিলায় অগভীর নলকূপ স্থাপনের কাজে কৃষকেরা এই অধিকার কর্তৃক প্রদত্ত অনুমোদন (clearance)-এর পূর্ণ সুযোগ গ্রহণ করেছেন।

সেচজলের যথোপযুক্ত ব্যবহার (Optimum use of Irrigation Water)

২৪। একদিকে যেমন ক্ষুদ্র সেচের নূতন উৎস স্থাপন প্রয়োজন অন্যদিকে তেমনি সঠিক ব্যবহারের দ্বারা স্থাপিত প্রকল্পগুলি থেকে সর্বোচ্চ পরিমাণ সেচের এলাকা বিস্তৃত করা অত্যাবশ্যক। এখানে সঠিক ব্যবহার অর্থে পর্যায়ক্রমিক সেচ-পদ্ধতি (Rotational System of Irrigation) বিষয়ে ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপকার-প্রাপকদের (beneficiaries) যথাযথ পরিমিত জল ব্যবহারে এবং অপচয় পরিহারে প্রণোদিত করা হবে। এই উদ্দেশ্যে বাজেটে ৩০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

জলকর

২৫। মাননীয় সদস্যেরা অবহিত আছেন যে, বর্তমান অবস্থায় কৃষকদের নিকট থেকে না-লাভ না-লোকসান ভিত্তিতে জলকর আদায়ের কথা চিন্তা করা চলে না। ক্ষয়ক্ষতিজনিত মূল্য হ্রাস, মূলধনের উপর সুদ, রক্ষণাবেক্ষণ এবং চালানোর খরচ বিচার করে এই জলকরের হার প্রতি একর ইঞ্চি পিছু প্রায় ২০ টাকা। অবশ্য পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড এবং এই বিভাগের Engineering অধিকার এই দুই সংস্থার অধীনে যে-সব প্রকল্প আছে সেগুলির জলকরের হারে

বৈষম্য আছে। ক্ষুদ্র সেচ নিগমের অনুমোদিত হার ছিল একর প্রতি ইঞ্চিতে ১০ টাকা হারে বোরোর জন্য প্রতি একর পিছু ৪৮০ টাকা। কৃষি ইঞ্জিনীয়ারিং অধিকারের ক্ষেত্রে এই হার বোরোর জন্য প্রতি একর ৯৬ টাকা। এই অসঙ্গত পার্থক্য দূর করার জন্য বোরো এবং অন্যান্য শস্যের জন্য জলকর প্রকল্প নির্বিশেষে (সে প্রকল্প সরকারী হোক, পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড হোক অথবা পশ্চিমবঙ্গ সার্বিক অঞ্চল উন্নয়ন নিগম হোক) ১লা মে '৮৩ তারিখ থেকে প্রতি একর ইঞ্চিতে ৫ টাকা করে ধার্য করা হয়েছে। উল্লেখ্য এই যে, এই সংশোধনের ফলে ছাড়া জলের পরিমাণ অনুসারে বোরো শস্য, আলু এবং খরিফ ধানের ও গমের জন্য জলকর নির্দিষ্ট করা হবে যথাক্রমে ন্যূনতম ২৪০ টাকা, ১০০ টাকা, ৬০ টাকা এবং ৬০ টাকা হারে।

সেচ সূচিত এলাকা উন্নয়ন কর্মসূচী

২৬। পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় উদ্যোগে রূপায়ণযোগ্য সেচ-সূচিত এলাকা প্রকল্পটি পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে শুরু হয়েছিল। দামোদর ভ্যালী কর্পোরেশন, ময়ূরাক্ষী এবং কংসাবতী এই তিনটি সেচ প্রকল্পের দ্বারা সৃষ্ট সেচের সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করাই হোল এর উদ্দেশ্য। মাঠনালা নির্মাণ করে বন্যার জল সুনিয়ন্ত্রিত সেচের মাধ্যমে জমির বিভিন্ন প্লটে পৌঁছে দেওয়া এবং উচ্চ ফলনশীল কৃষি ব্যবস্থা প্রণয়নের জন্য নালা নির্মাণ ও জমি সমতলীকরণ এবং অন্যান্য কর্মসূচী রূপায়িত করা সেচ-সূচিত এলাকা প্রকল্পগুলির মূল লক্ষ্য। এর অর্থ হোল মূল্যবান সেচজলের যথোপযুক্ত ও পূর্ণ সদ্ব্যবহার। মাঠনালাগুলি জল সরবরাহকারী মূল নালার আওতার একেবারে শেষ পর্যন্ত (tail ends) সেচজল নিয়ে যেতে সাহায্য করবে। ফলে অধিক পরিমাণে জমি সেচের আওতায় আসবে।

২৭। উপকার প্রাপকেরা নির্মাণ ব্যয়ের ৫০% ঋণ হিসাবে বহন করবেন এই ধরে নিয়ে ভারত সরকার কেন্দ্রীয় উদ্যোগে পরিচালিত প্রকল্পের অধীনে মাঠনালা নির্মাণের ব্যয়ভার বহন করছেন। আমরা অভিজ্ঞতায় বুঝেছি এ ব্যবস্থা অবাস্তব। যে মাঠনালা প্রধানতঃ তার প্রান্তে নিবাসী কৃষকদের উপকারে আসে এমন মাঠনালার আর্থিক বোঝা বহন করতে out-let-এর নিকটবাসী বহু কৃষক সম্মত নন। এই পরিস্থিতিতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছেন যেন এই প্রকল্পকে সম্পূর্ণ অনুদান-প্রকল্পে রূপান্তরিত করা হয় যাতে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ ব্যয়ভার ৫০ : ৫০ ভিত্তিতে বহন করেন।

২৮। এই কর্মসূচীর অধীনে লভ্য ভূগর্ভ জলের সঙ্গে ভূপৃষ্ঠ জলের সম্মিলিত ব্যবহারের জন্য ভূগর্ভ জল উত্তোলনের একটি প্রকল্প আছে।

এই প্রকল্পের উদ্দেশ্য সাধনের জন্য পাম্পসেট ক্রয়কারী অথবা অগভীর নলকূপ স্থাপনকারী ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের নির্দিষ্ট হারে ভরতুকি দেওয়া হয়। ভরতুকি দেওয়া হয় পশ্চিমবঙ্গ রাজ্য সেচ নিগমের মত এজেন্সীদেরও—যাঁরা প্রধানতঃ ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষক অধ্যুষিত command এলাকায় সমষ্টিগত ভিত্তিতে গভীর নলকূপ স্থাপন করেন। আমরা তিস্তা ব্যারেজ প্রকল্প রূপায়ণের সঙ্গে সঙ্গে তিস্তা সেচ সূচিত এলাকা উন্নয়ন প্রকল্প মঞ্জুরের জন্য প্রস্তাব গ্রহণ করেছি। এই প্রস্তাব এখনও কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের অপেক্ষায় আছে।

২৯। ১৯৮২-৮৩ সালের বাজেটে সেচ সূচিত এলাকা (Command Area) উন্নয়নের জন্য বরাদ্দের পরিমাণ ১০০ লক্ষ টাকা ছিল কিন্তু অনুমান করা যায় খরচ হয়েছে ১৪০ লক্ষ টাকা। উচ্চতর লক্ষ্যমাত্রা স্থিরীকরণের বাধা ছিল infrastructure-এর অভাব। আমরা তিনটি পূর্ণাঙ্গ Engineering Division-কে Command Area Development কর্তৃপক্ষের কাছে সংস্থান্তর করে এই বাধা অতিক্রম করবার চেষ্টা করছি। মাঠনালা, বৃহত্তর এলাকায় জলের সময়মত, পরিমিত এবং ফলপ্রদ সরবরাহ সুনিশ্চিত করে উৎপাদন বৃদ্ধিতে সাহায্য করে। তাই কৃষকদের মাঠনালার উপযোগিতা সম্বন্ধে সচেতন করে তুলতে হবে। জলসমৃদ্ধ এলাকাগুলির কৃষকদের একটি ধারণা আছে যে, জলের সরবরাহ যত বেশী হয় ফসল তত বেশী হয়। এই ধারণা দূর করা দরকার। বাস্তবিক পক্ষে সুনিশ্চিত সেচ এলাকার কৃষকেরা প্রায়ই অতিসেচ করে ফেলেন যা জমি এবং ফসল উভয়েরই পক্ষে ক্ষতিকর। পঞ্চায়েতগুলিকে অনুরোধ করা হয়েছে যেন এ বিষয়ে কৃষকদের যথাযথ ভাবে শিক্ষিত এবং সচেতন করে তুলে এক বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। বাজেটে ১০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে, যাতে ১৯৮৩-৮৪ সালে মোট ২০০ লক্ষ টাকার কাজ হতে পারে, এর মধ্যে ১০০ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার তাঁদের দেয় অংশ হিসাবে দেবেন বলে ধরা হয়েছে।

গবেষণা এবং উন্নয়ন

৩০। স্পীকার মহোদয়, এই রাজ্য ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের রাজ্য; আমাদের গ্রামীণ পরিবারের অধিকাংশই ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী পরিবার। আমার বিভাগ নিরন্তর তাঁদের সেচ সংক্রান্ত সমস্যাগুলির অনুসন্ধান ও গবেষণা করে চলেছে। সম্প্রতি আমাদের ইঞ্জিনীয়াররা 'সরলা' নামে একটি নূতন ডায়াফ্রাম

পাম্প উদ্ভাবন করেছেন যার সাহায্যে পুষ্করিণী, এমন কি অগভীর নলকূপ থেকেও কায়িক পরিশ্রমের সাহায্যে অনায়াসে ১২ ফুট পর্যন্ত জল তোলা যায়। বর্তমানে এই পাম্প তৈরী করছেন পশ্চিমবঙ্গ কৃষি শিল্প নিগম অর্থাৎ West Bengal Agro Industries Corporation। এর ওজন মাত্র ৩৫ কিলোগ্রাম, মূল্য মাত্র ৮৮০ টাকা। এর রক্ষণাবেক্ষণ অত্যন্ত সহজ। সাংবাদিকরা এই পাম্পের কাজ দেখে এর প্রশংসা করেছেন। আমাদের আশা, এই পাম্প আমাদের ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের বিশেষ সহায়ক হবে।

৩১। স্পীকার মহোদয়, ১৯৮৩-৮৪ সালের বাজেটে যে-সব কর্মসূচীর জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে সেই সম্বন্ধে আমাদের গুরুত্বপূর্ণ কাজকর্মের এবং সেই সঙ্গে ক্ষুদ্র কৃষি ও Command Area উন্নয়ন সংক্রান্ত কার্যসূচীর লক্ষ্য ও উদ্দেশ্যাবলীর বিবরণ দিলাম।

পরিশেষে আমি বর্তমান আর্থিক সংকটের দিনে অর্থের যথাযথ এবং প্রকৃত ফলপ্রদ ব্যবহারের জন্য মাননীয় নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ এবং জনসাধারণের উদ্দেশে আবেদন জানাই। বিধানসভার মাননীয় সদস্যদের কাছে ব্যয়বরাদ্দের এই প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের অনুরোধ জানাচ্ছি।

পরিশিষ্ট—১

(অনুচ্ছেদ ৮ দ্রষ্টব্য)

১৯৮২-৮৩ সালে কর্মসংস্থান প্রকল্পে মঞ্জুর করা অর্থের পরিমাণ (ক্ষুদ্র সেচ)*

(লক্ষ টাকার হিসাবে)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রথম পর্বে			দ্বিতীয় পর্বে			সর্বমোট (দুটি পর্ব)
		কাঁচা কুয়া	বোরো বাঁধ	মোট (১ম পর্ব)	মাটির বেড়যুক্ত কাঁচা কুয়া	পুষ্করিণী	মোট (২য় পর্ব)	
১	বাঁকুড়া	২০·০০	...	১০·০০	২০·০০	১০০·০০	১২০·০০	১৪০·০০
২	বীরভূম	৩.৫০	...	৩·৫০	...	৭৪·০০	৭৪·০০	৭৭·৫০
৩	বর্ধমান	১·৫০	...	১·৫০	৩·৮৫	৮৫·৩৮১	৮৯·২৩১	৯০·৭৩১
৪	কোচবিহার	১·০০	...	১·০০	...	২৬·৭০	১৬·৭০	১৭·৭০
৫	দার্জিলিং	০·২০	...	০·১০	...	৫ ৮১	৫·৮১	৬·০১
৬	হুগলী	...	১৫·০০	১৫·০০	৬·০০	৪৮·০০	৫৪·০০	৬৯·০০
৭	হাওড়া	...	...	...	...	১০·৯০	১০·৯০	১০·৯০
৮	জলপাইগুড়ি	১·০০	...	১·০০	...	১৬·৭২৮	১৬·৭২৮	১৭·৭২৮
৯	মালদহ	...	...	...	...	৫১·৩০	৫১·৩০	৫১·৩০
১০	মেদিনীপুর	১০·০০	১০·০০	১০·০০	৪০·০০	১২৬·৯৬৮	১৬৬·৯৬৮	১৮৬·৯৬৮
১১	মুর্শিদাবাদ	...	...	...	৬·২০	৬১·৯০	৬৮·১০	৬৮·১০
১২	নদীয়া	...	...	...	২০·০০	১৯·৫০	৩৯·৫০	৩৯·৫০
১৩	পুরুলিয়া	১৫·০০	...	১৫·০০	৫·০০	১২০·০০	১২৫·০০	১৪০·০০
১৪	২৪-পরগনা	...	...	...	২০·০০	১২২·২৫	১৪২·২৫	১৪২·২৫
১৫	পঃ দিনাজপুর	০·৩০	...	০·৩০	১৫·০০	৪৪·০০	৫৯.০০	৫৯·৩০
		৫২·৫০	২৫·০০	৭৭·৫০	১৩৬·০৫	৯১৩·৪৩৭	১০৪৯·৪৮৭	১১২৬·৯৮৭

*উপরের বিবরণীতে ভূপৃষ্ঠ জলনিকাশী নালা এবং সেচপ্রকল্পের জন্য মঞ্জুরী ৯০·৫০ লক্ষ টাকা ধরা হয় নি। এই প্রকল্পটি সেচ ও জলপথ বিভাগ কর্তৃক রূপায়িত হচ্ছে।

পরিশিষ্ট—২

(অনুচ্ছেদ ১৩ দ্রষ্টব্য)

ব্যক্তিগত অগভীর নলকূপ প্রকল্প

ক্রমিক সংখ্যা	জেলার নাম	ফিল্টার পয়েন্টযুক্ত অগভীর নলকূপের সংখ্যা
১	দার্জিলিং	১৬৩
২	জলপাইগুড়ি	১১৮৬
৩	কোচবিহার	৬৯৬২
৪	পশ্চিম দিনাজপুর	১২৯৩৯
৫	মালদহ	১১৩০৬
৬	মুর্শিদাবাদ	৩০০৪৩
৭	নদীয়া	৩৫২৪৪
৮	২৪ পরগনা (উত্তর)	২৮৮৫০
৯	২৪ পরগনা (দক্ষিণ)	৪৪৪৬
১০	হাওড়া	১১৯১
১১	হুগলী	১৭৮৭২
১২	বর্ধমান	১৬৫৭০
১৩	বীরভূম	৪৮৬৫
১৪	মেদিনীপুর	১০৮২১
১৫	বাঁকুড়া	৪২২৬
১৬	পুরুলিয়া	১
		মোট ১,৮৬,৬৮৭

পরিশিষ্ট—৩

(অনুচ্ছেদ ১৬ দ্রষ্টব্য)

কৃষি ইঞ্জিনীয়ারিং অধিকর্তার অধীনস্থ গভীর নলকূপ প্রকল্প

ক্রমিক সংখ্যা	জেলার নাম	গভীর নলকূপের সংখ্যা
১	মুর্শিদাবাদ	৩৮৩
২	বীরভূম	৪৪
৩	নদীয়া	৫১৭
৪	হাওড়া	৮৯
৫	২৪ পরগনা	২২৮
৬	কোচবিহার	১৫
৭	মেদিনীপুর	১৭৩
৮	হুগলী	১৪০
৯	বর্ধমান	৩০১
১০	বাঁকুড়া	৬৪
১১	জলপাইগুড়ি	৩৩
১২	পশ্চিম দিনাজপুর	১১৬
১৩	মালদহ	১২৮
১৪	দার্জিলিং	১
		মোট ২৩৩২

পরিশিষ্ট—৪

(অনুচ্ছেদ ১৮ দ্রষ্টব্য)

কৃষি ইঞ্জিনীয়ারিং অধিকর্তার অধীনস্থ নদী জল উত্তোলন প্রকল্প

ক্রমিক সংখ্যা	জেলার নাম	নদী জল উত্তোলন প্রকল্পের সংখ্যা
১	মালদা	৩৬১
২	পশ্চিম দিনাজপুর	৩২৯
৩	২৪ পরগনা	১৮১
৪	হাওড়া	৭৭
৫	কোচবিহার	৫২
৬	জলপাইগুড়ি	৪১
৭	দার্জিলিং	১৩
৮	নদীয়া	২৯৯
৯	হুগলী	১৮৪
১০	বাঁকুড়া	১৪৯
১১	পুরুলিয়া	৫৮
১২	মুর্শিদাবাদ	৩০৭
১৩	বীরভূম	৯৩
১৪	বর্ধমান	২৩৮
১৫	মেদিনীপুর	২৮৬
	মোট	২৭৬৯

পরিশিষ্ট—৫

(অনুচ্ছেদ ১০ দ্রষ্টব্য)

পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেডের জেলাওয়ারী ক্ষুদ্র সেচ স্থাপনীগুলি

ক্রমিক সংখ্যা	জেলার নাম	খনন করা গভীর নলকূপের সংখ্যা	বিদ্যুৎযুক্ত গভীর নলকূপের সংখ্যা	বিভিন্ন স্তরে সম্পন্ন হওয়ার মুখে গভীর নলকূপের সংখ্যা	কার্যরত অবস্থায় থাকা নদী জল উত্তোলন প্রকল্পের সংখ্যা	বিভিন্ন স্তরে সম্পূর্ণ হওয়ার মুখে নদী জল উত্তোলন প্রকল্পের সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১	মেদিনীপুর	১১৯	১১০	৯	২	৮	
২	হুগলী	১০২	৯৫	৭	১	৬	
৩	নদীয়া	৭৬	৭০	৬	...	...	
৪	মালদা	৫০	৪২	৮	...	...	
৫	বর্ধমান	৬১	৪২	১৯	৫	১০	
৬	মুর্শিদাবাদ	৫১৫	৫০	১	১	১	
৭	কোচবিহার	৩৩	১১	২২	২	১০	
৮	হাওড়া	৩৩	৩০	৩	২	১	
৯	২৪ পরগনা	৩৬	৩৫	১	৩	৫	
১০	বাঁকুড়া	১৮	১১	৭	৩	৬	
১১	পশ্চিমদিনাজপুর	২৬	১৫	১১	৪	১৩	
১২	বীরভূম	৭	৭	...	৫	৩	
১৩	জলপাইগুড়ি	৪	...	৪	৩	৪	
১৪	পুরুলিয়া	...	...	...	...	১	
	মোট	৬১৬	৫১৮	৯৮	৩১	৬৮	

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-

Shri Abanti Misra : do

Shri Shaikh Imajuddin : do

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের অন্তর্গত ক্ষুদ্র সেচ এবং সেচ-সূচিত এলাকা উন্নয়নের ১৯৮৩-৮৪ সালের ব্যয়বরাদ্দ সম্পর্কে মাননীয় মন্ত্রী কানাইবাবু যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন সেই ব্যাপারে ভেতরের কাগজগুলির মধ্যে যে বক্তৃতা রেখেছেন সেটা পড়লে মনে হবে এটাকে সমর্থন করলে ভাল হতো। কিন্তু যে কথা লেখা আছে,সেটা কিন্তু ইন থিওরী, ইন প্রাকটিস কার্যকরী হচ্ছে না, ইমপ্লিমেনটেড হচ্ছে না। সেই জন্য স্যার, এটাকে আমি সমর্থন করতে পারছি না। মাননীয় স্পীকার স্যার, আমি যে কথা বলতে চাই সেটা হলো আজকে পশ্চিমবাংলায় ইরিগেশানের দুটি সিসটেম আছে, এটা আপনি ভাল করে জানেন। একটা হচ্ছে মেজর ইরিগেশান। যেটা ইরিগেশান ডিপার্টমেন্ট ডাইরেক্ট কনট্রোল ক্যানেল সিসটেম এ্যাণ্ড আদার সিসটেম। আর একটা হলো মাইনর ইরিগেশান যেটা কানাইবাবুর দপ্তর। এর মধ্যে আর. এল. আই, ডিপ টিউবওয়েল, অগভীর নলকূপ সমস্ত কিছু পড়ে। স্যার, আপনি ভাল করে জানেন ক্ষুদ্র সেচ এলাকা—মাইনর ইরিগেশানের আণ্ডারে ৩৮ লক্ষ একর জমিকে করা হয়েছিল। কিন্তু এই পর্যন্ত মাননীয় মন্ত্রী মহাশয় আসাকালীন এবং বিগত বামফ্রন্ট সরকারের আমলে কতটা জায়গা ক্ষুদ্র সেচ এলাকাভুক্ত হয়েছে এই প্রশ্ন আমি করতে চাই। প্রথমে আমাদের আমলে যে কাজগুলি করেছিলাম মাইনর ইরিগেশানের ব্যাপারে—যেমন আর. এল. আই, ডিপ টিউবওয়েল, গভীর নলকূপ, অগভীর নলকূপ প্লাস আদার্স যে-সমস্ত প্রকল্প আমরা করে এসেছিলাম, যার দ্বারা ছোট ছোট চাষী, মাঝারী চাষী উপকৃত হয়েছিল সেইগুলি আপনারা রক্ষা করতে পারছেন না। আমরা এটা লক্ষ্য করেছি এবং কানাইবাবু নিজে এই বিধানসভায় বলেছেন যে, যেগুলি ছিল সেইগুলি আমরা ঠিকমতো মেনটেন করতে পারছি না। পার্টস চুরি, পাওয়ারের অভাবে কোন কোন জায়গায় পাওয়ার সর্টেজের জন্য এইগুলি রক্ষা করা যাচ্ছে না। এই কথা তিনি বিধানসভার ফ্লোরে

বলেছিলেন। এইগুলি যখন মেনটেন করতে পারছেন না, সেইগুলির দ্বারা যখন যথেষ্ট জল সরবরাহ করতে পারছেন না তখন নূতন প্রকল্প করার কথার কোন প্রশ্ন ওঠে না। যদিও মাননীয় মন্ত্রী মহাশয় অনেক বড় বড় প্রকল্পের কথা—স্যালো টিউবওয়েলের কথা, ডিপ টিউবওয়েলের কথা, আর. এল. আই.-এর কথা বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি যে-সমস্ত ইন্‌ডিভিজুয়াল চাষী ব্যক্তিগত সত্তায় ব্যাঙ্ক লোন নিয়ে বা কো-অপারেটিভ সোসাইটি থেকে লোন নিয়ে স্যালো টিউবওয়েল বা ডিপ টিউবওয়েল করতে চায় তার জন্য কি এই সরকার এগিয়ে আসবে?

[5.20—5.30 P.M.]

ইট ইজ এ কোশ্চেন—আপনি কতটুকু এগিয়ে আসবেন? আই ডু নট ওয়ান্ট দিস ইন থিওরী এ্যাণ্ড প্রাকটিস। আপনি দেখুন, সরকার বিদ্যুৎ ঠিকমত দিতে পারছেন না বিদ্যুতের অভাবের জন্য। যেজন্য রিভার লিফট ইরিগেশান ফাংশান করতে পারছে না—আজকে হাউসও দেখলাম বিদ্যুৎ না থাকার জন্য কিছুক্ষণ বন্ধ হয়ে গেল। যদি কোন ক্ষুদ্র বা মাঝারী চাষী জেনারেটার বসিয়ে বা ডিজেল দিয়ে বা অন্য কোন উপায়ে পাওয়ারের সাহায্য না নিয়ে—ইন এনিওয়ে অর ইন এনি আদার মেথডে আর. এল. আই., ডিপ টিউবওয়েল চালু রাখতে চায়, সেক্ষেত্রে আপনার সরকার কতটুকু সাহায্য করবে? এটা আমার প্রশ্ন আপনার কাছে, আপনার সরকার কোন অনুদান বা ঋণ দিতে পারবে কি? কারণ চাষীর আজকে পাওয়ারের অভাব অনুভূত হচ্ছে। চাষী আমাদের ভারতবর্ষে বা এই পশ্চিমবাংলার বুকে যাঁরা আছেন, তাঁরা এমন কোন অবস্থাপন্ন নন যে, ব্যক্তিগত ভাবে খরচা করে চাষ তুলতে পারবেন। সে জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি, আপনি বলুন, এক্ষেত্রে কি আপনার কোন চিন্তা করার অবকাশ আছে? যে চাষী ক্ষুদ্র সেচ এলাকার আওতাভুক্ত, সেখানে বিদ্যুতের অভাবের জন্য তাকে যথেষ্ট পরিমাণে কোন সাহায্য দেবার অবকাশ আছে কি? ডিউ টু সর্টেজ অফ পাওয়ার, বামফ্রন্ট সরকার কি ভাবে মাইনর ইরিগেশান ডিপার্টমেন্টের পক্ষে মাননীয় মিনিষ্টার কতটা সাহায্য করতে পারবেন? এটা একটা বিরাট প্রশ্ন। স্পীকার স্যার আপনি গ্রাম বাংলার মানুষ, আপনি জানেন কার জন্য, কি কারণে প্রকৃতি রুষ্ট হয়ে ক্যানাল সিষ্টেম এবং রিভার বেড শুকিয়ে যায় তা জেনে চাষীর কোন লাভ হয় না। প্রকৃতির কারণে দেখি মেজর ইরিগেশান সিষ্টেম ফেল করে, মাইনর ইরিগেশানে জল থাকে না, অথচ পশ্চিমবাংলার চাষী এরই উপরে ম্যাক্‌সিমাম ডিপেণ্ড করে।

প্রকৃতি রুষ্ট হয়ে বা যে-কোন কারণে বৃষ্টি না হওয়ার জন্য ক্যানাল, রিজার্ভারে জল থাকে না, দারুণ খরার ফলে মেজর ইরিগেশানের জন্য চাষীকে এ্যাকসিডেন্টালী ডিপেণ্ড করতে হয়, এক্ষেত্রে আপনার সরকার কতখানি সাহায্য দিতে পারবে চাষীদের? মাইনর ইরিগেশানের ক্ষেত্রে সুষ্ঠু ভাবে, গ্রামের সমস্ত এরিয়াতে ডিপ টিউবওয়েল, ডাগ ওয়েল'-এর ব্যাপারকে বাদ দিয়েই বলছি, আপনার পক্ষ থেকে মাইনর ইরিগেশানের উপরে জোর দেওয়া উচিত। এখানে কিন্তু নো কম্পিটিশান—মেজর ইরিগেশান, মাইনর ইরিগেশানে কিন্তু কোন কমপিটিশান নেই। ভবিষ্যতের অনাগত কোন খরার দিকে তাকিয়ে, বিধানসভার একজন সদস্য হিসাবে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করছি, যেখানে পাওয়ার ফেল করছে, যেখানে পশ্চিমবাংলায় পাওয়ার সিষ্টেম অদূর ভবিষ্যতের অন্ধকারে ডুবে আছে—পশ্চিমবাংলার বুকে তার কোন সম্ভাবনা আমরা দেখতে পাচ্ছি না—সেখানে এই ডিপার্টমেন্ট থেকে ডাইরেক্ট কোন সাহায্য পাবেন কিনা আমাদের জানাবেন। যেক্ষেত্রে আমরা জানি চাষী বিদ্যুতের কোন সাহায্য পাবে না, যেখানে ইনডিভি-জুয়াল ওনার প্লাস আপনাদের তত্ত্বাবধানে যে-সমস্ত সরকারী আণ্ডারটেকিং-এ আর. এল. আই এবং ডিপ টিউবওয়েল উইদাউট পাওয়ারের জন্য অচল হয়ে আছে, সেখানে চাষীরা চাষের কাজ চালাতে পারবেন কি না আপনাকে চিন্তা করতে হবে। আমি আবার রিপিট করছি—ধরুন, সে রকম দিন আসল, (ভগবান করুন, যেন না আসে) বৃষ্টি হল না, নদী-নালা শুকিয়ে গেল—তখন আণ্ডারগ্রাউণ্ড রিসোর্সেস প্রপারলি ইউটিলাইজড যদি না করেন—নদী শুকিয়ে গেলেও প্রকৃতি আণ্ডারগ্রাউণ্ড রিসোর্স মজুত রেখেছে,—তখন মাটির নীচের সেই ওয়াটার প্রপারলি ইউটিলাইজ-এর জন্য কোন ব্যবস্থা নেবেন কি? আমার মনে হয়, এই সরকার কখনই নেবেন না। কারণ তাতে স্বার্থে আঘাত লাগবে, নিজেদের ক্ষতি হবে। আপনারা কমিউনিষ্ট। আপনাদের ফিলজপি—কমিউনিজিমের চিন্তা হচ্ছে মানুষকে সমস্যার মধ্যে রাখা। মানসিক দিক দিয়ে মানুষকে অন্ধকারের দিকে ঠেলে দিয়ে, বিভিন্ন অভাবের মধ্যে রাখতে পারলে তারা আপনাদের মধ্যে এসে ভিড়বে—এই হচ্ছে আপনাদের ধারণা। ইফ দ্যাট ইজ দি ফিলজপি দেন আই হ্যাভ নাথিং টু সে।

আপনার দু'-একটি বক্তৃতা আমি শুনেছি, আপনি কমিউনিষ্ট, কিন্তু সি পি আই (এম) নন, সি পি আই। আপনি যখন হাউসে সাপ্লিমেন্টারীর উত্তর দিচ্ছিলেন তখন কতকগুলি বাস্তব সত্য কথা আপনি স্বীকার করেছিলেন। সেই জন্য সত্যকে যে স্বীকার করে তাকে কিছু সাজেশান দিতে মন চায়। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি এছাড়া ছোটখাট পুকুর, ছোটখাট পুষ্করিণী যতগুলি আছে সেগুলি প্রপারলি

রেনোভেট করা দরকার, যাতে জল সেখানে স্টোরেজ করা যায়। গভীর নলকূপ থেকে জল নিয়ে সংযোজিত করা যায় কিনা এর জন্য you consult with your officers, experts। আমি কয়েকটি এলাকায় ঘুরে এসেছি, সেখানকার সেচব্যবস্থা খুবই খারাপ। আমার এলাকায় বোরো ধান লাগান হয়েছে, কিন্তু সেখানে জল পাওয়া যাচ্ছে না। সেখানে ইরিগেশান সিষ্টেমে কিছু হবে না, সেই জন্য যাতে ক্যানেল সিষ্টেমে জল পাওয়া যায় তার জন্য একজিকিউটিভ ইঞ্জিনীয়ারদের সঙ্গে কথা বলেছিলাম। তারা বলেছে যে, ২ ফুট জল কেন আধফুট জলও দেওয়ার কোন ক্ষমতা নেই। ২ ফুট জল ময়ূরাক্ষী ক্যানেল সিষ্টেম থেকে দিলে সেই জল যেতে যেতে শুকিয়ে যাবে। বড় আনন্দপুর, জুনিপুর ইটাগড়িয়া প্রভৃতি কয়েকটি ভিলেজে মাইনর ইরিগেশানের আর এল আই-এর ব্যবস্থা করা যায় কিনা, কারণ এগুলি মাইনর ইরিগেশানের হাতে। এখনো বঞ্চিত সেইসব জায়গাগুলি। আমি স্পেসিফিক কতকগুলি জায়গা জানি, যেগুলি সম্বন্ধে আমি অফিসারদের সঙ্গে আলোচনা করেছিলাম। আপনি রকি এলাকায় বোর করতে চেষ্টা করছেন। যেখানে রক রয়েছে সেখানে আপনারা দু'বার / তিনবার বোর করার চেষ্টা করেছেন। সেখানে পুষ্করিণী ইত্যাদি করার জন্য যদি বোর করেন তাহলে রকগুলি বেরিয়ে আসবে, ফলে সেচের কোন সুবিধা হবে না। সেই জন্য আপনি মালিকদের এই ব্যাপারে কনভিন্স করুন যাতে তারা এটা রেনোভেট করে। কারণ রকি এলাকায় ডিপ টিউবওয়েল, গভীর নলকূপ করতে পারবেন না। মাদ্রাজে ওয়াগান করে জল বাইরে থেকে পৌঁছে দিতে হয় পুষ্পরিণীগুলিতে। সুতরাং এখানেও রকি এলাকায় যদি মাদ্রাজের মত রিজার্ভার তৈরী করে বাইরে থেকে ওয়াগান করে জল পৌঁছে দেওয়া যায় তাহলে ভালো হয়। তবে পশ্চিমবঙ্গে এখনো জলের সেরকম অভাব ঘটেনি। মাদ্রাজে রকি এলাকায় ওয়াগান করে জল রিজার্ভ করে রাখা হয়। ইউ থিংক ইট। এখানে সেইরকম আদার রিজারভার তৈরী করে মাদ্রাজের মত ওয়াগান করে জল এনে যদি রিজারভারে ভরা যায় তাহলে অনেকটা সুবিধা হবে। তবে এখানে মাদ্রাজের মত এত জলের অভাব হয় নি। আণ্ডার ইয়োর মাইনর ইরিগেশান ডিপার্টমেণ্টে রিজারভার তৈরী করে সেখানে জল স্টোরেজ করা যায় কিনা, সেরকম কোন পরিকল্পনা পরিষ্কার ভাবে এর মধ্যে নেই। আর এল আই সম্বন্ধে সেইরকম কোন কিছু বলা নেই। এইসব কথা চিন্তা করে আগামী দিনে পশ্চিমবাংলার ক্ষুদ্র চাষীদের যাতে উপকার হয় তার জন্য একটু চিন্তা-ভাবনা করবেন এই অনুরোধ আমি আপনার কাছে রাখছি। মাইনর ইরিগেশান এবং ইরিগেশান ডিপার্টমেণ্টের কথা আপনারা চিন্তা করবেন যাতে এর

একটু উন্নতি হয়। ফর পলিটিক্যাল রিজিনস্, আই উড সে পাওয়ার ডিপার্টমেণ্ট এ্যাণ্ড আদার ডিপার্টমেণ্ট ডাইরেক্টলি হেল্প আপনাকে করছে না ফর এনি রিজিন্। আমি একজন পলিটিসিয়ান্, আমরা পলিটিকস্ করতে এসেছি, কিন্তু এটা আমরা সব সময়ে মনে রাখি যে, সেবার মাধ্যমে রাজনীতি। সুতরাং আপনার ডিপার্টমেণ্টের পলিটিক্যাল সারভাইবাল হোক এটা আমি কখনোই চাই না। সুতরাং ইউ বেটার থিঙ্ক ফর ইয়োর ডিপার্টমেণ্ট। পাওয়ার ছাড়া আদারওয়াইজ আর এল আই, ডিপ টিউবওয়েল চলতে পারে না। ইউ থিঙ্ক ফর দিস। এই বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআনিসুর রহমান বিশ্বাস: মাননীয় স্পীকার স্যার, মাননীয় ক্ষুদ্র ও সেচ দপ্তরের মন্ত্রী শ্রীকানাই ভৌমিক যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থান করেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি দু' একটি কথা এখানে বলতে চাই। পশ্চিমবাংলায় আজকে প্রচণ্ড খরা চলছে, সেই খরার মধ্যে গ্রামবাংলার চাষীদের সবচেয়ে বড় দাবী হচ্ছে সেচ ব্যবস্থার প্রসার করা হোক। আমি গ্রামের যেখানেই গেছি দেখেছি যে, কৃষকদের কয়েকজন অন্যান্য দাবীর কথা তুলেছেন, কিন্তু বেশীর ভাগ কৃষক গ্রামের সেচব্যবস্থার উন্নতির জন্য আবেদন করেছে।

[5.30—5.40 P. M.

আমাদের ফসল যাতে হয় সে ব্যবস্থা করুন। এখানে জমি কম, এখানে ২·৭% জমির উপর থেকে আমাদের রাজ্যের জনসংখ্যার ভরণপোষণ করতে হয়। সুতরাং ২/৩টি ফসল না করতে পারলে হবে না। সে জন্য সেচ ব্যবস্থার প্রসার করা অত্যন্ত প্রয়োজন; এখানকার যারা ক্ষেতমজুর তাদের বছরের বেশীর ভাগ সময়ে কাজ থাকে না। কিন্তু যদি সেচ ব্যবস্থার প্রসার করা যায় তাহলে ক্ষেতমজুরদের কাজ হবে। সুতরাং এদের দিকে লক্ষ্য রেখে সেচ ব্যবস্থা করা উচিত। আমাদের সেচ ব্যবস্থার সঙ্গে কংগ্রেসী আমলের সেচ ব্যবস্থার মৌলিক পার্থক্য আছে। তাদের সেচ ব্যবস্থার লক্ষ্য ছিল জমিদার, জোতদারদের স্বার্থ রক্ষা করা। যেখানে গ্রামের জমিদাররা বাস করে সেখানে সেচ ব্যবস্থা করা হয়েছে। কমাণ্ড এরিয়ার নাম করে গরিব চাষীদের জমি রাখতো না, যার ফলে তারা সেচ ব্যবস্থা থেকে বঞ্চিত হোত। কিন্তু আমরা গ্রামে গ্রামে জমিদারদের বলে দিয়েছি একটা গ্রামে যদি গরিব কৃষকের ১/২ বিঘা জমি থাকে তাহলে সে সেচ ব্যবস্থা পাবে। গ্রামের মানুষ বুঝেছে বামফ্রণ্ট

সরকারের সেচনীতি জনকল্যাণমুখী। সুনীতি চট্টরাজ মহাশয় কিছু পড়েন নি। ১৯৭৫-৭৬ সালে তাঁদের সময়ে মাইনর ইরিগেশানের জন্য বরাদ্দ ছিল ৬ কোটি ৫৮ লক্ষ টাকা, আর ১৯৮৩-৮৪ সালে সেটা হয়েছে ৪৯ কোটি টাকা। ওদের সময়ে মাইনর ইরিগেশান আলাদা ছিল না। আমরা এর উপর সমধিক গুরুত্ব দিয়েছি বলে এটা আলাদা করা হয়েছে এবং একজন মন্ত্রীর হাতে দেয়া হয়েছে। পঞ্চায়েত বিভাগ থেকে শ্যালো টিউবওয়েলের জন্য ১ কোটি ৯৯ লক্ষ টাকা খরচ হয়েছে। বাঁকুড়া, পুরুলিয়াতে খরার জন্য ১৫০০টি টিউবওয়েল বসান হয়েছে। পাম্প কেনার জন্য ১০ লক্ষ টাকার মত ব্যয় করা হয়েছে। সুনীতিবাবু বললেন নূতন কিছু হয় নি, তা নয়। তিনি যদি খোঁজ রাখতেন তাহলে দেখতেন এ বছরে আর এল আই হবে ৩০০টি। এই কাজ তাঁরা কোনদিন করেছেন? এ ছাড়া খরার মোকাবিলা করার জন্য ৮০০ উচ্চ শক্তিসম্পন্ন পাম্প সেট ও ৩০০টি আর এল আই করা হয়েছে এবং পুকুর, খাল খনন করার জন্য টাকা দেয়া হয়েছে। ৮৩ লক্ষ শ্রম-দিবস এর ফলে হবে। এর মধ্যে সুন্দরবন ডেভেলপমেন্টের ব্যাপার পড়ে। ১৯৭৩ সালে সুন্দরবন ডেভেলপমেন্ট গঠন হলেও নামমাত্র এর জন্য খরচ করা হোত। প্রভাসবাবুকে ধন্যবাদ যে, তিনি এর জন্য অনেক বেশি টাকা বরাদ্দ করেছেন, যার ফলে সেখানে একটা গণ-জাগরণের সৃষ্টি হয়েছে। সেখানে যারা অনুন্নত বাস করে তাদের জন্য ১/২ ফসলা করার ব্যবস্থা করা হয়েছে। তিনি বললেন ব্যক্তিগত ভাবে যারা শ্যালো নিতে চায় তাদের জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কিনা—হ্যাঁ, হয়েছে। তাদের জন্য ২৫ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হবে, ৩০ ভাগ জমির মালিককে ভরতুকি দেওয়া হবে। ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেসীরা রাজত্ব করেছে, তখন সেচ সেবিত জমির পরিমাণ ছিল ২০ ভাগ, এই ৬ বছরে সেটা ৩০ ভাগ হয়েছে। এতে আমরা সন্তুষ্ট নই, এটা আমরা শতকরা ৫০ ভাগ করতে চাই, পশ্চিমবঙ্গের অর্ধেক জমিতে আমরা সেচ দেওয়ার ব্যবস্থা করতে চাই। এক্ষেত্রে আমাদের অসুবিধা হচ্ছে এই সেচ প্রকল্প তো হাওয়ায় হবে না, এর জন্য টাকা চাই। আমরা এবারে এর জন্য বাজেট বরাদ্দ চেয়েছিলাম কেন্দ্রের কাছ থেকে ৬৪৮ কোটি টাকা, বলেছিলাম এর কমে আর হয় না। কিন্তু অনেক কষ্ট করে তাঁরা ৫৪০ কোটি টাকার বেশী উঠতে পারলেন না। এটা কি দয়ার দান? তাঁরা মনে করেন যা ইচ্ছা তাই দেব। পশ্চিমবঙ্গ থেকে যে পরিমাণ অর্থ নিয়ে যাওয়া হয় সেই পরিমাণে আমাদের দাবী মত অর্থ দেওয়া হয় না। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই, কেন্দ্রে অতিরিক্ত রাজনৈতিক ক্ষমতা এবং অর্থনৈতিক ক্ষমতা কেন্দ্রীভূত হওয়ার ফলে স্বৈরতন্ত্রের জন্ম নেয়, সেই স্বৈরতন্ত্র বিচ্ছিন্নতাবাদকে উস্কানি দেয় এবং

সেই বিচ্ছিন্নতাবাদের ফল চারিদিকে আমরা দেখতে পাচ্ছি। এটা তাঁরা বিবেচনা করে দেখবেন বলে আমরা আশা করি। স্যার, আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে আমি গ্রামবাংলা থেকে এসেছি, ষ্টেট ওয়াটার বোর্ডের মন্ত্রীর কাছে আমার আবেদন যে, ষ্টেট ওয়াটার বোর্ডের রিপোর্ট আছে স্বরূপনগরের বিভিন্ন ব্লকে মাটির নিচে যে ওয়াটার ষ্টোরেজ আছে সেটা অত্যন্ত কম, সেজন্য সেখানে ডিপ টিউবওয়েল হবে না। ১৯৭৬ সালের পর সেখানে আর ডিপ টিউবওয়েল হয় নি। কিন্তু ব্যক্তিগতভাবে আমি নিজে জানি তার পরে কয়েক হাজার প্রাইভেট শ্যালো টিউবওয়েল সেখানে হয়েছে, সেখানে যে জলের অভাব হয় নি সেটা আমি নিজে মন্ত্রী মহাশয়কে নিয়ে গিয়ে দেখিয়ে দেব। সীমান্তের ধারে আমার বাড়ী, আমাদের জমির আশেপাশে বাংলাদেশ সরকারের ডিপ টিউবওয়েল বসান হয়েছে, সেখানে জলের অভাব হয় নি। সেজন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন এটা তিনি যেন দেখেন। ওয়াটার বোর্ডের যে রিপোর্ট সেটা এর আগে আমরা ডি এম'র কাছে রিভিউ করার জন্য বলেছি, সেই রিপোর্ট তাঁর কাছে আছে, এটা আবার রিভিউ করা যায় কিনা সেটা দেখবেন, তা না হলে সমূহ ক্ষতি। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে ১৯৭২-৭৩ সাল থেকে ১৯৭৫ সালে কংগ্রেসীবন্ধুরা সবুজ বিপ্লব করেছিলেন এবং সেই সময়ে ব্যক্তিগত জমির মালিককে ব্যাঙ্কের মাধ্যমে শ্যালো টিউবওয়েল এবং পাম্প সেট দেওয়ার ব্যবস্থা ছিল। দেখা যাচ্ছে ৯ বিঘা জমি ব্যাঙ্কে রাখলে ব্যাঙ্ক থেকে যে টাকা পাওয়া গেছে তাতে একটা শ্যালো টিউবওয়েল—যার নগদ দাম ২৷৷ হাজার টাকা, সেটা ৫ হাজার টাকায় তাকে দেওয়া হয়েছে। তাতে জল ওঠে না, কিছু হয় না। দেখা গেছে তার ফলে একফসলী জমিকে ২/৩ ফসলী করবার জন্য চাষী যে সার এবং বিষ তেল জমিতে ব্যবহার করেছে সেই বিষ তেলের ফলে জমিতে পোকা মরেছে ঠিকই, কিন্তু তার জমি এবং শ্যালো টিউবওয়েল সব বিক্রি হয়ে গেছে। তার ঘাড়ে এখন ১৫ থেকে ১০ হাজার টাকা দেনা চেপে আছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব এটা তিনি যেন নতুন করে বিবেচনা করে দেখেন। উত্তর ২৪ পরগনা, নদীয়া জেলার অনেক সঙ্গতিসম্পন্ন চাষী ব্যাঙ্কে জমি রেখে ঋণ নিয়েছে, কিন্তু তাদের জমি বিক্রি হয়ে গেছে, শ্যালো টিউবওয়েলও বিক্রি হয়ে গেছে। সেই ১৫/২০ হাজার টাকা আদায় করার জন্য ব্যাঙ্ক থেকে প্রতিদিন চিঠি যাচ্ছে। কিন্তু সেই টাকা দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়। আমার অনুরোধ হচ্ছে তাদের সুদ মকুব করে কিস্তিবন্দী করা যায় কিনা সেটা দেখুন। তাদের ধরে নিয়ে জেলখানায় ভরলে কোন লাভ

হবে না। কাজেই এটা বিবেচনা করুন। মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.40—5.50 P.M.]

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন তাতে দেখলাম তাঁর নিজের মানসিক হতাশা অনেকখানি ফুটে উঠেছে এবং সেই হতাশাটা নিজের মনের মধ্যে গোপন না রেখে তাঁর বাজেট বক্তৃতার বিভিন্ন লাইনের মধ্যে পরিস্ফুট করে দিয়েছেন বলে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কয়েক মাস ধরে লক্ষ্য করছি কলকাতার দেওয়ালে দেওয়ালে, জেলার দেওয়ালে দেওয়ালে, ব্লকের দেওয়ালে দেওয়ালে লেখা রয়েছে, "স্বাধীনতার পর বিগত ৩৫ বছর খরা এবং বন্যাকে মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকার সচেষ্ট নয় কেন—জবাব চাই, জবাব চাই"—সি পি আই (এম)। এই লেখাটা দেখে আমার হাসি পায়। এঁরা সীমিত ক্ষমতার কথা বলেন, সামর্থ্য কম বলেন, আমাদের টাকা-পয়সা নেই একথাও বলেন। কিন্তু এরই পাশাপাশি দেখছি একই মন্ত্রিসভার সদস্য হয়ে মন্ত্রীরা মাঝে মাঝে ক্ষোভ প্রকাশ করছেন এবং যে ক্ষোভের কথা গোপন থাকছে না। স্যার, সংবাদপত্রের যেটুকু স্বাধীনতা আছে তাতে মাঝে মাঝে আমরা যে খবর পাই তাতে দেখছি মন্ত্রী মহাশয় নিজেই বলছেন, এ তো আর চলে না, আমাকে একপেশে করে রেখে আমার দপ্তরের এত টাকা ছাঁটাই করলে কি করে চলবে? ১৯৮২ সালের নির্বাচনের পর আমার মনে হয় জ্যোতিবাবু বা বামফ্রন্ট সরকারের বড় শরিক সি পি আই (এম) ভাবতেই পারেনি যে, সেপ্টেম্বর মাসের পর বর্ষা চলে যাবে এবং খরা আসবে। নাহলে এই দপ্তরটি তাঁদের নিজেদের হাতে রেখে দিতেন। স্যার, এই ক্ষুদ্র সেচ দপ্তর এমনই একটি দপ্তর যার ভূমিকা শুধু খরার ব্যাপারেই নয়, কৃষি উন্নয়নের ক্ষেত্রেও তার ভূমিকা আছে। এরা যে কৃষি বিপ্লবের কথা বলেন, কৃষকসভায় লক্ষ লক্ষ সভ্য জমায়েত করে তাদের সামনে বক্তৃতা করে বাহবা কুড়ান, সেই কৃষকদের ক্ষেত্রে এই দপ্তরের কিন্তু বিরাট ভূমিকা আছে। এক্ষেত্রে যা দেখলাম, যে ঘটনা ঘটল তাতে দেখছি এই খরার ব্যাপারে একটা নূতন অঙ্ক যোগ হল। সি পি আই (এম) দেখল কানাইবাবুর হাতে যদি প্রচুর পরিমাণে টাকা যায়, ভাল ভাল প্রকল্প রূপায়িত হয় তাহলে সি পি আই'র সুনাম হবে। আমরা দেখছি কানাইবাবুর হাত-পা বাঁধা, তিনি হয়ত প্রগ্রেসিভ আইডিয়া নিয়ে কিছু ভাল ভাল স্কীম করলেন, ওই

বেড়াজাল থেকে বেরিয়ে আসার চেষ্টা করলেন, কিন্তু কিছুই করতে পারছেন না, কারণ পঞ্চায়েতে তাঁর দলের সদস্য সংখ্যা খুবই কম। আজ তিনি ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। আমি মনে করি কানাইবাবুর একটা সামগ্রিক দায়িত্ব রয়েছে। আমাদের মেদিনীপুর জেলার সবং সম্বন্ধে আমি একটা প্রশ্ন করে জানতে চেয়েছিলাম, চলতি খরা মরশুমে আদিবাসী এবং তপসিল সম্প্রদায়ের জন্য শ্যালো টিউবওয়েল বসানোর কোন নির্দেশ গিয়েছে কি? ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে সরকারের তরফ থেকে একটা নির্দেশ পাঠিয়ে বলেছিল সাবসিডাইষ্ট রেটে (ইনক্লুডিং মেসিন) শ্যালো টিউবওয়েল বসানোর খরচ সরকার বহন করবেন।

ঐ ব্যাপারে সরকার থেকে উত্তর দেওয়া হয়েছে। টাকা নেই বলে চেঁচাচ্ছেন। মন্ত্রী মহাশয় যে কত দুর্বল তাঁর লিখিত উত্তরে তা প্রকাশ পেয়ে গিয়েছে। তিনি প্রশ্নের উত্তরে বলেছিলেন খরাত্রাণের জন্য কৃষিসেচ প্রকল্পের প্রস্তাব পাঠানোর জন্য সংশ্লিষ্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে অনুরোধ জানানো হয়েছে। (খ) ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে মেদিনীপুর জেলার তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল প্রাধিকারিক ঐ অনুরোধ জানিয়েছেন। কিন্তু ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কাছ থেকে কোন প্রস্তাব না পাওয়ায় অদ্যাবধি এই এলাকায় শ্যালো টিউবওয়েল বা অন্য কোন কৃষি ও সেচ প্রকল্প অনুমোদন করা যায় নি। ওঁর মানসিকতার পরিচয় ওনার জবাবেই লেখা আছে। কানাইবাবু বলেছেন এখনও পর্যন্ত প্রাপ্ত ভূগর্ভ জলের তথ্য অনুসারে এই রাজ্যে ৫ লক্ষ অগভীর নলকূপ স্থাপিত হতে পারে, কিন্তু বাস্তবিকপক্ষে স্থাপিত হয়েছে মাত্র ১.৮ লক্ষ। তিনি কি বলতে পারবেন যে, ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত বামফ্রন্ট সরকারের রাজত্বে সরকারী সহায্যপ্রাপ্ত কতগুলি শ্যালো টিউবওয়েল স্থাপিত হয়েছে, আর কংগ্রেস আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ কত শ্যালো টিউবওয়েল বসানো হয়েছে? অজুহাত আর কি দেখাবেন। আমাদের পাগলা অর্থমন্ত্রী To raise substantially the irrigation potentialities in the rural areas.

তিনি করতে দেন নি। তাঁর পাগলামির জন্য এটা হয়েছে—তাঁর একগুঁয়েমির জন্য এই জিনিস ঘটেছে। ইন্দিরা গান্ধী কি খরা এনে দিয়েছে? সূর্যের তাপ বেড়েছে? এই কি হবে আপনাদের অজুহাত? আসলে আপনাদের চিন্তাধারা নেই—ইরিগেশন পোটেনসিয়াল সম্পর্কে আপনাদের মনোযোগ ছিল না। কানাই-বাবু স্বীকার করেছেন যে, এবং বলছেন যে আজকে ব্যক্তিগত মালিকানাধীন কিছু কিছু প্রকল্প করবেন। তিনি এন. এ. বি. এ. আর. ডি এবং ব্যাঙ্কের মাধ্যমে টাকার

জন্য প্রচেষ্টা করছেন। তিনি বলছেন ষষ্ঠ পরিকল্পনায় ১ লক্ষ ২০ হাজার অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট আছে। এর অনুমিত ব্যয় ১২০ কোটি টাকা। এর মধ্যে ১০৮ কোটি টাকা আসবে বাণিজ্যিক সমবায় ব্যাঙ্কগুলির মাধ্যমে এন. এ. বি. এ. আর. ডি. থেকে। প্রথম তিন বছরে মাত্র ২০ কোটি টাকা তোলা হয়েছে। আপনাদের প্ল্যানের অভাব—আপনাদের ইমপ্লিমেন্টেশন-এর পরিপূর্ণ অভাব। আপনি কানাইবাবু কি করবেন? আপনি পলিসি কি করে করবেন? আপনি কিছু কাজ না থাকায় রাইটার্স বিল্ডিংসের সিটে বসতে না পেরে পায়চারী করেন। আপনাকে কিছু করতে দেওয়া হচ্ছে না। খরা মোকাবিলা করার যতই মানসিকতা আপনার থাকুক না কেন, আপনি করতে পারবেন না। এক জায়গায় বলেছেন কেন্দ্রীয় সরকারকে ভরতুকির জন্য লেখা হয়েছে, বিশেষ করে ক্ষুদ্র প্রান্তিক চাষীদের ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা সংবাদপত্রে জানলাম কানাই-বাবু কেন্দ্রীয় সরকারের সংগে দরবার করেছেন এবং তাঁরা বলেছেন যে, নিশ্চয় তাঁরা সাহায্য করবেন। তিনি এই হাউসে বলবেন যে, কি সাহায্যের আশ্বাস তিনি পেয়েছেন। নিশ্চয় তিনি নির্দিষ্ট প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন এবং আমরা জানি কেন্দ্রীয় সরকার নিশ্চয় সাহায্য করবেন। কিন্তু এই বামফ্রন্ট সরকারের বড় শরিক সি. পি. এম. তা চায় না। তাদের নীতি হচ্ছে দারিদ্র্যতা থাকুক, সমস্যা আরও বাড়ুক—এর মধ্যে মানুষকে রেখে আমরা কিছু টাকা দিয়ে শহিদ মিনারে মিছিল নিয়ে যেতে পারবো। জল দিয়ে চাষীদের সাহায্য করে ফসল ফললে চাষীরা নিশ্চিন্তে ঘুমাবে এটা ওরা চায় না।

[5.50—6.00 P. M.]

তারা অস্থিরতা চায়। কোনরকম উন্নয়নমূলক কাজ তারা চায় না। তারা টেমপোরারী রিলিফ দিয়ে মানুষকে উত্তেজিত করতে চায়, তারা পার্মানেন্ট সলিউশনের কথা বলে না। তাই যতই তিনি প্রগ্রেসিভ হোন না কেন, যতই তিনি কৌশল অবলম্বন করে এদের মধ্যে টিকে থাকার চেষ্টা করুন না কেন, এটা তো হবে না, আমরা জানি। তারপর তিনি কি বলেছেন স্যার? দুঃখের ব্যাপার আজকে মন্ত্রী মহাশয় নিজে হাউসে দাঁড়িয়ে স্বীকার করেছেন প্রশ্নোত্তর পর্বে, আজ পর্যন্ত নূতন করে একটিও গভীর নলকূপ হয় নি, যা হয়েছে কংগ্রেস আমলে হয়েছে। তিনি এটা বলেছেন, এটা অস্বীকার করতে পারেন? আগে যা হয়েছিল তার মধ্যে এক-তৃতীয়াংশ এখনো পর্যন্ত অকেজো হয়ে পড়ে রয়েছে, কারণ হিসেবে তিনি বিদ্যুতের

অভাবের কথা বলছেন। তিনি দুঃখ করে বলেছেন এখানে যতগুলো শ্যালো টিউবওয়েল এবং গভীর নলকূপ আছে তারজন্য বিদ্যুৎ দরকার দশ শতাংশ। বর্তমানে বামফ্রন্টের বৃহৎ শরিক দলের বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী প্রবীরবাবু কানাইবাবুর কোটায় মাত্র ৪ পারসেণ্ট বিদ্যুৎ দিচ্ছেন। কি করে চলবে গভীর এবং অগভীর নলকূপ? চলবে না। অজুহাত দেখিয়েছেন তার চুরি গেছে, ইনষ্ট্রুমেণ্ট চুরি যাচ্ছে, সমস্ত ভেঙ্গে দিচ্ছে। দেবেই তো, জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী, তাঁর ঘাড়ে একটা স্বাষ্ট্রমন্ত্রী, তিনি আবার অর্থমন্ত্রী, একটা লোক তো? তিনি তো একটা রোবট নন। তিনি তো আমাদের তৈরী একটা যান্ত্রিক মানুষ নন। রক্ত-মাংসের শরীর। তিনি এতগুলো দপ্তর চালাবেন কি করে? তার ফল এই দাঁড়িয়েছে, তার চুরি যাচ্ছে, জেনারেটার চুরি যাচ্ছে, এই সমস্ত ডিটেকশন হচ্ছে না। পুলিশ প্রশাসন ঠিকমত সচেষ্ট নয়। কানাইবাবুর দপ্তরের সংগে কোনরকম কো-অর্ডিনেশন থাকছে না। মিঃ সেনয় চিঠি লিখে যাচ্ছেন যে, এটা করা দরকার, ওটা করা দরকার, আর হোম সেক্রেটারী হয়ত ওটাকে দাগ মেরে ফেলে রাখছেন, এই তো অবস্থা চলছে। আজকে ওঁরা বলছেন খরার সময় অনেক কিছু করা হয়েছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন—উনি জানেন না হয়তো, উনি ঘোরেন কিনা জানি না, আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলছি কানাইবাবু আজকে আপনি যে-সমস্ত পরিসংখ্যান দিয়েছেন পুষ্করিণী খননের, আমি চ্যালেঞ্জ করে বলছি আপনি বলুন এখানে যে পঞ্চায়েতের মাধ্যমে এই যে-সমস্ত ক্ষুদ্র সেচ এবং পুষ্করিণী খনন করার কথা বললেন, পত্রিকার মাধ্যমে খুব স্বপ্ন দেখানোর কথা বলছেন, কটা সত্যিকারের পুষ্করিণী খনন করা হয়েছে? ইউটিলাইজেশন সার্টিফিকেটের কথা ছেড়ে দিন, ডি. এম.-কে হয়তো বলা হচ্ছে এতদিনের মধ্যে পাঠিয়ে দাও, না হলে টাকা ফিরে যাবে, ডি. এম. তাই করছে, সত্যিকারের কটা পুষ্করিণী হয়েছে, কটা ডাগ ওয়েল সারান হয়েছে—আপনাকে আজকে পরিষ্কারভাবে এই বিধানসভার কক্ষে দাঁড়িয়ে বলতে হবে। কিছুই হয় নি, সবই কাগজে-কলমে হয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে এক ঝোড়া মাটি কেটে দিয়ে দেখান হয়েছে পুকুর হয়ে গেল। যে-সব মজা পুষ্করিণী, যে-সব ভেষ্টেড পুকুর আছে সেইগুলোকে ধরে নিয়ে আপনারা ক্ষুদ্র সেচের মধ্যে রাখবার ব্যবস্থা করেছেন। একমাত্র আপনার নিজের ব্লকে—নাম করে বলছি আপনার দাঁতনের ব্লকে খরসম্পা পুকুর ছাড়া কটা পুকুর আপনি সংস্কার করেছেন সেটা পরিষ্কারভাবে আজকে এখানে বলতে হবে। আমি জানি এটা হয় নি। আজকে এটা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আপনি জানেন, আপনাকে আমার বলার কিছু নেই, আমি আপনার শুভবুদ্ধির কাছে আবেদন

করব আপনি যেভাবে বেঁচে থাকার চেষ্টা করছেন করুন, আমরা মদত দেব আপনাকে। কিন্তু সত্যি কথাটা আপনি কিছু কিছু হলেও যেভাবে বলার চেষ্টা করেছেন সেটাকে আরও ব্যাপক ভাবে বলার চেষ্টা করুন যে, এই বামফ্রন্ট সরকার আপনাকে ঠুঁটো জগন্নাথ করে রাখতে চাইছে। সি পি আই-এর যাতে নাম না হয়, পঞ্চায়েত-রাজে যাতে নাম না হতে পারে আপনাদের, আপনার পার্টির সম্প্রসারণ যাতে না হতে পারে তাই সঙ্কুচিত করার চেষ্টা হচ্ছে এবং এই বামফ্রন্ট সরকার আপনাকে দিয়ে সমস্ত কাজ উল্টোপাল্টা ভাবে করিয়ে ইউটিলাইজেশন সার্টিফিকেট প্রোডিউস করিয়ে কেন্দ্রের কাছে দেখানোর চেষ্টা হচ্ছে যে, খরচ আমরা সুষ্ঠুভাবে করছি। কিন্তু তা হচ্ছে না। তাই আজকে আমি আপনার অসহায়তার কথা চিন্তা করে এবং আপনি কিছু কিছু যে সত্যি কথা বলেছেন, যেগুলো আমাদেরও মনের কথা তা আজকে ভেবে আমি এই বাজেটকে কখনই সমর্থন করতে পারছি না, আমি আপনাকে বলব এর থেকে আপনি বেরিয়ে আসার চেষ্টা করুন এবং বিদ্রোহ ঘোষণা করার চেষ্টা করুন।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী ইন্দিরা কংগ্রেস দলের নীতি হচ্ছে সুড়সুড়ি দেওয়া নীতি। অর্থাৎ বামফ্রন্টের এক শরিকের বিরুদ্ধে আর এক শরিককে লাগিয়ে দিয়ে সুড়সুড়ির কথা বলে ওঁদের কিছু লাভ হবে না। ওঁরা যে কিরকম মূর্খের স্বর্গে বাস করছেন, সেটা আমরা ভেবেও পাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা নিজেদের চেহারা নিজেদের আয়নায় দেখে, অন্যকেও ঠিক সেই একই ভাবে দেখে। সুতরাং নিজেরা যেমন ঠোকাঠুকি, মারামারি করে অন্যকেও ঠিক সেই রকম ভাবে। ৮টি পার্টি কিভাবে ৬ বছর ধরে একসাথে লড়াই করছে, রাজত্ব করছে, এটা ওদের কাছে খুব আশ্চর্য লাগছে। শুধু ওদের কাছে নয়, ওদের নেত্রী ইন্দিরা গান্ধীর কাছেও এটা মাথাব্যথা হয়ে দাঁড়িয়েছে। পৃথিবীতে এটা একটা এক্সপেরিমেন্ট হচ্ছে এবং বামফ্রন্টের এই ঐক্য পৃথিবীর মানুষের কাছে একটা বিরাট উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন্দিরা কংগ্রেসের সুনীতিবাবু যে কথা বললেন তার ভিতর একটা সুর আছে, মাঝে মাঝে তিনি সেই সুরে ভেসে ওঠেন। সেই সুর হল বড়লোকের জন্য কাঁদুনি। তিনি বললেন আপনারা তো সব করবেন, কিন্তু ইনডিভিজুয়াল চাষীদের জন্য কি করবেন? অর্থাৎ জোতদার, জমিদারদের কতটা সাহায্য দিতে পারবেন, কতটা অনুদান, ঋণ ইত্যাদি দেবেন সেটা বলুন। এইভাবে তিনি ব্যক্তিগত ব্যাপারটিকে বড় করে বলতে চেয়েছেন। সেটাই হচ্ছে ওঁদের বড়

কথা। সেই জন্য ওঁরা সমর্থন করতে গিয়েও সমর্থন করতে পারেন নি। ইন্দিরা কংগ্রেসের সদস্য কাশীনাথবাবু এখানে আছেন। ওঁদের সময়ে ১৯৭০-৭১ সালে বাঁকুড়া, পুরুলিয়ায় দারুণ খরা হয়েছিল। এটা শুধু আজ নয়, বাঁকুড়া, পুরুলিয়ায় জন্মের পর থেকে দিনের পর দিন খরা হচ্ছে। ৩০ বছর ধরে কংগ্রেস রাজত্ব করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭০ সালে আমরা একটা দল নিয়ে দিল্লীতে ইন্দিয়া গান্ধীর সাথে দেখা করতে গিয়েছিলাম। হেলিকপ্টারে চড়ে তিনি বাঁকুড়ার খরা দেখতে গিয়েছিলেন। তিনি গঙ্গাজল ঘাঁটির কাছে নেমেছিলেন। সেই খরাতে ডি. পি., সি. এ. ডি. পি. না করে চিরাচরিত একই অবস্থা করে রেখে দেওয়া হল। অর্থাৎ টি. আর., জি. আর. রিলিফের মধ্যে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের লোকদের রেখে দিয়ে ৩০/৩৫ বছর ধরে ভোটের রাজনীতি করেছেন। গরীব মানুষ খরায় ভুগেছে, ডোল দিয়েছেন, রিলিফ দিয়েছেন, কোন কাজ করেন নি। আর কিছু কিছু লোকের পকেটে পয়সা গেছে। আর আজকে ওঁরা সমালোচনা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫০ হাজার টাকার রিলিফ ৫০০ টাকা খরচ করে সাড়ে উনপঞ্চাশ হাজার টাকা ওঁরা পকেটে ভরে নিয়েছেন। পুরুলিয়া, বাঁকুড়ায় লক্ষ লক্ষ কোটি কোটি টাকা দিনের পর দিন খরচ করা হয়েছে। সেখানকার গরীব সাধারণ মানুষকে শোষণ করেছেন, খরার নাম করে রাজনীতি করেছেন। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের খরাপীড়িত অঞ্চলের লোকদের বিগত ৩০ বছর ধরে তমসাচ্ছন্ন করে রেখেছিলেন, বামফ্রন্ট সরকার তাদের আলো দেখাবার জন্য চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই খরার মোকাবিলা করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে, এই বইটিতে পরিষ্কার করে বলা হয়েছে। ওঁরা বইটি ভাল করে পড়েন নি। মানস ভুঁইয়া 'অশ্বত্থামা হত ইতি গজ' বললেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় দেখিয়েছেন ১৮৩ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করা সম্ভব হবে। বামফ্রন্ট সরকার যে-সব প্রকল্প তৈরী করেছেন আগামী দিনে সেইগুলি রূপায়িত হবে। আজকে কাজের বদলে খাদ্য প্রকল্প এবং পঞ্চায়েতের মাধ্যমে এক বিরাট কর্মযজ্ঞ তৈরী হয়েছে।

[6.00--6.10 P. M.]

আজকে গ্রামের লোকরা কাজ করছেন, কন্ট্রাকটর বা ঠিকাদারের মাধ্যমে কাজ হচ্ছে না এবং সেখানে বড়লোক বা ঐ জমিদার, জোতদারদের পকেটে পয়সা ঢুকছে না, সেই জন্য এঁদের গায়ে জ্বালা ধরছে এবং তার জন্যই এঁরা পঞ্চায়েতের বিরুদ্ধে

জেহাদ ঘোষণা করছেন। আর এর সঙ্গে জড়িত রয়েছেন এক ধরনের আমলা। স্যার, সেই আমলা এবং জমিদার ও জোতদাররা মিলে পঞ্চায়েতে চুরি করছে এবং এক ধরনের বুর্জোয়া কাগজ রব তুলছে যে, পঞ্চায়েতে চুরি হচ্ছে। স্যার, আজকে পঞ্চায়েতের মাধ্যমে এই পশ্চিমবাংলায় যা কাজ হয়েছে সেটা গ্রামবাংলায় ঘুরে দেখলেই বোঝা যাবে এবং এই ধরনের কাজ আর কোন রাজ্যে হয় নি। স্যার, মাইনর ইরিগেশান সম্বন্ধে বলতে গিয়ে ওঁরা বললেন, এই মাইনর ইরিগেশানের ব্যাপারে কি কাজ হয়েছে বা ওঁরা কি কাজ করেছেন সেটা বলবেন, কিন্তু তা ওঁরা বলেন নি। সেখানে সুনীতিবাবু কতগুলি শ্যালো টিউবওয়েল হয়েছে এবং কতগুলি ডিপ টিউবওয়েল হয়েছে বলেন নি। আমরা কিন্তু জানি সেক্ষেত্রে ওঁরা খুব কম কাজই করেছেন। ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত দীর্ঘ ৩১ বছরে ওঁদের রাজত্বে ওঁরা ১৩৩৮টি আর. এল. আই. স্কীম করেছেন, আর বামফ্রন্ট সরকারের আমলে ৬ বছরে সেখানে আমরা অতিরিক্ত ৪৬৬টি করেছি। মোট ২৮০০ বেশী হয়েছে। ওঁদের সময় ওঁরা বছরে ৫০/৬০টি মাত্র করেছেন, আর আমাদের সময় মাত্র ৪ বছরে আমরা ঐ কাজ করেছি। তারপর স্যার, ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ডিপ টিউবওয়েল হয়েছে ২৫০৬টি, আর আমরা সরকারে আসার পর সেই অঙ্কটা গিয়ে দাঁড়ালো ২৯৪৮-এ। শ্যালো টিউবওয়েল ওঁরা করেছেন ১ লক্ষ ৬ হাজার, আর এই সরকার এই কয়েক বছরে করেছেন ৮১ হাজার। আরো বলি, ওঁদের সময় ১১.২ লক্ষ হেক্টরকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত মাইনর ইরিগেশান স্কীম করে তার বেনিফিট দিতে পেরেছিলেন, আর আমাদের সময় এ্যাডিশনাল ইরিগেশান পোটেনশিয়ালিটি ক্রিয়েট করেছি ১৯৭৬-৭৭ সালের পর ৪ বছরে ৩·৫ লক্ষ হেক্টর। সুতরাং স্যার, কল্পনা করে দেখুন, ওঁরা ৩১ বছরে যেখানে করলেন ১২.২ লক্ষ হেক্টর, আমরা ৪ বছরে সেখানে করলাম ৩·৫ লক্ষ হেক্টর। যদি সমস্তটা বিচার করে দেখেন তাহলে দেখবেন ডেপ্রিসিয়েশান ধরে ২০ লক্ষ হেক্টরে হয়েছে, ৬৪ পারসেণ্ট ইনক্রিজ করেছে, ১৯৮৪-৮৫ সালে বামফ্রন্টের সময় এটা কমপ্লিট হবে। আমরা যে স্কীম করেছি তাতে যেখানে ৩০ পারসেণ্ট ইরিগেটেড এরিয়া আছে সেটা বেড়ে ৫০ পারসেণ্ট হবে। স্যার, দুটি জায়গা থেকে আমরা জল পাই—ভূগর্ভস্থ জল এবং ভূপৃষ্ঠের জল। এই জল থেকে মাইনর ইরিগেশান হয়। ভূগর্ভস্থ জলের মধ্যে মেজর ইউটিলাইজড হয় নি। ২৫ লক্ষ হেক্টরের মধ্যে মাত্র ৫ লক্ষ হেক্টরে হয়েছে, ২০ পারসেণ্ট ইউটিলাইজড হয়েছে, বাকি ৮০ পারসেণ্ট ইউটিলাইজড করতে হবে বাই ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল এ্যাণ্ড ডাগ ওয়েল। আর ভূপৃষ্ঠের জল তার নিয়ার এ্যাবাউট ৭০ পারসেণ্ট ইউটিলাইজড হয়েছে। স্যার, ১৩ লক্ষ হেক্টর সম্ভাব্য

এরিয়া, তার ৯ লক্ষ হেক্টরে ইউটিলাইজড হয়েছে, ৪ লক্ষ হেক্টরে বাকি আছে। এখানে নিয়ার এ্যাবাউট ৭৫ পারসেন্টে ইউটিলাইজড হয়েছে। স্যার, এই কাজ বামফ্রন্ট সরকার করেছে। সুন্দরবন এলাকায় বিরাট যে উন্নয়নমূলক কাজ হচ্ছে তারও তথ্য দেওয়া হয়েছে। এই যে বিরাট কর্মযজ্ঞ বামফ্রন্ট সরকার আরম্ভ করেছেন, আমি বলবো এর জন্য এই সরকারকে ওঁদেরও সমর্থন করা উচিত। স্যার, গতদিনে ওঁরা যা ভুল করেছেন, আগামী দিনে সেটা ওঁরা সংশোধন করবেন—এই আশা করে এবং এই ব্যয়বরাদ্দের দাবীকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন, সেখানে সবচেয়ে বড় জিনিস হচ্ছে যে, এই ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ভাবে কৃষির উন্নতি হতে পারে। ১৯৮২-৮৩ সালের মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাষণে দেখলাম, তিনি বলেছেন যে সেচ-সেবিত সর্বোচ্চ পরিমাণ হচ্ছে ৬১ লক্ষ হেক্টর এবং এটা হচ্ছে ক্ষুদ্র সেচ শ্রেণীর অন্তর্ভূক্ত এবং এর মধ্যে ২৩ লক্ষ হেক্টর সেবিত হয় বৃহৎ, মাঝারী সেচ প্রকল্পের দ্বারা এবং অবশিষ্ট ৩৮ লক্ষ হেক্টর সেবিত হয় ক্ষুদ্র সেচ প্রকল্পের দ্বারা। এটা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন। তিনি আরো বলেছেন যে, ১৩ লক্ষ হেক্টর ছোট ছোট সেচ প্রকল্পের সাহায্যে নদীর জল উত্তোলন, পুষ্করিণী প্রভৃতির সাহায্যে ভূপৃষ্ঠের জল ব্যবহার হয়। উনি ভূপৃষ্ঠের জলের ব্যবহারের একটা তালিকা দিয়েছিলেন এই বিধানসভায়। আমরা দেখছি তাতে ৩৩৫টি ব্লক আছে এবং এর মধ্যে ২৪৯টি ব্লকে প্রাথমিক ভূগর্ভস্থ জলের পরিমাণ নির্ণয় করেছিলেন এবং এটাতে তিনি বলেছিলেন যে, ২৪৯টি ব্লকের মধ্যে ১৮৮টি ব্লকে পুনরায় আরো অনুসন্ধান চালাচ্ছেন এবং তার মাধ্যমে একটা সাদা হিসাবে চিহ্নিত করেছেন এবং সেখানে কতকগুলি ব্লককে দিয়েছেন। এখানে কি কারণে কাজ হয় নি বলেছেন। আবদ্ধ জলাধার, সমুদ্র উপকূল, লবণাক্ত এলাকা হিসাবে যেটা চিহ্নিত করেছে, সেগুলি সাদা বলে চিহ্নিত করেছেন এবং সেগুলির কাজ ত্বরান্বিত করার প্রচেষ্টা করেছেন। আমার কথা হচ্ছে, যেগুলিতে আজকে বাধা আসছে, যেগুলিতে বিভিন্ন ভাবে সমুদ্রের জল বলুন বা আবদ্ধ জলাধার থাকার জন্য অসুবিধার সৃষ্টি হওয়া বলুন, সেগুলির প্রতিকার করতে হবে। আপনি চাইছেন সামগ্রিক উন্নয়ন। সেটা করতে গেলে আপনি যদি বিভিন্ন ভাবে ভূগর্ভস্থ থেকে জল ঠিকমত ব্যবহার করতে না পারেন তাহলে এই পরীক্ষা-নিরীক্ষা ব্যর্থ হবে, এটা কাজে লাগবে না। আজকে কি অবস্থা দেখা যাচ্ছে।

কয়েক লক্ষ একর জমিতে বোরো ধানের চাষ হচ্ছে। একেই তো আউস, আমন ধানের ক্ষতি হয়েছে। বোরো ধানের চাষ যা হয়েছে, সেই ধানে জল দিতে পারেন নি।

[6.10—6.20 P. M.]

আপনারা একটা অর্ডার জারি করেছেন, যেখানে বৃহৎ সেচ ব্যবস্থার মাধ্যমে জল দিতে পারবেন না, সেখানে ক্ষুদ্র সেচ ব্যবস্থার মাধ্যমে জল দেবেন। সেই পরিপ্রেক্ষিতে আমি আপনাদের বলছি, ক্ষুদ্র সেচ ব্যবস্থার মাধ্যমে আজকে বোরো ধানকে বাঁচান। আজকে সেচ-কর কি হারে বেড়েছে, ৪০ টাকাটা হয়েছে ৫৬ টাকা, ২৫ টাকা হয়েছে ৪২ টাকা, ৬০ টাকা বেড়ে হয়েছে ২৪০ টাকা। ট্যাক্সের হার আপনারা চার / পাঁচ গুণ বৃদ্ধি করেছেন। তবুও বোরো ধানের প্রায় ৯ কোটি টাকার ফসলহানি হয়েছে, আপনারা সেখানে জল সরবরাহ করতে পারেন নি। জল সরবরাহ করার অর্ডার দিলেন, কিন্তু তা কার্যকরী হলো না। বৃহৎ সেচ ব্যবস্থার ক্ষেত্রে আপনারা বলছেন যে, বামফ্রন্ট সরকার জল দিতে পারবে না, ডি. ভি. সি. বা কংসাবতী প্রকল্প পরিচালনার ভার কেন্দ্রীয় সরকারের উপর, সুতরাং কেন্দ্রীয় সরকার ওখান থেকে জল দেবেন। তাঁরা বলছেন, ডি. ভি. সি. বা কংসাবতীতে জল নেই, জল দিতে পারবেন না। অনেকে সেখানে গিয়ে বিভিন্নভাবে চেষ্টা করেছেন, কিন্তু ফল হয় নি। বিগত দিনে কি ছিল, সেটা আজকে বড় কথা নয়, আজকে বড় কথা হচ্ছে, আজকে কি হবে, না হবে। আজকে আপনারা কতটুকু ফসল রক্ষা করতে পারছেন বা পারবেন, সেটাই আমাদের দেখতে হবে। আমরা দেখছি আপনারা একজিস্‌টিং আর. এল. আই.-গুলিকে বৈদ্যুতিকরণ করতে পারেন নি। এমন কি রিজার্ভারগুলিকেও বাড়াতে পারেন নি। পারলে কিছু কিছু জায়গায় ২০০/৪০০/৫০০ ফিট পাইপ লাগালেই বড় বড় বাঁধের জল সেখানে তুলে রাখতে পারতেন, যতটুকু বৃষ্টি হয়েছিল সেই বৃষ্টির জলকে ধরে রাখতে পারতেন, তাও পারেন নি। রিজার্ভারের সংখ্যা বাড়িয়ে নদী-নালার বর্ষার জলকে আটকে রাখা যেত। যদি গত বছর যতটুকু বৃষ্টি হয়েছিল ততটুকু জলকে ধরে রাখা যেত, তাহলে আজকে যে দুরবস্থা হচ্ছে, এটা হত না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বিভিন্ন জায়গায় আর একটা জিনিস দেখছি, সেচ দপ্তরের সংগে কৃষি দপ্তরের কোন কো-অর্ডিনেশন নেই। সেচ দপ্তরের সংগে কৃষি দপ্তরের কো-অর্ডিনেশনকে আরো জোরদার করতে হবে। যদি সেই কো-অর্ডিনেশন থাকত তাহলে এক দপ্তরের

নির্দেশ অপর দপ্তরে গিয়ে তা কার্যকরী করার ক্ষেত্রে কোনরকম অসুবিধার সৃষ্টি হত না। সুতরাং এই কো-অর্ডিনেশনের বিষয়টিকে আজকে ভালভাবে দেখতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটি কথা বলব যে, আপনার কাছে বিভিন্ন জেলা থেকে নদী জল উত্তোলন প্রকল্পের বিভিন্ন স্কীম এসেছে এবং যেগুলি ভায়েবল হবে বলে জেলা থেকে রিপোর্ট এসেছে, সেগুলি এখনো পর্যন্ত কার্যকরী হয় নি। এই বিষয়টি আপনাকে একটু দেখতে হবে এবং যাতে কার্যকরী হয় তার জন্য চেষ্টা করতে হবে। আজকে আমরা দেখছি বিভিন্ন জায়গায় ডিপ টিউবওয়েলগুলি অকেজো হয়ে পড়ে আছে। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমার ৬২টি ডিপ টিউবওয়েলের মধ্যে ৩২টি ডিপ টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। আজকে সেগুলি সংস্কার বা মেরামতের ব্যবস্থা করতে হবে। উপজাতি অধ্যুষিত এলাকার জন্য যদি মন্ত্রী মহাশয়ের কোন বিশেষ সেচ পরিকল্পনা থাকে, তাহলে তাকে অবিলম্বে বাস্তব রূপ দান করতে হবে। এখানে একটু আগে মাননীয় সদস্য অনিলবাবু বললেন যে, কংগ্রেস ৩০ বছরে কি করেছে? কংগ্রেস ৩০ বছর ধরে শুধু গ্রামাঞ্চলে জি. আর, টি. আর. দেয় নি, আজকে আপনারা যেটুকু চিন্তা-ভাবনা করছেন তার ব্লু-প্রিণ্ট করে গেছে। তার ফলেই আজকে আপনারা চিন্তা করবার সুযোগ পাচ্ছেন। ইতিপূর্বে সেই ব্লু-প্রিণ্ট অনুযায়ী কংগ্রেস বহু জায়গায় অনেক কাজ করে গেছে। আজকে আপনারা সেই সব কাজেরই চিন্তা করছেন। যাইহোক ৩০ বছরের কথা বলে আজকে কিছু কাজ হবে না, আজকের কথা আজকে বলতে হবে। সুতরাং ঠিকমত যাতে কার্যকরী হয় তার জন্য চেষ্টা করুন। শুধু অপরের ঘাড়ে দোষ দিলে হবে না। কে পকেট ভারী করলো এটা দেখার সময় নয়। আপনারা ৩০ বছর, ৩০ বছর করেন। কংগ্রেসের তো ৩০ বছরে উদর পূর্ণ হয়ে গেছে। আপনাদের তো ফাঁকা উদর, সুতরাং শোষণ করতে শুরু করেছেন। আমি বলছি না যে, আমাদের আমলে ত্রুটি-বিচ্যুতি ছিল না। কিন্তু আপনারা এগুলিকে বাস্তবে রূপদান করার চেষ্টা করুন। ক্ষুদ্র সেচ প্রকল্প ভালভাবে করুন, তা না হলে কৃষির কোন উন্নতি হবে না। তাই আপনার বাজেটের মধ্যে এইসব জিনিস দেখতে পাচ্ছি না বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কানাইবাবু ভাল লোক, কাজেই ভাল কথা বলবেন এটা স্বাভাবিক। আমি তাঁর ভাষণ পড়েছি। তিনি বলেছেন, "আমি বারবার এ কথা বলব যে, পুষ্করিণী, কূপ, গভীর ও অগভীর নলকূপ, নদী জল

উত্তোলনের মতো ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি আমাদের গ্রামাঞ্চলে দ্রুত রূপান্তর ঘটাতে সক্ষম।" এটা ঠিকই কথা। কিন্তু প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় যে দায়িত্বভার গ্রহণ করেছেন সেটা যে গুরুভার দায়িত্ব আমি সেইদিকে একটু তাঁর নজর দেবার জন্য অনুরোধ জানাবো। এখানে ডাঃ মানস ভুঁইয়া কিছু কথাবার্তা বলে চলে গেছেন। ওঁদের মধ্যে আমি একটা জিনিস দেখছি, ওঁরা বলে চলে যান, সরকার পক্ষ থেকে তার জবাব কি দেওয়া হবে সেটা শোনার ধৈর্য থাকে না। এই দপ্তরের কাজকর্ম সম্পর্কে আমার কিছু তিক্ত অভিজ্ঞতা আছে। আমাকে বেশী সময় দেওয়া হয় নি, সুতরাং বেশী কিছু বলা যাবে না, দু'-একটি মোদ্দা কথা আমি তুলে ধরতে চাই। যেমন ধরুন, আমাদের রাজ্যে হাজার হাজার ডিপ টিউবওয়েল আছে, হাজার হাজার আর. এল. আই. আছে। আমি পাবলিক অ্যাকাউন্টস কমিটির মেম্বার হিসাবে সারা রাজ্যে ডিপ টিউবওয়েল এবং আর. এল. আই. কত আছে, কিভাবে চলছে, কমাণ্ড এরিয়া বাকি আছে কিনা, কত ফসল হচ্ছে, সব অঙ্কগুলি কাগজে-কলমে কি না—এগুলি আমি বোঝার চেষ্টা করেছি। এগুলি কিন্তু আমাদের আমলে হয় নি, অতীতের ঘটনা। সেখানে আমি ভয়াবহ চিত্র দেখেছি। হাজার হাজার ডিপ টিউবওয়েল এবং আর. এল. আই.-এর সংখ্যা দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু মূল জিনিসটা চেপে দেওয়া হচ্ছে—হোয়াট ইজ দি ম্যাকসিমাম কমাণ্ড এরিয়া বলুন, কত ফসল হয়েছে বলুন? কিছু নেই, কোন তথ্য নেই। সুতরাং নতুন করে কি হবে? পুরানোগুলির যদি এই দশা হয় তাহলে আমরা যতই নতুন করি না কেন লাভ কি হবে? Zero, Zere, Zero, ad infinitium—infractuous expenditure. এই রেসপনসিবিলিটি বিধানসভা কোন দপ্তরকে দেয় নি। তাই আমি নিজের এলাকার কথা মিলিয়ে দেখলাম—আমরা আসার আগে পর্যন্ত আমার এলাকায় যে আর. এল. আই. ইন্‌সটলেশান ছিল তার ৮০ ভাগই অকেজো। একটা ৫ বছর আগে বসিয়েছিল, তার কাজকর্ম শুরু হয়েছে, কিন্তু কমিশণ্ড হয় নি।

[6.20—6.30 P. M.]

এটা ওঁরা করে রেখে দিয়ে গিয়েছিলেন। সুতরাং আজকে আমি জোর দিয়ে এই কথাটা বলতে চাই যে, আপনাকে দেখতে হবে যেগুলি ইন্‌সটলেড হয়েছে। আমি আপনার বাজেট বক্তৃতায় দেখেছি আপনি যে ৪ কোটি টাকার উপর বায়-বরাদ্দ রেখেছেন, বলেছেন তার বেশীর ভাগ জিনিসটাই এই পুরনো ইন্‌সটলেশনগুলি পাইপ লাইন করার জন্য খরচ করা হবে। খুব ভাল কথা এবং গত বছর যেগুলি

বেরিয়েছে এবং বকেয়া যা আছে সেগুলি মেটাবেন। আমি আপনার কাছে এই ব্যাপারটির উপর জোর দিতে চাই। আপনি দেখুন এই যে হাজার হাজার ডিপ টিউবওয়েল বা আর. এল. আই.গুলি আছে তাদের কমাণ্ড এরিয়াগুলি—ম্যাকসিমাম কমাণ্ড এরিয়া আছে—তার প্রত্যেকটি স্কীমের উপর যে হিসেব করেছেন, তাতে হিসেব আছে যে এত ফসল হবে। আর কমাণ্ড এরিয়াই তো ৫০ পারসেন্ট ফুলফিল করা হয় নি, হিসেবটা হচ্ছে কিসের ভিত্তিতে? আমি নিজে পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে ছিলাম—পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে আনা হয়েছিল, এই দপ্তরের কর্তারা এইসব তথ্য আমাদের দিয়েছিলেন, আপনি দয়া করে দেখবেন। পাবলিক এ্যাকাউন্টস কমিটির অফিসে আছে, আমরা রিপোর্টটা দিতে পারিনি। আপনি খতিয়ে দেখবেন যে সমস্যাটা কোন জায়গায়। আমার এলাকাতেও আমি দেখেছি যে, কমাণ্ড এরিয়ার কোন হিসেব নেই, যে যেখানে পেরেছে নিয়ে বসে আছে। কোন অপারেটর, তার জায়গায় যাবার কোন প্রচেষ্টা নেই। ম্যাকসিমাম এরিয়ায় যাবার কথা শুধু নয়। সুতরাং প্রথমে দেখতে হবে যেগুলি পুরনো বসান হয়েছে সেগুলির কমাণ্ড এরিয়া ঠিক আছে কিনা, কমাণ্ড এরিয়া না থাকলে ম্যাকসিমাম কমাণ্ড এরিয়ার প্রত্যেকটি জায়গায়, প্রত্যেকটি ক্ষেত্রে সেই স্কীম সেই কমাণ্ড এরিয়ায় রিচ করতে হবে।

দ্বিতীয়তঃ একটা সমস্যা দেখা দিচ্ছে। সেটাও ওঁরা করে গিয়েছেন, আমরা কি করব। আমরা মহা সমস্যায় পড়েছি। বাড়ী দিল্লী, অপারেটর ঝিল্লী গ্রামের, তিনি তো দিল্লী থেকে ঝিল্লীতে যাবেন না। কাজেই ইন্‌সটলেশান অচল। এই যে অব্যবস্থাটা চলছে এটার যদি সুরাহা না হয় তাহলে পরে নাইট গার্ড আছে, নাইট গার্ড থাকবে না, চুরি হয়ে যাবে, কোন সমস্যার সমাধান হবে না। লোকাল কমিটিগুলি আছে। লোকাল কমিটির সার্কুলারের মধ্যেই সীমাবদ্ধ ছিল, কিন্তু লোকাল কমিটি ওঁদের আমলে কোথাও কাজ করেন নি। সেই লোকাল কমিটির সার্কুলারগুলি কেন জানি না—একেবারে চেপে রেখে দেওয়া হয়েছে। আমাদের আমলে আমরা অনেক তাগাদা দিয়ে এখন লোকাল কমিটিগুলিকে চাঙ্গা করার চেষ্টা করেছি এবং আপনি যদি দেখেন যে, লোকাল কমিটিগুলি চাঙ্গা করে এই যে একটা সংকট যদি অপারেটারদের ক্ষেত্রে দেখা দেয়, সেগুলির কোন সমাধান করা যায় কি না, তাহলে খানিকটা সুরাহা হতে পারে। তখন বলছিলাম যে, আমার এলাকায় ৮০ পারসেন্ট অচল ছিল, এখন সমস্ত চালু হয়েছে। বামফ্রন্ট সরকারের আমল শুরু হওয়ার পর এখন প্রচেষ্টা করতে করতে এক জায়গায় এসেছে। আজকে এখনও সমস্যা আছে, সেই সমস্যাগুলির প্রতি

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে মূলতঃ ঐ ম্যানেজমেণ্টের সমস্যা এবং ম্যানেজমেণ্টে যে শুধু অপারেটররা কাজ করছে না ঠিকমত তাই নয়, আপনি দেখবেন উপরে যে-সমস্ত সুপার ষ্ট্রাকচার আছে, সেই সুপার ষ্ট্রাকচারদের তরফ থেকে যেভাবে কাজ করা উচিত সেভাবে কাজ করা হচ্ছে কি না। আপনাদের যে এ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার আছে তাদের দিকটাও একবার দেখবেন। আমার সময় শেষ হয়ে আসছে, দু'-একটা কথা বলে শেষ করব। কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটি, এটা বৃহৎ জলসেচ প্রকল্পের সঙ্গে যুক্ত আছে। তার ৫০ পারসেণ্ট টাকা ভারত সরকার দিয়ে থাকেন, তার বিভিন্ন কর্মসূচীগুলি আছে, অবাক কাণ্ড এই বামফ্রন্ট সরকারের আমলে আমরা বহু চেষ্টা করে—একেতো কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটি একটা কাগজপত্রে ছিল। তার কি কাজ, কে তাদের কর্তা কিছুই বোঝার উপায় ছিল না। আমাদের গভর্নমেণ্ট তৈরী হবার পর ঐ যে একটা কমিটি আছে, পরামর্শদাতা কমিটি এবং ঐ পরামর্শদাতা কমিটির তাতে ঐ কমাণ্ড এরিয়ার যাঁরা এম. এল. এ. তাঁরাও বোধহয় সেখানে সদস্য হিসাবে ছিলেন, জানিনা সে-সব আছে কিনা? মোদ্দা কথা হচ্ছে এই কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটি এই সমস্ত রিভার ভ্যালী প্রোজেক্ট এরিয়ায় ঠিকমত যদি কাজ না করে—আপনি মাঠনালার কথা বলেছেন—আমি আপনার ভাষণ পড়ে দেখেছি, আপনি সমস্যাগুলি বুঝেছেন। এতদিনে সমস্যাগুলি হাতে নিয়ে সেগুলির সমাধান করা যায় কি না সে চেষ্টা সরকার করছেন।

আপনি কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটির এই দিকটা যদি ভাল করে দেখেন তাহলে দেখতে পাবেন যে, ইনফ্রাষ্ট্রাকচার তৈরী হয় নি এতদিন পর্যন্ত। সেই ইনফ্রাষ্ট্রাকচার তৈরী করবার জন্য আপনি যে চেষ্টা করছেন। অলরেডি আপনার ভাষণে বলেছেন যে, ইঞ্জিনীয়ারদের সেখানে নিয়ে আসছেন, সংস্থান্তর করছেন। এইভাবে যদি ইনফ্রাষ্ট্রাকচার তৈরী হয়ে যায় তাহলে কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটি কাজ করতে আরম্ভ করবে এবং তাঁরা যদি কাজ আরম্ভ করতে পারেন তাহলে পিকিউলিয়ার প্রবলেমস্—যেমন রিভার ভ্যালি প্রজেক্ট-এ যা দেখতে পাচ্ছি তা ট্যাকল্ করতে পারবে। মাঠনালার ব্যাপার আছে, ক্যানেল জল দিতে পারছে না, একটি স্কেয়ারসিটি পকেট তৈরী হয়ে যাচ্ছে—সেই সব পকেটে জল দেবার কাজে কমাণ্ড এরিয়া ডেভেলপমেণ্ট অথরিটিকে এগিয়ে আসতে হবে এবং সেই জায়গায় এসে তাঁরা গুচ্ছ নলকূপ করে দেবেন এবং সেই স্কীম অনুযায়ী যদি কাজ না হয় তাহলে প্রদীপের নীচে অন্ধকার—এতদিন পর্যন্ত ওঁদের আমলে এগুলো দেখবার কেউ ছিল না—সেই অবস্থার অবসান হওয়া দরকার।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে, খুবই আনন্দিত যে মাননীয় মন্ত্রী মহাশয় সে দিকগুলোতে নজর দিয়েছেন এবং পদক্ষেপ গ্রহণ করবার ইঙ্গিত রেখেছেন, তাতে সম্ভবতঃ ক্ষুদ্র সেচের কাজ নতুনভাবে আরম্ভ হবে এবং নতুন পথে চলবে এবং সত্যি সত্যি দেশের মানুষের উন্নতি সম্ভব হবে। এই বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে শেষ করছি।

শ্রীকামাখ্যাচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার সমর্থনে বলছি। মাননীয় বিরোধী দলের সদস্যরা প্রশ্ন তুলেছেন যে, কংগ্রেস ৩০ বছরে কি করেছেন। আমি গত ১১ই সেনট্রাল গভর্নমেন্টের পাবলিক এ্যাকাউন্টস কমিটি যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টের প্রতি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। সভাপতি শ্রীসতীশ আগরওয়াল মহাশয়ের বক্তব্য—বিগত ৩১ বছরে যে লক্ষ্যমাত্রা ছিল, তা অর্জিত হয় নি এবং যা অর্জিত হয়েছে তাও আসমান-জমিন ফারাক। এই ফারাক ভর্তি করতে আজকে ১৪ হাজার কোটি টাকা দরকার হবে। পরিকল্পনা ছিল ১৪৮ লক্ষ একর জমি সেচের আওতায় আনা হবে, হয়েছে মাত্র ৯৬ লক্ষ একর, অর্থাৎ ৩৩ পারসেন্ট।

গত ১২-৪-১৯৮৩ তারিখে পার্লামেন্টে যে আলোচনা হয়েছে তাতে দেখতে পাচ্ছি যে, জল-সম্পদ ব্যবহারের লক্ষ্যমাত্রা পূরণে সরকারের ব্যর্থতা। কাজেই দেখতে পাচ্ছি ডিফেকটিভ প্ল্যানিং অফ ইণ্ডিয়া গভর্নমেন্ট ইন ইরিগেশন—এটা পাবলিক এ্যাকাউন্টস কমিটি তুলে ধরেছেন। আজকে এই হচ্ছে সেচের অবস্থা। সেখানে পার্লামেন্টের পাবলিক এ্যাকাউন্টস কমিটি বলছেন, যে-সমস্ত আমলাতন্ত্রের বড় বড় অফিসাররা ভুল তথ্য রেকমেণ্ড করেছেন, যে-সব ভুল তথ্য দিয়েছেন, তাঁদের খুঁজে বের করে শাস্তি দিতে হবে। এর ঢেউ পশ্চিমবাংলায়ও এসেছে। পশ্চিবঙ্গে সেই অবস্থার মধ্যে মেজর ইরিগেশান—কংসাবতী পরিকল্পনায় বাঁকুড়া পর্যন্ত জল আসছে না। তার অনেক মাটি কাটা হয়েছে, কিন্তু তার টেইল এণ্ডে জল পৌছাচ্ছে না, একফোঁটা জলও তাঁরা পাচ্ছে না। কন্ট্রাক্টার টাকা পাচ্ছে শুধু। টাকা কি হচ্ছে বুঝুন। এই পরিস্থিতিতে ক্ষুদ্র সেচ পরিকল্পনার প্রভূত গুরুত্ব আছে। এই যে খরা চলে গেল দুবার, এই খরায় অবশ্যই একমাত্র নির্ভরশীল ছিল ক্ষুদ্র সেচ পরিকল্পনা। কাজেই আমরা দেখতে পাচ্ছি মূল পার্থক্যটা কোথায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅনিল মুখার্জী মহাশয় বলেছেন, আমিও বলছি পশ্চিমবাংলায় গত ৩১ বছর বামফ্রন্ট সরকারের আগে ক্ষুদ্র সেচ ব্যবস্থা কি ছিল। ডিপ টিউবওয়েল ৩১ বছরে হয়েছে ২,৫০৬টি, শ্যালো ১,০৬,৬৮৭টি,

আর. এল. আই. ২,৩৩৮। এ্যাভারেজে ডিপ টিউবওয়েল হয়েছে বছরে ৮টি, শ্যালো টিউবওয়েল বছরে হয়েছে ৩,১৪১টি এবং আর. এল. আই. হয়েছে বছরে ৭৫টি।

[6.30—6.40 P. M.]

আর ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত কি হয়েছে? ডিপ টিউবওয়েল হয়েছে ৪৪২টি, আর এল আই হয়েছে ৪২৬টি এবং শ্যালো হয়েছে ৮১ হাজার। কাজেই এই হলো পার্থক্য। বর্তমান খরায় পশ্চিমবাংলার কৃষকদের কঠিন দুরবস্থার মধ্যে পড়তে হয়েছিল। কিন্তু এই বামফ্রন্ট এই অবস্থার মধ্যে ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে যুদ্ধকালীন ভিত্তিতে ব্যাপক শস্যহানি রোধ করেছে। কিন্তু আমাদের খেয়াল রাখতে হবে যে, এই ক্ষুদ্র সেচ ব্যবস্থা ক্ষণিকের জন্য করলে হবে না, স্থায়ী ভাবে করতে হবে। স্থায়ী সেচ ব্যবস্থার একটা গুরুত্ব আছে। অনেক বলেন যে, পুকুর কাটার দরকার আছে। পুকুর কাটা ভাল, কিন্তু সেই পুকুরের জলের জন্য আকাশের বৃষ্টির উপর নির্ভর করতে হবে। ভূগর্ভে যে জল আছে সেটাকে কাজে লাগাতে হবে। ভূগর্ভের জল যদি পেতে হয় তাহলে ডিপ টিউবওয়েল করতে হবে। আমার কাছে তথ্য নেই। যে কথাগুলি মাননীয় সদস্য অমলেন্দ্র রায় বলেছেন—যদি আমরা ভাল করে ডিপ টিউবওয়েল মেনটেন করতে পারি তাহলে কি পরিমাণ জল আমরা পেতে পারি সেটা তিনি বলেছেন। কাজেই খেয়াল রাখতে হবে ভূগর্ভের জলকে আমাদের কাজে লাগাতে হবে। ভূগর্ভ থেকে জল তুলতে হলে আমাদের ডিপ টিউবওয়েলের উপর জোর দিতে হবে। কারণ আমাদের বুঝতে হবে একটা জাতির উন্নতি হতে পারে যদি দুটি জিনিসের উন্নতি ঘটানো যায়। সেই দুটো জিনিস হলো শিল্প এবং কৃষি। আবার কৃষির উন্নতি জল ছাড়া হতে পারে না। পশ্চিমবাংলার খাদ্য ঘাটতির জন্য পশ্চিমবাংলার বাইরে থেকে খাদ্য আনতে হয়। জলের অভাব পূরণ করতে পারলে কৃষির উন্নতি সম্ভব হবে। সেইজন্য আমি বলতে চাই ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউব ওয়েলের উপর জোর দিতে হবে। এখানে আমি বলবো কয়েক বছর পূর্বে, অর্থাৎ কংগ্রেস আমলে পশ্চিমবাংলার বুকে ক্ষুদ্র সেচের উন্নতি ঘটানো হয় নি। যেগুলির প্রয়োজন ছিল সেই ব্যাপারে কোন কার্যকরী কাজ করা হয় নি। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কৃষক যাঁরা কৃষি উৎপাদনের সঙ্গে জড়িত তাঁরা একবাক্যে বলেছিলেন যে, ডিপ টিউবওয়েল এবং লিফ্‌ট ইরিগেশান দরকার। কিন্তু কিছু হয় নি, সেইগুলোকে ঠুঁঠো জগন্নাথ করে রেখে দিয়েছিলেন।

যে-সমস্ত জায়গায় লিফ্‌ট ইরিগেশান হয় না সেই সমস্ত জায়গায় যদি ডিপ টিউব-ওয়েল করা যায় তাহলে প্রচুর জল পাওয়া যাবে এবং ভাল পরিকল্পনা তৈরি হবে। সেই সমস্ত ব্যাপারে পশ্চিমবাংলার আমলাতন্ত্র কি ভাবে কাজ করছে সেইগুলি দেখা দরকার। আগামী দিনে ডিপ টিউবওয়েলের যথেষ্ট প্রয়োজনীয়তা আছে। কারণ আমরা দেখতে পাচ্ছি আগামী দিনে আকাশ থেকে জল পাবার সম্ভাবনা দিনের পর দিন কমে যাচ্ছে। এইজন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে বলবো তিনি যেন এই ডিপ টিউবওয়েল ও লিফ্‌ট ইরিগেশানের দিকে নজর রাখেন এবং জোর দেন। আমি নিজে জানি কংগ্রেস আমলে খরার সময় ১৯৬৭-৬৮ সালে কি হয়েছিল। আমাদের মেদিনীপুরের কনষ্টিটিউয়েন্সিতে একটা লিফ্‌ট ইরিগেশান করার কথা ছিল। আমি রাইটার্স বিল্ডিংস-এ বসে কোশ্চেন করেছি আমাদের লিফ্‌ট ইরি-গেশানের কি হলো? আমি শুনেছি যে কংসাবতী কমাণ্ড এরিয়াতে লিফ্‌ট ইরিগেশান হবে না। আমি এ্যাসেম্বলিতে মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করেছিলাম এখানে কি লিফ্‌ট ইরিগেশান করা যাবে না? উনি বলেছিলেন যে, না কংসাবতীতে লিফট ইরিগেশান হবে। তারপরে এখানে লিফ্‌ট ইরিগেশান হয়েছে এবং ভাল ফসল হচ্ছে। এই খরার সময়ও সেখানে দেখতে পাবেন অনেক ফসল ফলেছে এবং অনেক জায়গা সবুজ হয়ে গেছে।

কাজেই আমি ব্যয়বরাদ্দকে সমর্থন করে একটা ওয়ার্নিং দিতে চাই। আমরা জানি এক একটা আমলার এক একটা মত থাকে। পাবলিক এ্যাকাউন্টস্‌ কমিটি আমাদের ওয়ার্নিং দিয়েছিল—সেচ ও সেচ ব্যবস্থার মধ্যে কোন ত্রুটি ও দুর্নীতি আছে কিনা আমাদের খুঁজে বার করতে হবে। যে-কোন আমলার মতামতের ফলে হোক না কেন, ডিপ টিউবওয়েল-এর দেশে এখন যে অবস্থা, তাতে দেখা যাচ্ছে ইরিগেশান ক্ষতিগ্রস্ত হয়েছে। এর প্রকৃত কারণ আমাদের খুঁজে বার করতে হবে। আমাদের পশ্চিমবাংলার মানুষকে স্বয়ংসম্পূর্ণ করতে গেলে প্রধান পথ হচ্ছে যন্ত্র ব্যবহার করে জলসেচের জন্য আপ্রাণ চেষ্টা করে মেজর ইরিগেশান এ্যাণ্ড মাইনর ইরিগেশানকে যাতে ঠিকভাবে চালাতে পারি তা করা। এই সমস্যার সমাধান করব বলে যদি আমরা কাজ চালিয়ে যেতে পারি, তাহলে ফল আমরা পাবই। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় আনীত এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে সংক্ষেপে

দু'-চার কথা বলতে চাই। আজকের আলোচনাতে আমি লক্ষ্য করছিলাম, আগেও লক্ষ্য করেছি, বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা গত ১৫ই মার্চ থেকে পঞ্চায়েতে বামফ্রন্ট সরকারের দুর্নীতি ও ব্যর্থতা বলে চীৎকার করে আসছেন। সুনীতিবাবু আজকে প্রথম বক্তা ছিলেন বিরোধী দলের। কিন্তু তিনি বিশেষ কিছু বলতে পারেন নি। আমি আশ্চর্য হয়ে গেলাম—তিনি একদা মন্ত্রী ছিলেন, তাঁর অনেক কিছু জানা উচিত ছিল। কিন্তু যে সরকারের কোন বৈজ্ঞানিক ও বাস্তব দৃষ্টিভঙ্গি ছিল না, সেই সরকারের মন্ত্রীরও সেই হিসাবে কিছু থাকতে পারে না। আজ সারা ভারতবর্ষের ক্ষেত্রে দেশ যেভাবে চলছে, তাতে জাতীয় স্তরে কোন চিন্তা-ভাবনা আছে বলে মনে না। তাঁদের কি কোন চিন্তা আছে দেশের জল-সম্পদকে সংরক্ষণ করে ব্যবহার করার? কৃষি কাজে জল লাগে, তাকে সুষ্ঠুভাবে কাজে লাগাবার পক্ষে কোন নীতি তাঁদের আছে কি? দেশে পাঁচটা পরিকল্পনা হয়ে গেছে—অথচ কিছুই হয় নি। আমাদের বিরোধী সদস্য মানস ভুঁইয়া বলেছেন—কংগ্রেসীরা বলে থাকেন—দেশে কৃষি বিপ্লব করবেন। হ্যাঁ, আপনারা দেওয়ালে দেওয়ালে বহু কৃষি বিপ্লব করেছেন স্বীকার করি। আমরা আপনাদের মত সবুজ বিপ্লব করতে পারব না। আপনারা শ্রীমতী গান্ধীর সবুজ বিপ্লবে গর্ববোধ করেন। কিন্তু আমাদের সামনে তা 'হলুদ' বিপ্লবের চিত্র হিসাবে ভেসে উঠছে। পাঞ্জাবে লক্ষ লক্ষ ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীর সর্বনাশ হয়ে গেছে। হরিয়ানা এবং পাঞ্জাবে গেলে এ চিত্র দেখা যাবে। কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত সমীক্ষক দলের রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে, উচ্চ ফলনশীল শস্যের কার্যকারিতা দিন দিন কমে যাচ্ছে।

[6.40—6.50 P. M.]

আজকে সেখানে ভূমিসংস্কার হয় নি। ভূমিসংস্কারের মিনিমাম যে দায়িত্ব সেই দায়িত্বটুকু পর্যন্ত আপনারা পালন করেন নি। সেচব্যবস্থা সম্পর্কে আপনারা কোন সঠিক পরিকল্পনা গ্রহণ করেন নি। সুতরাং আজকে আপনারা কৃষির উন্নতি হচ্ছে না বলছেন, কিন্তু কৃষির উন্নতি কি করে হবে? আপনারা তার জন্য কি করে গেছেন? এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমরা সেই তুলনায় অনেক এগিয়েছি। এই অল্প সময়ের মধ্যে বামফ্রন্ট সরকার যে দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হয়েছে সেটা অস্বীকার করার কোন উপায় নেই। আপনারা ক্ষুদ্র ও সেচ ব্যবস্থার গুরুত্ব অস্বীকার করতে পারেন না। কিন্তু আমার প্রশ্ন বিগত ৩০ বছরে পশ্চিমবাংলায় ১৯৫০-৫১ সালে সেচ ব্যবস্থার কতটুকু উন্নতি হয়েছিল? মাত্র ১৫ শতাংশ জমিতে

সেচব্যবস্থা হয়েছিল। ১৯৭৬-৭৭ সালে সেচব্যবস্থার অগ্রগতি ঘটেছে কতটুকু—মাত্র ৫ পার্সেণ্ট অর্থাৎ ৫ শতাংশ মাত্র। অর্থাৎ এই ৩০-৩১ বছরে সেচের ৫ শতাংশ মাত্র অগ্রগতি বেড়েছে এটা খুবই অল্প। একে কি অগ্রগতি বলা যায়? সেখানে বামফ্রন্ট সরকার এই ৬ বছরে ২০ শতাংশ এবং এরই মধ্যে ৩০ শতাংশ জমিতে সেচের সম্প্রসারণ করতে পেরেছে। মানস ভুঁইয়া বাবু বললেন এখানে বৈদ্যুতিকরণ কিছু হয়নি। এখানে বৈদ্যুতিকরণ হচ্ছে। ১৯৭৭ সালে আপনাদের সময়ে ২৩৪৭টি ডিপ টিউবওয়েল বৈদ্যুতিকরণ করতে পেরেছিলেন আর আমরা সেখানে ১৯৮২ সালে ২৭৩৪টি ডিপ টিউবওয়েল বৈদ্যুতিকরণ করতে পেরেছি। এটা কি বেশী নয়? আপনারা আর. এল. আই. ৭২০টি বৈদ্যুতিকরণ করেছেন আর আমরা সেখানে ১৯৮২ সালে ৮৫৬টি বৈদ্যুতিকরণ করতে পেরেছি। আমরা জানি যে বিদ্যুৎ সঙ্কট আছে কিন্তু তৎসত্ত্বেও আমরা কৃষিক্ষেত্রে যতটা পারছি বিদ্যুৎ দিচ্ছি। ১৯৭৭ সাল পর্যন্ত স্যালো টিউবওয়েলের বৈদ্যুতিকরণের ব্যবস্থা ছিল ১৪৬৫টি। সেখানে ১৯৮৭ সালে সেটা বেড়ে ২২,৪৯২টি করা হয়েছে। আপনাদের আমলে গ্রামবাংলায় সেচ-ব্যবস্থাগুলির ক্ষেত্রে শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েলের ক্ষেত্রে কায়েমী স্বার্থের দিকে লক্ষ্য রেখে জমিদার-জোতদারদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে ব্যবহৃত হোত। সেখানে বড়চাষীদের কমাণ্ড ছিল ফলে আজকে এখনো পর্যন্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা সমস্যার সম্মুখীন হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে ব্লকগুলি আজকে ওঁদের কমাণ্ড এলাকায় আছে সেগুলির পুনর্বাসন যাতে হয় তার জন্য অনুরোধ করছি। ক্ষুদ্র ও প্রান্তিক চাষী যাদের তারা এতদিন বঞ্চিত করে রেখেছিল আজকে তারা পুনর্বাসনের দাবী করছে। আজকে সুনীতিবাবুর বলার কিছুই ছিল না তাই একটি কথাই বলে দিলেন যে মেনটেনেন্স করতে পারেন নি। যা করে গেছি তাঁরা সেটাকে বজায় রাখতে পারছেন না। কোন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী আপনাদের পরিকল্পনার পেছনে ছিল? ডিপ, শ্যালো টিউবওয়েল, আর. এল. আই-এর জন্য বাড়ীগুলি সব ভাগাড়ে করেছিলেন। আজ সেই বাড়ী-গুলির জানালা দরজা নেই, চোর ডাকাতদের আড্ডাখানা হয়েছে এবং তারা সেখানে থাকে। নাইট গার্ড, অপারেটররা ষ্টেশানে থাকতে না পারায় বাড়ী থেকে আসতে হয়। এই রকম অব্যবস্থা তাঁরা করে গেছেন। এ সম্পর্কে সুস্থভাবে চিন্তা ভাবনা করতে বলবো। গ্রামে যেসব খাল, বিল, নদী মজে গেছে সেগুলি কি আপনারা সংস্কার করেছিলেন? আজ গ্রাম পঞ্চায়েত থেকে কূপ, খাল, বিল, পুকুর সংস্কার করছেন এবং এন. আর. ই. পি. পরিকল্পনার মাধ্যমে কাজ করছেন। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুন্দরবন সম্পর্কে আমি যে বাজেট রেখেছি আশা করি আপনারা সকলে একমত হয়ে এই বাজেট গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকানাই ভৌমিকঃ মাননীয় স্পীকার মহাশয়, অনেকক্ষণ ধরে সদস্যরা কিছু কিছু সাজেসান রেখেছেন, সমালোচনা করেছেন এবং ভবিষ্যতের জন্য তাঁদের দিক থেকে চিন্তাধারা দিয়েছেন। ক্ষুদ্র সেচ বিভাগের গুরুত্ব সকলেই স্বীকার করেছেন। এই দপ্তর এ বছর পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এ বছর খরার মোকাবিলা করার জন্য এই দপ্তর সর্বশক্তি নিয়োগ করেছে। পশ্চিমবাংলায় যেখানে ১০০ বছরের মধ্যে এ রকম ধরনের খরা হয়নি তা আমরা প্রতিরোধ করতে পেরেছি।

[6.50—7.00 P.M.]

এবং এই ব্যাপারে বামফ্রণ্ট সরকার হতাশ না হয়ে দৃঢ়তার সঙ্গে এই বিপদের সম্মুখীন হয়েছেন এবং সেচ দপ্তর তার সাধ্যমত চেষ্টা করছে। স্যার, আপনি জানেন এই খরার মোকাবেলা করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দু'দফায় সাহায্য চেয়েছিলাম—এক দফায় চেয়েছিলাম ৭৪ কোটি টাকা, আর এক দফায় চেয়েছিলাম ২০৫ কোটি টাকা, কিন্তু আমরা সর্বমোট পেয়েছি ৭৭ কোটি টাকা, তার মধ্যে ৩ কোটি টাকা আবার ঋণ। এই সাহায্য আমরা আশা করি নি, আরো পাওয়ার আমরা আশা করেছিলাম পশ্চিমবঙ্গের ক্ষেত্রে। কারণ, পশ্চিমবঙ্গ খাদ্যে ঘাটতি রাজ্য, সেই দিক থেকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা ঠিক আচরণ পাইনি, বৈষম্যমূলক আচরণ পেলাম। তা সত্ত্বেও আমাদের যেটুকু সীমাবদ্ধ ক্ষমতা ছিল তা দিয়ে একে রুখবার চেষ্টা করেছি। বিরোধী পক্ষের কোন কোন সদস্য বলেছেন যে পঞ্চায়েত বা অন্যান্য জনসাধারণ সহযোগিতা তেমন করেন নি, কিন্তু জনসাধারণের পূর্ণ সহযোগিতা যদি না পাওয়া যেত তাহলে এত বড় বিপদ থেকে এই খরা পীড়িত জনসাধারণকে বাঁচান যেত না। স্যার, আপনি জানেন শতকরা ৫০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে এবং তারাই হচ্ছে দেশের কৃষি উৎপাদনের মেরুদণ্ড। তারা না খেয়ে এত বড় খরার মধ্যে পড়েও আমাদের দপ্তর যেটুকু জল দিতে পেরেছে সেটাকে ব্যবহার করে এই খরার প্রতিরোধ করেছে। আমরা একথা জোর করে বলতে পারি যে একটা লোককেও না খেয়ে মরতে আমরা দিই নি। এই পরিস্থিতিতে তারা শুধু খরা প্রতিরোধ করেছে তাই নয় তারা এইটুকু আত্মবিশ্বাস পেয়েছে যে

আমাদের পাশে একটা সরকার আছে যে সরকার আমাদের দুঃখ দুর্দশার সময় তাদের সমস্ত সম্পদ নিয়ে দাঁড়ায়, সাহায্য করে। আপনারা দেখেছেন খরা প্রতিরোধের জন্য আমাদের সরকার সমস্ত দলের সহযোগিতা চেয়েছেন, সমস্ত দলকে নিয়ে মিটিং করেছেন, জেলায় জেলায় মনিটরিং সেল করে দিয়েছেন। মন্ত্রীরা শুধু জেলা শহরে যান নি, এমনকি ব্লক লেভেল পর্যন্ত গিয়ে কাজের তদারকি করেছেন, সাহায্য করেছেন এবং যেটুকু তাদের অসুবিধা সেটুকু দূর করবার চেষ্টা করেছেন। কাজেই এক কথায় বলা যায় আমাদের এই ক্ষুদ্র সেচ দপ্তর পরীক্ষার মধ্য দিয়ে উত্তীর্ণ হয়েছে এবং একথা নিশ্চয়ই মাননীয় সদস্যরা অনুভব করেছেন এবং করবেন। এই পিরিয়ডে আমাদের অন্যান্য সদস্যরা বিভিন্ন তথ্য দিয়ে দেখিয়েছেন ক্ষুদ্র সেচ দপ্তর কি কি কাজ করেছেন। আমি শুধু দুটো বিষয় বলব, ১ নং বিষয় হচ্ছে ভূতত্ত্ববিদরা বলেছেন পশ্চিমবঙ্গ জলের উপর ভাসছে। আমাদের মাটির নিচে জলের পরিমাণ খুব কম নয়, ৬১ লক্ষ হেক্টর জমির নীচে যে জল আছে তাতে ২৫ লক্ষ হেক্টর জমিতে জল দিতে পারি। আমরা এ পর্যন্ত মাত্র ৫ লক্ষ হেক্টর মাটির নিচের জল দিয়ে সেচ দিতে পেরেছি। সেদিক থেকে আমাদের এখনও অনেক কাজ বাকি। আমরা যাতে মাটির নিচের জল দিতে পারি সেচের জন্য সেকথা আমি আমার বাজেট বক্তৃতায় বলেছি। আমাদের রাজ্য খাদ্যে ঘাটতি রাজ্য, প্রতি বছর আমাদের ৫ শো কোটি টাকার খাদ্য কিনতে হয়, আমরা যদি ঠিকমত প্ল্যান করে মাটির নিচের জল ব্যবহার করতে পারি তাহলে আমরা আমাদের পশ্চিমবঙ্গকে খাদ্যে অনেকটা স্বয়ংসম্পূর্ণ করতে পারব। সেই দিকে নজর দিয়ে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, কূয়া ইত্যাদি করে মাটির নিচের জল ব্যবহার করার যে পদ্ধতি সেই পদ্ধতিকে আমাদের পূর্ণ ব্যবহার করতে হবে।

শ্যালো টিউবওয়েলের ক্ষেত্রে আপনারা দেখেছেন যে প্রচণ্ড বাধার সৃষ্টি হয়েছে কেন্দ্রীয় সরকারে একটা নীতির জন্য। কেন্দ্রীয় সরকার ঠিক করলেন শ্যালো টিউবওয়েল বসালে ২৫ পারসেন্ট ঋণ এবং ২৫ পারসেন্ট গ্রান্ট দেবেন। এটা পায় ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী। কিন্তু আই. আর ডি. এ করেছে পুয়োরেষ্ট অব দি পুয়োর এই সুবিধা পাবে। তার মানে কি একমাত্র যারা ক্ষেতমজুর, যারা কম জমির মালিক তারাই এই সুযোগ পাবে। সেজন্য আমরা সরকারের তরফ থেকে এবং ক্ষুদ্র সেচ দপ্তরের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে দরবার করেছি, দু'বার আলোচনা করেছি। মাদ্রাজে মন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল তখন প্রয়াত কেদার পাণ্ডে ছিলেন সেচমন্ত্রী এবং তখন থেকেই আমরা একথা বলেছি যে, এই নীতি আপনারা তুলে নিন। অর্থাৎ আমরা বলেছি পুয়োরেষ্ট

অব দি পুয়োর এই কথার ওপর দাঁড়িয়ে আপনারা যে নীতি ঠিক করেছেন এটা ক্যানসেল করুন, কারণ এতে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী সুবিধা পাচ্ছে না। পশ্চিমবাংলায় পৃথক পরিবারের মধ্যে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীর পারসেণ্টেজ হচ্ছে ৮০-৮১। গত কয়েক মাস ধরে চেষ্টা করার পর এই সেদিন কেন্দ্রীয় মন্ত্রী মিঃ মৃধার সঙ্গে আলোচনা করেছি এবং তিনি স্বীকার করেছেন এটা আমাদের বিবেচনা করতে হবে এবং এটা আমরা সংশোধন করব যাতে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী সুবিধা পেতে পারে। আমরা আর একটা সমস্যায় পড়েছি যেটা মাননীয় সদস্য অমলবাবু বলেছেন সি এ ডি এ-র ব্যাপার। আমাদের এখানে যখন ডি. ভি. সি কংসাবতী, ময়ূরাক্ষী, প্রকল্প হয় তখন টেল এণ্ড চাষীদের জল দেবার পরিকল্পনা ছিল না এই প্রকল্পে। এবারে আপনারা দেখেছেন ক্যানাল এলাকায় কি রকম বিদ্রোহ হয়েছে। সেখানে ঐ টেল এণ্ড চাষীদের জল দিতে হলে পঞ্চাশ পারসেণ্ট চাষীদের বহন করতে হবে, ২৫ পারসেণ্ট পঃ বঙ্গ সরকার দেবে এবং কেন্দ্রীয় সরকার দেবে ২৫ পারসেণ্ট লোন হিসাবে। অর্থাৎ এটাও আমাদের বহন করতে হবে। কেন্দ্রীয় সরকার বলেছেন চাষীদের ৫০ পারসেণ্ট দিতে হবে। কিন্তু আমরা বলেছি তারা কেন তা দেবে ? আমরা যখন ক্যানাল এলাকায় চাষীদের প্রতিশ্রুতি দিয়ে ডি. ভি. সি, কংসাবতী, ময়ূরাক্ষী করেছি তখন কেন তারা দেবে ? কাজেই আমরা এখন ৭৫ পারসেণ্ট বহন করছি এবং কেন্দ্রীয় সরকার ২৫ পারসেণ্ট বহন করছেন। আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে বলেছি তোমরা সমান সমান বহন কর, লোন তুলে দাও। অর্থাৎ আমরা ৫০ পারসেণ্ট এবং কেন্দ্রীয় সরকার ৫০ পারসেণ্ট বহন করুক। আমি কংগ্রেস সদস্যদের বলছি যেগুলি ন্যায্য জিনিস সেই ব্যাপারে আপনারা কেন কেন্দ্রীয় সরকারের ওপর চাপ দেবেন না ? কেন্দ্রীয় সরকারের সেচমন্ত্রী বলেছেন কংসাবতী, ডিভিসি এবং ময়ূরাক্ষীতে আমরা চেঞ্জ করতে পারব না—তবে তিস্তা যেটা উত্তরবঙ্গে হচ্ছে সেখানে আমরা দেখব।

[7.00—7.09 P. M.]

কাজেই এই সি. এ. ডি. এ.-র যে অসুবিধা, সেই অসুবিধা থেকেই গেল। তৃতীয় নং কথা হচ্ছে বামফ্রণ্ট সরকারের আমলে পশ্চিমবাংলায় ডিপ টিউবওয়েল হয় নি, একথা ঠিক নয়। এই আমলে পশ্চিমবাংলায় যেসব ডিপ টিউবওয়েল হয়েছে, সেটা সরকারী নিজস্ব টাকায় নয়। মাইনর ইরিগেশন করপোরেশন থেকে

আমাদের সরকার ৪৪২টি ডিপ টিউবওয়েল করেছে গ্যারান্টার দাঁড়িয়ে। কাজেই বামফ্রন্ট সরকারের আমলে ডিপ টিউবওয়েল হয়নি একথা ঠিক নয়। আমাদের পশ্চিমবাংলায় কৃষিতে যে বিদ্যুৎ দেওয়া হয় তা অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম। এটা ঠিক কৃষিতে যতক্ষণ না বিদ্যুতের সংযোগ বাড়ানো যায়, ততক্ষণ পর্যন্ত কৃষিকে আধুনিকীকরণ করা যাবে না এবং আধুনিক কায়দায় উৎপাদনও বাড়ানো যাবে না। এই পিরিয়ডের মধ্যে আমরা হিসাব করে দেখেছি, এই কয়েক বছর ধরে কংগ্রেস সরকারের আমলে মাত্র ১'৮% বিদ্যুৎ কৃষিতে ব্যবহার করা হোত। আমরা এই হিসাব কেন্দ্রীয় সরকারের হিসাব থেকে পেয়েছিলাম। আমাদের বামফ্রন্ট সরকার এই সরবরাহ বাড়িয়ে ৪% করেছে। তাতে নিশ্চয় আমরা খুশী নই, আরও চাই। কেন বিদ্যুৎ কৃষিতে ব্যবহৃত হবে না। কৃষি উৎপাদনের উন্নতি করতে গেলে, ডিপ টিউবওয়েল বসাতে গেলে, বিদ্যুৎ দরকার। আমাদের সরকার, আমাদের বিদ্যুৎ বিভাগ তার চেষ্টা করছে। যাতে অন্ততঃ এটাকে ১০% বাড়াতে পারে। এবং সেই জন্য তারা পরিকল্পনাও নিয়েছে। আর একটা জিনিস এখানে পরিষ্কার করে রাখতে চাই—অনেকের ভুল ধারণা আছে—আমাদের ওয়াটার ইনভেষ্টিগেশন ডিপার্টমেন্ট সম্পর্কে। আমাদের ওয়াটার ইনভেষ্টিগেশন ডিপার্টমেন্ট কাজ চালিয়ে যাচ্ছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কতকগুলি নর্ম থাকে এবং আমাদের এখানকার বিভাগ থেকে আমরা একেবারে স্থান বদলাতে পারি না। আমাদের চীফ ইঞ্জিনীয়ার যিনি, তিনি যে কেন্দ্রীয় বোর্ড আছে তার মেম্বার, তিনি চেষ্টা করেছেন এবং কিছু কিছু সংশোধন হয়েছে। আমি বিধানসভায় একটি তালিকা বিতরণ করেছি—সেই তালিকায় আমাদের জলের কি অবস্থা টাইম টু টাইম ওয়াটার ইনভেষ্টিগেশন বোর্ড যা ইনভেষ্টিগেশন করেন সেই অনুযায়ী আমরা জানিয়ে দিই। আপনারা দেখেছেন এবারে আমাদের পশ্চিমবাংলার এই বাজেটে বলেছি যে আমাদের সাধারণ যে বিচার ইনভেষ্টিগেশন বোর্ড করে তার মধ্যে তাঁরা চারটি জায়গার উপর বেশী দিয়েছে। একটি হচ্ছে বাঁকুড়া, পুরুলিয়া—যেগুলি খরাপ্রবণ এলাকা—আর হচ্ছে দার্জিলিং-এর হিল এরিয়া, যেখানে আমরা কি করে কুয়ো তৈরী করতে পারি এবং কোন্ কোন্ জায়গায় করলে ভাল হয় তার জন্য ইনভেষ্টিগেশন হচ্ছে, আর সমুদ্র উপকূলবর্তী স্থল যেখানে লবণাক্ত এরিয়া সেগুলি চিহ্নিত করে দেখা হচ্ছে। আর যেসব ভাল জায়গা সেগুলি ওয়াটার ইনভেষ্টিগেশন বোর্ড দেখছেন, টাইম টু টাইম পরীক্ষা করেন। নানারকম রং-এ হলুদ, সাদা, কালো

এইসব দিয়ে চিহ্নিতকরণ করা হয়। তাঁরা বছরের পর বছর চেষ্টা করছে যে কি ধরণের জলের পরিস্থিতি দাঁড়াচ্ছে।

কাজেই আমাদের এই যে ক্ষুদ্র সেচের সমস্যা, এর সমস্যা হচ্ছে তিনটি। আপনারা অনেকেই বলেছেন এই সমস্যার কথা। সেই সমস্যা হচ্ছে যে জনসাধারণের সহযোগিতা এবং আমাদের এই সমস্ত কাজ করবার জন্য বেনিফিসিয়ারী যে কমিটি আছে তারা প্লাস সেখানকার পঞ্চায়েত এবং এর যদি ঘনিষ্ঠ যোগসূত্র আমরা না করতে পারি, তদারকির ব্যবস্থা যদি না করতে পারি, আমরা উপর থেকে যতই চেষ্টা করি না কেন এই যে নানারকম অসুবিধা স্থানীয়ভাবে আছে তা বন্ধ করতে পারব না। তাই আমি আবেদন করব সমস্ত সভ্যদের কাছে তাঁরা যেন যে ধরনের গুরুত্ব দিয়ে এই ক্ষুদ্র সেচের গুরুত্বের কথা বলেছেন এবং আগামী দিনের কৃষি উৎপাদনের গুরুত্বের কথা ভাবছেন সেদিক থেকে যেন এই প্রকল্পগুলিকে ঠিকভাবে নজর রাখা, সাহায্য করা এবং যেখানে যেখানে দুর্নীতি হচ্ছে, যেখানে যেখানে অসুবিধা হচ্ছে সেইগুলো সংশোধন করা এবং দরকার হলে আমাদের নজরে আনা, এইভাবে যদি আমাদের একটা সুদৃঢ়তা গড়ে ওঠে তাহলে যে খরা মোকাবিলার মধ্যে দিয়ে এই দপ্তর এবং এই সরকার তার যোগ্যতা প্রমাণ করেছে তার একটা গতির দিকে চলেছে, আগামী দিনে পশ্চিমবাংলা কৃষি উৎপাদনের দিক থেকে একটা মঙ্গলজনক ব্যবস্থা নিতে পারবে—এই আশা রেখে অনুরোধ করব আমার এই ব্যয়বরাদ্দ আপনারা মঞ্জুর করবেন। যে-সমস্ত কাট মোশন এসেছে সবগুলোর আমি বিরোধিতা করছি।

DEMAND No. 53

Mr. Speaker: The motions that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Kanai Bhowmik that a sum of Rs. 64,06,49,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "306-Minor Irrigation, 307-Soil and Water Conservation, 308-Area Development, 506-Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706-Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development," (this is inclusive of a total sum of Rs. 10,67,77,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-09 P.M. till 1-00 P.M. on Monday the 18th April, 1983, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 18th April, 1983 at 1 P.M.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers, 13 Ministers of State and 92 Members.

Obituary

[1.00—1.10 P. M.]

Mr. Speaker : Before I take up the business of the day I rise to refer to the sad demise of Shri Prabodh Kumar Sanyal, a well known Bengali Writer. Shri Sanyal breathed his last on the 17th April, 1983 at his South Calcutta residence following a massive heart attack at the age of 78.

Born into a middle class family in Calcutta on July 7, 1905 he had his early education at Scottish Church Collegiate School, Calcutta. Before his graduation from Calcutta University he was imprisoned for having taken part in Non-Co-operation movement in 1922.

Shri Sanyal was the Associate Editor of Jugantar for five years from 1937. His debut as a short story writer created a sensation in the readers.

Shri Sanyal was the President of All-India Bengali Literary Conference held in Agra 1956 and in Burma in 1957. In 1958 he was chosen as a delegate to the Afro-Asian Literary Conference in Tashkant. He visited U.S.S.R., U.S.A., North Pole and a number of Europeon Countries.

Shri Sanyal was the recipient of the Calcutta University Gold Medal in 1966 and Ananda Puraskar in 1980 for his contribution to the Bengali Literature. His 'Mahaprasthaner Pathe', a travelogue endeared him to the Bengali readers.

He was the author of a number of dramas, anecdotes, memoirs and travelogues which earned his fame both at home and abroad.

The demise of Shri Sanyal creates a void in the field of Bengali literature which is hard to fill.

Now I request the Hon'ble members to rise in their seats for two minutes as a mark of respect to the departed.

(At this stage the honourable Members stood in silence for two minutes)

Thank you, Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the family members of the deceased.

Held over Starred Questions
(to which oral answers were given)

কোশ্চেনস

মিঃ স্পীকারঃ *৩৫, *১৪১, *১৪৬ এবং *৪৩৬ নং কোশ্চেনগুলো স্থগিত রইল। এডুকেশন ডিপার্টমেন্টের প্রশ্নগুলি এইভাবে হেল্ড ওভার হওয়াটা ঠিক নয়। *৩৫, এটা অনেক দিন আগেকার ব্যাপার। মিঃ বারি, নেক্সট রোটেশনাল ডে'তে *৩৫-এর উত্তর যাতে আসে সেটা আপনি দেখুন। আজকেই আপনি রেডিওগ্রাম ম্যাসেজ পাঠিয়ে যেমন করে হোক *৩৫-এর ডিটেলস্ উত্তর নিয়ে আসার ব্যবস্থা করুন। কারণ *৩৫ অনেক বার হেল্ড ওভার হয়েছে, আজকেও আবার হেল্‌ড ওভার করতে হল, এটা ঠিক নয়।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আগেই মন্ত্রীদের বলেছেন, একবার হেল্ড ওভার হবার পরে দ্বিতীয় বার যাতে আর হেল্ড ওভার না হয় সেটা দেখবেন। আপনি পর পর ৪টি কোশ্চেন হেল্‌ড ওভার-এর নোটিশ দিলেন। আপনি দেখেছেন এক একটি কোশ্চেন ৩/৪ বার করে হেল্ড ওভার হয়ে যাচ্ছে। এর মধ্যে একটি কোশ্চেন ৪ বার হেল্ড ওভার হবার পরে আজকে এসেই আবার হেল্‌ড ওভার হয়ে গেল। আপনি বলা সত্ত্বেও মন্ত্রীরা কোশ্চেনের উপর কোন গুরুত্ব দিচ্ছেন না, এটা আপনি একটু দেখুন।

মিঃ স্পীকারঃ আমি ব্যাপারটা বুঝি। কিছু কিছু কোশ্চেন খুব কমপ্লিকেটেড হয়ে আসে। সারা পশ্চিমবাংলার ডিটেলস চাওয়া হয়ে থাকে। সব জায়গা থেকে খবর ঠিকমত আসে না। এই ব্যাপারে মন্ত্রীদের এ্যালার্ট হতে হবে। নেক্সট রোটেশনাল ডে'তে যাতে এইসব প্রশ্নের উত্তর আসে, মিঃ বারি, আপনি সেই ব্যবস্থা করবেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ স্যার, আপনি দেখুন, প্রশ্নগুলি অত্যন্ত ছোট ছোট সব প্রশ্ন। এখানে বেআইনী খাটাল অপসারণের কথা বলা হয়েছে। এতে কি কমপ্লিকেশান আছে?

মিঃ স্পীকারঃ ওটা হেল্‌ড ওভার হয় নি।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ স্যার, *১৪১টি গত সেশানেও হেল্‌ড ওভার হয়েছিল।

মিঃ স্পীকারঃ মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, নেক্সট রোটেশানে উত্তরগুলি যাতে আসে তার ব্যবস্থা করবেন।

দৈনিক দুধের চাহিদা ও যোগান

*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬।) **শ্রীঅনিল মুখার্জীঃ** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারী দুগ্ধ প্রকল্পের মাধ্যমে বর্তমানে প্রতিদিন কতজন ব্যক্তিকে কত লিটার দুধ বিক্রয় করার ব্যবস্থা চালু আছে; এবং

(খ) পশ্চিমবঙ্গে প্রতিদিন গড়ে কত লিটার দুধের প্রয়োজন ও তন্মধ্যে রাজ্য সরকার ঐ চাহিদার কতটা পূরণ করে থাকেন?

শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ (ক) এ ব্যাপারে কোন সমীক্ষা প্রতিবেদন (সার্ভে রিপোর্ট) নেই। তবে বর্তমানে এই রাজ্যে সরকারী দুগ্ধ প্রকল্পগুলির মাধ্যমে দৈনিক মোট ৪,২৭,৬৪৩ (চার লক্ষ সাতাশ হাজার ছ'শ তেতাল্লিশ) লিটার দুগ্ধ দৈনিক সরবরাহ করা হয়ে থাকে। এর মধ্যে বৃহত্তর কলকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প কর্তৃক সরবরাহকৃত দুগ্ধের পরিমাণ দৈনিক ২,১৩,০০০ (দুই লক্ষ তের হাজার) লিটার এবং কার্ডধারী গ্রাহকের সংখ্যা অনুমানিক ২,৭০,০০০ (দুই লক্ষ সত্তর হাজার)। আন্তর্জাতিক মান অনুযায়ী পুষ্টির জন্য প্রতি ব্যক্তির দৈনিক দুধের প্রয়োজন গড়ে ২১০ গ্রাম।

(খ) এই রাজ্যে দুধের দৈনিক প্রয়োজন আনুমানিক গড়ে ১,১৬,২৭০০০ (এক কোটি ষোল লক্ষ সাতাশ হাজার) লিটার (১১ হাজার ৬১৭ টন), তন্মধ্যে রাজ্য সরকার সরকারী দুগ্ধ প্রকল্পগুলির মাধ্যমে এই চাহিদার অনুমানিক ৩·৬৭ শতাংশ পূরণ করে থাকেন।

শ্রীহাজারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, গ্রামাঞ্চলের মানুষকে দুধ দেবার জন্য কোন চিন্তা-ভাবনা করছেন কিনা?

শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ হ্যাঁ, চিন্তা-ভাবনা করা হচ্ছে এবং গ্রামাঞ্চলে দেওয়াও আরম্ভ হয়েছে। যেহেতু প্রশ্নের মধ্যে এটা ছিল না, সেইহেতু আমি সেই উত্তর দিতে পারি নি। এখন অতিরিক্ত প্রশ্ন ওঠায় আমি সংক্ষেপে বলছি, অপারেশান ফ্লাড টু' নং-এ গ্রামাঞ্চলে এবং মফঃস্বলে দুগ্ধ সরবরাহ করা হচ্ছে। যেমন দার্জিলিং

জেলায় হিমালয়ান মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ান, তারা শিলিগুড়ি শহর এবং দার্জিলিং জেলার কিছু অংশে দুগ্ধ সরবরাহ করে থাকে। ভাগীরথী মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ান, তারা মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে এবং গ্রামাঞ্চলে এবং ডানকুনিতে সরবরাহ করে থাকে। মাননীয় সদস্য মহাশয় জানেন, তাঁর নিজের এলাকাতেও কিছু কিছু সরবরাহ করা হয়। তারপর মেদিনীপুর মিল্ক প্রডিউসার কো-অপারেটিভ ইউনিয়ান, তারা মেদিনীপুর শহরে দুগ্ধ সরবরাহ করছে এবং যাতে কোলাঘাট-এ দুগ্ধ সরবরাহ করতে পারে এবং অন্যান্য জায়গায়ও করতে পারে, এমন কি টাটা-জামসেদপুরেও যাতে সরবরাহ করতে পারে, তার পরিকল্পনা করা হয়েছে। তাছাড়া গৌড়ভূমি দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি লিমিটেড, তারা দুধ সংগ্রহ করছে এবং সেটা মালদহ শহরে ও তার আশেপাশে সরবরাহ করা হবে। তা ছাড়া কৃষাণ মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ান নদীয়া জেলা এবং ২৪ পরগনা জেলার ৪টি ব্লক নিয়ে হয়েছে। তারা দুধ সংগ্রহ করছে এবং ফুলিয়া ও অন্যান্য জায়গায় গ্রামাঞ্চলে দুধ সরবরাহ করছে।

[1·01—1·20 P. M.]

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, যেহেতু যোগান একটা রিলেটেড ব্যাপার, মূল বিষয়টা হচ্ছে দুধ। এই চাহিদা পূরণ করার ক্ষেত্রে এবং যোগানের ক্ষেত্রে বিশেষ করে আপনার দপ্তরে যে-সমস্ত কর্মচারী আছেন, যাঁরা হয়ত এক এক সময়ে ছুটি নিয়ে দীর্ঘদিন থাকেন এবং তার ফলে যোগান মেটানোর ক্ষেত্রে অন্তরায় দেখা দেয় এবং অনেক সময়ে গাড়ী যেগুলি ব্যবহার করা হয় সেগুলি প্রায় ঝরঝরা থাকে, তার ফলে অসুবিধা হয়। এই দুটো ক্ষেত্রে যোগানটাকে গ্যারানটেড করার জন্য আপনি চিন্তা-ভাবনা করছেন কি না এবং সেই ব্যাপারে কোন পদক্ষেপ নিয়েছেন কি না বা কোন অন্তরায় আছে কি না জানাবেন কি ?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী : এটা একটা আলাদা প্রশ্ন। এই প্রশ্নের জবাব এখানে দেওয়া সম্ভব নয়। আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

*৪৪৫। স্থগিত।

*৪৫৪। স্থগিত।

মেদিনীপুর জেলায় ভুবনেশ্বর রিজিওনাল কলেজ অব এডুকেশনের তত্ত্বাবধানে প্রথা-বহির্ভূত শিক্ষাকেন্দ্র

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৭।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ**ঃ শিক্ষা (সামাজিক, প্রথাবহির্ভূত ও লাইব্রেরী) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা ২নং ব্লকে কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুযায়ী ভুবনেশ্বর রিজিওনাল কলেজ অব এডুকেশন-এর তত্ত্বাবধানে কতগুলি প্রথা-বহির্ভূত শিক্ষাকেন্দ্র খোলা হয়েছিল ;

(খ) উক্ত শিক্ষাকেন্দ্রগুলির পরিচালনা ও আর্থিক দায়িত্ব গ্রহণের কোন প্রস্তাব কেন্দ্রীয় সরকার কিংবা ভুবনেশ্বর রিজিওনাল কলেজ অব এডুকেশন-এর তরফ হতে রাজ্য সরকারকে করা হয়েছে কি ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, এ বিষয়ে রাজ্য সরকার কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন ?

শ্রীমতী ছায়া বেরাঃ (ক) নয়টি।

(খ) হ্যাঁ।

(গ) রাজ্য সরকার ১. ১. ৮৩ থেকে উক্ত কেন্দ্রগুলি অধিগ্রহণ করেছেন।

*৪৫৯। স্থগিত।

শিল্প শ্রমিকদের গৃহনির্মাণের জন্য ঋণদান

*৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭।) **শ্রীঅমলেন্দ্র রায়**ঃ আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, শিল্প শ্রমিকদের বাসস্থান নির্মাণের জন্য ১৯৮৩ সালের ১৫ই মার্চ সময় পর্যন্ত বেসরকারী নিয়োগকারীদের কত টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছে এবং তার ফলে কতজন শ্রমিক লাভবান হয়েছেন ?

শ্রীযতীন চক্রবর্তীঃ (ক) শিল্প শ্রমিকদের বাসস্থান নির্মাণের জন্য ১৯৮৩ সালের ১৫ই মার্চ পর্যন্ত প্রায় ৭১·৬০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং এর ফলে ৩২১৪ জন শ্রমিক লাভবান হয়েছেন।

(খ) চা-বাগিচা শ্রমিকদের বাসস্থান নির্মাণের জন্য ১৯৮৩ সালের ১৫ই মার্চ

পর্যন্ত প্রায় ৪ কোটি ২৭ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে এবং এর ফলে প্রায় ২১ হাজার শ্রমিক লাভবান হয়েছেন।

শ্রীহাজারী বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই প্রকল্পে কোন ল'ইয়ার বা ডাক্তার, তাঁরা লোন পান কি না?

শ্রীযতীন চক্রবর্তী: না।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল: মাননীয় মন্ত্রী মহাশয়, এই শিল্প শ্রমিকদের ঋণ দেওয়ার ব্যাপারে আমার কয়েকটি কেস জানা আছে যে, তাদের প্রচুর পরিমাণে ঘুরতে হয়। কাজেই যাতে কম ঘুরতে হয়, এটাকে সহজ করার জন্য আপনাদের কোন চিন্তা-ভাবনা আছে কিনা?

শ্রীযতীন চক্রবর্তী: যে নিয়ম আছে তাতে কেন্দ্রীয় সরকার দিয়ে থাকেন। কেন্দ্রীয় সরকার যেহেতু দেন এবং তাদের কতগুলি নির্দিষ্ট গাইড লাইন আছে, সেই গাইড লাইন ধরে আমাদের দিতে হয়। সুতরাং রাজ্য সরকারের পক্ষ থেকে সহজভাবে দেওয়া বা যাতে সুবিধা হয় সেভাবে করা সম্ভবপর হয় না।

শ্রীনীরদ রায়চৌধুরী: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই টাকা পেতে সর্বনিম্ন কতদিন সময় লাগতে পারে?

মিঃ স্পীকার: এটা হয় না।

আবাসন পর্ষদের সভ্য শ্রীঅমল দত্ত, এম পি

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৮।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি:** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) শ্রীঅমল দত্ত, এম পি, কোন্ তারিখে আবাসন পর্ষদের সভ্য হয়েছিলেন;

(খ) বর্তমানে তিনি ঐ সভ্যপদে আছেন কিনা; এবং

(গ) না থাকলে,—

(১) কোন্ তারিখে তাঁর সদস্যপদ খারিজ হয়েছে, ও

(২) কোন্ কারণে তাঁকে সদস্যপদ থেকে সরানো হয়েছে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) শ্রীঅমল দত্ত লোকসভার সদস্য হওয়ার পূর্বে ৬-৯-১৯৭৭ থেকে ১৬-৪-১৯৮২ পর্যন্ত আবাসন পর্ষদের সদস্য ছিলেন।

(খ) না।

(গ) লোকসভার সদস্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার পূর্বে শ্রীদত্ত আবাসন পর্ষদের সদস্য পদে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফাপত্র ১৬-৪-৮২ তারিখ থেকে গৃহীত হয়। পরে শ্রীদত্তকে ২৬-৮-৮২ তারিখ থেকে পুনরায় আবাসন পর্ষদের সদস্য নিয়োগ করা হয়েছিল। কিন্তু আইনগত কিছু বাধা থাকায় ঐ নিয়োগ ২৬-৮-৮২ তারিখ থেকেই বাতিল করে দেওয়া হয়।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, তাঁকে কোন্ ক্যাটিগরি থেকে ১৬-৯-৭৭ তারিখে ঐ বোর্ডের মেম্বার করা হয়েছিল এবং কি কারণে করা হয়েছিল, what was his qualification and what was his special reason for which he was selected as a member ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ রিজনটা হচ্ছে, ওখানে যে-সমস্ত আইনঘটিত সমস্যা দেখা দেয় সে-সমস্ত ক্ষেত্রে আইনের পরামর্শ দেবার জন্য তাঁকে নিযুক্ত করা হয়েছিল। যেহেতু তিনি জুনিয়র স্ট্যাণ্ডিং কাউনসিল ছিলেন, সেহেতু বোর্ডকে আইনঘটিত পরামর্শ দেবার জন্য তাঁকে বোর্ডের সদস্য নিযুক্ত করা হয়েছিল।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইহা কি সত্য যে, স্ট্যাণ্ডিং কাউনসিল এবং এ্যাডভোকেট জেনারেল ইত্যাদি থাকা সত্ত্বেও অমল দত্তকে আইনের পরামর্শ দেবার জন্য নেওয়া হয়েছিল, কারণ তিনি মুখ্যমন্ত্রীর ভাগ্নে।

শ্রীযতীন চক্রবর্তী ঃ না, সত্য নয়। তিনি তাঁর নিজ গুণের জন্যই মনোনীত হয়েছিলেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ ২৬-৮-৮২ তারিখে তাঁকে দ্বিতীয় বার নেওয়া হয়েছিল, মাঝখানে তিনি এম পি হবার জন্য নির্বাচনে দাঁড়িয়েছিলেন, তাই টেম্পোরারি ছেড়ে দিয়েছিলেন, কিন্তু পরে তাঁকে আবার মনোনীত করা হয়েছিল। আমার

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে দ্বিতীয়বার নেবার সময়ে এ বিষয়ে এ্যাডভোকেট জেনারেল-এর পরামর্শ নিয়েছিলেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ এ্যাডভোকেট জেনারেল-এর পরামর্শ নেবার কোন প্রয়োজন ছিল না, আমরা এল আর-এর কাছ থেকে ওপিনিয়ন নিয়েছিলাম যে, তিনি লোকসভার সদস্য নির্বাচিত হবার পরে আমরা কি তাঁকে হাউসিং বোর্ডের সদস্য মনোনীত করতে পারি ? তখন এল আর মত নিলেন যে, ঐ সংস্থা অফিস অফ প্রফিট, তিনি সদস্য থাকতে পারেন না। ইতিমধ্যে বোর্ডের তিনটি সভা হয়ে গেছিল, তিনি সেই তিনটি সভায় অনুপস্থিত ছিলেন, 'সেই কারণে অটোমেটিক্যালি তাঁর সদস্য পদ খারিজ হয়ে গেছিল।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, পর পর তিনটি মিটিং-এ অনুপস্থিত থাকলেই সদস্য পদ অটোমেটিক্যালি চলে যায়। তা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ধরনের হেস্‌টি ডিসিসন বিং এ সিনিয়র মেম্বার অফ দি কেবিনেট নেওয়া উচিত ছিল কি ?

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, শ্রীঅমল দত্ত মহাশয় বেসরকারী সদস্য ছিলেন। এইরকম নন-অফিসিয়াল সদস্য আর কতজন ছিলেন ?

মিঃ স্পীকার ঃ উচিত ছিল কি না, কোন প্রশ্ন হয় না।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, শ্রীদত্ত যখন পার্লামেন্ট ইলেকশনে ক্যানডিডেট হিসাবে এ্যাপ্লিকেশন জমা দিয়েছিলেন তখন কি তিনি এই অফিস অফ প্রফিটের সদস্য ছিলেন ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ না, তখন তিনি সদস্য ছিলেন না। অফিস অফ প্রফিট সন্দেহ করে, তিনি নিজেই পদত্যাগ করেছিলেন।

শ্রীআবদুস সাত্তার ঃ নমিনেশন পেপার ফাইল করার সময় তিনি মেম্বার ছিলেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ না, তার আগেই তিনি ইস্তফা দিয়েছিলেন এবং তা গ্রহণ

রা হয়েছিল। তার পরে তিনি নির্বাচনে দাঁড়িয়েছিলেন এবং নির্বাচিত হয়েছেন। ামরা তাঁকে দ্বিতীয়বার বোর্ডের সদস্য মনোনীত করেছিলাম, কিন্তু তখন তিনি াজেই প্রশ্ন তুলেছিলেন, এটা অফিস অফ প্রফিট, সুতরাং আমি বোধহয় সদস্য াকতে পারি না। আমরা তখন এ বিষয়ে এল আর-এর কাছে এবং এ্যাডভোকেট জনারেল-এর কাছে ওপিনিয়ন চাই। তাঁরা আমাদের বলেন যে, সদস্য হতে ারেন না। ইতিমধ্যে বোর্ডের তিনদিন মিটিং হয়ে যায়, কিন্তু তিনি সেই তনটি মিটিং-এ অনুপস্থিত ছিলেন, ফলে অটোমেটিক্যালি তাঁকে সরাসরিভাবে বোর্ডের সদস্যপদ থেকে সরিয়ে দেওয়া হয়।

মধ্যমগ্রাম চৌমাথা-সোদপুর রোডের দু'ধারে ফ্ল্যাঙ্ক নির্মাণ

*৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১০০।) **শ্রীসরল দেব**ঃ পূর্ত বিভাগের ান্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪ পরগনা জেলার মধ্যমগ্রাম চৌমাথা থেকে সোদপুর রোড অবধি রাস্তার দুই ধারে ফ্ল্যাঙ্ক তৈরি করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকলে, কবে নাগাদ ওর কাজ শুরু হবে?

['.20—1.30 P. M.]

শ্রীযতীন চক্রবর্তীঃ (ক) ও (খ): বর্তমান আর্থিক বৎসরে রাস্তাটি চওড়া ও সংস্কার করা হইবে। কাজেই আবার ফ্ল্যাঙ্ক তৈরির প্রশ্ন উঠে না।

মেদিনীপুর জেলায় সবং থানায় কপালেশ্বরী নদীর উপর সেতু নির্মাণ

*৫৪১। (অনুমোদিত-প্রশ্ন নং *১১৭৮।) **ডাঃ মানস ভুঁইয়া**ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানায় কপালেশ্বরী নদীর উপর সবং হইতে খড়িকা রাস্তার সংযোগকারী সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীযতীন চক্রবর্তীঃ প্রশ্নে উল্লেখিত বিষয়টি পূর্ত (সড়ক) বিভাগের অধীনে।

সুতরাং প্রশ্নের (ক ও খ) অংশ সম্বন্ধে বলা যায় যে, পূর্ত বিভাগের ঐ ধরনের সেতু নির্মাণের কোন পরিকল্পনা নেই। অতএব ঐ পরিকল্পনা কার্যকরী হওয়া সম্বন্ধে কোন প্রশ্ন ওঠে না।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, সবং-এ ঐ নদীর উপর কোন সেতু না থাকার জন্য মানুষকে দুর্বিষহ অবস্থার মধ্যে পড়তে হয়েছে। সুতরাং ওখানে কাঠ ব্রীজ করার ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা-ভাবনা করবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ না।

বাঁকুড়া জেলায় বাঁকাদহ-জয়রামবাটী (ভায়া বৈতাল) রাস্তা

*৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪২।) **শ্রীগুণধর চৌধুরী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমার অন্তর্গত বাঁকাদহ হইতে জয়রামবাটী পর্যন্ত (ভায়া বৈতাল) রাস্তাটির দৈর্ঘ্য কত ;

(খ) (১) উক্ত রাস্তার কোন অংশে পিচ করা হইয়াছে কিনা ;

(২) হইয়া থাকিলে, পিচ রাস্তার দৈর্ঘ্য কত ; এবং

(৩) বাকি অংশটিতে কতদিনে পিচ করা হইবে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) রাস্তাটির দৈর্ঘ্য প্রায় ৩০ কিঃ মিঃ।

(খ) (১) বাঁকাদহ হইতে বৈতাল পর্যন্ত অংশে পীচের কাজ শেষ হইয়াছে এবং বৈতাল-জয়রামবাটি অংশে আংশিক পীচের কাজ হইয়াছে।

(২) প্রায় ২১ কি. মি.

(৩) কৃষি দপ্তর হইতে অর্থের যোগানের উপর নির্ভর করিতেছে।

পশ্চিমবঙ্গে সেতু নির্মাণ

*৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৮।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে কয়টি সেতুর নির্মাণ কার্য শেষ হয়েছে ;

(খ) বর্তমানে কয়টি সেতুর নির্মাণ কার্য চলছে , এবং

(গ) আগামী আর্থিক বৎসরে (১৯৮৩-৮৪) কয়টি সেতু নির্মাণের কাজে হাত দেওয়া হবে।

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) ছোটখাটো জলপথ ব্যতিরেকে ১০টি মাঝারি ও বড় সেতুর নির্মাণ কাজ শেষ হয়েছে।

(খ) ১৫টি সেতু তৎসহ কয়েকটি ছোটখাটো জলপথের কাজ চলছে।

(গ) যে-সকল সেতুর কাজ চলছে তা সম্পূর্ণ হওয়া এবং কতটা অর্থ বর্তমান বৎসরের বাজেটে সঙ্কুলান করা যাবে তার উপর নতুন সেতুর কাজ হাতে নেওয়া নির্ভর করছে। অতএব এর সংখ্যা এখনই বলা সম্ভব নয়।

শ্রীহাজারী বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—যদি অর্থের সঙ্কুলান হয় এবং সেতু নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় তাহলে আপনি মেদিনীপুর জেলায় দু-একটা সেতু নির্মাণ করবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ আধমণ তেল যদি পোড়ে, তবে রাধা নাচবে।

মিঃ স্পীকার ঃ এ প্রশ্ন হয় না।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—১৯৮১-৮৩-র মধ্যে যে ১০টি সেতুর নির্মাণ কার্য শেষ হয়েছে সেই ১০টির মধ্যে বাঁকুড়া জেলাতে কটি এবং পুরুলিয়া জেলাতে কয়টি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ নোটিশ চাই।

শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে সেতুগুলি তৈরি হয়ে গেলে এবং যেগুলি বাকী আছে এতে মোট কত খরচ হয়েছে বা হবে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ খরচের কথা বলতে পারব না, নামগুলি বলতে পারি।

*৫৪৭। স্থগিত।

মেদিনীপুর জেলার কোটনাউড়ী-নরঘাট রাস্তার জন্য জমি অধিগ্রহণ

*৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭২।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান** ঃ পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রস্তাবিত কোটনাউড়ী-নরঘাট (ভায়া গোপীনাথপুর) রাস্তার জমি অধিগ্রহণের কাজ হাতে নেওয়া হয়েছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, এই কাজে কোন বাধা আছে কি ; এবং

(গ) থাকলে, তা কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) মাননীয় সদস্য বোধহয় এখানে ভগবানপুর-তেরাপেখ রাস্তার কথা বলছেন। এই রাস্তার জমি অধিগ্রহণের কাজ হাতে নেও হয়েছে।

(খ ও গ) প্রশ্ন ওঠে না।

আসানসোল শহর ও পার্শ্ববর্তী অঞ্চলে বাসস্থানের অভাব দূরীকরণে ব্যবস্থা গ্রহণ

*৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩০।) **শ্রীবিজয় পাল ঃ** আবাস বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল শহর ও তার পার্শ্ববর্তী অঞ্চলে বাসস্থানের অভাবে বহু লোককে ফুটপাথে ও ঝোপড়িতে বসবা করতে হচ্ছে ;

(খ) অবগত থাকলে, গরিব ও মধ্যবিত্তদের জন্য পর্যাপ্ত সংখ্যায় আবাস নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরী হবে ?

শ্রীযতীন চক্রবর্তী : (ক) সুষ্ঠু বাসস্থানের অভাব সমগ্র পশ্চিমবঙ্গে শহরাঞ্চলেরই একটি বিশেষ সমস্যা এবং আসানসোল শহরও তা ব্যতিক্রম নয়।

(খ) সরকারের সীমিত আর্থিক ক্ষমতায় এখনই পর্যাপ্ত সংখ্যায় আবাসন গৃহ নির্মাণ সম্ভব নয়। তবে তারই মধ্যে আবাসন বিভাগ আসানসোল Satelite Township-এ নিম্ন আয়ের লোকেদের জন্য ২০৪টি ফ্ল্যাট নির্মাণের একটি প্রকল্প হাতে নিয়েছেন। তাছাড়া রাজ্য আবাসন পর্ষদ গরীব ও মধ্যবিত্তদের নিকট বিক্রয়ের জন্য ১২০০-এরও অধিক বাড়ি তৈরী করেছেন।

(গ) আবাসন পর্ষদের বাড়ীগুলি ইতিমধ্যেই বিলি করা হয়েছে। আবাসন বিভাগের প্রকল্পটি শীঘ্রই রূপায়ণের চেষ্টা করা হবে।

শ্রীরাইচরণ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এই

াবাসনগুলি বিলি করার যে পদ্ধতি আছে তার মধ্যে সিডিউল কাষ্ট এবং সিডিউল াইবস লোকজনদের মধ্যে দেওয়ার কোন ব্যবস্থা আছে কি না ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ কিছুটা রিজার্ভ কোটা আছে, বিলি করবার সময়ে সেই কাটাগুলির দিকে লক্ষ্য রেখে যে-রকম দরখাস্ত পড়ে বা যে-রকম লোকসংখ্যা রখাস্ত করে থাকে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসের তাদের দিয়ে থাকি। ামাদের সমস্ত রকম প্রার্থীদের মধ্যে যদি সেই রকম কোন প্রার্থী না থাকে তাহলে ামরা সেগুলি সাধারণ খাতে দিয়ে থাকি।

মেছেদা-দীঘা রাস্তার সংস্কার

*৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৪।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি** ঃ পূর্ত সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেছেদা হইতে দীঘা রাস্তাটি যানবাহন চলাচলের অযোগ্য হইয়া পড়িয়াছে ;

(খ) অবগত থাকিলে, উক্ত রাস্তাটির মেরামতের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(গ) থাকিলে কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

[1.30—1.40 P.M.]

শ্রীযতীন চক্রবর্তী ঃ ক, খ ও গ) রাস্তাটির মেছেদা হইতে নন্দকুমার অংশ ও তঙ্গিনী সেতুর উভয় দিকের অ্যাপ্রোচ বর্তমানে ভাল। বাকি অংশের অবস্থা াল নয়। তার মেরামতির কাজ চলছে। কাজ শেষ হওয়া অর্থ সঙ্কুলানের ওপর ির্ভর করছে।

রাণাঘাট থেকে আড়ংঘাটা পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ

*৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৪।) **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস** ঃ পূর্ত ড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাট থেকে হিজলী রঘুনাথপুর দিয়ে আড়ংঘাটা পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে কিনা ;

(খ) না হয়ে থাকলে, তার কারণ কি ; এবং

(গ) উক্ত রাস্তাটি বগুলা পর্যন্ত সম্প্রসারণ করার কোন পরিকল্পনা সরকা আছে কিনা ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) না।

(খ) জমি অধিগ্রহণের সমস্যা ও অর্থের অপ্রতুলতা।

(গ) না।

*৫৫১। স্থগিত।

Starred Questions

(to which Oral answer were given)

সল্টলেক স্টেডিয়াম

*৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, সল্টলেক স্টেডিয়ামে আসনের জন্য কতজনকে আজীবন সদস্যপদ দেওয়া হচ্ছে ?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ সল্টলেক স্টেডিয়াম নির্মাণের সম্পূর্ণ বিষয়টি "সোসাই ফর স্পোর্টস এ্যাণ্ড স্টেডিয়াম" নামক একটি সোসাইটিকে দেওয়া হয়েছে স্টেডিয়াম নির্মাণের মূলধন সংগ্রহের উদ্দেশ্যে এই সোসাইটি সরকারের স পরামর্শক্রমে ইনসটিটিউশনাল ও লাইফ শ্রেণীতে মোট দশ হাজার সদস্যপদ পূরণে জন্য বিজ্ঞাপিত করেন।

প্রায় আট হাজার দরখাস্তের নিদর্শ (ফর্ম) ব্যাংক থেকে নেওয়া হয়েছে, যার ম টাকা সহ প্রায় একহাজার পাঁচশত জমা পড়েছে।

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, এটা আমার প্রশ্ন ন শ্রীসুভাষ চক্রবর্তীর প্রশ্ন। গভর্নর যাবেন কল্যাণীতে, সে ব্যাপারে উনি ওখা গেছেন। আমিও ফাইলটা নিয়ে আসি নি, কাজেই কি করবো ?

মিঃ স্পীকার ঃ শ্রীসুভাষ চক্রবর্তীরই থাকার কথা, থাকা উচিত ছিল। তাঁ একটি চিঠি দিয়ে আমাদের জানানো উচিত ছিল। পার্লামেন্টারী এ্যাফেয়া মিনিস্টার এটা নোট করবেন।

গৃহনির্মাণ ঋণ

*৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, নিম্ন আয়গোষ্ঠী ও মধ্য আয়-গোষ্ঠীর কতজনকে কত টাকা গত আর্থিক বছরে গৃহনির্মাণ ঋণ হিসাবে দেওয়া হয়েছে ?

শ্রীযতীন চক্রবর্তীঃ (ক) ১৯৮১-৮২ সালে নিম্ন আয় গোষ্ঠীর ১২৪০ জনকে প্রায় ৬২ লক্ষ টাকা এবং ১৯৮২-৮৩ সালে ১৪০০ জনকে প্রায় ৭০ লক্ষ টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছে।

(খ) ১৯৮১-৮২ সালে মধ্য আয় গোষ্ঠীর ৪০৪ জনকে প্রায় ৫৫ লক্ষ টাকা এবং ১৯৮২-৮৩ সালে ৪২৫ জনকে প্রায় ৬০ লক্ষ টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছে।

শ্রীহাজারী বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ১৯৮৩-৮৪ আর্থিক বছরে নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত মানুষদের জন্য কত টাকা মঞ্জুর করবার কথা চিন্তা করছেন ?

শ্রীযতীন চক্রবর্তীঃ এখানে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে কত টাকা পাবো তার উপর নির্ভর করছে ব্যাপারটা, যদি বেশী পাই বেশী করবো, কম পেলে কম করবো।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—যত জন আবেদন করেছিলেন—আপনি কি প্রত্যেককে টাকা দিয়েছেন ?

শ্রীযতীন চক্রবর্তীঃ না, না,—সেটা কি করে সম্ভব। সেটা মোটেই সম্ভব নয় আমি আগের প্রশ্নের উত্তরে বলেছি যে, টাকা কেন্দ্রীয় সরকার দিয়ে থাকেন কেন্দ্রীয় সরকার যত টাকা দেন এবং লাইফ ইনস্যুরেন্স কর্পোরেশন থেকে যে টাক পাই, তার উপর নির্ভর করে আমরা কিছু লোককে দিতে পারি—কারণ আমাদে আর্থিক ক্ষমতার সীমাবদ্ধতা আছে।

শ্রীঅরুণ গোস্বামীঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, যাঁদের দরখা বিবেচনা করা হয়েছে, কি হিসাবে বিবেচনা করা হয়েছে এবং তার বেস্ কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ সেটা আমাদের ঠিক করা আছে যে নিম্ন, আয়বিশিষ্ট, মধ্য আয়বিশিষ্ট কারা। যে সীমা বেঁধে দেওয়া আছে—যাঁদের ৬০০ টাকার কম আয়, অবশ্য এখন সেটা বেড়েছে—এখন হয়েছে মাসে যাঁদের আয় ৬০০ টাকা থেকে ৮০০ টাকার মধ্যে তাঁরা নিম্ন আয়বিশিষ্ট। তার উপর ১৫০০ টাকা পর্যন্ত যাঁদের আয় তাঁরা মধ্য আয়বিশিষ্ট।

শ্রীঅনিল মুখার্জী ঃ এখানে নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত লোকের আয়ের যে পরিমাণ, যে সংজ্ঞা, এটা অনেক দিন আগে ফিক্‌ড করা হয়েছে। ক্যাটাগরিক্যালি এই আয়ের পরিমাণটা বাড়াবার, চেঞ্জ করবার কথা সরকার চিন্তা করছেন কিনা অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রীযতীন চক্রবর্তী ঃ যখন বিভিন্ন রাজ্যের মন্ত্রীদের সম্মেলন হয়েছিল সেই সম্মেলনে এই প্রস্তাবটি আমি তুলেছিলাম এবং সেই প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীতও হয়েছিল। সেই সম্মেলনের সুপারিশ প্ল্যানিং কমিশনের কাছে যায়, কিন্তু প্ল্যানিং কমিশন সেই সুপারিশ গ্রহণ করতে পারেনি, তাঁদের নানারকম অসুবিধা ছিল। যে মাননীয় সদস্য প্রশ্ন করছেন, তিনি নিজেই একজন সদস্য বন্টন করবার ব্যাপারে। তিনি নিজেই জানেন কেন এ পর্যন্ত এ ব্যাপারে কিছু করা হয় নি।

কলকাতায় বেআইনী খাটাল অপসারণ

*৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯০।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় বর্তমানে কতগুলি বেআইনী খাটাল গড়িয়া উঠিয়াছে এ বিষয়ে কোন তথ্য সরকারের নিকট আছে কি;

(খ) থাকিলে, ইহার সংখ্যা কত ও বেআইনী খাটালগুলি অপসারণের জন্য কোন অভিযান চালানো হইয়াছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে এ পর্যন্ত কতগুলি বেআইনী গরু ধরা হইয়াছে?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ (ক) হ্যাঁ, বর্তমানে কলিকাতায় গড়িয়া ওঠা বেআইনী খাটাল সম্পর্কিত তথ্য সরকারের নিকট আছে।

(খ) কলিকাতায় গড়িয়া ওঠা বেআইনী খাটালের সংখ্যা প্রায় ২৫০০ (আড়াই

হাজার) এর মত। এগুলি অপসারণের জন্য সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, যেমন, নিয়মিত খাটাল অপসারণ অভিযান। এজন্য সরকারের নিকট নির্দিষ্ট পরিকল্পনাও আছে এবং সেইমত কাজও দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

(গ) ১৯৮৩ সালের ১লা জানুয়ারী হইতে মার্চ মাস পর্যন্ত ৩৫৭৭ (তিন হাজার পাঁচ শত সাতাত্তর)-টি বেআইনী গরু মহিষ ধরা হইয়াছে।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই ব্যাপারে হাইকোর্টে কোন কেস আছে কিনা বা মামলা চলছে কি না?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ হ্যাঁ আছে। আমি গত বারে বলেছিলাম, মাননীয় সদস্য সুব্রতবাবু এই ব্যাপারে প্রশ্ন করেছিলেন। সেখানে আগের অবস্থাই রয়ে গেছে যে ৩১৩টি বড় বড় খাটাল আছে, তাদের উচ্ছেদ করা যাচ্ছে না। তারা হাইকোর্টে মামলা করেছে এবং সেই জন্য স্থগিতাদেশ আছে। এই ব্যাপারে মামলা চলছে। তার মধ্যে আমরা যেটা করতে পেরেছি সেটা হলো এই বছরের জানুয়ারী মাস থেকে মার্চ মাস পর্যন্ত তিন হাজারের কিছু বেশী গরু মোষ ধরতে পেরেছি এবং কিছু খাটাল ভেকেট করতে পেরেছি। মামলার জন্য কিছুটা বন্ধ রয়েছে ঠিক, কিন্তু আমরা অভিযান চালিয়ে যাচ্ছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ হাইকোর্টে যে তিনশোর বেশী যে মামলা হয়েছে সেটার আইনগত ত্রুটিটা কি সেটা কি ধরা হয়েছে?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ যেকোন ভদ্রলোক আইনের আশ্রয় নিতে পারে। তারা সেটা বিচার-বিবেচনা করে মামলা করতে যায়। এখানে থেকে সেই ব্যাপারে কিছু তো বলা যাবে না।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ আমি গতকাল যখন আলিপুর দিয়ে আসছিলাম তখন দেখলাম একটি পুলিশ বাহিনী ৫০০টির বেশী গরু-মোষ নিয়ে রাস্তা দিয়ে যাচ্ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে, এই গরু-মোষগুলিকে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে? এদের ফেট কি, কোথায় নিয়ে গিয়ে রাখা হবে?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ আপনারা জানেন যে, খাটাল অপসারণ করার সময়

যেগুলির লাইসেন্স পাওয়া যায় না তাদের গরু-মোষ ধরা হয়। আপনারা দেখবেন যে পুলিশ বা সরকারী কর্মচারীরা সেই গরু-মোষগুলিকে নিয়ে যাচ্ছে। তারা সেই গরু-মোষগুলিকে নিয়ে গিয়ে পাউণ্ডে রাখে। কোর্টে কেস হয় তারপর অর্ডার পাওয়া গেলে তাদের ধরা হয় এবং এই ভাবে নিয়ে যাওয়া হয়।

শ্রীঅরুণ কুমার গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, আড়াই হাজার বে-আইনী খাটাল আছে। এই যে তিনশো খাটাল নিয়ে হাইকোর্টে মামলা চলছে সেই সংখ্যা কি ঐ আড়াই হাজারের সঙ্গে যুক্ত? আপনি কি আড়াই হাজার সংখ্যাটা তিনশোকে সঙ্গে নিয়ে বলছেন?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ তিনশো খাটাল যে মামলা করেছে তাদের নিয়েই আড়াই হাজার বে-আইনী খাটাল আছে।

শ্রীদেবীপ্রসাদ বসু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় খাটাল অপসারণ করছেন। কিছু কিছু ধর্মের ষাঁড় এদিক-ওদিকে ঢুকে পড়েছে, এগুলো আবার জামা-কাপড় পরে ঢুকে পড়েছে। আপনি এগুলিকে কি অপসারণ করবেন?

(কোন উত্তর নেই)

সরকারী বিদ্যালয়ের টিচার ইন-চার্জদের স্পেশাল অ্যালাউন্স

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৫।) **শ্রীসরল দেব ঃ শিক্ষা** (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে যেসমস্ত সরকারী বিদ্যালয় আছে সেখানকার টিচার-ইন-চার্জদের স্পেশাল অ্যালাউন্স দেওয়ার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

[1.40—1.50 P. M.]

শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস ঃ (ক) ১৯৮১ সালের বেতন ও ভাতার পুনর্বিন্যাসের নিয়ম অনুসারে সরকারী উচ্চ বিদ্যালয়গুলির প্রাতঃ বিভাগের ভারপ্রাপ্ত শিক্ষক (Teacher-in-charge) ১-৪-৮১ তারিখ হইতে ৭৫ টাকা বিশেষ বেতন (Special pay) হিসাবে পাইবেন, যদি তিনি সাম্মানিক স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী

এবং শিক্ষক **শিক্ষণ** প্রাপ্ত হন। ইহা ছাড়া অন্য কোনও Special Allowance Teacher-in-charge-দের দেওয়ার কোন পরিকল্পনা রাজ্য সরকারের নাই।

শ্রীঅনিল মুখার্জী : আপনি বললেন, স্পেশ্যাল এ্যালাউন্স হিসাবে ভারপ্রাপ্ত শিক্ষকদের টাকা দিচ্ছেন। গোটা পশ্চিমবাংলাতে আজ পর্যন্ত কতজন শিক্ষক এই টাকা পাচ্ছেন, তার হিসাব আপনার জানা আছে কি ?

শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস : আমি স্পেশ্যাল এ্যালাউন্স বিষয়টা একটু ব্যাখ্যা করে বলছি। মর্নিং সেকশানে যাঁরা কাজ করেন, তাঁদের প্রধানকে বলা হয় ভারপ্রাপ্ত শিক্ষক। এ বিষয়ে আপনি নোটিশ দেবেন আরও বিশদভাবে আপনাকে জানাতে পারব।

শ্রীমানস ভুঁইয়া : আপনি বললেন, কোন শিক্ষক শিক্ষণ প্রাপ্ত না হলে তাঁকে অতিরিক্ত টাকা দেওয়া হবে না। আমার প্রশ্ন হচ্ছে, বি. এড. কি অবলিগেটরি ফ্যাক্টর।

শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস : আমার প্রশ্নের উত্তরে একথা পরিষ্কার বলা আছে।

বাঁকুড়া শহরে পঞ্চম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির সমস্যা

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া শহরে পঞ্চম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির ব্যাপারে সমস্যা দেখা দিয়েছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত সমস্যা সমাধানের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীমহঃ আবদুল বারি : (ক) বছরের প্রাথম দিকে সমস্যা দেখা দিয়েছিল।

(খ) বাঁকুড়া শহরের ছয়টি উচ্চ বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য অতিরিক্ত শাখা খুলে সমস্যাটির সমাধান করা হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র : বাঁকুড়া শহরে জনসংখ্যা অনুযায়ী স্কুলগুলিতে সিটের সংখ্যা বাড়িয়েছেন কি ?

শ্রীমহঃ আবদুল বারিঃ নোটিশ দেবেন, পরে বলব।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমার প্রশ্ন হচ্ছে, উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংখ্যা অনুযায়ী একজিস্টিং স্কুলগুলিতে কতগুলি আসন টোটাল বাড়িয়েছেন ?

শ্রীমহঃ আবদুল বারিঃ এই প্রশ্নটা মাধ্যমিক স্কুলের মধ্যে পড়ে। আপনি নোটিশ দেবেন, আমি পরে জানাব।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমার প্রশ্ন হচ্ছে, প্রাইমারী স্কুলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা যাতে একজিস্টিং স্কুলগুলিতে ভর্তি হতে পারে, তার জন্য আপনি আসন সংখ্যা বাড়িয়েছেন কি ? এর উত্তর তো মাধ্যমিক শিক্ষামন্ত্রীর বলা উচিত।

মিঃ স্পীকারঃ নোটিশ না দিলে এ প্রশ্নের রিপ্লাই দেওয়া সম্ভব নয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ এই পঞ্চম শ্রেণীতে ভর্তির যে কিছুটা অসুবিধা হচ্ছে এটা প্রতিকারের জন্য আপনারা কি কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রীমহঃ আবদুল বারিঃ এই যে ৬টি স্কুলে বাড়তি ভর্তি নেওয়ার ব্যবস্থা করা হয়েছে এতে সেকেণ্ডারি এবং প্রাইমারির ডি আই বসছেন এবং স্বায়ত্ত শাসন বিভাগের কর্মকর্তাও আছেন। কত বাড়তি ছাত্রসংখ্যা ভর্তির ব্যবস্থা করা হবে সেটা চিন্তা করেই এই ছ'টি স্কুলের ব্যবস্থা করা হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ সেখানে শিক্ষক-শিক্ষিকা দিয়েছেন কি ?

শ্রীমহঃ আবদুল বারিঃ সেখানে টিচার আছে কিনা দেখেই এবং সেখানে বাড়তি শিক্ষক-শিক্ষিকা রেখে পঞ্চম শ্রেণী খোলার ব্যবস্থা করা হয়েছে।

শ্রীহাজারি বিশ্বাসঃ বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রে কর্মসূচীর ভেতরে ছাত্র ভর্তির ব্যবস্থা নিয়েছেন, বিগত সরকার কি এই ছাত্র সংখ্যা বাড়তি ভর্তির জন্য কোন ব্যবস্থা নিয়েছিলেন ?

মিঃ স্পীকারঃ এর উত্তর হয় না।

শ্রীঅনিল মুখার্জী ঃ এরকম সমস্যার সৃষ্টি হোল কেন ?

শ্রীমহঃ আবদুল বারি ঃ এই রকম অবস্থার সৃষ্টি হওয়ার কারণ হচ্ছে আমরা কিছু উৎসাহমূলক ব্যবস্থা গ্রহণ করেছি তাতে অনেক ছাত্র আসছে এবং পরীক্ষার ব্যবস্থার কিছুটা পরিবর্তন করেছি তাতেও ছাত্রসংখ্যা কিছুটা বেড়েছে। এই সমস্যা সমাধানের আমরা যথেষ্ট চেষ্টা করছি।

আবাসন পর্ষদ কর্তৃক এম এল এ-দের ফ্ল্যাট বিতরণ

*৬০২। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৯।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ গৃহনির্মাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আবাসন পর্ষদ কর্তৃক ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত কোন্ কোন্ এম এল এ-কে ফ্ল্যাট দেওয়া হইয়াছে ; এবং

(খ) কোন্ কোন্ মন্ত্রী মহোদয়ের আত্মীয়দেরকে পর্ষদ কর্তৃক ফ্ল্যাট দেওয়া হইয়াছে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) আবাসন পর্ষদ কর্তৃক গল্ফ গ্রীণ আবাসন প্রকল্পের একটি ফ্ল্যাট ও করুণাময়ী আবাসন প্রকল্পের একটি ফ্ল্যাট যথাক্রমে বিধানসভার সদস্য প্রয়াত হরিপদ ভারতী মহাশয় ও শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায় মহাশয়কে বণ্টন করা হইয়াছে।

(খ) এমন কোন তথ্য আবাসন পর্ষদের জানা নাই

শ্রীহাজারী বিশ্বাস ঃ বিগত সরকারের আমলে কতজন এম এল এ এই সমস্ত ফ্ল্যাট দখল করেছিল।

শ্রীযতীন চক্রবর্তী ঃ তখন হয়নি।

*৬০৩। স্থগিত।

*৬০৪। স্থগিত।

প্রাথমিক বিদ্যালয়ের সিলেবাস পরিবর্তনের জন্য শিক্ষকদের ট্রেনিং

*৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে প্রচলিত প্রাথমিক বিদ্যালয়ের সিলেবাস পরিবর্তন সম্পর্কে রাজ্যের কতজন প্রধান শিক্ষক ও সহ-শিক্ষককে শিক্ষণ (ট্রেনিং) দেওয়া হয়েছে ; এবং

(খ) ঐ বাবদে কত টাকা খরচ করা হয়েছে ?

শ্রীমহম্মদ আবদুল বারি ঃ (ক) ৩৮,২৬০ জন।

(খ) ৫০,৩৯,৯৭৫ টাকা।

*৬০৬। স্থগিত।

রোমান হরফে মুদ্রিত সাঁওতালী ভাষায় সিলেবাস

*৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৬।) **শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হায়ার সেকেণ্ডারী কাউন্সিল অনুমোদিত রোমান হরফে মুদ্রিত সাঁওতালী ভাষায় একটি সিলেবাস আছে ;

(খ) উক্ত সিলেবাসটিকে "অলচিকি" হরফে মুদ্রণের কোন ব্যবস্থা সরকার করেছেন কিনা ;

(গ) কোন্ কোন্ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সাঁওতালী ভাষা পড়ানো হয় ?

শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ (ক) হ্যাঁ, রোমান হরফে মুদ্রিত সাঁওতালী ভাষায় একটি সিলেবাস আছে।

(খ) বর্তমানে না।

(গ) আপাতত উচ্চ মাধ্যমিক স্তরে সাঁওতালী ভাষা পড়ানো হয় না।

রেন্টাল হাউসিং স্কীমে ফ্ল্যাট ভাড়া বাবদ আয়

*৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৫।) **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে রেন্টাল হাউসিং স্কীমে নির্মিত হাউসিং এস্টেটের ফ্ল্যাট ভাড়া বাবদ কত টাকা আদায় হয়েছে ;

(খ) উপরোক্ত আর্থিক বছরগুলিতে কত টাকা এখনও ভাড়া বাবদ অনাদায়ী আছে ; এবং

(গ) বকেয়া ভাড়া আদায় করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) ১৯৮০-৮১ আর্থিক বছরে রেন্টাল হাউসিং স্কীমে নির্মিত ফ্ল্যাট থেকে মোট ৩৩,৪৪,১৬১ টাকা ভাড়া আদায় হয়েছে। ১৯৮১-৮২র আর্থিক বছরের হিসেব এখনও পাওয়া যায়নি।

(খ) সরকারী কর্মচারীদের মাসিক বেতন থেকে ভাড়া কেটে নেওয়া হয়। সেই জন্য ভাড়া অনাদায়ী থাকে না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮০-৮১ সালে এই কেয়ার পরিমাণ কত ছিল এবং মোট বকেয়ার পরিমাণ কত ছিল ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ রেন্টাল হাউসিংয়ে বকেয়া থাকে না কারণ সরকারী র্মচারীদের মাহিনা থেকে ভাড়ার টাকা কেটে নেওয়া হয়।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ যারা দিতে পারেন না তাঁদের কথা বিবেচনা করেন কিনা ?

মিঃ স্পীকার ঃ এটা মাইনে থেকে কেটে নেওয়া হয়।

নতুন জুনিয়র হাই ও মাধ্যমিক স্কুল

*৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৮।) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** শিক্ষা মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ১৯৮৩ সালের ১লা জানুয়ারি থেকে কোন নতুন জুনিয়র হাইস্কুল ও মাধ্যমিক স্কুলকে মঞ্জুরি দেওয়া হয় নি ; এবং

(খ) সত্য হলে তার কারণ কি এবং পুনরায় কবে মঞ্জুরি দেওয়া শুরু হবে ?

শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ (ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(No Supplementary)

শালবনী ফডার ফার্ম অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং

*৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৭।) **শ্রীসুন্দর হাজরা ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় শালবনী ফডার ফার্মে একটি নতুন অ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং দীর্ঘ ২/৩ বছর অকেজো অবস্থায় পড়ে আছে; এবং

(খ) সত্য হলে, কবে উক্ত নতুন বিল্ডিংটি কাজে ব্যবহার করা হবে বলে আশা করা যায়?

শ্রীঅমৃতেন্দু মুখার্জী: (ক) অ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং ২/৩ বৎসর অকেজো অবস্থায় পড়ে নেই। ইহা তৈরির পর, প্রশাসনিক প্রয়োজনে ব্যবহারের উপযোগী করে তোলার জন্য অন্যান্য আনুষঙ্গিক কাজ চলছে।

(খ) উক্ত বিল্ডিংটিতে জল সংযোগের ব্যবস্থা হয়ে গেলেই, কাজে ব্যবহার করা হবে।

No Supplementary

Construction of Kanki-Goagaon Road

*611. (Admitted question No. *2327.) **Shri Mohammad Ramjan Ali**: Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state when the construction of Kanki-Goagaon Road via Chakalia is expected to be completed?

Shri Jatin Chakrabarty: Completion of the road depends on the availability of sufficient funds.

No Supplementary

*৬১২। স্থগিত।

কংসাবতী নদীর কেচন্দা ঘাটে সেতু নির্মাণ

*৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭৫।) **শ্রীরামপদ মাণ্ডি:** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কংসাবতী নদীর উপর কেচন্দা ঘাটে সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তার কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

শ্রীযতীন চক্রবর্তী: (ক ও খ) প্রকল্পটির গুরুত্ব সম্পর্কে সরকার অবহিত এবং

এটি যাতে যথাসময়ে রাজ্য পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যায় সেজন্য সচেষ্ট আছেন। তবে এর অন্তর্ভুক্তি প্রয়োজনীয় অর্থ সঙ্কুলানের উপর নির্ভর করছে।

Adjournment Motion

Mr. Speaker : I have received a notice of adjournment motion from Shri Kashinath Misra which deals with the delay in recognition of Tehshildars as Government employees.

The subject matter of the motion is not important enough to form the basis of an adjournment motion. The member may call the attention of the minister concerned by way of giving notice of a Calling Attention.

I, therefore, withhold my consent to the above motion.

Member may, however, read out the text of the motion, as amended.

শ্রীকাশীনাথ মিশ্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল : বর্তমানে পশ্চিমবাংলায় গ্রাম বাংলার গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন তহশীলদারগণ কিন্তু ভূমি-সংস্কার দপ্তর উক্ত কয়েক হাজার তহশীলদারদের সরকারী কর্মচারী হিসেবে গণ্য করা হইবে বলিয়া প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও তা আজ পর্যন্ত কার্যকরী করা হয় নাই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received two notices of Calling Attentions, namely :

1. Recent boat disasters on the river Ganges resulting in death of innumerable passengers—Shri Asoke Ghosh.

2. Deplorable condition of the Power plants for want of engineers—Shri Kashinath Misra.

I have selected the notice of Shri Asoke Ghosh on the subject of recent boat disasters on the river Gauges resulting death of innumerable passengers.

Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : ২২ তারিখ।

Mention Cases

[1.50—2.00 P. M.]

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Minister-in-charge of Local Self Government. Sir, the CIT park at 9, Abdul Halim Lane, formerly, European Asylum Lane which falls within my Constituency was used as a play ground for the children since long. The park is situated in a very densely populated area. All on a sudden, on the 14th afternoon, the local people saw that the CIT officials with the help of the police have started demolishing structures in the park including a room of an organisation named after Maulana Azad. The people in thousands of all communities surrounded them to protest against this action. First, they were told "We have come here for the betterment of the park". But after an hour it was found that the park became full of big empty drums. The local people strongly opposed to this but in vain. Sir, under rule 437(1) of the Calcutta Municipal Act, 1951, such business is prohibited in that area.

So, I would request you to influence him so that the park should remain as play ground of the local people and such unauthorised, illegal business may be stopped. Here I would like to state that the agitation against the drum business by the local men and women is still continuing. Thank you, Sir.

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি ইতিপূর্বে ২ দিন এই সভায় আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করেছি যে ৩১শে মে পঞ্চায়েত নির্বাচন, এই পঞ্চায়েত নির্বাচনে পরাজিত হওয়ার আতংকে আতংকিত কংগ্রেসের পক্ষ থেকে যে সন্ত্রাসের সৃষ্টি করছে তার দৃষ্টান্ত আমি ইতিপূর্বেই দিয়েছি। গতকাল আবার একটা ভয়াবহ ঘটনা ঘটেছে, আমাদের একজন সম্ভাব্য প্রার্থী নরেন রায় তাঁর প্রতিদ্বন্দ্বী ছিল তারকাটা মস্তান কংগ্রেস নেতা শংকর চক্রবর্তী, সেই শংকর চক্রবর্তী রাত্রি ১২টার সময় ১৫/২০ জন গুণ্ডা নিয়ে নরেন রায়ের বাড়ীতে গিয়ে তাঁর স্ত্রীকে ভয় দেখিয়েছে যে তাঁর ছেলেকে খুন করা হবে। সেই ভয়ে ভীত হয়ে নরেন বাবু আমার কাছে এসেছিলেন এবং বললেন যে আমি, আমার স্ত্রী এবং আমার ছেলে প্রাণ ভয়ে ভীত। এইভাবে কংগ্রেস সারা রাজারহাট, ভাঙ্গড়, হাড়োয়া সর্বত্র সন্ত্রাসের সৃষ্টি করছে। তারা সমাজ-বিরোধীদের এক জায়গায় একত্রিত করছে। আমি আপনার মাধ্যমে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয় এবং সমাজ-বিরোধীদের কার্যকলাপ বন্ধ হয় এবং আমি এই সমস্ত কাজের তীব্র নিন্দা করছি ও ঘৃণা প্রকাশ করছি।

শ্রীঅম্বিকা ব্যানার্জীঃ মাননীয় স্পীকার মহাশয়, হাওড়া শহরাঞ্চলে বহু মানুষ হরের বাইরে থেকে কাজ করতে আসে, তাদের মধ্যে বহু মহিলা কর্মী আছে। দের থাকার কোন জায়গা নেই। এই রকম বহু ঘটনা ঘটে গেছে যেখানে মহিলা র্মীদের উপর অত্যাচার হয়েছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, খানে মহিলাদের জন্য একটা হস্টেল অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। সেখানে জমি াছে, সেন্ট্রাল গভর্নমেন্টের এই রকম বহু স্কীম আছে, আপনারা এই রকম কটা স্কীম নিন, যাতে সেখানে মহিলা কর্মীদের জন্য একটা হস্টেল তৈরী হয়।

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা রুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার সবং নায় ১৮-৮-৮২ তারিখে একজন আদিবাসী যখন মাঠে কাজ করছিল তখন খুন য়। তারপর নভেম্বর মাসে আমাদের একজন পঞ্চায়েতের সম্ভাব্য প্রার্থী গোবর্ধন মন্ত তাঁর বাড়ী থেকে বন্দুক ছিনতাই করে তাঁকে পঞ্চায়েত অফিসে বেঁধে পিটিয়ে ার টিবিয়া ফ্র্যাকচার করে দেওয়া হয়েছে। গতকাল আবার যখন ঐ গোবর্ধন-াবু তাঁর বাড়ী থেকে বাইরে আসছিলেন তখন আবার তাঁকে ঘেরাও করে তাঁর পর দৈহিক নির্যাতন করার চেষ্টা হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে ই যে, এই বন্দুক ছিনতাইয়ের ব্যাপারে আমি তাঁর কাছে লিখিতভাবে তাঁর জনৈতিক সচিবের মারফৎ জানিয়েছিলাম, তিনি একটা লিখিত উত্তর দিয়েছেন ব্যবস্থা নেওয়া হচ্ছে। যেদিন এই বন্দুক ছিনতাইয়ের ঘটনা ঘটেছিল তার য়েকদিন পরে মেদিনীপুর শহরে কৃষক সম্মেলন হচ্ছিল, আজ পর্যন্ত সেই আসামীরা ুরে বেড়াচ্ছে। অথচ রবীনবাবু এখানে অসত্য কথা বলে যাচ্ছেন যে কংগ্রেস ন্ত্রাসের সৃষ্টি করছে।

(নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা তাঁর বক্তব্য অসমাপ্ত রাখিতে বাধ্য ইলেন।)

[2.00—2.10 P.M.]

শ্রীদেব নারায়ণ চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত শনিবার দিন হুগলী জেলার ানলপ কারখানায় কতকগুলি বেকার যুবককে নেতৃত্ব দিয়ে তাদের কাজের দাবীতে জোর করে কারখানার মধ্যে ঢোকবার চেষ্টা করে এবং সেখানকার সিকিউরিটি

যাঁরা আছেন তাঁদের উপর হামলা করে এবং পুলিশ এলে সেই পুলিশের উপরে হামলা করা হয়, মারপিট করা হয়। আজকে সেখানে শ্রমিক যারা আছে তাদের কাজে বাধা সৃষ্টি করা হচ্ছে, সেখানে তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না কংগ্রেস (আই)-এর নেতৃত্বে ওখানে জোর করে বেকার যুবকদের কাজ দিতে হবে— এই নিয়ে ওরা হামলা লাগিয়েছেন এবং এর ফলে আজকে সেখানে হরতাল করে দিচ্ছেন। আমি এর প্রতিকারের জন্য অনুরোধ করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে পি ডবলিউ ডি মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী রয়েছেন, তাঁদের প্রতি খুব একটা গুরুত্বপূর্ণ বিষয়ে ব্যবস্থা অবলম্বন এবং দৃষ্টি আকর্ষণ দুটোই করতে চাই। আপনি জানেন যে কলকাতা মহানগরীর বুকে অনেক ষ্ট্যাচু বসেছে। সাধারণ মানুষ এটাকে একটা মহৎ কাজ বলে মনে করছে এবং আমরাও মনে করি যে এটা একটা ভাল কাজ। কিন্তু এই কাজের পিছনে একটা প্রচণ্ড দুর্নীতির প্রাথমিক সংবাদ আমাদের কাছে এসেছে এবং সে সম্পর্কে দু'-একটা মেটেরিয়াল ডকুমেণ্ট আপনার কাছে পেশ করবো এবং তার সঙ্গে সঙ্গে আমাদের এখানে যে-সমস্ত প্রথিতযশা ভাস্কর আছেন, শিল্পী আছেন তাঁদেরও অসম্মান করা হয়েছে, সে জন্য আমি এর তীব্র আপত্তি করছি এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দাবী জানাচ্ছি। আমি বিষয়টা এখানে উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, রামমোহন রায়ের মূর্তি ১৯৬৮ সালে যখন প্রফুল্লচন্দ্র সেন মহাশয় মুখ্যমন্ত্রী ছিলেন তখন ক্যাবিনেটের অনুমতি নিয়ে তিনি একটা ১২ ফুট ব্রোঞ্জের মূর্তির অর্ডার দেন। তারপরে ভাস্কর প্রমোদ গোপাল চট্টোপাধ্যায় মহাশয় সেটা করতে শুরু করেন। সরকার তাঁকে এই জন্য টোটাল টাকা দেন ১ লক্ষ ৯৯ হাজার ৫ শত। কিন্তু আপনি যদি যুগান্তর, আনন্দবাজার, ষ্টেটসম্যান প্রত্যেকটি সংবাদপত্র দেখেন তাহলে দেখবেন যে, সেখানে মন্ত্রী মহাশয় নিজে উল্লেখ করেছেন যে এই কাজে টোটাল কষ্ট হচ্ছে ৩ লক্ষ টাকা। আজকে প্রত্যেকটি মূর্তির পিছনে এইরকম একটা ব্যাপার থেকে যাচ্ছে। যেখানে ১ লক্ষ টাকায় কাজ প্রায় কমপ্লিট হয়ে গেছে, আমার কাছে তথ্য আছে, মন্ত্রীকে ভাস্কর নিজে চিঠি দিয়েছেন যে আমার এটা কমপ্লিট হয়ে গেছে, শুধু ওয়েলডিংটা বাকী আছে, ৮/১০ হাজার টাকা আমার দরকার, লিখিত ব্ল্যাক এ্যাণ্ড হোয়াইট চিঠি দিয়েছে। তা সত্ত্বেও উনি সেই মূর্তি তুলে এনেছেন এবং সুনীল পাল নামক একজন ভাস্করকে দিয়েছেন এবং দেবার পরে যে লোক দীর্ঘদিন ধরে তাঁর সমস্ত শিল্পীর যোগ্যতা দিয়ে সেই মূর্তিটি দাঁড় করিয়েছিলেন, এক লক্ষ টাকা যেখানে সরকারের তহবিল

থেকে গেল এবং যেখানে তিনি বলেছিলেন যে, ৮/১০ হাজার টাকা দিয়ে সেটা ওয়েলডিং করলে জিনিসটা ফিনিস হয়ে যাবে, সেখানে তা না করে উনি সেটা তুলে এনে শ্রীপালকে দিলেন এবং শ্রীপালের নামে প্রচার করা হল যে, টোটাল মূর্তিটি শ্রীসুনীল পাল তৈরী করেছেন। আমার এক নম্বর অভিযোগ হল যে, কোন-ক্রমেই প্রমোদবাবুকে অস্বীকার করার উপায় নেই। তার কারণ সমস্ত রেকর্ড, ইভন্ স্টেটসম্যানের একটা ছবি যদি দেখেন তাহলে দেখবেন যে ফ্রাইডে, দি টোয়েন্টি ফিফ্থ অক্টোবর, ১৯৭৫ যেখানে তিনি করছেন, এই মূর্তিটি রয়েছে। ওনার অভিযোগ হচ্ছে দীর্ঘ ১৭-১৮ বছর ধরে এই মূর্তিটা আছে, এটা ফিনিস হচ্ছে না। সুতরাং তাকে ব্যবস্থা অবলম্বন করতে হয়েছে। এটা অত্যন্ত অসত্য কথা। আসল উদ্দেশ্য হচ্ছে নিজেদের লোককে দিয়ে এই মূর্তিগুলি যেনতেন ভাবে করানো এবং করিয়ে টাকার শ্রাদ্ধ করা। আপনি জানেন যে, শ্যামবাজারের মোড়ে নেতাজীর ষ্ট্যাচু নিয়ে, ঘোড়ার লেজ নিয়ে একটা বিরাট ব্যাপার হয়েছিল। সেই ল্যাজ নাকি কুমীরের মত হয়েছিল। সেই ল্যাজ দেখতে দলে দলে লোক সেখানে গিয়েছিল। এটা আপনারা করেছেন এবং একটা হাঙ্গামার চূড়ান্ত করেছিলেন। আমি রিপিটেডলি উল্লেখ করেছি যে ষ্ট্যাচু হোক, আমরা এটা মহৎ কাজ বলে মনে করি। এটা হাসির জিনিস নয়, এটাকে ইয়ার্কি করে উড়িয়ে দেওয়া যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলতে লজ্জা হয়, গোষ্ঠ পালের মত একজন স্বনামধন্য মানুষের চেহারা একটা ডাকাতের মত করেছেন। তারপর রেস কোর্সের পাশে বাঘা যতীনের একটা মূর্তি দিয়েছেন। তিনি একজন বিপ্লবী মানুষ, তিনি ধুতি পরে ঘোড়ায় চড়ে ছুটছেন। এসবের মানে কি? এগুলি আমাদের গায়ে লাগে। কাজেই এগুলি দেখা দরকার।

মনীষীদের একটা ষ্ট্যাচু করলেই হোল না—ভোটের জন্য ষ্ট্যাচু করা হয়—তার একটা আলাদা ফাংশন আছে এবং সেটা যদি ফুলফিল না হয় তাহলে It is absolutely misuse of money এবং তাঁর কোন রাইট নেই এইভাবে টাকার মিসইউজ করার—পাবলিক মানি নিয়ে মিসইউজ করা। মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন আমি প্রোটেকশন চাইছি—আমি তাঁকে অনুরোধ করবো যে, এই ভাস্করের ইজ্জতকে প্রোটেকশন দেবার জন্য, তাঁর প্রেসটিজকে প্রোটেকশন দেবার জন্য, তাঁর যোগ্যতাকে স্বীকৃতি দেবার জন্য—আমি আপনাকে অনুরোধ করে বলছি দীর্ঘদিন ধরে এটা যে সংবাদপত্রে বেরুচ্ছে যে ১৮ বছর ধরে পড়ে রইলো? দ্বিতীয় হুগলী সেতুর ব্যাপারে মুখ্যমন্ত্রী যে কথা বলেন যে ইনষ্টলমেন্টে টাকা দিলে বিগ প্রব্লেম হয়ে যায়। আমি উল্লেখ করি যে ১ লক্ষ ৯৯ হাজার কয়েকশত টাকা দিতে

১৪টা ইনষ্টলমেণ্ট লেগেছে—প্রত্যেক বছর একটা করে ইনষ্টলমেণ্ট দেওয়া হয়েছে ১০৷৫৷২৷১ হাজার—এইরকম করে সরকার যদি টাকা দেয়—আবার তাও যদি ২৷৫ বছর অন্তর দেওয়া হয়, স্ট্যাচারালি সে শেষ করতে পারে নি। আমি আপনাকে দেখাতে পারি ডকুমেণ্ট দিয়ে যে, কে বা কারা এই সমস্ত মূর্তি যখন কাষ্টিং করা হয়েছে, সেই সময় ভেঙে গুঁড়িয়ে কেন তা তদন্ত হয়েছে কি? কোন গ্রেপ্তার বা কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি? কোন কিছু করেন নি—তারপর কাষ্টিং যখন করে এসেছে, তা সত্ত্বেও এই সমস্ত অসুবিধাগুলি না দেখে তাঁকে বাদ দিয়ে তার নিজের লোক মিঃ পালকে আরও অতিরিক্ত টাকা দিয়ে, যেখানে ৮ হাজার টাকা দিলে হয়ে যেতো, আমি গ্যারাণ্টি দিয়ে বলতে পারি—আপনি কি কমিশন করবেন বড় বড় অফিসার ইঞ্জিনীয়ারদের নিয়ে—যেখানে ৮ হাজার বেশী খরচ হতে পারে না, সেখানে আরও অতিরিক্ত ২ লক্ষ টাকা দিয়ে মিঃ পালকে সেই কাজে লাগানো হোল। নর্ম্যালি আপনি জানেন পৃথিবীর যে-সব ভাস্কর রয়েছেন, তাঁরা সাধারণতঃ ওয়েলডিংয়ের কাজ করেন না। তা সত্ত্বেও তিনি বলেছিলেন যে, আমি করে দিতে রাজী আছি, আরও ৮ হাজার টাকা আমাকে দিন। আমি অনুরোধ করি আপনি একটা ষ্ট্যাটুটারী বডি করুন যে কোথায় ষ্ট্যাচু বসবে, কি ধরনের মূর্তি হবে, কিভাবে খরচ হবে এবং এই ধরনের একটা বডি থাকা দরকার। মন্ত্রী বাঁই বাঁই করে ঘুরছেন চারিদিকে। তাই আমি এর প্রতিবাদ করি। Justice from the ministry—আপনারা এটা দেখুন।

শ্রীযতীন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে চিঠি পেয়েছেন ঐ চিঠি আমাদের কাছেও registered with acknowledgement due, আমার দপ্তরে পাঠিয়েছেন। আমি আপনাকে বলি এই ভদ্রলোক দাবী করেন যে, উনি নাকি ভয়ঙ্কর বড় শিল্পী। আমরা যখন গত বছর এলাম—এই বামফ্রণ্ট সরকার এবং আমি যে দিন ওথ নিয়ে গিয়ে আমার বাড়ীতে বসে আছি, ওথ নিয়ে যাবার পর হঠাৎ দেখলাম—আবার তিনি ভাল অভিনয়ও করতে পারেন—শিল্পী কিনা আমাকে একটা মিষ্টির বাক্স নিয়ে দেখা করতে এলেন। আমি যে ব্লকে থাকি সুব্রতবাবু জানেন, আমি কোন্ ব্লকে থাকি—আমি তিন তলায় থাকি এবং চার তলায় উনি উঠেছিলেন—ঐ ভদ্রলোক নীচের তলায় থাকেন—উনি হঠাৎ দেখি মিষ্টির বাক্স নিয়ে আমার কাছে চোখের জল নিয়ে সে একেবারে হৈ হৈ করছে। বল্লাম কি ব্যাপার? আপনি কে? উনি বল্লেন আমি নীচে থাকি—আমি একজন শিল্পী, আমাকে খুব ঠকিয়েছে। আমি বল্লাম মিষ্টি এনেছেন কেন? উনি বল্লেন আপনি

নির্বাচিত হয়ে এসেছেন। এই ভদ্রলোককে আগে দেড় লক্ষ টাকা কংগ্রেস সরকার দিয়ে গিয়েছে। তারপর উনি বল্লেন যে আমার আরও টাকা লাগবে। আমি তখন অর্থ দপ্তরের মঞ্জুরী নিয়ে এই রামমোহন রায়ের মূর্তি তৈরী করার যে কমিটি ছিল—সেই কমিটিতে করুণাকেতন সেন, জাসটিস মাশুদ, ডাঃ প্রতুল গুপ্ত—এই সমস্ত লোকরা আছেন—মস্ত বড় এঁরা সকলে মিলে আমাকে বার বার তাগাদা করছেন। আমি তখন বল্লাম যাক এতো টাকা যখন গিয়েছে, আরও কিছু দেওয়া যায় কিনা। আমি মুখ্যমন্ত্রীর সাথে আলাপ করলাম—উনি বললেন আরও কিছু টাকা আপনি দিয়ে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি শুনলে অবাক হয়ে যাবেন—সেই ভদ্রলোককে ভদ্রভাষায় বলতে হয় উনি একজন জোচ্চোর।

মিঃ স্পীকারঃ জোচ্চোর কথাটা এক্সপাঞ্জ হবে।

শ্রীযতীন চক্রবর্তীঃ তিনি অসৎ অসাধু। আমি তাকে আরও প্রায় ১ লক্ষ টাকা দিলাম এবং দেখবেন ঐ পি. জি. হাসপাতালের সামনে ঐ স্বামী বিবেকানন্দের যে মূর্তি, তার পিছনে কতগুলি টুকরো মাত্র ছিল। সেই টুকরো রাখায় সেখানে অসুবিধা হচ্ছে, লোড শেডিংয়ের জন্য কাজ করতে পারছে না। সে বাড়ীতে নিয়ে গেল—আমার কোয়ার্টারের সমস্ত লোক আপত্তি করা সত্ত্বেও আমি তাকে জায়গা করে দিলাম, পুলিশ দিলাম যাতে এগুলি চুরি না যায়। দেখা গেল কতগুলি ভাঙ্গা অংশ কিছু কিছু এদিক ওদিক ছড়িয়ে আছে। কিন্তু কোন কিছুই সে করেনি।

[2.10—2.20 P. M.]

উনি একদম কিছু করেন নি। আপনি একবার দেখলেই বুঝতে পারবেন। তারপর আমি যখন দেখলাম এই অবস্থা, তখন একদিন আমি বললাম, আপনি যে টুকরোগুলো করেছেন, এইগুলো এ্যাসেম্বল করতে পারবেন না। ইতিমধ্যে রাম-মোহন রায়-এর অনুষ্ঠান হওয়ার কথা, সময় হয়ে এসেছে, তাঁরা এসে আমার কাছে তাগাদা করছেন, তখন আমি সেখানে গিয়ে পুলিশ নিয়ে, আমি নিজে রসিদ দিয়ে সেই সমস্ত টুকরোগুলো নিয়ে যাই। সেই টুকরোগুলো আমি শান্তি পালকে দেখাই। শান্তি পাল সম্পর্কে উনি জানেন, শান্তি পাল আর্ট কলেজে এই বিভাগের অধ্যক্ষ, প্রখ্যাত শিল্পী, তিনি সহজে এটা নিতে চান নি, এটার জন্য খরচ হবে এক লক্ষ টাকা। উনি দেড় লক্ষ টাকা চেয়েছিলেন, আমি তাঁকে অনুরোধ করে বললাম,

এত টাকা বেরিয়ে গেছে—তখন উনি রাজী হলেন। এই যে মূর্তির টুকরোগুলো করা হয়েছে, এইগুলো জোড়া দিয়ে দিয়ে করতে হবে, অনেক জায়গায় নূতন করে করতে হচ্ছে। এই ভাস্কর সুনীল পাল সাহস করেছেন এই জিনিস করতে এবং তিনি নির্দিষ্ট দিনেই দেবেন। আর ঐ ভদ্রলোক বারবার ঠকিয়ে, প্রতিশ্রুতি ভঙ্গ করে, চোখের জল ফেলে টাকা নিয়েছেন, তারপর বললেন যে আমরা নিজেরা ব্রোঞ্জ কাষ্টিং করিনা, চিন্তামণি কর, তিনি তো একজন প্রখ্যাত ভাস্কর, তিনি শরৎ চন্দ্রের মূর্তি করছেন। অথচ ঐ অসৎ ভদ্রলোক কি ভাবে ঠকিয়ে আমার কাছ থেকে টাকা নিয়ে গেছেন, কিন্তু কাজ কিছুই করেন নি। সুতরাং সুনীল পাল এই মূর্তি করছেন এবং তাঁর এই ব্যাপারে কৃতিত্ব আছে।

Government Business

Financial

Budget of the Government of West Bengal for 1983-84

Part XII

Voting on Demands for Grants

DEMAND No. 21

Major Head : 255-Police

Shri Jyoti Basu : Mr. Speaker, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,23,57,35,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "255-Police".

(This is inclusive of a total sum of Rs. 20,59,56,000 already voted on account in March, 1983).

Mr. Speaker : All the cut motions are in order and are taken as moved.

Shri Subrata Mukherjee : Mr. Speaker, I beg to move that the amount of Demand be reduced to Re. 1/-.

Sir, I also move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Kashinath Misra : Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Jokhilal Mondal : Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Dr. Sukumar Roy : Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশমন্ত্রী ১২৩ কোটি ৫৭ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের যে দাবী পেশ করেছেন, আমি তা গ্রহণ করতে পারছি না, বিরোধিতা না করে উপায় নেই। কারণ ১৯৭৭ সালে ৪৭ কোটি টাকা থেকে বেড়ে পুলিশ খাতে আজকে দাঁড়িয়েছে ১২৩ কোটি ৫৭ লক্ষ টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক সরকার পুলিশ রাখে, পুলিশ থাকাটাই স্বাভাবিক। কিন্তু পুলিশ রাখতে হবে কি জন্য এবং পুলিশ খাতে খরচ করা হবে কি জন্য সেটা পশ্চিম বাংলার লোকের জানার বিষয়।

মুখ্যমন্ত্রীর কাছে আই. জি. থাকবেন, পুলিশ কমিশনার থাকবেন। স্বয়ং মুখ্যমন্ত্রী একটি বিরাট পুলিশ বাহিনী নিয়ে সব সময় থাকেন। তা সত্ত্বেও এবারে তিনি ঠিক করলেন রাজভবন থেকে রাইটার্স বিল্ডিংস একটি খোলা জীপে যাবেন এবং জীপ সাজানও হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, তাঁর আসা আর হল না। কারণ রাজভবন থেকে রাইটার্স বিল্ডিংস পর্যন্ত তাঁর সিকিউরিটি নেবার ক্ষমতা পুলিশের নেই। শেষ পর্যন্ত তাঁকে একটি সাদা এ্যাম্বাসাডার গাড়ীতে করে আসতে হল। তার কারণ কি? নিরাপত্তার অভাব—রাজভবন থেকে রাইটার্স বিল্ডিংস পর্যন্ত পৌঁছবার নিরাপত্তা যদি না থাকে এবং পুলিশ যদি সেই দায়িত্ব গ্রহণ করতে না পারেন তাহলে এই ৫৷৷ কোটি লোকের দায়-দায়িত্ব, তাদের সিকিউরিটি, ধন-সম্পত্তি রক্ষা করার দায়-দায়িত্ব পুলিশমন্ত্রী এবং তাঁর সাঙ্গ-পাঙ্গ যে-সব পুলিশ আছেন তাঁরা নিতে পারেন কি? মুখ্যমন্ত্রীর কাছে এটাই আমার প্রথম প্রশ্ন। মুখ্যমন্ত্রী হবার পর থেকে পুলিশ দপ্তর তাঁর কাছে আছে। তাঁর কাছে আমার সবচেয়ে বড় প্রশ্ন হল, পুলিশ দপ্তর থাকার পরে পুলিশের কোন উন্নতি হয়েছে কি না, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছে কি না—এই সব প্রত্যেকটি প্রশ্নের জবাব আমি তাঁর কাছ থেকে চাই। পশ্চিমবাংলায় যে জন্য পুলিশ রাখা হয়েছে—সেই আইন-শৃঙ্খলার উন্নতি হচ্ছে কি না, মানুষের নিরাপত্তা আছে কিনা, এই সব আমরা জানতে চাই। পশ্চিমবাংলার মানুষ স্বাধীনভাবে ঘোরাফেরা করতে পারছে কিনা, পশ্চিমবঙ্গের লোকের গণতান্ত্রিক অধিকার রক্ষা করার জন্য আন্দোলন করার কোন অধিকার আছে কি না এবং পশ্চিমবাংলায়

গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য যে-সমস্ত আন্দোলন হয়েছে তাতে পুলিশ কতবার গুলি চালিয়েছে এবং কতজন মরেছে, তার একটা হিসাব আমি পুলিশমন্ত্রীর কাছ থেকে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশমন্ত্রী হিসাবে তাঁর দক্ষতার নজির আমি এক-একটি করে তুলে ধরব এবং মাননীয় সদস্যদের আমি এর থেকে বোঝাবার চেষ্টা করব যে, বর্তমান বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার পর থেকে খুন, নারীধর্ষণ, রাহাজানি কি পরিমাণে বেড়েছে। ৪৭ কোটি টাকার জায়গায় ১২৫ কোটি টাকা আমরা দেব কেন? আজকে যিনি চীৎকার করছেন মহারানী ভবানী, তাঁকে বলতে চাই, আপনারা কি মহিলাদের ইজ্জত রক্ষা করতে পেরেছেন? উনি বোধহয় জানেন না যে, আজকেও পশ্চিমবাংলার বুকে নারী নির্যাতন হচ্ছে, এটা ওঁদের মুখ থেকেই প্রকাশিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শুধু বিরোধী দলের কথা নয়, প্রথম দিকে আর. এস. পি., পাশে ফরোয়ার্ড ব্লক-এর যে-সব সদস্য বসে আছেন, তাঁদেরও একই প্রশ্ন—আমি তাঁদের কাছে লেটেষ্ট একটি সংবাদ পরিবেশন করে আমার বক্তব্য শুরু করব। আর. এস. পি.র-মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় নিজে স্বীকার করেছেন, প্রকাশ্য দিবালোকে যেরকম ভাবে খুন হচ্ছে তাতে দেশের আইন-শৃঙ্খলার অবস্থা কোথায় আছে? স্বয়ং আই. জি. গোলক মজুমদার তাঁর পুলিশ বাহিনীর মৃতদেহে মালা দিতে গিয়ে বলেছিলেন, এইরকম হচ্ছে কেন? আমাদেরও সেই একই প্রশ্ন কেন হচ্ছে? এর জবাব মুখ্যমন্ত্রীকে দিতে হবে। আমি যদি সব পুলিশকে দোষী করে বলি যে, পুলিশ ঠিক ঠিক কাজ করছে না তাহলে নিশ্চয়ই ভুল হবে। তাহলে ভুল করছে কে? ভুল যদি কেউ করে থাকেন সেই ভুল পশ্চিমবাংলার পুলিশমন্ত্রীই করছেন। কোন্ মন্ত্রী লাল-বাজারে জাতীয় পতাকা ছেড়ে নিজেদের কাস্তে-হাতুড়ী মার্কা পতাকা উত্তোলন করেন? সেখানকার কর্মচারী এবং কনষ্টেবলরা কমরেড জ্যোতি বসুর নামে শ্লোগান দেয়, ইতিহাসে এই নজির আছে? ইতিহাসে এই নজির যদি না থেকে থাকে এবং পুলিশ বাহিনীতে যদি রাজনীতি ঢোকানোর প্রবণতা সবচেয়ে বেশী বেড়ে থাকে তাহলে সেই প্রবণতা বামফ্রন্টের আমলেই বেড়েছে এবং স্বয়ং পুলিশ মন্ত্রী জ্যোতি বসু সেই রাজনীতি ঢুকিয়েছেন।

[2.20—2.30 P. M.]

তার ফল কি হয়েছে? জ্যোতিবাবু সেখানে ঢুকলেন। চারিদিকে লাল ঝাণ্ডা, ইনক্লাব জিন্দাবাদ হচ্ছে এবং সেখানে কাস্তে-হাতুড়ী মার্কা পতাকা উড়ছে। এটা কি পুলিশমন্ত্রীর পরিচ্ছন্ন এবং নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীর একটা নমুনা? আমি জানতে

চাই, স্বাধীনতার পর থেকে যত মুখ্যমন্ত্রী এবং পুলিশমন্ত্রী পশ্চিমবাংলায় হয়েছেন তাঁদের কারুর সময় চরকাওয়ালা পতাকা উড়েছে কি ঐ লালবাড়ীতে? এটা করা হল কেন? এটা করা হল পুলিশ বাহিনীকে নিজেদের দলে আনবার জন্য। তাদের রাজনৈতিক চেতনাসম্পন্ন করার নামে সি পি এম-কে সমর্থন করার জন্য তাদের মধ্যে একটা দল তৈরী করা হল। আগে ছিল পুলিশ এ্যাসোসিয়েশান, পরে নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশান তৈরী করা হল। এটা করা হল ডিভাইড এ্যাণ্ড রুল পলিসিতে তাদের চালাবার জন্য। বৃটিশ সাম্রাজ্যবাদ যেমন এ দেশে শাসন করার সময় ডিভাইড এ্যাণ্ড রুল পলিশি নিয়ে চলতেন, ঠিক সেই পথই পশ্চিমবঙ্গের পুলিশমন্ত্রী নিলেন। ডিভাইড এ্যাণ্ড রুল পলিশি চালাবার জন্য নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশান তৈরী করে তাদের মদত দিলেন। তার ফল কি হল? আমি ওঁকে বলছি, উনি যেটা করার চেষ্টা করেছিলেন এবং যার জন্য সমর্থন করেছিলেন তাঁরাই এখন ব্যুমেরাং হয়ে দাঁড়িয়েছে। এটা কি অস্বীকার করতে পারেন? তাই তাঁকে মাঝখানে বলতে হয়েছিল দুটি এ্যাসোসিয়েশান ভেঙ্গে দিতে হবে। নিশ্চয় তাঁর মনস্কামনা পূর্ণ হয় নি, সেইজন্যই তিনি এই কথা বলেছেন। তারপর মাননীয় পুলিশমন্ত্রীকে আরো একটি কথা বলি—তিনি কলকাতায় ফিরে আসার পর কান্তি গাঙ্গুলী তাঁর সামনে প্রেসের রিপোর্টারদের ডেকে এবং অন্যান্য লোকদের ডেকে কথা বললেন। তিনি যদি খুনের কেসের সঙ্গে জড়িত না থাকেন তাহলে কলকাতা পুলিশ কলকাতা শহরে তাঁকে পেল না কেন? যেই আপনি ফিরে এলেন কালিম্পং থেকে অমনি কান্তি গাঙ্গুলী আপনার সামনে হাজির হলেন। পশ্চিমবঙ্গের পুলিশমন্ত্রী এখানে প্রটেকশান দিয়েছেন, পশ্চিমবঙ্গের পুলিশমন্ত্রী খুনের আসামীকে সাহায্য করছেন, সমাজবিরোধীদের হাতকে শক্ত করছেন, যেহেতু তারা তাঁর পার্টির ক্যাডার, এসব অস্বীকার করার কোন উপায় নেই। আমরা যদি স্যার, দেখতাম পুলিশমন্ত্রী তাঁর বিরাট পুলিশবাহিনী নিয়ে মানুষের উপকার করছেন, তাহলে নিশ্চয় আমরা তাঁকে সাধুবাদ জানাতাম, কিন্তু তা আমরা দেখতে পাইনি। সেখানে যদি আমি পরিসংখ্যান তুলে ধরি তাহলে ওঁর সাদা মুখ একেবারে কালো হয়ে যাবে, মাথা নীচু হয়ে যাবে। স্যার, এই পরিসংখ্যান দিতে গিয়ে আমি খুন এবং নারীধর্ষণের পরিসংখ্যান দেব, অন্য বিষয়ে যাব না, কারণ আমার সময় কম। স্যার, চলতি বছরের ৮২-৮৩ সালের ৬ মাসে পশ্চিমবঙ্গে খুন হয়েছে ৭১২টি। এর মধ্যে কলকাতায় হয়েছে ৩৭টি এবং বাকিগুলি অন্যান্য জায়গায় হয়েছে। এই সময় গোটা রাজ্যে ২৩২টি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে। স্যার, এটা

যদি সত্য না হয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন আমি পদত্যাগ করবো। আমি এই পরিসংখ্যানগুলি দিচ্ছি সরকারের প্রদত্ত বই থেকে।

১৯৮১-৮২ সালে মোট খুন হয়েছে ১,৫৩৫। এর মধ্যে কলকাতায় ১০০ এবং মফঃস্বলে হয়েছে ১,৪৩৫। এর আগের বছর এই রাজ্যে খুন হয়েছে ১,৪৬০। কলকাতায় হয়েছে ১১৭ এবং মফঃস্বলে হয়েছে ১,২৯০। ১৯৮০ সালে গোটা বাংলায় নারীধর্ষণের সংখ্যা হচ্ছে ৫৭৭। এর মধ্যে কলকাতায় ১৭ এবং মফঃস্বলে ৫৬০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৫ বছরে পশ্চিমবঙ্গ রাজ্যে মোট নারীধর্ষণের সংখ্যা হচ্ছে ২,৬০৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে খুনের একটা হিসাব যদি দেই তাহলে তাঁরা নিশ্চয়ই খুশি হবেন যে, মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশাসন কি রকম কাজ করছে। ১৯৭৭ সালে খুন হয়েছে ৮৪১, ১৯৭৮ সালে খুন হয়েছে ৯৩২, ১৯৮০ সালে খুন হয়েছে ১,২৯০, ১৯৮১ সালে হয়েছে ১,৪৩৫ এবং ১৯৮২ সালের ৬ মাসে ৭১৫। আমি শুধু খুন এবং নারীধর্ষণের হিসাব দিলাম। আপনার মাধ্যমে পরিসংখ্যান দিয়ে বোঝালাম যে, দিনের পর দিন খুন বাড়ছে, দিনের পর দিন রাহাজানি বাড়ছে, দিনের পর দিন নারীধর্ষণ বাড়ছে এবং তার সংগে দিনের পর দিন মুখ্যমন্ত্রীর পুলিশ বাজেটে টাকা বাড়ছে। কারণ খুন বাড়াতে হবে, নারীধর্ষণ বাড়াতে হবে এবং তার জন্য পুলিশ বাহিনী দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা কথা বলি। আজকে পুলিশ রেখে যদি পশ্চিমবাংলার মানুষের উপকার না হয়, মানুষ যদি গ্রাম থেকে শহরে আসে, তারা যদি গ্রাম থেকে বাড়ী ছাড়া হয়ে সি পি এম-এর অত্যাচারে চলে আসে তাহলে নিশ্চয়ই বলবেন না যে, এই পুলিশ বাজেটে টাকা দিতে স্বীকার করবো। মাননীয় সদস্যদের মনে আছে কি না জানি না, ইসলামপুরে যে ঘটনা হল সেই ঘটনার পরে মুখ্যমন্ত্রী কি পুলিশকে ট্রান্সফার করেছেন? সেই ট্রান্সফার করেন নি। সেই ট্রান্সফার করার ক্ষমতা তাঁর ছিল না, কারণ এই সরকারের নিজেদের লোকেরা সেখানে ছিল, তারা বাধা দিয়েছে। তারপর দমদম সেণ্ট্রাল জেলে যে ঘটনা হয়ে গেল, স্বাধীনতার পরে কোন দেশে, পশ্চিমবাংলার ইতিহাসে এই ঘটনা হয়েছে কি? এটা বর্ণনা করা যায় না। চাপড়ায় কি হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব করেছি। মুখ্যমন্ত্রী বলেছেন যে, আনুমানিক একটা জায়গায় সাম্প্রদায়িক দাংগা হয়েছে। কিন্তু এঁরা আসার পরে ৪টি জায়গায় সাম্প্রদায়িক দাংগা হয়েছে। তার একটা কারণ হচ্ছে পুলিশ নিষ্ক্রিয়, পুলিশের কৌন ভূমিকা নেই। আজকে পুলিশ খুন হচ্ছে। গোলক মজুমদার বলেছেন যে, এসব কি ঘটছে। এটা তাঁর দোষ নয়, যদি দোষ কিছু থাকে

সটা পুলিশমন্ত্রীর দোষ। আজকে থানায় ডায়েরী করার ক্ষমতা নেই। কোন সি পি এম-এর এম এল এ-এর বিরুদ্ধে ডায়েরী করতে গেলে ডায়েরী করা যাবে না। যাদবপুরে খুন হল, তার মা ডায়েরী করতে গিয়েছিলেন। তাঁকে বলা হল যে, এল সি কমিটির কাছ থেকে লিখে আনুন তাহলে ডায়েরী নেব। আজকে পশ্চিমবাংলা কোথায় এসে দাঁড়িয়েছে। সি পি এম-এর বিরুদ্ধে কোন অভিযোগ হলে সেই অভিযোগ গ্রহণ করা হবে না। আজকে পশ্চিমবাংলায় পুলিশ খুন হচ্ছে, তার কারণ পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু-জন হাইকোর্টের প্রাক্তন জজকে টেলিফোন করে জিজ্ঞাসা করেছিলাম যে, আপনাদের নাম বলবো না, আপনারা বলুনতো পশ্চিমবাংলার আইন-শৃংখলার অবস্থা কি? তাঁরা বললেন যে, আইনের উপর মানুষের শ্রদ্ধা কমে গেছে, সে জন্য এই অবস্থা। বারুইপুরের টংতলায় পুলিশ খুন হল। সেই খুনী আসামীকে হাজিরের জন্য পাবলিক প্রসিকিউটার বলেছেন, I concede. I have no objection.

[2.30—2.40 P. M.]

আজকে পুলিশের মনোবল আছে কি? না নেই। পুলিশ খুন হওয়া সত্ত্বেও খুনীকে পুলিশ জামিন দিতে বাধ্য হচ্ছে। জামিনের কথায় পুলিশ বলছে, আই কনসিড, আই হ্যাভ নো অবজেকশন। তার মানে কি দাঁড়াল? পুলিশ যদি খুন হয় এবং সি পি এম যদি খুন করে, তাহলে পুলিশ বিচার পায় না। সেই জন্যই গোলক মজুমদার অনেক দুঃখ করে একথা বলেছেন এবং আমরা তা বিশ্বাস করি। কোন পুলিশ কর্মচারী খুন হলে তাঁকে শুধু একটা মালা দেওয়া হয়। আমি মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি, তিনি তাঁর জবাবী ভাষণে উত্তর দেবেন, পুলিশ খুন করার জন্য তাঁর রাজত্বকালে ক'জনের জেল হয়েছে, পুলিশ খুন করার জন্য ক'জন সি পি এম ক্যাডার প্রসিকিউটর আছে? পুলিশমন্ত্রী তাঁর জবাবী ভাষণে বলবেন, আজ পর্যন্ত একজনও পুলিশ খুনের আসামী জেলে আছে কিনা? আমার কাছে যে তথ্য আছে, তাতে আমি দেখছি একজনও পুলিশ খুনের আসামী জেলে নেই। আমরা দেখছি সি পি এম-এর লোক যদি আসামী হয় তাহলে বেল্ মুভ করা হচ্ছে। অর্থাৎ প্রসিকিউটরদের সমর্থন করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এক-জন আইনজ্ঞ, আপনি জানেন ম্যাজিষ্ট্রেটদের খুনের কেসে জামিন দেবার কোন ক্ষমতা নেই। অথচ একজন রোগী জখম হয়ে মহেশতলা হাসপাতালে শুয়ে আছে, সেখানে গিয়ে সি পি এম-এর লোক তাকে গুলি করে মেরে এলো, আসামী

সারেণ্ডার করল, এ্যারেষ্ট হলো, ম্যাজিষ্ট্রেটের কাছে তাকে নিয়ে যাওয়া হল এব সংগে সংগে তাকে বেল্‌ও দেওয়া হল। কেন সেখানে এই ব্যবস্থা হলো? কারণ আসামী সি পি এম-এর কমরেড, সুতরাং তাড়াতাড়ি সি পি এম-এর নেতা তথা এম এল এ সেখানে গিয়ে দাঁড়িয়েছে। আজকে পশ্চিমবাংলায় সি পি এম-এর লোক পুলিশ খুন করলেও তাদের জেল হয় না। আর কংগ্রেসের লোক যদি করে, তাহাল নিশ্চয়ই জেল হবে। ফরোয়ার্ড ব্লক যদি করে, তাহলে নিশ্চয়ই হবে, আর এস পি যদি করে, তাহলে নিশ্চয়ই হবে। নিশ্চয়ই এরা কেউ প্রোকেটশন পাবে না। এই অবস্থা দাঁড়িয়েছে পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলার মানুষের কাছে সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে, পশ্চিমবাংলায় কি পুলিশ প্রশাসন চলছে? আজকে পশ্চিমবাংলায় পুলিশ কেন আছে? আমরা যখন আন্দোলন করছি তখন পুলিশের চোখের সামনে সি পি এম গুণ্ডারা আমাদের ওপর আক্রমণ করছে, পুলিশ কিছু করতে পারছে না! ট্রাম-বাসের ভাড়া নিয়ে আন্দোলন হলো, পুলিশের চোখের সামনে সি পি এম-এর ঠ্যাঙাড়ে বাহিনী আন্দোলনকারীদের ওপর আক্রমণ করছে, পুলিশ পাশে দাঁড়িয়ে দেখছে। এই যদি অবস্থা হয়, তাহলে হোয়াট ইজ দি ইউস্ অফ পুলিশ? হোয়াই দেয়ার ইজ পুলিশ ফোর্স? আজকে সর্বত্র সি পি এম-এর ক্যাডাররা যদি সাফিসিয়েন্ট হয়, তাহলে এই পুলিশ বাজেটের প্রয়োজন কি? সি পি এম-এর ক্যাডাররা গণতান্ত্রিক আন্দোলন ভাঙছে, পুলিশ পাশে দাঁড়িয়ে তা দেখছে। এই চিত্র আজকে সংবাদপত্রের কোন ফটোর অপেক্ষা রাখে না, পশ্চিম-বাংলার প্রতিটি লোক এই চিত্র প্রতিদিন নিজেদের চোখ দিয়েই দেখতে পাচ্ছেন। আজকে আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, সি পি এম-এর লোকেদের গণতান্ত্রিক আন্দোলন ভাঙবার অধিকার কে দিয়েছে? মুখ্যমন্ত্রী যদি এই অধিকার দিয়ে থাকেন, তাহলে কোটি কোটি টাকা (১২৫ কোটি টাকা) চেয়ে তাঁর এখানে পুলিশ বাজেট পেশ করবার কোন দরকার ছিল না। পুলিশকে তিনি বিপন্ন করে রেখেছেন, পুলিশের সমস্ত ক্ষমতা কেড়ে নিয়েছেন। তিনি যেদিন লালবাজারে গিয়ে নিজেদের পতাকা উড়িয়েছিলেন এবং পুলিশকে শ্লোগান দিতে শিখিয়ে-ছিলেন, সেদিন থেকেই তিনি পুলিশের এই অবস্থা করে দিয়েছেন। তিনি কি বলতে পারেন, আজকে পশ্চিমবাংলার মানুষ কেন পুলিশ ষ্টেশনে গিয়ে তাঁদের দাবী-দাওয়ার কথা বলতে পারেন না? এর আগেও কয়েক বার আমি এই বিধান-সভায় বলেছি, সি পি এম ক্যাডাররা মানুষকে ধরে নিয়ে গিয়ে আটকে রেখে দিচ্ছে, মারধোর করছে এবং যারা মার খাচ্ছে তাদেরই আবার পুলিশ এ্যারেষ্ট করছে। যারা মারছে তাদের পুলিশ এ্যারেষ্ট করে না। এ কথা কি আজকে

মুখ্যমন্ত্রী অস্বীকার করতে পাববেন ? আমি জানি তিনি অস্বীকার করতে পারবেন না। আমরা জানি এবং পশ্চিমবাংলার প্রতিটি মানুষ জানেন আজকে পশ্চিমবাংলার পুলিশ প্রশাসনের সাধারণ মানুষের জন্য কোন কিছু করবার কোন অধিকার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী কি এখানে দাঁড়িয়ে বলতে পারেন যে, নদীয়াতে কোন পুলিশ প্রশাসন আছে কি না? সেখানে আজকে প্রশাসনযন্ত্র এ্যান্টি-সোসালদের হাতে ভেঙে পড়েছে। আর আমরা আশ্চর্য হয়ে দেখছি, কোথাও কোন এ্যান্টি-সোসালকে ধরা হলেই সি পি এম-এর লোকেরা তার পাশে গিয়ে দাঁড়াচ্ছে! আবার দেখছি যদি কোন কংগ্রেসী লোক খুন হন, তাহলেই মুখ্যমন্ত্রী জবাব দেন—পুলিশের কাছ থেকে রিপোর্ট নিয়ে—যে খুন হয়েছে, সে এ্যান্টি-সোসাল। তা আমি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করছি, এ্যান্টি-সোসালকে খুন করবার অধিকার কি আইনে কাউকে দেওয়া আছে? এ্যান্টি-সোসালের নামে কেউ কি মানুষ খুন করতে পারে? পুলিশ রিপোর্ট সাজিয়ে বলে দেয়, এ্যান্টি-সোসাল খুন হয়েছে, মুখ্যমন্ত্রীও বিধানসভায় এসে সেই বক্তব্য রাখেন। কিন্তু পশ্চিমবাংলার ইতিহাসে এই নজির এতদিন ছিল না, আজকে সেই নজির সৃষ্টি হয়েছে। বর্তমান মুখ্যমন্ত্রীর সাড়ে পাঁচ বছর রাজত্বে পশ্চিমবাংলায় সাড়ে ছয় হাজার মানুষ খুন হয়েছে। কেন হয়েছে? কেন? এই সাড়ে ৬ হাজার খুনের জন্য দায়ী কে? আজকে যদি কাউকে কাঠগড়ায় দাঁড় করাতে হয় তাহলে আমি বলবো মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীকে কাঠগড়ায় দাঁড় করিয়ে বিচার করা উচিৎ। উনিই সবচেয়ে বড় অপরাধী। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবনতির ক্ষেত্র তিনিই তৈরী করে দিয়েছেন। এটা তিনি অস্বীকার করতে পারবেন না। হয়তো তিনি অস্বীকার করে বলবেন কংগ্রেস কি বললো তা বোঝা গেল না। কিন্তু আমি বলছি, কংগ্রেস যেটা বলছে, সংখ্যা তথ্য দিয়ে প্রকৃত ঘটনার কথা বলে আপনাকে বোঝাতে চেষ্টা করছে, যদিও জানি আপনি বুঝবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন, পশ্চিমবাংলার পুলিশ বাহিনীতে একটি নতুন দলের সৃষ্টি হয়েছে, নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশন ওনারা সৃষ্টি করেছেন। কিন্তু দুঃখের বিষয়, শ্রীকে কে মজুমদার, ডি সি, হেড কোয়ার্টার, যার মেমো নাম্বার হচ্ছে ১০৬ সি আর ও, ডেটেড ১২-১-৮৩ তারিখে শ্রীঅনিল ভট্টাচার্যকে (এ এস আই) ট্রান্সফার করলেন। কিন্তু যেহেতু কলকাতা পুলিশ এ্যাসোসিয়েশানের পক্ষ থেকে তার জন্য বলা হয়েছে সেহেতু তার ট্রান্সফার অর্ডারটি ক্যানসেল করা হবে। সুতরাং যদি কেউ সি পি এম-কে ধরতে পারে—সে যত বড়ই অপরাধ করুক না কেন—তার বিচার হবে না।

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বারবার বলেন, ওনারা খালি সমালোচনা করেন, কিন্তু কোন কংক্রিট সাজেশান দেন না। আমি ওনাকে কিছু সাজেশান দেবো, অনুগ্রহ করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই ব্যাপারে কিছু করা যায় কিনা ভেবে দেখবেন। আজকে পুলিশ যে ভূমিকা নিয়েছে তারজন্য আইনের উপর লোকের শ্রদ্ধা নেই। পুলিশ আইনমাফিক কাজ করতে পারছে না। এক সময়ে পশ্চিমবাংলার পুলিশ সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ স্থানে ছিল। কিন্তু যেদিন থেকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে সেদিন থেকে পুলিশ বাহিনী আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা একটার পর একটা ভাবুন। যেদিন থেকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে সেদিন থেকে পুলিশকে রাজনীতি করতে শিখিয়েছে, দলের সমর্থক করাতে শিখিয়েছে, যার ফলে পশ্চিমবাংলায় পুলিশ প্রশাসন সম্পূর্ণ ভেঙে পড়েছে। দেশের পুলিশকে কাজ করতে দিচ্ছে না। আপনাদের দলের স্বার্থে তাদের কাজে লাগাচ্ছেন। বিরোধীদল বা অন্য কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে তাদের কাজে লাগানো হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী এই ৫ বছরে পুলিশ বাহিনীতে সবচেয়ে যে কুখ্যাত কাজটি করেছেন—আমি এটা বলে এই বিধানসভায় রেকর্ড রাখতে চাইছি, কারণ রেকর্ড যদি না থাকে তাহলে এমন একদিন আসবে যখন তাঁরা বলতে পারবেন না—সাড়ে ৫ বছরে এই জ্যোতিবাবু ৬ হাজার পুলিশ পারসোনেল বিভিন্ন ডিপার্টমেন্টে ঢুকিয়েছেন। যারা সি পি এমের হার্ডকোর ক্যাডার তাদের ঢুকিয়েছেন। এমন একদিন আসবে যেদিন এই পশ্চিমবাংলায় অ-কমিউনিষ্ট সরকার হবে, সেদিন এই পুলিশ বাহিনী আসামের মত বিদ্রোহ ঘোষণা করবে যারা সরকারে থাকবে তাদের বিরুদ্ধে, তাদের কথা শুনবে না—এটা করার জন্য তিনি সুচতুরভাবে পুলিশ বাহিনীকে হাত করছেন। কারণ তিনি মনে করেছেন পুলিশ বাহিনী যদি হাতে না থাকে তাহলে পশ্চিমবাংলায় আবার সরকারে আসা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্লু-প্রিণ্ট অনেকদিন আগেই তৈরী হয়েছে, একটার পর একটা কাজ হচ্ছে। মাননীয় জ্যোতিবাবু মনে করছেন, এই ব্লু-প্রিণ্টে যদি কাজ হয় তাহলে আগামী দিনে যদি অ-কমিউনিষ্ট সরকার পশ্চিমবাংলায় আসে তাহলে এই পুলিশ বাহিনী হয়তো তাদের সেবা করবে না। সুতরাং সেদিন যদি কেউ পশ্চিমবাংলার বুকে বিশ্বাসঘাতকতা করে তাহলে এই সি পি এম এর জন্য দায়ী হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেন, কংগ্রেস খালি সমালোচনা করে, কোন সাজেশান দেয় না। আমি কয়েকটি সাজেশান আপনাকে দেবো, আপনি যদি পারেন জবাবী ভাষণে বলবেন। অনুগ্রহ করে যদি রাখবার চেষ্টা করতে

পারেন তো রাখবেন। আপনি জানেন, আমাদের ১৬টা ডিষ্ট্রিক্ট আছে এবং ৪৭টি পুলিশ সাব-ডিভিসন আছে।

[2.40—2.50 P. M.]

১৮০টি সার্কেল আছে। আমি আপনাকে প্রথম সাজেশানটা দিচ্ছি যে, রিজার্ভ যারা আছে, প্রত্যেকটি ডিষ্ট্রিক্ট হেড কোয়ার্টার্সে যে কয়টি রিজার্ভ অফিস আছে তাদের কাজ কি? ক্ল্যারিক্যাল জব, যে কাজগুলি ক্ল্যারিক্যাল জবের মাধ্যমে করা যায় সেখানে একটা বিরাট পুলিশ বাহিনী আছে। আপনি জানেন যেখান থেকে জুডিসিয়াল এ্যাণ্ড এক্সিকিউটিভ সেপারেট হয়েছে সেখানে কোর্টেতে প্যানেল অফ পাবলিক প্রোসিকিউটার আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্যানেল অফ পাবলিক প্রোসিকিউটার যেখানে থাকে - সেই প্যানেল অফ পাবলিক প্রোসিকিউটারের জায়গায় কোর্ট ইন্সপেক্টার, সাব-ইন্সপেক্টারে ভারী করে রেখে দিয়েছেন। তার ফলে হচ্ছে কি? কাজেই এই সমস্ত পুলিশ বাহিনীকে থানাতে নিয়ে যাওয়া দরকার। একটা কথা আমি জানি, আপনিও নিশ্চয় জানেন, অনেকদিনের মন্ত্রী। মাশুদ কমিটি সাজেষ্ট করেছিলেন যেটা সেটা হচ্ছে হাজরা কমিশনে মাশুদ কমিটি রিপোর্ট দিলে তিনি বলেছিলেন যে, থানাতে পুলিশ বাহিনী বাড়াবার দরকার আছে। নিশ্চয় দরকার। আমরা জানি বর্তমানে পুলিশ বাহিনী বাড়াবার দরকার আছে, পুলিশ বাহিনীকে ক্ল্যারিক্যাল জবে ফেলে রেখে দিয়েছেন। পুলিশের রেশন ষ্টোর আছে। রেশন ষ্টোরে হাজার হাজার পুলিশ কাজ করছে, সেখান থেকে নিয়ে এসে থানাতে দিতে পারেন। থানাতে কাজ করাতে পারেন। আমি সেটা আপনাকে ছোট করেই বলে দিচ্ছি, আমার কাছে সংখ্যা আছে। কতগুলি পুলিশকে এমপ্লয়েড করে রেখেছেন। ইন্সপেক্টর অফ পুলিশ ৫৭ জন, সাব-ইন্সপেক্টর অফ পুলিশ বিভিন্ন জায়গায় আছে ৭৩১ জন, এ্যাসিষ্টান্ট সাব-ইন্সপেক্টর অফ পুলিশ ৯৯৩ জন, আর কনষ্টেবল আছে ১০৯৪ জন। বিরাট একটা পুলিশ বাহিনী প্রায় দু' হাজারের মত লোক ক্ল্যারিক্যাল জব করে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেই লোকগুলিকে যদি তুলে নিয়ে আসা হয় তাহলে আমি সাজেশান দিচ্ছি যে, আর আগামী ৩ বছর নূতন রিক্রুটমেণ্ট করবেন না, সমস্ত বন্ধ রাখুন, এই সমস্ত যারা ক্যারিক্যাল জব করে যাচ্ছে সেখানে হোমগার্ড রাখুন, তাদের মধ্যেও বহু শিক্ষিত লোক আছে, তাদের সেখানে এমপ্লয় করুন। কনষ্টেবলগুলিকে থানায় দিন। যেখানে যেখানে প্রয়োজন ঐসব পুলিশ ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর তৈরী করুন,

করে সেখানে পাঠান। আর একটা সাজেশান আমি পুলিশমন্ত্রী মহাশয়কে দেব, কেননা উনি অনেকদিন লণ্ডনে ছিলেন, পড়াশুনা করেছেন, মাঝে মাঝে ইংরেজীতে গালাগালি দেন। বিলেতের কথাটা বলে আমি শেষ করতে চাই। হাউস অফ কমনসে একটা কাগজে ডেলি টেলিগ্রাম, লণ্ডন, তার থেকে সংগ্রহ করেছি। তাতে আছে—পুলিশমন্ত্রী মহাশয় এটা করার চেষ্টা করবেন—সেটা হচ্ছে পুলিশ কমপ্লেন বিল এসেছিল একটা, সরকার থেকে আনা হয়েছিল, বিরোধীদল তাকে স্বাগত জানিয়েছিল। পুলিশ পার্সোনেলের বিরুদ্ধে তদন্ত করার জন্য যদি পুলিশ দিয়ে তদন্ত করা হয় তাহলে ঠিক ঠিক তদন্ত হয় না। সেজন্য নন-অফিসিয়াল বডি একটা তৈরী করা হয়, যদি সে বডির মাধ্যমে পুলিশের বিরুদ্ধে কমপ্লেণ্ট হয় সেখানে একটা নন-অফিসিয়াল বডি থাকলে পুলিশের বিরুদ্ধে যে-সব অভিযোগ তার তদন্ত করার সুবিধা হয়। হাউস অফ কমনসে এটা এসেছিল, তাতে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের মিঃ গিলমোর বলেছিলেন যে, সেটা তিনি এ্যাডমিট করলেন। বিলেতে এটা হয়েছিল, কাজেই This type of Bill will be very much helpful for the protection of the people of this country. আমি আপনাকে বলব আপনিও যদি ঐ ধরনের কিছু করেন যেটা লণ্ডনে আছে, তার মাথার উপর আছেন যিনি চেয়ারম্যান সবচেয়ে বড় যিনি, তিনি চীফ অফ পুলিশ আছেন। আমি আপনাদের বলবো, এই ক্ষেত্রে পরিবর্তন করে একজন হাইকোর্টের রিটায়ার্ড জাজ—এই রকম দিন, কারণ পুলিশ পার্সোনেল দেওয়াতে যেখানে বিরোধী দলের পক্ষ থেকে সমালোচনা হচ্ছে এবং সব চেয়ারম্যান যখন পুলিশ পার্সোনেল থেকে থাকেন—এটা না করে লণ্ডন থেকে কিছুটা পরিবর্তন করে নন্‌-অফিসিয়াল বডি থেকে বা নন-পলিটিক্যাল পার্সন যেমন রিটায়ার্ড জাজ থেকে করুন, তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গে যাঁরা সি পি এম-এর অত্যাচারে রিড্রেস পাচ্ছে না, বিচার পাচ্ছে না—তাঁরা বিচার পাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী বর্তমানে যে টাকা চেয়েছেন—যেহেতু পশ্চিমবঙ্গে প্রশাসন নেই, পশ্চিমবঙ্গে পুলিশ মানুষের নিরাপত্তা রক্ষা করতে পারছে না, ধন-সম্পদ রক্ষা করতে পারছে না, মানুষের ইজ্জত রক্ষা করতে পারছে না, সেই কারণে বর্তমানে পুলিশ খাতে উনি যে বাজেট এনেছেন, আমি তা সমর্থন করতে পারছি না, সম্পূর্ণ বিরোধিতা করছি।

শ্রীপতিত পাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করি।

বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রীসত্য বাপুলী যা বললেন এবং বিভিন্ন সময়ে এই অধিবেশনে তাঁরা যে একই কথা পুলিশ সম্পর্কে বলেছেন সেগুলো যদি এক করে আমি বলে চলি তাহলে দাঁড়াবে এই রকম—আমাদের এখানে পুলিশের জন্য অস্বাভাবিক ব্যয় বৃদ্ধি করা হয়েছে, আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, পুলিশকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে এবং দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে পুলিশকে। এর প্রত্যেকটি বক্তব্য এবং অভিযোগ সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত। মাননীয় সদস্য সত্য বাপুলী পরিসংখ্যান দেবেন বলে বললেন, কিন্তু যা বললেন, পরিসংখ্যান ছাড়া আর সব ছিল। তাঁর বক্তব্যের মধ্যে কোন পরিসংখ্যান নেই। তিনি কিছুই দেখাতে পারলেন না, শুধু আন্দাজে যা বলার তা বলে গেলেন। হ্যাঁ, আছে—হলুদ খাতা একটা আছে। আমি পরিসংখ্যান একটু দিচ্ছি এবং আমি তার সোর্স উল্লেখ করছি না, প্রয়োজন হলে আমার কাছ থেকে দেখে যেতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে এই জিনিস বলতে গেলে বিভিন্ন রাজ্যের সঙ্গে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটু তুলনা করতে হবে এবং আমি তা দিয়ে দেখাবো যে, পশ্চিমবঙ্গের অবস্থাটা কোথায়। আমি সেই প্রসঙ্গে যাবার আগে একটি কথা অকপটে বলে দিচ্ছি যে, পশ্চিমবঙ্গে যদি কোন অপরাধ হয়ে থাকে সেগুলোর জন্য আমরা চিন্তিত। আমরা নিশ্চয়ই চেষ্টা করছি তা যাতে কম করা যায়। কিন্তু অন্য রাজ্যের এবং কেন্দ্রীয় সরকারের তুলনায়—মাননীয় মুখ্যমন্ত্রীর গতবারের বাজেট ভাষণে উল্লেখ করে বলেছেন যে, আমরা স্বর্গরাজ্যে বাস করছি। আমি পরিসংখ্যান, হিসাবগুলো দেবার আবার চেষ্টা করবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মোট বাজেট বরাদ্দ ১৭১৬ কোটি টাকা। এবং ২১ নং দাবীর খাতে যে টাকা ধরা হয়েছে তা ১২৩ কোটি টাকারও বেশী। এটা হিসাব করে দেখলে দেখবো এটা মোট বরাদ্দের ৭ ভাগের কিছু কম। অবশ্য অন্যান্য দিক যদি ধরা যায় তাহলে এটা দাঁড়াবে ৭.৫ ভাগ। আমি তার আগে আর একটি পরিসংখ্যান দিচ্ছি যে, আমাদের এই বাজেটে শিক্ষা-খাতে যা ব্যয় করা হচ্ছে—সেটার হিসাব হচ্ছে ২৪.৭ ভাগ, অর্থাৎ প্রায় এক-চতুর্থাংশ এবং আজকে পুলিশ খাতে যেটা ধরা হয়েছে সেটা হচ্ছে ৭.৫ ভাগ।

[2.50—3.00 P. M.]

আমি এইবার অন্য রাজ্য এবং কংগ্রেস আমলে কি কি হয়েছে তার একটা হিসাব দিয়ে বোঝাবার চেষ্টা করবো। ১৯৭৪-৭৫ সালে যখন কংগ্রেস সরকার

এই রাজ্যে ছিল তখন পুলিশ খাতে বরাদ্দের পরিমাণ ছিল মোট বরাদ্দের ৯ ভাগ। ১৯৭৫-৭৬ সালে একটু কমেছিল, তখন হয়েছিল ৮.৬ ভাগ। ১৯৭৬-৭৭ সালে সেটা বেড়ে গিয়ে দাঁড়াল ৯.৫ ভাগ। আর আমরা, যখন দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে তখন এই খাতে যে ব্যয়বরাদ্দের দাবী মঞ্জুরের জন্য আপনাদের সামনে উপস্থিত করেছি তার পরিমাণ হলো ৭.৫ ভাগ। সুতরাং এই খাতে ব্যয়বরাদ্দ ৪৭ কোটি টাকা থেকে কত টাকা হয়েছে সেই হিসাবটা দিলাম। এটা যদি বিরোধীপক্ষ মনে রাখে তাহলে ওদের বক্তব্য রাখার সময় সুবিধা হবে। এই ব্যাপারে একটা হিসাব করা যাক। ১৯৫০-৫১ সালে কেন্দ্রীয় সরকার পুলিশে মাথাপিছু ব্যয় করেছিল ৮ পয়সা। আর ১৯৮৩-৮৪ সালে সেই ব্যয়ের হিসাব দাঁড়িয়েছে মাথাপিছু ৬ টাকা। আপনারা এই ব্যাপারটা বুঝুন। সত্য বাপুলী মহাশয় এখন এখান থেকে চলে গেছেন, আপনারা ওনাকে একটু বলে দেবেন। উনি যদি এই হিসাবটা না বোঝেন তাহলে আমার কাছে উনি যেন এসে জেনে যান। একটা কথা আমি মাননীয় সদস্যদের মনে রাখতে বলছি যে, এই যে ৭.৫ ভাগ বরাদ্দের দাবী করা হয়েছে, এটা কেবলমাত্র জিনিসপত্রের দাম দ্রুতগতিতে বেড়ে যাচ্ছে বলে, আর সমস্ত খরচ বেড়ে যাচ্ছে তার জন্য এটা বাড়াতে হয়েছে। আমরা সমস্ত দিক মনে রাখার চেষ্টা করেছি এবং সমস্ত দিক যথাযথভাবে সুবিচার করে করার চেষ্টা করেছি। তা সত্ত্বেও এই ব্যয়বরাদ্দ মোট ব্যয়বরাদ্দের ৭.৫ ভাগ করা হয়েছে। আমি আরো দু'-একটি পরিসংখ্যানের কথা বলবো সেটা হচ্ছে আইন-শৃঙ্খলার অবনতি। আইন-শৃঙ্খলার অবনতির কথা বলতে গিয়ে উনি বললেন ৬ হাজার খুন হয়েছে, ১২ হাজার ডাকাতি হয়েছে বললেন। তিনি এইসব কথা কোথা থেকে বললেন জানি না। কেন্দ্রীয় সরকারের সমীক্ষার রিপোর্ট থেকে আমি বক্তব্য রাখার চেষ্টা করছি। এই সমীক্ষার ফল যেটা বই থেকে পাওয়া গেছে সেটা কতকগুলি বড় বড় শহরে—যেমন বাঙ্গালোর, মাদ্রাজ, কানপুর, দিল্লী ও কলকাতার কথা আমি এখানে বলছি। এই সব শহরে ১ লক্ষ মানুষ প্রতি অপরাধের পরিমাণ ভারতবর্ষের প্রতিটি বড় বড় রাজ্যের তুলনায় কলকাতার স্থান নিচে। আমি সেই হিসাবটা দিচ্ছি। বাঙ্গালোরে ১ লক্ষ মানুষের প্রতি অপরাধের সংখ্যা হচ্ছে ২ হাজার ৩শো ৫০। এইভাবে কানপুরে অপরাধের সংখ্যা হচ্ছে ৮০৮, দিল্লীতে অপরাধের সংখ্যা হচ্ছে ৮০৬, মাদ্রাজে অপরাধের সংখ্যা হচ্ছে ৫৮৯, বম্বে হচ্ছে ৪৫৯ এবং আমেদাবাদে হচ্ছে ৩৯৭ এবং কলকাতায় হচ্ছে ৩৬৬টি। এই হচ্ছে সারা ভারতবর্ষব্যাপী আইন-শৃঙ্খলার অবস্থা। এই ব্যাপারে ওনারা আবার কলকাতার রেফারেন্স দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করবো বিরোধীপক্ষের সদস্যরা

এটা বিবেচনা করে পরবর্তী বক্তা বক্তব্য রাখবেন। ওনারা বলছেন কলকাতায় ভীষণ খুন হচ্ছে। আমি একটা হিসাব এখানে তুলে ধরবো। খুনে তো উত্তর-প্রদেশ রেকর্ড করেছে। প্রতি একলক্ষ মানুষে উত্তরপ্রদেশে খুনের হার ৫.৩। এই রাজ্যকে ইন্দিরা গান্ধী বলেন যে, এটা স্বর্গরাজ্য। ডাকাতির হিসাব দিচ্ছি। দিল্লী আর পশ্চিমবাংলায় ডাকাতির হিসাবটা দিচ্ছি। ১৯৭৯ সালে দিল্লীতে ডাকাতি হয়েছে ৬ হাজার ৯শো ৭০টি, আর পশ্চিমবাংলায় হয়েছে ৬ হাজার ৩শো ১০টি।

১৯৮০ সালে দিল্লীতে ৭,৩০৯, পশ্চিমবঙ্গে ১২৫০। সারা দেশে যে ডাকাতি হয়েছে একমাত্র উত্তরপ্রদেশে তার সংখ্যা হচ্ছে ৩৮.৭ ভাগ। লক্ষ মানুষের হিসাব ধরলে দিল্লী সবার উপরে, সংখ্যা হচ্ছে ১২। উত্তরপ্রদেশের স্থান তার পরেই—৮.৮। মাননীয় সদস্যরা এখানে আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে বলে উল্লেখ করেছেন। তাঁরা আয়নাতে নিজেদের মুখ যদি একটু দেখতেন তাহলে ভাল করতেন। কারণ, যে রাজ্যগুলিতে নিজেদের দল রাজত্ব করছেন, সেটা একটু প্রণিধান করা দরকার। পশ্চিমবঙ্গ যে এই সংখ্যা কমাতে পেরেছে, এটা বোঝার দরকার আছে এবং এ সম্পর্কে কিছু উৎসাহ ও সাধুবাদ জানানো উচিত ছিল। এবারে আমি কলকাতার সঙ্গে দিল্লী ও অন্যান্য রাজ্যের তুলনা রাখছি। ১৯৮২ সালে কলকাতা ও দিল্লীর খুনের পরিসংখ্যান রাখছি। ঐ বছরে কলকাতায় খুনের সংখ্যা ছিল ৭৫, দিল্লীতে খুন হয়েছিল ২৩৭টি। ১৯৮২ সালে কলকাতায় চুরি হয়েছিল ৬৩৩৮, দিল্লীতে হয়েছিল ১৩,৬৫৭টি। ঐ বছরে কলকাতায় রাহাজানির সংখ্যা ছিল ৭৯৩, দিল্লীতে ঐ সংখ্যা ছিল ১৩১৫। সংবাদপত্র থেকে আমি এবারে নারীধর্ষণের হিসাব দিচ্ছি। আশা করি মাননীয় সদস্যরা সংবাদপত্রে পড়েছেন যে, চলতি অধিবেশনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী রাজ্যসভাতে এক বিবৃতিতে বলেছেন—১৯৮২ সালে ভারতের রাজধানীতে নারীধর্ষণ হয়েছিল ৭৫টি। এবারে অন্য আরও বিস্তৃত নারী-ধর্ষণের হিসাব রাখছি। ১৯৮৩ সালের ৭ই এপ্রিলের অমৃতবাজার পত্রিকা পড়ে দেখবার জন্য মাননীয় সদস্যদের আমি অনুরোধ করছি। পত্রিকাতে উল্লেখ করা হয়েছে ১।১।১৯৮২ থেকে ৩১।১।১৯৮৩. অর্থাৎ ১৩ মাসের মধ্যে যে খুন হয়েছে (যেটা মহারাষ্ট্র বিধানসভায় বলা হয়েছে) তার মধ্যে মহারাষ্ট্রের সংখ্যা হচ্ছে ২৬৭, নারী-ধর্ষণ ৭২, চুরি ১৬,৬৮৪, ডাকাতি ৮৬ এবং হাউস ব্রেকিং কেস হয়েছে ২০৮৫টি। এবারে আমি লোকপিছু পুলিশ ও অপরাধের সংখ্যা রাখছি। ১৯৮১ সালে প্রতি ১০০০০ মানুষের জন্য পশ্চিমবঙ্গে পুলিশের সংখ্যা হচ্ছে ১২.১৬। সে তুলনায় মহারাষ্ট্রে ১৯৭৬ সালে ছিল ১৫.২০, রাজস্থানে ১৩.০০, গুজরাটে ১৭.৩০, পাঞ্জাবে ১৮.৫০, আসামে ১৫.০০। ১৯৭৬ সাল থেকে আজ ১৯৮৩ সালে এই

সংখ্যা অনেক বেড়েছে বলে সহজেই অনুমান করা যায়। লক্ষ মানুষের হিসাবে অপরাধের সংখ্যা এখন পশ্চিমবঙ্গে সবচেয়ে নিচে। আমি আপনাদের কাছে পরিসংখ্যানটি তুলে ধরছি।

[3.00—3.45 P. M. including adjournment]

পশ্চিমবঙ্গে ১৭৫.৩, উত্তরপ্রদেশে ১৮৭.২, তামিলনাড়ুতে ১৮৪.০, রাজস্থানে ১৮৪.৮, উড়িষ্যাতে ১৮৯.৮, মহারাষ্ট্রে ২৭৮.৩, মধ্যপ্রদেশে ৩২৪.০, নাগাল্যাণ্ডে ১৭৮.০, মণিপুরে ২৪৬.০, কর্ণাটকে ২২৩.৬, গুজরাটে ২২৪.৬ এবং জম্মু ও কাশ্মীরে ২২৫.০। উপরের পরিসংখ্যান দেখলেই বুঝতে পারবেন যে, পশ্চিমবঙ্গের অবনতি কতটা হচ্ছে এবং পুলিশী নিষ্ক্রিয়তা কতটা—এই দুটির উত্তরই পেয়ে যাবেন। পুলিশী নিষ্ক্রিয়তা থাকলে এই অবস্থা পশ্চিমবঙ্গে হত না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা হিসাব পড়ছি সেটা হচ্ছে হরিজন এবং সংখ্যালঘু সম্প্রদায়ের, এটা লোকসভায় দেওয়া হয়েছে, তার থেকে এক নজরে হরিজনদের উপর নির্যাতনের একটি চিত্র আমি তুলে ধরছি। ১৯৮১-৮২ সালের হিসাব দিচ্ছি। ১৯৮১ সালে হত্যা হয়েছিল ৪৮৪ এবং ১৯৮২ সালে হত্যা হয়েছিল ৪৯৬। মারাত্মক জখম ১৯৮১ সালে ১৪৯১ এবং ১৯৮২ সালে ১৩৫৭, নারীদের উপর পাশবিক অত্যাচার ১৯৮১ সালে ৬০৪ এবং ১৯৮২ সালে ৫৫৬, অগ্নিসংযোগ ১৯৮১ সালে ১২৫২, ১৯৮২ সালে ৯১০ এবং অন্যান্য অপরাধ ১৯৮১ সালে ১০,৪৭৪ এবং ১৯৮২ সালে ১০,৭২৬ এবং ১৯৮১ সালে মোট ১৪,৩০৬, ১৯৮২ সালে ১৪,০৭৫। হরিজনদের উপর অত্যাচার ১৯৮২ সালে—অন্ধ্রে হত্যা হয়েছে ১৩, মারাত্মক জখম ৭, পাশবিক অত্যাচার ১৬, অগ্নিসংযোগ ৬ এবং মোট ১২৮। বিহারে হত্যা ৬৩, মারাত্মক জখম ১৮২, পাশবিক অত্যাচার ৭৯, অগ্নিসংযোগ ২৬২, অর্থাৎ মোট পরিমাণ ১১৮২। গুজরাটে হত্যা ১১, মারাত্মক জখম ৬২, পাশবিক অত্যাচার ৬, অগ্নিসংযোগ ২৩, অর্থাৎ মোট হচ্ছে ৩২৬। হরিয়ানায় হত্যা হয়েছিল ১, মারাত্মক জখম ১১, পাশবিক অত্যাচার ২৭ এবং অগ্নিসংযোগ ৩, অর্থাৎ মোট হচ্ছে ২৯। হিমাচল প্রদেশে হত্যা হয়েছিল ১, মারাত্মক জখম ২, পাশবিক অত্যাচার ২, অগ্নিসংযোগ ৩, অর্থাৎ মোট ৬৫টি। জম্মু ও কাশ্মীরে হত্যা ২, মারাত্মক জখম ২, পাশবিক অত্যাচার ৫, অগ্নি-সংযোগ নেই, সুতরাং মোট হচ্ছে ৩৬। কর্ণাটকে হত্যা ১৯, মারাত্মক জখম ৫, পাশবিক অত্যাচার ৬, অগ্নিসংযোগ ৪৬, তাহলে মোট হচ্ছে ২৮৭। কেরালায় হত্যা ৩, মারাত্মক জখম ৩, পাশবিক অত্যাচার ৩, অগ্নিসংযোগ ৪, অর্থাৎ মোট

হিসাব হচ্ছে ৮১। মধ্যপ্রদেশে হত্যা ৭৭, মারাত্মক জখম ৩৭০, পাশবিক অত্যাচার ১৩৩, অগ্নিসংযোগ ১৬৩, অর্থাৎ মোট হচ্ছে ৩৭১৩। মহারাষ্ট্রে ১৬, মারাত্মক জখম ৭৮, পাশবিক অত্যাচার ৪২, অগ্নিসংযোগ ২৬, মোট হচ্ছে ৩৯৪। উড়িষ্যায় হত্যা হয়েছে ৯, মারাত্মক জখম ১৬, পাশবিক অত্যাচার ১০, অগ্নিসংযোগ ১৩, অর্থাৎ মোট হচ্ছে ৮৯। পাঞ্জাবে হত্যা হয়েছে ১৫, মারাত্মক জখম হয়েছে ৯, পাশবিক অত্যাচার হয়েছে ৭, অগ্নিসংযোগ হয়েছে ৪ এবং মোট হচ্ছে ৩৮। রাজস্থানে হত্যা হয়েছে ৩৭, মারাত্মক জখম হয়েছে ১৭৭, পাশবিক অত্যাচার ৫৮, অগ্নিসংযোগ ৬৪, অর্থাৎ মোট হচ্ছে ১৩৯৯। তামিলনাড়ুতে হত্যা হয়েছে ৫, মারাত্মক জখম ৪, পাশবিক অত্যাচার ১, অগ্নিসংযোগ ৪, তাহলে মোট হচ্ছে ১১৬। ত্রিপুরায় হত্যা নেই, মারাত্মক জখম ২, পাশবিক অত্যাচার ২, অগ্নিসংযোগ ১। উত্তরপ্রদেশে হত্যা হয়েছে ২০৮, মারাত্মক জখম ৪৫৭, পাশবিক অত্যাচার ১৫২, অগ্নিসংযোগ ৩২৭, অর্থাৎ মোট হচ্ছে ২৮৩৩। সেই তুলনায় পশ্চিমবঙ্গে ১৯৮২ সালে পাশবিক অত্যাচার হয়েছে ২। পশ্চিমবঙ্গের হিসাব দেখলে দেখা যাবে এখানে হরিজনদের উপর কোন হত্যা নেই, মারাত্মক জখম নেই, পাশবিক অত্যাচার হয়েছে ৩টি এবং অগ্নিসংযোগ হয়েছে একটি মাত্র। আমি এইবার সাম্প্রদায়িক দাঙ্গার কথা বলছি। নাম্বার অফ কমিউনাল ইনসিডেন্টস ১৯৭৮ সালে ২৩০টি, ১৯৭৯ সালে ৩০৪টি, ১৯৮০ সালে ৪২৭টি, ১৯৮১ সালে ৩১৯টি, ১৯৮২ সালে ৪৭৪টি এবং তার মধ্যে মারা গেছেন ১৯৭৮ সালে ১১০টি, ১৯৭৯ সালে ২৬১টি, ১৯৮০ সালে ৩৭৫টি, ১৯৮১ সালে ১৯৬টি এবং ১৯৮২ সালে ২৩৪টি। এর মধ্যে পশ্চিমবাংলায় মাত্র ১৮টি। এটার থেকেই বিবেচনা করুন। এটা হচ্ছে হোম ডিপার্টমেন্টের রিপোর্ট।

আমি একটা ছোট উদ্ধৃতি দিচ্ছি Times of India, New Delhi of 12.4.83 edition. The district magistrate of Gopalganj, Mr. M. P. N. Sharma was killed within the crowded court compound in the small district township just as he was coming out of his office chamber to go home for lunch. এর পর আমি বলছি আর একটি ঘটনার কথা।

Hindu of 1.4.83. A car belonging to an advocate was reduced to ashes and several other cars were badly damaged at the High Court premises here today by some miscreants whom police believe to be Dalits. ইণ্ডিয়ান এক্সপ্রেস ২৫.৩.৮৩ থেকে বলছি।

Incidents of rape, murder in M.P.—Indian Express of 25.3.83. Bhopal, March 24. It was a night of rape, loot, murder and terror in Jashpur tehsil of Raigarh district in Madhya Pradesh. An armed gang of marauders attacked four tribal villages near Jashpur on March 20, looted property, gang-raped young girls, molested women, killed at least two persons and injured several others

who tried to resist them. আবার আমি ঐ পত্রিকার থেকে আর একটি উদ্ধৃতি দিচ্ছি।

Indian Express of 19.3.83—Married woman gang-raped near cimema hall. জায়গাটা হচ্ছে New Delhi সেখানে বলছে : A married woman was gang-raped by three men behind Gagan cinema hall in Nand Nagri, East Delhi, on Wednesday night. আর একটা খবর শুনুন।

Increase in number of communal riots. Gujarat, Maharashtra and Bihar topped the list of 474 Hindu-Muslim riots that occurred in the country in 1982, Minister of State for Home N.R. Laskar informed the Rajya Sabha on Thursday in reply to a question, এটা আমাদের কাগজ নয়। Patriot of 4.3.83.

Indian Express থেকে আবার বলছি 24.2.83. Girl killed, victim of eve teasing. A 16-year old girl, Nandi Kumari was stabbed to death by three teen-aged boys near ITO on Tuesday afternoon, the Police said. The murder followed months of relentless harassment of Nandi by the boys.

আমি আর একটি কথা বলব New Delhi-র ঘটনা : Girl stabbed in Modern School. সেখানে কি হয়েছে শুনুন—Capital tops in women burning. Hindusthan times নিউ দিল্লী—New Delhi, 13.4.83. The nation's capital has a ghastly image among all the Union Territories in the country—the number of women dying of burn injuries here being five to six times higher than the total figure for all other Union Territories.

আমি শুধু বলবো অপরাধের চরিত্র বদলেছে এবং যথেষ্ট সংখ্যক হোয়াইট কালার অপরাধীর সংখ্যা বেড়ে গেছে। তাই মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো আরো বেশি গবেষণার জন্য ব্যবস্থা করা দরকার। অতি শীঘ্র যোগাযোগের জন্য ব্যবস্থা করা দরকার এবং এর জন্য নিশ্চয় টাকা মঞ্জুর করা দরকার। ১৯৭৭ সালের ২৩শে মার্চ থেকে ১৯৮২ সাল পর্যন্ত এই সরকারের আমলে কংগ্রেসের অত্যাচারে, জোতদার জমিদারের জুলুমের ফলে এই সমস্ত রুখতে গিয়ে এবং সুস্থ নাগরিক জীবন ফিরিয়ে আনার জন্য ৩৪৪ জন বন্ধু খুন হয়েছে—এর মধ্যে সি. পি. এম. ৩১২, সি. পি. আই. ১৭, আর এস পি ১৭, ফরোয়ার্ড ব্লক ৭। পরিশেষে এই কথা বলবো অনেক পরিশ্রম করে, অনেক রক্তের বিনিময়ে পশ্চিমবাংলায় যে শান্তি-শৃঙ্খলা ফিরে এসেছে তা আমরা বজায় রাখবো। কংগ্রেসের যত অপচেষ্টা হোক তাঁরা পরাজিত হবেন এবং তাঁরা আমাদের পশ্চিমবাংলার জনসাধারণ থেকে বিচ্ছিন্ন করতে পারবেন না। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

(At this stage the House was adjourned till 3-45 P. M.)

(After adjournment)

[3.45—3.55 P.M.]

শ্রীনীরোদ রায়চৌধুরীঃ মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েণ্ট অব ইনফর্মেশান। গত ১২ তারিখে হাবড়ার গাইঘাটা এলাকায় যে ঘূর্ণি ঝড়ের কথা এখানে বলেছি তাতে সেখানে ত্রাণের কাজ ভালভাবে এগোচ্ছে, কিন্তু গৃহনির্মাণের কাজ এই মুহূর্তে যদি শুরু না হয় তাহলে তাঁবুর নিচে দীর্ঘদিন ওদের পক্ষে থাকা সম্ভব নয়। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করছি যাতে অনতিবিলম্বে গৃহ নির্মাণের কাজ শুরু হয়।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে কয়েকজন বক্তা পুলিশ বাজেটের পরিপ্রেক্ষিতে কিছু বক্তব্য রেখেছেন। আমি নিজে মনে করি যে, এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। তার কারণ শুধুমাত্র সরকারের ভাবমূর্তি অথবা সাধারণ স্বার্থ এর উপর নির্ভর করছে না, এই রাজ্যের মানুষের স্বার্থ ওতপ্রোতভাবে এর সাথে যুক্ত। পুলিশ দপ্তরের ভাল এবং মন্দের উপর একটা রাজ্যের সামগ্রিক ভাল এবং মন্দ অনেকাংশে নির্ভর করছে। বলাবাহুল্য এই ক্ষেত্রে এই সরকার এবং বিগত ৫ বছরের সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে এবং হয়েছে বলেই আমি প্রথমেই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি। স্যার, আমি জানি যে অবস্থার মধ্যে এঁরা পড়ে গেছেন এখান থেকে আর বেরুবার কোন পথ আছে বলে আমি জানি না। কারণ, একবার যদি কারোর কাছে আনডিউ এ্যাডভাণ্টেজ নেওয়া হয়, প্রশাসনের যার কাছ থেকে নেওয়া হবে সে তার দশ গুণ আনডিউ এ্যাডভাণ্টেজ নেবে এটা সাধারণ কথা।

সুতরাং পুলিশের কনষ্টেবল থেকে শুরু করে একেবারে উপর পর্যন্ত, অর্থাৎ পুলিশ কমিশনার এবং আই জি পি পর্যন্ত প্রত্যেকের কাছ থেকে এই সরকার যে রাজনৈতিক এ্যাডভাণ্টেজ নিয়েছেন তার ফলে তাঁরা এখন ১০ গুণ বেশী এ্যাডভাণ্টেজ নিচ্ছেন। এর ফলে দেশের সাধারণ মানুষের ক্ষতি হচ্ছে এবং রাজ্যের আইন-শৃঙ্খলা নষ্ট হচ্ছে। আজকে ক্রাইমের সংখ্যা যেভাবে বেড়ে যাচ্ছে তাকে আপনারা যতই ঢাকবার চেষ্টা করুন না কেন সেটা ঢাকতে পারবেন না এবং সেটা কমছেও না। আমরা শুধু বক্তৃতার জন্য বক্তৃতা দিচ্ছি না, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে খুব গভীরভাবে এই দপ্তরের কাজকর্ম তলিয়ে দেখা দরকার। একটা দপ্তরের বাজেট বরাদ্দ বাড়বে কি বাড়বে না সেটা বড় কথা নয় এবং এতে বিরোধিতা

করবারও কিছু নেই। এডুকেশান বাজেটে ব্যয় বেড়েছে, কিছু ফাণ্ডামেন্টাল চেঞ্জ করবার চেষ্টা করেছেন, তাতে আপত্তি করার কিছু নেই। তবে কিছু কিছু ক্ষেত্রে ওই স্বজনপোষণ, নিজেদের লোকদের সুযোগ-সুবিধা দেবার ব্যাপার যেগুলো রয়েছে সেখানে আমাদের আপত্তি রয়েছে। ইমপ্লিমেন্টেশনের ক্ষেত্রে এইসব ত্রুটি থাকা সত্ত্বেও এডুকেশান বাজেট বৃদ্ধি, ফাণ্ডামেন্টাল চেঞ্জ করবার যে প্রচেষ্টা সেটা ভাল কাজ বলে আমরা মনে করি এবং যে-সমস্ত উদ্যোগ নেওয়া হয়েছে তাকেও ভাল বলে আমরা মনে করি। আমরা যখন ছেড়ে আসি তখন আমরা ৫০ কোটি টাকা খরচ করব ঠিক করেছিলাম। আজকে সেখানে ১২৩ কোটি টাকা ব্যয় করবার প্রস্তাব আনা হয়েছে এবং আমি বলে রাখছি এরপর দেখবেন আরও ১০/১২ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হিসেবে এর সঙ্গে যুক্ত হবে—অর্থাৎ আলটিমেটলী এটা প্রায় ১৩৫ কোটি টাকার বাজেটে গিয়ে দাঁড়াবে। পুলিশের জন্য অতিরিক্ত ব্যয় প্রতি বছরই হয়। আমার প্রশ্ন হচ্ছে, এই যে ব্যয় হচ্ছে তাতে ফাণ্ডামেন্টাল চেঞ্জ কি হয়েছে, কি পারপাসে এই ব্যয় হয়েছে, স্ট্রাকচারাল চেঞ্জ কি হয়েছে? র‍্যাডিক্যাল মেজারের জন্য, মানুষের সেবা করার জন্য যদি টাকা ব্যয় হোত তাহলে বলবার কিছু ছিল না। দেশের মানুষের টাকা দেশের মানুষের জন্য ব্যয় হবে তাতে আপত্তি করার কিছু নেই। কিন্তু আমি দেখাব উপযুক্তভাবে দেশের মানুষের জন্য এই টাকা ব্যয় না হয়ে রাজনৈতিক স্বার্থসিদ্ধির জন্য এই টাকা ব্যয় হচ্ছে। রাজনৈতিক কারণে যে ব্যয় হয়েছে তার একটা উদাহরণ হল, প্রায় ৭ হাজার নতুন সি পি এম ক্যাডারকে চাকুরিতে নেওয়া হয়েছে। এদের কেন নেওয়া হয়েছে? কোন সায়েন্টিফিক এ্যাপ্রোচ আছে কি? ব্লু-প্রিণ্ট ইমপ্লিমেণ্ট করবার জন্য এই যে ৭ হাজার ক্যাডারকে নতুন করে নেওয়া হয়েছে তাতে হয়ত মনে করছেন এদের দিয়ে আগামী দিনে কংগ্রেসের লোকদের মারা যাবে, তাদের মিথ্যা মামলায় ধরা যাবে, কিন্তু মনে রাখবেন এরাই একদিন বুমেরাং হয়ে আপনাদের ঘাড়ে চেপে বসবে, এদের হাতে আপনারা আঘাত পাবেন। স্যার, পুলিশের মধ্যে দুটি ভাগ আছে এবং তার মধ্যে একটি হচ্ছে আর্মড পুলিশ এবং আর একটি হচ্ছে আন-আর্মড পুলিশ। সাধারণভাবে আমরা পুলিশ বলতে বুঝি আন-আর্মড পুলিশ। থানায় যে সিভিল ওয়ার্ক হয় সেখানে আন-আর্মড পুলিশের দরকার হয়। একটা থানাকে রক্ষা করার জন্য যেটুকু দরকার সেটা রাখা হয় আন-আর্মড পুলিশ এবং বাকীটা রাখা হয় আর্মড পুলিশ। কিন্তু এখন দেখছি বেশীর ভাগ ক্ষেত্রেই আর্মড পুলিশের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে এবং নতুন নতুন আর্মস্ কেনা হচ্ছে।

[3.55—4.05 P. M.]

আইন-শৃঙ্খলা রক্ষা করুন, ক্রাইম ডিটেক্ট করুন। ক্রাইম প্রিভেন্ট করার জন্য এতো বিরাট ভাবে আর্মড পুলিশ রেখেছেন এই সরকার এবং সেই আর্মড পুলিশের জন্য যে আর্মড দরকার হয় তার জন্য এতো খরচ? এই সরকার চেষ্টা করছেন কি করে মানুষকে পিষে মারা হবে। আপনারা দেখলেই বুঝতে পারবেন এবং আমরাও জানি যে, আজকে একটা সামান্য মিছিল হবে সেখানেও আর্মড পুলিশ পাঠাতে হয়, একটা সামান্য কোথায় ধর্মীয় অনুষ্ঠান হবে সেখানে পর্যন্ত ইকোয়াল নাম্বার আন-আর্মড পুলিশের সঙ্গে আর্মড পুলিশ পাঠান এবং তার পরিণতি হচ্ছে প্রতিদিন গুলি চালাতে হচ্ছে—সভা-সমিতি, মিছিল-মিটিং সব জায়গায় গুলি। সামান্য একটা এস ইউ সি ৩০জনকে নিয়ে একটা পথসভা করে পথ-অবরোধ করেছে এবং এইভাবে আগেও মানুষ আন্দোলন করেছে, পথ অবরোধ করেছে এবং এখন দেখা গেল সেখানে কয়েক রাউণ্ড গুলি চালাতে হল, কয়েক শত রাউণ্ড টিয়ার গ্যাস চালাতে হল এবং তার পর পথচারীদেরকেও খুন করছেন। প্রত্যেক জায়গায় এই আর্মড পুলিশ। আজকে যেখানে সেখানে গুলি করা হচ্ছে এবং সেই গুলি করা হচ্ছে মানুষকে মারবার জন্য। পলিটিক্যালি মটিভেটেড যে, গুলির প্রয়োজন না থাকলেও গুলি করা হচ্ছে এবং সেখানে বড় অফিসারের অর্ডার নেবার কোন দরকার হচ্ছে না এবং খোলাখুলিভাবে বলা হচ্ছে যদি অর্ডার না দেন তাহলে আমরা রিভল্ট করবো। অফিসার চুপ করে বসে রইলো, কনষ্টেবল গুলি চালিয়ে দিলো—তাজ্জব ব্যাপার! প্রত্যেকবার আমরা দেখেছি এবং কলকাতার বুকের উপর এবং বিভিন্ন মফঃস্বল টাউনেতে যে কি ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ঘোড়ার পিঠে যদি চড়তে না জানেন তাহলে ঘোড়ার পিঠে না চড়াই ভাল। আপনাদের যদি জ্ঞান না থাকে তাহলে ঘোড়ার লাথি খেতেই হবে এবং সেটা ভয়ানক ব্যাপার হয়ে দাঁড়াবে। উনি এখানে ঝাণ্ডা ওড়াচ্ছেন। যদি লালবাজারের ভিতরে যান—অবাক হয়ে যাবেন। মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাবার জন্য দেওয়ালে যদি কিছু লেখা থাকে তাহলে আমাদের আপত্তি জানাবার কোন কারণ নেই। মুখ্যমন্ত্রী পরিদর্শন করতে গেলে যদি তাদের লোকেরা লাল ঝাণ্ডা নিয়ে গেট করেন আমাদের আপত্তি করার কারণ নেই। কিন্তু দি:ক দিকে প্রতিটি ব্যারাকে, লাল-বাজারে, হেড কোয়ার্টারে কমরেড জ্যোতি বসু বলে পোষ্টার করা হয়েছে। হি ইজ চীফ মিনিষ্টার, বিকেম অল অন এ সাডেন কমরেড—তাঁর কমরেড হওয়া মানে ভবিষ্যতে আইন-শৃঙ্খলা চুলোতে চলে যাবে। আমি আরও কতকগুলি ধারাবাহিক

কথা বলার আগে কতকগুলি প্রয়োজনীয় কথা বলে নিতে চাই। এই ব্যাপারে অবশ্য সরকারকে বিশেষ দায়ী করতে চাই না। আমরাও সরকারে ছিলাম এবং আমার সুযোগ হয়েছিল কিছু দিন পুলিশ দপ্তর দেখবার। কতকগুলি মৌলিক পরিবর্তন করা উচিত বলে মনে করতাম। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে। আমি কতকগুলি সাজেশন এই কাঠামো সম্বন্ধে রাখতে চাই। এই অবস্থার মধ্যে থেকে রাজ্য সরকারের অধীনে কি করে করা যায় সেগুলি তাঁদের দৃষ্টিগোচরে আনতে চাই। আমি বলতে চাই না যে কি করবেন—এগুলি তাঁদের ইচ্ছার উপর নির্ভর করবে। আমার অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে, এগুলি করা দরকার। আমরা কথা বললে উনি বিহার উড়িষ্যা ইউ, পি-র একটা তুলনামুলক ফিরিস্তি দেখিয়ে দেবেন এবং অফিসাররা সেই সব কথা পিছন থেকে লিখে লিখে দেবেন। আমি একথা হাউসে আগেও বলেছি যে, আমাদের তু'টি নিরুপমা দেবী আছে। একটি নিরুপমা দেবী ওখানে বসে আছেন, আর একটি পুলিশ কমিশনার নিরুপমা ওখানে বসে আছেন—জ্যোতিবাবুর আদেশ পালন করবে কে? এটা তো ফুটো পাত্র। এখানে জল ঢেলে কোন লাভ নেই। এইভাবে মানুষগুলিকে বসিয়ে দেওয়া হয়েছে। অবশ্য তার একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে, একটা ক্যাটাগরিক্যালি উদ্দেশ্য আছে। সেগুলি কিছু কিছু পরিবর্তন করলে, এই কাঠামোর কিছু কিছু চেঞ্জ করলে অবস্থার উন্নতি হতে পারে। কেন্দ্রের প্রতি দোষারোপ না করে যেগুলি করা যায় সেগুলি করলে—আমার মনে হয় অনেক ভাল হবে। আমি যেগুলি মনে করেছি সেগুলি আপনাদের জানাচ্ছি। মোটামুটিভাবে আমরা আনডেভেলপমেণ্ট কান্ট্রির মধ্যে আছি এবং ডেভেলপমেণ্ট বলতে যা বুঝি সেই পর্যায়ে আমরা যাই নি। তার ফলে নানাবিধ সমস্যা নূতন নূতন করে উঠছে। ১৯৫০ সালে একটা থানা যে পরিস্থিতির মধ্যে কাজ করতো, যে দায়িত্ব নিয়ে কাজ করতো এখনও তাই রয়ে গিয়েছে। এটার জন্য তো একটা বিরাট লেনিনের বই পড়ে সায়েন্টিফিক র‍্যাডিক্যাল মেজার নেবার দরকার নেই, এটা সিম্পল ব্যাপার। আপনি যদি একটা থানায় যান, যেখানে ৭০ জন ষ্টাফ ছিল ১৯৭০ সালে, আজকে ১৯৮৩ সালে সেখানে দ্বিগুণ জনসংখ্যা বেড়েছে, প্রবলেম অনেক গুণ বেড়ে গেছে এবং নূতন নূতন প্রবলেমের সৃষ্টি হয়েছে। আজকে একই পদ্ধতিতে সেই সব থানায় পুলিশের সংখ্যা রয়ে গেছে, টাকাটা কোথায় খরচ হচ্ছে? তিনগুণ টাকা খরচ হলো, খরচটা হচ্ছে কোন্ খাতে? শুধু আর্মড পুলিশ নেওয়া হচ্ছে, আর সি পি এম-এর ঠ্যাঙ্গাড়ে বাহিনীকে ঢোকানো হচ্ছে। সবচেয়ে মজার কথা, ছোট ছোট সংবাদপত্রে দিয়ে দেওয়া হচ্ছে

ত পুলিশ নেওয়া হবে, কারোর চোখে পড়বে না। লাট বাগানে সি পি এম-র নেতাদের সঙ্গে বসে একটা মৌখিক ইন্টারভিউ নিয়ে গাদা লোক ঢুকিয়ে নেওয়া চ্ছে এবং এর সঙ্গে বড় বড় পুলিশ অফিসার যুক্ত আছেন, আমি দায়িত্ব নিয়ে বলতে ারি, ইন্ডিপেনডেন্ট যদি জুডিশিয়াল এনকোয়ারী হয়, আমি দায়িত্ব নিয়ে বলতে ারি সমস্ত কিছু ধরা পড়ে যাবে, কারণ মুখ্যমন্ত্রী এটাকে পুরোপুরি এড়িয়ে যাচ্ছেন। াগামী দিনে এর পুনরাবৃত্তি হলে তখন জ্যোতিবাবু বেশী করে চেঁচাবেন, তখন দটা খুব সুখকর হবে না। তারপর দেখুন, পুলিশ ষ্টেশনের মধ্যের অবস্থা, পুলিশ শনে সাব-ইন্সপেক্টারকে তদন্তের দায়িত্ব দেওয়া আছে লর্ড ক্লাইভের আমল াকে, দীর্ঘদিন ধরে ক্ষমতা দেওয়া আছে। একটা পুলিশ ষ্টেশনে রুরালে একজন াব-ইন্সপেক্টারকে তদন্তের ক্ষমতা দেওয়া আছে, আগে রুরালে কাজ কম ছিল, খন একটা সাব-ইন্সপেক্টার দিলেই কাজ চলে যেত। আজকে সবাই জানেন, বং সব এম এল এ স্বীকার করবেন, কাজ অনেক বেড়ে গেছে, অথচ সেই একটা াব-ইন্সপেক্টারই রয়ে গেছে, ফলে তদন্তের যে চাপ তার উপর আসছে এবং লকাতাতেও সেই জিনিস রয়েছে, ফলে সে চাপটা সামলাতে পারছে না, তদন্ত চ্ছে না, প্রপার ইনভেষ্টিগেশন হচ্ছে না, আইনসঙ্গতভাবে সেটা করা হচ্ছে া, পাবলিক প্রসিকিউটারের সঙ্গে টাচ রাখার দরকার আছে, ঘন ঘন তা রার সময় পাচ্ছে না। খাতাপত্রগুলো আইনগতভাবে ঠিক করে রাখার দরকার াছে, আদালতের সঙ্গে যুক্ত থাকার দরকার আছে, সেই সব হচ্ছে না। ফলে াইম ডিটেক্ট হচ্ছে না। আবার ক্রাইম যাতে না হয়, তার প্রিভেনশনের কান ব্যবস্থা হচ্ছে না। কিন্তু পরিবর্তনটা খুবই সামান্য, ইনভেষ্টিগেশনের দায়িত্ব াকে দেওয়া আছে, সে কি করে ইনভেষ্টিগেশন করবে, সাইকেল নেই, আলো নই। আজকে পাঁচ আইনে যে প্রস্তাব করেছে, তাকে ধরতে হবে। তাও সাব-ন্সপেক্টার করবে, তারপর পলিটিক্যালি কাউকে ধরতে হবে, কাকে মারতে হবে, াও সাব-ইন্সপেক্টার করবে। ফলে মূল যে তদন্তের ব্যাপারে, যেটা ভাইটাল ক্রাইমের ক্ষেত্রে বিশেষ করে এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, আজকে সেই ব্যাপারে কি উদ্যোগ নেওয়া হচ্ছে সমস্ত থানায়? কেন এটা করা যায় না? এটা করা যায়। এটা করা যায় ঠিকভাবে আমি মনে করি। একটা হচ্ছে সাব-ইন্সপেক্টারের পোষ্টটা মিনিমাম দু'টো করে করা উচিত এবং দু' নং হলো যে, থানাতে ইন্ভেষ্টিগেশন ষ্টাফ এবং নন্-ইন্ভেষ্টিগেশন ষ্টাফ আলাদা করে দিতে হবে। যে ইন্ভেষ্টিগেশন করবে, তার সমস্ত কাজ হবে শুধু ইন্ভেষ্টিগেশন করা। আমি এই ক্ষেত্রে ইণ্ডিয়ান জার্নাল অব ইন্ভেষ্টিগেশন—পুলিশের খুব একটা অথেনটিক বই, সেখানে ১৯৭৮

সালের জানুয়ারী এবং মার্চের সংখ্যায় স্পেশাল ইস্যুতে এই বিষয়ে বলা আছে বইটা খুব গুরুত্বপূর্ণ, ১৬৪ পাতায় যা রয়েছে আমি সেটা পড়ে শোনাচ্ছি "If the criminal investigation branch has to be seriously evolved as a separate specialised wing of our police system, we need to have a firm State Police polic in this regard. Having enunciated such a policy the criminal investigatio staff has to be separated in the police force all along the line." এবং এই ব্যাপারে আমি উদাহরণ দিয়ে বলি, কেরালায় এবং তামিলনাড়ুতে এই ব্যবস্থা করা হয়েছে সেখানে ইমপ্লিমেণ্ট শুরু হয়েছে এবং আশা করা যাচ্ছে সেখানে কাজ ভাল হবে সুতরাং আমি অনুরোধ করবো, এইগুলো তো কেন্দ্রের কোন ব্যাপার নয়, কেন্দ্র করছে না, এইগুলো কোন ক্যাডার পোষ্ট নয়, এটা থানা লেভেলে এই রাজ্যের এক্তিয়ারের মধ্যে করা যেতে পারে। এখানে সংবিধান অথবা অন্য কোন রুল বেরিয়ার হতে পারে না। সেই জন্য আমি আপনার কাছে অনুরোধ রাখলাম। আর্মড পুলিশের ব্যাপারে আমি যখন বলছিলাম, সেখানে একটা মজার ব্যাপার, আর্মড পুলিশের ব্যাপারে কি করা দরকার সেটা বলছি না, কিন্তু আর্মড পুলিশকে আরও রিজার্ভ করে রাখার ব্যাপারে আমি খুব ষ্ট্রং রেকমেণ্ড করতে চাই। আমাদের পুলিশকে কথায় কথায় না বার করে, তাকে উপযুক্ত ভাবে ট্রেনিং দিয়ে, রিজার্ভ রেখে যদি প্রয়োজন হয় তখনই শুধুমাত্র ব্যবহার করার জন্য আরও রেসট্রিকটেড ওয়েতে—কলকাতায় মুখ্যমন্ত্রী থাকছেন, রাষ্ট্রমন্ত্রী থাকছেন, পুলিশ কমিশনার থাকছেন, বাগমারীতে গুলি চলছে, লোক মারা যাচ্ছে, উইদাউট পার্মিশন এই জিনিস হতে পারে না।

[4.05—4.15 P. M.]

এই জিনিস আগে হত না। আজকে পলিটিক্যাল ফেট নিয়ে রাস্তা অবরোধ করছে, পেনাল কোড আইনের সেকশানে এটা মারাত্মক অপরাধ নয়, কিন্তু তা সত্ত্বে গুলি চলেছে, লোক মারা যাচ্ছে। পুলিশ স্বীকার করেছে, বহু জায়গায় কোথা ১৫/২০/৩০ জনের অবরোধ হয়েছে, গুলি চালাতে হয়েছে। এই আর্মড পুলিশের ব্যাপারে ওড়িষ্যার আই জি পি যে কথাগুলি লিখেছিলেন, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। আপনার কাছে সেটা একটু পড়ে শোনাচ্ছি। সেখানে বলা হচ্ছে : It is felt that unarming the Police should be the first

Police should be taken out of the police organisation. Armed police should be an separate force under a separate Department without having anything to do with the police. In the event of any large scale disturbance it can be called for assistance to local authorities. উনি একজন নাম করা আই জি পি ছিলেন। তিনি ক্যাটিগরিক্যালি বলেছিলেন, কথায় কথায় ব্যবহার করলে এবং প্রয়োজনাতিরিক্ত ব্যবহার করলে ফল মারাত্মক খারাপ হয়। তিনি ক্যাটিগরিক্যালি বলেছিলেন, পুলিশ ডিপার্টমেন্ট থেকে আর্মড পুলিশ সরিয়ে রাখা দরকার এবং গুরুত্বপূর্ণ বিষয়ে কল করা দরকার। কিন্তু এখানে তা হচ্ছে না। মনে হয় জ্যোতিবাবুর কথা তাঁরা শুনছেন না। জ্যোতিবাবুর কথা যদি তাঁরা শুনতেন, তাহলে কখনও এই জিনিস হত না। কিছুদিন আগে আমরা সংবাদপত্রে দেখলাম, জোড়া ছেলে হারিয়ে গেছে। ১৫ দিন পরে আমরা শুনলাম খুন হয়ে গেছে। ট্রেস করা গেছে ১৫ দিন পরে। সি আই ডি ডিপার্টমেন্ট, ক্যালকাটা পুলিশের লাইটেনিং এ্যারেষ্ট সম্পর্কে প্রতিদিন সংবাদপত্রে পর্যন্ত প্রকাশিত হয়েছে। পুলিশ কমিশনার ওপেনলি সি আই ডি-র বিরুদ্ধে চার্জ করছেন, ক্রিমিনালদের সি আই ডি সেণ্টারে লুকিয়ে রেখেছেন। পুলিশ কমিশনার সি আই ডি ডিপার্টমেন্ট সম্পর্কে ক্রিমিনালদের লুকিয়ে রাখার চার্জ যদি এনে থাকেন তাহলে কে সত্য কথা বলছেন, আর কে মিথ্যা কথা বলছেন, সেটা জ্যোতিবাবু বলতে পারেন। সি আই ডি সত্যি সত্যি ক্রিমিনাল লুকিয়ে রেখেছেন কিনা, অথবা মিথ্যা কথা বলছেন কিনা —যদি মিথ্যা কথা হয়, তাহলে শাস্তি দেওয়ার দরকার আছে, ফর দি বেটারমেন্ট অব দি ফোর্স। এই যদি এ্যাডমিনিষ্ট্রেশনের অবস্থা হয় তাহলে টাকা দিয়ে কি হবে? টাকাটা বড় কথা নয়, জোড়া খুনের ঘটনা বেরল হাউস চলাকালীন অবস্থায় এবং তারপর জ্যোতিবাবু একটা বিবৃতি দিলেন। তাঁর বিবৃতি কত অসত্য সেটা আপনার কাছে তুলে ধরতে চাই। তিনি দোষ ঢাকতে গিয়ে বললেন, Gross defects of investigation of the case by the Bandel G. R. P. have come to notice। এটাই এনাফ—পুলিশের মধ্যে দোষ চাপিয়ে দিয়ে তিনি তাঁর দায়িত্ব খালাস করে দিলেন। তিনি বললেন, 'ইট সিমস, এটা আত্মহত্যার মত মনে হচ্ছে।' তিনি হাউসে বলছেন ইট সিমস, এটা একটা আত্মহত্যা। এটা বিচার করার দরকার আছে। হাউস চলাকালীন জোড়া খুন হচ্ছে, অথচ তিনি হাউসে ষ্টেটমেন্ট দিয়ে এই কথাগুলি বলছেন। ইট সিমস এই কথাগুলি উনি কেন বলবেন? স্বরাষ্ট্রমন্ত্রী, উনি পজেটিভলি বলবেন, আত্মহত্যা অথবা এটা আত্মহত্যা

নয়। এটা খুন অথবা আত্মহত্যা অথবা অন্য কিছু পজেটিভ কথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে যদি শুনতে না পাই, তাহলে কার কাছে জাষ্টিস ক্লেম করব, কার কাছে আবদার করব? তিনি পজেটিভলি কিছু বলছেন? কিছুই বলছেন না। আত্মহত্যা কি আত্মহত্যা নয়, এই সম্পর্কে জ্যোতিবাবু ১৫ দিন বাদে বলছেন, "আমি মনে করছি, এটা একটা আত্মহত্যা হতে পারে।" এই কথা বলে তিনি তাঁর দায়িত্ব খালাস করে দিয়ে চলে গেলেন এবং পুলিশের উপর দায়িত্ব ভার চাপিয়ে দিয়ে বললেন, পুলিশ কোন কাজ করছে না। এর জন্য তিনি কি ষ্টেপ নিয়েছেন? আগে ষ্টেপ নিয়ে তারপর হাউসে ষ্টেটমেন্ট করা উচিত ছিল। এটুকু যদি না করেন, তাহলে বলব, It would be a mess, absolutely mess। কারণ আমরা মনে করি, It is not a challenge for today of this Government. It is a challange for any Government and every Government and an all time challenge। এই অল টাইম চ্যালেঞ্জকে আজ গোপন করে অসত্য কথা বলে অর্ধসত্য কথা বলে, তাদের উপর দোষারোপ করে দিয়ে আমরা যদি আত্মরক্ষা করার চেষ্টা করি, তাহলে বিবেক মুক্ত হতে পারব, কিন্তু এর থেকে মানুষ মুক্ত হবে না।

এরপর স্যার, আমি ইন্টালিজেন্স ডিপার্টমেন্ট সম্পর্কে কয়েকটি কথা বলব। স্যার, এই ইন্টালিজেন্স ডিপার্টমেন্টের ব্যাপারে আপনি জানেন, কলকাতায় যেমন আছে ডি ডি ডিপার্টমেন্ট, বেঙ্গলে তেমনি আছে আই বি ডিপার্টমেন্ট। কলকাতা পুলিশের আছে এস বি ডিপার্টমেন্ট—স্পেশাল ব্রাঞ্চ যেটা আর বেঙ্গলের আছে সি আই ডিপার্টেমেন্ট। এদের ক্ষেত্রে বারবার বহু জায়গায় বহু অথেনটিক মানুষ বলেছেন এদের কাজটা একটা স্পেশাল টাইপ অব ওয়ার্ক। স্যার, আপনি যদি ইউ কে তে যান বা যে-কোন ডেভেলপড কান্ট্রিতে যান তাহলে দেখবেন সেখানে এই ইনভেষ্টিগেটিং ডিপার্টমেন্টের জন্য আলদা ট্রেনিং দেওয়া হয় এবং আলাদা ক্যাটাগরি হিসাবে এটাকে রাখা হয় বা আলাদা ক্যাডার হিসাবে এদের গণ্য করা হয়। আর এখানে কি করা হয়? বালিগঞ্জ থানায় কাজ করলো ৫ বছর সাব-ইন্সপেক্টার হিসাবে, তারপর ইন্সপেক্টার হিসাবে আর্মড পুলিশে চলে গেল, তারপর ৫ বছর এন্টি ট্যাক্সে কাজ করলো, তারপর একদিন দেখলো প্রমোশান পেয়ে একেবারে ডি ডি ডিপার্টমেন্টের বড়কর্তা হয়ে গেল। এতে কি কাজ হবে? কি কাজ হতে পারে? সিরিজ ওয়েতে এই জিনিস হচ্ছে। এর জন্য তো কোন কেন্দ্রীয় আইনের দরকার নেই। এঁরা কথায় কথায় কেন্দ্রীয় আইনের কথা বলেন, কিন্তু এ ক্ষেত্রে তো তার কোন প্রয়োজন নেই, এখানে তো লাটবাগানের ট্রেনিং

সেন্টারটাকে একটু ভালো করলেই হয়ে যায়। তারপর স্যার, সেই ট্রেনিং স্কুলটাকে কি অবস্থায় রাখা হয়েছে সেটা একটু শুনুন। যারা অপদার্থ, যাদের শাস্তি দেওয়া হয়েছে, চুরি ধরা পড়েছে বলে তাদের সব ট্রেনিং স্কুলে পাঠানো হয়েছে। তাদের বলা হচ্ছে, তোমরা ট্রেনিং দাও, ফলে ট্রেনিং-এর এই অবস্থা হচ্ছে। সেখানে একটি গাড়ী পর্যন্ত নেই। স্যার, সাব-ইন্সপেক্টার টু অনওয়ার্ডস নিয়ম হচ্ছে তদের মোটর চালানো শিখতে হবে এবং তাদের কিছু কিছু মেকানিজমও শিখতে হবে। কিন্তু কোথায় গাড়ী কেউ জানে না, অথচ সেখান থেকে ট্রেনিং নিয়ে চলে আসছে। তারপর স্যার, পুলিশ কন্সটেবলদের ট্রেনিং-এর অবস্থাটা যদি দেখেন তাহলে দেখবেন সেখানে অবস্থা আরো খারাপ। পুলিশদের থাকার কোন জায়গা নেই, এইরকম জায়গায় ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে এবং কনডেমণ্ড যে-সমস্ত অফিসার তাদের টিচার করে ছেড়ে দেওয়া হয়েছে। কিন্তু অন্যত্র আমরা কি দেখি? অন্যত্র উপযুক্ত লোকদের ট্রেনিং দেবার জন্য নিযুক্ত করা হয়, আর আমাদের এখানে যারা কনডেমণ্ড হয়ে গিয়েছে, বস্তাপচা হয়ে গিয়েছে, যাদের শাস্তি দেওয়া হয়েছে তাদের নিয়ে গিয়ে ট্রেনিং স্কুলে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এর ফলে লাটবাগান থেকে যে প্রডাকশান হচ্ছে তাতে জ্যোতিবাবু বা সি পি এম-কে তা দিয়ে সার্ভিস দেওয়া যাবে, কিন্তু সাধারণ মানুষকে সার্ভিস দেওয়া যাবে না। স্যার, আমি একটা বই পড়ছিলাম, কমিউনিষ্ট কান্ট্রিতে, উনি তো বললেই বলবেন, কমিউনিষ্ট নই। স্যার, ওঁরা যে কি সেটাই তো আমরা বুঝি না। গ্রামে একটি চালু কথা আছে যে, 'আমি সাপও নই সাপিনীও নই লম্বা মতন একটা কিছু'। এঁরা কংগ্রেসও নন, কমিউনিষ্টও নন, তাহলে এঁরা কি তা এখনও আমরা বুঝতে পারলাম না। স্যার, লাটবাগানকে এই অবস্থার মধ্যে ফেলে রেখে দেওয়া হয়েছে। এই ট্রেনিং-এর ব্যাপারে বিশেষ করে ডি ডি ডিপার্টমেন্টের ট্রেনিং-এর ব্যাপারে প্রফেসার মোহিত ভট্টাচার্য, যিনি ইণ্ডিয়ান ইনষ্টিটিউট অব পাবলিক এ্যাড-মিনিষ্ট্রেশানের পশ্চিমবঙ্গ শাখার ভাইস-চেয়ারম্যান এবং কলকাতা ইউনিভার্সিটির শতবার্ষিকী অধ্যাপক, তিনি বলেছেন যে, এটাকে একটা স্পেশাল উইং হিসাবে দেখবার দরকার আছে। স্পেশাল উইং হিসাবে দেখে, উপযুক্তভাবে ট্রেনিং দিয়ে, আলাদা দপ্তর হিসাবে এটাকে রেখে একে ব্যবহার করার দরকার আছে। এটা যদি না হয় তাহলে আমি মনে করি—আশা করি সকলেই স্বীকার করবেন যে, ইনভেষ্টিগেশান এবং ক্রাইম ডিটেকশানের কাজ সম্পূর্ণভাবে ব্যাহত হবে। স্যার, যে অভিজ্ঞতার ভেতর দিয়ে ওঁরা আসেন তারপর যদি তাঁদের ডি ডি ডিপার্টমেন্টের ইনচার্জ করে দেওয়া হয় তাহলে কখনই কাজ হতে পারে, না কারণ সেখানে তাঁদের

কোন প্রাকটিক্যাল অভিজ্ঞতা নেই। স্যার, আমার মনে হয় আপনি দু / একবার লালবাজারে এ্যারেষ্ট হয়ে গেছেন, লালবাজারে গেলে দেখবেন, সি পি ও ডি সি হেডকোয়ার্টারের ঘরে কতকগুলি ছবি রয়েছে। আমার প্রশ্ন, ঐ ছবিগুলি ওখানে কেন থাকবে ? এঁরা বলছেন শহীদ মিনারের শীর্ষ স্থানটা লাল করে দিলেই সেটা নাকি শহীদ মিনার হয়ে গেল, বৃটিশ অপশাসনের সমস্ত ছবি মুক্ত হয়ে গেল, কিন্তু সেখানে আমার জিজ্ঞাসা, ঐ ছবিগুলি ওখানে কেন থাকবে ? লর্ড ক্লাইভের আমলে যারা দুর্ধর্ষ মার মারতো, স্বাধীনতা সংগ্রামীদের খুন পর্যন্ত করতো থানা লক-আপে নিয়ে গিয়ে তাদের ছবি মাথায় রেখে এবং ১৮৬১ সালের আইনকে ড্রয়ারে রেখে লালবাজারে শাসন চলছে। এর কি কোন পরিবর্তন আপনারা করেছেন ? স্যার, এখন যা অবস্থা তাতে ডি ডি ডিপার্টমেন্ট মানে লোককে মারতে হবে এবং মেরে যেটুকু কথা আদায় করা যায় আদায় করতে হবে। তারা জানে একদল মস্তানকে হাতে রাখতে হবে এবং তাদের পুষতে হবে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, সেখানে এই এই মস্তান অমুক অমুক অফিসারের লোক এইভাবে পরিচিতি হয়ে গিয়েছে। স্যার, হাতি ধরার জন্য যেমন কুকনে হাতি রাখা হয়, তেমনি মস্তান ধরার জন্য মস্তান রাখা হচ্ছে। আদ্দিকালের সেই পদ্ধতি এখনও ডি ডি ডিপার্টমেন্টে, আই বি ডিপার্টমেন্টে, এস্ বি ডিপার্টমেন্টে এবং সি আই ডি ডিপার্টমেন্টে চলছে—ধরে নিয়ে গিয়ে বেদম মার, মারতে মারতে যদি মারা যায় তাহলে সংবাদপত্রকে বলে দাও এনকাউন্টার হয়েছে পুলিশের সঙ্গে এবং তাতে মারা গিয়েছে।

[4.15—4.25 P. M.]

কোথায় যাচ্ছে ? এই দুটো টেকনিকই চলছে। তার ফলে কি হয়েছে ? একটা জায়গায় শুধু দেখান হয়েছে যে, এই এই মাস্তান এবং এই এই আর্ম পুট করা হয়েছে। অপর দিকে পোষা গুণ্ডাতে পুলিশে ভর্তি হয়ে গেছে। কলকাতা পুলিশে যত ফুটপাথের ইল্‌লিগাল চাইল্ড, আর যত মস্তান—দ্যাট ইজ অলসো দি ইল্‌লিগাল চাইল্ড অব ক্যালকাটা পুলিশ। সমস্ত ইম্‌মর‍্যাল ট্রাফিকের সঙ্গে, ইম্‌মর‍্যাল এ্যাকটিভিটিসের সঙ্গে পুলিশ যুক্ত না থাকলে এই জিনিস হতে পারে না। আজকে কলকাতাকে নরক করে দেওয়া হয়েছে। এই জিনিসের জন্য কি কেন্দ্র দায়ী ? এর জন্য কি আইনের দরকার হবে ? আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, আজকে এই পদ্ধতির পরিবর্তন করতে হলে পুলিশকে আরো শিক্ষা দিতে হবে। আমি বলি না যে,

রাতারাতি পুলিশকে ইউ. কে.-এর ডিটেকটিভ ডিপার্টমেন্টের মত হতে হবে। একটা ডেডহর্স, তাকে যদি হুইপ করা যায় তাহলে সে দৌড়াতে পারে না, তার দ্বারা প্রোডাকশান হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি অবাক হয়ে যাবেন যে, পুলিশের ডিটেকটিভ ডিপার্টমেন্টে যে-সমস্ত বড় বড় অফিসার আছেন তাঁদের কাজকর্ম দেখলে। এক একজন ইয়ংম্যান তারা দৌড়ে একটা চলন্ত ট্রাম ধরতে পারে না, একটা চলন্ত বাস ধরতে পারে না। সেই সমস্ত লোক ডিটেকটিভ ডিপার্টমেন্টের হর্তাকর্তা হয়ে বসে আছেন। এরা সব ফিজিক্যালি আনফিট। ফ্যাল ফ্যাল করতে করতে হাওয়াই চটি পায়ে দিয়ে ঘুরে বেড়ান। এই অবস্থার মধ্যে দিয়ে একটা ইম্পর্টেন্ট দপ্তর চলছে। সুতরাং আমি আবার বলি যে, টাকাটা বড় কথা নয়, টাকার চেয়ে বড় কথা হচ্ছে এগুলির পরিবর্তন করা।

এবারে আমি আইন-শৃঙ্খলার প্রশ্নে আসি। আইন-শৃঙ্খলা সম্পর্কে যেটা আমার মনে হয়েছে সেটা হচ্ছে, ডিষ্ট্রিক্ট লেভেলে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ সুপার—এই দু'জনে আইন-শৃঙ্খলা দেখেন। সাধারণভাবে দেখবেন যে. ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকেই সমস্ত ব্যাপার ফেস করতে হবে। আজকে কোন জায়গায় যদি আইন-শৃঙ্খলার অবনতি হয়, কোন ঘটনা ঘটে, তাহলে সঙ্গে সঙ্গে রাইটার্স বিলডিংস থেকে ডি এম-কে কৈফিয়ত তলব করে পাঠান হয়। অথচ আলটিমেটলি ১৯৬১ সালের এ্যাক্টে যা আছে, তার সেকশান ৩০, ৩০এ, এবং ৩১ সি. আর. পি. সি. যদি দেখেন তাহলে সেখানে দেখবেন যে, পুলিশ ইচ্ছা করলে ডি এম-এর অনুমতী ছাড়াই, ম্যাজিষ্ট্রেটের অনুমতী ছাড়াই স্পটে আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য যে কোন ব্যবস্থা অবলম্বন করতে পারবে। বিতর্ক হচ্ছে এবং তার ফলে কনফ্রনটেশান হচ্ছে। বহু জায়গায় কনফ্রনটেশান হয়েছে এবং অতীতে এর নজির আছে, শুধু এই আমলেই নয়। আমি ১৯৭৭ সালের একটা ঘটনার কথা বলছি। যখন ডি এম ২৪ পরগনার সঙ্গে ডি এম ব্যানার্জী ছিলেন, তাঁর সঙ্গে এস. পি. মিঃ ধর-এর এই ধরনের বিতর্ক হয়েছিল এবং এই বিষয়টি অনেক দূর পর্যন্ত, এমন কি চীফ মিনিষ্টারের কাছে পর্যন্ত ফাইল গিয়েছিল। আমি তখন পুলিশ দপ্তরে ছিলাম, আমার মনে আছে, এই বিতর্ক হয়েছিল। এই বিতর্কের কারণ হচ্ছে এদের এ্যাক্ট অনুযায়ী দায়িত্ব দেওয়া হয় নি। কাজেই এদের হয় এ্যাক্ট অনুযায়ী দায়িত্ব দেওয়া উচিত, অথবা এদের মধ্যে একটা সমন্বয়ের ব্যবস্থা করা উচিত। তা যদি না করা হয় তাহলে একথা সত্য যে, প্রত্যেক জেলায় ডি এম এবং এস পি'র মধ্যে পার-সোনালিটি ক্লাস, কে কার চেয়ে বড়, কে কার কথায় চলবে, কার কথায় আইন-শৃঙ্খলা রক্ষা হবে, এটা নিয়ে বিতর্ক হবে। আমি এই আমলের একটা উদাহরণ

দিতে চাই। নদীয়া জেলার জেলা শাসক ছিলেন মিঃ সপ্তর্ষী। ১৯৮২ সালের সেপ্টেম্বর মাসে রাণাঘাটে কংগ্রেসের একটি বড় মিছিলকে কেন্দ্র করে বিতর্ক হয়। সেখানে মিঃ সপ্তর্ষী বললেন যে, মিছিলটা আগে আসুক এবং তাকে ওয়েট এ্যাণ্ড সি বললেন। কিন্তু ডি. আই. জি (পি. আর), তিনি বললেন, না, গণ্ডগোলের আশঙ্কা আমি পাচ্ছি। সুতরাং মিছিল এলে তাকে লাঠিচার্জ করে, টিয়ারগ্যাসিং করে ছত্রভঙ্গ করে দেওয়া হোক। তখন মিঃ সপ্তর্ষী বললেন, না, আমি ডি. এম, আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব আমার। আমি যেখানে পুলিশকে যেতে বলবো তখনই পুলিস যাবে, নতুবা যেতে পারবে না। এই নিয়ে ডি. আই. জি. (পি. আর.)-এর সঙ্গে মিঃ সপ্তর্ষীর গণ্ডগোল হল। সেই গণ্ডগোল বহুদূর পর্যন্ত গড়িয়েছিল। তারপরে মিঃ সপ্তর্ষী ডি. আই. জি (পি আর)-কে বাধ্য করেছিলেন এবং ডি. আই. জি (পি আর) স্থান ত্যাগ করে সরে এসেছিলেন। এই রকম পরিস্থিতির সৃষ্টি হচ্ছে, জটিলতা বাড়ছে। কাজেই যতদিন না একটা সমন্বয় তৈরী হবে, আইন মোতাবেক কাজ হবার ব্যবস্থা হবে, ততদিন ধরে এই ডিফারেন্স থাকবে এবং ডিফারেন্সের সুযোগে বহু অঘটন ঘটবে। সে জন্য আমি মনে করি, সরকারের পক্ষ থেকে এটা দেখা দরকার। আপনি জনেন যে, ব্রিটিশ এই আইন-গুলি তৈরী করেছিল। এটা আমরা স্বভাবতঃ বুঝতে পারি যে, এটা তারা আপনাদের বা সি পি এম-এর স্বার্থে তৈরী করেনি। এটা ব্রিটিশ করেছিল সাম্রাজ্যবাদের স্বার্থকে রক্ষা করার জন্য। আজকে কেন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি সরকাবের পরিবর্তনের কথা বলেন? যারা র‍্যাডিকাল চেঞ্জের কথা বলেন, আলট্রা চেঞ্জের কথা বলেন, রেভোলিউশানের কথা বলেন, কিন্তু মিনিমাম পরিবর্তন যেটা করা উচিত, সেটা তাঁরা করেন নি। আমি আগেই বলেছি যে, এর জন্য দায়ী যে তাকে আমি গালাগাল দিতে চাই না। আমি বলতে চাই যে, আপনারা চেষ্টা করলে করতে পারতেন, কিন্তু আপনারা করছেন না। ওঁর মাথায় টুপি পরিয়ে কতগুলি অফিসার লুটে খাচ্ছে। হু ইজ দি হোম মিনিষ্টার? জ্যোতিবাবু নিজেকে হোম মিনিষ্টার মনে করেছেন, পুলিশের স্যালুট পাচ্ছেন, মাইনে পাচ্ছেন, কিন্তু ওপরতলায় আসল হোম মিনিষ্টার হচ্ছেন হোম সেক্রেটারী, কারণ তিনি বদলি করতে পারেন। সেই সংগে সি পি, ডি সি (হেড কোয়ার্টারস) এবং এস পি'রা হচ্ছেন হোম মিনিষ্টার, এঁদের বদলি করবার ক্ষমতা আছে। লোয়ার লেভেলে যে-সমস্ত গাঁটকাটারা সাব-ইন্সপেক্টর এবং কনষ্টেবলদের পয়সা দেয়, তারাই আসল হোম মিনিষ্টার—পলিটিক্যাল ক্ষমতায় যারা আছে, তারা তার ভাগ পায়—আর নীচেরতলায় আসল হোম মিনিষ্টার হচ্ছে

লোকাল গুণ্ডারা। ইট ইজ এ হার্ড রিয়েলিটি। আমি একথা শুধু সরকার বিরোধী বক্তব্য রাখবার জন্যই বলছি না, এটা আজকে বাস্তব সত্য। It is still going on. It is a hard reality. Some may try to ignore it. But they have to accept it. I think. সরকার এই অবস্থার পরিবর্তনের জন্য পি আর এ-তে একজন স্পেশাল আই জি-কে কাজ করার জন্য নির্দেশ দিয়েছেন। দিয়েছেন। কিন্তু এই কাজ কতটুকু কার্যকরী হয়েছে তার কোন রিপোর্ট আমরা দেখতে পাচ্ছি না। সমন্বয় এবং পরিবর্তনের জন্য ক'টা মিটিং করেছে, তাও আমরা জানি না। সবাই বোঝেন যে, পরিবর্তন করতে হবে। সবাই বোঝেন যে, এই সীমিত ক্ষমতার মধ্যেও এটা করা যায়, কিন্তু কেউ করতে পারেন না। সবাই কেবল বলেন করা উচিত। মন্ত্রী বলছেন করা উচিত। অপোজিশনে, আমরা বলছি, করা উচিত। কিন্তু কে করবে ? এটাই হচ্ছে আজকে সব চেয়ে বড় প্রশ্ন। সুতরাং এই অবস্থায় আজকে স্পেশাল আই জি-কে ডেকে জ্যোতি বসু জিজ্ঞাসা করুন, তিনি কি কি কাজ করেছেন ? তাঁকে রিফর্মের কাজে পাঠিয়েছেন, ঘর দিয়ে, ফাইল দিয়ে বসিয়ে দিয়েছেন, তিনি কি কাজ করেছেন ? স্যার, এ ব্যাপারে আমার আরো অনেক বক্তব্য ছিল, আমি এখন আর সেগুলি উল্লেখ করছি না।

আমি পুলিশ কর্মচারীদের শুধু সমালোচনাই করতে চাই না। তাঁদের দাবী-দাওয়াগুলি আমি সরকারকে সহানুভূতির সঙ্গে বিবেচনা করতে বলব। তাঁদের অনেক জায়গায় অনেক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হয়। কতগুলি বিষয় আছে, যেগুলি সরকার ইচ্ছে করলেই করতে পারেন। আজকে বহু জায়গায় পুলিশ কর্মচারীদের কোয়ার্টার নেই। অবশ্য সর্বস্তরের কর্মচারীদেরই কোয়ার্টার থাকা দরকার। কিন্তু পুলিশ কর্মচারীদের ব্যাপারটা একটু স্বতন্ত্র। এদের জন্য কোয়ার্টার একান্তই দরকার। পি ডাবলু ডি মিনিষ্টার এখানে রয়েছেন, তাঁর কাছে আমার প্রশ্ন, কেন এখনো পর্যন্ত পুলিশ কর্মচারীদের জন্য উপযুক্ত সংখ্যক কোয়ার্টার নির্মাণ করা হল না ? যদিও তাঁদের জন্য প্রতিদিন ৮ ঘন্টা করে ডিউটি এ্যালটেড থাকে, তবুও বহু সময়ে তাঁদের ২৪ ঘন্টাও ডিউটি দিতে হয় এবং উপযুক্ত সংখ্যক কোয়ার্টার না থাকার জন্য তাঁদের অনেককেই ৩০/৪০/৫০ মাইল দূর থেকে এসে ডিউটি করতে হয়। স্বভাবতঃই তাঁদের এই ব্যাপারটা সহানুভূতির সঙ্গে দেখা দরকার। তাঁদের ডিউটি স্থানের কাছাকাছি কোয়ার্টার থাকা উচিত।

স্যার, আমার মনে হয় ১৯৭৯ সালের পর থেকে ওয়েষ্ট বেঙ্গল পুলিশে কনষ্টেবল থেকে শুরু করে সাব-ইন্সপেক্টর, ইন্সপেক্টর থেকে ডি এস পি পর্যন্ত এই সমস্ত সাব-অর্ডিনেট ষ্টাফের কোন প্রোমোশন হচ্ছে না। অথচ ওপরতলায় অনেক নতুন

পোষ্ট ক্রিয়েট হচ্ছে, আই জি পি-তে তিনটি পোষ্ট ক্রিয়েট হয়েছে। এমন কি অনেকে জানেন না যে, ক্যালকাটা পুলিশে নতুন জয়েন্ট কমিশনারের পোষ্ট তৈরী হয়েছে, বহু ডি এস পি পদ তৈরী হয়েছে। অথচ একজন সাব-ইন্সপেক্টরের সাব-ইন্সপেক্টর থেকে ইন্সপেক্টর হতে প্রায় ১০ বছর সময় লেগে যায়, তারপরে এ্যাসিষ্টেন্ট কমিশনার ইত্যাদি হতে আরো সময় লেগে যায় এবং তারপরে আর কোন প্রোমোশনের সুযোগ থাকে না। কম্প্লিটলি ষ্ট্যাগনেন্ট হয়ে যাচ্ছে। সুতরাং '৭৯ জন ওয়ার্ডস সাব-অর্ডিনেট ষ্টাফদের প্রোমোশনের সুযোগ কমে যাওয়ার ফলে কাজকর্ম শ্লথ হয়ে যাচ্ছে, গতিহীন হয়ে যাচ্ছে, তাঁদের কাজের মধ্যে গতি থাকছে না, প্রাণ থাকছে না, একটা ষ্টিরিওটাইপড্ কাজ হচ্ছে, কাজ করতে হয়, তাই করে যাচ্ছে। সেই সঙ্গে একটা ধারাপাত লেখা হয়েছে, শুধু লুটে খাও এবং মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি ও বামপন্থীদের প্রোটেকশন দাও, কংগ্রেসের লোকেদের ওপর অত্যাচার কর। অনেক ও সি বা পুলিশ অফিসারদের কাছে আমরা গেলে, তাঁরা আমাদের বলেন, "আপনারা বাইরে আমাদের গালাগালি দেবেন, খুব করে গালাগালি দেবেন।" আমরা তাঁদের জিজ্ঞাসা করি, কেন, আমরা আপনাদের গালাগাল দেব কেন? তাঁরা তখন আমাদের বলেন, "আপনারা গালাগাল দিলে, আমাদের প্রোমোশন হবে।" এই তো অবস্থা! যদি কোন পুলিশ অফিসার আমাদের সমর্থন করেন, তাহলে তাঁর চাকরি চলে যাবে। আর যে পুলিশ আমাদের বিরুদ্ধে গালাগালি করবে, হরর্ প্রকাশ করবে, তার প্রোমোশন হবে। পুলিশ কমিশনার স্বীকার করেছিলেন, একটা ডাকাতির ঘটনার সঙ্গে পুলিশ যুক্ত আছে। সে বিষয়ে জ্যোতিবাবু হাউসে বলেছিলেন, "আমি উপযুক্ত তদন্ত করে ব্যবস্থা নেব।" কি ব্যবস্থা হয়েছে? নেক্সট উইকেই তাকে মেডেল দেওয়া হয়েছে। যেহেতু আমরা সমালোচনা করেছি, সেহেতু মেডেল দিয়ে দেওয়া হয়েছে। আমরা যোগ্যতার ক্ষেত্রে পুলিশ কমিশনারেরও সমালোচনা করি, ব্যক্তিগতভাবে নয়। যেহেতু আমরা তাঁর সমালোচনা করি সেহেতু তিনিও নিশ্চয়ই মেডেল পাবেন অথবা রিটায়ারমেণ্টের পর অন্য জায়গায় একটা বড় পদ পাবেন।

[4 25—4.35 P.M.]

সুতরাং আমি মনে করি এইসব অধস্তন কর্মচারীদের জন্য উপযুক্ত প্রোমোশনের দরজা ওপেন করা এখুনি দরকার আছে। কলকাতা পুলিশের সার্জেণ্টরা, তারা

ঢোকেও সার্জেন্ট হয়ে আবার মরেও সার্জেন্ট হয়ে, নো প্রমোশন। একটা সময়ে এই সমস্ত সার্জেন্টদের একটা পারপাস ছিল, তারা রাস্তায় রাস্তায় টহল দিয়ে বেড়াতো, এখন সেই সমস্ত সার্জেন্টদের বহু কাজ দেওয়া হচ্ছে। অথচ এই সমস্ত সার্জেন্টদের কোন প্রমোশনের স্কোপ নেই এবং আজও পর্যন্ত হয় নি। আমাদের আমলে হয় নি বলে কি এখনও পরিবর্তন হবে না? এই সমস্ত সার্জেন্টরা—দে আর মোর ইনটেলিজেন্ট। সমস্ত সার্জেন্টদের রেকর্ড কলকাতা পুলিশের কাছে আছে। আজকে তাদের যদি প্রমোশন না দেওয়া হয় তাহলে তারা কাজে উৎসাহ পাবে না। হিউজ নাম্বার অফ সার্জেন্ট রয়েছে, আমি সঠিক নাম্বারটা বলতে পারবো না, তা সত্ত্বেও আমি মনে করি এদের জন্য এখনই ব্যবস্থা করা উচিৎ। প্রমোশন ইজ ওয়ান টাইপ অফ ইনসেনটিভ। একটা মানুষের চাকরি জীবনে যদি ইনসেনটিভের সুযোগ না থাকে তাহলে সে কাজে অনুপ্রেরণা পেতে পারে না। যাঁরা ট্রেড-ইউনিয়ন করেন তাঁরা এই কথাটা স্বীকার করবেন। ঢোকার পরেই সে যদি বুঝে যায় যে, তার জীবনে কোন ইনসেনটিভ নেই তাহলে সে নতুন কাজে উৎসাহ পেতে পারে না। আমাদের আমলে করা উচিৎ ছিল, কিন্তু হয় নি। সুতরাং আমি আবদার করছি, ইমিডিয়েটলি আপনাদের আমলে এই প্রমোশনের ব্যবস্থা করে দিন, ধন্যবাদ জানাবো। ডিউটির কথা আমি আগে বলেছি, রিসেণ্টলি একটি দুরবস্থার কথা বলি, বিচ্ছিন্ন ঘটনা হলেও এটা একটা ঘটনা। এয়ারপোর্টে বেঙ্গল পুলিশের কনষ্টেবল থেকে শুরু করে পুলিশ অফিসাররা দায়িত্বে আছে। একজন ডি এস পি এদের ইনচার্জ হয়ে রয়েছেন। এখানে একটা ছোট অফিস আছে। এই সমস্ত কর্মচারীদের ৮/৯ ঘণ্টা দাঁড়িয়ে সার্চ করতে হয়, একটা বসার জন্য টুল পর্যন্ত নেই। ট্রাফিক কনষ্টেবলকে নিয়ম অনুযায়ী ৪ ঘণ্টা দাঁড়িয়ে ডিউটি দিতে হয়—হোয়্যার এ্যজ ৮ ঘণ্টা দাঁড়িয়ে তারা ডিউটি দিচ্ছে। ডি এস পি-র সঙ্গে এয়ারপোর্ট অথরিটির যোগাযোগ আছে। যারা সব বে-আইনী কাজ করে ডি এস পি-র মাধ্যমে তাদের সাজা পেতে হয়। এয়ারপোর্টে একটা ক্যান্টিন আছে। সেখানে এককাপ চায়ের দাম আড়াই টাকা। একজন অর্ডিনারী কনষ্টেবলকে যদি এককাপ চা আড়াই টাকা দিয়ে খেতে হয় তাহলে অবস্থা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে চিন্তা করুন। সুতরাং এইসব সামান্য জিনিসের কথা চিন্তা-ভাবনা করা উচিৎ এবং ওদের জন্য আলাদা ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া ওদের একটা ভাল পোশাক পর্যন্ত নেই। বাইরে থেকে লোক আসে, বিদেশ থেকে লোক আসে—আপনারা বম্বেতে যান, আপনারা দিল্লীতে যান, সেখানে গিয়ে দেখুন তাদের কি রকম পোশাক-পরিচ্ছদ। এখানে মহিলা ষ্টাফও রয়েছে, কিন্তু তাদের জন্য বাথরুম পর্যন্ত নেই। ৮ থেকে ৯ ঘণ্টা

এদের ডিউটি করতে হয়। ভাল পোশাকের জন্য বহুবার এরা ডেপুটেশান দিয়েছে। সুতরাং এঁদের জন্য ভাল পোশাক-পরিচ্ছদ করিয়ে দিন, কারণ বিদেশ থেকে বহু লোক আসে, সরকারের যদি ভাবমূর্তি উজ্জ্বল হয়—আমরা সরকারের যতই বিরোধিতা করি না কেন—সরকারের যদি প্রশংসা হয় উই ফিল প্রাউড অফ দ্যাট। সমস্ত বিদেশীরা দেখছে। তারা যে-সব প্যান্ট সার্ট পরে এবং না খাওয়া মানুষগুলির মতন কোনরকমে দাঁড়িয়ে থাকে, সুতরাং এটার পরিবর্তন করা দরকার বলে আমি মনে করি। এবার বদলির কথা বলি। এ ব্যাপারে সবচেয়ে বেশী অত্যাচার হচ্ছে। বদলির যে সাধারণ নিয়ম আছে সেই নিয়ম ব্যতিরেকে কিভাবে বদলি হচ্ছে দেখুন। ঐ নন-গেজেটেড পুলিশ কর্মচারীরা এইসব জিনিস করছে যারা সি পি এম প্রভাবিত। তারাই প্যানেল তৈরী করছে—এটা কারোই অস্বীকার করার উপায় নেই—সেই প্যানেল করে এস পি এবং পুলিশ কমিশনারের কাছে সাবমিট করছে, এ্যাকর্ডিং টু দ্যাট প্যানেল বদলি হয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমি ভূরিভুরি উদাহরণ দিতে পারি যে, নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির প্যানেল অনুযায়ী বদলি করা হচ্ছে এবং এক্সটেনশান দেওয়া হচ্ছে। বদলির একটা সাধারণ নিয়ম আছে, কোন কনষ্টেবল এবং সাব-ইন্সপেক্টর যে জেলায় থাকবে সেই জেলার মধ্যে তাকে বদলি করতে হবে। কিন্তু তা না করে—আমি নাম করে বলতে পারি, ঐ নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির প্যানেল অনুযায়ী তাকে ঐ জেলার বাইরে বদলি করা হচ্ছে। শুধু তাই নয়, ২/৩ বছর সার্ভিস করেছে এই রকম লোককে বদলি করা হয়েছে। রাজনৈতিক কারণে বদলি করা হচ্ছে। যে নিয়ম আছে, সেই নিয়ম-মাফিক বদলি করা হচ্ছে না। এই ব্যাপারে এই সরকারের কোন ব্যবস্থা নেই। পুলিশ কর্তৃপক্ষ ডি-মরালাইজ হয়ে গেছে। ফিউচারে এটা একটা ভয়ঙ্কর ব্যাপার হয়ে দাঁড়াবে। একজন পুলিশ অফিসারের যোগ্যতা আছে, শিক্ষা আছে, তা সত্ত্বেও তাকে ক্রিপিল করে রেখে দেওয়া হয়েছে হাত-পা কেটে।

এইভাবে পুলিশের এস পি-র ক্ষমতা পর্যন্ত কেড়ে নেওয়া হচ্ছে। তাঁরা মার্ডার কেসের ব্রীফ করবেন না। আইন-শৃঙ্খলার অবনতিতে হোম সেক্রেটারী সমস্ত বৃটিশ ভার্নাকুলার এ্যাক্টের মত অর্ডার জারি করে দিয়েছেন। কোন এস পি ব্রীফ করবে না। আইন-শৃঙ্খলার ব্যাপারে কোন কথা বলবে না। রাইটার্স বিল্ডিংস-এ খবর এলে স্বরাষ্ট্র সচিব থেকে ম্যানিপুলেট করবেন পলিটিক্যাল ফুটিংয়ের জন্য, তারপর সেটা প্রেস করবেন, এস পি কিছু করবেন না। অথচ ওঁরা গণতন্ত্র গণতন্ত্র করেন। আমরা কোন্ রাজত্বে আছি ?

স্যার, আমি বদলী সংক্রান্ত অনেক ব্যাপার বলতে চাই। পুলিশ

এ্যাসোসিয়েশনে এমন বহু কর্মী রয়েছেন যাঁদের কোন মিস কনডাক্ট নেই, কিছু নেই, তা সত্ত্বেও ৮৩৫ জনকে শুধু প্রেসিডেন্সী ডিভিসনে অহেতুক বদলী করা হয়েছে। আমি ক্যাটিগরীক্যালি নাম্বার বলে দিচ্ছি ৮৩৫ জন। অপর দিকে এক্সটেনশন পায় না, অথচ নন-গেজেটেড পুলিশ কর্মচারীর যিনি নেতা, আমি নামটা আপনাদের কাছে বলে দিচ্ছি শ্রীসন্তোষ মুখার্জী, তাঁকে এক্সটেনশন দিয়ে দেওয়া হল। জ্যোতিবাবুর অর্ডার আছে এক্সটেনশন হবে না, ক্যাটিগরীক্যালি ক্যাবিনেট অর্ডার আছে যে এক্সটেনশন হবে না, নন-গেজেটেড পুলিশ সমিতির তাঁরা বলেছেন যে, আমাদের দাবী এটা যে, এক্সটেনশন হবে না, তা সত্ত্বেও তাঁকে এক্সটেনশন দেওয়া হয়েছে। বলা হচ্ছে যে তাঁকে আমাদের দরকার, এক্সট্রাঅর্ডিনারীলি। হি ইজ এ সিম্পল ওয়ারলেস অপারেটর, এ রকম ওয়ারলেস অফিসার ডজন ডজন আছে, কিন্তু মারাত্মক ব্যাপার তাঁকে দেওয়া হল, কতদিন? না পঞ্চায়েত ইলেকশন পর্যন্ত এক্সটেনশন দেওয়া হয়েছে। বিকজ অফ পুলিশ, কিছু ঠ্যাঙাড়ে বাহিনী নিয়ে যাতে নিজেদের দলে থাকে, ভোটের কারচুপির জন্য দেওয়া হল। এইভাবে টু অর্গানাইজ এভরি হোয়ার করা হচ্ছে। এস পি-র কোন রেকমেনডেশন নেই, তাঁর যিনি বস তাঁর রেকমেনডেশন নেই একটা ওয়ারলেস অফিসারকে এক্সটেনশন দেওয়া হল, পঞ্চায়েত নির্বাচন পর্যন্ত এক্সটেনশন দেওয়া হল। যেখানে ক্যাবিনেটের ডিসিসান রয়েছে, জ্যোতিবাবুর ডিসিসান রয়েছে, এই সমিতি পর্যন্ত আপত্তি করছেন কোন রকম এক্সটেনশন যেন না হয়, তা সব রকম নর্মস ভায়োলেট করে আজকে কেন হল? শুধু তাই নয়, আমাদের সময়ে তিনি সাসপেণ্ড হয়েছিলেন, ৩১১ ধারায় সাসপেণ্ড হয়েছিলেন। সাসপেণ্ড হবার পর কত বছর চাকরি পান নি, কোন সালে এলেন? ১৯৭৭ সালে এবং ঐ ৪৫ হাজার টাকা তাঁকে দিয়ে দেওয়া হল ঢোকার সাথে সাথে। ফাইনান্সের অনুমতি না নিয়ে। ফাইনান্সের নিয়মমত ঐ সাসপেণ্ডিং পিরিয়ডে তিনি যদি কোন চাকরি করেন এবং যে টাকা উপায় করেছেন তার সঙ্গে তাঁর পাওনা টাকা প্লাস মাইনাস করে তবে পাবেন। এমন কি সে সম্বন্ধে তাঁর যে ষ্টেটমেণ্ট দেবার কথা, সে সব কিছুই না দেখে তাঁর র‍্যাশনটা পর্যন্ত তার সাথে যোগ করে দিয়ে দেওয়া হল। তিনি বজবজ বাস সিণ্ডিকেটে ঐ ৫ বছর চাকরি করতেন তিনি নিজে ষ্টেটমেণ্ট করেছেন। ফাইনান্সের নিয়ম অনুযায়ী তা বাদ না দিয়ে তাঁকে দিয়ে দেওয়া হল, যেন লুঠের মাল। ভাগের মা, দিতে পারলেই হল। এই যদি অবস্থা হয় তাহলে কি আমরা মুখ বুজে সহ্য করব? আমরা অপোজিশন, অপোজ আমরা করব। অপোজ করলেই বলবেন ষড়যন্ত্র করছে। সরকার যদি এই রকম করেন, তাহলে ষড়যন্ত্রই বলুন, আর চক্রান্তই

বলুন, আমরা এর প্রতিবাদ করব। এই জিনিস চলছে সর্বত্র এবং আজকে অধিকার থাকবে না—এ জিনিস চলতে পারে না।

মিঃ স্পীকার স্যার, এখানে মাননীয় জ্যোতিবাবু একটি বক্তৃতায় বলেছেন যে, অনেকগুলো নাকি কমিটি হয়েছিল, সেই কমিটিগুলো নাকি পুলিশের দাবী-দাওয়া সংক্রান্ত ব্যাপারে মীমাংসা করবার জন্য বসিয়েছিলেন। কেন্দ্রে জনতা সরকার যখন ছিল, সেই সময়ে পুলিশ রিভোল্ট করায় দি দেন্ মিনিষ্টার-ইন-চার্জ মিঃ পাতিল একটি ফর্মুলা করেছিলেন—বলেছিলেন যে তিনটি লেভেলে কমিটি হবে মীমাংসা করবার জন্য—একটি ষ্টেট লেভেল কমিটি—যার চেয়ারম্যান স্বরাষ্ট্রমন্ত্রী, আর একটি আই জি লেভেল কমিটি—যার চেয়ারম্যান আই জি এবং তার তলায় ডিষ্ট্রিক্ট লেভেল কমিটি—সেখানে এস পি তার চেয়ারম্যান। এই কমিটিগুলোর প্রথম থেকে আজ পর্যন্ত কয়টি মিটিং হয়েছে? মাননীয় জ্যোতিবাবু তাঁর ১৪ নম্বর আইটেমে বলেছেন যে পুলিশ কর্মীদের প্রকৃত অভিযোগের প্রতি আমরা দৃষ্টি রাখবো এবং সেইজন্য তাঁদের সমিতির অধিকার দিচ্ছি এবং তাঁরা জয়েণ্ট কনসালটেটিভ কমিটি করে দ্বিগুণ উৎসাহে যোগাযোগ রাখছেন। মাননীয় জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করছি যে গত দুই বছরে ঐ তিনটি লেভেল কমিটির কয়টি মিটিং হয়েছে? সেটা ডেট মেনশন করে বলে দিন, আমি উইথড্র করবো। সুতরাং একটি জিনিস এ্যানাউন্স করে দেওয়া মানেই সবকিছু হয়ে যাওয়া নয়, তা ইম্প্লিমেণ্ট করাটাই হোল সত্যিকারের কাজ এবং ব্যারোমিটারে পরিমাপটাই হচ্ছে যোগ্যতা। যোগ্যতা এখানেই বিচার হয়ে যাবে। কাজেই আমি মনে করি এটা মাননীয় জ্যোতিবাবু অসত্য বলেছেন। আজকে সেগুলো ডিফাংক্ট হয়ে গেছে, কোন মিটিং পর্যন্ত হয় নি। আমি তো বলছি আপনাদের যে ডেট মেনশন করে বলে দিন যে, কবে মিটিং হয়েছে। পুলিশের মধ্যে ভয়াবহ অবস্থা হয়ে গেছে আজকে। আমি এ সম্বন্ধে কয়েকটি নজির দিচ্ছি। সুপিরিয়র অফিসাররা আজকে হিউমিলিটেড হেকেল্ট লাইক এনিথিং। আজকে তাঁদের ডিউটি এ্যালট করবার ক্ষমতা আছে? ডিউটি এ্যালটমেণ্ট বিশেষ করে নাইট ডিউটি যদি হয় তাহলে নন-গেজেটেড সমিতি ছাড়া কেউ কি নাইট ডিউটি এ্যালট করতে পারে? এ ব্যাপারে ঘেরাও, আক্রমণ এমনকি রাতভোর ঘেরাও হবার নজির আমাদের কাছে আছে। বহু জায়ায় বহু ঘটনার খবর আমাদের কাছে আছে। স্যার, কয়েক মাস আগে কলকাতার একবালপুরে বডিগার্ড লাইনে ডি সি (হোমগার্ড)-কে পুলিশ লাইনে মারধোর করা হয়েছে। পুলিশ লাইনের মধ্যে মারধোর করা হল! সেখানে পুলিশ কমিশনার বলছেন যে, না তো কিছুই হয় নি। প্রতিটি সংবাদপত্র এই ঘটনার উল্লেখ

করেছে। আমাদের যে সোর্স আছে তার মাধ্যমে আমরা জেনেছি যে, ঘটনা ঘটেছে। এমন কি তাঁকে সারারাত ঘেরাও করে রাখা হয়েছে। ভোরবেলা সেই ভদ্রলোক বলেছেন আমি একটু বাথরুমে যাবো। পুলিশের সমিতির লোকেরা দুটি বোতল দিয়ে বলেছেন যে, এ দুটো নিয়ে বাথরুম কর। তাঁকে বাথরুম পর্যন্ত যেতে দেওয়া হয় নি। দু'জন পুলিশ কনেষ্টবলের সামনে তাঁকে বাথরুম করতে হয়েছে। কোথায় আছেন স্যার! আমরা কোথায় আছি ছেড়েই দিন। আজকে এঁরা কোথায় গেছে বুঝুন!

[4.35—4.45 P. M.]

স্যার, ১৯৮২ সালের ৪ঠা নভেম্বর ক্যালকাটা আর্মড পুলিশ কনষ্টেবলরা লালবাজারে ডিটেকটিভ ডিপার্টমেণ্টে ঢুকে ভাংচুর করে দিয়ে এলেন। ডি সি (হেড কোয়ার্টার)-এর সমস্ত কাগজপত্র ছিঁড়ে দিয়ে এলেন। ফিফ্‌থ নভেম্বর ষ্টেটসম্যানে পুরো একপৃষ্ঠা জুড়ে সেই নিউজ বেরিয়েছিল। আজ পর্যন্ত তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কি? কোন ব্যবস্থা নেওয়া হয়েছে? একটি উত্তর—না। ১৯৮২ সালে জুলাই মাসে পুরুলিয়ার নন্‌-গেজেটেড পুলিশ কর্মচারীরা পুরুলিয়ার এস পি-র অফিসের মধ্যে অশালীন ব্যবহার করেছিলেন। এস পি এর বিরুদ্ধে প্রতিবাদ করলেন, লং ছুটি নিলেন। প্রটেকশন না পেয়ে তিনি এখন কেন্দ্রীয় সরকারের চাকরি নিয়ে চলে গেছেন, অস্বীকার করবার উপায় আছে? সবচেয়ে ভয়াবহ ঘটনা হচ্ছে মুর্শিদাবাদের ঘটনা। মুর্শিদাবাদের ১৯৮২ সালের মার্চ-এপ্রিলের সেই সময়কার এস পি মিঃ ভোড়া—ভেরী ইয়ংম্যান, আমি জানি —তাঁকে যাচ্ছেতাই ভাবে অপমান করা হোল। তিনি ছুটি নিলেন। তাঁর দুই মেয়ে এবং স্ত্রীকে কোয়ার্টারে রেখে দিয়ে লং ছুটি নিয়ে চলে গেলেন। নতুন এস পি এলেন। এস পি আসার সাথে সাথে রাস্তার উপর তাঁকে ঘেরাও করলেন কিছু লোকেরা। তাঁর সেক্রেটারী বললেন এখনি ওঁর স্ত্রী এবং মেয়েকে বার করে দিতে হবে। তার পরদিন, সেদিন ছয় তারিখ ছিল। সাত-আট তারিখে প্রাইম মিনিষ্টারের মিটিং ছিল সেখানে, ল এ্যাণ্ড অর্ডার মেণ্টেইন এবং ভি আই পি এ্যালটমেণ্টের কথা। দাবী উঠলো, "এখনি ওঁকে স্যাক্‌ করতে হবে, তাঁর স্ত্রী এবং মেয়েকে রাস্তায় নামিয়ে দিতে হবে এবং আপনারা কালকে কোন ভি আই পি এ্যালটমেণ্ট দিতে পারবেন না। যদি ভি আই পি-দের কালকে কোন মাইকের এ্যালটমেণ্ট দেন, তাহলে মাইক আপনাদের কেড়ে নিয়ে

এ্যাডিশনাল এস পি রঞ্জিৎবাবুকে সেই দায়িত্ব দিয়ে দেওয়া হবে।" এ্যাডিশনাল এস পি রঞ্জিৎবাবুর কতটা ঔদ্ধত্য যে, তারপর ব্যারাকে গিয়ে মিটিং করেছেন! রিভোল্ট করাচ্ছেন এস পি-র বিরুদ্ধে একজন এডিশনাল এস পি! কোন বিচার নেই। দু'জন চাকরি ছেড়ে দিয়েছেন, কেউ ট্রান্সফার নিয়ে পালাতে বাধ্য হয়েছেন। এই জিনিস আজকে প্রতিটি জেলায়, প্রতিটি জায়গায় ভয়াবহ আকার ধারণ করেছে।

মিঃ স্পীকার স্যার, বদলীর ব্যাপারে এই জিনিস হবার পর—আমাদের সংবাদ বললে অন্য রকম হবে—এই বদলীর ক্ষেত্রে একটা ভয়ঙ্কর ব্যাপার চলছে। লেফটিষ্ট কাগজ বলে পরিচিত 'সত্যযুগ' থেকে আমি কোট করছি। 'পুলিশ বদবদলে টাকার খেলা। "কলকাতা পুলিশের কয়েকটি দলে তাদের পদ বদলের ব্যাপার নিয়ে পুলিশ মহলে বিরাট ক্ষোভের সৃষ্টি হয়েছে। বদলকে কেন্দ্র করে প্রচুর অভিযোগ। আরো কিছু অভিযোগ, মুখ্যমন্ত্রীর সুস্পষ্ট নির্দেশকে সম্পূর্ণ লঙ্ঘন করে, স্বরাষ্ট্র সচিবের অর্ডারের পরোয়া না করে এই সব বদলির নির্দেশ লালবাজার থেকে জারি করা হয়েছে। অভিযোগ যে, বেআইনী বদলির ক্ষেত্রে টাকা লেনদেন হয়েছে প্রচুর"। সুতরাং এই সব দেখে মুখ বুজে চুপ করে বসে থাকা যায় না। স্যার, প্রতিদিন দেখি নন গেজেটেড পুলিশ কর্মচারীরা কোনরকম নিয়ম-কানুন মানছে না। নিয়ম-কানুন মানাতো দূরের কথা পুলিশ ডিপার্টমেন্টকে এ্যাবসলিউটলি মেস তৈরী করে দিয়েছে। তাদের আজকে একটাই শ্লোগান—ঘেঁটে ঘুঁটে দে মা লুটে পুটে খাই। তাদের ঘেঁটে ঘুটে দেওয়া হচ্ছে, আর ওরা লুটে পুটে খাবার চেষ্টা করছে এবং তারা জানে যে তারা বেশী দিন থাকবে না। এখানে থাকতে পারবে না জেনে বাইরে গিয়ে থাকার যাতে ব্যবস্থা করতে পারে তার ব্যবস্থা তারা আজকে করে ফেলেছে। স্যার, কয়েকটি উদাহরণ দিই এই গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির যেটা সি পি এম অধ্যুষিত।ধুইরাম মাইতি, হাওড়ার ডি সি, যিনি সমিতির কার্যকরী নেতা, তিনি ১৮৭ নম্বর আন্দুল রোডে একটা কোয়ার্টার জবরদখল করে আছেন! তাঁর কোয়ার্টারের নাম্বার হলো ৩।৫, সেটা এস আই র‍্যাঙ্ক অফিসারদের কোয়ার্টার, সেটা সে দখল করে আছেন। বিগত পাঁচ বছর ধরে মনোরঞ্জন চ্যাটার্জী, হেড কোয়াটার্সে সাত ব্যাটেলিয়ানের, তিনি নন-গেজেটেড পুলিশ সমিতির সভাপতি। তিনি সম্পূর্ণ বেআইনী ভাবে ব্যারাকপুরে লাটবাগানের ক্যাম্পাসে যেখানে কমাণ্ডার র‍্যাঙ্ক অফিসারেরা এবং ডি এস পি র‍্যাঙ্কের অফিসারেরা থাকে সেখানকার পুরো বাড়ি চার বছর ধরে দখল করে আছেন। সমিতির লোক বলে কারো কিছু বলবার আছে? আপনার পিছনে যারা বসে আছে তাদের ক্ষমতা আছে কিছু বলবার?

সুভাষ ঘোষ, এখন এখানে আছে, শিয়ালদার জি আর পি, এস আই। হুগলীতে ছিল, সমিতির কাজের জন্য কলকাতায় ট্রান্সফার করে নিয়ে আসা হলো। সুদক্ষিণা হাউসিং, যেটা কলকাতায় আছে, এখানে জি আর পি পুলিশের কোনরকম প্রভিসান নেই। না থাকলেও তাকে সেখানে জোর করে ফ্লাট দখল করিয়ে রাখানো হয়েছে। কোন প্রভিশান নেই যেখানে, সেখানে এইভাবে বে-আইনী ভাবে রাখা হয়েছে। জি আর পি-র যেখানে প্রভিসান নেই সেখানে দখল করে রেখে দেওয়া হয়েছে। স্যার, আরো বেআইনীর নজির আমি এখানে দেব। বর্ধমানে সি পি এম-এর একটা মিটিং ছিল। সমিতির যিনি নেতা তিনি ডি আই জি আর্মড পুলিশ ব্যারাকপুর লাট বাগান তাঁকে বলেছিলেন যে আমাদের সমিতির মিটিং হবে, এখান থেকে লোক পাঠাও এবং গাড়ি পাঠাও। উনি লোক পাঠাতে এবং গাড়ি পাঠাতে গররাজি হলেন। স্যার, ২৪ ঘণ্টা লাট বাগান বন্ধ করে দেওয়া হলো। লাটবাগানের সবকটা গেট বন্ধ করে দেওয়া হলো। আর্মড পুলিশ ৩৪ ঘণ্টা নো ফাংশান ষ্টেজে রয়ে গেল। এখানে যদি কোন বড় ধরনের ঘটনা ঘটতো তাহলে একটা আর্মড পুলিশেরও বাইরে বেরিয়ে আসার পথ ছিল না। আমরা স্যার কোথায় আছি? স্যার, এর পরে আপনি জানেন এখানে খুনের পরিমাণ কি? জ্যোতিবাবু তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন যে, এখানে নাকি খুন কমছে। আর বই-এর মধ্যে কি পরিমাণ খুন হয়েছে সেটা আছে। তাহলে কি জ্যোতিবাবু মিথ্যা কথা বলছেন? জ্যোতিবাবু এই বই-এর মধ্যে বলেছেন যে, খুনের পরিমাণ ধাপে ধাপে কমছে। আর এই বই-এ উনি উত্তর দিয়েছেন খুনের ব্যাপারে। হু ইজ রং? হু ইজ সেয়িং আনট্রুথ? এই বইটা মিথ্যা কথাবলছে না, ঐ বইটা মিথ্যা? আমার হাতে যে দুটি বই আছে তার মধ্যে একটা বই-এ তিনি বলছেন যে, এখানে খুন অসাধারণ ভাবে কমতির দিকে, আর একটি বই যেটা উনি প্রশ্ন উত্তরের সময় বলেছেন যে, ষ্ট্যাটিসটিক্স-এ দেখতে পাচ্ছি খুন অনেক বেড়ে গিয়েছে ১৯৮১ সালের চেয়েও। আমি তাঁর দেওয়া বই থেকে ধারাবাহিক ভাবে বলছি কিভাবে এখানে খুন বাড়ছে। আপনারা বিহার দেখাবেন কেন? ইউ পি দেখাবেন কেন? পশ্চিমবাংলার সঙ্গে বিহার কিংবা ইউ পি-র তুলনা হবে? যদি তুলনা করতে চান তাহলে হরিয়ানার সঙ্গে তুলনা হোক। এখানে রেপ কেস এবং খুন সাংঘাতিক ভাবে কমে গিয়েছে। এইভাবে তুলনা করা যায় না, এইগুলি ফ্যালাসী, এইগুলির মধ্যে লজিক বলে কিছু নেই। এইগুলি এ্যাবসলিউটলি ফ্যালাসী। ব্লাক এণ্ড হোয়াইট—এই ধরনের অসত্য কথা বলতে কোন সরকার পারে না। এই ঔদ্ধত্য একমাত্র জ্যোতিবাবুর মধ্যেই দেখা যায়।

[4.45—4.55 P. M.]

স্যার, আমি একটা লিফলেট দেখাচ্ছি—এটা আমাদের পার্টির মুখপত্র নয়, এটা এস ইউ সি পার্টির মুখপত্র, ঐ লাল পার্টির মুখপত্র। এখানে রাজ্যের ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর কাছে রাজ্যের ১৯৮১ সালের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উল্লেখ করেছেন। সেখানে বলা হয়েছে, ঐ বছরে কলকাতা সহ গোটা রাজ্যে গড়ে প্রতিদিন ৫ জন করে খুন হয়েছে। সংবাদপত্রে ১৯৮১ সালে হরিয়ানা রাজ্যে মোট খুনের সংখ্যা ছিল ৩৭৩ জন। ঐ বছরে পশ্চিমবঙ্গে মোট খুনের পরিমাণ ছিল ১৪৩৫ জন। একথা বলার কোন প্রয়োজন ছিল না, তবুও আমি একথা বললাম এই কারণে যে, ওঁরা কথায় কথায় বিহার রাজ্যকে দেখান বা অন্য রাজ্যের দিকে আঙুল তোলেন সেজন্য। এখানে পতিতবাবু একটু আগে বার বার বিহারের কথা উল্লেখ করে গেছেন। আমি যে উদাহরণ রাখলাম, এর পরে কি আর বিহারের দিকে তাকান, ওখানে এত মানুষ খুন হয়েছে ইত্যাদি বলা শোভা পায়? এইভাবে কি কোন যুক্তি হতে পারে? স্যার, আপনি এইসব জিনিসগুলো একটু দেখুন, আই ওয়ান্ট ইওর প্রটেকশান। হাউসের মধ্যে যদি এভাবে চলতে থাকে তাহলে সাধারণ মানুষের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে একবার ভেবে দেখুন। রাজ্যের পুলিশ অফিসার, এম এল এ কারোর কোন নিরাপত্তা নেই, এঁদের আপনারা নিরাপত্তা দিতে পারছেন না। নিরাপত্তা যে দিতে পারছেন না, সে সম্পর্কে ১৯৮২ সালের ৯ই অক্টোবর একটা খবর বেরিয়েছিল, তাতেই স্পষ্ট বোঝা যায়। সেখানে চিফ মিনিষ্টারের উদ্বেগ সম্বন্ধে খবর বেরিয়েছিল। খবরে বলা হয়েছে—The Chief Minister asked for a report on the alleged threat by the office-in-charge of the Chanchol thana in Malda to kill Mr. Mahabubul Haque, a Cong (I) M L. A. Mr. Patit Paban Pathak, West Bengal's Minister for Parliamentary Affairs said on Friday. শুধুমাত্র আমাদের পার্টির এম এল এ-কে থ্রেট করা নয়, সি পি এম পার্টির মধ্যেকার গণ্ডগোলকে কেন্দ্র করে পুলিশ অফিসারদের পর্যন্ত খুন করা হচ্ছে। মাননীয় সত্য বাপুলী মহাশয় সে সম্পর্কে বলেছেন। আমি রাজ্যের চিফ সেক্রেটারীর মন্তব্য পড়ে এখানে শুনিয়ে দিচ্ছি যে, রাজ্যে কি অবস্থা চলছে। চিফ সেক্রেটারী বলেছেন—"দি চিফ সেকেটারী, মিঃ এস. ভি. কৃষ্ণাণ said at Writers' Building on Wednesday that the incidents at Tiljala and Baruipur would undoubledly

have an adverse effect on the morale of the police force. চিফ সেক্রেটারী নিশ্চয়ই আমাদের লোক নন বা আমাদের দলকে সন্তুষ্ট করার জন্য এই ধরনের ওপেন ষ্টেটমেন্ট করেন নি? সেখানে এই ধরনের খুনের জন্য মানুষের মর‍্যালিটি ডেটোরিয়েট হয়ে গেছে। মার্ডারের যে-সমস্ত খবর কাগজে বেরোচ্ছে, তার ফলে মানুষের মন ডিমরালাইজ হয়ে যাচ্ছে। রাজ্যে সর্বত্র দুর্নীতি ও নানা ভাবে স্বজনপোষণের ফলে এভরি অলটারনেট ডে-তে দেখা যাচ্ছে—হয় একজন পুলিশ অসম্মানিত হচ্ছে, খুন হচ্ছে, ঘেরাও হচ্ছে, অথবা তাদের হত্যা করার চেষ্টা চলছে। রাজ্যের সব জায়গার খবর নিতে চেষ্টা করুন—এ খবর নিশ্চয়ই আপনারা পাবেন। খবর আপনারা পান, কিন্তু আমাদের কাছে বা সাধারণ মানুষের কাছে সে খবর প্রকাশ করবেন না। কিন্তু আমরা যদি সে খবর এখানে বলতে যাই, তাহলে আমাদের নানাভাবে ব্যঙ্গ করবেন, সঙ্গে সঙ্গে অন্য ষ্টেটের কথা টেনে আনবেন। স্যার, এবারে আমি পুলিশ কর্তৃক হত্যার একটি করুণ কাহিনী শোনাব—পুলিশ এখানে কি অবস্থার মধ্যে আছে, আর তাদের জন্য ১৫০ কোটি টাকার বাজেট প্লেস করা হয়েছে। যদি কোথাও একটা খুন হয়, তবে ১৫ দিন পরে তার কেস ডায়েরীতে তোলা হয়। খবরে বেরিয়েছে, পুলিশ ঠাণ্ডা মাথায় খুন করছে—সব জায়গাতেই করছে। কিন্তু খবরের কাগজে বেরোবোর সঙ্গে সঙ্গেই ওঁরা বলছেন, খুনী ব্যক্তি একজন সমাজবিরোধী ছিল। পুলিশ জ্যোতিবাবুর হাতে একটা করে কেস ডায়েরী তুলে দিচ্ছে—পুলিশ বলছে, পুলিশের কেস ডায়েরীতে খুনীর নাম আগে থেকেই নথিভুক্ত ছিল সমাজবিরোধী বলে আর উনি বলছেন, সমাজ-বিরোধী খুন হয়েছে। সমাজবিরোধী বলেই তাকে গুলি করা হয়েছে। আমরা জঙ্গলের রাজত্বে বাস করছি। এ্যাবসলিউটলি জঙ্গলের রাজত্ব চলছে এখানে। এবারে আমি একটি ঘটনার কথা বলি, ২৪ পরগনা জেলার কাঁকিনাড়া থানা অঞ্চলে উত্তম দে নামে একজন ১৭/১৮ বছরের ছেলে চাল বিক্রি করে সংসার চালাতো। পুলিশ তাকে ১০ই ফেব্রুয়ারী মাত্র ১—১॥ মাস আগের ঘটনা, বেলা ৪॥—৫টা নাগাদ তার বাড়ী থেকে তুলে নিয়ে যায় ও তাকে খুন করে। বাড়ী থেকে পুলিশ এ্যারেষ্ট করে নিয়ে গিয়েছে, সেজন্য তার মা থানাতে ছেলের খোঁজ নিতে বিকেলবেলা যান। কারণ পুলিশ তাঁকে ২ ঘণ্টা পরে যেতে বলেছিল। তিনি সেখানে গেলে তাঁকে ছেলের ডেডবডির দিকে আঙুল দেখিয়ে নিয়ে যেতে বলে। পুলিশ বলে, ডেডবডি নিয়ে বাড়ী চলে যান, বেশী ঝামেলা বাড়াবেন না এখানে। ছেলেটির মা শ্রীমতী পুতুল দে আমাকে লিখিতভাবে এই কাহিনীর কথা জানিয়েছেন। তিনি ফিঙাপাড়ায়,

২৪ পরগনা জেলার পদ্মপুকুর থানা অঞ্চলে থাকেন। গত ১৪।৩।৮৩ তারিখে আমাকে তিনি এই দুঃখের কাহিনীর কথা জানান। "বিচারের বাণী আজও নীরবে নিভৃতে কাঁদে"। সমস্ত খুনের ব্যাপারেই মাননীয় জ্যোতিবাবু একই কথা—সমাজ-বিরোধী শোনাচ্ছেন। একজন মার্কসবাদী কবির কথা তাঁকে শোনাই। কিছু জিনিস আছে যা শোনার দরকার আছে, তাকে একেবারে উড়িয়ে দেওয়া যায় না। এক জায়গায় কবি বলছেন—'আক্কেল মন তোর কানদুটো আর একটু লম্বা কর, গুপ্তধন থাকার চেয়ে দিল দিরাজ হওয়া অনেক ভাল।' 'মনকে আরও বড় করার দরকার আছে। এই ঘটনাকে যদি রিয়েলি চ্যালেঞ্জড টাস্ক বলে মনে করেন, তবে এটা ঠিক যে হে আক্কেল মন, একদিন আহাম্মুখের কথা শুনো, যদি সেই আহাম্মুখ তোমাকে সত্যি কথা বলে। স্যার, আমরা যদি গর্দভও হই, আমরা যে সত্যকথাগুলো বলি, সেগুলো ওঁর শোনার দরকার আছে। এগুলো দেশের মানুষের কাছেও প্রকাশ হওয়ার দরকার আছে। জানিনা, আমরা বিচার পাব কিনা? ক্যাটিগোরিক্যালি যদি বলতে হয়, তবে একে মেস ছাড়া আর কি বলব? এ্যাবসলিউটলি বলতে হয়—ইট ইজ এ মেস। বিশেষ করে যেখানে দুর্নীতি, স্বজনপোষণ এবং দলবাজী ছাড়া অন্য কিছু নেই, সেখানে এই কথা ছাড়া আর কি বলা যেতে পারে? সব জায়গাতেই ইচ্ছা করে গুলি করা ছাড়া অন্য কোন কাজ নেই। আজকে মানুষকে বাঁচাবার জন্য নতুন কোন উদ্যম নেই। এই কথা বলে আমি এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের সদস্যের বক্তব্য আমি মন দিয়ে শুনলাম এবং ভাবছিলাম এই কি সেই সুব্রত, যে নাকি ৪ জন পুলিশ কনষ্টেবেলকে ঘুষ নেওয়ার জন্য সাসপেণ্ড করেছিলেন। এই কি সেই সুব্রত বিরোধী নেতা, যার আজকে চোখের জল পড়ছে পুলিশকে দিয়ে কাজ করানোর জন্য। সেই পুলিশকে দিয়ে ওঁরা কি কাজ করিয়েছেন সেটা কি ওঁরা ভুলে গেলেন? সত্যবাবুর কথা বাদই দিলাম, কারণ তাঁর বক্তব্যের মধ্যে কিছু নেই। ওঁরা রাজনীতির কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা নাকি পুলিশকে নিয়ে রাজনীতি করছি। ওঁরা একবালপুর এবং দমদমের কয়েকটি ঘটনার কথা তুললেন এবং এখানে ওখানে যা কিছু ঘটছে সেগুলি তুলে ধরলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে কুলদীপ নায়ার বিশিষ্ট সাংবাদিক যে একটা আর্টিকেল লিখেছেন সেটা পড়ছি। বম্বেতে যখন পুলিশ বিদ্রোহ হল তখন এই পুলিশকে দিয়ে কিভাবে ওরা রাজনীতি করিয়েছিলেন এবং তার ফল কি হয়েছিল

যে কংগ্রেসী রাজনীতির ফলে রাজ্যে রাজ্যে দীর্ঘদিন ধরে পুলিশী অত্যাচার বেড়েছিল। বোম্বের পুলিশ বিদ্রোহের পিছনে বর্তমান মুখ্যমন্ত্রী বাবাসাহেব ভোঁসলে এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী আনতুলের ঝগড়ার প্রভাব থাকতে পারে। দ্বিতীয়তঃ তারপরে লিখেছেন ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে ঠাণ্ডা মাথায় যে শত শত নকশাল নিধন হল তার পিছনে মদত ছিল কংগ্রেসের। বামফ্রন্টকে মিলিয়ে দেওয়া হোল, তার পিছনেও মদত কংগ্রেসের। এই খবর আনন্দবাজারের। কলদীপ নায়ার আনন্দবাজার কাগজে এটি লিখেছিলেন, এই কাগজটি আমার কাছে আছে সুব্রতবাবু দেখে নিতে পারেন। সম্প্রতি তিনি আবার লিখেছেন সম্প্রতি ভজনলাল পুলিশ লাগিয়ে কিছু এম এল-কে ধরে আনলেন তাঁর দলে এবং জরুরী শাসনকালে পুলিশকে দিয়ে বে-আইনী ভাবে সরকারের সমালোচকদের বন্দী করা হয়েছে, বিরোধীদের ঘরবাড়ী ভেঙ্গে ফেলা হয়েছে, তাদের পরিবার-পরিজনকে যারপর নাই হেনস্থা করা হয়েছে। এটা করেছে কংগ্রেসী সরকার এবং ইন্দিরা কংগ্রেসের সরকারই এবং শুধু তাই নয়, এই ইন্দিরা কংগ্রেসী সরকার ১৯৬৭ সাল থেকে বিভিন্ন রাজ্যে কি ভাবে পুলিশকে ব্যবহার করেছেন, যার ফলে পুলিশের মধ্যে বিশৃঙ্খলা, যার ফলে পুলিশের মধ্যে একটা নৈরাজ্য আজকে সারা ভারতবর্ষের মধ্যে ছড়িয়ে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় তিনি লিখেছেন যে পুলিশকে রাজনীতির স্বার্থে ব্যবহার করার প্রবণতা বাড়ল ১৯৬৭ সালে যখন বিভিন্ন রাজ্যে ক্ষমতাসীন দল বাধা হল বিরোধীদের সরকার গড়তে দিতে। যেহেতু বিধানসভায় সংখ্যা গরিষ্ঠতার ব্যবধান খুবই কম থাকছিল এবং রাজ্যে রাজ্যে রাজনৈতিক অস্থিরতা দেখা দিচ্ছিল, তাই এম এল এ-দের পাকড়াও করে আনা, কিংবা ভয় দেখানোর কাজেও প্রয়োজন হল পুলিশের। পুলিশই সহায়। ইন্দিরা কংগ্রেসীরা এই কাজ নিজেরাই করেছেন। আজকে ওঁরাযখন আমাদের রাজ্যের কথা বলছেন তখন ওঁরা অন্য রাজ্যের কথা বলছেন না কেন? ভারতবর্ষ একটি রাষ্ট্র, যেখানে পুঁজিবাদী সমাজব্যবস্থা প্রতিষ্ঠিত। এই পুঁজিবাদী সমাজব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে আপনারাই পুলিশকে নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। আজকে যদি বম্বের দিকে তাকান কিংবা উত্তরপ্রদেশের দিকে তাকান তাহলে দেখবেন সেখানে পুলিশকে দিয়ে কি ভাবে রাজনীতি করা হচ্ছে। সুতরাং পশ্চিমবাংলাতেও সেই হাওয়া আসতে বাধ্য। বামফ্রন্ট সরকার এখানে থাকাতে তার প্রভাব কম হবে, কিন্তু অন্য সময় হলে কি অবস্থা হোত বলতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেদিন পর্যন্ত মেনকা গান্ধী ইন্দিরা গান্ধীর দলে ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন্দিরা গান্ধীর দলে ছিলেন এক সময়ে মেনকা গান্ধী। কোন কারণে তাঁর সঙ্গে বনিবনা না হওয়ার জন্য তিনি

ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে শত্রুতা করেছিলেন। আমি আনন্দবাজার কাগজ আপনাদের দেখাচ্ছি, তাতে লেখা আছে ২৭ শে জুন মেনকা গান্ধীকে খুন করার চেষ্টা করা হয়েছিল—সুতরাং এই তো আপনাদের রাজনীতি।

[4.55—5 05 P. M.]

যারা মেনকা গান্ধীকে, বিরোধী দলকে, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বামপন্থীদের খুন করার রাজনীতিতে বিশ্বাস করে তারা আজকে সমালোচনা করছে, আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলছে। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা কি ছিল? ওদেরই কংগ্রেস সদস্য অসমঞ্জ দে ১৯৭৫ সালে ৬ই মার্চ এই বিধানসভায় নারী নির্যাতনের, নারীহত্যা সম্পর্কে মেনশান করার সময়ে বলেছিলেন—"অনুমান করা হয় মৃতার লজ্জার স্থান দিয়ে কোন শক্ত জিনিস প্রবেশ করিয়ে তাকে হত্যা করা হয়েছিল। সমিতা পরামাণিক বলে একজন মহিলা। কয়েকদিন পরে দেখলাম যারা তদন্তের দাবী জানিয়েছিল তাদের উপর দৈহিক নির্মম অত্যাচার করা হল। আরও আতঙ্কগ্রস্ত হয়ে পড়বেন যে পুলিশ পেয়াদা পাঠান হল সেই আবেদনকারীদের বাড়িতে, তাদের টেনে নিয়ে আসা হল এবং তাদের দিয়ে লেখান হল যে আমরা আবেদন করিনি, আমাদের অভিযোগ সঠিক নয়। এর বিহিত না করলে বাংলাদেশের মানুষ অরাজকতা ও বিশৃঙ্খলতার হাত থেকে বাঁচবে না, খুনের রাজনীতি থেকে রেহাই পাবেনা। ১৯৭৫ সালে কংগ্রেস সদস্য এই হাউসে দাঁড়িয়ে এই কথা বলেন। অথচ আজ তাঁরা এখানে খুনের চার্ট দিচ্ছেন। তখন কি রাজত্ব হয়েছিল? ক' মিনিটে, ক' ঘণ্টায়, পশ্চিমবাংলায় কত শত শত মানুষ মানুষ মারা গিয়েছিল? ওদের আর একজন সদস্য আসানসোলের একটা খুনের নিদর্শন দেন। নিরঞ্জন দিহিদার বলেন— "আসানসোল সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। আসানসোল বর্তমানে অপরাধীদের একটা স্বর্গ হয়েছে। একটা হিসাব দিলেই বুঝতে পারবেন। দেখা যায় দৈনিক প্রায় ৫০টি ছিনতাই হয়, চুরি হয় ১৫টি এবং ডাকাতি হয় ২টি। গলিতে গলিতে সেখানে বেআইনী মদের দোকান। প্রকাশ্য রাস্তার উপর জুয়া খেলা হয়। কিছুদিন আগে একটা ম্যারেজ পার্টি, বর-কনেসহ তারা বাড়ী ফিরছিল, রাস্তায় ডাকাতি করে তাদের সমস্ত জিনিস নিয়ে যায়। কিছুদিন আগে একটা বিয়ের আসরে বিয়ে হচ্ছিল, সে সময় বোমা নিক্ষেপ করে সেখানে ডাকাতি করা হয়। এই সমস্ত জিনিস হচ্ছে, কিন্তু পুলিশ সেখানে নির্বাক এবং তারা কোন

নোটিশ একটা ক্ষেত্রেও নেয় নি। তাছাড়া সেখানে প্রতিটি মহল্লায় মস্তানরা সেই মহল্লা তাদের মধ্যে ভাগ করে নিয়েছে। এবং সেখানে মস্তানরা যথেচ্ছ কাজ করে চলেছে। এমন কি ছাত্রীদের স্কুলে যাবার সময়ে নানাভাবে টিজ করা হয়, তবুও সেখানকার পুলিশ কোনরকম এ্যাকশান নেয় না। মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অতি অবিলম্বে সেখানে পুলিশী ব্যবস্থা করা হোক। এই সমস্ত মস্তানদের সঙ্গে বসে পুলিশ গল্প করে। একটা সাব ডিভিশান টাউনে এ জিনিস হয়েছিল। এদের লজ্জা করা উচিত। পশ্চিমবাংলাকে যাঁরা অন্ধকারের মধ্যে ডুবিয়েছিলেন, মস্তানদের কাছে বিক্রি করেছিলেন তাঁরা আজকে নির্লজ্জভাবে আইন-শৃঙ্খলার কথা, খুনের কথা, চুরি-ডাকাতি কথা, রাহাজানির কথা বলেন। সারা ভারতবর্ষের কথা ছেড়ে দিচ্ছি, তাঁরা পশ্চিমবাংলায় চুরি, ডাকাতি, রাহাজানি, মানুষ হত্যার রাজনীতি করেছিলেন। তাঁরা যে অন্ধকারের যুগ এনে দিয়েছিলেন, আজ ৬ বছর ধরে সেই ভাঙা প্রশাসনকে চাঙ্গা করার ব্যবস্থা করা হচ্ছে এবং আমাদের সময়ে কি হয়েছে—উনি তো বললেন দেখতে পান না, না দেখলে সর্বভারতীয় চিত্র বুঝবেন কি করে, নিশ্চয়ই ক্রাইম বাড়বে, ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজব্যবস্থায় ক্রাইম বাড়বে, কিন্তু কিভাবে অন্য রাজ্যের তুলনায় এখানে বাড়ছে, বেশী বাড়ছে না কম বাড়ছে এটাই আসল ঘটনা। আজকে সব জায়গায় দারিদ্র্য বাড়ছে, বেকার বাড়ছে। এটা আমার কথা নয়, এটা ন্যাশনাল পুলিশ কমিশনের কথা, যেটা কংগ্রেস কর্তৃক নিয়োজিত হয়েছিল। সেই ন্যাশনাল পুলিশ কমিশনের ফার্ষ্ট রিপোর্ট আমার কাছে আছে, যেটা ধরমভীরার আণ্ডারে হয়েছিল, আমি সেই পুলিশ কমিশনের রিপোর্ট আপনার কাছে তুলে ধরছি সর্বভারতীয় ক্ষেত্রে কিভাবে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, কিভাবে দারিদ্র্য বৃদ্ধি পেয়েছে, কিভাবে বেকার বেড়েছে, কিভাবে সমস্যা সারা ভারতবর্ষের প্রদেশে প্রদেশে আজকে বেড়েছে, যার জন্য আজকে ক্রাইম বাড়ছে এবং ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজব্যবস্থা যতদিন থাকবে ততদিন অপরাধ বাড়বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা তথ্য এখানে রাখছি, যেটা দেখলে আপনি বুঝতে পারবেন পশ্চিমবঙ্গের অবস্থা অন্যান্য রাজ্যের তুলনায় কোথায়। আমি অল ইণ্ডিয়া সার্ভে রিপোর্ট এখানে তুলে ধরছি। অল ইণ্ডিয়া সার্ভে রিপোর্ট বলছে কমিউনাল ইন্‌সিডেন্ট সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় কিভাবে বেড়ে চলেছে। ১৯৭৬ সালে আমরা দেখছি নাম্বার অব ইন্‌সিডেন্ট হয়েছিল ১৬৪, ১৯৭৭ সালে হয়েছিল ১৮৮, ১৯৭৮ সালে হয়েছিল ২৩০, ১৯৭৯ সালে হয়েছিল ৩০৪ এবং ১৯৮০ সালে হয়েছিল ৪২১। সুব্রতবাবু বললেন ঐ সমস্ত বলে কাজ নেই। আমি সুব্রতবাবুর প্রথম বক্তব্য শুনে খুব খুশী হয়েছিলাম,

প্রশাসনের পক্ষ থেকে উনি যা করতে পারেন নি, একটা বেদনা নিয়ে এসেছেন, হয়ত নতুন কিছু বলবেন সমাজতান্ত্রিক চিন্তাধারায় প্রগতিশীল মন নিয়ে। কিন্তু উনি আবার সেই গাড্ডায় ফিরে গেলেন, যে গাড্ডা থেকে উনি এসেছিলেন। যাইহোক সর্বভারতীয় ক্ষেত্রে এই কমিউনাল ইন্‌সিডেন্ট ১৯৭৬ সাল থেকে কমছে না, ক্রমশ: বাড়ছে। আমি এবারে লেবার ইন্‌সিডেন্টের কথা বলি। ১৯৭৭ সালে সর্বভারতীয় ক্ষেত্রে লেবার ইন্‌সিডেন্ট ছিল ১১.৬ পার্সেন্ট, ১৯৭৮ সালে ১১.৬ পার্সেন্ট, ১৯৭৯ সালে ১৫.৭ পার্সেন্ট, ১৯৮০ সালে ১৭.৯ পার্সেন্ট—ভায়োলেন্ট লেবার ইন্‌সিডেন্টস আর ইনক্রিজিং, কমিউনাল ইন্‌সিডেন্টস আর ইনক্রিজিং। আমি পরে তথ্য দিয়ে দেখাব অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে ইন্‌সিডেন্ট অনেক কম হয়েছে, মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থানে কি হয়েছে সেটা আমি পরে দেখাব। শুধু নাই নয়, কেন্দ্রীয় শাসিত যে-সব অঞ্চল—যেমন ধরুন আন্দামান নিকোবর, দিল্লী এবং অনেক জায়গায়—সেদিন খবরের কাগজে পড়ছিলাম—আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে খুনে ভরা দিল্লী, এটা ১২ই আগস্ট, ১৯৮২ সালে বেরিয়েছে, সেখানে বলা হচ্ছে দিল্লীতে গত ৭ মাসে গড়ে প্রতি ২ দিনে মানুষ খুন হয়েছে, খুনের ঘটনা রাজনীতিতে গত ৫ বছর ধরে বেড়ে চলেছে। দিল্লী কেন্দ্রীয় শাসিত অঞ্চল, আন্দামান নিকোবর কেন্দ্রীয় শাসিত অঞ্চল, নগর হাভেলী কেন্দ্রীয় শাসিত অঞ্চল, এইসব জায়গায় খুনের তালিকা বেড়ে চলেছে, রাহাজানির তালিকা বেড়ে চলেছে। আমি আর একটা ঘটনা দেখছি দিল্লীতে ১৯৭৯ সালের এপ্রিলে ফার্স্ট রিপোর্টে যেটা ৯৫ ছিল, সেটা ৬ মাসের মধ্যে ৯৮ হয়েছে।

[5.05—5.15 P. M.]

১৯৭৭ সালে দিল্লীতে মার্ডারের সংখ্যা ছিল ১৮৪, ১৯৮০ সালে ১৮৬, ১৯৮১ সালে ১৯৯ এবং ১৯৮২ সালে জুলাই মাস পর্যন্ত ১৩২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করুন দিল্লীতে কিভাবে মার্ডারের সংখ্যা বেড়ে যাচ্ছে। আমি যে ফিগার দিলাম এতেই বুঝতে পারছেন তাদের ক্রাইম চার্ট নিচের দিকে নামছে না, উপরের দিকে যাচ্ছে। মারপিটের সংখ্যা সর্বভারতীয় ক্ষেত্রে ১৯৮০ সালে ১৭১৯, ১৯৮১ সালে ১৭৭৯ এবং ১৯৮২ সালের জুলাই মাস পর্যন্ত ৯৪৩। ডাউরি মার্ডারের সংখ্যাও বেড়ে যাচ্ছে ১৯৮০ থেকে ১৯৮২ সালের মধ্যে। বিভিন্ন জায়গা সম্বন্ধে পুলিশের যে রের্কড আছে তাতে দেখা যায় এই ধরনের মার্ডারের সংখ্যা বেড়ে যাচ্ছে। এই ব্যাপারে ইউ পি ইজ দি টপ অফ দি লিষ্ট। স্যার, আইন-শৃঙ্খলা সম্বন্ধে

রিপোর্ট হাউসে পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে উত্তরপ্রদেশ সকলের শীর্ষে। সেখানে প্রতি দু' মিনিটে একটি অপরাধ, ১০ মিনিটে একটি রাহাজানি, ১৫ মিনিটে একটি চুরি, ৩০ মিনিটে একটি সশস্ত্র দাঙ্গা, ৪৫ মিনিটে একটি লুট, তিন ঘণ্টায় একটি করে খুন, প্রতিদিন ৩টি করে নারী নির্যাতন। ওঁরা কমুনাল রায়টের কথা বললেন, আমরা দেখেছি পশ্চিমবাংলায় কমুনাল রায়ট সবচেয়ে কম হয়েছে। ওঁরা দাঙ্গার কথা বলেছেন এবং সত্যবাবু চাপড়ার কথা উল্লেখ করেছেন। স্যার, ১৯৮২ সালের জানুয়ারী থেকে ১৯৮২ সালের মে মাস পর্যন্ত এই ৫ মাসে সাম্প্রদায়িক দাঙ্গায় মোট য ৬১ জন নিহত হয়েছে তার মধ্যে বিহারে ১৬ জন, গুজরাটে ১৫ জন, ইউ পি-তে · জন, আসামে ৬ জন, কর্ণাটকে ৬ জন, পশ্চিমবাংলায় ৩ জন, অন্ধ্রে ২ জন, তামিলনাড়ুতে ২ জন এবং মহারাষ্ট্রে ২ জন। অর্থাৎ দেখা যাচ্ছে প্রায় সমস্ত রাজ্যই কমুনাল রায়টের ক্ষেত্রে শীর্ষ স্থানে রয়েছে। স্যার, ইউ পি-তে হরিজনদের উপর যে অত্যাচার হয়েছে সেটা আমরা সকলেই জানি। অল ইণ্ডিয়া বেসিসে হরিজনদের উপর অত্যাচারের ৪৪৩৯টি ঘটনা যা ঘটেছে তার মধ্যে ইউ পি-তে ১৪৫৭, বিহারে ৭১৭, রাজস্থানে ৫৯৫ এবং ওয়েষ্ট বেঙ্গলের ফিগার হচ্ছে নিল। আমি এই য ফিগার দিলাম এটা অল ইণ্ডিয়া রিপোর্ট এবং কমিশনের যে ফার্ষ্ট রিপোর্ট বেরিয়েছে তাতে আছে এবং এটা কেন্দ্রীয় সরকারের রিপোর্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নারী নিগ্রহ কোথায় বেশী হয়েছে সেটা এবারে বলছি। ১৯৮১ সালের জানুয়ারী থেকে ১৯৮১ সালের জুন মাস পর্যন্ত টোটাল ডাউরি মার্ডার হয়েছে ·টি। ১৯৮২ সালের জানুয়ারী থেকে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত টোটাল ডাউরি মার্ডার হয়েছে ১৯টি এবং সেটা দিল্লীতে হয়েছে। ওদের লজ্জা নেই, ওরা নির্লজ্জ, তাই নারী নিগ্রহের প্রসঙ্গ তুলছে। উত্তর প্রদেশের ৮ জন ধর্ষিতা মহিলা প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন এবং তাঁদের সঙ্গে ছিলেন প্রমীলা দণ্ডবতে, এম পি। প্রধানমন্ত্রী তাঁদের বলেছেন এইগুলি বিবেচনা করবেন। স্যার পুলিশ এবং দুশ্চরিত্র লোকেরা এই মহিলাদের উপর গণ-ধর্ষণ চালায় এবং সেই দুশ্চরিত্র লোকদের মধ্যে কংগ্রেসের লোক রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তথ্য দিয়ে বলছি যে, বিহারে, ইউ পি-তে, মহারাষ্ট্রে কি রকম রাহাজানি, ডাকাতি হচ্ছে। বিহারে রাহাজানি হয়েছে ২৭৯৩, ইউ পি-তে ডাকাতি হয়েছে ৬৩৭৫ এবং মহারাষ্ট্রে ডাকাতি হয়েছে ১৭০৯, আর পশ্চিমবাংলায় ডাকাতি হয়েছে ১৪০৩। সর্বভারতীয় ক্ষেত্রে মহারাষ্ট্র, বিহার, ইউ পি অনেক উপরে এবং পশ্চিমবাংলা অনেক নীচে। আজকে ন্যাশনাল পুলিশ কমিশনের রিপোর্ট পার্লামেন্টে আলোচনা হচ্ছে। এই পুলিশ কমিশন পশ্চিমবাংলার প্রশংসা

করেছে। একমাত্র পশ্চিমবাংলাই সারা ভারতবর্ষের মধ্যে এসেনসিয়াল কমোডিটিজ পুলিশকে সাবসিডি দিয়ে সাপ্লাই করে—আর কোন রাজ্যে হয় না। আজকে ন্যাশনাল পুলিশ কমিশন তার রিপোর্টে পশ্চিমবাংলার উদাহরণ দিয়েছে। সুতরাং এই বাজেট সবচেয়ে ভাল বাজেট। এইরকম বাজেট ওঁরা কখনই করতে পারে নি তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Kiran Choudhuri: Mr. Speaker, Sir. in opposing the police budget I have got certain observations to make. It is a hopelessly disappointing budget—stereotype, lacking in imagination and in progressive outlook. There is an increase in the budget of Rs. 22,77,37,000 over the last year's budget and Rs. 12,04,34,000 over the actual of last year. It is an all time high police budget for all time low police efficiency. There is no provision for any improvemnt in the police education and training, no provision for any improvement in the detective training, in criminal investigaiion or even in forensic laboratory.

[5.15—5.25 P. M.]

Out of Rs. 85 lakhs, Rs. 60 lakhs is marked for modernisation of police force and Rs. 25 lakhs is kept yearmarked for motor vehicles. I have yet to know how much addition to the fleet of motor vehicles will lead to modernisation of the police force. Rs. 60 lakhs have been kept for adding machinery and equipments. There are 12 sections in the Account No. 252. But there is no separate allocation shown sectionwise. I hope the police Minister will explain how he proposes to distribute Rs. 60 lakhs to different sections of expenditure. Now the House knows well that criminology is a developed subject to-day. It could have been very reasonably accepted if Government would have allocated some amount for reseacrh on criminology. If the Government was serious about the improvement of the police force there should have been some allotment for the purpose of research. I fully agree with the views of honouable Shri Satya Ranjan Bapuli because I had occasion to go through the paper relating to the Act that was passed by the British Parliament with regard to the establishment of a non-official committee to look into the complaints of the people against the police—that if the Government means business, if the Government wants that police force should be impartial and shall do its duty to the satisfaction of the people then the Government should accept the suggestion that has been made by Mr. Bapuli. Sir, in a civilised society police has got 3 major duties to perform. Prevention of crime, detection of crime and apprehend and bringing the criminals to justice By

that test it is very unfortunate that the police in West Bengal has proved a failure. Just look into the cases of prevention. It is only possible where there is an effective system of intelligence. I find in the budget speech of the Police Minister that he has laid great emphasis on extensive collection of intelligence regarding various criminal groups and anti-social elements Had it been the case the police could have been prior to the incidence of killing of the Ananda Margis not many many miles away from the residence of the Chief Minister. Police should have got prior intimation of the murder of 17 Lodhas at Gopiballvpur in Midnapore district. They should have also got prior intimation of a number of bank robberies involving a very big amount They would have also known beforehand how the anti-socials were preparing to loot public buses moving on the highways which was looked upon by them at their choice at different points of the highways.

Now this is the record of their prevention of crimes. Since the Intelligence Services have practically failed there is no prevention. There cannot be any instances shown were the police intelligence have been able to bring prior intimation of the commission of any major crime. There is another thing by which crimes can be prevented. If any crime is committed in presence of the police the police is supposed to prevent it. But complaints have been made from different sections of the House that the police have always been a passive onlooker to the commission of crimes. The anti-socials go on fighting killing people in their presence, and the police is a passive onlooker. This is the complaint not only from the opposition along but also from the Treasury Bench. I hope my friends of the Treasury Bench will bear me out. Not prevention of crime can also be done if the criminals can be effectively brought to book. This brings us to other points namely, detection of crimes and apprehension and bringing the criminals to justice. Now coming to detection of crime—how many crimes have been detected ? There was a time when the Detective Department of Bengal was compared with the Scotland Yard. But unfortunately, today, it is worse than worthless. Today this Dept. cannot function because of political pressure, because of the political affiliation of the criminals, because of the demoralisation of the Detective Department and because of political interference. They cannot find out who is the culprit although they know the culprits quite well. Why the murderers of Hemangini Hythe has not been apprehended, why the murderers of Barnali Dutta has not been apprehended, why the murderers of Sudarsan Kutti who was murdered while tilling in his own field on 18.8.82 had not yet been arrested ? why have not the members of the Gram Panchayats of Sankharia Village in Midnapore been arrested, because they attacked the house of Gobardhan Samanta, caught hold of him and dragged him to the Panchayet office, beat him roughly and had taken away his gun which was later discovered in the field of the Gramchowkidar. These are not really good records of the Detective Department.

Now, sir, let us come to the thrid one—another instance, Very recently what happened at Ultadangha ? Just see the pressure of politics. There was a youngman who was asked for some subscription. He refused to pay. The anti-socials gave him a very good beating. He was at the point of being killed. The police was informed. The police came and apprehended the anti-socials. As they were being escorted to the thana, they were just encircled by a large number of anti-socials. The S.I. had been injured just below his eyes and he had a few stitches there, and ultimately all the persons who had been arrested had to be let off. Under the cadres of the Government, the same anti-socials had been provided with the facilities of having the mike used for a social function organised by the same group of anti-socials. So how could the police work with independence they required ? Now, Sir, the greatest scandal is the failure of the police to relay the information of the findings of the two deadbodies. It took sixteen days to establish the identity of two young boys that have been found at Panduoaah. It took sixteen days, and the parents of the two unfortunate young boys had no occasion to see their sons or to have their last look at the dead bodies of their sons. That is the situation of the police administration goday.

[5.25—5.35 P. M.]

I do not know what step the Chief Minister has taken, the Police Minister has taken for punishing the police who are responsible for the negligence of their duty.

Now, too much demoralisation of the police force is dangerous and it is much more dangerous to rely on an extra legal police force and we have had experience, only the other day, when the party cadres just came forward to toe the line of police work. They were particularly deployed to put down the demonstrators who were demonstrating against the rise in fares of trums and buses. This is really unfortun te and it is obnoxious, and it is not a very good sign for the future and it is a very dangerous sign too. So, I remind the House and also the Minister concerned to be careful in this respect.

শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় পুলিশমন্ত্রী পুলিশ খাতের যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, গণতন্ত্রে বিরোধী দলের ভুমিকা অসীম এবং আমার মনে হয় গণতন্ত্রের তাঁরাই হলেন রক্ষক। কিন্তু আমাদের এখানে বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা সারে গা পর্যন্ত বেশ বাজান, কিন্তু মায়ে গিয়ে—যেহেতু তাঁরা মাতৃতন্ত্রে বিশ্বাসী সেইহেতু মায়ে গিয়ে সব এক সুরে বেজে ওঠেন। এর

ফলে হয় কি কতকগুলি অসত্য, অর্ধ সত্য এবং কাল্পনিক অভিযোগ তাঁরা সরকারের বিরুদ্ধে আনেন। সেসানের শুরু থেকে আজ পর্যন্ত তাঁরা বিভিন্নভাবে বাক্যজাল বুনে কতকগুলি অসত্যকে সত্যের আকারে পরিণত করার চেষ্টা করেছেন। তাঁদের এই প্রচেষ্টা দেখে আমার মনে হয় গোয়েবলসের মৃত আত্মাও বোধহয় ভাবছে কি জিনিস আমি পৃথিবীতে ছড়িয়ে গিয়েছি, যদিও দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমি মিথ্যা ছড়িয়ে জিততে পারি নি। স্যার, আজকে পুলিশ বাজেট নিয়ে বিরোধী পক্ষ অনেক কথা বললেন। তাঁরা কি ভুলে গিয়েছেন ১৯৭২—৭৭ সালের কথা? সেই সময় সাট্টা, চুল্লু এবং গণ-টোকাটুকির আবিষ্কার তো তাঁরাই করেছিলেন। স্যার, পরীক্ষার সময় ছেলেরা যে গণ-টোকাটুকি করতো সেই সময় তো কখনও শুনিনি সেগুলি তাঁরা বন্ধ করতে পেরেছেন। কিন্তু আজকে আমরা কি পারিনি শিক্ষা জগত থেকে সেই নৈরাজ্য দূর করতে? আমরা কি পারি নি কলকাতায় চোলাই মদের আমদানী বন্ধ করতে? আমরা কি পারিনি এই রাজ্য থেকে সাট্টাকে কিছুটা পরিমাণে বিদায় দিতে? এ কথাগুলি ওঁরা বললেন না। তারপর স্যার, কংগ্রেস আমলে যিনি অর্ধ পুলিশমন্ত্রী ছিলেন তিনি আজকে বক্তৃতা রাখলেন। তিনি তাঁর বক্তৃতার মধ্যে কিছু কনষ্ট্রাকটিভ কথা রাখবার চেষ্টা করেছেন, কিন্তু শেষ পর্যন্ত যেহেতু তাঁরা মাতৃতন্ত্রে বিশ্বাস করেন সেইহেতু মায়ে গিয়ে হারিয়ে গিয়েছেন। তিনি কিছু কিছু কথা বলবার চেষ্টা করেছেন যেটা আমাদের কাছে প্রণিধানযোগ্য মনে হয়েছে। তবে সেখানে আমরা যে কাজগুলি করতে পেরেছি সেগুলি তিনি বলেন নি। স্যার, এই ধনতন্ত্রবাদী সমাজব্যবস্থায় আমরা জানি জিনিসপত্রের দামও যেমন বাড়বে, তেমনি ক্রাইমের সংখ্যাও বাড়বে, এটা কেউ বন্ধ করতে পারে না। কিন্তু আমরা যে পরিমাণ কমাতে পেরেছি সেকথা ওঁরা বললেন না। ওঁরা হোম ডিপার্টমেন্টের কথা বললেন। সেন্ট্রাল হোম ডিপার্টমেন্টে একটা অর্থ বরাদ্দ করা আছে যেটা পূর্ত বিভাগকে দেওয়া হয়। ইউ পি গভর্নমেন্ট, রাজস্থান এবং মধ্যপ্রদেশকে কিছুটা দেওয়া হয় এবং বিহারকেও দেওয়া হয়। কেন দেওয়া হয়? কারণ সেখানে ক্রাইমের সংখ্যা অত্যন্ত বেশী। সেখানে ঐ হোম ডিপার্টমেন্ট থেকে পূর্ত বিভাগকে টাকা দেওয়া হয় যাতে যোগাযোগের ব্যবস্থা ঠিক থাকে, যাতে ক্রাইম হলে সেটা তাড়াতাড়ি ডিটেকটেড হয়। একথা তো বললেন না যে, বাংলাদেশে তার প্রয়োজন হয় না? বাংলাদেশ সেজন্য হোম ডিপার্টমেন্ট থেকে টাকা চায় না। আমাদের পূর্তমন্ত্রী মহাশয় সেই হোম ডিপার্টমেন্ট থেকে কোন টাকা চান নি যে আমাদের এখানে ক্রাইম হচ্ছে, রাস্তাগুলি করা দরকার, আমাকে তোমরা টাকা দাও। উনি তো বলেছেন যে, সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির

অবনতি ঘটেছে। এ থেকে অবশ্য আমরা কোনরকম স্বস্তিবোধ করতে চাই না। কিন্তু তাই বলে এমন অবনতি হয়নি যেটা তারা দেখাবার চেষ্টা করেছেন। আমার দ্বিতীয় কথা হচ্ছে, ওঁরা বাজেটকে বিরোধিতা করলেন না, টাকার অঙ্কের বিরোধিতা করলেন—হ্যাঁ, সুব্রতবাবু কিছুটা বলবার চেষ্টা করেছেন যে কনস্টেবল-এর সংখ্যা বাড়ান দরকার। লোকসংখ্যা যেভাবে বাড়ছে ক্রাইমও বাড়ছে। কিন্তু সেই সঙ্গে একথা তো বললেন না যে, বাজেটে টাকার অংকটা আরো বাড়ানো দরকার, তা না হলে ক্রাইমগুলি বন্ধটি করা যাবে কি করে? উনি কাগজপত্র থেকে কিছু পরিসংখ্যান এখানে দিলেন। ওনার এই কাগজপত্র দেখে আমার একটা কথা মনে পড়ে গেল। আমি যখন যুবক ছিলাম সেই সময়ে আমাদের একজন দাদা ছিলেন। তিনি একজন ভাল বক্তা ছিলেন। আমি এখানে তাঁর নাম করতে চাই না। তিনি ওয়েলিংটন স্কোয়ারে প্রথম যখন এলেন, ওয়েলিংটন স্কোয়ারে বক্তৃতা দেবার সময়ে দেখলাম তিনি কাগজ নিয়ে বলছেন। যদিও আমি সেই দলভুক্ত নই। সেই দাদাকে জিজ্ঞাসা করলাম, দাদা, কিসের কাগজ নিয়ে পড়ছেন? তিনি বললেন, তোরা ছেলে মানুষ, বুঝবি না। কাগজ দেখে না বললে লোকে ভাববে আমি কিছু জানি না। কাজেই কাগজ দেখে বক্তৃতা করতে হল। উনি কতকগুলি পরিসংখ্যা দিয়ে এখানে বক্তৃতা দিলেন। ওনার এই পরিসংখ্যান দেওয়া দেখে আমার একটা কথা মনে পড়ে। আমি যখন পোষ্ট গ্রাজুয়েটের ছাত্র ছিলাম তখন প্রশান্ত মহালনবিশ ছিলেন ষ্ট্যাটিসটিকের হেড। তিনি আরম্ভ করতেন এই বলে—লাই ড্যাম লাই এ্যাণ্ড ষ্ট্যাটিসটিকস্ লাই। কাজেই এই ষ্ট্যাটিসটিক দিয়ে মানুষকে যদি ভুল বোঝান যায় তার জন্য কাগজগুলি পড়ে গেলেন। ষ্ট্যাটিসটিক এক একজনের এক এক রকম হয়। আর ষ্ট্যাটিসটিক কতটা সত্য সেটা আপনারাও জানেন, আমরাও জানি। কাজেই এই দেখিয়ে ব্যয়বরাদ্দের দাবীকে বিরোধিতা করার কোন অর্থ আছে বলে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলে একজন নিগ্রো কবি, কেলভিন টলসন-এর লেখা একটা কবিতা পড়ে আমার বক্তব্য শেষ করবো। তিনি লিখেছেন:

"Out of obyssess of illiteracy
Though labyrinths of lies,
Accross waste lands of Disease
We advance.
Out of dead-ends of poverty
Though wilderness of superstition,

Accross barrieades of Jim crowism...
We advance.
With the people of the world
We advance.

[5.35—5.45 P. M.]

কাজেই স্যার, আমরা যাঁরা সমাজতন্ত্রে বিশ্বাস করি, আমরা যাঁরা সামাজিক পরিবর্তনে বিশ্বাস করি তাঁরা ওঁদের জিস্ ক্রাউইজম্ থেকে মুক্তি পেতে চাই। সেই আশা নিয়ে এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ বাজেট পেশ করেছেন। এই পুলিশ বাজেটের বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে স্বাভাবিক ভাবে আমাদের যেটা স্মরণে আসে, চোখের সামনে ভেসে ওঠে, সেটা হচ্ছে, ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের শহীদদের মুখ, ভেসে ওঠে ১৯৬৬ সালের আন্দোলনের শহীদ আনন্দ হাইত, নুরুল ইসলামদের মুখগুলি, ভেসে ওঠে এই ধরনের পশ্চিমবাংলার অগণিত গণ-আন্দোলনের শহীদদের কথা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বামপন্থা বা বাম-গণতান্ত্রিক আন্দোলনের মাঝখান থেকে এই সরকার ক্ষমতায় এসেছেন এবং আজকে সরকার পক্ষের সদস্যরা সরকারী বেঞ্চে বসে আছেন। ওঁরা অতীতে বহু বছর বিরোধী বেঞ্চে ছিলেন এবং তখন বরাবরই এই পুলিশ খাতের ব্যয়বরাদ্দের বিরোধিতা করে-ছিলেন। কেন করেছিলেন ? না, তখন পুলিশকে যেভাবে ন্যায়সংগত গণতান্ত্রিক আন্দোলনকে দমন করার কাজে ব্যবহার করা হত তাতে পুলিশ বাজেটের বিরোধিতা করতে হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে কথা স্মরণ করে আপনিও স্বীকার করবেন যে, একটা সরকার যখন জনসমর্থন হারিয়ে ফেলে তার জনবিরোধী কার্যকলাপের জন্য, তখন তাকে ক্ষমতায় টিকে থাকবার জন্য স্বাভাবিকভাবেই পৈশাচিক পুলিশ শক্তির ওপর নির্ভর করতে হয়। সেই কারণেই পশ্চিমবাংলার মানুষ আশা করেছিল যে, যাঁরা বামপন্থার কথা বলেন, জনগণের কথা বলেন, তাঁরা নিশ্চয়ই জনসমর্থনের ভিত্তিতে সরকার পরিচালনা করবেন। কিন্তু আমাদের দুর্ভাগ্য, আমাদের বাস্তব অভিজ্ঞতা অন্যরকম। বিগত ৬ বছরের বামফ্রন্ট সরকারের

ইতিহাস তুলে ধরলে আমরা দেখতে পাই যে, একটা আর্ক রি-এ্যাকশনারী সরকারের মত, একটা চরম প্রতিক্রিয়াশীল সরকারের মত তাকেও সম্পূর্ণ পুলিশের ওপর নির্ভর করে সরকার পরিচালনা করতে হচ্ছে। আমরা এর জলজ্যান্ত নিদর্শন হিসাবে দেখতে পাচ্ছি ৪৭ কোটি টাকার পুলিশ বাজেটকে ১২৩ কোটি টাকায় দাঁড় করিয়েছে, আড়াই গুণের ওপর বাড়িয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একদিক দিয়ে পুলিশ বাজেট বাড়াবার জাষ্টিফিকেশন বুঝতে পারতাম, যদি ইনসিডেন্স অফ ক্রাইম বা অপরাধ প্রবণতার ঘটনা পশ্চিমবাংলায় কমতো, কিন্তু সেটা কমেনি। বরঞ্চ ক্রাইম আরো বেড়েছে। আমি জানি না জ্যোতিবাবু কোথা থেকে এইসব তথ্য পেলেন এবং তাঁর লিখিত বাজেট বিবৃতির ৩-এর পাতায় ঐ সব রাখলেন। তিনি এখানে বলেছেন, ডাকাতি, রাহাজানি, চুরি, দাঙ্গা এবং হত্যার ঘটনা কমেছে, সংখ্যা কমেছে। কি করে তিনি একথা বললেন, বুঝতে পারলাম না এবং এ বিষয়ে কোন হিসাবও তিনি দেন নি। আমাদের কাছে যে তথ্য আছে, তাতে আমরা উল্টো দেখছি।

আমি দৃষ্টান্ত স্বরূপ তুলে ধরছি এবং জ্যোতিবাবুকে আমি চ্যালেঞ্জ করে বলছি ১৯৮১ সালের তুলনায় ১৯৮২ সালে হত্যাকাণ্ডের সংখ্যা বৃদ্ধি ঘটেছে। ২৪ পরগনা জেলায় ১৯৮১ সালে ২৮৬ জন খুন হয়েছিল, আর ১৯৮২ সালে সেই খুনের সংখ্যা বেড়ে হয়েছে ২৯৩। বর্ধমানে ১৯৮১ সালে যেখানে খুনের সংখ্যা ছিল ১৫৯, ১৯৮২ সালে সেই খুনের সংখ্যা বেড়ে হয়েছে ১৮৪। নদীয়া জেলায় ১৯৮১ সালে খুনের সংখ্যা ছিল যেখানে ১২৮ জন, ১৯৮২ সালে সেই খুনের সংখ্যা বেড়ে হয়েছে ১৪০ জন। আমি যদি এই সংখ্যাগুলি ভুল বলে থাকি তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাবী ভাষণে নিশ্চয়ই অস্বীকার করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পণ্ডিতবাবু এখানে ডাটা দিয়ে বোঝালেন যে, আইন-শৃঙ্খলার অবনতি ঘটেনি। আমি অন্য কারো কথা বলছি না। ১৯৮২ সালে মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশ বাজেটের উপর যে ভাষণ দিয়েছিলেন সেটা ছাপানো অক্ষরে আমাদের মধ্যে বিলি করা হয়েছিল, তাতে তিনি বলছেন, তবে অন্যদিকে আমাদের হার একটু বেশী ঐ অপরাধের ক্ষেত্রে, ১৯৮০-৮১ সালে সারা পশ্চিমবাংলায় ডাকাতির সংখ্যা ছিল ১২৫০ ও ১২৭০, রাহাজানি ছিল ১২৫৭ ও ১৩১৯, হত্যার সংখ্যা ছিল ১৪৬০ ও ১৫৩৫ এবং লুণ্ঠনের সংখ্যা ছিল ৫৭৭ ও ৩৪৭। এটা তাঁর নিজের ভাষণ। সুতরাং কিভাবে অবস্থা অবনতির দিকে যাচ্ছে সেটা আপনারা বুঝতে পারছেন। ফলে ইনসিডেন্স অফ ক্রাইম বেড়েছে। এছাড়া আর একটি গুরুতর প্রশ্ন দেখা দিয়েছে পুলিশ প্রশাসনের নিরপেক্ষতার ক্ষেত্রে। নিরপেক্ষতা বলতে কিছু নেই—এটা আমরা

জানি। হাজার অপরাধ করলেও সরকারী দলের, বিশেষ করে বড় শরিক দল অর্থাৎ সি পি এমের যদি ছাপ থাকে তাহলে তার বিরুদ্ধে থানা অফিসার ডায়েরী নিতে সাহস পান না। যদিও বা ডায়েরী নেন, এমনভাবে কেস সাজান হয় যাতে করে সে খালাস পেতে পারে। কারণ তারা ভরসা পায় না। পুলিশ প্রশাসনের নিরপেক্ষতার অভাব আজকে কোন জায়গায় গেছে দেখুন, তিলজলা থানার ও সি মার্ডার হয়ে গেল, টংতলার এ এস আই শ্রীঅসীম ব্যানার্জীকে আক্রমণ করা হলো। যেহেতু অপরাধী সি পি এম দলভুক্ত, তাই অপরাধী বেকসুর খালাস হয়ে গেল। তাই আমি বলছি নিরপেক্ষভাবে পুলিশ প্রশাসন পরিচালনা করার এগুলি নমুনা। তারপরে আপনি বলছেন, তাদের ট্রেড-ইউনিয়নের অধিকার দিয়েছি, সমিতি করার অধিকার দিয়েছি, অথচ আমরা দেখছি, নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির যিনি জেনারেল সেক্রেটারী শ্রীসন্তোষ মুখার্জী, তিনি হাজার হাজার টাকা নয় ছয় করেছেন, তাঁর বিরুদ্ধে আলিপুর সেকেণ্ড মুনসেফ কোর্টে মামলা চলছে। এমন কি ঐ দলের কর্মচারীরাও তাঁর বিরুদ্ধে ডেপুটেশান দিয়েছে। কিন্তু যেহেতু এ্যাডমিনিষ্ট্রেশনের সঙ্গে, সরকারের মূল শরিকদলের তাঁর সঙ্গে সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ তাই তাঁকে অবৈধভাবে এক্সটেনশান দেওয়া হলো ঐ পঞ্চায়েত ইলেকশানের জন্য। সুতরাং কার স্বার্থে তাঁকে দেওয়া হলো? সেখানে নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতি যারা এর বিরুদ্ধে আবেদন করছে, তাদের মূল্য দিলেন না। সুতরাং এগুলিই বিচার্য্য বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলছেন পুলিশ সম্পর্কে—"তাদের দৃষ্টিভঙ্গী যাতে উৎপীড়নমুখী না হয়ে সমাজসেবা-মূলক হয় সেজন্যই আমাদের নিরন্তর প্রচেষ্টা"।

[5.45—5.55 P. M]

তারপর আবার বলছেন, "মিছিল ও বিক্ষোভসহ শান্তিপূর্ণ গণতান্ত্রিক রাজনৈতিক কার্যকলাপ বিঘ্নিত করতে আমরা পুলিশ কর্মীদের ব্যবহার করিনি।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর থেকে চূড়ান্ত অসত্য ভাষণ আর কি থাকতে পারে আপনি নিজে উপলব্ধি করবেন। আপনি জানেন গত ৬ বছর ধরে বামফ্রন্টের রাজত্বে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনে কিভাবে পুলিশী হস্তক্ষেপ হয়েছে, অত্যাচার হয়েছে, মরিচঝাঁপির উদ্বাস্তু আক্রমণ থেকে শুরু করে একটার পর একটা ঘটনা তার চূড়ান্ত নজির স্থাপন করেছে এবং সর্বশেষে আপনারা জানেন গত ১৫ই মার্চ তারিখে বাস-ট্রামের ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন—এই রকম একটা ন্যায়সঙ্গত গণতান্ত্রিক

আন্দোলন যেখানে হচ্ছিল সেখানে যেরকম পুলিশী আক্রমণ হল সে ঘটনার স
যদি ফ্যাসিষ্ট সরকারের তুলনা করা হয় তাহলে খুব একটা অত্যুক্তি করা হবে ন
শেষ পর্যন্ত জন সমর্থনের জন্য প্রচণ্ড সমালোচনার সম্মুখীন হয়ে বামফ্রন্টের চেয়ারম্যা
শ্রীসরোজ মুখার্জী মহাশয় অন্ততঃ মুখে বলতে বাধ্য হয়েছিলেন যে না, বাস-ট্রামে
ভাড়া বৃদ্ধির জন্য গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের নির্যাতন করা ঠিক হয় নি
জ্যোতিবাবুও বিধানসভায় মুখ্যমন্ত্রী হিসাবে ঐ ভাষণ দিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, এখানে আজকে জ্যোতিবাবু যে ক
বলেছেন যে, আন্দোলন যদি গণতান্ত্রিক হয় তাহলে পুলিশ কিছু করবে না। আ
বলতে চাই যে, পশ্চিমবঙ্গে বাস-ট্রামের ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন হল সে
আন্দোলন গণতান্ত্রিক দিক থেকে কি রকম হিংসাত্মক রূপ নিল? আপনি দেখেছে
বিনা প্ররোচনায় পুলিশের ঠ্যাঙাড়ে বাহিনী নামিয়ে এই আক্রমণ শুরু হয়েছি
সেকথা রাজ্য কমিটির সম্পাদক সরোজবাবুও অস্বীকার করতে পারেন নি। পুলি
হাই অফিসিয়ালস তাঁরা পর্যন্ত বলেছেন, ষ্টেটসম্যানে বেরিয়েছে যেভাবে এই সময়
সি পি এম ক্যাডারদের ডিপ্‌লয় করা হয়েছে এবং এই ডিপ্‌লয় করার ফলে কি রক
একটা মারাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। শান্তিপূর্ণ মিছিলের উপর ব্রিক ব্যাটি
লাঠি চার্জ, টিয়ার গ্যাস—এমন কি নির্বিচারে গুলি চালান হয়েছে। এক/দুই রাউ
নয়—২৯ রাউণ্ড গুলি চালান হয়েছে। এমন কি সেই গুলিতে একজনার মৃ
হয়েছে আর দু'জন হাসপাতালে এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে এবং প্রায় ৩
জনের উপর গুরুতর রূপে আহত হয়েছে। এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি
হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে জানতে এবং বলতে চাই এখানে
সি পি এম বামফ্রন্টের পুরনো কর্মী যাঁরা আছেন আমি তাঁদের কাছে একটা প্রশ্ন
রাখতে চাই।

তাঁরা দীর্ঘদিন ধরে বামপন্থী আন্দোলনে অংশ নিয়ে এসেছেন আজকে বামফ্রন্টের
মুখ্যমন্ত্রীর ভূমিকায় থাকলেও গণতান্ত্রিক আন্দোলনে ময়দানে ছিলেন, তাঁকে প্রশ্ন
করতে চাই যে তাঁরা বিপ্লবের কথা বলেন, কিন্তু সেই বিপ্লব কিসের মধ্যে দিয়ে
আসবে? সেই বিপ্লব গণতান্ত্রিক আন্দোলনের মধ্যে দিয়ে ন্যায়সঙ্গত আন্দোলনকে
জোরদার করবে, শক্তিশালী করবে। আমি প্রশ্ন করতে চাই, বাস ট্রামের ভাড়া
বৃদ্ধি করার জন্য পশ্চিমবঙ্গের মানুষ তাঁর বিরুদ্ধে যদি প্রতিবাদ করে, প্রতিরোধ
করে সেটা কি অন্যায়, অযৌক্তিক? অযৌক্তিক হলেও তিনি রাজনৈতিকভাবে
সেটার মোকাবিলা করতে পারতেন, এই রকম ভাবে পুলিশ দিয়ে কঠোর নির্যাতন
করার কি দরকার ছিল? মহিলাদের উপর পর্যন্ত নির্মমভাবে অত্যাচার করা

হয়েছে এমনকি তাদের শ্লীলতাহানিও করা হয়েছে। এর থেকে দুঃখের আর কি থাকতে পারে?

আর এটা যদি আপনারা সি. পি. এমের ফ্লাগ নিয়ে করেন, এটা অত্যন্ত ব্যথার কথা। অতীতে আপনারা অনেক আন্দোলন করেছেন, কংগ্রেসী আমলে আপনারা অনেক লাঠি গুলি টিয়ারগ্যাসের সম্মুখীন হয়েছেন, অনেক আত্মত্যাগ করেছেন। আজও আপনাদের মধ্যে সেই মানবিক মূল্যবোধ, বামপন্থী আনুগত্য চেতনা শেষ হয়ে যায়নি—তাঁদের কাছে বলতে চাই এইভাবে গণতান্ত্রিক আন্দোলনকে দমন করে আজকে কোন বিপ্লবী চেতনাকে শক্তিশালী করবেন, কোন বিপ্লবের রাজ-নীতিকে শক্তিশালী করবেন? এটা আজকে আপনাদের ভেবে দেখতে হবে। সেই জন্য কয়েকটি প্রশ্ন আজকে তুলেছি। আজকে পুলিশ শুধু গ্রেফতারই করেনি, পুলিশ ভ্যানে, লক-আপে যেভাবে নির্যাতন করেছে, যেভাবে মারধোর করেছে, যার জন্য অনেকে আজও হাসপাতালে রয়েছে। এটা কি গণতান্ত্রিক রীতি-নীতি-বিরোধী নয়? আজকে আমরা এর জন্য তদন্ত চাই। যারা এইভাবে শান্তিপূর্ণ আন্দোলন করছিলেন তাঁদের এইভাবে নন্-বেইলেবেল কেস দিয়ে ৩০৭ ধারায় গ্রেফতার করে আটকে রাখা হয়েছে,—এটা কি গণতন্ত্র সম্মত? কাজেই আমরা এর তদন্ত চাই। জ্যোতিবাবু বলেছেন আমরা, এস. ইউ. সি.-রা এই আন্দোলনে হিংসাত্মক পথ নিয়েছিলেন। আমরা চ্যালেঞ্জ করছি, সেটা তদন্ত ছাড়া কি করে বলা যাবে যে এস. ইউ. সি হিংসাত্মক আন্দোলন করেছে না ওঁদের ঐ পুলিশবাহিনী, ঠ্যাঙাড়ে বাহিনী—তারা হিংসাত্মক পথ নিয়েছিল এবং তার জন্যই আমরা চাইছি যে এর তদন্ত হোক, সেজন্য বেসরকারী তদন্ত কমিশন গঠন করা হোক।

আমি সর্বশেষে একটি চিঠি পড়ে বক্তব্য শেষ করবো। আমি শুধু সি. পি. এম. কর্মীদের এটুকু বলবো, আপনারা যাঁরা বিপ্লবের কথা ভাবেন তাঁরা একে সমর্থন করতে পারেন না। আমরা জানি সি. পি. এম কখনই ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশের এই নৃশংস অত্যাচারকে সমর্থন করতে পারেন না। তার জন্য আমি সেই চিঠিটা পড়ে দিচ্ছি আপনাদের কাছে—গত ১১শে মার্চ আনন্দবাজার পত্রিকায় চিঠিটা বেরিয়েছিল। এতে বলছে—"বয়স আমার ৭০ ছুঁই ছুঁই। এই কলকাতায় কত আন্দোলন, প্রাণোচ্ছাসে ভরপুর হাজার হাজার ছাত্র-যুবকের আদর্শের জন্য মৃত্যুকে পরোয়া না করে লাঠি-গুলির মুখে এগিয়ে যাওয়ার কত দৃশ্য আমি প্রত্যক্ষ করেছি। যৌবনে এমন কত আন্দোলনে আমি নিজে অংশ নিয়েছি। কত বীভৎস অত্যাচারের আমি সাক্ষী। কিন্তু একটা কঠিন সত্য—যা এই বৃদ্ধ বয়সে আমার জীবনের অনেক হিসাব গোলমাল করে দিয়ে মাথা হেঁট করে

দিল। ১৫ই মার্চ নাতিকে নিয়ে একটা প্রাইভেট বাসে চড়ে মেয়ের বাড়ী যাচ্ছিলাম। বাসের মধ্যে এক ভদ্রলোক বাড়তি ভাড়া নিয়ে আপত্তি জানিয়ে কনডাকটরের সাথে তর্ক করছিলেন। বাসটি হ্যারিসন রোডের কোলে আসতেই জানিনা কাদের ডাকে —হঠাৎ একদল ছেলে ঐ বাসে উঠে 'কে দিচ্ছে না, কে দিচ্ছে না' বলে ঐ ভদ্রলোককে টেনে রাস্তায় নামিয়ে অমানুষিকভাবে মারল। যারা বাধা দিতে গেল, তারাও লাঠির ঘা খেল। অদূরেই পুলিশ নীরবে দাঁড়িয়ে। আর একটু এগিয়ে দেখি প্রকাশ্য রাস্তায় লাঠি হাতে একদল ছেলে একটি বামপন্থী রাজনৈতিক দলের ছেলে-মেয়েদের মারছে, সঙ্গে সঙ্গে বাস-যাত্রীদের হুমকি দিচ্ছে, 'বাড়তি ভাড়া দিতে হবে।' লজ্জায় ঘেন্নায় আমার শরীরটা কুঁকড়ে গেল, আমি অসুস্থ বোধ করলাম। আমার যাওয়া হোল না, নাতির হাত ধরে ফিরে গেলাম। নাতি আমায় বার বার জিজ্ঞেস করছে, 'দাদু' তুমি অমন করছো কেন? ওরা কারা? ওরা অমনভাবে ওদের মারছে কেন? আমি নীরব। কেন জানেন? লাঠি হাতে মারমুখী ঐ ছেলেগুলির হাতে ছিল সেই দলের পতাকা—যে দলটাকে আমি এতকাল আমার দল বলে পরিচয় দিয়েছি। তাই নাতিকে আমি কি জবাব দেব? ভাবলাম ৪০-এর দশকে এই দলের পতাকা নিয়েই 'জনযুদ্ধ' পত্রিকা বিক্রি করেছি, মানুষকে হিটলারি জমানার ফ্যাসিষ্ট অত্যাচারের বীভৎস কাহিনী শুনিয়েছি। সে কি এই জন্যই যে, একদিন নিজের দলের ছেলেদেরই দেখবো গেসটাপো বাহিনীর নকল করতে?"

মিঃ স্পীকারঃ এই চিঠিটা কি এখানে পড়তে পারেন? কোন রুলে পড়ছেন? কে একজন কোন কাগজে কি লিখেছেন সেটা হাউসে পড়বেন? হাউ ইজ ইট রেলেভেণ্ট হিয়ার? চিঠিটা পড়বেন কেন?

শ্রীদেবপ্রসাদ সরকারঃ চিঠিটা পড়লাম এই কারণে যে এখনও যাঁদের মনুষ্যত্ব মারা যায়নি এটা তাঁদের টাচ্ করবে, আপনাকেও নিশ্চয়ই টাচ্ করবে। এখনও যারা মনুষ্যত্ব বিসর্জন দেননি তাঁদের জন্য পড়লাম—উইথ দিজ ওয়ার্ড'স, আই কনক্লুড মাই স্পিচ, স্যার।

[5.55—6.05 P. M]

শ্রীদেবীপ্রসাদ বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই পুলিশ বাজেটের উপর বিরোধী পক্ষের বক্তব্যগুলি মনোযোগ দিয়ে শুনলাম। আইনসভার সদস্যদের মানসিক চিন্তা-স্তর এতো বিপর্যস্ত হয়েছে এবং এতো বিশৃঙ্খল হতে পারে

এর আগে আমি এমনভাবে অনুধাবন করি নি। আজকে বিরোধী দলের প্রথম বক্তা শ্রীসত্য বাপুলি মহাশয় যে অভিযোগগুলি করে গেলেন সেইগুলি নিশ্চয়ই লিখিত আছে এবং সেই লেখা ঠিকমতো না হলে টেপ রেকর্ডে রেকর্ড করা আছে। সত্য বাপুলি মহাশয় যে অভিযোগগুলি করে গেলেন তাঁর অধিকাংশ অভিযোগ খণ্ডন করে গেলেন মাননীয় সুব্রত মুখার্জী। তাঁর বক্তৃতা শুনে মনে হলো তিনি পুলিশ প্রশাসনের যে মূল সমস্যা সেটা তিনি জানেন। আমি নিজে ব্যক্তিগতভাবে জানি। মিলিয়ে দেখলে আমার অভিজ্ঞতার সঙ্গে ওঁর অভিজ্ঞতার কিছু মিল আছে। প্রথম দিকে তিনি ঠিকই বলছিলেন, কিন্তু শেষে একটা ভুল করে ফেললেন। শিব্রাম চক্রবর্তীর গোবর্ধন এসে নিয়ে একটা গল্প আছে। গোবর্দ্ধন একটা গরুর এসে লিখেছে। সেটা হলো গরু উপকারী জন্তু, তার মাথায় দুটি সিং আছে, দুটি চোখ আছে, দুটি কান আছে ও একটি লেজ আছে। এই লেজের কথা তাঁর প্রথমে মনে পড়েনি, সেইজন্য তিনি মাথায় যুক্ত করে দিলেন। শেষে যখন লেজের কথা মনে পড়ে গেল তখনই সেটা মাথায় যুক্ত করে দিলেন। তিনি এই বাজেটের বিরোধিতা করতে গিয়ে এই রকম করে ফেলেছেন। না হলে তিনি প্রথম দিকে সুন্দরভাবে বক্তৃতা করছিলেন। মূল সমস্যার ছবিটা তিনি তুলে ধরবার চেষ্টা করছিলেন। কিন্তু শেষের সেই অংশটা তাঁর বক্তৃতার সমস্ত অংশটা মাটি করে দিল। আর একজন ভদ্রলোক ডঃ কিরণ চৌধুরী, যাঁর বক্তব্যের বিষয়বস্তু হলো ইন্‌জিরি। ইন্‌জিরিতে হাত পা নেড়ে তিনি বক্তৃতা দেন। উনি যে একটা ইন্‌জিরি বিশারদ সেটা প্রমাণ করবার জন্য উনি ইন্‌জিরিতে বলে গেলেন। কিন্তু সেইদিন ওনার বলার পর অনিল ওবেরয় বিশুদ্ধ ইংরাজের ইংরিজিতে যে বক্তব্য করে গেলেন তাতে ডঃ চৌধুরীর দুই গণ্ডদেশে দুই চপেটাঘাত করা হলো। উনি যে ইংরাজী বলেন সেটা হলো আউস চালের পান্তাভাত মার্কা ইংরাজী। তাঁর বক্তব্যের শাঁস কিছু নেই, এখানে এই হয়েছে, ঐখানে ঐ হয়েছে, মান্ধাতার আমলের কতকগুলি অভিযোগের ভিতর দিয়ে তিনি বক্তৃতা শেষ করলেন। বক্তব্যের বিষয়বস্তু বলে কিছু নেই। বিষয়টা কোথায়, এই সমস্যাটা কি কেউ তলিয়ে দেখেছেন কোনদিন? অপরাধ প্রবণতা বাড়ছে, তার দুটো কারণ আছে। প্রথম হচ্ছে—অপরাধ প্রবণে মানুষের মন বাড়ছে। সেটাকে ঠেকাবার ক্ষমতা পুলিশের ঠাকুরদাদার পর্যন্ত নেই। দ্বিতীয় হচ্ছে অপরাধ ঘটার পর সেই অপরাধকে নিবৃত্ত করাবার বা ঠেকাবার জন্য পুলিশ কতটা কাজ করছে সেটাই হচ্ছে পুলিশের সমালোচনার বিষয়। অপরাধ প্রবণতা যে বাড়ছে তার কারণ হলো সামাজিক, অর্থনৈতিক এবং সংস্কৃতির মান নিম্নমুখী হওয়ার জন্য। কি চলছে আজ সমাজের ভেতর, যার জন্য অপরাধ

বাড়ছে? আগে ডাকাতরা ডাকাতি করতে যেত মা কালীর কাছে পুজো করে সিঁদুর মেখে খাঁড়া তরবারি নিয়ে। কিন্তু এখন ভদ্রলোকের ছেলেরা ডাকাতি করতে বেরোচ্ছে। এই যে অপরাধ প্রবণতা বাড়ছে, সে সম্বন্ধে সুব্রতবাবু ঠিকই বলেছেন যে, ৬০-এর দশক থেকে এটা বিপুল গতিতে বাড়ছে। এটা কেন, খুঁজে দেখেছেন? খুঁজে দেখেছেন, কোথা থেকে হয়েছে, কেন হয়েছে? সমস্ত ধনতান্ত্রিক দেশে যখন অর্থনৈতিক সংকট তীব্র হয়ে ওঠে, তখন দেশের যুব-সমাজ দেশের সাধারণ মানুষ এই দিকে ঝুঁকে পড়েন। যে দেশের মাটিতে জন্মগ্রহণ করেছি এবং দাঁড়িয়ে এখানে বলছি, সেই দেশের মানুষ, দলমত-নির্বিশেষে সমাজের সর্বস্তরের মানুষ বারবার বিদ্রোহ করেছে, প্রতিবাদ জানিয়েছে। অনেক আগে থেকেই বিদ্রোহ করে এসেছে—রাজা রঘুর আমলে, বারো ভুঁইয়ার আমলে এবং ইংরেজের আমল থেকে কংগ্রেসী আমল পর্যন্ত বারবার বিদ্রোহ করে এসেছে এ দেশের মানুষ। সেই দেশের ছেলে-মেয়েদের মনে ধীরে ধীরে অপরাধ প্রবণতা এসেছে, তাদের মন অনেক নীচে নেমে এসেছে। কিন্তু কেন এমন হয়েছে? ধনতান্ত্রিক দেশে সংকট যখন তীব্র হয়, সেই সংকটের বিরুদ্ধে বিদ্রোহের আগুন যেন বিস্ফোরিত না হতে পারে, বজ্রমুষ্টি হুংকার যেন না ফেটে ওঠে তার জন্য তাদের এই পথে চালিত করার চেষ্টা করা করা হয়। সেই পথে চালিত করে এক বিশেষ শ্রেণীর মানুষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, মা যদি চরিত্রহীনা হয়, সেই মা বহু পুরুষের সঙ্গে মিলিত হওয়ার আকাঙ্ক্ষায় তার যুবতী কন্যার চরিত্র হননের চেষ্টা করে। ঠিক তেমনি ভাবেই ধনতান্ত্রিক রাষ্ট্রে দেশের যুব-সমাজের কোন সমস্যার সমাধান করতে পারব না জেনে নিজের দেশের যুব-সমাজের চরিত্র হনন করতে প্রয়াসী হয়। তাদের মদ্যপ করে, তাদের অপসংস্কৃতির স্রোতে বইয়ে দেয়। যেজন্য আমরা দেখি, বোম্বে ফিল্ম মাদ্রাজী ফিল্ম তৈরী করে, তার আড়ালে তাদের ভাসিয়ে নেওয়ার চেষ্টা হচ্ছে। আমরা আরও দেখি, এই বিরাট দেশের ক্ষুদ্র রাজ্যের ক্ষুদ্র সরকার চেষ্টা করেছিলেন ৫২ সপ্তাহের মধ্যে মাত্র ১২ সপ্তাহ বাংলা বই দেখাবার। ওঁরা শরৎচন্দ্রকে, তারা শংকরকে ও বনফুলকে বাদ দিয়ে দিয়েছেন। অর্থাৎ যাঁরা লেখনীর মধ্যে দিয়ে জীবনের আদর্শকে, প্রকৃত সত্যকে তুলে ধরতে চেয়েছিলেন, তাঁদের সবাইকে বাদ দিয়ে দিয়েছেন। বাদ দিয়ে সে জায়গায় হিন্দী ফিল্ম বানাচ্ছেন, যেখানে দেখানো হয় ডাকাতি, নারীধর্ষণ ও যৌন-কামনা চরিতার্থের ব্যাভিচার। ছবিগুলি দেখে ছেলেরা শিখছে, কি করে খুন করতে হয়, কি করে ডাকাতি করতে হয়। এগুলিই তুলে ধরা হচ্ছে যুব-সমাজের সামনে। তাদের সামনে থেকে আমাদের দেশের অতীত দিনের সমস্ত ঐতিহ্য, আদর্শ সমস্ত কিছু মুছে

দেওয়ার চেষ্টা হচ্ছে। ষাটের দশক পর্যন্ত যা কিছু দেশের যুব-সমাজ দেখে এসেছে, বহন করে এসেছে, সবকিছু ধীরে ধীরে সরিয়ে দেওয়া হয়েছে তাদের সামনে থেকে। তাদের বলা হচ্ছে, তোমাদের সামনে ভবিষ্যৎ বলে কিছু নেই, যা কিছু আছে তা হচ্ছে 'আজ'! শুধু পড়ে আছে 'আজ' তোমাদের সামনে। সেই 'আজ' যত বিকৃত ও জঘন্য হোক না কেন, সেটাই সত্য। গতকালও সত্য নয়, আগামীকালও সত্য নয়। আগামীকালের সূর্য আজ রাত পেরিয়ে নাও থাকতে পারে। সেজন্য যেমন ভাবে পার, এই 'আজ'কে ভোগ কর। যুব সমাজের প্রতিটি রক্ত কণায়, মজ্জায় মজ্জায় এই বাণী ঢুকিয়ে দেবার চেষ্টা করা হয়েছে। তাই অপরাধ প্রবণতা বারবার বাড়ছে। একে রোধ করার ক্ষমতা পুলিশের নেই। পুলিশ একে ঠেকাবে কি করে? একাজ হচ্ছে সমাজ-তত্ত্ববিদ্‌দের, এ কাজ অর্থনীতিবিদ্‌দের। এ কাজে এগিয়ে আসবে সাহিত্যিক, রাজনীতিবিদ যাঁরা আছেন তাঁরা।

[6.05 - 6.15 P. M.]

এর দ্বারা অর্থনৈতিক এবং ধনতান্ত্রিক কাঠামোর পরিবর্তন হবে। এর উত্তর সুব্রতবাবু বলে দিয়ে গেছেন। এখন আমাদের প্রশ্ন হচ্ছে এই যে, পুলিশ অপরাধ দমন করার জন্য আপনারা কি পথ গ্রহণ করেছেন পুলিশ তার কৃতকর্মে অকৃতকার্য একথা অনস্বীকার্য এবং তার যা হওয়া উচিত ছিল তা হয় নি এই কথা আমরা স্বীকার করি। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাও স্বীকার করি এবং গর্ববোধ করি যে, উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশের মত পুলিশ এখানে নেই। ওই জাতীয় পুলিশ এখনো আমাদের তৈরী হয় নি। মালখান জাজকে হত্যা করেছিল এবং উত্তরপ্রদেশের পুলিশ তাকে ধরবার জন্য চারিদিকে টেলিফোনে ধর্না লাগিয়ে দিয়েছিল। তখন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী অর্জুন সিং বিশ্বনাথপ্রতাপ সিংকে বললেন, আপনি ওঁকে ধরবেন না। আমি আমার এস পি-কে দিয়ে এবং আমি নিজে থেকে ওকে ধরার ব্যবস্থা করছি। আমি আগে সংস্কৃত ভাষায় একটি শ্লোক বলেছিলাম। এইবার আমি বাংলায় বলছি মালখানকে ধরার পরে মধ্যপ্রদেশের এস পি-র সুন্দরী তন্বী বধূ তার রক্তাভ ওষ্ঠে মালখানকে চুম্বন করেছিল এবং তাকে আলিঙ্গনাবদ্ধ করে মোহিত করেছিল এবং সেই সুন্দরী বধূর আকর্ষণে মালখান তার সমস্ত অস্ত্রশস্ত্র এস পি-র স্ত্রীর পাদস্পর্শে সমর্পণ করেছিল। এই ঘটনার জন্য সেই রাজ্যে যে মঞ্চসজ্জা করা হয়েছিল ইন্দিরা গান্ধীর জন্যও কোনদিন ওই রকম মঞ্চসজ্জা তৈরী হয় নি বা হবে না। সেখানে ডি আই জি-কে অগ্রাহ্য করে এস পি-র সুন্দরী বধূর কাছে মালখান

তাঁর অস্ত্রশস্ত্র জমা দিয়েছিলেন। এই তো হচ্ছে অন্য রাজ্যের পুলিশ প্রশাসন আমাদের রাজ্যের বঙ্গ সন্তানরা অত নিচে নামতে পারে নি। আমাদের পুলিশের মধ্যে ব্যর্থতা থাকতে পারে, কিন্তু ওই স্তরে নামতে পারে নি। এমন কি কংগ্রেসে কথাও যদি ধরি, আপনারাও অত নীচে নামেন নি এবং ভবিষ্যতে কোন বঙ্গ সন্তান নামবে না। কালকের কাগজে ছোট করে একটি খবর বেরিয়েছে যে, ফুলনদেবী নানারকম নারকীয় হত্যার জন্য ৩ বছর জেল হয়েছে। তিন বছর পরে সে আবার মকুব হবে। আমাকে একজন উত্তরপ্রদেশের পুলিশ অফিসার নিজে থেকে বলেছেন, ওরা আবার নাকি মাসে মাসে ১৫০০ টাকা করে পেনশন পাবেন এই কি অপরাধ দমন? বঙ্গ পুলিশ ওই জায়গায় আজকে যায় নি এবং বাঙালী ছেলেরা ওই জায়গায় নামতে পারে নি। বাংলায় প্রশাসনও ওই জায়গায় নামতে পারে নি। আপনারাও যদি কোন দিন ওই প্রশাসনে আবার যান আপনারাও ওই জায়গায় নামতে পারবেন না, কারণ বাঙালীর গায়ে রয়েছে বঙ্গ রক্ত। আপনারা নারীধর্ষণের কথা বলেছেন, তাহলে তো অনেক কথা বলতে হয়। এখানে তো অনেক ভদ্রলোক বসে আছেন, আমি কার কথা বলবো? আমি যখন প্রথম এম এল এ হয়ে ফ্রি স্কুল ষ্ট্রীটে এম. এল. এ. হষ্টেলে গেলাম তখন একটি অ্যাংলো ইণ্ডিয়ান মহিলা ঘরের চারপাশে ঘোরাঘুরি করছিলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম: হুম ডু ইউ ওয়াণ্ট? সেই মহিলা তখন আমাকে বলেছিলেন: I am searching for a client.

ক্লায়েণ্টের খোঁজে এসে আমাকে দেখে অবাক হয়ে গেল। যারা বয় ছিল তারা কথা শুনত না, চা দিত না, বলতো চা খান কেন, বোতল খান না কেন? লজ্জা করে না? আইন-শৃঙ্খলার কথা বলেছেন? আমি নিজে দেখেছি, বিবেকানন্দ রোড ও বিধান সরণীর ক্রশিং-এর সামনে দুইদিকে তেরাঙ্গা ঝাণ্ডা নিয়ে দুই দল বলছে: ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও। অর্থাৎ এরাও বলছে, ওরাও বলছে ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও। আইন-শৃঙ্খলা নদীয়া জেলায় একটা সময়ে নষ্ট হয়েছিল কিন্তু এখন পুলিশ সেখানে সক্রিয় হয়ে ওঠার ফলে নদীয়া জেলা ঠাণ্ডা হয়ে গেছে। আপনারা নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশানের কথা বলেছেন। যদি আজকের মত হোম সেক্রেটারী রথীন সেনগুপ্ত, ডাইরেক্টার জেনারেল অফ পুলিশ গোলক মজুমদার থাকতেন, তাহলে হয়ত নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশান হোত না। কিন্তু যদি পাঁচু মুখার্জীর মত লোক থাকতো, যাঁরা ৫০জন পুলিশ নিয়ে বাড়িতে চাকরগিরি খাটাতেন, তাহলে সেখানে নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশান করার দরকার হোত। এ্যাসোসিয়েশান গেজেটেড হোক আর নন-গেজেটেড

হোক শান্তি-শৃঙ্খলা যেন রক্ষিত হয়। সেদিন নদীয়া জেলার এ্যাসোসিয়েশানের সেক্রেটারী এস. পি.-কে টেলিফোন করার চেষ্টা করেছিলেন। আমি তাঁদের বলি যে, ঐভাবে হুকুম করে হবে না, অফিসারদের থ্রু দিয়ে গিয়ে এস. পি. সময় দিলে তাঁর সামনে ফুল ইউনিফর্ম পরে গিয়ে স্যালুট করে দাঁড়াবেন এবং তাঁর সঙ্গে কথা বলবেন। তিলজলার গঙ্গাধর ভট্টাচার্যের কথা একটু বলবো। আমি মুখ্যমন্ত্রীকে জানাতে চাই, ও সি গঙ্গাধরবাবুকে মারা হয়েছে যে বুলেট দিয়ে সেই বুলেট ভাবা ইন্সটিটিউট থেকে ফিরে এসেছে। সেখানে তাঁরা বলেছেন, এই গুলিটা থ্রি নট থ্রি এবং রিভলভারটা পাব্লিকের না পুলিশের তাও ডিটেক্ট হয়েছে যে, দুটোই পুলিশের। কিন্তু আজকে যে কথাটা মেম্বাররা জানেন না বা মুখ্যমন্ত্রীও বলেন নি, আজ আমি প্রথম সেটা প্রকাশ করছি। গঙ্গাধরবাবুর মৃত্যুর ৮ মিনিটের মধ্যে কোন উচ্চপদস্থ সরকারী কর্মচারী সেখানে যান। সেখানে একজন পুলিশ অফিসার নিজের হাতটা নিজের দাঁত দিয়ে কামড়াচ্ছেন এবং ঝরঝর করে কাঁদছেন। এটা শোকের চিহ্ন নয়, মনস্তাত্ত্বিকরা বলেন, এটা অনুশোচনার চিহ্ন "হায়, কি ভুল করলাম। গঙ্গাধর ভট্টাচার্য মারা গেল, হায় কি ভুল করলাম।" আমি এ সম্পর্কে মুখ্যমন্ত্রীর বক্তব্য জানতে চাই, রবীন্দ্র সদন সম্পর্কে ষ্টেটসম্যানে ১৬।১।৮২ তারিখে যেটা বের হয়েছে—র‍্যান্‌স্যাকড ফিল্ম ফেয়ার-৮২, লেড বাই সুব্রত মুখার্জী, কংগ্রেস (আই) লিডার গ্যাংষ্টার নিয়ে। এমন কি তারা ষ্টেজ পর্যন্ত গিয়েছিল। এ সম্পর্কে কি বলেন সেটা আমি শুনবো।

কিন্তু একটা বিষয় ঠিক যে, পুলিশ বাজেট আমি সমর্থন করে বলি যে, টাকাটা অত্যন্ত কম হয়েছে। আমাদের টাকা নেই, প্রচুর টাকার প্রয়োজন। থানাগুলি ১০০ বছরের পুরান, যখন একটা খৈনী ডলা পাগড়ী পরা ভোজপুরী কনষ্টেবল গেলে গ্রাম কে গ্রাম পালাতো সেই যুগের থানা, এ্যাকোমোডেশান নেই, থানায় যদি সাব-ইন্সপেক্টরকে রাখা না হয়, তাঁদের যদি ভাড়া বাড়ীতে থাকতে হয়, তাহলে তাঁরা তো মানুষ, করাপশান হতে পারে। তাঁরা তো এই সমাজের ছেলে, আমাদের ছেলে—একটা ভাই হয়ত খাকি পোশাক পরে পুলিশ হচ্ছে, আর এক ভাই কেরানি হচ্ছে, আর এক ভাই কংগ্রেসের এম এল এ হচ্ছে, এই তো হচ্ছে। কাজেই করাপশান হতে পারে। সেজন্য বাজেটে আরো টাকা বৃদ্ধি করতে পারলে ভাল হত। আমাদের দেশে পুলিশের উন্নয়নে যে প্রচেষ্টা চলেছে, আমি পুলিশ প্রশাসনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত সেজন্য খোঁজ-খবর রাখি, যেভাবে আপ্রাণ চেষ্টা চলেছে তাতে তাকে গড়তে সময় দিতে হবে। সেই বৃটিশ যুগ থেকে ওদের যুগ পর্যন্ত পুলিশ প্রশাসন যেভাবে চলে এসেছে তাতে তাকে গড়তে যে সময় লাগবে

সেই সময় দিতে হবে। তারা সঠিক পথে অগ্রসর হয়েছে বলে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিষয় আপনার সামনে বলা দরকার। গত কয়েকদিন আগে যখন ডাঃ হৈমী বসু বক্তৃতা করছিলেন, একটা ষ্টেটমেণ্ট পড়ছিলেন, তাঁর বক্তৃতার সাপোর্টে তখন আপনি বলেছিলেন যে, আপনি রিটেন স্পীচ পড়তে পারেন না। আজকে যখন এস. ইউ. সি.-র মাননীয় সদস্য বক্তৃতা করছিলেন তখন আপনি একই মন্তব্য করলেন।

Mr. Speaker: He was reading a letter addressed to the Editor of a Newspaper.

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, দেবপ্রসাদবাবু যে অংশ পড়েছিলেন আমি লক্ষ করে দেখেছি ওনার মূল বক্তৃতার সাপোর্টে উনি সেটা পড়ছিলেন, এই নজীর বৃটিশ পার্লামেণ্টে আছে, এমন কি আমাদের পার্লামেণ্টে যাঁরা হিন্দী ইংরাজী বলতে পারেন না তাঁরা রিটেন স্পীচ পড়েন। আপনি বলছেন রিটেন স্পীচ পড়ার নজীর নেই। আপনি ইণ্ডিয়ান সিষ্টেম —এ. আর. মুখার্জীর বইটা দেখবেন, সেখানে পেজ ১৬১-তে বলছে: 'Reading speeches there is no hard and fast rule in the Indian Legislatives prohibiting the reading of written speeches'. সুতরাং এর পরে আপনি রুল চেঞ্জ করছেন, মাননীয় সদস্যদের বাধ্য করছেন ক্যাটিগোরিক্যালি রিটেন স্পীচ পড়ার অধিকার থেকে।

[6.15—6.25 P. M.]

Mr. Speaker: What Shri Debaprasad Sarkar was reading a letter addressed by a person to the Editor of a newspaper ? That can't be read. It is not a written speech. That is a letter written by an outsider to the newspaper. He is not a Member of the House How can he read it ? He can't. I can understand, a person has prepared his own speech and read from that text. That is not also permissible under our rules. Written speech cannot be read unless permission of the Speaker is taken. Shri Debaprasad Sarkar took no permission and Dr. Hoimi Bose also took no permission Mr. A. R. Mukherjee has said that there is no hard and fast rule. But our rules provide that it cannot be read. The question does not arise. I will give a ruling on this and I

will satisfy you that what I have said is right. Nobody can read a letter written by somebody to someone else who is not a Member of this House. It can't be done. He was reading a letter. How can he read it ?

শ্রীঅনুপকুমার চন্দ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ বাজেটে যে টাকা বাড়ানো হয়েছে সেই টাকা বাড়ানোকে আমি প্রচণ্ড জনবিরোধী কাজ বলে মনে করি। পুলিশকে যদি জনহিতকর কাজে লাগান হোত তাহলে এই টাকার চেয়ে যদি আরও বেশী টাকা চাওয়া হোত তাহলে তাকে আমি সমর্থন করতাম। আমি এটা বুঝি পুলিশের কাজে যে ঝুঁকি রয়েছে এবং সমাজজীবন থেকে তারা যেভাবে বঞ্চিত হয়ে রয়েছে তাতে তাদের মাইনে কম। বর্তমানে পুলিশকে দিয়ে রাজনীতিও করান হচ্ছে, সাধারণ মানুষের উপর অত্যাচার করান হচ্ছে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশকে দিয়ে গুলি ছোড়া, বোতল ছোড়া এবং ইট পর্যন্ত মারানো হচ্ছে। অথচ জনহিতকর কাজে পুলিশ নেই। এই সমস্ত কারণে স্বাভাবিক ভাবেই এর বিরোধিতা করতে হয়। স্যার, ১৯৭৭ সাল থেকে একটা জিনিস লক্ষ্য করছি, পুলিশের মধ্যে কিভাবে রাজনীতি ঢুকেছে, সেই রাজনীতির মধ্যে পড়ে পুলিশ কোথায় এসে দাঁড়িয়েছে এবং তাদের মধ্যে শৃঙ্খলা কিভাবে বিঘ্নিত হয়েছে। নন-গেজেটেড পুলিশ এ্যাসোসিয়েশান এই নামে সি. পি. এম. পরিচালিত যে ইউনিয়ন রয়েছে সেই ইউনিয়নের সদস্যরা মনে করেন তাঁরা অফিসারদের চেয়ে বড় এবং অফিসারদের তাঁরা হুকুম করতে পারেন। তাঁদের এই মনোভাব চরম সর্বনাশ ডেকে এনেছে। আজকে আমরা পুলিশের বিভিন্ন মহলে দেখতে পাচ্ছি ক্ষোভ এবং বিক্ষোভ এবং এই যে চারিদিকে চুরি, ডাকাতি, খুন হচ্ছে তার কারণ হচ্ছে আজকে পুলিশের মধ্যে একটা গা-ছড়ান ভাব দেখা দিয়েছে। মুখ্যমন্ত্রীকে বলছি পুলিশ খাতে টাকা বাড়ান ক্ষতি নেই, কিন্তু সঙ্গে সঙ্গে মানুষের শান্তি-শৃঙ্খলা যাতে বিঘ্নিত না হয় সেই ব্যবস্থা করুন, পুলিশকে আপনি সেইভাবে চালান। এই ব্যবস্থা যদি আপনি করতে পারেন নিশ্চয়ই আপনাকে সমর্থন করবো। আজকে বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাচ্ছি অত্যন্ত বিশ্রীভাবে পুলিশকে ব্যবহার করা হচ্ছে এবং পুলিশকে তাদের কাজ থেকে দূরে সরিয়ে রাখা হচ্ছে। এই ব্যাপারে আমি একটা ঘটনা উল্লেখ করছি। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি সেই আলিপুর কেন্দ্রের অধীনে ভবানীপুরে একদিন দেখলাম একজন চোলাই মদ বিক্রেতা পুলিশের হাতে ধরা পড়ল এবং পুলিশ যখন তাকে গ্রেপ্তার করল তখন সি পি এম-এর কিছু লোক একসঙ্গে মিলিত হয়ে পুলিশকে ঘিরে ফেলল এবং এই মদের চোরা চালানকারীকে পুলিশের হাত থেকে ছিনিয়ে নিয়ে সি পি এম-এরই একজন প্রভাবশালী নেতার বাড়ীর সামনে

গেল। পুলিশ সেখানে ছুটে গেল এবং বলল, আমার হাত থেকে আসামীকে ছিনিয়ে নেওয়া হয়েছে এবং আমাকে থাপ্পড় মারা হয়েছে। তখন সেই প্রভাবশালী নেতা বললেন, একে গ্রেপ্তার করতে হলে ওয়ারেণ্ট চাই। স্যার, একবার চিন্তা করুন একজন চোলাই মদ বিক্রেতাকে গ্রেপ্তার করতে হলে ওয়ারেন্ট চাই। এরপর হয়ত বলা হবে ডাকাত ধরতে হলে ওয়ারেণ্ট লাগবে, যে খুন করছে তাকে ধরতে গেলে ওয়ারেণ্ট লাগবে। তখন আমি সেই সি পি এম-এর নেতাকে বললাম, দয়া করে এইভাবে রাজনীতির খেলা খেলবেন না, এর ফল হয়ত একদিন আপনাকেও ভুগতে হবে। পরবর্তীকালে দেখলাম একদল লোক সি পি এম-এর ঝাণ্ডা নিয়ে ঘুরে বেড়াচ্ছে এবং ভবানীপুরের কংগ্রেস অফিসে গিয়ে ভাঙচুর করল। আমি তখন বললাম, এই ধরনের সমাজবিরোধীদের কখনও প্রশ্রয় দেবেন না, কারণ একদিন এরাই ব্যুমেরাং হয়ে দাঁড়াবে। আজকে এরা পুলিশের হাত-পা বেঁধে রেখেছে এবং পুলিশ বলছে আমাদের কিছু বলার নেই। কারণ আমরা কিছু বললে বদলি করা হবে, এমন কি হয়ত সাসপেণ্ড করা হবে।

[6.25—6.35 P. M.]

সেই অবস্থার দু'দিন বাদে ব্যুমেরাং দেখা দিল। ৭৭ নং ব্লকে আপনাদেরই সি পি এম পার্টির গণতান্ত্রিক মহিলা সমিতির সভানেত্রীর বাড়ী ভাঙচুর করা হোল এবং সেটা কারা করলো? সেই চোলাই মদের বিক্রেতারা, যারা কংগ্রেস অফিস ভাঙচুর করেছিল। তারা ঐ আপনাদের সভানেত্রীর বাড়ীতে বোমা মারলো, সোডার বোতল ছুড়লো, বাড়ী তছনছ করলো। তাহলে আপনারা চিন্তা করুন যে, আপনারা পুলিশকে নিয়ে যেভাবে ছেলেখেলা করছেন, গুণ্ডাদের নিয়ে যেভাবে রাজনীতি করছেন তাতে স্বাভাবিকভাবে সেটা ব্যুমেরাং হতে বাধ্য হবে। সেই কথাটা ভাল করে ভেবে ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা করে আপনারা যদি কিছু করেন তাহলে ভাল হবে, আর তা না হলে যদি মনে করেন যে, কংগ্রেস পার্টিকে শেষ করবেন, পশ্চিমবাংলাকে শেষ করবেন, আর শুধু আপনাদের পার্টি বেঁচে থাকবে তাহলে বুঝবো আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন এবং আমরা জানি আপনারা সেইভাবে চেষ্টা চালিয়েছেন। তিলজলাতে আমরা যেটা দেখলাম যে, পুলিশ অফিসার দুই দল সি পি এম কর্মীর মাঝখানে গিয়ে পড়লো এবং তার কাজ তিনি যা করতে লাগলেন, একজন পার্টি কমরেড হিসাবে এবং যাকে আমরা ও সি বলে জানি, যার এক সময় অত্যাচারের মাত্রা ছাড়িয়ে গিয়েছিল মরিচঝাঁপিতে

অনেক মানুষের উপর গুলি, লাঠি চালিয়েছিল সি পি এম পার্টির নির্দেশে, সেই গঙ্গাধরবাবু পড়লো দুই দল সি পি এম কর্মীদের মাঝখানে। সেই গঙ্গাধরবাবুর পায়ে বিঁধলো গুলি এবং সেই গুলিটি পুলিশের, সেই রাইফেল কার? সেই রাইফেল পুলিশের। আমাদের শ্রদ্ধেয় দাদা কিছুক্ষণ আগে বললেন যে, তিনি একজন অফিসারকে কাঁদতে দেখেছেন। গল্পটা শুনতে ভাল লাগলো এবং এই ধরনের গল্প বলে বলে সারা পশ্চিমবাংলার মানুষকে আপনারা অন্ধকারের মধ্যে সুন্দরভাবে ফেলে রাখতে পারেন। কিন্তু এক সময় দেখবেন এই ধরনের গল্পের পরিণতি কি। অবশ্য এই ধরনের গল্প এই গাম্ভীর্যের মধ্যে স্বাভাবিকভাবে শুনতে আনন্দ লাগবে, কিন্তু আমরাও কিছু বলতে পারি। পরবর্তীকালে আমরা কি দেখবো? এই আপনাদের যে সম্প্রদায় সেই সম্প্রদায় ট্রান্সফারের জন্য ১০০, কখনও ৩০০ টাকা করে নিচ্ছে। এইভাবে যে পুলিশ সংগঠনের মধ্যে কালিমালিপ্ত করছে সেটার দিকে মাননীয় মুখ্যমন্ত্রী একটু দৃষ্টিপাত যদি করেন তাহলে খুব ভাল হবে। মুখ্যমন্ত্রী বলেছেন পুলিশ কর্মীরা নিঃসংকোচে নিরপেক্ষভাবে নির্ভয়ে আইন প্রয়োগ করবেন। কিন্তু আপনাদেরই একজন কর্মী যিনি এস এফ আই-এর নেতা ছিলেন এবং বর্তমানে যিনি একজন সাংবাদিক শৈবাল মিত্র—তিনি বলেছেন গনতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ যে ধরনের নির্মম অত্যাচার করছে তাতে আমি ঘৃণা বোধ করছি। আমাদের পার্টি, যে পার্টি আজকে সরকারে বসে আছে, আমরা যে চিন্তাধারা নিয়ে এই পার্টি তৈরী করেছিলাম, আজকে দেখছি তারা সেই পথ থেকে সরে যাচ্ছে। এটা আমার কথা নয়। এটা আপনাদের দলেরই একজন নেতার কথা, একজন সাংবাদিকের কথা। এটা যদি আমাদের কথা হোত তাহলে কারও কিছু বলার ছিল না। আর একটা শোচনীয় জিনিস দেখছি। আজকে দিকে দিকে বেকার যুবকরা ঘুরে বেড়াচ্ছে। সেই অবস্থায় আমরা কলকাতার সমস্ত পুলিশ বাহিনীর রি-অর্গানাইজেশনের কথা শুনতে পাচ্ছি। ভেতর থেকে খবর পেলাম এখন সেটা কতটা এগিয়েছে। আমি জানি না পশ্চিমবাংলার যুবকরা যারা ধুঁকে মরছে, তাদের কিছু করা হবে কিনা। রি-অর্গানাইজেশনের মাধ্যমে শুনতে পাচ্ছি আড়াই শত জনের মত লোকের কর্মজীবন সারা জীবনের মত শেষ করে দেবার কথা হচ্ছে।

সেখানে অফিসারের সংখ্যা বাড়ানো হচ্ছে, কিন্তু কমিয়ে দেওয়া হচ্ছে সাধারণ সিপাই-এর সংখ্যা। ৫৩ জন নতুন অফিসার নেওয়া হচ্ছে। আগে সিপাই-এর সংখ্যা ছিল ৭ হাজার ১৪৭, এখন সেই সিপাই-এর সংখ্যা করা হচ্ছে ৬ হাজার ৭৯২। যদি এই জিনিসটা আজকে চালু হয়, তাহলে আপনারা নিজেরাই চিন্তা

করে দেখুন, আপনাদের ঘরের ছেলেরা—যারা বড় হবে, লেখাপড়া শিখতে পারুক না পারুক, সে যখন পেটের জন্য দিকে দিকে ঘুরে বেড়াবে, তার মুখ থেকে এই ভাবে যদি অন্ন কেড়ে নেওয়া হয়, তাহলে খুব চিন্তার বিষয়। সেদিকে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে চিন্তা করে দেখতে বলবো। এই বলে এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণধন হালদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ বাজেটকে সমর্থন করে দু'-চারটি কথা বলতে চাই। পুঁজিবাদী সমাজে অপরাধ থাকবে এই ধনতান্ত্রিক ব্যবস্থায়। আমরা দেখেছি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমাদের ১১ শত কর্মী খুন হয়েছে। ওঁরা খুনে রাজনীতি সেই সময় কায়েম করেছেন। এমন কি আমাদের সময় ১৯৭৭ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত আমাদের অনেক কর্মীকে খুন করা হয়েছে। আমরা দেখলাম ৩রা এপ্রিল-এর ঘটনা। স্মরণ করুন, ওঁরা সেদিন বন্‌ধ ডেকেছিলেন, জনসাধারণ সেই বন্‌ধে সাড়া দিলেন না। জোর করে বাসের মধ্যে মহিলাকে, নিরীহ নার্সকে, বাসযাত্রীদের ককটেল বোমা মেরে খুন করলেন—এই অবস্থা ওঁরা করেছেন। তার জন্যই তো পুলিশ বেশী করে দরকার, আর ওদের ভেতরকার লড়াই বন্ধ করার জন্য পুলিশের শক্তি বৃদ্ধি করা দরকার বা পুলিশ প্রশাসনে বেশী করে টাকা ধরা দরকার। এখন আবার প্রিয়, সুব্রত, নুরুল, সোমেন—এই সব এসেছে। সামনে পঞ্চায়েত নির্বাচন, ক'টা লাশ পড়বে, কে কার লাশ ফেলবে—এই সব বন্ধ করার জন্য পুলিশের শক্তি বৃদ্ধি করার দরকার আছে। আমরা দেখলাম, ওঁরা আবার ডাকাতের নেতৃত্ব দিচ্ছেন দক্ষিণ ২৪ পরগনার কুলপি থানাতে। আপনারা জানেন, যেখানে হংসধ্বজ ধাড়া গান্ধীবাদী নেতা ছিলেন, তাঁর ভাইপো ভবতারণ ধাড়া ঐ এলাকার ডাকাতদের সমৃদ্ধ করছেন। তিনি ৬০ বিঘা জমির মালিক, তাঁর বাড়িতে বন্দুক আছে। পুলিশ রেড করে তার বাড়ি থেকে ৭টা বন্দুক বার করেছে। ঐ কংগ্রেসীরা তাকে যখন থানায় নিয়ে যাওয়া হচ্ছে, তখন তারা তার হয়ে তদ্বির করছে। এটা আমি আগেও এখানে উল্লেখ করেছি। আর ওঁরা এখানে গর্ব করে বলছেন যে, ওঁরা নাকি ভাল পুলিশ প্রশাসন রেখেছিলেন, এখন নাকি ব্যর্থ হয়ে গেছে। ওদেরই মন্ত্রী লোকসভাতে ২রা মার্চ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এন. আর. লস্কর. ঘোষণা করেছেন, গত বছরে সারা দেশে যে গরীব মহিলা ধর্ষিতা হয়েছে তার সংখ্যা হচ্ছে ৫৭৭ জন। হরিজন খুন হয়েছে ৫৫৭ জন। এটা আমি রাজাওয়ারি বলে দিচ্ছি, এটা আমাদের মুখ্যমন্ত্রী, পুলিশমন্ত্রী বলেছিলেন, তফসিলী সম্প্রদায় ভুক্ত এবং আদিবাসী এবং সমাজের অন্য

কোন দুর্বলতর শ্রেণীর উপর সংগঠিত কোন আক্রমণ আমাদের রাজ্যে হয় নি। ওদের ষ্ট্যাটিস্টিকস্‌টা বলে দিচ্ছি, এন. আর. লস্কর. যেটা ২ মার্চ বলেছেন, ৫৫৭ জন ধর্ষিতা হয়েছেন, তার রাজ্যওয়ারী হিসাব হচ্ছে, উত্তরপ্রদেশ ৩৫২, অন্ধ্রপ্রদেশ ১৩৩ জন, বিহার ৭১ জন, রাজস্থান ৫৮ জন, পশ্চিমবাংলায় ৩ জন, ভেবে দেখুন আপনারা কোথায় আছেন। এই তো ওদের অবস্থা। এখন আমরা আলাদা দৃষ্টিভঙ্গী নিয়ে পুলিশ প্রশাসনকে চালাচ্ছি। অতীতে কংগ্রেস পুলিশকে ব্যবহার করতো জোতদার এবং কায়েমী স্বার্থে। আর এখন আমরা ভাগচাষী, ক্ষেত-মজুরদের স্বার্থে ব্যবহার করছি। গরীবদের বিরুদ্ধে ব্যবহার করছি না। ওরা কি করতো, গণ-আন্দোলনে পুলিশকে ব্যবহার করতো। আমরা প্রতিশ্রুতি দিয়েছি যে, গণ-আন্দোলনে পুলিশ ব্যবহার করবো না। কিন্তু ওঁরা বলে গেলেন যে, গণ-আন্দোলনে নাকি পুলিশ ব্যবহার করা হয়েছে! বাস ভাড়ার আন্দোলন যাঁরা করেছিলেন, এই ব্যাপারে আমরা উল্লেখ করেছিলাম যে, কুলপী থানায় আমার সামনে হাসপাতালে রোগী নিয়ে যাওয়া হচ্ছে, সেই সময় বাস বন্ধ করে কনডাক্টরের কাছ থেকে টিকিট এবং পয়সা কেড়ে নেওয়া হলো, এই তো গণ-আন্দোলন!

[6 35—6 45 P. M.]

কিন্তু তবুও আমরা বলতে পারি যে, পুলিশের গুণগত পরিবর্তন করতে পারিনি। পুলিশকে ওঁরা কায়েমী স্বার্থে ব্যবহার করতেন। তাদের দিয়ে ওঁরা কুকাজ করিয়েছেন, আমরা তাদের দিয়ে কুকাজ করাতে চাইনি। বামফ্রণ্টের কর্মসূচীর ভিত্তিতে তাদের আমরা কাজে লাগাচ্ছি। কিছু ভাল পুলিশ আছে, তারা কাজ করছে, আর ওদের বুর্জোয়া পুলিশরা এই কাজে বাধা দিচ্ছে। পুলিশ সমাজের একটা অংশ। তাদের সংসার আছে, ব্যয় আছে। ওঁরা বলছেন পুলিশ বাজেট বাড়ানো হচ্ছে। কিন্তু আমি ১৯৭৬ সালের সংগে ১৯৮৩ সালের তুলনা করে বলতে চাই, বাজেটে পারসেনটেজ বাড়ে নি। শিক্ষা খাতে ব্যয় বেড়েছে। ১৯৭৬ সালে বাজেটে যা বেড়েছিল, ১৯৮' সালের বাজেটে সেই একই পারসেনটেজ আছে। পশ্চিমবংগের বাজেটে সামান্য কিছু ব্যয় বেড়েছে। তার কারণ গোটা ভারত জুড়ে, গোটা পৃথিবী জুড়ে একটা অর্থনৈতিক সংকট চলেছে। মূল্য বৃদ্ধি হচ্ছে, ইনফ্লেশান হচ্ছে। মুদ্রাস্ফীতি হলেই ব্যয় বাড়বে। সেই জন্যই পুলিশমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন পুলিশ কর্মীদের ভাতা বৃদ্ধি হয়েছে। জিনিসের দাম বেড়ে যাওয়ায় সকল স্তরের কর্মীদের ভাতা বেড়েছে, ক্ষেতমজুর, শ্রমিক কর্মচারী, কর্মচারীরা বেশী মাইনে

পাচ্ছে। এটাই তো আমাদের কমিটমেন্ট ছিল, ওরা সরকারী কর্মচারীদের মধ্যে পড়ে। কাজেই ওদের ভাতা বাড়বে না কেন? ওরাও তো গরীব মানুষ। সেই জন্যই আমি এই পুলিশ বাজেটকে সমর্থন করি এবং প্রস্তাব করছি আরো টাকা বাড়ানো দরকার। কারণ প্রিয়রঞ্জন এখন ওদের মধ্যে এসে ঢুকেছে। প্রিয়-সুব্রতর মারামারি বাড়বে বলেই আরো পুলিশ দরকার হবে। তাই পুলিশ বাজেটের ব্যয়বরাদ্দ বাড়ানো দরকার। এই কথা বলে বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, এর আগের বছর, তার আগের বছর, যে-কোন বছরে পুলিশের বাজেটের আলোচনায় আমি একটি কথা বারে বারে বলবার চেষ্টা করছি যেটা বৈজ্ঞানিক সত্য, সেটা হচ্ছে এই, সরকার বদলালে, মন্ত্রিসভা বদলালে পুলিশ প্রশাসন সব সংগে সংগে বদলে যায় না। ম্যাজিকের মত এই জিনিস হতে পারে না। একটি বুর্জোয়া প্রতিক্রিয়াশীল সরকারের জায়গায় যদি আর একটি বুর্জোয়া প্রতিক্রিয়াশীল সরকার আসে তাহলেও সেটা ঘটে, তবুও পুলিশ প্রশাসন তাদের হয়ে কাজ করবে। কিন্তু প্রগতিশীল বামপন্থী সরকার যদি একটা প্রতিক্রিয়াশীল সরকারের জায়গায় আসে তাহলেও কখনই এটা হতে পারে না। এটাই তো মার্কসিষ্ট বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী, আমরা সবাই এটা জানি, লুকোবার কিছু নেই। সেই জন্য বলছেন পুলিশ নিয়ে, প্রশাসন নিয়ে নানা ভাবে ব্যবহার করা হয়েছে গণতন্ত্রের বিরুদ্ধে, জনগণের বিরুদ্ধে, শোষিত নিপীড়িত মানুষের বিরুদ্ধে—এটা রাতারাতি সব বদলায় নাকি? বদলে যেতে পারে না। আমরা সরকারে এসে চেষ্টা করছি যাতে করে অন্য মনোভাব তাদের গড়ে ওঠে, অন্ততঃ কিছু অংশের মধ্যে, সেটা হয়েছে, আর কিছু অংশ এখনো বাকি আছে। এটা তো আমরা ৬ বছর ধরে দেখছি এবং আমাদের দৃষ্টিভঙ্গীতে এতে আশ্চর্য হবার কিছু নেই। সেই জন্য প্রতি-নিয়তই আমাদের নজর রাখতে হচ্ছে যাতে গণতান্ত্রিক আন্দোলন দমন করার জন্য পুলিশ ব্যবস্থা গ্রহণ না করে, যাতে গ্রামে যখন চাষের কাজ হয় সেই সময় জোতদার, জমিদার প্রতিক্রিয়াশীলদের পক্ষ অবলম্বন না করে, যাতে প্রকৃত সমাজ-বিরোধী যারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করে। আর সমাজবিরোধীদের সংগে অনেক পুলিশের যোগাযোগ আছে, লিংক আপ আছে বহু বছর ধরে। কংগ্রেস আমলে এই জিনিস হয়েছে। কাজেই এই লিংক কতটা কাটা যায়, কতটা সরিয়ে আনা যায় আমরা সেই চেষ্টাই করছি। আমি আমার বক্তৃতায় বলেছি, সম্পূর্ণ সফল হয়েছি এটা বলতে পারব না, তবে এই কাজে প্রতিনিয়তই আমাদের নজর

রাখতে হবে, জনগণের সাহায্য চাইতে হবে। দু' নং কথা দক্ষতার প্রশ্ন উঠেছে। বিরোধী দল বলছেন এই খাতে আমরা কেন টাকা দেব ? কারণ এখানে দক্ষতার অভাব রয়েছে। এখন দক্ষতার নিরিখটা কি, সেটা আমি জানি না। তবে দক্ষতার নিরিখ যদি এটা করতে হয় তাহলে সমস্ত ভারতবর্ষের দিকে তাকাতে হবে। আমরা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। এখানে এফিসিয়েন্সি নেই, দক্ষতা নেই অন্য জায়গার তুলনায়, এটা নিশ্চয় বিরোধীপক্ষ বা কংগ্রেস পক্ষের কেউ বললেন না। কারণ সেখানে তো ওঁদের হিসাব আছে। অবশ্য ওঁরা যে পরিসংখ্যান দিয়েছেন বেশীর ভাগই সত্য নয় এবং সেই পরিসংখ্যান অর্ধ সত্য। আমি সে সম্বন্ধে পরে দু'-একটি কথা বলব।

দক্ষতার ব্যাপারে কোন কোন বিষয়ে বলতে পারি পুলিশ সেখানে দক্ষতার পরিচয় দিয়েছে। যেমন ডাকাতির ব্যাপার। এখন কম ডাকাতি হচ্ছে। কিছু ডাকাত ধরা পড়ছে ঘটনা ঘটবার আগে, ডিটেকশান হচ্ছে বেশী, এগুলি আমরা দেখতে পাচ্ছি। ৩/৪ বছর আগেও ঠিক এই ধরনের ব্যাপার ছিল না সেটা পরিসংখ্যান দেখলেই বোঝা যাবে। তারপর নকশাল—আমি সেই গ্রুপটার কথা বলছি—যে সমস্ত নকশালের নীতি হচ্ছে, লক্ষ্য হচ্ছে খুন করা, তাঁরা বলছেন তাঁরা খুন করবেন, সেটাই নাকি তাঁদের রাজনীতি, আমরা কিন্তু সেটাকে রাজনীতি বলে মনে করতে পারছি না, তাদের ধরবার এবং দমন করবার সমস্ত রকম ব্যবস্থা বা আয়োজন পুলিশ দক্ষতার সংগে করেছে। অন্য রাজ্যে কি হচ্ছে দেখুন। এখানে ওঁদের মূল নেতৃত্ব, লিডারশিপ যেটা সেটাকে ভেঙ্গে দেওয়া হয়েছে। কিন্তু তবুও আমাদের নজর রাখতে হচ্ছে, কারণ বারবার রিপোর্ট আসছে যে, এরা রিগ্রুপ করার চেষ্টা করছে। তারপর ব্যাংক ডাকাতি। অনেকগুলি হয়ে গিয়েছে—এগুলি একটু বেশী হয়েছে গত বছর এবং তার আগের বছর। আমার তো মনে হচ্ছে ব্যাংক ডাকাতিটাই সবচেয়ে সহজ কাজ আজকালকার দিনে। ২/৫টা ছেলে গেল, ড্যাগার বা বন্দুক দেখিয়ে টাকা নিয়ে চলে গেল। আর ওদেরও টাকা ইনসিওর করা থাকে, কাজেই ওদেরও আর কোন দায়িত্ব নেই। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা মিটিং ডেকেছেন এবং একটা ব্যবস্থা তাঁরা করবার কথা বলেছেন। আমি আশা করি সে ব্যবস্থা তাঁরা করবেন সমস্ত ব্যাংকের জন্য। অবশ্য খরচা তাতে নাকি কিছু বাড়বে, ইলেকট্রনিক ডিভাইস করবেন—এইসব বলছেন। আমরা অপেক্ষা করছি, দেখছি কি হয়। তবে সেখানে অন্ততঃ ডিটেকশানটা হচ্ছে, প্রায় শতকরা ৯০/৯৯ ভাগ এখন ডিটেকশান হচ্ছে। কিন্তু আমরা বলছি, শুধু ডিটেকশান করলেই হবে না, যাতে তারা করতে না পারে সে ব্যবস্থাও করতে হবে। এখানে

একটা মুশকিল হয়েছে, রিপোর্টে দেখছি, এই সব ব্যাংক ডাকাতি করবার জন্য যারা তৈরী হয়েছে তাদের পুলিশের খাতায় নাম নেই, নতুন নতুন সব গ্রুপ তৈরী হচ্ছে। যতই অর্থনৈতিক সংকট হচ্ছে ততই আমরা দেখছি নতুন নতুন গ্রুপ তৈরী হচ্ছে। পুলিশের খাতায় যাদের নাম আছে, পুরানো সব, তার সংগে এইসব নাম মিলছে না। সেই জন্য সেখানে আগে থেকে ব্যবস্থা অবলম্বন করতে পারা যাচ্ছে না। তবে এদিকে আমরা নজর দিয়েছি, একটা বড় গ্রুপ ধরা পড়েছে, আমরা বলেছি তাদের কাছ থেকে খবরাখবর নিয়ে নতুন নতুন যে গ্রুপ হচ্ছে যারা ব্যাংক ডাকতি করছে বা ট্রেনে রাহাজানি করছে তাদের খুঁজে বার করতে হবে। সেই জন্য আমি বলছি আমার ধারণা, আমাদের ইনটেলিজেন্সটা এখনও দুর্বল। ইনটেলিজেন্সের কাজ এতদিন যেভাবে হয়ে এসেছে সেভাবে করলে হবে না। ইনটেলিজেন্সের ব্যাপারে মুশকিল হচ্ছে যে, যেহেতু বিনা বিচারে আটক করা যেত সেইজন্য ইনটেলিজেন্সের কোন প্রয়োজন ছিল না। সন্দেহ হলে যাকে যখন খুশি জেলে পুরে দাও, এক বছর, দু' বছর, তিন বছর থাক, এই ছিল অবস্থা। আমাদের যেমন রাখা হয়েছিল তেমনি সমাজবিরোধীদেরও হয়ত রাখা হয়েছিল। এটা একটা খুব সহজ পথ ছিল। কিন্তু এই পথ তো আমরা অবলম্বন করতে পারছি না—বিনা বিচারে মানুষকে আটক করার। সেই জন্য ইনটেলিজেন্সের এখন খুব বেশী প্রয়োজন হয়ে পড়েছে। একজন কেউ বলেছেন, এটাকে ভাগ করে দিলে বোধহয় কাজ ভাল হবে। এটা ঠিকই, আমরা দেখছি, কিন্তু এর জন্য অনেক পয়সার প্রয়োজন—একেবারে সম্পূর্ণ ভাগ করা, ইনটেলিজেন্স এবং ইনভেষ্টিগেশান উই এবং আর একটা অন্য ক্রাইম ট্যাকল করার—যাই হোক, সেদিকে আমরা নজর দিয়েছি, অনেক পরিবর্তন আমাদের এ ব্যাপারে করতে হবে। আর একটা কথা আমাকে দুঃখের সংগে বলতে হচ্ছে যে, কংগ্রেস দলের অনেকের লিংক আপ সমাজ-বিরোধীদের সংগে। এই সমাজবিরোধী তাঁদের নিজেদের, এক রকম ব্যাপার। যেমন তাঁদের পার্টির মধ্যে ডিভিশান আছে সেটা এখানেও প্রয়োগ করছেন। দক্ষিণ কলকাতায় যা হয়ে গেল, সুব্রতবাবু নিশ্চয় জানেন কার দল কাকে খুন করলো! কোন্ উপদল কোন্ উপদলের লোককে খুন করলো সেটা নিশ্চয় জানেন। এটা কেউ বলেছেন কিনা জানি না। দক্ষতার জন্য আর একটা জিনিস যেটা দরকার, বারবার বলেছি, পুলিশের মবিলিটি, ইকুাইপমেণ্ট। এই যে খরচ বেড়েছে, খরচ বেড়েছে বলছেন, ঠিকই বেড়েছে, কিন্তু কথা হচ্ছে এখানে তো পুলিশের সংখ্যা খুব বাড়েনি।

[6.45—6.55 P. M.]

তাদের গাড়ী ইত্যাদি বাড়েনি। ৭৫টি থানা আছে যেখানে একটাও গাড়ী নই। আজকে গাড়ী ভাড়া করে কাজ করতে হচ্ছে। কাজেই তাদের যদি কুইপমেণ্টস্ না দেই তাহলে তাদের দক্ষতা বাড়াতে পারব না। অবশ্য আমরা দিকে নজর দিয়েছি। তারপর এই অপরাধ সম্পর্কে গড় গড় করে যা খুশি রিসংখ্যান দিয়ে গেলেন। আমার দিক থেকে আমি পরিসংখ্যান দিয়ে বলেছি কাথায় বেড়েছে, কোথায় কমেছে। তবে আমরা যদি অন্যান্য প্রদেশের সংগে লনা করি তাহলে দেখব দিল্লী, বোম্বে, বাঙ্গালোরের চেয়ে আমাদের অবস্থা াল। তাদের চেয়ে ২/১০ জন হয়ত কম, কিন্তু অর্থনৈতিক এবং সামাজিক রিস্থিতির মধ্যে এগুলো যাতে বন্ধ হয় সেদিকে আমাদের নজর দিতে হবে। শুধু কথা বললে হবে না—বাড়ছে, বাড়ছে, বাড়ছে। বাস্তব অবস্থা হচ্ছে কখনও াড়ছে, কখনও কমছে। ডাকাতির সংখ্যা আমাদের কমেছে ১৯৮১ সাল থেকে ৯৮২ সালে। তবে এতে আত্মসন্তুষ্টির কোন জায়গা নেই। ১৯৮১ সালে হয়েছিল হাজার ২৭০টি এবং ১৯৮২ সালে হয়েছে ১ হাজার ১৯৯টি। রবারি যাকে বলা য় সেটা বাড়ছে। প্রথমে ছিল ১ হাজার ৩১৯, তারপর হল ১ হাজার ৩৬৭, তারপর হল ১ হাজার ৫৩৫ এবং ১৯৮২ সালে হয়েছে ১ হাজার ৪৯৬টি। রপ কেস্ যেমন ছিল তেমনই আছে। তবে ১৯৭৮ সালে যেটা ছিল তার চেয়ে কমেছে, কিন্তু গত বছরের চেয়ে বেড়েছে। হার্ভেস্টিং-এর সময় যে-সমস্ত গোলমাল হাত তার সংখ্যা কমেছে। নকশালদের ভায়লেণ্ট এ্যাক্টিভিটিস্ অনেকটাই দমন করা হয়েছে এবং কলকাতা, দিল্লীর ফিগার সব দেওয়া হয়েছে। তবে কংগ্রেসী রাজত্বে যা হচ্ছে তার সংগে তুলনা করা যায় না। আর একটা কথা আমি বারবারই বলেছি যে, আমাদের এখানে সাম্প্রদায়িক দাঙ্গা নেই, হরিজনদের উপর কোন অত্যাচার নেই এবং বিভিন্ন ভাষাভাষী মানুষদের মধ্যে কোন দাঙ্গা বা হানাহানি নেই। কিন্তু অন্যান্য কংগ্রেস রাজত্বে এই জিনিস চলছে এবং পুলিশ তাতে লিপ্ত হয়ে যাচ্ছে। আমাদের এখানে ছোটখাট দু'-একটা সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে বটে, কিন্তু পুলিশ তার মধ্যে ছিল না। আমাদের এখানে প্যারাকিয়ালিজম-এর কোন স্থান নেই। কিছুদিন পূর্বে দিল্লীতে অন্ধ লোকেরা যখন মিছিল করে যাচ্ছিল তখন তাদের উপর পুলিশ আক্রমণ করে। আমার সংগে ইন্দিরা গান্ধীর যখন দেখা হয় তখন তাঁকে আমি জিজ্ঞেস করেছিলাম, এদের উপর আক্রমণ করা হল কেন? তখন ইন্দিরা গান্ধী বললেন, আমি ব্যাপারটা জানি না, তবে মনে হয় জনতা সরকারের

আসলে অনেক আজেবাজে লোক পুলিশের মধ্যে ঢুকেছে এবং তারাই এটা করেছে। আমাদের পশ্চিমবাংলার পুলিশের একটা সুনাম আছে, কিন্তু দুঃখের বিষয় বিরোধীপক্ষ সে-সব কথা কিছু বললেন না। তারপর পুলিশের সঙ্গে ডাকাতদের যোগাযোগ, রাজনীতি যাঁরা করেন তাঁদের সংগে যোগাযোগ এটা অন্যান্য প্রদেশে রয়েছে। এই তো সেদিনে দেখলাম কেউ কেউ ফুলের মালা পারাচ্ছে যখন তারা আত্মসমর্পণ করছে।

মিঃ স্পীকারঃ মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি একটু বসুন। মাননীয় সদস্যগণ, এই ব্যয়বরাদ্দের দাবীর ওপর আলোচনার জন্য নির্দিষ্ট সময় ৬টা ৫১ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। আমার মনে হয় এই সময়ের মধ্যে আলোচনা শেষ হবে না, সুতরাং আরো আধ ঘণ্টা সময় বাড়ান দরকার। আমি আপনাদের অনুমতি নিয়ে আরো আধ ঘণ্টা সময় বাড়াচ্ছি, আশা করছি এতে কারো আপত্তি নেই।

[স্বরাষ্ট্র (পুলিশ) খাতের ব্যয়বরাদ্দের দাবীর ওপর আলোচনার সময় নির্দিষ্ট সময়ের ওপরে আরো আধঘণ্টা বৃদ্ধি করা হয়।]

শ্রীজ্যোতি বসুঃ অধ্যক্ষ মহাশয়, তারপরে দেখুন দিল্লীতে সেদিন যে ঘটনা ঘটে গেল, সৌভাগ্যবশতঃ সে রকম ঘটনা এখানে ঘটে না। হোলির আগের দিন বাক্স-প্যাটরা নিয়ে স্কুল-কলেজের সব মেয়েরা বাড়ি চলে গেল, কারণ তাদের ওপর হোলির দিন হামলা হবে। এই নিয়ে ওখানে ডেমনস্ট্রেশন হয়েছে। এ জিনিস কখনো আমাদের এখানে হয় না। আমি বলছি না যে, এ ব্যাপারে আমাদের কৃতিত্ব আছে, পশ্চিমবঙ্গ সরকারের কৃতিত্ব আছে। এখানকার সাধারণ মানুষ এসব জিনিস এখানে হতে দেন না। এই জাতীয় ঘটনা এখানে ঘটে না সাধারণ মানুষের মধ্যে কংগ্রেস ভাবাপন্ন মানুষেরাও আছেন, তাঁরা এখানে এই জিনিস হতে দেন না। এ বিষয়ে আমাদের কেউ কোন বদনাম দিতে পারবে না, দেয় না। তবে আমাদের এ বিষয়ে মনে রাখতে হবে যে, পুলিশেরও কিছু কৃতিত্ব আছে। বিভিন্ন উৎসবের সময়ে পুলিশ শান্তি রক্ষা করে।

তারপরে গণতান্ত্রিক আন্দোলনের কথা বলা হয়েছে। আমরা বিভিন্ন রাজ্যে এ বিষয়ে কি দেখছি? আমরা দেখছি, এসেনসিয়াল সার্ভিসেস্ ইত্যাদি বলে এমন সব আইন হচ্ছে, যাতে বলা হচ্ছে ইউনিভার্সিটি, হসপিটল—এখানে, ওখানে কেউ হরতাল করতে পারবে না, ডেপুটেশন দিতে পারবে না। এইসব আইন হচ্ছে

যাচ্ছে। অপরদিকে আমরা মহারাষ্ট্রে দেখছি দু'বছর ধরে একটা আন্দোলন চলছে, আড়াই লক্ষ/তিন লক্ষ শ্রমিকের প্রতি কি রকম ব্যবহার করা হচ্ছে এবং কিভাবে তাদের এ্যারেষ্ট পর্যন্ত করা হচ্ছে। আমাদের এখানে এসব ঘটনা ঘটছে না। আমরা পুলিশকে বলেছি, গণতান্ত্রিক আন্দোলনে তারা হস্তক্ষেপ করবে না। কিন্তু গণতান্ত্রিক আন্দোলন যদি ছাপিয়ে যায়, গণতান্ত্রিক নিয়মকানুন যদি ছাপিয়ে যায়, অতিক্রম করা হয়, যখন বোমা ছোড়া হয় তখন আর গণতান্ত্রিক আন্দোলন থাকে না। তখন সেই বিশৃঙ্খলা বন্ধ করবার জন্য পুলিশকে লাঠি চালাতে হয়, টিয়ার গ্যাস ছুড়তে হয়। এই জাতীয় ১/৪টি ঘটনা এখানে ঘটেছে। এখানে বাস, ট্রামের ভাড়া বৃদ্ধি নিয়ে অসংখ্য মিটিং, মিছিল হয়েছে, সমস্ত ফিগারস আমাদের কাছে আছে। মাত্র ২০টি ক্ষেত্রে পুলিশ এ্যাকশন নিয়েছে। কি করবে! এ্যাকশন না নেওয়া ছাড়া তাদের আর কোন উপায় ছিল না। পুলিশকে আমরা বলেছি, রাস্তাগুলো খোলা রাখতে হবে, বিকেল পাঁচটার সময়ে লোকেরা বাড়ি ফিরবে। সেই সময়ে যদি রাস্তায় ছোট ছোট ছেলে-মেয়েদের বসিয়ে দিয়ে রাস্তা আটকানো হয় এবং পুলিশ তাদের সরিয়ে দিতে গেলে পুলিশের ওপর বোমা ছোড়া হয়, তাহলে পুলিশ কি করবে? পুলিশ তখন বাধ্য হয়ে গুলি ছুড়েছে এবং একজন মারা গেছে। যে মারা গেছে, কংগ্রেস বলছে সে কংগ্রেসের লোক—যে সমাজবিরোধী, সে ওঁদের লোক এবং এস ইউ সি বলছে, না, সে আমাদের লোক। এস ইউ সি, কংগ্রেস—দু'জনেই দাবী করছেন—নিজেদের লোক বলে। অথচ পুলিশের খাতায় তার নাম আছে এবং এদের সব অদ্ভুত নাম, এই লোকটার নাম হচ্ছে মাতাল দুলাল। সে কংগ্রেসের এবং এস ইউ সি'র লোক। তবে আমরা বলছি, কেউ মাতাল হলেও, সমাজবিরোধী হলেও তার পুলিশের গুলিতে মরা উচিত নয়। কিন্তু আমাদের কি কেউ বলতে পারেন, গণতান্ত্রিক আন্দোলনের নামে যদি গলি থেকে বেরিয়ে অনবরত পুলিশের ওপর বোমা ফেলা হয় তাহলে পুলিশ কি করবে? ট্রাম পুড়েছে, বাস পুড়েছে, বোমা ফেলা হয়েছে, ইট ছোড়া হয়েছে। ফলে পুলিশ বাধ্য হয়ে ব্যবস্থা গ্রহণ করেছে। এ বিষয়ে ১৫০টি মিটিং, মিছিল হয়েছে, সেখানে কেউ হস্তক্ষেপ করেনি। কিন্তু ২০টির মত বিশৃঙ্খল ঘটনায় হস্তক্ষেপ করতে হয়েছে।

তারপরে বলা হয়েছে সি পি আই (এম)-এর লোকেরা ঠ্যাঙাচ্ছে। হ্যাঁ, এক জায়গায়, কলেজ স্ট্রীটে, ইউনিভার্সিটির সামনে সি পি আই (এম)-এর সমর্থকদের সঙ্গে কংগ্রেসীদের বচসা হয়েছিল, ইট-পাটকেল পড়ছিল এবং একটা বোমা পড়বার পরে সি পি আই (এম)-এর লোকেরা কংগ্রেসীদের ঠ্যাঙিয়েছে। প্রশ্ন হচ্ছে,

সেখানে বোমা ফেলা হয়েছিল কেন? আপনাদের অধিকার আছে মানুষকে বলবার আমরা যদি কোথাও ভুল করে থাকি, আপনারা মানুষকে বলবেন, ঠিক হয় নি, কিন্তু বোমা ফেলবেন না। আর যদি বোমা ফেলেন তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এই কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া কোন জায়গায় কোন মিছিলের ওপর আক্রমণ করা হয় নি, মিটিং-এর ওপর আক্রমণ করা হয় নি।

আর একটা কথা এখানে বলা হচ্ছে, পুলিশের নিরপেক্ষতার কথা। আমরা তো পুলিশকে আগেই বলেছি নিরপেক্ষ হয়ে কাজ করতে হবে। প্রতি বছর একই কথা আমরা বলি। কংগ্রেসীরা এখানে জেনেশুনে বলছেন, নিরপেক্ষতা নেই। তাই যদি হয় তাহলে এতদিন কংগ্রেসের সঙ্গে পুলিশের যাদের যে-সব যোগাযোগ ছিল সে-সব কি ছিন্ন হয়ে গেছে? সমাজবিরোধীদের সঙ্গে যে যোগাযোগ ছিল, সব ছিন্ন হয়ে গেছে? তাহলে এসব কি করে হয়? কংগ্রেস আমলে যা কখনো হয় নি, এখন তাই হচ্ছে। যদি নিরপেক্ষতাই না থাকবে, তাহলে কংগ্রেসের সঙ্গে যখন সি. পি. এম.-এর ক্ল্যাস হয়—দুই পার্টির মধ্যে যখন মারপিট হয়—তখন সেখানে সি. পি. এম.-এর লোকেরা ধরা পড়ে কেন?

[6.55—7.05 P. M.]

কংগ্রেস আমলে কোন কংগ্রেসী ধরা পড়তো? কংগ্রেস আমলে যে-সকল কংগ্রেসী ধরা পড়েছে—ঐ সিদ্ধার্থ শঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তাঁর যাঁরা সমর্থক ছিলেন না—ঐ কংগ্রেস থেকে একটি উপদল, তাঁদের ঐ ৪০০ জনকে জেলে রাখা হয়েছিল। কিন্তু আমাদের আমলে নিরপেক্ষতা খানিকটা বজায় আছে, কারণ এটা আমরা নজর রাখছি। কিন্তু আমরা দেখছি, কংগ্রেস থেকে এই নিরপেক্ষতা নিয়ে যে-সব প্রচার হয় তাতে একটা অসুবিধা সৃষ্টি হচ্ছে, কিছু পুলিশ ভাবে আমাদের নিরপেক্ষতা দেখাবার জন্য ঐ সি পি এম দলের লোক বা বামপন্থী দলের লোকেদের, তারা অপরাধ করুক বা না করুক ধরে রাখছে, তাদের বিরুদ্ধে মামলা হচ্ছে। যারা মার খাচ্ছে তারাও ধরা পড়ছে, আর যারা মারছে তারাও ধরা পড়ছে। তারা দুই পক্ষকেই ধরে রেখে দিচ্ছে কিছু কিছু। এখানে একটা কাট মোশান আছে যে, বাঁকুড়ায় একটা ছেলে খুন হয়েছে এবং যারা ধরা পড়েছে তারা নাকি এস. এফ. আই.-এর লোক। কিন্তু তবুও আমরা নিরপেক্ষ নই। আমি জানি না, কংগ্রেস (আই) বলছে, এস. এফ. আই.-এর লোক ধরা পড়েছে। কিন্তু ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমাদের যে ১১০০ লোককে খুন করা হয়েছিল

তার জন্য একটা লোকও ধরা পড়েছে, একটা লোকের বিরুদ্ধে কি মামলা হয়েছে? একটা লোকও ধরা পড়েনি। তারপর কি করে বলেন যে, আমাদের আমলে পুলিশ নিরপেক্ষ নয়? বীজপুরের একটি মামলায় ৫ জনের ফাঁসির হুকুম হলো। কংগ্রেস আমলে কোনদিন এইসব জিনিস হয়েছে? আমাদের যে ১১০০ খুন হয়েছে তার কোনদিন বিচার হয়েছে? অবশ্য হাইকোর্টের রায়ে ৫ জন ছাড়া পেয়ে গেছে। ১৯৮২ সালে ইনটার পার্টি ক্লাসে এ্যারেষ্ট হয়েছিল ১ হাজার ৪'৮ জন। তার মধ্যে কংগ্রেস (আই) ৪৩৪, সি পি এম ৩৯৯, আর এস পি ১১, ফরওয়ার্ড ব্লক ৪৪, মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক ১, এস ইউ সি আই ৫৮, ঝাড়খণ্ড ৬০, এ আই জি এল ও ১৬, ঝাড়খণ্ড মুক্তি মোর্চা ১, সি পি আই (এম-এল) ৫৭, সি পি আই ১১, আর সি পি আই ১৬ এবং এছাড়া আর কিছু লোক যারা কোন্ রাজনৈতিক দলের তা আমি জানি না। সুতরাং কংগ্রেস আমলে কি কোনদিন এইসব হতো? কোন হিসাব দিতে পারবেন না। তারপর আপনাদের আমলের মতন কোন বামপন্থী এম এল এ থানায় গিয়ে বসে থাকে না। কংগ্রেস আমলে এম এল এ-রা সারাদিন থানায় গিয়ে বসে থাকতো। মিনিষ্টাররা ইনটারফেয়ারেন্স করতেন শুনেছি। এই হচ্ছে ওনাদের সঙ্গে আমাদের পার্থক্য। আর পার্থক্য হচ্ছে, অধিকাংশ এম এল এ-রা সিকিউরিটি ছাড়া ঘুরে বেড়াতে পারছেন, কিন্তু কংগ্রেস আমলে এটা ছিল না। সিদ্ধার্থ রায়ের আমলে স্পীকারের কাছে সিকিউরিটির জন্য আবেদন করা হতো, এই সব জিনিস ওনাদের আমলে হতো। সুতরাং ওঁদের সাথে আমাদের একটা বিরাট পার্থক্য আছে।

আমি এটাকে বলি আইন-শৃঙ্খলারই ব্যাপার। কেউ কেউ বলছেন যে, আইনের প্রতি শ্রদ্ধা নেই, সেজন্য এইসব ঘটনা ঘটছে। এটা কিছুটা ঠিক। কারণ কংগ্রেসীদের কোন শ্রদ্ধা নেই। এখানে বলছেন আইন-শৃঙ্খলা রক্ষা করুন, আর বাইরে গিয়ে আইন ভাঙছেন। আইন ভাঙলে ধরতে হবে, এটাই আইন। তবে আমাদের পয়সা কড়ি বিশেষ নেই, সেজন্য প্রেসিডেন্সী জেলের গেটে নিয়ে গিয়ে ছেড়ে দিই, কে খাওয়াবে অত লোককে। এখন ওঁরা রাইটার্স বিল্ডিংসের সামনে ৩/৪টি ছেলেকে ছেড়ে দিয়ে রেখেছেন, তারা শ্লোগান দিচ্ছে, পকেট থেকে ঝাণ্ডা বার করে নাচছে। শেষ অবধি গভর্নরের বাড়ীর সামনে গিয়েছিল সাংবাদিককে সংগে করে, শ্লোগান দিয়েছিল। আমাদের দেশে সে রকম কিছু সাংবাদিক তো আছেন, যাঁদের সংগে ওদের যোগাযোগ আছে, তাঁদের ডেকে নিয়ে গিয়েছেন। তাঁদের পুলিশ প্রশ্ন করেছিলেন। তারপর ছেড়ে দেওয়া হয়েছে। ছেলেগুলোকে দিয়ে করান হল, ছেলেগুলোর অপরাধ নেই, কংগ্রেস নেতারাই করিয়েছেন।

আইন ভাঙছেন, ধরতে হবে। অর্ডার যা আছে সেই অর্ডার ভাঙলে ধরবার ব্যবস্থা করতে হবে। এটাই আইন।

সুব্রতবাবু বলুন তো—এত কথা বলার দরকার নেই, তবু বলতে হচ্ছে—অল ইণ্ডিয়া ফিল্ম ফেসটিভ্যাল যখন হয়েছিল, চলচ্চিত্র উৎসব হচ্ছিল আমাদের এই কলকাতায়, তখন সেখানে আপনি কি তাণ্ডবনৃত্য করেছিলেন বাইরের লোকজনের সামনে? পুলিশের কিছু পক্ষপাত আছে কংগ্রেসী কর্মীদের উপর। লজ্জাকর ব্যাপার ঘটল, তাতেও একটা লোককে গ্রেপ্তার করা হয় নি। আমি বাইরের থেকে ফিরে এসে জিজ্ঞাসা করেছিলাম এত কাণ্ড হল, কাউকে গ্রেপ্তার করেছেন? একটা লোককেও গ্রেপ্তার করেন নি? শেষে ফরমালী গ্রেপ্তার করা হল এবং পুলিশ কেস দেখান হল। কেন্দ্রীয় সরকারের যে-সব অফিসার ছিলেন তাঁরা বললেন যে, এইসব ঘটনা এতদিন শুনেছিলাম, আজকে চাক্ষুস দেখলাম কি ব্যাপার। আইনের প্রতি যে শ্রদ্ধা আছে সেটা বাইরের লোক দেখে গেল। উৎসবের দিনে এই ঘটনা ঘটল। পশ্চিমবংগের সুনাম কি তাতে বাড়ল? আবার এই নভেম্বর মাসে ছেলে মেয়েদের জন্য আন্তর্জাতিক উৎসব হতে চলেছে, আমার তো মাঝে মাঝে ভয় করে, পাছে এই সব লোক ছেলে-মেয়েদের মধ্যে ঢুকে গিয়ে যদি কিছু করতে আরম্ভ করে? ওঁরা প্রায়ই বলেন আমাদের আমলে এই রকম হয় নি। আপনাদের আমলে শ্রীজয়প্রকাশ নারায়ণ ইউনিভারসিটি ইনষ্টিটিউটে মিটিং করতে যাচ্ছিলেন, তখন উনি মিনিষ্টার. মিনিষ্টার তাঁর অফিসারদের নিয়ে গিয়ে বললেন যে, ওঁকে আমি যেতে দেব না। কিন্তু আমাদের আমলে তো আমরা এইরকমভাবে গণতন্ত্রকে হত্যা করছি না। তারপর একটা মেয়েকে নাচতে উঠিয়ে দিলেন, কি সুনাম? এই সব কথার কোন মূল্য আছে?

তারপর বললেন যে, আপনারা পুলিশের মধ্যে ভাগ করে দিয়েছেন, ভাগটা কি? একটা ক্যালক্যাটা পুলিশ এ্যাসোসিয়েশন, আর একটা ওয়েষ্ট বেঙ্গল পুলিশ এ্যাসোসিয়েশন। বোধহয় ১৯৬৯ সালে নন-গেজেটেডরা একটা এ্যাসোসিয়েশন করতে চেয়েছিলেন, সেটার অনুমতি দেওয়া হয়েছিল। তারপর আমরা যখন সরকার থেকে চলে গেলাম তখন সেটা ভেঙে দেওয়া হল।

[7.05—7.15 P. M.]

আমরা গণতন্ত্রে বিশ্বাস করি বলে তাঁদের চাকরি ফিরিয়ে দিয়েছি, তাঁদের এ্যাসোসিয়েশনকে আমরা রেকগনাইজ করেছি। কিন্তু ওঁরা বলতে চাইছেন

ওয়েষ্ট বেঙ্গল পুলিশ এ্যাসোসিয়েশন যেটা আছে সেটা ওঁদের পক্ষে, আর নন্-গেজেটেড যেটা, সেটা আমাদের পক্ষে। আবার আমাদের বলছেন যে, এটা ডিভাইড এ্যাণ্ড রুল। ডিভাইড এ্যাণ্ড রুলের অর্থ জানেন? আপনারা বলছেন ওয়েষ্ট বেঙ্গল পুলিশ এ্যাসোসিয়েশন ঠিক আছে, কিন্তু নন্-গেজেটেড এ্যাসোসিয়েশনটা ঠিক নেই, ওটা সি পি এমের। এত অসত্য কথা বলতে হবে! এটা তিনবার বলেছেন যে, লালবাজারে মুখ্যমন্ত্রী যখন গিয়েছিলেন, সেখানে লাল ঝাণ্ডা উড়ছিল—এতবড় অসত্য কথা আমি কখনো শুনিনি। আর এটাতো প্রকাশ্যে হয়েছে। আমি অনেক এই রকম মিটিং, পুলিশের সভা করেছি। পুলিশ এ্যাসোসিয়েশন আমাকে নিয়ে গেছেন, কলকাতা পুলিশ নিয়ে গেছেন, নন্-গেজেটেড এ্যাসোসিয়েশন নিয়ে গেছেন। কোথায়ও কেউ বলতে পারেন নি যে, এসব ঘটনা সেখানে ঘটেছে। আমাদের ফ্লাগ তাঁরা কি করে নেবে? সেখানে তাঁদের নিজেদের বক্তব্য তাঁরা রেখেছেন। সেখানে অফিসার সমস্ত ছিলেন। বরং আমি অনেক সময় তাঁদের বলেছি যে, এইরকম ভাবে যখন মিটিং করবেন, তখন প্লাটফর্মের মধ্যে দাঁড়িয়ে নাম করেই হোক বা নাম না করেই হোক, বোঝা যায় এইভাবে কোন অফিসারের সমালোচনা করতে পারেন না, তার একটা পদ্ধতি আছে। আমার কমিটি আছে, সেখানে আপনারা আসবেন, বলবেন। একথা নন্-গেজেটেড এ্যাসোসিয়েশনকেই শুধু নয়, এটা সবার কাছেই আমাদের বার বার বলতে হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপর আবার কান্তি গাঙ্গুলীর কথা এসেছে যে, এফ আই আরে তাঁর নাম ছিল, তাঁকে ধরা হোল না কেন? জ্যোতিবাবু এসে তাঁর সঙ্গে ঘুরতে আরম্ভ করলেন—এসব কথা বলেছেন। এঁদের অসত্য কথা বলা ছাড়া উপায় নেই! আমাদের বিরুদ্ধে বদনাম করবার তো কিছু নেই, তাই বদনাম করতেই হবে। আমি বলছি, কান্তি গাঙ্গুলীর নামে কোন এফ আই আর ছিল না। দেবীবাবু জিজ্ঞাসা করেছেন যে, কেসটার কি হোল? আমি বলছি, সেই কেসটা একটি পর্যায়ে এসেছে বর্তমানে। এব্যাপারে বোম্বে পাঠিয়েছিলাম ইনভেষ্টিগেশন করতে। একটি কাগজে বেরিয়েছে, তার সবটা ঠিক বেরিয়েছে কিনা জানি না—[illegible] হচ্ছে 'নট থ্রি জিরো থ্রি' রাইফেল থেকে গুলি ছোড়া হয়েছে। পুলিশ যে র[illegible]ফেলগুলো ব্যবহার করেছিল, সেগুলো ৪টি তাঁরা দেখেছেন। ৪টি দেখে তাঁরা ব[illegible]ছেন, 'না, এই রাইফেল থেকে তা ছোড়া হয় নি।' 'আরও দুটো রাইফেল [illegible]রা দেখেছেন। দেখে তাঁরা বলেছেন যে, আমরা বলতে পারছি না যে, এর থেকে [illegible]লি ছোড়া হয়েছে কিনা। কাজেই আমাদের লোক, না আপনাদের লোক এই

গুলি ছুড়েছিল তা বলতে পারছি না। তবে এটা আমাদের বের করতে হবে যে কার গুলিতে ঐ অফিসার মারা গিয়েছিলেন এবং কোন্ বন্দুক থেকে তা ছোড়া হয়েছিল। এ সবই আমাদের তদন্ত করে দেখতে হবে। তবে এখানে এসব অসত্য কথা বলা ঠিক নয়।

তারপর হঠাৎ এখানে একটা চার্জ, একটা অভিযোগ করলেন যে, দলে দলে গ্রামের মানুষ গ্রাম ছেড়ে চলে আসছে। আমি বলি যে একজনও আসেনি, ৫ কোটি মানুষের মধ্যে একজনও ভীতসন্ত্রস্ত হয়ে গ্রাম ছেড়ে আসেনি। কিন্তু কংগ্রেসের গলা থেকে তো সত্য কথা বেরোয় না, তাই এসব কথা বলে আমাদের বিরুদ্ধে একটা চক্রান্ত করছেন।

তারপর এখানে বলা হয়েছে যে, যাদবপুর থানায় ডায়েরী করতে গেলে ওঁদের ভাগিয়ে দেওয়া হয়। এই যে সম্প্রতি একটা খুন হয়েছে সেখানে তাতে নাকি থানায় ডায়েরী করতে দেওয়া হয় নি। আমি বলছি যে এটা সম্পূর্ণ অসত্য কথা। সেখানে ডায়েরী হয়েছে, নাম ইত্যাদি তাঁরা দিয়েছেন তাতে। আমরা এ ব্যাপারে অনুসন্ধান করে দেখছি।

এখানে আর একটি বিষয়ে বলা হয়েছে। আমি বলছি যে একজন মহিলা, মা—তিনি আমাকে কিছুদিন আগে লিখেছেন যে, তাঁর ছেলে নিখোঁজ। এটা কসবা থানা এলাকার ঘটনা। সেই মহিলা তাঁর চিঠিতে লিখেছেন, "আমার ছেলে নিখোঁজ কয়েক দিন ধরে। কয়েক দিন আগে কানাই কুমির নামে একজন লোক আমার ছেলেকে গাড়ীতে করে তুলে নিয়ে যায়। কিন্তু তার পর থেকে সে আর ফেরেনি। এই কানাই কুমির এবং আমার ছেলে দু'জনেই কংগ্রেস করে।" কাজেই দেখা যাচ্ছে এই কানাই কুমির কংগ্রেসেরই লোক হবে, ঐ কংগ্রেস (আই)-এর লোক —কংগ্রেস (এস)-এর নয়।

এই হচ্ছে মায়ের চিঠি। সত্য কথা তো ওঁরা বলতে পারেন না, কাজেই অসত্য কথা বলতে হবে। তারপর ওঁরা বলেছেন যে, শত শত পুলিশ নাকি মারা গিয়েছে এবং সি পি এম-এর লোকেরা তাদের খুন করেছে, সুতরাং তাদের কিছু হচ্ছে না। তা শত শত হিসাবটা কি? ১৯৮১ সালে ৩ জন মারা গিয়েছে, ১৯৮২ সালে ২ জন মারা গিয়েছে এবং ১৯৮৩ সালে ১ জন মারা গিয়েছে। এই হচ্ছে ওঁদের শত শত হিসাব। ওঁরা যে হাজার হাজার বলেন নি সেটা আমার সৌভাগ্য। তাদের বিরুদ্ধে যা করবার—চার্জসিট ইত্যাদি দেবার ব্যাপারে যেটা করা দরকার সেটা করা হচ্ছে এবং অনুসন্ধান করা হচ্ছে। তারপর হচ্ছে নদীয়ায় এ্যাডমিনিষ্ট্রেশান নেই। এটা ঠিক যে নদীয়ায় সম্প্রতিকালে সবচেয়ে বেশী খুন হয়েছে এবং এখন

সেটা কমেছে। কিন্তু এটা অত্যন্ত লজ্জার বিষয় যে, সেখানে আমরা নকশালদের দমন করতে পারলাম, তাদের খুঁজে বার করতে পারলাম, কিন্তু এইসব সমাজ-বিরোধী যারা হানাহানি করছে, মারামারি করছে, গুলি-গোলা ছুড়ছে, তাদের বিরুদ্ধে আমরা এখনও কোন ব্যবস্থা গ্রহণ করতে পারিনি। এইদিকে আমরা নজর দিয়েছি এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তারপর ঐদিক থেকে আর একটা কথা বলা হয়েছে যে, বিলেতের মতো করুন। কিন্তু সবটা বিলেতের মতো করবেন না। সেখানে হাউস অফ কমন্সে যে বিল এসেছিল সেখানে বলা হয়েছিল যে, তদন্ত করবার জন্য একটা তদন্ত কমিশন হবে এবং তার মাথায় থাকবেন একজন পুলিশ অফিসার। আমাকে উপদেশ দেওয়া হচ্ছে যে, এটা করবেন না, একটা জজ মাথায় রাখুন। কিন্তু সত্য বাপুলি মহাশয় হয়ত এটা জানেন না যে, দিল্লীতে পুলিশ কমিশনের রিপোর্ট নিয়ে আলোচনা হয়েছে এবং সরকার বলেছেন যে, এইসব জিনিস কখনও হতে পারে না, আমরা এইসব করবো না। আমরা তাঁদের সঙ্গে একমত যে, এই জিনিস হতে পারে না। তারপর হচ্ছে সুব্রতবাবু বলেছেন যে আপনি তো কোন ষ্ট্রাকচারাল পরিবর্তন করছেন না, তাহলে এতো পুলিশের জন্য খরচা কেন? আমি তো বারে বারে লিখেছি যে, কেন এতো খরচা করা হচ্ছে। যদি জিনিসের দাম আপনার সরকার বাড়ায়—ডিজেলের দাম, খাদ্যের দাম, পার্টস-এর দাম বাড়ায়, এটার দাম বাড়ায়, ওটার দাম বাড়ায়, তাহলে তো পুলিশের জন্য খরচা বাড়বেই। আমি তো বলেছি যে, পুলিশ এখনও আরো দরকার, কিন্তু এখন তা পারছি না। তার কারণ হলো এখন টাকা-পয়সা নেই, সেই জন্য এখন করতে পারছি না। তারপর সত্য বাপুলি মহাশয় বলেছেন যে, ৬ হাজার মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোক কার্ড হোল্ডার রিক্রুট করেছি। আমাদের কার্ড আছে কি না তাই বোধহয় ওঁরা জানেন না। উনি বললেন ৬ হাজার, আর সুব্রতবাবু বললেন ৭ হাজার রিক্রুট করা হয়েছে।

Shri Satya Ranjan Bapuly : I did not say card holders. I said cadres. You have wrongly noted it.

শ্রীজ্যোতি বসু ঃ আচ্ছা বেশ ক্যাডার। ৬ হাজার, ৭ হাজার যাই বলুন না কেন, আমাদের এইসব নেই। আমরা তো আর কংগ্রেস সরকার নই, আমি আবার বলি—সেই সময় দেশলাই-এর ভেতর নাম লিখে শত শত, হাজার হাজার লোককে চাকুরি দেওয়া হয়েছিল। সরকারী চাকুরি, এস ই বি-তে চাকুরি, ষ্টে

ট্রান্সপোর্টে চাকুরি, দুগ্ধ প্রকল্পে চাকুরি এইভাবে দেওয়া হয়েছিল। এখন আমরা এই সব নিয়ে ভুগছি। আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক নেই। পুলিশ অফিসারকে আমরা বলেছি যে, যেখান থেকে হোক যাকে খুশি নিলেই হবে না, এই জিনিস হতে পারে না, এই জিনিস চলতে পারে না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক নিয়ে তাদের ছাতির মাপ বা যা কিছু করা দরকার সব করে যোগ্য লোককে আপনারা রিক্রুট করবেন। কাজেই আবার আপনারা ঐসব অসত্য কথা বলেছেন। ৭ হাজার লোক যদি ঢুকিয়ে দিতে পারতাম তাহলে তো ভাল হতো। কিন্তু আমরা পারি না এইসব। কারণ আমরা একটা নীতি নিয়ে চলি। আমাদের ছেলেরা আমাদের এসে বলে যে, কংগ্রেস আমলে আমরা চাকুরি পেলাম না, কারণ ঐ সময় আমাদের চাকুরি দেয় নি—আর আপনারা এমন নীতি নিয়েছেন যে, আমরা চাকুরি পাচ্ছি না। আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে পর্যন্ত নাম লেখাই নি। আমি বললাম, ভাই কোন উপায় নেই, আমাদের দিকে থাকতে হলে, আমাদের পক্ষ অবলম্বন করতে হলে একটা বিশেষ নীতি নিয়ে চলতে হবে। কাজেই এইভাবে আমরা করতে পারি না। তারপর হচ্ছে অনেকে বলেছেন যে, রুরাল পুলিশের কোন পরিবর্তন হয় নি। এটা সুব্রতবাবু বোধহয় বলেছেন। এর পরিবর্তন হয়েছে। আর আর্মড পুলিশের কথা বলতে গিয়ে বলেছেন যে, এতো লোক রিক্রুট করছেন কেন ? আমরা করিনি। আমরা ঠিক করেছি যে, ৫টি কোম্পানী করবো, এটা আমরা সিদ্ধান্ত করেছি। তিনটি কোম্পানী মাত্র আমরা করেছি। তার মধ্যে ৪-৫ শোর মতো লোক আমরা রিক্রুট করেছি। এর বেশী আমরা করিনি। আর রুরাল পুলিশের ক্ষেত্রে আমরা গ্রামের প্রতিটি পুলিশ ষ্টেশনে একজন করে এস আই, দু' জন করে এ এস আই, আর তিনজন করে কন্সটেবল বাড়াবার চেষ্টা করছি। কাজেই পরিবর্তন করা হয় নি বলে যেটা বলা হয়েছে সেটা ঠিক নয়। আমরা এখন এর বেশী কিছু করতে পারিনি।

[7.15—7.25 P. M.]

তারপরে আর একটা কথা ঠিক যে, ইনভেষ্টিগেশান এবং ইনটেলিজেন্সকে ঠিক-ভাবে দক্ষতার সঙ্গে কাজ করতে হলে এটাকে আর একটু আলাদা করে করা দরকার। সেটা করার প্রয়োজনীয়তাও আছে। কিন্তু একেবারে সেপারেট করে করা খুবই মুশকিল ব্যাপার। কারণ তার জন্য ফাণ্ডের দরকার হয়। আপাততঃ যে ফাণ্ড আপনারা দিচ্ছেন, তাতে কখনই সম্ভব নয়। আপনারা টাকা দিতে

চান না, বারবার করে আপনাদের কাছে চাইতেও আমি পারছি না। ব্যারাকপুরে দুটি ছেলে খুন হয়েছে বলে এখানে পুনরায় বলা হয়েছে। এর উত্তর তো আমি একবার দিয়েছি—এটা খুবই মর্মান্তিক ঘটনা। আমি তো সে ব্যাপারে বলেছি, এখন অবধি যে রিপোর্ট আমি পেয়েছি তা থেকে মনে হয় এটা আত্মহত্যা। কিন্তু আমরা এখনও সম্পূর্ণভাবে সন্তুষ্ট হতে পারি নি। কারণ ভিসেরা একজামিনেশান এবং ইনভেস্টিগেশানের জন্য পাঠানো হয়েছে। এখনও তদন্ত চলছে। পুরো রিপোর্টটা পেলে বলে দিতে পারব। তা সত্ত্বেও কেন এই প্রশ্ন করা হল জানি না?

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি তো 'ইট সিমস্' বলে বলেছিলেন।

শ্রীজ্যোতি বসু ঃ হ্যাঁ, ইট সিমস্ বলে বলেছিলাম এই জন্য যে, যে রিপোর্ট এখন পর্যন্ত দেওয়া হয়েছে সেটা ফাইনাল নয়। ইংরাজী কথার অর্থটা একটু বুঝতে হয়। তারপরে এটা ঠিক যে, পি আই বি যেটা আছে, তার রিভিশানটা ৩/৪ বছর ধরে সম্পূর্ণ হচ্ছে না। আমি কিছুদিন আগেই হোম সেক্রেটারীকে বলেছি, 'আপনি এটা দেখুন, এইভাবে চলতে পারে না।'—আমরা যখন সিদ্ধান্ত নিয়েছি, অন্য কারুর হাত দিয়ে যাঁরা এটা করবেন—একটা কমিটি করে একটা সময়-সীমা নির্দিষ্ট করে আপনারা করুন। আমি এইভাবে তাঁকে বলেছি। এই ব্যাপারে পুলিশের যে এ্যাসোসিয়েশান আছে, কংগ্রেসী যাঁরা আছেন, তাঁদেরও এই কথা। আমাদেরও একই কথা—আমরা সবাই যখন এ ব্যাপারে একমত, তখন পরস্পরের মধ্যে একটা আলোচনা করে করা দরকার। পুলিশের কোয়ার্টার্সের বিষয়ে এখানে বলা হয়েছে। এ ব্যাপারে বারবার আমার বক্তৃতায় বলেছি যে, আমি সন্তুষ্ট হতে পারি নি। সপ্তম কমিশনের রিপোর্টে ১৮ কোটি টাকা বরাদ্দ করেছেন কোয়ার্টার্সের জন্য। তখন শতকরা ২৬ ভাগ কোয়ার্টার দুটো মিলিয়ে ছিল, এখন সেটা হয়েছে শতকরা ৪০ ভাগ। এটা আমরা করতে পেরেছি। কিন্তু এতে আমরা সন্তুষ্ট হতে পারি নি। গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া যে ১৮ কোটি টাকা দিতে চান, তার মধ্যে এখন পর্যন্ত আমরা পেয়েছি ১ কোটি ৮০ লক্ষ টাকা। আমাদের বাজেট থেকে ১১ কোটি টাকা দিয়েছি। এ ব্যাপারে আমরা আরও অপেক্ষা করছি। আরও ৩৫টা স্কীম গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার কাছে পাঠানো হয়েছে। অনেক মাস হয়ে যাওয়া সত্ত্বেও ওঁরা এখনও অনুমোদন করেন নি। এ ব্যাপারে সুব্রতবাবু যদি দিল্লীতে গিয়ে একটু চেঁচামেঁচি করেন তাহলে ভাল হয়। তিলজলার ব্যাপারে আমি তো আগেই উত্তর দিয়েছি। টংতলার কথা তুলে বলা হয়েছে, পুলিশ

সেখানে মার খেয়েছে, অথচ কিছুই করা হয় নি। সেখানে তো লোক গ্রেপ্তার হয়েছে, চার্জশীট দেওয়ার ব্যবস্থা সেখানে হয়েছে। ইণ্ডিস্ক্রিমেণ্ট ফায়ারিং-এর কথা বলা হয়েছে। অসত্য কথা। অনেকবার যে ফায়ারিং হয়েছে, তা বেশীর ভাগ ক্ষেত্রেই হয়েছে ওয়াগান ব্রেকার ও সমাজবিরোধীদের বিরুদ্ধে। ১৯৮১ সালে ১২৮ টা পুলিশ ফায়ারিং হয়েছে। তারমধ্যে ১২০ টা হচ্ছে ক্রিমিনালস্-এর বিরুদ্ধে এবং ৪টা নকশালদের বিরুদ্ধে। ১৯৮২ সালে ১৪২ টা ফায়ারিং হয়েছে—১৩৯ টা হচ্ছে ক্রিমিনালস্-এর বিরুদ্ধে এবং ৩টা হয়েছে নকশালদের বিরুদ্ধে। এই কথা বলে এবং যতগুলি কাট মোশান আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: There are 23 cut motions to this Demand. I put to vote all the cut motions except cut motion Nos. 1 to 3 and 4 to 17.

The motions that the amount of Demand be reduced by Rs. 100, were then put and lost.

The motions of Shri Subrata Mukherjee (Cut Motions Nos. 1 to 3) that the amount of Demand be reduced to Re. 1 and the amount of Demand be reduced by Rs. 100 and the motions of Shri Kashinath Misra (Cut Motions Nos. 4 to 17) that the amount of Demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following results:

NOES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Hazari
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
Das, Shri Nimai Chandra
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu

M. Ansar-Uddin, Shri
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Sambhunath
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mortaza, Hossain Dr.
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Radhika Ranjan
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Haradhan
Roy, Shri Rathindra Nath
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhusy, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sk Siraj Ali, Shri

AYES

Abdur, Rauf Answari, Shri
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Chandra, Shri Anup Kumar
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata

ABSTENTION

Sarkar, Shri Deboprasad

The Ayes being 7 and the Noes 85, the motions were lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 1,23,57,35,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "255-Police" (This is inclusive of a total sum of Rs. 20,59,56,000 already voted on account in March, 1983) was then put and agreed to.

DEMAND No. 8

Major Head : 230-Stamps and Registration.

Shri Syed Abul Mansur Habibullah : মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮ নং অনুদানের

অধীনে মুখ্য খাত "২৩০-ষ্ট্যাম্পস্ এবং রেজিষ্ট্রেশন" বাবদ ব্যয় নির্বাহার্থে ৫ কোটি ৩ লক্ষ ৯৭ হাজার টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে ভোট অন্ অ্যাকাউন্ট বাজেটে অনুমোদিত ৮৪ লক্ষ টাকা ধরা আছে।

এই রাজ্যে ১৮৯৯ সালের ইণ্ডিয়ান ষ্ট্যাম্প অ্যাক্ট এবং ১৯০৮ সালের রেজিষ্ট্রেশন অ্যাক্ট প্রশাসন বাবদ যে ব্যয় হয় তা "২৩০-ষ্ট্যাম্পস্ এবং রেজিষ্ট্রেশন" মুখ্য খাতের অন্তর্ভুক্ত।

এই রাজ্যে ২১২টি রেজিষ্ট্রেশন অফিসের মধ্যে ৪৫টি পূর্ত বিভাবের সরকারী বাড়ীতে রয়েছে, অবশিষ্ট রেজিষ্ট্রেশন অফিসগুলি ভাড়া করা বাড়ীতে আছে। জনসাধারণ এবং রেজিষ্ট্রি অফিসের কর্মচারীদের সুবিধার্থে গত বছর প্রায় ২৫টি সাব-রেজিষ্ট্রি অফিস পুরানো ও জীর্ণ বাড়ী থেকে নতুন বাড়ীতে স্থানান্তরিত করা হয়েছে।

সমস্ত সাব-রেজিষ্ট্রি অফিসের জন্য বিভাগীয় নিজস্ব বাড়ী এবং সাব-রেজিষ্ট্রার ও কর্মচারীদের জন্য সরকারী বাড়ী তৈরীর পরিকল্পনা রাজ্যের বার্ষিক যোজনাগুলিতে গ্রহণ করা হয়েছে। কুচবিহার ও মেদিনীপুর সদর রেজেষ্ট্রি অফিসের রেকর্ডরুম তৈরীর কাজ শেষ হয়েছে। জলপাইগুড়ি, পুরুলিয়া ও বাঁকুড়া সদর রেজিষ্ট্রেশন অফিসগুলির রেকর্ড রুম তৈরীর কাজ চলছে। প্রায় ১০টি সাব-রেজিষ্ট্রি অফিস ও সাব-রেজিষ্ট্রারের বাড়ী তৈরী এবং মেরামতের উদ্দেশ্য অর্থ মঞ্জুর করা হয়েছে।

জনসাধারণকে রেজিষ্ট্রিকৃত দলিল ফেরত দেওয়ার কাজ ত্বরান্বিত করার জন্য "ফাইলিং সিসটেম" নামে একটি নতুন রেজিষ্ট্রিকরণ পদ্ধতি পর্যায়ক্রমে এই রাজ্যের রেজিষ্ট্রেশন অফিসগুলিতে প্রচলনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই নতুন পদ্ধতি ১৯৮৩ সালের ১লা জানুয়ারী থেকে চালু করার কথা ছিল। কিন্তু হাইকোর্ট থেকে এ ব্যাপারে কয়েকটি স্থগিতাদেশ জারি হওয়ার দরুন ঐ পদ্ধতি কার্যকর করার ব্যাপারটি স্থগিত রাখতে হয়েছে।

পরিশেষে বক্তব্য এই যে, সমস্ত রেজিষ্ট্রেশন অফিসগুলিতে পুরো সময়ের জন্য সাব-রেজিষ্ট্রার দিতে না পারার দরুণ জনসাধারণের যে অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে সরকার সচেতন আছেন। উপযুক্ত সংখ্যক অফিসার না থাকায়, কোন কোন ক্ষেত্রে একজন সাব-রেজিষ্ট্রারকে একাধিক অফিসের দায়িত্ব দেওয়া হচ্ছে। সাব-রেজিষ্ট্রারগণ 'পাবলিক সারভিস কমিশনের' মাধ্যমে নিযুক্ত হয়ে থাকেন।

কিন্তু শূন্যপদগুলি পূরণের জন্য কমিশনের কাছ থেকে প্রয়োজনীয় নির্দিষ্ট সংখ্যক অফিসার সর্বদা পাওয়া যায় না। এটাও লক্ষ্য করা গেছে যে, যদিও কোন সময় 'পাবলিক সারভিস কমিশনে'-র কাছ থেকে অফিসারদের নামের

সুপারিশ পাওয়া যায়, তাহলেও কোন কোন অফিসার তাঁদের স্ব স্ব পদে যোগদান করেন না, কিংবা সাব-রেজিষ্ট্রার পদে যোগদান করার পরে যখনই তাঁরা অপেক্ষাকৃত ভাল চাকুরি পেয়ে যান, তখনই পদত্যাগ করেন। কারণ, সাব-রেজিষ্ট্রারদের সুদূর গ্রামাঞ্চলেও অনেক সময় যেতে হয়। যাই হোক, জনসাধারণের অসুবিধা দূর করার জন্য সাব-রেজিষ্ট্রারের বর্তমান শূন্যপদগুলি যতদূর সম্ভব তাড়াতাড়ি পূরণ করার জন্য সরকার সম্ভাব্য সমস্ত ব্যবস্থাই নিচ্ছেন। বস্তুতঃপক্ষে সম্প্রতি বেশ কিছু সংখ্যক সাব-রেজিষ্ট্রার নিয়োগ করা হয়েছে।

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভার কাছে পেশ করছি।

DEMAND No. 4

Major Head : 214—Administration of Justice.

Shri Syed Abul Mansur Habibullah : মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪ নং দাবির অন্তর্গত মুখ্য খাত "২১৪-বিচার সংক্রান্ত প্রশাসন" বাবদ ব্যয় মেটাবার জন্য ৯ কোটি ১৪ লক্ষ ৭১ হাজার টাকা মঞ্জুর করা হোক। এই টাকার মধ্যে বর্তমান বছরে ভোট অন অ্যাকাউন্ট বাজেটে অনুমোদিত ১ কোটি ৫২ লক্ষ ৪৬ হাজার টাকাও ধরা আছে।

বিচারে বিলম্ব এবং বকেয়া মামলার অভিযোগ দীর্ঘদিনের। বাস্তবিক রাজ্যের সমস্ত আদালতে বকেয়া মামলার সংখ্যা অনেক। এই বকেয়া মামলাগুলি নিষ্পত্তি করার উদ্দেশ্যে সরকার মাঝে মাঝে হাইকোর্টের সুপারিশ অনুযায়ী অতিরিক্ত আদালত স্থাপন করে থাকেন। কিন্তু রাজ্যের সীমিত আর্থিক সঙ্গতির দরুন ক্রমবর্ধমান বকেয়া মামলার নিষ্পত্তি করার জন্য উপযুক্ত সংখ্যক অতিরিক্ত আদালত স্থাপন করা সরকারের পক্ষে সম্ভব হয় নি। তবুও গত কয়েক বছরে কেন্দ্রের আর্থিক সাহায্য নিয়ে এ পর্যন্ত ২৮টি নতুন আদালত স্থাপন করা হয়েছে। খুব শীঘ্রই মুর্শিদাবাদ জেলার কান্দীতে আরও একটি অতিরিক্ত সাব-জজের আদালত স্থাপন করা হবে। কিন্তু প্রয়োজনের তুলনায় এ সংখ্যা নিতান্তই নগণ্য। অধিকন্তু নতুন আদালতের স্থান সংকুলানের সমস্যাও আছে। যদি নতুন বাড়ী তৈরী করা না যায় তাহলে অতিরিক্ত আদালত স্থাপন করে কোনো লাভ হবে না।

বিচার ব্যবস্থার উন্নতিকল্পে ও পশ্চিম-দিনাজপুর জেলার অধিবাসীদের সুবিধার

জন্য রাজ্য সরকার বর্তমান পশ্চিম-দিনাজপুর-মালদা জেলা আদালতকে বিভক্ত করে দুইটি পৃথক জেলা আদালত স্থাপন করতে মনস্থ করেছেন। আশা করা যাচ্ছে পশ্চিম দিনাজপুর জেলার জন্য নতুন জেলা আদালত শীঘ্রই চালু করা যাবে। আরও স্থির করা হয়েছে যে, বালুরঘাটের একজন সাব-জাজ ও একজন অতিরিক্ত জেলা জজ রায়গঞ্জ এবং ইসলামপুর উভয় স্থানেই সারকিট কোর্ট পরিচালনা করবেন। প্রস্তাবিত সারকিট কোর্টের স্থান সঙ্কুলানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আশা করা যায় যে, শীঘ্রই এই ব্যবস্থা কার্যকরী করা যাবে। এই ব্যবস্থা রায়গঞ্জ ও ইসলামপুরের অধিবাসীদের দীর্ঘদিনের অসুবিধা দূর করতে সক্ষম হবে।

এই রাজ্যের যোজনা বরাদ্দের পরিমাণ কমে যাওয়ায় এই বিভাগের নতুন আদালত ভবন এবং বিচারকদের বাসস্থান তৈরীর পরিকল্পনাকে ছাঁটাই করতে হয়েছে। বর্তমান আর্থিক বছরে এই উদ্দেশ্যে এই বিভাগের জন্য মাত্র ৮০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ফলে অনেক চলতি পরিকল্পনা স্থগিত রাখতে হয়েছে এবং কোন নতুন পরিকল্পনা গ্রহণ করা একরকম অসম্ভব হয়ে পড়েছে।

হাইকোর্টের বকেয়া মামলার সংখ্যাও অনেক। বর্তমানে হাইকোর্টের বারটি বিচারকের পদ শূন্য আছে। এই শূন্য পদ পূরণের দায়িত্ব রাজ্য সরকারের একার নয়। হাইকোর্টের প্রধান বিচারপতির সুপারিশ মেনে নিয়ে কেন্দ্রীয় সরকার বিচারপতি নিয়োগ না করলে রাজ্য সরকারের এ ব্যাপারে বিশেষ কিছু করণীয় নেই।

হাইকোর্টের জমে যাওয়া মামলার সংখ্যা কমাবার উদ্দেশ্যে নগর দেওয়ানী আদালতের আর্থিক এক্তিয়ার ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করে ১৯৫৩ সালের সিটি সিভিল কোর্ট আইনটি ইতিমধ্যে সংশোধন করা হয়েছে। ঐ সংশোধিত আইনে ১৮৯০ সালের গার্ডিয়ান্স অ্যাণ্ড ওয়ার্ডস অ্যাক্ট, ১৯১২ সালের ইণ্ডিয়ান লুনাসি অ্যাক্ট এবং ১৯২৫ সালের ইণ্ডিয়ান সাক্‌সেশন্‌ অ্যাক্ট সংক্রান্ত মামলার বিচার করার এক্তিয়ারও নগর দেওয়ানী আদালতের উপর ন্যস্ত করা হয়েছে। সংশোধনের আগে শুধুমাত্র হাইকোর্টেরই উল্লিখিত আইনগুলি সম্পর্কে মামলার বিচার করার এক্তিয়ার ছিল।

রাষ্ট্রপতির সম্মতি পাওয়ায় ফৌজদারী কার্যবিধির ৪৩৮ ধারাকে সংশোধন করে ১৯৮১ সালের 'দি কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর (ওয়েষ্ট বেঙ্গল অ্যামেণ্ডমেণ্ট) অ্যাক্ট'-টি চালু করা হয়েছে। এই আইনটিতে মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড অথবা সাত বছরের অধিক কারাদণ্ডের শাস্তিযোগ্য অপরাধে অভিযুক্ত হতে পারেন এমন ব্যক্তিদের আগামী জামিনের আবেদন নিষ্পত্তির আগে আদালতে আত্মপক্ষ

সমর্থনের জন্য রাজ্য সরকারকে কমপক্ষে ৭ দিনের সময় দেবার ব্যবস্থা করা হয়েছে।

'দি ওয়েষ্ট বেঙ্গল ক্রিমিনাল ল' অ্যামেণ্ডমেণ্ট (স্পেশাল কোর্টস্) বিল, ১৯৮১, রাষ্ট্রপতির সম্মতিক্রমে আইনে পরিণত হয়ে আগামী ১লা মে, ১৯৮৩ থেকে 'দি ওয়েষ্টবেঙ্গল ক্রিমিনাল ল' অ্যামেণ্ডমেণ্ট (স্পেশাল কোর্টস) অ্যামেণ্ডিং অ্যাক্ট, ১৯৮২' নামে চালু হবে। এর ফলে বিশেষ আদালতের মামলাগুলির দ্রুত নিষ্পত্তি সম্ভব হবে।

রাজ্যস্তর থেকে ব্লকস্তরে দুর্বল শ্রেণীর লোকদের আইনগত সাহায্য দানের জন্য রাজ্য সরকার 'দি ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট লিগাল এড্ অ্যাণ্ড এডভাইস্ স্কিম, ১৯৮০' নামে একটি নতুন পরিকল্পনা ইতিমধ্যে গ্রহণ করেছেন। এই পরিকল্পনা অনুযায়ী বাৎসরিক অনধিক ২,৪০০ টাকার আয় বিশিষ্ট যে-কোন ব্যক্তি বিনাব্যয়ে আইনগত সাহায্য পাবার অধিকারী। উপযুক্ত ক্ষেত্রে ঐ আয়সীমা শিথিল করার ব্যবস্থাও আছে। এই পরিকল্পনাটি কলকাতা, হাওড়া, হুগলী, ২৪ পরগনা, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, মালদা এবং বীরভূম জেলায় চালু করা হয়েছে। কিন্তু হাইকোর্ট থেকে কয়েকটি ক্ষেত্রে স্থগিতাদেশ জারি হওয়ায় পরিকল্পনাটি অন্যান্য জেলায় চালু করা সম্ভব হয় নি। উল্লিখিত জেলাগুলি ছাড়া অন্যান্য জেলায় ১৯২৪ সালের আইনগত সাহায্য দানের পরিকল্পনাটি চালু রয়েছে। এই সমস্ত জেলাগুলিতে হাইকোর্টের মামলার নিষ্পত্তি হলেই নতুন ১৯৮০ সালের পরিকল্পনাটি কার্যকরী করা হবে।

সম্প্রতি ২৪ পরগনা জেলার সাগর-এ স্থানীয় দুর্বল শ্রেণীর লোকদের আইনগত সাহায্যের জন্য একটি আইনগত সাহায্যদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এই জাতীয় শিবির এ রাজ্যে এই প্রথম অনুষ্ঠিত হোলো। এই শিবির সাফল্য-মণ্ডিত হয়েছে এবং স্থানীয় অধিবাসীদের মধ্যে প্রবল উৎসাহের সঞ্চার করেছে। এই শিবিরে আদালতে পেশ করা হয় নি এমন বেশ কিছু বিরোধের নিষ্পত্তি করা সম্ভব হয়েছে। আইনগত সাহায্যদানের উদ্দেশ্যেও বেশ কিছু আবেদন গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে অন্যান্য জেলাতেও এ ধরনের শিবিরের আয়োজন করার পরিকল্পনা রয়েছে। বর্তমান আর্থিক বছরে আইনগত সাহায্যদান পরিকল্পনা বাবদ সংশ্লিষ্ট খাতে ৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

১৯৭৩ সালের ফৌজদারী কার্যবিধির ২৫ (১) ধারায় ফৌজদারী আদালতে নিযুক্ত নিয়মিত সহকারী পাবলিক প্রসিকিউটরগণের কিছু অংশের জন্য ১১০০-১৯০০ এবং ১৬০০-২২৫০ টাকার উচ্চতর বেতনক্রম চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কিছুদিন ধরে পশ্চিমবঙ্গ ওয়াকফ কমিশনারের অফিস গুরুতর আর্থিক অনটনের মধ্য দিয়ে চলেছিল। ব্যয়ের থেকে আয় কম হওয়ায় রাজ্যের ওয়াকফ সম্পত্তির উন্নতির জন্যে কোন টাকা খরচ করা সম্ভব হচ্ছিল না। এই অসুবিধার কথা বিবেচনা করে রাজ্য সরকার গত ১৯৮১ সালের ১লা এপ্রিল থেকে ওয়াকফ কমিশনারের অফিস পরিচালনার সমস্ত খরচ বহন করার সিদ্ধান্ত নেন। বর্তমান আর্থিক বছরে এই উদ্দেশ্যে সংশ্লিষ্ট খাতে ৬ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এর ফলে ওয়াকফ বোর্ডের পক্ষে ওয়াকফ ফাণ্ডের সম্পূর্ণ আয় সংখ্যালঘু সম্প্রদায়ের সমাজিক কল্যাণ এবং ওয়াকফ সম্পত্তির উন্নয়ন বাবদ ব্যয় করা সম্ভব হয়েছে।

১৯৮১ সালের এসেন্‌সিয়াল কমোডিটিস্‌ (স্পেশাল প্রভিসনস) অ্যাক্ট নামক যে আইনটি গত ১লা সেপ্টেম্বর থেকে কার্যকরী করা হয়েছে, সেই আইন সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তির জন্য ২৪টি অতিরিক্ত আদালত স্থাপন এবং ২৪ জন অতিরিক্ত বিচারকের পদ সৃষ্টি করা হয়েছে।

মহাশয়, আপনি অবগত আছেন যে, গত কয়েক বছরে ২৮টি নতুন আদালত স্থাপন করা হয়েছে। মামলাকারী জনসাধারণের সুবিধার জন্য, বিশেষ করে যে সমস্ত এলাকার আদালতগুলিতে প্রচুর মামলা জমে আছে, সেই সব জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির জন্য এ রাজ্যে আরও অতিরিক্ত আদালত স্থাপনের সর্বপ্রকার চেষ্টা চালানো হচ্ছে। নগণ্য হলেও কয়েকটি জেলায় জেলা বিচারকদের ব্যবহারের জন্য সরকারী গাড়ী এবং কিছু কিছু বিচারকদের সরকারী বাসস্থানের ব্যবস্থা করার মধ্য দিয়ে বিচার বিভাগের অফিসারদের কিছু কিছু সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে।

আমি সম্পূর্ণ সচেতন যে, শুধুমাত্র বিচারকদের জন্য নয়, আইনজীবী ও তাঁদের কর্মচারী, মামলাকারী জনসাধারণ এবং অপরাপর যে-সমস্ত লোক বিচারের আশায় আদালতের দ্বারস্থ হয় তাদের জন্য আরও অনেক কিছু করার আছে এবং আশা করি যে, বর্তমান আর্থিক সঙ্গতির মধ্যেও তাঁদের জন্যে ক্রমে ক্রমে আমাদের সাহায্যে হাত আরও বাড়িয়ে দিতে সমর্থ হব।

মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব সভার অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 8

Shri Humayoun Choudhury : Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 4

Shri Kashinath Misra : Mr. Speaker, Sir, I beg to move that the amount of Demand be reduced to Re 1/-.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Abanti Mishra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Shri Shaikh Imajuddin : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Mr. Speaker : I now call upon Shri Kashinath Misra to speak.

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় আইন এবং বিচারমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে এইবার অন্ততঃ দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় বিভিন্ন স্থানে কিছু নতুন নতুন ব্যবস্থা গ্রহণ করতে চলেছেন এবং কিছু কিছু নতুন বিচারালয় ঠিক আরম্ভ করে পশ্চিমবাংলায় একটা পরিবর্তন আনার চেষ্টা করেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বাজেটের মধ্যে যেটা অন্ততঃ আমরা আশা করেছিলাম সেটা হচ্ছে বিভিন্ন স্থানে বিচার বিভাগ আলাদা হয়ে যাবার পরে থেকে যেমন কল্যাণীতে যে সাব-ডিভিশান এলাকা এবং আগামী দিনে রাজ্যে যে ২টি সাব-ডিভিশান খোলার প্রস্তাব আছে সেগুলি ত্বরান্বিত হবে—এটাই আশা করেছিলাম, কিন্তু কার্যক্ষেত্রে তা হয় নি। সেইজন্য অনুরোধ করছি এই কাজগুলি ত্বরান্বিত করা দরকার।

[7.25—7.35 P. M.]

বাঁকুড়ার খাতরায় যে মুনসেফ কোর্ট আছে সেখানে অনেক জায়গা আছে কিন্তু শোনা যাচ্ছে গোরাবাড়ীতে জায়গা কেনার ব্যবস্থা হচ্ছে। মুনসেফ কোর্টে কাছাকাছি অনেক জায়গা আছে, সেখানে সংলগ্ন যদি বসতবাটী হয় তাহলে ভালে হয়। সেখানে পুলিশ হাজত থেকে আরম্ভ করে বিচারালয় যদি তৈরী হয় তাহলে সুবিধা হবে। এদিক থেকে আপনাকে চিন্তা করতে হবে। আর একটা জিনিস চিন্তা করা উচিত, সেটা হচ্ছে হিন্দু সাকসেশান অ্যাক্ট অফ ১৯৫৬ সম্বন্ধে। ওল্ড হিন্দু সাকসেশান অ্যাক্টে আমরা দেখেছি তখন যে ডাউরী প্রথা ছিল তাতে মেয়ের বিয়ে দিতে পিতাকে সম্পত্তি বিক্রি করতে হোত। কিন্তু নতুন আইনে দেখা যাচ্ছে পিতার সম্পত্তি ছেলেমেয়েদের মধ্যে সমানভাবে ভাগ হচ্ছে। এর ফলে ছেলে বঞ্চিত হচ্ছে। যদি বিচারমন্ত্রী হিন্দু সাকসেশান অ্যাক্টের কোন এমেণ্ডমেন্টের কথা চিন্তা করেন তাহলে ভালো হয়। কোর্টগুলির অবস্থা কি। বিশেষ করে ফৌজদারী আদালত যেখানে চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট এবং সাব-ডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট বসেন সেখানকার কথা বলছি। সেখানে সেগুলিতে চাপ খুব বেশি। এই সমস্ত কোর্টগুলির যাতে একটু সুব্যবস্থা হয় তার ব্যবস্থা করা দরকার। সেখানে অনেক জায়গায় এখনও পর্যন্ত সরকারের নিযুক্ত এ. পি. পি নেই। বিশেষ করে যেসব স্পেশাল কোর্ট করেছেন সেখানে এ. পি. পি. নেই এই এ. পি. পি. নিয়োগের ব্যাপারে নিরপেক্ষতা বজায় রেখে পদ পূরণ করা উচিত। এগুলি পুলিশ কমিশনার ও হোম ডিপার্টমেন্টের অধীনস্থ। এগুলিকে বিচারালয়ের কণ্ট্রোলে এনে এর ব্যবস্থা করা দরকার। এখানে দুটি পলিসি যাতে না চলে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন জায়গায় কোর্ট তৈরী হয়েছে, সেখানে উইটনেস কোন সেড নেই। আইনজীবীদের লাইব্রেরীর জন্য আপনারা এখন পর্যন্ত কিছু করে টাকা দিচ্ছেন তাতে আমরা আনন্দিত। কিন্তু যে হারে বইয়ের দাম তাতে হচ্ছে না। যে এ. আই. আরের দাম ১৯ টাকা ছিল তার দাম এখন ৩৭/৩৮ টাকা হয়ে গেছে।

সেখানে বিভিন্ন কোর্টের বারগুলি বিশেষতঃ জেলা বার এসোসিয়েশান তাদের বই কিনতে পারছে না অসুবিধায় পড়ছে। সেদিক থেকে আপনি যদি অন্ততঃ বিচার করেন তাহলে আমি মনে করি যে আশা আপনি দেখিয়েছেন সেটা কিছুটা ফলপ্রসু হতে পারে। তাছাড়া আর একটা অসুবিধা হচ্ছে, আপনি সেটাকে পূরণ করার চেষ্টা করুন, সেটা হচ্ছে প্লেসের ব্যাপার। সরকারের হয়ে যারা

সাক্ষ্য দিতে আসে, যেমন ধরুন গ্রামের কৃষিজীবী মানুষ, হকার, রিক্সাওয়ালা, তাদের যাতায়াত ভাড়া আর ২ টাকা খাওয়ার জন্য দেওয়া হয়। আপনি জানেন যে সাক্ষীরা কোর্টে সাক্ষ্য দিতে আসে না, সেজন্য সরকারী মামলাগুলি মার খাচ্ছে সরকার বিভিন্ন ক্ষেত্রে ব্যতিব্যস্ত হচ্ছেন। কিন্তু পে লস হিসাবে আপনি যদি তাদের সারা দিনের রোজগার দেবার ব্যবস্থা করেন তাহলে সাক্ষীরা আসবে, তারা রোজগারের কথা চিন্তা করবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেদিকে তিনি চিন্তা যেন করেন, তাতে সরকারের লাভ হবে। সরকারী মামলা মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, জেলা কোর্টে, মহামান্য হাইকোর্টে প্রচুর জমে গেছে। তিনি বিভিন্নভাবে বিকেন্দ্রীকরণ করার চেষ্টা করছেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব সেই সব মামলাগুলি, বিশেষতঃ ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি যাতে দ্রুত হয় সেটা যেন তিনি চিন্তার মধ্যে নিয়ে আসেন। আর একটা বিষয় যেটা আমরা অনুভব করি সেটা হচ্ছে, এখন যাঁরা নতুন প্রফেশনে গেছেন, আইনজীবী হিসাবে যাঁরা প্রাকটিস করছেন সেখানে দেখতে পাই কোর্ট থেকে তাঁদের কোর্ট গার্জেন, কমিশনার নিযুক্ত করে এবং সেখানে তাঁরা ৮ টাকা করে পান। সেই ৮ টাকা নাজারখানার মাধ্যমে কোর্টে জমা পড়ছে। সেই টাকা যখন উকিলবাবুকে পেতে হয় তখন অবস্থা খুব সাংঘাতিক হয়ে দাঁড়ায়। কোর্ট থেকে সেই বিল পাশ হবে, তারপর যাবে ট্রেজারীতে, ট্রেজারী থেকে যাবে ব্যাঙ্কে, তারপর তিনি টাকা পাবেন। যখন টাকাটা নাজারখানার মাধ্যমে কোর্টে জমা পড়ছে তখন কোর্টে বিল পাশ হয়ে যাবার পর যদি সেখান থেকে দেবার ব্যবস্থা করেন তাহলে অনেকটা সুবিধা হয়। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ব্লকে ব্লকে যে-সমস্ত আর. এ. এল. মামলা করা হচ্ছে, বিশেষতঃ সে-সমস্ত প্রসিডিংস কেস, ভাগচাষ কেস হচ্ছে সেখানে আপনারা আইনজীবীদের যাওয়া নিষিদ্ধ করেছেন। এতে কাদের ক্ষতি হচ্ছে ? সেখানে জোতদাররা তাদের বক্তব্য রাখতে পারছে, কিন্তু গরীব মানুষ যার কিছু নেই, যার জন্য আপনি চিন্তা করছেন তারা কিন্তু সেখানে বোকা বনে যাচ্ছে।

তাদের বলার কেউ নেই। আপনি জে. এল. আর. ও. অফিসে একজন করে আইনজ্ঞ বসাবেন এই যে চিন্তা করেছিলেন সেই ব্যাপারটা নিয়ে আবার ভাবুন। এই ব্যবস্থা হলে তাদের সুবিধা হবে এবং ভাগচাষী কোর্টে যাতে আইনজ্ঞদের সাহায্য নিতে পারে সেটা নিয়েও চিন্তা করুন। মন্ত্রী মহাশয় তাঁর চিন্তাধারার মধ্যে কিছুটা পরিবর্তন আনার চেষ্টা করছেন বটে, কিন্তু সেটাকে বাস্তবমুখী এবং

ত্বরান্বিত করবেন সেই জিনিস দেখছি না বলে আমি এর বিরোধিতা করছি।

[7.35—7.45 P.M.]

শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লা ঃ মাননীয় স্পীকার মহাশয়, আইনমন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে আমি কিছু বলব। আমি শুনলাম কাশীবাবু এই বাজেট সমর্থন করলেন না। এটা সকলেই স্বীকার করবেন যে, পশ্চিমবাংলার এতবড় আইন ব্যবস্থা ভালভাবে চালাবার জন্য অনেক বেশী অর্থের প্রয়োজন। তবে আমরা দেখছি বামফ্রন্ট সরকার আসার পর সামান্য অর্থের মধ্য দিয়ে তাঁরা অনেক নূতন নূতন কোর্ট তৈরী করেছেন। ২৮টি লোয়ার কোর্ট হয়েছে, ৫টি এডিশনাল ডিষ্ট্রিক্ট জজ কোর্ট হয়েছে, দার্জিলিং-এ ১টি ডিষ্ট্রিক্ট জজ কোর্ট হয়েছে এবং ৩টি সি. জে. এম. কোর্ট হয়েছে। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সাহায্য কিন্তু অতি নগণ্য। তাঁরা যদি আরও বেশী টাকা দিতেন তাহলে আরও বেশী কোর্ট তৈরী করা যেত। এই যে ২২টি সাব-ডিভিশনাল কোর্ট তৈরী হয়েছে এবং সেখানে যাঁরা জজ হিসেবে নিযুক্ত হয়েছেন তার সমস্ত খরচ তাঁদের দেবার কথা ছিল। কিন্তু সেই খরচ দেওয়া হল না। তারপর যে-সমস্ত মুনসেফদের প্রমোশন দেওয়া হল সেখানে নূতন মুনসেফ দেবার কোন সদিচ্ছা হাইকোর্টের দেখছি না। সেই পদগুলি এখনও খালি পড়ে রয়েছে এবং এই অবস্থা চললে সেই কেসগুলির বিচার কিভাবে হবে? যে-সমস্ত কোর্ট তৈরী হয়েছে, তাছাড়া আরও নূতন নূতন কোর্ট তৈরী করার প্রয়োজন আছে। ব্যারাকপুরে একটা কোর্ট তৈরী করা দরকার এবং ডায়মণ্ডহারবারে একটা কোর্ট তৈরীর কথা যা চলছিল সেটা জায়গা নেই বলে হচ্ছে না। বারুইপুর, দাঁতন এবং গড়বেতায় কোর্ট তৈরী হয়েছে, কিন্তু ওইসব জায়গায় সাব-জেল নেই। আমি মনে করি প্রত্যেকটি সাব-ডিভিশনাল হেড কোয়ার্টাসে একজন করে এডিশনাল ডিষ্ট্রিক্ট জজ দেওয়া দরকার। এই ব্যবস্থা না হওয়ায় গ্রামের মানুষের দারুণ অসুবিধা হচ্ছে। যেমন ধরুন, সুন্দরবন এলাকা থেকে আলিপুরে কেস করতে আসা দারুণ অসুবিধা। কয়েকটি সাব-ডিভিশনে কোর্ট হয়েছে, কিন্তু আমি মনে করি প্রত্যেকটি সাব-ডিভিশনে এডিশনাল ডিষ্ট্রিক্ট জজ কোর্ট হওয়া দরকার এবং বিশেষ করে ডায়মণ্ডহারবার সাব-ডিভিশনে এটা অবশ্যই দরকার। তারপর, যেগুলি ১২৫ ক্লজ (৩)-এ রয়েছে সেগুলি ১২৫ ক্লজ (১-এ)-তে করে দেওয়া উচিত। কিন্তু এক্ষেত্রে হাইকোর্টের টালবাহানা দেখছি। লিগ্যাল এইড কমিটি ৮টি জেলায়

হয়েছে। কিন্তু অনেক জায়গায় কোথায় হবে সেটা নিয়ে হাইকোর্টে গেল এবং হাইকোর্ট ইনজাংশন দিয়ে দিল।

এল. এ. কমিটি সেখানে হচ্ছে—হাইকোর্ট ইংজাংশন দিয়েছে। যেমন ধরুন আমাদের রেজিষ্ট্রি অফিস সম্বন্ধে ফাইলে একটা অর্ডার হয়েছিল যে, যখন দলিল ফাইল করবে তখন সেটা ডবল করে করবে এবং তাতে লোকের কপি পাবার সুবিধা হবে। অমনি হাইকোর্টে চলে গেল—হাইকোর্ট কিছু বুঝলো না—ইনজাংশন দিয়ে দেওয়া হোল। আমাদের দরকার হলেও কোর্টের অসুবিধার জন্য বিভিন্ন জায়গায় মক্কেলদের কপি পাবার খুব অসুবিধা হয়। সিভিল, ক্রিমিনাল, এমন কি হাইকোর্টে পর্যন্ত জেরক্স কপি পাবার ব্যাপারে জেরক্স মেসিন বসানো দরকার। এতে লিটিগ্যান্ট পাবলিকের সুবিধা হয়। এটা করা দরকার। আর একটা কথা বলি যে, আমাদের হাইকোর্টে অনেক মামলা পড়ে আছে। কিন্তু সেখানে ১২টা জাজের ভেকেন্সি আছে। ২৪ হাজার কেস এখনও পেণ্ডিং। আমরা সকলেই বলছি কেস শেষ হচ্ছে না। এখন যদি ১২ জন জাজ বসানো হোত তাহলে প্রতি বছর দু'হাজার কেস সেখানে যদি করা যেত তাহলে এই কেসগুলি শীঘ্র শেষ হোত। কিন্তু এই ১২ জন জাজ দেওয়া হচ্ছে না। এই জাজ দেবার দায়-দায়িত্ব সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের। কেন দেওয়া হচ্ছে না? কারণ ওঁদের নমিনেটেড লোক হওয়া চাই—কংগ্রেসের লোক হওয়া চাই—কংগ্রেসের লোককে আনতে হবে। আজকের দিনে কংগ্রেসের জজ খুঁজে পাওয়ার অসুবিধা হয়ে যাচ্ছে। ওনাদেরই নানা কারণে এই ১২ জন জজের পোষ্ট ভেকেন্ট রয়েছে। তাহলে এর জন্য সমালোচনা কেন হচ্ছে। তাই আমার নিবেদন হোল ওঁরা আমাদের সাথে চেষ্টা করুন যাতে শীঘ্র হাইকোর্টে এই ১২ জন জাজ আসতে পারেন তার ব্যবস্থা করা। এই কথা বলে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় মঞ্জুরী এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীপেন্দ্রনাথ বর্মণঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় বিচারমন্ত্রী মহাশয় যে ব্যয় মঞ্জুরীর অনুমোদন চেয়েছেন, সে সম্বন্ধে আমি দু'-একটা কথা বলতে চাই। আমার বক্তব্য শুরু করার আগে টমাস জেফারসনের একটা উদ্ধৃতি এখানে উল্লেখ করতে চাই। সেটা হচ্ছেঃ The dignity and stability of a Govt. in all its branches, the morale of the people and every blessings of society depends. So much upon an upright and skilful administration of Justice and judicial power ought to be distinct from both the legislative and the executive

and independent of both, so that it may be a check upon both or both should be check upon that. আমাদের দেশে জুডিসিয়াল, একজিকিউটিভ এবং লেজিসলেটিভ বহুদিন আগে থেকে পৃথকীকরণ হয়ে গেছে। একটা সরকারের সম্মান এবং স্থায়িত্ব বহুলাংশে নির্ভর করে এই জুডিসিয়ারীর উপর। কাজেই বর্তমানে বিচার ব্যবস্থাকে শাসন ব্যবস্থার মধ্যে আনা অনুচিত। কিন্তু এখানে জুডিসিয়ারীর উপর কিছু কিছু হস্তক্ষেপ দেখা যাচ্ছে এবং যার ফলে বিভিন্ন সময় বিভিন্ন রকম জটিলতার সৃষ্টি হচ্ছে—অসুবিধার সৃষ্টি হচ্ছে। আজকে বিচার বিভাগের নিরপেক্ষতা যাতে রক্ষিত হয়, সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আমাদের বিচার ব্যবস্থার মধ্যে এমন কতকগুলি ত্রুটি-বিচ্যুতি দেখা যাচ্ছে, যার ফলে সাধারণ মানুষ বিচার বিভাগের উপর আস্থা হারিয়ে ফেলছে। এর প্রধান কারণ হচ্ছে বিচার ব্যবস্থায় এতো দেরী হয় যে, যাতে সাধারণ মানুষ চিন্তা করে যে, শেষ পর্যন্ত সঠিক বিচার পাবে কি না। বিচারালয়গুলিকে বলা হয় টেম্পল অব জাষ্টিস—কিন্তু আজকে সেটা হয়ে দাঁড়িয়েছে দুশ্চিন্তার মন্দির। হাইকোর্ট থেকে সাব-অর্ডিনেট লোয়ার কোর্ট পর্যন্ত এতো মামলা বিভিন্ন সময় ধরে আজকে জমে আছে যার কোন নিষ্পত্তি হচ্ছে না।

[7.45—7.55 P. M]

এমন কি ১৫/২০ বছরের পুরান মামলা এখানে জমে আছে এবং লোকেরা আস্থা ধীরে ধীরে হারিয়ে ফেলছে, কারণ এই স্পিডি ট্রায়াল-এর ব্যবস্থা করতে সরকার ব্যর্থ হয়ে পড়েছেন, সেটা কি সিভিল, কি ক্রিমিনাল, দুটো ম্যাটারেই স্পিডি ট্রায়াল করতে পারছেন না। আমার মনে হয় এইজন্য সরকারের একটা সচেষ্ট পদক্ষেপ নেওয়া উচিত, প্রয়োজন বোধে যে সিষ্টেম আছে সেটা পরিবর্তনের চিন্তা-ভাবনা করার দরকার আছে। ক্রিমিনাল কোর্টগুলোতে দেখা যায় বিচারপ্রার্থী মানুষ দিনের পর দিন ঘুরে যায়, কোনরকম বিচার তাঁরা পাচ্ছেন না। সুতরাং যে কথাটা আছে জাষ্টিস ডিলেড, জাষ্টিস ডিনায়েড—আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে করে বিচার পদ্ধতির সংস্কারসাধন করে ত্বরান্বিত ভাবে বিচার ব্যবস্থা করা যায় তার জন্য দৃষ্টি রাখেন। আমি মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণটা পড়লাম, তিনি পশ্চিম দিনাজপুর এবং মালদা জেলার জাজকে পৃথকীকরণ করার ব্যাপারে মনস্থ করেছেন। পৃথকীকরণের সিদ্ধান্ত হলে এটা যেন ত্বরান্বিত করা হয়, যাতে করে ঐ জেলার মানুষেরা আরো বেশী সুযোগ-সুবিধা পেতে পারেন। আর একটা কথা, আপনার মাধ্যমে নিবেদন করতে চাই, সেটা হচ্ছে পশ্চিম দিনাজপুর

জলাতে যেখানে জেলা জজের আদালত আছে সেটা অত্যন্ত একটা রিমোট র্নারে রয়েছে। সুতরাং জেলার জজশিপ যখন পৃথকীকরণ করছেন সেই সময় সনুট্রালী সিচুয়েটেড প্লেসে এই আদালত করার জন্য যেন তিনি চিন্তা করেন। এই বিষয়ে তিনি যেন বিবেচনা করেন। তাছাড়া এখানে স্পেশাল কোর্ট করা হয়েছে ফর এসেনসিয়াল কমোডিটিস, সেখানে আদালত স্থাপন হয়েছে, ওখানকার যিনি বিচারক তিনি সাব-জজ র‍্যাঙ্কের লোক। তার ফলে বিচারকের মাধ্যমে ডিসমিসালের মামলা সাব-জজকে করতে হবে। সুতরাং সেইগুলো রায়গঞ্জের স্পেশাল কোর্টের বিচারক যিনি আছেন তাঁকে দিয়ে যদি করান হয় তাহলে সুবিধে হবে, নূতন করে সাব-জজকে টানাটানি করতে হবে না। বিভিন্ন রকমভাবে বিচার বিভাগের যে স্বাধীনতা আছে সেটা খর্ব করা হয়েছে, বিভিন্ন রকম আইনের মাধ্যমে খর্ব করা হয়েছে। যেমন ভূমি সংস্কার আইনের মাধ্যমে, ভাগচাষ আইনের মাধ্যমে এই স্বাধীনতাকে খর্ব করা হয়েছে। তাই সাধারণ মানুষের মনে আজকে সন্দেহ দেখা দিয়েছে, সাধারণ মানুষ ধীরে ধীরে আজকে তাদের আস্থা হারিয়ে ফেলছে, সেই আস্থা যাতে ফিরে আসে তার ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাই, বিচারমন্ত্রী যেন এদিকে সচেষ্ট হন। স্বাধীন, নিরপেক্ষ বিচার ব্যবস্থার জন্য ত্রুটি-বিচ্যুতিগুলো যা দেখা দিচ্ছে, তার জন্য মানুষ আজকে আস্থা হারাচ্ছে, এর প্রতিকার হচ্ছে না বলে আমি বাজেটের বিরোধিতা করছি। সর্বশেষে ডাঃ ভি. আর. আম্বেদকারের একটি উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করছি। ১৯৫০ সালে কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীতে তিনি বলেছিলেন It is in the hands of the judiciary that our rights and privileges are to be preserved. এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন করে দু'-একটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা যা বললেন তার উত্তরে এই কথা না বলে পারছি না যে, পশ্চিমবঙ্গ সরকার আইন করে কি বিচারের স্বাধীনতা হরণ করতে পারে? সারা ভারতবর্ষে এখান থেকে বিচারক নিয়োগ করা হত, কেন্দ্রীয় সরকার সেই ক্ষমতা নিয়ে নিচ্ছেন। এতেই স্বাধীনতা হরণ হবে। এখন থেকে হাইকোর্টের জাজ ট্রান্সফার হবে, কাগজে এই খবর বেরিয়েছে। আপনারা এটা পড়েন নি? স্বাধীনতা হরণের চেষ্টা কেন্দ্র থেকে করা হচ্ছে, রাজ্য থেকে হওয়ার কোন আশঙ্কা নেই, ক্ষমতা নেই। আমরা তো সংবিধান পরিবর্তন করতে পারি না। রাজ্য সরকার বিচারক নিয়োগ করে

না, রাজ্য সরকার ট্রান্সফারও করে না। বিচারক হাইকোর্টের এক্তিয়ারে রয়েছে এবং এই বামফ্রন্ট সরকার বিচার বিভাগের স্বাধীনতা রক্ষা করে এসেছে। বামফ্রন্ট সরকারের আমলেই বিচার ব্যবস্থা পৃথকীকরণ করা হয়েছে, কংগ্রেস এটা করেনি ১৯৭৯ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে এই পৃথকীকরণ করেছিল। সুতরা প্রগতিশীল সমস্ত কাজই বামফ্রন্ট সরকার করেছে এবং করছে। এই লিগ্যাল এইডের ব্যবস্থা বামফ্রন্ট সরকারই করেছে। সমাজের দুর্বলতর অংশ, উইকার সেকশানকে আমরা লিগ্যাল এইডের মাধ্যমে প্রোটেকশান দিতে চাই এবং তাদের জন্য এই লিগ্যাল এইডকে আরো ব্যাপকতর করতে চাই। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত এই লিগ্যাল এইডের ব্যবস্থাকে আরো সম্প্রসারিত করা হয়েছে এবং ১৯৮২ সালের পর থেকে এটাকে আরো ব্যাপকতর করার চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। অহেতুক হাইকোর্টে মামলা করে ইনজাংশন দিয়ে ঝুলিয়ে রাখা হয়েছে বহু ক্ষেত্রে। গরীবের পক্ষে কারা কাজ করে সেটা সকলেই জানে। গরীবের পক্ষে হাইকোর্টে যাঁরা রয়েছেন তাঁদের আর একটু সচেষ্ট হওয়া দরকার। গরীবের বিপক্ষে ওঁরা সব সময় কাজ করে চলেছেন। গরীবের বিপক্ষে কাজ করব, আর এ্যাসেম্বলীতে বলব স্বাধীনতা রক্ষা করতে হবে, এটা ঠিক নয়। সুতরাং আজকে যদি সমস্ত গরীব মানুষকে আইনের সাহায্য দিতে হয় তাহলে ল্যাণ্ড ট্রাইবুনাল করে তাদের প্রোটেকশান দেওয়া যেতে পারে। ইণ্ডাষ্ট্রীয়াল ট্রাইবুনালের ক্ষেত্রে যেমন লিগ্যাল এইডের ব্যবস্থা চালু আছে, উভয় পক্ষের উকিল সেখানে থাকে, সেই রকম জেলায় জেলায় ল্যাণ্ড ট্রাইবুনাল ঠিকমত গঠিত হলে সেখানে উভয় পক্ষের উকিল থাকবে তাতে ফল ভাল হবে। জোতদারদের উকিল থাকবে, আর বর্গাদারদের উকিল থাকবে না, এটা তো হতে পারে না। সেখানে অর্থ দরকার। আমার রোজ মাংস খাওয়ার ইচ্ছা হয়। কিন্তু শাক খাওয়ার পয়সা যদি আমার না থাকে তাহলে মাংস খাব বললে কি করে হবে? মাংস খাবার পয়সা আমাকে জোগাড় করার চেষ্টা করতে হবে। রাজ্যের সেই ক্ষমতা কোথায়? রাজ্যের অর্থনৈতিক অবস্থার কথা আপনারা সকলেই জানেন। লিগ্যাল এইডের টাকা যেভাবে আসা উচিত সেভাবে আসছে না। এই টাকায় যে কাজ হয়েছে তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। তিনি আজকে উত্তরবঙ্গের কথা ভেবে সেখানে সার্কিট কোর্টের কথা বলেছেন। আপনাদের ৩০ বছর রাজত্বে কোন কাজ হয় নি। কাশীনাথ মিশ্র মহাশয় প্রগতিশীল কাজের কথা উল্লেখ করে শেষ পর্যন্ত তিনি কেন এর বিরোধিতা করলেন আমি বুঝলাম না। আপনারা যে কাজ করেন নি, সেই কাজগুলি এখন হচ্ছে। আমাদের এই সীমিত ক্ষমতার মধ্যে আমরা কাজ করা

প্রয়াস চালিয়ে যাচ্ছি। আপনাদের কেন্দ্রীয় কংগ্রেসের নীতিটা একটু দেখুন। হাইকোর্টে ১২টি জাজ বছরের পর বছর এ্যাপয়েন্টেড্ হচ্ছেন না কেন, এই বিষয়ে আপনারা কিন্তু কোন শ্লোগান দিচ্ছেন না। কারণ কি? হাইকোর্টে যে বছরের পর বছর বিচারক নিয়োগ হচ্ছেন না, এর জবাব কে দেবে? কেন্দ্রকে এর জবাব দিতে হবে। রাজ্য রেকমেণ্ড করছে, হাইকোর্ট পাঠাচ্ছে, কিন্তু কংগ্রেসের লোক না হলে এ্যাপয়েন্টমেন্ট পাবে না। অতএব বিচার বিভাগেও দলবাজী করতে হবে, কেন্দ্রীয় সরকার সেই নীতিতেই চলেছে। কাজেই বিচার বিভাগে এমন লোককে জাজ হতে হবে, যে তাদের পক্ষে রায় দেবে। সুতরাং সে ভিন্ন অন্য লোক কি করে জাজ হবে? এই রকম জাজ খুঁজতে গিয়েই আজকে বিপদ হচ্ছে।

[7.55— .05 P. M.

বর্গাদারের মামলা নীচের কোর্টে হচ্ছে, মুন্সেফ কোর্টে হচ্ছে এবং হাইকোর্টে হচ্ছে। এ ক্ষেত্রে ঐ লিগ্যাল এইডের ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই ইসলামপুরে এবং রায়গঞ্জে সার্কিট কোর্ট করার প্রস্তাব করেছেন বলে—সেই কোর্ট তৈরী হচ্ছে এবং লিগ্যাল এইডের প্রয়াস চালাচ্ছেন বলে। স্যার, এর আগে আর কোন সরকার করে নি, যা এই বামফ্রন্ট সরকার করেছেন, সেখানে বার লাইব্রেরীগুলিকে বই দেওয়া হচ্ছে। তাছাড়া এই সরকার বিভিন্ন অর্থ নৈতিক সাহায্য বার এ্যাসোসিয়েশানকে দিচ্ছেন। স্যার, উকিলদের প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপার যেটা বার এ্যাসোসিয়েশান দিয়েছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় সহানুভূতির সংগে বিবেচনা করে দেখুন এই অনুরোধ জানাচ্ছি। কেরালায় বামপন্থী সরকারের আমলে এই স্কীমটা চালু হয়েছে, এটা পশ্চিমবঙ্গে করা যায় কিনা সেটা চিন্তা করে দেখবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বিরোধী দলের মাননীয় সদস্যদের অভিনন্দন জানাচ্ছি। স্যার, যদিও তাঁরা কাট মোশানে ব্যর্থতার কথা লিখেছিলেন, কিন্তু তাঁরা আলোচনার সময় ব্যর্থতার কথা না বলে বরং ইতিবাচক কথাই বলেছেন—আমি সেজন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি। এই সঙ্গে আমি এই প্রতিশ্রুতিও দিচ্ছি যে, আমি মাননীয় সদস্য যাঁরা পক্ষে এবং

বিপক্ষে বলেছেন প্রত্যেকের লিখিত ভাষণ দেখে তার মধ্যে যে-সমস্ত সাজেশান কার্যকরী করা সম্ভব সেগুলি কার্যকরী করার চেষ্টা করবো। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় এ. পি. পি. নিয়োগের ব্যাপারে বলেছেন যে, কলকাতা এলাকায় এ. পি. পি. নিয়োগ হোম মিনিষ্ট্রি থেকে কেন করা হয়। ২৫ ধারার কথা যেটা বলেছেন ক্রিমিনাল প্রসিডিওর কোডের সেই অনুযায়ীই আমরা এটা করতে পারি, সেই অধিকার আছে। কলকাতা নগরের এমন কতকগুলি ব্যাপার আছে যে, এখানে অন্যান্য বিভাগের পক্ষে এই কাজটি দেখার চেয়ে হোম ডিপার্টমেণ্টই এ ব্যাপারে অনেক বেশী কার্যকরী অংশ গ্রহণ করতে পারে, আমাদের পক্ষে এটা করা সম্ভব হয় না। জেলায় জেলা ম্যাজিষ্ট্রেট বা এস. ডি. ও. এটা দেখে থাকেন এবং আমরা তদারক করে তাদের সঙ্গে একটা ব্যবস্থা করে এটা করতে পারি, কিন্তু এখানে সে রকম কোন প্রতিষ্ঠান নেই, পুলিশ কমিশনারই এ ক্ষেত্রে উপযুক্ত। এ ক্ষেত্রে যে ব্যবস্থাটা এখন পর্যন্ত রয়েছে তা নিয়ে কোন অসুবিধার সৃষ্টি হয়েছে বলে আমরা মনে করছি না। বিচার বিভাগের দুটি অংশ আছে—একটা হচ্ছে সাধারণ বিচার ব্যবস্থা চালু রাখা এবং আর একটি হচ্ছে সরকারের নিজস্ব উকিল নিয়োগ। আমি এই প্রসঙ্গে পরিষ্কার করে বলে দিতে চাই যে, আমাদের সরকার কখনও কমিটেড জুডিসিয়ারী চায় না, কিন্তু আমাদের সরকার কমিটেড উকিল চায় সে বিষয়ে কোন সন্দেহ নেই। দুর্ভাগ্যের কথা কমিটেড লইয়ার পাওয়া খুব মুশকিল, সব জায়গায় পাওয়া যায় না। আমরা নীতিগত ভাবে চাই সরকারের যে মত এবং নীতি আমাদের এ. পি. পি. এবং যত ল ইয়ার যে যেখানে আছেন সেটা তারা পারসিউ করবেন। এটাই স্বাভাবিক, যে যখন সরকারে থাকবেন তাদের হয়ে তাঁরা বলবেন। এ. পি. পি. গিয়ে বা গভর্নমেণ্ট প্লিডার গিয়ে সরকারের বিপক্ষে বলবেন এটা কেউ আশা করেন না। তবে ব্যাপার হচ্ছে শতকরা ৯০/৯৯ টি মামলায় এই প্রসঙ্গই আসে না। পুলিশ যেভাবে তাদের প্রসিকিউশানে সাহায্য করবেন সেই ভাবে তাঁরা প্রসিকিউট করবেন। আমি তমলুকে ল ইয়ার্স এ্যাসোসিয়েশানে বলেছি যে, অধিকাংশ উকিল তাঁরা যার কাছ থেকে ব্রীফ পান মোটামুটি তাঁদের চেষ্টা হয় সেই ব্রীফকে সার্পোট করার এবং সেটাই তাঁদের কর্তব্য এবং পেশাগত বিধিতেও তাই বলছে।

সুতরাং এই ব্যাপারে বাকবিতণ্ডার কিছু নেই। আমি আপনাদের জানাচ্ছি আগামী ১৬ই মে বালুরঘাটে জজ কোর্ট ওপেন করব এটা ঠিক হয়েছে। এছাড়া যত তাড়াতাড়ি সম্ভব রায়গঞ্জে এডিশনাল কোর্ট করার বিষয়টি চিন্তার মধ্যে আছে এবং সম্ভব হলে ইসলামপুরেও করব, এটুকু আপনাদের বলতে পারি। লিগ্যাল

াইডের ব্যাপারে আমি আপনাদের কাছে দুঃখ প্রকাশ করছি। আমাদের কিছু ্রান লিগ্যাল এইডের কর্মচারী, যাঁদের সংখ্যা সবসুদ্ধ ১৫/২০ জন হয়ত হবে, াদের স্বার্থে হাইকোর্ট সমস্ত লিগ্যাল এইড ব্যবস্থার উপর ইনজাংশন দিয়েছে। াটা খুবই বেদনাদায়ক, আমরা বলেছি তাঁদের কর্মচারীগত সুবিধা, অর্থাৎ মাইনে ত্যাদি আমরা দেব, মামলা তুলে নিন। কিন্তু তাঁরা সেই মামলা তোলেন নি। াই ব্যাপারে যে ইনজাংশন চলছে এটা খুবই বেদনাদায়ক। গত বছর সরকার িগ্যাল এইডের জন্য ৩ কোটি টাকা রেখেছিলেন, কিন্তু সেটা গরীব মানুষকে দেওয়া ায় নি। এই ব্যাপারে সরকার এবং বিরোধীপক্ষের সদস্যরা যদি চেষ্টা করেন াহলে একটা ব্যবস্থা হতে পারে। না হলে যতদিন মামলা চলবে ততদিন পর্যন্ত কান কিছু করা যাবে না। আমি কেন্দ্রীয় মন্ত্রী মিঃ ভগবতীকে বলেছি কলকাতা াইকোর্টে এরকম একটা ইনজাংশন রয়েছে, এটা খুবই বেদনাদায়ক। মামলা লছে বলে আমরা কিছু করতেও পারছি না। যাহোক সমস্ত মাননীয় সদস্যরা ামার বাজেট সমর্থন করেছেন, এটা মনে করে সমস্ত কাট মোশানের বিরোধিতা রে আমি আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 8

The motion that the amount of Demand be reduced by Rs. 100/-, was then ut and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that a sum of s. 5,03,97,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : 230-Stamps and Registration",

(This is inclusive of a total sum of Rs. 84,00,000 already voted on account in March, 1983)

as then put and agreed to.

DEMAND NO. 4

The motions that the amount of Demand be reduced by Rs. 100/- were then ut and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that a sum of s. 9,14,71,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : 214-Administration of Justice",

(This is inclusive of a total sum of Rs. 1,52,46,000 already voted on account in March, 1983)

as then put and agreed to.

Mr. Speaker : Hon'ble members will remember that on the 1st March, 1983 Shri Subrata Mukherjee, MLA gave a notice of a question of breach of privilege of the House arising out of a distorted version of the speech of the Minister-in-charge of Home (Transport) Department as published in the Dainik Basumati dated the 26th February, 1983. According to the parliamentary practice before taking further action in this regard the Editor of the newspaper was asked to state what he had to say in the matter. The Editor in a letter dated 11.4. 83, addressed to the Secretary has written as follows :

"I regret that Dainik Basumati has carried a distorted version of the Transport Minister's speech referred to above. The distortion has taken place inadvertently. We had no intention to misrepresent the M.L.A. concerned or misinform our readers.

I hope you will please excuse us. We are carrying a rejoinder in our paper to correct the mistake."

It is also found that the paper concerned has published on the front page in its issue dated the 15th April, 1983 necessary correction to their earlier report on this subject and expressed regret for having committed the aforesaid mistake.

In view of this, I think, you will all agree that no further action need be taken in this respect.

Adjournment

The House was then adjourned at 8.05 p.m. till 1 p.m. on Tuesday, the 19th April, 1983, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 19th April 1983 at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 5 Ministers, 7 Ministers of State and 114 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

[1.10—1.20 P. M.]

ফসল কাটা মরসুমে সংঘর্ষ

৩০১। (অনুমোদিত প্রশ্ন নং ৩০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ফসল কাটা মরসুমে কতগুলি সংঘর্ষের ঘটনা ঘটেছে; এবং

(খ) সংঘর্ষগুলিতে মৃতের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) মোট ৩২টি।

(খ) মোট ৭ জন।

এগরা পুলিস স্টেশনের নিকট গুলিচালনা

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৩।) **শ্রীশিশিরকুমার অধিকারী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৯শে নভেম্বর, ১৯৮২ তারিখে এগরা পুলিস স্টেশনের নিকটে পুলিসের গুলিচালনার কোন ঘটনা ঘটিয়াছিল কি;

(খ) ঘটিয়া থাকিলে—

(১) এই ঘটনায় কতজন ব্যক্তি আহত বা নিহত হইয়াছিল, ও

(২) এ বিষয়ে কোন তদন্ত হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে তাহার ফলাফল কি; এবং

(গ) উক্ত ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ও নিহত ব্যক্তিদের পরিবারবর্গকে সাহায্যের কোন ব্যবস্থা করা হইয়াছে কি?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ছয়জন ব্যক্তি আহত হয়েছিলেন। পরে আহতদের মধ্যে একজন হাসপাতালে মারা যান।

(২) এ ব্যাপারে পি আর বি মোতাবেক তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তের রিপোর্ট এখনও পাওয়া যায় নি।

(গ) না।

বাঁকুড়া পৌরসভা

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া পৌরসভাকে ১৯৭৮ সালের ১লা জুন হতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কি কি বাবদ কত টাকা ঋণ, অনুদান অথবা পাওনা হিসাবে দেওয়া হয়েছে ;

(খ) উক্ত সময়ের মধ্যে কর হতে আদায়ের পরিমাণ কত ; এবং

(গ) কেন্দ্রীয় সরকার উন্নয়নের জন্য উক্ত সময়ের মধ্যে কত টাকা কি কি বাবদ মঞ্জুর করেছেন ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক)

ঋণ ঃ

	টাকা
জেনারেটিং সেট ক্রয় বাবদ	৪,৬০,০০০
মোট	৪,৬০,০০০

অনুদান ঃ

মোটর ভেহিকলস্ ট্যাক্স বাবদ	...	২,৯৯,৭৮৮
উন্নয়ন বাবদ	...	২৬,৩৫,৪৩৮
বিশেষ বাবদ	...	১০,৬৮,২৫০
গৃহনির্মাণ বাবদ	...	৬,৫৭,০০০
জল-সরবরাহ বাবদ	...	৫,৮৫,০০০
নির্বাচন বাবদ	...	৪২,০৮১
খরা বাবদ	...	৫০,০০০
মোট		৫৩,৩৭,৫৫৮

পাওনা ঃ

মহার্ঘভাতা বাবদ	...	৪১,০৭,৮৩৭
শিক্ষা বাবদ	...	৭১,০৫,৪২৫
অকট্রয় বাবদ	...	৩০,৬৩,৯০৭
মোট		১,৪২,৭৭,১৬৯

(খ) টাঃ ৬৪,১৬,৬৩২।

(গ) ইন্টিগ্রেটেড আরবান ডেভেলপমেণ্ট প্রকল্পের আওতায় ইন্টিগ্রেটেড ডেভেলপমেণ্ট অব স্মল অ্যাণ্ড মিডিয়াম টাউন স্কীমের জন্য ভারত সরকার নয় লক্ষ টাকা ঋণ মঞ্জুর করিয়াছেন।

বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় গৃহনির্মাণ বাবদ কেন্দ্রীয় সহযোগিতা

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) বাঁকুড়া ও পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে দুঃস্থ ও অনুন্নত শ্রেণীর জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সহযোগিতায় গৃহনির্মাণ পরিকল্পনা গ্রহণ করেছেন এবং (২) সারা পশ্চিমবাংলার খরাপীড়িত এলাকা সহ সমস্ত জেলাতে তফসিলী, আদিবাসী, সংখ্যালঘু প্রভৃতি অনুন্নত শ্রেণীর ব্যক্তিদের জন্য উক্ত পরিকল্পনা কার্যকরী করতে রাজ্য সরকার জেলায় জেলায় পূর্ত বিভাগের মাধ্যমে কাজ শুরু করেছেন :

(খ) সত্য হলে, উক্ত পরিকল্পনাটি এন আর ই পি স্কীমের সাথে যুক্ত কিনা ;

(গ) (১) বাঁকুড়া জেলার ব্লকওয়ারী গৃহনির্মাণ পরিকল্পনার সংখ্যা কত, (২) ঐ বাবদ কত টাকা বরাদ্দ করা হয়েছে, (৩) কাদের মাধ্যমে তা ব্যয় করা হচ্ছে ; এবং

(ঘ) উক্ত গৃহনির্মাণ বাবদ কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ কত ?

আবাসন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) হ্যাঁ, এইরূপ একটি পরিকল্পনা পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় চালু আছে। (২) উক্ত পরিকল্পনা পল্লী অঞ্চলে শুধুমাত্র তফসিলী, আদিবাসী, সংখ্যালঘুদের ক্ষেত্রেই প্রযোজ্য নয়, পল্লী অঞ্চলে বসবাসকারী ভূমিহীন এবং গৃহহীন—সমাজের দুর্বলতর সর্বশ্রেণীর লোকের ক্ষেত্রেই ইহা প্রযোজ্য।

পরিকল্পনাটি পঞ্চায়েত সমিতিসমূহের মাধ্যমে কার্যকরী করা হয় এবং গৃহনির্মাণেচ্ছু নির্বাচিত ব্যক্তিগণকে নির্দিষ্ট পরিমাণ আর্থিক অনুদান দেওয়া হয়।

(খ) না।

(গ) (১) ও (২) এতৎসহ একটি বিবৃতি সংযুক্তপত্রে প্রদত্ত হইল। (৩) পঞ্চায়েত সমিতিসমূহের মাধ্যমে ব্যয় করা হইতেছে।

(ঘ) পল্লী অঞ্চলের বাস্তুহীনদের জন্য এই গৃহনির্মাণ পরিকল্পনা পশ্চিমবঙ্গে বার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত এবং এই পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত এককালীন বরাদ্দ এই পরিকল্পনার ক্ষেত্রেও প্রযোজ্য।

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ

৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৭।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলকাতা সহ সারা পশ্চিমবাংলায় মোট কতগুলি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর কার্যালয় আছে ও উক্ত কর্মনিয়োগ কেন্দ্রগুলিতে কতজন অফিসার ও এমপ্লয়ী আছেন ; এবং

(খ) ঐসব কর্মনিয়োগ কেন্দ্রগুলিতে শিক্ষিত ও অশিক্ষিত নিবন্ধীকৃত (রেজিস্টার্ড) বেকারদের সংখ্যা কত ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) মোট ৬৯টি। তন্মধ্যে ৬২টি কর্মবিনিয়োগ কেন্দ্র, ৩টি বিশেষ কর্মবিনিয়োগ কেন্দ্র এবং ৪টি বিশ্ববিদ্যালয় এমপ্লয়মেণ্ট ইনফরমেশন এবং গাইডেন্স ব্যুরো। কর্মরত অফিসার ১৪৩ জন এবং অন্যান্য কর্মীর সংখ্যা ১,২০৮।

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৮২ তারিখের হিসাব অনুযায়ী মোট ৩৪,৯৭,২৪৫ জন স্কুল ফাইনাল এবং তদূর্ধ ১৩,৬৫,০৭৫ জন। স্কুল ফাইনাল মানের কম ২১,৩২,১৭০ জন।

২৪ পরগনা জেলায় খেলার মাঠ নির্মাণে অনুদান

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫০।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১ ও ১৯৮২ সালে ২৪-পরগনা জেলার কোন্ কোন্ প্রতিষ্ঠানকে "খেলার মাঠ নির্মাণ" বাবদ অনুদান মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) উক্ত অনুদান মঞ্জুরির ক্ষেত্রে কি কি নিয়ম পালিত হয় ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) শিক্ষা (ক্রীড়া) বিভাগ থেকে এই জাতীয় কোন মঞ্জুরি ২৪-পরগনা জেলায় দেওয়া হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

বাংলাদেশ গমনের পাসপোর্ট

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৬।) **শ্রীসুমন্তকুমার হীরা:** স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে বৈধ দলিল থাকা সত্ত্বেও বাংলাদেশে গমনেচ্ছু ব্যক্তিদের পাসপোর্ট দেওয়ার ক্ষেত্রে অহেতুক বিলম্ব ও বিড়ম্বনা সৃষ্টি হচ্ছে—এই মর্মে কোন অভিযোগ/তথ্য সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে, ঐ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এই মর্মে কোন অভিযোগ/তথ্য সরকারের গোচরে আসে নি।

(খ) প্রশ্ন ওঠে না।

চা-বাগান কর্তৃপক্ষ কর্তৃক প্রভিডেন্ট ফাণ্ডে টাকা না জমা দেওয়া

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮১।) **শ্রীমনোহর তিরকি:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন চা-বাগানের মালিকপক্ষ শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা কেটে নেওয়া সত্ত্বেও তা প্রভিডেন্ট ফাণ্ডে জমা পড়ছে না এই মর্মে কোনও অভিযোগ সম্পর্কে সরকার অবগত আছেন কি ; এবং

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) সংশ্লিষ্ট চা-বাগানগুলির নাম কি, ও

(২) উক্ত অভিযোগ সম্পর্কে সরকার থেকে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) সংশ্লিষ্ট চা-বাগানগুলির নাম পত্রসংযুক্ত তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(২) চা-বাগানগুলির মালিকদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, তাহার তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

চা-শিল্পে সেস

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৪।) **শ্রীমনোহর তিরকি:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চায়ের সেস বসানোর ফলে ১৯৮১-৮২ সালের আর্থিক বছরে কত টাকা রাজস্ব আদায় হয়েছে ; এবং

(খ) সেস বসানোর ফলে বাগানগুলির চা-উৎপাদন কমে গিয়েছে এবং এই শিল্পে লোকসান হচ্ছে—এই মর্মে কোন সংবাদ বা তথ্য সরকারের নিকট আছে কি ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) টাকা ৩,৮৭,৪৯০'১০।

(খ) না।

পশ্চিমবঙ্গে কলকারখানায় শ্রম দিবস

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩১) **শ্রীআবদুল মান্নানঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কলকারখানায় কোন্ সালে কত শ্রম-দিবস নষ্ট হয়েছে ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ এ সম্পর্কে পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইল ঃ

সাল	নষ্ট শ্রম-দিবসের সংখ্যা (ধর্মঘট ও লক-আউটের জন্য)
১৯৭২	৩৬,১৭,১২৪
১৯৭৩	৫৯,৭৭,৩১১
১৯৭৪	১,০৪,১৭,৪০২
১৯৭৫	১,৩৫,৮২,১৬৭
১৯৭৬	৮৪,৭৪,৫৪০
১৯৭৭	৮৯,১১,৩০৪
১৯৭৮	১,১৯,৭৩,৮৫০
১৯৭৯	১,৮৪,৩৯,৬৫৯
১৯৮০	৬১,৮১,০৫৬
১৯৮১	১,০৫,২৩,০০৬
১৯৮২	১,৬৫,৯৬,১১১

১৯৮২ সালের পরিসংখ্যান চূড়ান্ত নয়।

২৪-পরগনা জেলায় খরাত্রাণে অর্থের পরিমাণ

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৯।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরাত্রাণে ১৯৮২-৮৩ সালে (২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত) ২৪-পরগনা জেলায় কত টাকা দেওয়া হয়েছে ;

(খ) উক্ত জেলার কোন্ ব্লকে উক্ত সময়ে কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(গ) ২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত কোন্ কোন্ ব্লকে কি কি পরিকল্পনা পায়িত হয়েছে ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ২,৪৫,১৬,৬০০ টাকা।

(খ) বিস্তারিত তথ্য-বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) "ক" বিবরণীতে উল্লিখিত ব্লকসমূহে কর্মসংস্থান প্রকল্পে রাস্তা ও বাঁধ মেরামত, খাল খনন ও সংস্কার, পুকুর খনন ও সংস্কার করা হয়েছে।

Statement referred to in reply to clause "Kha" of unstarred question No. 311
(Admitted question No. 1069)

খরাত্রাণে ১৯৮২-৮৩ সালের ২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত ২৪-পরগনা জেলার বিভিন্ন ব্লকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ

ব্লকের নাম				টাকা
(১) বসিরহাট-১	...	...	...	২,৫০,০০০
(২) বসিরহাট-২	...	..	...	২,৫০,০০০
(৩) বাদুড়িয়া	...	...	...	২,০০,০০০
(৪) স্বরূপনগর	...	...	...	২,৫০,০০০
(৫) মিনাখাঁ	...	...	...	২,৫০,০০০
(৬) হাড়োয়া	...	...	...	২,০০,০০০
(৭) হাসনাবাদ	...	...	...	১,৫০,০০০
(৮) সন্দেশখালি-১	...	...	...	২,০০,০০০
(৯) হিঙ্গলগঞ্জ	...	...	...	১,৫০,০০০
(১০) ব্যারাকপুর	...	...	...	১,৫০,০০০
(১১) বনগাঁ	...	...	...	৩,৫০,০০০
(১২) বাগদা	...	...	...	৩,৪০,০০০
(১৩) গাইঘাটা	...	...	...	২,৫০,০০০
(১৪) বারাসাত-১	...	...	...	১,৫০,০০০
(১৫) বারাসাত-২	...	...	...	৩,৫০,০০০
(১৬) আমডাঙ্গা	...	...	...	২,৫০,০০০

ব্লকের নাম	টাকা
(১৭) দেগঙ্গা	৪,৫০,০০
(১৮) হাবড়া-১	২,৫০,০০
(১৯) হাবড়া-২	২,৭০,০০
(২০) রাজারহাট	২,৫০,০০
(২১) ডায়মণ্ডহারবার-১	১০,২০,০০
(২২) ডায়মণ্ডহারবার-২	৫,৫০,০০
(২৩) ফলতা	২,৫০,০০
(২৪) মগরাহাট-১	৪,৩০,০০
(২৫) মগরাহাট-১	২,৭০,০০
(২৬) মথুরাপুর-১	৫,৮২,৬০
(২৭) মন্দিরবাজার	৩,৭৪,০০
(২৮) কুলপি	২,৫০,০০
(২৯) কাকদ্বীপ	৩,৫০,০০
(৩০) নামখানা	১,৭০,০০
(৩১) পাথরপ্রতিমা	১,৮০,০০
(৩২) সাগর	৩,০০,০০
(৩৩) বজবজ-১	২,৫০,০০
(৩৪) বজবজ-২	২,৫০,০০
(৩৫) মহেশতলা	২,০০,০০
(৩৬) বিষ্ণুপুর-১	২,৫০,০০
(৩৭) বিষ্ণুপুর-২	২,৫০,০০
(৩৮) সোনারপুর	২,৫০,০০
(৩৯) বারুইপুর	২,৫০,০০
(৪০) যাদবপুর	৪৫,০০
(৪১) ভাঙ্গর-১	১,৫০,০০
(৪২) ভাঙ্গর-২	১,৫০,০০
(৪৩) জয়নগর-১	২,০০,০০
(৪৪) জয়নগর-২	১,৫০,০০
(৪৫) ক্যানিং-২	১,৫০,০০

মুর্শিদাবাদ জেলার হাসপাতালগুলিতে চিকিৎসকের খালি পদ

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৯।) **শ্রীমতী ছায়া ঘোষঃ** স্বাস্থ্য ও রিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সদর মহকুমা ও গ্রামীণ হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক ও সাধারণ চিকিৎসকের কতগুলি পদ খালি আছে; এবং

(খ) শূন্য পদ পূরণের জন্য সরকার পাবলিক সার্ভিস কমিশন মারফৎ ডাক্তার নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) কান্দী মহকুমা হাসপাতালে টি, জঙ্গীপুর মহকুমা হাসপাতালে ২টি ও লালবাগ মহকুমা হাসপাতালে ৩টি কিৎসকের পদ খালি আছে। সদর হাসপাতাল এবং ইসলামপুর, কৃষ্ণপুর ও লডাঙ্গা গ্রামীণ হাসপাতালে কোন চিকিৎসকের পদ খালি নেই।

(খ) হ্যাঁ।

নূতন হোমগার্ড নিয়োগ

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৭।) **শ্রীশীষ মহম্মদঃ** স্বরাষ্ট্র (অসামরিক তিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের আর্থিক বছরে নূতন কতজন হোমগার্ড নিযুক্ত হয়েছে, এবং

(খ) হোমগার্ডদের মাসিক বেতন দেওয়ার বিষয়ে সরকার কিছু চিন্তা করেছেন কি?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৪৬৫ জন।

(খ) না।

মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২০৬।) **শ্রীযোখীলাল মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মোট কতজন ডাক্তার আছেন;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে শয্যা-সংখ্যা কত;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে কি; এবং

(ঘ) উক্ত হাসপাতালে এক্সরে তোলার ব্যবস্থা সরকার করেছেন কি ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৪ জন।

(খ) ৬০টি।

(গ) না।

(ঘ) হ্যাঁ।

মালদহ জেলায় সরকারী হাসপাতালগুলিতে ডাক্তারের শূন্য পদ

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২০৭।) **শ্রীযোখীলাল মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার বিভিন্ন সরকারী হাসপাতালে ডাক্তারের কতগুলি পদ শূন্য অবস্থায় আছে ;

(খ) উক্ত জেলার কোন্ কোন্ হাসপাতালে ডাক্তার নেই ; এবং

(গ) উক্ত জেলায় বিভিন্ন হাসপাতালের শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সাতটি পদ।

(খ) চাঁচোল গ্রামীণ হাসপাতালে ডাক্তারের একটি পদ শূন্য আছে এবং নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রসমূহে কোন ডাক্তার নেই ঃ

(১) বাহাদুরপুর

(২) বোরুই

(৩) সুলতানগঞ্জ

(৪) যাত্রাডাঙ্গা

(৫) হরদমনগর

(৬) রাণীপুর।

(গ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থী-তালিকা থেকে ডাক্তার নিয়োগ করা হয়েছে।

প্রাথমিক শিক্ষকদের নিয়মিত বেতন দান

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষকরা সময়মত বেতন পান না ; এবং

(খ) সত্য হইলে, প্রতি মাসের প্রথম দিনে বেতন দেবার কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন পঠে না।

পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৪।) **শ্রীসুভাষচন্দ্র মাহাতোঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(খ) (১) পুরুলিয়া জেলাতে কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে ; (২) তন্মধ্যে ঝালদা বিধানসভা কেন্দ্রে কয়টি ; এবং

(খ) রাজ্যে নতুন কোন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) ১,৯৬৮টি।

(২) ২৭২টি।

(খ) আছে।

এনকেফেলাইটিস রোগে মৃত্যু

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৮।) **শ্রীশিবপ্রসাদ মালিকঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বাংলায় গত এক বছরে এনকেফেলাইটিস রোগে কোন্ থানায় কতজন ব্যক্তি মারা গেছেন ; এবং

(খ) উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কোন বিশেষ কর্মসূচী গ্রহণ করেছেন কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২ সালের আক্রান্ত ও মৃতের হিসাব নিম্নবর্ণিত বিবরণীতে দেওয়া হল।

(খ) এনকেফেলাইটিস রোগ প্রতিরোধের জন্য আক্রান্ত এলাকায় নিম্নলিখিত কর্মসূচী গ্রহণ করা হয়। যেমনঃ

(১) রোগাক্রান্ত লোকের বাড়িতে এবং উহার সংলগ্ন ৫০টি বাড়িতে গ্যামাকসিন স্প্রে করা হয়।

(২) শূয়োর, গো-মহিষাদির খাটালে গ্যামাকসিন স্প্রে করা হয়।

(৩) আক্রান্ত এলাকার জনসাধারণকে অনুরোধ করা হয় যাতে তাঁরা রাতে

মশারী ব্যবহার করেন এবং শূয়োর বা গো-মহিষাদির সঙ্গে একই ঘরে বাস না করেন।

(৪) মশা যাতে না জন্মাতে পারে তার জন্য বিশেষ ব্যবস্থা নিতে জনসাধারণকে অনুরোধ করা হয়।

(৫) আক্রান্ত এলাকার কোন কোন স্থানে জাপানীজ এনকেফেলাইটিস ভ্যাকসিন দেওয়া হয়ে থাকে।

Statement referred in reply to Clause 'Ka' of unstarred question No. 318 (Admitted question No. 1288.)

জেলাওয়ারী ও থানাওয়ারী জাপানীজ এনকেফেলাইটিস রোগে

আক্রান্ত ও মৃতের তালিকা

মেদিনীপুর

					আক্রান্ত	মৃত
(১)	খড়্গপুর	—	—	—	৯	৪
(২)	নারায়ণগড়	—	—	—	৯	৪
(৩)	পিংলা	—	—	—	১	—
(৪)	ডেবরা	—	—	—	৯	৪
(৫)	কেশপুর	—	—	—	৩	—
(৬)	দাঁতন	—	—	—	৫	৪
(৭)	মেদিনীপুর	—	—	—	১০	২
(৮)	সাঁকরাইল	—	—	—	৪	১
(৯)	ঝাড়গ্রাম	—	—	—	২৬	৭
(১০)	গোপীবল্লভপুর	—	—	—	৪	৩
(১১)	জামবনী	—	—	—	১০	৬
(১২)	বিনপুর	—	—	—	২৭	১০
(১৩)	কেশিয়ারী	—	—	—	১০	৪
(১৪)	ঘাটাল	—	—	—	১	—
(১৫)	গড়বেতা	—	—	—	৪	১
(১৬)	চন্দ্রকোণা	—	—	—	৩	১
(১৭)	দাসপুর	—	—	—	১	১
(১৮)	নয়াগ্রাম	—	—	—	২	১
(১৯)	তমলুক	—	—	—	১	—

					আক্রান্ত	মৃত
(২০)	শালবনী	—	—	—	২	—
(২১)	সবং	—	—	—	১	—
(২২)	পটাশপুর	—	—	—	১	—
(২৩)	খড়্গপুর পৌরসভা	—	—	—	৩৪	৭
(·৪)	খড়্গপুর রেলওয়ে এলাকা		—	—	১৪	৭
(২৫)	ঝাড়গ্রাম পৌরসভা	—	—	—	৫	৪
					১৯৬	৭১

বীরভূম

(১)	সিউড়ী	—	—	—	৩৮	৪
(১)	সাঁইথিয়া	—	—	—	১৮	১৫
(৩)	খয়রাসোল	—	—	—	৮	২
(৪)	দুবরাজপুর	—	—	—	১৭	৪
(৫)	ইলামবাজার	—	—	—	৮	২
(৬)	রামপুরহাট	—	—	—	৩২	৯
(৭)	মুরারই	—	—	—	৮	৫
(৮)	নলহাটি	—	—	—	৬	১
(৯)	লাবপুর ···	—	—	—	১৫	৪
(১০)	নান্নুর ···	—	—	—	১২	৫
(১১)	মহম্মদবাজার	—	—	—	১৩	৩
(১২	রাজনগর	—	—	—	৬	১
(১৩)	বোলপুর	—	—	—	২৪	৫
(১৪)	ময়ূরেশ্বর	—	—	—	১৭	৫
(১৫)	অন্য এলাকা হইতে	—	—	—	১৭	৭
					২৪৭	৭২

বর্ধমান

(১)	সদর ···	—	—	—	৪৫	১০
(২)	ভাতার ···	—	—	—	২৮	৮
(৩)	মেমারী	—	—	—	২০	৮

					আক্রান্ত	মৃত
(৪)	আউসগ্রাম	—	—	—	১৬	৪
(৫)	জামালপুর	—	—	—	১৪	৪
(৬)	খণ্ডঘোষ	—	—	—	১০	৩
(৭)	রায়না ...	—	—	—	২১	১৩
(৮)	গলসী ...	—	—	—	২৪	৬
(৯)	কাটোয়া	—	—	—	৩	৩
(১০)	কেতুগ্রাম	—	—	—	৫	১
(১১)	মঙ্গলকোট	—	—	—	১০	৪
(১২)	কালনা —	—	—	—	৪	১
(১৩)	পূর্বস্থলী	—	—	—	১	—
(১৪)	মন্তেশ্বর —	—	—	—	১৩	২
(১৫)	বর্ধমান পৌর এলাকা	—	—	—	১৪	৪
(১৬)	অন্য এলাকা হইতে	—	—	—	৮	—
(১৭)	আসানসোল খনি অঞ্চল হইতে		—	—	৩৭০	১৩২
(১৮)	দুর্গাপুর পৌর এলাকা	—	—	—	৮৪	৩১
					৬৯০	২৩৬

বাঁকুড়া

(১)	বাঁকুড়া	—	—	—	৩৮	২১
(২)	বিষ্ণুপুর	—	—	—	২০	৭
(৩)	বড়জোড়া	—	—	—	২৭	১৪
(৪)	গঙ্গাজলঘাঁটি	—	—	—	২৩	১৬
(৫)	ছাতনা —	—	—	—	২৭	১৩
(৬)	শালতোড়া	—	—	—	৮	৩
(৭)	মেঝিয়া —	—	—	—	৪	৪
(৮)	ইন্দপুর —	—	—	—	১৩	৬
(৯)	খাতরা —	—	—	—	২৮	১৬
(১০)	সিমলাপাল	—	—	—	৮	৫
(১১)	তালডাঙ্গরা	—	—	—	২০	৯
(১২)	ওন্দা —	—	—	—	৩৩	১৫

					আক্রান্ত	মৃত
(১৩)	সোনামুখী	—	—	—	১৪	৮
(১৪)	পাত্রসায়ের	—	—	—	১০	৯
(১৫)	ইন্দাস —	—	—	—	৬	২
(১৬)	কোতুলপুর	—	—	—	৪	৩
(১৭)	রানীবাঁধ	—	—	—	৬	৩
(১৮)	জয়পুর	—	—	—	১৪	৯
(১৯)	রায়পুর —	—	—	—	৩	—
(২০)	বিষ্ণুপুর পৌরসভা	—	—	—	৪	১
(২১)	বাঁকুড়া পৌরসভা	—	—	—	২৪	১১
(২২)	সোনামুখী পৌরসভা	—	—	২	১	১
					৩৩৬	১৭৬

পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগীর সংখ্যা

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯২।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় সরকারী পরিসংখ্যান অনুযায়ী বর্তমানে কোন্ থানায় কত কুষ্ঠরোগী আছে; এবং

(খ) কুষ্ঠ প্রতিরোধের জন্য রাজ্য সরকার কোন বিশেষ কার্যসূচী গ্রহণ করেছেন কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) থানাওয়ারী পরিসংখ্যান রাখার ব্যবস্থা নাই।

(খ) ১৯৮২ সালের ১লা ফেব্রুয়ারি থেকে পুরুলিয়া জেলায় মাল্টিড্রাগ রেজিমেণ্ট প্রজেক্ট (এক বিশেষ কার্যসূচী) গ্রহণ করা হয়েছে।

লুথারেস ওয়াল্ড সার্ভিস

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৭)। **শ্রীপ্রবোধ পুরকাইত:** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার ভুবনেশ্বরী চরে "লুথারেস ওয়াল্ড সার্ভিস" সংস্থার পরিচালনায় কলকাতার ফুটপাতে বসবাসকারীদের পুনর্বাসন দেবার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, ঐ চরে কতগুলি পরিবারকে পুনর্বাসন দেবার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) উক্ত পুনর্বাসনকেন্দ্রে বসবাসকারীদের জীবন-জীবিকার জন্য "লুথারেস ওয়ার্ল্ড সার্ভিস" কি পরিকল্পনা নিয়েছে ?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৬৫টি পরিবার।

(গ) পুনর্বাসনের জন্য নিম্নলিখিত পরিকল্পনাগুলি "লুথারেস ওয়ার্ল্ড সার্ভিস" নিয়েছে :

(১) বসবাসের জন্য পরিবারপিছু এক বিঘা জমিতে গৃহনির্মাণ, তৎসংলগ্ন পুস্করিণী খনন, গৃহসংলগ্ন সব্জী ক্ষেতের জমি তৈরি করা হইয়াছে।

(২) পানীয় জলের জন্য নলকূপ বসানো হইয়াছে।

(৩) ছয়টি রাস্তা তৈরি করা হইয়াছে।

(৪) সরকার প্রদত্ত চাষের জমিতে আল বাঁধিয়া চাষের উপযোগী করা হইতেছে।

(৫) মৎস্যচাষের জন্য সুদীর্ঘ ঝিল খনন করা হইয়াছে।

(৬) মৎস্যজীবীদের কর্মসংস্থানের জন্য নৌকা ও বিভিন্ন ধরনের অতি আধুনিক জাল সরবরাহ ও প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

(৭) শামুক চুন তৈয়ারির কারখানা স্থাপন করিয়া তাহাতে প্রশিক্ষণ ও কর্মসংস্থান করা হইতেছে।

(৮) বয়নশিল্প ও সেলাই শিল্পের প্রশিক্ষণ দেওয়া হইতেছে।

(৯) শূকর-পালন, ছাগ-পালন এবং অন্যান্য ব্যবস্থায় নিয়োগ করিবার জন্য সামান্য মূলধনের যোগান দেওয়া হইয়াছে। পঞ্চায়েতের সহায়তায় গ্রামীণ ব্যাঙ্ক হইতে ৪২ জন পুনর্বাসিত পথ-বাসী পরিবারকে ঋণ দেওয়ার ব্যবস্থা করা হইতেছে।

(১০) প্রত্যেক পুনর্বাসিত পরিবারের সক্ষম ব্যক্তিগণকে (স্ত্রী ও পুরুষ) দৈনিক মজুরিতে মাটিকাটা এবং অন্যান্য কার্যে নিয়োজিত করা হইতেছে।

(১১) অবৈতনিক প্রাথমিক শিশু বিদ্যালয় ও প্রাপ্তবয়স্কদের অক্ষর পরিচয়ের বিদ্যালয় পরিচালন করা হইতেছে।

(১২) সমবায় সমিতি গঠন করিয়া পুনর্বাসিত পরিবারকে সমবায় সমিতির সদস্য তালিকাভুক্ত করিয়া বিভিন্ন বিভাগে তাহাদের কর্মসংস্থানের পরিকল্পনা হইতেছে।

(১৩) নদীসংলগ্ন জমিতে একটি বাজার বসাইবার জন্য প্রয়োজনীয় গৃহাদি নির্মাণ করা হইয়াছে এবং নৌকা ও লঞ্চ ভিড়াইবার জন্য একটি জেটি ঘাট তৈয়ারি করা হইয়াছে।

উলুবেড়িয়া মহকুমার কারখানাগুলিতে অ্যাপ্রেনটিস্ ও ট্রেসার নিয়োগ

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৫।) **শ্রীরাজকুমার মণ্ডল:** শ্রমবিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উলুবেড়িয়া মহকুমায় নিম্নলিখিত কারখানায় ১৯৮২ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত কতজন অ্যাপ্রেনটিস এবং কতজন ট্রেসার নেওয়া হয়েছে—

(১) ফোর্ট গ্লষ্টার ইণ্ডাষ্ট্রীজ লিঃ (জুট ডিভিসন) নিউ মিল
(২) ফোর্ট গ্লষ্টার ইণ্ডাস্ট্রীজ লিঃ (জুট ডিভিসন) নর্থ মিল
(৩) ফোর্ট গ্লষ্টার ইণ্ডাস্ট্রীজ লিঃ (কেবল ফ্যাক্টরী)
(৪) বাউরিয়া কটল মিলস
(৫) লাডলো জুট মিলস
(৬) কানোরিয়া জুট মিলস (গগলভাই)
(৭) কানোরিয়া কটন মিলস (হনুমান কটন মিলস)?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়: ঐ বছরে উল্লিখিত মিলসমূহে নেওয়া মোট অ্যাপ্রেনটিসের সংখ্যা এবং এ সংখ্যার মধ্যে শিল্প শিক্ষণ প্রতিষ্ঠান (আই টি আই) থেকে শিক্ষান্তে সার্টিফিকেট পাওয়া এবং ঐরূপ সার্টিফিকেট না পাওয়া অর্থাৎ ফ্রেসার (ট্রেসার নয়) অ্যাপ্রেনটিসের সংখ্যা আলাদা আলাদাভাবে নীচে দেওয়া হল:

	অ্যাপ্রেনটিস হিসাবে নিযুক্তির মোট সংখ্যা	আই টি আই সার্টিফিকেট পাওয়া অ্যাপ্রেনটিসের সংখ্যা	আই টি আই সার্টিফিকেট না পাওয়া অর্থাৎ ফ্রেসারের সংখ্যা
(১)	৪ জন	৪ জন	কেহ নয়
(২)	২০ জন	৭ জন	১৩ জন
(৩)	কোন অ্যাপ্রেনটিস নেওয়া হয় নি		
(৪)	১০ জন	কেহ নয়	১০ জন
(৫)	কোন অ্যাপ্রেনটিস নেওয়া হয় নি		
(৬)	১৬ জন	কেহ নয়	১৬ জন
(৭)	৪ জন	কেহ নয়	৪ জন

গুসকরা শহরে ইলেকট্রিক সাব-ষ্টেশন

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৪।) **শ্রীশ্রীধর মালিক ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার গুসকরা শহরে ইলেকট্রিক সাব-ষ্টেশনটি চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে কবে নাগাদ ইহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) এই বিষয়ে অসুবিধা কি কি ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) কাজটি ১৯৮৪-৮৫ সালের মধ্যে সমাপ্ত করিবার চেষ্টা করা হইতেছে।

(গ) উক্ত ৩৩/১১ কেভি সাব-ষ্টেশনটি চালু করিবার প্রধান অসুবিধা হইতেছে তড়িৎ পরিবাহী কনডাকটার ও রেল পোলের পুনঃ পুনঃ চুরি।

প্রাসঙ্গিকভাবে ইহা বলা যায় যে, ১১ কেভি বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থাযুক্ত বোলপুর সাব-ষ্টেশন হইতে উক্ত স্থানে বর্তমানে বিদ্যুৎ সরবরাহ হইতেছে।

হুগলী জেলায় বিভিন্ন ক্লাবে আর্থিক সাহায্য

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৯।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে হুগলী জেলার কোন্ কোন্ ক্লাবকে কি কি বাবদ কত টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে (ব্লকওয়ারী) ; এবং

(খ) উক্ত সময়ে "যুবমানস" পত্রিকা হুগলী জেলায় ও সারা রাজ্যে মোট কতগুলি সংখ্যা প্রচারিত হয় ?

যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) ১৯৮১-৮২ সালে কোন্ কোন্ ক্লাবকে খেলার মাঠ ও জিমনাসিয়ামের জন্য কত টাকা দেওয়া হয়েছে তার একটি তালিকা নিম্নে দেওয়া হল। ১৯৮২-৮৩ সালে হুগলী জেলার নিম্নলিখিত তিনটি ক্লাবকে আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে ঃ

(১) দেশবন্ধু স্পোর্টিং ক্লাব।

(২) ষষ্ঠ আন্তঃজেলা খো খো প্রতিযোগিতা।

(৩) সেনাই ষষ্ঠ গ্রাম বিবেকানন্দ ক্লাব।

এতদ্ভিন্ন খেলার মাঠ ও জিমনাসিয়াম তৈরির জন্য ১,২৫,০০০ টাকা আর্থিক সাহায্য ৯০টি ক্লাবকে দেওয়া হয়েছে।

(খ) সারা রাজ্যে—১৯৮১-৮২—৮৫,০০০, হুগলি জেলায়—৩,৮০০,
সারা রাজ্যে—১৯৮২-৮৩—৯৫,০০০, হুগলি জেলায়—৩,৭৫০।

Statement referred to in reply to clause 'Ka' of unstarred question No. 323
(Admitted question No. 1379)

Playground—1981-82

No.	Name	Block/Municipality	Amount granted Rs.
.	Bilsara Milan Sangha, P. O. Bilsara ...	Pandua ...	13,300
.	Tajmahal Sporting Club, Maheswarpur, Puinay.	Polba-Dadpur ...	16,000
.	Rahimpur Nabagram Friends' Union Club, Rahimpur.	Jangipara ...	12,000
.	Balarampur Pallisree Sangha, P. O. Hati ...	Pursurah ...	16,000
.	Belepara Anil Smritikishore Sangha, Belepara.	Goghat ...	15,000
.	Paschim Ramnagar Milan Sangha, P. O. Binogram.	Tarakeshwar ...	18,000
.	Raghunathpur Ramkrishna Palli Mangal Sporting Club, Raghunathpur, P. O. Nangalpara.	Khanakul-I ...	16,000
.	Kalki Sangha, Burashibtata, Chinsurah ...	Hooghly-Chinsurah	15,000
).	Ramkrishna Sporting Club, Station Pally, Dankuni.	Chanditala-II ...	15,000
0.	Balpai Doulatchawk Sadharan Pathagar, Balpai, Khanakul.	Khanakul-II ...	16,000
1.	Nabin Sangha, Srirampur, Basubati ...	Singur ...	18,000
2.	Bhadrakali Association, Uttarpara ...	Kotrang-Uttarpara	16,000
3.	Bandhab Samiti, N. C. Mukherjee Road, Baidyabati.	Baidyabati ...	16,000
14.	Agragami Sangha, Sankar Pally, Baidyabati.	Baidyabati ...	8,000
15.	Khanyan Tarun Sangha, Khanyan ...	Pandua ...	8,000
16.	Pally Sangha, Aminpur Panchanantala, Kamarchandi.	Haripal ...	10,000
17.	Park Sports Association, G. T. Road, Baidyabati.	Baidyabati ...	7,300
18.	Gangadharpur Yuba Sangha, Gangadharpur	Chanditala-I ...	10,0.0
19.	Milan Byayam Samiti, Netaji Subhas Road, Sheorophuli.	Baidyabati ...	8,000
		Total ...	2,53,600

Statement referred to in reply to clause 'Ka' of unstarred question No. 323 (Admitted question No. 1379)

Gymnasium—1981-82

Sl. No.	Name	Block/Municipality	Amount Granted Rs.
1.	Social Squad, P. O. Nabagram ...	Serampur-Uttarpara	30,000
2.	Bani Sangha, Vill. Dalnigacha, P.O. Singur	Singur ...	25,000
3.	Chandernagore Yuba Sangha, Chandernagore.	Chandernagore Corporation.	7,100
4.	Mansatala Bayam Mandir, Konnagore Criper Road, Konnagore.	Konnagore ...	8,000
5.	Tarun Sangha Bayamagar, Bhadreswar ...	Bhadreswar Municipality.	6,000
		Total ...	76,100

নূতন পশুচিকিৎসা কেন্দ্র স্থাপন

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৮।) **শ্রীধীরেন্দ্রনাথ চ্যাটার্জী** : পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি, বামফ্রন্ট সরকারের কার্যকালের মধ্যে পশ্চিমবঙ্গে কতগুলি নূতন পশুচিকিৎসা কেন্দ্র স্থাপন করা হইয়াছে এবং কোথায় কোথায় ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় : বামফ্রন্ট সরকারের কার্যকালের মধ্যে পশ্চিমবঙ্গে এ যাবৎ মোট ৩৮৩টি পশুচিকিৎসা কেন্দ্র—যাহার মধ্যে ১৩টি পশুচিকিৎসা হাসপাতাল, ২০৬টি অতিরিক্ত পশুচিকিৎসা ডিসপেনসারী, ২৩টি ভ্রাম্যমাণ পশুচিকিৎসালয় এবং ১৩০টি এইড সেণ্টার স্থাপন করা হইয়াছে। যে-সমস্ত স্থানে ঐ পশুচিকিৎসালয়গুলি স্থাপিত হইয়াছে তাহাদের নাম সহ তালিকাটি লাইব্রেরী টেবিল রাখা হইল।

বাঁকুড়া জেলায় গ্রামীণ বৈদ্যুতীকরণ

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৪।) **শ্রীসুভাষ গোস্বামী** : বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্মসূচীতে বাঁকুড়া জেলার কয়টি মৌজা/গ্রাম বৈদ্যুতীকরণ করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে (১) ছাতনা এবং (২) শালতোড়া থানার কোন্ কোন্ মৌজা আছে ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৩টি মৌজা।

(খ) তন্মধ্যে (১) ছাতনা থানা ও (২) শালতোড়া থানার অধীনে কোন মৌজা ই।

ক্রীড়া উন্নয়ন বাবদ বরাদ্দ

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৮।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** শিক্ষা (ক্রীড়া) াগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে (১৯৮২-৮৩) নিম্নোক্ত উদ্দেশ্যে বরাদ্দীকৃত টাকার পরিমাণ কত ;

(১) খেলার মাঠের জন্য জমি ক্রয় বাবদ ;

(২) খেলার মাঠের উন্নয়ন বাবদ ;

(৩) জিমনাসিয়াম বাবদ ;

(৪) বাদ্যযন্ত্র ক্রয় বাবদ ; এবং

(খ) বিগত আর্থিক বৎসরে (১৯৮১-৮২) উক্ত উদ্দেশ্যে ব্যয়িত টাকার পরিমাণ কত ছিল ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) ও (২) রাজ্য সরকারের ড়া দপ্তরে এই বিষয়ের জন্য কোন অর্থ পৃথকরূপে চিহ্নিত নাই।

(৩) জিমনাস্টিক সরঞ্জাম ক্রয় করিবার জন্য বিভিন্ন জিমনাস্টিক প্রতিষ্ঠানকে য ক্রীড়া পর্ষদ হইতে ৫৩,০৪৩ টাকা দেওয়া হইয়াছে।

(৪) রাজ্য সরকারের ক্রীড়া দপ্তরে এই বিষয়ের জন্য কোন অর্থ পৃথকরূপে চিহ্নিত নাই।

(খ) রাজ্য সরকারের ক্রীড়া দপ্তরে খেলার মাঠের জন্য জমি ক্রয়, খেলার ঠর উন্নয়ন এবং বাদ্যযন্ত্র ক্রয় বাবত কোন অর্থ পৃথকরূপে চিহ্নিত ছিল না। বিগত র্থিক বৎসরে জিমনাস্টিক সরঞ্জাম ক্রয় করিবার জন্য রাজ্য ক্রীড়া পর্ষদ হইতে ,৯৫১ টাকা ব্যয়িত হইয়াছিল।

গাঁজা চাষে লাইসেন্সঃ

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৩।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** আবগারী ভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রথম বামফ্রন্ট সরকারের আমলে কতজনকে কি পরিমাণ জমিতে গাঁজা চাষের লাইসেন্স দেওয়া হয়েছিল ; এবং

(খ) অন্যান্য মাদক দ্রব্যের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধির মতামত গ্রহণ করার পদ্ধতি আছে কি ?

আবগারী বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭৭-৭৮ সালে ১৩ জন, ১৯৭৮-৭৯ সালে ১২ জন ও ১৯৭৯-৮০ সালে ১৫ জনকে যথাক্রমে ১৯৬·৪৮, ২০০ ও ১৫০ একর জমিতে গাঁজা চাষের অনুমতি দেওয়া হয়েছিল।

(খ) মাদক দ্রব্যের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে স্থানীয় জনসাধারণ ও বিশেষ বিশেষ প্রতিষ্ঠানের মতামত গ্রহণ ছাড়া স্থানীয় বিধানসভার সদস্যের লিখিত অনুমতি নেওয়ার প্রথাও চালু আছে।

আসানসোল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফত চাকরি

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৮।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বছরে আসানসোল মহকুমার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলি মারফত কতগুলি বেকার যুবকের চাকরি হইয়াছে ;

(খ) (১) ইহার মধ্যে ইণ্ডিয়ান আয়রন, বার্ন স্ট্যাণ্ডার্ড ও ই সি এল-এ কতজন; (২) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কতজন, এবং (৩) ব্যক্তিগত মালিকানাধীন কারখানাগুলিতে কতজন নিয়োগ হইয়াছে ?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২,৫৫৪ জন (প্রভিসন্যাল)—১লা জানুয়ারি, ১৯৭৮ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৮২ পর্যন্ত।

(খ) (১) ১,৬২৯ জন, (২) ৩৮৯ জন (প্রভিসন্যাল); এবং (৩) ১৫ জন (প্রভিসন্যাল)।

রুরাল ডেভেলপমেণ্ট প্রকল্প

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩২।) **শ্রীভুপেন্দ্রনাথ শেঠঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে ডিস্ট্রিক্ট রুরাল ডেভেলপমেণ্ট প্রকল্পে গরু, ছাগল, মুরগি হাঁস প্রভৃতি কেনার জন্য অনুন্নত শ্রেণীর লোকেদের নিকট হইতে বনগাঁ বি ডি ও অফিসে কত দরখাস্ত পাওয়া গিয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, প্রাপ্ত আবেদনপত্রসমূহে বিরোধী দলের বিধায়কের

সুপারিশ থাকায় পঞ্চায়েত সভাপতি/নির্বাহী আধিকারিক ভরতুকি অনুমোদন করিতেছেন না এবং সংশ্লিষ্ট ব্যাঙ্কে আবেদনপত্রগুলি পাঠাইতেছেন না ; এবং

(গ) সত্য হইলে, এই ব্যাপারে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি না ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) একটিও না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

মাছ উৎপাদনের জন্য ঋণ/অনুদান

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪২।) **শ্রীভুপেন্দ্রনাথ শেঠঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বনগাঁ মহাকুমায় মাছ উৎপাদনের জন্য রেজিস্টারীকৃত সোসাইটিগুলিকে ঋণ বা অনুদান দেওয়া হয় কি ; এবং

(খ) হয়ে থাকলে, বনগাঁ মহকুমায় বর্তমান আর্থিক বৎসরে মোট কত টাকা ঋণ বা অনুদান দেওয়া হয়েছে ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বর্তমান আর্থিক বৎসরে (১৯৮২-৮৩) বনগাঁ মহকুমার কোন সমবায় সমিতি ঋণ বা অনুদানের জন্য আবেদন করে নাই।

বর্ধমান জেলার মিল্ক চিলিং সেণ্টার

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৬।) **শ্রীপূর্ণচন্দ্র মালিকঃ** পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলায় মোট কতগুলি মিল্ক চিলিং সেণ্টার আছে ;

(খ) তন্মধ্যে সদর থানার হটুদেওয়ানে কোন সরকারী সেণ্টার আছে কিনা এবং

(গ) থাকলে,—

(১) এটি নির্মাণ করতে সরকারের কত টাকা ব্যয় হয়েছে,

(২) কতজন কর্মচারী ঐ সেণ্টারে নিযুক্ত আছেন, ও

(৩) বর্তমানে ঐটি চালু আছে কিনা ?

পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক) বর্ধমান জেলায় বর্তমানে মোট তিনটি মিল্ক চিলিং সেণ্টার আছে। ঐগুলি কাটোয়া, কালনা ও বাজেপ্রতাপপুরে অবস্থিত। এর মধ্যে কালনা ও বাজেপ্রতাপপুর মিল্ক চিলিং সেণ্টার দুটি যথাক্রমে কুসুমগ্রাম ও সেয়ারা বাজারে আরও কার্যকরী ফললাভের আশায় স্থানান্তরিত করার কথা বিবেচনা করা হচ্ছে।

(খ) না, সদর থানার হটুদেওয়ানে কোন সরকারী সেণ্টার নাই।

(গ) "খ" উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

জয়নগর হইতে জালাবেড়িয়া পাকা সড়কে বাস চালনা

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫২।) **শ্রীপ্রবোধ পুরকাইতঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় আলিপুর মহকুমার জয়নগর হইতে জালাবেড়িয়া পাকা সড়কটিতে বাস সার্ভিস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ২৪-পরগনা জেলার আলিপুর মহকুমার জয়নগর হইতে জালাবেড়িয়া পাকা সড়কটিতে বাস সার্ভিস চালু করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই। তবে জামতলা হইতে জালাবেড়িয়া সড়ক ধরিয়া বাবুঘাট পর্যন্ত বেসরকারী বাস চালাইবার জন্য সাতটি মঞ্জুরিপত্র দেওয়া হইয়াছে। কিন্তু এই মঞ্জুরিপত্রের বিরুদ্ধে হাইকোর্টের স্থগিতাদেশ থাকায় উহা আজও কার্যকরী করা সম্ভব হয় নাই।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এই বিষয়ে কোনও বক্তব্য নাই।

উলুবেড়িয়ার রবীন্দ্রভবন

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭২।) **শ্রীরবীন্দ্রনাথ ঘোষঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া রবীন্দ্রভবন নির্মাণের জন্য এ পর্যন্ত মোট কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) এ পর্যন্ত উক্ত নির্মাণকার্যে মোট কত টাকা ব্যয়িত হইয়াছে;

(গ) উক্ত অসমাপ্ত রবীন্দ্রভবন নির্মাণের কাজ সম্পূর্ণ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(ঘ) উক্ত ভবন অধিগ্রহণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২.৫০ লক্ষ টাকা।

(খ) গত বৎসর জানুয়ারি মাস পর্যন্ত প্রায় ৫.০৮ লক্ষ টাকা খরচ হয়েছে।

(গ) বেসরকারী উদ্যোগে নির্মীয়মাণ ভবন সম্পূর্ণ করার জন্য প্রয়োজনে কিছু অনুদান দেওয়া যেতে পারে।

(ঘ) না।

গ্রন্থাগারে শিশু বিভাগ

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৬।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** শিক্ষা (সামাজিক) (অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের ১৫ই মার্চ পর্যন্ত সময়ে কতগুলি গ্রন্থাগারে আলাদাভাবে শিশু বিভাগ খোলা হয়েছে ;

(খ) উক্ত বিভাগের জন্য আলাদা কোন অনুদান দেওয়া হয় কিনা ;

(গ) দেওয়া হলে, গত পাঁচ বৎসরে গড়ে কত করে দেওয়া হয়েছে ;

(ঘ) আগামী আর্থিক বছরে গ্রন্থাগারগুলিতে শিশু বিভাগ নতুনভাবে খোলার কোন লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ; এবং

(ঙ) (১) ১৯৭৭ সালের আগে এইরূপ শিশু বিভাগ ছিল কি ; ও (২) থাকলে, তার পরিসংখ্যান কি ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮৩ সালের ১৫ই মার্চ পর্যন্ত সময়ে ৭৮৩টি গ্রন্থাগারে আলাদাভাবে শিশু বিভাগ খোলার ব্যবস্থা হয়েছে।

(খ) উক্ত বিভাগের জন্য প্রতি বছর আলাদা কোন অনুদান দেওয়া হয় না। ১৯৮০-৮১ সালে এককালীন ১৫টি জেলার শিশু বিভাগ খোলার জন্য ৩৮,৫২,০০০ টাকা দেওয়া হয়েছিল।

(গ) ১৯৮০-৮১ সালের পর উক্ত ৭৮৩টি গ্রন্থাগারের শিশু বিভাগের জন্য আলাদা আর কোন অনুদান দেওয়া হয় নি। গত বছর অর্থাৎ ১৯৮২-৮৩ সালে কোচবিহারের ৯৪টি গ্রন্থাগারের জন্য ১,৯৭,০০০ টাকা এবং কলকাতায় একটি গ্রন্থাগারের জন্য

৩,৫০০ টাকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এইগুলি শিশু বিভাগের জন্য কোন অনুদান আগে পায় নি।

(ঘ) আগামী আর্থিক বৎসরে ব্যয়বরাদ্দ অনুযায়ী আগে শিশু বিভাগ খোলার বিষয়টি বিবেচনা করা হবে।

(ঙ) (১) এবং (২) ১৯৭৭ সালের আগে ঠিক এইরূপ আলাদা শিশু বিভাগের ব্যবস্থা ছিল না। যদিও শিশুদের পক্ষে গ্রন্থাগার ব্যবহারের কোন বাধা ছিল না।

বর্ধমান জেলায় বিকলাঙ্গ শিশু

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৪।) **শ্রীরামাপদ মুখোপাধ্যায়ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় মোট কতজন বিকলাঙ্গ শিশু আছে এ বিষয়ে কোন তথ্য সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে, তাহাদের সংখ্যা কত ও উক্ত শিশুদের শিক্ষা এবং সমাজে পুনর্বসতির জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) সংখ্যা জানা নাই। তবে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত দুঃস্থ বিকলাঙ্গ ৪৫ জন শিশুকে মাসিক ষষ্ঠ শ্রেণী পর্যন্ত ২৫ টাকা হারে এবং অষ্টম শ্রেণী পর্যন্ত ৩০ টাকা হারে ষাণ্মাসিক ভাতা দেওয়া হয়।

Complaint against appointment of Job Assistant of Chhandar Gram Panchayat

336. (Admitted question No. 1529). **Shri LAL BEHARI BHATTACHARYA :** Will the Minister-in-charge of the Panchayat and the Community Development Department be pleased to state—

(a) whether the Government have received any complaint with regard to appointment of Job Assistant of Chhandar Gram Panchayat; and

(b) if so, step taken by the Government in this regard ?

The Minister-in-charge of the Panchayat and the Community Development Department : (a) Yes.

(b) As the Gram Panchayat oppointed the second candidate instead of the first one from the panel for appointment of Job Assistant in violation of the orders issued by the Government in this connection, the Gram Panchayat was superseded for a period of six months with effect from the 10th September, 1981, after due observance of the prescribed procedure.

The Pradhan of the Gram Panchayat subseqnently moved a petition in the High Court and obtained a rule with an interim order of injunction. The case is still pending.

হুগলী জেলার বার লাইব্রেরীকে অর্থসাহায্য

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৮।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮২ সালে এবং তাহার পূর্বে হুগলী জেলায় বার লাইব্রেরীগুলিতে সরকার পুস্তক ক্রয়ের জন্য কোন অর্থ সাহায্য করিয়াছেন কিনা ;

(খ) করিয়া থাকিলে, উক্ত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত অর্থের দ্বারা কোন্ বার লাইব্রেরী কত সংখ্যক পুস্তক খরিদ করিয়াছেন ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন ওঠে না।

হুগলী জেলার আদালতগুলিতে বিচারাধীন মামলা

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৯।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** আইন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার আদালতগুলিতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট কতগুলি মোকদ্দমা বিচারাধীন আছে (দেওয়ানী ও ফৌজদারী মামলা অনুযায়ী ও আদালতওয়ারী হিসাব) ?

আইন বিভাগের মন্ত্রী মহাশয় ঃ হুগলী জেলার আদালতগুলিতে ১৯৮২ সালের ।সেম্বর মাস পর্যন্ত বিচারাধীন মোকদ্দমাগুলির সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ

দেওয়ানী—১৫,১৭২টি, ফৌজদারী (সেসন, মোশন ও আপিল সহ) —২৪,১৭২টি।

ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেড

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৭।) **শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেড-এ বিগত ১৯৭৭-এর ৩১শে মার্চ পর্যন্ত কর্মীসংখ্যা কত ছিল ;

(খ) বর্তমান সময়ে কর্মীসংখ্যা কত ;

(গ) উক্ত সংস্থায় নূতন কর্মী নিয়োগ পদ্ধতি কি ;

(ঘ) উক্ত নতুন কর্মীর মধ্যে এখন পর্যন্ত ক্যাজুয়াল কর্মীর সংখ্যা কত ;

(ঙ) উক্ত সংস্থার অডিট কোন্ সাল পর্যন্ত হয়েছে ও গত পাঁচ বছরে লাভ বা ক্ষতির পরিমাণ কত ; এবং

(চ) উক্ত সংস্থার চেয়ারম্যান ও ডাইরেক্টররা ভ্রমণ ভাতা ও রাহা খরচ হিসাবে ১৯৭৭ সালের জুন মাস থেকে এখন পর্যন্ত কত টাকা নিয়েছেন ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৮৪ জন।

(খ) ৪৮৯ জন (ক্যাজুয়াল সহ)।

(গ) সরকারের নিয়ম অনুযায়ী।

(ঘ) ২৭ জন।

(ঙ) ১৯৭৮-৭৯ সাল পর্যন্ত অডিট হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ক্ষতি ৫,৪০,২১৫.০০ টাকা। ১৯৭৮-৭৯ সালে লাভ ৪,৯৭,২৭৯.০০ টাকা। ১৯৭৯-৮০ সালের হিসাব অডিট চলছে।

(চ) ১৯৭৭-৭৮ সালে ৩,০২৫.৮০ টাকা। ১৯৭৮-৭৯ সালে ১০,০৪৯.৭৫ টাকা। ১৯৭৯-৮০ সালে ৬,৪১২.৮০ টাকা। ১৯৮০-৮১ সালে ৭,০৪২.৫০ টাকা। ১৯৮১-৮২ সালে ৭,৭৫৪.০০ টাকা।

Chief Engineer under Calcutta Corporation

340. (Admitted question No. 1570.) **Shri SUBRATA MUKHERJEE**: Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) is it a fact that Group Capt. A. K. Chakraborty has been continuing as Chief Engineer, Motor Vehicles and Conservancy, Calcutta Corporation, as per order of the Administrator, dated 25th March, 1982 ; and

(b) no new sanction to his appointment was given under section 79(2) after the post was created permanently with the approval of the State Government ?

The Minister-in-charge of the Local Government and Urban Development Department: (a) No.

(b) Group Capt. A. K. Chakraborty was allowed to continue as Chief Engineer (Motor Vehicles and Conservaney Directorate), Corporation of Calcutta, under subsequent orders of the Administrator, and he was appointed on regular basis under Public Service Commission's recommendation, dated 9th February, 1983.

Drawing of pension as Chief Engineer, Calcutta Corporation

341. (Admitted question No. 1571). **Shri SUBRATA MUKHERJEE** : Will he Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) is it a fact that Group Captain A. K. Chakraborty, Chief Engineer, Motor Vehicles and Conservancy, has been drawing pension in full from the military authority as well as from Calcutta Corporation ; and

(b) if so, is it not inadmissible ?

The Minister-in-charge of the Local Government and Urban Development Department : (a) Shri A. K. Chakraborty, Chief Engincer (Motor Vehicles and Conservancy), is drawing residual pension from Ministry of Defence, Government of India, but not from Calcutta Corporation.

(b) Ministry of Defence, Government of India, has permitted Shri Chakraborty to take up appointment as Chief Engineer (Motor Vehicles and Conservancy) in Calcutta Corporation.

Unemployment Allowance

342. (Admitted question No. 1601.) **Dr. SISIR KUMAR BOSE** : Will he Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) how many unemployed persons received unemployment allowances till December, 1982 ; and

(b) the numbers of male and female persons who received such allowances (district-wise figures are wanted) ?

The Minister-in-charge of the Labour Department : (a) 4,27,218 (From 1st April, 1978 to 31st December, 1982).

(b) Male—3,74,602 ; female—52,616.

District-wise figures are shown below :

Statement referred in reply to clause (b) of Unstarred Question No. 342 (Admitted Question No. 1601).

District-wise figures of Unemployment Allowance recipients of West Bengal

(1st April, 1978 to 31st December, 1982)

District	Male	Female	Total
(1) Calcutta	72,768	14,553	87,321
(2) 24-Parganas	71,666	11,622	83,288
(3) Nadia	15,693	4,794	20,487

	District			Male	Female	Total
(4)	Howrah	...	...	18,619	3,177	21,796
(5)	Hooghly	...	...	25,592	3,779	29,371
(6)	Midnapore	...	...	23,952	2,537	26,489
(7)	Burdwan	...	...	71,963	3,060	75,023
(8)	Birbhum	...	...	7,625	538	8,163
(9)	Darjeeling	...	...	3,753	1,232	4,985
(10)	Jalpaiguri	...	...	6,173	1,494	7,667
(11)	Murshidabad	...	...	15,577	1,938	17,515
(12)	Purulia	...	...	10,067	283	10,350
(13)	Bankura	...	...	12,092	316	12,408
(14)	Malda	...	...	7,888	739	8,627
(15)	West Dinajpur	...	...	5,690	1,260	6,950
(16)	Cooch Behar	...	...	5,473	1,292	6,765
*U.E.I. and G.B.						
	Calcutta	...	...	4	1	5
	Burdwan	...	...	7	1	8
	Jadavpur	...	...	...	...	...
	Rabindra Bharati	...	...	...	...	...
		Total	...	374,602	52,616	427,218

*U.E.I. and G.B. refers to University Employment Information and Guidance Bureau.

সুন্দরবনে চোরাই চালানকারীদের আটক নৌকার সংখ্যা

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১২।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সুন্দরবন অঞ্চলে চোরাইচালানকারীদের কাছ থেকে ১৯৮০-৮১, ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে কতগুলি নৌকা আটক করা হয়েছে;

(খ) ঐ নৌকাগুলি নীলাম করে সরকারের কত আয় হয়েছে;

(গ) ঐ চোরাইচালানকারীদের কাছ থেকে কত কুইণ্টাল কাঠ আটক করা হয়েছে, তার বাজার মূল্য কত; এবং

(ঘ) ঐ আটক করা কাঠের কত কুইণ্টাল বিক্রয় হয়েছে এবং কত কুইণ্টাল জমা আছে?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক)

১৯৮০-৮১	— ২৮৫
১৯৮১-৮২	— ২৯২
১৯৮২-৮৩	— ৩৩৩

(খ)

১৯৮০-৮১	— ২১,৬৯০ টাকা
১৯৮১-৮২	— ৬৪,৫০০ টাকা
১৯৮২-৮৩	— ৩৯,৯৫৫ টাকা

(গ)

৭,৪৮৩ কুইন্টাল

১,৭০,৯৬০ টাকা

(ঘ)

বিক্রয়	৪,৬৩৯ কুইন্টাল
জমা	১,৮৪৪ কুইন্টাল

বাঁকুড়া জেলায় মিনি জুট মিল

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২২।) **শ্রীলালবিহারী ভট্টাচার্যঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বড়জোড়া/সোনামুখী থানায় মিনি জুট মিল স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায় ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন আসে না।

বাঁকুড়া জেলায় নিউট্রিশান প্রোগ্রাম

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৯।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২-৮৩ (২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত) সালে স্পেশাল নিউট্রিশান প্রোগ্রামে বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে কয়টি ফিডিং সেণ্টার খোলা হইয়াছে ?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

ব্লকের নাম	ফিডিং সেণ্টারের সংখ্যা
বাঁকুড়া-১	১৩
বাঁকুড়া-২	১১
ছাতনা	২৭
শালতোরা	২৫
গঙ্গাজলঘাটি	১৯
মেজিয়া	৩
বারজোড়া	১৭
ওন্দা	২০
ইন্দপুর	১৯
খাতরা-১	১৬
খাতরা-২	১৫
রাণীবাঁধ	৩০
তালডাংরা	২০
সিমলাপাল	১৮
রায়পুর-১	১০০
রায়পুর-২	১৯
বিষ্ণুপুর	৬
জয়পুর	১১
কোতুলপুর	১১
ইন্দাস	১০
মোট	৪০৬

ডি এস ই ও-র খালি পদের সংখ্যা

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৫।) **শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ডি এস ই ও-এর কিছু পদ খালি আছে ;

(খ) সত্য হইলে,

(১) বর্তমানে এইরূপ শূন্য পদের সংখ্যা কত

(২) কতদিন যাবৎ এই পদগুলি শূন্য আছে, ও

(৩) এই পদগুলি শূন্য থাকার কারণ কি ; এবং

(গ) উক্ত পদগুলি সত্বর পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হঁ্যা।

(খ) (১) ১২টি ডি এস ই ও পদ এবং ৩টি অ্যাডিশনাল ডি এস্ ই ও পদ।

(২) ১৯৮২ সালের পর হইতে পদগুলি ক্রমান্বয়ে অবসর গ্রহণ ও শিক্ষা অধিকারে বদলি হওয়ার জন্য খালি আছে।

(৩) এ যাবৎ পদগুলি পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশের ভিত্তিতে সরাসরি পূরণ (ডাইরেক্ট রিক্রুটমেণ্ট) করা হইয়াছে। এইবার শূন্য পদগুলি পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে পদোন্নতির ভিত্তিতে পূরণ হওয়ার কথা। কিন্তু পদোন্নতির নিয়মাবলী সম্পর্কে আপত্তি জানাইয়া কলিকাতা হাইকোর্টে মামলা দায়ের হওয়ায় শূন্য পদগুলি পূরণ করা সম্ভব হয় নাই।

(গ) পদোন্নতির নিয়মাবলী পাবলিক সার্ভিস কমিশনের সহিত পরামর্শ করিয়া নূতনভাবে স্থির করার চেষ্টা হইতেছে।

সমবায় সমিতিগুলিতে অনাদায়ী ঋণ

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮১।) **শ্রীসুভাষ নস্কর :** সমবায় বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমবায় সমিতিগুলিতে মোট অনাদায়ী অর্থের পরিমাণ কত ;

(খ) তন্মধ্যে, (১) বাসন্তী ব্লক ও (২) দক্ষিণ ২৪-পরগনার ক্ষেত্রে অনাদায়ের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত অনাদায়ী অর্থ অদায়ের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ৩১শে ডিসেম্বর, ১৯৮২ তারিখ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৯৬,৯৪.০৯ লক্ষ টাকা।

(খ) (১) বাসন্তী ব্লকের অনাদায়ী অর্থের পরিমাণ মোট ৩২.৭৬ লক্ষ টাকা।

(২) দক্ষিণ ২৪-পরগনার ক্ষেত্রে অনাদায়ী অর্থের পরিমাণ মোট ৩৪৭.৫৩ লক্ষ টাকা।

(গ) (১) ব্লক লেভেল-এ সরকারী কর্মচারী, পঞ্চায়েত সমিতির সদস্য ও ব্যাঙ্ক কর্মচারীদের লইয়া কালেকশন টিম করা হইয়াছে।

(২) ঋণ আদায় পর্যবেক্ষণ করার জন্য সমবায় অধিকার হইতে উচ্চপদস্থ কর্মচারী নিয়োগ করা হইয়াছে।

(৩) বিশেষ আদেশবলে লোন রিকোভারি অফিসার নিয়োগ করা হইয়াছে।

(৪) বিশেষতঃ বড় চাষীদের বিরুদ্ধে ঋণ পরিশোধের ক্ষমতা থাকা সত্ত্বে যাঁরা ঋণ শোধ দিচ্ছেন না তাঁদের ঋণ আদায়ের জন্য প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা অবলম্বনের নির্দেশ দেওয়া হইয়াছে।

(৫) মুখ্য সচিব জেলা কর্তৃপক্ষকে ঋণ আদায়ে সক্রিয়ভাবে সাহায্য করার জন্য প্রয়োজনীয় নির্দেশ জারি করিয়াছেন।

(৬) ঋণ পরিশোধের প্রয়োজনীয়তা ঋণী সদস্যদের বুঝাইবার জন্য স্থানীয় পঞ্চায়েত সদস্যদের সহযোগিতায় বিভিন্ন স্থানে সভা করা হইতেছে।

বেকারের সংখ্যা

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৮।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সারা রাজ্যে বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কতজন বেকার যুবক নথিভুক্ত ছিলেন; এবং

(খ) গত ১৯৮১-৮২ সালে সারা রাজ্যে মোট কতজন বেকার যুবক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকরি পেয়েছেন?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৩৪,৯৭,২৪৫ জন।

(খ) ১লা জানুয়ারি, ১৯৮১ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৮২ পর্যন্ত ২৬,৯৪৮ জন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকরি পেয়েছেন। (প্রভিসন্যাল)।

কলেজগুলিতে অধ্যক্ষ নিয়োগের পদ্ধতি

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৩।) **শ্রীমতী অঞ্জু করঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলেজগুলিতে অধ্যক্ষ নিয়োগের পদ্ধতি কি;

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি (১) সরকারী ও (২) বেসরকারী কলেজ আছে;

(গ) তন্মধ্যে বর্তমানে কতগুলি কলেজে অধ্যক্ষের পদ শূন্য আছে;

(ঘ) উক্ত পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ; এবং

(ঙ) কালনা কলেজে সম্প্রতি নিযুক্ত অধ্যক্ষের শিক্ষাগত যোগ্যতা কি ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সরকারী কলেজগুলিতে পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে কর্মরত সহকারী অধ্যাপকদের দ্বারা পদোন্নতি অথবা অধ্যাপকদের বদলীর মাধ্যমে অধ্যক্ষ পদগুলি পূরণ করা হইত। এই সংক্রান্ত নিয়মাবলী পরিবর্তনের কথা বিবেচনা করা হইতেছে। বে-সরকারী কলেজগুলিতে কলেজ সার্ভিস কমিশনের অনুমোদনক্রমে অধ্যক্ষ পদগুলি পূরণ করা হয়।

ধর্মীয় বা জাতিগত সংখ্যালঘুদের দ্বারা পরিচালিত কলেজগুলিতে কলেজের পরিচালক সমিতি অধ্যক্ষ পদ পূরণ করেন।

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট—

সরকারী কলেজ—

(১) ১৫টি সাধারণ ও ৯টি ট্রেনিং কলেজ ;

বে-সরকারী কলেজ—

(২) ১৪৯টি সাধারণ, ১৬টি ট্রেনিং এবং ২টি গান বাজনার কলেজ।

(গ) বর্তমানে ৬টি সরকারী কলেজে এবং ১৪টি বে-সরকারী কলেজে অধ্যক্ষের পদ শূন্য আছে।

(ঘ) সরকারী কলেজে অধ্যাপকদের পদোন্নতির মাধ্যমে অধ্যক্ষ পদগুলি পূরণের জন্য সংশোধিত নিয়মাবলী রচনা করার কথা বিবেচনা করা হইতেছে।

বে-সরকারী কলেজে অধ্যক্ষের পদগুলি পূরণের জন্য কলেজ সার্ভিস কমিশন উপযুক্ত প্রার্থী-তালিকা (প্যানেল) তৈরী করিতেছেন।

(ঙ) কালনা কলেজে বর্তমানে অধ্যক্ষের পদ শূন্য আছে।

১৯শে এপ্রিল, ১৯৮২ তারিখে শ্রীরামকৃষ্ণ ঘোষকে ঐ পদে নিয়োগ করা হইয়াছিল এবং তিনি ৩০শে সেপ্টেম্বর, ১৯৮২ তারিখে চাকরি ছাড়িয়া দেন।

শ্রীঘোষের শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ :

(১) ম্যাট্রিক—১৯৫১—৬৯.১ পার্সেন্ট

(১) আই এস-সি—১৯৫৩—৪৮.৬ পার্সেন্ট

(৩) প্রাণী বিদ্যা (অনার্স)—১৯৫৫—৫৮.১ পার্সেন্ট

(৪) এম এস-সি (প্রাণী বিদ্যা)—১৯৫৭—৫৭.৮ পার্সেন্ট

পুরুলিয়া জেলায় চৌকিদারদের শূন্য পদ

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৯।) **শ্রীগোবিন্দ বাউড়ীঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলায় চৌকিদারের শূন্য পদের সংখ্যা কত;

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে পুরুলিয়া জেলায় চৌকিদারের শূন্য পদের সংখ্যা ১৯৮।

(খ) ও (গ) চৌকিদারের শূন্য পদগুলি পূরণ করার বিষয়ে বর্তমানে একটি সরকারী নিষেধাজ্ঞা বলবৎ আছে।

Adjournment Motion

Mr. Speaker : I have received four notices of adjournment motion today. The first is from Shri Deba Prasad Sarkar, which deals with influx of refugees from Assam into West Bengal. The second is from Shri Abdur Rauf Ansari, which deals with return of drafts of Haj passage money for 1981 and 1982 received from Bombay. The third is from Shri Kashinath Misra, which deals with alleged creation of terror by the supporters of a major political party on the eve of Panchayat election. The fourth is from Dr. Manas Bhunia, which deals with alleged threat to the candidates of different political parties by the supporters of a ruling political party on the eve of Panchayat election.

The subject matter of the second motion is not much important as it calls for adjournment of business of the House. The subject matter of the third and fourth motions is the same, which relates to day-to-day administration. I, therefore, withhold my consent to the second, third and fourth motions. One of the members may however read the text of his motion.

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের পূর্বে কংগ্রেস-এর প্রার্থী মনোনীত হয়ে নমিনেশন

পপার ফাইল করলে সংখ্যাগরিষ্ঠ শাসক দলের এক শ্রেণীর সমর্থক ও দলীয় কর্মীরা উদ্দেশ্য প্রণোদিত হয়ে তাদের উপর নানাভাবে দমন পীড়ন শুরু করেছে। ফলে সর্বত্র সন্ত্রাসের সৃষ্টি হচ্ছে।

Mr. Speaker : As regards the first motion tabled by Shri Deba Prasad arkar which relates to influx of refugees from Assam into West Bengal, I ıform the House that the motion is in order and I have given my consent nder rule 59 of the Rules of Procedure and Conduct of Business in the West lengal Legislative Assembly. I will now request Shri Deba Prasad Sarkar to ılace his motion.

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

কেন্দ্রের কংগ্রেস সরকার এবং বিচ্ছিন্নতাকামী উগ্র আঞ্চলিকতাবাদী এই উভয় শক্তির নীতি ও ক্রিয়া কলাপের দরুন ভাষা, ধর্ম, জাতি নির্বিশেষে আসামের সমস্ত অংশের জনসাধারণ বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায় ভ্রাতৃঘাতী দাঙ্গা ও গণহত্যার বলি হয়ে নিরাপত্তার অভাব অনুভব করছেন এবং হাজার হাজার মানুষ আসাম থেকে বাস্তুচ্যুত হয়ে পশ্চিমবাংলায় এসে আশ্রয় নিয়েছেন এবং নিচ্ছেন। এই পরিস্থিতি এখনো অপরিবর্তিত। ঘটনাটি উদ্বেগজনক এবং এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে হবে। আসাম থেকে আগত উদ্বাস্তুদের শুধু মাত্র অর্থনৈতিক পুনর্বাসনই নয় তাদের জীবন ও সম্পত্তির পূর্ণ নিরাপত্তার স্বার্থে অবিলম্বে আসামে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা এবং এই উদ্দেশ্যে এক অনুকূল সামাজিক এবং গণতান্ত্রিক পরিবেশ গড়ে তোলা প্রয়োজন।

Mr. Speaker : Under Rule 63(1)—I read out the rules for information of the members—it says 'the Speaker, if he gives consent under rule 59 and holds that the matter proposed to be discussed is in order, shall, after the questions and before the list of business is entered upon, call the member concerned who shall rise in his place and ask for leave to move the adjournment of the House'. It is the first matter to be taken up. Now under rule I have to take the consent of the House. As many as are of the same opinion will please say 'Ayes'. As many as are of the contrary opinion will please say 'Noes'.

(Voices—Yes)

So, with the consent of the House this motion will be taken up for

discussion. There is another rule. The maximum time limit as given in the rule is 2 hours for discussion of this motion. No speech during the debate shall exceed fifteen minutes in duration. So, I will request the honourable members to keep in mind that the maximum time limit is 2 hours and no member can speak for more than 15 minutes. Now, I call upon Shri Sarkar to speak on his motion.

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকমাস ধরে আসামে যে ভয়াবহ এবং বীভৎস হত্যা-কাণ্ড এবং ধ্বংসলীলা চলছে তার ফলে ইতিমধ্যেই হাজার-হাজার মানুষ, নারী শিশু, বৃদ্ধ নির্বিশেষে আসাম থেকে বাস্তুচ্যুত হয়ে প্রতিনিয়ত আশ্রয়ের জন্য পশ্চিমবাংলায় আসছেন এবং ইতিমধ্যেই আসাম থেকে পশ্চিমবাংলায় আগত এই উদ্বাস্তুর সংখ্যা ২৫ হাজারের উপর অতিক্রম করে গেছে। বর্তমানে আসামে এই পরিস্থিতি আজও অপরিবর্তিত, ফলে অনতি-বিলম্বে আসাম থেকে উদ্বাস্তুর আগমন বন্ধ হওয়ার কোন লক্ষণ আজও পরিলক্ষিত হচ্ছে না। ফলে অত্যন্ত উদ্বেগজনক সমস্যা দেখা দিয়েছে এবং যেটা আরও অত্যন্ত দুঃখের এবং লজ্জার বিষয়, আসাম থেকে আগত উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসন, জীবন ও সম্পত্তির নিরাপত্তা বিধানের জন্য কেন্দ্রীয় সরকারের যে নির্লজ্জ নিষ্ক্রিয়তা এবং দায়িত্বজ্ঞানহীনতার যে পরিচয় দিচ্ছে তাতে পশ্চিমবাংলার মানুষ স্তম্ভিত, স্তম্ভিত সমস্ত গণতন্ত্রপ্রিয় শুভবুদ্ধি সম্পন্ন মানুষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আসামে যে ভ্রাতৃঘাতী দাঙ্গা এবং যে গণহত্যা হয়েছে এবং আজও যেটা শেষ হয়ে যায়নি সেই গণহত্যা বেইরুটে ইজ্রায়েল যে গণহত্যা ঘটিয়েছিল—আমি বলতে বাধ্য হচ্ছি সেই গণহত্যাকে আসামের গণহত্যা ছাপিয়ে গেছে, ১০ হাজারেরও উপর মানুষ আসামে এই মর্মান্তিক গণহত্যায় বলি হয়েছে। এটা গোটা ভারতবর্ষের গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে একটা কলঙ্ক।

[1.10—1.20 P.M.]

গোটা দুনিয়ার সামনে ভারতবর্ষের এক কলঙ্কজনক নজির স্থাপিত হয়েছে, যে কলঙ্ক কোন দিন মোছার নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে আসামের এই সর্বনাশের জন্য দায়ী কে? একি শুধু বিচ্ছিন্নতাবাদী আঞ্চলিকতা-বাদীদের জন্য? বাস্তব ঘটনা বলছে, শুধু ঐ বিচ্ছিন্নতাকামী আঞ্চলিকতাবাদীরাই যুক্ত নয়, এর পাশাপাশি কেন্দ্রের ইন্দিরা কংগ্রেসের সরকার, স্বয়ং প্রধানমন্ত্রী শ্রীমতী

ইন্দিরা গান্ধীর এই সর্বনাশা ঘটনার জন্য দায়দায়িত্ব কম নয়। এই কথা আমি দায়িত্ব নিয়ে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেকোন প্রকারে নির্বাচনে জয়লাভ করার উদ্দেশ্যে ইন্দিরা গান্ধী কেন্দ্রের ইন্দিরা সরকার সেখানকার বিচ্ছিন্নতাবাদী 'আন্দোলনের পূর্ণ সুযোগ নেবার চেষ্টা করেছেন। তাঁরা আসামের বিভিন্ন ভাষভাষী মানুষ, বিভিন্ন ধর্মাবলম্বী মানুষ তাদের মধ্যে বিদ্বেষ, হানাহানি সৃষ্টি করে ভ্রাতৃঘাতী দাঙ্গায় তাদেরকে লিপ্ত করেছেন। নিজেদের নির্বাচনের স্বার্থে ভ্রাতৃঘাতী দাঙ্গাকে আরও ইনটেনসিভ করতে বিন্দুমাত্র দ্বিধা করেননি। এই কথা আমি বলছি, এর প্রমাণ আসামের নির্বাচনে স্বয়ং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী তাঁর যে-সমস্ত নির্বাচনী ভাষণ, সেই নির্বাচনী ভাষণগুলিই তার জ্বলন্ত প্রমাণ। মুসলিম অধ্যুষিত এলাকায় বলেছেন যে মুসলিমরা যদি এখানে থাকতে চায় তাহলে তাদের ইন্দিরা কংগ্রেসকে ভোট দিতে হবে। ভোট না দিলে তারা থাকতে পারবে না। আশ্চর্যের কথা, একজন প্রধানমন্ত্রীর দায়িত্বশীল পদে থেকে এই ধরনের নির্বাচনী ভাষণ শুধু অসাংবিধানিক নয়, অমানবিক, অগণতান্ত্রিক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের মুসলিম সম্প্রদায়রা সংখ্যালঘু হতে পারেন কিন্তু তাঁরা ভারতবর্ষের নাগরিক। দে আর নো লেস দ্যান এ সিটিজেন। তাঁদের নাগরিক অধিকার কোন দিক থেকে অন্যান্য সম্প্রদায়ের মানুষের থেকে কোন অংশে কম নয়। আজকে এটাই ট্রাজেডি, আমরা সেকুলার ষ্টেট বলি কিন্তু আজকে মাইনরিটি কমিউনিটিরা নিরাপত্তা নিয়ে থাকতে পারছে না। এটাই দুভাগ্যের কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই অভিযোগের সত্যতা, আপনি জানেন যে নির্বাচনের সময়ের প্রতিটি ঘটনার কথা। তাঁরা যে নির্বাচন বয়কট শ্লোগানের পূর্ণ সুযোগ নিতে চেয়েছিলেন তার প্রমাণ যে চারটি কেন্দ্রে লেফ্‌ট ডেমোক্রেটিক এ্যালিয়েন্স তাঁদের প্রার্থী দিতে পারেন নি। ভায়োলেন্স হল অথচ কংগ্রেস (ই) নির্বিঘ্নে তাদের প্রার্থীর মনোনয়নপত্র জমা দিয়ে ঐ চারটি কেন্দ্রে অপ্রতিদ্বন্দ্বী হয়ে জিতে গেল। যেখানে লেফ্‌ট এ্যাণ্ড ডেমোক্রেটিক এলায়েন্সের শক্ত ঘাঁটি সেখানেই বয়কট শ্লোগান মারাত্মকভাবে রূপ নিল। অথচ আমরা জানি গোয়ালপাড়া জেলায় বহিরাগত মুসলিম সংখ্যাধিক্য থাকা সত্ত্বেও, ৮০ পারসেণ্ট থাকা সত্ত্বেও সেখানে হঠাৎ নির্বাচন বয়কটের শ্লোগান মারাত্মক রূপ নিল, অথচ সেখানে কোনদিন বিদেশী বিতাড়নের আন্দোলন ছিল না। নির্বাচনের প্রাক্কালে শুরু হয়ে গেল। এই যে ক্যাটাসট্রফি এর পিছনে বিচ্ছিন্নতাবাদীদের নামে কেন্দ্রীয় সরকারের একটা মুখ্য ভূমিকা ছিল। বি. জে. পি., জনতা, লোকদল প্রভৃতি সুবিধা-বাদী রাজনীতিক দল এই বয়কট শ্লোগান সমর্থন করে একটা প্রতিক্রিয়াশীল

আন্দোলন বিদেশী বিতাড়ণের নামে কার্যতঃ ভারতবর্ষের নাগরিকদের খেদাবার দাবীকেই সমর্থন করেছে। গণতন্ত্রের স্বার্থে এদের স্বরূপও জনসমক্ষে উৎঘাটিত হওয়া প্রয়োজন।

আজকে আসামে গণতান্ত্রিক আন্দোলনকে পুনরুজ্জীবিত করবার স্বার্থে বি জে পি, জনতা এবং লোকদলের চরিত্র জন সমক্ষে উদঘাটিত হওয়া দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আসামের প্রকৃত সমস্যাটা কি? আজকে আসামের প্রকৃত সমস্যাটা, আমরা জানি আসাম অর্থনৈতিক দিক থেকে চূড়ান্ত অনগ্রসর রাজ্য এবং বিগত ৩০ বছর ধরে আসামের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক দাবী উপেক্ষিত হয়ে এসেছে। ফলে আসামের জনগণের স্বাভাবিকভাবেই এই উপেক্ষার বিরুদ্ধে বিক্ষোভ, অসন্তোষ এটা ছিল। আমরা জানি আসামে দীর্ঘদিন ধরে একটা অনুপ্রবেশ ঘটেছিল, যার ফলে আসামবাসীদের মধ্যে একটা বিক্ষোভ সৃষ্টি হয়েছিল, অসমীয়া ভাষা এবং সংস্কৃতির মর্যাদা ক্ষুন্ন হতে পারে বলে একটা আশঙ্কাও তাঁদের ছিল। ঐ বিক্ষোভ, ঐ দাবীকে আজকে বিচ্ছিন্নতাবাদী, আঞ্চলিকতাবাদী শক্তি মানবিক দৃষ্টিকোণ থেকে, সঠিক দৃষ্টিকোণ থেকে সমাধানের চেষ্টা না করে তাকে বিপথে পরিচালনা করবার চেষ্টা করেন এবং বিদেশী বিতাড়ন ও আঞ্চলিকতাবাদী রূপ দেন। আমরা সেখানে স্বাভাবিকভাবেই আসাম সমস্যা সমাধানের নির্দিষ্ট প্রস্তাব আমাদের দলের পক্ষ থেকে রেখেছিলাম, ৪টি দাবী কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছিলাম। প্রথমতঃ, আমরা বলেছিলাম আসাম সমস্যা সমাধানের ক্ষেত্রে এই যে অনুপ্রবেশ সমস্যা, এটা নিশ্চয়ই একটা সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য আসামবাসীদের নিশ্চিত করবার জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আন্তর্জাতিক সীমারেখা সুরক্ষা করবার, নির্দিষ্ট করবার দাবী আমরা রেখেছিলাম। দ্বিতীয়তঃ আমরা বলেছিলাম আসামবাসীরা মর্যাদা ক্ষুণ্ণ হচ্ছে বলে যে আশঙ্কা করছেন, তাঁদের এই আশঙ্কা দূর করবার জন্য, আসামবাসীদের স্থানীয় সাংস্কৃতিক মর্যাদা রক্ষা করবার জন্য সাংবিধানিক পথ প্রণয়নের ব্যবস্থা করা হোক। তৃতীয়তঃ, আমরা দাবী করেছিলাম আসামবাসীদের অনগ্রসরতার হাত থেকে রক্ষা করবার জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আসামে গুরুত্বপূর্ণ শিল্প স্থাপনের ব্যবস্থা নেওয়া হোক। আমরা চতুর্থ দাবী রেখেছিলাম, বিদেশী সংক্রান্ত যে সমস্যা এই সমস্যাটা মানবিক দৃষ্টিকোণ থেকে সমাধানের ব্যবস্থা নেওয়া হোক—এই দাবী চারটি আমরা রেখেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আসামের ন্যায়সঙ্গত দাবী এগুলো, বাস্তব সমস্যা সমাধানের দাবী। কিন্তু বিদেশী বিতাড়নের মাধ্যমে এবং আঞ্চলিকতাবাদের মধ্যে দিয়ে এই আসাম সমস্যার সমাধান

হতে পারে না। এর সমাধান করতে হলে সমস্ত ভাষাভাষী, সমস্ত ধর্মাবলম্বী, সমস্ত উপজাতির লোককে ঐক্যবদ্ধ করে বাম-গণতান্ত্রিক আন্দোলনকে জোরদার করে, তাকে শক্তিশালী করে এবং সম্প্রসারিত করে যদি এগিয়ে যেতে পারে—সেই পথেই একমাত্র আসামের মানুষের, তাঁদের ন্যায়সঙ্গত দাবীগুলির পূর্ণ সমাধান হতে পারে। আজকে সেই প্রচেষ্টাকে, আসামের সমস্যা সমাধানের পথকে বন্ধ করে দেওয়া হয়েছে ঐ তিন শক্তির সাহায্যে—বিচ্ছিন্নতাবাদী শক্তি, ইন্দিরা কংগ্রেস এবং বি জে পি প্রমুখ দল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলবো, আসামে আজকে যে আগুন জ্বলেছে যে দাবী উঠেছে তার সমাধান, নিরসনের জন্য একদিকে বাম ও গণতান্ত্রিক আন্দোলন জোরদার করা, সাথে সাথে এই দাবী রাখবো এই সভার পক্ষ থেকে, অবিলম্বে আসামের মানুষের শুধু অর্থনৈতিক পুনর্বাসনই নয়, আজকে যে ম্যাসাকার ঘটে গেছে সেখানে, তার সার্বিক নিরসনের জন্য কেন্দ্রীয় সরকারকে দায়-দায়িত্ব পালন করবার জন্য এগিয়ে আসতে হবে, যুদ্ধকালীন তৎপরতা নিয়ে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। শুধু অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থাই নয়, আসামের সমস্ত ভাষাভাষী, উপজাতি, ধর্মাবলম্বী মানুষ যাতে পরস্পরের সঙ্গে ভ্রাতৃত্ববোধ নিয়ে পাশাপাশি নিরাপদে বসবাস করতে পারেন এমন মানসিক এবং সামাজিক অবস্থা, এমন শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করবার জন্য কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব নিতে হবে। তাদের সমস্ত রকম পূর্ণাঙ্গ অর্থনৈতিক পুনর্বাসন, ত্রাণ এবং সমস্ত রকম জীবনের সম্পত্তি রক্ষার দায়িত্ব পর্যন্ত কেন্দ্রীয় সরকারের যুদ্ধকালীন ভিত্তিতে পালন করা দরকার। এই কথা বলে আমি আপাততঃ বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The motion will be taken up for discussion at 6-30 p.m.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 4 Notices of Calling Attentions, namely :

1. Alleged malpractice adopted by the Vice Chancellor alongwith other concerned Departments of University of Clacutta on the result of a failed candidates of M.B.B.S., Part-III examination. — Dr. Manas Bhunia
2. Scarcity of drinking water in Howrah — Shri Asoke Ghosh

3. Dead-lock in Bankura Christian College — Shri Kasinath Misra
4. Alleged setting fire to the house of a Congress (I) candidate of Panchayat Election. — Shri Saty Ranjan Bapı

I have selected the notice of Shri Satya Ranjan Bapuli on the subje of Alleged setting fire to the house of a Congress (I) candidate of Panchay Election.

Minister-in-charge may please make a statement to-day, if possible, or give date.

Shri Patit Paban Pathak : On 22nd April, 1983.

[1-20—1.30 P.M.]

Laying of the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1983-84.

Shri Nani Bhattacharya : Sir, in accordance with the provision under Sub section 3 of Section 44 of the Damodar Valley Corporation Act, 1948, I beg to lay before the House the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1983-84 for information of the Members of the House.

Laying of the Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1981-82.

Shri Nani Bhattacharya : Sir, in accordance with the provision under Section 45(5) of the Damodar Valley Corporation Act, 1948 beg to lay before the House the Annual Report of the Damodar Valley Corporation for the year 1981-82 for information of the Members of the House.

Mention Cases

মিঃ স্পীকার : নাউ মেনসান কেস।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গতকাল্য এই বিধানসভায় পুলিশ বাজেট আলোচনা হয়ে গেছে। আলোচনার সময় মুখ্যমন্ত্রী

বলেছেন যে পুলিশের ইনটেলিজেন্স কমে গেছে এবং তার জন্য পশ্চিমবাংলায় আজ এই দুরবস্থা। এই জন্য এই ব্যাপারে আমি একটা কথা এখানে রাখতে চাচ্ছি। পশ্চিমবাংলায় পুলিশের যদি ইনটেলিজেন্স নষ্ট হয়ে যায় এবং মাননীয় মুখ্যমন্ত্রী বা পুলিশ মন্ত্রী যদি এটা বুঝতে পারেন—গতকাল বিধানসভায় বক্তব্য রাখার সময় মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন—তাহলে আমি পরিষ্কার ভাবে জানতে চাই মাননীয় পুলিশ মন্ত্রী তাঁর আই জি, পুলিশ কমিশনার এবং ঊর্ধ্বতন পুলিশ এবং পুলিশ অফিসারদের অবিলম্বে বরখাস্ত বলে ঘোষণা করবেন কিনা? তাঁর ঐ সমস্ত অদক্ষ অফিসারদের জন্য পশ্চিমবাংলার আজকে এই দুরবস্থা। তাঁদের অবিলম্বে পরিবর্তন করা দরকার। যারা দক্ষ অফিসার আছেন তাঁদের এই সমস্ত দায়িত্বপূর্ণ প্রশাসনিক কাজে লাগানো উচিত যাতে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার যে অবনতি হয়েছে সেটা দূর হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি যে পশ্চিমবাংলায় পুলিশ ইনটেলিজেন্সিয়া বলে কিছু নেই। এই কথাটা মাননীয় পুলিশমন্ত্রী ঠিকই বলেছেন। এটা রাজনৈতিক কারণে হোক বা অন্য কোন কারণে নষ্ট হয়ে গেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো তিনি যেন এই সমস্ত অদক্ষ পুলিশ অফিসারদের বরখাস্ত করেন। এটা আমি আপনার মাধ্যমে রাখতে চাচ্ছি কারণ এর সাথে পশ্চিমবাংলার মানুষের স্বার্থ জড়িত।

Shri Abdur Rauf Ansari : Sir, in the year 1981 about 337 false applications were made to the West Bengal Haj Committee. The amount was Rs. 7 lakhs. Later on it was disclosed that one of the staff who went to Bombay returned Rs. 5 lakhs. Again in 1982 about 500 false applications were made amounting to Rs. 13 lakhs. That money has also been returned. Nobody has been punished for that, although at the bottom of each application it is printed that if the application is false the money will be forfeited and will not be returned ; rather prosecution will be made. I will request the Hon'ble Minister-in-charge to make a judicial inquiry into it and to place the report before the House so that we can know how these things happened.

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, লা মার্টিনিয়র স্কুল কলকাতার মধ্যে একটি বিখ্যাত স্কুল। সেই স্কুলে ধর্মের নামে কি অদ্ভুত এব ব্যাপার চলছে সে সম্বন্ধে আমি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের প্রতি একই সঙ্গে দৃষ্টি আকর্ষণ করছি। লা মার্টিনিয়র স্কুলটি বর্তমানে ধর্মের নামে এব ডাইওসেসান এ্যাসোসিয়েশানের নামে এক বিশৃঙ্খল অবস্থার মধ্যে দিয়ে চলছে

এই স্কুলটি যাঁর ইচ্ছাতে প্রথমে তৈরী হয়েছিল তিনি হচ্ছেন জেনারেল ক্লড মার্টিন। স্কুলটি প্রতিষ্ঠার জন্য সুপ্রিম কোর্টের কাছে যাওয়া হয়েছিল। তখন সুপ্রিম কোর্ট কলকাতাতেই ছিল। সুপ্রিম কোর্টের এক স্পেশ্যাল ডিক্রিতে এবং তদানীন্তন গভর্নর জেনারেল অফ ইণ্ডিয়া —এক্স অফিসিও গভর্নর—থাকবেন ট্রাষ্টী কমিটির, ক্লড মার্টিনের এই ইচ্ছানুসারে স্কুলটি ১৮৩২ খৃষ্টাব্দে প্রথম তৈরী হয়েছিল। যে নীতির উপর ভিত্তি করে স্কুলটি তৈরী হয়েছিল, তাকে আপাত দৃষ্টিতে একটি ধর্মীয় প্রতিষ্ঠান হিসাবে গণ্য করে এখন ব্যবহার করা হচ্ছে। কিন্তু সংবিধানের ৩০/১ ধারা মতে এটি আদৌ কোন ধর্মীয় প্রতিষ্ঠান নয়। কারণ ডিক্রি পাসড্ বাই দি সুপ্রিম কোর্ট এ্যাট দি ডিজায়ার অফ মিঃ ক্লড মার্টিন, তাঁর ইচ্ছানুসারে, তাঁর উইল অনুসারে এটি তৈরী হয়েছিল টু হেল্প্ এ্যাণ্ড টু এডুকেট দি জেনারেল পিপ্ল অফ ক্যালকাটা এ্যাণ্ড নর্দার্ন ইণ্ডিয়া—এরই পরিপ্রেক্ষিতে স্কুলটি তৈরী হয়েছিল। ইদানীংকালে আমরা দেখতে পেলাম যে, মিঃ সিডনী ঘোষ এবং কে কে দত্ত—ইনি পুলিশের একজন অফিসার ছিলেন, ১৯৫২ সালের ক্যালকাটা গেজেটে এটা আছে, তাঁকে পরে সার্ভিস থেকে বিমুক্ত করা হয়েছিল, তিনি সাসপেণ্ড হয়েছিলেন—এঁরা ওখানে আছেন। বর্তমানে লা মার্টিনিয়র স্কুলকে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণতঃ করার জন্য চক্রান্ত করে চলেছেন। ঐ স্কুলের ৩৩ কাঠা জমি ট্রাষ্টী প্রপারটি—একজন মিঃ চামারিয়াকে, যিনি দামোদর রোপওয়ে কর্পোরেশনের মালিক, তাঁকে বিক্রি করা হয়েছে। স্কুলের খেলার মাঠে কনষ্ট্রাকশানের কাজ করতে গেলে অবজেকশান জানানো হয়। তখন স্কুলের প্রাক্তন ছাত্রেরা এই বাধা অপসারণের জন্য হাইকোর্টে কেস করেন। স্যার, আমাকে বলতে আরও কিছু সময় দিন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি একে এ্যাভয়েড করছেন কেন ?

[1.30—1.40 P. M.]

শ্রীহারাধন রায়ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইষ্টার্ণ কোলফিল্ডে যে সমস্ত কোলিয়ারী আছে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সেখানে শ্রমিকদের মধ্যে বিক্ষোভ এবং অসন্তোষ সৃষ্টি করার চেষ্টা চলছে। কয়লা দপ্তরের দামোদর কোলিয়ারী রাণিগঞ্জ থানার অন্তর্গত। এই কোলিয়ারীর কর্তৃপক্ষ অকস্মাৎ কোন নোটিশ না দিয়ে, পশ্চিমবঙ্গ সরকারকে না জানিয়ে, ক্লোজার ঘোষণা করেছেন। আমার দ্বিতীয় কথা হচ্ছে, এই সমস্ত কয়লা-

খনির সমস্ত কয়লা বাইরে পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং সমস্ত কোলফিল্ড গুলিতে লক্ আউট ঘোষণা করার চেষ্টা করছে। দামোদর কোলীয়ারীর সমস্ত কয়লা এক্সট্রাকশন করে নেওয়া হচ্ছে। অমৃতনগর কোলিয়ারী দামোদর কোলিয়ারীর সাথে সংযোগ স্থাপন করে লক আউট করার চেষ্টা করছে, যাতে শ্রমিক বিরোধ বাধে এবং তারা পঞ্চায়েতে অংশগ্রহণ না করতে পারে। সুতরাং পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে অবিলম্বে সেখানে যেভাবে লক্ আউট ঘোষণা করা হচ্ছে এবং ক্লোজার ঘোষণা করার চেষ্টা করছে তাতে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের প্রয়োজন। সেই জন্য আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅশোক ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল এই—আমার প্রশ্নের লিখিত উত্তরে কোন কোন প্রেসকে বলেছেন পৌরমন্ত্রী যে হাওড়ার করপোরেশন নিবাচন এই বছরের শেষের দিকে হবে। তার প্রস্তুতি শুরু হয়ে গেছে। জেলা শাসক এবং এস. ডি. ওর তত্বাবধানে বেশ কিছু এনুমারেটর বাজারে ছড়িয়েছে। এতে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামপন্থী সরকারের ভোটারস্ লিষ্ট তৈরি হচ্ছে। যাদের ১৮ বছর বয়স হয়েছে তাদের তালিকা তৈরি হচ্ছে এবং এতে গত বিধান সভার তালিকা সামনে রাখা হচ্ছে না। এই এনুমারেটররা ভোটারস্ লিষ্টের জন্য কমরেডদের কাছে যাচ্ছে এবং সি. পি. এম. পার্টি অফিসে যাচ্ছে এবং তাদের নির্দেশ অনুযায়ী ভোটারস্ লিষ্ট তৈরি হচ্ছে। ১৯৮২ সালে যেভাবে বিধানসভা নির্বাচনে প্রহসন ঘটেছিল, হাওড়া পৌরসভা নিবাচন এই বছরের শেষে দিকে যেটা হবে সেটায় যেন ওই রকম ঘটনা না ঘটতে পারে। এই জন্য পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে তিনি জেলা শাসক এবং এস. ডি. ও. কে নির্দেশ দেন এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য।

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা মেডিকেল কলেজ-গুলিতে ছাত্র-ছাত্রীদের এ্যানাটমি পড়ানোর জন্য ডেড বডি লাগে। সেই ডেড বডিগুলি আনক্লেমড্ হওয়া দরকার। বেশ কিছু দিন ধরে দেখছি এই ডেড বডিগুলি নিয়ে একটি ব্যবসা খোলা হয়েছে। বিদেশের মার্কেটে এই ডেড বডি থেকে, আনক্লেমড্ বডি থেকে, যে অস্থি পাওয়া যায় সেগুলি বাইরে পাচার করা হয়। সেই অস্থির সেপগুলি ৭-৮ হাজার টাকায় বিক্রি হয়। এই ধরণের বডি মেডিকেল

কলেজগুলিতে পাওয়া যাচ্ছে না। কারণ এই বডিগুলি দিয়ে ২০ জন ছাত্র করে এরা একটি আনক্লেমড্ বডি নিয়ে পড়াশোনা করে। মেডিকেল কাউন্সিলের এই ব্যাপারে একই অভিমত। নীলরতন মেডিকেল কলেজ, আর জি কর মেডিকেল কলেজ, স্থাশানাল মেডিকেল কলেজ প্রভৃতি কলেজগুলিতে অস্থি পাওয়া যাচ্ছে না। ফলে বডিগুলি নিয়ে ছাত্ররা পড়াশোনার জন্য ডিসেকশন করতে পারছে না। এর ফলে ছাত্র-ছাত্রীরা এক একটি বডির ডিসেকশনের ব্যাপারে ৭০-৮০ জন ছাত্র এতে হুমড়ি খেয়ে পড়ছে। আনক্লেমড বডি ডিটেকটেভের ব্যাপারে এ্যানাটমির প্রফেসারের কাছে যাই এবং তার কাছ থেকে জানতে পারি যে, এই বডি ডিটেকশনের ব্যাপারে ২০ জন করে ছাত্র সঠিকভাবে বডি ডিসেকশন করলে এবং অস্থি বা বোন নিযে গবেষণা করলে ভালো হয়। সেই জন্য অনুরোধ করছি আপনি এই ব্যাপারে একটু দৃষ্টি দেবেন।

Shri Abdur Rauf Ansari : Sir, I would draw the attention of the Labour Minister to a very important matter. In C.M.D.A. area the Government has fixed a rate for Biri mazdoor at Rs. 16.72 paise per thousand. Sir, there is a C P.M. union as well as a Congress Union. Both of them agreed to concede to this rate. Both the unions decided that they will not agree to any rate lower than this. But, Sir, the CPM union which claims to look after the workers' interest very much have unilaterally agreed to a rate of Rs. 15.21 paise although the Government rate is Rs. 16·72 paise. The C.P.M. union has also signed an agreement with the big industrialist, big malik that they are agreeable to work in the rate of Rs. 15.21 paise thus betraying the cause of the poor Biri workers.

So, I want to draw the attention of the Labour Minister as well as of the Chief Minister in this matter.

শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। সমস্ত পশ্চিমবাংলায় বিশেষ করে কয়লাখনি এলাকাতে ব্যাপকভাবে যে কয়লা চুরি হচ্ছে সে বিষয়ে বলতে চাই। বাঁকুড়ার প্রস্তাবিত শালতোড়ার মেজিয়াতে কয়লা চুরি হচ্ছিল। কয়েকদিন আগে বাঁকুড়ার শালতোড়ায় প্রায় ২২ লক্ষ টাকার প্রশাসন ও পুলিশের সহযোগিতা নিয়ে কয়লা যারা পাচার করে তাদের ট্রাক সমেত ধরেছে। আমি আপনার মাধ্যমে প্রস্তাব রাখছি ষ্টেট থেকে এগুলি কনফিসকেট করার ব্যবস্থা করুন। রাজ্য এবং কেন্দ্র পরস্পর অর্থনৈতিক সোপান গড়ার জন্য কয়লাখনিকে যেখানে জোরদার করছেন সেখানে যাতে লক্ষ লক্ষ টাকার কয়লা চুরি বা পাচার না হয় সেটা দেখা উচিত।

শ্রীহাজারী বিশ্বাস ঃ স্যার, এই হাউসে বিরোধী দলের নেতা সাত্তার সাহেব গত সপ্তাহে একটা অসত্য কথা এখানে বলে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করেন। গত ২৯/৩/৮৪ তারিখে মুর্শিদাবাদ জেলার সিংগা গ্রামে সিরাজ মণ্ডল, আব্দুল কালাম ঘণ্টায় ১ টাকা করে ৬ ঘণ্টার জন্য ৬ টাকায় ক্ষেতমজুর নিয়োগ করে। কাজ করার পর ক্ষেতমজুররা যখন তাদের মজুরী আনতে যায় তখন মজুরী দিতে অস্বীকার করে। এ নিয়ে মেরসাদ তাহাসেন, এরকান এবং অন্যান্য ক্ষেত-মজুরদের সাথে সিরাজ মণ্ডলেব ছেলেদের এবং বদরুদ্দিন মণ্ডলের ছেলে আবুল কালামের বাদানুবাদ হয়। এমতাবস্থায় বদর মণ্ডলের ছেলে আবুল কালাম ক্ষেতমজুরকে মেরসাদ এবং এরফান গলাধাক্কা দেয়, চড়-চাপড় মারে। এ জন্য সন্ধ্যাবেলায় কৃষক সমিতি এবং যুব-ফেডারেশনের উদ্যোগে শান্তিপূর্ণ মিছিল করে ন্যায্য মজুরি না দেওয়ার জন্য প্রতিবাদ জানানো হয়। পরদিন সকালে যুব কংগ্রেস (ই) সশস্ত্র ভাবে সাদেক আলী এবং নিতাই মণ্ডল প্রমুখের নেতৃত্বে ইউসুফ আলি বাড়ি আসে এবং জবাব চায় কেন সে ক্ষেতমজুরদের ক্ষেপাচ্ছে। ইউসুফ আলি ক্ষেতমজুরদের ন্যায্য মজুরির ব্যাপারে কথা বলতে গেলে ওরা তাকে আক্রমণ করায় সে ঘরে ঢুকে দরজা বন্ধ করে দিলে তখন তার মা, ভাই, স্ত্রীকে ভীষণভাবে যখম করে, মারে এবং তার আড়াই বছরের ছেলেকে ধরে আছাড় মারে। তাদের হাসপাতালে নিয়ে যেতে দেওয়া হয় না। তাদের নামে এফ. আই. আর. করা হয়েছে। ৩১/৩/৮৩ তারিখে ১৫০০ মানুষের শান্তিপূর্ণ মিছিল হয় এবং সেই মিছিলটি সিরাজ মণ্ডলের বাড়ীর পাশের রাস্তা দিয়ে যাবার সময় সিরাজ মণ্ডল তার ছাদ থেকে গুলি করে তাতে একজন ভীষণ জখম হয়, দু'জন অল্প জখম হয়। এফ. আই. আর. করা হয়েছে।

শ্রীকুমুদ রঞ্জন বিশ্বাস ঃ স্যার, আপনার মাধ্যমে বলছি যে, বসিরহাট-নেজাট যে ৭২ নং বাস রুট আছে তার অবস্থা খুব খারাপ। এটা দিয়ে সরকারী, বেসরকারী বাস ছাড়াও ট্রাক, লরি যাতায়াত করে।

[1.40—1.50 P. M.]

সন্দেশখালি, গোসাবা, হিংগলগঞ্জ এলাকায় বহু ট্রাক এখান থেকে যায়। এই রাস্তায় কয়েকটি পুল আছে তা অত্যন্ত খারাপ, এগুলি কাঠের নির্মিত পুল, এগুলি রিপেয়ার করা দরকার এবং পাকা ব্রীজ যাতে তৈরী হয় এবং রাস্তা যাতে

প্রশ্রস্তভাবে তৈরী হয় তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তা না হলে অদূর ভবিষ্যতে যেকোন সময় বিপদ ঘটতে পারে। গত ৩/৪ দিন আগে চালতাবেড়িয়া ব্রীজটা খারাপ হয়ে গেছে, সেখানে ট্রাক যেতে পারছে না। এদিকে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া শহরে গোলাবাড়ী থানাটা অত্যন্ত পুরানো, ২০০ বছরের পুরানো একটা বাড়ীতে এই থানা চলছে, এই বাড়ীটা মিউনিসিপ্যালিটি কনডেম করে দিয়েছে। সেই বাড়ীতে অফিসাররা কাজ করতে পারছেন না, অত্যন্ত ডেঞ্জারাস কন্ডিশানে রয়েছে। কয়েদীরা যে ঘরেতে থাকে সেই ঘর থেকে গ্যাস বেরোয়, ফলে আশেপাশের লোক থাকতে পারছে না। সেখানে কোন ব্যারাক নেই। এই ব্যাপারটা পুলিশ সুপারিনটেন্ডেণ্টের কাছে বলাতে তিনি বলেছেন, আমরা বহু চেষ্টা করা সত্ত্বেও আজ পর্যন্ত এর কোন বিহিত হয়নি। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি তিনি এনকোয়ারী করে দেখে এখনই একটা ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা সংবাদের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুগান্তর পত্রিকায় একটা সংবাদ প্রকাশিত হয়েছে যে, কুচবিহারে হোমিওপ্যাথি কলেজ প্রকল্প বাতিল। আমি অত্যন্ত উদ্বিগ্ন এই সংবাদে। কারণ, ১৯৮০ সালের ২১শে নভেম্বর তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় এই হোমিওপ্যাথি কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন ক্যাবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী। আজকে যে সংবাদ প্রকাশিত হয়েছে তাতে দেখা যাচ্ছে ২৯শে ডিসেম্বর পূর্ত দপ্তরের চীফ ইঞ্জিনিয়ার জানিয়ে দিয়েছেন যে, এই প্রকল্প বাতিল। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সংবাদ বলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই স্বাস্থ্যমন্ত্রী এই সম্পর্কে একটা বিবৃতি দিন। কারণ, এই পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে যে সংবাদ প্রকাশিত হয়েছে, এটা সত্য কি মিথ্যা জানি না, এর প্রতিক্রিয়া ওখানকার মানুষের উপর প্রস্তাব বিস্তার করবে। সেজন্য এই সম্পর্কে স্বাস্থ্যমন্ত্রী একটা বিবৃতি দিন।

শ্রীসেখ সিরাজ আলি : মিঃ স্পীকার, স্যার, আজকে পেপারে একটা খবর

বেরিয়েছে আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত খড়্গপুর ব্লক ১ এবং ব্লক ২—সেই ব্লক ২'তে আমাদের প্রার্থী পঞ্চানন কর ১৭ই এপ্রিল খুন হয়েছেন। যদিও থানায় আমরা ২/১ টা ডায়েরী করেছিলাম যে, নমিনেশান দেবার আগে কংগ্রেস (ই) আমাদের প্রার্থীকে ভয় দেখাচ্ছে বাড়ীতে বাড়ীতে গিয়ে যাতে প্রার্থী না দেওয়া হয়। যে অঞ্চলে পঞ্চানন কর খুন হয়েছে ঐ অঞ্চলের ৬ (২) অঞ্চলের প্রধান এবং উপ-প্রধানকে গম চুরি করার অপরাধে পায়ে ধরিয়েছিলেন সেই আক্রোশে এবং এবারে পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হয়েছেন বলে তাঁকে খুন করা হয়েছে। কংগ্রেস (ই) খড়্গপুরের ঐ অঞ্চলে যেহেতু একটাও সিট পাবে না, সেজন্য তারা সেখানে সন্ত্রাস সৃষ্টি করতে চেষ্টা করছে এবং খুনের পথ ধরেছে। তারই পরিণতি হিসাবে ১৭ তারিখে রাত্রি বেলায় পঞ্চানন করকে খুন করেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে অনুরোধ যাতে শান্তিপূর্ণ ভাবে পঞ্চায়েত নির্বাচন হয় তার ব্যবস্থা করুন এবং খুনীদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা নেওয়া হয় তার উদ্যোগ নেওয়ার জন্য আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅরুণ গোস্বামী ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিতে আনছি। গত ৬ই এপ্রিল রাত্রি বেলা কালনা গ্রামের বারুইপাড়াতে উমাপদ হালদার এবং কালিপদ হালদার এই দুই ভাই যখন তাদের নিজেদের জমিতে জল দিতে গেল তখন তাদের পুড়িয়ে মারা হয়। তাদের আত্মীয়স্বজনরা স্থানীয় উচ্চপদস্থ পুলিশ অফিসারকে ঘটনা জানিয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয় নি। স্থানীয় জনসাধারণ সন্দেহ করছে তদন্তের ব্যাপারটা চেপে দেওয়া হয়েছে। আমি পশ্চিমবঙ্গ সরকার এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি এই দুই ভাইকে রাত্রিবেলা পুড়িয়ে মারা হল সেই ব্যাপারে অবিলম্বে তদন্ত করা হোক এবং দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হোক। আজকে স্থানীয় গ্রামের মানুষরা ভয়ে বেরুতে পারছেন না এবং তারা সকলেই এই ব্যাপারে প্রতিবাদ জানিয়েছে। তাই আমি অনুবোধ করছি পুলিশমন্ত্রী অবিলম্বে এই ব্যাপারে তদন্তের নির্দেশ দিন এবং দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হোক।

Financial Voting on Demands for Grants

DEMAND No. 66

Major Heads : 332-Multipurpose River Projects, 333-Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532-Capital Outlay on

Multipurpose River Projects, and 533-Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects.

Shri Nani Bhattacharya : Sir, on the recommondation of the Governor, I beg to move that a sum of Rs. 1,24,97,87,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "332-Multipurpose River Projects, 333-Irriga-tion, Navigation, Drainage and Flood Control Projects, 532-Capital Outlay on Multipurpose River Projects and 533-Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects".

(This is inclusive of a total sum of Rs. 20,83,00,000 already voted on account in March, 1983).

The demand includes State Plan Outlay of Rs. 5,400.00 lakhs, Non-Plan expenditure of Rs. 7,092.93 lakhs (inclusive of charged expenditure amounting to Rs. 1.00 lakh) and Rs. 5.94 lakhs for Centrally Sponsored Schemes. The State Plan Outlay contains Rs. 3,574.00 lakhs for Major and Medium Irrigation and Rs. 1,826. 0 lakhs for Flood Control including Drainage, Bank protection and Anti-erosion works. The Non-Plan Outlays are meant for meeting expen-diture on maintenance and operation of completed schemes, the interest charges on capital invested and the estblishment costs.

Before explaining my Department's budget proposal I would like to draw the attention of the Hon'ble Members to the severe impact of the successive droughts on the irrigation iu our State. Hon'ble Members are aware that since 1979 West Bengal has been reeling under drought. With the expection of 1980-81 all these years the State has been visited by drought and the worst drought year during the last 35 years was 1982-83.

As a result of successive failure of monsoons and winter rainfall, the State faced the threat of a colossal loss of production of Kharif, Rabi and Boro crops. But the Left Front Government spared no pains to meet the challenge of the situation as it did during the disastrous floods of 1978.

Emergency Irrigation Measures

As you know, the prolonged drought caused severe stress in the storage reservoirs of our Major and Mediun Irrigation Projects. However, with constant monitoring at official level and with active involvement of the people of the affected areas and leaders of mass organisations, most judicious use of the water from these reservoirs could be made in the last Kharif and Rabi seasons. We could supply full irrigation to almost all areas within the D.V.C. command area even by drawing from dead storage at considerable risk. The demand for Rabi Irrigation in the Mayurakshi and the Kangsabati command area has been substantially met in addition to the full demand on the D.V.C. I am glad to say that supply of irrigation water from major, medium

and minor schemes has largely reduced our losses in food crops which would otherwise have been much greater. An idea of the watering for irrigation during Kharif and Rabi seasons can be had from the tables below :

Kharif Irrigation 1982

Name of Projects	1st watering	Final watering
	(*In lakh acres*)	
1. Kangsabati Project	4.57	0.65
2. Damodar Valley Project	8.00	7.33
3. Mayurakshi Project	5.39	2.69
	17.96	10.67

Rabi Irrigation (1982-83)

Name of the Project	Volume of water supplied	Area irrigated: District	Area irrigated: Area Irrigated (acres)
1. Kangsabati Project	15,747 Ac. ft. ...	Bankura ...	7,188
2. Damodar Valley Project	56,460 Ac. ft. ...	Burdwan ...	25,000
		Hooghly ...	19,000
		Bankura ...	2,000
		Howrah ...	800
			46,800
3. Mayurakshi Project	22,288 Ac. ft. ...	Birbhum ...	20,000
		Murshidabad	4,500
			24,500

Hon'ble Members would be relieved to learn that due to the emergency measures to extend irrigation facilities to the drought-affected areas, there has been unexpected production of bumper crops and another significant gain has been that people have come to put their trust in the utility of sharing irrigation water under a co-ordinated plan of the Government. I am not giving this information out of any complacence, for the floods and droughts occuring in quick succession in our State with their severe adverse effects on our food production do not allow us any room for complacence. They direct our attention, on the other hand, to the urgency of developing irrigation and flood control works in our State at a much faster rate.

A look into the provision for various schemes in the present budget proposal would reveal that greatest emphasis has been laid on completion of on-going irrigation schemes so that we can face the future droughts with much greater confidence. In the flood control and drainage sector emphasis has also been laid on continuing schemes which have made substantial progress. For information of the Members, I am mentioning below some important aspects :—

Outlay and benefits

	1981-82	1982-83	1983-84
	1	2	3
	lakhs	lakhs	lakhs
(a) Outlay for irrigation sector (major and medium)	38,76.15	36.20.00	35,74.00
(b) Outlay for flood control sector ...	21,28.36	17,80.00	18,26.00
Total	60,04.51	54,00.00	54,00.00
(c) Irrigation (+) potential created ...	21.81 th. hec.	25.14 th. hec.	26.00(X) th. hec.
	(11,29.00) th. hec.	(11,54.14) th. hec.	(11,80.14)(X) th. hec.

Note : Figures within bracket show the cumulative benefit.
(X)=Anticipated. (+)=Ultimate irrigation potential for West Bengal is estimated at 2.3 m. ha.

Allocation in irrigation and flood control sector has somewhat remained at the same level as in the Previous two years. But at the same time it will be evident that Progress of irrigation benefits has been maintained.

Major Irrigation Projects

(a) **On-going schemes**

Out of the four major on-going irrigation projects, three, viz, Mayurakshi, Kangsabati and D. V. C. (Barrage and Irrigation) Projects, have nearly been completed except for some extension and improvement works. The targeted potential of 2,50,860 hectares from the Mayurakshi Project has already been achieved in full. Kangsabati and D. V. C. Projects are expected to be completed by the end of 6th Plan.

The fourth on-going project i.e., the Teesta Barrage Project in North Bengal, is so far the largest irrigation project of this State. I am glad to say that major and most difficult structures of this project, i.e., the Teesta Barrage, Mahananda

Barrage and the aqueduct over the Mahananda river at Dhumdangi, will be completed very shortly. The irrigation from the Teesta Barrage is expected to commence from June 1984 when a part of the link canal system is expected to be completed. The bridge over the Teesta Barrage has also been taken up and would provide a very vital link in the road communication system of North Bengal. The major bottleneck faced is land acquisition. Two committees—one at the State level and one at the local level—have been set up to sort out the various difficulties.

The provision made in the budget for these four major irrigation projects is Rs. 29.67 crores of which Rs. 23.02 crores is for Teesta Barrage Project itself. It will be evident that highest priority has been given for early completion of the project.

(b) **New Major Irrigation Projects**

There are several new major irrigation projects under investigation of which (1) Gazole Lift Irrigation Scheme, (2) Bamangola-Habibpur Lift Irrigation Scheme, (3) Sub rnarekha Barrage Project, (4) Upper Kangsabati Project, (5) Tangon Valley Irrigation Scheme, (6) Darakeswar Reservoir Project, (7) Ajoy Reservoir Project, (8) Teesta Barrage Project 2nd Sub-stage and (9) Sidhesawari Noonbeel Reservoir Project are worth mentioning. Subarnarekha Barrage Projeet, Upper Kangsabati and Darakeswar Resesvoir Projects have been proposed to be included under the pipeline of projects under the World Bank. It is expected that preliminary works on 4 or 5 of these projects will be taken up in the financial year of 1983-81 for which a small provision of Rs. 45 lakhs only have been kept.

Medium Irrigation Schemes

(a) **On-going schemes**

There are 16 on-going medium irrigation projects taken up in different periods. In addition, four projects have been taken up under the DPAP. It is expected that 16 of these projects would be completed during the 6th Plan thereby creating irrigation potential of about 38,880 hectares mostly in the drought-prone areas of Purulia, Bankura and Birbhum districts. In 1983-84 itself the cumulative potential to be created from these projects would be 32,380 hectares. A provision amounting to Rs. 290.00 lakhs, has been proposed for medium schemes in 1983-84 against Rs. 247.50 lakhs provided for in the revised budget for 1982-83.

(b) **New Schemes**

There are about 15 new medium irrigation projects under investigation, out of which 3 schemes have already been started.

Modernisation of Irrigation Schemes

Modernisation of the major irrigation schemes, i.e. Kangsabati, Mayurakshi and DVC, is under active consideration. The detailed project report for the Kangsabati is nearly ready and investigation is being done for the Mayurakshi and the DVC. After these Projects are modernised it would be possible to create additional irrigation facilities from these projects specially during the Rabi season. At present work on canal lining has been taken up at the vulnerable reaches on selective basis. A total amount of Rs. 20.00 lakhs, has been provided for modernisation schemes during 1983-84.

The Irrigation and Waterways Department is also executing some rulativela big minor irrigation schemes/soil conservation schemes with funds made available from the Agriculture Department.

Flood Control Sector

During the last two years there has been no appreciable flood in this State. The maximum release from the DVC Dam during the monsoon of 1981 was only 50,000 cuses practically there was no release during the monsoon of 1982. None of the reservoirs of the Major River Valley Projects could fill up to the monsoon storage level. Some limited areas were, however, affected due to floods in the river Ganga and some rivers in North Bengal districts. However, no widespread damages had occured in the year under review. The erosion along the Ganga, Bhagirathi and Jalangi continued unabated.

After the flood of 1978 and the cyclone in December, 1981 many of the embankments have been strengthened considerably and it is expected that frequency of breach and havoc caused by moderate floods and cyclones would be reduced.

Drainage Shemes

The present position of some of the important drainage schemes are given below :—

1. **Ghea-Kunti Basin Drainage Scheme** in the district of Hooghly taken up at an estimated cost of Rs. 759.00 lakhs envisages removal of drainage congestion of an area of 926 sq. km. The up-to-date progress of work is nearly 60 per cent. The revised budget provision of Rs. 80.00 lakhs during 1982-83 has been spent. For the year 1983-84 also a provision of Rs. 100·00 lakhs has been proposed.

2. **Kendua Basin Drainage Scheme** at an estimated cost of Rs. 202 09 lakhs was drawn up for drainage of a large area in Howrah district. The outfall sluice and main diversion channel has been completed. For early completion of the remaining works, the proposed budget for 1983-84 is Rs. 20.00 lakhs.

3. **Sankhdah Basin Drainage Scheme** in the district of 24-Parganas was taken up in 1977-78. The scheme is nearly complete effecting benefit to 70 sq. miles. The budgat proposal for 1983-84 amounts to Rs. 5·00 lakhs.

4. **Gurguria Basin Drainage Scheme** in the district of Nadia at an estimated cost of Rs. 81·24 lakhs envisages benefit to 55 sq. km. The outfall sluice is under construction. A sum of Rs. 15 lakhs has been proposed for 1983-84.

5. **Beel Balli Drainage Scheme** in the district of 24-Parganas was taken up in 1978. The major works are nearly complete benefiting an area of 100 sq. km. The proposed budget for 1983-84 is Rs. 15.00 lakhs.

6. **Urgent Development Works is Sundarbans** were taken up at an estimated cost of Rs. 17.95 crores for extending benefit to 147 sq. km. The up-to-date progress of work is about 35 per cent. During 1980-81 and 1981-82, central assistance have been received for this work. An amount of Re. 100·00 lakhs has been proposed for 1983-84.

7. The preliminary works of the **Ghatal Master Plan** in the district of Midnapore has been taken up for execution at an estimated cost of Rs. 49·17 crores for removal of drainage congestion of 450 sq. km. area. The proposed budget provision for 1983-84 is 50 lakhs. The Government of India has been requested to include this project in the pipe line for world Bank Assistance.

8. **Tamluk Master Plan** in the district of Midnapore has been approved by the Planning Commission at an estimated cost of Rs. 7.28 crores. Preliminary works for the scheme has been taken up for which a provision of Rs. 5·15 lakhs has been proposed for 1983-84.

9. **Improvement of Lower Damodar Area** : The scheme is under modification on the basis of results of model experiments in respect of water level in the Rupnarayan River. The modified scheme will be submitted to Ganga Flood Control Committee soon. Execution of the balance works would be taken up from 1983-84 for which a budget allocation of Rs. 60·00 lakhs has been proposed.

10. **Jamuna Basin Drainage Scheme** : The scheme is under execution and all the branch canals have been resectioned.

Several new schemes, viz., the Kandi Area Integrated Drainage Scheme, the Lower Saraswati River Improvement Scheme, the Metia-Mora-Metia Khal Drainage Scheme and the Khari River Drainage Scheme are under active consideaation.

As in the previous years, several new flood control and bank protection schemes would be taken up in the three districts of North Bengal as approved by the Board of Technical Consultants. The provision made for the schemes in North Bengal is Rs. 300.00 lakhs in 1983-84 against Rs. 275.00 lakhs in 1982-83 (Revised) Budget.

Anti-erosion and Bank Protection Works in Central Bengal

The problem of bank erosion along the Ganga-Bhagirathi system continues to remain very acute. So far no assistance has been given by the Government of India though the matter has been actively pursued. We are at present undertaking some local works in the most vulnerable reaches as palliative measures depending upon the availability of resources.

The provision for ongoing and new scheme under various categories in the flood control sector is given in the table below :—

Total Provision for Flood Control Sector (as proposed in 1983 84)

Details			On going Schemes (Rs. in lakhs)	New Schemes of Sixth Plan (Rs. in lakhs)	Total (Rs. in lakhs)
Embankment Schemes	...	...	54 50	1,11·49	1,65 90
Drainage Schemes	...	...	4,28.35	4,22 15	8,50.50
Bank Protective Schemes	...	...	3,84 00	3,21·10	7,05.10
Anti-Sea Erosion Works	...	...	...	50.00	50.00
Other Works	...	...	...	15.00	15.00
Water Development Services		...	...	...	39 50
			Grand Total	...	18,26 00

Employment Generation Programme

The widespread drought in the State has pushed millions of rural people in distress. In order to ameliorate people's distress, the Left Front Government has adopted the policy of generating massive employment in the drought affected areas. In response to the programme this department is executing the Plan schemes and other work programmes so that maximum number of local people may get employment.

During the first spell of drought of 1982, my department has spent Rs. 1.50 crores on employment generation work programme in different districts up to the end of December. During the second spell, i.e., January to March 1983, the employment generation work programmes have been extensively taken up and Rs. [illegible].00 crores have been utilised. The employment thus generated constitute 122.02 lakhs man-days.

The Deterrent Factors

Hon'ble Members may reasonably express their despair at the slow pace

of irrigation coverage in the State. I have no hesitation in admitting the charge that the State, which is capable of growing abundant crops, is lagging behind in irrigation facilities compared to both her needs and irrigation potentialities. I would not under-estimate the present Ministry's responsibility in the matter of augmentation of irrigation facilities in West Bengal, but would remind Hon'ble Members of the undeniable fact that irrigation in our State has been anguishing since the days of British rule and the challenge was never taken up seriously by successive Congress Ministries. Today we are being called upon to fill in almost overnight the void created by years of neglect and this is at a time when the State's economy is acutely suffering from the effects of the crisis of capitalism, not to speak of discriminatory attitude, that is reflected in the Centre's budget and the taxation measures announced in their budget proposals. And we are being called upon to find additional resources to fund our projects, when the State is left with little or no power to tap any major source of revenue.

I hope Hon'ble Members have gone through the Chief Minister's budget speech, which has given a clear idea of the financial position of the State Government and the financial constraints that the State Government is confronted with in fulfilling its pledge to the people of West Bengal.

While considering the Budget proposal of my department, Hon'ble Members may kindly keep the State Government's financial position in mind.

Policy Outlines

I assure the Hon'ble Members that I share their concern for laying utmost emphasis on Irrigation, Flood Control and Drainage in the overall programme of development in our State, particularly in respect of augmentation of agricultural production. But in the context of the aforesaid financial constraints we had no other alternative than to adopt a policy in the year 1982-83 to concentrate on some of the ongoing schemes to the exclusion of others, so that these can be completed as soon as possible. We may have to pursue the same policy in the coming year. We have also adopted a policy of streamlining the administration and of enforcing financial discipline at all levels. With that end in view already a post of Director of Personnel has been created and re-organisation of administration has been taken in hand. For expeditious implementation of Teesta Barrage Project already a Co-ordination Committee / Monitoring Cell at State and Barrage level has been formed.

Two other important steps for streamlining the irrigation programme in the State are under active consideration of my department. One is undertaking a stocktaking of the completed and ongoing schemes from the view points of cost-evaluation, mixing of major, medium and minor irrigation projects to maximise the benefit and extension of field channels. The other step proposed is

formation of an Expert Committee with eminent geologists, hydrologists, agro-economists, etc., to assess the position of water resources in West Bengal and to explore ways and means for maximising the results from the irrigation programme.

Conclusion

Before encluding I would like to impress on the Hon'ble Members that the financial constraints under which my department is carrying on at present may continue in the coming years also. I should not, therefore, raise false hopes. Nevertheless, I can assure you, Hon'ble Members, of three things :—

(i) that my department will make best possible efforts to achieve maximum results for irrigation from the projects which are on the verge of completion and from the ongoing and the proposed ones. I have already stated about the administative and other measures formulated to that end ;

(ii) that whenever necessary my department will clearly spell out its difficulties and take the people, particularly, the cultivators and the people's representatives into confidence in solving the same ;

(iii) that my department will sympathetically listen to the people's grievances about irrigation and stand by them in their struggle for better irrigation facilities, and at the same time it will call upon the people of the project areas to extend their active support for quicker implementation of the projects.

I believe the Hon'ble Members, particularly those representing the rural areas, will extend their co-operation in my department's efforts to improve the State's irrigation programme and performances. At the same time I appeal to the engineers, technicians, field assistants and all categories of staff involved in each of our projects, big or small, not only to strengthen the department's efforts by lending their unstinted and active co-operation, but also help the Left Front Government to fulfil its commitments in respect of Irrigation.

Respected Sir, with these words I place before the House the Budget of my Department for 1983-84.

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Subhas Chandra Mahata : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Shaikh Imajuddin : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100-/

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সেচমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ চেয়েছেন তাঁকে সেটা দিতে না পারার জন্য আমি দুঃখিত এবং আমি তাঁর সংগে একমত হতে পারছি না। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলার সেচের উন্নতি কতটা হয়েছে সে সম্পর্কে আমি ১৯৭৯ সালের মন্ত্রী মহাশয়ের একটি বক্তব্য আপনার সামনে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় বক্তব্য রাখার সময় তিনি বলেছিলেন, আমি একজাক্ট ওয়ার্ডগুলি বলছি, "পশ্চিমবাংলায় প্রায় ৫৭ লক্ষ হেক্টর অর্থাৎ ১ কোটি ৪০ লক্ষ একর জমিতে চাষ করা হয়"। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলার ইরিগেশন ডিপার্টমেণ্টের দুটি ভাগ, অর্থাৎ লং টার্ম এবং সর্ট টার্ম এই দুই পদ্ধতিতে বিভিন্ন জায়গায় বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছিল। কিন্তু বাস্তবে দেখা গেল সেই প্রকল্পের মাধ্যমে কোথাও অর্ধেক কাজ হয়েছে, কোথাও সামান্য কাজ হয়েছে। এই অবস্থায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর কতটা অগ্রগতি হয়েছে সেটা আমাদের দেখার বিষয়।

[1.50—2.00 P. M.]

এগ্রিকালচার মিনিষ্টার তাঁর বক্তব্য রাখার সময় এই বিধানসভায় বলেছেন যে, Coverage of water supply from the irrigation. গত বছরের তুলনায় অর্থাৎ ১৯৮১-৮২ সালের তুলনায় ১৯৮২-৮৩ সালে কমে গেছে এবং তার মেন রিজন সর্টেজ অব পাওয়ার। এটা একটা মস্ত বড় কারণ, যার জন্য ওয়াটার সাপ্লাই ইন ইরিগেশন-এ ক্ষতি হয় এবং Economic use of water is the main reason for irrigation purpose. ইন ইরিগেশনে যদি না হয় তাহলে ইরিগেশনের ক্ষতি হবেই। আমাদের সময় যত পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, আজকে সেই সমস্ত পরিকল্পনার মধ্যে কতটুকু কাজ আপনারা করতে পেরেছেন? নিশ্চয় জবাবী ভাষণে এটা বলবেন। আমি বিশ্বাস করি এর আগে যিনি ইরিগেশন মিনিষ্টার ছিলেন, তিনি অসুস্থ ছিলেন এবং এই অসুস্থ থাকার জন্য তিনি এই ইরিগেশন ডিপার্টমেণ্টের একেবারে ১২টা বাজিয়ে দিয়ে গেছেন। এই সমস্ত ডিপার্টমেণ্টে একটা সক্ষম মন্ত্রী থাকা দরকার। বর্তমান মন্ত্রী সম্বন্ধে আমার আস্থা আছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু থাকলে কি হবে? জ্যোতিবাবুর কোপে পড়ে এবং তিনি অসুস্থ থাকার জন্য, ওনার ডিপার্টমেণ্টও অসুস্থ হয়ে পড়েছে। মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে মাইনর

এবং মেজর ইরিগেশন সম্বন্ধে যে-সমস্ত কথা বলেছেন ১৯৬৯ সালে এই মাইনর এবং মেজর ইরিগেশন সম্বন্ধে সে কথা বলা আছে। কিন্তু তার মধ্যে কতটুকু কাজ করতে পেরেছেন? আমি দুটি বক্তব্য পড়েছি এবং পড়ে দেখলাম একই কথা লেখা। আমার বক্তব্য মন্ত্রী মহাশয় কতটুকু কাজ করতে পেরেছেন? আমি আপনাকে বলি এগ্রিকালচারের সবচেয়ে বড় প্রয়োজন হোল ইরিগেশন এবং ইরিগেশন না হলে এগ্রিকালচার হতে পারে না। পাঞ্জাব, হরিয়ানায় দেখুন, সেখানে চাষীদের কাছে ইরিগেসন গিয়ে পৌঁছেছে--সেখানে এ্যাসিওর্ড ইরিগেশন আছে। রিভার লিফ্ট ইরিগেশন এবং সেখানে যে-সমস্ত ড্রেনেজ স্কীম করা হয়েছে প্রত্যেকটি জায়গায় বামফ্রন্ট সরকার এসে সেগুলি কভার করতে পারে নি। ময়ূরাক্ষী প্রোজেক্টের কথা বার বার বলতেন যে, আমরা এই প্রোজেক্টের জন্য খুব ব্যস্ত। ফ্লাড কণ্ট্রোলের ব্যাপারে দেখুন মুর্শিদাবাদ কিভাবে জলে ডুবছে, সুন্দরবন কিভাবে জলে ডুবছে। কোন ড্রেনেজ সিসটেম যদি ঠিক না রাখা হয় তাহলে চাষের সবচেয়ে বেশী ক্ষতি হবে। বীরভূমের ইরিগেশন সিসটেম দেখুন, বর্ধমানের ইরিগেশন সিসটেম দেখুন—সেখানে দুর্ভাগ্যবশতঃ ড্রেনেজ সিসটেম ঠিক না থাকার জন্য ইরিগেশনের মেন পারপাস সার্ভ হয় না। ফ্লাড কণ্ট্রোল করতে পারেন না এবং ইরিগেশনের যে মেন পারপাস সেটা আর সার্ভ হয় না। যদি একটা ব্লু-প্রিণ্ট তৈরী করে পরিষ্কারভাবে আমাদের কাছে আনতে পারেন যে, প্রথম বছর এই করবো, দ্বিতীয় বছর এই করবো, তৃতীয় বছর এই করবো, তাহলে আমরা বুঝি। আমাদের যে বই দেওয়া হয়েছে তাতে তা কিছুই নেই। প্রোজেক্টের কথা বলি, ১৯৭৭ সালে আমরা যা দেখেছি এবং মন্ত্রী মহাশয়কে বলবো যে, ১৯৭৭ সালের পর আপনি নূতন কোন প্রোজেক্ট গ্রহণ করেছেন কিনা জানি না—আপনি এটা জানাবেন। আপনি জবাবে বলবেন আপনার কোন্ কোন্ ইরিগেশন স্কীমে কোন্ কোন্ ডিষ্ট্রিক্ট কভার করছেন, ডিষ্ট্রিক্ট ওয়াইজ বলবেন।

ওনারা প্রায়ই অন্য ষ্টেটের কথা বলেন, আমিও বাইরের কথা বলি, আমি একটা বই পড়ছিলাম, মহারাষ্ট্র গত ৫ বছরে ৩৫ ডেভেলপ করেছে ইন রেসপেক্টর অফ মাইনার ইরিগেশন, যা ছিল তার থেকে বেড়েছে। পাঞ্জাবে ৯.১০ পারসেণ্ট বেড়েছে, হরিয়ানায় ১৫ পারসেণ্ট গত ৫ বছরে বেড়েছে। আপনারা গত ৫ বছরে কত পারসেণ্ট বাড়িয়েছেন? আপনাদের ইরিগেশন পোটেনসিয়ালিটি এবং ইরিগেশনের মাধ্যমে কতগুলো জায়গা কভার করতে পেরেছেন—এইগুলো বলবেন আপনার জবাবী ভাষণের সময়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় মন্ত্রী মহাশয়ের ভাষণ শেষ সময়ে আমরা পাই, তার ফলে ভাল করে পড়া হয় না বলে আমি তাড়াতাড়ি

করে পড়ে নিয়ে যা বুঝেছি তাতে দেখা যাচ্ছে, এই বাজেটকে আমি যদি বলি একটা অপদার্থ সরকারের, একটা পঙ্গু সরকারের বাজেট, যে বাজেটে ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে টাকা চাওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আশা করি মন্ত্রী মহাশয় যখন বক্তব্যর রাখবেন, তিনি তাঁর বক্তব্য ইংরাজীতে রাখবেন। কারণ আমরা তাঁর বিভাগের বাজেট বক্তব্যে ইংরেজী অনুলিপি পেয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই, মগরাহাট বেসিন স্কীম আপনার জানা আছে, আজকে সেটা কোন্ কোন্ জায়গায় আটকে আছে আপনি বললেন, কোন্ কোন্ জায়গায় আপনি করতে পারেন নি সেটা বলবেন। আপনি জানেন ডাক্তার রায়ের আমলে একটা ডেলটা প্রোজেক্ট করা হয়েছিল সুন্দরবন এলাকায়। ঐ প্রকল্পের উদ্দেশ্য ছিল সুন্দরবন এলাকায় নোনা জলকে কনভার্ট করে মিষ্টি জলে পরিণত করে তাকে চাষের কাজে লাগানোর পরিকল্পনা করা হয়েছিল ইরিগেশন ডিপার্টমেন্টে মারফত। আমি জানিনা সেই ডেল্টা প্রোজেক্ট কোন অবস্থায় আজকে রয়েছে। যদিও আমি জানি সেই প্রোজেক্ট এ্যাবানডান হয়ে রয়েছে, যেহেতু এটা একটা ইনটারন্যাশানাল ব্যাপার, বাংলাদেশের সংগে যাতায়াত প্রভৃতি ব্যাপারে অসুবিধে রয়েছে, সেই জন্য এটা হয় নি। কিন্তু এই প্রোজেক্টের কিছুটা অংশ তো করা যেতে পারত, সেটা আপনি বলবেন। এই রকম করার কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন। দুর্ভাগ্যের বিষয় ইরিগেসন নিয়ে যখন আমরা আলোচনা করছি তখন মন্ত্রী মহাশয়ের কাছ থেকে সব সময়ে আমরা আশা করব তিনি তাঁর বক্তব্যর মাধ্যমে রাখবেন, তিনি এই ৭১ সাল থেকে ৭৭ সালের মধ্যে তদানীন্তন ইরিগেশন মিনিষ্টার বরকত গনি খান চৌধুরী মহাশয় তিনি যে-সমস্ত প্রোজেক্ট নিয়েছিলেন কাজ করার জন্য তার কত পারসেন্ট আপনি করতে পেরেছেন, সেটা অনুগ্রহ করে বলবেন। তিনি সুন্দরবন এলাকায় ক্রিড করে, নদীর যে-সমস্ত স্মল স্ট্রীমস আছে, যেমন ধরুন ছাতুয়া প্রকল্প— সেইগুলোকে বেঁধে দিয়ে ড্রেনেজের মাধ্যমে ইরিগেশন করার একটা প্রকল্প তিনি করেছিলেন, এটা আপনি কার্যকরী করছেন কিনা জানাবেন। সুন্দরবনের স্মল ক্রীড যেগুলো আছে, সেইগুলোর যে-সমস্ত ড্রেনেজ আছে, ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে টেকআপ করে সেচের মাধ্যমে জমি চাষের ব্যবস্থা আমরা করেছি। আমাদের সময়ে কাজ করেছিলাম আপনারা জানেন, আপনি নূতন করে করতে পেরেছেন কিনা জবাবী ভাষণে বলবেন। ইরিগেশনের সবচেয়ে বড় সম্পদ হচ্ছে সুন্দরবন এলাকা, যেখানে ইরিগেশনের সবচেয়ে বেশী সুযোগ আছে। ইরিগেশন ডিপার্টমেন্ট বর্ষা আরম্ভ হয়ে গেলে কন্ট্রাকটারদের কিছু টাকা পাইয়ে দেবার জন্য নদী বাঁধের কাজ

শুরু করেন। দুঃখের বিষয় ইরিগেশন ডিপার্টমেণ্টের বর্তমানে কাজ হল সুন্দরবনের শুধু নদীবাঁধ বাঁধা।

[2.00—2.10 P. M]

এগ্রিকালচারের জন্য ইরিগেশন ডিপার্টমেণ্টের সব চেয়ে বড় কাজ হল এ্যাসিওর্ড ইরিগেশন সিসটেম-এর কতখানি উন্নতি করা যায় সেটা দেখা। ইরিগশন ডিপার্টমেণ্টের কাছে ইয়ার ওয়াইজ আমরা একটা প্রোপোজাল দিয়েছিলাম। বাংলাদেশের প্রত্যেকটি জায়গায় নদীর বাধগুলি পাকা ইট এবং কংক্রিট করে দেওয়া হয়। আমাদের দেশের নদীর বাধগুলি বছর বছর ভেঙ্গে যায়। সেগুলিকে পারমানেণ্টলি যদি বেঁধে দিতে পারা যায় তাহলে প্রতি বছর এই মাটি দেবার জন্য যে কোটি কোটি টাকা নষ্ট হয়, সেটা আর হয় না। বন্যা হয়ে যাবার পর আমরা দেখেছি ৬ কোটি টাকার মাটি নদীর বাঁধে ফেলা হয়েছে। এই ৬ কোটি টাকা ২ বছরের মধ্যে জলে ভেসে যাবে। বন্যা আসবে, জোয়ার আসবে, জলে ভেসে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু সাজেশন দিতে চাই। আপনি একটা প্রোফরমা করে কোন্ কোন্ জায়গায় কত মাইল করতে পারবেন সেটা ঠিক করে নিন এবং বাঁধগুলি পাকা করার ব্যবস্থা করুন। আপনি সব একসংগে করতে পারবেন না। ডেঞ্জার জোনগুলির পরিকল্পনা আগে গ্রহণ করুন। এইভাবে শুধু সুন্দরবন নয়, সারা পশ্চিমবাংলাকে আপনি বাঁচাতে পারেন এবং একমাত্র ইরিগেশন ডিপার্টমেণ্ট পশ্চিমবাংলাকে বন্যার হাত থেকে বাঁচাতে পারে। কাজেই ইরিগেশন ডিপার্টমেণ্টের মাধ্যমে আপনি পরিকল্পনা মাফিক উন্নয়নের কাজগুলি করুন। বন্যার প্রকোপে পশ্চিমবাংলার কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের সম্পদ এইভাবে নষ্ট হয়ে যাচ্ছে, তাকে আমরা ব্যবহার করতে পারছি না। একমাত্র ইরিগেশনের মাধ্যমে সেই সম্পদ সৃষ্টি করা যেতে পারে। আর অপর দিকে কোটি কোটি টাকা কনট্রাকটরের মাধ্যমে যে নষ্ট হচ্ছে সেটাকে আপনি রক্ষা করতে পারেন। এই সব কথাগুলির জবাব নিশ্চয় আপনি জবাবী ভাষণে রাখবেন। এই কথা বলে আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগঙ্গাধর নস্কর ঃ মাননীয় স্পীকার মহাশয়, সেচ বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা

এখানে বলতে চাই। আগেকার গভর্নমেন্টের ৩০ বছরের সেচ ব্যবস্থা কি রকম ছিল সেটা আমরা সকলেই জানি। তখন সেচের ব্যবস্থা এমন ছিল যে, প্রতি বছরই ফসলহানি হত এবং ফসল ভালভাবে হত না। বর্তমান বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে জনসাধারণের দিকে লক্ষ্য রেখে নতুন সেচ ব্যবস্থার কর্মসূচী গ্রহণ করা হয়েছে এবং দেশের উৎপাদন বৃদ্ধি করার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। আমাদের সোনারপুর থানায় বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে ৩ মাইল খাল খনন করা হয়েছে। ফলে ওখানে যে এক ফসল হত, ফসল নষ্ট হয়ে যেত, সেটা এখন আর হচ্ছে না। দুটো ফসল হচ্ছে, এই খাল কাটার পর থেকে এবং ক্যালকাটা করপোরেশনের ড্রেনেজের সংগে যুক্ত করার ফলে এখানে অনায়াসেই দুটি ফসল হচ্ছে। আগে যেখানে ২৫/৩০ হাজার বিঘা জমিতে কেবল আমন ধানের চাষ হত, এখন সেখানকার ২০ হাজার বিঘা জমিতে বোরো ধানের চাষ হচ্ছে। শুধু তাই নয়, এই খাল সংস্কারের ফলে অন্যান্য রবিশস্যও চাষ হচ্ছে। স্যার, আপনি জানেন ভাঙড়ের সরলা খাল কাটার পরে ওখানকার হাজার হাজার বিঘা জমিতে এখন দু'টি ফসল হচ্ছে। এর ফলে প্রায় ৩০ থেকে ৪০ হাজার বিঘা জমিতে দু'টি ফসল হচ্ছে। ক্যালকাটা করপোরেশনের ড্রেনেজ ওয়াটার আউট ওয়ার্ড চ্যানেল দিয়ে সরবরাহ করার জন্যই এই ফসল উৎপন্ন হচ্ছে। আপনি জানেন কাওড়া পুকুরে যে নতুন খাল কাটা হয়েছে এটা সোনারপুরের একটা অংশ। বিষ্ণুপুর এবং জগদ্দলে যেখানে কোনদিনও ফসল হত না, সেখানকার ২০ হাজার বিঘা জমিতে এখন ফসল উৎপন্ন হচ্ছে।

স্যার, মগরাহাট ড্রেনেজ স্কীম যদিও সম্পূর্ণ হয় নি, কিন্তু তবুওএই ড্রেনেজ স্কীমের মাধ্যমে অন্ততঃ ১৫/১৬ মাইল খাল কাটা হয়েছে এবং এর ফলে যেখানে জল থাকতো বা যে অঞ্চলটা ডুবে থাকতো এবং লোকের যাতায়াতে অসুবিধা হত সেই অঞ্চলে এখন জলনিকাশী ব্যবস্থা হবার জন্য লোকের যাতায়াতের সুবিধা হচ্ছে এবং হাজার হাজার বিঘা জমিতে ফসল হচ্ছে। এ বছর সেখানে যথেষ্ট বোরো ধান হয়েছে। তারপর পিয়ালী ক্লোজ আপ স্কীম যেটা তাতে পিয়ালী নদীর দু' ধারে উপযুক্ত বাঁধ দিয়ে ৪০ কিলোমিটারের যে জলাধারে তৈরী হয়েছে তাতে জল রেখে এবং সেই জল দিয়ে হাজার হাজার বিঘা জমিতে সেচের ব্যবস্থা করে সেখানে রবিশস্য হচ্ছে এবং অন্যান্য ফসল হচ্ছে। এর পর স্যার, আমি কতকগুলি সাজেশন রেখে আমার বক্তব্য শেষ করবো। আমি মনে করি এই সমস্ত পরিকল্পনা যদি নেওয়া যায় এবং সেখানে খাল কেটে যদি জল সেচের ব্যবস্থা করা যায়, তাহলে লক্ষ লক্ষ বিঘা জমিতে দু'টি করে ফসল হতে পারে। এই প্রসঙ্গে

আমি ভাগীরথীর শাখা যেটাকে টালিনালার খাল বলা হয় সেই প্রসঙ্গে আসছি এই টালিনালার খালটি কালিঘাট থেকে টালিগঞ্জ হয়ে শামুকপোতা পর্যন্ত চলে গিয়েছে। পিয়ালী ক্লোজ আপ স্কীমের মতন যদি দু' ধারে বাঁধ দিয়ে এই খালটির সংস্কার করে জলাধার সৃষ্টি করা যায় তাহলে লক্ষ লক্ষ বিঘা জমিতে চাষ-আবাদ হতে পারে। আমি এদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় আজ যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন সে সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই এই দপ্তরটি সেই গতানুগতিক পথেই চলে আসছে। স্যার, প্রচণ্ড খরায় যেখানে আমাদের ১০ লক্ষ ২৪ হাজার হেক্টরের ৩২৫ কোটি টাকা মূল্যের ফসল নষ্ট হয়েছে এবং ১॥ লক্ষ একরের মতন জমির বোরো ফসল নষ্ট হয়েছে সেখানে যদি সেচের ব্যবস্থা নাই করা গেল তাহলে এই দপ্তরের কি প্রয়োজন আছে? স্যার, কৃষিভিত্তিক এই পশ্চিমবাংলায় মূলতঃ কৃষির জন্য সেচের প্রয়োজন আছে, কিন্তু আমরা দেখছি গতানুগতিক অবস্থার ভেতর দিয়ে এই দপ্তরের কাজকর্ম চলে আসছে। ১৯৭০ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় ৭ লক্ষ ৬১ হাজার হেক্টরে সেচের ব্যবস্থা হয়েছিল, ১৯৭২-৭৩ সালে ৩ লক্ষ ২৮৮ হেক্টরে হয়েছিল। জেলাওয়ারী হিসাব যদি দেখা যায় তাহলে দেখা যাবে বীরভূমে সেচ প্রকল্পের মধ্যে দিয়ে যে জল সরবরাহ হত সেগুলি ক্রমশঃ মজে যাচ্ছে, সেগুলির ঠিকমত মেণ্টেনেন্স হচ্ছে না।

[2.10—2.20 P. M.]

আপনি বিভিন্ন স্কীম সম্পর্কে বক্তব্য রেখেছেন। কিন্তু আপনার যেগুলি আছে সেগুলিকে যদি মেনটেনেন্স না করেন তাহলে নূতন মর্ডানাইজ করবেন কি করে? আপনি বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন যেগুলি প্রশংসনীয়। কিন্তু আপনার যেগুলি আছে সেগুলিকে রক্ষা করতে পারছেন না, সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে। আপনি নতুন করবেন কি করে? আপনি ফসল রক্ষায় ব্যর্থ হয়েছেন, যার পুরোটা নির্ভর করে সেচের উপরে। একর প্রতি কর ক্রমাগত বেড়ে চলেছে। এবারেও আপনি কর বাড়িয়েছেন। কিন্তু সেখানে এ্যাসিয়োর্ড ক্রপ হচ্ছে না। এটা কেন হচ্ছে না বলুন? পশ্চিমবাংলায় যে-সব খরা কবলিত জেলা আছে, বিশেষ করে যেগুলি কৃষিপ্রধান জেলা—বর্ধমান, হুগলী, ২৪ পরগনা, মেদিনীপুর, সেগুলিতে নুতন করে

সমস্যার সৃষ্টি হচ্ছে কেন? আমাদের বাঁকুড়া, পুরুলিয়া জেলার কোন সমস্যার সমাধান করা হয় নি। এই ব্যাপারে সকলেই ব্যর্থ হয়েছে। আজকে সেখানে নূতন ব্যবস্থার মাধ্যমে করবেন বলেছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা দিচ্ছে, সেনট্রাল টাকা দিচ্ছে, ষ্টেট গভর্নমেন্ট টাকা দিচ্ছে। যেখানে টাকার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে, সেখানে কার্যকরী ব্যবস্থা কি নেওয়া হয়েছে? ফসল ক্রমাগত বিনষ্ট হয়ে চলেছে, তাকে রক্ষা করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে ৭০ থেকে ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং তাদের ফসল নির্ভর করছে সেচ ব্যবস্থার উপরে। যদিও ক্ষুদ্র সেচ কিছুটা আছে, কিন্তু মেজর পোরসান আপনার সেচ দপ্তরের মধ্যে পড়ে। তার উন্নতি যাতে ব্যাপক ভাবে হয় সেদিকে নজর দিন। সেখানে বিভিন্ন ভাবে খালগুলি সংস্কার করে, ক্যানাল ইত্যাদির মাধ্যমে এগুলি করার চেষ্টা করুন। যে ক্যানাল আছে, সেখানে দেখবেন যে অনেক বছর ধরে যন্ত্রপাতি বিকল হয়ে আছে। সেখানে লোকজনের অভাবে দেখাশুনা হচ্ছে না। বহু রিপোর্ট আছে যে, যন্ত্রপাতিগুলি চুরি হয়ে যাচ্ছে। আজকে ঠিক সময়ে জল সরবরাহ করা হয় না। আপনি হয়ত বলবেন যে, ডি. ভি. সি., ময়ূরাক্ষী, কংসাবতী আছে, তাদের বলুন, আমাদের কিছু করার নেই, এটা সেণ্টারের। সেণ্টারের ক্ষমতা আছে, আপনাদেরও নিশ্চয়ই ক্ষমতা আছে। আজকে সেণ্টার যদি পশ্চিমবাংলার ফসল রক্ষা করতে ব্যর্থ হয় তাহলে আপনারা উদ্যোগ নেবেন। সেই ব্যাপারে সরকারের তরফ থেকে সেনট্রাল গভর্নমেণ্টকে চাপ সৃষ্টি করতে হবে। আপনি যদি সহযোগিতা না করেন, ফসল যদি রক্ষা না পায়, সেখানে যদি প্রাকৃতিক বিপর্যয় আসে, খরা আসে, বৃষ্টি না হয়, যদি রিজার্ভার থেকে জল না পায় তাহলে চাষীর অবস্থা কি হবে? কৃষকরা কোথায় গিয়ে দাঁড়াবে? আজকে গ্রামে কি দেখছি? এবারে বোরো ধানের অবস্থা কি? একমাত্র বাঁকুড়ার সোনামুখী থানায় ২০ হাজার একর ফসল নষ্ট হয়েছে। সেখানে একবার ডি. ভি. সি.'র কর্তারা বলছেন, আমাদের কিছু করার নেই, কেন্দ্রকে বলুন। আবার কেন্দ্রকে জানালে তারা বলছেন, এখন রিজার্ভারে জল নেই। আর জল থাকলেও কি ঠিক সময়ে পাওয়া যায়? কৃষকদের বিভিন্ন সময়ে, বিভিন্নভাবে সেই দাবী জানাতে হয় এবং তার পরে জল আসে। এটাই হচ্ছে প্রকৃত অবস্থা। আপনি বলবেন যে, বিগত দিনে কি হয়েছে? বিগত দিনে যা হয়েছে সেই পথ ধরে তো আপনারা চলছেন না? সেখানে যে সব পরিকল্পনা নেওয়া হয়েছিল, যেগুলি বাস্তবমুখী পরিকল্পনা ছিল, যেগুলি অর্ধ সমাপ্ত হয়েছিল, সেগুলি কি সমাপ্তির মুখে গেছে? সেই জিনিসগুলি আজকে দেখতে হবে। নতুন পরিকল্পনা নিশ্চয়ই গ্রহণযোগ্য। কিন্তু যে পরিকল্পনাগুলি

পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে—নর্থবেঙ্গল, সুন্দরবন, বাঁকুড়া, পুরুলিয়া থেকে আর করে বিভিন্ন জায়গায় নেওয়া হয়েছে, ময়ূরাক্ষী, কংসাবতী ইত্যাদি পরিকল্পনাগুলি নিশ্চয়ই গ্রহণযোগ্য। তবে সেগুলি বাস্তবমুখী কতটা হবে সেখানে আমার আশঙ্কা আজকে সেদিক থেকে এই সেচ ব্যবস্থাকে সরকারের স্বচ্ছ দৃষ্টিতে লক্ষ্য রাখতে হবে আজকে এই সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষকদের এবং কৃষিপ্রধান পশ্চিমবাংলার যাতে সার্বিক উন্নতি ঘটে, ফসলহানি যাতে বন্ধ হয় তার জন্য আপনাদের চেষ্টা করতে হবে।

আজকে কিছু এলাকাকে ক্ষুদ্রসেচ এলাকা হিসাবে চিহ্নিত করা হচ্ছে, সুতরাং এই পরিস্থিতিতে সেচ দপ্তরকে ক্ষুদ্রসেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখতে হবে এবং উভয় দপ্তরকেই কৃষি দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখতে হবে। যদি বিভিন্ন দপ্তরের মধ্যে ঠিকমত যোগাযোগ সূত্র স্থাপন করা যায় তাহলেই প্রকৃত উন্নতি সম্ভব। সুতরাং আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে সেদিকে দৃষ্টি দিতে হবে। আজকে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, মেজর ইরিগেশন প্রোজেক্ট বা বর্তমানে বলা হচ্ছে নিউ মেজর ইরিগেশন প্রোজেক্ট, যেখানে ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা দিচ্ছে, সেখানে মর্ডানাইজেশন অফ ইরিগেশন স্কীমস্ করার কথা বলা হচ্ছে এবং ফ্লাড কনট্রোল করার জন্য ব্যবস্থা গ্রহণের কথা বলা হচ্ছে। অথচ আমরা এবিষয়ে কি দেখছি গঙ্গার ভাঙ্গন মুর্শিদাবাদে বা মালদহে যেভাবে বিগত দিনে হচ্ছিল, এখনো সে ভাবেই হচ্ছে। বিভিন্ন প্রান্তে অতীতে যে অবস্থা ছিল, আজও সেই অবস্থাই রয়েছে আমাদের প্রশ্ন হচ্ছে, বিগত সরকারের কাজের মধ্যে যদি কোন ত্রুটি থেকেও থাকে আজকে বামফ্রন্ট সরকারের কাজের মধ্যে সেই ত্রুটি কেন থাকবে? তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, বন্যা প্রতিরোধ করবার জন্য আপনাদের পরিকল্পনাগুলিকে আপনারা আরো বাস্তবমুখী করুন। আমরা দেখছি দীর্ঘদিন ধরে যে-সমস্ত জায়গায় টাকা খরচ করা হয়েছে, আজও সে সমস্ত জায়গায়ই টাকা খরচ করা হচ্ছে, কিন্তু তার থেকে ভাল ফল কিছুই আসছে না। ফলাফল শূন্য। একই জায়গায় আর কতদিন খরচ করা চলবে? সেখানে খরচ বন্ধ করে অন্য জায়গায় খরচ করা দরকার। অন্যত্র মজা-বিলগুলি সংস্কারের ব্যবস্থা করা যেতে পারে। বিভিন্ন জায়গায় ক্যানেল এবং সাব-ক্যানেল করার যে প্রস্তাব আছে সেইগুলিকে কার্যকরী করা যেতে পারে। আজকে এই সমস্যার যদি সমাধান করা না যায়—বন্যানিয়ন্ত্রণ এবং সেচ ব্যবস্থার তাহলে আমরা যতই শিল্পের কথা বলি না কেন, শিল্পেরও উন্নতি করা যাবে না। আজকে আমাদের দেশের সব কিছুই কৃষির উপর নির্ভর করছে এবং কৃষি সম্পূর্ণভাবে সেচের উপর নির্ভর করছে। সুতরাং

সেচ ব্যবস্থার উন্নতি দেশের অর্থনৈতিক কাঠামোকে সবদিক দিয়ে স্বাবলম্বী করে তুলতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবাংলার বিভিন্ন সেচ প্রকল্পের দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আমরা কংসাবতী প্রকল্পে দেখতে পাচ্ছি অতীতে ১৯ হাজার হেক্টর জমি এই প্রকল্পের সেচ সেবিত এলাকা ছিল, ১৯৭৪-৭৫ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছিল ৭ লক্ষ হেক্টরে। বর্তমানে সেটা নিশ্চয়ই আরো বেড়েছে। এইভাবে আমরা প্রত্যেক জায়গাই দেখছি এরিয়া অফ অপারেশন বা কমাণ্ড এরিয়া বেড়েছে। সে আপনি ডি. ভি. সি. বলুন, ময়ূরাক্ষী বলুন, সব জায়গায়ই দেখছি কমাণ্ড এরিয়া বেড়েছে। তথাপি এইসব জায়গায় এই দপ্তরের কাজের মধ্যে অনেক ত্রুটি আছে। অনেক জায়গায় আমরা দেখতে পাই সেই জায়গাকে কাগজে-কলমে কমাণ্ড এরিয়া বলে ঘোষণা করা হচ্ছে—গেজেটে প্রকাশিত হচ্ছে—কিন্তু সে সব এলাকায় কোন সেচ ব্যবস্থা নেই। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, কমাণ্ড এরিয়া বৃদ্ধির হিসাবের মধ্যেও ত্রুটি আছে। সে-সমস্ত এলাকার চাষীদের কাছ থেকে ট্যাক্স আদায় করা হচ্ছে, অথচ চাষীরা সেচের সুযোগ-সুবিধা পাচ্ছে না, তারা বঞ্চিত হচ্ছে। সুতরাং চাষীরা প্রকৃতপক্ষে উপকৃত হচ্ছে কিনা সে বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু দৃষ্টি দিতে অনুরোধ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যেটা সব চেয়ে বড় কথা, সেটা হচ্ছে আমরা কৃষি ও সেচ ব্যবস্থার মাধ্যমে পশ্চিমবাংলায় সম্পদ সৃষ্টি করতে চাইছি। সুতরাং আজকে পশ্চিমবাংলায় কৃষি এবং সেচের জন্য সরকারের যে দপ্তরগুলি আছে সেগুলির কিছুটা পরিবর্তন করা দরকার। কতগুলি দপ্তর আছে সেগুলি শুধুই অফিসার পর্যায়েই সীমাবদ্ধ রয়েছে, কার্য ক্ষেত্রে তারা কোন কাজই করছে না।

[2..0—2.30 P. M.]

কংসাবতী প্রজেক্টের কাজ শেষ হয়েছে, আর একটি কাজ আরম্ভ হবে। কিন্তু কাজ যখন থাকে না তখন কি ব্যবস্থা গ্রহণ করবেন ? তার যে এতবড় এষ্টাবলিশ-মেণ্ট সেই এষ্টাবিশমেণ্টের কি ব্যবস্থা হবে সে ব্যাপারে আজকে চিন্তা করতে হবে। বিভিন্ন পরিকল্পনাগুলি যাতে অব্যবস্থার মধ্যে না যায় তার জন্য আমি আশা করবো আপনার সুচিন্তিত চিন্তাধারায় পশ্চিমবাংলায় সেচের ব্যবস্থার যাতে সার্বিক কল্যাণ হয় সেটা আপনি দেখবেন। এটা করতে আপনি অসমর্থ হয়েছেন বলে আপনার বাজেটকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ইরিগেশন বাজেট এনেছেন তাকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। এখানে আমার পূর্ববর্তী বক্তা শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় যে বক্তব্য রাখলেন—আমি ওনাদের বক্তৃতা বেশ কয়েকদিন ধরেই মন দিয়ে শুনছি এবং শুনে মনে হচ্ছে, ওঁরা অপোজিশন করার জন্যই অপোজিশন করেন। কিন্তু আজকে দেখলাম শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় যেটুকু বক্তৃতা দিলেন সেটুকুই কনস্ট্রাকটিভ, সাজেসটিভ ধরনের বক্তৃতায় পরিণত হয়েছে। আসলে ইরিগেশানের উপর কোন বিরোধিতা করে বক্তব্য দেওয়া যায় না। কিন্তু তা সত্ত্বেও উনি কিছু কিছু ক্ষেত্রে অস্বীকার করে বলেছেন, খরায় বহু জমির ধান নষ্ট হয়েছে। এটা সত্যি কথা, দেশব্যাপী খরায় ফসল নষ্ট হয়েছে। কিন্তু এই কথা বলতে বলতে উনি সুচতুরভাবে গোপন করে গেলেন। এই যে খরা গেল, তার মূল কারণ কি—এটা সবাই জানেন, ভগবানযদি উপর থেকে বৃষ্টিনা দেন তাহলে কোন ইরিগেশানের ক্ষমতা নেই জলসেচ দিয়ে দেশকে বাঁচাবে। ১৯৮২-৮৩ সালে যে বৃষ্টি হয়েছে, গত কয়েক বছর আগের তুলনায় আনুপাতিক হারে খুবই কম বৃষ্টি হয়েছে—এটা কেউ অস্বীকার করতে পারবে না। উনি কিন্তু এই কথাটি খুব সুচতুর-ভাবে গোপন করে গেছেন। আপনারা সবাই জানেন, ভাল বৃষ্টি না হওয়ার জন্য সেচ বিভাগ থেকে জল সেরকম দেওয়া হয়নি। এবারের বাজেটে বি. ডি. আর. এবং মিডিয়াম ইরিগেশান স্কীমের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তা আগের বছরের তুলনায় বেশী বরাদ্দ করা হয়েছে। ১৯৮২-৮৩ সালে বরাদ্দ করা হয়েছিল ২৪৭.৫০ লক্ষ টাকা, আর এবারে অর্থাৎ ১৯৮৩-৮৪ সালে বরাদ্দ করা হয়েছে ২৯০ লক্ষ টাকা। এইভাবে মিডিয়াম ইরিগেশান স্কীম করে যাতে সেচের ভাল ব্যবস্থা করা যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে। মর্ডানাইজেশান অফ ইরিগেশান স্কীমের জন্য যেমন, কংসাবতী, ময়ূরাক্ষী, দামোদর ভ্যালির জন্য ১০ লক্ষ টাকা ধরা হয়েছে এবং সেটাকে কার্যকরী করার জন্য চেষ্টা করছেন। তাছাড়া ফ্লাড কনট্রোলের জন্য যে-সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে সেটা সত্যিই ভাল কাজ হচ্ছে। আমি এই প্রসঙ্গে আর একটি কথা উল্লেখ করতে চাই। আমি যে এলাকা থেকে এসেছি সেই বীরভূম এলাকাটা হচ্ছে বিহারের বর্ডার এলাকা। সেখানে রাজনগর এবং খয়রাশোল থানা এলাকায় কোন ইরিগেশান স্কীম নেই। শ্রীকর্পূরী ঠাকুর যখন বিহারের মুখ্যমন্ত্রী হয়েছিলেন তখন সিদ্ধেশ্বরী প্রকল্প করা হয়েছিল।

তাদের কাজ কিছু কিছু সেনট্রাল গভর্নমেন্ট থেকে প্রাইমারী সার্ভে করে তার মুভ করার কথা ছিল এবং যে প্রকল্পটি করা হয়েছিল, কর্পূরী ঠাকুর মহাশয় তারপর

ওখানকার চীফ মিনিষ্টার পদ থেকে চলে যাওয়ায় স্কীমটি চাপা পড়ে যায়। আর অন্য কোন স্কীমই হয় নি। রিভাইভ করা হয়েছে। এখন এর কাজ আবার আরম্ভ হয়েছে, কাজ চলছে, তবে বড় শ্লথ গতিতে চলছে। কাজটি যাতে ত্বরান্বিত হয় তার জন্য আমি সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই সিদ্ধেশ্বরী প্রকল্প বিহার এবং পশ্চিমবঙ্গের বর্ডারের স্কীম। এখান থেকে আমার বাড়ী ৫/৭ মাইল দূরে, সেখানে যদি কাজ ঠিক ঠিকভাবে হয় তাহলে বীরভূমের সব থেকে যে খরা অঞ্চল —পশ্চিমবাংলা এবং বিহার এলাকা —এখানকার মাটিও ভাল নয়, মোরাম, কাঁকুড়ে মাটি, এখানে সম্পূর্ণ বৃষ্টির উপর নির্ভর করতে হয়। কোন ইরিগেশান স্কীমের ব্যবস্থা নেই এখানে, ঐ ব্যবস্থা হলে রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর, সিউড়ী প্রভৃতি সকল থানারই উপকার হবে, সাহায্য হবে, এই জন্য আমি এ ব্যাপারে একটু দৃষ্টি দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমলিন ঘোষঃ মিঃ স্পীকার স্যার, আজকে সেচমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু'-চারটি কথা বলছি। শ্রীসত্য-রঞ্জন বাপুলী মহাশয় প্রথম উদ্বোধনী ভাষণ দিলেন, ওঁরা কোথায় বাস করেন। আমরা জানি কোথায় ছিলেন। ওনারা ৩০ বছর ধরে রাজত্ব করেছিলেন, আজকে নির্লজ্জের মত এসে সেই চর্বিত চর্বন নিয়ে চীৎকার করে সততা প্রকাশ করছেন। ৩০ বছর একটানা কংগ্রেস রাজত্ব ছিল, ওঁরা বলতেন 'আমাদের মা আছেন দিল্লীতে, যখনই যাব, টাকা দেবেন।' মা আমাদের কত টাকা দিয়েছেন এই পাঁচ বছরে? আমি জিজ্ঞাসা করি, আজকে খরা হয়েছে, সেই খরায় ডি. ভি সি., পশ্চিমবঙ্গের মানুষ আগে যে ডি. ভি সি.-কে জানত ডোবা ভাসা কর্পোরেশন বলে, যেটা পশ্চিমবেঙ্গর একটা অভিশাপ ছিল, মানুষকে আকাশের দিকে তাকিয়ে থাকতে হোতো, কিন্তু আজকে এবারের এই খরায়—গ্রামাঞ্চলে যাঁরা আছেন—তাঁরা দেখেছেন এই খরাক্লিষ্ট পশ্চিবঙ্গে সুদূর বর্ধমান থেকে হুগলী জেলার শেষ প্রান্ত পর্যন্ত কিভাবে জলকে টেনে আনা হয়েছে অনেক কায়দাকানুন করে। কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে কিছুদিন আগে জানতে পারলে আরও একটু ভাল হোতো। ডি. ভি. সি. এবারে যেরকম জল সরবরাহ করেছে সেটা একটা আশ্চর্য ঘটনা। হুগলী জেলার ভোলা সেন যাঁকে পশ্চিমবঙ্গের মানুষ এবারে আর পাঠান নি সেখানে হাজার হাজার একর জমিতে জল সরবরাহ করত, সেখানে তিনি হাইকোর্টে মামলা দায়ের করেছেন এবং বিধানসভায় দাঁড়িয়ে জনদরদী হয়ে কৃষকের জন্য কেঁদেছেন। আমি প্রশ্ন

করছি, ডি. ভি. সি. ঐ যে খিয়াকুন্তী স্কীম সেটাকে ব্যাহত করার জন্য ঐ গ্রামাঞ্চলে মিথ্যা মামলা রুজু করেছে এবং ঐ স্কীমকে ব্যাহত করার চেষ্টা করেছে এবং যাতে অন্য কিছু পরিকল্পনা না করা যায় তার জন্য গোপন চক্রান্ত করেছে। আমি আশা করব ওঁদের মধ্যে যাঁরা আছেন তাঁদের সাহস থাকে বলুন ওঁরা পাঞ্জাবের কথা তোলেন, অন্যান্য জায়গার কথা তোলেন, আমি জিজ্ঞাসা করি পাঞ্জাবের ভাকরা-নাঙ্গাল চ্যানেল তৈরী করার জন্য ক'কোটি দিয়েছেন, তার সিমেণ্টেশনের জন্য কত দেওয়া হয়েছে। ঐ ভাকরা-নাঙ্গালের পরে যে চ্যানেল তৈরী করা হয়েছে সেখানে নট এ ড্রপ অফ ওয়াটার পারসিওলেট করবে না। এইভাবে সেই টাকা দেওয়া হয়েছে। আর পশ্চিমবঙ্গের বরাতে কতটুকু টাকা এসেছে আজও এই সমস্ত স্কীমগুলিকে কি করা হচ্ছে। আমি জানি স্কীম তৈরী করতে জানে না, দিল্লী গিয়ে স্কীম স্যাংশন হয়ে গেল, কিন্তু পশ্চিমবঙ্গের যে-সমস্ত পরিকল্পনা নিয়ে যাওয়া হয় তার বেলায় টাকা নেই। মা কে বলুন না টাকা দিতে।

[2 30—2 40 P. M.]

যখন পশ্চিমবঙ্গ বিধানসভার তরফ থেকে কোন স্কীমের পরিকল্পনা দেওয়া হয়, তখন সেই স্কীমের ব্যাপারে ডিলে করা হয়, এখান থেকে ওখানে পাঠান হয়। কিন্তু পাঞ্জাব থেকে যখন কোন স্কীম দেওয়া হচ্ছে—তার বেলায় টাকা দিচ্ছে।

মিঃ স্পীকার ঃ চেলা-চামুণ্ডা শব্দটি এক্সপাঞ্জ করবেন।

শ্রীমলিন ঘোষ ঃ আজকে আমাদের পশ্চিমবঙ্গে কেন্দ্র টাকা দিচ্ছে না এবং আমি জানি—এই যে নিউ স্কীমগুলো আমরা দিচ্ছি, এই সরস্বতী, বড়মেটিয়া—এইসব নতুন স্কীমগুলো দিচ্ছি, টাকা দিচ্ছে না কেন্দ্রীয় সরকার। তারজন্য কোন কোন স্কীম কার্যকরী করা যাচ্ছে না। সেভারেল নিউ স্কীমস—যেমন কান্দি এরিয়া ইণ্টিগ্রেটেড ড্রেনেজ স্কীম, লোয়ার সরস্বতী রিভার ইমপ্রুভমেণ্ট স্কীম, মেটিয়া, মরামেটিয়া ড্রেনেজ স্কীম এ্যাণ্ড খারি রিভার স্কীম আণ্ডার এ্যাকটিভ কনসিডারেশনে আছে। এই এ্যাকটিভ কনসিডারেশন আছে বছরের পর বছর। বামফ্রণ্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর ১৯৭৮ সালেই—দুই বছরও লাগেনি—ইরিগেশন ডিপার্টমেণ্ট সমস্ত স্কীমগুলো তৈরী করে নিয়ে একবার দিল্লী যাচ্ছে, আর ফিরে ফিরে আসছে, গঙ্গা ফ্লাড কণ্ট্রোল

কমিশনের চেয়ারম্যান একবার পশ্চিমবঙ্গে আসছেন, আর ফিরে যাচ্ছেন, উড়ে আসছেন—উড়ে যাচ্ছেন। আজকে আমরা যদি এই মাত্র তিন/চার কোটি টাকা পেতাম, তাহলে আমরা অনেকটা এগোতে পারতাম। আজকে আপনারা কোথায় বাস করেন জানিনা। যদি একবার বড়গাছিয়ার দিকে যান, দেখবেন যে হুগলী নদীর মিঠা জল থেকে কিভাবে সবুজ শ্যামল হয়েছে। মেদিনীপুর, হাওড়ার দিকে যাবেন, দেখবেন উজানের দিকে যদি জোয়ারের জল একটি খাল কেটে নিয়ে আসা হয়, যদি রিভার লিফট্ করা হয় তাহলে কৃষকদের জল দেওয়া যেতে পারে। তাই আমি সেচমন্ত্রী মহাশয়ের কাছে বলবো—বেহুলা ড্রেনেজ স্কীম, যেটা তিন/চার বছর আগে নেওয়া হয়েছে, সেটা বেহুলা মাষ্টার প্ল্যানে যদি হুগলী নদীর জলের স্কীম করা যায় তাহলে হাজার হাজার একর জমি সেচ-সেবিত হতে পারে। আজকে কৃষক, ক্ষেতমজুর, ক্ষুদ্র চাষীরা বলছেন যে, আপনারা আমাদের কত গম দেবেন, কত ভিক্ষা দেবেন? তাঁরা নিজেরা নানা পরিকল্পনা নিজেদের উদ্ভাবনী শক্তি দিয়ে উদ্ভাবন করেছেন। আপনাদের বড় বড় পরিকল্পনা—তা পড়ে আছে পরিকল্পনা স্তরেই। আপনারা অনেক মাষ্টার প্ল্যান, অনেক পঞ্চবার্ষিকী পরিকল্পনা যে গত ৩০ বছরে করেছেন, আমরা তা পশ্চিমবঙ্গে হাড়ে হাড়ে টের পাচ্ছি। আবার বিধানসভায় দাঁড়িয়ে বলছেন যে, এটা হয় নি, ওটা হয় নি! হবে কোথা থেকে? সবটাই শুষে নিয়ে যাচ্ছে কেন্দ্রীয় সরকার! টাকা না দিলে আমরা কি মিন্ট খুলবো? আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করবো, এই লোয়ার দামোদর ইরিগেশন স্কীম যাতে কার্যকরী করা যায় সে ব্যাপারে উদ্যোগ গ্রহণ করুন। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার স্টিল, সিমেন্ট কিনে ফেলে রেখেছেন ঐ গনি খান চৌধুরী। যেখানে খুশী হয়েছে সেখানে দিয়েছেন, পরিকল্পনা করেছেন খুশীমত। এই ডি. ভি. সি.-র লোয়ার দামোদর আজও কেন কার্যকরী হোল না তার জবাব দিতে পারবেন আপনারা? ওঁদের গনি খান তো ছেড়ে চলে গেছেন ইরিগেশনকে শেষ করে দিয়ে। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার মাল কিনেছেন ঐ লোয়ার দামোদরের জন্য। ওঁরা কি করে চুরি করতো, ইঞ্জিনিয়াররা বেঁচে আছেন, সবাই মারা যান নি। কিছু কিছু ইঞ্জিনিয়ার অবশ্য রিটায়ার করেছেন। তাঁদের জিজ্ঞাসা করবেন, দায়িত্ব নিয়ে বলছি—কন্ট্রাক্টররা গনি খান চৌধুরীর বাড়ীতে গিয়ে বসে থাকতো। লিয়াকৎ, সে থলি নিয়ে বসে থাকতো, টাকা দিলে কন্ট্রাক্ট পাওয়া যেতো। আজকে আপনারা বলছেন যে, আমরা চুরি করছি! আপনারা নির্লজ্জ, আপনাদের লজ্জা নেই। আজ আবার কোল ইণ্ডিয়াতে গিয়ে হাজির হয়েছে সেই লিয়াকৎ, এই আশায় যে গনির দয়াতে কিছু কন্ট্রাক্ট পাবো হেভী ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে

অথবা এইসব নদী পরিকল্পনায়। ঐ সব ইঞ্জিনিয়াররা সমস্তটাই দেখেছে কিন্তু কি করবেন তাঁরা? একে ১০ পারসেণ্ট দিতে হবে, ওকে ২০ পারসে দিতে হবে, কণ্ট্রাক্টর কিছু পারসেণ্ট মারবে—ওঁরা অস্বীকার করতে পারে কি যে, এইভাবে টাকা নেন নি? ওঁদের গৌতম চক্রবর্তীর নামেই কণ্ট্রাক্ট ওঁরা আমাদের আবার বলেন যে, আমরা নাকি চুরি করছি। ওঁরা গরম চা থেকে আরম্ভ করে মদ পর্যন্ত দেশপ্রেমের বিনিময়ে নেন। এই ভাবে ওঁরা চুরি করেন এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী আনী বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি সামান্য দু-একটা কথা বলতে চাই। তি এখানে ১২৫ কোটি টাকার মতো ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করেছেন। কি এটা ফেস ভ্যালু, রিয়াল ভ্যালু যা দাঁড়ায় এই ১২৫ কোটি টাকার তার দ্বারা তি কি করে এতো বড় কাজ করবেন এবং কতগুলি কাজ করতে পারবেন সেটা আ নিজের হিসাব দিয়ে কুলিয়ে উঠতে পারছি না। ফিনান্স কমিশন কি করে আজকে এই ড্রাউটের পরে এই সামান্য টাকা দয়া করে সেচ বিভাগকে দিলেন সেটা আ বুঝতে পারছি না। কেননা গতবারে তাঁরা দেখেছিলেন যে, ড্রাউটে সেচ বিভা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল। এতো বড় ড্রাউট গেল, তারপর এই ১২৫ কোটি টাব দিয়ে কি করে আগামী দিনে যদি কিছু হয় তাহলে ফেস করবেন। মন্ত্রী মহাশ যদি ম্যাজিক জানেন তাহলে সেই ম্যাজিক দিয়ে হয়ত চালাতে পারেন। তা ন হলে যদি পরের বছর আবার কোন দুর্ঘটনা ঘটে, কোন প্রাকৃতিক দুর্ঘটনা ঘ তাহলে কি করে এর মোকাবেলা করবেন আমি জানি না। ওনারা ভগবানের কথ বলেছেন, প্রকৃতিকে ওঁরা ভগবান বলেছেন, সুতরাং ম্যাজিক জানলে হয়ত করতে পারেন। আমরা যে কর্মসূচী করবো বলে মানুষের কাছে অঙ্গীকারবদ্ধ হয়েছি সেটা যদি রূপায়িত করতে না পারি তাহলে তাঁরা আমাদের গালাগালি দেবেন আজকে ওঁরা বললেন যে, আমরা নাকি কমাণ্ড এরিয়া বাড়াতে পারিনি। ওঁদে সময় কমাণ্ড এরিয়া—ওঁরা হয়ত জানেন না—ইরিজেবল ল্যাণ্ড, কমাণ্ড এরিয়া ছি ২১ পারসেণ্ট। আর আমাদের সময় সেটাকে বাড়িয়ে ৩০ পারসেণ্ট করতে পেরেছি অবশ্য সব সময় সব জায়গায় জল দেওয়া সম্ভব হয় না। তার কারণ আছে আমরা যে-সব নদী থেকে জল পাই সেই সমস্ত নদী পাহাড় থেকে উৎপন্ন হয়েছে এই সমস্ত নদীর জল যখন নিচে নামে তখন নদী বালিতে ভরে যায়, রিভার বেড ভরে যায়। সেই জন্য আমাদের জল ধরে রাখার উপায় নেই। আমাদের সেই

রকম ক্যাপিটাল গ্রাণ্ড নেই। আমাদের সেই রকম ব্যারেজ নেই, যে ব্যারেজের দ্বারা সব সময়ের জন্য বেশী করে জল ধরে রাখবো। ওঁরা হয়ত ভুলে গেছেন বা মেঘনাথ সাহার বই হয়ত ওঁরা পড়েন না যে, এই ডি. ভি. সি-র ব্যাপারে মেঘনাদ সাহা কি বলেছিলেন। দামোদর ভ্যালি প্রোজেক্ট তৈরী হবার সময় মেঘনাদ সাহা বলেন যে, ৮টা ব্যারেজ যদি তৈরি না হয় তাহলে এই নদীকে কনট্রোল করা যাবে না। এই নদী একদিন অভিশাপ হয়ে দাঁড়াবে। সেই সময় এটা করা হয় নি এবং এর জন্য দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকার। সেই সময় প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহরু, যিনি সকলের শ্রদ্ধা পেয়েছিলেন। তিনি তখন তিনটি ব্যারেজ করেছিলেন, এই সব কথা ওঁরা কি ভুলে গিয়েছেন। মেঘনাদ সাহা তাঁকে বলেছিলেন যে, ড্যাম, ব্যারেজ না করলে ইতিহাস আপনাকে ভুলে যাবে, ইতিহাস আপনাকে মনে রাখবে না। আমি মেঘনাদ সাহা, বিজ্ঞানের জন্য আমাকে চিরকাল মনে রাখবে, আমার নাম স্মরণ করবে। সেই জন্য আমরা দেখেছি ফ্লাডের জন্য কিছুটা দায়ী হচ্ছে এই দামোদর ভ্যালি।

[2.40—2.50 P. M.]

দ্বিতীয় কথা হচ্ছে, আমি জানি না, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কম্যাণ্ড এরিয়াতে কি করে এবারে মেনটেনের কাজ করবেন। আমাদের কম্যাণ্ড এরিয়া হচ্ছে ১১৫৫ হাজার হেক্টর। সেখানে যদি ১০০ টাকা হিসাবে মেনটেনান্স ধরা হয়, তাহলেও টাকার পরিমাণ দাঁড়ায় প্রায় ১১॥ শত কোটি টাকা টাকা। এর মধ্যে মেনটেনান্স কস্ট ২.৪৩ কোটি টাকা। উনি কি করে মেনটেন বা জলসরবরাহ করবেন তা আমি বুঝতে পারছি না। উনি যদি ম্যাজিক করে করেন তো ভাল কথা, তা না হলে আমাদের মানুষের কাছে গালাগাল খেতে হবে। আমরা যে সম্পূর্ণভাবে সফল হয়েছি, তার দাবী কখনই করি না। কিন্তু সফল না হওয়ার মূল কারণ হচ্ছে প্রথম থেকে আমাদের যে নীতি এখনও পর্যন্ত অনুসৃত হচ্ছে, তা এমন ভাবে করা উচিত ছিল তা করা হয় নি। স্কীমগুলি দুপাশ বেঁধে করা উচিত ছিল। ওঁরা তো এখানে বলেছেন, পাঞ্জাবে ও হরিয়ানাতে সফল হয়েছে। ওখানকার ব্যবস্থাগুলি একেবারে ইংরাজী কায়দায় করা হয়েছে। ক্যানালের দুপাশে সিমেন্ট দিয়ে বাঁধান আছে। অন দি আদার হ্যাণ্ড আমাদের বাংলাদেশের সয়েল অত্যন্ত ইরোটিক। সয়েলের এই অবস্থা জানা সত্ত্বেও ওঁরা কোনদিন এখানে দু'পাশ বাঁধাবার চেষ্টা করেননি। বরঞ্চ আমাদের সরকার ক্ষমতায় আসার পর ময়ূরাক্ষী, যেখানে বেশী

ইরোজান হয় সেখানে দু' পাশ বাঁধাবার ব্যবস্থা হয়েছে। কাজেই দোষ দিতে হবে বলে যদি কিছু দোষ দেখাবার চেষ্টা করা হয়, সেখানে আমাদের কিছু বলবার থাকে না। এই কথা বলে, মাননীয় মন্ত্রী মহাশয় পি সি সরকারের মত ম্যাজিক দেখিয়ে তাঁর প্রজেক্ট্ সফল যেন করতে পারেন এই আশা রেখে, আমি তাঁর ব্যয় বরাদ্দের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমোহিনীমোহন পাণ্ডা ঃ মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সেচমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন, তার প্রতি আমার সমর্থন জ্ঞাপন করছি। আমরা জানি, কৃষি উৎপাদনের মূল শর্ত হচ্ছে আমূল ভূমি-সংস্কার। এই বিষয়ে বামফ্রন্ট সরকার কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছেন। বামফ্রন্ট সরকার আজ পর্যন্ত প্রায় ৭॥ লক্ষ একর জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করেছেন। কিন্তু এই জমিতে ফসল উৎপাদনের জন্য ক্ষুদ্র সেচ প্রকল্পের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। বামফ্রন্ট সরকার এই বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়েছেন। এ পর্যন্ত প্রায় ৩ লক্ষ একর জমিতে জলসেচের ব্যবস্থা করতে সক্ষমও হয়েছেন। ক্ষুদ্র সেচ প্রকল্পের সঙ্গে সঙ্গে বৃহৎ এবং মাঝারী সেচ প্রকল্পগুলির কৃষি উৎপাদনের পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এই ব্যাপারে ডি ভি সি কংসাবতী ও ময়ূরাক্ষী প্রকল্পগুলির মাধ্যমে যে পরিমাণ জমিতে জল দেওয়ার কথা, আমরা লক্ষ্য করেছি কিছু না কিছু কম জল চাষী পেয়েছে। দামোদর ভ্যালী কর্পোরেশন পরিকল্পনা ঠিক ভাবে কার্যকরী না হওয়ার জন্য ডি ভি সি থেকে যে পরিমাণ জমিতে জল পাওয়ার কথা ছিল, তা দেওয়া সম্ভব হয়নি। কোন বৎসরে জল সংকুলান করা যাচ্ছে, আবার কোন বৎসরে তা সম্ভব হচ্ছে না। বিশেষ করে খরার বছরগুলিতে জল সরবরাহ প্রায় সম্ভবই হয় না। আবার যে বৎসরে বেশী পরিমাণে বৃষ্টিপাত হচ্ছে, সেই বৎসরগুলিতে ডি ভি সি-র নিম্ন অঞ্চলগুলি যথা, বর্ধমান ও হুগলী জেলাগুলি বন্যার জলে প্লাবিত হচ্ছে। এর ফলে ঐ সমস্ত অঞ্চলে যে ক্ষয়-ক্ষতি হচ্ছে, তার মোকাবিলা করতে রাজ্যসরকারকে প্রচুর অর্থ ব্যয় করতে হচ্ছে। রাজ্য এই জন্য প্রচণ্ড অনটনের মধ্যে পড়ছে।

এই ভাবে ডি ভি সি-র পরিকল্পনা রূপায়িত না হওয়ায় পশ্চিমবাংলায় এটা আশীর্বাদ না হয়ে অভিশাপ হয়ে দেখা দিয়েছে। আমাদের যে সমস্ত বৃহত্তর পরিকল্পনা আছে যেমন ডি ভি সি এবং ময়ূরাক্ষী ইত্যাদি পরিকল্পনাগুলি মূলতঃ বৃষ্টির জলের উপর নির্ভর করতে হয়। জলের স্রোতে বীজের ক্ষতি হয় না। বৃষ্টির জল এই সমস্ত বাঁধগুলিতে ধরে রাখা হয়। তারপরে জলসেচ করা হয়।

খরার বছর যখন জল কম হয়। তখন দেখা যায় এই সমস্ত ড্যামগুলিতে প্রয়োজনীয় পরিমাণ জল না থাকার জন্য যে এলাকায় জল দেওয়ার কথা অর্থাৎ সেচ সেবিত এলাকায় অধিকাংশ সময়ে জল পায় না। এবং তাতে করে উৎপাদন ব্যাহত হয়। সেই জন্য আমরা মনে করি রাজ্য সরকারের উচিত এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে কি ভাবে পরিকল্পনার মাধ্যমে আরো বেশী করে নদীতে জল দেওয়া যায় এবং রিজারভার তৈরী করা যায় তার জন্য চেষ্টা করা। এই পরিকল্পনাগুলি বাস্তব রূপায়ণের জন্য আরো টাকা চাই এবং মাঝারি এবং ছোট সেচ পরিকল্পনাগুলির উপরও বিশেষ গুরুত্বের প্রয়োজন আছে বলে মনে করি! বিশেষ করে বাঁকুড়া এবং পুরুলিয়া ইত্যাদি যে সমস্ত এলাকায় জমি অত্যন্ত উঁচুনীচু এবং উঁচু জায়গা থেকে নীচু জায়গায় খাল দিয়ে খাল দিয়ে জল নদীতে গড়িয়ে যায় সেই জল ধরে রাখার কোন ব্যবস্থা নেই। আমরা দেখেছি বাঁকুড়া এবং পুরুলিয়া বরাবরই খরাপীড়িত জেলা এবং মেদিনীপুরের কিছু অংশও এবং বীরভূমের পশ্চিমাংশে এখনো বৃষ্টির জলের উপর নির্ভরশীল। সেই জন্য ছোট বড় রিজারভার তৈরী করে যাতে প্রয়োজনীয় সময়ে সেচ জমিতে জল দেওয়া যায় তার ব্যবস্থা করবেন। এই সেচের ব্যাপারে অন্য একটা ব্যবস্থা গ্রহণ করা যায় এই ব্যাপারে আমার কিছু অভিজ্ঞতা আছে। আমাদের পঞ্চায়েতগুলি এই ব্যাপারে একটা ভূমিকা পালন করছে নতুন নতুন রিজারভার তৈরী করে। এই রিজারভারগুলি জল ধরে রাখবার চেষ্টা করছে সেটা আমরা লক্ষ্য করেছি। কিন্তু রাজ্য সরকার এই রিজারভার তৈরী করার ব্যাপারে এমন একটা ব্যবস্থা গ্রহণ করুন যেমন আমাদের ময়ূরাক্ষী সেচ পরিকল্পনা একটা স্থায়ী পরিকল্পনা তেমনি পুরুলিয়াতে ছোট ছোট জলাধার-পরিকল্পনা গ্রহণ করুন। এই পরিকল্পনাগুলি বিশেষ গুরুত্বপূর্ণ। যতগুলি খাল আছে সেই খালের জল রিজারভারে যদি ভর্তি করা যায় তাহলে একদিকে খরিফ মরশুমে অনেক জমিতে জলসেচ করতে পারা যাবে এবং অন্য দিকে রিজারভারের যে জল সেই জল তুলে রবি মরশুমে জল দিতে পারবে এই ভাবে সেচব্যবস্থা সম্প্রসারিত করার দিকে বামফ্রন্ট সরকার বিশেষ গুরুত্ব দিয়েছেন এবং সেইদিকে এগিয়ে যাচ্ছে। কাশীবাবু এই সেচ এলাকাকে ভাগ করে নিতে বলেছেন। ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে সমস্ত জমির ১০ ভাগ ১১ ভাগ জমিতে জল পেত আর আজকে সেখানে আমরা ৩০ ভাগ জমিতে যাতে জল পায় তার ব্যবস্থা করেছি।

আশা করছি আগামী ৪-৫ মাসের মধ্যে পশ্চিমবঙ্গের ৫০ ভাগ জমিতে জল দেওয়া যাবে। এই জল সেচ প্রকল্পের জন্য যে টাকা প্রয়োজন সেই টাকা কেন্দ্রীয়

সরকারের কাছ থেকে পাওয়ার কথা। আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের মন্ত্রিসভা বাজেটের টাকা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বারে বারে বলেছেন যে আমাদের সমস্যা আছে, আমাদের সেচ সমস্যা আছে, খরা সমস্যা আছে। সুতরাং আমাদের বাজেটের টাকা বেশী করে দেওয়া হোক যাতে আগামী বছর বেশী করে খরচ করতে পারি। কিন্তু দিল্লীর সরকার পশ্চিমবঙ্গের এই আবেদন-নিবেদনের প্রতি কোন কর্ণপাতও করছেন না এবং বারে বারে আমাদের প্রত্যাখ্যান করছে। তাঁরা পশ্চিমবঙ্গের দাবী কোনদিনই পালন করছে না। এই ব্যাপারে রাজ্য সরকারের জোরালো ব্যবস্থা নেওয়া উচিত যাতে এই বন্যা এবং খরার মোকাবিলা করা যায়। তার জন্য পশ্চিমবঙ্গের সেচ প্রকল্প এবং বন্যা নিয়ন্ত্রণ একই সঙ্গে তৈরী করার জন্য যত টাকার প্রয়োজন সেটা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে।

[2.50—3.00 P.M.]

সেই হিসেবে সেচ এবং বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প একই সঙ্গে তৈরী করার জন্য যত টাকার প্রয়োজন তা সমস্ত কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। এই দাবীর সঙ্গে কংগ্রেস, যাঁরা সেচ, খাদ্য ইত্যাদি সমস্যা নিয়ে বলেন তাঁদের অনুরোধ করবো আমাদের সঙ্গে যোগ দিয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা যাক, যাতে আগামী দিনে আমরা খরা ও বন্যার মোকাবিলা করতে পারি। এই বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীননী ভট্টাচার্য : স্যার, আমার বরাদ্দ ১০ মিনিটের মধ্যে বিরোধী পক্ষ থেকে যেসব প্রশ্নের অবতারণা করা হয়েছে তার জবাব কতখানি দিতে পারবো জানি না। তবে আমার বন্ধুরা কিছু কিছু জবাব দিয়েছেন। আমি প্রথমে বলতে চাই যে, ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত যে ইরিগেশান পোটেনশিয়ালিটি সৃষ্টি করা হয়েছিল তার পরিমাণ ৯ লক্ষ ৫২ হাজার হেক্টার—যদিও টার্গেট ছিল ১২ লক্ষ ৫৩ হাজার। আমরা এই কয়েক বছরে অর্থাৎ ১৯৮১—৮৩ সাল পর্যন্ত ১১ লক্ষ ৫৪ হাজার হেক্টারে জল দিতে পেরেছি। আমরা এই যে পোটেনশিয়াল ক্রিয়েট করতে পেরেছি তাতে ২ লক্ষ হেক্টারে বেশি দিতে পেরেছি। সত্যবাবু, কাশীবাবু ১৯৭৪ সালের হিসেব রেখেছেন তাতে দেখা যাবে ১৯৭৪ সাল থেকে আরম্ভ করে ১৯৭৬—৭৭ সাল পর্যন্ত প্রায় ২ লক্ষ হেক্টারের মত বেশি ঐ সময় করা হয়েছিল। সুতরাং রেট অফ প্রোগ্রেস একই জায়গায় আছে। সত্যবাবু যে বলার চেষ্টা করলেন খুব কমে

গেছে তা ঠিক না। মগরাহাট স্কীম প্রায় শেষ হয়ে গেছে। সেখানে ব্রীজ হয়ে গেছে। রিভার লিফট রি-এক্সাভেকেশানের দরকার আছে এবং তার রিভাইসড এষ্টিমেট তৈরী করছি। ডেল্টা প্রোজেক্টের ক্লিয়ারেন্স এখনও পর্যন্ত পাইনি। ডেলটা প্রোজেক্টের জন্য অনুসন্ধান চলছে কাজ কিভাবে করা যায়। এটা সকলেই জানেন বৃষ্টি যা পড়ে তার শতকরা ৭৫ ভাগের উপর নির্ভর করে ইরিগেশানের উপর। তবে দীর্ঘকাল যদি খরা চলতে আরম্ভ করে তাহলে বৃহৎ ও মাঝারী সেচ অ্যাফেকটেড হয়। এটা আমরা খরা মরশুমে প্রত্যক্ষ করেছি। এই যে নর্মসের কথা বললাম, এটা অল ইণ্ডিয়া নর্মস, আমাদের বানান ব্যাপার নয়। খরা যদি বছরের পর বছর চলতে থাকে তাহলে স্বাভাবিক সেখানে ডি. ভি. সি-র জলাধারে জল সঞ্চয় কমতে আরম্ভ করে। ময়ূরাক্ষী, কংসাবতীতেও তাই হয়। যেভাবে উপর্যুপরি খরা চলছে তাতে ডি. ভি. সি., ময়ূরাক্ষী, কংসাবতীর জলাধার ডেড ষ্টোরেজে নেবে গেছে। এই অবস্থায় আমরা খরিফ এবং রবি ফসলকে বাঁচাবার জন্য আপ্রাণ চেষ্টা করেছি এবং ক্ষতির হাত থেকে বাঁচাতে পেরেছি। কাশীবাবু কোয়ার্ডিনেশানের কথা বললেন। এখানে এগ্রিকালচার, মাইনর, মেজর ইরিগেশান ইত্যাদি এক সঙ্গে বসে এবং জেলায় জেলায় গিয়ে জেলা ম্যাজিষ্ট্রেট থেকে আরম্ভ করে এগ্রিকালচারাল অফিসার, জেলা পরিষদের সভাধিপতির সঙ্গে বসে স্কীম করেছি কিভাবে জল বণ্টন করা যাবে।

এবং তখন থেকে একটা কথা আমরা বলেছিলাম এবং বাজেট অধিবেশনে বিভিন্ন বিতর্কের সময় সেকথা ট্রেজারী বেঞ্চ থেকে বলা হয়েছে যে, বোরো ধান লাগানর ব্যাপারে আমরা উৎসাহিত করবার চেষ্টা করছি না, কারণ, আমরা জল দিতে পারব না। আজকে জানি বিভিন্ন এলাকায় বোরো ধান শুকিয়ে যাচ্ছে, সেখানে জল দেওয়ার প্রশ্ন এসে গেছে। অথচ অসুবিধা হচ্ছে ডি. ভি. সি-র জলাধারে জল নেই, ময়ূরাক্ষী, কংসাবতীর জলাধারে জল নেই এবং যেটুকু জল আছে, সেই জল দিয়ে আমরা কি করে পানীয় জলের সমস্যা মেটাব সেটা একটা চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আপনারা জানেন, এইসব জলাধারের অনেকখানি জল একদিকে যেমন শিল্পের প্রয়োজনে পাওয়ার প্রোডাকসানের প্রয়োজনে দিতে হয় ঠিক তেমনি আর একদিকে বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকায় বিভিন্ন এলাকায় পানীয় জল সরবরাহের জন্য দিতে হয়। সেজন্য বলেছিলাম, বোরো ধান লাগিও না, জল দিতে পারব না। তবুও এইসব জলাধার থেকে বোরো ধান কিছু কিছু জল পেয়েছে, কিছু কিছু জায়গায় বোরো ধান হচ্ছে। আমরা বলেছিলাম, প্রথম প্রায়োরিটি হবে পানীয় জলের, তারপর অন্যান্য প্রায়োরিটি। সেই পানীয় জল অ্যাফেকটেড

হবে আজ যদি ময়ূরাক্ষী জলাধার থেকে জল ছেড়ে কিছুটা জল বোরো ধানের জন্য দিই, তাহলে গোটা সিউড়ি মিউনিসিপ্যাল এলাকায় পানীয় জলের সমস্যা দেখা দেবে। সেজন্য আমরা প্রথম থেকে বলেছি যে, বোরো ধানের জন্য জল দিতে পারব না এবং অল্প জলে বেশী ফসল হবে সেই ধরনের ক্রপ এবারে করার জন্য আমরা উৎসাহিত করবার চেষ্টা করে এসেছি চাষীদের, যার ফলে এক ফসলী রবি ক্রপ অন্যান্য রবি ক্রপ সেগুলি ভাল হচ্ছে এবং সেগুলি ভালভাবে জল পেয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে যে কথাটা বলতে চাই তা হলো, সিদ্ধেশ্বরী নুরবিল রিজারভার প্রোজেক্ট—সেই স্কীমটা আণ্ডার প্রিপারেশান, বিহার গভর্নমেন্ট এবং ওয়েষ্টবেঙ্গল গভর্নমেন্ট যে এগ্রিমেণ্ট হয়েছে, ইন দি লাইট অব দি এগ্রিমেণ্ট আমরা সেই স্কীমের দিকে এগিয়ে চলেছি। আমি একটা কথা লিখিতভাবে যেটা বাজেট বিবৃতিতে রাখবার চেষ্টা করেছি সেটা হচ্ছে এই যে ডেটারেণ্ট ফ্যাকটরস্-এর যে চ্যাপটার আছে সেই চ্যাপটারের মধ্যে পরিষ্কার সেকথা বলা হয়েছে যে, পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় একটা সঙ্কট দেখা দিয়েছে সেটা হচ্ছে টাকা-পয়সার অভাব। এই টাকা পয়সার অভাব যখন সাংঘাতিক ভাবে বেড়ে চলেছে সেই সময় আমাদের ঘাড়ে এসে পড়েছে সেচ ব্যবস্থা ঠিকমত গড়ে তোলার দিকে এগোন এবং আপনারা জানেন দীর্ঘকাল ধরে এই সেচ ব্যবস্থা উপেক্ষিত হয়ে আছে। ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত সেন্ট্রাল ওয়াটার কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টে দুটো ফিগার ছিল—একটা ২১ পার্সেণ্ট কভারেজ হচ্ছে, আর একটা ২৫ পার্সেণ্ট কভারেজ হচ্ছে। যদি ২১ পার্সেণ্ট হয় তাহলে রাউণ্ড এ্যাবাউট ৩০ পার্সেণ্ট মেজর, মিডিয়াম, মাইনর ইরিগেশান মিলিয়ে জমিতে আমরা ইরিগেশান দিতে পেরেছি। আমরা বামফ্রণ্ট সরকারের তরফ থেকে সাধারণ মানুষের কাছে বলেছি যে এই সামান্য ৫/৬ বছরে যাতে শতকরা ৫০ ভাগ জমিতে জল দিতে পারি সেই দিকে এগুতে চাইছি, সেই লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি ষষ্ঠ পরিকল্পনার যে টার্গেট তাও পূরণ করার জায়গায় যেতে পারছি না। তার কারণ প্রধানতঃ অর্থের অভাব। আমাদের স্টেট বাজেটের সাইজ ছোট, ইরিগেশান বাজেটের সাইজ ছোট, তাই দিয়ে ষষ্ঠ পরিকল্পনার টার্গেট পূরণ করা তো দূরের কথা সাধারণ মানুষের কাছে আমাদের যে কমিটমেণ্ট সেই কমিটমেণ্ট রাখতে পারছি না।

[3.00—3.10 P. M.]

কেন্দ্রীয় সরকারের কাছে গঙ্গার ইরোশন রোধ করবার জন্য প্রথমে ২৯৩ কোটি

টাকার এস্টিমেট আমরা পাঠিয়েছিলাম এবং তারপর সেটাকে নিয়ে ১৩ কোটি টাকা আমরা চেয়েছি। কিন্তু গঙ্গার এই ভাঙ্গন রোধ করবার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন উচ্চবাচা নেই। ফরাক্কা ব্যারেজের পর গঙ্গার ভাঙ্গনের ব্যাপার নিয়ে এই হাউসেই প্রস্তাব এসেছে। কাজেই ভাঙ্গন রোধের জন্য আমাদের খরচ করতে হবে এবং সেটা যদি ইরিগেশনের জন্য খরচ করতে পারি তাহলে আমরা এগিয়ে যেতে পারব। তিস্তা ব্যারেজ প্রোজেক্ট একটা ইন্টারন্যাশনাল প্রোজেক্ট। এই প্রোজেক্ট হলে গোটা উত্তরবঙ্গে চাষের উপযোগী ব্যবস্থা করা যাবে। বামফ্রন্ট সরকার সেই জন্যই সবচেয়ে বেশী গুরুত্ব দিচ্ছে যাতে তিস্তা ব্যারেজ তাড়াতাড়ি সমাপ্ত হয়। এবারে আমাদের ৫৪ কোটি টাকার যে প্ল্যাণ্ড বাজেট তার মধ্যে ২৩ কোটি টাকা ব্যয় হবে এই তিস্তা ব্যারেজের জন্য এবং খাল কাটার জন্য। আপনাদের বলতে পারি আমরা ইরিগেশনের ক্ষেত্রে সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছি এই তিস্তা ব্যারেজকে। কাজেই এগুলি আপনাদের বিচার করতে হবে। যে সমস্ত অসুবিধার কথা বলা হয়েছে এবং ইরিগেশনকে এগিয়ে নেবার জন্য যে সমস্ত বাধা রয়েছে আমি ভেবেছিলাম বিরোধীপক্ষের সদস্যরা সেদিকে নজর দেবেন এবং পথ বার করবেন। এই রাজ্যের বাজেটের আয়তন যাতে বাড়ে তার জন্য মুখ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায় বলা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে আমরা আমাদের আয়তন বাড়াবার দাবী রেখেছি। ঠিক এর পাশাপাশি আমাদের বৃষ্টির জল, নদীর জল থেকে আরম্ভ করে আণ্ডারগ্রাউণ্ড এ্যাণ্ড সারফেস ওয়াটার যা কিছু আছে তার মোট পরিমাণ কত সেটা দেখার চেষ্টা করেছি এবং তার পূর্ণাঙ্গ সদ্ব্যবহার কিভাবে করা যায় সেটা নিয়ে চিন্তা করছি। আমাদের বৃষ্টির জলের অর্ধেক জল সমুদ্রে চলে যায়, তাকে আমরা স্থায়ী ভাবে ব্যবহার করতে পারছি না। ব্যাঙ্কে টাকা রাখলে যেমন সব সময় তোলা যায় ঠিক সেই রকম বিভিন্ন জায়গায় ওয়াটার ব্যাঙ্ক করার ব্যবস্থা আমরা করতে পারিনি কারণ তার জন্য প্রচুর টাকার প্রয়োজন। আমাদের বৃহৎ সেচ-দপ্তর এবং মাইনর সেচ-দপ্তর সব কিছু মিলিয়ে যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে তাকে আরও বড় করা দরকার, ঢেলে সাজান দরকার এবং এগুলি আমাদের চিন্তার মধ্যে রয়েছে। অর্থাৎ যেটা গত ৩৫ বছর ভাবা হয়নি সেটা নিয়ে আমরা ভাবছি। এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে সমস্ত ভারতবর্ষ ব্যাপী সেচ-ব্যবস্থা চালান হয়েছে তাতে দেখছি এটা শুধু গতানুগতিকভাবে চালান হয়েছে। আমরা এটা নিয়ে রি-থিংকিং করছি এবং এই লিমিটেড রিসোর্সের মধ্যে অর্থাৎ টাকা-পয়সার লিমিটের মধ্যে কিভাবে একে এগিয়ে নিয়ে যেতে পারি, কিভাবে ম্যাকসিমাম ইউজ করতে পারি সেই দিকে

এগিয়ে যাচ্ছি এবং এই ব্যাপারে একটা এক্সপার্ট কমিটি নিয়োগ করা হয়েছে। এ
আলোচিত বাজেট বক্তৃতায় আমি সেটা উল্লেখ করেছি। সেখানে অভিজ্ঞ জিওলজি
হাইড্রোলজিষ্টস, সিভিল ইঞ্জিনীয়ার, বিভিন্ন জলবিজ্ঞানী থাকছেন। এই ধরে
ব্রেন ট্রাষ্ট সেখানে যাচ্ছেন। এই ভাবে একটা পূর্ণাঙ্গ আকার দেবার আমরা চে
করছি। যাতে তাড়াতাড়ি সাধারণ মানুষকে সেচের সুবিধা দিতে পারি, অ
গোয়িং স্কীম অর্থাৎ ৫ম প্লানের মধ্যে যেতে পারি তার চেষ্টা করছি। আমাদে
টাকার অভাব আছে—তবুও আমরা চেষ্টা করছি যাতে অন্য খাত থেকে টাকা সরি
এনে ৫ম প্লানের মধ্যে সেগুলি—অন গোয়িং স্কীমগুলি কভার, যাতে সেচের সু
সাধারণ মানুষকে আরও বেশী করে দিতে পারি তার চেষ্টা আমরা করে যাচ্ছি। আম
জানি টাকা-পয়সার অভাবে এই সব কাজ করতে হচ্ছে। আমরা কোন নূতন প্লা
নূতন স্কীম নিতে পারছি না। কারণ সব কিছু খরচ করে মাত্র আমাদের হাতে
কোটি টাকা থাকছে। নূতন স্কীম কি করে নেবো! আমরা অন গোয়িং স্কীমে
উপর বেশী জোর দিচ্ছি। আমরা যে টাকা বরাদ্দ ধরেছি সেগুলি কম্পলিশন করা
গেলে আরও টাকা অন্য খাত থেকে আনতে হবে এবং সেই টাকা আমরা চে
করছি। এ ছাড়া আর অন্য পথ নেই। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাক
পাওয়ার উপর লক্ষ্য রেখে আমাদের কাজ করতে হবে। আমাদের পলিসি হচে
এ্যাডমিনিস্ট্রেশনকে ষ্ট্রীমলাইন করতে হবে—সেখানে যাতে আরও ভালো কা
তারা করতে পারে, আরও ফাইন্যানশিয়াল ডিসিপ্লিন যাতে সেখানে আসে আর
ভাল ভাবে যাতে এগিয়ে নিয়ে যেতে পারে তার চেষ্টা আমাদের আছে, তার চিন্
আমাদের আছে। একদিকে তিস্তা ব্যারেজ—এর দিকে তাকিয়ে আমরা সেখানে
মেনটেনেন্স সেল করেছি, আমরা কো-অর্ডিনেশন কমিটির দ্বারা তিস্তা ব্যারেজ-
যাতে ঠিক ঠিক মত ইমপ্লিমেণ্টেশন হয় সেই জন্যই ইমপ্লিমেণ্টেশন সেল করেছি
আমরা অন্যান্য পরিকল্পনার আগে অন গোয়িং পরিকল্পনাগুলিকে মডারনাইজেশনের
প্রোগ্রাম নিয়েছি। এই সমস্ত বিবেচনা করে নিশ্চয় আশা করতে পারি মাননীয়
সদস্যগণ এই বাজেট প্রস্তাব সমর্থন করবেন। আমি কাটমোশনে দেখলাম যে
সমস্ত বিষয় উল্লেখ রয়েছে, তার বিভিন্ন বিষয়ে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি।
আমার সময় নেই, আমি সেগুলি লিখিতভাবে সদস্যদের জানিয়ে দেবো। সুন্দরবন
সম্বন্ধেও অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ
করছি।

[3.10—4.00 P. M. (Including adjournment)]

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 1,24,97,87,000 be granted for expenditure under Demund No. 66, Major Heads : "332-Multipurpose River Projects, 333-Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532-Capital Outlay on Multipurpose River Projccts, and 533-Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects" (This is inclusive of a total sum of Rs. 20,83,00,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

(At this stage the House was adjourned till 4 P. M)

(After Adjournmnet)

[4.00—4.10 P. M]

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি বিষয় উল্লেখ করছি। আমি একটি সংবাদ পেলাম যে, রাষ্ট্রমন্ত্রী শিবেন চৌধুরীর বাড়ীর ঝি নাকি খুন হয়েছে, সংবাদপত্রে বেরিয়েছে। আমাকে কাগজটি যনি দিয়েছিলেন তিনি বললেন, এই ঝি গরীব কৃষকের মেয়ে এবং সে ওঁর বাড়ীতে াকরি করত। তাকে পাওয়া যাচ্ছে না শুধু নয়, তার বাবা, মা যখনই খুঁজতে আসছে শিবেনবাবুর বাড়ীর লোকেরা পুলিশ ডেকে তাদের তাড়িয়ে দিচ্ছে। আমি াই আপনার মাধ্যমে বলতে চাইছি, একজন মন্ত্রীর বাড়ীর ঝিকে যদি খুঁজে না াওয়া যায় এবং তাঁর বাড়ীতে খুঁজতে গিয়ে যদি পুলিশের ধাক্কা খেয়ে চলে আসতে য় তাহলে এটা পশ্চিমবাংলায় অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা হবে বলে মনে হচ্ছে। সই জন্য আমি বলতে চাই যে, আপনি বিষয়টি অনুসন্ধান করুন এবং মুখ্যমন্ত্রীকে ই বিষয়ে লক্ষ্য রাখতে বলুন যে, প্রকৃতপক্ষে শিবেন চৌধুরীর বাড়ীর ঝি মৃত, জীবিত আছে এবং যদি জীবিত থাকে তাহলে তাকে তার বাবার কাছে পৌঁছে দতে বলুন।

DEMAND No. 47

Major Head : 289-Relief on account of Natural Calamities

Shrimati Nirupama Chatterjee : Sir, on the recommendation of the Governor,

I beg to move that a sum of Rs. 13,67,72,000 be granted for expenditu under Demand No. 47, Major Head: "289 Relief on account of Natur Calamities".

(This is inclusive of a total sum of Rs. 2,27,96,000 already voted c account in March, 1983).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, সমস্যাক্লিষ্ট এই রাজ্যের সাম্প্রতি সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা নজিরবিহীন ভয়াবহ খরা পরিস্থিতি। স্থায়ি তীব্রতা ও ব্যাপকতায় এই প্রাকৃতিক বিপর্যয় অতীতের সব নজিরকে ম্লান করেছে ১৯৮১-৮২ সালের সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময় থেকে এই পরিস্থিতি অব্যাহ থাকায় ও খরার প্রকোপ তীব্র থেকে তীব্রতর হওয়ায় এই রাজ্যের কৃষি ব্যব চরম বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। উপর্যুপরি খরার ফলে ব্যাপক ফসলহানি ঘটা এবং তার ফলে গ্রামীণ অর্থনীতি সম্পূর্ণ পঙ্গু হওয়ায় গ্রামাঞ্চলের সাধারণ মানু চরম সংকটে পড়েছেন। ১৯৮২-৮৩ সালের আগষ্ট মাস অবধি খরার ফলে ে পরিস্থিতির উদ্ভব হয়েছিল এবং খরাক্লিষ্ট দুঃস্থ জনসাধারণের দুর্গতিমোচনে রাজ সরকার যে-সব ত্রাণ ব্যবস্থা গ্রহণ করেছিলেন তা আমি গত বৎসর আমার বাজে বক্তৃতায় আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অবহিত করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮২-৮৩ সালে বর্ষা উত্তরবঙ্গে সময়মত এলে দক্ষিণবঙ্গে বেশ বিলম্বে আসে। আগষ্ট মাসে দক্ষিণবঙ্গে সামান্য কিছু বৃষ্টি হলে উত্তর বাংলায় বর্ষা ঐ সময় অস্বাভাবিকভাবে বন্ধ হয় এবং সারা রাজ্য থেকে বর সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময় বিদায় নেয়। আমন ধান চাষের মরসুমে ধানগাছে ফুল আসার সময় যখন বৃষ্টির সবচেয়ে বেশি প্রয়োজন ঠিক সেই সময় বর পূর্ব বৎসরের মত অস্বাভাবিকভাবে বিদায় নেওয়ায় এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয় কৃষিকার্য কার্যতঃ সম্পূর্ণ বন্ধ হওয়ায় কৃষিকার্যে নির্ভরশীল গ্রামাঞ্চলের এক বিশা সংখ্যক সাধারণ মানুষ, বিশেষ করে ক্ষেতমজুর, দিনমজুর, প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক সম্প্রদায় অবর্ণনীয় দুর্দশায় পড়েন। এই ব্যাপক দীর্ঘস্থায়ী ও অভূতপূর্ব খর পরিস্থিতি রাজ্য সরকারের পক্ষে মোকাবিলা করা অসম্ভব বিবেচনা করে গত অক্টোবর মাস কেন্দ্রকে পুনরায় খরা পরিস্থিতির অবনতির বিষয় অবহিত করে অবিলম্বে এই রাজ্যে কেন্দ্রীয় সমীক্ষক দল পাঠানোর ও খরাত্রাণ ব্যবস্থা ১৯৮৩ সালের জুন মাস অবধি অব্যাহত রাখার জন্য কেন্দ্রীয় সাহায্য হিসাবে নগদ ১১১ কোটি ৯০ লক্ষ টাকা ও ৮৯ কোটি টাকা ও ৬৮ লক্ষ টাকা মূল্যের ৪,৩৭,৬৫২ মে টন খাদ্যশস্য সরবরাহের অনুরোধ করা হয়। রাজ্য সরকারের অনুরোধমত

আরও একটি কেন্দ্রীয় সমীক্ষক দল গত নভেম্বর মাসে আসেন ও খরাকবলিত জেলগুলি সরেজমিনে পরিদর্শন করে খরা পরিস্থিতির ব্যাপকতা ও ভয়াবহতা বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে একমত হন। ঐ দলের সুপারিশক্রমে ১৯৮৩ সালের মার্চ মাস অবধি বিবিধ খরাত্রাণ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য গত ডিসেম্বর মাসে কেন্দ্র বিভিন্ন খাতে কেন্দ্রীয় সাহায্যের জন্য ব্যয়ের সর্বোচ্চ সীমা হিসাবে অতিরিক্ত ৪৯ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান ও ৩ কোটি টাকা ঋণ হিসাবে ধার্য করেন। অর্থাৎ কেন্দ্র দু' দফায় বিভিন্ন খরাত্রাণ খাতে কেন্দ্রীয় সাহায্যের জন্য ব্যয়ের সর্বোচ্চ সীমা মোট ৭৪ কোটি ২৭ লক্ষ টাকা অনুদান ও ৩ কোটি টাকা ঋণ—মোট ৭৭ কোটি ২৭ লক্ষ টাকায় নির্দিষ্ট করেছেন। এ ছাড়া কেন্দ্র কর্মসংস্থান প্রকল্পে নিযুক্ত শ্রমিকদের দৈনিক মাথাপিছু এক কিলোগ্রাম হিসাবে গম মজুরি হিসাবে প্রদানের জন্য এ যাবদ ২৩,৮০০ মেঃ টন গম সরবরাহ করেছেন। এই গমের মূল্য অবশ্য রাজ্য সরকারকে দিতে হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অভূতপূর্ব ও ভয়াবহ খরার ফলে যে সংকটজনক পরিস্থিতির উদ্ভব হয়েছে সে বিষয়ে আমি পূর্বেই উল্লেখ করেছি। আপনি জানেন যে, রাজ্যের বামফ্রণ্ট সরকার সমাজের দুর্বলতম শ্রেণীর স্বার্থরক্ষায় অঙ্গীকারবদ্ধ। তাই সীমাবদ্ধ আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা ও বিবিধ প্রতিবন্ধকতা সত্ত্বেও রাজ্য সরকার সর্বতোভাবে দুঃস্থ জনসাধারণের দুর্দশা লাঘব ও সংকটমোচনে যতদূর সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। যুদ্ধকালীন জরুরী অবস্থার মতো যে-সব ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করেছেন সেগুলি হল : ফসল রক্ষার জন্য জলসেচ ব্যবস্থার সম্প্রসারণ, বিকল্প চাষের জন্য বীজ, সার ও আর্থিক সাহায্য বিতরণ, পানীয় জল সরবরাহ, খয়রাতি সাহায্য বিতরণ, ব্যাপক ভাবে কর্মসংস্থান প্রকল্প রূপায়ণ, পুষ্টি প্রকল্প রূপায়ণ ও গবাদি পশুর খাদ্য সরবরাহ ও চিকিৎসা। উল্লিখিত ত্রাণব্যবস্থাগুলির মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য হল কর্মসংস্থান প্রকল্প রূপায়ণ। গ্রামাঞ্চলের কর্মক্ষম দুর্দশাগ্রস্ত বিশাল সংখ্যক জনসাধারণের সাময়িক ভাবে দুর্দশা লাঘবের উদ্দেশ্যে এত ব্যাপক ও সুসংবদ্ধভাবে এই প্রকল্প পূর্বে রূপায়িত হয় নি। শুধুমাত্র ত্রাণ বিভাগের মাধ্যমে এই উদ্যোগ বাস্তবায়িত করা অসম্ভব বিবেচনা করে যে-সব বিভাগের কাজ, যেমন কৃষি, সেচ ও জলপথ, পূর্ত (সড়ক), বন ও মৎস্য ইত্যাদি অদক্ষ শ্রমিক নিয়োগের মাধ্যমে রূপায়িত করা সম্ভব, সেই সব কাজ উল্লিখিত বিভাগগুলির মাধ্যমে রূপায়িত হয়েছে ও হচ্ছে। ত্রাণ বিভাগ সহ অন্যান্য বিভাগ কর্তৃক পরিচালিত এই প্রকল্পে নিয়োজিত শ্রমিকের দৈনিক মজুরির হার মাথাপিছু অন্যূন নগদ ছয় টাকা, অথবা নগদ ৪ টাকা ৫০ পয়সা ও ১ কিলোগ্রাম

গম হিসাবে নির্ধারিত হয়েছে। এই প্রকল্প রূপায়ণের জন্য ১-৭-৮২ থেকে ২৮-৩-৮৩ অবধি বিভিন্ন জেলায় মোট ৪৬ কোটি ৭৬ লক্ষ ৩৫ হাজার টাকা ও ১৮,৮০০ মেট্রিক টন গম বণ্টন করা হয়েছে। এর মধ্যে শুধুমাত্র ত্রাণ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্যের পরিমাণ হল ১৮ কোটি ৬৬ লক্ষ টাকা ও ১১,৩৭৫ মেট্রিক টন গম। বিভিন্ন বিভাগ কর্তৃক এই অর্থে মোট যে শ্রম-দিবস সৃষ্টি করা যাবে তার সংখ্যা হল প্রায় ১০ কোটি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রকল্প রূপায়ণের মাধ্যমে শুধুমাত্র দুঃস্থ কর্মক্ষম জনসাধারণের কর্মসংস্থানের ব্যবস্থাই করা হয় নি। অদূর ভবিষ্যতে খরা প্রতিরোধের উদ্দেশ্যে ক্ষুদ্র ও মাঝারি সেচ প্রকল্প ও গ্রামাঞ্চলে সমষ্টি উন্নয়নমূলক বিবিধ স্থায়ী সম্পদ সৃষ্টিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সর্বশেষ প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী, শুধুমাত্র ত্রাণ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্য ১-৪-৮২ থেকে ৩১-১-৮৩ পর্যন্ত বিভিন্ন জেলায় এই প্রকল্পের মাধ্যমে ১,১৯৩টি নূতন রাস্তা নির্মাণ, ১৫,৬২৯টি পুরাতন রাস্তা সংস্কার, ২,৭১১টি খাল ও ৫,৭২৭টি পুষ্করিণী খনন বা সংস্কার, ৯,৪৭৯টি ক্ষুদ্র সেচ ও কৃষিকার্য সহায়ক প্রকল্প, ৩৬১টি ভূমি সংরক্ষণ ও সংস্কার প্রকল্প, ৮,৩৩,৭২১টি বৃক্ষরোপণ, ৭৫৭টি বাঁধ সংস্কার, ১,৯০৪টি প্রাথমিক বিদ্যালয় ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ ও ২৫৬টি বিবিধ প্রকল্প রূপায়িত হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শারীরিক পঙ্গুতাহেতু খরাকবলিত দুঃস্থ জনসাধারণের যে অংশ কর্মসংস্থান প্রকল্পে যোগদানে অক্ষম তাদের প্রয়োজনীয় খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে ও হচ্ছে। অধিক খরাকবলিত জেলাগুলিতে এই সাহায্যপ্রাপকের সংখ্যা যথাসম্ভব বৃদ্ধি করা হয়েছে। চলতি আর্থিক বৎসরে এই সাহায্য বিতরণের জন্য ৯ কোটি ৬১ লক্ষ টাকা মূল্যের ৪৭,৪৯৭ মেট্রিক টন খাদ্যশস্য বণ্টন করে ২ কোটি ৩৭ লক্ষ ৪৮ হাজার ৫০০ ইউনিটের খয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ১০ লক্ষ ৪০ হাজার শিশু ও ২ লক্ষ ৬০ হাজার মায়েদের পুষ্টি প্রকল্পের মাধ্যমে রান্না করা খাবার সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার কর্তৃক গৃহীত উল্লিখিত ব্যাপক ত্রাণ ব্যবস্থার ফলে শহরে গ্রামাঞ্চলের কোন আর্তমানুষের মুখ দেখতে পাওয়া যায় নি। রাজ্য সরকারের আন্তরিক ও সার্বিক প্রচেষ্টা, পঞ্চায়েতী সংস্থা ও সামগ্রিক ভাবে জনসাধারণের স্বতঃপ্রণোদিত সাহায্য, সমর্থন ও অকুণ্ঠ সহযোগিতার ফলে পরিস্থিতি গুরুতর হলেও কোন সময়েই আয়ত্তের বাইরে যেতে পারে নি। সামগ্রিক খরা পরিস্থিতির উপর নিরন্তর সতর্ক ও সজাগ দৃষ্টি রাখা ও বিবিধ খরাত্রাণ ব্যবস্থার অবিরাম তদারকির জন্য রাজ্যস্তরে মুখ্য সচিবের নেতৃত্বে সংশ্লিষ্ট বিভাগীয় সচিব ও

আধিকারিকদের নিয়ে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠিত হয়েছে। এই কমিটির বৈঠক প্রতি সপ্তাহেই হয় এবং প্রতি জেলার বিশেষ পরিস্থিতির মূল্যায়ন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ অবিলম্বে দেওয়া হয়। জেলাস্তরের জেলা-পরিষদের সভাধিপতি ও ব্লকস্তরে পঞ্চায়েত সমিতির সভাপতির নেতৃত্বে জেলাশাসক ও ব্লক উন্নয়ন আধিকারিক ও বিভিন্ন বিভাগের আধিকারিকদের নিয়ে অনুরূপ তদারকি কমিটি প্রতি জেলা ও ব্লকে গঠিত হয়েছে। মুখ্যমন্ত্রী নিজে একাধিকবার জেলাশাসক ও জেলা পরিষদের সভাধিপতিদের নিয়ে খরা পরিস্থিতি বিষয়ে আলোচনা করে সমস্ত খরাত্রাণ ব্যবস্থা সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য নির্দেশ দিয়েছেন। বিশেষ করে তিনি সমস্ত জেলাশাসককে স্থানীয় বিধানসভা সদস্যদের ও রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ রেখে তাঁদের সামগ্রিক পরিস্থিতি অবহিত করে তাঁদের মূল্যবান মতামত গ্রহণের নির্দেশ দিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপক ও অভূতপূর্ব খরার ফলে চলতি আর্থিক বৎসরে রাজ্যের প্রধান শস্য আমন ধানের পরিমাণ সর্বমোট ৩৫ লক্ষ মেট্রিক টনে (চালের হিসাবে) দাঁড়িয়েছে। বিগত ২৭ বৎসরে এত কম উৎপাদন কোনও দিনই হয় নি। স্বাভাবিকভাবেই এই ব্যাপক ফসলহানির প্রতিক্রিয়া ইতিমধ্যেই অনুভূত হচ্ছে এবং আগামী দিনগুলিতে সংকট যে তীব্র থেকে তীব্রতর হবে সে বিষয়ে সকলেই নিঃসন্দেহ। আগামী আর্থিক বৎসরে অন্ততঃ বর্ষা শুরু না হওয়া পর্যন্ত বিবিধ খরাত্রাণ ব্যবস্থা একই হারে অব্যাহত রাখার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় উদ্যোগ ইতিমধ্যেই গ্রহণ করেছেন এবং বাস্তব অবস্থা যথাযোগ্য মূল্যায়ন করে অবিলম্বে কেন্দ্রকে আগামী জুন মাস অবধি ত্রাণব্যবস্থা অব্যাহত রাখার উদ্দেশ্যে অতিরিক্ত ৯৫ কোটি ৫৮ লক্ষ টাকা কেন্দ্রীয় সাহায্য হিসাবে বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে। রাজ্য সরকারের অনুরোধমত একটি কেন্দ্রীয় সমীক্ষকদল মার্চ মাসের শেষ সপ্তাহে অধিক খরাকবলিত জেলাগুলি পরিদর্শন করে রাজ্য সরকার যে-সব ত্রাণব্যবস্থা গ্রহণ করেছেন সে বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। আমি আশা করছি কেন্দ্র রাজ্য সরকারের অতিরিক্ত অর্থ সাহায্য প্রস্তাবের যথার্থতা উপলব্ধি করে অবিলম্বে প্রয়োজনীয় সাহায্য দেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ১৯৭৯ সালের শেষ দিকে আসামে তথাকথিত বিদেশী হঠাও আন্দোলনের ফলে আসাম থেকে বলপূর্বক বিতাড়িত যে-সব শরণার্থীরা পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় অস্থায়ী শিবিরে সাময়িকভাবে বসবাস করছেন তাঁদের আসামে পুনর্বাসন ব্যবস্থার উদ্যোগ কার্যকর করার আগেই আসামে সাম্প্রতিক ঘটনার ফলে গত ১৮ই ফেব্রুয়ারী থেকে নতুন

করে বহুসংখ্যক শরণার্থী এই রাজ্যের জলপাইগুড়ি জেলায় আসার ফলে এক নূতন সমস্যার সৃষ্টি হয়েছে। ১৮-২-৮৩ থেকে ২৪-৩-৮৩ অবধি ঐ জেলায় ২৪,১৩৭ জন নূতন শরণার্থী এসেছেন। মানবিক কারণে রাজ্য সরকার শুধুমাত্র দর্শকের ভূমিকা গ্রহণ না করে এইসব শরণার্থীদের নূতন আশ্রয় শিবিরে আশ্রয় ও ত্রাণ সাহায্য দিচ্ছেন। সঙ্গে সঙ্গে কেন্দ্রকে সমস্ত বিষয়ে অবহিত করে এইসব শরণার্থীদের নিজ নিজ আবাসস্থলে আসামে পুনর্বাসন না হওয়া পর্যন্ত অবিলম্বে বিশেষ ট্রেন সহযোগে তাদের আসামে প্রত্যাবতন ও কেন্দ্রীয় সরকারের নিজস্ব তত্ত্বাবধান ও তদারকিতে আসামে উপযুক্ত স্থানে আশ্রয় শিবির স্থাপন করে এইসব শরণার্থীদের আশ্রয় দান ও নতুন শরণার্থীর এই রাজ্যে আগমন প্রতিরোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা হয়েছে। এই নতুন শরণার্থীদের সাময়িক আশ্রয় ও ত্রাণ সাহায্যের জন্য রাজ্য সরকার ইতিমধ্যে ২৩ লক্ষ ৩৬ হাজার টাকা ২৬-৩-৮৩ অবধি ব্যয় করেছেন। এছাড়া পুরাতন শরণার্থীদের ত্রাণ সাহায্যের জন্য রাজ্য সরকার এ যাবৎ যে অর্থ ব্যয় করেছেন তার পরিমাণ হল ১ কোটি ৫২ লক্ষ টাকা। কেন্দ্র পুরাতন শরণার্থীদের জন্য অনেক অনুরোধের পর সর্বমোট ৫০ লক্ষ টাকা ঋণ হিসাবে মঞ্জুর করেছেন। কেন্দ্রকে নতুন শরণার্থীদের এই রাজ্যে সাময়িক আশ্রয় দান ও ত্রাণ সাহায্যের সমুদয় ব্যয়ভার গ্রহণ ও পুরাতন শরণার্থীদের জন্য ব্যয়িত অর্থের সম্পূর্ণ পরিমাণ অনুদান হিসাবে মঞ্জুর করা এবং অবিলম্বে ঐ পুরাতন শরণার্থীদের আসামে প্রত্যাবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইওরোপীয়ান ইকনমিক কমিটি প্রতিশ্রুত আর্থিক সাহায্যে নির্মীয়মাণ ৮৫টি আশ্রয় শিবিরের মধ্যে ২৭টির নির্মাণকায সম্পূর্ণ ও ৫৫টির নির্মাণকার্য প্রায় শেষ হয়েছে। চলতি আর্থিক বৎসরে সবকটি আশ্রয় শিবিরের নির্মাণকার্য সম্পূর্ণ শেষ হবে।

ত্রাণ বিভাগের মাধ্যমে শিশুদের জন্য যে-সব পোশাক বিতরণ করা হয়, সেগুলি এখন থেকে পঞ্চায়েত সমিতির দ্বারা গঠিত মহিলা সমিতি, নিবন্ধীকৃত এলাকার নিবন্ধীকৃত মহিলা সংস্থা এবং রাজ্য সরকারের সমাজকল্যাণ বিভাগ পরিচালিত ব্লক স্তরের সীবনশিক্ষা কেন্দ্রে যে-সব দুঃস্থ মহিলা ও প্রতিবন্ধী কাজ করেন তাঁদের দ্বারা প্রস্তুত করিয়ে বিতরণ করা হবে। এর ফলে বেশ কিছু দুঃস্থ প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা ও প্রতিবন্ধীকে পুনর্বাসনের সুযোগ দেওয়া সম্ভব হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি মাননীয় সদস্যদের কাছ থেকে চলতি আর্থিক বৎসরে যে সাহায্য ও সহযোগিতা পেয়েছি আগামী বৎসরেও অনুরূপ সমর্থন

ও সাহায্যের আশা রেখে আমার এই ব্যয়বরাদ্দ প্রস্তাব অনুমোদনের অনুরোধ করে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : All the Cut Motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Subrata Mukherjee : Do

Shri Shaikh Imajuddin : "

Shri Jokhilal Mondal : "

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ত্রাণ এবং কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী নিরুপমা দেবী তাঁর বিভাগের ব্যয়বরাদ্দের দাবী এখানে যে পেশ করেছেন আমি সেই পরিপ্রেক্ষিতে আমাদের বিরোধী দলের যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গী অনুযায়ী কিছু বক্তব্য আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। নিরুপমা দেবী সত্যিই নিরুপমা—কারণ নিরুপমা দেবী খুব সুসংহতভাবে তাঁর বাজেট ভাষণের মধ্যে এই সমস্ত কথাগুলি বলার চেষ্টা করেছেন।

কিন্তু তার মধ্যেও অনেক চেষ্টা করে যেগুলি তিনি তাঁর ভাষার মধ্যে বা লেখার মধ্যে বেঁধে রাখতে পারেন নি সেগুলি আমাকে বলতে হবে। স্যার, আমরা জানি গত ৬ বছর ধরে বামফ্রন্ট সরকার বঞ্চনা এবং টোকেন রিলিফের মাধ্যমে কাজ করে আসছেন। স্যার, আমরা জানি, টোকেন রিলিফটা সামগ্রিকভাবে বা নীতিগতভাবে বামপন্থী রাজনীতির অপোজিট পোলে অবস্থিত। বামপন্থী রাজনীতির মূল সংজ্ঞা যদি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে নীতিগতভাবে তাঁরা টোকেন রিলিফে বিশ্বাস করেন না। বিধানসভাকেও তাঁরা বিশ্বাস করেন না, সংসদীয় গণতন্ত্র তাঁরা মানেন না। তবুও তাঁরা বিধানসভায় আসেন এবং সংখ্যায় কমে গেলে—১৯৭২ সালে যেমন হয়েছিল—তাঁরা নিজের ঘরে বসে থাকেন, আর রিগিং রিগিং বলে চিৎকার করেন। আবার সংখ্যায় বেড়ে গেলে তাঁরা বিধানসভায় আসেন এবং বিরোধীদের গলাটিপে ধরার চেষ্টা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া ত্রাণমন্ত্রী মহোদয়া এই ত্রাণ ব্যবস্থার মাধ্যমে কোন্ শ্রেণী বা গোষ্ঠীর মানুষের উপকার করছেন জানি না, কিন্তু এ ব্যাপারে আমার যা ব্যক্তিগত অভিজ্ঞতা সেটা আমি আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, ১৯৭৮ সালের ভয়াবহ বন্যার সময় আমার সৌভাগ্য হয়েছিল এখনকার মাননীয়া ত্রাণমন্ত্রীর কনস্টিটিউয়েন্সীতে কাজ করার। দীর্ঘ দু' মাস ধরে লুথেরান ওয়ার্ল্ড সার্ভিসের মেডিক্যাল অফিসার হিসাবে আমি তাঁর কেন্দ্রে কাজ করেছিলাম। আমি দেখেছি ত্রাণ সামগ্রীর নামে কি বঞ্চনা,

কি দলবাজী সেখানে হয়েছে। এঁরা চিৎকার করে বলেন, আমরা ভয়াবহ বন্যা আটকেছি, আবার এই ভয়াবহ খরারও মোকাবিলা করেছি। ওঁদের কথায় এই খরাও নাকি শ্রীমতী ইন্দিরা গান্ধীর সৃষ্টি। এইসব কথা বাগনানের মাঠে মাইক খাটিয়ে নিরুপমাদেবী মিটিং করে বলেন যে, এই খরাও নাকি ইন্দিরা গান্ধীর সৃষ্টি। স্যার, আমার ভাবতে অবাক লাগে, এখানে নিরুপমাদেবী মিষ্টি মিষ্টি কথা বলেন, সাধারণ মানুষের জন্য চোখের জল ফেলেন, আবার নিজের কনস্টিটিয়েন্সীতে ফিরে গিয়ে দলের ক্যাডারদের বলেন, শুধুমাত্র দলের লোক ছাড়া ত্রাণসামগ্রী আর কাউকে দিও না, সাধারণ মানুষ কিভাবে বেঁচে আছেন, তাঁরা খেতে পাচ্ছেন কিনা সে-সব তোমাদের দেখার দরকার নেই। স্যার, আমার আরো অবাক লাগে যখন এঁদের দৃষ্টিভঙ্গীর তফাৎ দেখি। এঁরা নীতিগতভাবে টোকেন রিলিফের বিরুদ্ধে, অথচ এখানে সেই কাজই করছেন। স্যার, এই প্রসঙ্গে চীনের কথা একটু বলি। এঁরা চীনে একটা টিম পাঠাচ্ছেন ওঁদের দলের তরফ থেকে এবং চীনের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করছেন, খুব ভাল কথা, সেটা আমাদের দেশের পক্ষেও ভাল যদি করতে পারেন স্যার, সেই চীনে যখন আর্থকোয়েক হয়ে গেল তখন দেখলাম চীন এ্যানাউন্স করলো, No help, No help to the outsid_rs, even to the Red Cross. So what is the principle—basic principle? এখানে বেসিক প্রিন্সিপ্যালটা কি? সেটা হচ্ছে, নিজের পায়ে, নিজের মাটিতে নিজের সামর্থ্য নিয়ে সমস্ত কিছু ট্যাকল করা। আমরা পর্যালোচনা করবো, মানুষের কাছে যাব এই সমস্ত জিনিস নিয়ে এটাই হচ্ছে বেসিক প্রিন্সিপ্যাল।

[4.10—4.20 P. M.]

আজকে সমস্ত বুভুক্ষু মানুষের পেটের জ্বালার সুযোগ নিয়ে, অর্থনৈতিক অবস্থায় সুযোগ নিয়ে তাদের চূড়ান্ত এক্সপ্লয়েট করে যাচ্ছেন। আজকে ক্ষুধার্ত মানুষের মুখের সামনে পচা পাউরুটি নিয়ে বলছেন, এস, এই পচা পাউরুটি যদি নিতে চাও তাহলে মিছিলে চল, ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডের মিছিলে চল, লাল পতাকা নিয়ে জিন্দাবাদ বল, আর পঞ্চায়েতের অফিসে গিয়ে আমাদের দলের প্রধানদের জিন্দাবাদ বল, সন্ধ্যা বেলায় পার্টির মিটিংয়ে বসে সি পি এম জিন্দাবাদ বল। তা না হলে ত্রাণ পাবে না। জি আর লিস্টে নাম থাকবে না। এই হচ্ছে সি পি এম-এর বেসিক নীতি। ওরা খরা সম্পর্কে অনেক কথা বলেছেন যে, এই করেছি, ঐ করেছি, এত চেয়েছি, এত পেয়েছি, কেন্দ্র বঞ্চনা করছে, কেন্দ্র দিচ্ছে না। মাননীয়

মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন আছে। সারা ভারতবর্ষের বুকে যে প্রচণ্ড খরা হয়েছে, কোন্ কোন্ প্রদেশে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধীর সরকার আছে? কোন্ কোন্ প্রদেশে কোন্ রাজনৈতিক দলের কারা সরকার চালাচ্ছেন? আপনি জানেন যে, আজকে সবচেয়ে বেশী টাকা পেয়েছে তামিলনাড়ু। আমাদের যা জানা আছে—আগে ৮২ কোটি টাকা পেয়েছে। সেখানে তো কংগ্রেস সরকার নেই। তারপরে পেয়েছে পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গে তো কংগ্রেস সরকার নেই। আমরা কি দেখছি? প্রথম পদক্ষেপে ৭৭ কোটি ২৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তারা বারে বারে পর্যবেক্ষক দল পাঠাচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রীদের সঙ্গে আলোচনা করছেন। ভারতবর্ষের অর্থমন্ত্রী নিজে পশ্চিমবঙ্গের অসুস্থ মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর বাড়ীতে গিয়ে কথা বলেছেন। তিনি সমস্যা বোঝবার চেষ্টা করছেন, সমস্যা বুঝতে চাইছেন। পর্যবেক্ষক আসছে। পর্যবেক্ষক দলের রিপোর্ট নেওয়া হচ্ছে, পুরো পরিস্থিতি খতিয়ে দেখার চেষ্টা করা হচ্ছে, মাঠে-ময়দানে গিয়ে দেখছেন, কিভাবে কতটা খরচ হচ্ছে, কতটা প্রয়োজন। আপনারা চাইবেন ৫ শত কোটি টাকা, আর ওঁরা দিয়ে দেবেন ৬ শত কোটি টাকা, এটা হতে পারে না। আজকে বাড়ীর মালিক তিনিও খরচের হিসাব নেন। আমরা সাধারণতঃ কি করি? আজকে নিরুপমাদেবী বাড়ীতে যখন ফিরে যান তখন তিনি মন্ত্রী নন, তখন তিনি গৃহকর্ত্রী, তখন তিনি যদি কোন একটা ছেলেকে বলেন, যা তো বাবা, বাজারে গিয়ে একশত গ্রাম চিনি, ২ শত গ্রাম জিরা বা অন্যান্য জিনিস কিনে আন। সেই ছেলেটি যখন বাজার থেকে আসে তখন তিনি হিসাব নেন। কেন হিসাব নেন? কারণ দোকানদার তাকে ঠকাতে পারে বা ছেলেটা বেশী পয়সা খরচ করতে পারে। সেজন্য নিরুপমা দেবী হিসাব নেন। কেন্দ্রীয় সরকারও তেমনি রাজ্য সরকারের কাছে একটা হিসাব চান। বারে বারে তাঁরা চিৎকার করছেন, এটা নিয়ে তাঁদের গাত্রোদাহ হচ্ছে। তাঁরা সর্বনাশ হয়ে গেল বলে চিৎকার করছেন, আর বলছেন যে কেন্দ্রের বঞ্চনা, অঙ্গ রাজ্য পশ্চিমবাংলাকে বঞ্চনার চরম পর্যায়ে ফেলে দেবার চেষ্টা করা হচ্ছে। এই হচ্ছে অবস্থা। আপনি জানেন, আমি নিজে চোখে দেখেছি—১৯৭৮ সালে বাগনানে আমি যখন স্পীড বোট নিয়ে ঘুরেছি, আমি নিজে চোখে দেখেছি যে, ত্রাণসামগ্রী নিয়ে কিভাবে মানুষের মধ্যে বিলি করা হয়েছে। আমি একটা কোম্পানীতে তখন কাজ করতাম বলে মূক বধিরের মত সব কিছু সহ্য করতে হয়েছে। লাল পতাকা যার হাতে নেই, লাল দলের যারা সদস্য নয়, তাদের হাতে ত্রাণসামগ্রী যাবে না। তারপরে খরা খরা বলে এত চেঁচামেচি করা হচ্ছে। আসলে ভিতরের রোগটা অন্য জায়গায়। খরার টাকা নিয়ে আজকে নিজেদের মধ্যে চূড়ান্ত দলবাজী করার একটা সুন্দর পথ, সুন্দর

একটা পরিকল্পনা আমলাদের সহযোগিতায়, নিজেদের দলের কমরেডদের সহযোগিতায়, জেলার নেতাদের সহযোগিতায় একেবারে রাইটার্স বিল্ডিংস থেকে শুরু করে ব্লক অফিস, পঞ্চায়েত অফিস পর্যন্ত চক্রান্ত করে করা হয়েছে। এর এফেক্ট আছে। এর এফেক্ট পেতে হবে ৩১শে মে। আমাদের কাছে খবর আছে যে, বিভিন্ন গোডাউনে খাদ্যশস্য মজুত আছে। এই পঞ্চায়েত ইলকশানে সেগুলিকে ত্রাণ দপ্তরের মাধ্যমে বিলি করা হবে। এক হাতে গম নাও, আর অন্য হাতে ভোট দাও। এক হাতে কিছু সাহায্য, আর অন্য হাতে কাস্তে-হাতুড়ীতে ছাপ দাও। এই হচ্ছে শ্লোগান। এই শ্লোগান তুলে দিচ্ছেন নিরুপমাদেবী। আজকে তিনি অস্বীকার করতে পারবেন যে, এই শ্লোগান তোলা হয় নি? তিনি এটা নিজেও জানেন। আজকে পঞ্চায়েত-রাজের কথা বলেছেন। এটা খুব ভাল কথা। কিন্তু এই পঞ্চায়েতরাজ আজকে যেভাবে এক্সপ্লয়েট হচ্ছে, এই পঞ্চায়েত-রাজ-এর মাধ্যমে যেভাবে তহবিল তছরূপ হচ্ছে, এই পঞ্চায়েতের সম্বন্ধে যেভাবে সিরিয়াস এলিগেশান এসেছে, সেগুলি নিরুপমাদেবী জানেন। আজকে সেই করাপটেড পঞ্চায়েতের হাতে ত্রাণসামগ্রী তুলে দেবেন, আর তার বিনিময়ে ভোট চাইবেন। এটা তো একরকম পারচেজ করা। রাইট রি-এ্যাকশানিষ্টদের এই মেণ্টালিটি থাকতে পারে, কিন্তু তথাকথিত বামপন্থী বলে যাঁরা দাবী করেন, তাঁদের তো এই নীতিতে বিশ্বাসী হবার কথা নয়? যখন তথাকথিত বামপন্থী বিপ্লবীদের এই চরিত্র দেখি তখন আমাদের অবাক লাগে। আর যখন তাদের ইতিহাস পর্যালোচনা করি তখন বিস্ময়ে অবাক হয়ে যাই। এ কি কথা, এটা কি করে হয়। বামপন্থী রাজনৈতিক দলের আন্দোলন বিধানসভার কক্ষে এসে নিরুপমাদেবীর হাতে থমকে গেল, এটা তো হতে পারে না। তাই আমি তাঁর কাছে আবেদন করবো যে, স্বচক্ষে দৃষ্টিভঙ্গীতে এটা দেখার চেষ্টা করুন। ১৯৭৮ সালেও তিনি চোখ বুজেছিলেন, ১৯৭৯ সালেও তিনি চোখ বুজে থেকেছেন, ১৯৮০ সালেও চোখ বুজে থেকেছেন। এই চোখ বুজে থেকে থেকে এখন ১৯৮৩ সালের ৩১শে মে-তে এসে হাজির হয়েছেন পঞ্চায়েত ইলেকশানে।

এখন তিনি বোধ হয় চোখও বুজেছেন, কানও বুজেছেন। হাত দু'টো খোলা রেখে এক হাতে গম, আর এক হাতে টাকা নিয়ে শ্লোগান তুলেছেন, পঞ্চায়েতে আমাদের ভোট দাও, তাহলে এগুলি পাবে। এর চেয়ে অদ্ভুত ব্যাপার আর কি হতে পারে? এর চেয়ে জঘণ্য অধ্যায় পশ্চিমবাংলার ইতিহাসে ইতিপূর্বে সৃষ্টি হয়নি।

স্যার, আপনি জানেন নিরুপমা দেবী বলেছেন, 'আমরা বার বার কেন্দ্রের কাছে সাহায্য চেয়েছি, আবার চাইছি, আবার সাহায্য পেলে তা মানুষের হাতে

তুলে দেব।' অথচ স্যার, আপনি জানেন কয়েক দিন আগেই মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী কথা বলেছেন এবং তিনি সন্তোষ প্রকাশ করেছেন। এক দিনও মুখ্যমন্ত্রী কোথাও স্টেটমেন্ট করে বলেননি যে, ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রী খরার ব্যাপারে দলবাজী করেছেন, আমাদের অবহেলা করছেন। তিনি একদিনও কোথাও এই জাতীয় কোন স্টেটমেন্ট করেননি, তিনি বরংচ সন্তোষ প্রকাশ করেছেন। তাহলেই বোঝা যাচ্ছে যে, আমরা নিশ্চয়ই কেন্দ্রীয় সাহায্য পাচ্ছি। খরার ব্যাপারে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন, যেভাবে সাহায্য করা দরকার, সেভাবে সাহায্য করা হবে। পর্যবেক্ষকদের রিপোর্ট নিয়ে যে সাহায্যের প্রয়োজন হবে, সে সাহায্য নিশ্চয়ই করা হবে। সুতরাং এখানে দলবাজীর কথা কোথা থেকে আসছে? এখানে দলবাজীর কথা আসে না। বামফ্রন্ট সরকার তাঁদের সংকীর্ণ রাজনৈতিক চিন্তা ধারারই প্রকাশ এখানে ঘটাচ্ছেন। তাঁদের সংকীর্ণ রাজনৈতিক চিন্তা ধারা, তাঁদের কথার মধ্যে ও কাজের মধ্যে দিয়ে পরিস্ফুট হয়ে উঠছে। নিরুপমা দেবী খোঁজ রাখেন কিনা জানি না, আমার মনে হয় তিনি খোঁজ রাখেন, কারণ তাঁর জ্ঞাতসারেই সব কিছু হচ্ছে। আমি আপনাদের বিবেকের কাছে প্রশ্ন রাখছি, যদিও আপনাদের কমিউনিষ্টদের বিবেক বলে কোন বস্তু নেই—আপনারা দেওয়ালে লিখেছেন—আমি রাস্তায় ঘুরে বেড়াবার সময়ে, বিশেষ করে কলকাতার রাজপথে ঘুরে বেড়াবার সময়ে দেখেছি, আপনারা দেয়ালে লিখেছেন, "মানুষের হতাশার ঔরস থেকে ভগবানের জন্ম': 'কার্ল মার্কস'। আবার আপনারাই সকালবেলা কালীঘাটে প্রণাম না করে বিধানসভায় আসেন না। এই রকম কনট্রাডিকটরি ক্যারেকটার আপনাদের। এই রকম কনফিউজড্ এ্যাণ্ড কনট্রাডিকটরি ক্যারেকটার নিয়ে আপনারা এর মধ্যে দিয়েই ভারতবর্ষে মার্কসবাদ প্রতিষ্ঠা করতে চাইছেন! ভালো কথা, আমরা ভবিষ্যতের দিকে তাকিয়ে থাকব, দেখব কি রকম মার্কসবাদ আসে, কায়েম হয়।

নিরুপমা দেবী তাঁর বক্তৃতার মধ্যে জি. আর'-এর কথা বলেছেন। তিনি খুবই স্পষ্ট ভাষায় দাবী করেছেন, জি. আর. অনেক দিয়েছেন, ঠিক ঠিক জায়গায় ঠিক মত জি. আর. বিলি করেছেন। স্যার, আমি ওঁকে চ্যালেঞ্জ জানিয়ে বলছি, উনি খোঁজ নিয়ে দেখুন, কোথাও সি. পি. এম'-এর কর্মীরা ছাড়া আর কোন মানুষ জি. আর. পেয়েছে কিনা। আমাদের কথা বলছি না, আমাদের কথা ছেড়ে দিন, নিজেদের শরিক দল আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক, সি. পি. আই'-ও এ বিষয়ে সি. পি. এম'-এর অত্যাচার মুখ বুঁজে সহ্য করছে এবং তাদের মুখে সেই যন্ত্রণার ছাপ আমরা দেখতে পাচ্ছি। আমি চ্যালেঞ্জ করে বলছি, একটা জি. আর.-এর

সুযোগও সি. পি. এম. দলভুক্ত পঞ্চায়েত প্রধান এবং তার আত্মীয়-স্বজন ছাড়া অন্য কোন সাধারণ মানুষ পায়নি। কোথাও কোন সাধারণ মানুষ জি. আর-এর কোন সুযোগ পায়নি। নিরুপমা দেবীর বিশেষ পুষ্টি প্রকল্পের কোন সুযোগ কোন সাধারণ মানুষ কোথাও পায়নি। এক দিকে খরা চলছে, অপর দিকে জঘণ্য রাজনৈতিক কায়দায় তাকে মোকাবিলা করার নামে দল বাড়াবার চেষ্টা চলছে। এটা একটা ইতিহাস তৈরী হচ্ছে।

গতকাল সি. পি. এম. দলের প্রবীন সদস্য দেবী বাবু সুন্দর ভাষার মাধ্যমে বললেন, 'আমাদের যুব-সমাজ আজকে ক্ষয়িষ্ণু ধনতান্ত্রিক সমাজব্যবস্থার শিকারে পরিণত হয়েছে'। এই পরিপ্রেক্ষিতে আমাদের বলতে লজ্জা হয়—উনি বললেন ধনতান্ত্রিক সমাজব্যবস্থার মধ্যে দিয়ে আজকে যুব সমাজ পঙ্গু হয়ে পড়ছে এবং সেই ধনতান্ত্রিক সমাজব্যবস্থার বিধানসভায় উনি রাজনৈতিক স্লোগান তুলে বক্তৃতা রাখছেন এবং ওঁরাই আজকে যুব সমাজকে ৫০ টাকা করে বিড়ি খেতে, চুল্লু খেতে দিচ্ছেন, যুব সমাজকে অধঃপতনের দিকে ঠেলে দিচ্ছেন। এটাই কি যুব সমাজের জন্য এই সরকারের ত্রাণ বা পার্মানেন্ট রিলিফ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যতদূর জানি কমিউনিস্টরা কখনো টেমপোরারি রিলিফের কথা বলে না, কমিউনিষ্টরা কখনো টেম্পোরারি টোকেন্ রিলিফের কথা বলে না, তারা পার্মানেন্ট সলিউসনের পথ দেখায়। অথচ আমরা আজকে এখানে কি দেখছি—নিরুপমা দেবী তথা সি. পি. এম. ত্রাণ-সামগ্রী নিয়ে—গম নিয়ে, টাকা নিয়ে—জেলায় জেলায়, ব্লকে ব্লকে মিটিং করে বলছেন, গম নাও টাকা নাও 'কাস্তে হাতুড়িতে' ছাপ দাও। আর ৫০ টাকা করে বেকার ভাতার নামে চাকর ভাতা নাও এবং আমাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টিতে নাম লেখাও।

আমি নিরুপমা দেবীকে বলব, আপনি মায়ের জাত, মাতৃজাতির প্রতিনিধি হিসাবে আপনার কাছে অনুরোধ করছি, মায়ের স্নেহ-মমতা নিয়ে, পশ্চিমবাংলার বুভুক্ষু মানুষের দিকে তাকিয়ে, শুধুমাত্র দলবাজী না করে, পঞ্চায়েতের নির্বাচনকে সামনে রেখে দলবাজী না করে, সত্যিকারের মানুষের কল্যাণে ত্রাণ-ব্যবস্থাকে ব্যবহার করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.20—4.30 P. M.]

শ্রীঅনাদি মল্লঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া ত্রাণ ও কল্যাণমন্ত্রী মহোদয়া যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা

বলতে চাই। আমি মাননীয় বিরোধী দলের সদস্য ডাঃ মানস ভুঁইয়ার বক্তৃতা খুব মন দিয়ে শুনলাম। তিনি অনেক কিছু কথা বলে গেলেন এবং ভর্ৎসনার কথা বললেন। এই বিধানসভায় দেখছি, বিরোধী দলের সদস্যরা বিভিন্ন বাজেটে বিরোধিতা করে যে-সব বক্তব্য রাখেন সেগুলো সবই অসত্য এবং তাঁরা বলেন, আমরা নাকি রিগিং করে এসেছি, গ্রামে কিছু কাজ করি না, বিভিন্ন বাজেটে বেশী বেশী টাকা বরাদ্দ করে পার্টি ক্যাডারের স্বার্থে ব্যয়িত করছি। এখন এই বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে, অর্থাৎ ১৭ কোটি ৬৭ লক্ষ ৭২ হাজার টাকা—এই টাকা গ্রামের বিভিন্ন জায়গায় চলে যায়। জেলা থেকে ব্লকে যায়, ব্লক থেকে গ্রামাঞ্চলে যায়, তারপর এলাকা ভিত্তিক যায়। তখন আমরা দেখি, গ্রামের দু-একজন মানুষ পেতে পারে। তাই স্যার, ওদের কেন যে মানুষ ভোট দিয়ে এখানে এনেছেন সেটা চিন্তা করতে পারি না। আপনারা নিজেরাই বলেছেন, ৭০/৮০ ভাগ মানুষ নিরক্ষর। সুতরাং যাদের ভোটের মাধ্যমে এখানে এসেছেন, তাদের সমর্থন করা দরকার ছিল। এই যে, ২৪ পরগনা জেলার গাইঘাটায় যে ঝাড় হয়ে গেল এবং তার ফলে যে ক্ষতি হলো, সমস্ত মানুষের ত্রাণকার্যের জন্য এতটুকুও কথা বললেন না, তাদের প্রতি এতটুকুও দয়া হলো না। তাদের পুনর্বাসনের কথা বললেন না। আপনাদের সব কথাগুলি ভাসা-ভাসা। এই পুনর্বাসন করতে গিয়ে তাদের যে ক্ষয়ক্ষতি হয়েছিল সে কথাও তিনি বাজেটে উল্লেখ করেছেন এবং তাদের সকলকে পুনর্বাসন করা সম্ভব নয় তাঁর পক্ষে, সে কথাও বলেছেন। আমি বলতে চাই যে, তাদের পুনর্বাসনের ব্যাপারে একটা নতুন বাজেট করা দরকার। কারণ তাদের পুনর্বাসন এত কম টাকাতে হবে না। কেন্দ্রীয় সরকার তাদের পুনর্বাসনের ব্যাপার আমাদের ওপর চাপিয়েছেন এবং মাননীয় সদস্য এই ব্যাপার নিয়ে কথা বলে পশ্চিমবঙ্গের জনগণকে বিভ্রান্ত করতে চলেছেন। কেন্দ্রীয় সরকার যখন ক্ষমতায় আছেন, সেই ক্ষমতাকে কেন্দ্রীভূত করার জন্যও তাঁরা পশ্চিমবঙ্গের মানুষকে কিছু আর্থিক সাহায্য দিতে পারেন, কিন্তু তা না করায় পশ্চিমবঙ্গের মানুষকে সঙ্কটে পড়তে হচ্ছে এবং সেই সময় বামফ্রণ্ট সরকার সমস্ত গরীব কৃষক, মেহনতি মানুষ, ক্ষেতমজুর, প্রান্তিক চাষী এদের খরাত্রাণে সাহায্য দিয়ে তাদের সঙ্গে কাজ করে চলেছেন এবং গ্রামের জনগণের জন্য ২ কোটি ২৫ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করতে পেরেছেন। কিন্তু মাননীয় বিরোধী দলের সদস্য শ্রীমানস ভুঁইয়া মহাশয় বলছেন যে, বন্যা বা খরার সময় কোন কাজ হয় নি। কিন্তু আমি ব্যক্তিগতভাবে তাঁকে বলতে চাই, ১৯৭৮ সালের বন্যা এবং তারপর খরা হয়েছিল, সে সময় তাঁরা কি

করেছিলেন। সেইসব বন্যার এলাকায় যে-সমস্ত ডাক্তার ছিলেন তাঁরা কি করেছিলেন, রোগীরা তাঁদের কবলে পড়ে মরতে বসেছিল, রোগীদের সম্বন্ধে তাঁরা কোন চিন্তা-ভাবনা করেন নি। অনাহারে অনেক রোগীর মৃত্যু হয়ে গিয়েছিল। তাঁদের যে-সব ওষুধ বিক্রি হয় নি সেই সব পুরনো ওষুধ তাঁরা রোগীদের মধ্যে বিলি করেছিলেন এবং যে-সব ওষুধের দাম ২৫ পয়সা সেই ওষুধের বিনিময়ে তাঁরা তখন ২ টাকা এমন কি ৫ টাকা অবধি দাম নিয়েছিলেন। এখন বলছেন যে, কিছুই কাজ হয় নি। এখন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের চেষ্টায় গ্রামের বেশীর ভাগ জায়গায় ছোট ছোট সেচ প্রকল্প চালু হয়েছে। ডাগ ওয়েল, ডিপ টিউবওয়েল ইত্যাদি হওয়ায় চাষীরা উপকৃত হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রাকৃতিক দুর্যোগ, এই খরা, একে মোকাবিলা করতে গিয়ে মাননীয় সদস্যরা একবারও তো বললেন না—বিধানসভার মধ্যে হৈ চৈ করছেন যে, ১০০ বছরের মধ্যেও এই রকম খরা হয় নি বা আমরা দেখিনি। এ নিয়ে কোন রকম চিন্তা-ভাবনা না করেই ওঁরা এই সমস্ত কথা বলছেন। আমি যেটা বলতে চাইছি, ঐ সব গ্রামাঞ্চলে যে-সমস্ত কাজ হোতো, আমরা ৩২ বছর ধরে দেখে এসেছি, এখন এই বামফ্রন্ট সরকারের আমলেও দেখছি। যে-সমস্ত শ্রম দিবস সৃষ্টি করে গ্রামাঞ্চলে কাজ হয়, আগে কি হোতো? আগে গ্রামে যে রাস্তা তৈরী হোতো তাতে গ্রামের দু'-দশ জন কাজ করত, আর বাকী লোকগুলি কাজ পেত না, যার জন্য গ্রামের রাস্তাঘাটের ঐ রকম অবস্থা ছিল। দিনের পর দিন কিছু কাজ করার পর তারাই টিপসই করে টাকা নিয়ে নিত, তা এই ভাবে কম চুরি হয় নি। ওঁদের এই রকম অভ্যাস আছে বলেই ওঁরা আজকে বলছেন যে, বামফ্রন্ট চুরি করেছেন।

[4.30—4.30 P.M.]

আপনারা সর্বত্র চুরি করবার ব্যবস্থা কায়েম করেছিলেন। কিন্তু গ্রামের মানুষ আজ বুঝতে শিখেছে। আপনারা আজ যত কথাই বলুন না কেন, মানুষ কোন দিন আপনাদের সেই দুর্নীতির কথা ভুলবে না।

আজ বামফ্রন্ট সরকার বেকারদের কথা মনে রেখে তাদের ভাতা দেবার ব্যবস্থা চালু করেছেন। আপনারা কি কখনও এই ভাতা দেবার কথা চিন্তা করেছিলেন?

আপনারা গ্রামের মানুষকে যে-সমস্ত ওষুধ পুরানো, বিক্রি হয় না তা তাদের দিয়েছেন। বর্গাদার গরীব কৃষকদের জমি আপনারা কেড়ে নিয়েছেন। গ্রামে

ষ্ঠু সেচের ব্যবস্থা করেন নি, যার ফলে আজ এতবড় খরার মধ্যে পড়তে হয়েছে ামফ্রন্ট সরকারকে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ খরার কারণে পশ্চিমবঙ্গে খাদ্য ঘাটতি ঘটেছে। লে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা মাসে মাসে ৪ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য য়েছিলাম। আপনারা যাঁরা রেডিও শোনেন, কাগজ পড়েন, তাঁরা জানেন যে, াতে বলা হচ্ছে পশ্চিমবঙ্গের নির্ধারিত কোটার চাল ঠিকমতই দেওয়া হচ্ছে। কিন্তু ামরা বাস্তবে দেখছি ২.৫০ লক্ষ মেট্রিক টনের বেশী খাদ্যশস্য দেওয়া হচ্ছে না। রডিও বা কাগজগুলো সত্যি খবর প্রচার করছে না। কিন্তু স্যার, ওঁরা গ্রামে গ্রামে লছে যে, খাদ্যশস্যের কোন অভাব পশ্চিমবঙ্গে নেই, বামফ্রন্ট সরকারই তাঁদের চাল তে পারছে না। আপনারা জনপ্রতিনিধি, কিন্তু আপনারা গ্রামের মানুষকে ল বোঝাচ্ছেন। আপনারা ভোট পেয়ে নির্বাচিত হয়ে এসেছেন, কিন্তু বিধানসভার ধ্যে তাদের বিরুদ্ধে একটি আইন পাশ করেছিলেন। বর্গাদার, কৃষক, মেহনতী ানুষের জন্য একটি কথাও বলেন নি। এর মধ্যে থেকে বুঝতে পারছি, আপনারা নগণের শত্রু।

আবার আপনারা বলেছেন যে, টাকা-পয়সা এবং গভর্নমেন্টের চাল নিয়ে সমস্ত ামের মানুষকে দিচ্ছেন, দলবাজী করছেন। আমি বলছি যে, একটা সম্পূর্ণ অসত্য ভিযোগ। আমরা আপনাদের বুঝিয়ে দেব এই অসত্য কথা দিয়ে মানুষকে রদিন ভোলানো যায় না। আমরা তাঁদের শিক্ষার ব্যবস্থা করেছি। যতই অসত্য থা বলুন না কেন, পঞ্চায়েত ইলেকশনে তার সমুচিত জবাব আপনারা পাবেন। াপনারা বলছেন টাকা-পয়সা দিয়ে মানুষকে দলে টানছি। তবে আমি বলি যে, াকা-পয়সা দিয়ে ভোট কেনা যায় না। আমরা দেখেছি আপনারা যে কথা এখানে লেন—আমরা তার উল্টোটাই ধরে নিই। সেদিন একটি কথা বলেছিলেন, তাতে াননীয় মুখ্যমন্ত্রী বলেছেন "সেটা তদন্ত করে দেখেছি যে, অভিযোগটা ঠিক নয়।" াজ জনগণ বুঝতে শিখেছে যে, যা কিছু ঘটছে, সবই কংগ্রেসের প্ররোচনায় ঘটছে। াজেই মিথ্যা কথা দিয়ে মানুষকে আর বিভ্রান্ত করা যাবে না। আর তাছাড়া াকা-পয়সা সাহায্য দিয়ে কোনদিন মানুষের সত্যিকার সাহায্যও হতে পারে না। ই কথা বলে এই বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীদীপেন্দ্র বর্মণ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া ত্রাণ এবং কল্যাণ-ন্ত্রী মহাশয়া যে বাজেট বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন আমি তার বিরোধিতা করে -একটি কথা বলতে চাই। বিরোধিতা করছি এই কারণে যে, ত্রাণের বিষয়ে

সরকারের যে ব্যর্থতা সেই ব্যর্থতা কিছু কিছু তুলে ধরবো, যাতে সরকার সে সংশোধন করতে পারে এবং দুর্গত জনসাধারণের কল্যাণে আরো সম্যকভা এগিয়ে আসতে পারেন। সরকারকে যদি মানুষের শরীরের সঙ্গে তুলনা ক তাহলে এই ত্রাণ ও কল্যাণ বিভাগ হলো একটা হাত। এই হাত মানুষে দুর্যোগের সময়, মানুষের অসুবিধার সময় এগিয়ে আসে। মানুষ যে-কোন কা করতে যাবার আগে এই হাতের কথা মনে আসবে। কিন্তু আজকে এই রিলিফে নামে যেরকম ভাবে অন্যায় চলেছে, অবিচার চলেছে, সেটাকে এক রকম মানুষে উপর ব্যভিচার বলা যায়। কিছু দিন আগে গাইঘাটায় একটা প্রাকৃতিক দুযো ঘটে গিয়েছে। যাতে বহু মানুষের বহু ধন-সম্পত্তির ক্ষতি হয়েছে এবং অনে মারা গিয়েছে। সেখানে রিলিফের কাজ করতে গিয়েছিল রামকৃষ্ণ মিশন থেকে সেখানে এই রকম শোনা গিয়েছে যে, সরকার থেকে এই রামকৃষ্ণ মিশনকে ত্রা কাজ বন্ধ করার জন্য জানানো হয়েছিল। সরকারের এমন অবস্থা নয় যে, দুর্যো আক্রান্ত সমস্ত মানুষকে সে ত্রাণের ব্যবস্থা করে দিতে পারে। সেই জ সরকারের উচিত হচ্ছে, যে-সমস্ত বেসরকারী সংস্থা আছে, যারা ত্রাণকার্য করে রামকৃষ্ণ মিশনের মতো যে-সব অন্যান্য সংস্থা আছে, তাদের কাছ থেকে সাহায চাওয়া বা তাদের কাজকে সাধুবাদ জানানো। এখানে কিছু লোক আছে, যাদে সাহায্য পাওয়ার কথা নয়, তারা সাহায্য পেয়েছে এবং যারা সত্যিকারের দুর্যো আক্রান্ত হয়েছে এবং ঘর-বাড়ি খোয়া গেছে, তারা কিন্তু উপযুক্ত ত্রাণ পায় নি খরার সময় সরকার বিভিন্ন রকম ভাবে এগিয়ে এসেছে। এইজন্য সরকারে প্রশংসা পাওয়া উচিত। কারণ এই খরার সময় যদি খরাকে মোকাবিল করার জন্য এই সরকার এগিয়ে না আসতো, তাহলে মানুষের দুর্গতির সীমা থাকতে না। সেই জন্য এই সরকারকে আমি ধন্যবাদ দেব।

[4 40—4 50 P.M.]

কিন্তু খরা মোকাবিলার ব্যাপারে যেভাবে দুর্নীতি এবং দলবাজী হয়েছে তাকে নিশ্চয়ই সমর্থন করা যায় না। খরার জন্য যেখানে ধান চাষ ঠিকমত কর সম্ভব হয় নি, সেখানে সরকারের পক্ষ থেকে কিছু কিছু সার, বীজ এবং টাক চাষীদের মধ্যে দেওয়া হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই জিনিসপত্রগুলি কি সঠিক জায়গায় পৌঁছেছে? খরা কবলিত অঞ্চলগুলিতে দরিদ্র চাষীরা সরকারের কাছ থেকে ঐ সাহায্যের সামান্য কিছু পেলে তারা আবার ঠিকমতো করে বাঁচার সুযোগ পেত। সাহায্য হিসাবে যে সার, মিনিকীট ইত্যাদি পঞ্চায়েতগুলোর মাধ্যমে

বিলি করা হয়েছে, সেগুলি কোন বিশেষ রাজনৈতিক দলের সমর্থক লোকদের মধ্যে বিলি-বণ্টন করা হয়েছে। অন্য মতাবলম্বী চাষী সম্প্রদায় কোন সাহায্য পায় নি। যাদের মধ্যে বিলি করা হয়েছে, তার সদ্ব্যবহার হয় নি, বরং সেগুলি বাজারে বিক্রির জন্য পাচার করা হয়েছে। অথচ দেখা গেছে, সেগুলি নিজেদের খাদ্য হিসাবে ব্যবহৃত হয়েছে। অতএব সরকার যে উদ্দেশ্য নিয়ে সাহায্যের জন্য এগিয়ে এসেছিলেন, সেই উদ্দেশ্য সফল হয় নি, বরং ব্যর্থ হয়েছে বলা যায়। সরকারের পক্ষ থেকে স্পেশাল নিউট্রিশান প্রোগ্রাম সফল করার জন্য এমন কতগুলি অর্গানাইজেশনকে বেছে নিয়েছিল—যেখানে রান্না করা খাবার শিশু এবং মায়েদের মধ্যে বিতরণের জন্য দিয়েছিলেন—যারা শুধুমাত্র দলীয় লোকেদের (বিশেষ রাজনৈতিক দলের) মধ্যে বিতরণ করেছে। বিশেষ দলের ছেলে বা স্ত্রী না হলে বা ক্যাডার না হলে সাহায্য পায় নি। ফলস্বরূপ কি দেখলাম? দেখা গেল সরকারের এস. এন. পি. সেণ্টারের ভিন্নমুখী আচরণের জন্য আমাদের দেশের গরীব মানুষ সামগ্রিক ভাবে ক্ষতিগ্রস্ত হল। এই পরিকল্পনা ব্যর্থ হয়েছে বলা যায়। জি. আর.-এর ব্যাপারে আমরা কংগ্রেসী আমল থেকে দেখে এসেছি ১০—১৫ পারসেণ্ট দেওয়া হত। এই সরকার তাকে কমিয়ে .২ পারসেণ্টে নিয়ে এসেছেন। খরার পরিপ্রেক্ষিতে জি. আর. ডিষ্ট্রিবিউট ২ পারসেণ্ট বাড়িয়েছেন মাত্র। আমি যদি এই হিসাব ভুল বলে থাকি, মাননীয়া মন্ত্রী মহোদয়া তাহলে সংশোধন করে নেবেন।

মিঃ স্পীকারঃ ড্রাউট-এর সময়ে জি. আর.-এর পরিমাণ সেণ্ট পারসেণ্ট হতে পারে, কিন্তু আপনাদের সময়ে ইন জেনারেল ১০—১৫ পারসেণ্ট ছিল কিনা আমার অন্ততঃ জানা নেই।

শ্রীদীপেন্দ্র বর্মণঃ হ্যাঁ, আমাদের সময়ে স্পেশাল জি. আর. এবং টি. আর. দেওয়া হত। স্যার, এই পরিস্থিতি বিভিন্ন সময়ে আমাদের খরা, বন্যা এবং যে-সমস্ত দুর্যোগগুলি এসেছে সেগুলি মোকাবিলা করে মানুষকে বাঁচিয়ে রাখার জন্য এই জি. আর -এর পরিমাণ কিছু বাড়ান দরকার। এদিক থেকে মন্ত্রী মহোদয়াকে এই ব্যাপারে দৃষ্টি দিতে অনুরোধ করছি। আরেকটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। সেটা হল—কিছু দিন হল এই খরা যখন শুরু হয়েছিল তখন আমাদের মুখ্যমন্ত্রী একটি রিলিফ ফাণ্ড তৈরী করেছিলেন। ঐ রিলিফ ফাণ্ডে বহু টাকা জমা পড়েছিল। আমি শুনেছি প্রায় কয়েক কোটি টাকা এই চিফ মিনিষ্টার রিলিফ ফাণ্ডে

জমা পড়েছে। এই টাকা নাকি গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহের জন্য বিশেষভাবে ব্যবহৃত হবে। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়াকে জিজ্ঞাসা করতে চাই যে, কত কোটি টাকা এই চিফ মিনিষ্টার রিলিফ ফাণ্ডে আছে এবং সেটা কিভাবে ব্যয় করা হবে। এটি যেন উনি মুখ্যমন্ত্রীর কাছে উত্থাপন করুন যাতে এখানকার সমস্ত সদস্যরা এই ব্যাপারে অবগত হতে পারেন। সর্বশেষে আমি পুনরায় এই বাজেটের ব্যয়বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিলিফের কথা, খরার কথা এই হাউসে অনেকে আলোচনা করলেন। খরাক্লিষ্ট জেলা বলতে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর—এদের কথাই প্রথমে মনে আসে। যদিও আমরা জানি এই বছর পশ্চিমবাংলায় প্রায় ১২/১৩টি জেলা খরাক্রান্ত হয়েছে। কিন্তু বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের একটা অংশে খরা তাদের চিরসাথী। বৃটিশ শাসন থেকে শুরু করে কংগ্রেসী আমল পর্যন্ত আমরা দেখেছি এই খরার জন্য যে ত্রাণব্যবস্থা করা হোত, বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে যে টি. আর., জি. আর. দেওয়া হোত, অর্থাৎ এই টেষ্ট রিলিফের মাধ্যমে যে টাকা খরচ হোত তার শতকরা ৭৫ ভাগ টাকা ওইসব জমিদার-জোতদারদের এবং বড় বড় কংগ্রেসী দলের যারা মস্তান তাদের পকেটে যেতো। অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখেছি আমরা যখন ১৯৭৭ সালে নির্বাচনের জন্য গ্রামে যাই, তখন দেখি সেখানে আগে যে টাকা খরচ করার জন্য দেওয়া হয়েছিল, সেগুলি ঠিকমত কাজে লাগে নি। ধরুন ৭ হাজার টাকার একটি কাজ হাতে নেওয়া হয়েছে, কিন্তু গ্রামে গিয়ে দেখা গেল, সেখানে মাত্র ৭০০ টাকা খরচ হয়েছে, আর বাদবাকী টাকার কোন হিসাব পাওয়া যাচ্ছে না। এখানে জি. আর. সম্বন্ধে আমাদের একজন বিরোধী দলের সদস্য বললেন যে, ১০ পার্সেণ্ট, ১৫ পার্সেণ্ট জি. আর. দেওয়া হয়েছে। কিন্তু খরা কবলিত জেলার মানুষ কোনদিন তা শোনেনি যে, ১০ পার্সেণ্ট, ১৫ পার্সেণ্ট জি. আর. দেওয়া হোত। আমরা ১৯৭০-৭১ সালে এই হাউসে বলেছিলাম যে, আগেও বাঁকুড়া, পুরুলিয়ায় বিরাট খরা হোত এবং এই ব্যাপারকে কেন্দ্র করে আমরা দিল্লীতে—সেখানে কেন্দ্রীয় সরকার এই খরা নিয়ে যে রাজনীতি দীর্ঘদিন ধরে চালিয়েছেন এবং এই খরাকে জিইয়ে রাখার জন্য যে রাজনীতি তাঁরা করেছেন, সেটা বন্ধ করার জন্য আমরা কেন্দ্রে গিয়েছিলাম। এই ব্যাপারে ইন্দিরা গান্ধী খরাক্লিষ্ট অঞ্চল পরিদর্শন করেছিলেন, কিন্তু তিনি এটা জিইয়ে রাখার পদ্ধতি বন্ধ করলেন না। তিনি

ডিপ টিউবওয়েল ইত্যাদি বসানোর কথা বললেন, ফলে সেখানে দেখা গেল খরা যে তিমিরে ছিল, সেই তিমিরেই রয়ে গেল।

[4.50—5.00 P. M.]

এই প্রথম বামফ্রন্ট সরকার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে খরার মোকাবিলা করছেন। মুখ্যমন্ত্রী যখন বাঁকুড়া জেলায় গিয়েছিলেন তখন আমরা সমস্ত দলের পক্ষ থেকে দাবী জানিয়েছিলাম যে, এমনভাবে খরার মোকাবিলা করা হোক যাতে এর কাজ চিরস্থায়ী ভাবে হয়। বাঁকুড়ায় প্রতি বছর ৫৩ সেন্টিমিটার জল হয়, এ বছর ৩৩ সেন্টিমিটার জল হয়েছে। বর্ষার জল যা হয় তা ধরে রাখার কোন ব্যবস্থা বৃটিশ যুগ থেকে আজ পর্যন্ত কিছু হয় নি। ওরা কতকগুলি লঙ্গরখানা খুলে তার মাধ্যমে মানুষকে খিচুড়ি খাইয়ে পঙ্গু করে রেখেছিলেন। অর্থাৎ যে ছেলে কোলে কোলে থাকে সে চিরকালই খোঁড়া থেকে যায়। সেজন্য বামফ্রন্ট সরকার এই নীতি গ্রহণ করেছেন যে, খরার যে কাজ হবে সেটাকে উন্নয়নমূলক কাজ হিসেবে গ্রহণ করা হবে। এই সরকারের পরিকল্পনা দেখে কেন্দ্রীয় দল সন্তোষ প্রকাশ করেছেন এবং বলেছেন ভারতবর্ষের মধ্যে এই একটি মাত্র রাজ্য যেখানে ত্রাণের কাজকে স্থায়ী কাজে পরিণত করা হচ্ছে। জলের জন্য এমব্যাঙ্কমেন্ট তৈরী করা হয়েছে, বড় বড় ট্যাঙ্ক কাটা হয়েছে যাতে বর্ষার জল ধরে রাখা যায়। এই দৃষ্টিভঙ্গীর এখানেই শেষ হয় নি। এই সরকার আরো নূতন দৃষ্টিভঙ্গী নিয়েছেন খরার মোকাবিলা করার জন্য। কেন্দ্রীয় পর্যবেক্ষক দল বারবার এসেছেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী এসেছিলেন, যিনি আমাদের কাছে কোন কমিট না করে বললেন কেন্দ্রীয় দল ফিরে গেলে বলবো। কিন্তু আমাদের সরকার যুদ্ধকালীন ভিত্তিতে ক্ষুদ্র শিল্প, ডেয়ারী, এ্যানিম্যাল হাসব্যানডারীর সমস্ত টাকা দিয়ে একটা কো-অর্ডিনেটেড ওয়েতে কাজ আরম্ভ করলেন, যাতে মানুষ কাজ পেতে পারে। এর ফলে আমরা দেখলাম গ্রামবাংলা থেকে, জেলা শহরগুলি থেকে মানুষ কলকাতায় এল না। বিরোধী দলের বন্ধু স্বীকার করলেন কাজ হয়েছে এবং খরার মোকাবিলা করা হয়েছে। কিন্তু আবার বললেন দুর্নীতি, দলবাজী হয়েছে। ওদের দলকে দিয়ে কোন কাজ হতে পারে না, কারণ ওরা সমস্ত দুর্নীতিগ্রস্ত লোক। সুতরাং কাজ আমাদের করতে হবে গরিব মানুষের মাধ্যমে। এসব পুরানো দাগীদের দিয়ে যদি কাজ করান হয় তাহলে পুকুর চুরি হবে এবং সেখানেই ওদের আক্রোশ বলে দুর্নীতির কথা বলছেন।

অনেক জায়গায় মিনিকিট, সার সরবরাহ করা হয়েছে একথা স্বীকার করেছেন

একদিকে, আর অন্তদিকে বলছেন লোকের কাছে পৌঁছায় নি। এই যে অভিযোগ তাঁরা করলেন যদি তথ্য দিয়ে দেখাতে পারেন যে, অমুক লোক পায় নি, একটা কেস যদি এখানে দিতে পারেন তাহলে সেই কেস নিয়ে প্রোসিড করতে পারেন, এনকোয়ারী করে ব্যবস্থা নিতে পারেন, কিন্তু একটা অভিযোগও তাঁরা হাউসের মধ্যে আনতে পারেন নি। তারপর স্পেশাল নিউট্রিশান প্রোগ্রামে কিভাবে কত টাকার কাজ করেছি সেকথা মাননীয় মন্ত্রী মহোদয় রেখেছেন। এখানে জি. আর.-এর কথা উঠেছে, আমরা ওঁদের মত জি. আর. দিয়ে মানুষকে পঙ্গু করতে চাইনি। আমরা যতটা সম্ভব কাজ করিয়ে মানুষকে পয়সা দিতে চাই। জি. আর. ম্যানুয়েলে কি আছে—সেখানে আছে কুষ্ঠরোগী, অথর্ব, পঙ্গু, খোঁড়া যারা তারাই জি. আর. পায়। ১০ থেকে ১৫ পার্সেন্ট লোক যারা খোঁড়া, কুষ্ঠ রোগগ্রস্ত, পঙ্গু—যাদের জি. আর. দিতে হবে সেই অবস্থা নিশ্চয়ই নয়। যেভাবে অসমর্থ লোকের সংখ্যা বাড়ছে তাতে ২ কোটি ৩৭ লক্ষ ৯৮ হাজার ৫০০ ইউনিট জি. আর.-এর আওতারে এসেছে এবং নিউট্রিশানের যে প্রোগ্রাম ড্রাউট এ্যাফেক্টেড ডিষ্ট্রিক্টে হয়েছে সেখানে ১০ লক্ষ ৪০ হাজার মানুষকে এবং ২ লক্ষ ৬০ হাজার মাকে এই নিউট্রিশান প্রোগ্রামে আনা হয়েছে। ওঁদের রাজত্বে কোনদিন কোন সময়ে এই প্রোগ্রাম হয় নি। আমরা মানুষের কাজ করার জন্ত এই পরিকল্পনা করেছি এবং সেই কাজ সমাধা যুদ্ধকালীন অবস্থা ঘোষণা করে করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ত্রাণ তহবিল থেকে যে অর্থ দিয়েছেন সেকথা তিনি হাউসে বলেছেন। মাননীয় সদস্য তাঁর বক্তব্য না শুনেই একটা কথা বলে দিলেন। এছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহোদয়ার কাছে কতকগুলি ব্যাপারে একটু বিশেষ লক্ষ্য দিতে বলব। যদিও বন বিভাগের উপর গুরুত্ব আরোপ করে কাজ করা হচ্ছে, কিন্তু তবুও বলব এমনও কিছু জায়গা আছে—যেমন মেদিনীপুরের কিছু অংশ, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় যেখানে আজকে গাছ নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। এই যে খরা হচ্ছে এই খরার পিছনে কারণ হচ্ছে গাছ নিশ্চিহ্ন হয়ে যাওয়া। আজকে বন বিভাগ থেকে উদ্যোগ নিয়ে সেই জায়গাগুলিকে যদি সবুজ করার ব্যবস্থা না হয় তাহলে আগামী দিনে যতই চেষ্টা করি না কেন সেই জায়গাগুলিকে আমরা বাঁচাতে পারব না। একথা মনে রেখে এই ৩টি জেলায় এবং অন্যান্য জায়গায় বন সৃজনের ব্যবস্থা করতে হবে। আমরা দেখেছি রাজস্থানে মরুভূমিকে আটকাবার জন্ত যে-সব ব্যবস্থা অবলম্বন করেছে তাতে মরুভূমি আর সম্প্রসারিত হতে পারে নি। আজকে পশ্চিমবঙ্গের যে-সব জায়গায় খরা রয়েছে সেখানে যদি আমরা বন বিভাগের মাধ্যমে সবুজে ভরিয়ে দিতে না পারি তাহলে খরার জন্ত যত ব্যবস্থাই নিই তাকে আমরা আটকাতে পারব না। সেজন্য

বন বিভাগের উপর সবচেয়ে গুরুত্ব দিয়ে সেই জায়গায় বন সৃজন করার প্রয়োজন আছে। যে-সব জায়গায় বন আছে সেখানে গাছ কেটে ফেলা হচ্ছে, সেজন্য রাজনীতিগতভাবে সমস্ত রাজনৈতিক দলের মানুষকে বোঝান উচিত যে, তোমার বাঁচার জন্য বনকে রক্ষা করতে হবে, বনকে বাড়াতে হবে। এটা খরা মোকাবিলা করার একটা উত্তর। এরপরে আমি আসছি ডেয়ারী এবং পিগারিতে। ফরেস্টের পরেই যদি ডেয়ারী এবং পিগারিকে ডেভেলপ করা যায় খরা অঞ্চলে তাহলে সেখানকার লোকের অনেক সুবিধা হবে। আজকে পুরুলিয়ার বহু জায়গায় পাথর আছে, কোনদিন কোনভাবে চেষ্টা করলেও সেইসব জায়গায় ধান উৎপাদন করা বা অন্যান্য কৃষিজ দ্রব্য উৎপাদন করা সম্ভব নয়।

[5.00—5.10 P. M]

কিন্তু সেখানে এমন অনেক বনজ দ্রব্য আছে সেগুলি যদি উৎপাদন করা যায় এবং সেখানে যদি ডেয়ারী ডেভেলপমেণ্ট হয়, পিগারি হয়, গোটারি হয়, পোলট্রি হয় এবং এই ব্যাপারে এই ৩টি জেলার উপর যদি বেশী করে গুরুত্ব আরোপ হয় তাহলে ভাল হবে। কিন্তু ব্যাঙ্ক থেকে ঋণ নেবার ব্যবস্থা যা আছে তাতে দেখছি গরু কেনার ঋণ দেবার ব্যাপারে ব্যাঙ্ক অসহযোগিতা করছে, পিগারির লোনের ব্যাপারেও ব্যাঙ্কের অসহযোগিতা রয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীকে বলতে পারি ব্যাঙ্কগুলিকে সামলান—না হলে বেকারী, খরা ইত্যাদি দূর করা যাবে না। ব্যাঙ্কের অসহযোগিতার ফলে আই. আর. ডি. পি., ডি. পি. এফ., সি. এ ডি. পি থেকে আরম্ভ করে সমস্ত প্রোজেক্টগুলি ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে এবং কেন্দ্রীয় সরকারের সাহায্য ব্যবহার করা যাচ্ছে না। খরার মোকাবিলা করবার জন্য ব্যাঙ্ক যেভাবে হরিয়ানা, গুজরাট, মহারাষ্ট্র এবং অন্যান্য রাজ্যে সাহায্য করে সেই ভাবে পশ্চিমবাংলায় কেন সাহায্য করবে না? ব্যাঙ্ক যাতে ডেয়ারী ডেভেলপমেণ্ট, গোটারি ডেভেলপমেণ্ট, পিগারি ডেভেলপমেণ্ট-এর জন্য সহযোগিতা করে সেই ব্যবস্থা করা দরকার। খরা অঞ্চলে রেইন ওয়াটারের ইউটিলাইজেশনের ব্যবস্থা কয়েকটা জেলায় করা হয়েছে ট্যাঙ্ক এবং ড্যাম কন্সট্রাকশন করে। আমাদের কতগুলি নদী আছে যেখানে পলি, বালি জমে নদীর বুক জমে গেছে। এই সমস্ত নদীকে যদি গভীর করা যায় তাহলে বর্ষার জল ধরে রাখা যাবে। কিন্তু এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থ আমাদের নেই। কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে এবং বিদেশী এক্সপার্টদের ওপিনিয়ন নিয়ে যদি এই

ব্যবস্থা করা যায় তাহলে ওই সমস্ত অঞ্চলে খরা পরিস্থিতির মোকাবিলা করা সম্ভব। এই জিনিসটা কিন্তু ওঁরা পর্যালোচনা করেন নি। কেন্দ্রীয় পর্যবেক্ষক যাঁদের সঙ্গে গ্রামের যোগাযোগ নেই, তাঁরা খরা পরিস্থিতি দেখতে এসে সার্কিট হাউসে উঠলেন, চা খেলেন, চলে গেলেন। তাঁরা কি রিপোর্ট দিলেন তা আমরা জানি না। মেদিনীপুরের একটা ঘটনা আপনাদের কাছে বলছি। যেদিন তাঁরা সেখানে গিয়েছিলেন সেদিন বৃষ্টি হয়েছিল এবং সেটা দেখেই তাঁরা রিপোর্ট দিয়ে দিলেন। এই ভাবেই দেখলে পুরোপুরি চিত্র পাওয়া যায় না। আজকে আমাদের ত্রাণ ব্যবস্থা নূতন বৈজ্ঞানিক পদ্ধতিতে, নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে, নূতন চিন্তাধারায় পরিচালিত হচ্ছে। গাইঘাটার কথা ওঁরা বললেন। আমরা জানি যুদ্ধকালীন অবস্থা বিবেচনা করে গাইঘাটায় ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং ঘটনার পরের দিন স্বাস্থ্যমন্ত্রী রামনারায়ণ গোস্বামী কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে সে সম্বন্ধে হাউসে বলেছেন। সেখানে খাবারের ব্যবস্থা করা হয়েছে, ডাক্তার গিয়েছেন, বাড়ীঘর তৈরীর ব্যবস্থা করা হয়েছে। দুঃখের বিষয় এসব সত্ত্বেও ওঁরা এখানে গাইঘাটার কথা উল্লেখ করলেন। এই সরকার যেভাবে সমস্ত জিনিসের মোকাবিলা করছে এবং তাঁদের যে সদিচ্ছা আছে এটা তাঁরা কোনমতেই স্বীকার করেন না। তাঁরা শুধু রাজনীতি করার চেষ্টা করেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণববাবু সেখানে গিয়েছিলেন এবং কংগ্রেস পক্ষের অনেক বন্ধু আমাকে বলেছেন সরকারী ত্রাণ ব্যবস্থা ভাল হয়েছে, পর্যাপ্ত হয়েছে। যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা তাঁরা জানেন, কিন্তু সমালোচনা করতে হবে তাই এই সমস্ত কথা বলছেন। রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ যে-সমস্ত কাজ করেছেন তার জন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি। বেসরকারী প্রতিষ্ঠানকে বামফ্রন্ট সরকার সর্বদাই আহ্বান জানিয়েছে। সরকারের পাশাপাশি কেউ সাহায্য করতে এলে সরকার নিশ্চয়ই তাঁদের গ্রহণ করবে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া ত্রাণমন্ত্রী মহাশয়া তাঁর বাজেট বরাদ্দ আমাদের কাছে পেশ করেছেন। তুলনামূলকভাবে দেখতে পাচ্ছি এবারের বাজেটে এই খাতে বরাদ্দ কমেছে। গতবারের বরাদ্দের চেয়ে এবারে বরাদ্দ কম। আমি জানি না মাননীয় সদস্য অনিল মুখার্জী যে বৈজ্ঞানিক ভিত্তির কথা বললেন—সেই বৈজ্ঞানিক ভিত্তিটা কি? সেই বৃটিশ আমলের রিলিফ ম্যানুয়েল অনুসারে কাজ করছেন। তাহলে বৈজ্ঞানিক ভিত্তিটা কোথায় থাকছে? দৈনন্দিন প্রাকৃতিক দুর্যোগ যে হচ্ছে এবং মাঝে মাঝে আমাদের দেশে যে দুর্যোগপূর্ণ অবস্থার সৃষ্টি হয় তার মোকাবিলার কথা মন্ত্রী মহাশয়া

বলেছেন। আমরাও দেখতে পাই খরা আসে, বন্যা আসে এবং বিভিন্ন রকম প্রাকৃতিক দুর্যোগ আসে—এটা তো আমরা কেউই অস্বীকার করি না এবং তার মোকাবিলা করার জন্য যেমন সরকার তেমনি আমরাও চেষ্টা করি। গাইঘাটার দুর্যোগের ব্যাপারে নিশ্চয় সরকার দায়িত্ব পালন করেছেন এবং সেখানে যে ত্রুটি-বিচ্যুতি হয়েছে সে সম্বন্ধে আমরা বিধানসভায় বলেছি—অর্থনৈতিক পুনর্বাসনের কথা বলেছি—অন্ততঃ যে অবস্থা হয়েছে, সেখানে অবিলম্বে যাতে তাদের আবার অর্থনৈতিক বুনিয়াদ গড়ে উঠে তার সম্বন্ধে আমরা এখানে বলেছি। সেখানে কেন্দ্রীয় অর্থমন্ত্রী গিয়েছিলেন এবং তিনি বলেছেন কেন্দ্র সাহায্য করবে। আপনারা নিশ্চয় বলেছেন, কেন্দ্রীয় সরকার ঘূর্ণিবাত্যাজনিত বিভিন্ন ত্রাণ ও পুনর্বাসন খাতে ১৯৮১-৮২ সালের ব্যয়ের জন্য ১৮ কোটি ১৭ লক্ষ টাকা ও ১৯৮২-৮৩ সালে ব্যয়ের জন্য ৭ কোটি ৫৭ লক্ষ টাকা সর্বোচ্চ সীমা হিসাবে নির্দিষ্ট করেন। ১৯৮১-৮২ সালে কেন্দ্রীয় সরকার এই বাবদে সর্বমোট ৭ কোটি টাকা সাহায্য দেন। রাজ্য সরকার এই বাবদে ৭ কোটি টাকা সম্পূর্ণ ব্যয় করা ছাড়াও অতিরিক্ত ৩ কোটি ৮৪ লক্ষ ৪২ হাজার টাকা নিজস্ব তহবিল থেকে ব্যয় করেছেন। তাহলে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা কোথায়? মাননীয় সদস্য অনিলবাবু বললেন, প্রকৃত তথ্য কেন্দ্রীয় সমীক্ষক দল দেয় না। তারা সার্কিট হাউসে এসে বসে আলোচনা করে চলে গেল—প্রকৃত ঘটনা দেখলো না—প্রকৃত তথ্য নিলো না, বিচার করলো না। এটা আমরাও অবশ্য চাই না, আমরাও একমত। প্রকৃত তথ্য সমীক্ষক দল এসে দেখুক। তবে আমাদের যা ইচ্ছা তা সম্ভব হবে না। তবে একথা ঠিক যে, এই সমীক্ষক দল দিয়ে কোথাও কোথাও কাজ হয়েছে। এবারের বাজেটে দেখছি ৭৭ কোটি ২৭ লক্ষ টাকা কেন্দ্র নির্দিষ্ট করেছেন। ৭৪ কোটি ২৭ লক্ষ টাকা অনুদান ও ৩ কোটি টাকা ঋণ এবং কেন্দ্র কর্মসংস্থান প্রকল্পে নিযুক্ত শ্রমিকদের দৈনিক মাথাপিছু এক কিলোগ্রাম হিসাবে গম মজুরি হিসাবে প্রদানের জন্য এ যাবৎ ১৭,৮০০ মেঃ টন গম সরবরাহ করেছেন। এই টাকা রাজ্য সরকারকে দিতে হবে।

[5.10—5.20 P. M.]

আমরা কি দেখতে পাই, বর্তমান সদস্যরা জানেন না এখানে বিধানসভাতে ১৯৬২ সালের যে প্রসিডিংস দেখি, ১৯৫২ সাল, ১৯৫৭ সাল, ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল—আপনারা এই টি আর, জি. আর.-কে নিয়ে কি পর্যায়ে আলোচনা করতেন। আপনারা তো সমালোচনা ছাড়া কিছু করেন নি। আপনারা তো বারে বারে এই

টি. আর., জি. আর.-এর বিরোধী ছিলেন। আজকে প্রয়োজনটা কোথায় সেট উপলব্ধি করছেন। অতএব বিরোধিতা করা আমাদেরই তো শুধু স্বভাব তা নয়, আপনারাও এর মধ্যে ছিলেন, আপনারাও দেখেছেন। সুতরাং এটাতে কোনরকম নূতনত্ব দেখতে পাওয়া যায় নি। এখানে আমরা কি দেখতে পাচ্ছি যে, সরকার তাঁর টি. আর.-এর পরিবর্তে চাইছে নূতন ভাবে—কাজ কর টাকা নাও। ভাল কথা, সেই জিনিসটা আমরাও চাইছি। আমরা চাইছি কি ? সেটা যাতে পক্ষপাতদুষ্ট না হয়, সেখানে পক্ষপাতদুষ্ট হলে—আমাদের কাছে প্রমাণ আছে, আমি চ্যালেঞ্জ করছি বাঁকুড়ার জেলা শাসক মহাশয়ের কাছে আপনি খবর নিন, বিভিন্ন জায়গায়, আমার ব্লকেও মানুষদের বঞ্চিত করা হয়েছে। সেখানে আপনারা কাজের ব্যাপারে, রিলিফের ব্যাপারে, বিভিন্ন ভাবে প্রধানরা বলেছেন আমাদের কাছে তোমরা কিছু সাহায্য পাবে না, তোমরা তোমাদের এম. এলের কাছে যাও, এটা মিথ্যা কথা নয়। আপনারা জেলা শাসকদের কাছে খবর নিন। এই ঘটনা ঘটে। আমি বলছি না যে, এটা আপনাদের নির্দেশ। এই ত্রুটিগুলো হচ্ছে যারা সেখানে কাজ করে তাদের তরফ থেকে। সেখানে যাতে কোনরকম দলীয় স্বার্থ না আসে এবং যাতে সমালোচনার মধ্যে না যায় সেটা আপনারা দেখবেন। আজকে বলুন তো গাইঘাটায় যে অবস্থা হয়েছে সেখানে তো দলবাজী করেন নি, সেখানে যারা বিপদগ্রস্ত হয়েছে তাদের আপনারা সহযোগিতা করছেন, সেইজন্য ধন্যবাদ জানাচ্ছি, প্রশংসনীয় বলা যেতে পারে। কিন্তু বিভিন্ন ক্ষেত্রে যে পরিকল্পনাগুলো সারা জেলায় গত ৫ বছরে কার্যকরী করেছেন, ত্রাণের ব্যাপারে যে-সব কাজ করেছেন বিভিন্ন জেলায়, রিলিফ থেকে আরম্ভ করে অন্যান্য যে-সব রয়েছে, সেখানে কিছুটা দলীয় স্বার্থকে ব্যবহার করা হয়েছে। জি. আর. যেটা আপনারা দেন দুঃস্থ পঙ্গু লোকদের সেখানে যাতে দলবাজী না হয়, সেখানে যাতে কোনরকম ত্রুটি না হয় সেদিকে দেখতে হবে। সেইসব জায়গায় যাতে ত্রাণসামগ্রী যথাযথ সময়ে গিয়ে পৌঁছয় সেদিকে লক্ষ্য রাখার প্রয়োজন আছে। বিভিন্ন ভাবে কেন্দ্রের কাছে যে চাহিদা তা আপনারা চাইবেন, সেই চাহিদা কেন্দ্র নিশ্চয়ই সবটা মেটাতে পারছেন না, কিন্তু তুলনামূলকভাবে আমরা যদি দেখি তাহলে দেখব আপনাদের তারা বঞ্চিত করে নি। যে টাকা তারা দিচ্ছে সেখানে আপনাদের যেমন সীমিত আয় আছে, তেমনি তাদের আয়ও সীমিত আয়। সেই সীমিত আয়ের মধ্যে আপনারা যেমন বাজেট করছেন, তেমনি তাদেরকেও ভারতবর্ষের বিভিন্ন রাজ্যকে দিতে হয়, তামিলনাড়ুকে যেমন দেওয়া হয়েছে, আপনাদেরও দিয়েছে। আপনারা সেইভাবে বণ্টন ব্যবস্থা যদি করতেন, সমবণ্টন নীতিকে যদি আপনারা কার্যকরী করতেন, সকল ক্ষেত্রে সমানভাবে সেই

বণ্টনের মধ্যে দিয়ে যদি রিলিফ ব্যবস্থাকে নিয়ে যেতেন—আপনাদের তো সেই বাঁধাধরা রিলিফ ম্যানুয়েলের মধ্যে দিয়ে যেতে হবে। সেই রিলিফ ম্যানুয়েলের তো পরিবর্তন ঘটাতে পারেন নি। দীর্ঘদিন ধরে শুনেছি যে, রিলিফ ম্যানুয়েলের পরিবর্তন হবে, কিন্তু সেই রিলিফ ম্যানুয়েলের কোন পরিবর্তন আজ পর্যন্ত হল না। সেটা সংশোধন করার জন্য কি করলেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই সভাতে জানাবেন।

রিলিফ ম্যানুয়ালের পরিবর্তন আজ পর্যন্ত কতটা হয় এবং সেটার প্রয়োজন আছে কিনা—এই বিষয়ে তিনি তাঁর বক্তব্য বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮২-৮৩ সালে ১০ কোটি শ্রম-দিবসের সৃষ্টি হয়েছে বলেছেন। কিন্তু কোথায় কোথায় কি কি কাজ হয়েছে সেটা পরিষ্কার করে বলা হয় নি। কোন্ জেলায় কত শ্রম-দিবসের সৃষ্টি হয়েছে সেটা পরিষ্কার ভাবে বলে দেওয়া দরকার। আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে। মন্ত্রী মহোদয়া এটা তাঁর জবাবী ভাষণে পরিষ্কার করে দেবেন। আপনি বলেছেন ১-৪-৮২ তারিখ থেকে ৩১-৩-৮৩ তারিখ পর্যন্ত বিভিন্ন জেলায় প্রকল্পের মাধ্যমে ১ হাজার ২৯৩টি নতুন রাস্তা নির্মাণ, পুরাতন ১৫ হাজার ৬২৬টি রাস্তার সংস্কার, ২ হাজার ৭১১টি খাল খনন, ৫ হাজার ৭২৭টি পুষ্করিণী খনন, ১ হাজার ৪১৯টি ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা হয়েছে ইত্যাদি নানা প্রকল্পের ফিরিস্তি দিয়েছেন। এই টাকা আপনার দপ্তর থেকে খরচ করেছেন, না অন্যান্য দপ্তর আপনাকে টাকা দিয়েছে, এটা আপনি পরিষ্কার করে জানাবেন। আপনারা বিভিন্ন দপ্তরের মধ্যে কো-অর্ডিনেট করেছেন বলছেন। সেই কো-অর্ডিনেশনের মাধ্যমে বিভিন্ন দপ্তরের বরাদ্দকৃত অর্থ আপনার দপ্তরে ডাইভার্ট করা হচ্ছে এবং সেই ডাইভারশানের মাধ্যমে যে টাকা খরচ হচ্ছে তার হিসাব আমরা দেখছি, আবার ঐ দপ্তরের খরচের হিসাবেও একই জিনিস দেখব। বিভিন্ন দপ্তর থেকে আপনি যে টাকা পেয়ে ব্যয় করছেন তার একটা মাষ্টার রোল তৈরী করে হিসাব পেশ করবেন এবং মৎস্য দপ্তরের কত টাকা পেয়েছেন, সেচ দপ্তরের কত টাকা পেয়েছেন সেগুলি আপনাকে ব্যাখ্যা করতে হবে। আমরা দেখতে পাচ্ছি সেচ দপ্তর বলছেন আমরা এত শ্রম-দিবস সৃষ্টি করেছি, আপনি বলছেন আমরা এত শ্রম-দিবস সৃষ্টি করেছি। একেবারে শ্রম-দিবসের ছড়াছড়ি দেখা যাচ্ছে। প্রকৃত-পক্ষে টোটাল কত শ্রম-দিবসের সৃষ্টি হয়েছে এবং কোন্ দপ্তর কত শ্রম-দিবস সৃষ্টি করেছে তার মধ্যে একটা গরমিল থেকে যাচ্ছে। এই ভাবে গরমিলের হিসাব চলে না। প্রকৃত তথ্য স্বীকার করে আমাদের হিসাব দিতে হবে। এই হিসাবের তথ্য বিকৃত তথ্য। অন্যান্য দপ্তর ঠিকমত তথ্য দিয়েছে কিনা, সেটা আপনি পরিষ্কার

করে বলবেন। রাজ্য সরকার এইবারে আপনার বাজেট অনেক কাটছাঁট করে কমিয়ে দিয়েছে। আপনি বলবেন আমাদের এই সীমিত ক্ষমতার মধ্যে আমরা এতটা বাড়িয়েছি। খরা হয়েছে। আপনি গতবারের বাজেটে বলেছিলেন এত ঘরবাড়ী নষ্ট হয়েছে, এত কিলোমিটার রাস্তার ক্ষতি হয়েছে, এত লোক ক্ষতিগ্রস্ত হয়েছে, মেদিনীপুর, ২৪ পরগনা ইত্যাদি প্রত্যেকটি জেলায় জীবনহানি ঘটেছে, ফসল নষ্ট হয়েছে। রাজ্য সরকার এবারের বাজেটেও বরাদ্দ কমিয়ে দিলেন। ব্যাপারটা কি? এই কি অবস্থা প্রতিকার করার নমুনা? আমি বলব আপনারা সেখানে সহযোগিতা করছেন না।

[5.20-5.30 P. M.]

আজকে যখন চারিদিকে দুরবস্থা চলেছে এবং বিধানসভার মাননীয় সদস্যরা যখন এই হাউসে বারবার ত্রাণের জন্য, সাহায্যের জন্য চিৎকার করছেন, আপনার কাছে আবেদন জানাচ্ছেন তখন দেখছি তার কোন প্রতিকার হচ্ছে না। স্যার, আজকে যখন এই অবস্থা তখন দেখছি রাজ্য সরকার এই দপ্তরের বাজেট কমিয়ে দিলেন। আজকে তো এটা প্রতিবিধানের নমুনা নয়। মাননীয়া মন্ত্রী মহোদয়াকে আমি বলব, ঐ সমস্ত দুঃস্থ, অসহায় মানুষদের এবং শিশুদের সার্বিক কল্যাণের জন্য তাঁর যে মেশিনারী আছে তা নিয়ে নিরপেক্ষভাবে তাদের সাহায্য করবার চেষ্টা করুন এবং এ-সমস্ত দুঃস্থ অসহায় মানুষগুলি যাতে কোনভাবে বঞ্চিত না হয় সেদিকে লক্ষ্য রাখুন। সাহায্য করার ক্ষেত্রে মাপকাঠিটা দলীয় আনুগত্যের ক্ষেত্রে না রেখে সমস্ত দুঃস্থ, অসহায় মানুষদের সহযোগিতা করার দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করুন। আজকে আপনার দপ্তরের কাজ বিভিন্ন জেলায় যেভাবে হচ্ছে সেগুলি আপনি তদন্ত করে দেখুন এবং প্রকৃত ক্ষয়ক্ষতির হিসাব করে প্রকৃত বঞ্চিত এবং দুঃস্থ মানুষরা যাতে রিলিফ পায় তার ব্যবস্থা করুন। আমি শুনেছি ২/৩ পারসেন্টকে যেখানে সাহায্য করার কথা আছে সেটা ৫ পারসেন্ট হয়েছে, সেটা নিশ্চয় হয়েছে, কিন্তু হঠাৎ বিপদগ্রস্ত হলে তাদের যাতে সাহায্য করতে পারেন সে দিকটা দেখুন। স্যার, আমি ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-১৯৮৪ সালের বাজেট দেখছিলাম এবং তাতে যা দেখলাম তাতে আমার মনে হচ্ছে প্রকৃত তথ্য বিধানসভায় পরিবেশিত হয় নি। স্যার, এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীনিরোদ রায়চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ত্রাণ ও কল্যাণ

বিভাগের মাননীয়া মন্ত্রী মহোদয়া আজ যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমি প্রথমেই বিরোধী দলের মাননীয় সদস্যদের কয়েকটি কথার উত্তর দেব। স্যার, বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া বলেছেন, বামফ্রন্ট সরকার নাকি দুঃস্থ ছেলেমেয়েদের খাবার নিয়ে রাজনীতি করছেন এবং সেখানে যারা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সমর্থক তাদের খাবার দিচ্ছেন। আমি সবিনয়ে মাননীয় ডাঃ ভুঁইয়াকে জিজ্ঞাসা করতে চাই, তিনি কি একটিও এই ধরনের নাম দিতে পারবেন যেখানে এই ধরনের ঘটনা ঘটেছে? স্যার, দুঃস্থের কোন জাত নেই, শ্রেণী নেই, কোন রাজনীতি নেই। যদিও বা সেখানে দুঃস্থের কোন রাজনীতি থাকে তাহলে আমরা তাতে বিশ্বাস করি না। স্যার, আমরা যদি তা করতাম তাহলে পশ্চিমবাংলার এই যোগ্য আসনে আজকে আমরা বসতে পারতাম না। কাজেই স্যার, এই ধরনের আলোচনা বাজেটের আলোচনার সময় ওঁরা কেন যে করেন আমি বুঝতে পারি না। আমি তাই বলব, দুঃস্থ মানুষদের নিয়ে এই ধরনের রাজনৈতিক কথাবার্তা তাঁরা যেন না বলেন। তারপর মাননীয় সদস্য কাশীবাবু বাঁকুড়ার কথা বলেছেন। তিনি বলেছেন, বাঁকুড়ায় যা খুশি তাই হচ্ছে এবং সেখানে বামফ্রন্টের লোকেরা ওঁদের বাদ দিয়ে সমস্ত কাজ করছেন। আমি ওঁকে জিজ্ঞাসা করি, আপনি তো পদাধিকার বলে পঞ্চায়েত সমিতির সদস্য, আপনি ক'টা মিটিং-এ উপস্থিত থাকেন? আমরা জানি আপনি উপস্থিত থাকেন না এবং না থেকে সেখানে বি. ডি. ও.-কে চিঠি লেখেন। আপনি কোন কাজে অংশ গ্রহণ করেন না, অথচ বক্তৃতায় বলেন আপনাদের বাদ দিয়ে সমস্ত কাজ করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় বামপন্থী সরকার ক্ষমতায় আসার কিছু দিনের মধ্যে ১৯৭৮ সালে যে ভয়াবহ বন্যায় সারা পশ্চিমবাংলাকে ভাসিয়ে নিয়ে গেল। সেখানে একটা নতুন সরকার কিভাবে সেই বন্যার মোকাবিলা করেছিল সেটা ওরা ভাবতে পারে? আজকে পশ্চিমবাংলার জনসাধারণের অকুণ্ঠ সমর্থন বামফ্রন্ট সরকারের উপরে ছিল বলে সেটা সম্ভব হয়েছে। আজকে গ্রামকে গ্রাম ভেসে গেল। মানুষের কিছু থাকলো না, বহু মানুষ মারা গেল। সেই অবস্থায় বামফ্রন্ট সরকারের সমস্ত কর্মীরা, নেতারা, মন্ত্রীরা গ্রামে গ্রামে ঘুরেছেন, গামছা পরে মাইলের পর মাইল হেঁটেছেন, মানুষের খাবারের ব্যবস্থা করেছেন, বাড়ী করে দিয়েছেন, সমস্ত কিছু ব্যবস্থা করে দিয়েছেন। আর ওরা সেখানে ভেবেছিল যে, এবারে বামফ্রন্ট সরকার জব্দ হবে। কলকাতা শহরে লোক এসে ভীড় করবে, আইন-শৃঙ্খলা ব্যাহত হবে এবং বামফ্রন্ট

সরকারের কোতল হবে। আপনারাদের মুখে ছাই দিয়ে একটা মানুষও গ্রাম থেকে এল না। গ্রামের মানুষ গ্রামেই থেকে গেল। গ্রামের মানুষ বললো যে, আমরা গ্রামে থেকে বামফ্রন্ট সরকারের আশ্রয়ে ভাল আছি। বামফ্রন্ট সরকার যা পেরেছেন তাই দিয়ে আমাদের খাইয়ে পরিয়ে রেখেছেন। আর আপনারা চিৎকার করে এই বিধানসভায় এবং বিধানসভার বাইরে বলেছেন যে, গ্রামের মানুষ কলকাতা শহরে এসে ভীড় করবে। আজকে সাধারণ মানুষ এবং বামফ্রন্ট সরকার দেখিয়ে দিয়েছে যে, কি ভাবে বন্যার মোকাবিলা করতে হয়, কিভাবে দুঃস্থ মানুষের পাশে থেকে তাদের কথা ভেবে তাদের প্রতিপালন করতে হয়, কি ভাবে তাদের যোগ্য আসনে বসাতে হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আর একটি কথা নিবেদন করতে চাই। ওঁরা বড় বড় কথা বলেন। ১৯৭৪ সালের কথা আপনাদের মনে পড়ে? যখন পূর্ববঙ্গ থেকে লক্ষ লক্ষ মানুষ পশ্চিমবঙ্গে এল তখন আপনারা রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে সমস্ত কংগ্রেসী লোকেদের পাইয়ে দিয়েছিলেন। নিজেদের লোকের মধ্যে লাইসেন্স পারমিট দিয়েছিলেন। আপনারা মট ডাল খাইয়ে মুগ ডালের বিল করেছিলেন, মুখীকচু খাইয়ে আলুর বিল করেছিলেন। এক লরি চাল দিয়ে ১০ লরির বিল করেছিলেন। এইভাবে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা আপনারা আত্মসাৎ করেছিলেন। বামফ্রন্ট সরকারের লোকেদের ঐ কমিটির মধ্যে নেওয়া হয় নি। আমি ১০ জনের নাম করতে পারি যারা কলকাতায় বাড়ী করেছে, গাড়ী করেছে। আপনারা নিজেদের লোকেদের পাইয়ে দিয়েছেন। কংগ্রেসের প্রেসিডেন্ট, সেক্রেটারী, তারা লক্ষপতি হয়েছে। কাজেই আপনাদের মুখে এসব কথা শোভা পায় না। বাংলাদেশের যে মানুষগুলির জন্য কোটি কোটি টাকা এনেছেন, সেই টাকার বেশীর ভাগ টাকা আপনারা আত্মসাৎ করেছেন। সেখান থেকে যে লোক এসেছে, তার ১০ গুণ লোকসংখ্যা বাড়িয়ে দিয়ে সমস্ত টাকা-পয়সা আত্মসাৎ করেছেন। আপনাদের লজ্জা করে না কথা বলতে। এসব জিনিস আমরা চোখের সামনে দেখেছি।

আজকে জনসাধারণ বলছে, এই হচ্ছে কংগ্রেস। কংগ্রেস এই ধরনের সেবার কার্য করে থাকে। আপনারা গাইঘাটার কথা বলেছেন। ১২ তারিখে রাত্রি ৭-৩০ টার সময়ে গাইঘাটায় এই দুঃখজনক ঘটনা ঘটে। ২১টা গ্রামের উপর দিয়ে যে বিধ্বংসী ঘূর্ণিঝড় এল তাতে ব্যাপকভাবে মানুষকে শেষ করে দিয়ে চলে গেল।

[5.30—5.40 P. M.]

সেই রাত্রির মধ্যেই কয়েক হাজার মানুষকে সেই গ্রাম থেকে উদ্ধার করে বিভিন্ন আশ্রয় শিবিরে নিয়ে যাওয়া হয়েছিল, হাসপাতালে ভর্তি করা হয়েছিল এবং তাদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছিল। এটা কি কংগ্রেসের সময়ে কোন দিন সম্ভব হত ? না, হত না। তাই আজকে ওঁরা ঐসব আজেবাজে কথাগুলি বলছেন। ওঁদের আজকে নির্জন স্থানে গিয়ে এ বিষয়ে একটু ভাবতে হবে যে, এটা কি করে সম্ভব হলো! এটা তখনই সম্ভব হয়, যখন এই কাজ যাঁরা করেন তাঁদের পিছনে সাধারণ মানুষের আশীর্বাদ থাকে, সাধারণ মানুষের ভালবাসা থাকে। সেই রাত্রির মধ্যেই শুধু গুরুতর আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হয় নি, গ্রাম এবং শহরের সাধারণ ডাক্তারদের একত্রিত করে প্রতি বাড়ি বাড়ি গিয়ে কার কোথায় কেটে গেছে, ছিঁড়ে গেছে তা রাতের অন্ধকারে টর্চ জ্বেলে দেখিয়ে, চিকিৎসার ব্যবস্থা করা হয়েছিল। আমি কংগ্রেসীদের বলছি, ওঁরা গাইঘাটায় গিয়ে খবর নিয়ে দেখবেন, সেখানে পরের দিন সকাল সাড়ে আটটার মধ্যে চিড়ে গুড় ইত্যাদি গ্রামে গ্রামে পৌঁছে গিয়েছিল এবং সকাল সাড়ে ন'টার মধ্যে প্রতিটি ছোট ছোট ছেলে-মেয়েকে চিড়ে গুড় দেবার ব্যবস্থা করা হয়েছিল। পঞ্চায়েতের নেতৃত্বে জনসাধারণের সহ-যোগিতায় বামফ্রন্টের কর্মীরা এই কাজ করেছেন। আমি ওখানে সেই রাত্রি থেকেই ছিলাম। আমাকে কংগ্রেস দলের প্রাক্তন এম. এল. এ. মীরা মিত্র, চণ্ডী মিত্রের স্ত্রী বলেছিলেন, "আপনাদের বাহবা না দিয়ে পারছি না।" আমি ওঁদের বলছি, ওঁরা মীরা মিত্রকে জিজ্ঞাসা করবেন, তিনি এস. ডি. ও.-র সামনে কয়েকটা গ্রাম ঘুরে এসে ঐ কথা বলেছিলেন। ওঁরা আরো খোঁজ নিয়ে দেখবেন, বেলা ১২টা বাজতে কয়েক মিনিট আগেই সেখানে চাল পৌঁছে গেছিল এবং রান্না শুরু হয়ে গিয়েছিল। ওঁদের আমি বলব যে, সমালোচনা করার আগে, এসব খবর নিয়ে তার পরে সমালোচনা করবেন। খবর না নিয়েই তার আগে সমালোচনা করবেন না। তবে হ্যাঁ, গাইঘাটার ঘটনায় নিশ্চয়ই আরো অনেক কাজ করা বাকি আছে এবং সেই কাজ ক্ষমতা অনুসারে বামফ্রন্ট সরকার নিশ্চয়ই করবেন, তাতে কোন বাধা হবে না। গাইঘাটার ঘটনায় আমরা মনে করি, যে কাজ করা হয়েছে তা স্বীকার না করে, ওঁরা ভ্রান্ত সব কথা এখানে বলছেন। গাইঘাটার মানুষ খাবার পাচ্ছে, শিশুদের জন্য দুধের ব্যবস্থা হয়েছে, বিস্কুটের ব্যবস্থা হয়েছে, আশ্রয়ের সমস্ত ব্যবস্থা হয়েছে। অবশ্যই আমরা এখনো পর্যন্ত সেখানে গৃহনির্মাণের ব্যবস্থা করতে পারিনি, কিন্তু সে কাজও করা হবে, একথা আমি ওঁদের জানিয়ে দিচ্ছি।

আমি সাত্তার সাহেবদের আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। কংগ্রেসের আমলে গ্রামের ক্ষেতমজুর, গরীব মানুষ, দিনমজুররা বছরে মাত্র তিন মাস থেকে সাড়ে তিন মাস কাজ পেত, তার বেশী কাজ পেত না। আজকে বামফ্রন্ট তাদের জন্য ১২ মাসের কাজের ব্যবস্থা করেছেন, লক্ষ লক্ষ ম্যান-ডেস্ সৃষ্টি হয়েছে। খাল কাটা হচ্ছে, পুষ্করিণী কাটা হচ্ছে, রাস্তা করা হচ্ছে। এই সমস্ত ব্যবস্থা এই বামফ্রন্ট আমলেই হয়েছে। গ্রামে পঞ্চায়েত নির্বাচন আসছে, গ্রামে গিয়ে শুনবেন গ্রামে কি কাজ হয়েছে। ওঁরা গ্রামে যান না এবং কোন খবর রাখেন না। আমরা '৫১ সাল থেকে কৃষকসভার মাধ্যমে গ্রামে গ্রামে আন্দোলন করছি, আমরা গ্রামে দেখেছি বহু পুকুর সংস্কার না হওয়ার জন্য মজে গিয়েছে, খাল মজে গিয়েছে, ফলে সেখান থেকে সেচের জল পাওয়া যায় নি এবং চাষ হয় নি। ইতি-মধ্যেই আমরা দেখেছি বামফ্রন্ট সরকার পদ্মা সংস্কারের জন্য কাজ শুরু করেছেন এবং ইতিমধ্যেই ১০ লক্ষ টাকা খরচ হয়েছে। নদীয়া থেকে শুরু করে ২৪ পরগনা জেলার বসিরহাট পর্যন্ত দীর্ঘ ১৬/১৭ মাইল খাল কাটার কাজ সমাপ্ত হতে চলেছে এবং এই কাজে ১০ লক্ষ টাকা খরচ হয়েছে এবং আরো টাকা খরচ করা হবে। শুধু পদ্মা সংস্কারেরই কাজ হচ্ছে না, সমস্ত গ্রামে গ্রামে জল-নিকাশী ও জল সরবরাহ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এই কাজ ত্রাণ বিভাগ থেকে করা হচ্ছে। এই কথা বলে আজকে ত্রাণ খাতের যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করা হয়েছে সেই দাবীকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকুমুদরঞ্জন বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ত্রাণ দপ্তরের ভার-প্রাপ্ত মাননীয়া মন্ত্রী মহদয়া যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি আন্তরিকতার সঙ্গে সমর্থন করছি এবং সমর্থন করার সাথে সাথে কয়েকটি কথা বলতে চাই। আমাদের এই সরকারের ত্রাণ দপ্তর কেন? ত্রাণ দপ্তর মানুষের ত্রাণের জন্য। প্রকৃতি যখন নানা কারণে ভয়ঙ্কর হয়ে ওঠে তখন এই দপ্তরের কথা আমাদের বিশেষ করে স্মরণ পড়ে। সেই কারণে এই দপ্তরের বিশেষ একটা গুরুত্ব আছে। আবার প্রকৃতিকে মানুষের বুদ্ধি বলে বৈজ্ঞানিক উপায়ে কাজে লাগাতে পারলে প্রকৃতির দ্বারা অনেক বেশী সম্পদ সৃষ্টি করা যেতে পারে। এই বৎসর বিশেষ করে ত্রাণ দপ্তরের বিশেষ ভূমিকা খরার উপর। গত সেপ্টেম্বর মাস থেকে এখনও পর্যন্ত যে খরা চলছে সেই খরা শুধু পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষের আরো তিনটি রাজ্যে বিশেষভাবে প্রকট হয়ে উঠেছে। পশ্চিমবাংলায় যে খরা হয়েছে এই খরা অত্যন্ত ভয়ঙ্কর এবং গত ১০০ বছরের মধ্যে এইরকম খরার খবর পাওয়া যায় নি, পশ্চিম-বাংলার যে খরা সেটা তুলনা হয় না। সেই কারণে আমাদের বামফ্রন্ট সরকার

যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে এই খরাকে মোকাবিলা করার জন্য বিভিন্ন দিক দিয়ে অর্থ সংগ্রহের চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের সরকারের পক্ষ থেকে যে টাকা দাবী করা হয়েছিল, সেই টাকা কিন্তু আমরা সব পাইনি। যেটুকু পেলাম, তা যৎসামান্য, খরার তুলনায় যৎসামান্য। এই ব্যাপক খরার মোকাবিলার পক্ষে এই টাকা যথেষ্ট নয়। তথাপি মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল খোলা হয়েছে। সেই ত্রাণ তহবিলে গ্রামের মানুষ পর্যন্ত সাহায্য করছে। গায়ক, শিল্পী তাঁরা বিভিন্ন স্থানে শো করে এবং গান করে অর্থ সংগ্রহ করে খরাত্রাণ তহবিলে দান করছে। আমাদের সুন্দরবন এলাকার সন্দেশখালি থেকে এই খরা ত্রাণ তহবিলে ৩৫ হাজারের উপর টাকা দান করা হয়েছে। গ্রামের কৃষক সমিতি, মহিলা সমিতি, যুব সমিতি এবং ছাত্ররা খরার এই প্রকট অবস্থার কথা জানানোর জন্য এবং কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ মনোভাব তার বিরুদ্ধতা করার জন্য এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ২০৫ কোটি টাকার দাবী আদায়ের জন্য সবাই মিলে পদযাত্রা করে। কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার সাড়া দিলেন না। গত মার্চ মাসে যে সমীক্ষক দল এসেছিল তারা আশা দিয়েছে। কিন্তু আমি বলতে পারি, সেই আশা হয়তো নিরাশায় পরিণত হবে। কিন্তু আমাদের বামফ্রন্ট সরকার নিশ্চেষ্ট নয়, অন্যান্য বিভাগের খরচের টাকা কমিয়ে সেইসব টাকা বেশী বেশী করে খরচ করছেন খরার জন্য। শুধু খয়রাতি সাহায্য নয়, ভবিষ্যতে যাতে এই খরার মোকাবিলা করা যায় তার জন্য জলাধার সৃষ্টি করা হচ্ছে।

[5.40—5.50 P. M.]

গ্রামের যখন কৃষকদের জাঠা পরিচালিত হচ্ছিল আমিও সেই জাঠার মধ্যে ছিলাম। গ্রামের মানুষ এবং কৃষকেরা মিছিলেতে বলছে যে, রাস্তাঘাট সব জায়গায় দেখতে পাচ্ছি, কিন্তু হাঁটার উপায় নেই, এত মাটি কাটা হয়েছে। অনেক জায়গায় রিজারভার করা হয়েছে। এই সমস্ত রিজারভারে বহু জল রাখা যাবে। সুন্দরবনের একফসলী জমিকে দু'ফসলী করার সম্ভাবনা অনেক অনেক জায়গায় সৃষ্টি হয়েছে। এইভাবে খরায় শুধু রাস্তাঘাট নয়, খরা থেকে রক্ষা পাবার জন্য অনেক বনও সৃষ্টি করা হয়েছে। খরায় আমাদের যারা প্রতিবন্ধী তাদের রিলিফ দেওয়া হয়, এই রিলিফ যথেষ্ট না হলেও শুধু তাদেরই দেওয়া হয়। আমরা খরায় সমস্ত মানুষকে ভিখারী সাজাতে চাই না। সেজন্য শ্রম-দিবস সৃষ্টি করার ব্যবস্থা আমাদের সরকারের পক্ষ থেকে করা হয়েছে। সেই কারণে এই খরায় ১০ কোটি শ্রম-দিবস

উৎপন্ন হবে। তাই আমাদের মাননীয়া মন্ত্রী মহাশয়া ত্রাণের যে ব্যয়বরাদ্দ নিয়ে এসেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী সদস্য শ্রীমানস ভুঁইয়া বলেছেন, রিলিফ নিয়ে আমরা দলবাজী করছি। আমি বলব, উনি আমার চেয়ে অনেক ছোট—এই রিলিফ নিয়ে দলবাজী যাঁরা করেছেন তাঁরা জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন। কারণ আমরা ছাত্র জীবন থেকে এই রিলিফ নিয়ে কংগ্রেসী সরকার কি করেছে তার অনেক কিছুই জানি। আমরা বাস্তবের সঙ্গে কাজ করছি। ক্ষেতমজুর এলাকায় কাজ করেছি, তপসিল এলাকায় কাজ করেছি। সেখানে দেখেছি রিলিফ নিয়ে যাঁরা দলবাজী করেছেন, বিশেষ করে ঐ নিরক্ষর মানুষদের নিয়ে নির্বাচন বৈতরণী পার হবার জন্য রাতের অন্ধকারে গিয়ে চাল, গম, কাপড় ইত্যাদি দিয়েছেন এবং যারা মদ খায় তাদের মদ খাইয়ে ফ্ল্যাট করে দিয়েছেন। এই জিনিস করে তাঁরা নির্বাচন বৈতরণী পার হয়েছেন। তাঁরাই বলছেন যে, পঞ্চায়েত নির্বাচন আসছে। আমরা নাকি রিলিফের গম সমস্ত মজুত করে রেখেছি। আমরা রিলিফের গম দিয়ে ভোট নেব। আমরা এতদিন কৃষক আন্দোলন করেছি, কৃষকের চেতনা জাগ্রত করেছি। আজকে কৃষক জানে এই রিলিফ কেন নিতে হয়। এই রিলিফ দিয়ে আর গ্রাম বাংলার মানুষকে ভোলান যাবে না। তাঁরা বলছেন যে, বামফ্রন্ট সরকার রিলিফ গুদামজাত করেছে ভোট নেওয়ার জন্য। আমি বলব তিনি সঠিক খবর রাখেন না বলে এই খবর উপস্থিত করেছেন।

আমি বলতে চাই যে, রিলিফে আগে কি হত? রিলিফ নিয়ে আমরা দেখেছি বন্যার সময়ে—গত ডি. ভি. সি. পরিকল্পনার ফলে যে বন্যা আমাদের এই পশ্চিমবাংলায় হয়েছে, কয়েকবার আমরা দেখেছি রিলিফে যে-সমস্ত জিনিস এসেছে গ্রামের মানুষকে কতটুকু দিয়ে বাদবাকীটা আত্মসাৎ করা হয়েছে। আমরা তার বিরুদ্ধে আন্দোলন করেছি, আমরা তার বিরুদ্ধে ঘেরাও করেছি—বাধ্য করেছি রিলিফ যেখানে লুকিয়ে রেখেছিলেন তা বার করতে। এখানে শ্রীমানস ভুঁইয়া বলেছেন যে, আমাদের ১৯৭৮ সালে দেখেছেন। নিশ্চয়ই দেখবেন, আমরা আগেকার মন্ত্রীদের মত ঠাণ্ডা ঘরে বসে থাকবার জন্য নই। জনগণের সমস্যা যেখানে থাকে, সেখানে আমরা যাই। আমাদের সেই জন্যই কাসখণ্ড, কেয়ার, লুথেরান ওয়ার্ল্ড সার্ভিস, লায়ন্স ক্লাব প্রভৃতি প্রতিষ্ঠানের সঙ্গে দেখা হয়েছে—যাঁরা আমাদের বিভিন্ন জায়গায় রিলিফের কাজ করতে গেছেন। উনি বলেছেন, আমরা নাকি সেখানে দলবাজী করবার চেষ্টা করেছি। আমরা জানি, লুথেরান ওয়ার্ল্ড

সার্ভিসকে শেষকালে বাগনান থেকে তুলে দেবার চেষ্টা করেছিলাম। কেন করেছিলাম? যখন দেখলাম, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার রিলিফ ইত্যাদি দিয়ে গ্রাম বাংলার মানুষকে বাঁচাবার চেষ্টা করছেন, তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করবার চেষ্টা করছেন—সেই সময় তাঁরা একটি লোককে একটি তেঁতুল গাছে তুলে দিয়ে ফটো তুলছিলেন। সেই ফটো তাঁরা বাইরে পাঠিয়ে বোঝাবার চেষ্টা করতেন যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার মানুষকে কোন রিলিফ দিচ্ছে না, মানুষ তেঁতুলের পাতা খেয়ে বেঁচে আছে। সেই জন্যই আমরা বলেছিলাম যে, ওখান থেকে কালকেই তাঁদের চলে যেতে হবে, কারণ আমরা এরকম ফটো বাইরে পাঠাতে দেবো না। এই কথা আমরা বলেছিলাম। সেই জন্যই বুঝতে হবে কেন আমরা লুথেরান ওয়ার্ল্ড সার্ভিসকে বাগনান থেকে চলে যেতে বলেছিলাম।

আমরা রামকৃষ্ণ মিশনকে সেবাকার্য করতে দিইনি বলেছেন। ১৯৭৮ সালে যখন পশ্চিমবাংলায় ভয়াবহ বন্যা হয়েছিল, সেই সময় বিদেশী এবং এখানকার বিভিন্ন সংস্থা তাঁরা রিলিফের কাজ করেছেন এবং শ্রমিক সংগঠন ও কর্মচারীরা এগিয়ে এসেছিলেন। তাঁরা রিলিফ ইত্যাদি দিয়ে বন্যার্ত মানুষদের বাঁচাবার চেষ্টা করেছেন। কিন্তু আমরা কোন্ জায়গায় বাধা দিয়েছি? যেখানে জনস্বার্থ বিরোধী কাজ করতে দেখেছি সেখানে বাধা দিয়েছি। তবে আমরা রামকৃষ্ণ মিশনকে বাধা দিয়েছি—এই রকম কোন অভিযোগ আমার কাছে আসেনি। সেই জন্য আজকে যাঁরা এরকম বলছেন, অপপ্রচার করছেন—মনে হয় একটি গল্প তাঁরা বানিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ভয়াবহ খরা, বন্যা এবং এই যে ঘূর্ণিবার্তা হয়ে গেল—এই সমস্ত দুর্বিপাককে মোকাবিলা করতে যে ধরনের আর্থিক সঙ্গতি দরকার তা আমাদের নেই। আমরা দেখেছি, ৩০/৩৫ বছর দেশ স্বাধীন হয়েছে। অন্ততঃ আমরা দেখেছিলাম, স্বাধীনতার আগে, যখন স্বাধীনতা সংগ্রামে যুবকেরা ঝাঁপিয়ে পড়েছিল, সে সময় সব স্বাধীনতা কর্মী গ্রামে গ্রামে বাড়ী বাড়ী গিয়ে চাল মুষ্টিভিক্ষা সংগ্রহ করে এই রকম দুর্বিপাকে পতিত মানুষদের বিলি করতো। এই যে মানসিকতা স্বদেশী আন্দোলনের ক্ষেত্রে দেখেছি, তেমনি এই মানসিকতাও দেখেছি যে, বড়লোক—তাঁরা অত্যাচার করে মাঝে মাঝে মানুষকে দান করেন এবং দান করে নাম কেনেন, যেন তাঁদের দয়াতেই মানুষ বেঁচে আছে। সেই জন্য আমরা এই দয়ার বিরোধী। সেই জন্যই আমরা বলতে চাই, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর রিলিফ দপ্তরকে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে গড়ে তুলবার চেষ্টা করেছি। সেই জন্য খরা, বন্যা, ঘূর্ণিবার্তা ইত্যাদি থেকে গরীব মানুষদের বাঁচাতে গেলে শুধু সাময়িক কিছু রিলিফ দেওয়াই নয়, সাময়িক কিছু বাড়ী-ঘরের ব্যবস্থা করা নয়—এর জন্য একটা

সার্বিক ব্যবস্থা নিতে হবে। কিন্তু আমাদের দেশে এ পর্যন্ত যে পরিকল্পনা হয়েছে তা গ্রাম বাংলায় বেশীর ভাগ যে-সমস্ত মানুষ বাস করেন, তাঁদের বঞ্চিত করেই হয়েছে বা করেছেন। বেশীর ভাগ মানুষ আজও দারিদ্র্যসীমার নীচে দাঁড়িয়ে আছেন। আজকে লক্ষ লক্ষ বেকার যুবকেরা মাথা কুটছে। তাঁদের বিপথগামী করবার জন্য হিন্দী ফিল্ম নিয়ে এসেছে, অপসংস্কৃতির জোয়ার বইয়ে দেবার চেষ্টা করছে। আপনাদের দৃষ্টিভঙ্গীর মাধ্যমে কৃষকদের সর্বস্বান্ত করেছেন। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এগ্রিকালচারে উন্নতি করেছি আমরা, কৃষি ব্যবস্থার আমূল পরিবর্তন করেছি। যদিও সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে আমরা মানুষের জন্য যা করতে চাই—আমরা কম্যুনিষ্টরা মনে করি যে, এই আইনের মধ্যে, এই ব্যবস্থার মধ্যেও কিছু কাজ করা যায়।

[5.50—6.00 P. M.]

তাই বলি যান, পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় গিয়ে দেখে আসুন খরায় কি কাজ হয়েছে। আজকে পশ্চিমবাংলায় সরকার ভেবেছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যতই চাই না কেন জনগণের কাছ থেকে যদি টাকা না চাই তাহলে এই কাজ করা সম্ভব নয়। সে জন্য আমরা কি করেছি? সকলের কাছ থেকে আমরা সাহায্য চেয়েছি। খরার ত্রাণে মুখ্যমন্ত্রীকে ছাত্ররা দিয়েছে, যুবকরা দিয়েছে, শিল্পীরা দিয়েছে, শ্রমিকরা দিয়েছে, কর্মচারীরা দিয়েছে, মেয়েরা দিয়েছে—সকলে দিয়েছে। সকলেই আমাদের ত্রাণ তহবিলে দেবার চেষ্টা করেছে। এই কাজের মধ্যে দিয়ে সকলের একটা মানসিকতা গড়ে উঠেছে যে, আমাকে গ্রামের মানুষকে, খরা পীড়িত মানুষকে সাহায্য করতে হবে। ১৯৭৮ সালের বন্যায় এই রকম একটা মানসিকতা গড়ে উঠেছিল। বন্যা পীড়িত মানুষকে কি করে উদ্ধার করা যায় সেই চেষ্টা সকলে করেছে। তাদের মধ্যে একটা মানসিক চেতনা গড়ে উঠেছিল। আমরা দীর্ঘদিন ধরে এই চেতনাকে কাজে লাগাবার চেষ্টা করেছি। এর ফলে গ্রামের মানুষের নূতন চেতনার বিকাশ ঘটেছে। তারা সেই চেতনার মধ্যে দিয়ে বুঝতে শিখেছে যে, দেশকে যদি আমরা বাঁচাতে না পারি, দেশের মানুষ যদি মরে শেষ হয়ে যায় তাহলে আমরাও বাঁচতে পারবো না। এই সব চিন্তা করে তারা এগিয়ে এসেছে। আগে কি হতো আমরা জানি। ছোট বেলায় আমরা দেখেছি গ্রামের যারা বড়লোক তারা কি করেছে? গ্রামের যারা গরীব মানুষ তারা মরে গেল কি বেঁচে রইল সেই সব কথা তারা ভাবতো না, তাদের সেই সময় এই রকম চেতনা

ছিল না। কিন্তু আমরা গ্রামাঞ্চলের মধ্যে সেই চেতনার বিকাশ ঘটিয়েছি। বড়-লোকেরা এই সব জিনিস চায় না, তার জন্য আমাদের লড়াই করতে হবে, এটা আমরা দীর্ঘ দিনের অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝতে পেরেছি। সেই জন্য মেয়েরা থেকে আরম্ভ করে সমস্ত জনগণ যেভাবে খরার মোকাবিলার জন্য এগিয়ে এসেছে এটা আমি মনে করি প্রশংসার যোগ্য। ওঁরা মেয়েদের ৩০ বছর ধরে নানা রকম ভাঁওতা দিয়েছে সংবিধানের মাধ্যমে যে, নারী এবং পুরুষের সমান অধিকার। আপনারা কি বলতে পারেন যে, সত্যিই এই অধিকার তাদের দেওয়া হয়েছিল ? আজকে পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার এসে তাদের অধিকার ফিরিয়ে দিয়েছে। তাদের চিন্তা করার শক্তি এবং চেতনা অনেক বাড়িয়েছে এবং তাদের নিরাপত্তা বাড়িয়ে দিয়েছে। সেই জন্য আজ মেয়েরা স্বচ্ছন্দে মিটিং করে, কালেকশান করে, তারা স্টেশানে কালেকশান করে, মেলায় গিয়ে কালেকশান করে এবং খরার ত্রাণে সাহায্য করে। আমরা মানসিক চেতনার বিকাশ ঘটাবার দায়িত্ব নিয়েছি এবং সেই দায়িত্ব আমরা নিশ্চয়ই পালন করবো। আমরা শ্রমিক আন্দোলন করি, কৃষক আন্দোলন করি। আমরা এইভাবে সমাজটাকে পালটে দিতে চাই। আমরা এটাকে পালটে দেবার জন্য আন্দোলন করছি, পরিবর্তনের জন্য সংগ্রাম করছি এবং এটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য চেষ্টা করছি।

মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা জানতে চেয়েছেন যে, মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে কত টাকা জমা পড়েছে ? আমি সেটা বলে দিচ্ছি। তার পরিমাণ হলো ১ কোটি ৪০ লক্ষ ৫০ হাজার ১০৩ টাকা ৭৫ পয়সা। এই টাকা মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে জমা পড়েছে। এর মধ্যে ৮০ লক্ষ টাকা পানীয় জলের জন্য ধরা আছে। বিচ্ছিন্ন জেলায় যাতে পানীয় জলের ব্যবস্থা করা যায় সেই চেষ্টা করা হচ্ছে। আমরা সমস্ত দপ্তর মিলিয়ে ১০ কোটি শ্রম-দিবস সৃষ্টি করেছি। এই খরার মধ্যে দাঁড়িয়েও বিভিন্ন বিভাগের মাধ্যমে আমরা শ্রম-দিবস সৃষ্টি করতে পেরেছি। তার মধ্যে রিলিফ দপ্তরের মাধ্যমে আমরা ২ কোটি ৫০ লক্ষ সৃষ্টি করেছি। ডেয়ারী এবং পিগারীর কথা মাননীয় সদস্যরা বলেছেন যে, এইগুলির উন্নতি করা দরকার। আমরা মনে করি এইগুলি করা দরকার, এই ব্যাপারে ওনার সঙ্গে আমরা দ্বিমত নই। আমরা চাই দেশের মানুষ কাজ পাক, শুধু জি. আর. দিয়ে তাদের উন্নতি ঘটানো যাবে না। মাননীয় সদস্য বলেছেন যে, ওনাদের সময় নাকি অনেক টাকা করে জি. আর. দেওয়া হতো। তাঁরা কত টাকা করে দিতেন সেটা আমরা জানি, আমি অনেক দিন ধরে রাজনীতি করছি, আমি জানি। আমরা বন্যার সময় অন্ধ, খোঁড়াদের একটু বেশী পরিমাণ জি. আর. দিয়েছি। আর কয়েক মাস আমরা

বেশী করে রিলিফ দিই। সেটা হলো কার্তিক অগ্রাণ মাসে আমরা গরীব মানুষকে একটু বেশী পারসেনটেজে জি. আর. দিই। আমরা জানি যে, জি. আর. মানে কেবল রক্ষা করা। জি. আর. দিয়ে মানুষকে বাঁচিয়ে রাখা যায় না। যখন মানুষ বিপর্যয়ের মুখে পড়ে তখন আমরা তাদের সাহায্য করবার জন্য জি. আর. দিই। এই রিলিফ দপ্তরের মাধ্যমে আমরা বিভিন্ন ধরনের কর্মসংস্থানের ব্যবস্থা করছি।

আজকে শুধু পুরুষ নয়, নারীরাও এ কাজে এগিয়ে এসেছেন। আগে আমরা কি দেখেছি? আগে আমরা দেখেছি, কৃষকরা ক্ষেতমজুররা গ্রামের জোতদার ও জমিদারদের বাড়ীতে যথারীতি কাজ করা সত্ত্বেও কম মজুরী পেত। একই সময় খাটিয়ে নিয়ে মেয়েদের আরও কম মজুরী দেওয়া হত। আজ গ্রামবাংলার বিভিন্ন স্থানে ড্রাউট পরিকল্পনায় পুকুর খনন, রাস্তা নির্মাণ, খাল কাটা ইত্যাদি যে-সমস্ত কাজ হচ্ছে, সেখানে শুধুমাত্র পুরুষেরা অংশ গ্রহণ করছে না, মেয়েরাও এই সমস্ত কাজের অংশীদার হয়েছে। আমরা গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে মেয়েদের নিযুক্ত করেছি। পশ্চিমবঙ্গে গ্রামে গ্রামে আমাদের মেয়েদের যে সংগঠন আছে, তাদের পক্ষ থেকে দাবী জানিয়েছি—এন. আর. পি. ও বিভিন্ন ড্রাউট প্রোগ্রামে সংশ্লিষ্ট এলাকার মেয়েদের নিযুক্ত করতে হবে। এই সমস্ত কাজের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ আজ এগিয়ে যাবার চেষ্টা করছে। আমরা জানি, আমাদের ক্ষমতা সীমিত—এই ভয়াবহ বন্যা ও খরার মধ্যে দাঁড়িয়েও আমরা আমাদের সামর্থ্য অনুযায়ী চেষ্টা চালিয়ে যাচ্ছি। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা একবারও আসামের কথা বললেন না। সেখান থেকে বিদেশী বলে মানুষকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। এই সমস্ত বিতাড়িত মানুষের যে সমস্যা, সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে, তা তাঁরা পালন করেন নি। তাঁরা মাত্র ৫০ লক্ষ টাকা ঋণ হিসাবে দিয়েছেন। আসাম থেকে ২৪ হাজারের বেশী লোক উৎখাত হয়ে এখানে এসেছেন, তার ফলে এক ভয়াবহ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে রাজ্য সরকারকে। বিরোধীদের বক্তব্যের মধ্যে এ কথাগুলির উল্লেখ থাকা উচিত ছিল। কিন্তু সেই বক্তব্য আমরা শুনতে পেলাম না। আশা করি, পশ্চিমবাংলার বিভিন্ন ধরনের সমস্যা, বিপর্যয় ইত্যাদি সামগ্রিক দৃষ্টিভঙ্গী থেকে তাঁদের উচিত ছিল কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানানো। এই ধরনের বিভিন্ন সমস্যার মোকাবিলার জন্য আগামী দিনগুলিতে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের রিলিফ দপ্তর বিগত দিনগুলির মত এগিয়ে যাবার চেষ্টা করবে। এইজন্য আমি মনে করি, আমরা যে বাজেট বরাদ্দ এখানে উপস্থিত করেছি, তাকে তাঁদের সমর্থন জানানো উচিত।

মাননীয় বিরোধী সদস্যরা এখানে যে বক্তব্য রেখেছেন, তাকে বিরোধিতা করে আমি আবার বক্তব্য শেষ করছি। সমস্ত কাট মোশানগুলির আমি বিরোধিতা করছি।

The motions that the amount of Demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of Shrimati Nirupama Chatterjee that a sum of Rs. 13,67,7?,000 be granted for expenditure under Demand No. 47, Major Head : "289-Relief on account of Natural Calamities". (This is inclusive of a total sum of Rs. 2,27,96,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

শ্রীশিবেন্দ্র নারায়ণ চৌধুরী : মিঃ স্পীকার স্যার, আমি একটা পারসোন্যাল এক্সপ্লানেশান দিতে চাই। আজকে এই সভায় মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলী মহাশয় আমার সম্পর্কে এক বক্তব্য উপস্থিত করেছেন, তখন আমি এখানে উপস্থিত ছিলাম না। পরে এসে যখন বক্তব্যটি জানতে পারলাম, তখন বুঝতে পারলাম একটা নিছক উদ্দেশ্য প্রণোদিত ভাবে কুৎসা বক্তব্য তিনি আমার সম্বন্ধে রেখেছেন। কয়েক মাস আগে আমার বাড়ীতে একজন মেয়ে ঝি-এর কাজ করতে করতে পালিয়ে গিয়েছে। ঐ ঘটনাকে কেন্দ্র করে অত্যন্ত নোংরা ভাবে মাননীয় সদস্য তাঁর বক্তব্য রেখেছেন। এত নোংরামি আমি আগে কোনদিন এখানে দেখিনি। মেয়েটি পালিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গেই আমি পুলিশ কর্তৃপক্ষকে যথা সময়ে খবর দিয়েছিলাম এবং ব্যবস্থা গ্রহণ করার জন্য বলেছিলাম। শুধু তাই নয়, পুলিশের মিসিং স্কোয়াডকেও ওয়াকিবহাল করে ব্যবস্থা গ্রহণের জন্য বলেছিলাম। সুতরাং এ নিয়ে তাঁর কুৎসা ভাবে বক্তব্য রাখা উচিত হয় নি বলে আমি মনে করি। অবশ্য নোংরামি করা এঁদের অভ্যাস, সেজন্যই বোধহয় এটা করেছেন। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করছি।

[6.00—6.10 P.M.]

DEMAND NO. 10

Major Head : 239—State Excise.

Shri Bimalananda Mukherjee : Sir, on the recommendation of the Governor,

I beg to move that a sum of Rs. 4,65,82,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "239-State Excise".

(This is inclusive of a total sum of Rs. 77,64,000 already voted on account in March, 1983.)

রাজ্য অন্তঃশুল্ক বিভাগ পেয় এবং শিল্প, ঔষধ ও গবেষণার জন্য প্রয়োজনীয় সুরাসার সহ মাদক দ্রব্যের সঙ্গে সম্পর্কযুক্ত। অন্তঃশুল্ক বিভাগের অধীনে আছে অন্তঃশুল্ক অধিকার এবং জেলা, রেঞ্জ ও সারকেল স্তরের অধঃস্তন সংস্থাসমূহ। "২৩৯-রাজ্য অন্তঃশুল্ক" খাতের বরাদ্দ হল উপরি-উক্ত সংস্থাসমূহের ব্যয় নির্বাহের জন্য।

অন্তঃশুল্ক বিভাগ একটি রাজস্ব আদায়কারী বিভাগ। ১৯৮৩-৮৪ সনের জন্য "০৩৯-রাজ্য অন্তঃশুল্ক" রাজস্ব খাতের ব্যয়বরাদ্দ থেকে একথা বোঝা যায় যে, রাজস্ব আদায়ের লক্ষ্য যেখানে ৭২ কোটি টাকা সেখানে ব্যয়ের পরিমাণ হল হিসাবকৃত রাজস্বের ৬.৪৭ শতাংশ। রাজস্ব ব্যয়ের শতকরা হার কমে গেছে। ১৯৮২-৮৩ সনের ঐ হার ছিল প্রায় ৭.১।

১৯৮২-৮৩ সনের রাজস্ব বছরের বাজেট বরাদ্দ গোড়ায় ছিল ৬৪ কোটি টাকা। বাড়তি সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে ১৯৮২-৮৩ সনে বিয়ারের উপর শুল্ক বৃদ্ধির ফলে ১৯৮২-৮৩ সনে বাজেট বরাদ্দ বেড়ে দাঁড়ায় ৬৫ কোটি টাকা। ১৯৮১-৮২ সনে পশ্চিমবঙ্গের অ্যাকাউণ্ট্যাণ্ট জেনারেল প্রদত্ত হিসেবে আদায়ের প্রকৃত পরিমাণ দাঁড়ায় ৫৮,০৬,১৪,৩৮৩ টাকা—অর্থাৎ ১৯৮১-৮২ সনের চেয়ে ১৯৮২-৮৩ সনে রাজস্ব আদায় বৃদ্ধির পরিমাণ প্রায় ৬.৯৪ কোটি টাকা। বিভাগীয় পরিসংখ্যান অনুসারে ১৯৮২-র এপ্রিল থেকে ১৯৮৩-র ২৮-এ ফেব্রুয়ারি পর্যন্ত মোট হিসাবকৃত রাজস্ব সংগ্রহ ১৯৮১-৮২ সনের অনুরূপ সময়কালের চেয়ে প্রায় ৬.৪২ কোটি টাকা বেশি হয়েছে। ১৯৮২-৮৩ সনে রাজ্যে উল্লেখযোগ্যভাবে মাদক দ্রব্যের দোকান বৃদ্ধি হয় নি। বাড়তি রাজস্ব সংগ্রহ করতে হয়েছে প্রধানতঃ কর কাঠামোর পুনর্গঠন ও অন্যান্য প্রশাসনিক ব্যবস্থার দ্বারা। ঐ ব্যবস্থায় আছে বেআইনি মদ তৈরি, পরিবহণ ও বিক্রয়ের বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থাদি।

১৯৮১-৮২ সুরাসার বছরে (১৯৮১-র ১লা ডিসেম্বর থেকে ১৯৮২-র ৩০-এ নভেম্বর পর্যন্ত) সুরাসারের মোট চাহিদা ছিল ৬৭০ লক্ষ লিটার—এর মধ্যে ৫৬০ লক্ষ লিটার, ৮৩.৫৮ শতাংশ অপেয়, অর্থাৎ শিল্প, হাসপাতাল ও ঔষধের প্রয়োজনে। প্রায় ৪০ লক্ষ লিটার পশ্চিমবঙ্গের পাঁচটি ডিস্টিলারীতে তৈরী হয়েছে, যা সর্বকালের রেকর্ড। ১৯৮১-৮২ সুরাসার বছরে উদ্‌বৃত্ত রাজ্যগুলি থেকে পশ্চিমবঙ্গে আমদানির জন্য ভারত সরকারের বরাদ্দ হল ৫২৫.০ লক্ষ লিটার—এর মধ্য থেকে

১৯৮২-র ৩০-এ নভেম্বরের মধ্যে ৩৯৬.৫ লক্ষ লিটার তোলা হয়ে গেছে। ১৯৮১-৮২ সুরাসার বছরে পশ্চিমবঙ্গ সুরাসার আমদানি করেছে :

উত্তর প্রদেশ থেকে	৩৫০.৭১ লক্ষ লিটার
বিহার থেকে	২৩.১৬ " "
তামিলনাড়ু থেকে	১২.৭২ " "
অন্ধ্র প্রদেশ থেকে	৯.৯০ " "

মাৎগুড়ের ব্যাপারে ভারত সরকারের বরাদ্দের পরিমাণ ৪০,০০০ মেট্রিক টন এবং এ থেকে ২৭,৩৮৫ মেট্রিক টন তোলা হয়েছে। রাজ্যওয়ারী হিসাব এইরূপ :

বিহার ... ৭,৪৫০ মেট্রিক টন (আনুমানিক)—১০,০০০ মেট্রিক টনের স্থলে।
মহারাষ্ট্র ... ১৯,৯৩৫ মেট্রিক টন (আনুমানিক)—৩০,০০০ মেট্রিক টনের স্থলে।

মোট ... ২৭,৩৮৫ মেট্রিক টন (আনুমানিক)

১৯৮১-৮২ সনে সুরাসার বা মাৎগুড়ের অভাব ছিল না। ১৯৮২-৮৩ সুরাসার বছরেও একই অবস্থা চলছে। ১৯৮২-৮৩ সুরাসার বছরে আমরা ইতিমধ্যেই *৪৮৮.১০ লক্ষ লিটার সুরাসার এবং **৬৬,০০০ মেট্রিক টন মাৎগুড় উদ্বৃত্ত রাজ্যগুলি থেকে আমদানি করার জন্য ভারত সরকারের বরাদ্দ পেয়েছি।

*সুরাসার

			লক্ষ লিটার
উত্তর প্রদেশ	...	...	৩২৮.০০
বিহার	...	...	৬৫.১০
মহারাষ্ট্র	...	...	৭৫.০০
অন্ধ্রপ্রদেশ	...	...	১০.০০
ওড়িশা	...	...	১০ ০০
			৪৮৮.১০

**মাৎগুড়

			মেট্রিক টন
উত্তর প্রদেশ	...	...	৩০,০০০
বিহার	...	...	১১,০০০
মহারাষ্ট্র	...	...	২৫,০০০
			৬৬,০০০

পশ্চিমবঙ্গ সরকার ন্যূনতম ব্যবহারের মাধ্যমে সর্বাধিক রাজস্ব আদায়ের নীতি অনুসরণ করে চলেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সঙ্গেই আমিই "১৩৯-রাজ্য অন্তঃশুল্ক" প্রধান খাতে ৪,৬৫,৮২,০০০ (চার কোটি পঁয়ষট্টি লক্ষ বিরাশি হাজার) টাকা এবং তার মধ্যে ১৯৮৩-র মার্চ মাসের ভোট অন অ্যাকাউন্টে গৃহীত ৭৭,৬৪,০০০ (সাতাত্তর লক্ষ চৌষট্টি হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করবার প্রস্তাব করছি।

শ্রীকাশীকান্ত মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রতিমন্ত্রী অন্তঃশুল্ক দপ্তরের যে বাজেটের ব্যয়বরাদ্দ দাবী এখানে পেশ করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি এই দপ্তরের মাধ্যমে সঠিকভাবে রেভিনিউ বৃদ্ধি ঘটেছিল এবং এই রেভিনিউয়ের মধ্যে তার যে-সব বিধানগুলি আছে সেগুলি Bengal Excise Act, 1909 Opium Act, 1878, (Central Act), Dangerous Drugs Act, 1930 (Central Act), Bengal Opium Smoking Act, 1932, West Bengal Molasses Control Act, 1973, Medicinal and Toilet Preparations (Excise Duties) Act, 1955 (Central Act), এইসব আইন করে আপনার দপ্তরের মধ্যে, আপনার ডিপার্টমেন্টের মধ্যে এই অন্তঃশুল্কের বৃদ্ধি ঘটেছিল এবং তাকে আরো সুদৃঢ় করার দরকার আছে। এইবার বাজেটের মধ্যে বলেছেন গতবারের বাজেটের মধ্যেও দেখতে পেয়েছি তার ডিপার্টমেন্টের State Excise is the second largest source of State revenue after Sales-tax. In 1976-77, the actual figure of State Excise revenue stood at Rs. 26 44 crores (approximately) The actuals for 1980 81 stood at Rs. 51,75,28,000 approximately and the actuals for 1981-82 were of the order of Rs. 58,06,14 383. এই যে আপনার বলেছেন এবং গতবারেও নিশ্চয় ১৯৮২-৮৩ সালে বলেছিলেন ১২০ পার্সেন্ট পর্যন্ত রেভিনিউ বৃদ্ধি পেয়েছে। এটা একটা আনন্দজনক ব্যাপার, কারণ সঠিকভাবে বিভিন্নভাবে রেভিনিউ বৃদ্ধি করতে পেরেছেন। তবে একটি ত্রুটি এই দপ্তরের থেকে যাচ্ছে, যেটা আমরা দেখতে পাচ্ছি—সেটা হচ্ছে কতকগুলি ক্ষেত্রে এখনো পর্যন্ত রেভিনিউ বৃদ্ধি ঘটাতে পারতেন, কিন্তু তা করেন নি। যেমন দেখা গেছে লাইসেন্সের ব্যাপারে এই দপ্তরের অধীনে যে চোলাই মদ তৈরী হয় তার অন্তত: যে প্রশাসনিক যন্ত্র সেটাকে আরো সুদৃঢ় করার দরকার আছে, যাতে তার মধ্যে আরো কিছু রেভিনিউ বৃদ্ধি ঘটাতে পারেন।

এখন পর্যন্ত দেখা যাচ্ছে এই সরকার বিভিন্ন প্রদেশ থেকে সুরাসার এবং মোলাসেস আমদানী করেন। বিভিন্ন প্রদেশ থেকে আমদানী করার বদলে এখানে

তৈরী করার কথা যেন তিনি চিন্তা করেন। পশ্চিমবাংলার ৫টি ডিসটিলারী তৈরী হয়েছে এবং বলেছেন এটা একটা রেকর্ড। কিন্তু চাহিদার তুলনায় কম বলে বাইরে থেকে আমদানী করতে হয়। এটা পূরণ করার কি ব্যবস্থা তিনি করছেন ? দেশী মদ যেটা মহুয়া থেকে হয় সেই মহুয়া থেকে ডিসটিলারী হতে পারে এবং তাতে কিছুটা চাহিদা পূরণ হতে পারে। এ সম্বন্ধে তিনি কি চিন্তা করছেন সেটা তিনি তাঁর জবাবী ভাষণে দেবেন। একটা জিনিসের আমি প্রতিকার চাইব তা হল বিভিন্ন হাসপাতাল, স্কুল এবং জনহিতকর প্রতিষ্ঠানের কাছাকাছি মাদক দ্রব্যের লাইসেন্স যেন না দেয়া হয় এবং বেআইনীভাবে যারা আছে তাদের যেন তোলার ব্যবস্থা করেন। কোন এইরকম প্রতিষ্ঠানের কাছে থাকলে একটা অস্বস্তিকর পরিবেশের সৃষ্টি করে। এটা যাতে না হয় তার ব্যবস্থা করবেন। আদালতে এক্সাইজ এ্যাক্ট অনুযায়ী যে কেস হয় সেই সব কেসের পরিচালনায় কিছু ত্রুটি থাকে। আপনাদের ঠিক মতন সিজার লিষ্ট হয় না, বাজেয়াপ্ত করে যেভাবে সব স্যাম্পেল নেয়া হয় তাও ঠিক নয়। এই রকম লিংগারিং প্রোসেস, ডিলেইং প্রোসেসের ফলে কেস নষ্ট হয়ে যায়। আপনার দপ্তর থেকে সাক্ষীর এমন ভাবে ষ্টেটমেন্ট নেয়া হয় যে, তারপরে কোর্টে গিয়ে দিন পড়লে এমন কথা বলে যাতে কোন সামঞ্জস্য থাকে না এবং এর ফলে কিছু হচ্ছে না। সুতরাং এ বিষয়ে সরকারের একটা দৃষ্টিভঙ্গী থাকা দরকার। গিলটি প্লীড যেভাবে করে তাতে রেকর্ড ঠিকমত আসে না।

[6.10—6.20 P.M.]

এই যে ত্রুটি থাকে তার জন্য বিভিন্ন দপ্তরে যেমন একজন করে লিগ্যাল প্রফেসনার থাকে, তেমনি আপনার দপ্তরে আছে কিনা সেটা আপনার জবাবী ভাষণে বলবেন। যদি না থেকে থাকে তাহলে সেখানে থাকবে কিনা সেটা বলবেন। আমি বলব এর মাধ্যমে সরকারের শুল্ক বৃদ্ধি কাম্য নয়, কিন্তু যেটা আছে সেটার মাধ্যমে সরকারের যদি শুল্ক বৃদ্ধি হয়, বর্ডার লাইনে বেআইনীভাবে যে-সব মাদক দ্রব্য আসে সেগুলিকে ধরার ব্যবস্থা, সেগুলিকে ঠিকমত সরকারী হেফাজতে রাখার ব্যবস্থা এগুলি করা দরকার। এক্সাইজ ডিপার্টমেন্টের যে আবগারী পুলিশ আছে তারা থানা পুলিশের সাহায্য নিয়ে বেআইনী মাদকদ্রব্য রেড করে এবং রেড করার পর সেই বেআইনী মাদকদ্রব্য উদ্ধার করে থানাতে নিয়ে যাওয়া হয়। থানাতে সেই জিনিসগুলি ঠিকমত আসে কিনা সেটা লক্ষ্য রাখা উচিত। এই জিনিসগুলি ঐ মুহূর্তে সরকারী হেফাজতে সরকারের নিজের দায়িত্বে নিয়ে এসে

যদি বিক্রি করার ব্যবস্থা করতে পারেন কিংবা কোর্টের হেফাজতে যদি সেই জিনিসগুলি থাকে তাহলে সরকারের যে লোকসান হচ্ছে সেই লোকসান বন্ধ হয়ে যাবে। এগুলি যদি কোর্টে থাকে তাহলে বিচারের দিক থেকেও সুবিধা হবে। সেজন্য আবগারী দপ্তরের যে ত্রুটিগুলি আছে সেগুলি আপনাকে দেখতে হবে। বিভিন্ন জেলায় যে ব্যারেলগুলি আছে তার সংস্কার দীর্ঘদিন হয় নি এবং যে ভেহিকলগুলি আছে সেগুলির বেশীর ভাগ অকেজো অবস্থায় আছে। তারপর যে স্টাফ রিটায়ার করেছে বা মারা গেছে সেখানে পুনর্নিয়োগ হয় নি। বিভিন্ন জেলায় যে স্টাফ আছে দেখা যায় কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, কিন্তু সেই অনুযায়ী স্টাফ নেই। এটা যদি না করেন তাহলে যে ইনকাম বৃদ্ধি করার চেষ্টা করছেন সেটা ঠিকমত কার্যকরী হচ্ছে না, সেখানে কিছুটা বাধা সৃষ্টি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে জীবনদায়ী ওষুধ তৈরী হয় সেই ওষুধ তৈরীর প্রয়োজনে সুরাসার থেকে আরম্ভ করে কিছুটা এ্যালকোহল জাতীয় দ্রব্যের প্রয়োজন আছে। এটার যদি সরবরাহ ঠিকমত না করা হয় তাহলে ওষুধ শিল্প মার খাবে এবং তাতে প্রত্যেকটি মানুষ ক্ষতিগ্রস্ত হবে। সেজন্য ওষুধ শিল্প যাতে বন্ধ না হয়ে যায় সেইদিকে লক্ষ্য রেখে এই শিল্প বিকাশের প্রয়োজনীয়তা আছে। পক্ষান্তরে আপনাকে একটা জিনিস দেখতে হবে যেটা আমি আগেই বলেছি, সেটা হচ্ছে এই জিনিসের অপব্যবহার যাতে না হয়, বেআইনীভাবে মাদকদ্রব্যের অনুপ্রবেশ যাতে না ঘটে, শিক্ষা প্রতিষ্ঠানের কাছে যাতে মাদক দ্রব্যের আড়ত তৈরী না হতে পারে, সমস্ত প্রতিষ্ঠানগুলির আবহাওয়া যাতে দূষিত না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রেখে আপনি আগামী দিনে পদক্ষেপ নিন।

আপনি শুল্ক বৃদ্ধি ঘটিয়েছেন, এর প্রসার ঘটিয়েছেন এটা ঠিক, কিন্তু সঙ্গে সঙ্গে বিভিন্নভাবে আরও উন্নতি করার যে প্রয়োজন ছিল, সিংকোনার উন্নতির প্রয়োজন ছিল এবং এইসব ব্যাপারে আবগারি দপ্তরের আরও বেশী করে পর্যবেক্ষণের জন্য যানবাহনের যে প্রয়োজন ছিল, সেক্ষেত্রে আপনি কিন্তু ব্যর্থ হয়েছেন। পার্বত্য এলাকায় আফিমের এবং সিংকোনার চাষ হয়, কিন্তু সেগুলো রক্ষণাবেক্ষণের ব্যাপারে এবং তার পরিমাণ বৃদ্ধির ব্যাপারে এখনও পর্যন্ত আপনি কিছু করতে পারেন নি। সিংকোনার পরিমাণ বৃদ্ধি করলে আমাদের হাতে আরও সিংকোনা আসবে, কাজেই এর পরিমাণ বৃদ্ধির দিকে নজর দিন। বিভিন্ন ভাবে গাঁজার এবং সিংকোনার যে চোরাকারবার হয় সেগুলি বন্ধ করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত। কিন্তু আপনি এই সমস্ত ব্যবস্থা করতে পারেন নি বলে আমি এই বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষচন্দ্র রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্তঃশুল্ক বিভাগের মন্ত্রী বিমলানন্দ মুখার্জী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটা কথা বলব। তিনি যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার পরিমাণ হচ্ছে ৪ কোটি ৬৫ লক্ষ ৪২ হাজার টাকা। গত বছর এই টাকার পরিমাণ ছিল ৪ কোটি ৬৭ লক্ষ টাকা—অর্থাৎ এবারে সামান্য কিছু বাড়ান হয়েছে। টাকার অংক বৃদ্ধির কারণ হচ্ছে এই বিভাগের যে-সমস্ত সরকারী কর্মচারী আছে তাদের মাইনে, ডি. এ. ইত্যাদি বৃদ্ধির তাগিদেই এটা করতে হয়েছে। কাজেই গত বছরের তুলনায় এবারে যে ব্যয়বরাদ্দ বেড়েছে এটা স্বাভাবিক। স্যার, এই বিভাগ হচ্ছে রাজস্ব আদায়কারী বিভাগ এবং রাজস্ব আদায়ের যে কয়টি সূত্র আছে এটি হচ্ছে তার অন্যতম। রাজস্ব আদায়ের ক্ষেত্রে এই রাজ্যের হাতে যে ক্ষমতা এবং সুযোগ ছিল সেটা কেন্দ্রীয় সরকার কিছু কিছু নিয়েছেন বলে একটা অসুবিধা দেখা দিয়েছে। আমি মনে করি এই বিভাগকে আরও ভালভাবে প্রসার করতে হবে যাতে বেশী করে রাজস্ব আদায় করা যায়। আনন্দের কথা এই বিভাগকে সুনিয়ন্ত্রিত করে যাতে রাজস্ব আয় বৃদ্ধি করা যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে। গত বছর ছিল ৬'৪৭ এবং এবারেও প্রায় সেই রকমই আছে। এই বিভাগ শুধু গাঁজা, আফিমই নিয়ন্ত্রণ করছে না, মানুষের বাঁচার জন্য প্রয়োজনীয় যে ঔষধ শিল্প, সেটাও এর সংগে যুক্ত রয়েছে। কাজেই একে আমাদের আরও শক্তিশালী করতে হবে। আমাদের এখনও বিভিন্ন প্রদেশ থেকে সুরাসার, মাদগুড় এবং আরও বহু জিনিস আমদানী করতে হয়। আমি আশা করি মন্ত্রী মহাশয় এমন সব ব্যবস্থা করবেন যাতে এগুলি আমাদের আর আমদানী করতে না হয়।

[6.20—6.30 P.M.]

এই সংগে আর একটা কথা বলা দরকার। এই যে অন্তঃশুল্ক কর্মী যাঁরা আছেন, তাঁরা ঐ যে বেআইনী মদ, গাঁজা, আফিম বিক্রি হয় তার সংগে এরা যুক্ত আছে। এই দিকে মন্ত্রী মহাশয় যেন একটু দৃষ্টি দেন। এই দিকে বিশেষভাবে লক্ষ্য রেখে যদি এগুলি রোধ করতে পারেন তাহলে সরকারের আরও আয় বাড়বে। তিনি অবশ্য অনেক আয় বাড়িয়েছেন। কিন্তু এ কথা ঠিক যে, কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি এখানে আছে—এগুলিকে নিশ্চয় দূর করতে হবে। তিনি বলেছেন যে, আরও আয় বাড়াবার আশা করা যাচ্ছে। তিনি যদি এই সব চোরাই চালানের দিকে একটু দৃষ্টি দেন তাহলে আরও অনেক আয় বাড়তে পারে। আজকে কেন্দ্রীয় সরকার এখানেও হাত লাগিয়েছেন। এই যদি অবস্থা হয় তাহলে এই পশ্চিমবাংলার সংকট আরও

বাড়বে। এখানে রাজ্য সরকারের একটা ভূমিকা গ্রহণ করতে হবে। রাজ্য সরকারকে এখান থেকে আরও রাজস্ব আদায় করার জন্য চেষ্টা করতেই হবে। এই সংগে একটা কথা বলবো যে, আজকে আমরা কেন্দ্রের কাছ থেকে বিভিন্নভাবে বঞ্চিত হচ্ছি। আমরা দেখছি, রাজস্ব আদায়ের ব্যাপারে কেন্দ্র যেভাবে পশ্চিম-বাংলার পথ রুদ্ধ করে দিচ্ছে তাতে আমাদের ক্ষমতায় যদি আমরা ঠিকমত রাজস্ব আদায় করতে না পারি তাহলে আমরা খুবই অসুবিধায় পড়ে যাবো। মোটামুটি-ভাবে অন্তঃশুল্ক বিভাগের প্রতি মন্ত্রী মহাশয় যে বরাদ্দ এখানে পেশ করেছেন তাতে আমি একটি কথাই বলবো যে, এই যে চোরাই চালান হচ্ছে তাকে আমাদের রোধ করতেই হবে। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে বিশেষ ব্যবস্থা অবলম্বন করবেন—এই কথা বলে এই বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুমন্ত কুমার হীরা : অনারেবল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রীবিমলানন্দ মুখার্জি মহাশয় যে বাজেট এখানে উত্থাপন করেছেন—যে এক্সাইজ ডিমাণ্ড এখানে রেখেছেন, সেই বাজেটকে সমর্থন করে আমি সংক্ষেপে দু-একটা কথা বলবো। স্যার, আপনি জানেন, এক্সাইজের ব্যাপারে যে-সমস্ত র-মেটিরিয়াল লাগে বিভিন্ন ঔষধ কারখানা যেগুলি কন্ট্রোল করে, যেটা এক্সাইজ ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়, সেগুলির ব্যাপারে আমরা এখনও স্বয়ংসম্পূর্ণ হতে পারি নি। অন্য প্রদেশের উপর নির্ভর করতে হয়। পশ্চিমবাংলায় ট্রাডিশন্যালী কেমিক্যাল ইণ্ডাষ্ট্রির শীর্ষস্থান। কিন্তু তার যে র-মেটিরিয়ালস তা বিভিন্ন প্রদেশ থেকে আসে। দেখা যাচ্ছে রাজনৈতিক কারণে এবং বিভিন্ন কারণে অন্য প্রদেশগুলি বাধার সৃষ্টি করছে। বিশেষ করে বামফ্রন্ট সরকার আসার পর কংগ্রেস(আই)-এর কয়েকটি রাজ্য এই মদগুড় নিয়ে রাজনীতি করছে—তারা আমদানি করতে দিচ্ছে না। স্যার, আপনি জানেন, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী যিনি ছিলেন আন্তুলে, তিনি এই মদগুড় এখানে আসা বন্ধ করে দিয়েছিলেন এবং তার ফলে আমাদের নানা সমস্যার মধ্যে পড়তে হয়েছে। তিনি বলেছিলেন বামফ্রন্ট সরকারকে তিনি মাডগো দেবেন না। আমি জানিনা ভারতবর্ষে যারা ঐক্য রাখতে চায় তারা এই ধরনের কথা বলতে পারে কিনা? তিনি বলেছিলেন, তিনি কংগ্রেস (আই)-এর নেতা ছিলেন, মুখ্যমন্ত্রী ছিলেন, অথচ আমরা শুনলাম যা কখনো শুনিনি, কিন্তু শ্রীমতী গান্ধী তাঁকে সেনসার করেন নি। তিনি ক্ষমতাচ্যুত হয়েছেন দুর্নীতির জন্য। এঁদের অনেক মন্ত্রী আছেন যাঁরা দুর্নীতিতে অভ্যস্ত। আমরা দেখলাম সেই সময় এই ভদ্রলোক মাডগো নিয়ে ব্ল্যাক করছেন। নানা রকম ব্যবসায়ীদের কাছ থেকে বেশী টাকা ঘুষ নিয়ে পশ্চিমবাংলার

যে কোটা ছিল সেই কোটা আমাদের না দিয়ে তাঁদের হাতে তুলে দিতেন এবং তাঁরা ব্ল্যাকারের মাধ্যমে পশ্চিমবাংলায় এই মাডগো আনতেন এবং বেশী দামে বিক্রি করতেন ব্ল্যাকের মাধ্যমে। প্রথমতঃ প্রবলেম আমাদের আছে। আমাদের এক্সাইজ ডিপার্টমেণ্টের একটা প্রবলেম আছে, সেটা হচ্ছে একটা ব্যাপক চোলাই ইণ্ডাষ্ট্রি পশ্চিমবাংলায় চলছে এবং সেটা বন্ধ করা আদৌ সম্ভব হয় নি। বর্তমানে সম্ভব হচ্ছে না এবং এর নানা কারণ আছে। আপনারা জানেন অনেক সময় আমাদের ডিপার্টমেণ্টের যে এ্যাপারেটাস আছে, সেই এ্যাপারেটাস সাফিসিয়েণ্ট নয়। দ্বিতীয়তঃ পুলিশের একটা অংশ নানা কারণে, নানাভাবে এর সঙ্গে যুক্ত হয়ে পড়ে। এই দুটি কারণের জন্য এখনও পর্যন্ত এটা সাকসেসফুল করা যায় নি। যেটা সবচেয়ে বড় প্রবলেম আমরা দেখেছি, বিশেষ করে ধাপা অঞ্চলে। আমার কন্সটিটিউয়েন্সির কাছে কংগ্রেস (আই) যারা করে, এই রকম নেতা স্থানীয় লোকদের প্রোটেকশন দেন এবং এদের বিরুদ্ধে কিছু করলে তখন তারা এটা পলিটিক্যালী রূপ দেবার চেষ্টা করেন, পলিটিক্যাল সেলটার নেয়। এইগুলো আমরা দেখেছি। পুলিশ ধরেছে এবং কংগ্রেসের লোক্যাল লীডাররা গিয়ে ছাড়িয়ে এনেছে। সারা পশ্চিমবাংলায় এই জিনিস তারা চালাচ্ছে। আমার মনে হয় এই ব্যাপারে মন্ত্রী মহাশয় যদি একটু কঠোর হন, পলিটিকাল এ্যাফিলিয়েশন নির্বিশেষে যারা এইসব চোলাইয়ের ব্যবসা করছে এবং যার ফলে সাধারণ মানুষ সেইসব চোলাই খেয়ে প্রাণ দিচ্ছে, বিষাক্ত মদ খেয়ে মারা যাচ্ছে, এইসব ঘটনা ঘটছে। সারা পশ্চিমবঙ্গে — বারাসতে এই রকম একটা ঘটনা ঘটে। মন্ত্রী মহাশয় যদি একটু কঠোরভাবে দেখেন, চোলাই কনট্রোল করার জন্য ব্যবস্থা গ্রহণ করেন, তাহলে পশ্চিমবাংলার মানুষ উপকৃত হবে। সবচেয়ে বড় যে জিনিসটা বলতে চাই সেটা হচ্ছে আমাদের রাজস্ব সংগ্রহের একটা বড় অংশ আসে এই এক্সাইজ ডিপার্টমেন্ট থেকে। এক্সাইজের মাধ্যমে আমাদের পশ্চিমবাংলায় যে রাজস্ব সংগ্রহের উৎস তার একটা বড় অংশ এখান থেকে আসে। কিন্তু আমরা দেখেছি বিভিন্নভাবে এই এক্সাইজ, যে রাজস্ব যেটা আসা উচিত সেটা আসছে না। কারণ এর ভেতর একটা চক্র হয়ে আছে। চক্র হয়ে আছে অনেক দিনের। আজকের নয়। আমাদের বামফ্রণ্ট সরকার আসার আগে থেকে এক শ্রেণীর ব্যবসায়ী এবং কিছু ডিপার্টমেণ্টের কর্মচারী তারা যুক্তভাবে রেকর্ড মেনটেন করেন না এবং সরকারের যে রাজস্ব আসা উচিত সেই রাজস্ব তারা দেয় না, ফাঁকি দেয়। এই ব্যাপারে যদি একটু নজর দেন আমার মনে হয় আমাদের রাজস্ব বাড়তে পারে। অনেক জায়গায় কিছু কিছু দোকান করা যায়, লাইসেন্সড শপ যদি হয় তাহলে চোলাইয়ের যে বিপদ সেই

বিপদ অনেকাংশে কমতে থাকে। কাজেই এইভাবে যদি আমাদের এক্সাইজ ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয় চিন্তা-ভাবনা করেন এবং প্ল্যান করেন তাহলে অনেক রাজস্ব বাড়ানো সম্ভব হবে। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীপক্ষের যে কাট মোশন এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Discussion on Adjournment Motion

Mr. Speaker: Now the Discussion on Adjournment Motion. I hav received an amendment on the Adjournment Motion from Shri Subrat Mukherjee. I request Shri Mukherjee to move his motion of amendment.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that

(i) in line 1, the words "কেন্দ্রের কংগ্রেস্ সরকার এবং" be deleted and

(ii) in line 6, for the words "এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে হবে' the words "পশ্চিমবঙ্গ সরকারকে সর্বপ্রকার সহযোগিতা কেন্দ্রীয় সরকারকে করা দরকার" be sustituted.

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা এ্যাডজোর্নমেন্ট মোশন আনা হয়েছে মাননীয় সরকার কর্তৃক। আমি মোশনটা কাটছাঁট করে দিয়েছি। সেটা পড়ে দিচ্ছি এবং মূল বিষয়বস্তুর সঙ্গে আমাদের যে খুব বিরাট পার্থক্য আছে তা নয়, কিন্তু তবুও তার মধ্যে যেটুকু সংকীর্ণ রাজনৈতিক দোষে দুষ্ট সেটার সঙ্গে আমাদের পার্থক্য আছে। আমরা তার জন্য আইনসঙ্গত ভাবে বিধিগত ভাবে এ্যামেণ্ডমেন্ট আপনার কাছে পেশ করেছি।

[6.30—6.40 P.M.]

মূল বিষয়ের সাথে আমাদের মত পার্থক্য নেই। কারণ হল আসামকে কেন্দ্র করে গত কয়েক বছর ধরে যে ঘটনা ঘটেছে তার একটা পারমানেন্ট সলিউশান হওয়া দরকার। আমরা এও মনে করি যে, গত কয়েক মাসের মধ্যে পশ্চিমবঙ্গে যে-সমস্ত নতুন উদ্বাস্তু এসেছে সেই ক্ষেত্রে শুধু রাজ্য সরকার এগিয়ে গেলে হবে না সেখানে কেন্দ্রেরও সহযোগিতা থাকা দরকার। কিন্তু এই সহযোগিতা যদি আন্তরিক অর্থে ব্যবহৃত না হয় তাহলে মূল সমস্যার সমাধান হওয়া তো দূরের কথা, সমস্ত

ারো তীব্রতর হবে। প্রকৃতপক্ষে আমরা সবাই যদি এই সমস্যার সমাধান চাই, এখানকার সংখ্যালঘু বাঙালী, হিন্দু, মুসলমান—এমন কি খ্রীষ্টানদের পর্যন্ত যদি প্রকৃত নরাপত্তা, সামাজিক, অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করে দেবার দাবী করতে চাই তাহলে কোনরকম আক্রমণাত্মক ভূমিকা রাজনৈতিক দিক থেকে পালন করা বাঞ্ছনীয় য়। কেন্দ্রীয় সরকারের নাম কেন দিয়েছেন আমি জানি না। কেন্দ্রীয় সরকারের াথে যারা প্রকৃত অহম, অসমীয়া আক্রমণ করছে, তাদেরকে একই ক্যাটিগরিতে ফেলে দেওয়া হয়েছে। তাহলে পারপাসটা কোথায় যাচ্ছে? আমি তাই এই ্যাপারে সকলের কাছে এ্যাপিল করছি যে, আপনারা এটা একটু ভেবে দেখুন। ই ব্যাপারে আমি আর কি বলব? জ্যোতিবাবু যে বক্তব্য হাউসের কাছে রেখেছেন ার পুনরাবৃত্তি করলে আমার এই বক্তব্য শেষ হয়ে যাবার কথা। উনি এমনও লেছেন, সাংবিধানিক এই সঙ্কট কাটিয়ে ওঠার জন্য যদি ২/৪ জন মারা যায় যাবে—াতে বাধা। কারণ, সংবিধান কখনও স্ট্যাগন্যান্ট হয়ে যেতে পারে না। াংবিধানিক কোন ক্রাইসিস দেখা দিলে শুধু একটা সরকারের বিশেষ দায়িত্ব নয়, ঙ্গে সঙ্গে সরকারের বাইরে যাঁরা রয়েছেন তাঁদেরও একটা ফাণ্ডামেন্টাল রেসপন-বিবিলিটি থেকে যায় এবং সামগ্রিকভাবে কোন ইণ্ডিভিজুয়াল দল এই দায়িত্ব থেকে ্রে থাকতে পারে না। তা যদি থাকে তাহলে সেই দায়িত্বশীল মানুষ সংগঠনের ঙ্গে যুক্ত বলে বিবেচিত হবে না। এই কারণেই আমি জ্যোতিবাবুর সঙ্গে একমত—াতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী যখন সর্বদলীয় পার্টি মিটিং ডেকেছিলেন তখন হার্ড কোর াইটিস্ট যাঁরা, রি-এ্যাকশনারি যাঁরা, তাঁরা প্রচণ্ডভাবে এই আসাম নির্বাচনের িরোধিতা করেছিলেন। সেই সময় এই ঠিক সিদ্ধান্ত নেবার জন্য আমি ধন্যবাদ ানাই। এটা কোন এক্সট্রা ক্রেডিট নয়, রাইট ডিসিসান নেবার জন্য িশ্চয় তাঁদের ধন্যবাদ জানাবার প্রয়োজন আছে, সেই সময় যাঁরা একে মর্থন জানিয়েছিলেন এবং নির্বাচন হওয়া উচিত বলেছিলেন, সেই সময় নিশ্চয় ারা জাতীয় বৃহৎ স্বার্থেই এটা ঠিক করেছিলেন এবং এস. ইউ. সি-ও এর সঙ্গে িলেন। সকলেই একটা রাইট ডিসিসন নিয়েছিলেন। কিন্তু এখন কি হচ্ছে? ার মধ্যে রাজনীতি কেন আনা হচ্ছে? আর রাজনীতি না হলে এ্যাকসেপ্ট রেছেন কেন তাও জানি না। এখানে এটুকু ঢুকিয়ে দিয়েছেন বলে তাই ্যাকসেপ্ট করে নিয়েছেন, তা না হলে এ্যাকসেপ্ট করতেন না। কারণ টা যে, ঠিক ঠিক ভাবে নরমাল প্রসিডিওরে হয়েছে তাও নয়। আমি এটা কটু ঘেঁটে দেখলাম যে, আপনি একটা কৌশল অবলম্বন করলেন। আজকে াজেটের খানিকটা আলোচনা করতে দিয়ে আবার স্থগিত রেখে দিলেন।

আবার কালকে হবে বললেন। অর্থাৎ মূল ব্যাপারটায় বিধিগত ভাবে একটা ফাঁক রেখে দিয়ে এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যালাও করে দিলেন হাউসের বিজনেস্ এ্যাডাজোর্ন করে এবং প্রায়রিটিও দিয়ে দিয়েছেন। অর্থাৎ দিনের প্রথমে বিজনেস চালু করে দিয়ে আইনের ফাঁকটুকু রাখবার জন্য আবার আপনি পেনডিং করে যাচ্ছেন। স্যার, কৌশলে কোন বড় কাজ হতে পারে না, চালাকি দ্বারা কোন মহৎ কাজ হতে পারে না। মানুষের মানবিকতার স্বার্থে আজকে কংগ্রেস, কমিউনিস্ট, এস. ইউ. সি. প্রভৃতি সবারই এর জন্য দাঁড়ানোর প্রয়োজন আছে। আপনি যদি মনে করেন বাঙালী, মুসলমানদের বাঁচাবার দরকার আছে, তাঁদের নিরাপত্তার জন্য একটা সোচ্চার দাবী তোলার প্রয়োজন আছে তাহালে আজকে এই সংকীর্ণতাবাদের দোষে দুষ্ট না হয়ে, গোঁড়ামির দোষে দুষ্ট না হয়ে আসুন আমরা সকলে সার্বিকভাবে একটা জায়গায় দাঁড়িয়ে এক সুরে কথা বলি, যাতে মানুষ জানতে পারে যে, একটা বিশেষ কাজে সমস্ত এম. এল. এ. এবং হাউস এক হয়ে দাঁড়িয়েছে এবং এটা হলে এর গ্রাভিটি বা তাৎপর্য অনেক বেশী হবে বলে আমার ধারণা। আমার কখন কখন মনে হয়েছে সি. পি. এম. পার্টি থেকে এটা আনবার ইচ্ছা ছিল। কিন্তু যেহেতু জ্যোতিবাবু এটাকে সমর্থন করেছেন বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে, ই. এম. এস. নাম্বুদ্রিপাদ, হরকিষেণ সিং সুরজিত দিল্লীতে বসে তীব্র ভাবে সমর্থন করেছেন, এমন কি যখন গণহত্যা হল সেই সময় এই গণহত্যাকে ব্যাখ্যা করে একে সমর্থন করেছেন, সেইহেতু অন্য কায়দায় ঘুরিয়ে এইভাবে আনা হয়েছে। অর্থাৎ এরা শুধু একটু এড়িয়ে গেছেন। স্যার, গ্রামবাংলায় একটি কথা চালু আছে, "শেয়াল দই খায়, আর একটা ছাগলকে হাঁড়ির মধ্যে ঢুকিয়ে দিয়ে পালিয়ে যায়"। অর্থাৎ মুখটা যেই ঢোকাবে অমনি দই লেগে যাবে, কিন্তু দই ওতে নেই। শেয়াল খুব চালাক, তাই সে দই খেয়ে পালিয়ে গেছে। আর ছাগল ঐ হাঁড়িটায় মুখ ঢুকিয়ে বসে আছে বলে সে মার খাবে।

এস. ইউ. সি. বেচারা মার খাবে আর আপনারা দই খেয়ে চলে গেলেন। এই একটা কৌশল, আর একটা হতে পারে যে, ওঁরা আসামে গো-হারান হেরে গিয়েছেন—মানুষ যদি ভোট না দেয় কি করা যাবে? ওঁরা বললেন খুব ভাল ভোট করা উচিত, সংবিধানকে রক্ষা করা উচিত, তারপর ভোট হল এবং সেই ভোটে ওঁরা হেরে গেলেন, হেরে গিয়ে সেটাকে ধামাচাপা দেবার জন্য বললেন, আমরা হারিনি, সেখানে প্রচণ্ড অব্যবস্থা এবং গণহত্যা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার তার সাথে যুক্ত আছে। তাদের পরাজয়কে ঢাকবার একটা অপকৌশল হিসাবে আজকে এই এ্যাডজোর্নমেণ্ট মোশান নিয়ে এসেছেন। এটা তো অন্যভাবে

আনা যেতে পারতো। নন-অফিসিয়াল রেজলিউশান আনা যেতে পারতো। সর্বদল মিলে তো এর আগে আমরা ফরাক্কার ব্যাপারে নন-অফিসিয়াল রেজলিউশান নিয়ে এসেছি, রেলের ব্যাপারেও এনেছি, এ ক্ষেত্রেও সেটা করা যেত, কিন্তু তা করা হোল না। আমি আগেই বলেছি এবং আবার বলছি, মূল সুরের সঙ্গে আপত্তি করবার কিছু নেই, কিন্তু তার মধ্যে যে রাজনৈতিক ইঙ্গিতটা রয়েছে সেটাতে নিশ্চয় আমরা আপত্তি করছি। স্যার, আপনি জানেন, আমাদের পার্টি পৃথিবীর অন্যতম পুরানো পার্টি। স্যার, রেকর্ড ঘাটলে দেখতে পাওয়া যায় পণ্ডিত জওহরলাল নেহরু থেকে আরম্ভ করে আমরা যারা আজ পর্যন্ত কংগ্রেসী রয়েছি তারা এ ব্যাপারে কি বলেছি। পণ্ডিত নেহরুর তো কোন জড়তাই ছিল না এ ব্যাপারে। স্যার, আসাম সম্পর্কে পণ্ডিত নেহরুর একটি উক্তি আপনার কাছে আমি পড়ে শোনাচ্ছি : There is no doubt, of course, that these displaced persons who have come to settle in India, are bound to have their citizenship. If the law is inadequate in this respect, the law should be changed. এতবড় কথা কোন কমিউনিস্ট বলতে পেরেছেন এই ইভাকুইস্টদের সম্পর্কে, রিফিউজিদের সম্পর্কে? সেই থেকে আরম্ভ করে ইন্দিরা গান্ধী পর্যন্ত কেউ এ ব্যাপারে বাউ ডাউন করেন নি। সংবিধানে যেখানে ক্লিয়ার ডাইরেকটিভ রয়েছে, গাইড লাইন রয়েছে সেখানে কোন সরকার বলতে পারেন না এটা ভেঙ্গে দিয়ে নতুন করে ব্যবস্থা করতে। এখানে রিলিফ মিনিস্টার স্বীকার করেছেন যে, আসাম থেকে উদ্বাস্তু যাঁরা এসেছেন তাঁর জন্য কেন্দ্রীয় সরকার ক্যাটিগরিক্যালি বলেছেন যে, তার সমস্ত দায়-দায়িত্ব তাঁরা গ্রহণ করবেন। এ সব সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের সাথে ঐ হটকারী কতকগুলি নাবালক ছেলে যারা উচ্ছৃঙ্খল আচরণ করছে এবং গণহত্যা করছে তাদেরকে এক করে দিয়ে আজকে সমস্ত ব্যাপারটাকে ধ্বংস করে দেবার চেষ্টা করা হচ্ছে। 'আসু'র রাজনীতি কি সেটা আমরা জানি। আসুর রাজনীতির যে মূল সুরটা সেটাকে আমরা আক্রমণ করি। স্যার, '৭০-এর দশক থেকে সারা পৃথিবীতে যা শুরু হয়েছে সেটা আপনি জানেন। যখন মার্কিন সাম্রাজ্যবাদ এ্যাংগোলায় আঘাত খেল, পর্তুগালে আঘাত খেল, মোজাম্বিকে আঘাত খেল এবং তা খেয়ে আস্তে আস্তে সরে এলো চিলির দিকে, ভিয়েতনামের দিকে এবং সেখানেও যখন প্রচণ্ডভাবে পর্যুদস্ত হল, তখন তারা আস্তে আস্তে সমস্ত গ্রুপটাকে নিয়ে চলে এলো দক্ষিণ-পূর্ব উপমহাদেশে। ৫ বছরের মধ্যে এই উপমহাদেশের বিভিন্ন এরিয়াটকে রুটি সেঁকার মত সেঁকে তারা এখানকার

সমস্ত রাজনীতিটাকে উল্টেপাল্টে দিল এবং তার ফলে কোথাও রাইটিস্ট গভর্নমেং এলো, আবার কোথাও বা মিলিটারি গভর্নমেন্ট এলো। ৫ বছরের মধ্যে থাইল্যাণ্ড ইন্দোনেশিয়া, চিলি, বাংলাদেশ এইসব জায়গায় এইসব গভর্নমেন্ট নিয়ে এল সেই একই সময় এবং একই কায়দায় ভারতবর্ষের রাজনীতিকে উল্টে দেবার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধীকে হত্যা করার চেষ্টা করা হল জর্জ ফার্নাণ্ডেজ প্রমুখ নেতাদে দিয়ে। স্যার, ভারতবর্ষের ৬০ কোটি মানুষের চেষ্টায় আমরা সেই পরিকল্পন বানচাল করতে পেরেছিলাম। স্যার, আমরা জানি এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সমর্থিত জনতা সরকার যখন কেন্দ্রে ছিলেন তখনই আসামে এই হটকারী রাজ- নীতির শুরু হয়। তাঁদের সময় থেকেই আসামের ভেতর দিয়ে, বার্মা মুলুকের ভেতর দিয়ে চীন পর্যন্ত যে রাস্তা চলে গিয়েছে সেখান দিয়ে টাকা এবং অস্ত্র আসছে। মূল রাজনীতি তো সেখানেই। আজকে একে কে রেজিস্ট করবে? কতকগুলি কাস্ট হিন্দু বহ্মপুত্র ভ্যালির উপর তাণ্ডব করে বেড়াচ্ছে। কোথা থেকে তারা অস্ত্র পাচ্ছে? কোথা থেকে তারা টাকা পাচ্ছে? মূল রিসোর্সটা কোথায়? আজকে সেখানে আঘাত না করে কোন হটকারী সিদ্ধান্ত নেওয়া যায় না। আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধী যদি সংবিধানের এই ক্রাইসিসের মধ্যে না পড়তেন তাহলে জানি না সেখানে কি সিদ্ধান্ত হত। কিন্তু এর জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধীকে দায়ী করে কি হবে? সেখানে কনস্টিটিউশানের যে ডেড লক অবস্থা হয়ে গিয়েছিল তাতে তারপর ইলেকশান কমিশন যদি ইলেকশানের কথা বলেন সেখানে কেন্দ্রীয় সরকার পারেন না না বলতে।

[6.40—6.50 P.M.]

বিকল্প কোন পথ ছিল না। আজকে নির্বাচন সেখানে হয়েছে এবং সেই নির্বাচনে কয়জন খুন হচ্ছে সেটা ইমমেটিরিয়াল। নির্বাচন করতে হবে এটাই আমাদের কাছে ম্যাটিরিয়াল। কয়টা মানুষ মরেছে সেটা ইমমেটিরিয়াল। সংবিধান মরতে পারে না। সংবিধানকে বাঁচাবার জন্য যদি কোন কোন জায়গায় দুর্ঘটনা ঘটে তাহলে সেটা দুঃখজনক। ইট ইজ এ হার্ড রিয়েলিটি। আমাদের বিটুইন গুড এ্যাণ্ড ব্যাড বলে চয়েস করার কিছু ছিল না। বিটুইন ব্যাড এ্যাণ্ড ওয়ার্স্ট-এর মধ্যে চয়েস করতে হয়েছে। কে বলতে পারে অলটারনেটিভ উপায় কি ছিল? তাছাড়া ইন্দিরা গান্ধীও কি করতে পারেন? আপনারা বহু পুরানো মানুষ রয়েছেন, আপনারা নির্বাচন করে এসেছেন। নির্বাচন তো কোন প্রধানমন্ত্রীর হাতে নেই। নির্বাচন ইলেকশান কমিশনের হাতে। ইলেকশান কমিশন ক্যাটাগরিক্যালি

ঘোষণা করেছেন। সেই কমিশনকে কেন্দ্র করেই কেন্দ্রীয় সরকারকে ব্যবস্থা করতে হয়েছিল। তারপরেও মিঃ দেবপ্রসাদ সরকার মহাশয় এটা কেন এনেছেন, আমি জানি না। আমি মূল ব্যাপারটা বুঝতে পারলাম না। এখানে ক্যাটাগরিক্যালি বলা হয়েছে Law of Foreigners and Citizenship সম্পর্কে। আপনি যদি আর. বি. শেঠির বইটা দেখেন তাহলে দেখবেন যে, তার ৪৮৪ পাতায় বলা হয়েছে।

মিঃ স্পীকার: মিঃ মুখার্জী, আমি আপনাকে স্মরণ করিয়ে দেই যে, এ্যাডজোর্নমেন্ট মোশানের রুল অনুযায়ী ১৫ মিনিটের বেশী কেউ বক্তৃতা করতে পারে না।

শ্রীসুব্রত মুখার্জী: আমি এখুনি শেষ করছি। আমি শুধু এখানে মেনশান করতে চাই। আপনি আর. বি. শেঠির বইয়ের ৪৮৩ পাতায় দেখবেন যে, সেখানে সিটিজেনশিপের যে আইন আছে তার ৫ নং আর্টিকেলে বলছে, "The term 'permanent resident' of Assam includes the natives of Assam and those domiciled therein." আর তাকে ক্লাসিফিকেশান করে বলা হচ্ছে, "It has been laid down as a working principle that in the absence of any special rule governing a particular case or class of cases a man who is not a native of the province shall be deemed to be domiciled in the Province only when he has become the owner of homestead (house or land) in the Province, has already lived in that homestead for ten years and intends to live in that homestead until he dies." The question does not arise. শুধু তাই নয়, এটা প্রমাণ করার জন্য সুপ্রীম কোর্টে একটা কেস হয়েছে। সুপ্রীম কোর্টে মিঃ কেদার বনাম নারায়ণের একটা কেস হয়েছিল ১৯৬৬ সালে এবং সেখানে বলা হয়েছিল যে, এই ডোমিসাইল কারা, সেই অভিযোগ যে করবে তাকে প্রমাণ করতে হবে। অর্থাৎ যদি কেউ অভিযোগ করে তাহলে তাকে প্রমাণ করতে হবে। অভিযোগ না করলে ডোমিসাইল বলে এসট্যাবলিস হবে এবং সাবসিকোয়েনটলি সিটিজেন বলে এ্যাকসেপটেড হবে। কেউ পারে না। যার জন্য আজকে সরকার থেকে সমস্ত জায়গায় ট্রাইবুন্যাল করে দেওয়া হয়েছে। এর চেয়ে বড় ঘটনা আর কি হতে পারে? এর চেয়ে বড় আইনসঙ্গত পথ আর কি হতে পারে? সেখানে যার অভিযোগ করার করুক, সেই অভিযোগ যদি সত্যিকারের প্রতিষ্ঠিত করে করুক, ৩৬৭ এর বাইরে যাবে, this question does not arise. এটা হতে পারে না।

সুতরাং এই ব্যাপারে আমি মনে করি যে, মূল সুরের সঙ্গে আমাদের সমর্থন আছে, কিন্তু একটা পয়েন্ট সঙ্কীর্ণতার দোষে দুষ্ট বলে আমি এ্যামেণ্ডমেন্ট দিয়েছি। আমি অনুরোধ করবো যে, এটা সর্বাঙ্গসুন্দর করার জন্য গ্রহণ করা হবে। আমি আমার সংশোধনীটা পড়ে দিচ্ছি। In line one 'কেন্দ্রীয় কংগ্রেস সরকার' be deleted and in line six, the words 'এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে' এর পরিবর্তে 'পশ্চিমবঙ্গ সরকারকে সর্ব প্রকারে কেন্দ্রকে সহযোগিতা করা দরকার' be substituted. ধন্যবাদ।

শ্রীবামাপদ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখতে চাই। আসামে যে বর্বর এবং পৈশাচিক হত্যাকাণ্ড সংগঠিত হয়েছে এবং হচ্ছে এর নজির অত্যন্ত বিরল। সেখানে এখন পর্যন্ত সরকারী হিসাবে ২,০০০ জন মারা গেছে, কিন্তু আমরা জানি সেখানে ১০,০০০-এর মত নর-নারী, শিশু, বৃদ্ধা খুন হয়েছে এবং সেখান থেকে প্রায় ৪০,০০০-এর মত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এসেছে। নেলীর হত্যাকাণ্ড আমাদের বৃটিশ সাম্রাজ্যবাদী অত্যাচারের ইতিহাসের কথা মনে করিয়ে দেয়, কিন্তু তখনও আমরা পৈশাচিক হত্যাকাণ্ড যা দেখেছিলাম তাও ঠিক এরকম নয়। প্রায় ২,০০০ নর-নারী, শিশু, বৃদ্ধাকে হত্যা করা হয়েছে, তাদের কয়েক হাজার ঘর-বাড়ি ভস্মীভূত করে দেওয়া হয়েছে। এই ঘটনার একমাত্র তুলনা চলে নাৎসী হত্যাকাণ্ডের সঙ্গে। এই সমস্ত কাণ্ড হচ্ছে কংগ্রেস (ই)-র, ইন্দিরা গান্ধীর সরকারের আমলেই, এটা আমরা ভুলে যেতে পারি না। আমরা এই বর্বর হত্যাকাণ্ডের নিন্দা করছি। যে-সমস্ত উদ্বাস্তুদের দায়-দায়িত্ব আজকে পশ্চিমবঙ্গের ঘাড়ে চেপেছে, কেন্দ্রকে তাদের খরচ বহন করতে হবে, এই দাবী আমরা কেন্দ্রের কাছে করছি এবং সেই সঙ্গে দাবী করছি আসামের পরিবেশ ঠিক করে সামাজিক নিরাপত্তার ব্যবস্থা করে তাদের আসামেই আবার পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। আজকেই খবরের কাগজে দেখলাম আসামের মন্ত্রী শ্রীযুক্ত শাইকিয়া বলেছেন, উদ্বাস্তুদের আসামে নিয়ে যাবেন এবং তাদের নিরাপত্তা দেবেন। ইতিমধ্যে কেন্দ্রের পক্ষ থেকে আসামের উদ্বাস্তুদের ত্রাণ বাবদ পশ্চিমবঙ্গ সরকারকে ২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং আরো দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কিন্তু আমাদের প্রশ্ন কি, আমাদের প্রশ্ন হচ্ছে, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন কি ভারতবর্ষকে টুকরো টুকরো করতে চায়? আমরা দেখছি আসামের ঐ আন্দোলন শুরু হয় ১৯৭৯ সালের শেষ দিকে এবং ১৯৮৩ সালের ফেব্রুয়ারী মাসে যখন নির্বাচনের ব্যাপার আসে

তখন সেটা আরো বেড়ে যায়। আজকে আন্দোলনকারীদের দাবী কি? 'আসু' এবং 'গণসংগ্রাম পরিষদ-এর প্রধান দাবী হচ্ছে আসাম থেকে বিদেশীদের বিতাড়িত করতে হবে, যে-সমস্ত বিদেশীরা অন্যায় ভাবে আসামে অনুপ্রবেশ করেছিল, তাদের তাড়াতে হবে এবং তারপরে আসামে স্বাধীন এবং নিরপেক্ষ নির্বাচন হবে। ভাল কথা। কিন্তু এরপর তাঁরা কি করলেন? এই স্লোগানের আড়ালে তাঁরা কি করলেন? অ-অসমীয়া ভাষাভাষী—যারা অসমীয়া ভাষাভাষী নয়—তাড়াবার চেষ্টা করলেন, তাদের আসাম থেকে বিতাড়িত করতে লাগলেন। যে-সমস্ত মানুষ বংশানুক্রমে আসামে বসবাস করছে তারা আইন অনুযায়ী ভারতীয় নাগরিক। আমরা আসামে কি দেখছি? আসাম এমনই একটা রাজ্য, যেখানে অসমীয়া, বাঙ্গালী, উপজাতির মানুষ, নেপালী এবং অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বাস করে। সেখানে ধর্মীয় সংখ্যালঘু, ভাষাভাষী সংখ্যালঘু, বাঙ্গালী হিন্দু মুসলমান সমস্ত সম্প্রদায়ের মানুষ আছে। আসামের সভ্যতা এবং ইতিহাস বিগত ৩০ বছরেরই নয়, স্বাধীনতার বহু পূর্ব থেকে পূর্ববঙ্গ থেকে মুসলমান ভাইরা আসামে গিয়ে সেখানকার অনুর্বর জমিতে সুন্দর ফসল ফলিয়েছে। পরবর্তীকালে পাক-ভারত যুদ্ধের সময়ে হিন্দুরা পূর্ব পাকিস্থান থেকে তাড়িত হয়ে প্রাণের ভয়ে আসামে পালিয়ে এসে বসবাস করছে। এরা প্রত্যেকে আসামের সংস্কৃতি এবং আসামের ভাষা রপ্ত করেছে। অথচ তার পরেও আজকে তাদের আসাম থেকে বিতাড়িত করার এবং তাদের হত্যা করার ষড়যন্ত্র চলছে। আমরা জানি আন্তর্জাতিক চুক্তি ছিল ১৯৭১ সালের পরে যারা আসামে আসবে তাদের বিদেশী বলে আসাম থেকে বের করে দেওয়া হবে। কিন্তু আজকে আসামে যাঁরা আন্দোলন করছেন, তাঁরা এই চুক্তি মানছেন না। আমরা জানি আন্দোলনকে প্রতিক্রিয়াশীল শক্তি, বিচ্ছিন্নতাবাদী শক্তি সাহায্য করছে, মদত দিচ্ছে। যার ফলে আন্দোলনকারীরা আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী প্রস্তাব মানছেন না। আমরা মনে করেছিলাম, ওখানে জনগণের রায় নেওয়া দরকার, ফলে ওখানে যখন নির্বাচন হলো তখন আমরা সে নির্বাচনকে সমর্থন করেছি। কিন্তু আমরা দেখলাম, আন্দোলনকারীরা সন্ত্রাস দিয়ে মানুষকে ভীতসন্ত্রস্ত করে, দমন করে রাখলেন। অসমীয়া ভাষীদের ওপর তাঁদের প্রভাব বেশী নেই, সেইজন্য তাঁরা কি করলেন, না, নির্বাচন বয়কটের শ্লোগান দিলেন। তাঁরা শুধু নির্বাচন বয়কটই করলেন না, তাঁরা এমন একটা সন্ত্রাসের আশ্রয় গ্রহণ করলেন, যে সন্ত্রাসের চেহারা ইতিপূর্বে আমরা কেউ কোন দিন দেখিনি। সবচেয়ে দুঃখের কথা, কিছু কিছু গণতান্ত্রিক দল—যাঁরা নিজেদের দলকে গণতান্ত্রিক দল বলে ঘোষণা করেন, যেমন—বি জে. পি., জনতা পার্টি এবং লোকদল, তাঁরাও তাঁদের সমর্থন করলেন!

[6.50—7.00 P.M.]

শুধু সমর্থন নয়, এটাকে আন্তর্জাতিক, ইন্টারন্যাশানালাইজ করার জন্য তাঁরা নন-এ্যালাইণ্ড অর্ডারে এটা একটা অন্য ভাবে রূপ দেবার চেষ্টা করলেন। তারপর হল নির্বাচনে প্রহসন। সেখানে আমরা কি দেখলাম? ইন্দিরা কংগ্রেস সেখানে গেলেন এবং গিয়ে সুড়সুড়ি দিলেন, সাম্প্রদায়িকতাবাদীদের তারা ভয় দেখালেন এবং নির্বাচনে প্রহসন হলো। বাম-গণতান্ত্রিক শক্তি তারা যাতে ভোট না দিতে পারে তার জন্য সমস্ত রকম ব্যবস্থা নেওয়া হলো এবং সেইসব ব্যবস্থা নিয়ে তারা নির্বাচনে জয়লাভ করলো। কতগুলি ক্ষেত্রে তারা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হলো, আবার কতকগুলি ক্ষেত্রে মাত্র ১২ থেকে ২০ ভোট পেয়ে নির্বাচিত হলো। এইভাবে কংগ্রেস সেখানে প্রহসন করলো। এর উপযুক্ত জবাব আমরা বাম এবং গণতান্ত্রিক ঐক্যসম্পন্ন মানুষ যারা আসাম উপজাতি এবং অন্যান্য সংখ্যালঘু মানুষের মিলিত প্রচেষ্টায় হয়তো প্রতিহত করতে পারতাম, কিন্তু কংগ্রেস (আই) তা করতে দিলো না। আমরা দেখেছি, আসামে যাঁরা বাস করেন, সে বাঙালী হোন, আসামী হোন, উপজাতি হোন—তাঁরা সকলেই দরিদ্র। কংগ্রেসের এই ৩৫ বছরের শাসনে তাঁদের এই দারিদ্র্য মোচনের চেষ্টা করে নি। তাদের ভাষা, তাদের সাংস্কৃতির জাতীয় মর্যাদা দিতে পারে নি। যার ফলে আজকে বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্রাজ্যবাদী শক্তি তাঁরা আজকে উপযুক্ত সুযোগ গ্রহণ করেছেন। এর ফলে ভ্রাতৃঘাতী দ্বন্দ্ব। এই সমস্ত অসহায় মানুষের আজকে কথা বলবার ক্ষমতা নেই। শুধু তাই নয়, আমেরিকান সাম্রাজ্যবাদের কিভাবে এ ব্যাপারে হাত আছে, আমি দু-একটি ডকুমেন্ট পেশ করে উল্লেখ করতে চাইছি। আপনি জানেন, মাঝে মাঝে ইউ. এস. এজেন্সি আসামে ঘুরতে যেত। সেই ইউ. এস. আই ডকুমেন্ট পড়ে শোনাচ্ছি। প্রজেক্ট বহ্মপুত্র, ডেটেড ১ জুন, ১৯৭৯—যেটা কিছুদিন আগে ধরা হয়েছে, সেখানে তারা কি বলছে: It states, "With the agreement of the States Department, the Special Operation Research Office of George Washington University has asked the U. S. outfit in India for help in conducting sociological research in the Eastern State of India including Sikkim as well as Bhutan, whose aim is to throw light on public opinion in these regions to establish in what measures the persent states remain acceptable or whether their indication for the formation of a new State is a current problem". আজকে তারই ফল আমরা দেখতে পাচ্ছি। আসামের দেওয়ালে দেওয়ালে পোস্টার লেখা হয়েছে ইণ্ডিয়ান ডগস্ গেট-আউট অফ আসাম। আজকে দেখতে পাচ্ছি, খ্রীস্টান মিশনারী সোসাইটি তারা সেসিওনিস্ট এ্যাকটিভিটির সঙ্গে যুক্ত আছে।

১৯৭৮ সালে Dr. Cunwell Associate of World Baptist Alliance করলেন খ্রীস্টান প্রোপাগাণ্ডা করার জন্য, খ্রীস্টধর্ম প্রচার করবার জন্য বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদত দেবার চেষ্টা করলেন। থাইল্যাণ্ডের এ্যামব্যাসাডার আসামে ঘুরতে এসেছিলেন। তিনি বলেছিলেন, ৮০০ বছর আগে আমাদের দেশের লোকেরা আসামে অহম ডাইনাস্টি, অহম বংশ স্থাপন করেছিল। সুতরাং এর থেকেই বোঝা যাচ্ছে, কি ষড়যন্ত্র সেখানে চলছে আর থাইল্যাণ্ডকে আপনারা সবাই জানেন। সর্বশেষে আমি আর একটি কথা বলতে চাই, জীন কিরকাপাট্রিক, ইউ. এস. এ্যামব্যাসাডার, তিনি একটি ডকুমেণ্ট প্রচার করলেন ইউ. এন. ও.-তে। তাতে কি আছে, It contains the following observations so that no one is left in doubt almost U. S. intentions : "India's weakness lies in its many unresolved domestic and international problems apart from endemic poverty. There is a noticeable growth of separatist movement to the extent that there is a real possibility of Balkanisation of India which would destrory its influence in the Third World and elsewhere". সুতরাং এর থেকে কি কোন সন্দেহ থাকে—শাসকদলের সেখানে ভূমিকাটা কি? তারা ভোটের জন্য সাম্প্রদায়িক শক্তির আশ্রয় নিলো, তারপর জাতীয় সংহতির ঐক্যকে তারা বিসর্জন দিলো। তাঁরা গণতান্ত্রিক ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষের সাহায্য নিলেন না। লাঠি, গুলি, টিয়ারগ্যাস চালিয়ে এবং এইভাবে সেটাকে শাসন করবার চেষ্টা করেছেন। আজকে যদি প্রধান অপরাধী কাউকে করতে হয় তাহলে করতে হবে ইন্দিরা সরকারকে। এই হত্যাকাণ্ডে তারা ছাড়া—আরও দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমাদের অন্য দল তথাকথিত গণতান্ত্রিক বলে পরিচিত—কেউ কেউ বললেন, মুসলিমরা বে-আইনী প্রবেশ করেছে। সেজন্য তাঁরা নেলী হত্যাকাণ্ডের বিরুদ্ধে একটা কথাও বললেন না। বি. জে. পি.-রা সি. আই. টি, কংগ্রেস (এস), সিটু, কিষানসভা, বামপন্থী অন্যান্য গণ-সংগঠন-এর বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন, যার জন্য ২৭ জন নিহত হলেন। তাঁরা সবাই অসমীয়া ভাষাভাষী। দেখতে পাচ্ছি অধিকাংশ আসামবাসী চায় না হত্যাকাণ্ড হয়ে ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাক। তাই সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন গণতন্ত্রপ্রিয় নাগরিককে গণতান্ত্রিক ঐক্যে শক্ত হয়ে এই বর্বরতাকে রুখতে হবে। কংগ্রেস(আই) এই বর্বরতাকে রুখতে পারবে না। ভারতবর্ষকে টুকরো টুকরো করতে সহায়তা করবে। তাদের কাছে সংহতি, ঐক্য মুখের কথা। আমি আমার বক্তৃতা আর বেশী না বলে এটাই দাবী করছি যে, অন্ততপক্ষে উদ্বাস্তু যাঁরা এসেছেন তাঁদের যাতে নিরাপত্তা দিয়ে সামাজিক

পরিবেশে নিয়ে যাওয়া যায় সেজন্য কেন্দ্রের কাছে দাবী করা হোক। গণতন্ত্রপ্রিয় যাঁরা, তাঁরা এর বিরুদ্ধে সোচ্চার হোন, আন্দোলন সৃষ্টি করুন, যাতে ভারতবর্ষকে টুকরো টুকরো করতে না পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় এনেছেন সেই প্রস্তাবকে আমাদের দলের তরফ থেকে যে এ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে সেটি আমাদের মুখ্য সচেতক শ্রীসুব্রত মুখার্জী মহাশয় আপনাকে পড়ে শুনিয়েছেন। স্যার, আমরা জানি দেবপ্রসাদবাবুর পিছনে এই সি. পি. এম. সরকারের মদত আছে কিনা, এই প্রস্তাবটির পিছনে। তার কারণ হচ্ছে এখন যিনি বক্তব্য রাখলেন, তাঁর সঙ্গে জ্যোতিবাবুর কোন মিল নেই। এঁর দুঃখ হতে পারে, নির্বাচনে সাংঘাতিকভাবে হেরে গেছেন এবং হেরে যাওয়ার ফলে তাঁর মনে যে উষ্মা সেই উষ্মা শেষকালে দেবপ্রসাদবাবু যে মোশন নিয়ে এসেছেন সেই মোশনের মাধ্যমে তিনি সুযোগ খুঁজে পেয়েছেন। যে হত্যাকাণ্ড হয়েছে সেটাকে সর্বতোভাবে ঘৃণা করি। হত্যাকাণ্ড যাতে বন্ধ হয়, কেন্দ্রীয় সরকার এবং ওখানে যে নতুন সরকার হয়েছে তাঁরা যথাযথ ব্যবস্থা অবলম্বন করেছেন। যে ব্যবস্থাটা ছিল নির্বাচনের সময়ে, এখন অনেক ভাল। নিজেরা করবে, আর বিচ্ছিন্নতাকামী আঞ্চলিকতাবাদী যারা এটা করে—যেমন শ্রীঅটল বিহারী বাজপেয়ী—তাদের নেতা, জনতা পার্টির নেতা তারা বারবার গিয়ে, আর. এস. এস. বার বার গিয়ে করছেন। এদের সঙ্গে আন্তর্জাতিক মিল আছে। একটা আন্তর্জাতিক চক্র বিরাজ করছে, তাদের মধ্যে যে চক্র আছে তাদের সঙ্গে আপনারাও আছেন। এই বিচ্ছিন্নতাবাদীকে সি. পি. এম. সরকার বলেছেন, সাপোর্ট করিনা, পাঞ্জাবের আকালী দলের খালিস্থানকে সাপোর্ট করেছেন। আজকে সেদিক থেকে বিচ্ছিন্নতাকামীদের আপনারা আপনাদের দৃষ্টিভঙ্গীতে খুব উদার দেখাচ্ছেন। কিন্তু এই জিনিস চললে আপনারা খুশী হবেন।

[7. 0—7.10 P. M.]

কেননা ভারতীয় জনতা পার্টির সঙ্গে যদি কেউ আঁতাত করে থাকেন, আপনারা করেছিলেন—আমরা করিনি। আজকে বি. জে. পি.'র সঙ্গে যদি কেউ আঁতাত করে থাকেন—আপনারা করেছিলেন, আমরা করিনি। সুতরাং এই ভারতবর্ষে, যেখানে হাজার হাজার মানুষ বাস করেন—বিভিন্ন ভাষাভাষী, বিভিন্ন ধর্মের, তাঁদের এক রেখেছে কংগ্রেস। আজকে সেই রাখার মূলে কংগ্রেস এবং কংগ্রেস

বিশ্বাস করে জাতীয় সংহতি। সেই জাতীয় সংহতিকে রক্ষা করে এখনও চলছে কংগ্রেস। আজকে কংগ্রেসকে বাদ দিলে ভারতবর্ষ টুকরো টুকরো হয়ে যাবে।

আজকে যে নির্বাচন হয়েছে, তাতে এস. ইউ. সি. এবং আপনারা যাঁরা বক্তৃতা করছেন, তাঁরা পার্টিসিপেট করেন নি। এই নির্বাচন সম্পর্কে এখানে মুখ্য সচেতক বলেছেন, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন এবং মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছেন যে, সাংবিধানিক এমন একটা অবস্থা এসেছিল যে, নির্বাচন করা ছাড়া কেন্দ্রীয় সরকারের কোন রাস্তা ছিল না। এই অবস্থায় নির্বাচন হয়েছে। আমরা নির্বাচন করেছি ঠিকই, কিন্তু তার আগে চেয়েছিলাম সংবিধান এ্যামেণ্ডমেন্ট করে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বাড়িয়ে দিয়ে আলোচনার মাধ্যমে আসাম সমস্যার সমাধান করে নির্বাচন করতে। এ ব্যাপারে বিভিন্ন দলের সাথে কথাবার্তাও হয়েছিল, কিন্তু আপনারা তা সাপোর্ট করেন নি, ভারতীয় জনতা পার্টি সাপোর্ট করেনি, আর. এস. এস. সাপোর্ট করেনি। কোন পার্টিই সাপোর্ট করেনি। আর রাজ্যসভায় আমাদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা ছিল না। এর ফলে সংবিধান পরিবর্তন করা যায় নি। কাজেই সংবিধান অনুযায়ী নির্বাচন ছাড়া উপায় ছিল না। এই অবস্থায় নির্বাচন হয়েছে। সেই অবস্থায় প্রতিক্রিয়াশীল যে-সমস্ত দল আছে তাদের উসকানি এবং এর সঙ্গে আন্তর্জাতিক চক্র যা এখানে সক্রিয়—তাদের চক্রান্তের ফলে আসামে হত্যাকাণ্ড চলেছে, যে হত্যাকাণ্ড নজীরবিহীন। হত্যাকাণ্ড বন্ধ করবার জন্য সকলের সহযোগিতা আমরা চেয়েছি। আজকে এই হত্যাকাণ্ডের জন্য কোন্ মুখে আপনারা বলছেন কংগ্রেস দায়ী? আপনাদের পাঁচ বছরের রাজত্বে মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন—পশ্চিমবঙ্গে ৬,৬০০ জন খুন হয়েছে। এই খুনের জন্য কি আপনারা দায়ী? আপনাদের পাঁচ বছরের রাজত্বে ৬,৬০০ জন মানুষ খুন হোল—হু ইজ রেসপনসবল্ ফর দ্যাট? পশ্চিমবঙ্গে খুনের জন্য আপনারাই দায়ী। সেজন্য বলছি যে, হত্যাকাণ্ড ঘটেছে; তারজন্য সবাই এক হয়ে কি করে হত্যাকাণ্ড বন্ধ করা যায় তার ব্যবস্থা করা উচিত। আজকে এর মধ্যে রাজনীতি আমদানী করে এর সমাধান হবে না। আজকে যে সমস্যা দেখা দিয়েছে আসামে, এর সমাধান করতে হলে দলমত নির্বিশেষে সবাই এক হয়ে একে কনডেম করতে হবে। দলমত-নির্বিশেষে একে কনডেম করার দরকার আছে। আর আপনাদের সুরে সুর মিলিয়ে বলছি, নিশ্চয়ই যাঁরা আসাম থেকে উদ্বাস্তু হয়ে পশ্চিমবঙ্গে এসেছেন, তাঁদের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নেওয়া উচিত। আজকে সাহায্য এসেছে, আসছে এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার দায়িত্বও এড়াতে চান না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানিনা—আজকে শ্রীদেবপ্রসাদ সরকার মহাশয় এই যে মোশন

নিয়ে এসেছেন, এর উপর ওঁদের এত দরদ কেন ? সেই দরদ থাকা স্বাভাবিক, কারণ আপনারা সবাই একই সূত্রে বাঁধা।

যা হোক, যেটুকু বলতে চেয়েছিলাম স্যার—আমরা বলছি, এটার সঙ্গে "কেন্দ্রের কংগ্রেস সরকার" ডিলিট করবার পরে যেটুকু থাকবে তার সঙ্গে আমরা বলছি পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করা দরকার, এ সম্বন্ধে আমরা একমত। কিন্তু সাম্প্রদায়িক আর. এস. এস. বা ভারতীয় জনতা পার্টির নামতো সি. পি. এম. আজকে একবারও নিলেন না ?

তাঁরা কেবল বললেন, এই হত্যার জন্য কে দায়ী ? না, শ্রীমতী ইন্দিরা গান্ধী দায়ী। আপনারা বুঝতে পারেন নি যে, সেখানে ভারতীয় জনতা পার্টির অটল বিহারী বাজপেয়ী কি করেছেন। তাঁর কথা তো আপনারা একবারও বললেন না? শুধু ইন্দিরা গান্ধীর নামে দোষ চাপাবার চেষ্টা করছেন। তাঁর উদ্দেশ্য ছিল যে, সংবিধানসম্মত যে নির্বাচন সেটা করতে হবে এবং সেটা করা হয়েছে। তার জন্য যে ঘটনা ঘটেছে সেটা অত্যন্ত দুঃখজনক এবং দুর্ভাগ্যজনক। যদি কেউ এই ঘটনাকে সাপোর্ট করে তাহলে দুঃখের কথা এবং লজ্জার কথা আর কিছু থাকতে পারে না। কিন্তু এই ঘটনা ঘটে গিয়েছে। সেই ঘটনাকে কি করে বন্ধ করা যায় তার জন্য চেষ্টা করতে হবে। ভারতবর্ষ একটা বড় দেশ, এখানে বহু ভাষাভাষীর লোক বাস করে এবং তাদের অনেক সমস্যা আছে। এই সমস্যা আজকের নয়। ইতিহাস থেকে আলোচনা করলে দেখা যাবে অনেক দিন থেকে এই ধরনের শক্তি মাথাচাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে। সেই শক্তিকে দমন করতে পারা গেছে। তার একমাত্র কারণ হলো কেন্দ্রে জাতীয় কংগ্রেস সরকার আছে বলে সম্ভব হয়েছে। এই সি. পি. এম. পরিচালিত সরকার থাকলে সম্ভব হত না। আজকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবে কিছু সংশোধনী দিয়েছি। আমরা যেটা বাদ দেবার কথা বলেছি সেটাকে বাদ দিয়ে গ্রহণ করা হোক। তাহলে আমরা সকলে সেই প্রস্তাবকে একমত হয়ে গ্রহণ করতে পারবো। আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যকে অনুরোধ করবো যে, আসুন আমরা সকলে একমত হয়ে প্রস্তাব নিই এবং যাতে ভারতের সংহতি রক্ষা হয় সেই চেষ্টা করি। আমরা একমত হয়ে যে-সমস্ত লোক এই ঘটনাকে মদত দিচ্ছে, যে বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথাচাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে সকলে মিলে সোচ্চার হই। এই কথা বলে আমি যেভাবে প্রস্তাবটা আনার কথা বলেছি, সেইভাবে আনা হচ্ছে না বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না।

Twentyfifth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Twentyfifth Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the revised programme of business of the House for the 20th April and 22nd April, 1983, and Programme of Business for the 23rd April, 1983.

Wednesday, 20-4-1983

[(i) Business remaining from 19th April, 1983,

(ii) Demand No. 12 ... (241—Taxes on Vehicles),

(iii) Demand No. 68 ... (335—Ports, Lighthouses and Shipping),

(iv) Demand No. 69 ... (336—Civil Aviation), and

(v) Demand No. 71 ... (338—Road and Water Transport Services, 538—Capital Outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transport Services)]—2 hours.

(vi) Demand No. 67 ... (334—Power Projects, and 734—Loans for Power Projects)—2 hours.

(vii) Demand No. 32 ... [277—Education (Sports)

(viii) Demand No. 33 ... 277—Education (Youth Welfare)]—1 hour.

Friday, 22.4.1983,

(i) The West Bengal Appropriation (No. 2) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—3 hours.

(ii) The West Bengal Urban Land Taxation (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

Saturday, 23.4.1983 ... (i) Motion under rule 185 regarding absorption of 3 lakhs E. D. A. employees in the Posts and Telegraph Department—Notice given by Shri Sumanta Kr. Hira and Shri Md. Nezamuddin—1 hour.

(ii) Motion under rule 185 requesting the Central Government to forbear from giving

effect to the proposal for winding up the Dandakaranya Development Authority—Notice given by Shri Amalendra Ray and others—1 hour.

(iii) Motion under rule 185 regarding observation of Anandamath Centenary—Notice given by Shri Subrata Mukhopadhyay and others—1 hour.

(iv) Motion under rule 185 regarding prevention of erosion of Ganga at Farakka—Notice given by Shri Satyapada Bhattacharyya and Shri Shish Mohammad—1 hour.

(i) There will be no Mention Cases on Wednesday, the 20th April, 1983.
(ii) The House will sit at 9 a. m. on Saturday, the 23rd April, 1983.
(iii) There will be no sitting on Monday, the 25th April, 1983.

[7.10—7.20 P. M.]

শ্রীপতিত পাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ২৫তম প্রতিবেদনের সুপারিশকে গ্রহণের জন্য আমি অনুরোধ করছি।

মিঃ স্পীকার ঃ আশা করি এটা সকলে গ্রহণ করছেন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার আসামের উপরে যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে মাননীয় সদস্য সাত্তার সাহেবের বক্তৃতা আমি শুনলাম, মাননীয় সুব্রতবাবু যে কথাগুলি বললেন, সেগুলিও শুনলাম। আমি গত ৩রা মার্চ ডাঙ্গী ক্যাম্পে গিয়েছিলাম। সেখানে ক্যাম্পের মধ্যে হাজার হাজার মানুষ ঘর-বাড়ী ছেড়ে আশ্রয় গ্রহণ করেছেন দেখলাম। আমি তাঁদের কাছে আসামের বীভৎস কাহিনী—নারী নির্যাতন এবং হত্যার কাহিনী শুনেছি। কথাগুলি শুনতে শুনতে আমার মনে হচ্ছিল, আমরা কোথায় দাঁড়িয়ে আছি? স্বাধীন ভারতবর্ষের নাগরিক হিসাবে কি আমি ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে আছি? আমরা অতীত দিনের ইতিহাস জানি।

|টিশ সাম্রাজ্যবাদী শক্তির ষড়যন্ত্রের কথা আমাদের অজানা নেই। সেই ষড়যন্ত্রের
ন্য ভারতবর্ষ দ্বিখণ্ডিত হয়েছিল। সাম্প্রদায়িক দাঙ্গার ভিত্তিতে ভারতবর্ষ সেদিন
দ্বিজাতি তত্ত্বের মধ্যে দিয়ে স্বাধীন হয়েছিল। ষড়যন্ত্রের মধ্যে দিয়ে ভারতবর্ষে
সদিন যে আগুন জ্বলে উঠেছিল, তার ফলে ভারতবর্ষকে আমরা বিভক্ত হতে
দখেছিলাম। উদ্বাস্তুদের মুখ থেকে আসামের করুণ কাহিনী শুনে আমার মনে
চ্ছিল, ভারতবর্ষ যেন সেই আগুনে পুড়ে ছারখার হতে চলেছে। কোথায় আমরা
াড়িয়ে আছি আজ? আমার প্রশ্ন, কেন আজকে স্বাধীন ভারতবর্ষের বুকে বিচ্ছিন্নতা-
াদী আন্দোলন? আসামে যে ঘটনা ঘটেছে, এর কারণ কি? সেখান থেকে
াঙালী এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে চলে আসতে হচ্ছে কেন? সাত্তার
াহেব কি ভুলে গেছেন, আমরা যাঁরা বাংলায় কথা বলি—আমরা কিন্তু এই ঘটনার
|শ্লেষণ ওইভাবে করি না। আমরা বামপন্থীরা এই গোটা অবস্থাটাকে রাজনৈতিক
ষ্টিভঙ্গী থেকে বিচার করাকে বিশ্বাস করি। আমরা বিশ্বাস করি আমরা
ারতবাসী। সেই হিসাবে আপনাদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে।
নলীতে প্রায় ৫ হাজার মানুষকে হত্যা করা হয়েছে। এর মধ্যে ৪ হাজার
চ্ছে নারী ও শিশু। সংবাদপত্রে এ কাহিনী ছেপে বেরিয়েছিল। আমার প্রশ্ন,
াসামে কি কোন সরকার ছিল না? সেখানকার পুলিশ, কংগ্রেস কর্মীরা পর্যন্ত
াধারণ মানুষদের পাশে এসে দাঁড়ান নি। ওখানে 'আসু' এবং 'গণ-সংগ্রাম পরি-
দের' কর্মীরা সাধারণ মানুষের পাশে দাঁড়ান নি। আমি মনে করি এই মুহূর্তে এই
াগুনের বিরুদ্ধে, এই ষড়যন্ত্রের বিরুদ্ধে সমস্ত মানুষকে সংগঠিত করে এর বিরুদ্ধে
দি সোচ্চার না হতে পারি, তাহলে গোটা ভারতবর্ষ ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে।
দৃশ্য আমি যেন স্পষ্ট প্রত্যক্ষ করতে পারছি। আপনারা আজকে জাতীয় সংহতির
থা বলছেন। কিন্তু কোথায় ছিল আসামের ঘটনাকে প্রতিরোধ করে জাতীয়
ংহতিকে রক্ষা করার প্রচেষ্টা আপনাদের মধ্যে? আজকে যেখানে অসম অর্থনৈতিক
মস্যার মধ্যে দাঁড়িয়ে, বিভিন্ন রাজ্য উপেক্ষিত, তাকে রুখবার জন্য কোন প্রচেষ্টা
াছে আপনাদের মধ্যে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসামে বহুবার গিয়েছি,
সখানে আমার অনেক আত্মীয়স্বজন রয়েছেন। আমি জানি—এই যে অর্থনৈতিক
বষম্য, এই বৈষম্যের জন্যই আজকে বিভিন্ন রাজ্যে ক্ষোভ সঞ্চার হচ্ছে।
আমি উত্তরবঙ্গের মানুষ আমি জানি। উত্তরবঙ্গ কিভাবে অবহেলিত ও উপেক্ষিত
য়ে এসেছে। পার্বত্য অঞ্চলকে অবহেলিত রেখে শোষণ অব্যাহত রাখবার জন্য
বভিন্ন ভাবে বৈষম্যের সৃষ্টি করে উপেক্ষা করে আসা হয়েছে। উপেক্ষিত
য়েছে পার্বত্য অঞ্চলের উপজাতি সম্প্রদায়। উত্তরবঙ্গের উপজাতি শ্রেণীর

মানুষের সঙ্গে সঙ্গে ত্রিপুরার উপজাতি সম্প্রদায়কেও উপেক্ষা সহ্য করতে হয়েছে। এরই জন্য আমরা দেখি সেখানে উপজাতি সম্প্রদায়ের মানুষ আন্দোলন করছেন। এইজন্য সেখানে আন্দোলন দানা বেঁধেছিল। আমরা জানি এর পেছনে যে হাত আছে, সে হাত হচ্ছে এক বিশেষ রাজনৈতিক দলের। তারা গোটা ভারত-বর্ষকে ছিন্ন-বিচ্ছিন্ন করে দিতে চাইছে। সাম্রাজ্যবাদী শক্তি পুনরায় ভারতবর্ষের মাটিতে অনুপ্রবেশ ঘটাবার চেষ্টা করছে। সেই অনুপ্রবেশ আসাম ও ত্রিপুরার উপজাতিদের মধ্যে দিয়ে করবার চেষ্টা করছে। সেজন্য আমি বলতে চাই, এই আন্দোলন ভাষা বা বিদেশী বিতাড়নকে কেন্দ্র করে নয়। সেজন্য আমরা দেখতে পাচ্ছি, আসামে 'আসু' বা 'গণ-সংগ্রাম পরিষদ' 'আসাম ফর আসামিজ' বলে শ্লোগান তুলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি ওদের অনুকরণে সেজন্য বলব—বাঙালীদের জন্য পশ্চিমবাংলা ? বিহার বিহারীদের জন্য, তামিল তেলেগুদের জন্য—এই প্রশ্ন কি আমরা তুলব ?

এই প্রশ্ন যদি তুলি ভারতবাসী কারা ? তাহলে একই প্রশ্ন তুলবে আসামের শক্তি যে, আমি ভারতবাসী নই। সুতরাং এই প্রশ্নগুলির মধ্যে দিয়ে আমাদের জাতীয় সংহতি বিপন্ন হবে। আজকে ভারতবর্ষের ঐক্যবদ্ধ সংগ্রামের মধ্য দিয়ে সমাজতান্ত্রিক সমাজব্যবস্থার স্বপ্ন আমরা দেখতে পাই। আজকে তাই মনে করি কংগ্রেসের সঙ্গে আমাদের মৌলিক মতপার্থক্য রয়েছে, কিন্তু অন্য কোন জাতীয় হিসাবে সেটা আমরা বিশেষণ করি না। আমরা দুটি পথকে বিশ্বাস করি—একটি হচ্ছে ধনতান্ত্রিক সামন্ততান্ত্রিক পুঁজিবাদী কাঠামো, আরেকটি দিক হচ্ছে শোষিত নির্যাতিত দল। তাই দেখি ডাঙ্গীতে ক্যাম্পে যে-সমস্ত উদ্বাস্তু ক্রমে আসাম থেকে এসে উপস্থিত হয়েছে তাদের ঘরবাড়ী পুরিয়ে ফেলা হয়েছে, নারকীয় হত্যা করা হয়েছে, শিশুদের হত্যা করা হয়েছে, নিরন্ন মানুষ ৩০/৪০ লক্ষ মানুষ সেখান থেকে উৎখাত হয়েছে এবং তারা যে শস্য উৎপাদন করেছে তা থেকে তাদের উৎখাত করা হয়েছে। কিন্তু যাদের উৎখাত করা হয়েছে তাদের মুখে কোন কথা নেই, তারা যেন কেমন বোকা ধরনের, তারা কোন রাজনীতি বোঝে না। তারা সমস্ত রাজনীতির উর্দ্ধে। সেই জন্য আমার মনে প্রশ্ন আজকে জেগেছে এই সমস্ত মানুষ কারা যারা এই গরীব মানুষদের, এই শোষিত, নির্যাতিতদের উৎখাত করেছে ? বিগত ৩৫ বছর ধরে, ভারতবর্ষের স্বাধীনতার ৩৫ বছর পরেও এই ধরনের সমস্যাকে জিইয়ে রেখে ধনতান্ত্রিক সামাজিক ব্যবস্থাকে আপনারা উৎসাহ দিচ্ছেন। ওই আসামের চা-বাগিচাগুলিতে ২০ লক্ষ শ্রমিক কাজ করে। আজকে ২০ লক্ষ শ্রমিক যদি উৎখাত করা হয় তাহলে কি অবস্থা দাঁড়াবে ? এই

শ্রমিকরা বিভিন্ন জায়গা থেকে—যথা আসাম, বিহার এবং বিভিন্ন অঞ্চল থেকে এসেছে। এখানে যদি তাদের ভাষা নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো এই সমস্যার কোনদিন সমাধান হবে না। সংবিধানে যে কথাটি লেখা আছে আমি সেটা অবাক হয়ে ভাবি। সংবিধানের ১৯নং ধারায় বলা আছে ভারতীয় নাগরিক ভারতবর্ষের যে-কোন অঞ্চলে নির্ভয়ে বসবাস করতে পারে এটাই হচ্ছে মৌলিক অধিকার। কিন্তু সেই সংবিধান আসামের ক্ষেত্রে পদদলিত হচ্ছে। তাই ভারতবর্ষের আগামী দিনের যে ভবিষ্যৎ তার ছবি আসামের বুকে আমরা দেখতে পাচ্ছি। তাই আমি মনে করি দলমত নির্বিশেষে সমস্ত মানুষ এর বিরুদ্ধে সোচ্চার হয়ে প্রতিবাদ করুন এবং আজ এই আন্দোলনের সামিল হয়ে গোটা ভারতবর্ষকে রক্ষা করার, এক করার প্রশ্ন এসে দাঁড়িয়েছে। বিশেষ করে আজকে সেখানে ধনতান্ত্রিক সামাজিক এবং বিদেশী চক্রান্তের আন্দোলন সংগঠিত হচ্ছে এবং সেই আন্দোলনকে ছড়িয়ে দেওয়া হচ্ছে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন প্রদেশে। আজকে আসামে যে ঘটনা ঘটছে সেই ঘটনা অসমতল ভূমিতেও ছড়িয়ে পড়ছে ক্রমশঃ। আমি কুচবিহারে থাকি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা সেখানেও খানিকটা বিচ্ছিন্নতাবাদ দানা বেঁধে ওঠার চেষ্টা করছিল। আসাম থেকে যারা উৎখাত হয়ে এসেছিল—সাধারণ মানুষ তারা ভাল মনে নিতে পারছিল না। কিন্তু বামফ্রন্ট সরকার থাকার ফলে দৃঢ়ভাবে এর মোকাবিলা করেছে। এর পিছনে একটা দলীয় রাজনীতির চক্র রয়েছে। আলিপুরদুয়ারেও অসংখ্য উদ্বাস্তু এসে উপস্থিত হয়েছে। আজকে সেখানে বামফ্রন্ট সরকার সক্রিয় ভূমিকা নেওয়াতে আসামের ঘটনা সংঘটিত হতে পারেনি, কিন্তু এই কথাটি তাঁরা স্বীকার করবেন না সেটা আমরা জানি। আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এই সাম্প্রদায়িকতাই বলুন, বিচ্ছিন্নতার আন্দোলনই বলুন, কোন কিছুই সংগঠিত হতে দেয় নি। সেখানে রাজনৈতিক দিক থেকে এই সরকার এর মোকাবিলা করেছে। কুচবিহার জেলাতেও প্রচুর উদ্বাস্তু এসেছে এবং সেখানে কুচবিহারের মানুষ তাদের পাশে এসে দাঁড়িয়েছে—এই নিরপরাধ মানুষগুলির কাছে। কাজেই আজকে কংগ্রেসীবন্ধুদের কাছে আমার বিনীত অনুরোধ এই ভারতবর্ষে যাতে বিচ্ছিন্নতার আন্দোলন প্রকট হয়ে না উঠতে পারে সেই জন্য সর্বসম্মতিক্রমে এই আন্দোলনের বিরুদ্ধে সোচ্চার হয়ে প্রতিবাদ করুন এবং কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব সেই দায়িত্ব যাতে কেন্দ্রীয় সরকার ঠিকমত গ্রহণ করেন এই অনুরোধ জানিয়ে এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7.20—7.30 P. M.]

শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত : মাননীয় স্পীকার স্যার, শ্রীদেবপ্রসাদ সরকার কর্তৃক আনীত প্রস্তাবকে সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখবো। বাল্যকালটা আমি আসাম এবং বাংলাদেশের বর্ডারে কাটিয়েছি, সেখানে মানুষ হয়েছি। বিশের দশক থেকে ময়মনসিং থেকে বহু বাঙালী—হিন্দু হতে পারে, মুসলমান হতে পারে আসামে যান। ভাওয়ালের জঙ্গল পেরিয়ে তাঁরা সেখানে আসামের জমিকে উর্বরতর করে চাষবাস আরম্ভ করেন। আমি আর্মারী রেড কেসের পর এ দেশে চলে আসি। ১৯৩৮-৩৯ সালে আসামে চীফ মিনিষ্টার ছিলেন স্যার সাদুল্লা। আসামীরা বাঙালীদের উপর কোন সময়ে সন্তুষ্ট ছিল না। স্যার সাদুল্লা ভারতীয় জাতীয় কংগ্রেসের সভ্য ছিলেন। তাঁকে বলা হয়েছিল আসামের জন্য একটা ইউনিভার্সিটি করা হোক। তিনি কিন্তু আসামীদের এই কথা শোনেন নি। তিনি বলেছিলেন ক্যালকাটা ইউনিভার্সিটিতে পড়ে একটা ছেলে শুধু রাস্তায়—এখনকার মত তখন পোষ্টারিং হোত না—পোষ্টারিং করে যে শিক্ষা পাবে এখানে তা দিতে পারা যাবে না। একথা মনে রাখবেন তিনি ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতা ছিলেন। ১৯৩৬ সালে নাকি একবার বাঙালী খেদাও আন্দোলন হয়েছিল। তারপর স্বাধীনতার পর কি হল? ওঁরা বলছেন কেন ইন্দিরা কংগ্রেসকে দোষ দেয়া হচ্ছে? কেন মিঃ সরকার কংগ্রেসের নাম এনেছেন? আমি একটা কথা জিজ্ঞাসা করতে পারি কি, আজকে ভারতবর্ষের এই বিচ্ছিন্নতার মূলে কি মিসেস গান্ধী নন? তিনি তাঁর ব্যক্তিস্বার্থে ১৯৬৯ সালে জাতীয় কংগ্রেসকে টুকরো করেন নি এবং নব কংগ্রেস করেন নি? তারপর আবার তাঁর ব্যক্তিস্বার্থে তিনি ১৯৭৩ সালে নব কংগ্রেস (আই) এবং কংগ্রেস সংগঠন করেন নি? সুতরাং আজকে এই বিচ্ছিন্নতাবাদের মূলে রয়েছেন এই ক্ষমতালোভী মহিলা। এই মহিলাই মানুষের মনে যে বিচ্ছিন্নতাবাদের বিষ বপন করে দিয়েছেন তার জন্য আজকে আসামে, পাঞ্জাবে আকালীরা আন্দোলন করছে। ভবিষ্যতে আমরা বাঙালীরাও হয়ত করবো। বিহারে অলরেডি হয়েছে—ডোমিসাইল্ড না হলে একটা বাঙালী ছেলের সেখানে চাকরি হয় না। সেখানে কংগ্রেস (আই) সরকার—ভারতীয় জাতীয় কংগ্রেস বলবো না! কারণ আমি সেই কংগ্রেসের হয়ে জেলে গিয়েছিলাম বলে আমি কংগ্রেস (আই) বলবো। আজকে একমাত্র বাংলাদেশে কোন চাকরির জন্য কাউকে বলতে হয় না সে ডোমিসাইল্ড কিনা।

অন্য যে-কোন প্রভিনসে—উত্তরপ্রদেশে যান ডোমিসাইল্ড সার্টিফিকেট দিতে

হবে, বিহারে যান ডোমিসাইল্ড সার্টিফিকেট দিতে হবে। সেখানে কাদের সরকার? কাজেই বিচ্ছিন্নতাবাদ যদি কেউ প্রচার করে থাকেন তিনি হচ্ছেন ঐ ক্ষমতালোভী মহিলা, তাঁর নিজের ক্ষমতাকে কুক্ষিগত করে রাখবার জন্য বিচ্ছিন্নতাবাদ চারিদিকে ছড়াচ্ছেন। আসামে ওঁদের কতজন মেম্বার ছিল—৮ জন, তাকে করল কতজন —৪৫ জন। কি করে করল—টাকা দিয়ে কিনে। এখন ঐ যে ছেলে-ছোকরার দল যারা আজকে বিচ্ছিন্নতাবাদের সংগ্রাম চালিয়ে যাচ্ছে তাদের ভাষায় সংগ্রাম, আমাদের ভাষায় বলব যে একটা অন্যায় আচরণ করে চলেছে, তার মূলে কিন্তু ইন্দিরা গান্ধীর উস্কানি। উস্কানি কিসের—বাঙালীকে কি করে ঠেঙাতে হয় সেটা আসামীদের দিয়ে দেখিয়ে দেব। বাঙালী হিন্দু, বাঙালী মুসলমান ওখানে প্রচুর আছে। আমি ওখানে মানুষ হয়েছি, বহুদিন কাটিয়েছি। কাজেই বেশীর ভাগ মুসলমান যাঁরা ওখানে যেতেন তাঁরা অত্যন্ত পরিশ্রমী কৃষিজীবী, তাঁরা আসামে গিয়ে বসবাস স্থাপন করেছেন, তাঁরা আজকে উদ্বাস্তু হয়ে যাচ্ছেন। কোনদিন আমাদের দেশে পোষ্টাল আইডেনটিটি কার্ড বলে কিছু চালু নেই। পোষ্টাল আইডেনটিটি কার্ড যদি চালু থাকত তাহলে যাঁরা আসামে গেছেন তাঁরা প্রমাণ করতে পারতেন তাঁরা কবে আসামে এসেছেন। আজকে কে বা কারা বলবেন যে, তাঁরা কবে এসেছেন—ওখানকার লোক। ওখানকার লোক আমার আত্মীয়। সেদিন আমি মেনশন করেছি যে, আমার আত্মীয় বহুদিন ওখানে আছেন। তিনি ওখানকার ব্যাংকের ম্যানেজার, তাঁকে পুলিশ ঠেঙিয়েছে। আইডেনটিটি কার্ড কে ইস্যু করাবে? কেন্দ্রীয় সরকারের কি উচিত ছিল না যখন এইভাবে সেখানে মারামারি কাটাকাটি হচ্ছে তখন পোষ্টাল আইডেনটিটি কার্ড ইস্যু করা? পোষ্টাল আইডেনটিটি কার্ড সর্বদেশে আছে। আজকে আমরা বাই বার্থ ইণ্ডিয়ান, কিন্তু আমাদের কোন আইডেনটিটি নেই। আমরা গিয়ে বলতে পারব না যে, আমরা ভারতীয় কিনা, আমরা বাংলাদেশী কিনা, কিংবা আমরা পাকিস্তানী কিনা। কারণ আমাদের কোন আইডেনটিটি কার্ড নেই। কি তার প্রমাণ—ওঁরা বলছেন ১৯৭১ সালের আইন। তাহলে কেন প্রতিটি ভারতীয় নাগরিককে আইডেনটিটি কার্ড দেওয়া হয় নি এবং সে দোষ কার? ইন্দিরা সরকার আজকে সাধু সাজবার চেষ্টা করছেন, তাঁরা সেই ক্ষমতার লালসা বিভিন্ন উপজাতি এবং জাতির মধ্যে অনুপ্রবেশ ঘটিয়ে দিচ্ছেন, যার ফলে আজকে বিচ্ছিন্নতাবাদ ভারতবর্ষের মূলে গিয়ে দাঁড়িয়েছে। ঐ মহিলা আর যদি ১০ বছর রাজত্ব করেন তাহলে ভারতবর্ষকে ভেঙ্গে টুকরো টুকরো করে দিয়ে চলে যাবেন। সেজন্য আজকে বাম-গণতান্ত্রিক শক্তির উপর জোর দিতে হবে, সাত্তার সাহেবদের মত বললে চলবে না। তাই ওঁরা যে

সংশোধনী এনেছেন তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি এবং মিঃ সরকারকে বলব, যদিও তিনি বিরোধী পক্ষের, তবুও তিনি যেন সম্পূর্ণরূপে উপেক্ষা করে এই সংশোধনীকে রিজেক্ট করে তাঁর মোশনকে যেন এ্যাক্‌সেপ্ট করেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকামাখ্যা চরণ ঘোষঃ মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার এই বিধানসভায় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। এখন আসামে যে শোচনীয় ঘটনা ঘটছে, যে পাশবিক অত্যাচার হয়েছে এবং যে ধ্বংসাত্মক কাজ চলেছে, যার ফলে হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পশ্চিমবঙ্গে এসে আশ্রয় নিচ্ছে, এই ঘটনা খালি আসামের মধ্যে সীমাবদ্ধ নয়, এই ঘটনাকে দেখতে হবে দীর্ঘদিনের একটা সাম্রাজ্যবাদী ষড়যন্ত্র হিসাবে। মাননীয় সদস্য প্রথমেই বলে গেছেন যে, একটা সাম্রাজ্যবাদী ষড়যন্ত্র কিভাবে চলছে। ভারতবর্ষকে বিচ্ছিন্নতাবাদের দ্বারা টুকরো টুকরো করে দিয়ে তার স্বাধীনতাকে ধ্বংস করার ষড়যন্ত্র হচ্ছে সাম্রাজ্যবাদের ষড়যন্ত্র। আমরা অনেক সংবাদ পেয়েছি যে, বিভিন্ন রাজ্য থেকে উপজাতিদের তারা অন্য জায়গায় নিয়ে গিয়ে, অন্য দেশে নিয়ে গিয়ে শিক্ষা দিয়ে আমাদের দেশে পাঠিয়েছে।

[7.30—7.40 P.M.]

কাজেই এই ষড়যন্ত্র যখন চলেছে তখন তাতে স্থানীয় যে-সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তি রয়েছে তারা তাতে মদত দিয়েছে, টাকা দিয়েছে। আমরা জানি আসাম এবং অন্যান্য অনুন্নত রাজ্য যা ছিল সেখানে ভারতবর্ষের ধনিক শ্রেণী এবং শাসক শ্রেণী সাধারণ মানুষকে শোষণ করেছে এবং তাদের উন্নতির জন্য কোন ব্যবস্থা করেনি। এর ফলে একটা বৈষম্য এবং অসাম্য তাদের মধ্যে পুঞ্জিভূত হয়ে রয়েছে এবং তারই ফলে আজ এইসব ঘটনা ঘটছে। যতদিন আমাদের দেশে শোষক এবং ধনিকের সরকার থাকবে ততদিন এর কোন প্রতিকার হবে না। যদি ভারতবর্ষের সমস্ত মানুষ ঐক্যবদ্ধ হয় তাহলেই এর প্রতিকার হতে পারে। পৃথিবীতে এরকম দৃষ্টান্ত দেখা গেছে যখন কোথাও ভাইয়ে ভাইয়ে হানাহানি করেছে তখন সেখানে শ্রমিক শ্রেণী ক্ষমতায় এসে ওই ভাষা নিয়ে, ধর্ম নিয়ে একটা জাতীয় ঐক্য সৃষ্টি করতে পেরেছে। দেখা গেছে যখন ধনিক শ্রেণী কোন সংকটের সম্মুখীন হয় তখন প্রতিক্রিয়াশীল শক্তি মেহনতি মানুষকে বিভক্ত করতে চায়। আজকে আসামে যে ঘটনা

ঘটছে সেই রকম ঘটনা পাঞ্জাব, মণিপুর, ত্রিপুরাতেও ঘটছে। একটা সাম্রাজ্যবাদী এবং প্রতিক্রিয়াশীল শক্তি, যার মধ্যে কংগ্রেসের লোকও রয়েছে তারা এই বিচ্ছিন্নতা-বাদীদের মদত দিয়ে ভারতবর্ষের স্বাধীনতাকে বিপন্ন করছে। এর হাত থেকে মুক্ত হতে গেলে সারা ভারতবর্ষে একটা চেতনা সৃষ্টি করতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী একদিন বলেছিলেন আমরা বিভিন্ন ভাষাভাষী এবং ধর্মের হতে পারি, কিন্তু আমরা তো ভারতবাসী। আমি মনে করি একমাত্র শ্রমিক শ্রেণীই এই বিচ্ছিন্নতাবাদকে দূর করতে পারে। আমি দেখেছি সেখানে যারা অসমীয়া তাদের উপরেও আক্রমণ হয়েছে। সেখানে যে-সমস্ত বামপন্থী দল রয়েছে তাদের কর্মীরা অনেক খুন হয়েছে। উনি ২৭ জনের কথা বলেছেন, কিন্তু আমি জানি এর চেয়েও বেশী খুন হয়েছে। এখানে ভাষার কোন ব্যাপার নয়, সেখানে যারা শোষিত মানুষ, বামপন্থার মানুষ তাদের বিরুদ্ধে আন্দোলন চলছে। ইন্দিরা গান্ধী আজ ধনিক শ্রেণীর নেতৃত্ব দিচ্ছেন। এই ব্যাপারে তিনি কিছু জানেন না একথা বললে হবে না। আজকে তাঁকেই সব দায়িত্ব নিতে হবে। তিনি যদি ভারতবর্ষের ঐক্য চাইতেন, ভারতবর্ষের সমস্ত মানুষের ঐক্যের কথা বলতেন তাহলে ঐক্যবদ্ধ ভারতবর্ষের জন্য আমরা সমস্ত দল তাঁর পাশে গিয়ে দাঁড়াতাম, বিশেষ করে বামপন্থী দলগুলি। আমরা সি. পি. এম.-এর তরফ থেকে বলেছি ঐক্যের জন্য আমরা একসঙ্গে দাঁড়াতে রাজি আছি। কিন্তু সেই ব্যবস্থা হয় নি। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে পড়ে আসামের এই বিধানসভা নির্বাচনের আগের বিধানসভা নির্বাচনের কথা। আমি দু' মাস ছিলাম আসামের গৌহাটি এবং তার সংলগ্ন আশেপাশের অঞ্চলে এবং মোটামুটি বেশীর ভাগ জায়গাতেই আমি গিয়েছি। ওখানে দীর্ঘদিন ধরে একটা গণতান্ত্রিক আন্দোলন শক্তিশালী হচ্ছিল এবং সেই আন্দোলনের ভিতর মাটির আন্দোলন, অর্থাৎ জমির আন্দোলনটা জোরদার ছিল, চাষীদের হাতে জমি দিতে হবে এটাই ছিল মূল কথা। বন অঞ্চলে আসামের চাষীরা এবং অন্য জায়গার চাষীরা জমি দখল করে বসতো। আমি দেখেছি শিবসাগর জেলার দিখো নদীর ধারে আসামের চাষীরা বনাঞ্চলের জঙ্গল পরিষ্কার করে জমি দখল করে চাষ করছে। এর প্রতিরোধ করবার জন্য সরকারের তরফ থেকে সেখানে সশস্ত্রবাহিনী নিয়ে যাওয়া হয়। কিন্তু মেয়েরা পর্যন্ত তাদের সামনে রুখে দাঁড়ায়। জমি থেকে তাদের উৎখাত করতে পারেনি। এইভাবে সর্বত্র ক্রমাগত এই মাটির আন্দোলন বাড়তে থাকে,

তারপর চাকুরির আন্দোলন করতে থাকে। যখনই এবং যতবারই এই আন্দোলন শক্তিশালী হবার দিকে গেছে, তখনই তাদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করার চেষ্টা হয়েছে। এখানে যেটা উল্লেখ করা হয়েছে, আমি নাম করছি না—যিনি একজন কংগ্রেস মন্ত্রী ছিলেন, কংগ্রেসের বিশিষ্ট নেতা ছিলেন, রাজ্যপাল হয়েছিলেন কোন একটা রাজ্যে—তাঁর এর পিছনে প্রত্যক্ষভাবে উস্‌কানি ছিল। অসম সাহিত্য সভা, তাদেরও এর পিছনে উস্‌কানি ছিল। আগে যা উল্লেখ করলাম—এর আগের নির্বাচনের সময় আমি দু'মাস ওখানে ছিলাম—দেখলাম যে গণতান্ত্রিক আন্দোলন শক্তিশালী হতে হতে লাল ঝাণ্ডা সেখানে শক্তিশালী হচ্ছে অতি দ্রুতভাবে—পশ্চিমবাংলা এবং ত্রিপুরার নির্বাচনের পর, হঠাৎ দেখলাম ক্রমশঃ প্রচার শুরু হোল কমিউনিস্টরা বাঙালী। অতএব বাঙালীকে ভোট দিও না—বাঙালী খেদাও। এই আন্দোলন ১৯৬০ সালে হয়েছে—উনি বললেন ১৯৩৭, ১৯৩৮, ১৯৩৯ সালেও হয়েছে। যখন এই সমস্ত নিয়ে আন্দোলন শুরু হোল, আমাদের আর সি. পি. আই. এবং মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির সংগঠন আসামের বিভিন্ন গ্রামাঞ্চলে যখন এই রকম সব করতে থাকে তখন আমি বহু গ্রাম ঘুরেছি। আসামের উপজাতিদের ভেতর মিশেছি, দেখেছি মানুষ কিন্তু ত্রিপুরা পশ্চিমবাংলার মত এখানেও গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী করতে চেয়েছিল। কিন্তু এই আন্দোলনকে বিভিন্নভাবে বিভ্রান্তিমূলক খাতে পরিচালিত করার জন্য এক শ্রেণীর মানুষ চেষ্টা করেছে এবং বাঙালী খেদাও এই আন্দোলনের প্রচেষ্টা চালিয়ে গিয়েছে। সাধারণতঃ ময়মনসিং থেকে যারা গিয়েছিল তাদেরই বাঙালী বলা হোত এবং তারাই সেখানে বনজঙ্গল সাফ করে বসবাস করে।

[7.40—7.50 P. M]

তারা উন্নত চাষী। ঈর্ষা ক্রমশঃ গড়ে ওঠে। চাকরির ক্ষেত্রে অসমীয়ারা আগে আসতো না, কিন্তু বাঙালীরা বা অন্য এলাকার ভারতবাসীরা তারা হাজির হতো। যখন লেখাপড়া শুরু হল, স্কুল, কলেজ ইউনিভারসিটি গড়ে উঠলো, অসমীয়া মেয়েরা পর্যন্ত পড়তে যেতো, তখনই পাশ করার পর চাকরির সমস্যা দেখা দিল। তাদের গ্রিভান্স ছিল এবং সেখানে অনেক পাহাড়িয়া নদী আছে, অনেক জলবিদ্যুৎ হতে পারে, প্রচুর জঙ্গল আছে, কাপড়ের কল হতে পারে, কাগজ কল হতে পারে, নানা কাণ্ড হতে পারে। আমি একবার ১৯৩০ সালে দাঙ্গার মাঝখানে মুসলিম এলাকা নওগাঁ জেলাতে কাছাড়ের অসমীয়া অঞ্চল ঘুরে আসি, অসমীয়া এলাকাতে পড়তে

একটা ক্লাব তারা আমাকে ডাকল। কমরেডরা মানা করলেন। আমি বললাম ঠিক আছে, যাব। তাদের মুখ-চোখ লাল মারোন্মত্ত অবস্থা—কথাটা ঘুরে গেল, জিজ্ঞাসা করলাম তোমাদের সমস্যাটা কি? এই আসামে অনেক বনজ সম্পদ আছে, জল আছে, জলবিদ্যুৎ হতে পারে, অনেক কিছু হতে পারে, তেল আছে, কিন্তু শিল্পায়ন হয় না। তৈল শোধনাগার থেকে আরম্ভ করে পাট কলের আন্দোলন, কাগজ কলের আন্দোলন—এই সমস্ত আন্দোলনের দিকে যাওয়া প্রয়োজন। শুনতে শুনতে তাদের মুখ চোখের অবস্থাটা বদলাল। সুতরাং এটা বুঝে নিতে হবে। আসামের মানুষের সমস্যা আছে, সেই সমস্যাগুলোকে নিয়ে সেখানকার গণতান্ত্রিক আন্দোলন যত শক্তিশালী হতে লাগল এবং কমিউনিস্টরা গিয়ে সেখানে প্রাধান্য পেতে থাকল, নেতৃত্ব পেতে থাকল তখনই শ্লোগানগুলো বারংবার হাজির হতে আরম্ভ করল। বাঙালী, মুসলমান এই রকম ধরনের ভাগ করবার চেষ্টা হতে লাগল। শিবসাগরে ওরা বলল, অহমরা তো আরো আগের—অসমীয়াদের চাইতেও। এইরকম নানা জায়গায় নানা অঞ্চলে—উদয়াচলেও এই রকম দাবী উঠলো, নানা দাবী। আজকে তো খণ্ড খণ্ড আসাম। এটা করেছে কে? ইংরাজরা যেভাবে করেছিল, সাম্রাজ্যবাদীরা, ইন্দিরা কংগ্রেসের সরকারও টুকরো টুকরো করে ভাগ করে সেখানে নিজেদের রাজত্ব কায়েম করবার, স্থায়ী রাখবার চেষ্টা করেছে। যখন ভেঙ্গে যাচ্ছে, কমিউনিস্টরা সামনে আসবে, বামপন্থীরা সামনে আসবে। যখন গণতান্ত্রিক আন্দোলন শক্তিশালী হচ্ছে তখনই এই ভাগ করার ব্যবস্থাটা তাঁরা করেছেন। করেও এতো মুশকিল—আগুন নিয়ে খেললে আগুনে মুখ পুড়বে। সাম্রাজ্যবাদীরা ওঁৎ পেতে আছে একেবারে উত্তর-পূর্ব সীমান্তে, পশ্চিম সীমান্তে। তারা টাকা-পয়সা দিয়ে এজেন্ট তৈরী করেছে। একজন রিক্সাওয়ালার কাছেও টাকা দেখা গেল, প্রচুর টাকা তাদের কাছে আছে।

বোমা ইত্যাদি সমস্ত তৈরী হচ্ছে। নানা জায়গা থেকে এই সমস্ত আসছে। গণ্ডগোল পাকিয়ে সমস্ত আন্দোলনটাকে একেবারে বিপথে ওরা পরিচালিত করেছেন। আজকে যে অত্যাচারটা পুলিশেরও, ঠাণ্ডা মথায় সলভ না করার ফলে—আজকে গিয়ে দেখুন একেবারে গ্রামের যে মানুষ এত শত বুঝতো না, যারা শহর থেকে সেই সব গ্রামে গিয়ে তাদের সামনে কিছু করতো না তারাও আগুন লাগাল। আবার সেই বাঙালী উদ্বাস্তুদের সেটেল করে দিয়ে গেল। আজকে সেই গ্রামের মানুষরা এক হয়ে গেছে, তারাও আজকে বাঙালী বিরোধী হয়ে পড়েছে। তারা অসমীয়া ভাষায় কথা বলে না, অসমীয়া ভাষায় কথা বললেও—দীর্ঘদিন অনেক বাঙালী সেখানে রয়েছে, যারা বাংলা ভুলে গেছে, অসমীয়া বলছে তারা সব কিছুর বিরোধী

এই জায়গায় আজকে দাঁড়িয়ে গেছে আন্দোলনটা। যে আসু, গণ-সংগ্রাম পরিষদ, তারা মাটির শিকড়ে যায় নি—সেটা বর্তমানে চলে গেছে ইন্দিরা কংগ্রেসের সরকার এবং তার আগে কংগ্রেস তাদের এই মূল শিকড়ে পৌঁছে দেবার সুযোগ করে দিয়েছে। তার ফলে সাম্রাজ্যবাদীরা এবং ভারতবর্ষের নানারকম অশুভ শক্তি, সাম্প্রদায়িক শক্তিও সেই কাণ্ডে লিপ্ত আছে দলীয় এই ক্ষীণ স্বার্থের জন্য। এইসব সেখানে হয়েছে। সুতরাং অত্যন্ত ঠাণ্ডা মাথায় আমাদের ভাবতে হবে। উদ্বাস্তু যারা এসেছে তাদের নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব নিতে হবে এবং সিটিজেনের কথা বলা হচ্ছে, অন্য দেশে, বিলাতে আমেরিকায় ৬ মাস কেউ সেখানে গিয়ে থাকলে সে নাগরিক হিসেবে গণ্য হয় সে যদি সেখানে থাকতে চায়। সেই সিটিজেনশিপের শিকড় আইনে তো আছে। সেখানে শান্তি, নিরাপত্তা আনবার জন্য অসমীয়া—আসামের যত উপজাতি, বাঙালী, বিভিন্ন ধর্ম আছে তাদের শুভবুদ্ধিকে জাগ্রত করার জন্য কঠিন পরিশ্রম এবং ধৈর্য রাখতে হবে এবং দায়িত্ব বামপন্থী আন্দোলনের, আসামে আরো বেশী, এখানে আমাদের যত আলোচনাগুলো সংযত রূপ নেয় ততই আমরা তাদের সাহায্য করতে পারব। এখানে অসমীয়াদের বিরুদ্ধে কটাক্ষ করলে সেটা আমরা বলতে পারব না।

সেখানে তারা বলি হচ্ছে। আগেকার কংগ্রেস, বর্তমান ইন্দিরা কংগ্রেসের চক্রান্ত, নানা সাম্প্রদায়িক শক্তির চক্রান্ত, তার সঙ্গে বিদেশী চক্রান্ত মিলে এটা ঘটেছে। সুতরাং প্রস্তাবে বলা হয়েছে ইন্দিরা কংগ্রেসকে দায়িত্ব নিতে হবে এবং সাম্রাজ্যবাদী শক্তি বা যারা বিচ্ছিন্নতাবাদী শক্তি তাদের উভয়ের বিরুদ্ধেই দেবপ্রসাদ সরকার মহাশয় এই প্রস্তাব নিয়ে এসেছেন। সৌভাগ্যবশতঃ আজকে দেখলাম এই একটি অকেশানে তিনি কংগ্রেসেরও সমালোচনা করলেন এবং কংগ্রেস, এস. ইউ. সি.-কে এক কথা বলতে দেখলাম না, তার জন্য আমি খুশী হয়েছি। শ্রীসরকার যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সমস্যা অত্যন্ত গুরুতর এবং আমি মনে করি অত্যন্ত ধীর ভাবে সমস্যাটির সমস্ত দিক বিবেচনা করে এবং বিষয়টির গুরুত্ব ভালভাবে অনুধাবন করে তারপর আলোচিত হওয়া উচিত। পশ্চিমবাংলার রাজনৈতিক সচেতন মানুষ পরিস্থিতি যতই কঠিন এবং জটিল হোক তারা মাথা ঠাণ্ডা রেখে সেই সমস্যার সমাধান করতে চায়। আমাদের মাননীয় সদস্য সাত্তার সাহেব এখানে উপস্থিত আছেন, সুব্রতবাবু নেই। আজকে এই প্রস্তাব বা মোশানের আলোচ্য বিষয় এটা নয় যে, নির্বাচন করাটা ঠিক হয়েছিল কি হয় নি—কারণ সেটা

মোটেই নয় এবং একটি কথাও সে সম্বন্ধে লেখা নেই। প্রশ্নটা অন্য জায়গায়—এই সমস্যা কেন হল, সেটাই হচ্ছে মূল প্রশ্ন। কাজেই একটি সমস্যার সঠিক মূল যদি সন্ধান করতে না পারা যায় তাহলে সেই সমস্যার সমাধান করতে পারা যাবে না। এটা মোটেই একটি রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে ইন্দিরা কংগ্রেসকে বেকায়দায় ফেলার জন্য কিছু করা হয় নি। বরং এর মূল বক্তব্য হচ্ছে আজকে ভারতবর্ষের সামনে সাম্রাজ্যবাদী চক্রান্তের ফলে ভারতের পূর্ব প্রান্ত এবং পশ্চিম প্রান্তে একটা দারুণ অবস্থার সৃষ্টি হয়েছে। একদিকে খালিস্তান সমস্যা, অন্যদিকে আসাম সমস্যা নিয়ে এবং এখন এমন একটা আন্তর্জাতিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে যে, কালকে হয়ত কোথাও কিছু একটা ঘটে যেতে পারে। বিশেষ করে এখন যুদ্ধের আবহাওয়া রয়েছে। কাজেই সেই রকম একটা পরিস্থিতিতে ভারতবর্ষের দুটি প্রান্তে এই রকম একটা কঠিন অবস্থার সৃষ্টি হয়েছে এবং দীর্ঘক্ষণ ধরে এটা হয়েছে, একদিনে হয় নি। শুধু আসাম নয়, ঐখানে সেভেন সিষ্টারস ছোট ছোট ৭টি রাষ্ট্র আছে। প্রত্যেকটির ভিতরে গোলমাল করবার চেষ্টা হচ্ছে দীর্ঘদিন ধরে। ওদের হেডকোয়ার্টার্স ব্যাংককে আছে এবং আমেরিকার একটি গ্লোবাল ষ্ট্রাটেজির সাথে যুক্ত রেখে এই জিনিসগুলি হচ্ছে এবং টাইমিং অনুযায়ী জিনিস এস্ক্যালেশান করছে। সম্প্রতি আমি যখন দিল্লী গিয়েছিলাম তখন আসুর ব্যাপারে শ্রীমতী ইন্দিরা গান্ধীর কতকগুলি কথায় ষ্টুজ মনে হল। এখন উপলব্ধি করছি কেন এটা হয়েছিল। আগে উপলব্ধি করতে পারলে জানতে পারতেন যে, আসুর পিছনে কারা আছে। তাদের পিছনে অন্য শক্তি দীর্ঘদিন ধরে কাজ করছে। দীর্ঘ ২ বছর ধরে যে সাংবিধানিক কথা বলছেন, যার জন্য নির্বাচন সাপোর্ট করেছি, সেই সাংবিধানিক নর্ম কোথায় ছিল? ১৯৮০ সালের আগে যদি সেখানে একটা ষ্ট্রং ষ্টাণ্ড নেওয়া যেত, যদি এই ধারণা থাকতো যে, একটা অন্য শক্তির ক্রীড়নক হিসাবে ওরা কাজ করছে, তাহলে তাদের সাথে নিয়ে তোষণ করে সেখানে নিজেদের একটা ঘাঁটি গাড়বার চেষ্টা হত না।

[7.50—8.00 P.M.]

শুধু তাই নয়, এ সম্পর্কে আত্মসমীক্ষাও হওয়া প্রয়োজন। এই বিপদের দিনে আমি পরিষ্কারভাবে বলতে চাই যে, অবস্থা বুঝে সত্যিকারের দৃঢ় পদক্ষেপ নিয়ে অবস্থার মোকাবিলার জন্য ইন্দিরা গান্ধী যদি দাঁড়ান তাহলে তাঁকে আমরা সমর্থন করতে রাজি আছি। আজকে সেই দাঁড়ানোরই প্রয়োজন আছে। আজকে পজিশানটা কি? দীর্ঘদিন ধরে কারা সুযোগ করে দিয়েছে? এ সোসিওলজিষ্ট,

বায়োলজিষ্ট, জিওলজিষ্ট এইসব নানান রকমের আমেরিকান এজেন্টকে এখানে এইসব চক্রান্ত চালিয়ে যাবার অবাধ অধিকার কে বা কারা দিয়েছে? আজও যদি চৈতন্য না হয়, আজও যদি এই মূল শক্তির বিরুদ্ধে সচেতন হয়ে ব্যবস্থা না করা যায় তাহলে ভারতবর্ষ কোথায় যাবে আমরা জানি না। আপনাদের বেকায়দায় ফেলার জন্য এটা করা হয়নি, আমরা অনেক সময় প্রকাশ্যে আমাদের ভুলত্রুটি স্বীকার করি, সেই রকম আপনাদের তা করে অবস্থা বুঝে আপনাদের কাজ করা উচিত। কাজেই আমি আবার বলছি, এ সম্পর্কে সজাগ, সতর্ক দৃষ্টি রাখতে হবে এবং যারা এজেন্টের কাজ করছে তাদের কত তাড়াতাড়ি সরিয়ে দেওয়া যায় সেটা দেখতে হবে। কাজেই আমরা মনে করি সেদিক থেকে দৃঢ় পদক্ষেপ নেওয়া দরকার। কিন্তু তা কি হচ্ছে? আসামে দীর্ঘদিন ধরে এই সব গণ্ডগোল হচ্ছে। গত নির্বাচনে ত্রিপুরাতে আবার আর একটা বিচ্ছিন্নতাবাদী শক্তির সংগে হাত মিলিয়ে সেখানে একযোগে আপনারা নির্বাচনে নেমেছিলেন। আপনারা কি বুকে হাত দিয়ে বলতে পারেন এই পঞ্চায়েত নির্বাচনের সময় ঐ ঝাড়গ্রাম থেকে শুরু করে পুরুলিয়া পর্যন্ত কোন বিচ্ছিন্নতাবাদী শক্তির সংগে হাত মেলাবেন না? স্যার, আমরা দেখছি, অনেক সময় আপাত সুযোগ নেবার জন্য দেশের সর্বনাশ করে দেওয়া হচ্ছে এবং সেখানে মূল ভিত্তিটাকে নষ্ট করে দেওয়া হচ্ছে। আমরা মনে করি এদিকেও সতর্ক দৃষ্টি রাখা দরকার। আজকে দেশ এক গভীর সংকটের ভেতর দিয়ে যাচ্ছে। এই অবস্থার মধ্যে কতকগুলি আশু সুবিধা নেবার জন্য আমরা দেখছি মৌলিক জিনিসগুলিকে পরিত্যাগ করা হচ্ছে এবং তার ফলে ভারতবর্ষ টুকরো টুকরো হয়ে যাচ্ছে। আসাম থেকে যাঁরা আজকে এই পশ্চিমবাংলায় এসেছেন তাঁদের সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রকে চিঠি লিখেছেন এবং বলেছেন সবাইকে আসামে নিয়ে যেতে হবে। সেখানে যে জায়গাগুলি বেশী উপদ্রুত সেখানে যদি এখন পুনর্বাসন দেওয়া সম্ভব না হয় তাহলে আসামের ভেতরেই তার আশেপাশে তাদের নিয়ে যেতে হবে এবং অবস্থা ধীরে ধীরে স্বাভাবিক হলে তাদের নিজ নিজ জায়গায় ফিরিয়ে দিতে হবে। এখানে মূল কথা হচ্ছে সেই রকম একটা পরিবেশ দরকার। সেই পরিবেশ সৃষ্টির জন্য প্রথমে যেটা করতে হবে সেটা হচ্ছে ভারতবর্ষে যারা এই রকম বিচ্ছিন্নতাবাদ সৃষ্টি করার চেষ্টা করছে সেই সাম্রাজ্যবাদী শক্তির সংগে কোনরকমেই হাত মেলানো হবে না এবং তাদের সমস্ত চক্রান্তের বিরুদ্ধে সদা সতর্ক দৃষ্টি রেখে দৃঢ় ব্যবস্থা নিতে হবে। তাছাড়া স্থানীয়ভাবে এদের সাথে কেউ সংযোগ স্থাপন করতে পারবে না, তাদের বিচ্ছিন্ন করতে হবে। একথা ঠিকই, অনেকে বলেছেন, ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে যে জিনিস চলছে তার প্রধান

কারণ হচ্ছে অসম বিকাশ। এটা কেন্দ্রীয় সরকারের নীতির ফলে হয়েছে। এই অসম বিকাশের কথা বুঝে নানান দিক থেকে যারা পশ্চাদপদ রয়েছে তারা দ্রুত যাতে অর্থ নৈতিক এবং অন্যান্য দিক থেকে উন্নত হতে পারে সে ব্যবস্থা করতে হবে। তা ছাড়া যারা তাদের ওসকাচ্ছে তাদের থেকে তাদের বিচ্ছিন্ন করতে হবে। পাঞ্জাবে যা হচ্ছে, সেখানে খালিস্থান এবং জার্নাল সিং-এর থেকে আকালিদের একটা বড় অংশকে কি করে সরিয়ে নিতে পারা যায় সেটা দেখতে হবে। সেখানে মূল যে অর্থ নৈতিক দাবী এবং অন্যান্য দাবী সেগুলি মীমাংসা করে এটা করতে হবে।

ঠিক তেমনি এখানে সেই রকম মনোভাব তৈরী করতে হবে। এখানে উত্তেজিত হওয়ার কথা নয়, এটা বোঝার কথা। জল অনেক দূর গড়িয়েছে, এখনও আপনারা অবহিত হন, সমস্যার গভীরে বোঝবার চেষ্টা করুন। আজকে আমাদের সেইভাবে এগিয়ে যেতে হবে। আজকে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে, সাম্রাজ্যবাদী চক্রান্তের বিরুদ্ধে সজাগ পদক্ষেপ নিতে হবে, সমস্ত রকম বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে সজাগ দৃষ্টি রেখে এগিয়ে যেতে হবে। একদিকে বলবেন বিচ্ছিন্নতাবাদীর বিরুদ্ধে লড়াই করুন, আর অন্যভাবে সাময়িক লাভের জন্য তাদের সংগে হাত মিলিয়ে নানা রকম কাজ করবেন—এই জিনিস হলে চলে না। একটা নীতির উপর দাঁড়িয়ে সংগ্রাম করা যায়, তা না হলে করা যায় না। কাজেই সেদিক থেকে এ্যাপিল করা হয়েছে। তাছাড়া আজকে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, এটা এমন একটা বড় সমস্যা, এই সমস্যার বিরুদ্ধে সকলকে এক সংগে সংগ্রাম করা উচিত। সে জন্য দুটি শব্দ আছে বলে আপনাদের এলার্জি হওয়ার কোন কারণ নেই। কারণ এর থেকে অনেক গভীর ভাষায় ভুল করলে আমরা প্রকাশ্যে লোকের কাছে স্বীকার করি এবং এতে লোকের আস্থা বাড়ে এবং লোকে বোঝে যে, এরা ভুল করলে সংশোধন করার চেষ্টা করে। কিন্তু আপনারা ভুল করে সেটাকে ঢাকবার চেষ্টা করেন। সেজন্য এই কথা বলছি যে, আসামের সমস্যা অত্যন্ত সংকটজনক এবং গোটা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যদি এইরকম ঘটতে থাকে তাহলে অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা আপনারা ভেবে দেখুন। আজকে পাড়ায় পাড়ায় ঝগড়া হচ্ছে, নানা রকম অবস্থার সৃষ্টি হচ্ছে। আজকে এইরকম পরিস্থিতিতে ভারতবর্ষের অগ্রগতি রোধের জন্য সমস্ত রকম বিরোধের বীজ যারা বপন করছে তাদের চিহ্নিত করা দরকার এবং চিহ্নিত করে তাদের বিরুদ্ধে লড়াই করতে হবে। ভারতবর্ষের বুকে কোন সূত্র থেকে কেউ যাতে কোন বীজ বপন করতে না পারে তার জন্য সজাগ এবং সচেতন থাকতে হবে। আসামের সমস্যা সম্পর্কে অনেক বিষয় আছে, আমি সব বিষয়ে যাচ্ছি না। এই বিষয়ে অনেকে বলেছেন। আমি শুধু বলবো

যে, সমস্যা অত্যন্ত গভীর এবং আজকে বিলম্ব হলেও আপনাদের এর বিরুদ্ধে সংগ্রাম করার জন্য ঐক্যবদ্ধ হওয়া উচিত। এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আসামের উদ্বাস্তুদের সমস্যার উপরে যে মুলতবী প্রস্তাব আমি এনেছি, সেই প্রস্তাবের উপরে মাননীয় কংগ্রেস (ই)-এর সদস্য সুব্রত মুখার্জী মহাশয় দুটো সংশোধনী এনেছেন। আমি সর্বপ্রথমে বলতে চাই যে, তাঁর এই সংশোধনী আমি গ্রহণ করতে পারছি না। তিনি বলেছেন যে, এই প্রস্তাবের "কেন্দ্রের কংগ্রেস সরকার এবং" এই কথাটা তুলে দিতে হবে। তাছাড়া প্রস্তাবের মূল সুরের সংগে তাঁর দল একমত, একথা তিনি বলবার চেষ্টা করেছেন এবং সাত্তার সাহেবও সে কথা বলেছেন। তাঁদের এই বক্তব্য যদি আন্তরিক হয় তাহলে এই বক্তব্যকে আমি সাধুবাদ জানাচ্ছি।

[8.00—8.12 P.M.]

কিন্তু তিনি সংশোধনীর মাধ্যমে মূল প্রস্তাবকে যেভাবে সংশোধন করতে বলেছেন তা আমি করতে পারছি না। ঐক্যের স্বার্থে সত্যকে বিকৃত করতে পারছি না। কারণ যে ঘটনা ঘটেছে তার দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে। একথা আমি প্রস্তাবের মধ্যেও বলেছি এবং এখন আবার বলছি। এর মধ্যে কোন গোঁড়ামির প্রশ্ন নেই। কংগ্রেস (ই)'র যে রাজনীতি এবং তাঁদের যে শ্রেণী চরিত্র তা এটাই প্রমাণ করছে যে, বিচ্ছিন্নতাবাদের সংগে তাঁদের রাজনীতি ওতপ্রোতভাবে জড়িত আছে। কারণ ভারতবর্ষের প্রতিক্রিয়াশীল পুঁজিবাদ, সংকটগ্রস্ত পুঁজিবাদের মূল রক্ষক হিসাবে কংগ্রেস (ই) দল ভারতবর্ষের শাসন ব্যবস্থায় প্রতিষ্ঠিত রয়েছে। সংকটগ্রস্ত পুঁজিবাদ আজকে সংকটের বোঝা মানুষের উপর চাপিয়ে দিয়ে সামাজিক শোষণ, অত্যাচার, নিষ্পেষণকে একটা মারাত্মক দিকে এগিয়ে নিয়ে গেছে। জনসাধারণের পুঞ্জীভূত বিক্ষোভকে প্রশমিত করার জন্য শাসক দলের পক্ষ থেকে স্বাভাবিকভাবেই সাম্রাজ্যবাদী শাসক গোষ্ঠীর মত ডিভাইড্ এ্যাণ্ড রুল পলিসি গ্রহণ করা হয়েছে। ফলে সেই দৃষ্টিভঙ্গী থেকে তাঁরা আজকে বিচ্ছিন্নতাবাদকে প্রশ্রয় দিচ্ছেন, বিচ্ছিন্নতাবাদী শক্তির পিছনে ইন্ধন জোগাচ্ছে। আমরা প্রথম থেকেই একথা বলে আসছি। তা না হলে আসাম সমস্যার সমাধানে আন্তরিক ইচ্ছা থাকলে আন্দোলনকারীদের পক্ষ থেকে যে দাবীগুলি রাখা হয়েছিল, সেই দাবী-

গুলির পরিপ্রেক্ষিতে সমস্থার সমাধানের দিকে না গিয়ে ইন্দিরা গান্ধীর কেন্দ্রীয় সরকার বিগত ৩ বছর ধরে সমস্যাগুলিকে জিইয়ে রেখেছেন। বিদেশী অনুপ্রবেশ, অসমীয়া ভাষাভাষীদের সংস্কৃতির মর্যাদা ক্ষুণ্ণ হচ্ছে ইত্যাদি প্রশ্নগুলির সংগে অসমীয়াদের অর্থ নৈতিক দিক থেকে অনগ্রসরতার সমস্যাও রয়েছে। এই সমস্যা-গুলির সুষ্ঠু সমাধানের দিকে কেন্দ্রীয় সরকার এগিয়ে আসেন নি, বরঞ্চ তাঁরা সমস্যাকে জিইয়ে রেখেছেন এবং কার্যতঃ বিচ্ছিন্নতাবাদকে প্রশ্রয় দিচ্ছেন। বিগত নির্বাচনই এর প্রমাণ। নির্বাচন একটা প্রহসনে পরিণত হয়েছিল, সেকথা আমি আগেই বলেছি এবং অন্যান্য বক্তারাও বলেছেন। আমরা হেরে গেছি বলেই বলছি না, নির্বাচন যে একটা প্রহসনে পরিণত হয়েছিল তা আজকে আর কারো অস্বীকার করার উপায় নেই। আজকে সাত্তার সাহেব বলেছেন, দেবপ্রসাদবাবুর এই প্রস্তাবের পিছনে বামফ্রন্ট সরকারের মদত আছে। আমি তাঁকে বলতে চাই যে, এস. ইউ. সি. তাঁর নিজস্ব রাজনীতি নিয়ে চলে, সে তাঁর রাজনৈতিক স্বাতন্ত্র্য নিয়ে চলে, একথা সকলেই জানে এবং ওঁরাও খুব ভালভাবেই জানেন। উনি জেনে-শুনেই বলেছেন। আসাম ইস্যু সম্পর্কে আমাদের এই স্ট্যাণ্ড—আসাম ইস্যু সম্পর্কে ইন্দিরা সরকারের ভূমিকা সম্পর্কে আমাদের রি-এ্যাকশন গত ১৯শে ফেব্রুয়ারী, ইলেকশনের পর আসামে আমাদের নির্বাচন যিনি পরিচালনা করেছিলেন, আমাদের দলের কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড প্রীতীশ চন্দ, তিনি কলকাতায় এসে তাঁর রি-এ্যাকশন জানিয়েছেন এবং সে-কথা সব ডেইলি সংবাদপত্রগুলিতে প্রকাশিত হয়েছে। উনি ইচ্ছে করলে কাগজে তা দেখে নিতে পারেন। ফলে আমরা কারো ডিকটেশনে চলছি, একথা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সব চেয়ে বড় কথা হচ্ছে আসাম সমস্যার সমাধানের প্রশ্ন। আজকে বিচ্ছিন্নতাবাদ আসামকে এমন একটা জায়গায় নিয়ে যাচ্ছে যার দ্বারা তারা ভবিষ্যতে ভারতবর্ষের ঐক্য এবং সংহতিকে বিপন্ন করে তুলতে চাইছে। সুতরাং আজকে এর হাত থেকে মুক্তি পেতে হলে এই সমস্যার একমাত্র সমাধানের পথ হচ্ছে লেফ্‌ট এ্যাণ্ড ডেমোক্রেটিক্ মুভমেন্টকে—বাম ও গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী করা, সম্প্রসারিত করা। সেই সংগে আসামের অভ্যন্তরে এবং গোটা দেশের অভ্যন্তরে গণতান্ত্রিক মূল্যবোধ, মানবিক মূল্যবোধকে পুনরুজ্জীবিত করা, সংগঠিত করা প্রয়োজন। আজকে মূল্যবোধকে মেরে সমস্যার সৃষ্টি করা হচ্ছে। আজকে সমস্ত ক্ষেত্রে এই ভ্যালু বা মূল্যবোধকে মেরে দেওয়ার চেষ্টা করা হচ্ছে।

মানুষের বিবেক, মনুষ্যত্ব, গণতান্ত্রিক মূল্যবোধকে মেরে দিয়ে মানুষের মধ্যে পাশবিক প্রবৃত্তিগুলিকে, সংকীর্ণ দৃষ্টিভঙ্গীগুলিকে উস্‌কানি দেওয়া হয়েছে। আজকে

বিচ্ছিন্নতাবাদী শক্তির হাত থেকে যদি সমাজকে মুক্ত করতে হয়, যদি সমাজের অভ্যন্তরে ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে জাতীয় সংহতিকে যদি গড়ে তুলতে হয় তাহলে এটা অত্যন্ত জরুরী সমাজের অভ্যন্তরে মানুষের মনুষ্যত্ব, বিবেক, গণতান্ত্রিক মূল্যবোধ, ন্যায়নীতি, রীতিনীতিকে পুনরুজ্জীবিত করা এবং এগুলিকে সম্প্রসারিত করা এবং তারই ভিত্তিতে সমাজের অভ্যন্তরে গণ-আন্দোলন সৃষ্টি করা। আমি শেষ করার আগে এইটুকু বলবো, আসামে যে এতবড় ম্যাসাকার হয়ে গেল, এটা কেউই অস্বীকার করতে পারবে না। আসামে বিচ্ছিন্নতাবাদী শক্তির যে এতবড় ষড়যন্ত্র, প্রতিক্রিয়াশীল কেন্দ্রীয় সরকারের যে এতবড় ষড়যন্ত্র—এটা সাফল্যমণ্ডিত হতে পারতো না যদি সময় থাকতে আসামের মানুষের এই যে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক দাবী —এই দাবীগুলিকে নিয়ে আমরা আসামের অভ্যন্তরে বাম-গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী ভাবে রূপ দিতে পারতাম। আসামে এই যে বিচ্ছিন্নতাবাদী ষড়যন্ত্র এবং তাদের যারা মদত দিচ্ছে যেমন, জনতা, বি. জে. পি. এবং লোকদল যেটা আমি আমার ভাষণের শুরুতেই বলেছিলাম—তাদের প্রতিহত করতে পারতাম। সুতরাং দুর্বলতার দায়িত্বটা আমাদের। তাই আমি মনে করি, আসামে অসমীয়াদের এই যে সমস্যা, শুধু আসামের নয়—গোটা ভারতবর্ষের এই সমস্যাকে যদি মোকাবিলা করতে হয় তাহলে আজকে ভারতবর্ষের এই পুঁজিপতি শ্রেণী এবং তাদের রক্ষক প্রতিক্রিয়াশীল ইন্দিরা কংগ্রেসের বিরুদ্ধে বাম-গণতান্ত্রিক শক্তিগুলিকে ঐক্যবদ্ধ করা এবং ঐক্যবদ্ধ করে শক্তিশালী আন্দোলনের মাধ্যমে মানুষের গণতান্ত্রিক অধিকার, রীতি-নীতি, ন্যায়-নীতি, মূল্যবোধ প্রভৃতিগুলিকে পুনরুজ্জীবিত করা এবং সম্প্রসারণের মধ্য দিয়ে আমরা বিচ্ছিন্নতাবাদী শক্তিকে রুখতে পারবো এবং জাতীয় সংহতিকে রক্ষা করতে পারবো। এইটুকু বলে যাঁরা সংশোধনী এনেছেন, তাঁদের আমি বলবো, তাঁরা যদি যথার্থই এই সমস্যার সমাধান চান তাহলে তাঁরা তাঁদের সংশোধনীকে তুলে নিয়ে আমার এই প্রস্তাবটিকে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now I put to vote the amendments moved by Shri Subrata Mukhopadhyay.

The motion of Shri Subrata Mukhopahyay that—

(i) in line 1, the words "কেন্দ্রের কংগ্রেস সরকার এবং" be deleted and

(ii) in line 6, for the words "এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে

হবে।" the words "পশ্চিমবঙ্গ সরকারকে সর্বপ্রকার সহযোগিতা কেন্দ্রীয় সরকারকে করা দরকার।" be substituted.

was then put and a division taken with the following results :

NOES

Abdus Sobhan Gazi, Shri
Anisur Rahman Biswas, Shri
Basu, Shri Ajit
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
De, Shri Bibhuti Bhusan
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Gunadhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Siddheswar
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Rai, Shri H. B.
Ray, Shri Subhas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Debaprasad
Sarkar, Shri Kamal
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay

AYES

Abdus Sattar, Shri
Anwar Ali Sekh, Shri
Barman, Shri Dipendra
Misra, Shri Kashinath

The Ayes being 4 and the Noes 64, the motion was lost.

The motion of Shri Debaprasad Sarkar that—

প্রস্তাব

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

"কেন্দ্রের কংগ্রেস সরকার এবং বিচ্ছিন্নতাকামী উগ্র আঞ্চলিকতাবাদী এই উভয় শক্তির নীতি ও ক্রিয়াকলাপের দরুন ভাষা-ধর্ম-জাতি নির্বিশেষে আসামের সমস্ত অংশের জনসাধারণ, বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায় ভ্রাতৃঘাতী দাঙ্গা ও গণ-হত্যার বলি হয়ে নিরাপত্তার অভাব অনুভব করছেন এবং হাজার হাজার মানুষ আসাম থেকে বাস্তুচ্যুত হয়ে পশ্চিমবাংলায় এসে আশ্রয় নিয়েছেন এবং নিচ্ছেন। পরিস্থিতি এখনও অপরিবর্তিত। ঘটনাটি উদ্বেগজনক এবং এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে হবে। আসাম থেকে আগত উদ্বাস্তুদের শুধুমাত্র অর্থনৈতিক পুনর্বাসনই নয়, তাদের জীবন ও সম্পত্তির পূর্ণ নিরাপত্তার স্বার্থে অবিলম্বে আসামে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা এবং এই উদ্দেশ্যে এক অনুকূল সামাজিক এবং গণতান্ত্রিক পরিবেশ গড়ে তোলা প্রয়োজন।

was then put and carried.

Adjournment

The House was then adjourned at 8.12 p.m. till 1 p.m. on Wednesday, the 20th April, 1983, at the 'Assembly House', Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 20th April 1983 at 1 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 16 Ministers, 12 Ministers of state and 134 Members.

[1.00—11.0 P. M.]

Obituary

Mr. Speaker : Before taking up the business of the day, I rise to refer to the sad demise of Shri Bhupendra Deb Raikut an ex-M.L.A. of this Assembly. Shri Raikut breathed his last on the 27th March, 1983 at his residence at the age of 61. Born in a Jotedar family at Gurudevpur, Jalpaiguri, Shri Raikut passed Matriculation examination from Fanindra Deb Institution of Jalpaiguri town. He was elected Prodhan of Dharampur Anchal Panchayat. He was also the Vice-President of District School Board and President of Jalpaiguri High School. In 1962, he was elected to the West Bengal Legislative Assembly on a Congress ticket from Karia Constituency.

Now I request the Honourable members to rise in their seats for two minutes as a mark of respect to the departed.

(At this stage the members stood in silence for two minutes)

Thank you, Ladies and Gentlemen. Secretary will send the message of condolence to the family members of the deceased.

Held over Starred Questions
(to which oral answers were given)

সুবর্ণরেখা নদী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪।) শ্রীপ্রবোধচন্দ্র সিংহ : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুবর্ণরেখা নদী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প রূপায়ণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ;

(খ) উক্ত প্রকল্প রূপায়ণের জন্য রাজ্য সরকারের মোট কত টাকা আর্থিক দায়িত্ব বহন করিতে হইবে ; এবং

(গ) উক্ত প্রকল্প রূপায়ণের জন্য কোন সময়সীমা ধার্য করা হইয়াছে কি ?

শ্রীননী ভট্টাচার্য: (ক) সুবর্ণরেখা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য সুবর্ণরেখা ফ্লাড এমব্যাঙ্কমেন্ট নামে একটি প্রকল্প তৈরী করা হয়েছে। এছাড়া বিহার সরকার প্রস্তাবিত চাণ্ডিল ড্যাম প্রকল্পে ওড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের বন্যা প্রশমনের উদ্দেশ্যে ৩·৭৫ লক্ষ একর ফুট জল ধরে রাখবার ব্যবস্থা রাখা হয়েছে।

(খ) উক্ত স্কীমের ১৯৭৫ সালের বাজার দর অনুযায়ী আনুমানিক ব্যয় ১২৬.৯৯ লক্ষ টাকা হবে। অবশ্য চাণ্ডিল ড্যামের সংশ্লিষ্ট অংশ নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক দায়িত্বের পরিমাণ এখানে বলা সম্ভবপর নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

(কোন অতিরিক্ত প্রশ্ন নেই)

ময়ূরাক্ষী সেচ প্রকল্পের আধুনিকীকরণ

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫ ।) **শ্রীঅমলেন্দ্র রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী সেচ প্রকল্পের আধুনিকীকরণের কি কাজ কান্দি মহকুমায় চলছে ; এবং

(খ) উক্ত কাজের জন্য আনুমানিক কত টাকা খরচ করা হয়েছে ?

শ্রীননী ভট্টাচার্য: (ক) ময়ূরাক্ষী সেচ প্রকল্পের আধুনিকীকরণের কোন কাজ আপাততঃ কান্দী মহকুমায় চলছে না।

(খ) এ প্রশ্ন উঠে না। তবে কেন্দ্রীয় জল কমিশনের নির্দেশ অনুযায়ী ময়ূরাক্ষী সেচ প্রকল্পের আধুনিকীকরণের এষ্টিমেট নতুনভাবে তৈরী করা হচ্ছে। এষ্টিমেটের কাজ সম্পূর্ণ হলে তবেই বলা যাবে কান্দী মহকুমায় কি ধরনের বা কত টাকার কাজ হবে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য: ময়ূরাক্ষী সেচ প্রকল্পের এষ্টিমেট কি করছেন ? ক্যানেল-

গুলির বাঁধ বাড়িয়ে দেবার জন্য কি করছেন ? এখানে বাঁধের অভাবে জল সিপেজ হচ্ছে। আপনি ময়ূরাক্ষী ক্যানেলের জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এইগুলির ষ্টপ গ্যাপ এ্যারেঞ্জমেণ্ট করা হচ্ছে। একটা বৃহৎ প্রকল্পের অন্তর্গত এটা করা হয় নি।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ কান্দী মহকুমায় ময়ূরাক্ষীর জল শেষ পর্যন্ত পৌঁছায় না, এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রীননী ভট্টাচার্য : সব ক্ষেত্রে এটা ঠিক নয়। অবশ্য সব ক্ষেত্রে জল যায় না। তার কিছু কারণ রয়েছে। সদস্যরা সকলেই জানেন যে, সব জায়গায় জল দেওয়া সম্ভব নয়, তার অনেক কারণ আছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, কান্দী এলাকায় যেখানে বৃষ্টি হয় না সেখানে ময়ূরাক্ষীর জল যায় না সেটা আমরা চিঠিপত্রের মাধ্যমে কিউসেকের হিসাব দিয়ে প্রমাণ করে দিয়েছি। এখানে আপনি জল দেওয়ার ব্যবস্থা করছেন কিনা জানাবেন ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এখন সম্ভব হচ্ছে না। তবে নূতন প্রকল্পের কাজ শেষ হলে সেখানে জলের ব্যবস্থা করা সম্ভব হবে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ময়ূরাক্ষীর জল কান্দিতে পৌঁছাবার পথে লাঙ্গলহাটায় যে পরিকল্পনার অন্তর্গত করা হয়েছিল, যার ব্লু-প্রিণ্ট কংগ্রেস আমলে তৈরী হয়েছিল তার কাজ কত দূর এগিয়েছে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এই ব্যাপারে নোটিশ দিলে বলতে পারবো।

মেদিনীপুর জেলায় সুবর্ণরেখা নদীর জল

*২১১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৭।) **শ্রীশিশিরকুমার অধিকারী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ এলাকায় সুবর্ণরেখা নদীর জল সেচের জন্য দেওয়ার পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলিয়া আশা ক
যায় ?

শ্রীননী ভট্টাচার্য : (ক) প্রস্তাবিত সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প মারফত মেদিনীপু
জেলার নিম্নলিখিত ব্লকসমূহে সেচের জল দেওয়ার পরিকল্পনা করা হইয়াছে :

দাঁতন ১ নং এবং ২ নং পটাশপুর, এগরা ১ নং এবং ২ নং নারায়ণগড়
ভগবানপুর ১ নং, মোহনপুর এবং কন্টাই ১ নং।

(খ) কেন্দ্রীয় জল কমিশনের মন্তব্যের ভিত্তিতে উক্ত প্রকল্পটি সংশোধন কর
হইতেছে। প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাইলেই কাজ
শুরু করা হইবে।

শ্রীসুনীতি চট্টরাজ : এই সুবর্ণরেখা নদীর যে পরিকল্পনা করা হয়েছে তাতে যে
অর্থ বরাদ্দ করা হয়েছে সেটা সেনট্রাল কতটা দেবে এবং ষ্টেট কতটা দেবে ?

শ্রীননী ভট্টাচার্য : আমরা চেষ্টা করবো যাতে সেনট্রাল গভর্নমেন্ট এই টাকা
দেয়। এই ব্যাপারে ষ্টেট গভর্নমেন্ট একটা টোকেন দিয়েছে কাজ ইত্যাদি
ইনভেষ্টিগেশানের জন্য। সেটা হলো ১৯৮২-৮৩ সালে ১০ লক্ষ টাকা এবং এই
বছরের জন্য ৫ লক্ষ টাকা।

শ্রীসুনীতি চট্টরাজ : আমি বলছি এই ব্যাপারে ষ্টেট গভর্নমেন্ট কত টাকা
ইনভেষ্ট করছে ?

শ্রীননী ভট্টাচার্য : এটা নিয়ে এখনও কিছু ঠিক হয় নি।

বীরভূম জেলার দুইটি ক্যানেল ব্রীজ প্রশস্তকরণ

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৮।) **শ্রীবনমালী দাস :** সেচ ও জলপথ
বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বোলপুর-কীর্ণাহার রাস্তার উপর এবং সিউড়ি-দাসকল
গ্রাম রাস্তার উপর সংকীর্ণ ক্যানেল ব্রীজগুলি প্রসারিত করা ও
মেরামত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীননী ভট্টাচার্য: (ক) হ্যাঁ, আছে।

(খ) মেরামতি বাবদ প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে আগামী আর্থিক বছরে কাজটি আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

[1.10—1.20 P. M.]

শ্রীবনমালী দাস: আপনি জানেন যে, গত নির্বাচনের সময় বোলপুর-কীর্ণাহার ব্রীজের কাছে একটা এ্যাকসিডেণ্ট হয়েছিল এবং একজন লোক মারা গিয়েছিলেন, তিনি সি. পি. আই. দলের একজন লিডার ছিলেন। এছাড়া দাসকল গ্রামের কাছেও একজন মারা গিয়েছিলেন। এখানে যে বাসগুলি চলে তাতে মানুষ ঝুলতে ঝুলতে যেতে বাধ্য হন। ওখানে সাঁকোগুলো অত্যন্ত সংকীর্ণ। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি অনুরোধ করবো তিনি যেন এগুলিকে সম্প্রসারিত ও মেরামত করার ব্যবস্থা গ্রহণ করেন। শীঘ্র তেমন ধরনের ব্যবস্থা নেওয়ার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

শ্রীননী ভট্টাচার্য: এ্যাকসিডেণ্টের কিছু রিপোর্ট আমার কাছে আছে। কিন্তু নন-প্ল্যানিং-এর ক্ষেত্রে টাকার বরাদ্দ বা প্রভিশান এতই নগণ্য যে, আমাদের ইচ্ছা থাকলেও করতে পারি না।

কাঁথি মহকুমায় অঞ্চল প্রধানের বিরুদ্ধে অভিযোগ

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮।) **শ্রীশিশিরকুমার অধিকারী:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার কয়েকজন অঞ্চল প্রধানের বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগে এফ আই আর হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত অভিযুক্ত অঞ্চল প্রধানদের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত অভিযুক্ত অঞ্চল প্রধানদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: (ক) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় কয়েকজন গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগে এফ. আই. আর. দায়ের করা হইয়াছে।

(খ) উক্ত অভিযুক্ত গ্রাম পঞ্চায়েত প্রধানদের সংখ্যা মোট চার।

(গ) এফ. আই. আর.-এর ভিত্তিতে সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষ তদন্ত করিতেছেন।

শ্রীসুনীতি চট্টরাজ: আপনি বললেন যে, অঞ্চল প্রধানদের বিরুদ্ধে এ্যাকশন নিয়েছেন, তাঁদের এ্যারেষ্ট করেছেন। আমার প্রশ্ন হচ্ছে, এঁরা কোন্ দলভুক্ত জানাবেন কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: উত্তর শুনলে আপনি খুশীই হবেন। এঁদের মধ্যে প্রথম তিনজন হচ্ছেন ভারতীয় কমিউনিষ্ট পার্টি (মার্কসবাদী) এবং আর একজন হচ্ছেন ভারতীয় জনতা পার্টির লোক।

শ্রীসুনীতি চট্টরাজ: ঐ তিন জন কমিউনিষ্ট পার্টির সদস্য ও একজন ভারতীয় জনতা পার্টির সদস্যের বিরুদ্ধে স্পেশাল তহবিল তছরূপের চার্জ কত আছে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: আপনি কোশ্চেনের মধ্যে সেভাবে কিছু উল্লেখ করেন নি, এখানে টাকার অংক কিছু নেই। আপনি নোটিশ দেবেন, পরে জানাব।

শ্রীশচীন সেন: যে তিনজন অঞ্চল প্রধান দুর্নীতির দায়ে ধরা পড়েছেন, তাঁদের সি. পি. এম. পার্টি থেকে বহিষ্কার করা হয়েছে। আপনি কি জানেন, এঁদের কংগ্রেসীরা নিজেদের দলে গ্রহণ করবেন?

মিঃ স্পীকার: এ প্রশ্ন হয় না।

ডাঃ মানস ভুঁইয়া: যে-সমস্ত অঞ্চল প্রধানদের বিরুদ্ধে এফ. আই. আর. দায়ের করা হয়েছে, এখন কি তাদের মাধ্যমে পঞ্চায়েতের সমস্ত কাজকর্ম—টাকা-পয়সার লেনদেন বা পঞ্চায়েতের মাধ্যমে যে-সমস্ত পরিকল্পনা মাফিক কাজ হয়ে থাকে, সেগুলি করা হচ্ছে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী:- তাদের বিরুদ্ধে তদন্তের কাজ চলছে। তদন্ত চলাকালীন কারোর বিরুদ্ধে কোন স্পেসিফিক অভিযোগ থাকলে—কোন কাজ করান হয় না।

শ্রীরাইচরণ মাঝি : মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবেন কি, কংগ্রেসীদের ১৪ বছরের পঞ্চায়েত আমলে দুর্নীতির দায়ে কতজন গ্রাম পঞ্চায়েত সদস্যকে তাঁরা দল থেকে বিতাড়িত করেছিলেন ?

মি: স্পীকার : এ প্রশ্ন হয় না।

আরামবাগ মহকুমায় পঞ্চায়েত সমিতিকে দেয় অর্থ

*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৬।) **শ্রীআবদুল মান্নান :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের জুলাই মাস হইতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত আরামবাগ মহকুমার বিভিন্ন পঞ্চায়েত সমিতিকে কত টাকা দেওয়া হয়েছে ;

(খ) উক্ত টাকা ব্যয়ে দলীয় স্বার্থের কোন অভিযোগ সরকারের নিকট এসেছে কি ; এবং

(গ) এসে থাকলে, উক্ত ব্যাপারে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) উক্ত সময়ে উক্ত মহকুমার পাঁচটি পঞ্চায়েত সমিতিকে নিম্নোক্ত পরিমাণ টাকা দেওয়া হয়েছে ঃ

পুরশুরা পঞ্চায়েত সমিতি—৯৪,৯৯২ টাকা, আরামবাগ পঞ্চায়েত সমিতি—১,০৫,৬৪৬ টাকা, গোঘাট পঞ্চায়েত সমিতি—১,১৮,৪৩৪ টাকা, খানাকুল-১ পঞ্চায়েত সমিতি—১,০৫,৯৭০ টাকা, খানাকুল-২ পঞ্চায়েত সমিতি—১,০২,৪০৬ টাকা।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আরামবাগ সাব-ডিভিশানে পঞ্চায়েত সমিতিকে সরকার যে টাকা দিয়েছিলেন ওই টাকার সম্পূর্ণ কাগজ-পত্র সরকারের কাছে এসে পৌঁছেছে কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : আপনার প্রশ্নের সঙ্গে উত্তর মিলছে না। সুতরাং আপনি নোটিশ দেবেন আমি জানিয়ে দেব। তবে আমি প্রশ্নের উত্তরে বলেছি যে, অডিটেড এ্যাকাউন্ট আপ-টু ১৯৮২ পর্যন্ত আমরা হিসাব দিয়েছি।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আরামবাগ সাব-ডিভিশনে হিসাব না তৈরীর জন্য কোন ব্যবস্থা নিয়েছেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : কোন হিসাব দেয় নি এইকথা তো ওঠেনি।

বনগ্রাম ব্লকের পাল্লা অঞ্চলকে দেওয়া গম ও টাকা আত্মসাৎ-এর ঘটনা

*৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৭।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে বনগ্রাম ব্লকের পাল্লা অঞ্চলকে দেওয়া গম ও টাকা আত্মসাৎ করা হইয়াছে এই মর্মে কোন সংবাদ সরকারের নিকট আছে কিনা ;

(খ) থাকিলে, উক্ত আত্মসাৎ করা গম ও টাকার পরিমাণ কত ; এবং

(গ) আত্মসাৎকারী ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : গ্রাম পঞ্চায়েতের ১৯৮১-৮২ সালের হিসাবপত্রের অডিট রিপোর্ট অনুযায়ী দেখা যায় যে, গ্রাম পঞ্চায়েতের প্রধান ১৯৮১-৮২ সালে বেশ কয়েকবার বিধি-বহির্ভূত ভাবে ব্যাংক থেকে তাৎক্ষণিক প্রয়োজনের অতিরিক্ত টাকা তুলেছিলেন। ঐ টাকা পরবর্তী কালে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের কাজেই খরচ হয়েছে বলে খবর পাওয়া গেছে। এই সম্পর্কে প্রধানের কাছে রিপোর্ট চাওয়া হয়েছিল এবং তিনি একটি রিপোর্ট পাঠিয়েছেন। বিষয়টি পরীক্ষা করে দেখা হচ্ছে।

গমের হিসাবে গরমিলের কোন খবর নেই।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পাল্লা অঞ্চল প্রধান কোন্ দলের সদস্য ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : এটা জানতে হবে। তবে এটা ক্লীয়ার কেস যে, এতে তহবিল তছরূপের কোন ব্যাপার ছিল না। এতে জমা রাখার নিয়ম ২৫০ টাকা, তবে সে ৪৩ বার টাকা তুলেছে, যার ফলে হাতে যা থাকা উচিত তার বেশী টাকা ছিল। তবে আমরা এনকোয়ারী করছি। এটা তহবিল তছরূপের কোন ব্যাপার

নয়, এটা হচ্ছে সম্পূর্ণ ইরেগুলার ব্যাপার। তিনি ২৫০ টাকা রাখতে পারেন নি, বিভিন্ন সময়ে ওই টাকা উইথড্র করে নিয়েছেন। তবে আমরা এই ব্যাপারে এনকোয়ারী করছি।

শ্রীসুনীতি চট্টরাজঃ এই যে আপনি ইরেগুলার সম্পর্কে বললেন, এই প্রধান যে-কোন রাজনৈতিক দলের অন্তর্ভুক্ত হোন না কেন তাঁর ইরেগুলার এ্যাকটিভিটির বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: আমরা এনকোয়ারী করছি, যদি ইরেগুলার হয়, শাস্তিযোগ্য হয় তাহলে নিশ্চয় শাস্তি দেব। তিনি সি. পি. এম. দলের অন্তর্ভুক্ত হোন, আর নাই হোন—তহবিল তছরূপের ব্যাপারটি জানা গেলেই তাঁর প্রতি কোন মায়া-দয়া করা হবে না, তাঁকে শাস্তি দেওয়া হবে।

স্যাক্সবি ফারমার কোম্পানির লাভ / লোকসান

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭২০।) **শ্রীসরল দেবঃ** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে স্যাক্সবি ফারমার কোম্পানির কত লাভ / লোকসান হইয়াছে ; এবং

(খ) উক্ত কারখানায় লোকসান হইলে উক্ত লোকসান বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

[1.20—1.30 P. M.]

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ (ক) সংস্থাটির আর্থিক বছর জুলাই থেকে জুন পর্যন্ত। সেই জন্য উক্ত সময়ের হিসাব-নিকাশ এখনও করা হয় নাই। তবে উক্ত সময়ে লোকসান ৩৭৫.২২ লক্ষ টাকার মত হইবে বলিয়া অনুমান করা হইতেছে।

লোকসান বন্ধের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করিয়াছেন :

(১) উৎপাদনকে বহুমুখী করিবার জন্য পাম্পসেট, জেনিফোন এবং বক্শন ওয়াগন ব্রেক উৎপাদনের জন্য কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।

(২) উক্ত সময়ের মধ্যে সরকার মোট ২৩৭.৫০ লক্ষ টাকা ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে কোম্পানীকে ধার দিয়াছেন।

(৩) উৎপাদন বৃদ্ধি করিবার জন্য কোম্পানীর কর্মচারীবৃন্দ ও পরিচালন কর্তৃপক্ষকে লইয়া একটি জয়েন্ট কাউন্সিল গঠন করা হইয়াছে।

শ্রীসরল দেব: এই সংস্থায় উদ্বৃত্ত কোন কর্মচারী আছে কিনা?

ডঃ কানাইলাল ভট্টাচার্য: উদ্বৃত্ত কর্মচারী বলতে কিছু নেই।

আসানসোল এলাকার ক্ষুদ্র শিল্পগুলির অচলাবস্থা

*৪১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৫।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল এলাকায় অবস্থিত ক্ষুদ্র শিল্পগুলি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন বৃহৎ শিল্প যেমন—ইষ্টার্ন কোল্ডফিল্ড, ইণ্ডিয়ান আয়রন, সাইকেল কর্পোরেশন প্রভৃতির কাছ থেকে অর্ডার না পাওয়ার ফলে প্রায় বন্ধের মুখে; এবং

(খ) "(ক)" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, ইহাদের বাঁচানোর জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীপ্রলয় তালুকদার: (ক) এরূপ কোন খবর নাই। (খ) প্রশ্ন ওঠে না।

শ্রীবামাপদ মুখার্জী: আসানসোল এলাকায় কতগুলি এ্যানসিলিয়ারী আছে এবং সরকার থেকে তাদের কিভাবে সাহায্য করা হয়?

শ্রীপ্রলয় তালুকদার: ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ সালে দুর্গাপুর আসানসোল এলাকায় কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন বৃহৎ শিল্পগুলি হতে যে পরিমাণ অর্ডার উক্ত ক্ষুদ্র শিল্পগুলি পেয়েছে তাকে সাহায্য করার জন্য সেখানে আমাদের একটি কমিটি আছে এবং এই কমিটি থেকে এগুলিকে কো-অর্ডিনেট করা হয়। এই অর্ডার ক্ষুদ্র শিল্পগুলি পেয়েছে ১৯৮১-৮২ সালে ২ কোটি ১৭ লক্ষ ৪২ হাজার ৮৯৩ টাকার এবং উপকৃত ক্ষুদ্র শিল্পের সংখ্যা ২১৩। ১৯৮২-৮৩ সালে অর্ডারের মূল্যমান হচ্ছে

২ কোটি ৩৫ লক্ষ ৩৩ হাজার ৪৭৯ টাকা, উপকৃতের সংখ্যা হচ্ছে ১৮০। বৃহৎ শিল্প-গুলি যথেষ্ট পরিমাণে অর্ডার যাতে সহযোগী শিল্পগুলিকে দেয় তার জন্য প্ল্যাণ্ট লেভেল কমিটির মাধ্যমে যথাযথ ভাবে ব্যবস্থা গ্রহণ করছেন। দুর্গাপুর আসানসোল এলাকায় কটেজ এণ্ড স্মল স্কেল ডাইরেকটোরেটের একটা এ্যানসিলিয়ারী সেল আছে। এই এ্যানসিলিয়ারী সেল দুর্গাপুরে আছে। এছাড়াও প্ল্যাণ্ট লেভেল কমিটি তৈরী করা হয়েছে। এই কমিটির পক্ষ থেকে এ্যানসিলিয়ারী সংস্থাগুলির সমস্যা বিচার করা হয় এবং তাদের কিভাবে উন্নয়ন করা যায় সে সম্পর্কে পরামর্শ রাজ্য সরকারকে দেয়।

শ্রীসরল দেব: সেখানে বড় বড় শিল্পগুলি পশ্চিম বাংলার বাইরে অফ-লোড করছে, তার ফলে সেখানে অবস্থিত ইঞ্জিনিয়ারিং শিল্পগুলি মার খাচ্ছে—এগুলি বন্ধ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীপ্রলয় তালুকদার: আমাদের কাছে রিপোর্ট আছে সেখানে যে-সমস্ত বড় বড় শিল্প আছে তার মধ্যে অনেকগুলি শিল্প কেন্দ্রীয় সরকারের আণ্ডারটেকিং এবং অনেকগুলি শিল্প রাজ্য সরকারের আণ্ডারটেকিং। এই শিল্পগুলির কিছু অফ-লোড বাইরে যায়। ৬ মাস আগে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের আণ্ডারটেকিংগুলির সঙ্গে আলোচনা করে ঠিক করা হয় প্ল্যাণ্ট লেভেল কমিটি তৈরী হবে এবং এই প্ল্যাণ্ট লেভেল কমিটি ছাড়া আর একটি কমিটি তৈরী করা হয়েছে, যার মধ্যে দিয়ে ষ্টেট এবং সেণ্টারের আণ্ডারটেকিংগুলির সঙ্গে কো-অর্ডিনেট করার ব্যবস্থা করা হয়েছে। এর ফলে সেখানে অফ-লোড অনেক কমে গেছে এবং এখানকার শিল্পগুলি আগের চেয়ে অনেক বেশি অর্ডার পাচ্ছে। এগুলিকে এভাবে ষ্ট্রেংদেন করা হচ্ছে।

সবং থানায় সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প

*৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৪।) **ডাঃ মানস ভুঁইয়া:** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত চার বৎসরের সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্পের অন্তর্ভুক্ত কতগুলি প্রকল্প মেদিনীপুর জেলার সবং থানায় উন্নয়নের জন্য নেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত প্রকল্পগুলি কি কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) ২০৭টি।

(খ) প্রকল্পগুলি নিম্নলিখিত ক্ষেত্রে নেওয়া হয়েছে :
মুদিখানা, ছাগ-পালন, কামারশালা, ছুতারগিরি, মাদুর তৈরী, মাদুরের কাঠি চাষ, সাইকেল সারানো, রেডিও সারানো, ছাতা সারানো, সেলুন, পান-বিড়ি দোকান, রেডিমেড পোশাক, চায়ের দোকান, চানাচুর তৈরী, দরজির কাজ ইত্যাদি।

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বিগত ৬ বছরে ২০০টি মাত্র প্রকল্প আপনারা অনুমোদন করেছেন, আপনাদের যে টার্গেট ছিল সেটা কেন আপনারা সাকসেসফুল করতে পারেন নি, তার অন্তরায় কি কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : প্রধানতঃ ব্যাংকের দিক থেকে বাধাটা আসে। আমি আপনাদের সমস্ত জিনিসটা দিয়ে দিচ্ছি, তাহলে জিনিসটা বুঝতে পারবেন। সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্পে সবং থানা এলাকার জন্য এপর্যন্ত ২০৭টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এর মধ্যে ১৫৫টি প্রকল্পের জন্য অর্থ খরচ করা হয়েছে এবং মোট অনুদানের পরিমাণ ৬২ হাজার ৩৮০ টাকা। অনুদানের ৫০ পার্সেন্ট কেন্দ্রীয় সরকার এবং বাকি ৫০ পার্সেন্ট রাজ্য সরকার বহন করেন। এই প্রকল্পের মাধ্যমে কমপক্ষে ১৫৫টি পরিবার সাহায্যপ্রাপ্ত হয়েছে। ১৯৭৮ সাল থেকে ১৯৮২ সালের মার্চ পর্যন্ত কোন প্রকল্প ব্যাংকে পাঠান হয় নি। ১৯৮২-৮৩'তে ৩৮৯টি প্রকল্প ব্যাংকে পাঠান হয়েছে। এর মধ্যে ২০০টি ইউ বি আই (সবং), ৪০টি ইউ বি আই (জলচক) এবং ১৪৯টি বিদ্যাসাগর কেন্দ্রীয় সমবায় ব্যাংক (সবং)-এ পাঠান হয়েছে। এই প্রকল্পগুলিতে ৩৮৯টি পরিবার জড়িত। সংশ্লিষ্ট প্রকল্পগুলিতে প্রদেয় অনুদানের পরিমাণ ১ লক্ষ ৯২ হাজার ৬২৪ টাকা এবং ঋণের পরিমাণ ৬ লক্ষ ৬৮ হাজার ৫২৩ টাকা। মোট ৬৩টি প্রকল্প ব্যাংক বাতিল করেছেন। এর মধ্যে ইউ বি আই (সবং) ৫০টি, ইউ বি আই (জলচক) ১টি এবং বিদ্যাসাগর সমবায় ব্যাংক ১২টি প্রকল্প বাতিল করেছেন। এখন পর্যন্ত ১১৯টি প্রকল্প ব্যাংকে বিবেচনার জন্য পড়ে আছে। এর মধ্যে ৮০টি ইউ বি আই (সবং) ও ৩৯টি ইউ বি আই (জলচক)-এর বিবেচনাধীন আছে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ বিদ্যাসাগর কো-অপারেটিভ ব্যাংকের যে খবর আমার াছে আছে মাননীয় মন্ত্রী মহাশয়ের জ্ঞাতার্থে জানাই যে, পঞ্চায়েত প্রধানদের নভিজ্ঞতার জন্য এবং ইণ্ডাষ্ট্রিয়াল এক্সটেনশান অফিসারদের ভুল প্ল্যানিং-এর ন্য যে স্কীম তৈরী হয়েছিল তার জন্য সাধারণ মানুষ ৭৮ থেকে ৮২ জন বং থানায় সাফার করেছেন। এর জন্য আপনি ডিপার্টমেন্টাল এ্যাকশান ক কি নিয়েছেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ আমি আগেই বললাম মূল বাধা হচ্ছে ব্যাংক। আগে ্যাংক নানাভাবে বাতিল করতেন। সেজন্য আমরা ব্যাংকের সংগে মিটিং করি এবং িটিং করে ব্যাংককে বলি আপনারা একটা মডেল ফর্ম করে দিন, সেগুলি ফিল- াপ করে দেব। কিন্তু ব্যাংকের তৈরী করা মডেল ফরম ঠিকভাবে পূরণ করা ত্ত্বেও আবার তাঁরা বাতিল করছেন। সেজন্য মিটিং করছি, আগামী শনিবার ামীণ ব্যাংকের এইসব কাজগুলি করার জন্য প্রণববাবুর সংগে আমাদের মুখ্যমন্ত্রী সবেন। সেজন্য সেগুলি সর্ট আউট করার জন্য আমরা চেষ্টা করছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আই. ডি পি. ্মের মাধ্যমে গ্রামাঞ্চলে স্যালো টিউবওয়েলের প্রকল্প অনুমোদিত হয় কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ এটা এই প্রকল্পের মধ্যে পড়ে না, স্যালো টিউবওয়েল ন্য রকম প্রকল্প।

মুরারই ২ নং পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অভিযোগ

*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০১।) ডাঃ মোতাহার হোসেন : পঞ্চায়েত সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারই ২ নং পঞ্চায়েত সমিতির অপসারিত সভাপতি কোন ফৌজদারী মামলার সাথে জড়িত কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত সভাপতি কতগুলি মামলার সাথে জড়িত ; এবং

(গ) কোন্ কোন্ তারিখে কি কি অভিযোগের ভিত্তিতে উক্ত মামলাগুলি দায়ের করা হইয়াছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত সভাপতি একটি ফৌজদারী মামলার সাথে জড়িত।

(গ) ১২.১০.৮২ তারিখে উক্ত সভাপতির বিরুদ্ধে অপরাধের সাক্ষ্যপ্রমা লোপ করা ও ইচ্ছাকৃত ভুল তথ্য সরবরাহ করার অভিযোে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে।

[1.30—1.40 P. M.]

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন্ সালের কোন্ মাে এই মামলাটা দায়ের হয়েছে ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ ভারতীয় দণ্ডবিধির ২০১ ধারা অনুযায়ী এবং ভারতীয় বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত আইনের ৯ (৩) ধারা অনুযায়ী স্থানীয় ফৌজদারী আদালতে ১২.১০.৮২ তারিখে কেস দায়ের করা হয়েছে এবং কেস-এর নম্বর হচ্ছে ৮। উক্ত কেস সম্পর্কে কোন রিপোর্ট এখনও পাওয়া যায় নি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই মামলায় এখনও পর্যন্ত চার্জশিট হয়েছে কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ সেই রিপোর্ট এখনও পাওয়া যায় নি। চার্জশিট হয়েছে কিনা আমি খবর নেব।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সভাপতি কোন্ পার্টির অন্তর্ভুক্ত।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ নোটিশ দিতে হবে।

পশ্চিম দিনাজপুর জেলার "রসাখোয়া" হাট পরিচালনা

*৪২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৭।) **শ্রীদীপেন্দ্র বর্মণ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার "করণদীঘি পঞ্চায়েত সমিতি" কতদিন

থেকে "রসাখোয়া" হাটের পরিচালনা এবং আর্থিক দায়িত্বভার গ্রহণ করেছে ;

(খ) ১৯৮১ সালের জুন মাস হইতে এপর্যন্ত উক্ত হাটের টোল কালেকশন বাবদ টাকার হিসাব পাওয়া যাচ্ছে না—এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা ;

(গ) থাকলে, উক্ত আদায়ীকৃত টাকার আনুমানিক পরিমাণ কত ;

(ঘ) উক্ত ব্যাপারে কোন ব্যক্তিকে দায়ী করা হয়েছে কিনা ; এবং

(ঙ) করা হলে, উক্ত দায়ী ব্যক্তির বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) "করণদীঘি পঞ্চায়েত সমিতি" ইং ২০.৪.৮০ তারিখ থেকে "রসাখোয়া" হাটের পরিচালনা ও আর্থিক দায়িত্বভার গ্রহণ করেছে।

(খ) হ্যাঁ, হাটের হিসাব সম্পর্কে কিছু গরমিলের সংবাদ ১৯৮২ সালের অক্টোবর মাসে ইসলামপুরের মহকুমা শাসক পেয়েছেন।

(গ) ১৯৮১-এর জুন মাস থেকে ১৯৮৩-এর মার্চ মাস পর্যন্ত উক্ত হাটের টোল বাবদ আদায়ীকৃত অর্থের পরিমাণ ১,৬২,৪৭১ টাকা ১১ পয়সা।

(ঘ) বিষয়টি এখনও তদন্তাধীন বলিয়া কোন ব্যক্তিকে এখন পর্যন্ত এব্যাপারে দায়ী করা হয় নি।

(ঙ) প্রশ্ন উঠে না।

Starred Questions (to which oral answers were given)

খড়্গপুর স্কুটার কারখানার নির্মিত স্কুটার

*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্য সরকার নিয়ন্ত্রিত খড়্গপুরের স্কুটার কারখানার স্কুটার কবে নাগাদ বাজারে ছাড়া হবে বলে আশা করা যায় ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক যৌথ উদ্যোগে গঠিত West Bengal Scooter Ltd., নামক সংস্থাটি খড়্গপুর কারখানায় ১৯৭৫ সালের ডিসেম্বর মাস হতেই বাণিজ্যিক উৎপাদন শুরু করে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : এই কারখানায় বছরে কতগুলি স্কুটার নির্মাণ করবার পরিকল্পনা আছে জানাবেন কি?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : গত ফেব্রুয়ারী মাস থেকে এই কারখানাটা বন্ধ হয়ে গেছে। বিগত কয়েক মাস ধরে এখানে কোন স্কুটার উৎপাদন হয় নি। এখানে স্কুটার উৎপাদন করার লক্ষ্য ছিল বছরে ২৪ হাজার। কিন্তু কোন সময়ই ২৪ হাজার করা যায় নি, তার চেয়ে অনেক কম প্রোডাকশন হয়েছিল।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : এই যে-সব স্কুটার বাজারে চলে রাজদূত ইত্যাদি, এগুলির চেয়ে এর দাম কম হবে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : কম হবে না—বরং একটু বেশী হবে। কত বেশী হবে তা এখন বলতে পারবো না—নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কারখানাটি কোন সালে স্থাপিত হয়েছিল?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : ১৯৭৫ সালে।

শ্রীকৃপাসিন্ধু সাহা : মন্ত্রী মহাশয় বল্লেন যে, গত ফেব্রুয়ারী মাস থেকে কারখানাটি বন্ধ আছে—কি কারণে বন্ধ আছে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : তার কারণ এই কারখানায় স্কুটার তৈরী হয় না, এসেমবল করা হয়। একটি কেন্দ্রীয় সংস্থা স্কুটারস (আই) লিঃ এদের এই সমস্ত পাওয়ার প্যাক এ্যানসেলারিজ ইত্যাদি সরবরাহ করে। সেখান থেকে আর কোন জিনিস সরবরাহ পাওয়া যায় নি। সেইজন্য কারখানাটি বন্ধ হয়ে গেছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে, লেবার ট্রাবেলের জন্য কারখানাটি বন্ধ হয়ে গেছে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মোটেই একথা ঠিক নয়। এই স্কুটারস (আই) লিঃ-এর ছরে ২৪ হাজার পাওয়ার প্যাক দেবার কথা এবং এই পাওয়ার প্যাক যদি তারা তে পারতো তাহলে এই কারখানাটি একটা লাভের কারখানা তৈরী হত।

শ্রীঅম্বিকা ব্যানার্জি ঃ কিন্তু অন্যান্য জায়গায় স্কুটার তো তৈরী হচ্ছে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ সেটা প্রাইভেট।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ আপনার সমস্ত ইনফ্রাসট্রাকচার আছে। সামান্য যেটা লছেন, সেটার সাপ্লাই অন্য জায়গা থেকে অলটারনেটিভ কোন ব্যবস্থা রেছেন কি?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ অলটারনেটিভ চিন্তা করা হচ্ছে। নো-হাউ অন্য দশ থেকে নিয়ে আসা বা আমরা কোন পাওয়ার প্যাক করতে পারি কিনা, সেটা চিন্তা-ভাবনা হচ্ছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ এই চিন্তা-ভাবনা বন্ধ হবার কতদিন পরে হচ্ছে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ এই চিন্তা-ভাবনা অনেক দিন আগে থেকেই করা শুরু হয়েছে। তবে এর পিছনে অনেক টাকা লাগবে। আর এখানে ৩ কোটি টাকা অলরেডি লোকসান হয়েছে।

উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৮।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশন উত্তরবঙ্গের কোন্ কোন্ জেলায় বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করেছে; এবং

(খ) উক্ত কমিশন এযাবৎ পশ্চিম দিনাজপুর জেলায় কোন্ কোন্ স্থানে বন্যা নিয়ন্ত্রণের জন্য স্থায়ী বা অস্থায়ী ব্যবস্থা করেছে?

শ্রীননী ভট্টাচার্য ঃ (ক) নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশন উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কুচবিহার ও দার্জিলিং জেলায় বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করেছে।

(খ) উক্ত কমিশন পশ্চিম দিনাজপুর জেলায় কোন স্থায়ী বা অস্থায়ী বন্যা-নিয়ন্ত্রণের ব্যবস্থা করে নাই। কারণ এই জেলা নর্থ বেঙ্গল ফ্লাড কণ্ট্রোল কমিশনের আওতাভুক্ত নহে।

তবে পশ্চিম দিনাজপুর জেলায় কয়েকটি স্থানে বন্যা নিয়ন্ত্রণের জন্য পশ্চিম দিনাজপুর সেচভুক্তি পূর্বে কয়েকটি পরিকল্পনা গ্রহণ করিয়াছিল, তাহাদের বিবরণ সংক্ষিপ্তাকারে নীচে দেওয়া হল :

১। **গাজোল ফ্লাড কণ্ট্রোল এম্‌ব্যাঙ্কমেণ্ট :**

ইটাহার ও রায়গঞ্জ থানার অন্তর্ভুক্ত। দৈর্ঘ্য ২৫.১৯ কিমিঃ, কুলিক, নগর, সুই ও মহানন্দা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল। আনুমানিক ৪৫ বর্গ মাইল এলাকা বন্যা নিয়ন্ত্রিত হইয়াছে। পরিকল্পিত ব্যয় ১ কোটি টাকা।

২। **রায়গঞ্জ টাউন প্রোটেকশন এম্‌ব্যাঙ্কমেণ্ট :**

রায়গঞ্জ থানার অন্তর্গত। দৈর্ঘ্য ৩.৭৫ কিমিঃ, কুলিক নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য পরিকল্পনা রচনা করা হয়। ১৭ বর্গ মাইল এলাকা বন্যা নিয়ন্ত্রিত হইয়াছে। পরিকল্পনা ব্যয় ৪৩ লক্ষ ৮ হাজার টাকা।

৩। **বালুরঘাট টাউন প্রোটেকশন এম্‌ব্যাঙ্কমেণ্ট :**

বালুরঘাট থানার অন্তর্গত। দৈর্ঘ্য ১.২৩ কিমিঃ, আত্রাই নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য পরিকল্পনা রচনা করা হইয়াছিল। ৩ বর্গমাইল এলাকা বন্যা নিয়ন্ত্রিত হইয়াছে। পরিকল্পিত ব্যয় ৪৭ লক্ষ ২৫ হাজার টাকা।

[1.40—1.50 P.M.]

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে—পশ্চিম দিনাজপুর জেলার ক্ষেত্রে যে-সমস্ত এলাকার নদীতে বন্যা নিয়ন্ত্রণের জন্য কাজ করা ইতিপূর্বে হয়েছে এবং বর্তমানে সেই সমস্ত ব্যবস্থাগুলো যে আবার নষ্ট হয়ে যাচ্ছে সেগুলো কি ভাবে দেখাশোনা করা হচ্ছে ?

শ্রীননী ভট্টাচার্য : নষ্ট হয়ে যাচ্ছে এই রকম একটাও রিপোর্ট পাই নি। আমি নিজে গিয়েছি, সেই রকম তো কিছু মনে হয় নি।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমানে কিভাবে দেখাশোনা করা হচ্ছে ?

শ্রীননী ভট্টাচার্যঃ আমাদের ওখানে যে-সব ইঞ্জিনীয়ার আছেন, তাঁরা সেগুলি দেখাশোনা করেন। এস. ডি. ও. দেখাশোনা করেন। ওখানে ওয়ার্ক এ্যাসিসটেন্ট আছেন, তাঁরা দেখাশোনা করেন। এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ারের সুপারভিশনে দেখাশোনার কাজ চলে।

শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ আমি জানতে চাই যে, অন্যান্য জায়গায় আরও বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থার প্রয়োজন আছে, এখন খোঁজ নিয়ে জানাবেন কি যে-সমস্ত এলাকায় এখন বন্যা হয়, তা বন্ধ করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রীননী ভট্টাচার্যঃ খুবই ভেগ প্রশ্ন হল। নোটিশ দেবেন। আমি বলে দেব।

শ্রীহাজারী বিশ্বাসঃ নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনের মধ্যে মালদহ এবং মুর্শিদাবাদ জেলা যদি পড়ে থাকে তাহলে সেখানে বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা হচ্ছে না কেন ?

শ্রীননী ভট্টাচার্যঃ নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনের মধ্যে মুর্শিদাবাদ পড়ে নি, মালদহ পড়ে না।

ময়ূরাক্ষী ক্যাচমেন্ট এলাকায় বৃক্ষরোপণ

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মৃত্তিকা সংরক্ষণের জন্য ময়ূরাক্ষী ক্যাচমেন্ট এলাকায় বৃক্ষরোপণের কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে ?

শ্রীপরিমল মিত্রঃ ময়ূরাক্ষীর অববাহিকা অঞ্চলে মৃত্তিকা সংরক্ষণের জন্য বৃক্ষরোপণের যে কর্মসূচী গ্রহণ করা হয়েছে তা কেলেঘাই ও ময়ূরাক্ষীর অববাহিকা অঞ্চলে পাইলট প্রকল্পের অন্তর্ভুক্ত। এই প্রকল্পের মাধ্যমে ময়ূরাক্ষী অববাহিকা অঞ্চলে ১৯৮১-৮২ সাল থেকে পাঁচ বছরের মধ্যে ২০০০ হেক্টর জমিতে বৃক্ষরোপণ করার প্রস্তাব আছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ এখন পর্যন্ত ক'টা গাছ লাগান হয়েছে ?

শ্রীপরিমল মিত্র: প্রায় ৭৫ হেক্টর জমিতে গত বছর হয়েছে, এবার আরও হবে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য: কিছুদিন আগে কিছু কিছু বাদাম চাষের জন্য গাছের চারা ময়ূরাক্ষী ক্যানেলের ওপর রোপণ করা হয়েছিল, সেইগুলো এখন কি বেঁচে আছে?

শ্রীপরিমল মিত্র: তা বলতে পারব না।

শ্রীসুনীতি চট্টরাজ: ৭৫ হেক্টর জমিতে বৃক্ষরোপণ করেছেন বলছেন, এতে খরচ কত হয়েছে?

শ্রীপরিমল মিত্র: নোটিশ দেবেন, বলে দেব।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই যে ভূমি সংরক্ষণ করার দায়িত্ব, এই দায়িত্ব কি বনবিভাগ পালন করেন?

শ্রীপরিমল মিত্র: নদীর পাড়ে যেটা সেটা বনবিভাগ পালন করেন কোন কোন প্রকল্পে।

কুলতলী পঞ্চায়েত সমিতির এলাকাধীন হেড়োভাঙ্গা-কিশোরীমোহনপুর রাস্তা

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৮।) **শ্রীপ্রবোধ পুরকাইত:** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন উন্নয়ন পর্ষদ) বিভাগের মন্ত্রী মোহদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুলতলী পঞ্চায়েত সমিতির এলাকাধীন হেড়োভাঙ্গা থেকে কিশোরীমোহনপুর পর্যন্ত যে মাটির রাস্তাটি নির্মিত হয়েছে তা আই এফ এড স্কীমের অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা, এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত রাস্তায় ইট পাতার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

শ্রীপ্রভাসচন্দ্র রায়: (ক) বিবেচনাধীন।

(খ) চূড়ান্ত সিদ্ধান্তের পর সময়সীমা নির্ধারণ করা সম্ভব।

(No Supplementary)

মাথাভাঙা পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণ

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৩।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মাথাভাঙা-১ নং ও মাথাভাঙা-২ নং পঞ্চায়েত সমিতির অফিসগৃহ নির্মাণের জন্য বর্তমানে কোন বাধা আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত বাধাগুলি কি কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) মাথাভাঙা-১ নং সম্পর্কে বাধা আছে। মাথাভাঙা-২ নং সম্পর্কে বাধা নেই।

(খ) মাথাভাঙা-১নং পঞ্চায়েত সমিতি তথা ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হয় নি। মাথাভাঙা ২ নাম্বার সম্পর্কে এরূপ প্রশ্ন উঠে না।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : মন্ত্রী মহাশয় কি অবগত আছেন, মাথাভাঙা-২ নং পঞ্চায়েত সমিতির জন্য প্রাইভেট ব্যক্তি ইতিমধ্যেই জমি দান করেছেন?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : মাথাভাঙা-২নং সম্বন্ধে কিছু বলা নেই, ১নং সম্বন্ধে বলা আছে। তার কারণ ১নং পঞ্চায়েত সমিতি তথা ব্লকের অফিস গৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হয় নি।

*৪৯২। **স্থগিত।**

"বাঁকুড়া-রানীগঞ্জ" রেল লাইনের জন্য জমি অধিগ্রহণ

*৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৭।) **শ্রীশান্তিরাম মাহাত, শ্রীসুভাষচন্দ্র মাহাত** এবং **শ্রীকাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার বাঁকুড়া-রানীগঞ্জ ভায়া মেজিয়া রেল লাইনটির জন্য কি পরিমাণ জমি অধিগ্রহণ করিতে নির্দেশ দিয়াছেন;

(খ) উক্ত রেল লাইনের জন্য কি পরিমাণ জমি এ পর্যন্ত অধিগ্রহণ করা হইয়াছে, এবং

(গ) উক্ত অধিগ্রহণ বাবদ এ পর্যন্ত কত ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : (ক) এ পর্যন্ত বাঁকুড়া-রাণীগঞ্জ ভায়া মেজিয়া রেল লাইনটির জন্য রেলওয়ের কর্তৃপক্ষের নিকট হইতে কোন জমি অধিগ্রহণের প্রস্তাব পাওয়া যায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীকাশীনাথ মিশ্র : বাঁকুড়া-রাণীগঞ্জ ভায়া মেজিয়া রেল লাইনের কোন প্রস্তাব রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছেন কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : দক্ষিণ-পূর্ব রেলের চীফ্ ইঞ্জিনিয়ারের প্রস্তাবক্রমে এবং স্বরাষ্ট্র পরিবহণ বিভাগের নির্দেশক্রমে ১৮৯৪ সালের আইনের ৪ ধারা অনুযায়ী ৭-৭-৮২ তারিখে বিষয়টি ক্যালকাটা গেজেটে প্রকাশিত হয়েছে। জমি অধিগ্রহণের জন্য অনুরূপ প্রস্তাব এ পর্যন্ত রেল কর্তৃপক্ষের নিকট হইতে পাওয়া যায় নি। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, আমাদের এখানকার শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ২৪-৩-৮৩ তারিখে কেন্দ্রীয় রেল মন্ত্রীর নিকট প্রস্তাবিত এই রেল পথটির কাজ ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানিয়েছেন।

শ্রীউপেন্দ্র কিসকু : কেন্দ্রীয় সরকার রেল পথটির নির্মাণের প্রস্তাব বাতিল করেছেন—এই রকম কোন খবর আপনার কাছে আছে কি?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : বাতিলের কোন খবর নেই।

বাঁকুড়া জেলায় চীনামাটি ওয়াশারি প্রকল্প

*৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৮।) **শ্রীমোহিনীমোহন পাণ্ডা :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় রাজ্য সরকারের উদ্যোগে চীনামাটি ওয়াশারি প্রকল্পটি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত প্রকল্পটি সরকার অনুমোদন করিয়াছেন কিনা ; এবং

(গ) করিয়া থাকিলে, উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীপ্রলয় তালুকদার : (ক) এই প্রকল্পটি বাস্তবায়িত করিবার জন্যে পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প নিগমের অধীনে একটি সহযোগী সংস্থা (Subsidiary Company) গঠনের কাজ হাতে নেওয়া হইয়াছে। ইহা ছাড়া এই প্রকল্পটির জন্য বাঁকুড়া জেলার পাটাখোলা মৌজায় ৫ একর জমি পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগমকে দীর্ঘমেয়াদী লিজে হস্তান্তরিত করিবার ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ড অব রেভিনিউকে অনুরোধ করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) এখনই বলা সম্ভব নহে।

শ্রীকাশীনাথ মিশ্র : বাঁকুড়া জেলায় কোন্ গ্রেডের চায়না ক্লে কোথায় কোথায় পাওয়া যায়, এটা বলতে পারবেন কি ?

শ্রীপ্রলয় তালুকদার : আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

শ্রীমোহিনী মোহন পাণ্ডা : এই প্রকল্পের জন্য সরকার কত টাকা মঞ্জুর করেছেন ?

শ্রীপ্রলয় তালুকদার : আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব। কারণ বাজেটের পরে সব এ্যালোকেশন করা হবে। নোটিশ দিলে পরে বলে দিতে পারব।

শ্রীউপেন্দ্র কিসকু : এই প্রকল্পে আনুমানিক কত ব্যক্তির কর্মসংস্থান হবে ?

শ্রীপ্রলয় তালুকদার : নোটিশ না দিলে এটা বলা যাবে না, কারণ আমাদের কনসালটেন্সি অর্গানাইজেশন একটি প্রজেক্ট রিপোর্ট দিয়েছেন। নোটিশ দিলে সেটা দেখে আমি বলতে পারব।

সল্ট লেক এলাকায় ইলেকট্রনিক শিল্প

*৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০।) **শ্রীঅনিল মুখার্জী :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার সল্ট লেক এলাকায় ইলেকট্রনিক-এর শিল্প কারখানা তৈরি করার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে লেটার অব ইনটেন্ট ও লাইসেন্স ইস্যু করিয়াছেন কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত প্রকল্পটি কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : (ক) রাজ্য সরকার সরাসরি কোন লেটার অব ইন্‌টেন্ট বা ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স পায় নি। তবে রাজ্য সরকারের একটি সংস্থা ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইণ্ডাষ্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড সল্ট লেক এলাকায় ইলেকট্রনিক্স সামগ্রী প্রস্তুত প্রকল্প স্থাপনের জন্য একটি শিল্প (ইণ্ডাষ্ট্রিয়াল) লাইসেন্স এবং তিনটি লেটার অব ইনটেন্ট পেয়েছে।

(খ) ঐগুলির মধ্যে তিনটি প্রকল্প ১৯৮৩ সালে এবং অপরটি ১৯৮৫-৮৬ সাল নাগাদ রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়।

[1.50—2.00 P.M.]

শ্রীসরল দেব : সংবাদপত্রে বেরিয়েছে যে, কেন্দ্রীয় সরকার সল্ট লেকে ইণ্ডাষ্ট্রীয়াল লাইসেন্স ইলেকট্রনিক্সের ব্যাপারে দিচ্ছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কি কারণে তাঁরা দিচ্ছেন না ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : এ ক্ষেত্রে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। আমরা কখনও বলি নি যে, কেন্দ্রীয় সরকার আমাদের লাইসেন্স সল্ট লেকে দিচ্ছেন না ইলেকট্রনিক্সের ব্যাপারে। আমরা বলেছি, কেন্দ্রীয় সরকারের একটা বড় ইলেকট্র-নিক্সের কারখানা সল্ট লেকে স্থাপন করার কথা ছিল ১০০ কোটি টাকার। এর জন্য আমরা ১০০ একর জমি দিয়েছিলাম, ফ্ল্যাট করে দেব বলেছিলাম, জল, ইলেকট্রিসিটি সব দেব বলেছিলাম, কিন্তু তা সত্ত্বেও তাঁরা আসছেন না এখানে করতে। আর আমাদের করার জন্য কেন তারা লাইসেন্স দেবেন না ?

শ্রীসরল দেব : কেন্দ্রীয় সরকারকে ১০০ একর জমি দেবার পরও তাঁরা কি কারণে আসছেন না সেটা কি তাঁরা জানিয়েছেন ?

ডঃ কানাইলাল ভট্টাচার্য : এ প্রশ্ন ওঠে না।

কেলেঘাই নদী সংস্কার

*৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮০।) ডাঃ মানস ভুঁইয়া ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার কেলেঘাই নদী সংস্কারের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এই প্রকল্পের অন্তর্গত ২৪ মাইল খাল সংস্কার ও তাহার উভয় তীরবর্তী বাঁধ এবং ৩৫টি স্লুইস নির্মাণের কাজ হইয়াছে, অবশ্য এখনও বাকি আছে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ কেলেঘাই-এর যে-সমস্ত কাজ বাকি আছে সে সম্পর্কে কথা বলতে গিয়ে আমরা জেলা কর্তৃপক্ষের কাছ থেকে মাঝে মাঝে শুনতে পাই যে, এই স্কীমটা নাকি এ্যাবানডাণ্ড করে দিচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এ সম্পর্কে তাঁর মতামত জানাবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এ্যাবানডাণ্ড করার প্রশ্ন আমার কাছে আসে নি বা কেউ ঐ খবর আমাকে দেয় নি। ব্যাপার হচ্ছে একটা রিভাইজড এস্টিমেট করা হয়েছে। যতদূর পর্যন্ত হয়েছে তা করতে গিয়ে খরচ হয়েছে ৫ কোটি ৪২ লক্ষ টাকা। আমাদের সেই সময় বরাদ্দ ছিল ৫ কোটি ৩৪ লক্ষ টাকা—এষ্টিমেট ছিল। বাকি কাজটা শেষ করবার জন্য ২ কোটি ৩১ লক্ষ টাকার রিভাইজড এষ্টিমেট তৈরী করা হচ্ছে এবং তা পরীক্ষাধীন আছে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, শেষ প্রান্তের সংস্কারের কাজটা যদি না হয় তাহলে শুধু সবং নয়, পটাশপুর, ভগবানপুর, কণ্টাই সাবডিভিশানের একটা বিরাট অংশ বন্যা হলে সাংঘাতিক অবস্থায় পড়বে। মাননীয় মন্ত্রী মহাশয় শেষ প্রান্তের কাজটা ত্বরান্বিত করার জন্য এবং রূপায়িত করার জন্য ব্যক্তিগত উদ্যোগ নেবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য ঃ ব্যক্তিগত উদ্যোগ নিশ্চয় থাকবে, তবে টাকা-পয়সার অভাবের কথাটাও মনে রাখতে হবে। বাজেট আলোচনা আপনারা শুনেছেন। বাজেটের পর কি হবে তা এখনই পরিষ্কার বলতে পারছি না।

বৃক্ষরোপণে কেন্দ্রীয় সাহায্য

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃক্ষরোপণের জন্য কেন্দ্রীয় সরকার কোন আর্থিক সাহায্য মঞ্জুর করেন কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর হঁ্যা হইলে, ১৯৮২ সালের মার্চ মাস হইতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত উক্ত খাতে কেন্দ্রের সাহায্যের পরিমাণ কত; এবং

(গ) উক্ত সময়ে উক্ত খাতে রাজ্য সরকারের দাবির পরিমাণ কত ছিল ?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) হঁ্যা।

(খ) ছাপান্ন লক্ষ তের হাজার টাকা।

(গ) পঁচাশি লক্ষ উনচল্লিশ হাজার টাকা।

শ্রীদেবসরণ ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, বাকীটা পাবার কোন সম্ভাবনা আছে কি না ?

শ্রীপরিমল মিত্র ঃ গতবারের টাকা কি করে পাওয়া যাবে।

*৪৯৮। **Not Called.**

Small Scale Industrial Units

***499.** (**Admitted question No. *2195.**) **Shri SUMANTA KUMAR HIRA :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state the number of small scale industrial units with final and permanent registration in the Register of the Directorate of Cottage and Small Scale Industries of the State with corresponding employment during the financial years 1976-77 and 1981-82 respectively ?

Shri Pralay Talukdar : The figures are as follows :

	Year	No. of units with permanent/final registration	Employment
1.	1976-77	4060	27,852 persons
2.	1981-82	5996	44,790 persons

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, রেজিষ্ট্রেশান াধ্যতামূলক কিনা এবং রেজিষ্টারড ইউনিটের সংখ্যা কত আছে ?

শ্রীপ্রলয় তালুকদার : স্মল স্কেল রেজিষ্ট্রেশান বাধ্যতামূলক নয়। যাঁরা ।জিষ্ট্রেশান নেন বা পান, তাঁরা সরকারের বিভিন্ন রকম সুযোগ পান, সাবসিডি, র্জিন মানি ইত্যাদির। আর যাঁরা রেজিষ্ট্রেশান নেন না, অথচ ইণ্ডাষ্ট্রি চালান ারা এই সব সরকারী সাহায্য পান না। আর ৩১।৩।৮২ পর্যন্ত যা ফিগার আছে াতে দেখা যাচ্ছে রেজিষ্টার্ড সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৯ হাজার। আরো জিনিসটা রিষ্কার ভাবে বোঝার জন্য ডিটেলড সেনসাস করা হচ্ছে, সেটা আমি বাজেট স্পীচে লেছি। ডিটেলড সেনসাস করার পরে বোঝা যাবে এ্যাকচুয়াল রেজিষ্টার্ড-এর ংখ্যা কত এবং তারা কিভাবে চলছে, না চলছে।

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ১৯৮৩-৮৪ সালে ত ইউনিটকে রেজিষ্ট্রেশান দেবেন, এই রকম কোন লক্ষ্যমাত্রা ঠিক করা াছে কি ?

শ্রীপ্রলয় তালুকদার : ১৯৮৩-৮৪ সালে আমরা ১৩ হাজার ইউনিটকে জিষ্টার্ড করবো।

শ্রীকৃপাসিন্ধু সাহা : মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, এই রেজিষ্ট্রেশান াতে গেলে সেই দপ্তরে প্রচুর পরিমাণে হয়রানি হতে হয়, এটা কি আপনার জানা াছে ?

শ্রীপ্রলয় তালুকদার : হয়রানি হতে হয় এই রকম অজুহাত আছে। তবে া যাতে কম হয় তার জন্য কিছু ব্যবস্থা ইতিমধ্যে নিয়েছি, এখনও নিচ্ছি এবং াগামীদিনেও কিছু ব্যবস্থা নেব।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই হয়রানি বন্ধ ার জন্য কি কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন ?

শ্রীপ্রলয় তালুকদার : হয়রানি বন্ধ করার জন্য প্রতিটি জেলায় একটা করে

মডেল এজেন্সি তৈরী করেছি এবং তাঁরা সমস্ত জিনিসটা খতিয়ে দেখছেন এবং জেলা পরিষদের সভাধিপতি আছেন, ডি এম আছেন, তাঁরা এগুলি দেখছেন। তাছাড়া রেজিষ্ট্রেশান সম্পর্কে আরো কিছু গাইড লাইন তৈরী করা হচ্ছে, সেই গাইড লাইন ডি আই সি-কে দিয়ে দেবো। তাতে আশা করছি হয়রানি যেটুকু আছে সেটা বন্ধ হবে। গত ৫/৬ বছরে অনেক কমেছে। অতীতে হয়রানির অভিজ্ঞতা যাঁদের আছে তাঁরা এটা স্বীকার করেছেন।

[2.00—2.10 P.M.]

Shri Rajesh Khaitan : Will the Hon'ble Minister-in-charge be pleased to enlighten the House as to the places for which registration is being made and the area to set up small scale industries and whether such registrations are made on paper and how many of such industries have been closed down ?

শ্রীপ্রলয় তালুকদার : কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ডাইরেক্টরেট থেকে যে-সমস্ত রেজিষ্ট্রেশানগুলি দিয়েছি, সে-সমস্তগুলির মধ্যে কিছু কিছু ইউনিট চলছে। তথাপি সমস্তগুলির কোন্‌টির কি সমস্যা আছে, না আছে, তা নিয়ে একটা ডিটেলস সেনসাস্ করছি, স্যামপেল সেনসাস নয়, সেই ডিটেলস্ সেনসাস রিপোর্ট পাওয়ার পর আমরা অবস্থাটা বুঝতে পারব। যেখানে এক লক্ষের ওপর রেজিষ্টার্ড ইউনিট আছে সেখানে ডিটেলস সেনসাস ছাড়া কোন কিছু করা সম্ভব নয়। আমি আমার বাজেট স্পীচে বলেছিলাম যে, আমরা সেনসাস শুরু করছি। আশা করছি, আগামী দু'মাসের মধ্যে সেনসাস শুরু করে রিপোর্ট পেয়ে যাব এবং তখন আমরা বুঝতে পারব কোন্ কোন্ ইউনিট চলছে, কোন্ কোন্ ইউনিট চলছে না, কোথায় কি সমস্যা আছে আমরা জানতে পারব। কলকাতা বাদে প্রত্যেক জেলায় ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিয়াল সেণ্টার আছে। ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিয়াল সেণ্টার করার জন্য গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার মাধ্যমে যেতে হয়। গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার স্কীমে বলা আছে মেট্রোপলিটন সিটিতে ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিয়াল সেণ্টার করা হবে না। সেই জন্য কলকাতায় নেই। তবে কলকাতায় একটা রেজিষ্ট্রেশান অফিস আছে, ৬৭, বেনটিঙ্ক ষ্ট্রীট, সেখানে গিয়ে যাঁরা স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি কলকাতায় করতে চান তাঁরা তা করতে পারেন।

Starred Questions

(to which answers were laid on the table)

২৪-পরগনা জেলার ময়দা গ্রাম পঞ্চায়েত উপ-প্রধানের বিরুদ্ধে অভিযোগ

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৯।) **শ্রীকৃষ্ণধন হালদার:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় জয়নগর ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত ময়দা গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান গত ৮ই ফেব্রুয়ারি, ১৯৮৩ তারিখে অর্থ তছরূপের দায়ে ধরা পড়িয়াছেন—এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত উপ-প্রধানের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) উক্ত উপ-প্রধানের রাজনৈতিক পরিচয় কিরূপ?

Minister-in-charge of Panchayat and Community Development Deptt.:

ক) হ্যাঁ।

খ) অর্থ তছরূপের দায়ে ইং ৯।২।৮৩ তারিখে উক্ত উপ-প্রধানের বিরুদ্ধে গড়িয়াহাট থানায় এফ আই আর দায়ের করা হয়েছে।

গ) নির্দল।

*৪৯৯। **স্থগিত**

নূতন শিল্প স্থাপন

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৪।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে এরাজ্যে কতগুলি নূতন শিল্প স্থাপিত হয়েছে; এবং

(খ) উক্ত শিল্পে কত লোকের কর্মসংস্থান হয়েছে?

Minister-in-chage of Commerce and Industries Deptt. :

ক) ১৯৮০ সালে ৫৬টি, ১৯৮১ সালে ২১টি এবং ১৯৮২ সালে ৩২টি মাঝারি ও বড় শিল্প প্রকল্প এই রাজ্যে রূপায়িত হয়েছে।

খ) আনুমানিক ৯৩২৪ জনের কর্মসংস্থান হয়েছে।

বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার একটি বাঁধ সংস্কার

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৫।) **শ্রীপূর্ণচন্দ্র মালিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার পৈতানপুর হইতে আমরুল পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্ত দামোদর নদের দক্ষিণ বাঁধটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উক্ত কাজের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge of Irrigation and Waterways Deptt. :

ক) হ্যাঁ; আছে।

খ) বর্তমান আর্থিক বছরে (৮২-৮৩) ৪ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

গ) এখনই বলা সম্ভবপর নয়। প্রকল্পটি টেকনিক্যাল কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে।

উত্তরবঙ্গের বনাঞ্চলে গাছ চুরির ঘটনা

*৫০২। (অনুমোদিত প্রশ্ন নং *২০১৭।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়:** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের জলপাইগুড়ি, বৈকুণ্ঠপুর, কোচবিহার ও বক্সা ডিভিসনে চোরাকারবারীরা ব্যাপকভাবে বন বিভাগের গাছ কাটিতেছে এই মর্মে সরকারের নিকট কোন তথ্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত অবৈধ গাছ কাটা ও পাচার বন্ধ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে / হইতেছে?

Minister-in-charge of Forest Deptt. :

ক) না। তবে কিছু পরিমাণ গাছ অবৈধ ভাবে কাটা হয়েছে—এ তথ্য সরকারের কাছে আছে।

খ) ১. বনাঞ্চল পাহারার ব্যবস্থা জোরদার করা হয়েছে।

২. চেক-পোস্ট বসান হয়েছে।

৩. পশ্চিমবঙ্গ করাতকল ও অন্যান্য কাষ্ঠনির্ভর শিল্প আইন, ১৯৮২ বলবৎ করা হয়েছে।

আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

শিল্প স্থাপনের জন্য লেটার অব ইনটেন্ট এবং ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স

*৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮২।) শ্রীসরল দেব: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮২ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের জন্য কতগুলি লেটার অব ইনটেন্ট এবং ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গিয়াছে?

Minister-in-charge of Commerce and Industries Deptt. :

১৯৮২ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের জন্য ৩৮টি লেটার অফ ইনটেন্ট ও ৩২টি ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গিয়াছে।

হলদিয়া প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ

*৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭২।) শ্রীকাশীনাথ মিশ্র: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে হলদিয়া প্রকল্পে সরকারী ও বেসরকারী সেক্টরে কত টাকা বিনিয়োগ করা হয়েছে; এবং

(খ) উক্ত সময়ে হলদিয়া প্রকল্পে কি কি উন্নয়নমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে?

Minister-in-charge of Commerce and Industries Deptt. :

১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত হলদিয়া প্রকল্পে বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার ও কয়েকটি যৌথ প্রকল্প নূতন শিল্প স্থাপনের জন্য অথবা চালু শিল্পের জন্য বিনিয়োগ করেছেন। এই বিনিয়োগের সঠিক হিসাব সংগ্রহ করা সময়সাপেক্ষ। মোটামুটি ভাবে বলা যায় যে, ঐ সময়ের মধ্যে বে-সরকারী সেকটরে তিনটি বৃহদায়তন শিল্প প্রকল্প রূপায়িত হয়েছে, যাতে মোট বিনিয়োগের পরিমাণ কিঞ্চিদধিক ৩৬ কোটি। ইহা ছাড়া উক্ত সময়ে আরও ২৩টি বৃহাদয়তন শিল্প প্রকল্পের ৩টি সরকারী ক্ষেত্রে, ১৮টি বে-সরকারী

ক্ষেত্রে এবং ২টি যৌথ উদ্যোগে রূপায়িত করবার কাজ বিভিন্ন স্তরে আছে এবং উক্ত প্রকল্পগুলিতে মোট বিনিয়োগের আনুমানিক পরিমাণ ৮১৬ কোটি টাকারও বেশী।

উক্ত সময়ে হলদিয়া প্রকল্পে যে যে উন্নয়নমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে তাহার একটি তালিকা Library Table-এ রক্ষিত আছে।

কৃষ্ণনগর শহরের অন্তর্গত অঞ্জনা নদী পুনর্খনন

*৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬২।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর শহরের মধ্য দিয়ে প্রবাহিত অঞ্জনা নদী (খাল) পুনর্খননের ও নাব্যতা ফিরিয়ে আনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, অগ্রাধিকারের ভিত্তিতে এই বিষয়ে বিবেচনা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

Minister-in-charge of Irrigation and Waterways Deptt. :

(ক) হ্যাঁ, পরিকল্পনা আছে।

(খ) "অঞ্জনা খাল ড্রেনেজ স্কীম" নামে একটি প্রকল্প প্রস্তুত করা হয়েছে। প্রকল্পটি বাবদ আনুমানিক ৪৫.৯৪ লক্ষ টাকা ব্যয় হবে। প্রকল্পটির জন্য ১৯৮৩-৮৪ সালে কোনও অর্থ বরাদ্দ করা হয় নি।

Adjournment Motion

Mr. Speaker : I have received one notice of adjournment motion to-day.

It comes from Shri Kashinath Misra which deals with realisation of land revenue from exempted persons.

The subject matter of the motion is not so important as it calls for adjournment of business of the House. The member may call the attention of the Minister concerned by way of giving notice of a Calling Attention.

I, therefore, withhold my consent to the above motion.

Member may, however, read out the text of the motion, as amended.

মুলতুবী প্রস্তাব

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবটি একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব। বর্তমানে পশ্চিমবাংলার প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষীদের বেশীর ভাগই ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেই জন্যই আমি প্রস্তাবটি উত্থাপন করেছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে ালোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মূলতবী রাখছেন।

পশ্চিমবাংলার গ্রামে গ্রামে সেচ এলাকায় তিন একর ও অসেচ এলাকায় ছয় কর পর্যন্ত জমির মালিকদের খাজনা মকুব করা হয়েছে। কিন্তু সরকারী ঘোষিত াজনা মকুবের তথ্য ও তালিকা ঠিকমত না থাকাতে ঐ সব ব্যক্তিদের কাছ হতেও াজনা আদায় করা হচ্ছে। সুতরাং সরকারী ঘোষিত খাজনা মকুব বর্তমানে াহসনে পরিণত হয়েছে।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবুর বক্তব্যের পরি-প্রক্ষিতে আমি জানাচ্ছি যে, খাজনা মকুব এখনই করা হয় নি, ১৯৭৮ সাল থেকে টা চলে আসছে। সেচ এলাকায় চার একর পর্যন্ত এবং অসেচ এলাকায় ছয় একর র্যন্ত জমির খাজনা '৭৮ সাল থেকে মকুবের ব্যাপারটা চলে আসছে। যখন ল্যাণ্ড হালডিং লেভি আইন পাশ হলো তখনই আমরা ঠিক করেছিলাম এটা হবে। এটা যদিন থেকে চালু হলো সেদিন থেকে পুরোন খাজনা প্রথা উঠে গেল। আমরা াইনের মধ্যে অন্য কোন প্রভিশান রাখতে চাইনি। তবে যত দিন না এটা চালু বে তত দিন পুরোনটাই চলবে, এটা ঠিক হয়েছিল। এর ফলে একটা বছর গালমালের মধ্যে কেটেছে। তারপরে আমরা আইন এ্যামেণ্ড করে এটা করে নয়েছি। গোলমালের কারণ হচ্ছে রিটার্ন ইত্যাদি পেতে দেরি হয়েছিল। সেই ন্য যতক্ষণ না ল্যাণ্ড হোল্ডিং লেভি এ্যাক্ট চালু হচ্ছে ততক্ষণ পুরোন নিয়মই চালু াকবে, এটা ক্লিয়ার ছিল। আমি মাননীয় সদস্যকে বলছি যে, যদি কোথাও আদায় করা হচ্ছে দেখেন, তাহলে সেটা আমাদের জানাবেন। তবে আমি আপনাকে বলছি যে, আপনি যে ঘটনাগুলির কথা বলছেন, সেগুলি কোন্ সালের ঘটনা সেটাও আমাদের জানাবেন। আমরাও এ ব্যাপারে খোঁজ-খবর নেব। আমরা দেখেছি বহু জায়গায় ১০/১২ বছর ধরে খাজনা আদায় হয় নি, খাজনা দেয় না, খাজনা বাকি আছে। হয়তো সেই লোকের ১৯৭৮ সালের খাজনা নেই, কিন্তু তার আগের ৪ বছর বাকী আছে, সেটা আদায় হয়েছে কিনা এগুলি দেখতে হবে। এগুলি দেখে তারপর আমাকে বলবেন, আমি ব্যবস্থা নেবো। আগে ভাল করে খোঁজ নিন, আইনগুলি তো আপনি জানেন। যদি কোন গরীব বা সাঁওতাল হতো তাহলে আলাদা ব্যাপার। আপনি তো আইন জানেন, কোন্ সাল দেখে বলবেন।

শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত ঃ অন এ পয়েন্ট অফ ইনফরমেশান স্যার, বামফ্রন্ট

সরকার জনগণের কাছে দেওয়া কিছু প্রতিশ্রুতির স্বার্থে জয়েন্ট হেল্থ কাউনসিলের কয়েক হাজার সদস্য কিছু দাবী নিয়ে এসপ্লানেড ইষ্টে অপেক্ষা করছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি যেন গিয়ে সেই দাবীগুলো শোনেন এবং সেখানে তাঁর বক্তব্য রাখেন। এই কথা বলে আমি তাদের সঙ্গে দেখা করার জন্য যাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে খুবই দুঃখের সঙ্গে আমরা দেখছি, ৮০ লক্ষ টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে দেওয়া হয়েছে টিউবওয়েল করার জন্য। আমি কিছু অঞ্চল প্রধানের সঙ্গে যোগাযোগ করেছিলাম। তারা বলেছে, প্রচুর পরিমাণ গম এবং টাকা দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুবই দুঃখের বিষয়, যখন চারিদিকে জলের অভাবে মানুষ ছটফট করছিলো তখন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে টাকা বেরুলো না, আর যখন পঞ্চায়েত নির্বাচন ঠিক হয়ে গেছে, ঘোষণা হওয়ার পরেই তখনই ৮০ লক্ষ টাকা দেওয়া হয়েছে গ্রামে গ্রামে টিউবওয়েল বসাবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ভোট কেনার জন্য ব্যবস্থা করছে। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের কাছে টাকা দেওয়া হয়েছে এবং এটার নাম দেওয়া হয়েছে বিগ স্কীম। অন্য জায়গা থেকে ৮/১০ লক্ষ করে টাকা নিয়ে এর জন্য টাকা দেওয়া হয়েছে। যে যে-রকম খুশী কাজ করতে পারো উইদাউট স্কীমে, তাড়াতাড়ি সমিতির মাধ্যমে পাশ করাচ্ছে। ঠিক পঞ্চায়েত নির্বাচনের আগে ৩ কোটি টাকা ইতিমধ্যেই বিভিন্ন খাত থেকে নিয়ে প্রত্যেক জায়গায় দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন।...

(নয়েজ এ্যাণ্ড ইন্টারাপশান)

[2.10—2.20 P.M.]

শ্রীজ্যোতি বসু : নির্বাচনের আগে আরো টাকার জন্য আমরা অপেক্ষা করে আছি। আমরা কেন্দ্র থেকে ৯০ কোটি টাকার উপর চেয়েছি এবং আমরা আশা করছি যে, দু-এক দিনের মধ্যে ওঁরা কত টাকা পাঠাবেন সেটা জানতে পারব। ঐ ৩০/৪০/৫০/৬০ কোটি, যত টাকা পাব সেটা আমাদের খরচ করতে হবে। এই ৩ মাসের মধ্যে কোন মানুষকে আমরা মরতে দেব না। সেই খরচের মধ্যে কংগ্রেসীরাও আছেন। যেখানে কংগ্রেসের লোক বাস করেন, কংগ্রেসকে ভোট

দেন এবং আমাদের পক্ষের লোক আছেন আমাদের ভোট দেন—ঐ যে কত লাখ না কি বললেন—এ জন্য আরও বহু কোটি টাকা খরচা হবে, ঘাবড়াবেন না।

(গোলমাল)

মিঃ স্পীকারঃ আমি একটা কথা বলছি। চেঁচামেচি করে কোন লাভ নেই। ইলেকশন রুলসের বিরুদ্ধে যদি বে-আইনী কোন কথা বলা হোতো তাহলে আপনারা বলতে পারতেন। আপনি এখানে উল্লেখ করেছেন, চীফ মিনিষ্টার তার উত্তর দিয়েছেন। গোলমাল করে কোন লাভ নেই। দি আদার বিজনেস হ্যাজ টু কন্‌টিনিউ।

(ভীষণ গোলমাল)

শ্রীসতীশচন্দ্র বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোটা পশ্চিমবাংলা খরায় জ্বলছে। খরা পীড়িত মানুষেরা যখন এই অবস্থার মধ্যে, যখন কালবৈশাখীর বৃষ্টি বাদল হচ্ছে, জমিতে 'জো' হয়েছে তখন পাট চাষীরা পাটের বীজের অভাবে পাট বুনতে পারছে না। পাটের বীজের দাম প্রতি কেজি ৭০/৮০ টাকা হয়েছে। সেই জন্য আমি আশা করছি যে, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় পাট চাষীরা যাতে পাটের বীজ পায় সেদিকে দৃষ্টি দেবেন এবং সেই জন্য আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I wish to draw the attention of this House and particularly your attention as well as the attention of the Hon'ble Chief Minister to a subject which has been causing concern throughout this country and other countries too. Even the Prime Minister is very much concerned about environment. Almost all the newspapers throughout India are mentioning about this. Sir, we have no control over the atmosphere. As regards the rain, the monsoon, the hailstorm, the sun rise—we have no control. But as regards the pollution—it is human made. It is a thing which can be controlled by us. In regard to this our Prime Minister is speaking every now and then. You had also spoken on this subject when the Hon'ble Minister of Environment came here from Delhi.

Now, what I want to say is this. Why should not the legislators be

involved in this matter ? The Government should come forward and make the people aware about the evil result of pollution by publishing articles in the journals, in the newspapers. Government may also publish a chart regarding pollution—what is the pollution at Howrah, Sealdah, Dum Dum, Tollygunge, Ballygunge and surrounding areas of Victoria Memorial Hall, etc. etc. so that the people will be conscious about this and try to solve this problem.

Sir, in cigarette packets, there is a statutory worning 'smoking is injurious to health' and by this the smokers are conscious about the harm of smoking. So, if you try to make the people conscious in regard to pollution of environment, the people may be motivated. There may be mobilisation in all sections to see that this problem of pollution of environment be solved as soon as possible.

Calling attention to matters of urgent public importance.

Mr. Speaker : I have received the following four notices of calling attention ; namely :

1. Outbreak of waterborne diseases in Howrah, Hooghly, Calcutta due to pollution of Ganga water from Shri Kashinath Misra and Shri Ashoke Ghose ;

2. Alleged murder of Panchanan Kar, a candidate of ensuing Panchayat election on 18.4.83 at Kharagpur from Shri Sachin Sen ;

3. Alleged convertion of marksheet of a failed candidate in MBBS, Part III examination into a successful one ; and

4. Convention of 'citizens' committee held at Mahajati Sadan on 13.4.83 in connection with movement against rise in bus and tram fare, from Shri Deba Prosad Sarkar.

Shri Sarkar's calling attention notice requires some amendment and I request him to discuss it tomorrow with me and thereafter he may give a fresh notice.

I have selected the notice of Sri Sachin Sen on the subject of alleged murder of Panchanan Kar, a candidate of ensuing Panchayat election 18.4 83 at Kharagpur.

The Minister-in-charge may make a statement today or give me a possible date when the reply will be given.

Shri Patit paban Pathak : ২২ তারিখে দেবো।

Mr. Speaker : I now request the Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department to make a statement on the subject of alleged failure of Sabong Block Panchayat Samiti to implement the shallow tubewell scheme for Scheduled Castes and Tribal people of Sabang.

শ্রীশম্ভুনাথ মাণ্ডি ঃ মেদিনীপুর জেলার তপসিলী ও আদিবাসী মঙ্গল কমিটির ৮ সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, খরা পরিস্থিতির মোকাবিলার জন্য অতঃপর লো টিউবওয়েল বসাবার পরিবর্তে শ্রম-দিবস সৃষ্টি হয় এমন প্রকল্প রূপায়ণে সাহ দেওয়া হবে। এই সিদ্ধান্ত অনুযায়ী সবং হতে শ্যালো টিউবওয়েল বসানোর ান প্রস্তাব পাওয়াও যায় নি।

সুতরাং এ বিষয়ে গাফিলতি বা পক্ষপাতিত্বের অভিযোগ সত্য নয়।

তপসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগ ছাড়া সরকারের অন্যান্য দপ্তরও খরা রিস্থিতি মোকাবিলার জন্য কাজ করেন। সেই কাজের দ্বারা উপকৃত হয় ান্যদের সঙ্গে তপসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের লোকেরাও।

এই দপ্তরের অধীনে মেদিনীপুর জেলা অফিস শ্রম-দিবস সৃষ্টির জন্য কৃষি ও সেচ ক্রান্ত কিছু প্রস্তাব সবং ব্লক হতে সম্প্রতি পেয়েছে। এই বাবদ শীঘ্রই আনুমানিক লক্ষ টাকার কাজ শুরু হবে।

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, with reference to the calling attention tice of Shri Madhabendu Mahanta, MLA, regarding the alleged rampage a group of Congress (I) supporters at Nabadwip Town on 8.4.83, I rise to ke the following statement.

On 8.4.83 at about 12-30 p. m. Madan Kundu, Bani Ghosh, Nanda Saha l others, all known to be Congress (I) leaders of Nabadwip, came to badwip P. S. along with their followers and a few persons of the local osh community and alleged that the police had not taken adequate action inst persons who had allegedly beaten up one Sufar Ghosh earlier on the ne day. The Inspector-in-charge of the Police Station told them that a lice party under the charge of a Sub-Inspector went to the spot for inves- ation and assured them that Police would take appropriate action. This urance could not satisfy the agitators. Madan Kundu and others started outing inside the thana office room with abusive languages. They were mping the tables and the thana office room was ransacked. Police arrested dan Kundu and the rowdy elements were chased out from the thana emises. The crowd started throwing brickbats causing injury to one nstable. Police again chased the mob and could arrest one Rabi Bhatta- arya, a local leader of the Chhatra Parishad (I).

[2.20—2.30 P. M.]

The unruly mob therefore went to the B. D. O.'s office and Post office

of Nabadwip and started throwing brickbats. They forced the staff of the office of the B. D. O. to vacate the office. They then damaged the furniture of the Alocchaya Cinema Hall. The mob forced some of the shopkeepers to close their shops. The riotous crowd was again dispersed by the police.

Police reinforcement under a Deputy S. P. had been sent. D.M. and S.P. visited the area and brought the situation under control. A case was started in the Nabadwip P. S.

Again, a procession of about 500 people under the leadership of local Congress(I) leaders came to Nabadwip P. S. and demanded immediate release of Shri Madan Kundu and Rabi Bhattacharya. Both the arrested persons were forwarded to Court. They are still in jail custody. Madan Kundu is reportededly a notorious rowdy and was involved, during the last few years, in several cases of rioting and murder. Investigation has been continuing into the case.

Mr. Speaker : The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of alleged arrest of two Journalists and a Press Photographer at Raj Bhavan on the 13th April, 1983, attention called by Shri Manas Bhunia on the 14th April, 1983.

Shri Jyoti Basu : Mr. Speaker Sir, in response to the Calling Attention Notice tabled by Shri Manas Bhunia, M.L.A. on the alleged arrest of two Journalists and Press photographer at Raj Bhavan on 13.4.83, I rise to make the following statement :

On 13.4.83 at about 11-00 hrs., six members of Chhatra Parishad(I) and one member of Youth Congress(I) of Central Calcutta went to the Raj Bhavan to wait on a deputation to the Governor to submit a memorandum over their various demands. As there was no prior appointment for such a deputation, they submitted the memorandum, as directed by the Assistant Secretary to the Governor, to the Inspector, North Gate office, Raj Bhavan. Thereafter, they went out of the North Gate office and suddenly started shouting slogans condemning the Government, and displaying a flag in front of the police office within the campus of the Raj Bhavn. They were immediately taken charge of by the Police. At that time three other gentlemen turned up at the spot and one of them was found taking a photograph of the demonstrators. They were then called inside the North Gate office where it was ascertained that the photographer was Shri Alok Mitra from the Ananda Bazar Patrika and the other two persons were Debasis Bhattacharjee and Barun Ghosh, reporters of the Ananda Bazar Patrika and the Telegraph respectively. They left the place, thereafter. It is not a fact that any of them was arrested.

Government Business Financial

Budget of the Government of West Bengal for 1983-84

PART XIV

Voting on Demands for Grants

Business remaining from 19th April, 1983, namely—Demand No. 10

Major Head : 239-State Excise

Mr. Speaker : Now, Shri Bimalananda Mukherjee gives his reply.

শ্রীবিমলানন্দ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ২৩৯-রাজ্য অন্তঃশুল্ক প্রধান খাতে ১৯৮৩-৮৪ সালের জন্য চার কোটি পঁয়ষট্টি লক্ষ বিরাশি হাজার টাকা মঞ্জুরির প্রস্তাব আমি উত্থাপন করেছি। মাননীয় সদস্যরা এই ব্যাপারে আলোচনা করেছেন এবং বিরোধী পক্ষের সদস্যরাও এই ব্যাপারে আলোচনা করেছেন। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র কার্যতঃ তিনি এই বাজেটের বিরোধিতা করবেন বলেছেন। কিন্তু তাঁর সমস্ত অনুধাবন করলে বোঝা যাবে তাতে বিরোধিতার কোন সুর নেই। রাজস্ব বৃদ্ধি হয়েছে বলে তিনি প্রশংসা করেছেন এবং সমস্যা দূর করার জন্য কিছু বিশেষ সুপারিশ তিনি করেছেন। সেইগুলি আমরা বিবেচনা করবো এবং কি করা যায় সেটা যতদূর পারি দেখবো। প্রথমে বলে রাখা ভাল যে, রাজ্য সরকারের প্রধান রাজস্ব আদায় হয় এই একসাইজ বিভাগ থেকে। কংগ্রেস আমলের পর থেকে অর্থাৎ ১৯৭৬-৭৭ সালের পর থেকে বামফ্রন্ট সরকার আসার পর ক্রমাগত রাজস্ব বৃদ্ধি পেয়েছে। ১৯৭৬-৭৭ সালে একসাইজ বিভাগ থেকে রাজস্ব আদায় হয়েছিল ২২ কোটি টাকার মতো। ১৯৭৭-৭৮ সালে রাজস্ব আদায় হয়েছে ৩১ কোটি ৪৬ লক্ষ ১৪ হাজার ৮ শো টাকা। এই ভাবে ক্রমাগত বেড়ে ৩৪ কোটি, ৪৩ কোটি, ৫০ কোটি এবং ১৯৮১-৮২ সালে ৫৩ কোটিতে দাঁড়িয়েছে। এ. জি.-র হিসাব হলো ৫৮ কোটি টাকা। এই বছর আমাদের লক্ষ্য মাত্রা ৬৫ কোটি টাকা। তবে যে হিসাব দিয়েছি তা গত ফেব্রুয়ারী মাস পর্যন্ত যে আদায় হয়েছে তার। তুলনায় এই বছর ফেব্রুয়ারীর আদায় ৬ কোটি ৪২ লক্ষ টাকা বেশী আদায় হয়েছে।

এগুলি আমরা করতে পেরেছি প্রধানতঃ কর কাঠামোর কিছু পরিবর্তন করে, চোলাই মদ ধরার ব্যবস্থা করে, আর সমস্ত অফিসার থেকে নীচের কনষ্টেবল পর্যন্ত

কর্মীদের উৎসাহিত করে। এই ভাবেই করা সম্ভব হয়েছে বলে আমরা এখানে উল্লেখ করতে পারি। যে অপরাধীদের আমরা ধরেছি তার সংখ্যা হচ্ছে ৩৬,৯২৬। গ্রেপ্তার করা হয়েছে ২৬,৮৩৯ জনকে। ৬৫,৯০,৩৮৬ লিটার মদ বা অন্যান্য মাদক দ্রব্য আমরা ধরতে পেরেছি। এটা বাড়াবার যথেষ্ট সুযোগ আছে, কিন্তু আমাদের কতকগুলি অসুবিধা আছে, সেগুলিকে দূর করবার চেষ্টা আমরা করছি। আদালতে কিছু অসুবিধার সৃষ্টি হয়। মদ ধরে তাকে আদালতে প্রমাণ করতে গেলে ল্যাবরেটরীর রিপোর্টের দরকার হয়। কেন্দ্রীয় সরকারের একটা ল্যাবরেটরী আছে, সেখানে অপর্যাপ্ত ব্যবস্থার জন্য অনেক বিলম্ব হয়। তার জন্য আমরা চেষ্টা করছি। যে যে যন্ত্রপাতি বিদেশ থেকে আনার প্রয়োজন ছিল তা আনা হয়েছে। এটা আপনারা সকলেই জানেন যে, চোলাই ধরতে গেলে আমাদের সশস্ত্র প্রতিরোধের সম্মুখীন হতে হয়। অনেক সময় চোলাই মদ উৎপাদনকারী বা বিক্রয়কারীরা সশস্ত্র আক্রমণ করে থাকে। তাদের সশস্ত্র আক্রমণের রেজিসটেন্সের জন্য যে সংখ্যক স্কোয়াড আমাদের থাকা দরকার তা নেই। এর জন্য পুলিশ অবশ্য আছে, কিন্তু দ্রুত মোকাবিলার জন্য আমাদের নিজস্ব কিছু স্কোয়াড গঠন করার প্রয়োজন আছে। এছাড়া কিছু নিজস্ব গাড়ী যা আছে, তার চাইতে অধিক সংখ্যায় আরও প্রয়োজন আছে। কারণ কোন সংবাদ পাওয়া মাত্র রেড করার জন্য দ্রুত ঘটনাস্থলে পৌঁছান দরকার। এছাড়া কনষ্টেবল বা অফিসারদের বাড়ী দূরে দূরে হওয়ার জন্য তাদের বাড়ী থেকে ডেকে আনতে অনেক সময় নষ্ট হয়ে যায়। এর ফলে রেড্ করতে অসুবিধা দেখা দেয়। এই জন্য কর্মীদের কোয়ার্টার, প্রশাসনিক ব্যবস্থার কিছু পরিবর্তন প্রয়োজন। এগুলি আমাদের বিবেচনাধীন আছে। আইনগত অনেক অসুবিধাও আছে। সেজন্য আইনগত অসুবিধা দূর করার জন্য একটা ড্রাফট্ তৈরী করা হচ্ছে। সেটি ক্যাবিনেটে উপস্থিত করা হবে অনুমোদনের জন্য। আশা করছি সামনের বারে আমি হাউসে রাখতে পারব। বর্তমানে চোলাই মদের প্রশ্নটি একটি মস্তবড় সমস্যা। অনেকে হয়ত জানেন যে, গত ডিসেম্বর মাসে সেন্ট্রাল প্রহিবিশান কাউনসিলের একটা মিটিং দিল্লীতে হয়েছিল। সেখানে আমি যোগদান করেছিলাম। আগের বারের কনফারেন্সে লক্ষ্য স্থির ছিল যে, ১৯৮৩ সালের মার্চ মাসের মধ্যে সারা ভারতবর্ষে টোটাল প্রহিবিশান আনা হবে। আমি তাজ্জব বনে গেলাম—যে-সমস্ত রাজ্যে প্রহিবিশান ছিল সেখান থেকে তা আস্তে আস্তে উঠে গেল। বিহার, মহারাষ্ট্র, তামিল সব রাজ্যেই প্রহিবিশান আছে। কিন্তু তা সত্বেও পাশের রাজ্য থেকে গোপনে বে-আইনী ভাবে আমদানী করে চোলাই মদ বিক্রি হয়। একমাত্র গুজরাটে যে প্রহিবিশান

ছিল, এখন আর তা নেই। সেখানেও পাশের রাজ্য থেকে যথারীতি আমদানী করে বে-আইনী কারবার চলছে। সুতরাং বলা যেতে পারে প্রহিবিশান কোথাও নেই। এর পেছনে একটা কারণ আছে—সেটা আমরা সকলেই জানি। আমাদের দেশে আদিবাসী সম্প্রদায়ের মানুষ দীর্ঘদিন ধরে একটু বিভারেজ-তাড়ি বা ঐ ধরনের জিনিস খেয়ে আসছে। কাশীবাবু এই সম্বন্ধে বলেছেন। কাশীবাবুর জেলা বাঁকুড়া। সেখানে মদ তৈরী করে বিক্রি করা হয়—বিশেষ করে সেখানে আদিবাসী সম্প্রদায়ের যে কলোনীগুলো আছে, সেখানে এই জাতীয় চোলাই মদ তৈরী হয়, এগুলি তারা খায়। পুরুলিয়াতেও এই ধরনের কলোনী আছে। এই সমস্ত কলোনীগুলোতে দেখা যায় অনেক কুষ্ঠরোগাক্রান্ত মানুষ চোলাই মদ তৈরী করে। সেখানে অনেক ভদ্রলোকেরা গিয়ে মদ খান। এটা সত্যিই একটা অদ্ভুত জিনিস। কলকাতা শহরেও দেখা যায় মধ্যবিত্ত ঘরের ছেলেরা বিয়ার খেতে ভালবাসে। এটা নিঃসন্দেহে একটা সামাজিক অপরাধ। এর পেছনে আছে সামাজিক মূল্যবোধের অভাব। এই মূল্যবোধ বা মানসিকতার পরিবর্তন না হলে এর প্রতিকার প্রায় অসম্ভব। এর মধ্যে এডুকেশানের প্রশ্ন, মূল্যবোধ ও চেতনার প্রশ্ন জড়িত আছে। এখানে অনেক সময় অনেকে বলেন, আমরা নাকি মদের দোকান বাড়াবার জন্য অনুমতি দিয়েছি। আমরা মদের দোকান বিশেষ বাড়াইনি। গত ১ বছরে লাইসেন্সের জন্য ২৫ জন অনুমতি প্রার্থনা করেছিলেন। তার মধ্যে ৭টি বাতিল হয়ে গিয়েছে—কেউ নবীকরণ করেন নি। সব মিলিয়ে ৮টি মাত্র দোকান খোলা হয়েছে। আমাদের পলিসি হচ্ছে কম খাব এবং রেভিনিউ বেশী করে আদায় করবো। সেজন্য ক্রমাগত রেভিনিউ আমরা বাড়াচ্ছি। আপনারা এগুলি দেখলে সহজেই বুঝতে পারবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, চোলাই মদের কারবার বাড়ছে কেন? প্রথম কারণ হচ্ছে, যারা এই মদ খায় তারা সস্তা খুঁজতে চায়। আমরা যে মদ বিক্রি করি তার ডিউটি অনেক বেশী। যেমন ১ লিটার কান্ট্রি স্পিরিটের ক্ষেত্রে যেখানে দাম পড়ে মাত্র ৩—১০ টাকা, সেখানে এষ্টাবলিশমেণ্ট কষ্ট ও অন্যান্য খরচ-খরচা ধরে আমাদের বিক্রিত মদের দাম দাঁড়ায় ১৮—২০ টাকা। ন্যাচারালি মানুষ রাস্তার মদ খাওয়ার জন্য সচেষ্ট হয়। এর সঙ্গে সঙ্গে জড়িত আছে আন-এমপ্লয়মেণ্টের সমস্যা। কিছু লোক আছে যারা কালোবাজারী করে প্রচুর টাকা উপার্জন করেছে।

[2.30—2.40 P.M.]

এই মদ বিক্রি করে বেশ লাভ হয়। যারা আন-এমপ্লয়েড তাদের এতে কাজে

লাগাবার ব্যবস্থা করা হয়েছে। যেহেতু বেকার সমস্যা তীব্র থেকে তীব্রতর হয়েছে এবং এটা দীর্ঘ দিনের পুঁজিবাদী ব্যবস্থার অসুবিধার ফলে এই বেকারদের কাজে লাগিয়ে এই ব্যবসা করছেন। তাদের ধরবার জন্য যে ব্যবস্থাগুলি আমরা নিয়েছি তাতে এই ব্যবসাদাররা গরীব মানুষদের সামনে রেখে পিছনে ফিনানসিয়াররা থাকেন। অবশ্য তার জন্য আমরা যথেষ্ট ব্যবস্থা নিয়েছি। কিন্তু কিছু মুশকিল হচ্ছে —যেমন কয়েকদিন আগে বারাসাতে খবর শুনলাম সেখানে বিলাতি মদ বিক্রির নাম করে দেশী মদ চালান হয়েছে। সেখানে ইন্সপেকশান করে এবং তদন্ত করে দেখা গেছে যে, বোতলটি বিলাতি, কিন্তু ওপরের কর্ক এবং ভেতরের মদ হচ্ছে এখানকার। অর্থাৎ মেনথলে বিষক্রিয়া করে সেগুলি বিক্রি করা হচ্ছে এবং ওই মদ খেয়ে বারাসাতে কিছু লোক মারা গেছিল। এটা জেনে রাখা দরকার পশ্চিমবাংলায় যতটুকু এ্যালকোহল প্রোডাকশান হচ্ছে, বেশীর ভাগটাই বাইরে থেকে আসে। এই এ্যালকোহলের ৮৩ ভাগ ইণ্ডাষ্ট্রিয়াল পারপাস বা শিল্পে ব্যবহৃত হয় এবং বাকী ১৭ ভাগেরও কম ব্যবহৃত হচ্ছে মাদক দ্রব্যের জন্য। এটা নিশ্চয় বেশী নয়। মাননীয় সদস্য কাশীবাবু বলেছেন মহুয়া থেকে মদ তৈরী করার কোন পরিকল্পনা আছে কিনা? এর জন্য একটা পরিকল্পনা করা হয়েছে এবং লেটার অফ ইনটেন্ট চাওয়া হয়েছে। একটা ডিসটিলারী তৈরী করার চেষ্টা করছি। কিন্তু মুশকিল হচ্ছে খণ্ডেশ্বরী এবং মহুয়া পশ্চিমবাংলায় যা পাওয়া যায় তা ২/৩ মাসের বেশী চলবে না। এই মহুয়া ঝাড়গ্রামে পাওয়া যাচ্ছে না, সেই জন্য শালবনীতে নূতন ভাবে মহুয়া পাওয়ার চেষ্টা হচ্ছে। তবে এতে আরেকটি অসুবিধা আছে—এই ফরেষ্টে বা বনবিভাগে যেসব আদিবাসীরা থাকে তারা মহুয়া থেকে রুটি তৈরী করে খায় এবং নানারকম জিনিস তৈরী করে খায়। এখান থেকে যদি সব মহুয়া নিয়ে যাওয়া হয় তাহলে এই আদিবাসীদের মধ্যে বিক্ষোভ দেখা দেবে। সুতরাং এই দিক থেকে বিবেচনা করতে হবে। তিনি আরেকটি প্রশ্ন করেছেন যে, ইস্কুল, কলেজ, হাসপাতাল, মন্দির এবং মসজিদের কাছাকাছি কোন দোকান যেন না হয়। এটা আইনগতভাবেই আছে যে, ইস্কুল, কলেজ, মন্দির এবং মসজিদের কাছাকাছি কোন মদের দোকান করা যাবে না, কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় যে, বহু দোকান ৫০ বছর ধরে রয়েছে এবং সেই দোকানের পাশে একটি ইস্কুল বা মন্দির বা মসজিদ গড়ে উঠলো, তখন একটু অসুবিধা দেখা যায়। প্রথমতঃ তখন সেই মদেরদোকানটিকে অন্য জায়গায় সিফট করে নিয়ে যাওয়ার জন্য অনুমতির দরকার হয় এবং সেটা অনেক সময় পাওয়া যায় না। এতে এম. এল. এ.'র যে কনসেণ্ট লেটার লাগে সেটা তাঁরা অনেক সময় দিতে চান না। তবে আমরা এই ব্যাপারে বিশেষ ভাবে নজর

াখছি এবং এইগুলি ওই সব স্থান থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছি। ারণ এই ব্যাপারে একটা সিরিয়াস অবজেকশান আছে। তারপরে বর্ডার এলাকার থায় আসছি। এই বর্ডার এলাকা সম্পর্কে আজকে খুব কঠিন প্রশ্ন এসেছে। সিকিম, টানে যে বিলিতি মদ পাওয়া যায় তার দাম খুবই সস্তা এবং সেগুলি আমাদের দেশের ইণ্ডাস্ট্রিয়াল গুডসের মত স্মাগল্ হয়ে আসছে এবং এখানে বেশী দামে সগুলি বিক্রি হচ্ছে। স্বভাবতঃই যখন এগুলি স্মাগল্ হয়ে আসে তখন চেকপোষ্ট ত্যাদি থাকা সত্ত্বেও নানাভাবে ভেতর থেকে সেগুলি চড়া দামে কালোবাজারে বক্রি হয়। বিহার বর্ডারে আমাদের ডিউটি কণ্ট্রোল অনেক বেশী, কিন্তু তা সত্ত্বেও গুলি এদেশে চলে আসে। এগুলি আমরা ধরবার চেষ্টা করছি। ভ্যাকেন্সি ম্পর্কে নানা রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। এস. আইয়ের পোস্ট পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নেওয়া হয় এবং এর জন্য প্যানেল থেকে আমরা রিক্রুটমেণ্ট করার চেষ্টা করছি। কনষ্টেবলদের যাতে ডিষ্ট্রিক্টে ডিষ্ট্রিক্টে রিক্রুটমেণ্ট করা যায় তার জন্য চেষ্টা করছি এবং এই ভাবে ভেকেনসিগুলি পূরণ করার চেষ্টা করছি। তবে কিছু কিছু প্রশাসনিক ঢিলেমি আছে, সেটা অস্বীকার করার উপায় নেই। এই সবগুলি সত্ত্বেও আমি বেশী কথায় যাব না। আপনারা ওপিয়াম সম্পর্কে প্রশ্ন রেখেছেন। ওপিয়াম এখানে আইনগতভাবে সাধারণ লোক কিনতে পারে না।

নিয়ম হচ্ছে শারীরিক কারণে ডাক্তারের সার্টিফিকেট থাকলে সুপারিনটেনডেণ্ট অফ একসাইজ রেশন কার্ড দেন এবং তবে তাঁরা কিনতে পারেন। এর সংখ্যা ২৫ হাজার ৮০০। এর মধ্যে মেয়েদের, ছেলেদের হিসাব আছে। কিন্তু এটা ক্রমশঃ কমে যাচ্ছে। ওপিয়ামের প্রোডাকশান ইউ. পি.'র গাজীপুরে হয়। বলা হয়েছে বাইরে থেকে ঝোলাগুড় আমদানী বন্ধ করা যায় কিনা। সারা ভারতে আখের যে প্রোডাকশান হয় তার ১% এখানে হয়। আমাদের এখানে আমেদপুর, পলাশীতে যে চিনির কল আছে তাতে সেখানে ৫ হাজার মেট্রিক টন চিনি হয়। এরই বাই-প্রোডাক্ট ঝোলাগুড়। কিন্তু যা হয় তাতে ২ মাসও হয় না বলে বাইরে থেকে আনতে হয়। এ্যালকোহলও আমাদের বাইরে থেকে আনতে হয়। ধানের বদলে আখের চাষ করবো তা হয় না। সুতরাং বাইরে থেকে আমদানী করতে হবে। কমানোর কোন অবকাশ নেই। অবশ্য ইউ. পি., বিহার., মহারাষ্ট্রে উৎপাদন কম হলে আমাদের পেতে অসুবিধা হয় এবং এর ফলে দামও বেশি দিতে হয়। আমরা যতই চেষ্টা করি না কেন মাদকদ্রব্য না খেয়ে থাকতে পারে না এবং যার জন্য চোলাই মদ বেড়ে যাচ্ছে। এতে আমাদের রেভিন্যু বাড়ছে। মদ খাওয়াটা একটা সামাজিক ব্যাধি এবং সামাজিক অবস্থার পরিবর্তন না করলে এটা

দমন করা যাবে না। এর জন্য বিশাল আর্মড স্কোয়াড দরকার। জি. আর. পি. অনেক থাকা সত্ত্বেও রেলের ওয়াগন কেন ভাঙা হচ্ছে? আমাদের নানা রকম সমস্যা যতদিন থাকবে ততদিন এ জিনিস থাকবে। তারপর যে মদ ধরা হল তা মদ কিনা প্রমাণ করার জন্য সরকারী ল্যাবরেটরীতে পাঠান হয় এবং সেখানে অনেক সময় লেগে যায়, যার ফলে আসামীরা জামিন পেয়ে যায় এবং অনেক ক্ষেত্রে খালাস পেয়েও যায়। এই সব অব্যবস্থা দূর করার চেষ্টা করা হচ্ছে। সিজড আর্টিকেলের কথাও বলেছেন। গাঁজা সিজ করে আইন অনুযায়ী যা ব্যবস্থা করার তা করা হয়। এই বিভাগ রাজস্ব আদায়ের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ বিভাগ। মদ সম্পর্কে মানুষের একটা এলার্জি থাকে। আমি অনেক বোষ্টমের ঝুলিতে দেখেছি মদ থাকে। এর বিরুদ্ধে যেখানে ব্যবস্থা নিতে পেরেছি সেখানে কমেছে। অনেকে মদের দোকান খোলা হলে উষ্মা প্রকাশ করেন, অথচ দেখা যাবে সেখানে চোলাই মদের কারবার চলছে এবং তাতে আপত্তি করতে দেখি না। আমরা যদি সরকার থেকে অনেক দোকান খুলতে পারি তাহলে চোলাই বন্ধ হতে পারে।

[2.40—2.50 P. M.]

এটাই হচ্ছে অবস্থা এবং বিষাক্ত মদ খেয়ে বারাসতে যারা মরল পশ্চিমবংগে তাদের সংখ্যা কম। এই কথা বলে আমি আমার ব্যয়বরাদ্দের যে প্রস্তাব করেছি সেটা মঞ্জুর করার জন্য আবেদন জানাচ্ছি এবং কাট মোশান খুব সম্ভব নেই, থাকলেও তার বিরোধিতা করছি।

Mr. Speaker : There is no cut motion on the Demand No. 10.

The motion of Shri Bimalananda Mukherjee that a sum of Rs. 4,65,82,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "239-State Excise". This is inclusive of a total sum of Rs. 77,64,000 already voted on account in March, 1983, was then put and agreed to.

DEMAND No. 12

Major Head : 241-Taxes on Vehicles.

Shri Rabin Mukherjee : Sir, on the recommendation of the Governor, I

beg to move that a sum of Rs. 85,61,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "241-Taxes on Vehicles".

(This is inclusive of a total sum of Rs. 14,27,000 already voted on account in March, 1983).

স্যার, আমার এই চারটি বাজেট গ্রহণ করার জন্য অনুরোধ করছি এবং মাননীয় সদস্যদের বক্তব্য শোনার পর আমার জবাবী বক্তব্য রাখব।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা ও জেলাগুলিতে স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের যে 'প্রবর্তন সংস্থা' (এনফোর্সমেন্ট অরগানাইজেশন) রয়েছে সে সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য উল্লিখিত দাবি জানানো হচ্ছে। সংস্থাটি জেলা স্তরের ও কলিকাতার জনযান দপ্তরের বিভিন্ন স্তরের কর্মীদের মাধ্যমে মোটরযান আইন, পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন এবং এই দু'টি আইন অনুসারে প্রণীত নিয়মাবলীর বিধান বলবৎ হচ্ছে কিনা সেদিকে নজর রাখে। মোটরযান কর ও ফী ইত্যাদির ঠিকমত আদায় এই সংস্থার কর্মকুশলতার উপর বহুলাংশে নির্ভর করে। ১৯৩২ সালের 'বঙ্গীয় মোটরযান কর আইন'-এর পরিবর্তে ১৯৭৯ সালের 'পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন' প্রণয়ন করে মোটরযান কর আরোপণ ও আদায়ের পদ্ধতি আরও অনায়াস করা হয়েছে।

৩। যেসব যানবাহন কর ফাঁকি দেওয়ার চেষ্টা করে তাদের ধরে যাতে কর আদায়ের পরিমাণ বৃদ্ধি করা যায় তার জন্য জাতীয় সড়কগুলিতে যেখানে বর্তমানে প্রবেশকর চেকপোস্টগুলো রয়েছে সেখানে সুসংবদ্ধ চেকপোস্ট স্থাপনের সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন। এ ধরনের একটি চেকপোস্ট ইতিমধ্যেই ৬নং জাতীয় সড়কে কাজ শুরু করে দিয়েছে। তাছাড়া বিহার ও উড়িষ্যা রাজ্যের সীমান্তগুলিতে চেকপোস্ট স্থাপনের জন্য সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন।

৪। মহাশয়, এই বলে আমি সভার বিবেচনার জন্য আমার এই দাবি পেশ করছি।

DEMAND 68

Major Head : 335-Parts, Lighthouses and shipping.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮৩-৮৪ আর্থিক বছরে ৬৮ নং দাবীর অধীন মুখ্য খাত : '৩৩৫-বন্দর, আলোকস্তম্ভ ও জাহাজ চলাচল' বাবদ ব্যয়নির্বাহের জন্য ৭১,৭৪,০০০০ টাকা মঞ্জুর করা হোক) ১৯৮৩ সালের মার্চ মাসে অনুমোদিত আংশিক বরাদ্দ ১১,৯৬,০০০ টাকা সমেত)।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের অন্তর্দেশীয় জলপথ পরিবহণ শাখা সম্পর্কে ব্যয়নির্বাহের জন্যই উল্লিখিত দাবি জানানো হচ্ছে। এই শাখায় রয়েছে :

১) সমীক্ষা ও নিবন্ধন উপ-শাখা

২) পুলিং উপ-শাখা

৩) পরীক্ষা গ্রহণ উপ-শাখা

৪) সরকারী পোতাঙ্গন

৫) অন্তর্দেশীয় জলপথ পরিবহণ নাবিক প্রশিক্ষণ কেন্দ্র

৩। নাবিকদের পরীক্ষা পরিচালন এবং অন্তর্দেশীয় জলযানগুলির সমীক্ষা ও নিবন্ধন ১৯১৭ সালের অন্তর্দেশীয় জলযান আইন অনুসারে রাজ্য সরকারের সাংবিধিক কৃত্য। অন্তর্দেশীয় জলপথ পরিবহণ শাখার অধিকর্তার হেফাজতে কলিকাতায় এবং সংশ্লিষ্ট জেলা আধিকারিকের হেফাজতে নদীবহুল জেলাগুলিতে যে-সমস্ত লঞ্চ ও ডিজেল-চালিত নৌকা রয়েছে সেগুলির রক্ষণাবেক্ষণ, সংস্কার ও সুরক্ষার জন্য রয়েছে পুলিং উপ-শাখা। সরকারী পোতাঙ্গনটিতে পুলের জলযানগুলির ছোটখাট মেরামতের কাজ করা হয়ে থাকে এবং অন্তর্দেশীয় জলপথ পরিবহণ নাবিক প্রশিক্ষণ কেন্দ্রে লঞ্চ নাবিকদের প্রাথমিক প্রশিক্ষণ দেওয়া হয়।

৪। এই রাজ্যে স্থায়ীভাবে বসবাসকারী যে-সমস্ত ক্যাডেট কলিকাতার তারাতলায় অবস্থিত নৌ-যন্ত্রবিদ্যা প্রশিক্ষণ কলেজে শিক্ষালাভ করছেন এবং বোম্বাইতে প্রশিক্ষণ জাহাজ 'রাজেন্দ্র'তেও শিক্ষালাভ করছেন, তাঁদের বৃত্তিদানসূত্রে রাজ্য সরকার শিল্প ও বাণিজ্য বিভাগ মারফত আর্থিক সাহায্য করছেন। যে-সব ক্যাডেটদের পিতা-মাতা এবং অভিভাবক প্রশিক্ষণের পুরো খরচ মেটাতে অক্ষম, তাঁদেরই সাহায্য করার জন্য এই বৃত্তির ব্যবস্থা। প্রত্যেক বছর তারাতলার নৌ-যন্ত্রবিদ্যা প্রশিক্ষণ কলেজের ক্যাডেটদের জন্য পাঁচটি এবং বোম্বাই-এর প্রশিক্ষণ জাহাজ 'রাজেন্দ্র'র ক্যাডেটদের জন্য দশটি বৃত্তি মঞ্জুর করা হয়।

৫। মহাশয়, এই কথা বলে আমি সভার বিবেচনার জন্য আমার দাবি পেশ করছি।

DEMAND NO. 69

Major Head : 336 Civil Aviation.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮৩-৮৪ আর্থিক বছরে ৬৯ নং দাবির অধীন মুখ্য খাত : '৩৩৬-অসামরিক বিমান-চলন' বাবদ ব্যয়নির্বাহের

জন্য ২৭,১৬,০০০ টাকা মঞ্জুর করা হোক (১৯৮৩ সালের মার্চ মাসে অনুমোদিত আংশিক বরাদ্দ ৪,৫৩,০০০ টাকা সমেত)।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেহালায় যে বিমান-চালনা প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে সেটির পরিচালনার জন্যই ব্যয়বরাদ্দের এই দাবি জানানো হচ্ছে। এই প্রতিষ্ঠানটি বিমান-চালনা বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে। যত ঘণ্টা বিমান-চালনা এবং যে প্রশিক্ষণ প্রয়োজন, তা সাফল্যের সঙ্গে এই প্রতিষ্ঠানে সমাপ্ত করলে পর প্রশিক্ষার্থীদের বেসরকারী বিমান-চালকের লাইসেন্স এবং বাণিজ্যিক বিমান-চালকের লাইসেন্স দেওয়া হয়। প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১০৩ জন প্রশিক্ষার্থী রয়েছেন, যেখানে ১৯৮২-৮৩ সালে ছিলেন ১২৯ জন। ঘণ্টাপিছু বিমান-চালনার ব্যয় বেড়ে চলায় সীমিত আয়ের পরিবারভুক্ত তরুণ ও তরুণীদের পক্ষে বিমান-চালনাকে ভবিষ্যৎ কর্মক্ষেত্র হিসাবে গ্রহণ করা সহজসাধ্য নয়। এই ধরনের তরুণ ও তরুণীদের কিছু আর্থিক সাহায্য করার উদ্দেশ্যে রাজ্য সরকার প্রতি বছর এই প্রতিষ্ঠানের মেধাবী প্রশিক্ষার্থীদের ছয়জনকে বৃত্তিদান করেন। এই ছ'টি বৃত্তির মধ্যে একটি দেওয়া হয় তফসিলী সম্প্রদায়ভুক্ত প্রশিক্ষার্থীকে। কেন্দ্রীয় সরকারও সাতজন তফসিলী সম্প্রদায়ভুক্ত শিক্ষার্থীকে বৃত্তিদান করেন। ১৯৮২-৮৩ সালে রাজ্য সরকার সাধারণ প্রশিক্ষার্থীদের তিনজনকে বৃত্তিদান করেছেন এবং কেন্দ্রীয় সরকার অনুন্নত সম্প্রদায়ভুক্ত প্রশিক্ষার্থীদের একজনকে বৃত্তিদান করেছেন।

৩। তরুণ-তরুণীদের যাতে প্রশিক্ষা গ্রহণের বেশী সুযোগ-সুবিধা দেওয়া যায় সে জন্য সরকার কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। দু'টি নতুন প্রশিক্ষণ বিমান সংগ্রহ এবং সরঞ্জাম ও যন্ত্রাংশ কেনার জন্য প্রয়োজনীয় অর্থ ১৯৮৩-৮৪ সালের যোজনা বাজেটে রাখা হয়েছে।

৪। মহাশয়, এই বলে আমি সভার বিবেচনার জন্য আমার এই দাবি পেশ করছি।

DEMAND No. 71

Major Heads : 33?-Road and Water Transport Services, 538-Capital Outlay on Road and Water Transport Services, and 738-Loans for Road and Water Transport Services.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৮৩-৮৪ আর্থিক বছরে মুখ্য খাত : '৩৩৮-সড়ক ও জলপথ পরিবহণ ব্যবস্থা', '৫৩৮-সড়ক ও জলপথ পরিবহণ

ব্যবস্থা সম্পর্কে মূলধন বিনিয়োগ' এবং '৭৩৮-সড়ক ও জলপথ পরিবহণ ব্যবস্থার জন্য ঋণ' সংক্রান্ত ৭১ নং দাবীর অধীনে ব্যয়নির্বাহের জন্য মোট ৭০,৩৩,০৩,০০০ টাকা মঞ্জুর করা হোক (১৯৮৩ সালের মার্চ মাসে অনুমোদিত আংশিক বরাদ্দ ১১,৭২,১৯,০০০ টাকা সমেত)।

প্রথমেই মাননীয় সদস্যদের আমি সংক্ষেপে সড়ক পরিবহণ নিগমগুলির এবং কলিকাতা ট্রাম কোম্পানীর কার্যকলাপ এবং উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে অবহিত করতে চাই।

কলিকাতা রাজ্য পরিবহণ নিগম :

১৯৭৮-৭৯ সালের ৬২টা নগর এলাকার রুট এবং ৩৮টা দূরপাল্লার রুটের পরিবর্তে বর্তমানে কলিকাতা রাজ্য পরিবহণ নিগম নগর এলাকায় ৬২টা এবং দূরপাল্লায় ৫৮টা রুট চালাচ্ছেন। স্বল্পতর সময়ের ব্যবধানে যাতে জনসাধারণ বাস পান সেদিকে সবিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে এবং ১৯৭৮ সালের জুন মাস থেকে ১৯৮২ সালের ডিসেম্বর—এই সময়ের মধ্যে দৈনিক গড় বাস চলাচলের সংখ্যা এবং দৈনিক গড় আয়ের পরিমাণ যথেষ্ট বেড়েছে। বর্তমানে নগর এলাকায় প্রতিদিন প্রায় ৬৪০টি বাস এবং দূরপাল্লার আরও ১৫০টি বাস রাস্তায় বের করা হচ্ছে। বর্তমানে দৈনিক গড় আয়ের পরিমাণ প্রায় ৪.২৫ লক্ষ টাকা। বাসভাড়া সম্প্রতি সংশোধিত হওয়ার ফলে আয়ের পরিমাণ আরও বেড়ে যাওয়ার সম্ভাবনা আছে।

কলিকাতা রাজ্য পরিবহণ নিগমের যানবাহন চলাচলে উন্নতির কারণ পরিচালনায় যাঁরা আছেন তাঁদের এবং পরিবহণ কর্মীদের পারস্পরিক সহযোগিতা ও আত্মনিয়োগের মনোভাব। কলিকাতা নগর পরিবহণ প্রকল্পের মাধ্যমে ব্যাপক-হারে নতুন বাস সংগ্রহও এই উন্নতির অন্যতম কারণ। এই প্রকল্পের অধীনে ১৯৮৩ সালের জুন মাসের মধ্যে যে ৫৩০টি বাস সংগ্রহ করার কথা, তার মধ্যে ২২৮টি একতলা এবং ১৫২টি দোতলা বাস (অর্থাৎ মোট ৩৮০টি বাস) ইতিমধ্যেই রাস্তায় নামানো হয়েছে। কলিকাতা রাজ্য পরিবহণ নিগমের পুরানো এবং জরাক্রান্ত গাড়ীর বদলে এই সব নতুন গাড়ী দেওয়া হচ্ছে। কিন্তু এই প্রকল্পের বাইরে স্বাভাবিকভাবে প্রতি বছর পুরাতন গাড়ীর বদলে যে কিছু নতুন গাড়ী দেওয়ার কথা তার জন্য অর্থের সংস্থান করা সম্ভব হয় নি। এই উদ্দেশ্যে আমরা অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানগুলি থেকে অর্থ সংগ্রহের সম্ভাবনা খুঁতিয়ে দেখব। এই প্রকল্পের মাধ্যমে বাস সংগ্রহ ছাড়াও বেলঘরিয়া সেন্ট্রাল ওয়ার্কশপের উন্নয়ন, সল্ট লেক সিটিতে একটি নতুন ডিপোর উদ্বোধন, প্রশিক্ষণ ব্যবস্থা, চারটি ডিপোর সংস্কার এবং একটি ইউনিট এক্সচেঞ্জ শপের

প্রবর্তনের মধ্য দিয়ে নিগমের পরিকাঠামো জনিত সুযোগ-সুবিধার উন্নতিসাধন করা হচ্ছে।

দুর্গাপুর রাজ্য পরিবহণ নিগম ঃ

ক্রমাগত আর্থিক অসুবিধা সত্ত্বেও দুর্গাপুর রাজ্য পরিবহণ নিগম তাঁদের পরিষেবায় কতকগুলি নতুন সংযোজন করেছেন। দুর্গাপুর ইস্পাতনগরী অঞ্চলে চারটি ডবল-ডেকারের মাধ্যমে সিটি-সার্ভিস চালু করা হয়েছে। এর ফলে বিশেষ বিশেষ সময়ে যে বহুসংখ্যক যাত্রী পরিবহণের অপেক্ষায় থাকেন তাঁদের যাতায়াত সহজতর হয়েছে। ১৯৮২-৮৩ সালে হলদিয়াতেও একটি নগর সার্ভিস চালু করা হয়। নিগম ১৮টি একতলা এবং ২টি দোতলা বাস সংগ্রহ করেছে এবং আগামী বছরে ৩২টি নতুন বাস এবং ২৯টি পুনর্গঠিত বাস সংযোজিত হবে। দুর্গাপুরে একটি কেন্দ্রীয় কারখানা তথা গ্যারেজ স্থাপনের কাজ চলছে। ইস্পাত নগরীর অভ্যন্তরে একটি ডিপো স্থাপনের জন্য জমি সংগ্রহ করা হয়েছে। আগামী বছরে দুর্গাপুরে এবং সিউড়িতে বিশেষ ডিপো স্থাপনের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যাচ্ছে।

উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ নিগম ঃ

১৯৮২ সালের ডিসেম্বর মাসে উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ নিগমের মোট গাড়ীর সংখ্যা ছিল ৪৪৮টি বাস এবং ৬৬টি ট্রাক। ১৯৮১-৮২ সালে যেখানে গড়ে প্রত্যহ ২৭৪টি বাস রাস্তায় নামত সেই গড় এখন বেড়ে ২৮২-তে দাঁড়িয়েছে। এই নিগমে বর্তমানে ৩৬টি দূরপাল্লার রুটে বাস চলাচল করছে এবং ৫টি নতুন রুট শীঘ্রই খোলা হচ্ছে। ১৯৮১-৮২ সালে যেখানে এই নিগমের বাসগুলি প্রতিদিন ৬৪,০৪৮ কিঃমিঃ পথ অতিক্রম করতো, বর্তমানে সেটা বৃদ্ধি পেয়ে প্রতিদিন ৬৬,০০০ কিঃমিঃ পথ অতিক্রান্ত হচ্ছে। প্রতিদিনের গড় আয় বৃদ্ধি পেয়েছে ১৯৮১-৮২ সালের ১·৩৭ লক্ষ টাকা থেকে ১·৪৭ লক্ষ টাকায়। ১৯৮২-৮৩ সালে ১৮টি বাস, ৫টি রকেট বাস, ৮টি প্রমাণাকৃতির বাস এবং ৫টি মিনিবাস সংগ্রহ করা হয়েছে। আরও ২৫টি প্রমাণাকৃতির বাস আগামী বছরে সংগ্রহ করা হবে। রানীগঞ্জ, মালদা এবং শিলিগুড়িতে বাসের ডিপো এবং কারখানার উন্নতিবিধান ও সংস্কার করা হচ্ছে।

কলিকাতা ট্রামওয়েজ কোম্পানী ঃ

ট্রামসমূহের দৈনিক গড়পড়তা পথে নামার সংখ্যা এবং রাজস্ব আয়ের পরিমাণ—উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। বর্তমানে দৈনিক ৩২৫টি ট্রাম রাস্তায়

বের হচ্ছে এবং প্রতিদিন প্রায় ২·১৫ লক্ষ টাকার রাজস্ব আয় হচ্ছে। "কলিকাতা নগর পরিবহণ প্রকল্প"র অন্তর্ভুক্ত সংগ্রহ এবং উন্নয়ন কর্মসূচীর দ্রুত রূপায়ণই এর কারণ। ৭৫টি নতুন ট্রামগাড়ী কেনা হয়েছে, ৭৮টি গাড়ীর বিশেষ ভাবে সংস্কার করা হয়েছে এবং আরও ৪টি গাড়ী সম্পূর্ণভাবে পুনর্গঠিত করা হয়েছে। ১৯৮৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে অপর ৫৬টি গাড়ী পুনর্গঠিত করা হবে এবং ২৭টি বিশেষভাবে সংস্কার করা হবে। এছাড়া ট্রামের উপরের 'ট্রলি' তার, বৈদ্যুতিক তার এবং ট্রলির 'পুলির' বদল করা হয়েছে এবং নোনাপুকুর ও রাজাবাজার ডিপোতে ২টি নতুন সাব-স্টেশন স্থাপন করা হচ্ছে। উন্নতমানের বিদ্যুৎ সরবরাহ এবং যোগাযোগ ব্যবস্থা সহ কারখানা এবং ডিপোসমূহের আধুনিকীকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। যেহেতু পাতাল রেলের স্থাপন কার্যের জন্য কতকগুলি প্রধান জনবহুল পথে ট্রাম চালানো যাচ্ছে না, সেই কারণে শহর এবং শহরতলী এলাকার অন্যান্য অংশে ট্রামপথকে সম্প্রসারিত করা হচ্ছে। মানিকতলা এবং উল্টাডাঙ্গায় (বিধান নগর) ট্রামপথ সম্প্রসারণের কাজ চলছে—এটিই হবে লবণহ্রদ এলাকায় ট্রামপথের প্রস্তাবিত সম্প্রসারণের প্রথম পর্যায়ের কাজ।

ট্রামওয়েজ ও রাজ্য পরিবহণ নিগমগুলি ছাড়াও বেসরকারী বাস কলকাতাসহ সারা রাজ্যে এক বিশেষ ভূমিকা পালন করে। কলকাতা শহর অঞ্চলে আনুমানিক ১৫০০ বেসরকারী বাস ৮৭টি রুটে চলাচল করে, যদিচ প্রায় ২২০০ বাসের অনুমোদন আছে। বিহার ও উড়িষ্যার সঙ্গে সংযোগ রক্ষাকারী রুটগুলি ছাড়াও ৫৬টি দূরপাল্লার ও একাধিক অঞ্চলব্যাপী রুটে বেসরকারী বাস চলাচল করে থাকে। আমরা এই রাজ্যে বেসরকারী বাসের পারমিট প্রদানের ক্ষেত্রে এক উদার নীতির অনুসরণ করছি, কিন্তু বাস চালানোর ক্রমবর্ধমান দৈনন্দিন খরচ, যার মধ্যে জ্বালানীর দাম, যন্ত্রাংশের দাম, টায়ারের দাম প্রভৃতির বৃদ্ধি প্রধান, এঁদের লভ্যাংশ কমিয়ে দিয়েছে—এটা অনুমান করা যায়। আশা করা যাচ্ছে যে ভাড়ার সংশোধনের ফলে আরও বেসরকারী বাস মালিকেরা বাস চালাতে আগ্রহী হবেন এবং জেলাগুলিতে পরিবহণ জনিত সমস্যা কিছুটা লাঘব হবে। আপাততঃ কলকাতায় প্রায় ৭০০ মিনিবাস চলাচল করছে এবং আরও ৩০০ শীঘ্রই চালু হওয়ার কথা। আমরা গত বছরে স্থির করেছি যে, দশটি শহরতলী রুটে চলাচলের জন্য ৪০০টি অটো রিক্সার পারমিট দেওয়া হবে। আমরা আশা রাখি যে, আগামী কয়েক মাসের মধ্যে এগুলি চলাচল শুরু করবে। আমরা আরও আশা রাখি যে, আমরা অদূর ভবিষ্যতে কলকাতা শহরের জন্য আরও ৫০০ পারমিট দিতে পারবো। যে-সকল পারমিটধারী শিক্ষিত, বেকার শ্রেণীভুক্ত, অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্পের মাধ্যমে বাস ও অটোরিক্সা কেনার

জন্য প্রান্তিক অর্থের (মারজিন মানি) ব্যবস্থা করে আমরা তাঁদের সাহায্য করার চেষ্টা করছি। ন্যূনতম মাল পরিবহণের শুল্ক স্থিরীকৃত করে একক ট্রাক চালকদের সমস্যা কিঞ্চিৎ নিরসন করতে আমরা স্থির করেছি।

অন্তর্দেশীয় জলযান পরিবহণ ঃ

অন্তর্দেশীয় জলযান পরিবহণের কলকাতা এবং শহরতলী এলাকায় সড়ক পরিবহণের পরিপূরক হওয়ার বিশেষ সম্ভাবনা আছে। সেই কারণেই রাজ্য সরকার অন্তর্দেশীয় জল পরিবহণ ব্যবস্থাকে কার্যকরী রূপ দেওয়ার প্রতি সবিশেষ দৃষ্টি দিয়েছেন। হাওড়া স্টেশন থেকে আর্মেনিয়ান ঘাট, চাঁদপাল ঘাট এবং গার্ডেনরীচ পর্যন্ত ইতিমধ্যেই যাত্রীবাহী ফেরী চলাচল ব্যবস্থা চালু হয়েছে। হাওড়া স্টেশন থেকে ফেয়ারলী প্লেস পর্যন্ত অপর একটি নতুন ফেরী চলাচল ব্যবস্থা শীঘ্রই চালু হবে। বাগবাজার, শোভাবাজার এবং কুটিঘাট (বরাহনগর)-এ যাত্রী ওঠা-নামার সুযোগ-সুবিধা সৃষ্টির কাজ হাতে নেওয়া হয়েছে। শ্রীরামপুর থেকে মেটিয়াবুরুজ পর্যন্ত ২৫ কিঃ মিঃ ব্যাপী হুগলী নদী বরাবর কিছু গুরুত্বপূর্ণ স্থান নিয়ে ফেরী চলাচল ব্যবস্থা চালু করার সম্ভাব্যতা সরকার চিন্তা করছেন। এই বিভাগের অন্তর্ভুক্ত অন্তর্দেশীয় জল পরিবহণ শাখার নৌ-চলাচল সেল ইতিমধ্যেই রায়দীঘি, হাসনাবাদ, ক্যানিং, বাসন্তি, সাতজেলিয়া এবং গোসবায় জেটি তৈরীর কাজ শেষ করেছে এবং এই জেটিগুলি যাত্রীসাধারণ ব্যবহার করছেন। আশা করা যায়, নেজাতের জেটিটি শীঘ্রই জনসাধারণের জন্য উন্মুক্ত করা যাবে।

বৈমানিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান ঃ

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের অধীনে বেহালার বিমান চালনা প্রশিক্ষণ প্রতিষ্ঠান এই রাজ্যের তরুণ-তরুণীদের বিমান চালনায় শিক্ষা দেয়। ১৯৮২-৮৩-এর আর্থিক বছরের প্রথম তিনমাসে দু'জন শিক্ষার্থী যোগ্যতাসহ প্রশিক্ষণ সমাপণ করেছেন এবং বাণিজ্যিক বিমান চালকের লাইসেন্স পেয়েছেন। তারপর একটি দুর্ভাগ্যজনক দুর্ঘটনায় একজন শিক্ষার্থী ও প্রশিক্ষক প্রধান প্রাণ হারান এবং তারপর বৈমানিক প্রশিক্ষণের কাজ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই প্রতিষ্ঠানের উন্নতিকল্পে পরিকল্পনা খাতে কিছু অর্থ সংস্থান করা হয়েছে। অফিসঘর, কারখানা, শিক্ষার্থীদের জন্য হাসপাতাল ও কর্মীদের বাসগৃহের জন্য সরকার ইতিমধ্যেই জমি অধিগ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকারাধীন অসামরিক বিমান চলাচল দপ্তরে দীর্ঘকাল যাবৎ দু'খানি বিদেশী প্রশিক্ষণ বিমান কেনার আবেদনপত্র পড়েছিল এবং শেষাবধি একটির

জন্য অনুমোদন পাওয়া গেছে ; কিন্তু ভারত সরকার কর্তৃক প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার খরচ সম্বন্ধে অনুমতি না দেওয়া পর্যন্ত ঐ বিমানটিও সংগ্রহ করা সম্ভব হচ্ছে না।

অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কোচবিহারস্থ বিমানক্ষেত্রটি বিমান অবতরণের পক্ষে উপযুক্ত করা মাত্র প্রথমে কোচবিহার জেলাশহরকে কলকাতার সঙ্গে সংযুক্ত করে বায়ুদূত নামক একটি তৃতীয় স্তরের বিমান চলাচল ব্যবস্থা এই রাজ্যে চালু হওয়ার কথা আছে এবং পরবর্তীকালে মালদা ও বালুরঘাটের সঙ্গে কলকাতার যোগাযোগ এই সার্ভিস মারফত সম্ভব হতে পারে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে (ভারত সরকারের অসামরিক বিমান চলাচল দপ্তর) জলপাইগুড়ি ও কলকাতার মধ্যে বিমান চলাচল ব্যবস্থা চালু করার জন্য অনুরোধ করা হয়েছে, যাতে উত্তরবঙ্গের জেলা সমূহের জনগণ রাজ্যের রাজধানীতে যাতায়াতের জন্য দ্রুততর পরিবহণের সুযোগ পান।

একথাটা অবশ্যই বোঝার দরকার আছে যে, কিছু অনিবার্য প্রতিকূলতা আগামী কিছুকাল কলকাতা নগরীর জনপরিবহণ ব্যবস্থার উন্নতিমূলক সমস্ত প্রয়াসগুলির পরিকল্পনা অনুযায়ী রূপায়ণে বাধা দেবে। এইসব প্রতিকূল অবস্থার মধ্যে প্রধান হচ্ছে সড়ক পরিসরের অনটন। নগর এলাকার শতকরা ছয় ভাগ মাত্র পথ। এই সীমাবদ্ধ পরিসর জবরদখলের ও যদৃচ্ছ ব্যবহারের ফলে সমস্যা আরও তীব্র হয়ে উঠেছে। পাতাল রেলের সূচনা হয় এই ধারণা থেকে যে, শুধুমাত্র বাস-ট্রাম দিয়ে শহরাভ্যন্তরের ক্রমবর্ধমান পরিবহণের চাহিদা মেটানো যাবে না। পাতাল রেল শেষ হতে দেরী হচ্ছে বলে গোটা পরিবহণ ব্যবস্থার ওপর প্রচণ্ড চাপ পড়ছে। এর উপর প্রধান সড়কগুলির শতকরা ৩০ ভাগ ব্যবহার করা যাচ্ছে না। তাছাড়া শিয়ালদহ ও হাওড়া রেলওয়ে স্টেশন, বি-বি-ডি বাগ ও এসপ্ল্যানেড অঞ্চলে জনযান-সমূহ ক্রমান্বয়ে কেন্দ্রীভূত হচ্ছে। এটাও সত্য যে, হাওড়াতে ও শিয়ালদহে দু'টি প্রধান রেলওয়ে প্রান্তকেন্দ্র থাকার দরুন নিত্যযাত্রীসাধারণকে সেখান থেকে বিভিন্ন দিকে পৌঁছে দেবার সমস্যা ক্রমশঃ বাড়ছে। এগুলি বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের অধীন একটি রেলওয়ে কন্‌সাল্‌টেন্সি সংস্থার সাহায্যে একটি পরিকল্পনা তৈরী করেছেন, যার লক্ষ্য হল গঙ্গার উভয় তীরে যে-সমস্ত শহরতলীর রেলব্যবস্থা রয়েছে সেগুলি যাতে এই স্টেশন দু'টিকে এড়িয়ে নগর পরিবহণ ব্যবস্থায় আরও সহায়ক হয়ে উঠতে পারে।

এই রেলওয়ে প্রকল্পগুলির রূপায়ণ সাপেক্ষে, বর্তমানে ট্রাম-বাস রুটগুলির সুসমঞ্জস পুনর্বিন্যাসের দ্বারা শহরের যাত্রীচলাচল ব্যবস্থাকে উন্নততর করার জন্য

কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কলকাতা নগর পরিবহণ প্রকল্পের অধীনে একটি সমীক্ষা করা হয়েছে এবং সরকারী ও বেসরকারী বাস ও ট্রামের জন্য একটি খসড়া-নকশা প্রস্তুত করা হয়েছে। অধিকন্তু পরিকাঠামোর উন্নতিসাধন, যথা দমদম রোড ও বি টি রোডের ন্যায় প্রধান যানচলাচলের সড়কগুলির সম্প্রসারণ, বাসচলাচলের প্রান্তিককেন্দ্রগুলিতে নির্মাণকার্য এবং যাত্রী অপেক্ষাগার স্থাপন প্রভৃতি এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। জেলা ও মহকুমা শহরগুলিতে পর্যায়ক্রমে বাসস্ট্যাণ্ড তৈরী করার কাজও এগিয়ে চলেছে।

মোটরযান দুর্ঘটনায় কবলিত ব্যক্তিদের সাহায্যের জন্য ১৯৮০ সালে একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা রাজ্য সরকার চালু করেছেন। এই পরিকল্পনায় দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের আইনসম্মত উত্তরাধিকারীরা ২০০০ টাকা আর্থিক সাহায্য পেয়ে থাকেন এবং দুর্ঘটনায় আহত ব্যক্তিরা আঘাত অনুসারে বিভিন্ন হারে আর্থিক সাহায্য পান। ১৯৮২ সালে কেন্দ্রীয় সরকার মোটরযান আইনের কিছু সংশোধন করেছেন এবং একটি বিশেষ ব্যবস্থা চালু করেছেন, যার ফলে মোটরযান দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের পরিবারবর্গ ১৫,০০০ টাকা এবং মোটর দুর্ঘটনায় চিরস্থায়ীভাবে পঙ্গু ব্যক্তিরা ৭,৫০০ টাকা পাবেন। সোলাসিয়াম ফাণ্ড নামে একটি তহবিল কেন্দ্রীয় সরকার গঠন করেছেন। আমরা এই প্রকল্পের অন্যতম অংশগ্রহণকারী।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিভাগের কার্যাবলীর বিবরণ ও ভবিষ্যতের সম্ভাবনার কথা বলাকালে আমি সচেতন যে, সর্ব বিষয়েই আরও অনেক উন্নতি-সাধনের প্রয়োজন আছে। আমি বিশ্বাস করি, জনগণের সহযোগিতায় ও আমাদের ঐকান্তিক চেষ্টায় বর্তমান পরিস্থিতি অতিক্রম করতে আমরা সক্ষম হব।

এই কথা বলে, মহাশয়, আমি ৭১ নং দাবীভুক্ত ব্যয়বরাদ্দ মঞ্জুরীর আবেদন সভার বিবেচনার জন্য পেশ করছি।

Mr. Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND No. 12

Shri Kashinath Misra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 71

Shri Subrata Mukherjee : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Humayun Chowdhury : I beg to move that the amount of Demanc be reduced by Rs. 100/-

Shri Abanti Misra : I beg to move that the amout of Demand be reducec by Rs. 100/-

Shri Shaikh Imajuddin : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Shri Kashinath Misra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র পরিবহণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৮৩-৮৪ সালের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি না। এর কারণ হচ্ছে বামফ্রন্ট সরকারের পরিবহণের ব্যাপারে প্ল্যানিং এ্যাণ্ড এডুকেশন টোট্যালি এগেন্‌স্ট দি ইন্টারেস্ট অব দি পাবলিক। স্যার, এটা আমার কথা নয়, পশ্চিমবাংলার সমস্ত যাত্রী সাধারণ যাঁরা এই বাস থেকে কিছু কিছু উপকৃত হবার স্বপ্ন দেখছিলেন তাঁরা আজকে দেখছেন বামফ্রন্ট সরকার তাঁদের এতটুকু এগিয়ে নেবার পরিবর্তে পিছিয়ে দিয়েছেন। আমি এই বিভাগের দুর্নীতির কথা জানলেও সে সম্বন্ধে অল্প কিছু বলব, কারণ যাদের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি তাদের সম্বন্ধে আলোচনা করা বাতুলতা মাত্র। আমি মন্ত্রী মহাশয়কে জানাতে চাই, কলকাতা রাজ্য পরিবহণ নিগম, দুর্গাপুর রাজ্য পরিবহণ নিগম, উত্তর বঙ্গ রাজ্য পরিবহণ নিগম এবং কলকাতা ট্রামওয়েজ—মেইনলী এই ৪ টির উপর পরিবহণ দপ্তরের স্ট্রাকচার দাঁড়িয়ে রয়েছে। স্যার, আজকে আমরা দেখছি বামফ্রন্ট সরকার সমস্ত জায়গায় দলবাজীর চূড়ান্ত করে পশ্চিমবাংলাকে সর্বস্বান্ত করেছে। আপনি ব্যাপারটা জানেন এবং নিশ্চয়ই মনে মনে সাপোর্ট করেন না যে, একজন এম এল এ-কে সি এস্ টি সি-র চেয়ারম্যান হিসেবে বসান হোক। কিন্তু বামফ্রন্ট সরকার একজন এম এল এ-কে সেখানে বসিয়েছেন এবং এর দ্বারা তাঁরা প্রমাণ করেছেন আমরা দলের উর্ধ্বে কিছু করতে পারব না। এই কাজ করে বামফ্রন্ট সরকার প্রমাণ করেছেন দল জাতি এবং দেশের উর্ধ্বে। মাননীয় জনপ্রতিনিধি যিনি চেয়ারম্যান হয়েছেন তাঁর বিরুদ্ধে আমি কোন বক্তব্য বা ক্রোধ প্রকাশ করছিনা। তবে আমি বুঝতে পারছিনা স্বাধীনতার পর থেকে যেখানে এক একজন এক্সপার্ট অফিসার একসিকিউটিভ অফিসার হিসেবে এই পরিবহণকে পরিচালনা করে এগিয়ে

নিয়ে যাচ্ছিলেন সেখানে একজন অনভিজ্ঞ লোক যিনি 'জ্যাক অব ট্রেডস বাট মাস্টার অব নান' তাঁকে এই স্টেট ট্রান্সপোর্টে বসিয়ে আপনার এই স্টেট ট্রান্সপোর্টকে কতদূর এগিয়ে নিয়ে যাবেন? আমি শুনেছি কোন অফিসার পশ্চিমবাংলার স্বার্থে তাঁর কাছে কোন কথা জিজ্ঞেস করতে গেলে বা ব্রেকডাউন বন্ধ করবার জন্য বা বাস বৃদ্ধির জন্য তাঁর কাছে ফাইল পুট আপ করলে তিনি বলেন, "ফাইল রেখে যান, আমি পরে বলব।" অর্থাৎ দলের সঙ্গে আলোচনা করে তিনি বলবেন। এর ফলে যে সমস্ত এক্সপার্ট অফিসাররা ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, দুর্গাপুর এবং নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ডেভেলপমেণ্টের জন্য নানা রকম পরিকল্পনা করছিলেন অটোমেটিক্যালি তাঁরা আজকে পিছিয়ে যাচ্ছেন। ইউনিয়নের পাণ্ডারা, মস্তানরা যারা অফিসে এসে কাজ করে না তারাই আজকে টোট্যালি অফিস কনট্রোল করছে এবং চেয়ারম্যানের আস্কারায় পরিবহণ বিভাগকে ভেঙ্গে তছনছ করছে। যে-সমস্ত ডিপোতে বাসগুলো থাকে সেখানে গিয়ে দেখবেন অফিসারদের নোট আছে—"ভাল বাস, একটু রিপেয়ার করে দিলেই রাস্তায় নামতে পারে।" কিন্তু ইউনিয়নের পাণ্ডারা এবং ওই জন-প্রতিনিধি যিনি এখন চেয়ারম্যান হিসেবে আছেন তাঁরা সেগুলো উইদাউট টেণ্ডার বিক্রি করে দিয়েছেন। কাকে বিক্রি করেছেন সেটা বলছি না। ডিজেল এসেছে এবং সে সম্বন্ধে অফিসার এবং ম্যানেজারের নোট আছে, স্পেসিফিক ডি. ও. আছে যে, এই নূতন ডিজেল এই এই ডিপোতে দেওয়া হোক। কিন্তু চেয়ারম্যান ইউনিয়নের পাণ্ডাদের সঙ্গে আলোচনা করে সেই নূতন ডিজেল ডিপোতে না দিয়ে অকশনে বিক্রি করে দিলেন।

[2.50—3.00 P. M.]

এই ঘটনা পশ্চিমবাংলার বুকে হচ্ছে। আমি দেখছি কিছু কিছু এক্সপার্ট, জনদরদী মানুষ যারা দেশের সম্বন্ধে চিন্তাভাবনা করেন—আমি জানি এদের মধ্যে কিছু কিছু দুর্নীতিপরায়ণ লোকও আছে, তবে কিছু কিছু এক্সপার্ট আছেন যারা দেশের মানুষের কথা চিন্তা করেন তারা যখন বলছেন যে এই এই কারখানা থেকে স্পেয়ার পার্টস কিনলে উপযুক্ত স্পেয়ার পার্টস পাওয়া যাবে, তাদের কথা অগ্রাহ্য করে, সেখান থেকে সেই সব স্পেয়ার পার্টস কেনা হোল না, যেখানে সিটু জড়িত আছে, সেইসব কারখানা থেকে স্পেয়ার পার্টস কেনা হচ্ছে। আর এই স্পেয়ার পার্টস যখন বাসে লাগানো হচ্ছে, বাস ব্রেক ডাউন হচ্ছে। উনি নিজে স্বীকার করেছেন যে মাত্র ৩৮০টিকে রাস্তায় নামাতে পেরেছেন। স্যার, ভেষ্টেড ইনটারেষ্ট

রক্ষা করতে গিয়ে গাড়ী অটোমেটিক ব্রেকডউন হয়ে যাচ্ছে। গাড়ী ব্রেকডাউন হওয়ার কি রিজন ? ঐ বাজে স্পেয়ার পার্টস কেনা হচ্ছে এবং রিজন বিহাইণ্ড দিস সে সি. আই. টি. ইউ-কে পাইয়ে দিতে হবে। স্পেয়ার পার্টস-এর অভাবে গাড়ী ব্রেকডাউন হতে পারে না। আমরা সব ব্যাপারেই দেখতে পাচ্ছি পশ্চিম-বাংলায় কিছু হোক, পশ্চিমবাংলা এগিয়ে যাক, পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে মাথা উঁচু করে থাক, এটা তাঁরা চান না। কার্লমার্কসের নীতিকে বিকৃত করে এরা পশ্চিমবাংলাকে অভাবের দিকে টেনে নিয়ে যাচ্ছে। কার্লমার্কসের থিওরিকে এরা বিকৃত করছে। আপনি অন্য ডিপার্টমেন্টে যান দেখবেন এরা মানুষকে সর্বসান্ত করেছে। এই পশ্চিমবাংলার বাসের ব্যাপারে আমি সি. এস. টি. সি-র দিকে যাবো না দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট-এর সম্বন্ধে কতকগুলি পরিকল্পনা তৈরী করার কথা ছিল। আমি প্রাদেশিকতার কথা বলছি না। এই পশ্চিমবাংলার বুকে যেসব আণ্ডারটেকিংস আছে সেখানে বডি করা হোল না। আজকে এই পশ্চিমবাংলায় যেসব বেকার আছে, সেই সমস্ত ভাইদের আজকে অন্ন সংস্থান হতে পারতো—হয়তো ক্ষুদ্র ব্যবসায়ীরা উপকৃত হতে পারতো। আজকে এখানে বডি বিল্ডিং না করে ফরএনে ভেষ্টেড ইণ্টারেষ্ট মহারাষ্ট্র, লক্ষ্ণৌ থেকে বডি তৈরী করে আনা হোল। ইউ সো ইট। কি কারণে ? তাহলে কি পশ্চিমবাংলায় শিল্প নাই ? তাহলে কি পশ্চিমবাংলায় পাওয়ারের অভাবে শিল্প নষ্ট হয়ে যাচ্ছে ? শ্যার, ইউ. নো. ইট বেটার দ্যান নি। পাওয়ারের অভাবে কি শিল্প তৈরী হতে পারছে না ? পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা না থাকার জন্য কি এখানে বডি তৈরী করতে পারছেন না ? আজকে বডি তৈরী করতে হচ্ছে মহারাষ্ট্র লক্ষ্ণৌ। সি. এস. টি. সি-র সমস্ত কিছু বলবো না, তবে আমরা দেখেছি বাসে যখন যাত্রী যায় তখন মনে হয় যেন এক ট্রাক ছাগল ভেড়া দিয়ে যাচ্ছে। মানুষগুলো চীৎকার করে—কারও পকেট চলে যায়, কারও জামা ছিঁড়ে গেল, কারও নেকটাই বেরিয়ে গেল। এর জন্য কোন পরিকল্পনা করেছেন কি ? আপনি ষ্ট্যাণ্ডিং লিমিটেসন করবেন কিনা ? এই ষ্ট্যাণ্ডিং ম্যাকসিমাম-এর বেশী কেউ চড়তে পারবে না। আপনি বলবেন ষ্ট্যাণ্ডিং ম্যাকসিমাম হওয়ায় লাভ হচ্ছে। আমরা জানি এমন এমন কনডাকটর আছে যারা রাসের সময় গেটের সামনে টিকিটের জন্য পয়সা আদায় করে টিকিট দেয় না। আমি জানি যে রাসের সময় টিকিট কাটা হয় না। আমরা এও জানি গেটের সামনে কিছু সমাজ বিরোধীয়া থাকে তারা পয়সা আদায় করে দেয়, তার পর তারা সেই পয়সা কনডাকটরকে দিয়ে দেয়। এইভাবে পয়সা ভাগবাটোয়ার করে দেওয়া হয়।

টিকিট যাত্রীদের দেওয়া হয় না, সরকারী তহবিলে ঐ টাকা জমা পড়ে না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, এইরকম পরিকল্পনা করবার চেষ্টা করবেন কি না, আজকে লোকসান বেড়ে যাচ্ছে, তাও পশ্চিমবাংলার মানুষের স্বার্থে, কলকাতার মানুষের স্বার্থে, আপনি স্ট্যাণ্ডিংটা কমিয়ে দেবেন কি না এবং গ্রাম বাংলায় আপনি লক্ষ্য করবেন, আমি যেমন কলকাতায় স্ট্যাণ্ডিং কমাতে বলছি, কারণ বাস কম আছে, আপনি এক্সপেরিমেন্ট করে দেখুন না, স্ট্যাণ্ডিং কমিয়ে দিয়ে রাজস্ব খাতে আসা কতটা পরিমাণ কমছে এবং এতে যাত্রীদের কতটা সুবিধা দিতে পারছেন। আপনি লক্ষ্য করেছেন কি না জানি না, আপনার কাছে অভিযোগ এসেছে কি না জানি না, বাসের চারিদিকে মার্টগার্ড নেই, কোনও রেলিং নেই, ৫০/৬০ জন যাত্রী ছাদের উপর চাপছে, গাছে ধাক্কা লাগে, এ্যাক্সিডেন্ট হচ্ছে, বাসের ছাদের উপর যাত্রী চাপানো বন্ধ করার কোন বিধি-নিষেধ আপনি আনতে পারেন কি না চেষ্টা করে দেখবেন। পশ্চিমবাংলার যাত্রী সাধারণের সুবিধার্থে সি. এস. টি. সি. টোট্যালি কণ্ট্রোল্ড বাই গভর্নমেন্ট, কিন্তু গ্রাম বাংলায় স্টেট ট্রান্সপোর্ট নেই, এক নর্থ বেঙ্গল ছাড়া সমস্ত ব্যক্তিগত মালিকানায় যে বাসগুলো চলে—আপনারা এ্যাক্সিডেন্টে কিছু কমপেনসেশন দিয়ে দুই/পাঁচ/সাত হাজার টাকা ভিক্ষার মত দিয়ে ছেড়ে দেন, কিন্তু প্রাইভেট বাসের ছাদে চেপে যারা মারা যায়, তারা কোন কমপেনসেশন পায় কি না এবং তার হিসাব আপনার জানা আছে কি না আমি জানি না। প্রাইভেট বাসের মালিকদের নির্দেশ দিতে পারেন কি না যে, ছাদের উপর কোন প্যাসেঞ্জার চাপানো চলবে না। মন্ত্রী মহাশয়ের কাছে আমি আজকে অত্যন্ত বিনয়ের সঙ্গে অনুরোধ রাখছি। দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্টের সিউড়িতে এবং দুর্গাপুরে দুটো ডিপো করার পরিকল্পনা কংগ্রেস আমলে হয়েছিল, সেটা কতটা এগিয়েছে আমি জানি না। আমি ওখানকার জনপ্রতিনিধি, সেই দুটো ডিপো এখনও একজিকিউট হলো না কেন জানি না। সেখানে বাস রাখার জায়গা নেই, বাস মেরামত করার জায়গা নেই। স্টেট ট্রান্সপোর্টের যে-সমস্ত দূরপাল্লার বাস আসে, শিলিগুড়ির বাস বলুন, কলকাতা-সিউড়ির বাস বলুন, বাঁকুড়া-সিউড়ির বাস বলুন, সিউড়ি-বর্ধমানের বাস বলুন, দূরপাল্লার বাস যেগুলো আসে, সেইগুলো মেরামত করার জন্য কোন ডিপো ওখানে নেই। প্রাইভেট গ্যারেজ কিছু কিছু আছে, সেখানে কিছু কিছু এক্সপার্ট হয়তো আছেন, সারিয়ে দিতে পারেন, সব সময় স্পেয়ার পার্টস পাওয়া যায় না, নিম্নমানের স্পেয়ার পার্টস নিয়ে কাজ হয়। সুতরাং ওখানে ডিপো তৈরী করার পরিকল্পনা কতদূর এগিয়েছে মন্ত্রী মহাশয় জানাবেন। এই প্রশ্ন কিন্তু আমাদের এবং পশ্চিমবাংলার মানুষের, সঙ্গে সঙ্গে

বীরভূমের মানুষেরও কিন্তু আছে। এই প্রশ্নটা আপনার কাছে রাখলাম, এটা ত্বরান্বিত করার চেষ্টা করবেন কি না। মন্ত্রী মহাশয়ের কাছে অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানাচ্ছি আজকে পশ্চিমবাংলায় স্পেশালি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এ আজকে ভুরি ভুরি এক্সজাম্পল আছে, সেখানে লোকসানের পরিমাণ দিনের পর দিন বেড়ে চলেছে। বাসের ব্রেক ডাউন, এই ব্যাপারে আর রিপিটেশন করবো না। স্পেয়ার পার্টসের কথা, একই জিনিস, কিন্তু এটা স্পেসিফিক্যালি বলছি, সি. পি. এম. ইউনিয়নের নেতারা প্রত্যক্ষ ভাবে যোগসাজশ করে যেভাবে চুরি-জোচ্চুরি বাড়িয়ে দিয়েছেন, আপনার কাছে লিখিত স্পেসিফিক অভিযোগ থাকা সত্ত্বেও আপনি সে-গুলোর কোন বিচার করছেন না। আপনার কাছে অভিযোগ আছে, যে-সব অভিযোগ পাঠানো হয়েছে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর এক শ্রেণীর কর্মচারীর তরফ থেকে, যারা মানুষকে ভালবাসে, দেশকে ভালবাসে, তারা আপনার কাছে অভিযোগ পাঠিয়েছে, আপনি কোন ব্যবস্থা নিচ্ছেন না, তাহলে কি জেনে নেব, ডাইরেক্টলি এই অসততাকে আপনি সমর্থন করছেন? ডাইরেক্টলি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের সর্বনাশ হয়ে যাক, চুরি-জোচ্চুরি হয়ে একদম শেষ হয়ে যাক, এটাই কি আপনি চাইছেন? এটা আপনার কাছে প্রশ্ন থাকলো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, নর্থ বেঙ্গব স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারে আমরা এই ধারণা পেয়েছি, এক শ্রেণীর কর্মচারী, আমি জানি না তারা কোন্ রাজনৈতিক দলের অন্তর্ভুক্ত, তারা দেশের শত্রু, রাজস্ব খাতে আয় বৃদ্ধির পরিবর্তে জাল টিকিট ছাপিয়েছে, কমপ্লেন পাওয়া গেছে। মূর্খ মহাশয়গণ ধরে নিলাম তারা কংগ্রেসের লোক, কি স্টেপ আপনি নিয়েছেন? What step has been taken by the Minister, what step? হতে পারে কংগ্রেসের লোক, হতে পারে সি. পি. এম.-এর লোক, তারা অন্যায় করেছে, তার বিরুদ্ধে কি প্রতিকারের ব্যবস্থা নিয়েছেন? সেখানেও প্রশ্রয়।

[3.00—3.30 P. M. including adjournment]

কারণ তারা কংগ্রেসের লোক নয়। যেহেতু তারা সি. পি. এম.-এর মস্তান বাহিনী, সি. পি. এম.-এর নেতৃবাহিনীর লোক সেই জন্য তাদের বিরুদ্ধে কোন স্টেপ নিতে পারছেন না। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, পশ্চিমবাংলার স্টেট ট্রান্সপোর্টের রাজস্ব কমে যাচ্ছে, বাসের নিম্নমান ছাড়াও। স্যার, আমার কাছে স্ট্যাটিসটিকস নেই, আমি আন্দাজে বলব না, তবে

ওখানকার শ্রমিকবন্ধুদের কাছে যতটুকু শুনেছি তাতে আপনি হিসাব করে দেখবেন লক্ষ লক্ষ টাকার জাল টিকিট বিক্রী হচ্ছে। সেই জাল টিকিট কি আলিমুদ্দিন স্ট্রীটের প্রেস থেকে ছাপা হচ্ছে, যার জন্য মন্ত্রী মহাশয় নীরব আছেন? লেট হিম রিপ্লাই—মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার এই প্রশ্ন রইল। মাননীয় স্পীকার, স্যার, বামফ্রন্ট সরকারের আমলে পরিবহণকে এগিয়ে নিয়ে যাবার কোন পরিকল্পনা এঁরা করেন নি। আমি স্পেসিফিক জানি এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষের জন্য কোন চিন্তা করেন নি, নিজেদের কথা চিন্তা করা ছাড়া। এটা বিভিন্ন উপায়ে আমারা মানুষের কাছ থেকে শুনছি। আজকে সেই রকম একই উপায়ে বামফ্রন্ট সরকার নিজেদের দলের চিন্তা করতে গিয়ে জাতির সর্বনাশ করছেন। স্যার, আমি একটি কথা ভুলে গিয়েছিলাম, মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলী মহাশয় সেটা আমাকে মনে করিয়ে দিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কি পলিসি আমি জানি না, আই ডু নট নো হোয়াট ইজ দি পলিসি, সেটা উনি জানেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে লং রুটের বাস-এর সংখ্যা আস্তে আস্তে কমে যাচ্ছে। যেমন ১৪ বি, ২, ২বি ইত্যাদি এই সব লং রুটের বাসের সংখ্যা কমে যাচ্ছে। What is the policy I do not know. I want to know the policy and why this policy has been adopted I want to know the reason from the Minister.

আজকে সাটেল বাসের সংখ্যা দিনের পর দিন বাড়িয়ে দিচ্ছেন। এতে সরকারী রাজস্ব কিছু বাড়ছে কি না আমি জানি না, তবে লং রুটের বাস ক্রমশঃ কমিয়ে দেওয়া হচ্ছে। একজাম্পল হিসাবে আমি লং রুটের বাস ২, ২বি, ১৪বি'র নাম উল্লেখ করলাম। আপনারা যাদের অপদার্থ বলছেন সেই কংগ্রেস সরকারের আমলে যেখানে অনেক বেশী বাস প্লাই করত, এখন সেখানে সকালে একটা বাস গেলে আবার পরের দিন সকালের বাসের জন্য অপেক্ষা করতেহচ্ছে। কখন ২, ২বি, ১৪বি বাস আসবে তার জন্য লোককে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে কেন, হোয়াই? মেন্টিনেন্সের অভাবে বাসের সংখ্যা কমে যাচ্ছে, রাস্তায় কম বাস নামছে ডিউ টু প্রপার মেন্টিনেন্স এবং মেন্টিনেন্সের অভাবে ব্রেকডাউন হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কংগ্রেস আমলে যেরকম মেন্টিনেন্স হত, এই সরকারের আমলে সেইভাবে মেন্টিনেন্স হচ্ছে না। একজিকিউশনের কথা না হয় আমি বাদই দিলাম। আজকে পরিবহণের কোন কাজ নেই, স্টেট ট্রান্সপোর্টের কোন উন্নতি নেই, দুর্গাপুর পরিবহণের কোন উন্নতি নেই, পরিকল্পনা করার কোন চেষ্টা নেই। স্যার, এঁরা কত নোংরা ভাবে রাজনীতি করছেন সেটা আপনাকে একটু জানাতে চাই। স্যার, জনৈক ডঃ এস. কে. চ্যাটার্জি একটি চিঠি দিয়েছেন

আপনার কাছে দেবার জন্য। তাতে উনি লিখেছেন, "আমি একজন নাগরিক, আমার এটা জানা নেই যে, বিষয়টি কতটা আইনসঙ্গত বা আইন বিধিবহির্ভূত।" স্যার, উনি লিখছেন, ডবলিউ. বি. এস. ১১২৫, রুট নং এল—৯, এই বাসের গায়ে বড় বড় করে লেখা আছে "বামফ্রন্ট প্রার্থীদের জয়ী করুন, স্বৈরতন্ত্রী কংগ্রেসকে কবর দিন।" স্যার, এটা সরকারী এল—৯ বাস। আমি জানতে চাই এই বাসের গায়ে যে এ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হচ্ছে এতে মিনিস্টারের এ্যাপ্রুভ্যাল আছে কি না এবং যে এ্যাডভার্টাইজমেন্ট এই অপদার্থ সরকারের অপদার্থ পার্টি দিচ্ছেন, এর জন্য কত টাকা মিনিস্টার পেয়েছেন। নির্বাচনের আগে সরকারী বাসে এই যে এ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়েছে এর জন্য তিনি কত টাকা আদায় করতে পেরেছেন সেটা তিনি দয়া করে আমাদের জানাবেন। জ্যোতিবাবুর বাড়ীতে লিফট বসানোর জন্য যেমন সরকারী পয়সা পাওয়া যাবে না, তেমনি এই বাসের গায়ে সি. পি. এম. পার্টি থেকে এ্যাডভার্টাইজমেন্ট দিলেও কোন পয়সা পাওয়া যাবে না। হোয়াই দিস ?

পশ্চিমবঙ্গে সি. পি. এম. পার্টির সরকার আছে বলে, জ্যোতি বসু সি. পি. এম. পার্টির বলে গোটা পশ্চিমবাংলায় কি শুধু সি. পি. এম. পার্টির মানুষরাই উপকৃত হবেন ? সি. পি. এম রাজ চলছে বলে সি. পি. এম. ছাড়া অন্য পার্টির মানুষরা কি এই সরকার থেকে উপকার পাবেন না ? মাননীয় পরিবহণমন্ত্রীর কাছে আমি যেসব প্রশ্নগুলি রাখলাম সেগুলির জবাব আশা করি তিনি দেবেন। আমি আবার বলছি, এই পরিবহণ সংস্থার The Planning and Execution wing is totally ignoring the interest of the public. Try to look after the interest of the public.

কংগ্রেস ডিপ্রাইভড হয় হোক, ক্ষতি নেই, কংগ্রেস আপনার বিজ্ঞাপন দিয়ে জিতবে না, কংগ্রেস আপনার কাছে কোনদিন ভিক্ষা করতেও যাবে না। আপনার কাছে অনুরোধ, পশ্চিমবাংলার মানুষের স্বার্থ আপনি দেখুন। পরিশেষে বলি স্যার, জনস্বার্থবিরোধী, যাত্রীস্বার্থবিরোধী অপদার্থ পরিবহণ দপ্তরের এই অপদার্থ বাজেটকে আমি অন্তর দিয়ে সমর্থন করতে পারলাম না। জয়হিন্দ, বন্দেমাতরম্।

(At this stage the house was adjourned till 3-30 p. m.)

(After adjournment)

[3.30—3.40 P. M.]

শ্রীজগদীশচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হোম ট্রান্সপোর্ট দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে দু'-

একটি কথা আপনার সামনে রাখতে চাই। বিরতির আগে কংগ্রেসের মাননীয় সুনীতি চট্টরাজ মহাশয় যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্য আমি শুনছিলাম। উনি ট্রান্সপোর্ট-এর প্ল্যানিং এবং তার এক্সজিকিউশন জনস্বার্থ-বিরোধী এই কারণে বাজেটকে সমর্থন করতে পারেন নি। আমি কেন্দ্রের কংগ্রেস সরকারের প্ল্যানিং সম্পর্কে আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা Annual Report on the Working of the Ministry of Industries, Government of India, 1978-79 থেকে নেওয়া হয়েছে। সেখানে বলছেন : In the planned document the demand for 1978-79 for Commercial Vehicles has been indicated as sixty thousand per annum এবং ঐ রিপোর্টে আরো বলা হয়েছে যে, ১৯৭৬-৭৭ সালের প্রোডাকশানের ক্যাপাসিটি হচ্ছে ৪৬ হাজার ৪২২ এবং ১৯৭৭-৭৮ সালে প্রায় ৪৫ হাজার ভেহিকলস তৈরী হয়েছে। ভারতবর্ষের ৪টি কারখানায় এই গাড়ী তৈরী হল। আমাদের দেশের জনসংখ্যা ঐ সময়ে—এর পরের রিপোর্ট আমাদের লাইব্রেরীতে পাওয়া যায় নি। কাজেই সেটা বলতে পারছি না—ঐ সময়ে জনসংখ্যা ছিল ৬৫ কোটি। তাহলে দেখা যাচ্ছে যে, প্ল্যানিং কমিশন যেটা অনুমোদন করেছেন, ১৯৭৮-৭৯ নাগাদ ৬০ থাউজেণ্ড কমার্শিয়াল ভেহিকলস দরকার হয়। তার মধ্যে অর্ধেক চলে যায় লরীর জন্য। এর মধ্যে এক্সপোর্ট আছে। এরা এক্সপোর্ট করেছেন ১৯৭৭-৭৮ সালে এক হাজার গাড়ী। অর্থাৎ ১ হাজার গাড়ী বাইরে রপ্তানী করেছেন। তাহলে ২৯ হাজারের মত গাড়ী থাকা উচিত। কিন্তু এ্যাকচুয়ালী ৪৫ হাজার গাড়ী আছে। কাজেই জনসংখ্যার হার অনুপাতে দেখা যাবে যে, মাথাপিছু সারা ভারতবর্ষে ৩৬ শত জন মানুষের জন্য একখানা ভেহিকলস এবং যার আজকে চেসিস পাওয়া যায় না। চেসিসের যা ডিমাণ্ড সেই অনুপাতে সাপ্লাই কম। ফলে এই কারখানাগুলি যদি বাড়ান না যায়, অটোমোবাইল ইণ্ডাষ্ট্রি যদি না বাড়ানো যায়, তার প্রোডাকটিভ ক্যাপাসিটি যদি না বাড়ানো যায় তাহলে সমস্যার সমাধান হতে পারে না। প্ল্যানিং কেন্দ্রীয় সরকার করেছেন, রাজ্য সরকার-এর কিছু করণীয় নেই। কাজেই উনি যে কথা বলেছেন যে, রাজ্য সরকারের দোষ, এটা মনে হয় ঠিক নয়। প্ল্যানিং ডিপার্টমেণ্ট যা করছেন তার বাইরে রাজ্য সরকারের কিছু করার নেই, তারা কিছু করতে পারে না। কাজেই এটা বিরোধিতার জন্যই বিরোধিতা করছেন, তাঁদের রাজনীতি চরিতার্থ করার জন্য বিরোধিতা করছেন।

সুনীতিবাবু বলেছেন, বাসের ছাদের উপরে চেপে মানুষ যাতায়াত করে। আমি তাঁকে বলছি, যদি বাসের সংখ্যা বাড়ে তাহলে আর বাসের ছাদে মানুষকে

চাপতে হয় না। কিন্তু বাস বাড়াতে হলে চেসিস উৎপাদন আগে বাড়াতে হবে এবং ফেয়ার স্ট্রাকচারের দিকে লক্ষ্য দিতে হবে। সব চেয়ে বড় কথা হচ্ছে, আমাদের আজকে দেখতে হবে পশ্চিম বাংলায় বাসকে লাভজনক ভাবে চালান যায় কি না এবং সেদিকে লক্ষ্য রেখে ইতিমধ্যেই বাস-ট্রামের ভাড়া কিছুটা বাড়ান হয়েছে। অবশ্য সেই ভাড়া বৃদ্ধিকে কেন্দ্র করে ইতিমধ্যেই কংগ্রেস এবং এস. ইউ. সি. আন্দোলন করেছে। আমি আজকে ওঁদের বলব যে, আমাদের পশ্চিম বাংলায় যে ট্রান্সপোর্ট সমস্যা রয়েছে তাকে দূর করতে গেলে যাঁরা প্রাইভেট বাস চালান তাঁরা বাস চালিয়ে যাতে একটু লাভ করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। তা না হলে কেউ গাঁটের পয়সা খরচ করে বাস চালাবেন না। সুতরাং সেদিকে লক্ষ্য রেখেই আমাদের সরকার প্রতিটি রুটেই কিছু পরিমাণে বাসের ভাড়া বাড়িয়েছেন। আমরা জানি মধ্যবিত্ত মানুষরা প্রাইভেট বাস চালিয়ে থাকেন, তাঁরা লোকসান দিয়ে রাস্তায় বাস বার করতে পারছিলেন না এবং তার জন্য একটা বিরাট সমস্যা সৃষ্টি হয়েছিল। ভাড়া বাড়িয়ে সর্বনিম্ন ভাড়া ৪০ পয়সা করা হয়েছে, কিন্তু ভাড়া বাড়ার পরেও আমরা দেখছি সারা ভারতবর্ষের মধ্যে এখন পর্যন্ত পশ্চিম বাংলাতে ভাড়ার হার সবচেয়ে কম। এখন পর্যন্ত পশ্চিমবঙ্গে কিলোমিটার প্রতি ভাড়ার হার হচ্ছে ৩ পয়সা থেকে ৬ পয়সা। অথচ এর আগেই সারা ভারতবর্ষে কিলোমিটার প্রতি ভাড়ার গড় হার ছিল ৮ পয়সা। আমরা দেখছি, এখানে ভাড়া বাড়ার আগে পর্যন্ত মাদ্রাজে ১০ কিলোমিটার পর্যন্ত ভাড়ার হার ছিল ৭০ পয়সা, বোম্বাইতে ৭৫ পয়সা, আর কলকাতায় ৪০ পয়সা। ১৫ কিলোমিটার পর্যন্ত মাদ্রাজে ছিল ৮৫ পয়সা, বোম্বাইতে ছিল ৯৫ পয়সা, আর কলকাতায় ছিল ৫০ পয়সা। ২০ কিলোমিটার পর্যন্ত মাদ্রাজে ছিল ৯৫ পয়সা, বোম্বাইতে ছিল ১.১৫ পয়সা, আর কলকাতায় ছিল ৫০ পয়সা। কাজেই আমরা দেখতে পাচ্ছি অন্যান্য রাজ্যের তুলনায় এখনো পর্যন্ত আমাদের ভাড়ার হার অনেক কম এবং এটা আমাদের মনে রাখা দরকার। তারপরে কলকাতায় শুধু রাষ্ট্রীয় পরিবহণের বাস চলে না, এর সঙ্গে সঙ্গে প্রাইভেট বাসও চলে। আমরা দেখছি প্রতিদিন কলকাতায় ৪৫ লক্ষ মানুষ বাসে-ট্রামে যাতায়াত করেন এবং এর অর্ধেক মানুষ, ২২ লক্ষ থেকে সাড়ে ২২ লক্ষ মানুষ প্রাইভেট বাসে যাতায়াত করেন। কাজেই প্রাইভেট বাসগুলি যাতে চালু থাকে তার জন্য যা করণীয় তা করা প্রয়োজন। ইতিমধ্যে পেট্রোল-এর দাম বেড়েছে, ডিজেলের দাম বেড়েছে, মোবিল-এর দাম বেড়েছে, স্পেয়ারস-এর দাম বেড়েছে, টায়ারস-এর দাম বেড়েছে, সমস্ত জিনিসের দাম বেড়েছে। ফলে বাস চালকদের খরচ বেড়েছে। সেই বাড়তি খরচ কিছু অংশে মেটাবার জন্য ভাড়া বাড়াবার প্রয়োজন ছিল।

আমরা দেখছি বাসের ভাড়া বেড়েছে এবং রেলেরও ভাড়া বেড়েছে। কিন্তু আমরা যদি এই দুটোর মধ্যে একটু তুলনা করি তাহলে কি দেখব? তাহলে আমরা দেখব যে, এখন পর্যন্ত রেল ভাড়ার তুলনায় আমাদের রাজ্যে বাসের ভাড়া অনেক কম বেড়েছে। এখন পর্যন্ত কলকাতা থেকে ডায়মণ্ডহারবার রেলের দ্বিতীয় শ্রেণীর ভাড়া হচ্ছে ৩.০০ টাকা, আর বাসের ভাড়া হচ্ছে ১ টাকা ৫০ পয়সা। কলকাতা থেকে বারাকপুর রেলের ২য় শ্রেণীর ভাড়া হচ্ছে ১ টাকা ৩০ পয়সা, আর বাসের ভাড়া হচ্ছে ৬০ পয়সা। কলকাতা থেকে বনগাঁ রেলের ভাড়া হচ্ছে ৪ টাকা ৬০ পয়সা, আর বাসের ভাড়া হচ্ছে ১ টাকা ৬০ পয়সা। কলকাতা থেকে বারাসাত রেলের ভাড়া হচ্ছে ১ টাকা ৩০ পয়সা, আর বাসের ভাড়া হচ্ছে ৬০ পয়সা। কলকাতা থেকে বসিরহাট রেলের ভাড়া হচ্ছে ৪ টাকা ৪০ পয়সা, আর বাসের ভাড়া হচ্ছে ১ টাকা ৬৫ পয়সা। বর্তমানে রেলের সর্বনিম্ন ভাড়া হচ্ছে ১ টাকা, আর বাসের সর্বনিম্ন ভাড়া হচ্ছে ৪০ পয়সা। এই পরিসংখ্যান থেকে আমরা দেখতে পাচ্ছি রেলের ভাড়ার চেয়ে বাসের ভাড়া অনেক কম, যার ফলে মানুষ বাসে করে বেশী যাতায়াত করে। রেলের ভাড়া বাসের ভাড়ার ডবল। আমি কংগ্রেসী বন্ধু-দের বলব যে, আপনারা একটু কেন্দ্রীয় সরকারকে বলুন না, রেলের ভাড়াটা কমিয়ে দিতে, তাহলে মানুষ যাতায়াতের কিছু সুবিধা পেতে পারে। রেল চালানর খরচা বাস চালানর খরচের চেয়ে অনেক কম। সুতরাং এই অবস্থায় বাসের যে ভাড়া বাড়ান হয়েছে সেটা খুব একটা বেশী বাড়ান হয় নি। আমি ওঁদের বলব যে, আপনারা আপনাদের গনি-দাকে একটু বলুন না রেলের ভাড়া কমিয়ে দিতে, তাহলে মানুষ বেশী করে রেলে যাতায়াত করবে। সেদিকে আপনাদের নজর নেই, আপনারা শুধু ঐ প্ল্যানিং ইত্যাদির কথা বলে বিরোধিতার জন্য বিরোধিতা করছেন।

[3.40—3.50 P.M.]

ট্রাম এবং বাসের যে সমস্যাগুলি আমাদের রাষ্ট্রীয় পরিবহণের মধ্যে রয়েছে সেটা হচ্ছে ভরতুকির একটা প্রশ্ন। এখানে ভরতুকির ব্যাপারে অনেক অভিযোগ তোলা হয়েছে এবং বলা হয়েছে ঠিকমত প্ল্যানিং নেই, এক্সজিকিউশন ঠিকমত হয় না। দিল্লীতে ৫ হাজার গাড়ী চালানো হয় এবং এই ৫ হাজার গাড়ীর জন্য ১৯৮১-৮২ সালে কেন্দ্রীয় সরকার ২০ কোটি টাকা ভরতুকি দিয়েছেন, আর ১৯৮২-৮৩ সালে ২৬ কোটি টাকা ভরতুকি দিয়েছেন দিল্লী ট্রান্সপোর্টের যে সার্ভিস সেই সার্ভিসকে মেইনটেণ্ড করার জন্য। দিল্লীর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ভরতুকি দিচ্ছেন, কিন্তু রাজ্য-

গুলির ক্ষেত্রে বলছেন ভরতুকি কমাও। সুতরাং এই দু'রকম নীতি কেন? দিল্লীকে ভরতুকি দিচ্ছেন, আর রাজ্যগুলিকে ভরতুকি কমাবার জন্য বলছেন। এই দু'মুখো নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে ভরতুকির একটা অংশ কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করা হয়েছিল, কিন্তু কেন্দ্রীয় সরকার রাজী নয়। তাঁরা নিজেরা দিচ্ছেন আর রাজ্য সরকারগুলিকে বলছেন ভরতুকি কমাও। সুতরাং ভরতুকি কমাবার ক্ষেত্রে স্বভাবতঃই ভাড়া বাড়াবার প্রশ্ন এসে গেছে এবং সেই জন্যই কিছু ভাড়া বাড়ানো হয়েছে। আমাদের রাজ্য সরকার পরিবহণের ক্ষেত্রে এ বছর ৮৭ কোটি টাকা ভরতুকি দিয়েছেন ট্রাম এবং বাস মিলিয়ে। এই ৮৭ কোটি টাকার মধ্যে একটা অংশ বাড়তি ভাড়া থেকে আসবে, আর বাকি অংশ সরকারের তহবিল থেকে দিতে হবে। কাজেই ভরতুকির প্রশ্নের সমাধান বাসের কিম্বা ট্রামের ভাড়া বাড়িয়ে কোন কালেই সম্ভব নয়। কিন্তু যেহেতু এটা জনসেবামূলক ব্যবস্থা, সেহেতু জনসেবার স্বার্থে এই ট্রান্সপোর্টকে ব্যবহার করা হয় এবং তার জন্যই ভরতুকির প্রশ্ন আসে। সমস্ত মেট্রোপলিটান সিটিতে এই ভরতুকির ব্যবস্থা আছে এবং এটা থাকবে—এ বিষয়ে কোন সন্দেহ নেই। এখানে প্রশ্ন তোলা হয়েছে, বাসের না হয় পেট্রোল ডিজেলের দর বৃদ্ধির জন্য বাসের ভাড়া বেড়েছে, কিন্তু ট্রামের বাড়ানো হয়েছে কেন? এই প্রশ্ন বিধানসভার ভিতরে এবং বিধানসভার বাইরে তোলা হয়েছে। বিদ্যুতের দাম বেড়েছে শতকরা ৭৫ শতাংশ এবং ট্রাম শ্রমিকদের বেতন এবং অন্যান্য খরচ বেড়েছে শতকরা ৫৮ শতাংশ এবং ট্রাম চালাতে গেলে যে সার্বিক খরচ সেটা বেড়েছে শতকরা ৫২ শতাংশ। কাজেই কিছু মেটাতে গেলে ট্রামের ভাড়া বাড়ানো প্রয়োজন এবং সেটা বাড়ানো হয়েছে। তারপর বলা হয়েছে ১৯৫৩ সালে ১ পয়সা ভাড়া বাড়াবার জন্য আপনারা আন্দোলন করেছিলেন, আর আজকে ভাড়া বাড়ানো হয়েছে বলে যাঁরা আন্দোলন করছেন এই ভাড়া বাড়ানোর বিরুদ্ধে তাঁদের আন্দোলনে আপনারা অংশ গ্রহণ করছেন না কেন? আন্দোলনের বিরোধিতা করছেন কেন? আমি সবিনয়ে বলতে চাই, ১৯৫৩ সালের যে ঘটনার কথা বলছেন সেটা আজ থেকে ৩০ বছর আগে। এখন যাঁরা বলছেন তাঁরা তখন অনেকেই শিশু ছিলেন, সুতরাং ভাল করে ব্যাপারটি জানেন না এবং জানেন না বলেই এই কথা বলছেন। ১৯৫৩ সালে যে আন্দোলন হয়েছিল সেই আন্দোলন মূলতঃ ছিল সাম্রাজ্যবাদ-বিরোধী আন্দোলন। সাম্রাজ্যবাদী বৃটিশ সেই সময়ে ট্রাম কোম্পানীর মালিকানাধীন ছিল এবং শতকরা ১০০ ভাগই শেয়ার তাদের মালিকানাধীন ছিল। সমস্ত লভ্যাংশ ইংল্যাণ্ডে চালান যেত। ১৯৫৩ সালে ট্রাম কোম্পানীর লোকসান গেছে এমন কোন নজির জানা নেই, তা সত্ত্বেও ভাড়া

বাড়িয়ে দিয়েছিল ১ পয়সা এবং কংগ্রেস সরকার সেই ভাড়া বাড়াবার পক্ষে অনুমতি দিয়েছিল। সাম্রাজ্যবাদী বৃটিশের তল্পিবাহক কংগ্রেস সরকার সেই সময়ে ছিল এবং আজও যে সেই দল আছে এটা মনে না করার কোন কারণ নেই। সুতরাং তখন সেই ভাড়া বাড়ানোর বিরুদ্ধে জনগণ রুখে দাঁড়িয়েছিল এবং আজকের যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে সেই বামপন্থী দল সেই আন্দোলন পরিচালনা করেছিলেন এবং সেই আন্দোলনের ডাকে লক্ষ লক্ষ মানুষ সাড়া দিয়েছিলেন এবং তাঁরা সেই আন্দোলনে সামিল হয়েছিলেন এবং কলকাতার ট্রাম তাঁরা বয়কট করেছিলেন।

আপনারা আন্দোলন করছেন, আজকে সেই আন্দোলনে কেউ সাড়া দিচ্ছে না, মুষ্টিমেয় কিছু পার্টি ভলান্টিয়ার ছাড়া। এরা ছাড়া আর কেউ সেই আন্দোলনকে সমর্থন করছেন না। আপনারা যে সময়ের কথা বলছেন সে সময় আন্দোলন করার কারণ ছিল। সে সময় কোম্পানী ছিল বৃটিশ মালিকানাধীন। ঐ বৃটিশ মালিকানার বিরুদ্ধে তাকে রাষ্ট্রীয়করণের দাবীই তখন ছিল প্রধান। সেই দাবীতেই তখন আন্দোলন করা হয়েছিল। তারপর ১৯৬৭ সালে প্রথম যুক্তফ্রন্ট হওয়ার পর পরবর্তীকালে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়—তিনি তখন সহকারী মুখ্যমন্ত্রী ছিলেন—ট্রান্সপোর্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। তিনিই এই ভার গ্রহণ করেন এবং তার পরবর্তীকালে ভারতীয়, রাষ্ট্রীয় মালিকানাধীনে এর অবস্থার কিছু পরিবর্তনের প্রয়োজন হয়। তাকে চালু রাখার প্রশ্ন আছে, চালু রাখতে গেলে কিছু ভাড়া বৃদ্ধি করার প্রয়োজন হয়, এছাড়া কোন গত্যন্তর ছিল না। এই জন্য ওঁরা আন্দোলন করছেন, মানুষকে বিপথে চালিত করার চেষ্টা করছেন। কিছু রাজনৈতিক বুদ্ধি-সম্পন্ন মানুষ এবং ১/১ জন মুষ্টিমেয় মানুষ এটাতে বিভ্রান্ত হলেও কার্যতঃ পশ্চিম-বঙ্গের মানুষ এতে বিভ্রান্ত হয় নি। সেজন্যই আজকে ট্রাম এবং বাস চালু আছে, আরো বেশী চালু হবে, আরো কিছু উন্নতি ঘটবে। এর সামগ্রিক সমস্যার সমাধান করতে গেলে যেটা প্রধান বিচার্য বিষয় সেই ডেনসিটি অফ পপুলেশনের কথা ভাবতে হবে। কলকাতায় পার স্কোয়ার মাইল ঘনত্ব সবচেয়ে বেশী। ৩১,৬৫১ জন। কাজেই এই অবস্থার মধ্যে ট্রান্সপোর্টের রাস্তার পরিমাণ শতকরা ৬ ভাগ। ভারতবর্ষের অন্যান্য রাজ্য—দিল্লী, মাদ্রাজ, বোম্বে ইত্যাদি জায়গায় ২৫ থেকে ৩৫ ভাগ রাস্তা হয়েছে। সেই সব শহরের তুলনায় কলকাতার রাস্তা হচ্ছে শতকরা ৬ ভাগ। কাজেই জনবসতির ঘনত্ব, রাস্তার স্বল্পতা এই দুটি কারণই কলকাতার যানবাহন সমস্যা তীব্র থেকে তীব্রতর করে তুলেছে। কাজেই এই সমস্যার সমাধান বক্তৃতা দিয়ে করা সম্ভব নয়। এটা দীর্ঘদিনের সমস্যা এবং এটা সমাধান করতেও দীর্ঘ সময় নেবে। আমার আর সময় নেই, অনেক কথাই বলার ছিল।

কাজেই এই কটি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীঅশোক ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয় রবীনবাবু যে ব্যয়বরাদ্দ এখানে এনেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না বলে দুঃখিত। রবীনবাবু পশ্চিমবঙ্গের যানবাহন সমস্যাটা দিনের পর দিন বাড়িয়ে তুলছেন। একটা কথা এই বিধানসভায় বলতে ইচ্ছা করছে—"সে দুর্নীতির কথা রবীন মুখার্জী কহে, শোনে পুণ্যবান, পশ্চিমবঙ্গের যানবাহনের কথা অমৃত সমান।" আমি বলতে চাই যে, পশ্চিমবঙ্গের মানুষ হাড়ে হাড়ে টের পেয়েছে। যাঁরা বিগত কালে বাস এবং ট্রাম ভাড়া বৃদ্ধির ফলে আন্দোলন করতেন, ট্রাম, বাস পোড়াতেন, এখন ক্ষমতায় এসে ঠাণ্ডা ঘরে বসে কি সুন্দর পরিকল্পনা মত বাস-ট্রামের ভাড়া বৃদ্ধি করছেন। আমরা দেখছি বিধানসভা চলাকালীন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু কাগজে বিবৃতি দিচ্ছেন। বিধানসভায় আলোচনার প্রয়োজন মনে করছেন না এবং বিবৃতি দেওয়ার পরে আমরা দেখলাম বহু অসঙ্গতি থেকে গেল এবং পশ্চিমবঙ্গে অসন্তোষ দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। এর ফলে প্রচার আন্দোলনের সময় আমরা লক্ষ্য করেছি যে, সি. পি. এমের ঠ্যাঙ্গাড়ে বাহিনী এবং কিছু সংখ্যক পুলিশ সেই আন্দোলনকে দমন করার চেষ্টা করছে।

[3.50—4.00 P.M.]

স্যার, আমি বলতে চাইছি যে, ট্রাম কোম্পানী মাননীয় রবীনবাবু দেখাশুনা করছেন। ১৯৭৪ সালে এটা সরকারে ন্যস্ত হয় এবং তার পর খুব স্বাভাবিক কারণেই এ. জি. বেঙ্গল এর অডিট এ্যাকাউন্টস দেখাশুনা করছে। তাছাড়া ট্রাম কোম্পানী তারপর আর কোম্পানী অ্যাকটের আওতায়ও থাকলো না। পরিবহণ-মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, এর এ্যানোয়াল এ্যাকাউন্টস তৈরী হয়েছে কিনা? এর উত্তর উনি নিশ্চয়ই দেবেন এই হাউসে আশা করি। কিন্তু আমরা জানি দৈনিক তিন ঘণ্টা করে ওভার টাইম চলছে ট্রাম কোম্পানীর কর্মচারীদের এবং সেই কারণেই বিগত কয়েক বছরের এ্যানোয়াল এ্যাকাউন্টস তৈরী করা হয় নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি গুরুত্বপূর্ণ বিষয় সেটা হচ্ছে এই যে, ট্রাম কোম্পানীতে ক্যাশ ভল্ট আছে। দৈনিক টিকিট বিক্রির টাকা এই ক্যাশ ভল্টে রাখা হয়। আমাদের কাছে খবর আছে, এতে প্রতিদিন যে টাকা রাখা হয় সেটা ক্যাশ

বুকে লেখা হয় না। আমি যদি ধরে নিই যে, প্রতিদিন ১.৫০ লক্ষ টাকা ক্যাশ ভল্টে রাখা হচ্ছে, তাহলে ১ সপ্তাহে ১০'৫০ লক্ষ টাকা হচ্ছে। বছরে সেটা কত দাঁড়াচ্ছে? কিন্তু আমার বক্তব্য, এই টাকা যদি অফিসাররা সঞ্চয়িতাতে রেখে দেন তাহলে সেটা মন্ত্রী মহাশয়ের বুঝবার কোন উপায় আছে কি? মন্ত্রী মহাশয় বলতে পারেন কি যে, গতকাল কত টাকার টিকিট বিক্রি হয়েছে? আমি জানি তিনি এই প্রশ্ন এড়িয়ে যাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি দিকে পরিবহণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেটা হচ্ছে, ট্রাম কোম্পানীতে ইউনিফর্ম বাবদ বছরে ১৫ লক্ষ টাকা খরচ হচ্ছে। এ ব্যাপারে ভবতোষ দত্ত কমিটি যে রিপোর্ট এবং তার উপর চিফ সেক্রেটারী যে সার্কুলার দিয়েছিলেন, নাম্বার ৩১৮০-৪৮/এফ, ডেটেড ৩০.৩.৮২ তাতে বলা ছিল যে, স্মল স্কেল ইণ্ডাষ্ট্রির মাধ্যমে এই সমস্ত ইউনিফর্ম এখন থেকে কিনতে হবে। কিন্তু আমরা দেখলাম যে, কেনা হোল প্রাইভেট কোম্পানী থেকে। তার উপর বলা হয়েছে যে, বিনি কোম্পানীর কাপড় চাই। আমরা জানি যে, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন ধুঁকছে। কিন্তু আমরা দেখলাম যে, সেই অর্ডার ঐ কোম্পানীকে না দিয়ে বিনি কোম্পানীর যে হোলসেল এজেন্ট আছে তার মাধ্যমে এই ইউনিফর্মের অর্ডার দেওয়া হয়েছে এবং আমার কাছে খবর আছে যে, ঐ এজেন্ট সি. পি. এম. ইলেকশন ফাণ্ডে প্রচুর টাকা দিয়েছে বলে ইউনিফর্মের ব্যাপারে চিফ সেক্রেটারীর অর্ডারকে পর্যন্ত মানা হয় নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বলতে চাই যে, এই ট্রাম কোম্পানীতে ডব্লু বি. সি. এস. অফিসারদের একটি চক্র গড়ে উঠেছে। এঁরা কেউই টেকনিক্যাল হ্যাণ্ড নন। ছ' জন ম্যানেজিং ডিরেকটর আমরা দেখেছি গত কয়েক বছরে এই ডব্লু বি. সি. এস. অফিসার থেকে, দেখেছি জি. এম., চিফ অপারেটিং ম্যানেজার। কোন রকম টেকনিক্যাল যোগ্যতা নেই। আমি জানতে চাই, গত কয়েক বছরে দিনের পর দিন ভরতুকি দেওয়া হচ্ছে, অথচ এই সমস্ত ডব্লু. বি. সি. এস. কেন ওখানে বসে আছেন, কি নতুন কাজ তাঁরা দেখাচ্ছেন—তাঁরা কি ভরতুকির পরিমাণ কমিয়ে আনতে পেরেছেন? আমরা দেখছি যে, রাজদেও গোয়ালা ট্রাম কোম্পানীতে বসে আছেন এবং তাঁর সঙ্গে ডব্লু. বি. সি. এস. অফিসারদের আঁতাত আছে, ফলে ঐ ডব্লু বি. সি. এস. অফিসাররা সি. পি. এমের কাছাকাছি এসে গেছেন এবং তার জন্যই তাঁদের সরানো হচ্ছে না।

আর একটি কথা বলতে চাই, সেটা হচ্ছে এ. জি. বেঙ্গলের রিপোর্ট অনুযায়ী আমরা দেখছি যে, এ. কে. রায়, জি. এম., সি. কে. রায়চৌধুরী—ইনিও জি. এম.।

এঁরা এক্স-গ্রাসিয়া, মেডিক্যাল এক্সপেন্স এই সমস্ত ড্র করেছেন। এ. জি. বেঙ্গল থেকে তার বিরুদ্ধে রিপোর্ট দেওয়া হয়েছে। তাতে বলেছে যে, এঁদের কোন এক্তিয়ার নেই এক্স-গ্রাসিয়া এবং মেডিক্যাল এক্সপেন্স ড্র করবার। এই রিপোর্ট আমি সভার জ্ঞাতার্থে পড়ে দিচ্ছি।

No government servant will be permitted to receive any remuneration or enjoy any concession. It is not so specified and if the order is silent as to draw remuneration or concession it must be assumed that the intention of the order is that and the government is being kept informed of such decision.

মাননীয় মন্ত্রী মহাশয় আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। অথচ আমরা জানি এই পি. কে. দে, যিনি জি. এম. তিনি সরকারী বাসস্থানে আছেন এবং মাসের পর মাস গভর্নমেন্টের কাছ থেকে হাউস রেণ্ট নিয়ে যাচ্ছেন। তাঁকে বাসস্থান ছাড়ার কথা বলা হচ্ছে, কিন্তু বাসস্থান ছাড়ছেন না এবং সরকারের কাছ থেকে হাউস রেণ্ট নিয়ে যাচ্ছেন। আমি আর একটা কথা পরিবহণমন্ত্রীকে জানাতে চাই। সেটা হলো ১৯৮০ সালে এস. আর. ব্যাটলিবয় এ্যাণ্ড কোম্পানী একটা স্টক ভেরিফিকেশান করেছিল ট্রাম কোম্পানীর। সেই স্টক ভেরিফিকেশান করতে গিয়ে ৬ লক্ষ টাকার হিসাব মেলাতে পারেনি। চুরি গিয়েছে এই অভিযোগ করা হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানেন যে, এই ৬ লক্ষ টাকার হিসাব মেলেনি। মন্ত্রী মহাশয়ের দৃষ্টি গোচরে আনা সত্ত্বেও আজকে ১৯৮৩ সাল হয়ে গেল তিনি কিছু করেন নি। ১৯৮০ সালের ঘটনা আজকে ১৯৮৩ সাল, এই তিন বছর হয়ে যাবার পরেও কোন এ্যাকশান নেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে চুরির একটা সুন্দর পদ্ধতির কথা বলবো। এই ট্রাম কোম্পানীর কাজের কি ধরনের সঙ্গতি সেটা আমি এখানে বলবো। রাজাবাজারে ট্রাম কোম্পানীর কাজ হলে তার জন্য সিমেণ্ট এবং ইস্পাত আসবে টালিগঞ্জ থেকে, আর টালিগঞ্জে ট্রাম কোম্পানীর কাজ হলে তার জন্য সিমেণ্ট এবং ইস্পাত আসবে রাজাবাজার থেকে। এই মাল আনার ব্যাপারে কোন রিসিপ্ট, কোন ইস্যু ভাউচার রেকর্ড নেই। এই যে সিমেণ্ট বা ইস্পাত এক জায়গা থেকে অন্য জায়গায় যায়, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি এইসব জিনিসের কোন ভাউচার, কোন রিসিপ্ট, কোন রেকর্ড থাকে না। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে এই হাউসে এই ব্যাপারে নিশ্চই বলবেন এই আশা আমি করি। এর ফলে কিছু লোকের সুবিধা হচ্ছে। তারা মাঝপথে এই সিমেণ্ট নামিয়ে নিচ্ছে। এই ভাবে এক শ্রেণীর কর্মচারী লাভবান হচ্ছে। এই ভাবে চুরি করার সুযোগ মাননীয় পরিবহণমন্ত্রী করে দিচ্ছেন। আমি বলতে চাই

এর কোন রেকর্ড নেই। একজন স্টোর অফিসারকে নেওয়া হলো, তাঁর নাম হলো প্রণবেশ দাস অধিকারী। তিনি এসে এই ইরেগুলারিটিস ধরে ফেললেন এবং বললেন যে, স্টক কোথায়, রিসিপ্ট কোথায়, রেকর্ড কোথায়, এই ইস্যু কোথায়। তিনি ২ বছর ধরে চেষ্টা করলেন এই জিনিসকে ধরার। তার ফল হলো কি ? তার ফল হলো ২ বছর ধরে এই সরকার তাঁকে কনফার্ম করলেন না। তার চাকুরির স্থায়িত্ব অনিশ্চিত ভবিষ্যতের মধ্যে পড়ে রইল। যেহেতু সে এই ইরেগুলারিটিস ধরে ফেলেছে, যেহেতু সে চুরি ধরে ফেলেছে, যেহেতু সে দুর্নীতি ধরে ফেলেছে, তাই তাকে ২ বছর ধরে কনফারমেশান দেওয়া হলো না। সে এখন চাকুরি ছেড়ে হুগলী ডকিং কোম্পানীতে জয়েন করেছে। এই রকম ভাবে যারা আপনাদের উপর কথা বলেছে বা চুরি ধরে ফেলেছে বা দুর্নীতি ধরে ফেলছে তাদের আপনারা অন্যায় ভাবে প্রোমোশান দিচ্ছেন না, অন্যায় ভাবে তাদের চাকুরি খেয়ে নিচ্ছেন, অন্যায় ভাবে তাদের কনফারমেশান দিচ্ছেন না। এই ধরনের দুর্নীতি ট্রাম কোম্পানীতে দিনের পর দিন চলছে। স্যার, আমরা জানি ইনসেনটিভ এবং ওভারটাইম কিছু না হলেও ২৬ পারসেন্ট দেওয়া হয়েছে। আমাদের বিদ্যুৎমন্ত্রী প্রবীর সেনগুপ্ত মহাশয় সাঁওতালডিতে বিদ্যুৎ উৎপাদন না হলেও যেমন তিনি ওভারটাইম দিয়েছিলেন। তিনি যে পরিমাণ ওভারটাইম দিয়েছিলেন রবীনবাবু তাঁকেও ছাড়িয়ে গেছেন। রবীনবাবু বলেছেন যে, ট্রাম কোম্পানীকে দিনের পর দিন ভরতুকি দিতে হচ্ছে। আমরা দেখলাম নোনাপুকুর ওয়ার্কশপে ২ মাসের বেতন ইনসেনটিভ হিসাবে দিয়েছেন। ২ মাসের বেতন ছাড়া আরো ২ মাসের টাকা নোনাপুকুর ওয়ারকারদের ইনসেনটিভ হিসাবে দেওয়া হয়েছে। অথচ এখানে পশ্চিমবাংলার সরকারকে ৭০ লক্ষ টাকা ভরতুকি হিসাবে দিতে হচ্ছে। তাই আমি বলতে চাই এই জরাগ্রস্ত পশ্চিমবাংলায় যেখানে যানবাহনের এই অবস্থা সেখানে এই জিনিস করা হচ্ছে। যারা নিত্যযাত্রী তাদের যানবাহনের অসুবিধার জন্য দুর্ভোগের শেষ নেই। বিভিন্ন কাজের জন্য যারা বাস-ট্রামে চড়ে তাদের দুর্ভোগের শেষ থাকে না। আর পশ্চিমবাংলার এই সমস্যাকে রবীনবাবু কিভাবে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

[4.00—4.10 P.M.]

আমি তাই আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীকে বলতে চাই—তিনি অনেক গালভরা কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, হাওড়া থেকে ফেয়ারলী পর্যন্ত ফেরি সার্ভিস-এর ব্যবস্থা করবেন, এখনও পর্যন্ত কিছু নমুনা দেখাতে পেরেছেন

কি? প্রলয়বাবু এখানে বসে আছেন, উনি এটা দেখাশোনা করেন। আজ পর্যন্ত তার কোন নমুনা আমরা দেখতে পেলাম না। বলা হয়েছিল যাত্রীদের দাঁড়াবার সুবিধার্থে কতকগুলি বিশ্রামাগার রাস্তায় করা হবে। যে সংখ্যক হিসাব পরিবহণ মন্ত্রী মহাশয় দিয়েছিলেন, তার কিছুমাত্রও হয় নি। সেজন্য মন্ত্রী মহাশয়কে সতর্ক করে দিতে চাই—তিনি যেন পশ্চিমবঙ্গের যানবাহন সমস্যা নিয়ে ছিনিমিনি খেলার চেষ্টা না করেন। ট্রান্সপোর্ট ব্যবস্থা, সি. এস. টি. সি. যাতে ভালভাবে কাজ চালাতে পারে তার জন্য একজনকে সেখানে চেয়ারম্যান করে দিয়েছেন। আই. এ. এস. অফিসারদের মাথায় তাঁকে বসিয়ে দিয়েছেন। মন্ত্রিত্ব করার সুযোগ দিতে না পেরে নতুন একটা টুপি দিয়ে ওখানে গুরুত্বপূর্ণ পদে দলের একজনকে বসানো হয়েছে। উন্নতি যে কি হল তা আমরা বুঝতে পারছি না। নতুন কোন পরিকল্পনা যে গ্রহণ করা হয়েছে তাও কিছু বুঝতে পারছি না। একদিন কাগজে দেখলাম বিবৃতি বেরিয়েছে—খুচরো পয়সা নেই বলে নাকি লাভ হচ্ছে না, লস হচ্ছে পরিবহণ সংস্থায়। কারণ হিসাবে বলা হয়েছে রিজার্ভ ব্যাংক এর জন্য দায়ী। এভাবে বিবৃতি তো তাঁকে দিতে হবে, নাহলে চাকুরি থাকবে না। খুচরো পয়সা নেই, তার জন্য দায়ী করা হচ্ছে কেন্দ্রীয় সরকারকে। এই প্রসঙ্গে একটা গল্পের কথা মনে পড়ে গেল। একটা ছেলে সারা রাত ধরে নদী সম্বন্ধে রচনা মুখস্থ করলো। সে সংবাদ পেয়েছে 'নদী' অবলম্বনে রচনা পড়বে। পরীক্ষার হলে গিয়ে দেখল নদীর জায়গায় রচনা পড়েছে গরু। মহা বিপদে পড়ে গেল ছেলেটি—গরু সে পড়ে নি, পড়ে এসেছে শুধু নদী। নদীর পাড়ে সে গরুকে চরতে দেখেছে। অতএব শুরু হয়ে গেল লেখা—গরুর ৪টা পা, ২টা কান ও একটি লেজ আছে। এই সব লেখার পর সে লিখলো—অবশেষে গরু খেতে খেতে গিয়ে পড়লো নদীর মধ্যে। এরপরে সে শুরু করে দিল নদী নিয়ে লেখা। শ্যামল চক্রবর্তী স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে সুন্দর করে সাজানোর জন্য প্রথম বক্তৃতা রাখলেন—খুচরো পয়সা নেই বলে। মন্ত্রী মহাশয় যে-সমস্ত গালভরা কথা বলেছেন, সেগুলো বাস্তবে রূপ দেওয়ার জন্য যেন আগামী দিনগুলিতে প্রয়াসী হন। কারণ পশ্চিমবঙ্গের মানুষের কাছে পরিবহণ সমস্যা হচ্ছে এক জটিলতর সমস্যা। এই সমস্যা দূর করতে গিয়ে তিনি যেন দলবাজী না করেন—এই অনুরোধ তার কাছে রাখছি। দলবাজী যদি করতেই হয়, তা যেন তিনি আলিমুদ্দিন স্ট্রীটে গিয়ে করেন। আপনি দলের মন্ত্রী নন, সমগ্র রাজ্যের মন্ত্রী। সেজন্য পশ্চিমবঙ্গের মানুষের কথা একটু চিন্তা করুন। এই কথা বলে আপনি যে ব্যয়-বরাদ্দ এখানে এনেছেন, তাকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা এখানে যে-সব বক্তব্য রেখেছেন, সেইসব বক্তব্য যেদিন থেকে এ্যাসেম্বলি শুরু হয়েছে সেদিন থেকেই বলে আসছেন। আমার পূর্ববর্তী বক্তা 'গরু' নিয়ে যে গল্প এখানে বলে গেছেন, সেটা ওঁদের পক্ষে খুব সঠিকভাবেই প্রযোজ্য। কারণ ওঁরা গল্পের মর্মার্থ অনুসারে একই কাজ করে চলেছেন। একটা রচনাই ওঁরা মুখস্থ করে এসেছেন, সেটাকেই ঘুরিয়ে ফিরিয়ে বিধানসভার সমস্ত আলোচনাতেই লাগাচ্ছেন। সেজন্য এটা ওঁদের পক্ষে নিশ্চয়ই প্রযোজ্য। বিরোধীপক্ষের সদস্যরা একটা সাজেশান এখানে দিলেন না। কোন জায়গায় ওনারা বললেন না যে, এইভাবে করলে পরে ট্রান্সপোর্ট সিস্টেম পরিবর্তন হতে পারবে। এমনভাবে বললেন যেন এই কলকাতা শহরে ১৯৭২—৭৭ সাল পর্যন্ত এবং তার আগে সমস্ত লোক বাসে বসে যেতো, কোন স্ট্যাণ্ডিং ছিল না। এমনভাবে বললেন যেন কলকাতা শহরে এক সেকেণ্ড অন্তর অন্তর এঁরা রাজ্যে বাস চালাতেন, এমনভাবে বললেন যেন এই রাজ্যে আগে স্বর্গরাজ্য ছিল এবং সেখানে দুর্নীতি বলে কোন পদার্থ ছিল না ওঁদের রাজত্বের সময়ে। এমনভাবে বললেন যেন ওঁদের রাজত্বে কোন রাজনীতি বা দলবাজী ছিল না এবং সমস্ত রাজ্যটাকে তাঁরা স্বর্গরাজ্য তৈরী করেছিলেন। এই বামফ্রন্ট সরকার আসার পরেই যেন এটা নরকে পরিণত হয়েছে। অদ্ভুত কথা সব। এর জন্য চিন্তা-ভাবনা, একটি সুন্দর মনোভাব এবং মানসিকতার প্রয়োজন। শুধু বিরোধিতা করবো বলেই বিরোধিতা করা যায় না এবং সেই বিরোধিতা করবার জন্যই আপনারা এ্যাসেম্বলীতে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে-সমস্ত তথ্য দিলেন সুনীতিবাবু সেগুলি ভুল তথ্য। উনি বললেন যে, ৩৮০টি বাস নামাতে পেরেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের স্টেটমেণ্ট এই হাউসে উনি পড়েন নি। মন্ত্রী মহাশয়ের পুরো স্টেটমেণ্টের মধ্যে বাসের কথা বলেছেন সেখানে বাস যা ছিল তার থেকে ৩৫০টি নতুন বাস ইতিমধ্যে রাস্তায় নামান হয়েছে। অর্থাৎ এই সরকার ১৯৭৮-৭৯ সালে যা বাস নামিয়েছিলেন তার থেকে বেশী বাসের সংখ্যা বাড়িয়েছেন। তিনি বললেন, এই সরকারের আমলে এখন নিয়মিত গড়ে প্রতিদিন ৬৪টি বাস রাস্তায় নামে। বিরোধী দলের সদস্য হিসাবে এইভাবে অসত্য বক্তব্য বলে এই হাউসকে মিসলিড করছেন এবং হাউসকে রং স্টেটমেণ্ট, আনট্রু স্টেটমেণ্ট করছেন। এইভাবে অসত্য তথ্য এখানে পরিবেশন করছেন। ওঁরা পড়াশুনোর ধার ধারে না। যা কিছু একটা বলতে হবে তাই বলে দিলেন। উনি ওনার বক্তব্যের মধ্যে ভরতুকির কথা বললেন—আমরা যখন পাবলিক আণ্ডারটেকিং কমিটি থেকে কর্ণাটকে গিয়েছিলাম এবং বিরোধী-

দলের সদস্যরাও ছিলেন, সেখানে কর্ণাটকে ১২ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে। সেখানে তো কংগ্রেসী রাজত্ব ছিল। সারা ভারতবর্ষের গুজরাট ছাড়া কোন রাজ্যে ভরতুকি ছাড়া চলে না। কোন জায়গায় ভরতুকি দিতে হয় ১২ কোটি টাকা, কোথাও বা ১০ কোটি টাকা, কোথাও ১১ কোটি টাকা, কোথাও বা ১৩ কোটি টাকা দিতে হচ্ছে। এই সমস্ত রাজ্যেই ইন্দিরা কংগ্রেসের রাজত্ব চলছে। সেই রাজ্যগুলিতে যে ভরতুকির পদ্ধতি প্রবর্তন করা আছে আশা করি সেটা পশ্চিম বাংলার কংগ্রেসীরাও মেনে নেবেন। ইন্দিরা কংগ্রেসের সর্বভারতীয় যে নীতি আশা করি পশ্চিমবঙ্গের কংগ্রেসী সরকারের সেই নীতি হবে। অবশ্য জানি না হয়তো এই ভরতুকির ব্যাপারে ইন্দিরা কংগ্রেসের এবং পশ্চিম বাংলার কংগ্রেসের আলাদা নীতি। গুজরাটে আগে যেটা পার কিলোমিটার ৭ পয়সা ছিল, সেটা এখন বাড়িয়ে পার কিলোমিটার ১০ পয়সায় রান করে। সেখানে আমাদের এখানে মাত্র পার কিলোমিটার ১০ পয়সা বাড়ান হয়েছে। এটা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একটা গর্বের বিষয়। ট্রান্সপোর্ট কস্ট সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবঙ্গে অনেক কম এবং পশ্চিমবঙ্গের বাসের ফেয়ার রেট সব থেকে সস্তা।

[4.10—4 20 P. M.]

আমরা কয়েকদিন আগে বাইরে গিয়েছিলাম—অনুপবাবু, ইমাজুদ্দিন সাহেব আমাদের সঙ্গে ছিলেন—সেখানে একটা বাস রিজার্ভ করার জন্য ৬০৫ টাকা কিলোমিটারে চার্জ করেছে এবং আমাদের সব পেমেন্ট করতে হয়েছে। এইভাবে অন্য রাজ্যের সঙ্গে তুলনা করবেন না। রবীনবাবু এই দপ্তরের ভার গ্রহণ করে কিভাবে ট্রান্সপোর্টের উন্নয়ন করার প্রয়াস করছেন তার তথ্য আমি দিচ্ছি। ১৯৭৮-৭৯ সালে এই শহরে ৬২টি রুটে বাস চলতো, আজকে ৬৬টি রুট করেছেন, ৩৫০টি নতুন বাস নামিয়েছেন। আগের চেয়ে বাসের অনেক ইমপ্রুভমেন্ট হয়েছে। ওদের আমলে ২৫০/৩০০ বাস ছিল, এখন সেটা বেড়ে ৬৪০ হয়েছে। ট্রামের সংখ্যা বেড়ে নতুন নতুন ট্রাম এসেছে। জনসংখ্যার চাপ, রাস্তার সংকীর্ণতা, উন্নয়নের অবস্থা ইত্যাদি তাঁরা দেখছেন না। ওঁরা দুর্নীতির কথা বলেছেন। আমি অডিটেড এ্যাকাউন্ট দেখেছি, যে বাসের দাম দেড় লক্ষ টাকা তাকে টেণ্ডার না করে ৮ হাজার টাকায় ওরা বিক্রি করেছেন। কিন্তু এখন একটা নিয়মের মধ্যে সমস্ত জিনিসটা করা হচ্ছে। আগে যে ইনকাম হোত এখন তার চেয়ে বেড়েছে। বিভিন্ন জায়গায় যেসব পরিকল্পনা করা হচ্ছে তা হল সল্টলেকে নতুন

ডিপো তৈরী করছেন, ট্রেনিং-এর ব্যবস্থা করছেন, নতুনভাবে ইক্যুইপমেণ্টের ব্যবস্থা করছেন, মেণ্টেনেন্সের ব্যবস্থা করছেন। এই সব দিক থেকে এই ব্যয়কে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমি বলছি ভাত দেবার নাম নেই, কিল মারার গোঁসাই। ১৫ই মার্চ থেকে বামফ্রণ্ট সরকার যাত্রী সাধারণের সুখ-সুবিধা বৃদ্ধি তো করেন নি, বরং যতটুকু ছিল তাকেও মারাত্মকভাবে খর্ব করেছেন। আর একদিকে যাত্রী সাধারণের উপর তিন দফায় ভাড়ার বোঝা চাপিয়ে দিয়েছেন। এই সব কারণে আমি তাঁর বাজেটের বিরোধিতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অন্য কারোর কথা বলব না, আমি রবীনবাবুর ভাষণ দিয়ে বামফ্রণ্ট সরকারের বক্তব্যের ভিত্তিতে বলব যে, এই পরিবহণ দপ্তর বামফ্রণ্ট সরকারের দপ্তর, সেখানে কি ধরনের অপচয় হচ্ছে, কি ধরনের অপদার্থতা তাঁদের স্বীকারোক্তি, তাঁদের বক্তব্যই সেটা প্রমাণ করবে। কি দিয়ে প্রমাণ করবে— এই যে বাস-ট্রামের ভাড়ার পুনর্বিন্যাস সম্পর্কে যে বক্তব্য এখানে প্লেস করেছিলেন তার ৫ পাতায় আছে—তিনি বলছেন দিল্লী পরিবহণ কর্পোরেশনের নিজেদের ৪ হাজার ২ শো আর লীজ নেওয়া ৮ শো, অর্থাৎ ৫ হাজার বাস তাঁরা চালাচ্ছেন এবং এই ৫ হাজার বাস চালিয়ে দিল্লীতে ক্ষতি হয়েছে ২০ কোটি টাকা। আর রবীন-বাবুর লেটেস্ট ফিগার যদি সত্য বলে ধরে নিই তাহলে আজকে বাজেটে যেটা দিয়েছেন ৭৯০টি বাস চালিয়ে লোকসান হচ্ছে ১৫ কোটি টাকা অর্থাৎ ৫ গুণ। কি ধরনের অপদার্থতা, কি ধরনের অপচয় এটা কি যথেষ্ট নয় সেটা প্রমাণ করতে? যাত্রীদের স্বাচ্ছন্দ্যের কথা, দিল্লী, মাদ্রাজ, অন্যান্য রাজ্যের কথা বলার তাঁর কোন নৈতিক অধিকার আছে? মাদ্রাজ, দিল্লী, বোম্বেতে যারা যায় তাদের যে স্বাচ্ছন্দ্য এ্যামেনিটিজ সিটিং এ্যাকোমোডেশান—সে তুলনায় আপনার পশ্চিমবঙ্গে কিভাবে যায় সেটা বর্ণনার অবকাশ রাখে না। সুতরাং তুলনা দিতে গেলে সামঞ্জস্যপূর্ণ সামগ্রিকভাবে দেবেন। ফলে সেই দায়িত্ব পালনে চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছেন। আজকে তাঁরা যে ভাড়া বাড়াচ্ছেন সেই ভাড়া বাড়ানর যুক্তি যদি থাকে তাহলে নিশ্চয়ই আমরা মেনে নেব, পশ্চিমবঙ্গের মানুষ সেটা মেনে নেবে। বলছেন ডিজেল, পেট্রোল, কেরোসিনের দাম বেড়েছে, স্পেয়ার পার্টসের দাম বেড়েছে, ফলে পরি-বহণের খরচ বেড়েছে, সেজন্য ভাড়া বাড়াতে হচ্ছে। প্রথম কথা ডিজেল, পেট্রোলের

দাম তো সেদিন বাড়ল, কিন্তু আপনারা ভাড়া বাড়াবার পরিকল্পনা তো তার অনেক আগেই করে রেখেছেন, ডিজেল পেট্রোলের দাম বাড়াটা নিমিত্ত মাত্র মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেট্রোল ডিজেলের দাম কেন্দ্র যেমন বাড়িয়েছে, তেমনি আমাদের রবীনবাবুদের অবদানও কিছু কম নয়। জ্যোতিবাবু ১৯৮২ সালের ৮ই সেপ্টেম্বর তাঁর বাজেট ভাষণে বলেছেন, আমরা এখানে ডিজেলের উপর বিক্রয় কর ৩ শতাংশ বাড়ানর প্রস্তাব করেছি। এর দরুন দাম বৃদ্ধি পাবে লিটার প্রতি ৯ পয়সা। তাহলে আপনাদের কিছু অবদান আছে। সুতরাং এগুলি বিচার্য বিষয়। আসলে আপনারা যে জিনিসগুলি করছেন, যে ধরনের অপদার্থতা, অপচয় চুরি দুর্নীতি হচ্ছে যেগুলি বন্ধ করা উচিত ছিল, সেগুলি করছেন না, অর্থাৎ অন দি পার্ট অব দি গভর্নমেণ্ট যেগুলি করা উচিত ছিল, সেটা করছেন না। সেগুলি করার পর যদি দেখা যেত যে, লোকসান হচ্ছে তাহলে বাড়তি ভাড়া দিতে পশ্চিমবঙ্গের মানুষ প্রস্তুত ছিল। নিজেদের কনফেশান আছে, স্টেটমেণ্ট বেরিয়েছে শ্যামলবাবুর যে, ডেলি ৮০ হাজার টাকার রেভেনিউ লস হচ্ছে, টিকিটের ভাড়া আদায় হয় না। এটাকে চেক করার জন্য কি কার্যকরী ব্যবস্থা নিয়েছেন ? ট্রাম কোম্পানী সম্বন্ধে আমি হাউসে বহুবার বলেছি। এ. জি. ওয়েস্ট বেঙ্গলের রিপোর্টে আছে কি গ্রস ইরেগুলারিটি হচ্ছে, কি ধরনের অপচয় দুর্নীতি হচ্ছে। ট্রাম কোম্পানীতে যে ক্যাজুয়াল ওয়ার্কার আছে তার ২৫ পার্সেণ্ট হচ্ছে ঘোষ্ট ওয়ার্কারস, এইসব বেরিয়েছে।

[4.20—4.30 P. M.]

২০ পারসেণ্ট ঘোষ্ট ওয়ার্কার। ক্যাজুয়াল ওয়ার্কাররা ১০ টাকা করে ডেলি পায়। এছাড়া ট্রাম কোম্পানীর মধ্যেও ঘোষ্ট ওয়ার্কার আছে। আমরা দেখেছি যে, নোনাপুকুর ওয়ার্কশপে ১৪ শত ওয়ার্কার এ্যাকচুয়ালী কাজ করে। অথচ দেখা যাচ্ছে যে, ১৮ শত ওয়ার্কারের মিল্ক কুপন ইস্যু হচ্ছে। কাজেই এখানে ৪ শত ঘোষ্ট ওয়ার্কার আছে। নোনাপুকুর ওয়ার্কশপে যেখানে ১৪ শত ওয়ার্কারের কথা বলছেন সেখানে ১৮ শত মিল্ক কুপন ইস্যু হচ্ছে। আপনার হেড অফিসে ৩৮০ জন ওয়ার্কার আছে। কিন্তু সেখানে ৪৯০ জনের মিল্ক কুপন ডেলি ইস্যু হচ্ছে এবং যার নমিন্যাল ভ্যালু আপনারা হিসাব করলেই বুঝতে পারবেন। এখানে ১১০ জন ভূতুড়ে ওয়ার্কার রয়েছে। কি ধরনের অপচয় এবং দুর্নীতি এর স্তরে স্তরে রয়েছে, অথচ এগুলি বন্ধ করার কোন ব্যবস্থা আপনারা করছেন না। তারপর দেখুন শ্রম শক্তির অপচয় কি ভাবে হচ্ছে। একটা বাসের পিছনে ২০ জন থেকে ২৬ জন ওয়ার্কার।

নানা রকম জাগলারি অব স্ট্যাটিসটিক দেওয়া হচ্ছে। অথচ কি বেহিসাবী দেখুন, একটা প্রশ্নের উত্তর দিতে ৪ বার হেল্ড ওভার হয়েছে এবং তারপরে উত্তর দেওয়া হয়েছে যে, ৩ হাজার ৬ শত ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানে বামফ্রন্ট সরকারের আমলে নূতন করে ওয়ার্কার নিযুক্ত হয়েছে, এর উপর লক্ষ লক্ষ টাকার ওভার টাইম, এক্সেস স্টাফ। গৌরী সেনের টাকা কিভাবে অপচয় হচ্ছে সেটা দেখুন। আপনার বাসের যে ফ্লিট স্ট্রেংথ তার ফিফ্‌টি পারসেন্ট আইড্‌ল্ বাস, সেগুলি রাস্তায় নামান হয় না। অথচ সেই বাসগুলি ১০।। টা থেকে ৫টা পর্যন্ত রাস্তায় অন্ধকারে পিক আপ ভ্যান হিসাবে নামান হচ্ছে এবং বছরের পর বছর এই জিনিস চলছে। ওনার রিপোর্টের মধ্যে এই জিনিস বেরিয়েছে। উনি যখন প্রথম মন্ত্রী হয়ে এসেছেন তখন তাঁর কথার মধ্যে অনেকগুলি সত্য কথা বলেছিলেন, পরে অবশ্য সেনসারড হয়ে গেছেন। ৭০টি স্টেট বাস পিক আপ ভ্যান হিসাবে ব্যবহৃত হচ্ছে এবং তার পাবলিক এক্সচেকার ৪ কোটি টাকা ওয়েস্টেজ এবং সেটা উনি বলেছিলেন যে আনঅথরাইজড। এটা আপনারা শুনেছেন এবং কাগজেও কিছু কিছু বের হচ্ছে যে, তাদের ইচ্ছা মত ব্যবসা হচ্ছে, ইচ্ছা মত লোকজন নিয়ে যাচ্ছে বেআইনী ভাবে। অথচ একটা সরকারী ডিপার্টমেন্ট তারা এগুলি দেখাশুনা করছে না এবং ফলে এই রকম একটা মারাত্মক দুর্নীতি, শ্রমশক্তির অপচয় হচ্ছে, চুরি হচ্ছে। এগুলি চোখের সামনে হবে, যাত্রীসাধারণের সুখ-স্বাচ্ছন্দ্য দেখবেন না, আর দফায় দফায় ভাড়া বাড়াবেন। পশ্চিমবঙ্গের জনগণ কি এটা মাথা পেতে নেবে বলে আপনারা বিশ্বাস করেন? এগুলি বিচার্য বিষয়। আজকে এই ভাড়া বৃদ্ধির পিছনে যেটা মূল কারণ কাজ করছে সেটা হচ্ছে বেসরকারী মালিকদের কাছে বামফ্রন্ট সরকার সারেণ্ডার করেছে। তারা আরো বাড়তি হারে লাভ করতে চায়। তারা সরকারকে প্রেসার দিচ্ছে এবং তাদের সংগে এরা হাত মিলিয়েছে। এই সব জিনিস চলছে। উনি তো স্বীকার করেছেন ওনার বক্তব্যের মধ্যে যে, বেসরকারী বাসের মালিকদের লোকসান-টোকসান হচ্ছে ইত্যাদি। এই রকম স্বীকারোক্তির ফলে তাঁরা আরো প্রেসারাইজড করে বাস ভাড়া বাড়াবার চেষ্টা করছেন। আজকে বাজেট ভাষণে বলেছেন যে, ২২ শত বেসরকারী বাস যেখানে রয়েছে সেখানে ১৫ শত বাস চলছে।

কি অবস্থা মানুষের! ২২০০ বাসের যাত্রীকে ১৫০০ বাসে বহন করছে—কোন রিজন নেই—আবার স্টেট বাস গুটিয়ে নিচ্ছেন। ফলে বাসে প্রেসার সৃষ্টি হচ্ছে—যাত্রীদের ঝুলিয়ে নিয়ে গিয়ে তাদের জীবন বিপন্ন করছেন। আবার সেখানে কোন রেসট্রিকশন নেই। আবার তার উপর বলছেন প্রাইভেট বাসের ভাড়া না বাড়ালে

তারা বাস চালাবে না। তারা একটা মনোপলি করে ফেলছে। এই সমস্ত জিনিস আজকে আমরা দেখতে পাচ্ছি। আবার বলছেন ভরতুকি দিতে হচ্ছে এবং পৃথিবীর কোথায় ভরতুকি দেয় না। অদ্ভুত ব্যাপার! বিশ্বের সমস্ত জায়গায় আছে। কারণ পরিবহণ ব্যবস্থার মত এই রকম একটা সেবামূলক কাজে সকলেই ভরতুকি দিয়ে থাকে। একে কমারশিয়াল আউটলুক নিয়ে দেখা চলে না। যেহেতু পরিবহণে ব্যয় বৃদ্ধি পাচ্ছে, ভাড়া বৃদ্ধি করতে হবে। এ জিনিস চলতে পারে না। একেই তো মানুষ করভারে জর্জরিত, মূল্যবৃদ্ধির ফলে মানুষ দীর্ঘনিঃশ্বাস ফেলছে। সেখানে এই সব যুক্তি দেওয়া হচ্ছে যে, তেলের দাম বেড়েছে। আবার বলা হচ্ছে যারা বাসে চড়ে না, যারা ট্রামে চড়ে না তাদের উপর ভরতুকি দিয়ে অবিচার করা হচ্ছে। তাহলে বলি হাসপাতালের দরজা বন্ধ করে দেওয়া উচিত। যাদের রোগ হয় না, যারা হাসপাতালে যায় না, তাদের উপরও তাহলে অবিচার করা হচ্ছে। অদ্ভুত যুক্তি। আমি সর্বশেষে একটি কথা বলতে চাই যে, অন্যায়ভাবে অযৌক্তিকভাবে আপনারা যে বাসের ভাড়া বাড়িয়েছেন, আজকে পরিস্থিতির চাপে, সাধারণ মানুষের আন্তরিকতা বুঝতে পেরে, আপনাদের নতিস্বীকার করতে হয়েছে। আমরা যখন অনুরোধ করেছিলাম তখন কোন কথাই শোনেন নি। আজকে ভাড়ার অসামঞ্জস্য দূর করার জন্য ভাড়ার পুনর্বিন্যাস করেছেন। আপনারা বলেছিলেন, জ্যোতিবাবু নিজে বলেছিলেন এস. ইউ. সি. বাসের ভাড়া বৃদ্ধি নিয়ে আন্দোলন করছেন. কেননা এরা জনগণের থেকে বিচ্ছিন্ন। ঠিক কথা, বিচ্ছিন্ন বলেই আজকে রাজনৈতিক আন্দোলনকে মোকাবিলা করার জন্য লাঠি চার্জ, টিয়ারগ্যাস, গুলি দিয়ে নিজেদের মস্তানদের ও পুলিশকে লড়িয়ে দিয়েছিলেন। জনসমর্থন ছিল না বলেই বুঝি এইসব জিনিস করতে হয়েছিল। অবশ্য সেই আন্দোলনের চাপে আপনাদের নতি-স্বীকার করতে হোল। আপনাদের শুভবুদ্ধি হয়েছে। এটা মর্যাদাহানির ব্যাপার নয়, এটা কোন প্রেসটিজ ইস্যুর ব্যাপার নয়। একে স্বীকার করার মধ্য দিয়েই গণতন্ত্রের মর্যাদা রক্ষা করা যায়। প্রেসটিজ ইস্যু তারা বলবে যারা রি-এ্যাকশনারী। আপনারা বিচার করে দেখবেন আজকে বাস-ট্রামের ভাড়া বৃদ্ধির যে নীতি সেটা যুক্তিসঙ্গত কিনা সেটা একটু ভেবে দেখুন। আজকে যেভাবে চুরি হচ্ছে, দুর্নীতি হচ্ছে, অপচয় হচ্ছে এগুলি রোধ করুন। তাহলে আমি আজই এখানে দাঁড়িয়ে দায়িত্ব নিয়ে বলতে পারি যে, এই বাস-ট্রামের ভাড়া বৃদ্ধির প্রয়োজন হবে না— আপনারা বিনা লোকসানে এই পরিবহণ ব্যবস্থা পরিচালিত করতে পারবেন, জনগণের উপর ফারদার ট্যাক্স করার প্রয়োজন হবে না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.30—4.40 P. M.]

শ্রীসত্যপদ ভট্টাচার্য্যঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পরিবহণ মন্ত্রী মহাশয়, যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে ভাড়া বৃদ্ধির জন্য আন্দোলন হচ্ছে নানা জায়গায় শুনছি। কিন্তু আমি ঘুরে ফিরে দেখলাম ভারতবর্ষের কোথাও এত সস্তায় পরিবহণ নেই। এত সস্তা এবং এত বিপুল পরিবহণের জন্য বাস আর কোথাও নেই। পরিবহণের কথা বললেই কলকাতার পরিবহণের কথা মনে হয়, সকলেই তাই বলেন। কলকাতার বাস, সি. এস. টি. সি.—কলকাতার রাস্তার যা অবস্থা, তাতে বাস বাড়ালেও সেখানে সমস্যার সমাধান হবে না। জনসংখ্যা এবং রাস্তার যে অবস্থা—রাস্তা চওড়া নয়, সেই রাস্তায় বাস বাড়ালে বাসে বাসে ঠোকাঠুকি লাগবে। বাস বাড়িয়ে সমস্যার সমাধান হবে না। সেদিক থেকে বামফ্রন্ট সরকারের আমলে যে জলপথ পরিবহণ ব্যবস্থা চালু করা হয়েছে, সেখানে অনেক মানুষের অনেক সমস্যার সমাধান হয়েছে এবং সোজাসুজি হাওড়া স্টেশন থেকে মানুষ এপারে আসছে। এর ফলে ট্রাম-বাসের ভীড় কমেছে। আমি সেই জলপথ পরিবহণকে আর একটু বাড়াবার জন্য, অন্য দিকে যাবার একটু চেষ্টা করতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। মন্ত্রী মহাশয়ের কাছে আমার কতকগুলি বক্তব্য আছে, আমাদের যে রাজস্ব সরকারের আসে মোটর ভেহিকলস ডিপার্টমেন্ট থেকে যে পরিমাণ আসা উচিত, তা আসে না। বহু ট্রাক ট্যাক্স টোকেন না দিয়ে চলাচল করে কিনা সেটা মন্ত্রী মহাশয়কে অনুসন্ধান করে দেখতে হবে। ঠিক সময়ে ট্যাক্স টোকেন দেওয়া হচ্ছে না, তারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে। এই সব ইন্সপেকশন করার জন্য ইন্সপেক্টারদের যে গ্রুপ আছে, তা এত কম মোটর ভেহিকলসে, সেই জন্য সহজে এই সব ধরা পড়ে না। বাসের ক্ষেত্রেও আমরা দেখেছি, সিটের উপর ট্যাক্স হয়, কিন্তু বাসগুলোর সিট এমন ভাবে এ্যারেঞ্জমেন্ট করা আছে, দাঁড়ানো প্যাসেঞ্জার যাতে বেশী যেতে পারে, সেই রকম ভাবে ব্যবস্থা করা থাকে, যাতে কিছু ট্যাক্স ফাঁকি দেওয়া যায়। এইগুলো মন্ত্রী মহাশয়কে লক্ষ্য রাখতে হবে। কিছুদিন আগে পলাশীর কাছে বাস এ্যাক্সিডেন্ট হয়ে গেল এবং অনেক মানুষ মারা গেল, সেখান থেকে আমরা একটা শিক্ষা গ্রহণ করতে পারি। সেই শিক্ষা হচ্ছে আমাদের মফঃস্বল থেকে যে-সব বাস কলকাতায় আসে, মফঃস্বলের আর. টি. এ. তাদের কোন অনুমতি দেন না। কিন্তু তাঁরা এস. টি. অফিস থেকে ৭ দিনের, ১০ দিনের অনুমতি নিয়ে যান, আমি জানি না, সেই যে বাস পুড়লো, সেই বাসের লাইসেন্স ছিল কি না। মন্ত্রী মহাশয়ও

এই ব্যাপারে কিছু বলেন নি। কিন্তু আমি জানি বহরমপুর থেকে, মালদহ থেকে কলকাতায় আসতে সেখানকার আর. টি. এ. কোন অনুমতি দেয় নি। এখানকার এস. টি. অফিস থেকে ৭ দিন, ১০ দিনের পারমিশন নিয়ে তারা যায়। শুধু যে যায় তাই নয়, নর্থ বেঙ্গল বাস স্ট্যাণ্ডে প্যাসেঞ্জারদের ভাঙ্গানোর চেষ্টা করে ওদের বাসে চাপানোর জন্য। আজকে এই বাস পোড়ার ফলে আর একটা শিক্ষা হয়েছে, বাসের পিছন দিকে আর একটা দরজা থাকা উচিত, যাতে দুর্ঘটনার সময় সেই দরজা দিয়ে মানুষেরা বেরোতে পারে। প্রাইভেট বাস বা সরকারী বাসে কোন কোন ক্ষেত্রে আছে। প্রাইভেট বাসগুলোতে পেছন দিকে দরজা থাকা উচিৎ। সেই চেষ্টা মন্ত্রী মহাশয়কে করতে হবে। আমরা দেখেছি বাসের মালিকেরা বাস বৃদ্ধিতে বিরুদ্ধাচরণ করছেন। মুর্শিদাবাদে ৬০ টা রুটের বাস আজকে ইন্‌জাংশান হয়ে পড়ে রয়েছে। এই ব্যাপারে আমরা বহু তদ্বির করেছি, জানি না সরকারী উকিল কিভাবে তদ্বির করেন, ইন্‌জাংশান ভ্যাকেট করার কোন চেষ্টা করেন কি না, সেটা আমরা জানি না। কিন্তু আমরা জানি, ৬০ টা রুটে আমরা বাস দিতে পারছি না। ৬০ টা রুটে ইন্‌জাংশান থাকার ফলে নূতন বাস দেওয়া যাচ্ছে না। নূতন বাস না দেবার ফলে বাসের মাথার উপর লোকে যাতায়াত করতে বাধ্য হচ্ছে। এই ইন্‌জাংশান যাতে তাড়াতাড়ি ভ্যাকেট করা হয় এবং নূতন বাস দেবার ব্যাপারে মন্ত্রী মহাশয় আশা করি চেষ্টা করবেন। বাসের খরচ বেড়ে গেছে, বাসের দাম বেড়ে গেছে, ৩ লক্ষ টাকার কমে একটা বাস হয় না। ফলে মফঃস্বলে বাস বাড়ছে না, কারণ বাস ব্যবসায়ীদের আগ্রহ কমে গেছে। নতুন বাস না বাড়ার ফলে মানুষের চাপ একটা বাসের উপর অত্যন্ত বেশী পড়ছে। টায়ারের দাম ৩/৪ হাজার টাকা করে হয়ে গেছে, বাসের মালিক টায়ার ফেটে গেলে কিনতে পারছে না। আপনাকে এইসবগুলো লক্ষ্য রাখতে হবে। শুধু কলকাতায় নয়, মফঃস্বলের পরিবহণ ব্যবস্থা যাতে সুষ্ঠুভাবে চলে সেদিকে লক্ষ্য রাখতে হবে। আর. টি. এ. থেকে বলা হয়েছে বাসের পারমিট দেওয়ার চেষ্টা হচ্ছে, কিন্তু পারমিট পাবার পর ঠিক সময়ে ব্যাঙ্ক থেকে লোন দেওয়া হচ্ছে না। অথচ ব্যাঙ্ক ফর্মাল এ্যাপ্রুভ্যাল দিচ্ছে। পরবর্তী সময়ে তারা লোন দিচ্ছে না, বাস কেনার জন্য টাকা দিচ্ছে না সময়ে।

ব্যাংক প্রথম লিখে দিচ্ছে কত লোন দেবে, কিন্তু পরবর্তীকালে আর লোন দিচ্ছে না। বাস কেনার টাকা দিচ্ছে না। বাস কেনার টাকা তাদেরই দিচ্ছে যাদের টাকা আছে। আর আপনারা যাদের সাহায্য করতে যাচ্ছেন তাদের ব্যাংক টাকা দিচ্ছে না। বাস সার্ভিস চালু করতে গেলে ড্রাইভার কণ্ডাক্টরদের

লাইসেন্স, পারমিট দেওয়ার নির্দেশ আছে, তাদের দিচ্ছে না। আর একটা জিনিস আমরা দেখছি আপনি কতকগুলি শ্রেণীর বাস দিয়েছেন। রাজনৈতিক আন্দোলনে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে বাসের পারমিট দিয়েছেন। রুটের মালিক আর. টি. এ.। সেই বাস বিক্রী হয়ে যাচ্ছে। বৃটিশের বিরুদ্ধে আন্দোলন করেছিল, এই রকম বন্দীদের বাস দিলেন, অথচ বাস রুট-এর নাম পাল্টে বাসগুলি চলে যাচ্ছে। বাস রুটের নাম পরিবর্তন হয়ে যাচ্ছে। বিশেষ বিশেষ ক্ষেত্রে বাস পারমিট দিতে হবে। বাস বিক্রী করতে পারে, কিন্তু রুট হস্তান্তর হয় কি করে? আপনাকে এই ... সংশোধন করতে হবে। এটা যদি না করেন তাহলে ড্রাইভার ...ও কণ্ডাক্টরদের প্রেফারেন্স দিতে হবে, এই কথা বলার কোন মা... হয় না। আমরা রাস্তার ধারে ধারে দেখেছি টায়ার মেরামত হয় এবং পাঞ্জাবী রুটির দোকান আছে। সেখানে শয়ে শয়ে ট্রাক দাঁড়িয়ে আছে। বাসগুলি পাস করার ক্ষেত্রে খুবই অসুবিধা হয়। ইন্সপেকটিং টিম না থাকার ফলে এ্যাক্সিডেন্টের সংখ্যা বেড়ে যায়। এগুলি দেখার দরকার আছে। রাস্তার ধারে ট্রাকগুলি দাঁড়িয়ে থেকে বিভিন্ন জায়গার গাড়ীগুলিকে ব্লক করে দেয়, এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। এর ফলে দূর-দূরান্তের বাস সহজে যেতে পারে না। এছাড়া দূর-পাল্লার বাসের সামনের দিকে স্টাফ সিট বলে ৪/৫টি সিট আছে। এই সিটগুলিতে ৪/৫ জন লোক যায়। স্টাফের আত্মীয় বা অন্য কেউ গেলে তাদের কোন ভাড়া লাগে না। দেখা যাচ্ছে এই সব দূরপাল্লার বাসে ৪/৫ জন লোক ফ্রি-তে যায়। তাদের কাছ থেকে ভাড়া আদায়ের ব্যবস্থা করতে হবে। বাসের খরচ কমাতে হবে। বাস গ্যারেজ থেকে স্টার্ট করার কিছুক্ষণ পরেই দেখা যায় খারাপ হয়ে গেছে। দূর থেকে বাস এলে সঙ্গে সঙ্গে মেরামত করা দরকার। কিন্তু সেটা করা হয় না। দূরপাল্লার বাস ভাল করে চেক না করে, রেডি না করে রাস্তায় বের করলে এ্যাকসিডেণ্ট হবেই। আর একবার রাস্তার মাঝে বাস খারাপ হয়ে গেলে অন্য কোন বাস পাওয়া যায় না। বাস ঠিকমত মেনটেন করার জন্য গ্যারেজে কাজ করা হয়। কিন্তু আমরা জানি সরকারী কর্মচারীরা ঠিকমত কাজ করছেন না। এত অসুবিধা সত্ত্বেও আপনাকে সুষ্ঠুভাবে বাস মেরামত করার ব্যবস্থা করতে হবে। আমরা মনে করি বাস ভাড়া বৃদ্ধি এমন কিছু বেশী নয় দিল্লী, বম্বের তুলনায়। এখানকার চেয়ে ওখানে অনেক বেশী ভাড়া দিতে হয়। মানুষের হাতে পয়সা এসেছে, এই ভাড়া দিতে তাদের কোন অসুবিধা হবে না। সিগারেটের দাম ১০ পয়সার জায়গায় ২০ পয়সা হলেও সিগারেট না হলে মানুষের চলে না। সিগারেট খেলে যেখানে ২০/২৫ পয়সা দাম দিতে হচ্ছে সেখানে তেলের দাম, অন্যান্য পার্টসের

দাম বেড়ে গেছে, স্বাভাবিভাবেই বাসের ভাড়া বাড়বে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 P.M.]

শ্রীরবীন মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে স্বাভাবিকভাবেই অনেক অভিযোগ উঠেছে এবং সেই সমস্ত অভিযোগ আদৌ নতুন নয়, বারংবার উত্থাপিত হয়েছে এবং বারংবারই তার জবাব দেওয়া হয়েছে। কাজেই এই সমস্ত ওয়াইল্ড অভিযোগের আমি এখন কোন জবাব দেবার প্রয়োজন বোধ করছি না। স্যার, আমাদের একটা সুবিধা হল দেশের মানুষ সুনীতিবাবুর বক্তৃতার কোন মূল্য দেন না। কাজেই বাস্তবে তিনি কি বলেছেন তার মধ্যে যাবার কোন দরকার নেই। তথাপি তিনি যেহেতু প্রসঙ্গটি উত্থাপন করেছেন সেইহেতু আমি বলতে চাই যে, অত্যন্ত পরিকল্পিতভাবে আমাদের ট্রান্সপোর্টের কাজ চলছে। আপনারা যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন কলকাতা শহরে বা যে-সমস্ত জায়গায় আমাদের স্টেট বাস ইত্যাদি আছে সেখানে প্রধানতঃ নতুন বাস চলছে, তবে ঠিকই কথা সেটা রিপ্লেসমেন্ট। সেখানে ফ্রিকোয়েন্সি বেড়েছে, প্যাসেঞ্জার বহনের ক্ষমতা বেড়েছে। রাস্তায় বেরুলেই দেখা যায় বাসের সংখ্যা বেড়েছে। যে বাস চলতো তুলনামুলকভাবে তার সংখ্যাটা বেড়েছে এবং আগামীদিনে আরো বাড়বে। এইসব কথা আমার লিখিত বক্তব্যের মধ্যেই দেওয়া আছে। ট্রামের ক্ষেত্রে আমি বলছি, আমাদের প্রয়োজনের তুলনায় বেশী ট্রাম আছে। আমাদের ট্রাম চালানোর জন্য যে রাস্তা আছে তার তুলনায় আমাদের ট্রাম বেশী আছে, আমরা রাস্তায় নামাতে পারছি না। অন্য ভাষায় বলা যায় ল অব ডিমিনিসিং রিটার্ন কাজ করছে। সেখানে আরো ট্রাম নামালে গতি আরো কমে যাবে—এইসব জিনিসগুলি বুঝতে হবে। লাইফ লাইন যেগুলি ছিল মেট্রো রেলের জন্য অনেক জায়গায় তা বন্ধ হয়ে গিয়েছে। এটা বাসের ক্ষেত্রেও সত্য, ট্রামের ক্ষেত্রেও সত্য। কাজেই সমস্যাটা কোথায় সেটা বুঝতে হবে। তা না বুঝে ওয়াইল্ড কথাবার্তা বলে কোন লাভ নেই। আমি বলছি, আমাকে ভাবতে হচ্ছে নতুন কোন জায়গায় নতুন ট্রাম লাইন পাততে পারি কিনা এবং টাকা যদি না থাকে তাহলে তা ফাইনানসিয়াল ইনসটিটিউশানগুলির কাছ থেকে নেওয়া যায় কি না। ট্রামের যে সংখ্যা আমরা প্রজেক্টের মধ্যে নিয়েছিলাম সেই সংখ্যা আমাদের পূর্ণ হয়েছে। নতুন যে-সমস্ত রিনোভেট করেছিলাম সেই সংখ্যাটাও আছে। এই সমস্তগুলি নামাবার জন্য যথেষ্ট সংখ্যক ট্রাম লাইন আমার নেই—এটা বুঝতে হবে।

কাজেই পরিকল্পনা নেই, একজিকিউশান নেই, এই সমস্ত কথার কোন অর্থ হয় না। এরপর আমি যে কথাটি বলতে চাই সেটা আমাদের পক্ষের মাননীয় সদস্যরাও বলেছেন যে কলকাতা শহরের ব্যাপারটি যদি চিন্তা করতে হয় তাহলে কতকগুলি বাস্তব পরিস্থিতির কথা মনে রাখতে হবে। আমাদের যে মাত্র ৬ পারসেণ্ট রাস্তা এটা নিশ্চয় কেউ অস্বীকার করবেন না। এই ৬ পারসেণ্টের মধ্যে আবার এক/আধ শতাংশ রাস্তা দখল করে বাজার ইত্যাদি বসে গেছে। এদের যদি তোলা হয় তাহলে আবার ও পক্ষের বন্ধুরা অশ্রু বিগলিত হয়ে এসে নানান কথা বলবেন। তা ছাড়া কলকাতার শতকরা ৩০ ভাগ রাস্তা মেট্রো রেলের জন্য বন্ধ হয়ে গিয়েছে। এখানে আমার কোন গাড়ী চলছে না। আমার ট্রান্সপোর্ট চলার যে জায়গা—মেন লাইভ লাইন তা এইভাবে মেট্রো রেলের জন্য বন্ধ হয়ে আছে। মেট্রো রেলের কাজ যদি ত্বরান্বিত হয় তাহলে যেমন একদিকে রেল চলাচল করলে যাত্রীদের সুবিধা হবে তেমনি, সারফেসে যে ৩০ পারসেণ্ট রাস্তা আটকে আছে তারও সুযোগ পাওয়া যাবে দিস ইজ এ কমনসেন্স।

দুর্ভাগ্যক্রমে আমাদের বিরোধীপক্ষের বন্ধুদের কমনসেন্স নেই। তারপর কারুর যদি অবসেশন থাকে তাহলে আমি কি করব? এই জিনিসটি দেখছি সুনীতিবাবুর আছে। শ্যামলবাবুর কথা বললেই যদি তাঁর অবসেশন আসে, কমিউনিষ্ট পার্টির কথা বললেই যদি তাঁর অবসেশন আসে তাহলে আমার কিছু করার নেই। ভারতবর্ষের বিভিন্ন ষ্টেট-এ যতগুলি কর্পোরেশন আছে সেখানে তাঁদের দলের কতজন চেয়ারম্যান আছেন সেটা একবার খবর নিয়ে দেখবেন। শ্যামলবাবু মাস তিনেক হয় ওখানে চেয়ারম্যান হিসেবে আছেন, কিন্তু এর আগে যাঁরা অফিসার ছিলেন তাঁরা যদি ভালই চালিয়েছিলেন তাহলে তখনকার বাজেট সমর্থন করলেন না কেন? তবে সুনীতিবাবুকে তাঁর কনষ্টিটিউয়েন্সী সিউড়ি প্রকল্পের ব্যাপারে আশ্বস্ত করছি যে, ওখানে জবরদখল যা হয়েছিল সেগুলি উৎখাত করতে হয়েছে এবং গিয়ে দেখে আসুন সেখানে কনসট্রাকশনের কাজ আরম্ভ করা হয়েছে, সেড হয়েছে। সিউড়িতে এই সমস্ত কাজ হয়েছে এবং আশা করি এ বছরের মধ্যে ওই প্রকল্পের কাজ সম্পন্ন হবে। টিকেট ছাপা এবং জাল টিকেট সম্বন্ধে ওয়াইল্ড অ্যাকিউজেশন করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যদি লক্ষ লক্ষ জাল টিকেট চলছে তাহলে তার ২/১ খান সংগ্রহ করলে হোত না? তবে এটা বাস্তব সত্য কুচবিহার এবং দার্জিলিং-এ আমাদের সরকারী প্রেসগুলো ছাপাতে পারছিল না এবং তখন প্রাইভেট প্রেসের ব্যবস্থা করতে হয়। গার্ড না বলে চলে গিয়েছিল এবং তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। ১৭-১১-৮২ তারিখ থেকে ২০-১১-৮২

তারিখের মধ্যে ওখানে কোন কিছু ছাপা হয় নি। যেহেতু ওইদিন ওই ঘটনা ঘটেছে, সেই জন্য ওই প্রেসের কাজ বন্ধ করে দেওয়া হয়েছে এবং কলকাতার অন্য প্রেসে ছাপা হয়েছে। আলিমুদ্দিন ষ্ট্রীটের প্রেসে কোন কিছু ছাপা হয় নি। এবারে আমি সমস্যা সম্বন্ধে কিছু বলব। আজকে মেটেরিয়ালস্-এর জন্য বিভিন্ন রকম কাজকর্ম করা যাচ্ছে না। আপনারা জেনে রাখুন ট্রামের স্পিড প্রতি ঘণ্টায় ১০ কিলো-মিটারের কম এবং বাস-এর স্পিড কলকাতায় আরও কম—৮ থেকে ১৪ কিলোমিটার যদি ফাঁকা রাস্তা পায়। এবারে আপনারা বুঝে দেখুন কলকাতার বাস্তব পরিস্থিতি কি রকম? তারপর কলকাতায় ৫০ হাজারের উপর যে রিক্সা আছে তার ১২/১৪ আনাই হচ্ছে আনলাইসেন্সড রিক্সা এবং এই আনলাইসেন্সড রিক্সা যদি ধরি তাহলে একটা হৈ চৈ পড়ে যায় এবং বলা হয় গরীব মানুষ মরে গেল। কাজেই এই ব্যাপারটা আপনাদের বিচার করতে হবে, আপনাদের ডিসিশন নিতে হবে এবং এই ব্যাপারে আমরা আপনাদের সহযোগিতা চাই। তারপর এত অল্প জায়গা অথচ কলকাতায় ঠেলা রয়েছে ১০ হাজার এবং আখ মাড়াই কল ৬ হাজারের মত কলকাতা শহরে ঘুরে বেড়াচ্ছে। এরা অতি গরীব মানুষ এবং এদের জন্য সকলেরই চোখের জল পড়ে। এবারে আপনারা এমন কোন যাদুদণ্ড বার করুন তো যাতে কারুর গায়ে হাত না পড়ে। এটা কি কখনও বাস্তবে সম্ভব?

[4.50—5.00 P.M.]

তাহলে দোতলা তিনতলা রাস্তা করতে হবে, কিন্তু সেই টাকা আমাদের নেই। এখন কোন মানুষ যদি ক্ষমতাচ্যুত হয়ে বিকারগ্রস্ত হয়ে কথা বলে তাহলে সে-সব কথার জবাব দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। এসব সম্বন্ধে ইতিপূর্বে অনেক আলোচনা হয়েছে, এখন আমি আর আলোচনা করতে চাই না।

আমি এখন দেবপ্রসাদবাবুর কথা একটু বলব। আমি ওঁকে আত্মপ্রসাদ থেকে বঞ্চিত করতে চাই না। উনি বললেন, ওঁদের আন্দোলনের চাপে নাকি আমরা বাস ভাড়া বৃদ্ধির হার পরিবর্তন করেছি। উনি এটা মনে করে যদি সুখ ভোগ করতে চান, তাহলে আমি তা থেকে ওঁকে বঞ্চিত করতে চাই না। উনি সুখ ভোগ করুন, তাতে আমার কোন আপত্তি নেই। তবে ওঁরা জনগণের কতটা প্রতিনিধিত্ব করেন, তা আমাদের জানা আছে। কিছু মহিলা এবং কিছু শিশুকে রাস্তায় বসিয়ে দিলেই জন-আন্দোলন হয় না। উনি যদি সেটা না বুঝে থাকেন, তাহলে ওঁর বুঝতে আরো সময় লাগবে।

অশোকবাবু বাস ভাড়া বৃদ্ধি সম্বন্ধে যা বলেছেন তার কিছু মূল্য আছে। তিনি বলেছেন বাস ভাড়ার হারের মধ্যে প্রচুর গড়মিল আছে, ফলে মানুষের মধ্যে অসন্তোষ আছে। হ্যাঁ আছে, এটা আমিও স্বীকার করি, কিন্তু বাস ভাড়া যখন বাড়ান হয়, তখন দেখা যায় কোথাও কিলোমিটার প্রতি আড়াই পয়সা ভাড়া আছে, কোথাও কিলোমিটার প্রতি ৫ পয়সা ভাড়া আছে, কোথাও ৭ পয়সা আছে। এখন এগুলিকে মেলাবেন কি করে? অত মেলান যাবে না। রাজ্যের বিভিন্ন জায়গায়, বিভিন্ন রকম ভাড়া আছে। সুতরাং এই পরিস্থিতিতে কোথাও একটু বেশী হবে, কোথাও একটু কম হবে, কিছু করা যাবে না।

এ. জি. বেঙ্গল'-এর বক্তব্য বলে যেসব কথা বলা হয়েছে, সে সম্বন্ধে আমি বলব যে, এ. জি. বেঙ্গল যদি কোন কুয়িরী করে থাকে এবং সেই কুয়িরীর ভিত্তিতে আপনারা বলবেন, এ. জি. বেঙ্গল এই স্টেটমেণ্ট করেছে? এ ব্যাপারে আমি আগেই বলেছি, তাঁদের প্রত্যেকটি কুয়িরির জবাব দেওয়া হয়েছে। সুতরাং এসব কথা বলে কি লাভ আছে!

তারপরে মিঃ দে এ্যাণ্ড রায়চৌধুরী সম্বন্ধে যা বলা হয়েছে, সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, সরকারী আইন অনুযায়ী তাঁরা মাইনে পান, ভাতা পান, তাঁরা কোন ডেপুটেশন এ্যালাউন্স পান না। সরকারী নিয়ম আছে, যেহেতু তাঁরা আগে পেতেন না, সুতরাং এখানেও পাবেন না। সেখানে তাঁরা বোনাস পাবার অধিকারী হলে, এখানেও বোনাস পাবেন, এটা বে আইনি ব্যাপার নয়। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী এই নিয়ম চালু আছে।

তারপর ওঁরা জি. এম.-এর হাউস রেণ্ট সম্বন্ধে বললেন। তিনি একটা রিকুইজিশন করা হাউসে বাস করেন। এর মধ্যে কোন বেআইনী কিছু নেই, আইন অনুযায়ী যা পাবার তাই পাচ্ছেন। এ-সমস্ত কথা বলার আগে একটু তথ্য জেনে বলা উচিত এবং তথ্য জেনে বললে ওঁদের, আমাদের, দেশের মানুষের, সকলের উপকার হবে। তা না হলে ওসব কথায় কারো কোন উপকার হবে না।

মাননীয় সদস্য বাটলিবয় কোম্পানীর কথা বললেন, হিসাবের মধ্যে নাকি ৬ লক্ষ টাকার গরমিল আছে। তা আমি বলছি, এ ব্যাপারে একটু খোঁজ নিয়ে দেখলেই সবাই দেখতে পাবেন যে, সব কিছু রি-কনসিলেশন করে সব ঠিক করা হয়েছে। তা ছাড়াও ধরুন যদি ৬ লক্ষ টাকার গড়মিল থাকেও, কত কোটি টাকার কাজের মধ্যে ৬ লক্ষ টাকার গড়মিল? ৩০ থেকে ৩৫ কোটি টাকার কাজের মধ্যে মাত্র ৬ লক্ষ টাকার গড়মিল ছিল। আমরা বলেছিলাম রি-কনসিলেশন করে তাড়াতাড়ি এ বিষয়ে ষ্টেটমেণ্ট করা হবে। সুতরাং ঐ সব কথা বলে বক্তৃতা করে কি লাভ

আছে। অবশ্য যদি কাগজ বের করবার জন্য বক্তৃতা করা হয়, তাহলে আমার কিছু বলবার নেই।

ইনসেনটিভ, পেমেণ্ট ইত্যাদি সম্বন্ধে কিছু কথা বলা হয়েছে। এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে, ইনসেনটিভ-এর ব্যাপারে ইউনিয়নের সঙ্গে যে এগ্রিমেণ্ট আছে সেই এগ্রিমেণ্ট অনুযায়ী ইনসেনটিভ দেওয়া হয়। ট্রামে ইনসেনটিভ এবং ওভার টাইম-এর মধ্যে একটা গড়মিল দেখা দিচ্ছিল, সেই জন্য ওভার টাইম বন্ধ করে দেওয়া হয়েছে এবং নিয়ম করে নতুনভাবে সেখানে ইনসেনটিভ চালু করা হয়েছে। সেখানে কংগ্রেসীদেরও ইউনিয়ন আই এন টি ইউ সি আছে, মোট ৬টি ইউনিয়নের সঙ্গে বসে এই ব্যবস্থা করা হয়েছে এবং সেই ভিত্তিতে ওভার টাইম তুলে দিয়ে ইনসেনটিভ-এর ব্যবস্থা করা হয়েছে।

তারপর বলেছেন সিমেণ্ট ওখানে আছে এখানে কেন এলো—যে যার মতন বলে যাবেন আর তার হিসাব আমাকে দিতে হবে? আমার কাছে সব ফিগার আছে, এ বিয়য়ে আমার স্টাণ্ড ঠিক আছে। তারপর ট্রান্সপোর্টের ব্যাপারে পশ্চিমবাংলায় যে সমস্যা আছে সেই ব্যাপারে আমি আগেই বলেছি, ঐ ফেয়ারলি প্লেসে সেখানে রেলের জমি পাওয়া নিয়ে অনেক গণ্ডগোল হয়েছে, সেইজন্য দেরী হচ্ছে। আমি মনে করি ফেয়ারলি প্লেস, কুটিঘাট, শোভাবাজার—আগামী বছরের মধ্যে আশা করছি এই সমস্ত জায়গায় ফেরী সার্ভিস চালু করতে পারবো। আমার ষ্টেটমেণ্টের মধ্যেও আছে। তারপর দেবপ্রসাদবাবু শ্রমশক্তি অপচয়, চুরি ইত্যাদি ইত্যাদি অনেক কথা বলেছেন। ওঁরা ধর্মপুত্র, সেইজন্য এইসব কথা বলছেন। গোটা ভারতবর্ষে কে কত ধর্মপুত্র তা আমাদের জানা হয়ে গেছে। এখানের চুরির কথা বলছেন। আমি বলছি, এই সমাজ ব্যবস্থায় চুরি হবে, এটা কোনদিনই অস্বীকার করিনি। এই সমাজ ব্যবস্থায় চুরির মূল উৎপাটন হয়ে যাবে, এটা আমি বিশ্বাস করি না। তবে চুরির পরিমাণ অনেক কমে গেছে। আমাদের হিসাব যদি দেখেন, কালেকশান যদি দেখেন, বাস কত পরিমাণ রাস্তায় নামছে সেটা যদি দেখেন এবং ট্রামের হিসাব যদি দেখেন তাহলে দেখবেন অনেক পরিমাণ কমে গেছে এবং আপনারা খবর নেবেন, এইসব ক্ষেত্রে আর্মস অফ ল অপারেট করে ডিসিপ্লিনারী এ্যাকশান নেওয়া হয়েছে, চাকরি অনেক ক্ষেত্রে চলে গেছে। ঐ ৩২ জন কি ২৯ জনকে চাকরি থেকে তাড়িয়ে দিয়েছিলাম, তারা আবার হাইকোর্টে গিয়ে ইনজাংশান নিয়ে বসে আছে। কিন্তু আমি বলেছি, এই সমস্ত ক্ষেত্রে ডিসিপ্লিনারী এ্যাকশান নেওয়া হয়েছে। অন্যদিকে যে কনট্রাক্ট ক্যারেজের কথা বলেছেন সেই ব্যাপারে ঐ কলকাতা থেকে শিলিগুড়ি যেটা

যায় তার পারমিট আমরা দিচ্ছি। তারপর দেবপ্রসাদবাবু শ্রমশক্তির অপচয়ের কথা বলেছেন। এই শ্রমশক্তিকে যতটা পারি কাজে লাগাচ্ছি এবং যতটা সম্ভব সব জায়গায় লাগানো হচ্ছে এবং তাতে ইমপ্রুভ করছে। আমাদের এই ইমপ্রুভ-মেন্টটা আপনারা দেখবেন না? তারপর ২০ পারসেন্ট ঘোষ্ট ওয়ার্কারের কথা বলেছেন। ওঁরা ভূত দেখছেন, তা আমি কি করবো? এখানে ইউনিফর্ম সম্বন্ধে বলেছেন। ২৫ লক্ষ টাকার ইউনিফর্ম নয়, ১৬ লক্ষ টাকার ইউনিফর্ম কেনা হয়েছে —এটা ঠিক কথা। এটা দক্ষিণ ভারতের বিনী কোম্পানী থেকে নিয়েছি।

[5.00—5.10 P.M.]

যেহেতু ৬টি ইউনিয়ন আছে, ৬টি ইউনিয়ন সম্মিলিতভাবে ঐ ধরনের কাপড় দাবী করে এসেছেন। আমরা দু-চারবার বোঝাবার চেষ্টা করেছিলাম, কিন্তু ঐ ৬টি ইউনিয়নের লোকই ঐ বিনীর তৈরী কাপড় দাবী করছে, অন্য কাপড় কেউ চাইছে না। ট্রাম, বাস চালু রাখার স্বার্থে আমি সেটার পরিবর্তন করতে চাই। ওয়ার্কারদের সঙ্গে মিলেমিশে সব কটি ঠিক করতে এখনো সময় লাগবে। এই হচ্ছে ইউনিয়ন সম্পর্কে কথাবার্তা। তারপর ঘোষ্ট ওয়ার্কার, ভূতুড়ে কর্মীর কথা দেবপ্রসাদ বাবু বলেছেন। অন্য কথা বলার সময় আমার নেই, বলা যাবে না, তবে এটা ঠিক কথা যে, ১৪০০ ওয়ার্কার নোনাপুকুরে কাজ করে। কিন্তু সেখানে ৩০০-র ওপর ওয়ার্কার যেমন—বিল্ডিং, সাব-ষ্টেশন, ক্লোরাইন, পারচেজ অফিস, টেলিফোন অফিস ইত্যাদিতে কাজ করে, তাঁরাও আমাদের ঐখানে খান। একই ডিপার্টমেন্টের মধ্যে চলাফেরা কাজকর্ম করেন—রেকর্ডটা দেখে খুঁজে নেবেন—এ্যাকুইজিসন এ ধরণে করেন। সুতরাং ওরাও ১৪০০ মধ্যে যুক্ত। একই শেডে কাজ করছে তাদের কি করে বলব যে, তোমরা খেও না। উনি আগমার্কা সমাজতান্ত্রিক আছেন, উনি বলতে পারেন যে, শুধু নোনাপুকুরের লোকেরাই খাবে, অন্য কেউ খাবে না, কিন্তু আমরা বলতে পারি না।

তারপর অডিট রিপোর্টের কথা বলেছি কি কাট মোশনের মধ্যে অনেকগুলি ব্যাপার ছিল। চুরি এবং অপদার্থতার কথা, সেগুলি আছে। পলাশীর ব্যাপার উল্লেখ করেছেন, সে ব্যাপার আমার বইয়ে আছে। আমরা ৩৮টি ষ্টেট বাস করেছি, তার উপর রেড করেছি, ২২টিকে-সিজ করেছি সেগুলি মনে রাখবেন, এই-গুলির কাজ করা হচ্ছে। প্রধান দুটি কথা সে সম্পর্কে জবাব দিয়েছি, তারপর মেদিনীপুরে যে দু-চারদিন বাস চলেনি, এ সম্বন্ধে জবাব দিয়ে দেব। এই ধরনের

কাট মোশন যা আছে সেই কাট মোশনগুলির সামগ্রিকভাবে বিরোধিতা করে আমি আবেদন করছি সমস্ত সদস্যবন্ধুদের কাছে বাজেটে আমার দাবীগুলি তাঁরা গ্রহণ করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকারঃ ট্রান্সপোর্ট বাজেটের জন্য যে টাইম ধার্য ছিল আমার মনে হচ্ছে আরও পাঁচ মিনিট টাইম বাড়াবার প্রয়োজন হবে। সেই জন্য আরও পাঁচ মিনিট টাইম বাড়াবাড় জন্য আমি আপনাদের কাছে প্রস্তাব রাখছি।

(ধ্বনিভোটে প্রস্তাবটি গৃহীত হোল)

DEMAND No. 12

The motion of Shri Kashinath Misra that the Demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Saitendra Nath
Chattopadhay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra

Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri

AYES

Adhikary, Shri Sisir
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 9, the Noes 84, and the Abstention 1, the motion was lost.

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 85,61,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "41-Taxes on Vehicles". (This is inclusive of a total sum of Rs. 14,27,000 already voted on account in March, 1983), was then put and a division taken with the following result :

AYES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abdul Hasnat Khan, Shri
Abdul Mansur Habibullah, Shri Syed
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bibhuti Bhusan
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Prodhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Haradhan
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri

NOES

Adhikary, Shri Sisir
Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri

ABSTENTIONS

Sarkar, Shri Debaprasad
Majhi, Shri Raicharan

The Ayes being 89, the Noes 9, and the Abstentions 2, the motion was then put and agreed to.

[5.10—5.20 P.M.]

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 71,74,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "335-Ports, Lighthouses and Shipping". (This is inclusive of a total sum of Rs. 11,96,000 already voted on account in March, 1983) was then put and agreed to.

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 27,16,000 be granted for expenditure under Demand No 69, Major Head : "336-Civil Aviation" (This is inclusive of a total sum of Rs. 4,53,000 already voted on account in March, 1983) was then put and a division was taken with the following results :

AYES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abdul Hasnat Khan, Shri
Abdul Mansur Habibullah, Shri Syed
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazári
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Nimai Chandra
De, Shri Bibhuti Bhusan
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Haradhan
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri

NOES

Banerjee, Dr. Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 88, the Noes 9, and the Abstention 1, the motion was carried.

DEMAND No. 71

Mr. Deputy Speaker : Now, I put the Cut Motions, except the Cut Motions No. 1, 2 and 7—11 on which I understand division will be demanded, to vote.

The motions of Sarbashree Humayun Chowdhury, Abanti Misra & Sk. Imajuddin were then put and lost.

The motions of Shri Subrata Mukhopadhyay and Shri Kashinath Misra and the amount of Demand be reduced by Rs. 100 were then put and a division was taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Balai
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Chakraborti, Shri Subhas
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
De, Shri Bibhuti Bhusan
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Kamakhya
Ghosh, Shri Krishna Pada
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Maji, Shri Swadeshranjan
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Molla, Shri Anadi
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Roy, Shri Haradhan
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Sk. Siraj Ali, Shri

AYES

Banerjee, Dr. Ambika
Barman, Shri Dipendra
Basu, Dr. Hoimi
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chattaraj, Shri Suniti
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 9, the Noes 87, and the Abstention 1, the motions were lost.

The motion of Shri Rabin Mukherjee that a sum of Rs. 70,33,03,000 be granted for expenditure under Demand No. 71, Major Heads : "338-Road and Water Transport Services, 538-Capital Outlay on Road and Water Transport Services, and 738-Loans for Road and Water Transport Services", was then put and agreed to.

DEMAND No. 67

Major Heads : 334-Power Projects and 734-Loans for Power Projects.

Shri Prabir Sen Gupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 73,24,00,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "334-Power Projects" and "734-Loans for Power Projects".

পরিকল্পভুক্ত ও পরিকল্পনা-বহির্ভূত বিভিন্ন কর্মপ্রকল্পের রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে যে ঋণ দেওয়া হবে সেই বাবদ অর্থের জন্য এই দাবি জানানো হচ্ছে। আন্তঃরাজ্য ট্রান্সমিশন লাইন সংক্রান্ত কেন্দ্র প্রবর্তিত কর্মপ্রকল্পের অধীনে যে-সব প্রকল্প রয়েছে সেইগুলিও এদের মধ্যে পড়ছে। এর মধ্যে ভোট অন এ্যাকাউন্ট বাবদ বরাদ্দকৃত ১২ কোটি ২০ লক্ষ ৬৮ হাজার টাকাও অন্তর্ভুক্ত আছে।

২। (ক) বিদ্যুৎকে বামফ্রন্ট সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছেন, বর্তমান দাবিতেও তা প্রতিফলিত হয়েছে। রাজ্য সরকারের বাজেটে এবার যে তিয়াত্তর কোটি চব্বিশ লক্ষ টাকা বরাদ্দ রাখা হচ্ছে তা এই রাজ্যে বিদ্যুতের জন্য এতাবৎকালের মধ্যে সর্বাধিক ব্যয়বরাদ্দ।

(খ) ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত বিদ্যুতের জন্য পরিকল্পনা খাতে মোট ব্যয়বরাদ্দ ছিল ৭৬৮ কোটি ৬৬ লক্ষ টাকা। এই বরাদ্দ ১৯৪৭ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই রাজ্যে বিদ্যুতের জন্য মোট বিনিয়োগের চেয়ে অনেকটা বেশী।

(গ) দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে, যোজনা কমিশন অনুমোদিত রাজ্য যোজনার সার্বিক আয়তন খর্ব করার ফলে ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে বিদ্যুতের জন্য বরাদ্দ অনেকখানি হ্রাস করতে হয়েছে; সেজন্যে বিদ্যুতের ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ মোটামুটিভাবে শতকরা ২৭ ভাগ থেকে কমে গিয়ে শতকরা ২২ ভাগে দাঁড়িয়েছে।

(ঘ) বিদ্যুতের ক্ষেত্রে অনুমোদিত পরিকল্পনার সম্পূর্ণ কাঠামোর মধ্যে থেকে আমরা চেষ্টা করছি এই রাজ্যের সম্পদ থেকে বিদ্যুতের জন্য সর্বাধিক অর্থ বরাদ্দ

করতে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ঋণসংক্রান্ত (ডেট সার্ভিসিং) বাধ্য-বাধকতার ভার লাঘব করার উদ্দেশ্যে রাজ্য সরকার চলতি আর্থিক বছর থেকে বিদ্যুৎ পর্ষদকে পরিকল্পনা অনুযায়ী সাহায্যের পরিমাণ বাড়িয়ে দিয়েছেন। তাতে পর্ষদের বাজারী ঋণ-নির্ভরতা কমেছে।

৩। (ক) ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের টিটাগড় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রয়াসে বামফ্রন্ট সরকার অর্থ দিয়ে সহযোগিতা করেছেন, এই সরকারের বিভিন্ন কাজকর্মের মধ্যে এটা একটি উল্লেখযোগ্য ঘটনা। টিটাগড় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য যে খরচ হচ্ছে রাজ্য সরকার তার ২৫ শতাংশ দিচ্ছেন। এই প্রকল্পের জন্য জমি গ্রহণ করে দেওয়া থেকে আর যা যা প্রয়োজন তা মেটাতে রাজ্য সরকার সম্ভবপর সব রকমের সাহায্য দিয়ে চলেছেন।

(খ) মাননীয় সদস্যগণ জেনে সুখী হবেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের টিটাগড় বিদ্যুৎ প্রকল্পের প্রথম ইউনিটটি এবং ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের পঞ্চম ইউনিটটি (২১০ মেগাওয়াট) ব্যবসায়িক ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন করতে শুরু করেছে। শুরুর মুখেই ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটটিতে যে-সব সমস্যা দেখা দিচ্ছে, আমার বিশ্বাস, কয়েক মাসের মধ্যেই সেগুলির সুরাহা হয়ে যাবে, আর ইউনিটটিও সুষ্ঠুভাবে বিদ্যুৎ উৎপাদন করতে পারবে। টিটাগড় ইউনিটটি ভালোভাবেই কাজ করছে। টিটাগড় প্রকল্পের আরও দু'টি ইউনিট—যার প্রতিটি ৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে—এই আর্থিক বছরের মধ্যেই চালু হয়ে যাবে বলে আমরা আশা করছি। জলঢাকা জলবিদ্যুৎ প্রকল্পের (৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনক্ষম) দ্বিতীয় পর্যায় এই বছরের মধ্যে চালু হয়ে যেতে পারে।

৪। (ক) অবশ্য একথা স্বীকার করে নিতে আমার কোনও কুণ্ঠা নেই যে, বিদ্যুৎ উৎপাদন ও বন্টনের ক্ষেত্রে আমরা যে সাফল্য অর্জন করতে পারব বলে প্রত্যাশা জাগিয়েছিলাম, বিদ্যুৎ উৎপাদন ও বন্টনকে আমরা সাফল্যের সেই পর্যায়ে নিয়ে যেতে পারি নি। নিছক ব্যয়বৃদ্ধির সুযোগ নেবার উদ্দেশ্যে কিছু কিছু ঠিকাদারদের মধ্যে ধীরগতিতে কাজ করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এই প্রবণতা ও তাঁদের অসহযোগিতা, প্রকল্পের পরিচালকবর্গের ব্যর্থতা এবং অন্যান্য অসুবিধার দরুন পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের (৩×২১০ মেগাওয়াট) অগ্রগতি ব্যাহত হচ্ছে। কিছু কিছু সমস্যার সমাধান করা গিয়েছে, আর কিছু কিছু সমস্যার দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে। যত দ্রুত সম্ভব এই প্রকল্পের কাজ শেষ করতে সরকার অত্যন্ত আগ্রহী। আর সেই উদ্দেশ্যে সরকার প্রয়োজনীয় ব্যবস্থাদিও নিয়েছেন। প্রকল্পটির রূপায়ণের কাজে বর্তমানে অগ্রগতির লক্ষণ দেখা

যাচ্ছে। যেখানে যেখানে দু' শিফটে কাজ করা সম্ভব সেখানে সেখানে দু' শিফটে কাজ করানোর ফলে আশা করা যাচ্ছে কাজটি ত্বরান্বিত হবে।

(খ) মাননীয় সদস্যরা আমার সঙ্গে নিশ্চয়ই একমত হবেন যে, বিদ্যুৎ প্রকল্প গড়ে তুলতে যেমন দীর্ঘ সময় লাগে, ঠিক তেমনি তার জন্য যথেষ্ট অর্থ বিনিয়োগ করাও প্রয়োজন। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে লক্ষ্যে পৌঁছতে হলে অনলস ও নিরবচ্ছিন্নভাবে পরিকল্পনা করে যাওয়া দরকার। আর তা করতে হলে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রয়াস চালিয়ে যেতে হবে। অতীতে আগামী বছরগুলির বিদ্যুতের চাহিদা বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে বিদ্যুৎ সংক্রান্ত পরিকল্পনা রচনা করা হয় নি। চাহিদাও ও পরিকল্পনার মধ্যে ফারাক গড়ে উঠেছিল। আর সেজন্যই আজ আমরা এই পরিস্থিতির মধ্যে পড়েছি।

(গ) ভারতের বিদ্যুৎ মানচিত্রে পশ্চিমবঙ্গের স্থান ছিল অনেক উঁচুতে। সেখান থেকে কিভাবে যে এই রাজ্য নেমে এসেছে তা এরপর যে সারণী রাখছি তা থেকে বোঝা যাবে।

রাজ্যসমূহের বিদ্যুৎ উৎপাদন-ক্ষমতা

(মেগাওয়াট হিসাবে)

রাজ্য	১৯৫১	১৯৫৬	১৯৬০-৬১	১৯৬৫-৬৬	১৯৭৩-৭৪	১৯৮১-৮১
গুজরাট ...	১৪১	২২৪	৩৩৩	৬৫০	১,১৬৪	২,৪৪০
মহারাষ্ট্র ...	৩৩৯	৫৩২	৭৫৯	১,৩০৪	২,১২৮	৩,৯৬৬
তামিলনাড়ু ...	১৫৪	২৪৯	৫১৭	১,৩১৪	২,২৫৪	২,৯১০
কর্ণাটক ...	১১৪	১৯০	১৯১	৪৫৫	৯৬৬	১,৫৯০
উড়িষ্যা ...	৪	৩৩	১৩৬	৩১৪	৬৮৪	৮৮০
উত্তর প্রদেশ ...	২২০	৩০৮	৩৯৭	৯৩০	১,৭১৬	৩,৮৮৬
দিল্লী ...	৪২	৫৫	৭৬	১১২	৩৩০	১,০৬৫
মধ্য প্রদেশ ...	৩৯	৮২	২৬৭	৩১০	৭৭৪	১,৬৭৫
কেরল ..	৩২	৮৯	১৩৭	১৯৭	৬২৫	১,০১১
অন্ধ্রপ্রদেশ ...	৫৯	১৩১	২৬৯	২৬৬	৬৭০	২,০৬৫
বিহার ...	৪৬	২০৪	৩৫০	৬৭২	৬০৪	৯১০
পশ্চিমবঙ্গ ...	৫৪৬	৫৩৮	৭৫৩	১,২৯২	১,৩৩৩	১,৭৯৫

(ঘ) ১৯৫১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের উৎপাদন-ক্ষমতা যে সর্বাধিক ছিল এই সারণীতেই তা লক্ষ্য করা যাবে। দ্বিতীয় স্থানে ছিল মহারাষ্ট্র। তার উৎপাদন-

ক্ষমতা ছিল এ রাজ্যের চেয়ে প্রায় ১২০ মেগাওয়াট কম। আর অন্য রাজ্যগুলির স্থান তো ছিল অনেক নিচে। ১৯৬০-৬১ সালে মহারাষ্ট্রের উৎপাদন-ক্ষমতা ছিল ৭৫৯ মেগাওয়াট। ঠিক তার পরেই ছিল পশ্চিমবঙ্গ, যার উৎপাদন-ক্ষমতা সেই সময়ে ৭৫৩ মেগাওয়াট। কিন্তু যেখানে ১৯৮১-৮২ সালে মহারাষ্ট্রের উৎপাদন-ক্ষমতা ছিল ৩,৯৬৬ মেগাওয়াট, উত্তরপ্রদেশের ৩,৮৮৬ মেগাওয়াট, তামিলনাড়ুর ২,৯১০ মেগাওয়াট, গুজরাটের ২,৪৪০ মেগাওয়াট আর অন্ধ্রপ্রদেশের ২,০৬৩ মেগাওয়াট, সেখানে ১,৭৯৫ মেগাওয়াট উৎপাদন-ক্ষমতা নিয়ে পশ্চিমবঙ্গ নেমে আসে ষষ্ঠ স্থানে।

(ঙ) এই সারণীর দিকে তাকালেই বোঝা যাবে যে, অর্থনীতির এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রটি বছরের পর বছর কিভাবে অবহেলিত হয়ে এসেছে। যেখানে ১৯৭৯-৮০ সালে গুজরাট রাজ্যের মাথাপিছু উৎপাদন-ক্ষমতা ছিল ০·৭৫ কিলোওয়াট আর মহারাষ্ট্রের ছিল ০.৬০ কিলোওয়াট, সেখানে পশ্চিমবঙ্গ রাজ্যে মাথাপিছু উৎপাদন-ক্ষমতা ছিল মাত্র ০.৩৫ কিলোওয়াট। এ থেকেই অবহেলার চিত্রটি আরও পরিষ্কার ফুটে উঠছে। কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত পরিকল্পনা ও নীতিই যে বর্তমান বিদ্যুৎ সংকটের মূল কারণ তা সকলেই ভালভাবে জানেন। ১৯৬৫ সাল থেকে শুরু করে ১৯৭৩ সালের শেষ—এই সময়ের মধ্যে এক মেগাওয়াট বিদ্যুৎ যোগ করা হয় নি। যাই হোক, ১৯৭৮ সাল থেকে নূতন করে আরও ৬১০ মেগাওয়াট পরিমাণ বিদ্যুৎ উৎপাদন-ক্ষমতা যোগ করা সম্ভব হয়েছে।

(চ) এ রাজ্যের বিদ্যুতের চাহিদার প্রতি কেন্দ্রীয় সরকারের ক্রমাগত অবহেলার ফলে অন্যান্য রাজ্যের গ্রাহকসংখ্যার তুলনায় পশ্চিমবঙ্গে বিদ্যুৎ-গ্রাহকদের সংখ্যা অনেক নিচে এসে দাঁড়িয়েছে। ১৯৭৮-৭৯ সালে অবস্থাটি ছিল এই রকম:

পশ্চিমবঙ্গ ১১ লক্ষ, অন্ধ্রপ্রদেশ ২০ লক্ষ, গুজরাট ২১ লক্ষ, কর্ণাটক ২০ লক্ষ, কেরল ১২ লক্ষ, মহারাষ্ট্র ২৮ লক্ষ, যদিও (১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী) সারা দেশের মধ্যে জনসংখ্যাধিক্যের দিক থেকে এ রাজ্য চতুর্থ স্থানে রয়েছে।

(ছ) এই অবহেলার পরিণতি হচ্ছে এই যে, বিদ্যুৎ-শক্তির চাহিদা ও যোগানের মধ্যে এখনও ফারাক থেকে গিয়েছে। শিল্প ও কৃষির ক্ষেত্রেও বিদ্যুতের চাহিদা বাড়ছে। বিদ্যুতের সুষম বণ্টন যতদূর সম্ভব সুনিশ্চিত করার উদ্দেশ্যে বিদ্যুৎ নিয়ন্ত্রণ আদেশ বলবৎ রয়েছে। কিছু কিছু হাই-টেনশন গ্রাহকদের মধ্যে বিদ্যুৎ নিয়ন্ত্রণ আদেশ লংঘন করার এক প্রবণতা যে লক্ষ্য করা যাচ্ছে, সেদিকে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে আমি বাধ্য হচ্ছি। এইভাবে তাঁরা সুষম বিদ্যুৎ বণ্টনের সামাজিক উদ্দেশ্যকে ব্যর্থ করে দিতে চেষ্টা করছেন। এই অন্যায় কার্যকলাপ রোধ

করতে সরকার বদ্ধপরিকর। কারাদণ্ডের মাধ্যমে সমুচিত শাস্তিদানের ব্যবস্থা করার জন্য ভারতীয় বিদ্যুৎ আইন যথোপযুক্তভাবে সংশোধন করা হয়েছে। আদেশ লঙ্ঘনের ঘটনা খুঁজে বের করার জন্য বিদ্যুৎ বিভাগ থেকে অভিযান সংগঠিত করা হচ্ছে। এই সমস্ত অন্যায় কার্যকলাপ দমন করার ব্যাপারে আমি মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করছি।

৫। (ক) বিভিন্ন মহল থেকে প্রস্তাব এসেছে যে, সমস্ত শ্রেণীর বিদ্যুৎশক্তি ব্যবহারকারীদের বিদ্যুতের ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য একটি কর্মপ্রকল্প প্রবর্তন করা হোক। কর্মপ্রকল্পটি সম্প্রতি এই বিভাগের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

(খ) ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে লোডপ্যাটার্ন ও লোড-ডিস্ট্রিবিউশন-এর সমীক্ষা এবং এর উন্নয়নের জন্য সুপারিশ করার উদ্দেশ্যে সম্প্রতি একটি টাস্ক ফোর্স নিযুক্ত করা হয়েছে। আমরা এ ব্যাপারে তাঁদের সুপারিশের অপেক্ষায় রয়েছি।

৬। (ক) মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে, উত্তরবঙ্গে আমাদের কোন তাপ-বিদ্যুৎ কেন্দ্র নেই। আমরা পশ্চিম দিনাজপুর জেলায় ক্রমডাঙ্গিতে একটি তাপবিদ্যুৎ কেন্দ্র (প্রতিটি ৬০ মেগাওয়াট × ৪) স্থাপন করার জন্য একটি প্রকল্প-রিপোর্ট পেশ করেছিলাম। দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ রিপোর্টটি এই যুক্তিতে অগ্রাহ্য করেছেন যে, ১৯৮৫ সাল নাগাদ চুক্কা জলবিদ্যুৎ প্রকল্প (ভুটান) থেকে যে বিদ্যুৎ উৎপাদন হবে তার থেকে কিছুটা উত্তরবঙ্গ পাবে। আপনারা জানেন যে, প্রধানতঃ জলবিদ্যুৎই উত্তরবঙ্গের প্রয়োজন মিটিয়ে থাকে। বলা হয় এই উভয় পদ্ধতিকে সংযুক্ত করাই হচ্ছে আদর্শ ব্যবস্থা। ক্রুমডাঙ্গিতে একটি তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা যে প্রয়োজন আমরা ভারত সরকারকে তা আবার জোর দিয়ে বলেছি। যাই হোক আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, ১৯৮২ সালের এপ্রিল থেকে ১৯৮৩ সালের ৬ই ফেব্রুয়ারী পর্যন্ত জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্রে ৬ কোটি ৯০ লক্ষ ইউনিট বিদ্যুৎ উৎপাদন হওয়ার ফলে উত্তরবঙ্গ লোডশেডিং-এর দুর্ভোগ থেকে অনেকটা রেহাই পেয়েছে। জলঢাকার এটাই হলো এতাবৎকালের মধ্যে সর্বোচ্চ উৎপাদন।

(খ) আমরা মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর-আজিমগঞ্জে একটি সুবৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র (৫০০ মেগাওয়াট × ৪) স্থাপনের জন্য কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে ১৯৮২ সালের অক্টোবর মাসে একটি প্রস্তাব পাঠিয়েছি। মুর্শিদাবাদ জেলার প্রস্তাবিত স্থানটিতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের পক্ষে অনুকূল কিছু কিছু সুযোগ-সুবিধা আছে। আমি বিশ্বাস করি কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ ও যোজনা কমিশন অচিরেই

আমাদের প্রস্তাব অনুমোদন করবেন। আমরাও ৭ম যোজনাকালের মধ্যে ঐ বিদ্যুৎ কেন্দ্রটি গড়ে তুলতে পারবো।

(গ) ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের দক্ষিণাঞ্চলীয় বিদ্যুৎ-উৎপাদন কেন্দ্র (সাদার্ন জেনারেটিং স্টেশন) (প্রতিটি ৬০ মেগাওয়াট × ২) প্রকল্পটির রূপায়ণের জন্য রাজ্য সরকার ২৫ শতাংশ খরচ বহন করতে রাজি হয়েছেন। সেই প্রকল্পের রিপোর্ট প্রায়োগিক তথা আর্থনীতিক অনুমোদনের জন্য এখনও কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে পড়ে রয়েছে। ১৯৮১ সালের অক্টোবর মাসে রিপোর্টটি পেশ করা হয়েছিল। প্রকল্পটিতে আশু অনুমোদন দেওয়া যে প্রয়োজন সেদিকে সম্প্রতি আমরা কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ ও শক্তি মন্ত্রকের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করেছি।

(ঘ) উৎপাদন ক্ষমতাকে দ্রুত বাড়িয়ে তুলতে আমরা একান্ত আগ্রহী। তাই সাওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের দুটি সম্প্রসারণ ইউনিটের (১২০ মেগাওয়াট × ২) জন্য একটি প্রকল্প-রিপোর্ট আমরা সম্প্রতি পেশ করেছি।

(ঙ) উত্তরবঙ্গে ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্রগুলির বিদ্যুৎ উৎপাদন-ক্ষমতাকে সম্পূর্ণ কাজে লাগানোর উপরে আমরা বিশেষ জোর দিয়ে আসছি। আনুমানিক ৬.৭২ কোটি টাকা ব্যয়ে ৫ মেগাওয়াট উৎপাদন-ক্ষমতা বিশিষ্ট মংপু জলবিদ্যুৎ কর্মপ্রকল্প (১.২৫ মেগাওয়াট × ৪) এবং আনুমানিক ৪·৫৭ কোটি টাকা ব্যয়ে ৪ মেগাওয়াট উৎপাদন-ক্ষমতা-বিশিষ্ট লোধামা-দিলপা জলবিদ্যুৎ কর্মপ্রকল্পের (১ মেগাওয়াট × ৪) জন্য প্রকল্প-রিপোর্ট ১৯৮২ সালে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে পেশ করা হয়েছিল। প্রস্তাবগুলি অনুমোদন পাওয়ার অপেক্ষায় রয়েছে।

(চ) তাছাড়া তিস্তা নদীর খাল প্রপাতগুলিকে (ক্যানাল ফল্‌স) কাজে লাগিয়ে মোট ৬৬.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্পর্কে চারটি প্রকল্প রিপোর্ট এখনও কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

(ছ) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে ইতিমধ্যেই যে-সব প্রকল্প পেশ করা হয়েছে সেগুলির অনুমোদন যদি অবিলম্বে না পাওয়া যায়, তবে ১৯৮৯-৯০ সালের মধ্যে এই রাজ্যকে বিদ্যুতের ক্ষেত্রে আরও গুরুতর পরিস্থিতির সম্মুখীন হতে হবে বলে আমি আশঙ্কা করছি। কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের মতে ঐ সময়ে সর্বোচ্চ চাহিদা ও সর্বাধিক প্রাপ্তিসম্ভাব্যতার মধ্যে আনুমানিক ঘাটতির পরিমাণ হবে প্রায় ৮৬২ মেগাওয়াট। অথচ আমাদের নিজস্ব হিসাব মতো এই ঘাটতির পরিমাণ ১,০০০ মেগাওয়াট ছাড়িয়ে যাবে। যাই হোক না কেন চাহিদা ও প্রাপ্তিসম্ভাব্যতার মধ্যে একটি বিরাট পার্থক্য থেকেই যাবে।

৭। (ক) ব্যাণ্ডেল বিদ্যুৎ কেন্দ্রটি এখনও উৎপাদনের উচ্চমাত্রা বজায় রেখেছে পরিচালনার দিক থেকে এটি এখনও দেশের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ তাপবিদ্যুৎ কেন্দ্র। দুর্গাপুর প্রজেক্টের কাজকর্মের উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। কিন্তু ডি ভি সি থেকে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন ও রাজ্য বিদ্যুৎ পর্ষদে বিদ্যুৎ সরবরাহ অনিয়মিত হয়ে পড়েছে।

(খ) কিন্তু সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে আমরা এখনও সুস্থিরতা আনতে পারিনি। যন্ত্রপাতির নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামতির উপর নিয়ত গুরুত্ব আরোপ করে প্রয়োজনীয় যন্ত্রাংশ পাল্টানোর বিষয়ে ব্যবস্থা হয়েছে। এই তাপবিদ্যুৎ কেন্দ্রের নবীকরণের একটি কর্মসূচি অনুমোদনের জন্য কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের কাছে ইতিমধ্যে পেশ করা হয়েছে।

৮। (ক) কাজের সুষ্ঠু পরিবেশের উপরেই যে-কোন প্রতিষ্ঠানের কর্মদক্ষতা নির্ভর করে, বামফ্রন্ট সরকার সে ব্যাপারে সচেতন। যে-সব বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নাগরিক সুযোগ-সুবিধা থেকে দূরে সেইসব জায়গায় শিক্ষা, আবাসন, চিকিৎসা ও যোগাযোগের ব্যবস্থা করতে হবে। এইসব বিষয়ের প্রতি যথাযোগ্য নজর দেওয়া হচ্ছে।

(খ) ক্ষমতাসীন হওয়ার ঠিক পরেই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মচারীদের মজুরি ও বেতন কাঠামো পরীক্ষা করে দেখার জন্য বিভিন্ন কমিটি গঠন করেন। ঐসব কমিটির সুপারিশগুলি কার্যকর করা হয়েছে। তাতে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মচারীদের মজুরি ও বেতন কাঠামোর উন্নতি ঘটেছে।

(গ) ১৯৮১ সালে গঠিত আর একটি বেতন কমিটি এখনও তাঁদের কাজ চালিয়ে যাচ্ছেন। ১৯৮৩ সালের জুন মাসের মধ্যে তাদের রিপোর্ট পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

৯। (ক) গ্রামীণ অর্থনীতির উন্নয়নের উপরেই যে রাজ্যের অগ্রগতি নির্ভর করছে সে ব্যাপারে বামফ্রন্ট সরকার সচেতন। কৃষিজীবী কারিগর এবং সাধারণভাবে গ্রামাঞ্চলের মানুষের কাছে বিদ্যুতের সুযোগ-সুবিধা সম্প্রসারণের কাজকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে জেলা স্তরে উপদেষ্টা কমিটি এবং গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিস স্তরে সভাধিপতি, পঞ্চায়েত প্রধান ও অন্যান্যদের নিয়ে সমন্বয় কমিটি গঠন করা হচ্ছে। গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচী রূপায়ণ এবং নূতন কর্মপ্রকল্প প্রণয়নের কাজ দেখাশোনা করার জন্য পর্ষদের অফিসে একটি বিশেষ বিভাগ আছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, রাজ্যের বর্তমান খরা পরিস্থিতির মোকাবিলা করার উদ্দেশ্যে

গভীর নলকূপ ও রিভার লিফট ইরিগেশন পাম্পগুলিকে প্রয়োজন মতো বিদ্যুৎ-চালিত করার ব্যাপারে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ সন্তোষজনক ভাবে কাজ করেছেন।

(খ) টাওয়ার-মেম্বার, ট্রান্সফর্মার ও লাইনের সাজসরঞ্জাম ব্যাপকভাবে চুরি হয়ে যাওয়ার ফলে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য আমাদের প্রয়াস প্রায়শঃই ব্যাহত হচ্ছে। কেবল ১৯৮২ সালেই এইসব ঘটনায় পর্ষদের ক্ষতির পরিমাণ ১ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে।

(গ) এই ব্যাপক চুরির সমস্যার মোকাবিলা করার কাজে আমরা স্থানীয় পঞ্চায়েতগুলির সহযোগিতায় একটি কর্মসূচী প্রস্তুত করেছি। আমরা আশা করি পঞ্চায়েতগুলির সহযোগিতায় আমরা সাজসরঞ্জাম ও বিদ্যুৎ চুরির সমসস্যাটির মোকাবিলা করতে পারব। আমি নিশ্চিত যে, মাননীয় সদস্যগণের সক্রিয় সাহায্য ও সহযোগিতায় আমরা এই সমস্যাগুলির সমাধানে বহুলাংশে সক্ষম হব।

(ঘ) মাননীয় স্পীকার, আমাকে একথা স্বীকার করতেই হবে যে, গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আমরা ঈপ্সিত সাফল্য অর্জন করতে পারি নি। লাইনে বিদ্যুৎ সরবরাহ না করে শুধুমাত্র বিদ্যুৎ-খুঁটি (পোল) বসিয়ে গেলেই গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্ম-প্রকল্প কার্যকর হবে এমন কথা আমি বিশ্বাস করি না। দুর্ভাগ্যক্রমে এই কর্মপ্রকল্প চালু হওয়ার পর প্রথম কয়েক বছর এ জাতীয় ঘটনাই ঘটেছে।

(ঙ) রাজ্যের ৪৪ শতাংশ গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। কিন্তু যত-সংখ্যক অগভীর নলকূপকে বিদ্যুৎ-চালিত করা হয়েছে তা আদৌ সন্তোষজনক নয়। একথা সুবিদিত যে, অগভীর নলকূপগুলিকে বিদ্যুৎ-চালিত করার কাজে বাধা দেওয়ার জন্য রাজ্যে একটি শক্তিশালী ডিজেল লবি আছে। এই স্বল্প ব্যয়সাধ্য পদ্ধতি যাতে কৃষকরা গ্রহণ করেন সে বিষয়ে তাঁদের অনুপ্রাণিত করতে মাননীয় সদস্যগণ নিশ্চয়ই একটি কার্যকর ভূমিকা পালন করতে পারেন। বিদ্যুৎ যাতে পাওয়া যায় তা সুনিশ্চিত করতে তাঁরা কৃষকদের রাত্রে, যেমন রাত ১১টা থেকে কৃষিকাজ করতে বলতে পারেন। তাঁরা যদি তা করতে পারেন, কৃষকদের সুবিধাজনক হারে বিদ্যুৎ সরবরাহ করার প্রশ্নটি আমি বিবেচনা করতে প্রস্তুত আছি।

১০। একথা বলাই বাহুল্য যে, বিদ্যুৎ একটি সমস্যাজর্জরিত বিষয়। যাতে আরও বিদ্যুৎ পাওয়া যায় তার জন্য প্রয়োজন সকলের সম্মিলিত প্রচেষ্টা। আমি এই আশা পোষণ করি, মাননীয় সদস্যগণ এবং সংশ্লিষ্ট সকলের সক্রিয় সহায়তা ও সহযোগিতায় আমরা সঙ্কট কাটিয়ে উঠতে পারবো।

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Jokhilal Mondal : I beg to move that the amount of the Demand b reduced to Re. 1/-.

Shri Gyan Singh Sohanpal : I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Shri Kashinath Misra : -do-

Shri Subhas Chandra Mahata : -do-

Shri Sk. Imajuddin : -do-

Shri Subrata Mukherjee : -do-

Shri Mahabubul Haque : -do-

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আজকে যে বাজেট বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তাতে দেখতে পাচ্ছি গত ১৯৮২-৮৩ সালের টাকার পরিমাণ বেশী। গতবারে যেটা ছিল ৫৫ কোটি ১৩ লক্ষ টাকা, সে তুলনায় এবারের বাজেটের পরিমাণ হচ্ছে ৭৩ কোটি ২৪ লক্ষ টাকা। পশ্চিমবাংলার অর্থ নৈতিক দিক থেকে এই বিদ্যুৎ উৎপাদন হচ্ছে সবচাইতে গুরুত্বপূর্ণ বস্তু। বিদ্যুৎ উৎপাদনই অর্থনীতিকে মজবুত করে, আমরা যাকে মূল চাবিকাঠি বা নিয়ন্ত্রক বলে থাকি তা হচ্ছে এই বিদ্যুৎ। পশ্চিমবাংলায় বর্তমানে বিদ্যুতের যে অবস্থা হয়েছে, তাকে মাননীয় মন্ত্রী মহাশয় ভীষণ ভাবে উপলব্ধি করেছেন। বিভিন্ন উৎপাদন কেন্দ্রগুলি পর্যবেক্ষণ তিনি করেছেন এবং বাস্তব অবস্থাকে পরিষ্কার ভাবে বুঝতে পেরেছেন।

[5.20—5.30 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা পশ্চিমবাংলার এই অবস্থা দেখতে পাচ্ছি। এই বারের হিসাব যেটা রাজ্য সরকার বিদ্যুতের কিছুটা হিসাব-নিকাশ দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি তিনি দেখিয়েছেন বিগত সালে কত ছিল এবং এখন কত হয়েছে তার হিসাব দিয়েছেন। আমি এখানে ডি. ভি. সি.-কে নিয়ে বলছি—ডি. ভি. সি.-র ক্ষেত্রে দেখা যায় কলকাতার জন্য প্রতি মাসে ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করে এবং ডি. ভি. সি.-র ১৯৮৩-৮৪ সালে যে নতুন বিদ্যুৎ প্রকল্পগুলি চালু হবে তাতে বিনিয়োগের পরিমাণ হবে ৪৯২ কোটি টাকা। এই ডি. ভি. সি.-র তাপ বিদ্যুৎ

এবং জল বিদ্যুৎ কেন্দ্র তার উৎপাদন ক্ষমতা হচ্ছে ১৬২১ মেগাওয়াট। তারা ৯০ হাজার বর্গকিলোমিটার এলাকায় গ্রামীণ বিদ্যুৎ সরবরাহ করে। পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যগুলি ডি. ভি. সি. থেকে সম্পদ এবং ঋণ নিয়েও বিদ্যুৎ সম্প্রসারণের ক্ষেত্রে অসমর্থ হচ্ছে। বিদ্যুৎ পর্ষদের মেজর পোরশান যেটা বিদ্যুৎ উৎপাদন—সেক্ষেত্রে অব্যবস্থার ফলে আজকে বিদ্যুতের অবনতি। বিদ্যুৎ পর্ষদের দুর্নীতি, তাদের গাফিলতি এবং বিভিন্ন অপচয়ের জন্য আজকে বিদ্যুতের এত গণ্ডগোল। রাজ্যের বিদ্যুৎ পর্ষদ এইগুলি দূর করতে পারছে না। ফলে ক্রমশঃ তা ভাঙ্গনের দিকে যাচ্ছে এবং গ্রামে গ্রামে লোডশেডিং বাড়ছে। আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে এবং গ্রামগুলিতে ৫—৭ ঘণ্টা ক্রমাগত লোড শেডিং হয়ে থাকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে আজকে নিষ্প্রদীপের মহড়া চলছে, এটা সরকারও উপলব্ধি করতে পেরেছে। আমি আগেও যেটা বলেছি এখনও বলছি সরকার তার চিন্তাধারার মধ্যে দিয়ে এই বিষয় নিয়ে চিন্তা-ভাবনা করছেন, সেখানে সরকার একেবারে চুপচাপ বসে আছেন তা নয়। কিন্তু যে জিনিসগুলি আপনারা বলে আসছেন এবং দীর্ঘদিন ধরেই বলে আসছেন যে, প্রতিক্রিয়াশীল এবং কায়েমী স্বার্থবাদী সহযোগিতার জন্যই নাকি আজকে এই বিদ্যুৎ বিপর্যয়। ১৯৭৭ সাল থেকে তাঁরা এই কথা বলে আসছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যদি সাঁওতালডিহি, বাণ্ডেল এবং কোলাঘাটের দিকে তাকাই তাহলে সেখানে কি এই কয়েক বছরের কোন উন্নতি হয়েছে।

বিগত দিনের সরকারের উপর দোষ চাপিয়ে ২/৩/৪ বছর থাকা যায়। কিন্তু ৬ বছর যেখানে হয়ে গেল সেখানে দোষারোপ করা যুক্তিসঙ্গত নয়। বিদ্যুৎ বিপর্যয়ের যদি হিসাব করি তাহলে দেখবো ইঞ্জিনিয়ারিং শিল্পে প্রতিদিন ৫ কোটি টাকার মত ক্ষতি হচ্ছে, ভারী ও মাঝারী শিল্পে ৩০ কোটি টাকার মত ক্ষতি হচ্ছে। বিদ্যুৎ পর্ষদের উৎপাদন দিন দিন কমে যাচ্ছে এবং তার উৎপাদনের ব্যয় খাতে ফুয়েল কষ্ট ফর জেনারেশান ক্রমশঃ বেড়ে গেছে। বিদ্যুতের রয়েলটির পরিমাণ এবং সেই বাবদ দেয় টাকার পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। অথচ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির উৎপাদন ক্ষমতা ৩৫ থেকে ৪০ শতাংশ হয়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন—"দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে, যোজনা কমিশন অনুমোদিত রাজ্য যোজনার সার্বিক আয়তন খর্ব করার ফলে ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে বিদ্যুতের জন্য বরাদ্দ অনেকখানি হ্রাস করতে হয়েছে। সেজন্য বিদ্যুতের ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ মোটামুটিভাবে শতকরা ২৭ ভাগ থেকে কমে গিয়ে ২২ ভাগে দাঁড়িয়েছে।" দেশের অর্থনীতি রক্ষা করার গুরুদায়িত্ব আপনি

নিয়েছেন, শিল্পগুলিকে বাঁচাবার গুরুদায়িত্ব আপনি নিয়েছেন, সাধারণ গৃহস্থালীদের বিদ্যুৎ দেবার যে প্রতিশ্রুতি আপনি নিয়েছেন সেখানে যদি এইভাবে ছাঁটাই হতে থাকে তাহলে সমস্যার সমাধান আপনি করবেন কি করে? ৩০শে মার্চ তারিখে আপনি টেলিগ্রাফ পত্রিকাকে বলেছিলেন—The State Power Minister, Mr. Prabir Sen Gupta, admitted that the Government-run W.B.S.E.B. had failed to tackle the present power shortage. Mr. Sen Gupta deeply regretted that unlike other Goverment-run State Electricity Boards in the country the performance of the W. B. S. E. B. had been unfavorable. উনি নিজেই স্বীকার করেছেন উৎপাদন কম হলে আয় কমে যাচ্ছে, খরচের পরিমাণ বেড়ে যাচ্ছে। এর মধ্যে তিনি আবার পর্ষদকে বিভাজন করলেন। সেখানে তিনি ৩০ শতাংশ ইঞ্জিনিয়ারিং অফিসারের পদ সৃষ্টি করলেন। দেখা গেল চীফ ইঞ্জিনিয়ারের অধীনে ৭ জন ইঞ্জিনিয়ার কাজ করছে। টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল তারা সব এখন গাড়ী চড়ছে।

[5.30—5.40 P.M.]

পর্ষদের গাড়ী চড়ার জন্য তেল খরচ হয় ২ কোটি টাকা। পর্ষদ বিভাজন তিনি উঁচু দিকে করলেন, নিচু দিকে করলেন না, নিচুতলার কর্মচারীদের যে সংখ্যা সেই অনুপাতে তিনি পদের সৃষ্টি করলেন না। সেখানে আর্থিক সঙ্কট চরমভাবে দেখা দিয়েছে। তিনি বাইরে থেকে ৩৭ কোটি টাকার উপর ঋণ নিয়েছেন, তার জন্য সুদ সমেত তাঁকে দিতে হচ্ছে। তাঁর দপ্তর ঘোষণা করেছিলেন যে, ১৯৮০ সালে কোলাঘাটে প্রথম ইউনিট চালু হবে, দ্বিতীয় ইউনিট চালু হবে ১৯৮১ সালে এবং তৃতীয় ইউনিট চালু হবে ১৯৮১ সালে। এখন পর্যন্ত একটা ইউনিটও চালু হয়েছে কি? কোলাঘাটের জন্য মোট বরাদ্দ ছিল ২৫০ কোটি টাকা, ইতিমধ্যে ২০০ কোটি টাকা খরচ হয়ে গেছে। কতটুকু কাজ এগিয়েছে সেখানে? বিদ্যুৎ উৎপাদন কেন এখনও হচ্ছে না? ফেলিওর-এর কারণ কি? সেখানে কি অব্যবস্থা হচ্ছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় খতিয়ে দেখেছেন কি? যিনি আজকে সেখানে সর্বময় কর্তা হয়ে বসে আছেন তিনি নিরপেক্ষ ব্যক্তি নন, তিনি সেখানে ঠিকমত একটা প্রোজেক্টকে চালু করার জন্য তাঁর সমস্ত চিন্তা-ধারাকে কাজে লাগাচ্ছেন না, সেখানে মনে হচ্ছে যেন দলীয় নীতি ভয়সার উপর নির্ভর করে তিনি কাজকে চালিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন, যার জন্য সেখানে একটা দোদুল্যমান অবস্থা, তাঁর কাজের

অগ্রগতি সেখানে ব্যাহত হচ্ছে, এগুলি আজকে দেখা দরকার। আপনারা ঘোষণা করে যে তারিখ দিলেন, সেই তারিখে কাজ শেষ হল না। আজকে সেখানে আপনি কি ব্যবস্থা নিয়েছেন সর্বময় কর্তা রূপে? কোলাঘাটে ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে, সেজন্য ৩টি ইউনিট হবে। সেখানে কিছুটা আপনাকে অসুবিধার মধ্যে পড়তে হয়েছে, কোলাঘাট প্রকল্প আপনাকে কিছুটা বিব্রত করে তুলেছে। আপনাকে যদি বিভিন্ন প্রকল্পগুলিকে ঠিকমত কাজের দিকে এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে প্রশাসনকে আরো শক্তিশালী করতে হবে। ব্যাণ্ডেলে পঞ্চম ইউনিট ১৯৭৯ সালে চালু হবে বলে ঘোষণা করেছিলেন, সেই পঞ্চম ইউনিট এখন আপনারা চালু করার ব্যবস্থা করেছেন। তবুও সেখানে বিভিন্ন অব্যবস্থা রয়ে গেছে। পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল সেখানে গিয়েছিলেন, তাঁর মনক্ষুন্নতা কি জন্য সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি? আপনি নিজেও বিব্রত হয়েছেন। কি কারণে আপনি বিব্রত হয়েছেন সেটা পরিষ্কারভাবে আমাদের কাছে উপস্থিত করবেন। টিটাগড়ে সি. ই. এস. সি.-র যে প্রজেক্ট সেখানে আমরা যে রিপোর্ট পেয়েছি বা দেখেছি তাতে সেখানে কোন যান্ত্রিক গোলযোগ হয় নি। ফরাক্কা প্রকল্প যদিও কেন্দ্রীয় সরকারের অধীনস্থ, সেখানে ২ হাজার ১ শো মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে এবং ১৯৮৫ সালের মধ্যে ২ শো মেগাওয়াটের ৩টি ইউনিট চালু হবার কথা আছে এবং এই ৩টি ইউনিট যদি চালু হয় তাহলে আপনার ঘোষিত বিভিন্ন উৎপাদন কেন্দ্রগুলি যা আছে তার অভাব কিছুটা পূরণ হতে পারে বলে আমি মনে করি। পশ্চিমবাংলার বিদ্যুৎ বিপর্যয়ের সময় যে গ্যাস টার্বাইন এনেছিলেন সেই গ্যাস টার্বাইনের মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের কতটা উপকার হচ্ছে সেটা আশা করি মন্ত্রী মহাশয় পরিষ্কার করে বলবেন। এই গ্যাস টার্বাইনের জন্য কত টাকা ব্যয় করেছেন এবং সেই ব্যয়ের মাধ্যমে কতটা বিদ্যুৎ উৎপাদন হয়েছে এবং কোথায় কোথায় সেই বিদ্যুৎ সরবরাহ করছেন সেটা মন্ত্রী মহাশয়ের জানান উচিত। শুধু তাই নয়, তাঁর আরও জানান উচিত এই গ্যাস টার্বাইনের জন্য যে কয়জন অফিসারকে বিদেশে পাঠান হয়েছিল এবং তার জন্য যে ব্যয় হয়েছে সেই পরিমাণ সুফল আমরা পাচ্ছি কি? গত বছর বাজেটের সময় বলেছিলেন প্রাইভেট সেক্টরের ক্ষেত্রে চিন্তাধারা আছে। অর্থাৎ তাদের মাধ্যমে যদি বিদ্যুৎ উৎপাদন করার ব্যবস্থা করা যায় সেই চিন্তা করছেন। আমার মনে হয় সেই চিন্তাধারাকে আরও বেশী প্রাধান্য দিলে এই গ্যাস টার্বাইনের চেয়ে বেশী সুফল পাওয়া যেত। এই চিন্তাধারাকে বাস্তবমুখী করবার জন্য আপনি কতটা এগিয়েছেন সেটা আমাদের জানান উচিত। মাননীয় ডেপুটি

স্পীকার মহাশয়, বিদ্যুতের ক্ষেত্রে এই যে অবস্থা তাতে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে যদি উনি ঠিকভাবে না সাজান তাহলে কোন ফল পাওয়া যাবে না। রাজ্য বিদ্যুৎ পর্ষদকে পরিকল্পনা অনুযায়ী অর্থ বিনিয়োগ করতে হয় এবং বিভিন্ন অর্থ বিনিয়োগ-কারী সংস্থার কাছ থেকে ঋণ নিতে হয়। পশ্চিমবাংলায় এক্ষেত্রে আমরা দেখেছি ১৯৭৭-৭৮ সালে এবং ১৯৮০ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত ২০০,২৫০ এবং ৩৫০ কোটি টাকায় নিয়ে যায় এবং বর্তমানে তাকে ৪৫০ কোটি টাকায় দাঁড় করিয়েছেন। পশ্চিমবাংলায় পরিকল্পনা মাফিক বিদ্যুৎ উৎপাদন এবং সম্প্রসারণ করা প্রয়োজন এবং এর জন্য অধিক বিনিয়োগের কথা বলেছেন। এই ঋণের উর্ধ্বসীমা ১৯৮০ সাল থেকে ১৯৮৫ সালের ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা-ভিত্তিক বাড়ান দরকার এটা আমরা দেখছি। এই ঋণের পরিমাণ ছিল ১৯৮০ সালে ৩৩৮ কোটি টাকা, ১৯৮১ সালে ৩৯৫ কোটি ৩২ লক্ষ টাকা এবং ১৯৮০ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত এই ঋণের পরিমাণ দাঁড়াবে ৫৩৫.৮৬ কোটি টাকা। তবে আপনার এই হিসেব-নিকেশের মধ্যে বকেয়া ঋণের পরিমাণ কত সেটা কিন্তু আমাদের কাছে ঠিকভাবে পরিবেশন করেন নি।

[5.40—5.50 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত কংগ্রেস সরকারের আমলের ব্যর্থতার কথা যে এখানে বলেছেন, কংগ্রেস সরকারকে দায়ী করেছেন—কিন্তু শুধু কংগ্রেস সরকারকে দায়ী করে আপনাদের দায়িত্ব এড়ালে চলবে না। আজকে এই সরকার কতটা দায়িত্ব পালন করেছে সেটা পরিষ্কারভাবে বলা দরকার। বিভিন্নভাবে দেখতে পাচ্ছি একটা সাধারণ নিরপেক্ষতা পর্যন্ত আপনারা বজায় রাখতে পারছেন না। শ্রমিক-কর্মচারীদের যে ট্রেড-ইউনিয়ন রাইট আছে—সেই বেসিক ফাণ্ডামেণ্টাল রাইটে পর্যন্ত আপনারা হাত দিয়েছেন। বিভিন্নভাবে সেখানে নিষেধাজ্ঞা জারি করে মাইনে কেটে, এমন কি বরখাস্ত পর্যন্ত করে দিয়েছেন। সেখানে নিরপেক্ষতা নেই। আপনি বলছেন তাদের এগেনেষ্টে কেস আছে, কিন্তু কি কেস ছিল তা এখনও পর্যন্ত দেখাতে পারেন নি। ১৩ জনকে বরখাস্ত করে দিয়েছেন। আপনাদের নিরপেক্ষতা যদি থাকতো তাহলে সেখানে যে বিভিন্ন ট্রেড-ইউনিয়ন আছে, তাদের সকলের প্রতি সমানভাবে ব্যবহার করতেন, সমান চোখে দেখতেন। আপনারা বলেছিলেন পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হবে এবং যে-সমস্ত গ্রাম এখনও বিদ্যুৎহীন আছে সেখানে আপনারা বিদ্যুৎ পৌঁছে দেবার

চেষ্টা করেছেন। আমি এক জায়গার একটা স্পেসিফিক কেস বলছি যে, কতটাকা অপচয় হচ্ছে। বাঁকুড়ার মধ্যে যে মৌজাগুলিতে যেমন অণ্ডা, তালডেংরা, সিমলাপাল, খাতরা ইত্যাদি এই রকম ৬৭টি জায়গায় আপনারা ২৫ লক্ষ টাকা খরচ করে সব কিছু কাজ কমপ্লিট করলেন, কিন্তু আজ পর্যন্ত সেখানে বিদ্যুৎ সরবরাহ করা হোল না। ফলে অনেক কিছু সরকারের ক্ষতি হয়েছে। সেখানে এখন আর তার নেই—সব চুরি হয়ে গেছে। এই রকম বিভিন্ন জায়গায় যে প্রতিশ্রুতি দেওয়া আছে—যেমন বাঁকুড়ায় খাতরাতে ৩ বছর আগে স্যাংশন হয়েছে—আজ পর্যন্ত হয় নি। বিষ্ণুপুরে ১৩২ কে ভি. সাবস্টেশন এবং ডবল সার্কিট লাইন হবার কথা—এখনও পর্যন্ত সেই কাজের কোন অগ্রগতি হয় নি। আরও দেখা যাবে গ্রামাঞ্চলের জন্য যে পরিকল্পনা আছে, সেই পরিকল্পনা ব্যাহত হচ্ছে। এই প্রত্যেকটা জায়গায় প্রত্যেকটা জেলায় যেখানে ডবল সার্কিট লাইন করার কথা ছিল, সেগুলি হয় নি। বিষ্ণুপুরে ডবল সার্কিট লাইন করার কথা সেখানে ফেলিওর হয়েছেন। তাই বলছি আপনাদের প্রশাসনিক কাঠামো এখনও পর্যন্ত ঠিকমত ভাবে পরিবর্তনের দিনে যেতে পারে নি। এই অবস্থায় আগামী দিনে যে সুর শুনিয়ে গেছেন সেই Centre clears 3 power projects in West Bengal তার মধ্যে সাঁওতালডিতে দুটো আছে, সি. ই. এস. সি.-র আছে ৬০ মেগাওয়াটের, বাঁকুড়ার মেজিয়াতে ২১০ মেগাওয়াটের ৩টে। অর্থাৎ ৬৩০ মেগাওয়াট সেখানে বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে সেন্ট্রালের অনুমোদন আপনি পেয়েছেন, মোটামুটি সেইটুকু জানতে পেরেছি। যাই হোক আপনাদের এই অব্যবস্থা এবং পশ্চিমবাংলায় যে এখনও পর্যন্ত বিদ্যুতের বিপর্যয় তার ফলে শিল্পে এবং বিভিন্ন স্থানে যে লক-আউট, ক্লোজার, বেকারত্ব বাড়ছে সেই ব্যাপারে আপনি এখনও পর্যন্ত উদাসীন, কোন প্রতিকার করতে পারেন নি বলে এই বাজেট বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসৈয়দ মোয়াজ্জাম হোসেন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন, তাতে তিনি কি বলতে চেয়েছিলেন আমি বুঝতে পারলাম না। বিদ্যুৎ পরিস্থিতি পশ্চিম বাংলায় খারাপ। বামফ্রন্ট সরকার এই ব্যাপারে সচেতন। মানুষের প্রয়োজনের তুলনায় বিদ্যুৎ সরবরাহ যথেষ্ট নয়, যার ফলে সঙ্কট আছে। কিন্তু প্রশ্ন হচ্ছে এই সংকট সমাধানে বামফ্রন্ট সরকারের ৬ বছরের যে প্রয়াস তা যথেষ্ট। স্বাধীনতার

পর থেকে যদি আমরা হিসাব নিয়ে দেখি তাহলে দেখব, কেন্দ্র এবং রাজ্য সরকার যা করেছেন তা জনগণের প্রতি একটা অত্যন্ত অপদার্থতার পরিচয় দিয়েছেন। বিদ্যুৎ সঙ্কট একদিনে হয় নি, ধীরে ধীরে বেড়েছে। বিদ্যুতের চাহিদা বেড়েছে, সেই অনুসারে বিদ্যুৎ উৎপাদনের কোন পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের ছিল না। যতটুকু পরিকল্পনা ছিল তাও আমাদের রাজ্য সরকার, বিশেষ করে ১৯৭২ সালের পর যে সরকার এসেছিল তারা জনগণের ভোটে নির্বাচিত হয় নি, তাদের কোন দায়-দায়িত্ব ছিল না। তাই ১৯৭২ সালের পর থেকে এর রাজ্যের অবস্থা যদি দেখি তাহলে দেখা যাবে যে, কি ভয়াবহ অবস্থা ছিল। পরিকল্পনা কমিশন বারে বারে বিদ্যুৎ উৎপাদন সম্পর্কে, জেনারেশন বাড়ানোর ব্যাপারে যে পরিকল্পনা নিয়েছেন, আমরা যদি হিসেব নিয়ে দেখি তাহলে দেখব কোনদিন বিদ্যুতের চাহিদার তুলনায় উৎপাদন পর্যাপ্ত ছিল না। আমি একটা পত্রিকার হিসেব দিয়ে দেখাচ্ছি—এটা বেরিয়েছে ইকনমিক টাইমসে ২৬শে জানুয়ারীতে, তাতে দেখা যাচ্ছে প্রথম পরিকল্পনার পর শতকরা ১৫·৪ ভাগ বিদ্যুৎ ঘাটতি ছিল এবং এটা ৮২-৮৩ সালে সারা দেশে প্রায় ৫৪ ভাগ ঘাটতি বেড়ে দাঁড়িয়েছে এবং স্বাভাবিকভাবেই এটা বেড়ে চলেছে। এর প্রভাব আমাদের দেশের অর্থনীতিতে পড়বে এটাই স্বাভাবিক। আমরা দেখছি পঞ্চম পরিকল্পনায় বিদ্যুৎ উৎপাদনের যে লক্ষ্যমাত্রা ছিল সেই লক্ষ্যমাত্রাতে পৌঁছানো যায় নি বরং তার প্রায় সিকি ভাগ লক্ষ্যমাত্রায় আমরা পৌঁছতে পেরেছি। ষষ্ঠ পরিকল্পনাতে যে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে তার প্রথম দু'বছরের হিসাব যদি দেখি তাহলে দেখা যাবে ৩৪৮২ মেগাওয়াট লক্ষ্যমাত্রা ধরা হলেও এখনও পর্যন্ত ১৯৩০ মেগাওয়াটে পৌঁছানো গেছে। সুতরাং ঘাটতি ক্রমশঃ থেকে যাচ্ছে। স্বাভাবিকভাবে এই ঘাটতি থেকে সংকট বাড়বে এবং তার প্রভাব আমাদের অর্থনীতিতে পড়বে। যার ফলে শিল্পক্ষেত্রে এবং বিদ্যুতের ক্ষেত্রে এর প্রভাব পড়ছে, বিদ্যুৎ সংকট থাকছে। কিন্তু পশ্চিমবাংলায় বামফ্রণ্ট সরকার আসার পর যে পদক্ষেপ নেওয়া হয়েছিল—আমি শুনলাম যে বিরোধী পক্ষের বক্তা বলে গেলেন গ্যাস টার্বাইন করে কি হবে?

[5.50—6.00 P. M.]

কি করলে কি হবে এটা বোঝা যায় না। কারণ বামফ্রণ্ট সরকার ক্ষমতায় এসে প্রথমেই একটি স্বল্প মেয়াদী পরিকল্পনা নিলেন যে, এখানকার সংকটের সমাধান কি করে করা যায়। কিন্তু একেবারে রাতারাতি তো আর বিদ্যুৎ উৎপাদন করা

যায় না এবং ওঁরা জানেন যে বিদ্যুৎ উৎপাদন করতে গেলে কম করে ৪/৫ বছর সময় লাগে। গ্যাস টার্বাইন করা ছাড়া সেই সময়ে আর কোন সমাধানের রাস্তা ছিল না। শুধু গ্যাস টার্বাইন নয়, এর মধ্য দিয়ে আজ পর্যন্ত প্রায় ৬১০ মেগাওয়াট বিদ্যুতের উৎপাদন বাড়ানো গেছে। ওঁদের আমলে কি হয়েছিল? ১৯৪৭ সালের স্বাধীনতার পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় মোট ৫৫০ থেকে ৫৮০ মেগাওয়াট বিদ্যুতের উৎপাদন বেড়েছিল। আর বিগত ৫ বছরে বামফ্রন্ট সরকার ৬১০ মেগাওয়াট উৎপাদন বাড়িয়েছে। ১৯৬৫ সাল থেকে ১৯৭৪ সাল পর্যন্ত ওঁরা এক মেগাওয়াট বিদ্যুৎও যোগ করতে পারেন নি। ১৯৬১ সালে প্রথম বিদ্যুতের অভাব দেখা গেল। তারপর থেকে আপনারা কোন বিদ্যুৎ বাড়াবার পরিকল্পনা নেন নি। এখন কেন্দ্রীয় বাজেট ছাঁটাই করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, এই ছাঁটাই করার অর্থই হচ্ছে বিদ্যুৎ উৎপাদন কমে যাবে। বামফ্রন্ট এই যে পদক্ষেপগুলি নিয়েছেন এর ফলে নিশ্চয় রাতারাতি সুফল পাওয়া যাবে না বটে, কিন্তু ওঁরা যদি আজকে রাজত্ব চালাতেন তাহলে পশ্চিমবাংলার মানুষ আতঙ্কিত হতেন যে, আর বোধহয় এখানে বিদ্যুৎ পাওয়া যাবে না। কারণ ওঁদের সময়কার কিছু তথ্য এখানে তুলে ধরলে বিষয়টি আরো পরিষ্কার বোঝা যাবে। ১৯৭৩ সালের ৭ই মার্চ তৎকালীন বিদ্যুৎমন্ত্রী গনিখান চৌধুরী এই বিধানসভায় বলেছিলেন, বিদ্যুৎ ঘাটতি থাকবে এবং এক্সপ্যানডিং ইকনমিতে এই বিদ্যুৎ ঘাটতি থাকবে। এই কথা বলে তিনি আমেরিকার উদাহরণ দিয়েছিলেন এবং ইউ. এস. এ.-তেও বিদ্যুৎ ঘাটতি আছে, এই কথা বলেছিলেন। তারপর ১৯৭৪ সালের ১৫ই মার্চ আবার এই এ্যাসেম্বলীতে বললেন, কলকাতার শিল্পাঞ্চলে ১৯৭৯ সাল নাগাদ এই ঘাটতির পরিমাণ ২৮৫ মেগাওয়াট গিয়ে দাঁড়াবে। অর্থাৎ তখনকার হিসাবে দেখা যাচ্ছে ১৯৭৯ সালে শুধু কলকাতাতেই ঘাটতির পরিমাণ ২৮৫ মেগাওয়াটে দাঁড়াবে। এখন যদি গনিখান চৌধুরী থাকতেন তাহলে এই ঘাটতির পরিমাণ ২৮৫ মেগাওয়াট কেন, এর থেকে আরো অনেক বেশী ঘাটতি হত এবং জনজীবনের সর্বত্রই একটা নাভিশ্বাস দেখা দিত। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিল বলেই এই বাড়তি উৎপাদন হয়েছে। আমরা জানি সংকট আছে, এর সমাধান করতে হবে। তার জন্য সঠিক পথে পরিকল্পনা নিয়ে আমাদের সরকার এগোচ্ছেন। কিন্তু কংগ্রেসের গনিখান চৌধুরীর রাজত্ব থাকলে পরিস্থিতি আরো ভয়াবহ হয়ে উঠত। পশ্চিমবাংলার মানুষ তাঁদের অভিজ্ঞতার মধ্য দিয়ে এটা ভাল করেই বুঝতে পেরেছেন। মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা প্রায়ই বলেন এবং কিছু কিছু পত্রিকায় প্রতি নিয়তই লেখা হচ্ছে যে, বামফ্রন্ট সরকার বিদ্যুতের ক্ষেত্রে কি

করেছে? কিছুই করা যাচ্ছে না। আমি আগেই বলেছি এই বিদ্যুৎ সমস্যা হল সর্বভারতীয় সমস্যা এবং এই সমস্যা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যে পরিমাণে আছে তার থেকে অনেক বেশী পরিমাণে বাড়িয়ে গেছে বিগত কংগ্রেস সরকার। তাঁরা আরো বেশী সংকট সৃষ্টি করে গেছেন।

স্যার, পশ্চিমবঙ্গে লোড শেডিং-এর কথা কাগজে ফলাও করে লেখা হয় কিন্তু যদি তথ্য বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখবেন পশ্চিমবাংলার চেয়ে মহারাষ্ট্র, বিহার প্রভৃতি রাজ্যে অনেক বেশী লোড-শেডিং হয়। বিহারে বিদ্যুতের ব্যাপারে তো কোন নিশ্চয়তাই নেই—এই বিদ্যুৎ আসছে আবার এই বিদ্যুৎ নেই এই রকম অবস্থা। উত্তরপ্রদেশ যেখানে কংগ্রেস শাসন করে সেখানে বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে ২৫.৮৯ পারসেন্ট, বিহারে ৩৩.০০ পারসেন্ট, মহারাষ্ট্রে ২১.২৮ পারসেন্ট। কর্ণাটকে ২০.৪১ পারসেন্ট এবং পশ্চিমবাংলায় সেখানে ১৮.১ পারসেন্ট। কাজেই তুলনামূলক বিচারে দেখতে পাচ্ছেন এখানে বিদ্যুৎ ছাঁটাই কম হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও আমরা মনে করি এতে আত্মসন্তুষ্টির কোন অবকাশ নেই। এর জন্য কারা দায়ী সেটা বুঝতে হবে এবং তাদের চিহ্নিত করতে হবে এবং সমস্যার সমাধানের জন্য সঠিক পথে এগুতে হবে। একজন মাননীয় সদস্য বললেন কোলাঘাটের কথা। স্যার, ঐ এলাকায় আমার বাড়ী, কোলাঘাট সম্পর্কে আমার কিছু অভিজ্ঞতা আছে। কোলাঘাট প্রকল্পটি অনুমোদিত হয় ১৯৭৩ সালে এবং তারপর থেকে বামফ্রন্ট সরকার আসা পর্যন্ত কোন দায়িত্ব তৎকালীন সরকার পালন করেন নি এই প্রকল্প চালু করার জন্য। শুধু তাই নয়, প্রচণ্ড অপদার্থতা এবং ব্যর্থতার পরিচয় তাঁরা সেখানে দিয়েছেন। বামফ্রন্ট সরকার যেখানে আজ পর্যন্ত এই কোলাঘাটের জন্য ২৩০ কোটি টকো খরচ করেছেন এবং জমি অধিগ্রহণ থেকে শুরু করে অন্যান্য নানান রকমের কাজ করেছেন সেখানে ওঁদের আমলে ওঁরা মাত্র ২৫।। কোটি টাকা খরচ করেছিলেন। এই খরচটাও আবার এমনই যে সেখানে সেই টাকা নিয়ে একটা এ্যাডভ্যান্স মাত্র করেছিলেন বয়লার এবং টার্বাইনের জন্য। ১৯৭৫ সাল থেকে সেই সমস্ত মাল যখন আসতে আরম্ভ করলো তখন দেখা গেল সেগুলি রাখার কোন জায়গা নেই, সেগুলি খোলা মাঠের উপর পড়ে রইলো। জমি অধিগ্রহণ পর্যন্ত তখন হয় নি। সেই সমস্ত জিনিসে রাষ্ট পড়তে আরম্ভ করলো। এর ফলে সেখানে সেই সমস্ত জিনিসপত্র সরিয়ে মাটি ভরাটের ব্যাপারেও অসুবিধা দেখা দিল। কারণ একমাত্র বয়লারের যন্ত্রাংশের ওজনই ৩০ হাজার মেট্রিক টন। যাইহোক সেই অসুবিধা এখন দূর করা গিয়েছে। তারপর যারা জমি দিয়েছে তাদের চাকরির ব্যাপারটা আগে দেখা হয় নি এবং তার ফলে

সেখানে গোলমালও হয়েছে এবং এর ফলে সেখানে কাজটা ৬ মাস পিছিয়ে গিয়েছে। সেই সময় গণিখান চৌধুরী মহাশয়, তিনি আবার ১২ হাজার এবং আরো কয়েক হাজার লোককে চাকরি দিলেন। সেখানে কোন রকম ইণ্টারভিউ না নিয়ে দেশলাই-এর বাক্স বা সিগারেটের খোলের উপর নাকি লিখে দিয়ে চাকরি দেওয়া হয়েছিল। এর ফলে সেখানে অভিজ্ঞতা সম্পন্ন লোকরা চাকরি পেল না এবং কাজে বিলম্ব হল। স্যার, ১৯৭২—৭৭ সাল পর্যন্ত এই পশ্চিম বাংলায় যে অবস্থার সৃষ্টি করা হয়েছিল তাতে আমরা দেখেছি এখানে কোটি কোটি টাকার উৎপাদন নষ্ট হয়েছে। সেই সময়কার লোড শেডিং আজকে মানুষ আর ভাবতেই পারে না। সেই সময় দিনে ২০ ঘণ্টা করে লোড শেডিং হত। জল নেই, হাসপাতালে অপারেশান বন্ধ, বিভিন্ন কলকারখানায় শ্রমিক ছাঁটাই ইত্যাদি নানান জিনিস হয়েছে, সেই সব তথ্য আমাদের কাছে আছে। স্যার, এমন কি সেই সময়কার আনন্দবাজার এবং যুগান্তর কাগজ পড়লেও জানা যাবে যে, কি অবস্থার সৃষ্টি হয়েছিল। সেই তুলনায় তো মানুষ আজকে কিছুটা স্বস্তির মধ্যে রয়েছে এবং বিদ্যুতের ব্যাপারে কিছুটা অগ্রগতিও আমরা ঘটাতে পেরেছি। ২৪. ৪. ৭৪ তারিখে আনন্দবাজার লিখছেন, 'বিদ্যুৎ সংকটে এক মাসে ১০ লক্ষ কর্মী লে-অফ হয়েছেন। লোড শেডিং যত বাড়ছে পানীয় জল তত কমছে। মোমবাতির আলোয় বিধানসভায় স্পীকারের আগমন এবং প্রস্থান।' এই ছিল ১৯৭৪ সালের অবস্থা। আজকে সেই লক্ষ লক্ষ শ্রমিক লে-অফ হচ্ছেন না এবং কোটি কোটি টাকার উৎপাদনও ব্যাহত হচ্ছে না। মাননীয় বিরোধীপক্ষের বন্ধুরা যদি এ ব্যাপারে আমাদের সঙ্গে সহযোগিতা করেন এবং পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের যে অবহেলা এবং ভ্রান্ত নীতি সেটার বিরুদ্ধে প্রতিবাদ করেন তাহলে আমরা মনে করি আগামীদিনে আমরা বিদ্যুৎ সংকট কাটিয়ে ওঠার ব্যাপারে আরো সাফল্য অর্জন করতে পারবো। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.00—6.10 P.M.]

ডাঃ মানস ভুঁইয়াঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় বিদ্যুৎমন্ত্রী আজকে বিধানসভায় তাঁর দপ্তরের ব্যয়বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন। এ প্রসঙ্গে তিনি যে বিবৃতি পেশ করেছেন তার প্রতিটি ছত্রে ছত্রে তাঁর নিজের মানসিকতার চিত্র ফুটে উঠেছে এবং তার জন্য আমরা আনন্দিত। কারণ তিনিই বোধহয়

প্রথম বামফ্রন্ট সরকারের একজন মন্ত্রী অকপটে সত্যকে স্বীকার করবার মানসিকতার পরিচয় দিয়েছেন। আমি সেই জন্য প্রথমেই তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি জানি বিদ্যুৎ সমস্যা সত্যিই একটা মারাত্মক সমস্যা। রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে এই সমস্যাকে দেখা এবং সরকারের বিরোধিতা করা বা শুধুমাত্র কংগ্রেস, কমিউনিস্ট দলীয় পার্থক্যের ভিত্তিতে বিদ্যুৎ দপ্তরের বিরোধিতা করার মানসিকতা আমরা অন্ততঃ পোষণ করি না। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথাগুলি আজকে আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই সে কথাগুলি হচ্ছে, আমি দেখলাম আজকে বিদ্যুৎমন্ত্রী কতগুলি রেকর্ড-এর ভিত্তিতে এখানে একটা বিবৃতি রেখেছেন এবং তাতে তিনি '৮২ সাল পর্যন্ত কতগুলি নজির রেখেছেন। আমরা দেখেছি সেটা রাখতে গিয়ে তিনি লজ্জা পেয়েছেন। অর্থাৎ তিনি লজ্জিত, মাননীয় মুখ্যমন্ত্রী লজ্জিত এবং পশ্চিমবঙ্গবাসী হিসাবে আমরাও লজ্জিত যে, পশ্চিমবঙ্গ একটা সময়ে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে গোটা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ওপরে ছিল, আর ১৯৮১-৮২ সালে সবচেয়ে নীচে নেমে গেছে। তিনি ১৯৮১-৮২ সাল পর্যন্ত হিসাব দিয়েছেন। আমরা তাঁর হিসাবের মধ্যে দেখলাম যে, তিনি ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত হিসাব দিয়েছেন এবং তার পরে একদম চলে এসেছেন ১৯৮১-৮২ সালের হিসাবে। মাঝখানের ৭৪-৭৫ সালের হিসাব তিনি দেখান নি বা দেন নি। আমার মনে হয় এই সরকারের সাধারণ মানুষকে ধোঁকা দেওয়া অভ্যাসে দাঁড়িয়ে গেছে, যার জন্য আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বিধানসভার সদস্যদেরও ধোঁকা দিতে চাইছেন। তা ভাল কথা, কিন্তু আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখতে চাই যে, শুধুমাত্র সমস্যা সমস্যা করে চিৎকার করলেই হবে না, শুধুমাত্র আর. এন. মিত্র নামে একজন ইঞ্জিনীয়ারকে সরিয়ে একজন আই. এ.এস. অফিসার বসিয়ে দিয়ে টেকনোক্রাট ভার্সেস বুরোক্রাট লড়াই লাগিয়ে দিলেই বিদ্যুৎ উৎপাদন বাড়ান যাবে কি? শুধুমাত্র কর্মচারীদের ওপর দোষারোপ করলেই কি বিদ্যুৎ উৎপাদন বাড়বে? সাঁওতালদি, ব্যাণ্ডেল প্রভৃতি জায়গায় বরকত সাহেব যে-সমস্ত বেকার ছেলেদের চাকরি দিয়ে গেছেন, সে সমস্ত হতভাগ্য যুবকদের চাকরি খেলেই কি বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যাবে? আমরা জানি এই সব করে কখনই সমস্যার সমাধান হয় না। কংগ্রেস, কমিউনিস্ট, যুক্তফ্রন্টের আমলে, বামফ্রন্টের আমলে কে কি করেছে, সে সব কথা মাঠে, ময়দানে, সংবাদপত্রে বললেই সমস্যার সমাধান হয়ে-যাবে না। সমস্যার মূলে, সমস্যার গভীরে প্রবেশ করতে হবে। আমরা আজকে অন্ততঃ যেটা অনুভব করছি, সেটা হচ্ছে, মাননীয় বিদ্যুৎ-

ন্ত্রীর পূর্বসূরী এবং তাঁরই দলের নেতা, আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর ব্যর্থতার প্রায়শ্চিত্ত আজকে তাঁকে করতে হচ্ছে।

কারণ কি ? তিনি কোন রকম সমস্যার সমাধান করতে চাইতেন না। তিনি শুধু বলতেন, কংগ্রেসরা চক্রান্ত করেছে। চক্রান্তের ভূত ৬ বছর ধরে দেখে বেড়িয়েছেন। সাঁওতালদিতে চক্রান্ত হচ্ছে, জলঢাকায় চক্রান্ত হচ্ছে, কোলাঘাটে চক্রান্ত হচ্ছে, ব্যাণ্ডেলে চক্রান্ত হচ্ছে, দুর্গাপুরে চক্রান্ত হচ্ছে, ডি. পি. এল.-তে চক্রান্ত হচ্ছে—সব জায়গায় চক্রান্তের ভূত দেখেছেন এবং কংগ্রেসের আই. এন. টি. ইউ. সি.'র কর্মীদের বলেছেন যে, তারা ওখানে সাবোটেজ করে দিচ্ছে। আমি প্রবীর বাবুকে বলতে চাই কারণ তিনি এতদিন মন্ত্রী ছিলেন না। বিগত সরকারের আমলে তারা বেছে বেছে ১৩টি ছেলের ভাত কেড়ে নিয়েছেন। আমি জিজ্ঞাসা করেছিলাম যে, আপনারা কেন এই ১৩টি ছেলের চাকরি কেড়ে নিলেন। তিনি বলেছিলেন যে, এদের পারর্মানেণ্ট সার্ভিস ছিল না, এই এই কেস ছিল, সে জন্য সাসপেণ্ড করে দেওয়া হয়েছে। গোপনে গোপনে ৪৫৭ বলে একটা সার্কুলার জারি করে দিলেন। এঁরা আবার শ্রমিক-দরদী সরকার বলে দাবী করেন। শ্রমিকদের সমস্যার গভীরে না গিয়ে তাদের উপর দমনপীড়ন চালিয়ে, তাদের মানসিকতাকে বিকৃত করে, তাদের উপর চাপ সৃষ্টি করে বিদ্যুৎ উৎপাদন করার চেষ্টা করেছেন। এটা ভ্রান্ত পথ, এটা হতে পারে না। আজকে সমস্যার গভীরে গিয়ে, ইঞ্জিনিয়ারদের পরামর্শ নিয়ে, টেকনোক্রাটদের পরামর্শ নিয়ে, আই. এ. এস., ডবলিউ. বি. সি. এস. অফিসারদের এ্যাডমিনিসট্রেটিভ সাইডের সেটআপকে সুন্দর ভাবে বেছে নিয়ে প্রয়োজন হলে ফিল্ডে গিয়ে ২/৩ মাস সেখানে থেকে তাদের সমস্যাকে বেছে নিতে হবে, স্পট আউট করতে হবে এবং তার জন্য কি সংস্কার করা যায় সেটা ঘোষণা করতে হবে। আজকে অপনাকে একটা কথা বলি। শঙ্করবাবু স্বর্গে গেছেন। তিনি গত বিধানসভায় একটা বিল এনেছিলেন। তাতে কি ছিল ? তাতে ছিল বিদ্যুৎ যারা চুরি করবে তাদের বিরুদ্ধে সাংঘাতিক এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। খুব ভাল কথা। কিন্তু কি হল ? আজকে হাই টেনশান লাইনে যারা বিদ্যুৎ ব্যবহার করে তারা কারা ? তারা মনোপলি বিসনেজ হাউস। তারা বিদ্যুৎ চুরি করছে এটা আপনিও জানেন, আলিমুদ্দিন ষ্ট্রীটও জানে, জ্যোতিবাবুও জানেন এবং আমরাও জানি, ডেপুটি স্পীকার মহাশয়, আপনিও জানেন এবং যে সমস্ত অফিসার বসে আছেন তাঁরাও জানেন। গোপনে গোপনে ইণ্ডাষ্ট্রিয়াল হাউসের সঙ্গে আপনাদের যোগাযোগ আছে সেটাও জানেন, আপনাদের কিছু করার ক্ষমতা নেই সেটাও জানেন এবং এর বিরুদ্ধে আপনি সংবাদপত্রে কিছু বলতে পারবেন

না সেটাও জানেন। অফিসারদের লেনদেন আছে সেটাও জানেন এবং আপনাদের দলের মাতব্বরদের সঙ্গে লেনদেন আছে সেটাও জানেন। কাজেই আপনি কিছু করতে পারবেন না। আপনি কাদের করবেন? কোন ষ্টেশনের ধারে একটা চায়ের দোকানের মালিক একটা ছোট্ট তার টেনে দিয়ে একটা বাল্ব জ্বালিয়েছে, তাকে পুলিশ দিয়ে ধরে হাজতে দিয়ে শাস্তিমূলক ব্যবস্থা নিচ্ছেন। এটা হচ্ছে বামপন্থী রাজনীতি। এই জিনিস হলে হবে না। আপনাকে সমস্যার গভীরে যেতে হবে, সমস্যা জানতে হবে। আমরা কি দেখছি? আমরা দেখছি যে, আপনারা খালি কেন্দ্রের উপর দোষ দিচ্ছেন। আপনারা প্ল্যানিংয়ের কথা বলছেন। তা কেন্দ্র কি করবে? আজকে যে প্ল্যান্টগুলি আছে সেগুলি মেনটেনেন্স হচ্ছে না। এজেন্ট পাঠিয়ে এই প্ল্যান্টগুলির মেনটেনেন্স করার দায়িত্ব কি ইন্দিরা গান্ধীর? তাতো নয়। আপনি কোন কোন জায়গায় প্রজেক্ট দিচ্ছেন এবং সেটা আপনি স্বীকারও করেছেন। আপনি মুর্শিদাবাদে দিচ্ছেন, উত্তরবঙ্গে দিচ্ছেন, পশ্চিম দিনাজপুরে দিচ্ছেন। আপনি আশাবাদী। আমি বিশ্বাস করি এই প্রজেক্টগুলি কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই স্যাংশান করবেন। এগুলি ভাল কথা। আমরা পারমু করি, সমর্থন করি। কিন্তু যেগুলি আছে—ব্যাণ্ডেল, সাঁওতালদি, ডি. পি. এল., এগুলি যে খোঁড়াতে খোঁড়াতে বন্ধ হয়ে যাচ্ছে। এগুলি অর্ধমৃত ছিল, আপনাদের হাতে পড়ে মৃতপ্রায় অবস্থায় এসেছে। আজকে এগুলিকে কোরামিন না দিলে বাঁচবে না—এই রকম অবস্থায় এসেছে। এগুলি মেণ্টেনেন্সের দায়িত্ব তো আপনাদের। আপনি কোলাঘাটে গিয়ে বলেছেন যে, সাংঘাতিক অবস্থা, সাঁওতালদিতে গিয়ে দেখেছেন সাংঘাতিক অবস্থা। সেখানে ৪টির মধ্যে ২টি চলছে, তাও খুঁড়িয়ে খুঁড়িয়ে। পাইপ ফুটো হয়ে গেছে, সেটা সিমেন্ট দিয়ে বন্ধ করা হচ্ছে। ভেবে দেখুন কি বিশ্রী ব্যবস্থা, কি আনসায়েন্টিফিক এ্যাপ্রোচ। আজকে ইঞ্জিনিয়ারদের বলা হচ্ছে, আমি কোন কথা শুনতে চাই না, ২৪ ঘন্টার মধ্যে এত মেগাওয়াট বিদ্যুৎ চাই। ইঞ্জিনিয়াররা মুখ বুজে সহ্য করছে আর সিমেন্ট লাগাচ্ছে। একবার সিমেন্ট লাগাচ্ছে, আবার ফেটে যাচ্ছে এবং এই ভাবে ছোট ফুটো আরো বড় হচ্ছে। এই হচ্ছে আপনাদের ডিকটেটিং এ্যাটিচ্যুড। আপনারা প্রবলেমের মধ্যে না গিয়ে, প্রবলেম ডিপলী ষ্টাডি না করে, নন-টেকনিক্যাল ম্যান দিয়ে প্রজেক্টের ব্যাপারে টেকনিক্যাল ম্যানদের ডাইরেক্ট করাচ্ছেন যে, এইভাবে করতে হবে। আমাদের বিধানসভার আলো বারে বারে নিভে যাচ্ছে, সেটা ঠিক করতে হবে, আমাদের মুখ্যমন্ত্রীর মুখ বাঁচাতে হবে। সাধারণ মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেবার এই যে অবৈজ্ঞানিক প্রচেষ্টা—কর্মচারীদের উপর, ইঞ্জিনিয়ারদের উপর, টেকনিক্যাল পারসোনেলদের উপর চাপ

সৃষ্টি করার—এই যে অবৈজ্ঞানিক প্রচেষ্টা, এই প্রচেষ্টার জন্য আপনাদের ভুগতে হবে। আজকে যদি পদ্ধতিগত প্রয়োগ এবং ডিসিসন মেকিং বা পলিসি না করেন তাহলে এর দ্বিগুণ ভয়াবহ অবস্থা আগামী দিনে আসবে। আপনার বক্তব্যের মধ্যে বলেছেন যে, গ্রামাঞ্চলে বিদ্যুৎ পৌঁছে দিতে না পারলে কৃষকের উৎপাদন ব্যাহত হবে। ভাল কথা বলেছেন। আজকে এই কথা বলা হয়েছে যে, সারাদিন পরিশ্রমের পর কৃষক যখন ঘুমোতে যাবে তখন তাকে বোঝান হোক যে, সে যেন মাঠে চাষ করতে যায়। অদ্ভুত পরিকল্পনা। ব্যর্থতার এতবড় নজির পশ্চিমবঙ্গের ইতিহাসে আর বোধ হয় হয় নি। এই কৃষি বিপ্লবের ভেকধারী সরকার বলছেন যে, রাত্রি ১১ টার সময়ে কৃষক মাঠে চাষ করতে যাবে। এটা কি কথা? এর চেয়ে প্রতিক্রিয়াশীল কথা আর কি হতে পারে?

[6.10—6.20 P. M]

আপনার নিজের ব্যর্থতায় বিদ্যুৎ উৎপাদন করতে পারছেন না। আপনি নিজেই স্বীকার করেছেন ট্রান্সফরমার চুরি করছে, উপরের তার ব্যাপকভাবে চুরি করছে। এটা কার দোষ? স্বরাষ্ট্রমন্ত্রীর অপদার্থতার জন্য, তার পুলিশ বাহিনীর অপদার্থতার জন্য এই সমস্ত চুরি হচ্ছে, তাঁর নির্দেশ কেউ গ্রাহ্য করছে না। দিনের বেলায় দিনের পর দিন চোখের সামনে, আপনাদের ইঞ্জিনিয়ারদের সামনে, আপনাদের স্টাফের সামনে আপনাদের পার্টির গুণ্ডারা তার কেটে নিয়ে চলে যাচ্ছে। আপনি এর জন্য যে ব্যর্থ হয়েছেন সেকথা আপনি নিজেই স্বীকার করেছেন, তারজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার কোলাঘাটের ব্যাপারে আসছি। একটু আগে একজন মাননীয় সদস্য কোলাঘাটের ব্যাপারে অনেক অভিজ্ঞতার কথা বললেন, খুবই ভাল কথা, এ ব্যাপারে বরকত গনিখান চৌধুরী মহাশয়ের নাকি দোষ, কংগ্রেস সরকারের দোষ। মাননীয় মন্ত্রী মহাশয় তো কিছুদিন আগে সেখানে গিয়েছিলেন। আমরা তো তার কাছ থেকে সব কিছু জানতে পারি না, সংবাদপত্রের মাধ্যমে আমাদের জানতে হয়। সুতরাং তিনি কোলাঘাট গিয়ে কি দেখে এসেছেন সেইসব তথ্যের কথা বলুন। সেখানে একজন কমপিটেন্ট অথরিটি মিঃ সিং দায়িত্বে বসে আছেন। কোলাঘাটে কি হচ্ছে এবং কেন হচ্ছে সেকথা আপনি নিজেই স্বীকার করেছেন। ঠিকাদাররা কেউ কো-অপারেট করছে না—এটা আপনি নিজেই স্বীকার করেছেন। সমস্ত কর্মচারীরা কেউ কো-অপারেট করছে না—এটা আপনি

নিজেই স্বীকার করেছেন। প্রশাসনিক স্তরে যাঁরা উপরে বসে আছেন সেই সমস্ত অফিসাররা কো-অপারেট করছে না। তাহলে আপনি রিজাইন করুন। একজন মন্ত্রী যেখানে বলছেন, আমার কর্মচারীরা আমার কথা শুনছে না, ঠিকাদাররা আমার কথা শুনছে না, কেউ যখন শুনছে না এবং শুনবে বলে আমার মনেও হয় না, তাহলে আপনি পদত্যাগ করুন। আপনার নৈতিকতা বজায় রাখার চেষ্টা করুন, ব্যাক টু ইওর ওন প্যাভিলিয়ন। মুখ্যমন্ত্রী মহাশয় মানসিক যন্ত্রণায় ভুগছেন তার হাত থেকে এই দপ্তরটি চলে যাওয়ায় জন্য, সুতরাং তাঁর হাতে এই দপ্তর ফিরিয়ে দিন। আমি আর একটি গুরুত্বপূর্ণ কথা উল্লেখ করছি। শ্রমিক-কর্মচারীদের দমন-পীড়নের মাধ্যমে আপনি বিদ্যুৎ উৎপাদন করার চেষ্টা করছেন। কিন্তু আমি বলছি, এতে করে বিদ্যুৎ উৎপাদন হবে না। আপনি ফরমান জারি করে ১৩ জন কেন ১৩০০ শ্রমিককে সাসপেণ্ড করতে পারেন, ২ জন অফিসারকে সাসপেণ্ড করতে পারেন, কিন্তু ১ মেগাওয়াটও বিদ্যুৎ উৎপাদন করতে পারবেন না এবং এই করে বিদ্যুৎ উৎপাদন হয় না, আপনি ভ্রান্ত রাজনীতির স্বীকার হয়েছেন। আমি এই প্রসঙ্গে একটি কথা বলি, আমরা যখন খেলাধুলা করতাম তখন বিরোধী দলের ঐ সেণ্টার ফরওয়ার্ড-এর প্লেয়ারকে উত্তেজিত করার চেষ্টা করতাম। সে যদি উত্তেজিত হয়ে ওঠে তাহলে লক্ষ্যভ্রষ্ট হবে। আপনার অবস্থাও তাই হয়েছে। আপনি নিজেই উত্তেজিত হয়ে পড়েছেন বিভিন্ন ব্যাপারে। গত ১৫ দিন ধরে সংবাদপত্রে যে-সমস্ত তথ্য প্রকাশিত হয়েছে সেগুলিকে যদি ইভ্যালুয়েশান করি তাহলে দেখবো আপনিই সবচেয়ে উত্তেজিত ব্যক্তি, পশ্চিম বাংলায় সেকেণ্ড ম্যান আর কেউ নেই। আপনি উত্তেজিত হয়ে কি করছেন? শ্রমিক-কর্মচারীদের গালি-গালাজ করছেন। বিদ্যুৎ দপ্তরের কর্তৃপক্ষকে গালি-গালাজ করছেন, রেগে গিয়ে সাসপেনশান আরম্ভ করেছেন, ঠিকাদারদের গালি-গালাজ করছেন, সবাইকে আপনি গালি-গালাজ করছেন। এইভাবে বিদ্যুৎ উৎপাদন হবে না। সমস্যার একেবারে গভীরে আপনাকে যেতে হবে। আপনি যে উদ্যোগ নিয়েছেন সেই উদ্যোগ যদি ভাল হয়, সেই উদ্যোগ যদি গঠনমূলক হয়, আমরা অর্থাৎ কংগ্রেসীরা আপনাকে ধন্যবাদ জানাবো। কিন্তু আপনি ভ্রান্ত নীতিতে পরিচালনা করছেন। আপনি যেভাবে দমন-পীড়ন শুরু করেছেন শ্রমিক-কর্মচারীদের উপর, অবৈজ্ঞানিক পদ্ধতিতে টেকনিক্যাল পারসোনেলদের উপর অত্যাচার শুরু করেছেন। এই অবৈজ্ঞানিক পদ্ধতিতে এই বিদ্যুৎ দপ্তরের কোন উন্নতি হবে না বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার কাছে কয়েকটি

কথা বলতে চাই এবং তার আগে যে, বাজেট এনেছেন সেটাকে সাপোর্ট করে বলছি। তার কারণ হচ্ছে এই যে পাওয়ারটা সবচেয়ে বেসিক ফ্যাক্ট। পাওয়ারটা যদি না থাকে তাহলে যতই চেষ্টা করা যাক, গালাগালি যতই করা যাক, পশ্চিমবঙ্গের অনেক জিনিসেরই অবনতি হয়ে যাবে, সেজন্য সবাইকে গভীরভাবে চিন্তা করা দরকার বলে আমি মনে করি এবং দুটি জিনিসের দরকার, একটা হচ্ছে পাওয়ারের যতটা প্রয়োজন সেটার ইনস্টল ক্যাপাসিটি আমরা বাড়াতে পারছি কিনা, এই হল নাম্বার ওয়ান এবং জেনারেশনটা যদি বাড়াতে পারি তাহলে সেই জেনারেশনের সঙ্গে তাদের হাইয়েস্ট ক্যাপাসিটিটা আমরা ইউটিলাইজেশন করতে পারছি কিনা এটা দেখতে হবে। এই ইউটিলাইজেশনটা যদি না করতে পারি তাহলে বাড়িয়ে কোন লাভ নেই। তার কারণ হচ্ছে যদি বাড়াতে যাই আর ইউটিলাইজেশনটা না করতে পারি তাহলে নিশ্চয়ই বিশেষ কিছু লাভ হবে না এবং এই যে ক্যাপাসিটিটা ইউটিলাইজড করা, সেটা সম্পূর্ণ নির্ভর করছে যাদের টেকনিক্যাল হেড বলে তাদের উপর এবং এটা ডিপেণ্ড করে ক্যাপাসিটি অফ দি ম্যানেজমেন্টের উপর কতকগুলি ফ্যাক্টর। কিন্তু মেন ফ্যাক্টরটা ডিপেণ্ড করে ম্যানেজমেন্টের টপে যারা আছে যে টেকনোক্র্যাট, সেই টেকনোক্র্যাটরা কোন সময় ৪৩ পারসেন্ট, আবার দেখি একজন আরও বড় অফিসার বা ধরা যেতে পারে বেস্ট টেকনোক্র্যাট সে সেটাকে বেস করে ৯০ বা ৯৯ পারসেন্টে নিয়ে যেতে পারে। ৪৩ পারসেন্ট যেটা হচ্ছে সেই জেনারেশন সিসটেমে ৯৫ পারসেন্টে যদি নিয়ে যায় তাহলে একই জিনিস দেখা যায়, অনেক দূর এগিয়ে গেছে এবং একটা এক্‌জাম্‌পল দিয়ে বলছি এ্যালয় ষ্টীলে এই জিনিসটা পরিষ্কারভাবে দেখিয়ে দিয়েছে। ডাঃ জি. মুখার্জী যখন ছিলেন তখন এ্যালয় ষ্টীলের খুব খারাপ অবস্থা হয়ে গিয়েছিল, ৯৯ পারসেন্ট এ্যাণ্ড some odd ক্যাপাসিটিটা তিনি বাড়ালেন। এটা একটা অদ্ভুত ব্যাপার হয়েছিল এ্যালয় ষ্টীলে। সেজন্য যাঁরা নিজে টেকনোক্র্যাট এবং হাইয়েস্ট লেভেলে যাঁদের রাখা হয়েছে তাঁরা যদি এই জিনিসটা ভালভাবে না দেখেন আমরা যতই চীৎকার করি, মন্ত্রী মহাশয় যতই চীৎকার করুন তিনি বাড়াতে পারবেন না। আফটার অল আজকে টেকনোক্র্যাটদের যুগ। এই ক্যাপাসিটিটা নির্ভর করবে সম্পূর্ণ আপনাদের ফাংশানের উপর এবং এটা যেমন ম্যানেজমেন্টের দিকে প্রয়োজন, আবার একটা জিনিস আছে, আসুন এই সঙ্গে মেন যে, জিনিসটা অর্থাৎ লেবার পাওয়ার, সেই লেবার পাওয়ারটাকে কো-অর্ডিনেশন করা যাচ্ছে কিনা এটাই দেখতে হবে।

আমার মনে হয় এই যে পাওয়ার ফেলিওর, পাওয়ার যা কিছু হচ্ছে এর মেন কারণটা যদিও নিশ্চয় আমাদের ইন্‌সাফিসিয়েন্সি, কিন্তু মেন কারণটা হচ্ছে ২টি

ইউনিয়নের রাইভ্যালরি। এটাই মেন কারণ। এটা অস্বীকার করে লাভ নেই, এতবড় একটা বেসিক ফ্যাক্টকে যদি আমরা অস্বীকার করি তাহলে অন্যায় হবে। সেজন্য বলা দরকার এবং পশ্চিমবঙ্গের মানুষের জানা দরকার। সাঁওতালডির কথা জানেন, দিনরাত মারামারি, কাটাকাটি হচ্ছে, অফিসার ঘেরাও হচ্ছে ক্যাপাসিটি অনুযায়ী কাজ হচ্ছে না। আসুন জলঢাকায়, একই অবস্থা, একদিকে পরিমল দাশগুপ্ত ভার্সাস ওয়ার্কার্স ইউনিয়ন। আসুন আপনি, এই যে থার্মাল প্ল্যান্ট আছে ব্যাণ্ডেলে, ঠিক এই ৩টির অবস্থার কথা আপনাদের কাছে বলছি। আমি ব্যক্তিগতভাবে জানি ওখানে যে লেবার আছে, তাদের সঙ্গে যদি একটা পলিটিক্যাল সমঝোতা না করা যায়, তাহলে পাওয়ার সম্বন্ধে আমরা যতই চীৎকার করি না কেন, মানুষের যতই কষ্ট হোক—কষ্ট নিশ্চয় হচ্ছে—আমরা কিছুই করতে পারব না, বা সেটা কোন রকমে পূরণ হবে না।

[6.20—6.30 P. M.]

এটা এইজন্য বলছি যে এখানে আমরা যা ডিসকাসন করি তার ভিত্তিতে সত্যিকার কিছু হতে পারে কিনা এটা দেখতে হবে এবং সেইজন্য আমি বলছি যে এই জিনিসটা ভালভাবে এ্যাক্রোস্ দি টেবল্ একটা পলিটিক্যাল ডিসিশনের ভেতর, একটা পলিটিক্যাল সমঝোতার মধ্যে যাওয়া দরকার। তা যদি না যাওয়া যায়, তাহলে বাস্তবে যতই থিয়োরিটিক্যাল কথা বলি না কেন, বক্তৃতা এবং স্ট্যাটিসটিকস দেখাই না কেন, কোনটাই কাজে লাগবে না—কাজ এখানেই শেষ হয়ে যাবে। এই তিনটি ট্রেণ্ডকে এক জায়গায় নিয়ে আসতে হবে। এটা পারবেন কিনা জানি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পাওয়ার ফেইলিওরের যেসব কথা বলা হচ্ছে, সে ব্যাপারে এখানে টেকনোক্র্যাটস্ যাঁরা আছেন তাঁরা কো-অর্ডিনেটেড ওয়েতে মুভ করুন এবং যাঁরা পলিটিক্যালি আছেন, সবচেয়ে উপরে মিনিষ্টার—সেটা যদি তাঁরা পলিটিক্যালি ডিল করেন এবং পলিটিক্যালি ডিল করে এ্যাক্রোস দি টেবল্ যদি পলিটিক্যাল ডিসিশন নেন, একটু এ্যাডজাস্টমেণ্ট করেন—তাহলে আমার মনে হয় পাওয়ারের কিছু সলিউশন হতে পারে। কিন্তু এতেও সবটা সলিউশন হবে না, তার কারণ—আজ ডিমাণ্ড বেড়ে গেছে। এটা অস্বীকার করে লাভ নেই। আগেকার দিনে এক কলকাতা শহর এবং বড় বড় শহর এলাকায় কেবলমাত্র আলো জ্বলতো। আজকে ইণ্ডাষ্ট্রি বেড়ে যাচ্ছে। স্মল স্কেল ইউনিটগুলোতে ইলেকট্রিসিটি দরকার

:চ্ছে। শুধু তাই নয়, ইরিগেশনে লাগছে, কৃষিক্ষেত্রে ডিপ টিউবওয়েলে লাগছে,
ালো টিউবওয়েলে লাগছে, লিফ্ট ইরিগেশন, রিভার লিফ্ট ইরিগেশনে লাগছে,
রিজন বস্তিতে দিতে হচ্ছে, গ্রামে গ্রামে হেল্থ সেণ্টারগুলোতে দিতে হচ্ছে। এতে
াজকে ডিমাণ্ড বেড়ে গেছে। ডিমাণ্ড বেড়ে যাওয়ার কারণে আমরা বলছি,
। টাকাটা আজকে সেংশন করা হচ্ছে—এর যদি বেষ্ট ইউটিলাইজেশন হয় তাহলে
ছুটা রিলিফ দেওয়া যাবে, সবটা দেওয়া যাবে না। কিন্তু এই পাওয়ার
টি-এর ব্যাপারটা যদি ধরেন, কতগুলো ব্যাপার আছে এর মধ্যে। আর
্যাপাসিটি ইউটিলাইজেশনের ব্যাপারটা যদি বলি, তাহলে অল ইণ্ডিয়ায়
তগুলো ফিগার আছে, যেটা আমি বলছি ১৯৭৬-৭৭ থেকে ১৯৮০-৮১ পর্যন্ত যে
ফগার দেওয়া আছে যোজনা কমিশনের, তাতে ৫৬ পারসেণ্ট এই ক্যাপিটাল
উটিলাইজেশন কমে গিয়ে অল ইণ্ডিয়ায় ৪৪.৭ পারসেণ্ট, আর ওয়েষ্ট বেঙ্গলে
৮.৪২ থেকে নেমে ৪৩ পারসেণ্টে এসেছে। মেইনলি এটা কেন হচ্ছে? ভারতবর্ষে
দি পাওয়ারের বেষ্ট ইঞ্জিনীয়ার থাকেন, এখানে তাঁদের ব্যবহার করুন। এবং
ার করবার চেষ্টা করুন যে কেন ক্যাপিটাল ইউটিলাইজেশন কমে যাচ্ছে, হোয়াট
জ দি কজ্? এটা যদি না করা যায়, তাহলে আমার মনে হয়—আজকে
কজনকে বললাম যে তুমি পারছো না, ইউ গো আউট ফ্রম দিস প্লেস—এভাবে
বে না। কারণ এটা একটা বেসিক ফ্যাক্ট। এই বেসিক ফ্যাক্ট-এর উপর যদি
জর না দেন, এটা আমার বক্তব্য, কিছুই হবে না।

তবে এটা বলছি যে পশ্চিম বাংলায় ফেইলিওর হচ্ছে। এই ফেইলিওর শুধু
াশ্চিম বাংলায়ই হচ্ছে তা নয়, আমি এ সম্বন্ধে সব জায়গার স্ট্যাটিসটিকস্ দিচ্ছি।
দথা যাবে যে সব জায়গায় ফেইলিওর আছে। তবে আমাদের এখানে যদিও
কাগজে কলমে কম হবে বলছেন কিন্তু প্র্যাকটিক্যালি এখানে একটু বেশীই আছে—
ফ্যাক্ট অস্বীকার করতে পারি না। যেমন, আমি বলছি তামিলনাড়ুতে কি আছে
জানেন? সেখানে একটি জায়গায় ৭ দিনে একটি দিন ২৪ আওয়ার্স ইলেকট্রিসিটি
বন্ধ থাকবে, লোড শেডিং থাকবে।

আমার যত দূর মনে পড়ে তারা মঙ্গলবার বিদ্যুৎ পায় না এবং তার পরের
৬ দিন ঠিক ভাবে চলে। ওখানে এই ধরনের একটা ব্যাপার আছে। অনেক
জায়গাতে এই ধরনের ব্যাপার করা আছে। পারসেনটেজ অফ ফেলিয়োর
১৯৮১ সালের সেপ্টেম্বর পর্যন্ত হরিয়ানায় হচ্ছে ৩০.৪২ পারসেণ্ট, পাঞ্জাবে
৫০ পারসেণ্ট, মধ্যপ্রদেশে ১৫ থেকে ২৫ পারসেণ্ট। এখানে, তার মানে
ওয়েষ্ট বেঙ্গলে যেটা লিখিত আছে সেটা হচ্ছে ১৫ পারসেণ্ট Cut of high

tension and also peak period distribution. আমি বলি যে এখানে এটা কম আছে। আমার মনে হয় এখানে এটা আর একটু বেশী হওয়া উচিত। এটা আমার নিজের মনে হয়। এর জন্য আমার মনে হয় তুটো জিনিষের উপর জোর দেওয়া উচিত। কারণ এটা হচ্ছে বেসিক ফ্যাক্ট। একটা হচ্ছে আরো বেশী ইনিসটলেসান করতে হবে এবং কয়েক জায়গায় সেণ্টার করার ব্যবস্থা করতে হবে। ফারাক্কা—গনি সাহেব যখন মন্ত্রী ছিলেন ১৯৭৫ সালে তখন তিনি বলেছিলেন সম্ভব নয় এটার ইমপ্রুভ করা। ১৯৭৫ সালে এই হাউসে তিনি বলে গিয়েছিলেন যে এটা করা সম্ভব নয়। অফিসাররা যা করে এর বেশী কিছু আমি আর বুঝি না, এই ধরনের একটা স্টেটমেণ্ট তিনি করে গিয়েছিলেন। আমি বলতে চাই স্ট্যাটিসটিক্স থেকে দেখা যায় ১৯৬৬-৬৭ সালে এটা বেড়ে গিয়েছিল। এর পর থেকে আর খুব বেশী বাড়ছে না যদিও ডিমাণ্ড বেড়ে যাচ্ছে। ছাট উইল এভিডেণ্ট ফর্ম দি ইকনমিক রিভিউ। ইকনমিক রিভিউ-এ এটা পরিষ্কার বলা আছে এবং চার্ট করে দেওয়া আছে। গ্রাফিক চার্ট দেওয়া আছে, এই জিনিস পরিষ্কার বোঝা যাবে। এই গ্রাফিক চার্টে ১৯৭৫-৭৬ সাল থেকে ১৯৮০-৮১ পর্যন্ত কমা বাড়ার ব্যাপারটা পরিষ্কার ভাবে দেওয়া আছে। টেবিল নং ৭তে সেখানে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত জেনারেসান হয়েছে মেগাওয়াটের হিসাবে ৬ হাজার ৫শো ৪৫। আর ইমপ্রুভ হয়েছে কতটা? এই সব মিলিয়ে ১৯৮০-৮১ সালে জেনারেট হয়েছে ৬ হাজার ২শো ৬০ মেগাওয়াট। বাড়েনি, প্রায় স্ট্যাগনেণ্ট হয়ে রয়েছে। অথচ ডিমাণ্ড অনেক বেড়েছে। কাজেই এইগুলিকে বিচার বিবেচনা করে দেখতে হবে যিনি চার্জে থাকবেন। এই বিদ্যুতের ইমপ্রুভ করার জন্য এই বাজেটে বেশী টাকা দেওয়া আছে। ইমপ্রুভ করার জন্য বাজেট পেস করা হয়েছে বলে আমি এই বাজেটকে সাপোর্ট করছি।

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগে মাননীয় সদস্য ভক্তি ভূষণ মণ্ডল যে বক্তব্য রেখে গেলেন সেটা তিনি আন্তরিক ভাবে প্রকৃত চিত্র তুলে ধরেছেন। তিনি এবাউট জেনারেসান সম্বন্ধে যে কথা বলে গেলেন সেটা আমি পুনরাবৃত্তি করতে চাই না। শুধু আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলবো দেশের মঙ্গলে যদি বিদ্যুৎ একটা বড় অংশ নেয়, এই যদি ধারনা থাকে তাহলে আপনি বিদ্যুতের দিকে নজর দিন, রাজনীতির দিকে কম নজর দিন।

[6.30—6.40 P. M.]

এটা ঘটনা যে ইউনিয়নের রাইভ্যালরি বা ইউনিয়নগুলির মধ্যে দ্বন্দ্বের জন্য

আজকে পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন ক্রমশঃ কমে যাচ্ছে। আপনি নিজেই আপনার বক্তব্যের মধ্যে স্বীকার করেছেন যে আপনার বিশেষ ক্ষমতা নেই বিদ্যুৎ উৎপাদন বাড়াবার। আমি আপনাকে বলি, আপনার যতটুকু ক্ষমতা আছে, তাকে ঠিকমত ব্যবহার করার চেষ্টা করুন। ১৯৫১ সালে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ভারত-বর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান ছিল প্রথম। ১৯৮২-তে সেই পশ্চিমবাংলার স্থান চলে গিয়েছে ষষ্ঠ থেকে সপ্তম স্থানে। কি কারণে আজ এই অবস্থা? কারণগুলি অবশ্য মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে স্বীকার করেছেন, হিসাবটা আপনি সেখানে রেখেছেন। কি কারণে পশ্চিমবাংলার এই অবস্থা সে কথা মাননীয় ভক্তিবাবু বলে গেছেন। আপনি নিজে জানেন, পশ্চিবাংলার বিদ্যুৎ বিভাগে যে সমস্ত কর্মীরা আছেন—স্পেশ্যালি জেনারেশান চার্জে যাঁরা আছেন, তাঁরা সকলে আপনার পার্টি'র সমর্থক নন। হাইডেল প্রজেক্টে যাঁরা আছেন, তাঁরা সকলে আপনার দলের সমর্থক হয়ত না হতে পারেন, কিন্তু আমরা জানি—তাঁরাও চান বিদ্যুতের এই অবস্থা দূর হোক, পশ্চিমবাংলার উন্নতি ঘটুক, বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি তাঁরা চান। তাঁরা চান বিদ্যুতের মাধ্যমে কৃষির উন্নতি হোক। আপনি তা সত্বেও তাঁদের অপরাধী হিসাবে দেখছেন। কারণ তাঁদের একমাত্র অপরাধ তাঁরা সবাই সি. পি. এম.কে ভালবাসেন না, তাঁদের অপরাধ আলিমুদ্দিন ষ্ট্রীটের পলিসিকে তাঁরা ভালবাসেন না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হচ্ছে একটা অটনোমাস বডি, আমাদের আমলেও এটা অটনোমাস বডি হিসাবে ছিল। আমাদের আমলে এটাকে প্রাকটিক্যালি অটনোমাস বডি হিসাবে গণ্য করতাম, তার একটা স্ট্যাটাস—অটনোমাস বডিতে যে ভাবে থাকা দরকার, তা তখন ছিল। আমাদের আমলের কথা আপনার অজানা নেই। বর্তমানে তা আর নেই। তা যদি থাকতো, তাহলে আপনার নির্দেশে সেখানে ১৩ জন কর্মচারী অকারণে বরখাস্ত হতেন না। সম্পূর্ণ বিনা কারণে তাঁরা কখনই বরখাস্ত হতে পারতেন না। তাঁদের একটাই অপরাধ—তাঁরা সি. পি. এম. করেন না। আমি আপনাকে অনুরোধ করব, দেশের স্বার্থে—বিশেষ করে পশ্চিম বাংলার দিকে তাকিয়ে আপনি রাজনীতির উর্দ্ধে থাকুন। আগামী দিনে বিদ্যুতের ক্ষেত্রে ভয়াবহ পরিস্থিতির কথা চিন্তা করেছেন, ১৯৮৯ সালে অবস্থা চরমে যাবে বলে আশংকা প্রকাশ করেছেন। আমি অতদূরে যেতে চাই না। আজকে পশ্চিম বাংলায় বিদ্যুতের যে অবস্থা, মেগাওয়াট ইত্যাদির হিসাব রেখে ডাঃ মানস ভূঁইয়া ও বন্ধুবর ভক্তিবাবু বক্তব্য রেখেছেন। আমি অন্য দিকের পরিসংখ্যান আপনার কাছে তুলে ধরব। আপনাকে আমি অনুরোধ করব—আপনি রাজনীতির উর্দ্ধে বিদ্যুতকে দেখবার চেষ্টা করুন। বিদ্যুৎ উৎপাদনের

ক্ষেত্রে এ্যাকচুয়্যালি জেনারেশান চার্জে যে সমস্ত ফোরম্যান, ইঞ্জিনিয়ারস্ আছেন তাঁরা উপযুক্ত লোক কিনা, জেনারেটিং সেণ্টারে তাঁরা বিদ্যুৎ উৎপাদন করতে পারবেন কিনা সেগুলিই দেখবার চেষ্টা করুন। ব্যাণ্ডেল, সাঁওতালডিহি বা অন্যান্য স্থানে আমাদের স্টেটে যে ইউনিয়ন আছে, তারমধ্যে ২৫ ভাগ কর্মচারী সি. আই. টি. ইউ. এবং ৪৫-৫০ ভাগ কংগ্রেসের—আই. এন. টি. ইউ. সি.'এর অন্তর্ভুক্ত। এ খবর আপনি খুব ভাল ভাবেই জানেন। কিন্তু ম্যানেজমেণ্টের নিয়ম কি? ম্যানেজমেণ্ট যদি প্রডাকশান চায়, তখন তাদের পক্ষে উচিত হবে উভয়পক্ষের লোকদের ডেকে, তাদের সঙ্গে মিষ্টি ব্যবহার করে একটা বোঝাপড়ায় আসা। কিন্তু আমরা কি দেখি? আমরা দেখি, আপনি ব্যাণ্ডেলে যাবেন, সেখানকার ২৫ ভাগ কর্মচারী আপনার দলভুক্ত তাদের ডাকেন। অর্থাৎ কর্মীদের একাংশকে ডেকে আপনি পরামর্শ করেন। এই ভাবে কি কখনও সমস্যার সুরাহা হতে পারে? ডেপুটী স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে একটা সাজেস্শান রাখতে চাই। জানি না, উনি সে পরামর্শ নেবেন কিনা। আপনি জানেন, জেনারেশান বাড়াবার ক্ষমতা আপনার আপাতত নেই। যে পরিমাণ পাওয়ার আপনার আছে, তার প্রপার ডিস্ট্রিবিউশান করার জন্য রেশনিং করতে পারেন কিনা একবার চিন্তা করে দেখুন। মনে করুন, পি. জি. হাসপাতালে রাত্রিবেলাতে একটা সিরিয়াস অপারেশান হবে—হার্টের সিরিয়াস অপারেশান হবে—সেখানে ওখানকার ডাক্তারবাবুরা যদি আগে থেকে জানতে পারেন যে আমাদের এলাকা আজকে অন্ধকার থাকবে, তখন তিনি আগে থেকে সতর্ক হতে পারবেন, অপারেশানে তিনি হাত দেবেন না। এখন আমরা কি দেখছি? আমরা সব জায়গাতে শুনছি—মানুষ বলছে—এখন লোড শেডিং চলছে, কখন পাওয়ার আসবে বলতে পারি না, একমাত্র ভগবানই তা বলতে পারেন। আপনি বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী, পশ্চিম বাংলার মানুষের কাছে আপনি ভগবান, আপনি আমার সাজেসান মত এই সিস্টেম চালু করুন। আপনি আগে থেকে জানিয়ে দিন যে, এই এলাকায় আজ লাইট থাকবে না। নোটিশ দিন মানুষকে, আজকে এই এলাকায় পাওয়ার থাকবে, ঐ এলাকায় থাকবে না—পশ্চিম বাংলার এই ঘরে এতক্ষণ পাওয়ার থাকবে না, ঐ এলাকায় থাকবে। আপনার হাতে যতক্ষণ পর্যন্ত পর্যাপ্ত পাওয়ার না আসছে, ততক্ষণ পর্যন্ত চিন্তা করে দেখুন, রেশনিং ব্যবস্থা চালু করতে পারেন কি না। রেশনিং ব্যবস্থা তো কংগ্রেসীরা করে গেছেন। আপনি হয়ত এ ব্যবস্থাকে সমর্থন করতে পারবেন না। কিন্তু যতক্ষণ পর্যন্ত অন্য উপায় কিছু আপনার হাতে নেই, ততক্ষণ পর্যন্ত রেশনিং'এর সিস্টেম করুন।

আপনারা নিউ সিসটেমের কথা চিন্তা করবেন। মাননীয় মন্ত্রীমহাশয় আপনার কাছে একটি কথা বলি, জেনারেশানের অনেক কথা আলোচনা হয়েছে আপটু ইয়োর মাক্সিমাম স্যাটিশফেকশান। আপনার হয়তো টু থাউসেণ্ড মেগাওয়াট বিদ্যুৎ পশ্চিমবঙ্গে দরকার। আপনার টোটাল টু থাউসেণ্ড মেগাওয়াট ক্যাপাসিটি। কিন্তু জেনারেশান করে কি পশ্চিমবঙ্গের সমস্যার সমাধান করতে পারবেন Without distribution system. আপনার পশ্চিমবঙ্গে due to bad programme in distribution system—এটা একটা হ্যাপাজার্ড সিসটেম। আপনারা ডিষ্ট্রিবিউশান করছেন, ইনষ্টলেশানে আজকে ট্রান্সমিশান লাইন নেই। ডি. ভি. সি. ৯০ মেগাওয়াট পাওয়ার দিতে চাইছে, কিন্তু আপনারা ভয়ে সেই পাওয়ার দিচ্ছেন না। ফলে ২০০ মেগাওয়াট পাওয়ার আজকে দরকার হচ্ছে, Is there any plan, programme in your distribution system. আপনারা কিভাবে ট্রান্সমিশান লাইন নিয়ে কাজ করবেন? আপনারা এটা কোনভাবেই ক্যাচ করতে পারবেন না। ডি. পি. এল. থেকে যে জেনারেশান, ম্যাকসিমাম জেনারেশান করে যে বিদ্যুৎ পাওয়া যায় তার জন্য যথেষ্ট সংখ্যক ট্রান্সমিশান লাইন পর্যন্ত নেই যাতে এই বিদ্যুৎকে এ্যাকসেপ্ট করা যায়। ডিষ্ট্রিবিউশান ইন দি ক্যালকাটা সিসটেম এবং ডিষ্ট্রিবিউশান, ওয়েষ্ট বেঙ্গল এবং আদার সিসটেমে দেয়ার ইজ নো প্ল্যান, প্রোগ্রাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে, পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার কোন বাস্তব চিত্র তো আপনারা দেখাতে পারছেন না এবং কোনদিন পারবেনও না এবং একথা অনস্বীকার্য যে, পশ্চিমবঙ্গের বিদ্যুৎ সমস্যা দিনের পর দিন চরম থেকে চরমতর হচ্ছে। এখানে নতুন কোন শিল্প স্থাপন হচ্ছে না। পশ্চিমবঙ্গে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং রিভার লিফট্ ইরিগেশান যেগুলি কংগ্রেস আমলে এষ্ট্যাব্লিশ হয়েছিল ডিউ টু পাওয়ার সর্টেজ সেগুলি চলছে না। আমি এগ্রিকালচার মিনিষ্টারকে সাজেশান দিয়েছিলাম যে, পাওয়ার সর্টেজের জন্য আজকে ডিপ টিউবওয়েল, রিভার লিফট্ ইরিগেশান অকেজো হয়ে পড়েছে। বিদ্যুৎ বিভাগ কেন সাবসিডি দিয়ে জেনারেটার কিনে জেনারেশান সিসটেমকে বাড়াচ্ছেন না? বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে সাবসিডি দিয়ে ডিপ টিউবওয়েল, রিভার লিফট্ ইরিগেশান এনারজাইস করুন। আপনারা সাবসিডি দিয়ে যে বিদ্যুৎ জেনারেট করছেন তার একটা পরিসংখ্যান আমি আপনাদের কাছে দেখাচ্ছি। ইকোনমিক রিভিউতে উনি নিজেই পারসোন্যালি স্বীকার করেছেন যে, পশ্চিমবাংলায় কোল প্রোডাকশান একেবারে কমে যাচ্ছে Not for other reason but only for the reason of power crisis, that is in the Economic Review.

আজকে কোল প্রোডাকশান একেবারে কমে যাচ্ছে পাওয়ার ক্রাইসিসের জন্য। কংগ্রেস রাজত্বে আর আপনাদের বামফ্রন্ট সরকারের আমলে কত প্রোডাকশান কমে গেছে এখানে ইকোনমিক রিভিউ দেখলেই বোঝা যাবে। ইকোনমিক রিভিউ যদি দেখেন তাহলে দেখবেন ১৯৭৭ সালে হেল্‌থ সেণ্টার এনারজাইস করেছেন ৩৬৭টি এবং এই ৬ বছরে আপটু ১৯৮২ মাত্র ২৩টি হেল্‌থ সেণ্টারে পাওয়ার দিতে পেরেছেন। আর বাকী হেল্‌থ সেণ্টারগুলিতে দেয়ার ইজ নো পাওয়ার। এর সল্যুশান আপনারা কি করছেন? আপনারা ডিপ টিউবওয়েলের কথা বলেছেন—১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস আমলে আপনাদের মন্ত্রিসভার আগে পর্যন্ত ২৩৪৭টি ডিপ টিউবওয়েল এনারজাইস হয়েছিল। ১৯৬৯-৭০ বাদ দিয়ে ১৯৭৭ সাল পর্যন্ত অর্থাৎ এক বছর এর থেকে বাদ দিয়ে যে সময়ে আপনাদের মন্ত্রিসভা ছিল সেটা বাদ দিয়ে ডিপ টিউবওয়েল এনারজাইস হয়েছিল ২৩৪৭টি। ১৯৮২ সালে এই বামফ্রন্ট সরকারের যোগ্যতার ফলে মাত্র ৩৮৭টি নতুন ডিপ টিউবওয়েল এনারজাইস করতে সক্ষম হয়েছেন। ইকোনমিক রিভিউ যেটা দিচ্ছে সেটা থেকে দেখা গেছে ১৯৭৭ সাল পর্যন্ত ৭৮০টি রিভার লিফট্ এনারজাইস হয়েছে, আর আপনাদের আমলে অনলি ১৮৬ ইন থিয়োরী। আপনাদের ইকোনমিক রিভিউ যেটা দিচ্ছে সেটা থেকে আমি বলছি।

(**শ্রীকৃপা সিন্ধু সাহা**ঃ আপনি কি ইকোনমিক রিভিউ দেখে বলছেন?)

ইয়েস, আমি ইকোনমিক রিভিউ থেকে বলছি। প্র্যাকটিক্যালি থিয়োরীতে দেখা গেছে আপনাদের জমানাতে কোন নতুন হেল্‌থ সেণ্টারে বিদ্যুৎ পৌঁছায় নি। আমাদের আমলে যে ১২৩টি হেল্‌থ সেণ্টারে বিদ্যুৎ দিয়েছিলাম সেটাই এখনো চলছে, আপনারা কোন বিদ্যুৎ দিতে পারেন নি। আপনাদের পরিকল্পনা নীল। আপনাদের পারফরমেন্স্ নীল। ডিপ টিউবওয়েলের ব্যাপারে আপনারা কিছু করতে পারেন নি যেটা গ্রামেগঞ্জে ভীষণভাবে প্রয়োজন। মানুষ আজকে জলের জন্য হাহাকার করছে, আপনারা তার কি ব্যবস্থা করেছেন?

[6.40—6.50 P. M.]

ডাকাত এবং খুনীর জাত হিসেবে আপনাদের ভয়ে ভক্তি করে। কিন্তু পশ্চিমবাংলার চাষীরা বলবে বিদ্যুৎ পৌঁছায় নি। এই অপ্রিয় সত্য কথা আপনারা শুনতে চান না। বিদ্যুতের সমালোচনা করে যখন বক্তৃতা রাখছিলাম তখন সরকার পক্ষের সভ্যরা আমাকে বাধা দিচ্ছিলেন। এতে কি পশ্চিমবাংলার মানুষ

আপনাদের অভ্যর্থনা করবে? আপনাকে অনুরোধ করব আপনি উভয় পক্ষের ইউনিয়নের মেম্বারদের ডাকুন। কোলাঘাটের জন্য যে ৯০ কোটি টাকার ব্লু-প্রিণ্ট করা হয়েছিল সেটা এখন ৩০০ কোটি টাকায় হবে কি না জানি না। পলিটব্যুরোর কোন ভাইকে দেয়া হয়েছে বলে ৩০০ কোটি টাকা লাগছে। এর মাধ্যমে আপনারা আলিমুদ্দিন ষ্ট্রীট এয়ারকণ্ডিশান করুন আপত্তি নেই। কিন্তু পশ্চিমবাংলার ৫ ভাগ মানুষের উপকার করে ৯৫ ভাগ ভোগ করুন আপত্তি নেই। আমার সাজেশান হচ্ছে আপনি বিভিন্ন জেনারেশান সেণ্টারে গিয়ে উভয় পক্ষের মেম্বারদের ডেকে তাদের কাছে আপীল করুন। ১৯৭৮ সালে যে বন্ধু স্যাবোটেজ করতে যাচ্ছিল আই. এন. টি. ইউ. সি., এন. এল. সি. সি.-র বন্ধুরা তাকে হাতে নাতে ধরে থানায় জমা দিলে আপনারাই উপর থেকে ফোন করে তাকে ছাড়িয়ে আনেন। সেই বন্ধু সি. পি. এম. কিনা আপনি বলবেন? জ্যোতিবাবুর সংগে প্রমোদবাবুর গোলমালের জন্য ভগ্নীপতি লেবার মন্ত্রীকে দিয়ে এ কাজ করান হয়েছিল। আপনি উভয় পক্ষের মেম্বারদের ডেকে আপীল করুন কিভাবে জেনারেশান বাড়ান যায় এবং তাদের মতামত নিন। আমি কুলজিয়ান কোম্পানীর কথা বলি। আপনারা একে তো ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। তাকে আবার ডেকে আনছেন এক্সপার্ট ওপিনিয়ন নেবার জন্য। কুলজিয়ানকে খালি ডাকলে হবে না, আপনাদের যারা এক্সপার্ট আছে সেই সব অফিসার, ইনজিনিয়ারদের প্রাধান্য দিন। আপনি পার্টির কথা ছেড়ে দিয়ে পশ্চিমবাংলার মানুষের কথা চিন্তা করুন। বিদ্যুৎমন্ত্রী হিসেবে আপনি তাদের কাছ থেকে সাজেশান নিন কিভাবে জেনারেশান বাড়ান যায়, কিভাবে ডিসট্রিবিউ-শানের মাধ্যমে, ট্রান্সমিশানের মাধ্যমে কলকাতা ও গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেয়া যায় এবং কিভাবে ডিপ টিউবওয়েল, রিভার লিফট ইরিগেশান ও শিল্পের ক্ষেত্রে বিদ্যুৎ দেয়া যায়। ডিকটেটারশিপ মনোভাব নিয়ে তাদের সংগে পরামর্শ না করে বন্ধু ভাবে তাদের সংগে আলোচনা করুন। এ যদি করেন তাহলে কিছুটা চাঁদের মুখ মেঘের আড়াল থেকে দেখা যাবে।

আমার বিশ্বাস সম্পূর্ণ সূর্যোদয় পশ্চিমবঙ্গের মানুষ দেখবে না আপনারা যতদিন আছেন, পশ্চিমবঙ্গের মানুষ দেখবে মেঘের আড়ালে চাঁদ উঁকি দিচ্ছে। আপনি রাজনীতির উর্ধ্বে উঠে সমস্ত কর্মীদের সমান মর্যাদা দিয়ে জেনারেশান, ডিষ্ট্রিবিউশান, ট্রান্সমিশানকে একটা সিসটেমেটিক প্রোগ্রামে এনে আগামী দিনে পশ্চিমবঙ্গের জন্য কিছু করুন। আপনার এই বাজেট পশ্চিমবঙ্গের মানুষের বিগত ৬ বছর কোন উপকারে লাগেনি এবং আগামী যে কয়দিন আপনারা আছেন সে কয়দিন পশ্চিমবংগের মানুষের কোন উপকার হবে কিনা সন্দেহ আছে। আজকে যদি

পশ্চিমবংগে অন্ধকার না থাকত তাহলে এই বাজেটকে আমি সমর্থন করতাম। কিন্তু আজ যদি এই বাজেটকে সমর্থন করি তাহলে আমার নির্বাচন কেন্দ্রের মানুষ যাঁরা বার বার এই ক্ষুদ্র ব্যক্তিকে নির্বাচিত করে পাঠিয়েছেন তাঁরা আমাকে ছুঁড়ে ফেলে দেবেন, তাই এটাকে সমর্থন করা যায় না, এই বাজেটের আমি বিরোধিতা করি। তবে আগামী দিনে পশ্চিমবংগে সূর্যের আলোর উদয় হোক এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষের সদস্যরা বিশেষ করে মাননীয় সুনীতি চট্টরাজ, মানস ভুঁইয়া যাঁরা বক্তব্য রেখেছেন তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে, কিছুদিন আগে কেন্দ্রীয় বিদ্যুৎ-মন্ত্রী কলকাতায় এসেছিলেন এবং একটা সাংবাদিক সম্মেলনে তিনি স্বীকার করেছিলেন যে, শুধু পশ্চিমবঙ্গ নয়, সমগ্র পূর্বাঞ্চল বিদ্যুতের দিক থেকে দীর্ঘদিন উপেক্ষিত হয়েছে, ডিপ্রাইভড হয়েছে এবং তিনি স্বীকার করেছিলেন যে, সমগ্র পূর্বাঞ্চলে পাওয়ার ফেরিন বিরাজ করছে। কেন্দ্রের যে অনুসৃত নীতি সেই নীতির ফলেই পশ্চিমবঙ্গ এবং সমগ্র পূর্বাঞ্চল বঞ্চিত হয়েছে, যার ফলশ্রুতি হচ্ছে যে পশ্চিমবঙ্গ ১৯৫১ সালে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে ছিল, আজ সে ষষ্ঠ স্থানে চলে গেছে। এই রাজ্যে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে কেন্দ্র যে নীতি নির্ধারণ করেছিলেন তার ফলে আজকে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সঙ্কট এবং আমাদের বিদ্যুৎ বিভাগের রাষ্ট্রমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে কোন কথা গোপন রাখেন নি, তিনি পরিষ্কারভাবে স্বীকার করেছেন যে, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সঙ্কট আছে এবং সামগ্রিকভাবে যে বিদ্যুৎ সঙ্কট সেই সঙ্কট নিরসনের ক্ষেত্রে গত ৬ বছর নানা পরিকল্পনার মধ্য দিয়েও অগ্রসর হতে পারি নি, আমাদের যে ঈপ্সিত সাফল্য সেই সাফল্য অর্জন করতে পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বক্তৃতায় দেখছিলাম এবং আমাদের মুর্শিদাবাদ জেলাতে রাজ্য সরকারের একটা পরিকল্পনা থাকার ফলে আমি ব্যক্তিগতভাবে কিছুটা ইন্টারেষ্টেড আছি, আমাদের মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর-আজিমগঞ্জে একটা তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কথা ঘোষণা করেছেন রাজ্য সরকার। গত বছর যখন বাজেট উত্থাপন করা হয়, তখন ঘোষণা করা হয়েছিল সাগরদীঘিতে হবে, এখন দেখতে পাচ্ছি জঙ্গীপুর-আজিমগঞ্জে হবে। সেই তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা কেন্দ্রে পাঠান হয়েছে, কেন্দ্র থেকে নানা রকম ব্যাঘাত সৃষ্টি করা হচ্ছে, বলা হচ্ছে কয়লা পরিবহণের অসুবিধা আছে, নানা রকম

টেকনিক্যাল প্রশ্ন তুলে সেখানে বাধা দেওয়া হচ্ছে। রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করলেন, কেন্দ্রীয় সরকার অনুমোদনের ক্ষেত্রে নানা রকম টেকনিক্যাল প্রশ্ন তুলে, কয়লা পরিবহণের অসুবিধার কথা তুলে বাধা সৃষ্টি করছেন। কিন্তু বিহার বা অন্য কোথাও যদি তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হত তাহলে সেখানে কয়লা পরিবহণ বা অন্যান্য টেকনিক্যালের প্রশ্ন উঠত না। সেজন্য একথা মনে রাখা দরকার কিভাবে এই রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতিকে বিপর্যস্ত করার চেষ্টা করা হচ্ছে। এই বাজেট বিবৃতিতে আছে উত্তরবঙ্গ বিদ্যুৎ সমস্যা সমাধানের জন্য ক্রমডাঙ্গিতে একটা তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকার পাঠিয়েছিলেন।

[6.50—7.00 P.M.]

এবং এখান থেকে যে রিপোর্ট গেল সেই রিপোর্ট কেন্দ্রীয় সরকার অনুমোদন করলেন না। রাজ্য সরকারের সমস্ত প্রচেষ্টা বানচাল করবার জন্য কেন্দ্রীয় সরকারের ষড়যন্ত্র থাকে, চক্রান্ত থাকে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একে যদি আমি ষড়যন্ত্র বলি তাহলে মনে হয় আমি ভুল করব না। কোলাঘাটের কথা বলা হয়েছে—নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হতে পারল না। আমি কাগজপত্রে যে-সমস্ত বাধা দেখেছি তার মধ্যে কনট্রাকটরের সমস্যা রয়েছে, তারা নানা রকম ভাবে বিলম্বিত করে দিচ্ছে। এই বিষয়টা আমাদের ভালভাবে দেখা দরকার। যে-সমস্ত কনট্রাকটররা বানচাল করার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার। আর একটা কথা বলতে চাই, আমি দেখছি বিদ্যুতের ক্ষেত্রে প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। অফিসে গেলে দেখবেন বিভিন্ন যে-সমস্ত ইউনিয়ন কাজ করছে তাদের কাজ হল অফিস আওয়ার্সের মধ্যে ফেষ্টুন টানিয়ে শ্লোগান দেওয়া, পোষ্টার লেখা। আমি বিভিন্ন জায়গায় তাদের এই সমস্ত কাজ দেখেছি। নদীয়া জেলার বিভিন্ন জায়গায় রুরাল এমপ্লয়মেন্ট স্কীম নিয়ে যখন গেছি তখন দেখেছি ইঞ্জিনিয়াররা কর্মচারীদের ঔদ্ধত্যে এবং ইউনিয়নের দাপটে পালিয়ে গেছে, তাঁরা কাজ করতে পারছেন না। নেতারা যে পরিবেশ সৃষ্টি করেছে এবং যেভাবে আন্দোলনের কর্মসূচী নেওয়া হয়েছে, আমি মনে করি সেদিকে দৃষ্টি দেওয়া দরকার এবং ইঞ্জিনিয়ারদের কাজের পরিবেশ সৃষ্টি করা দরকার। এই ধরনের আন্দোলনের জন্য সমস্ত কাজকর্ম বন্ধ হয়ে যাবে—এটা হতে পারে না। স্যার, আমি আমার অভিজ্ঞতা থেকে এটা বলছি। মন্ত্রী মহাশয় যদি এগুলি দেখতে অক্ষম হন তাহলে বিভিন্ন সংকট আরও ঘনীভূত হবে। বিদ্যুৎ চুরি একটা সাংঘাতিক ব্যাপার বিভিন্ন জায়গায় এবং কলকারখানায়। গ্রামাঞ্চলে যে বিদ্যুৎ সম্প্রসারিত হচ্ছে সেখানে

বিদ্যুৎ চুরি হচ্ছে। আমি মনে করি অবিলম্বে এর সমাধান হওয়া দরকার। আমি দেখেছি যে-সমস্ত কর্মচারীদের বাড়ী বৈদ্যুতিকরণ করা হয়েছে সেখান থেকে অন্য বাড়ীতে বিদ্যুৎ চলে যাচ্ছে এবং মিটারের কারচুপি হচ্ছে। এগুলি বন্ধ করা দরকার। স্যার, একথা আমাদের স্বীকার করে নিতেই হবে, বিগত বামফ্রন্ট সরকারের যে ৫টি বছর আমরা অতিক্রম করেছি—তাতে গ্রামাঞ্চলের কৃষিক্ষেত্রে বিদ্যুৎ যে প্রয়োজনীয়, সেদিকে দৃষ্টি দেওয়া হয় নি এবং তার ফলে গুচ্ছ প্রকল্প এবং আর. এল. আই.-এর কোন অগ্রগতি হয় নি। যে-সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে সেগুলি ডিজেল চালিত। তিনি স্বীকার করেছেন আর একটা লবি কাজ করছে। তা যদি হয়ে থাকে তাহলে সেই লবি ভেঙ্গে দেবার জন্য কেন ব্যবস্থা নেবেন না? কেন সেখানে আপনি দৃঢ়তা দেখাবেন না? যে-সমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল আছে, গুচ্ছ পরিকল্পনা আছে সেখানে মানুষ জয়ী হয়েছে। আপনি গিয়ে দেখুন যে-সমস্ত জায়গায় এই প্রকল্প গিয়ে পৌঁছেছে সেখানে মাঠ সবুজ হয়েছে, শ্যামল হয়েছে। কিন্তু যেখানে এই প্রকল্প গিয়ে পৌঁছায় নি সেখানে মাঠ মরুভূমির মত খাঁ খাঁ করছে। কাজেই আমি মনে করি অগ্রাধিকারের ভিত্তিতে এর সম্প্রসারণের জন্য ব্যবস্থা করতে হবে। সর্বশেষে বলি তিনি অকপটে যে-সমস্ত কথা বলেছেন এবং সমস্যার কথা বাজেট বিবৃতির মধ্যে বলেছেন তার সমাধান করবার জন্য তাঁকে দৃঢ় হতে হবে। তিনি আর একটা কথা বলেছেন আমাদের দেশে যোগ্য ইঞ্জিনিয়ার থাকা সত্ত্বেও আমাদের বিদেশী সাহায্য নিতে হচ্ছে। আজকে যে এ্যাডভাইসারি বোর্ড রয়েছে তাঁরা দীর্ঘদিন ধরে থাকা সত্ত্বেও কোন পথ দেখাতে পারলেন না। এই যখন অবস্থা তখন সেখানে নূতন সদস্য নেবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এঁদের অপদার্থতা দেশের বিদ্যুৎ সংকট আরও তীব্র করেছে এটা মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন। আমি এই বাজেট সমর্থন করছি এবং ব্যাপক যে ব্যয়-বরাদ্দের দাবি আনা হয়েছে তাকে কার্যকরী করা হবে—এই আশা রেখে বক্তব্য শেষ করছি।

শ্রীতরুণ চ্যাটার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে দু-চার কথা এখানে রাখছি। দীর্ঘক্ষণ এখানে আলোচনা হচ্ছে—তাই আমি কতকগুলি বাস্তব চিত্র রেখে আমার বক্তব্য সীমাবদ্ধ করবার চেষ্টা করবো। প্রথমে ওনারা বলে গেলেন যেভাবে—অর্থাৎ ওনারা এমন একটা চিত্র আঁকবার চেষ্টা করলেন, যেন এই সরকারের আমল থেকেই বিদ্যুৎ সংকট শুরু হয়েছে। তারপর ওনারা আর নেই। কিছু ভেষ্টেড ইন্টারেষ্টেড আছেন, কিছু খবরের কাগজ আছে তারা এটাকে এমনভাবে চিত্রিত

করতে চেষ্টা করছেন যে, এখনই যেন এ্যাকিউট ষ্টেজ হয়েছে। কিন্তু তৎকালীন—১৯৬৩-৬৪ সালে, মিনিষ্টার শঙ্কর দাস ব্যানার্জী বলেছিলেন, 'Acute shortage of power constitutes one of the mayor bottlenecks at present in the field of industrialisation of West Bengal'. তিনি উপলব্ধি করেছিলেন যে, ১৯৬৩-৬৪ সালেতেই এ্যাকিউট বিদ্যুৎ সংকট, চরম বিদ্যুৎ সংকট। তারপর ওনারা তুলনামূলক ভাবে বললেন, এই বিদ্যুৎ সংকট নাকি এখনই হয়েছে। তৎকালীন ষ্ট্যাটিসটিক্যাল এ্যাকাউন্ট আমাদের কাছে আছে, ১৯৫৫ থেকে ১৯৭৭ পর্যন্ত এবং তৎকালীন চেয়ারম্যান ছিলেন বি. এন. ব্যানার্জী। Calcutta, August 9, 1974—'Comparative study of the growth since 1951 : For a couple of years after independence West Bengal continued to be one of the pioneers in the field of power generation in India judging from various angles. In 1951 West Bengal was having 30%, 21% and 22% (approx.) of India's total capacity, generation and consumption of electricity respectively. These figures came down to 10%, 9% and 11% in 1972. In the year 1951, West Bengal was third in India in terms of per capita consumption of electricity. The State has since been relegated to the Sixth position amongst all the States in India. Whereas the capacity and the generation of electricity since 1951 in India had increased by 14 and 11 times respectively. West Bengal could manage to increase its generation and capacity by 6 and 4½ times respectively. অতএব তৎকালীন রিপোর্ট হচ্ছে এই। এখন ৬ষ্ঠ পোজিশন কি করে হলো। এখন কেউ নেই। ওনারা পরামর্শ দিলেন ষ্টেপ নিতে হবে—উত্তেজিত না হতে বললেন, অথচ নিজেরা উত্তেজিত হয়ে বেরিয়ে গেলেন। তাঁরা বললেন সহযোগিতা করবো। কিন্তু তা না করে উত্তেজিত হয়ে উঠে গেলেন। যখন ষ্টেপ নেওয়া হয়েছে, তখন এইসব কথা। এর আগে বলেছিলেন যে, যখন ষ্টেট ট্রান্সপোর্টে চুরি ইত্যাদি হলো কি ষ্টেপ নেওয়া হয়েছে—কি শাস্তি দেওয়া হয়েছে চুরি ইত্যাদির জন্য।

[7.00—7.10 P.M.]

কিন্তু এখানে যখন ধরা হচ্ছে, যখন ষ্টেপ নেবার কথা বলা হচ্ছে তখন ওঁরা উত্তেজিত হয়ে পড়ছেন নিজেরা এবং মন্ত্রীকে উত্তেজিত না হবার জন্য বলছেন। আসল ব্যাপারটা কি? শুধু কি পশ্চিমবাংলা এই এ্যাকিউট ক্রাইসিসে ভুগছে, আসলে কিন্তু তা নয়। আমি ১৯৮২ থেকে '৮৩ সাল পর্যন্ত সারা ভারতের কতকগুলো

বিগ ইণ্ডাষ্ট্রীর, তাদের কতকগুলো ষ্টেটমেন্ট আছে সেই ষ্টেটমেন্ট থেকে বলছি : Severity of the crisis can be assessed from a recent statement of a section of Industrialists which states that during 1982-83 industrial production suffered a loss of twelve thousand crores of rupees due to power shortage. Daily shortfall of Electrical energy all over the country ranges between 20 to 100 million units. অতএব সারা ভারতবর্ষের মধ্যে যখন এই অবস্থা তখন পশ্চিমবাংলা এর থেকে বাদ যাবে তাতো হয় না, কারণ আগেকার যে প্ল্যানিং কমিশন সেই প্ল্যানিং কমিশন থেকে কিভাবে পশ্চিমবাংলাকে ইলেকট্রিসিটি—পাওয়ারের জন্য কি দেওয়া হয়েছে, সেটাতো পরিষ্কারভাবে জানা যাচ্ছে। এছাড়া ওনারা আরও কথা বললেন, ওঁদের মানসবাবু বা সুনীতিবাবু পার্টসের কথা বললেন, কিন্তু পার্টসের ব্যাপারে দেখা যাবে যে, Another important feature which needs be noted in this connection is that not only in the matter of manufacture of precision spare parts of Electrical equipment. অতএব ইলেকট্রিক ইকুইপমেণ্টস—পার্টসের ব্যাপারে তাঁরা নিশ্চয়ই জানবেন যে, আমাদের দেশে যাঁদের এই সম্পর্কে জ্ঞান আছে, পাওয়ার সম্বন্ধে, এক একটা পাওয়ারের পার্টস আনতে গেলে বিদেশ থেকে অনেক সময় ৬ মাস থেকে ৩ বছর লেগে যায়। আমরা জানি ডি. পি. এলের কি অবস্থা। অতএব ৬ মাস থেকে ৩ বছর, আপনাদের আমলে যা হয়েছে—আন এ্যাকাউনটেড পার্টস জমা পড়ে রয়েছে প্রায় এক কোটি টাকারও ওপরে ষ্টোরে। অথচ প্রয়োজনীয় যে পার্টস সেইগুলো আনা হয় নি। আমাদের লেফট ফ্রন্ট গভর্নমেন্ট কি কি ষ্টেপ নিয়েছেন সে সম্বন্ধে বলছি এই যে, by setting up new power projects and also to improve the working of the units already in operation. আমাদের সাঁওতালডিতে ১৯৭০ থেকে ১৯৮৩-তে ২৪০ মেগাওয়াট, গ্যাসটারবাইনে ১০০ মেগাওয়াট, সি. এস. সি. ফাষ্ট ইউনিট টিটাগড়ে ৬০ মেগাওয়াট, ব্যাণ্ডেলে সিক্সথ ইউনিট ২১০ মেগাওয়াট করে টোটাল ৬১০ মেগাওয়াট তৈরী হচ্ছে। ১৯৮৩-৮৪-তে according to C.M.'s budget statement কোলাঘাটে আছে ২১০, ডি. পি. এলে আছে ১১০, সি. ই. এস. সি. ১৮০, জলঢাকা ৮, আর ৫৬০ মেগাওয়াট হবার সম্ভাবনা আছে এবং এই এক বছরের মধ্যে আপনারা যেটা দেখিয়েছেন, আপনারা বলেছেন শর্টফল—আমি শুধু বলছি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে পশ্চিমবাংলায় কম। আমি একটা ষ্টেটমেন্ট এখানে দিচ্ছি সেটা হচ্ছে এই আমাদের রাজ্যসভার সদস্যা কনক মুখার্জী তিনি মিনিষ্টার অফ এনার্জিকে প্রশ্ন করেছিলেন : Will the Minister of Energy be

pleased to state the details of the restrictions in force, at present, on use of power, state-wise and Union territory-wise ? Parliament. তার উত্তরে আপনাদেরই মন্ত্রী যা বলেছেন সেটা এখানে বলছি যে, দিল্লী পিক পিরিয়ড রেসট্রিকশন ১০ পারসেণ্ট Harayana—Nil to 70%, 5½ hrs. to 8 hrs. J. & K. 40% and peak period restriction on industries, U. P. peak period restrictions. পাঞ্জাবের ৫০ পারসেণ্ট রেসট্রিকশনের কথা বলা আছে, রাজস্থানে ৫ থেকে ৭ ঘণ্টা রেসট্রিকশনের কথা বলা আছে।

গুজরাটে ২৫ থেকে ৫০ ঘণ্টা, আর ওয়েষ্ট বেঙ্গলে ১৫% মাত্র রেসট্রিকশন হয়েছে। আর এই রেসট্রিকশন ওঁরা যেভাবে করেছিলেন সেটা ভাল করেই জানেন। ওঁরা রবিবার কারখানা ফোর্সফুলি বন্ধ করে দিয়েছিলেন, অফ ডে চালু করে দিয়েছিলেন। ফলে প্রতিটি কারখানায় প্রোডাকশন খুব বেশী কার্টেল হয়েছিল, যা আজকে নেই এবং সেখানে বহু ম্যান পাওয়ার নষ্ট হয়েছিল। লক আউট হয়েছিল অনেক বেশী। আমরা সেটা কমিয়ে এনেছি। এখন সেখানে ম্যান পাওয়ার নষ্ট হচ্ছে না। ইলেকট্রিসিটির জন্য এবং এটা আমরা করতে পেরেছি। মন্ত্রী মহাশয় তাঁর ষ্টেটমেণ্টের মধ্যে বলেছেন, কোথায় কোথায় কি ত্রুটি আছে সেগুলি খুঁজে বের করার চেষ্টা করছেন এবং সেই বিষয়ে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করবেন। ওঁরা বলেছেন এই ভাবে জুলুম করা চলবে না। এটা ক্রিয়েটেড জুলুম। আপনারা জরুরী অবস্থা জারি করে কি করেছিলেন ? আমরা সেই সময় ডি. পি. এল -এ গিয়েছিলাম এবং উইদাউট মেনটিনেন্স কাজ হয়েছে, এটা আমরা দেখেছি। মেনটিনেন্সের অভাবে ডি. পি. এল.-এর অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে গিয়েছিল। ফলে পাওয়ার ফেলিওর হতে বাধ্য। এক বছর অন্তর মেনটিনেন্সের ব্যবস্থা করতে হয়। কিন্তু তা করা হয় নি। ফলে মেশিনগুলি একেবারে ঝরঝরে হয়ে গেছে। সেই ঝরঝরে মেশিনারি পার্টস কাজে লাগিয়ে আমরা ৬১০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছি। আমরা ৬টি প্রজেক্ট দিয়েছি। সেগুলি এখন পর্যন্তও স্যাংসান্ড হয়ে আসেনি। সেন্ট্রাল গভর্নমেণ্ট পারমিশন দিচ্ছে না। জয়ন্ত বিশ্বাস একটু আগে বলে গেলেন যে, কেমন করে কেন্দ্রীয় সরকার বাগড়া দিচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যয়-বরাদ্দ পেশ করে যে ষ্টেপ নেওয়ার কথা বলেছেন সেটা অত্যন্ত সঠিক এবং সময়োচিত হয়েছে। এই ভাবে ষ্টেপ নিয়ে সুষ্ঠু পরিচালনা করার চেষ্টা করলে নিশ্চয় উৎপাদন অব্যাহত থাকবে এবং উল্লেখযোগ্য ভাবে আমরা উৎপাদন বাড়াতে সক্ষম হব। তার মানে এই নয় যে, সারা ভারতবর্ষে পাওয়ারের কোন সর্ট ফল থাকবে না। সারা

ভারতবর্ষে সর্ট ফল থাকবে এবং পশ্চিমবঙ্গেও সর্ট ফল থাকবে। কারণ সারা ভারতবর্ষে পরিকল্পনা যেভাবে নেওয়া হয়েছে তাতে এই সর্ট ফল থাকবে। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকার: এই ডিপার্টমেন্টের জন্য ৭·১৬ মিনিট পর্যন্ত টাইম বরাদ্দ ছিল এবং এই টাইমের মধ্যে আলোচনা শেষ হবে বলে মনে হচ্ছে না। কেননা এখনো মন্ত্রীর জবাবী ভাষণ বাকি আছে। সেই জন্য আমি আরো আধ ঘণ্টা সময় আপনাদের কাছ থেকে চেয়ে নিচ্ছি। আশা করি আপনারা এতে কেউ আপত্তি করবেন না। অতএব সকলের সম্মতিক্রমে আমি আরো আধ ঘণ্টা সময় বাড়িয়ে দিলাম।

শ্রীপ্রবীর সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কংগ্রেসী বন্ধুরা বলতে চাইলেন যে, এই বিদ্যুৎ সংকটের জন্য বামফ্রন্টের লজ্জিত হওয়া উচিত। কিন্তু আপনি ইতিহাসটা লক্ষ্য করলে দেখতে পাবেন যে, কংগ্রেস দলের অপদার্থতার জন্যই আজকে আমরা একটা গভীর সংকটের মধ্যে এসে পড়েছি। ওঁদেরই আজকে লজ্জিত হওয়া উচিত। কিন্তু আমরা জানি কংগ্রেসের কোন লজ্জা বলে কিছুই নেই। তাঁদের লজ্জা বলে যদি কিছু থাকে তাহলে অন্ততঃ নিজেরা একটু চুপ করে থাকবেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এক নয়া পয়সাও এই বিদ্যুতের জন্য পশ্চিমবঙ্গে খরচ করা হয় নি। তখন যাঁরা মন্ত্রিত্ব করতেন তাঁরা এর জন্য কোন প্রতিবাদ পর্যন্ত করেন নি। ১৯৬৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই দীর্ঘ সময় ধরে তাঁরা পশ্চিমবঙ্গে এক মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার ব্যবস্থা করেন নি। এক মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের কোন প্রচেষ্টাও চালান নি। ১৯৬০-৬১ সালে আমরা প্রথম ছিলাম, আর আজকে কেন পঞ্চম, ষষ্ঠ হয়েছি—ওঁরা এই প্রশ্ন করেছেন। এর জন্য ওঁদের লজ্জিত হওয়া উচিত। ওঁরাই আজকে পশ্চিমবঙ্গকে একটা গভীর সঙ্কটের মধ্যে নিয়ে এসেছেন।

[7.10—7.20 P.M.]

দিল্লীতে তাঁদের যে সরকার ছিলেন এবং তাঁদের যে-সব নেতারা ছিলেন তাঁদের তাঁরা জো হুজুরি করেছেন, মোসাহেবি করেছেন এবং এখনও করছেন। দিল্লীর

সরকারের টাকায় ১৯৫১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত এই ২০ বছরে গুজরাটে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে ৫১৯ শতাংশ, মহারাষ্ট্রে উৎপাদন বেড়েছে ৫২৫ শতাংশ, উত্তরপ্রদেশে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে ৫৭০ শতাংশ, পাঞ্জাবে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে ১ হাজার ৭৪ শতাংশ, তামিলনাড়ুতে বেড়েছে ১ হাজার ১৭১ শতাংশ, আর পশ্চিমবাংলায় সেখানে বেড়েছে ১২২ শতাংশ। কেন্দ্রীয় সরকার এই পশ্চিমবাংলাকে এবং পূর্বাঞ্চলকে ধ্বংস করার জন্য, রাজনৈতিকভাবে এবং অর্থনৈতিক-ভাবে অগ্রসর এই এলাকাকে ধ্বংস করার জন্য পরিকল্পনা করে যখন এখানে বিদ্যুৎ উৎপাদন বাড়ান নি তখন আমরা দেখেছি পশ্চিমবাংলার যাঁরা মুখ্যমন্ত্রী ছিলেন এবং কংগ্রেস নেতারা ছিলেন তাঁরা গদি রাখার জন্য জো হুজুরি করেছেন, কোন কথা বলেন নি। কাজেই লজ্জিত যদি হতে হয় তাহলে তাঁদেরই হওয়া উচিত, আমাদের নয়। তাঁরা যে পাঁক সৃষ্টি করে রেখে গিয়েছিলেন আমরা সেটা পরিষ্কার করছি। স্যার, শুধু তাই নয়, আমরা মনে করি আজ ভারতবর্ষের চারিদিকে যে বিচ্ছিন্নতাবাদ এবং প্রাদেশিকতা মাথা চাড়া দিয়ে উঠেছে তার জন্য এই কংগ্রেস দল এবং কেন্দ্রীয় সরকারই দায়ী। স্যার, বিদ্যুতের ব্যাপারে আপনি যদি দেখেন তাহলে দেখবেন কিভাবে পক্ষপাতিত্ব করা হয়েছে। পাঁচসালা পরিকল্পনায় উত্তরাঞ্চলে বিদ্যুৎ বেড়েছে ২ হাজার ৩৭০ মেগাওয়াট, দক্ষিণাঞ্চলে বেড়েছে ১ হাজার ৬০০ মেগাওয়াট, পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে ২ হাজার ২০০ মেগাওয়াট, আর সেখানে পূর্বাঞ্চলে—বিহার, উড়িষ্যা, পশ্চিমবঙ্গে এত কম টাকা দেওয়া হয়েছে যে, তাতে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে মাত্র ১ হাজার মেগাওয়াট। এই পক্ষপাতিত্বের জন্য বিভিন্ন যে বিভেদকামী দল বা শক্তি আছে তাদের সুবিধা হচ্ছে। এই সুবিধা সৃষ্টি করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস দল। স্যার, অল্পদিনের জন্য মাঝখানে পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার হয়েছিল। সেই সময়কার মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখার্জী, তিনি এখানে বিদ্যুৎ শিল্প গড়ার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধীকে চিঠি দিয়েছিলেন। শ্রীমতী গান্ধী সেই চিঠির উত্তরে বলেছিলেন, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ শিল্পের দরকার নেই, কারণ সেখানে ডি. ভি. সি. আছে এবং আমরা সেখানে ন্যাশানাল গ্রীড করে দেব। যদি পশ্চিমবঙ্গের বিদ্যুতের দরকার হয় তাহলে দক্ষিণ ভারত থেকে বিদ্যুৎ আসবে। তখনকার কংগ্রেস বন্ধুরা এব্যাপারে যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করেন নি, তাঁরা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে সমর্থন করেছিলেন। এইসব কাজ যাঁরা করেছিলেন, আজকে তাঁরা লজ্জা পাবেন না তো কি আমরা লজ্জা পাব? তারপর স্যার, ডি. ভি. সি. হবার পর সেখানকার বিদ্যুতের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হল রেল, কয়লাখনি এবং লৌহ শিল্পকে, কিন্তু

পশ্চিমবঙ্গের মূল যে চট শিল্প এবং ইঞ্জিনীয়ারিং শিল্প তাদের অগ্রাধিকার দেবার কথা কেন্দ্রীয় সরকার বললেন না। সেই সময় আমরা প্রতিবাদ করেছিলাম। সেদিন যাঁরা এইসব কাজ করেছিলেন আজকে তাঁরা বলছেন, তাঁরা লজ্জিত নন, লজ্জিত আমরা। তারপর স্যার, গ্রামীণ বিদ্যুতের ব্যাপারে এঁরা অনেক কথা বললেন। স্যার, আপনি শুনলে অবাক হবেন যে, ১৯৫১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ২৬ বছরে কংগ্রেস আমলে মাত্র ৩৩ শতাংশ মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। তাও আপনারা জানেন একটা পোল গেল, আর একটা আলো জ্বললো এতেই বৈদ্যুতিকরণ হয়ে গেল এবং সেই সময় সর্বভারতীয় ক্ষেত্রে প্রায় ৪২ শতাংশ মৌজায় বিদ্যুৎ চলে গেছে এবং পাঞ্জাব, হরিয়ানায় সেই সময় ৬০/৭০ ভাগ গ্রাম বা মৌজায় বিদ্যুৎ চলে গেছে। বিরোধীপক্ষ আজ বড় বড় কথা বলছেন, কিন্তু সেদিন তাঁরা পশ্চিমবাংলায় কি কাজ করেছিলেন? সুনীতিবাবু বললেন, এখানে আমরা ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ দিতে পারছি না। আমি বলছি, পশ্চিমবাংলায় এমন একটাও ডিপ টিউবওয়েল নেই, যেটা বিদ্যুতের অভাবে চলছে না, বরং খরার সময় পশ্চিম-বাংলায় বিদ্যুৎ পর্ষদ বহু ডিপ টিউবওয়েল, আর. এল. আই.-এর বৈদ্যুতিকরণ করেছে এবং আমি সেগুলো দেখিয়ে দিতে পারি। আজকে বড় বড় কথা বললে হবে না, কি ভাবে ওঁরা পশ্চিমবাংলাকে জাহান্নামে পাঠিয়েছে সেটা আমরা দেখছি। স্যার, কতগুলি পাম্পসেটের বৈদ্যুতিকরণ করা হয়েছে তার একটা হিসেব আমি দেখেছি এবং তাতে দেখছি—পশ্চিম বাংলায় ২৫ হাজার ৬৫০, বিহার ১ লক্ষ ৫২ হাজার, হরিয়ানা ১ লক্ষ ৩ হাজার, পাঞ্জাব ২ লক্ষ ৬২ হাজার, উত্তরপ্রদেশ ৩ লক্ষ ৭২ হাজার, মহারাষ্ট্র ৬ লক্ষ, তামিলনাড়ু ৮ লক্ষ ৭৮ হাজার। যাঁরা এরকম অবস্থার সৃষ্টি করেছেন, যাঁরা গ্রামে এবং পাম্পসেটের বৈদ্যুতিকরণের ক্ষেত্রে এত গাফিলতি করেছে তাঁদের কথা বলা উচিত নয়। এইসব রাজ্যেও তো কংগ্রেসী রাজত্ব চলেছে। ১৯৮১ সালের সেনসাস্ অনুসারে জনসংখ্যার দিক থেকে পশ্চিমবাংলা চতুর্থ স্থানে রয়েছে এবং বিদ্যুৎ কত লোক পেয়েছে সেটা আপনাদের কাছে বলছি। যাদের আমরা কনজিউমার বলি পশ্চিমবাংলায় তাদের সংখ্যা হল ১১ লক্ষ, অন্ধ্রপ্রদেশে ২০ লক্ষ, গুজরাট ২১ লক্ষ, কর্ণাটক ২০ লক্ষ, কেরালা ১২ লক্ষ, মহারাষ্ট্র ২৮ লক্ষ। এবারে দেখুন পশ্চিমবাংলায় কনজিউমারের সংখ্যা কত কম। এঁরা বিদ্যুৎ নিয়ে ছেলেখেলা করেছেন, বিদ্যুতের টাকা নিয়ে নয়-ছয় করেছেন। আমরা জানি, এঁরা গ্রামে বিদ্যুতের নাম করে ২টি পোস্ট বসিয়ে দিয়ে বৈদ্যুতি-করণের কাজ শেষ করেছেন। এঁরা বিদ্যুতের নাম করে কনট্রাকটরদের পেট ভরিয়েছেন এবং টাকা নিয়ে ছেলেখেলা করেছেন। অথচ আপনারাই দেখলেন,

আমাদের এখানে কনজিউমারের সংখ্যা কত কম। সুনীতিবাবু গ্রামের কথা বললেন এবং এই যে ১১ লক্ষ বললেন তার শতকরা ৫০ ভাগ এই কলকাতা এবং পশ্চিমবাংলার শহরগুলিতে রয়েছে। অথচ এখানে গ্রামে যে জনসংখ্যা সেটা প্রায় শতকরা ৭০ ভাগ। সুনীতিবাবু আরও বললেন, আমরা গ্রামে বিদ্যুৎ কিছু বাড়িয়েছি কিনা? আপনারা নিশ্চয়ই দেখেছেন বাজেট বক্তৃতায় লেখা রয়েছে ১৯৭৮ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত ৬১০ মেগাওয়াট বিদ্যুৎ আমরা বাড়িয়েছি। শুধু তাই নয়, এই সময় ব্যাণ্ডেল, জলঢাকা, সাঁওতালদিহিতে হিসেব করলে দেখা যাবে বিদ্যুৎ বেড়েছে। এখানে প্রশ্ন উঠতে পারে, বিদ্যুৎ যদি বেড়েই থাকে তাহলে গ্যাস টারবাইন আনা হল কেন? আমরা এটা আনতে বাধ্য হয়েছি। গ্যাস টারবাইনে অনেক বিদেশী মুদ্রা খরচ হয়, অনেক টাকা নষ্ট হয়। তা সত্ত্বেও গ্যাস টারবাইন আনার কারণ হল ২/১ বছরে বিদ্যুৎ শিল্প গড়ে তোলা যায় না, প্রায় ৫/৭ বছর লাগে এবং সেই জন্যই গ্যাস টারবাইনের ব্যবস্থা করতে হয়েছে।

[7.20 – 7.30 P. M.]

এই সময়টা পশ্চিমবঙ্গের কি হবে? পশ্চিমবঙ্গ কি অন্ধকারের মধ্যে চলে যাবে? কংগ্রেসীরা আমাদের বাধ্য করেছিল, আমরা বাধ্য হয়ে গ্যাস টারবাইন এনেছিলাম। কোথায় তাঁরা এব্যাপারে আমাদের প্রশংসা করবেন যে, কত দ্রুত আমরা এ ব্যাপারে সাফল্যলাভ করেছি, তা না ওঁরা নিন্দা করছেন, সমালোচনা করছেন। আমরা নির্দিষ্ট সময়ে গ্যাস টারবাইন নিয়ে এসে বসিয়েছি। যে দিন বিদ্যুৎ ঘাটতি থাকে সেদিন আমরা গ্যাস টারবাইন চালাই এবং এর থেকেই প্রমাণ হয়ে যাচ্ছে গ্যাস টারবাইন আনা ঠিক হয়েছে।

কোলাঘাট সম্পর্কে বিরোধী পক্ষের সদস্যরা অনেক কথা বলেছেন, সরকার পক্ষের সদস্যরাও কোলাঘাট সম্পর্কে কিছু কথা বলেছেন। বিগত কংগ্রেস সরকার কোলাঘাটে কি করেছিলেন? কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ কাজ শেষ হওয়ার কথা ছিল অনেক আগেই। কোলাঘাটের ১ম ইউনিট ১৯৭৮ সালের অক্টোবর মাসে চালু হওয়ার কথা ছিল, কিন্তু '৭৮ সালে আমরা এসে ওখানে দেখলাম যে, মাঠের মধ্যে মালপত্র সব পড়ে আছে। বয়লার টিউব মাঠের মধ্যে ফেলে রেখে দিয়েছিলেন, ফলে আমাদের সেইসব বয়লার টিউব কেটে কেটে ফেলে দিতে হচ্ছে। মাঠের মধ্যে ফেলে রাখার ফলে জং ধরে সব নষ্ট হয়ে গেছে। ওঁরা এমনই দায়িত্বজ্ঞানহীন ছিলেন বলে আমাদের দামী দামী টিউব কেটে ফেলে

দিতে হচ্ছে। কোলাঘাটের ২য় ইউনিট চালু করার কথা ছিল ১৯৭৯ সালের এপ্রিল মাসে এবং তৃতীয় ইউনিট চালু করার কথা ছিল ১৯৭৯ সালের অক্টোবর মাসে। অথচ ওঁরা কোন কাজ না করে উল্টে দায়িত্বজ্ঞানহীনের মত দামী দামী মাল সব মাঠের মধ্যে ফেলে রেখে নষ্ট করে গেছেন। আমরা যখন আসি তখন পর্যন্ত ওঁরা সেখানে কোন রাস্তা করে যান নি, মাটি পর্যন্ত ফেলে যাননি। এখন কোলাঘাটে কি হচ্ছে ? আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছি যে, এখন অগ্রগতি ঘটছে, কিন্তু আমরা এই অগ্রগতিতে সন্তুষ্ট নই। আমরা মনে করি ওখানে দুটো শিফট চালু করা দরকার। আমরা মনে করি বিদ্যুৎ পর্ষদের আরো বেশী করে দায়িত্ব নিয়ে কাজ করা দরকার। তবে তার মানে এই নয় যে, ওখানে কিছুই অগ্রগতি হয় নি। অগ্রগতি কিছু হয়েছে, কাজ হচ্ছে, কিন্তু যেভাবে এবং যে গতিতে হচ্ছে তাতে আমরা সন্তুষ্ট নই। সেইজন্য সেখানে দ্বিতীয় শিফটের কথা বলেছি।

স্যার, এখানে জলঢাকা সম্বন্ধেও কথা উঠেছে। কিছু দিন আগে পর্যন্ত জলঢাকাকে একটা রুগ্ন প্রকল্প বলে চিহ্নিত করা হয়েছিল। সেই জলঢাকা আজকে আমাদের প্রচেষ্টায় এবং বিদ্যুৎ পর্ষদের প্রচেষ্টায় আড়াই বছর একটানা চলছে। ১৯৮২ সালের এপ্রিল থেকে ১৯৮৩ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৬৯ মিলিয়ন ইউনিট উৎপাদন করে রেকর্ড স্থাপন করেছে। এই বামফ্রন্ট সরকারের আমলে জলঢাকা প্রকল্প এই স্তরে গিয়ে পৌঁছেছে। এই প্রকল্পের দ্বিতীয় স্তরের কাজ আশা করা যাচ্ছে এই বছরের মধ্যেই চালু করা যেতে পারবে।

ব্যাণ্ডেল সম্বন্ধে বিরোধীদের কারো মুখ থেকে কোন কথা শুনতে পেলাম না। পশ্চিমবঙ্গে বি. টি. পি. এস. এমনই একটা ইউনিট যেটা যেকোন প্রথম শ্রেণীর ইউনিটের সংগে তুলনা করা চলে। অথচ কংগ্রেসী বন্ধুরা সেই ইউনিটের প্রশংসা করতে ভুলে গেলেন। ভারতবর্ষের মধ্যে অন্যতম বলে যে প্রকল্পগুলি দাবী করে, এটি তার মধ্যে পড়ে। এখানে ৫ম ইউনিট চালু হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, এই ইউ-নিটটি চালু করতে কেন দেরী হলো ? আমি দেখেছি, ওটা আমার কন্সটিটিউয়েন্সি, ওখানে '৭২ সাল পর্যন্ত সিভিল ওয়ার্ক হয় নি। সেখানে কংগ্রেসীরা চাকরি দেওয়া নিয়ে মারামারি করেছেন। ওখানে শ্রমিক এবং কনট্রাক্টরদের মধ্যে বিরোধ সৃষ্টি করান হয়েছিল। কিছু মস্তানকে ওখানে শ্রমিক হিসাবে ঢুকিয়ে দেওয়া হয়েছিল। ১৯৭৭ সালেও মাটি কাটা হয় নি। শুধু তাই নয়, কিছু কিছু যন্ত্রপাতি ঐ আই. এল. কোটায় বিদেশ থেকে আনার কথা ছিল, তার অর্ডারও ভাল করে দেওয়া হয় নি। সেই পঞ্চম ইউনিট আজকে এসেছে এবং ১৩০ মেগাওয়াট পর্যন্ত উঠেছে। ওখানকার ইঞ্জিনিয়াররা এবং কর্মীরা বলেছেন আগামী মে মাসে ২০০ মেগওয়াট উৎপন্ন করবেন

বলে তাঁরা প্রচেষ্টা নিয়েছেন। যদিও ষ্টাবেল উৎপন্ন বলে মনে করার কারণ নেই। আরও ২/৩ বার ট্রায়াল রান হিসাবে চালাতে হবে এবং মাঝে মাঝে চলবে এবং বন্ধ হবে। আগামী মে মাসে ২০০ মেগাওয়াট পর্যন্ত নিয়ে যাবে বলে চেষ্টা চালিয়ে যাচ্ছে ওখানকার ইঞ্জিনিয়াররা এবং কর্মীরা। এরপর টিটাগড়ের কথায় আসুন। কংগ্রেসী বন্ধুদের এই টিটাগড়ের কথা কারুরই মনে হলো না। এই টিটাগড়ে প্রথম ইউনিট এসেছে এবং আশা করা যায় আগামী মে মাসে দ্বিতীয় ইউনিট আসবে। এখানে যে টাকা খরচ হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার তার ২৫ শতাংশ দিচ্ছে এবং সেখানে জমির ব্যবস্থা করেছে। কংগ্রেসী মস্তানরা সেখানে কাজ দিতে হবে গণ্ডগোল করেছিল, সেটা আমরা মিটিয়েছি এবং আরও অনেক অসুবিধা সৃষ্টি হয়েছে, সেটা আমরা দেখছি। এখানে খুব ভাল ভাবে কাজ হচ্ছে। প্রথম ইউনিট এসেছে এবং দ্বিতীয় ইউনিট মে মাসে আসবে বলে আশা করি এবং এটা এসে যাবে বলে রিপোর্টে বলা হয়েছে। এরপর ডি. পি. এলের কথায় আসুন। এখানে বর্মণ কমিশনের কথা বলা হয়েছে। ঐ বর্মণ কমিশন বামফ্রন্ট সরকার নিয়োগ করেনি, বর্মণ কমিশনের রিপোর্টটা আপনারা পড়ে দেখবেন, ঐ ডি. পি. এল. সম্পর্কে কি লেখা আছে? সেখানকার অবস্থা সম্পর্কে, সেখানকার চিত্র সম্পর্কে কি লেখা আছে সেটা পড়ে দেখবেন। সেখানে আমরা কতখানি বিদ্যুৎ বাড়াতে পেরেছি তার একটি তথ্য আমি তুলে ধরছি, ১৯৭৮-৭৯ সালে যেখানে ৬৯৪ মিলিয়ন কিলোওয়াট আওয়ার উৎপাদন হয়েছিল, ১৯৮১-৮৩ সালে সেখানে বেড়ে হয়েছে ৮৮০ মিলিয়ন কিলোওয়াট আওয়ার। এখানে সাঁওতালডিহির কথা বলা হয়েছে। এটা ঠিক সাঁওতালডিহি সমস্যা সঙ্কুল ইউনিট—এটা আমাদের মনে রাখতে হবে। সাঁওতাল-ডিহিতে দেশী এবং বিদেশী যন্ত্রপাতির সমন্বয় ঘটানোর চেষ্টা হয়েছে পরীক্ষামূলকভাবে এবং অনেক ইঞ্জিনিয়ার মনে করেন সমন্বয় ঘটাতে যেয়ে এটা আরও রুগ্ন হয়ে পড়েছে। কংগ্রেসী বন্ধুরা হয়তো জানেন না, দেশ এবং বিদেশের যন্ত্রপাতির সমন্বয় ঘটিয়ে সাঁওতালডিহি সৃষ্টি করা হয়েছে এবং তারই জন্য অনেকে মনে করেন এটা একটা কারণ। তবুও আমি বলছি, সাঁওতালডিহি যেভাবে চলছে তাতে আমি সন্তুষ্ট নই। এখানে সুনীতিবাবু বলেছেন, সব ইউনিয়নের সাথে কথা বলুন, ইঞ্জিনিয়ারদের সাথে কথা বলুন। আমরা সেইভাবেই করি। সব মানুষের সঙ্গে—সে কংগ্রেস দলেরই হোন, কিংবা অন্য যে-কোন দলেরই হোন তাদের মতামত নিই, পরামর্শ নিই, তাদের যদি নিয়োগ করতে হয় সেটা আমরা করি, আমরা যেখানে যাই যতগুলি ইউনিয়ন আছে তাদের সঙ্গে দেখা করি এবং

তাদের পরামর্শগুলি শুনি, যদি ভাল পরামর্শ দেয় তাহলে আমরা শুনি, আর যদি খারাপ পরামর্শ দেয় তাহলে আমরা শুনি না। তবে আমরা ইঞ্জিনিয়ারদের সাথেও পরামর্শ করি, কর্মীদের সাথেও পরামর্শ করি। কিন্তু এটা ঠিক কংগ্রেস দলের নেতারা এই বিদ্যুৎ শিল্পে যাঁরা আই. এন. টি. ইউ. সি. করেন তাঁদের উস্কে দিয়েছিলেন এবং তার ফলে বছরে ৩ থেকে ৪ বার ধর্মঘট ডেকেছেন। বিদ্যুৎ শিল্পের মতন একটা শিল্পে ৩/৪ বার ধর্মঘট ডেকেছেন—যেটা হওয়া উচিত নয়। এর জন্য একটা পরিবেশ সৃষ্টি করতে হবে, মানুষকে উৎসাহিত করতে হবে। সেইজন্য বামফ্রন্ট সরকারের আমলে প্রথম পে-কমিশন বসিয়েছিলাম। এই পে-কমিশন বসাবার জন্য ২৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত শ্রমিক-কর্মচারীদের বেতন বেড়েছে এবং এবং বোনাস বেড়েছে। ইঞ্জিনিয়ারদের কেন্দ্রীয় সরকারের হারে ডি. এ. দেবার ফলে ৩০০ থেকে ৪০০ টাকা বৃদ্ধি হয়েছে। আমি মনে করি ইঞ্জিনিয়ারদের আরও বেতন বৃদ্ধি হওয়া দরকার, সেইজন্য আবার একটা পে-কমিশন বসানো হয়েছে, এর মধ্য দিয়ে ঠিক হবে ইঞ্জিনিয়ারদের আরও কত টাকা বাড়ানো দরকার।

[7.30—7.40 P. M.]

সুতরাং পরিবেশ সৃষ্টির ব্যাপারে নূতন করে আমাদের খুব বেশী পরামর্শ দিয়ে কোন লাভ নেই এবং শুধু তাই নয়, আমরা আপনাদের বলেছিলাম যে, আগামী-দিনের পরিস্থিতিটাও যে খুব ভাল তা নয়, কারণ কেন্দ্রীয় সরকারের যে নীতি, তাঁরা ১৯৪৭ সাল থেকে গ্রহণ করে এসেছেন যে, পূর্বাঞ্চলকে ধ্বংস করবেন, একটা শিল্পোন্নত গোটা রাজ্যকে ধ্বংস করা যায় কিনা সেই চেষ্টা তাঁরা করেছেন। আমরা দেখছি, পশ্চিমবঙ্গের সেনট্রাল ইলেকট্রিসিটি অথরিটি, তাঁদের হিসাব ২৪৭৮ মেগাওয়াট উৎপাদন করে এবং তাতে ঘাটতি হবে ৮০০ মেগাওয়াট। এটা সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি বলেছেন। অবশ্য আমাদের পশ্চিমবঙ্গের বিদ্যুৎ পরিষদ বলছেন যে, ঘাটতির পরিমাণ ১৯৮৯-৯০ সালে ১০০০ মেগাওয়াট হবে এবং সেই সময় এই যে বিদ্যুতের ঘাটতি হবে সেজন্য আমাদের সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অনেকগুলি প্রস্তাব দিয়েছি এবং সেই প্রস্তাবগুলি তাঁরা গ্রহণ করেন্ নি। মুর্শিদাবাদ তাপ বিদ্যুৎ কেন্দ্রে এবং সাঁওতালডি তাপ বিদ্যুৎ কেন্দ্রে ১২০ মেগাওয়াট করে দুটি, পুরুলিয়া পাম্প ষ্টোরেজ প্রকল্প প্রথম স্তরে ১৭৫ করে দুটি ইউনিট, দ্বিতীয় স্তরে ১৭৫ করে ৫টি ইউনিট, তিস্তা ক্যানেল জল বিদ্যুৎ প্রকল্পে ১/২/৩/৪ করে তাতে ৬৭ মেগাওয়াট উৎপন্ন হবে। গোয়ালথোলায়

৬০০ মেগাওয়াট, গৌরীপুর নবীকরণের জন্য ১০ মেগাওয়াটের প্রস্তাব দেওয়া হয়েছে মাইক্রো এ্যাণ্ড মিনি মাইক্রো। মংপু ৫ মেগাওয়াট, লোধামা ৪ মেগাওয়াট। সাঁওতালডি এবং ব্যাণ্ডেলে নবীকরণ করে পুরোপুরি ২০ মেগাওয়াটের প্রস্তাব আছে এবং কালনা ও নবদ্বীপে ৬০০ মেগাওয়াটের তাপ বিদ্যুৎ কেন্দ্র খোলা যায় কিনা সেজন্য চেষ্টা করা হচ্ছে। জোয়ার ভাঁটা থেকে বিদ্যুৎ উৎপন্ন করা যায় কিনা সেজন্য পরিকল্পনা করা হয়েছে। মেজিয়ায় ১২০ করে ৩টির প্রস্তাব দেওয়া হয়েছে। উত্তরবঙ্গে আর একটা প্রকল্প ২৪০ মেগাওয়াট দেওয়া হয়েছে। যদিও মনে হয় সারা ভারতবর্ষে ১৯৮৯-৯০ সালে ৯২টি বড় বড় তাপ বিদ্যুৎ কেন্দ্র করা হবে, কিন্তু পশ্চিমবঙ্গে মাত্র ৯টি স্যাংশন করা হয়েছে। এই অবস্থা যদি চলতে থাকে এবং সি. এস. সি. তাদের হিসেব হচ্ছে ৮০০ মেগাওয়াট ঘাটতি বাড়বে, আর আমাদের বিদ্যুৎ পর্ষদের হিসাব হচ্ছে এক হাজার মেগাওয়াট ঘাটতি বাড়বে। সেখানে এই অবস্থা যদি চলতে থাকে, কেন্দ্রের মনোভাব যদি না বদলায় তাহলে আন্দোলন করে তার পরিবর্তন করাতে হবে। তা না হলে ভবিষ্যৎ ভাল নয়। শুধু তাই নয়, আমরা যা পরিকল্পনা করেছি সেই পরিকল্পনা অনুযায়ী যাতে শক্তিশালী বোর্ড চলতে পারে সেজন্য বোর্ডের সদস্যদের মধ্যে থেকে সমস্ত অফিসার সপ্তাহে একদিন যাতে কোনখানে ইন্সপেকশনে যান সেজন্য অনুরোধ করা হবে। সমস্ত জেলায় জেলাস্তরে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটি করা হয়েছে। এর চেয়ারম্যান হবেন আমাদের পর্ষদের চেয়ারম্যান। বিদ্যুতের সমস্ত বিষয় যিনি দেখবেন। ঐ আর. ই. বলুন, আর জেনারেশনই বলুন ঐ ডিষ্ট্রিবিউশনের সমস্ত ব্যাপারই দেখবেন। প্রতিটি গ্রুপ সাপ্লাই নিয়ে, পঞ্চায়েত নিয়ে, জনপ্রতিনিধিদের নিয়ে কাজটা করা হয়েছে। তিনি মেনটেনেন্স দেখবেন, রেভিনিউ দেখবেন। তাঁকে অগ্রাধিকার দেওয়া হবে। সমস্ত কাজটা বিদ্যুৎ পর্ষদের কর্মচারীদের সহায়তায় এই পরিকল্পনা যাতে দ্রুততর করা যায় সেই ব্যবস্থা করছি। সেটাকে যাতে দ্রুততর করা যায় সেজন্য পর্ষদস্তরে উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি করবার চেষ্টা করছি।

এছাড়া আমি একটা কথা বলতে চাই, দুর্নীতিপরায়ন অফিসার এবং কর্মচারী যাঁরা আছেন তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পশ্চিমবাংলার মানুষ চায় এসব দুর্নীতিপরায়ণ অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। যাঁরা কাজ করবেন তাঁদের যোগ্যভাবে যাতে বিচার করা হয় তার ব্যবস্থা নেওয়া হবে। যাঁরা কাজ করবেন না, তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আমার কাছে সি. আই. টি. ইউ. এবং আই. এন. টি. ইউ. সি'র লোকেরা এসেছিলেন। তাঁরা বলেছেন যে, এসব আপনি যা করতে চাইছেন তাতে আমরা সহযোগিতা করবো। তাঁরা

বলেছেন যে, অনেক রাজনৈতিক নেতা, তাঁরা বিদ্যুৎ পর্ষদের সমস্যা বোঝেন না। আমরা আপনার কাজের পক্ষে আছি। আজকে এগুলো ভালো লক্ষণ। হতে পারে এটা মানুষের চাপে, অবস্থার চাপে তাঁদের শুভবুদ্ধি হয়েছে। তবু বলবো, এটা ভাল লক্ষণ।

এই কথা বলে কাট মোশনের বিরোধিতা করে এই প্রস্তাব সমর্থন করে শেষ করছি।

The motion that the amount of Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions that the amount of Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Shri Prabir Sengupta that a sum of Rs. 73,24,00,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads: "334-Power Projects" and "734-Loans for Power Projects", this is inclusive of a total sum of Rs. 12,20,68,000 already voted on account in March, 1983, was then put and agreed to.

Mr. Deputy Speaker : Now Demand Nos. 32 & 33. The Demands are to be moved and discussed together.

DEMAND No. 32

Major Head : 277-Education (Sports)

Shri Subhas Chakraborty : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,05,49,000 be granted for expenditure under Demand No. 32, Major Head: "277-Education (Sports). (This is inclusive of a total sum of Rs. 34,25,000 already voted on account in March, 1983).

আমি রাজ্যের ক্রীড়া প্রসারকল্পে যে-সকল উল্লেখযোগ্য কার্যক্রম বিগত আর্থিক বছরে গ্রহণ করা হয়েছিল তার একটি সংক্ষিপ্ত বিবরণী মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য পেশ করছি।

শিলিগুড়িতে স্টেডিয়াম নির্মাণকল্পে বিগত আর্থিক বছরে সরকার ৪ লক্ষ ৮০ হাজার টাকা অনুদান দিয়েছেন। তাছাড়া বিধাননগরে নির্মীয়মাণ স্টেডিয়ামের জন্য বিগত বছরে ৫৬ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

খেলাধুলা প্রসারের জন্য উন্নতমানের প্রশিক্ষণ অপরিহার্য। এই প্রয়োজনীয়তার

কথা স্মরণ রেখে ভারত সরকারের অনুমোদনক্রমে পশ্চিমবঙ্গ সরকার জাতীয় ক্রীড়া শিক্ষায়তনের পূর্বাঞ্চলীয় শাখাটি লবণহ্রদ উপনগরীতে স্থাপন করার সিদ্ধান্ত নেন। ১ কোটি ৮৫ লক্ষ টাকা অনুমিত ব্যয়ের এই প্রকল্পে গত আর্থিক বছরে ৩৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ পর্যন্ত মোট সরকারী ব্যয় এই বাবদে এক কোটি উনিশ লক্ষ টাকা। এই শাখাটি নেতাজী সুভাষচন্দ্র বসুর নামে নামাঙ্কিত করা হয়েছে। গত ২৩শে জানুয়ারী ভারতের রাষ্ট্রপতি মাননীয় জ্ঞানী জৈল সিং এই শাখাটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ফুটবলপ্রেমী কলকাতা শহরের মানুষকে অপেক্ষাকৃত সুবিধাজনক পরিবেশে ফুটবল খেলা দেখার সুযোগ করে দেওয়ার জন্য ময়দানের তিনটি ঘেরা মাঠে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। স্বাচ্ছন্দ্য বিধানের জন্য পূর্বে বিক্রীত দর্শকাসনের অন্তত পনের শতাংশ কমিয়ে দেওয়া হয়েছে। কাঠের আসনগুলি মেরামত ও তৎসংশ্লিষ্ট অন্যান্য কাজ বাবদ গত আর্থিক বৎসরে ৮ লক্ষ ২০ হাজার টাকা ব্যয় করা হয়েছে পূর্ত দপ্তরের মাধ্যমে। এছাড়া ফুটবল খেলার বিক্রয়লব্ধ টাকা থেকে কুড়ি শতাংশ টাকা প্রথম বিভাগের তিনটি বড় ক্লাব বাদ দিয়ে অন্যান্য ক্লাবগুলিকে সমানভাবে বন্টন করে দেওয়া হয়েছে। এই অর্থের মোট পরিমাণ এক লক্ষ পঞ্চাশ হাজার সাতশত ছিয়াত্তর টাকা।

খেলাধুলার সুষ্ঠু সংগঠন ও প্রসারের জন্য রাজ্য এ্যাথলেটিক সংস্থাকে জাতীয় আন্তঃরাজ্য এ্যাথলেটিক প্রতিযোগিতা সংগঠনের জন্য পঞ্চাশ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে। দার্জিলিং-এর জনপ্রিয় ফুটবল প্রতিযোগিতা গোল্ড কাপ-এর সার্থক অনুষ্ঠানের জন্য একলক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে। সর্বভারতীয় সরকারী কর্মচারীদের এ্যাথলেটিক প্রতিযোগিতা কোলকাতায় অনুষ্ঠানকল্পে পঞ্চান্ন হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে। আরো বহু অনুদান এই জাতীয় দেওয়া হয়েছে—যেমন ৭৪ কিমি সাঁতার-এর জন্য মুর্শিদাবাদ জেলাকে, আন্তর্জাতিক খ্যাতি-সম্পন্ন ব্রিজ খেলোয়াড় রবি রায়কে বিদেশে খেলতে যাবার জন্য, এ্যাথলিট রীতা সেন ও সাঁতারু বুলা চৌধুরীকে উৎসাহ দেওয়ার জন্য। চিকিৎসা এবং অন্যান্য প্রয়োজনে অনুদান মঞ্জুর করা হয়েছে বিখ্যাত প্রাক্তন ফুটবল খেলোয়াড় মঙ্গল পুরকায়স্থ, জে. এন্টনী, কে. পি. ধনরাজ, সাঁতারু ইলা ঘোষ প্রভৃতিকে। এছাড়া প্রতি বছরের মতো ক্রীড়াভাতা হিসেবে দেড়শো টাকা করে প্রতি মাসে দেওয়া হয়েছে অতীতের খ্যাতনামা খেলোয়াড় কে. দত্ত, ইউ. পাল প্রভৃতিকে। এই প্রাপকের তালিকায় আছেন প্রয়াত ফুটবলার ভেঙ্কটেশ ও ক্রীড়া সাংবাদিক বেরী সর্বাধিকারীর স্ত্রীরাও।

১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে যে প্রকল্পগুলি আগেই হাতে নেওয়া হয়েছে সেগুলির সঙ্গে কিছু নতুন প্রকল্প হাতে নেওয়ার কথাও আমরা ভাবছি। প্রশিক্ষণ, সরঞ্জাম সরবরাহ, পরিকল্পনা ইত্যাদি কাজগুলি রাজ্য ক্রীড়া পর্ষদের উপর ন্যস্ত। বিগত আর্থিক বৎসরে ক্রীড়া পর্ষদকে এই জাতীয় কাজের জন্য মোট ৫ লক্ষ ৭৫ হাজার টাকা দেওয়া হয়েছে। এই বৎসরে ক্রীড়া পর্ষদের এই বরাদ্দ বৃদ্ধির সঙ্গে সঙ্গে জেলা স্তরে ক্রীড়া পর্ষদ গঠন করার উদ্যোগ নেওয়া হয়েছে। জেলা ক্রীড়া পর্ষদগুলি সক্রিয় হলে আমাদের কর্মোদ্যোগ আরও সুসংবদ্ধভাবে ব্লকস্তর পর্যন্ত ছড়িয়ে দেওয়া যাবে। প্রস্তাবিত এই সংস্থাগুলির জন্য মোট ১২ লক্ষ টাকার ব্যয় বর্তমান বাজেটে বরাদ্দ করা হয়েছে। এছাড়া সম্ভাবনাময় কিশোর-কিশোরীদের উৎসাহ দেবার জন্য রাজ্য ক্রীড়া পর্ষদের মাধ্যমে ক্রীড়া-মেধা-বৃত্তি দেবারও পরিকল্পনা করা হয়েছে। এই বৃত্তির মাসিক আর্থিক মূল্য ৭৫ টাকা এবং ৬০ জন প্রতিশ্রুতিসম্পন্ন কিশোর-কিশোরীকে এই আর্থিক বছরে এই বৃত্তি দেওয়া হবে।

ক্রীড়ার উন্নতির জন্য অনেক কাজ করার আছে। সীমাবদ্ধ আর্থিক সঙ্গতি নিয়ে আমরা সংঘবদ্ধভাবে যথাসাধ্য চেষ্টা করবো এই প্রতিশ্রুতি দিয়ে শেষ করছি।

DEMAND No. 33

Major Head : 277-Education (Youth Welfare).

Shri Subhas Chakraborti : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,89,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : 277-Education (Youth Welfare). (This is inclusivc of total sum of Rs 81,58,000 already voted on account in March, 1983).

মাননীয় সদস্যবৃন্দ আমার সঙ্গে একমত হবেন যে, যুব কল্যাণ কর্মসূচী খুবই সংবেদনশীল ও বিশেষ নজর প্রয়োজন। পরিবর্তিত আর্থ-সামাজিক পরিবেশে উদ্ভূত ধ্যান-ধারণায় জনগণের মধ্যেকার তরুণ অংশই সবচেয়ে বেশী অনুরণিত হয়। তাদের অংশগ্রহণ ও সক্রিয় উদ্যোগের ওপরই আমাদের সমাজ কাঠামোর গণতান্ত্রিক পরিবর্তন সাধনের প্রয়াসের ভবিষ্যৎ নির্ভর করছে। যুব সমাজের অফুরন্ত প্রাণশক্তি, তীব্র অনুভূতির সংহতি ও সৃজনশীলতা যে-কোন সমাজের পক্ষেই মূল্যবান সম্পদ। প্রত্যেক সভ্য সমাজ যুব সমাজের এইসব গুণগুলির যথাযথ বিকাশের জন্য যত্নবান হয়। আমার দপ্তরের সমস্ত কর্মসূচীই এই দৃষ্টিভঙ্গিতে পরিচালিত হয়। বলার হয়ত প্রয়োজন নেই যে, আমাদের দেশের যুব সমাজ এক ভয়ঙ্কর অবস্থার মুখোমুখি হয়েছে। পর্বত প্রমাণ কর্মহীনতা, সমাজে অর্থপূর্ণ ভূমিকা পালনের সুযোগ

নই, কোন সঠিক লক্ষ্যেরও অভাব, এসব কিছুই বর্তমান ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি করেছে। বর্তমান আর্থ-সামাজিক পরিমণ্ডলে সবকিছু রাতারাতি পালটে সঠিক পথে নিয়ে যাওয়া যায় না। যুব সমাজকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে এবং জাতি গঠনে তাদের অধিকার প্রতিষ্ঠার সাহায্য করাই আমাদের সরকারের লক্ষ্য ও প্রয়াস।

২। সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যেও বিভিন্নভাবে আমরা যুব সমাজকে উপযুক্তভাবে তৈরী করার কাজে হাত দিতে সক্ষম হয়েছি। সামগ্রিকভাবে মন্ত্রিসভার দক্ষ ও গতিশীল নেতৃত্বে এবং বিভিন্ন যুব সংগঠনের মূল্যবান পরামর্শে আমাদের দপ্তরের কাজকর্ম সারা রাজ্যে প্রসারিত করা সম্ভব হয়েছে। পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যেখানে যুব কল্যাণের জন্য একটি আলাদা সচিবালয় ও অধিকার, ১৬টি জেলা স্তরের কার্যালয় এবং ৩৩১টি ব্লক স্তরের কার্যালয় রয়েছে। সত্তর দশকের প্রথম দিকে মাত্র ৪০টি ব্লক স্তরের কার্যালয় নিয়ে যাত্রা শুরু করে এই দপ্তর বর্তমান বিস্তৃত চেহারা নেয় প্রথম বামফ্রন্ট সরকারের আমলে। এটাই প্রমাণ করে যে, বর্তমান সরকার যুব সমাজের সমস্যাবলী সম্পর্কে কত সচেতন এবং আন্তরিকভাবে যুব সমাজের কল্যাণ ও উন্নয়ন করার কাজে আত্মনিয়োগ করতে চায়।

৩। মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য আমি এই সুযোগে সংক্ষিপ্তভাবে আমার দপ্তরের প্রধান কর্মসূচীগুলির এক রূপরেখা উত্থাপিত করছি। আমি আশা করি যে, আপনারা আগ্রহান্বিত হবেন এবং অতীতের মত এবারও প্রয়োজনীয় পরামর্শ দিয়ে আমাকে বাধিত করবেন।

৪। **বেকার যুবকদের জন্য অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প ঃ**

আমরা সকলেই স্বীকার করি যে, যুব জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও জটিল সমস্যা হল কর্মহীনতা। যুব কল্যাণ বিভাগ স্ব-নিযুক্তি প্রকল্পের মাধ্যমে বেকার সমস্যার তীব্রতা প্রশমনে সচেষ্ট আছে। এই কর্মসূচীতে মোট প্রয়োজনীয় মূলধনের ৯০ শতাংশ জাতীয়কৃত ব্যাংকগুলি ঋণ দেয় এবং বাকি ১০ শতাংশ আমাদের দপ্তর প্রান্তিক ঋণ হিসাবে দেয়। দুঃখজনক হলেও এটা সত্য যে, অনুমোদনদানে ব্যাংকগুলির অস্বাভাবিক দেরীর ফলে এই কর্মসূচীর দ্রুত রূপায়ণে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। কিভাবে এই কর্মসূচী আরও ত্বরান্বিত করা যায় তা অবশ্য খতিয়ে দেখা হচ্ছে। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ এই প্রকল্প রূপায়ণের প্রয়োজনীয় অর্থ আমাদের দেয়।

৫। বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্প ঃ

যুব কল্যাণ দপ্তর এই কর্মসূচী হাতে নিয়েছে এই কারণে যে, প্রশিক্ষণ শেষ হওয়ার পর যুবকরা স্বনির্ভর কর্মসূচী গ্রহণ করতে ও সাফল্যজনকভাবে রূপায়িত করতে পারবে।

৬। তপসিল জাতির জন্য :

তপসিল জাতির যুবকদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা আমরা করেছি যাতে তারা দারিদ্র্যসীমার নীচ থেকে উঠে আসার সুযোগ পায়। কলকাতা সহ সারা রাজ্যের সমস্ত ব্লকে এ জন্য আমরা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছি। এই সব কেন্দ্রে অভিজ্ঞ প্রশিক্ষকরা যুবকদের প্রশিক্ষণ দিচ্ছেন। তপসিল জাতি ও তপসিল উপজাতি বিভাগ যে অর্থ আমাদের দেন তা প্রশিক্ষকদের বেতন ও প্রশিক্ষণের প্রয়োজনীয় উপকরণ সামগ্রী কেনার জন্য ব্যয় করা হয়। এছাড়াও প্রশিক্ষণার্থীদের ষ্টাইপেণ্ড দেওয়া হয় প্রশিক্ষণে উৎসাহিত করার জন্য। ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় প্রশিক্ষণ-উত্তর কালে স্বনির্ভর কর্মসূচী নির্মাণ করার একটি কার্যসূচীও এর অন্যতম অঙ্গ।

৭। কমিউনিটি হল ও মুক্তমঞ্চ ঃ

যুব সমাজের সাংস্কৃতিক চাহিদা পূরণ করার ব্যবস্থা গ্রামাঞ্চলে নেই বললেই চলে, অথচ তাদের অপসংস্কৃতির জাল বিস্তার করে বিপথগামী ও জীবন-বিমুখ করে তোলার ধারাবাহিক প্রচেষ্টা চলছে।

যুব সমাজকে এই অপসংস্কৃতির হাত থেকে রক্ষা করার জন্য আমাদের দপ্তর কমিউনিটি হল ও মুক্তমঞ্চ স্থাপন করে যুব সমাজের মধ্যে সুস্থ জীবনধর্মী সংস্কৃতি চর্চার সুযোগ সৃষ্টি করছে। কিছু কিছু কমিউনিটি হল ও মুক্তমঞ্চ স্থাপন করার কাজ শেষ হয়েছে এবং কিছু কিছুর কাজ সমাপ্তির পথে দ্রুত এগিয়ে চলেছে। এই সব কমিউনিটি হল ও মুক্তমঞ্চ ব্যবহার করে গ্রামীণ যুবক-যুবতীরা সাংস্কৃতিক কর্মকাণ্ড গ্রহণ করতে পারবেন এবং সিম্পোসিয়ম, আলোচনা সভা, বিতর্ক প্রভৃতি সংগঠিত করতে পারবেন। এই প্রকল্পের জন্য ১৮ লক্ষ ১০ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে।

৮। যুব উৎসবঃ

সুস্থ সাংস্কৃতিক কর্মকাণ্ডের বিকাশ ও গ্রামীণ প্রতিভা আবিষ্কারের লক্ষ্য নিয়ে যুব কল্যাণ বিভাগ ব্লক, জেলা ও রাজ্যস্তরে যুব উৎসব সংগঠিত করে। লক্ষ লক্ষ

যুবক-যুবতীর সক্রিয় অংশগ্রহণ খুবই উৎসাহ উদ্দীপক। এর ফলে সুস্থ জীবনধর্মী সংস্কৃতির বিকাশের একটি নতুন পরিমণ্ডল গড়ে উঠছে। বর্তমান বছরে যুব উৎসব বাবদ ১২ লক্ষ টাকার বরাদ্দ ধরা হয়েছে।

৯। স্কাউটিং, গাইডিং, ব্রতচারী ও মণিমেলার জন্য আর্থিক সাহায্য দান :

জীবনের নতুন মূল্যবোধ সৃষ্টি ও চরিত্র গঠনের স্বাধীনোত্তর কালে আমাদের প্রধান লক্ষ্য হওয়া উচিত ছিল, কিন্তু বাস্তবে তা হয় নি। একদিকে জীবনের নতুন মূল্যবোধ সৃষ্টি হয় নি, অপর দিকে অতীতের মূল্যবোধ দ্রুত অপসৃয়মান। এই পরিপ্রেক্ষিতে যুব কল্যাণ বিভাগ স্কাউটিং, গাইডিং, ব্রতচারী ও মণিমেলা কার্যাবলীতে তরুণ-তরুণীদের উৎসাহিত করছে, কারণ এই সব কার্যাবলী দূর ভবিষ্যতে নিয়মানুবর্তিতা ও গঠনমূলক কার্যক্রমে অংশগ্রহণে অনুপ্রাণিত করবে। এ বাবদ বর্তমান বছরের বাজেটে ১ ৪৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

১০। যুব আবাস :

দেশের বিভিন্ন জায়গা ও পরিবেশের সঙ্গে পরিচিতি, রাজ্য ও রাজ্যের বাইরের সাধারণ মানুষের জীবন প্রণালী সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতা, তাদের আশা-আকাঙ্ক্ষা সুখ-দুঃখ সম্পর্কে ধ্যান-ধারণা আহরণ করা এবং তার মাধ্যমে জ্ঞানের বিস্তৃতি ঘটানো যুবক-যুবতীদের দেশ ও সমাজ সম্পর্কে সঠিক মূল্যায়নে উপনীত হওয়ার পক্ষে অপরিহার্য। কিন্তু যুব মনের এই আকাঙ্ক্ষা চরিতার্থ করা সম্ভব হয় না উপযুক্ত থাকার জায়গার অভাবে এবং অস্বাভাবিক পথ খরচায়। যুব সমাজের এই সমস্যা উপলব্ধি করেই রাজ্যের ভিতরে ও বাইরে যুব আবাস নির্মাণ করার প্রকল্প বাস্তবায়নে যুব কল্যাণ বিভাগ খুবই গুরুত্ব আরোপ করেছে। সম্প্রতি লালবাগ ও দীঘার যুব আবাস নির্মাণ করার কাজ শেষ হয়েছে। বিহারের রাজগীরে যুব আবাস স্থাপন করার উদ্দেশ্যে একটা বাড়ী ইতিমধ্যেই ক্রয় করা হয়েছে। এটাও অতি শীঘ্র যুব আবাস হিসাবে ব্যবহারোপযোগী হয়ে উঠবে। কলকাতার মৌলালিস্থ রাজ্য যুব কেন্দ্রেও তরুণ ও তরুণীদের জন্য আলাদা আলাদা যুব আবাসের ব্যবস্থা রয়েছে। বক্রেশ্বরে যুব আবাস নির্মাণের কাজ এগিয়ে চলেছে। বোলপুরের যুব আবাস সম্প্রসারণ করা হচ্ছে।

১১। শিক্ষামূলক ভ্রমণের জন্য আর্থিক সাহায্য :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক ভ্রমণের জন্য যুব কল্যাণ বিভাগ আর্থিক সহায়তা দান করে। অ-ছাত্র যুবক-যুবতীরাও ক্লাব ও

অন্যান্য সংস্থার মাধ্যমে শিক্ষামূলক ভ্রমণের জন্য এই বিভাগ থেকে সহায়তা পান। পিছিয়ে পড়া এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলি যাতে এই সহায়তা পান তার সুনিশ্চিত ব্যবস্থা করা হয়েছে। এ বাবদ সাত লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

১২। রাজ্য যুব কেন্দ্র ঃ

কলকাতার মৌলালিতে রাজ্য যুব কেন্দ্রের নির্মাণ কাজ শেষ হয়ে গিয়েছে। দেশের যুব সমাজের মিলন কেন্দ্র হবে এই রাজ্য যুব কেন্দ্র। বিতর্ক, আলোচনা সভা ও অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য এখানে একটি প্রেক্ষাগৃহ রয়েছে। এছাড়াও রয়েছে বিজ্ঞান মিউজিয়াম, গ্রন্থাগার, ব্যায়ামাগার, বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র প্রভৃতি। রাজ্য স্তরে যুবক-যুবতীদের জন্য সরকারী উদ্যোগ অতি সম্প্রতি রাজ্য যুব কেন্দ্রে দীনেশ মজুমদার রাজ্য যুব গ্রন্থাগার উদ্বোধন করা হয়েছে। স্বাধীনতা আন্দোলনের ইতিহাস সম্বলিত 'মুক্তির সন্ধানে ভারত' নামক সংগ্রহশালাটিও এখানে রয়েছে। আশা করা যায় এই রাজ্য যুব কেন্দ্র সামগ্রিকভাবে সর্বস্তরের যুবক-যুবতীর অন্যতম আকর্ষণের কেন্দ্র রূপে আত্মপ্রকাশ করবে এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে হাজার হাজার যুবক-যুবতীকে টেনে আনার নতুন পথ উন্মুক্ত করবে।

১৩। জেলা যুব কেন্দ্র ঃ

শুধু কলকাতায় নয়, রাজ্য যুব কেন্দ্রের মত জেলা স্তরেও জেলা যুব কেন্দ্র স্থাপিত হচ্ছে। বর্তমানে এ রাজ্যের সাতটি জেলায় জেলা যুব কেন্দ্র স্থাপিত হচ্ছে।

১৪। ব্লক তথ্য কেন্দ্র ঃ

ব্লক স্তরে যুব তথ্য কেন্দ্র স্থাপিত হয়েছে যুব সমাজের বিভিন্ন চাহিদা পূরণ করার জন্য। সমস্ত ব্লকে এ ধরনের যুব তথ্য কেন্দ্র স্থাপন করা হবে।

১৫। পর্বতাভিযান প্রশিক্ষণ, অভিযান, ট্রেকিং ও স্কীইং ঃ

অজানাকে জানা, অদেখাকে দেখা এবং রোমাঞ্চকর অভিযানে জড়িত হওয়া যুব সম্প্রদায়ের অন্যতম প্রধান চরিত্র বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্যের কথা মনে রেখেই যুব-কল্যাণ বিভাগ পর্বতাভিযানের জন্য এবং পর্বতাভিযান, স্কীইং ও ট্রেকিং-এর প্রশিক্ষণের জন্য আর্থিক সহায়তা দেওয়ার ব্যবস্থা করেছে। পর্বতাভিযাত্রী ক্লাব-গুলির অভিযানে সাহায্য করার জন্য কলকাতায় যুব কল্যাণ বিভাগের উদ্যোগ একটি পর্বতাভিযানের সরঞ্জাম সংগ্রহশালা স্থাপিত হয়েছে। ক্রমশঃ এই সংগ্রহশালা সমৃদ্ধ করা হচ্ছে। এ বছর ৩'২৫ লক্ষ টাকা এ বাবদ ব্যয়বরাদ্দ রাখা হয়েছে।

১৬। **বৈজ্ঞানিক সচেতনতা বৃদ্ধি :**

বিজ্ঞানের অভাবনীয় অগ্রগতি হলেও আমাদের যুব সমাজ, বিশেষতঃ গ্রামীণ যুব সমাজের কাছে এই অনন্যসাধারণ অগ্রগতি ও সাফল্যের বার্তা ঠিকভাবে পৌঁছায় নি। বিজ্ঞান শিক্ষার যান্ত্রিক পদ্ধতি এবং বিপুল ব্যয়, সুযোগের অভাব ইত্যাদি বিষয় প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। এর অবশ্যম্ভাবী পরিণতিতে অন্ধ বিশ্বাস, কুসংস্কার, অজ্ঞতা সমাজের বিভিন্নস্তরে প্রবলভাবে বিরাজ করছে। এই পরিপ্রেক্ষিতে বিজ্ঞানের আশীর্বাদ সাধারণ মানুষের মধ্যে দ্রুত নিয়ে যাওয়া জরুরী প্রয়োজন। যুব সমাজের মধ্যে বৈজ্ঞানিক মন ও মানসিকতা গড়ে তোলার জন্য যুব কল্যাণ বিভাগ সব সময় চেষ্টা করছে। বিজ্ঞান ক্লাব গঠন করতে আর্থিক সহায়তা দান ও বিজ্ঞান ক্লাব আন্দোলন গড়ে তোলার জন্য যুব কল্যাণ বিভাগ প্রচেষ্টা চালাচ্ছে। ভারত সরকারের অধীনস্থ বিড়লা শিল্প ও কারিগরী সংগ্রহশালার সহায়তায় এই প্রচেষ্টা চলছে। বি. আই. টি. এম.'র সহযোগিতায় যুব কল্যাণ বিভাগ প্রতি বছর ব্লক, জেলা, রাজ্য ও আন্তঃরাজ্য স্তরে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রতি বছর বিজ্ঞান সেমিনারের আয়োজন করছে। এছাড়াও জেলা রাজ্য ও আন্তঃরাজ্য স্তরে নিয়মিত বিজ্ঞান মেলা পরিচালনা করছে।

১৭। **পুরুলিয়া জেলা বিজ্ঞান কেন্দ্র :**

পুরুলিয়ায় একটি জেলা বিজ্ঞান কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই জেলা বিজ্ঞান কেন্দ্র মারফৎ আধুনিক কারিগরী বিদ্যা ও স্থানীয় শিল্পের সম্পর্কে পরিচয় ঘটানো সম্ভব হবে। স্বনির্ভর প্রকল্প ও উন্নত কৃষি ব্যবস্থার জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ চালু করা এবং বৈজ্ঞানিক প্রশিক্ষণ ব্যস্থা করার সুযোগ রয়েছে।

১৮। **শ্রীঅরবিন্দ বালকেন্দ্র :**

বস্তীবাসি শিশুদের শিক্ষাগত ও সাংস্কৃতিক চাহিদা পূরণে সাহায্য করার জন্য কলকাতায় তিনটি শ্রীঅরবিন্দ বালকেন্দ্র যুব কল্যাণ বিভাগের উদ্যোগে পরিচালিত হচ্ছে। প্রত্যেক বছর প্রতিটি কেন্দ্রে শিশু উৎসব অনুষ্ঠিত হয় এবং হাজার হাজার বস্তিবাসী শিশু এই উৎসবে সামিল হয়ে গঠনমূলক কাজের অঙ্গীভূত হন।

১৯। **টেক্সট্ বুক লাইব্রেরী :**

গরীব মেধাবী ছাত্রদের জন্য এই বিভাগের অধীন ব্লক যুব করণগুলিতে টেক্সট্ বুক লাইব্রেরী স্থাপিত হচ্ছে। এছাড়াও আদিবাসী অধ্যুষিত এলাকায় আদিবাসীদের জন্য গ্রন্থাগার স্থাপন করার ব্যবস্থা হচ্ছে।

২০। **মাসিক যুব মানস পত্রিকা ঃ**

সৃষ্টিশীল চিন্তা-ভাবনার ও সাহিত্য কর্মের প্রসারের সহায়তা করা এবং বিভাগীয় কর্মকাণ্ড সম্পর্কে যুব সমাজকে অবহিত রাখার উদ্দেশ্যে যুব কল্যাণ বিভাগের পক্ষ থেকে মাসিক যুব মানস পত্রিকা প্রকাশ করা হয়। যুব সমাজের সাহিত্য ও সংস্কৃতি চর্চার ক্ষেত্রে এই পত্রিকা ক্রমশঃ মুখপত্র রূপে আত্মপ্রকাশ করছে। গল্প কবিতা প্রবন্ধ নিবন্ধ ও অন্যান্য রচনার মাধ্যমে নতুন ভাবনার উন্মেষ ঘটাতে যুব মানস কার্যকরী ভূমিকা পালন করেছে। যুব মানস পত্রিকার প্রচার ইতিমধ্যেই যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। যুব সমাজের ক্রমবর্ধমান চাহিদার কথা স্মরণ রেখেই পত্রিকার প্রচার বৃদ্ধির জন্য আরও নতুন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

২১। **ক্রীড়ার উন্নয়ন ঃ**

ক্রীড়ার প্রতি যুব সমাজের আকর্ষণ সবচেয়ে বেশী, অথচ দুঃখজনক হলেও সত্য ক্রীড়া চর্চায় উন্নতি ঘটানোর জন্য সুযোগ নেই বললেই চলে। খেলার মাঠের অভাব, ক্রীড়া সরঞ্জামের অভাব, জিমন্যাসটিক সরঞ্জামের অভাব ইত্যাদি মনে রেখে যুব কল্যাণ বিভাগ ক্রীড়া ও খেলাধুলার সুযোগ সম্প্রসারণ করার জন্য কয়েকটি প্রকল্প গ্রহণ করেছে, যার মধ্যে দিয়ে শুধু সুযোগ সম্প্রসারিত হবে তাই নয়, গ্রামীণ প্রতিভা উৎসাহিতও বোধ করবে। বর্তমান বছরে এজন্য আমরা ৩৬.৭৫ লক্ষ টাকা বরাদ্দ স্থির করেছি।

২২। **জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী ঃ**

এন. সি. সি. হল সবচেয়ে বড় শৃঙ্খলাপরায়ণ ও দেশের প্রতিরক্ষা কর্মসূচীর সহায়ক দৃঢ় ছাত্রদের সংগঠন। এন. সি. সি. মূলত ছাত্র যুবদের সামরিক প্রশিক্ষণের সংগঠন হলেও নেতৃত্বদানের, আত্মনিয়ন্ত্রণের, ত্যাগের ও জাতির সেবায় উৎসর্গিত প্রাণ হওয়ার গুণাবলী বিকাশে খুবই গুরুত্বপূর্ণ। এন. সি. সি. ইউনিট ও গ্রুপ হেড কোয়ার্টার্সগুলি নিয়মিত সামরিক অফিসার ও এন. সি. সি. অফিসারদের নেতৃত্বে ক্যাডেটদের প্রশিক্ষণের ব্যবস্থা করে। প্রশিক্ষণদানে নিয়মিত সামরিক বাহিনীর লোকেরা কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য থেকে আগত পার্ট টাইম এন. সি. সি. সি. অফিসারদের সহায়তায় এই প্রশিক্ষণ পরিচালনা করেন। পার্ট টাইম এন. সি. সি. অফিসাররা নিয়মিত প্রতিরক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নেন।

সাধারণতঃ এন. সি. সি. প্রশিক্ষণ দেওয়া হয় নিয়মিত প্যারেডের মাধ্যমে। কিন্তু বিস্তৃত প্রশিক্ষণের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ শিবির স্থাপন করা হয়। সাধারণতঃ ১০ থেকে ১২ দিন স্থায়ী হয় এই প্রশিক্ষণ শিবির। নিয়মিত সামরিক

বাহিনীতে যুক্ত করে নেওয়া এন. সি. সি. প্রশিক্ষণের অন্যতম অঙ্গ। এছাড়াও পর্বতারোহণ, লিডারশিপ কোর্স, স্কী কোর্স, প্যারা ট্রুপিং, ব্রিডিং প্রভৃতি যুব সমাজকে দুঃসাহসিক অভিযানে তৈরী করে তোলে।

অন্যান্য অনেক প্রদেশের তুলনায় আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ আয়তনে ছোট হলেও এন. সি. সি. ও এন. সি. সি. অফিসারের সংখ্যায় এ রাজ্য সারা ভারতে দ্বিতীয় স্থান দখল করে আছে এবং উৎসাহী এন. সি. সি. ছাত্ররা বিশেষ কৃতিত্ব অর্জনের ঐতিহ্য অম্লান রেখেছে। বিশেষতঃ পর্বতাভিযান স্কীইং, স্যুটিং এবং বন্যা খরা প্রভৃতির মত প্রাকৃতিক বিপর্যয়ের সময় ত্রাণ ও উদ্ধার কাজে এ রাজ্যের এন. সি. সি. ক্যাডেটরা অসাধারণ ভূমিকা পালন করেছে। সংশ্লিষ্ট সকলের নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলেই এই অসাধারণ সাফল্য এসেছে।

ভারত সরকার সামরিক বাহিনীর যাঁরা এন. সি. সি. কাজে যুক্ত রয়েছেন তাঁদের বেতন ও ছাত্রদের পোশাক ছাড়াও বার্ষিক প্রশিক্ষণ শিবির ও এ ধরনের অন্যান্য ক্যাম্প পরিচালন ব্যয়ের ৫০ শতাংশও বহন করে। রাজ্য সরকার ক্যাডেটদের প্যারেডে যোগদানের জন্য ভ্রমণ ভাতা ও পোশাক পরিষ্কার করার ভাতা আংশিক সময়ের জন্য এন. সি. সি. অফিসারদের প্রশিক্ষণ ও মাসিক বেতন এবং অন্যান্য খরচ বহন করে। রাজ্য সরকার এ রাজ্যে এন. সি. সি. ইউনিট ও তার অফিসের খরচও বহন করে। এছাড়াও শিবিরের ব্যয়ের ৫০ শতাংশ রাজ্য সরকার বহন করে। পশ্চিমবাংলায় ৪৮টি এন. সি. সি. ইউনিট ও ৬টি গ্রুপ হেড কোয়ার্টার্স আছে।

২৩। সংক্ষিপ্তভাবে আমি আমার বিভাগের কাজকর্মের মূল রূপরেখা হাজির করার চেষ্টা করেছি। আমার দপ্তর মাত্র এক দশক আগে স্থাপিত হয়েছে। অতীতের কোন অভিজ্ঞতার আলোকে আসর হওয়ার সুযোগ আমাদের সামনে ছিল না। আমরা যাত্রা শুরু করেছি ভুল ও সংশোধনের প্রক্রিয়ার ওপর দাঁড়িয়ে। আমরা কতকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি। কয়েকটি ক্ষেত্রে আমরা দ্রুত ফল পেয়েছি এবং আমাদের কিছু প্রচেষ্টা যুব মানসে পরিবর্তন ঘটাতে পরিচালিত, স্বভাবতঃই এই কঠিন প্রয়াসের সাফল্য ব্যর্থতা দ্রুত হাতে হাতে নিরুপণ করা যায় না। এর জন্য আমাদের আরও অপেক্ষা করতে হবে। এই সব প্রয়াসের মূল্যায়ন করবে ভবিষ্যত।

২৪। আমরা জানি আমাদের আর্থিক ক্ষমতা নিদারুণভাবে সীমাবদ্ধ এবং আমাদের লক্ষ্য অর্জন করা অত্যন্ত কঠিন কাজ। কিন্তু আমাদের রাজ্যের গণতান্ত্রিক চেতনাসম্পন্ন যুব সমাজের সক্রিয় সাহায্য ও সহযোগিতায় বলীয়ান হয়ে আমরা

লক্ষ্য অর্জনের পথে এগিয়ে যাব, এ বিষয়ে আমার মনে সন্দেহের কোন অবকাশ নেই।

এই সামান্য কটি কথা বলে আমি পুনরায় আমার ব্যয়বরাদ্দের দাবি সভার অনুমোদনের জন্য রাখছি।

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

DEMAND No. 32

Shri Kashinath Misra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 33

Shri Kashinath Misra : I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

[7.40—7.50 P. M.]

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় ক্রীড়ামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন ২ কোটি ৫ লক্ষ ৪৯ হাজার টাকার, আমি তার বিরোধিতা করছি এই কারণে যে, আজকে স্পোর্টস্ কিভাবে উপেক্ষিত এবং অবহেলিত বলে এবং তা এই বাজেট থেকেই বোঝা যাচ্ছে। একটা দেশের সমাজে সবচেয়ে আদর্শ এবং তার তাৎপর্যের অংশ হচ্ছে তার যুব সমাজ। যুব সমাজের তেজ, শক্তি ও স্বাধীনতা বোধ এবং সক্রিয় সৃষ্টির ক্ষমতা একটা দেশকে তার অগ্রগতির পথে নিয়ে যেতে পারে। যুবকদের সেই তেজ এবং সৃষ্টিশীল গঠন এবং শৃঙ্খলা খেলাধুলার মধ্যে দিয়েই আসে—সেই জিনিসটা আজও বোধ হয় আমরা উপলব্ধি করতে পারিনি। আমি মনে করি স্পোর্ট ইজ এ সাইন্স। এছাড়া যুবকদের তেজ ও শক্তি বা কোন পরিকল্পনা বা গঠনশীল চরিত্র গড়ে উঠতে পারে না। আজকে স্পোর্টসকে অন্যভাবে নেওয়া হচ্ছে। আমি স্পোর্টসমন্ত্রীকে করজোড়ে রিকোয়েষ্ট করবো যে, পশ্চিম বাংলায় বিশেষ করে কলকাতা শহরে যে স্পেস আছে সেখানে যেন মানুষ এসে সস্থির নিশ্বাস ফেলে। সেখানে যেন

রাজনীতির পূতিগন্ধ প্রবেশ না করে। আপনারা পলিটিক্স থেকে স্পোর্টসকে মুক্ত করে রাখুন। আমি সমস্ত সদস্যকে অনুরোধ করবো এই স্পোর্টের গুরুত্ব তাঁরা যেন বোঝেন এবং রাজনীতিকে এর থেকে আলাদা করে রাখেন। আমি জানি মাননীয় ক্রীড়ামন্ত্রীর ক্ষমতা সীমিত এবং তিনি চেষ্টা করছেন। একটা কাগজে দেখলাম কিছু দিন আগে দুর্গাপুরে তিনি একটা মন্তব্য করেছেন। আমি মনে করি এটা ইরেসপনসিবিলি মন্তব্য। সেখানে তিনি বলেছেন, মাঠের অবস্থার কথা ভেবে জেলায় জেলায় প্যারালাল অর্গানাইজেশান করবেন—স্পোর্টস অর্গানাইজেশান করবেন। আমার কথা হচ্ছে তার আগে আপনি বসেন—রাইটার্স বিল্ডিংস-এর পাশে যে গড়ের মাঠ আছে সেখানে কি জিনিস চলছে সেই দিকে নজর দিন। খেলার মাঠে এসে মানুষ যাতে সুস্থভাবে আসতে পারে এবং তারা যেন নিরাপদ মনে করেন। এখন মাঠে এসে মানুষ চিন্তা করে যে, সে ঠিকভাবে ফিরে যেতে পারবে কি না। আপনি জানেন যে, খেলার মাঠে রেফারির কোন নিরাপত্তা নেই, খেলোয়াড়ের কোন নিরাপত্তা নেই এবং যারা খেলা দেখতে আসে তাদেরও কোন নিরাপত্তা নেই। আমি আশা করবো তিনি এই নিরাপত্তা তাদের ফিরিয়ে দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, খবরের কাগজে বড় বড় করে লেখা হয়েছে যে, খেলার মাঠে দুর্নীতি চলছে। এখন খেলার মাঠের ভেতর গ্যাম্বলিং হয় এবং সেখানে গড়াপেটা খেলা চলে। খেলার মাঠে দুটো টিম যখন খেলে—তারা নিজেদের পয়সা দিয়ে টিম তৈরী করে, অথচ খেলার জন্য তারা একটা পয়সাও পায় না। অথচ গভর্নমেণ্ট যারা মাঠকে কলুষিত করে রেখেছে তারা তাদের পয়সা নিয়ে চলে যাচ্ছেন। আমার আপত্তি থাকতো না যদি গভর্নমেণ্টের লাভ হতো।

প্রতিবারেই দেখি, আপনি এক পয়সাও লাভ করতে পারেন নি। শতকরা ৮০—১০০ ভাগ চলে যাচ্ছে মেনটেন্যান্সের জন্য। এবারে আবার শুনছি ১১০—১২০ ভাগ ধরা হচ্ছে। সব টাকাই যদি মেনটেন্যান্সের খাতে চলে যায়, তাহলে এটা রেখে লাভ কি? বিদেশীরা এখানে যখন আসেন, তাঁরা যখন মাঠের অবস্থা ও গ্যালারীর অবস্থা দেখে উদ্বেগ প্রকাশ করে বলেন—কি করে খেলা চলে এখানে—তখন উত্তর দেওয়ার আমাদের কিছুই থাকে না। বিদেশীদের কাছে গর্ব করে কিছু বলতে পারি না। তাঁদের কাছে আমাকে বলতে হয়েছে—হ্যাঁ, এখানে বহুবার এক্সিডেণ্ট হয়ে গেছে আগে। মেনটেন্যান্সের জন্য ৮০—১০০ ভাগ খরচ করেছেন, অথচ মাঠের দুর্দশা ঘোচেনি। এই অবস্থায় রেখে লাভ কি? যাদের মাঠ তাদের দিয়ে দিন, তারা নিজেরা মেনটেন করবে। আপনার যেখানে কোন আয় নেই, সেখানে এটাই ভাল হবে। ক্লাবগুলি নিজেরা অনেক ভালভাবে মেনটেন করতে

পারবে—এতে বরং তারা অনেক লাভবান হবে। মাননীয় জ্যোতিবাবু এক সময়ে স্পোর্টস্-এর মন্ত্রী ছিলেন। ৫ বছর ধরে তিনি অনেক চেষ্টা করেছিলেন। তিনিও আমাদের মধ্যে খেলার মাঠে নিরাপত্তা বোধ ফিরিয়ে আনতে পারেন নি। তাঁর মত একজন বাঘা লোক যেখানে হাল ছেড়ে দিয়ে চলে গেলেন, সে জায়গায় একজন পার্ট-টাইম মন্ত্রী হিসাবে আপনি এই বিভাগের দায়িত্ব নিলেন। আপনার নিজস্ব একটা বিরাট দপ্তর আছে, সেখানেই আপনি ঠিকমত দেখতে পারছেন না। সেখানে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে, এক্ষেত্রে আপনি প্রাকটিক্যাল কতখানি সাকসেসফুল হবেন সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আমাদের স্পোর্টস্-এর অগ্রগতি দেখে আমরা ভাল করেই তা বুঝতে পারছি। স্পোর্টস্-এর ক্ষেত্রে বহু মানুষ আছেন, একটা স্পোর্টস্ কাউন্সিল আপনারা গঠন করেছেন। এর মধ্যে ৪০ জন মেম্বার আছেন। যারা আগেকার নামকরা প্লেয়ায়—আছেন, তাঁদের সঙ্গে কথা বলে দেখেছি, এই ৪০ জনের মধ্যে এখনও পর্যন্ত একটা মিটিংও হয় নি। তিনটে এ্যাসোসিয়েশান থেকে মাত্র ৩ জনকে আপনি এর মধ্যে বেছে নিয়েছেন। প্রায় সব পলিটিক্যাল এ্যাপয়েন্টমেন্ট করেছেন। কলকাতা শহরে বহু এ্যাসোসিয়েশান আছে—ফুটবল, ক্রিকেট, হকি ইত্যাদি অনেক এ্যাসোসিয়েশান আছে। অথচ মাত্র তিনজনকে আপনি বেছে নিয়েছেন। যাঁদের নেওয়া হয়েছে, তাঁদের কোন ব্যাকগ্রাউণ্ড বা কোন এক্সপিরিয়েন্স আছে বলে আমি অন্ততঃ জানি না। খেলাধুলার ব্যাপারে তাঁদের কোন অভিজ্ঞতাই নেই। খেলাধুলার সঙ্গে তাঁরা কোনদিন ছিলেন না আগে। আমরা শুনেছি, আপনি নাকি ফুটবলের একজন ভক্ত। সারা পশ্চিমবাংলায় ৩৮ হাজার ফুটবল ডিস্ট্রিবিউট করবেন বলে ঠিক করেছেন। এগুলি ৯,৫০০ স্কুলে এবং ৭,৫০০ গ্রামে দেবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। এখানে চিন্তা করে দেখার আছে। ফুটবল আপনি ছেলেদের দেবেন, খুব ভাল কথা। কিন্তু যেগুলি দেবেন সেগুলি কি মানের? ফুটবল বাছাই করার ভার দিয়েছেন অতীত দিনের বিখ্যাত খেলোয়াড় শৈলেন মান্নাকে। তিনি ফুটবলের মান সম্বন্ধে সন্তুষ্ট হতে পারেন নি। বড় বড় খেলাগুলিতে যে ফুটবল খেলা হয়, সেগুলি এত নিম্ন মানের যে, মাত্র দুটো ম্যাচ খেলার পর আর খেলার উপযুক্ত থাকে না। গ্রামের ছেলেদের মধ্যে একটা টোপ দেওয়ার জন্য অতি নিকৃষ্ট মানের ফুটবল দেবার জন্য আয়োজন হচ্ছে। ৯,৫০০ স্কুলে আপনি ফুটবল দেবেন ঠিক করেছেন। প্রতিটা স্কুলে কমপক্ষে ৪০০—৫০০ ছেলে পড়াশুনা করে। এই অবস্থায় মাত্র ১টা করে ফুটবল নিয়ে ছেলেরা কি করবে? একবার ভেবে দেখেছেন? ফুটবল আপনি গ্রামের ছেলেদের দিচ্ছেন, এর জন্য তাদের কি ফেসিলিটিস দিচ্ছেন?

ফুটবল পাম্প করতে একটা করে সিরিঞ্জ দরকার হয়। আপনি কি তা দেওয়ার ব্যবস্থা রেখেছেন? ছেলেরা যে খেলবে, তার জন্য মাঠের ব্যবস্থা রেখেছেন? আপনি শহরের বুকে, গ্রামে গ্রামে স্টেডিয়াম করবেন বলে ফতোয়া দিয়েছেন। একটাও কি করতে পেরেছেন কোন গ্রামে?

[7.50—8.00 P. M.]

আপনারা লক্ষ লক্ষ টাকা খরচ করে স্টেডিয়াম করবেন বলছেন, অথচ সারা পশ্চিমবাংলায় একটাও ক্রীড়ার জন্য প্রশিক্ষণ কেন্দ্র খোলার ব্যবস্থা করছেন না তো? একটা ফুটবলের জন্য ট্রেনিং সেন্টার খোলার কথা বললেন না যাতে করে ওখান থেকে বড় বড় প্লেয়ার তৈরী হতে পারে। আজকে স্টেডিয়ামের কথা বলেছেন খুব ভালো কথা। সল্ট লেকে স্টেডিয়াম হবে আমরা জানি। এই স্টেডিয়াম তৈরী করার আগেই পশ্চিমবঙ্গের সরকার ১ কোটি টাকার সম্পত্তি দিয়েছে। আমাদের রাজনৈতিক মতপার্থক্য থাকলেও কিন্তু কলকাতায় আরো স্টেডিয়াম থাকা দরকার এই কথাটা সবাই মানবো। এই স্টেডিয়ামটি গভর্নমেণ্ট লেবেলে ঠিক ডেফিনেটলি হচ্ছে না। এই স্টেডিয়ামটি একটি সোসাইটির মাধ্যমে গঠিত হচ্ছে। এই সোসাইটিতে সিটিং ম্যান এবং অফিসাররা আছে এবং বাকী ় জন মেম্বার আছেন যাঁরা পলিটিক্যালি এ্যাপয়েনটেড। এই অফিসাররা সরকারের সাথে যুক্ত নয়। এই স্টেডিয়ামটি পি. ডব্লিউ. ডি.-র করার কথা ছিল এবং এরজন্য প্রচুর অর্থব্যয় করা হয়েছিল। এর জন্য ডিজাইনও তৈরী করা হয়েছিল, আবার ডিজাইন চেক করার জন্য কনট্রাক্টর লাগিয়ে প্রচুর টাকা ব্যয় করা হয়েছে। কি উদ্দেশ্যে এই স্টেডিয়াম তৈরী করা হবে? এই স্টেডিয়ামটি ২০ কোটি টাকার মধ্যে ় কোটি দিয়েছে স্টেট গভর্নমেণ্ট, ৪ কোটি অনুদান হিসাবে দিয়েছে এবং আরো ় কোটি টাকা ব্যাঙ্ক গ্যারাণ্টি হিসাবে নেওয়া হয়েছে। এই ব্যাপারে ব্যাঙ্কের সঙ্গে কথা বলেছে যে, কি প্রজেক্টের ভিত্তিতে এই টাকা ধার নেওয়া হয়েছে। তাদের বলা হয়েছে যে, ৮০ লক্ষ টাকা করে ফেরৎ দেওয়া হবে এবং কিভাবে ফেরৎ দেওয়া হবে সেটাও বলে দিয়েছে যে, এখানে যে বড় বড় খেলা হবে তার থেকে যে রোজগার হবে তার থেকেই ফেরৎ দেওয়া হবে। এই ব্যাপারে সরকারের কোন কনসেপশান নেই। এটা একটা অটোনমাস বডি, সুতরাং বড় বড় খেলা করতে গেলে, বিদেশে থেকে ফুটবলার এবং এ্যাথেলেটিকদের আনতে গেলে অল ইণ্ডিয়া বোর্ড, বোর্ড এবং এ্যাসোসিয়েশানের পারমিশান দরকার আছে। তাদের

সঙ্গে কি একবারও কথা বলেছেন স্টেডিয়াম যখন করছেন ? এই স্টেডিয়াম করার আগে আপনারা কি যেসব মানুষ বিদেশে ঘুরে খেলা দেখেন তাঁদের সঙ্গে কথা বলেছেন কি ? এবং সাংবাদিক যাঁরা বাইরে ঘুরে খেলা দেখেন তাঁদের সঙ্গে পরামর্শ করেছেন কি ? এই স্টেডিয়াম করতে ২০ কোটি টাকা ব্যয় হবে, কাদের সম্পত্তি এটা ? আজকে এখানে যে স্টেডিয়ামগুলি করা হচ্ছে আমি তার জন্য আপনার কাছে অনুরোধ রাখছি আপনারা এই ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করুন। সোসাইটিকে বঞ্চিত, এক্সপ্লয়েট করবেন না। আজকে স্পোর্টস নিয়ে গ্রামে গ্রামে রাজনীতির খেলা খেলছেন এবং গ্রামের ছেলেদের বঞ্চিত করছেন। আপনারা জানেন আজকে এই স্পোর্টসের জন্য যদি যুব শক্তিকে ক্যাপচার করা যায় তাহলে রাজনীতির ক্ষেত্রে অনেক সুবিধা হবে। এই স্পোর্টসের মাধ্যমে কিছু সার্কেলের লোক বেঁচে আছেন। শতকরা কিছু মানুষ যারা দেশকে সেবা করতে চান, যুব সমাজকে বাঁচাতে চান এবং সমাজকে সেবা করতে চান তাঁদের আপনারা দয়া করে মনের ভেতরে রাজনীতির দুর্গন্ধের ইনজেকশান দিয়ে দেবেন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় যুব কল্যাণ দপ্তরের, ক্রীড়া দপ্তরের মন্ত্রী বাজেটের যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে রেখেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। বিরোধীদের বক্তব্য কিছু নেই বলে তার উত্তর দেওয়ার আমি প্রয়োজন মনে করি না। যুবকল্যাণ সম্পর্কে প্রাথমিক স্তরে যে কথা সেটা হল যুব সমাজের যে দুর্লভ গুণাবলী, সংবেদনশীলতা, উদারতা এবং যুবসমাজের যে দীপ্ত মানসিকতা—এই সমস্ত গুণাবলী যথাযথভাবে কাজে লাগানোর চেষ্টা যদি না করা যায় তাহলে এই শক্তি অন্য খাতে বইতে বাধ্য এবং এতে বিভিন্ন রকম কায়েমী স্বার্থ এবং সাম্রাজ্যবাদী শক্তি সেগুলিকে বিপথে পরিচালিত করতে চাইবে। তাই আমরা যদি বিভিন্ন সময়ে বিভিন্ন দিকে দেখি—আমরা যদি ইন্দোনেশীয়া, জার্মানির দিকে তাকাই তাহলে নাৎসী সরকারের অনেক উদাহরণ দেখাতে পারবো।

আজকে সমাজের আমূল পরিবর্তন ছাড়া এ জিনিস সম্ভব নয়। সেজন্য আমরা যদি সমাজতান্ত্রিক দেশগুলির দিকে দেখি তাহলে দেখবো যুব সমাজ ভিন্নভাবে সেখানে সমাজ জীবনে কাজ করছে। এই প্রেক্ষাপটে আমাদের চিন্তা করতে হবে। বেকারত্বের যে অসহনীয় যন্ত্রণা তা দূরীভূত না করে আমাদের সমাজে সুস্থ সংস্কৃতি তৈরী করা যাবে না। বিশ্ব খেলাধুলার অঙ্গনে যদি আমাদের খেলার

ব্যবস্থা না করতে পারি তাহলে আমাদের দেশের সামগ্রিক উন্নতি হওয়া সম্ভব নয়। এই প্রেক্ষাপটে যুবকল্যাণ দপ্তর এবং ক্রীড়া দপ্তর কাজ করছে। ভারতবর্ষের এমন কোন রাজ্য নেই পশ্চিমবঙ্গ ছাড়া যেখানে আলাদা যুবকল্যাণ দপ্তর আছে। ১৯৭২ সালে এই যুবকল্যাণ দপ্তর প্রতিষ্ঠিত হয়েছিল একটা দূরভিসন্ধি নিয়ে। সেদিন এই যুবকল্যাণ দপ্তরের কাজ ছিল গণ-আন্দোলনকে হত্যা করা এবং কায়েমী স্বার্থের তল্পীবাহক যারা তাদের হয়ে কাজ করা। এইভাবে তারা যুবসমাজকে বিপথে পরিচালিত করার চেষ্টা করেছিল এবং যুবসমাজকে কলঙ্কিত করার চেষ্টা করেছিল। অর্থাৎ যুবসমাজকে তার ঘাতক বাহিনীতে পরিণত করতে সাহায্য করেছিল। সেদিন পশ্চিমবাংলার ৩৩৫টি ব্লকের মধ্যে মাত্র ৪০টি ব্লকে যুবকল্যাণ শাখা করা হয়েছিল। আর আজকে ৩৩৫টি ব্লকে যুবকল্যাণ শাখা স্থাপন করা হয়েছে। অন্য দিকে দেখবেন যে-সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার মধ্যে ভোকেশনাল ট্রেনিং, সেলফ এমপ্লয়মেণ্ট ট্রেনি-এর যে-সমস্ত প্রোগ্রাম আছে তাতে লক্ষ লক্ষ যুবক অংশ-গ্রহণ করছে। এছাড়া গণ-সংস্কৃতির বিকাশে যেভাবে আকৃষ্ট হয়ে তারা অংশ গ্রহণ করছে। তাতেই বোঝা যায় এই দপ্তরের সাফল্য। এই দপ্তরের সীমাবদ্ধতার মধ্যে এসব জিনিস বিচার করতে হবে। এই দপ্তর খেলোয়াড়ের ক্ষেত্রে বিভিন্ন রকমের যন্ত্রপাতি, খেলার মাঠ, জিমন্যাসিয়াম ইত্যাদিতে যেভাবে সাহায্য করছে তা অভূত-পূর্ব। ভারতবর্ষের রেলের বাজেটে যেখানে ২৫ হাজার কোটি টাকা খরচ হচ্ছে, সেখানে ৭০ কোটি মানুষের খেলার জন্য মাত্র ৬ কোটি টাকা বরাদ্দ। অন্যদিকে ৫ কোটি মানুষের দেশ পশ্চিমবাংলায় অতি সীমাবদ্ধতার মধ্যেও ৪ কোটি টাকা খরচ করা হচ্ছে। শতকরা হিসেবে ভারত সরকার মাথা পিছু ৮ পয়সা খরচ করছেন, সেখানে পশ্চিমবঙ্গ মাথাপিছু খরচ করবেন ৯ পয়সা। তারপর যুবকল্যাণ বিভাগের যে একটা পত্রিকা সেটা অতীতে নামমাত্র ছিল, কয়েকটা ছাপান হয়েছিল এবং এটা ত্রৈমাসিক ছিল। আজকে ১৫ হাজার মতন ছাপান হচ্ছে। এটা জনপ্রিয়তা লাভ করেছে। এই দপ্তরের এটা একটা সাফল্যের নিদর্শন। এখন ব্লকে ব্লকে উৎসব অনুষ্ঠিত হচ্ছে এবং সমস্ত পশ্চিমবাংলা এদিকে তাকিয়ে আছে। নানান ধরনের খেলা, শরীর চর্চা প্রভৃতি সেখানে হবে এবং সারা পশ্চিমবাংলার জনসাধারণের উপর এটা একটা ছাপ ফেলবে। এদিক থেকে এই দপ্তরের সাফল্য নিঃসন্দেহে কল্পনাতীত।

[8.00—8.10 P. M.]

আমি খেলাধুলা প্রসঙ্গে শুধু একটা কথা বলতে চাই এটা একটা বিশেষ বিষয়, আজকে আমরা সেই খেলাধুলার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছি। অম্বিকাবাবু

বললেন খেলাধুলার মধ্যে রাজনীতি টেনে আনবেন না। আজকে আমাদের দেশে রাষ্ট্রনায়কদের খেলাধুলা সম্পর্কে কোন চিন্তা-ভাবনা নেই। রাষ্ট্রনায়করা যদি খেলাধুলা সম্পর্কে কোন চিন্তা-ভাবনা না করেন তাহলে খেলাধুলার জগতে আমরা প্রতিষ্ঠা লাভ করতে পারি না। আজকে পৃথিবীর যে-কোন দেশ—সে সমাজতান্ত্রিক দেশ বলুন, আর অন্যান্য উন্নয়নশীল দেশ বলুন, এমনকি পুঁজিবাদী দেশগুলিও এমনভাবে খেলাধুলা সম্পর্কে আগ্রহী হয়ে পড়েছে যে, তারা রাষ্ট্রীয় দৃষ্টিকোণ থেকে খেলাধুলার দিকে নজর রেখেছেন, ফলে তাঁরা খেলাধুলার ক্ষেত্রে উন্নতি করতে পেরেছেন। কিন্তু আমাদের দেশে দেশ স্বাধীন হওয়ার ৩৫ বছর পরেও খেলাধুলাকে অগ্রাহ্য করা হয়েছে। আজ বিজ্ঞানের অগ্রগতি হচ্ছে, খেলাধুলার ক্ষেত্রে বিজ্ঞানকে প্রয়োগ করে যদি কার্যকরী ধারাবাহিক প্রচেষ্টা চালান যায় তাহলে আমাদের দেশে যে-সমস্ত প্রতিভা আছে তারা বিশ্বের দরবারে জায়গা করে নিতে পারে। যেখানে অলিম্পিকে একটা সোনা পাবার জন্য ভারত-পাকিস্তানের হকিকে কেন্দ্র করে ভারতবর্ষের ৭০ কোটি মানুষের হৃদকম্প উপস্থিত হয় এই রকম যেখানে ভারতবাসী খেলাধুলা সম্পর্কে আগ্রহী সেখানে যদি দেশপ্রেম থাকত তাহলে অন্ততঃ খেলাধুলার ক্ষেত্রে রাষ্ট্রনায়করা এই ধরনের উদাসীনতা দেখাতেন না। আমি জানি আমাদের সীমাবদ্ধতা আছে, তবুও আমার আবেদন খেলাধুলার উপর জোর দিতে হবে, এমফ্যাসিস ইজ টু বি গিভেন অন চিপার গেমস। আজকে ক্রীড়া দপ্তর সেগুলির দিকে নজর দিয়েছেন সস্তায় খেলাধুলা যেগুলি করা যায়। ইন এ স্মল পেরিফেরি অল্প জায়গার মধ্যে যে-সব খেলাধুলা করা যায় যেমন ভলিবল, হ্যাণ্ডবল, খোখো, সাঁতার এগুলির দিকে নজর দিতে হবে। সাঁতারের দিক থেকে আর একটু বিস্তারিতভাবে পেনিট্রেশান দরকার। সব জায়গায় আমরা সুইমিং পুল করতে পারব না, যদিও বিভিন্ন জায়গায় করার চেষ্টা হচ্ছে—যেমন হুগলীতে করা হচ্ছে, নালিকুলে করা হচ্ছে, ক্যানিং-এর তালদিতে করা হচ্ছে—যেখান থেকে ট্যালেন্ট এসেছে, কিন্তু গ্রামাঞ্চলে যেখানে পুকুর আছে সেই পুকুরগুলির উন্নতি করার প্রচেষ্টা স্পোর্টস দপ্তরের মাধ্যমে আমাদের করতে হবে। ক্রীড়া দপ্তর যে-সমস্ত উদ্যোগগুলি নিয়েছেন তার জন্য আমি খুব খুশী। এই ক্রীড়া দপ্তরের খেলাধুলা সম্পর্কে লক্ষ্য গেছে বলেই ন্যাশনাল ইন্সটিটিউট ফর স্পোর্টস পূর্বাঞ্চলীয় যে শাখা ইস্টার্ণ ব্রাঞ্চ এখানে প্রতিষ্ঠিত করতে পেরেছে। সল্টলেকে সেটা তৈরী হচ্ছে, সেজন্য বাজেট বরাদ্দ ১ কোটি ৪৫ লক্ষ টাকা ছিল, তার মধ্যে ১ কোটি ১৯ লক্ষ টাকা ইতিমধ্যেই খরচ হয়েছে এই সরকারের আমলে। সেখানে আমাদের লঙ-টার্ম কোচিং ক্যাম্প ইতিমধ্যে শুরু হয়েছে, সেখানে বিভিন্ন রকম ট্যালেন্ট দেখা গেছে। স্টেডিয়াম

সম্বন্ধে কথা উঠেছে। স্টেডিয়ামের দাবি কলকাতাবাসী এবং পশ্চিমবঙ্গের মানুষের দীর্ঘদিনের দাবি। স্যার, আপনি জানেন স্বাধীনতার আগে পর্যন্ত ভারতবর্ষের তিনটি রাজ্য—পাঞ্জাব হকির দিক থেকে, বোম্বাই ক্রিকেটের দিক থেকে এবং পশ্চিমবঙ্গ ফুটবলের দিক থেকে অগ্রগামী ছিল। এগুলি ক্লাইমেটিক যে কণ্ডিশান সেদিক থেকে জনপ্রিয় হয়েছে। আজকে ফুটবল জাতীয় খেলা বলে প্রতিষ্ঠিত হয়েছে, কিন্তু স্টেডিয়াম নেই। এই দপ্তরের মন্ত্রী বয়সে নবীন, ক্রীড়া চঞ্চল, প্রাণ চঞ্চল, তিনি গম্ভীর প্রচেষ্টা চালাচ্ছেন স্টেডিয়ামের। এই স্টেডিয়াম করতে ১৮ কোটি টাকা লাগবে, ৪ কোটি টাকা রাজ্য সরকার দিচ্ছেন, কিন্তু কেন্দ্র ১ পয়সাও দিচ্ছেন না। আমাদের ক্রীড়ামন্ত্রী কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রীর সঙ্গে আলাপ-আলোচনা করছেন। সেই স্টেডিয়াম তৈরী করার জন্য যে কমিটি করা হয়েছে সোসাইটি ফর স্পোর্টস এণ্ড স্টেডিয়াম তার চেয়ারম্যান হলেন চীফ মিনিস্টার হিমসেল্‌ফ। আজকে তাঁরা এই ৪ কোটি টাকা বাদ দিয়ে বাকি টাকাটা বাইরে থেকে নেওয়ার চেষ্টা চালাচ্ছেন। বেসরকারী প্রচেষ্টা ছাড়া এটা হওয়া সম্ভব নয়।

স্কুল-কলেজ যেখানে আছে অন্ততঃপক্ষে খেলাধুলার ক্ষেত্রে স্পোর্টস কাউন্সিলের একটু নজর থাকা উচিত। স্পোর্টস কাউন্সিলে যে মিটিং হয়, সেখানে এই বিষয়ে বিশেষভাবে বিবেচনা করে দেখা দরকার। স্কুল-কলেজগুলির দিক থেকে তাদের অর্গানাইজেশান সেট-আপ এমনভাবে রাখতে হবে যাতে সেখানে ট্যানেলগুলি কালেক্ট করা যায়। সেই ট্যানেলগুলি কালেক্ট করে একটা স্কলারশীপের এ্যারেঞ্জমেণ্ট করতে হবে এবং পরবর্তীকালে তাদের একটা জব সিকিউরিটির গ্যারান্টি করতে হবে। এই বিষয়ে অন্ততঃপক্ষে স্কুলিং, পারমানেণ্ট কোচিং ইত্যাদির বন্দোবস্ত করার জন্য আবেদন রাখছি। যদিও সেদিকে আপনাদের নজর আছে এবং ইতিমধ্যে কাজও শুরু হয়েছে এবং স্কলারশীপও দিচ্ছেন। সেদিক থেকে আমি আপনাদের অভিনন্দন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, আজকে খেলায় আমার উন্নসিকতা নেই। আজকে দিল্লীতে যে এশিয়াড হয়ে গেল তাতে ১১ শত কোটি টাকা ব্যয় হয়েছে। আমরা পশ্চিমবাংলায় ১৮ কোটি টাকা খরচের জন্য চেয়েছিলাম। সেই টাকা দিয়ে পশ্চিমবঙ্গে স্টেডিয়াম করতে চেয়েছিলাম। এখানে রবীন্দ্র সরোবর স্টেডিয়াম আছে, সুভাষ সরোবর স্টেডিয়াম আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো যে, রবীন্দ্র সরোবর স্টেডিয়াম, সুভাষ সরোবর স্টেডিয়াম, এগুলি অন্ততঃ স্পোর্টস দপ্তরের আওতায় আনা হোক। এগুলি করলে এখানে বিশাল আকারে খেলাধুলার জায়গা হত। তা না করে ৯টি সাত তারা হোটেল করলে, কতগুলি ফ্লাই ওভার করে দিল্লীর

রাজধানীকে নতুন চমকে সাজিয়ে দিলে কি হবে। সেখানে কি খেলার ধারাবাহিকতা থাকবে ? আজকে সেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা দিয়ে যে-সমস্ত স্টেডিয়াম তৈরী করা হল, সেগুলি শুধু একটা মিউজিয়ামের মত সাজান থাকবে, সেখানে খেলার ধারাবাহিকতা থাকবে না। কাজেই এটা করে কি লাভ হল ? আজকে এটা নিয়ে বাজেটে গর্বভরে বক্তৃতা দিয়ে বলতে পারেন। কিন্তু এর ভবিষ্যৎ কি ? কাজেই আমি সেদিক থেকে এই কথা বলতে চাই যে, এটাকে সম্পূর্ণ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে কেন্দ্রীয় সরকার দেখেছেন বলে আমি এর তীব্র প্রতিবাদ করছি। অপরদিকে পশ্চিমবঙ্গ সরকারের এই বাজেটকে সমর্থন করছি এবং এই দপ্তরের আরো বেশী টাকা দেবার কথা বলবো। কারণ পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যে প্রতিভাগুলি আছে সেগুলি কালেক্ট করার ক্ষেত্রে, খেলাধুলার বিকাশ ঘটানোর ক্ষেত্রে, যুব মানসে একটা নতুন অবস্থার সৃষ্টি করার জন্য একটা উন্নত চেতনার বিকাশ ঘটানোর ক্ষেত্রে, অপসংস্কৃতির কবল থেকে সুস্থ সংস্কৃতির কবলে আনার ক্ষেত্রে তার যে সৃষ্টিধর্মী মন আছে তাকে সমাজের পরিবর্তনের কাজে লাগানোর ক্ষেত্রে এবং বিশেষ করে খেলাধুলার ক্ষেত্রে যুব দপ্তরকে আরো মানুষের মধ্যে নিয়ে যেতে হবে। সেজন্য এই দপ্তরে আরো ব্যয়বরাদ্দ বাড়ানো উচিত বলে মনে করি। সেদিক থেকে যে ইতিবাচক পদক্ষেপ নিয়েছেন, আমি এটাকে সমর্থন করছি এবং ওদের নেতিবাচক বক্তৃতাকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমাজ কল্যাণ, যুব কল্যাণ এবং ক্রীড়ার উপর যে ব্যয়-বরাদ্দের দাবী মাননীয় মন্ত্রী মহাশয় রেখেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা এখানে কেউ নেই। তাঁরা বক্তৃতা করে চলে গেলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যখন রবীনবাবু তাঁর বক্তব্য রাখছিলেন ঠিক সেই মুহূর্তে আমার একথা মনে হচ্ছিল যে, আমরা কোন যুগে দাঁড়িয়ে আছি। আমরা এমন একটা স্বাধীন ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে আছি যার চারিদিকে আমরা দেখছি অবক্ষয়ের প্রচণ্ড অন্ধকার সব জায়গায়, দুর্নীতি এবং হতাশা। আমরা জানি যে, একদিন ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে যুবশক্তি তাদের সমস্ত শক্তি দিয়ে ইংরেজ সাম্রাজ্যবাদ শক্তির বিরুদ্ধে লড়াই করে হাসতে হাসতে ফাঁসিতে গিয়েছিল। সেই ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে যখন নূতন দিনের

কথা চিন্তা করি, নূতন সূর্যের আহ্বান জানাই, আমরা জানি যে একটা জাতির মেরুদণ্ড হচ্ছে ঐ যুবশক্তি।

[8.10—8.20 P.M.]

কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলবো যে, আমরা অত্যন্ত কঠিন দিনের মুখে, অবক্ষয়ের প্রান্তে দাঁড়িয়ে নূতন কিছু সৃষ্টি করতে চাই। এটা একটা কঠিন কাজ তা আমরা জানি। নিশ্চয় একটা জাতি যদি বড় হতে চায়, একটা স্বাধীন দেশ যদি মাথা উঁচু করে পৃথিবীর সামনে দাঁড়াতে চায় তাহলে যুব শক্তির বিশেষ একটা ভূমিকা সেখানে থাকতে হবে। এই যুব শক্তি সমস্ত জাতিকে এগিয়ে নিয়ে যেতে পারে। কিন্তু গত ৩৫ বছর ধরে এই যুব শক্তিকে উপেক্ষা করা হয়েছে। আমরা পরাধীন ভারতবর্ষে জন্মগ্রহণ করেছি। সেদিনের ইতিহাস আমরা সকলেই জানি। সেদিনের উন্মাদনা সাম্রাজ্যবাদী শক্তির হাত থেকে দেশকে মুক্ত করার জন্য কে আগে নিজের জীবনকে বিসর্জন দেবে। সেদিনের সেই আহ্বান আমাদের জীবনকে উদ্দীপ্ত করেছিল। আর আজকে যখন স্বাধীন ভারতবর্ষে মাটিতে যে সন্তান জন্মগ্রহণ করেছে সেই সন্তান যদি সূর্যের দিকে মুখ রেখে এগিয়ে যেতে চায়, সে দেখবে চারিদিকে অন্ধকার, হতাশা এবং অপসংস্কৃতি। তার মাঝখানে আজকে সমস্ত যুব শক্তি ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। সেটা আমি ৩৫ বছর ধরে দেখছি। যে কংগ্রেস সরকার ৩৫ বছর ধরে পশ্চিমবাংলায় ছিল এবং এখনও কেন্দ্রে রয়েছে, তারা যুব শক্তিকে উপেক্ষা করেছে। কারণ আমি বলবো যে, এটা একটা রাজনৈতিক কারণ। ভারতবর্ষের স্বাধীনতাকে সামনে রেখে স্বাধীনতার জন্য যে লড়াই হয়েছিল সেই স্বাধীনতা আমরা পাইনি। যে খণ্ডিত ভারতবর্ষে আমরা দাঁড়িয়ে আছি সেই ভারতবর্ষেই হাসতে হাসতে ফাঁসিতে গিয়েছিল ক্ষুদিরাম থেকে বাঘা যতীন এবং তাদের আদর্শে আমাদের জীবনকে উদ্দীপ্ত করেছিল। কিন্তু আজকে খণ্ডিত ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি শুধু হতাশাগ্রস্ত যুব শক্তি —আজকে চারিদিকে সমস্যা জর্জরিত হয়ে তাদের জীবনকে অপসংস্কৃতির দিকে ঠেলে দেওয়া হচ্ছে। কারা এটা করেছে? সেই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা পুঁজিপতি সমাজ ব্যবস্থা যারা সৃষ্টি করেছিল তারা। তাদের নিজেদের স্বার্থে সেদিন ইংরাজীদের সাথে চুক্তি করে ক্ষমতা গ্রহণ করেছিল—আজকে তারাই তুঙ্গে বসে আছে। ৩৫ বছর ধরে তারা ভারতবর্ষের মধ্যে যে রাজনীতি নিয়ে চলেছিল, তার একমাত্র লক্ষ্য ছিল ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে টিকিয়ে রাখা, যুবশক্তিকে

ধ্বংস করা। যুবশক্তির আদর্শ তাদের যে চিন্তা-ভাবনা, সেই চিন্তা-ভাবনার অঙ্গনে দাঁড়িয়ে আগামী দিনে ভারতবর্ষে প্রত্যেকটি নির্যাতিত মানুষকে নিয়ে নূতন সমাজতন্ত্র তারা প্রতিষ্ঠা করতে পারে—তাকেই তারা ভয় পেয়েছে চিরকাল। তাই তারা নানারকম ষড়যন্ত্র করে তাদের সমস্ত শক্তিকে নষ্ট করেছে। অন্য কিছু তাদের আর চোখে পড়েনি। আমি অভিনন্দন জানাবো এই বামফ্রন্ট সরকারকে যে তাঁরা এই কথাটা চিন্তা করেছেন। তাঁরা আজকে কর্মযজ্ঞ শুরু করেছেন। এটা আমি নূতন বলবো যে, এই রাজ্যে তাঁরা যুব কেন্দ্র প্রতিষ্ঠা করেছেন। আমার মনে পড়ে নেতাজী সুভাষচন্দ্র ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের কথা চিন্তা করে মহাজাতি সদনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। সেই ভিত্তিপ্রস্তর স্থাপনের মধ্য দিয়ে কবি রবীন্দ্রনাথ ঠাকুরের যে স্বপ্ন সেই স্বপ্ন আগামী দিনের ভারতবর্ষ নূতন করে প্রতিষ্ঠা করা এবং যুব শক্তিকে কেন্দ্রীভূত করে মহাজাতি সদনের মধ্য দিয়ে সেটা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। যুব শক্তির আত্মবিকাশের মধ্য দিয়ে এই জিনিসকে বাস্তবে পরিণত করার জন্য আমরা দেখলাম বামফ্রন্ট সরকার চিন্তা-ভাবনা নিয়েছেন। আজকে রাজ্য সরকার যুব কেন্দ্র মৌলালীর মোড়ে প্রতিষ্ঠা করেছেন। এর জন্য আমি এই সরকারকে অভিনন্দন জানাই। আমরা দেখলাম সেই স্বপ্নকে তাঁরা টিকিয়ে রাখতে চান এবং সেইভাবেই আগামী ভারতবর্ষের কথা চিন্তা করা হয়েছে। সেখানে একটা প্রেক্ষাগৃহ করা হয়েছে। সাধারণ পাঠাগার, গ্রন্থাগার, বিজ্ঞান সংগ্রহশালা, যোগব্যায়ামাগার, যুব আবাসন এই বহুমুখী কেন্দ্র করা হয়েছে। আমি অভিনন্দন জানাই—এটা আমরা চেয়েছিলাম। আমাদের কি কোন অতীত ইতিহাস নেই? আজকে যুবশক্তি উদ্‌ভ্রান্ত। আজকে অপসংস্কৃতির মধ্য দিয়ে ধনতান্ত্রিক সমাজব্যবস্থা যা করতে চেয়েছিল তা আমরা রুখে দাঁড়িয়েছি। যদি আমরা মনে করি যে, আমাদের অতীত না হলে আমাদের এই ভারতবর্ষ হতে পারে না। আমরা জানি আমাদের অতীত আছে, আর এই অতীতকে যারা চক্রান্ত করে ষড়যন্ত্র করে আমাদের চোখের সামনে থেকে মুছে ফেলে দিতে চেয়েছিল তার বিরুদ্ধে এই বামফ্রন্ট সরকার রুখে দাঁড়িয়েছে। তাঁরা প্রথমেই যেটা করেছেন ঐ সংগ্রহশালা, তাতে তাঁরা প্রশংসা পাবার যোগ্য।

সেই সংগ্রহশালার মধ্যে দিয়ে আজকে স্বাধীন ভারতবর্ষের যে সন্তানরা জন্মগ্রহণ করবে, তারা সেই অতীত ইতিহাসকে খুঁজে পাবে, সেই ইতিহাস সংগ্রামের ইতিহাস, সেই ইতিহাস যৌবনের উদ্দীপ্ত ইতিহাস, সেই ইতিহাসের মধ্যে দিয়ে আজকে আগামীদিনের সমাজতন্ত্রকে গড়ে তোলার জন্য যুবশক্তি ঐ অপসংস্কৃতির হাত থেকে মুক্তি পেয়ে নতুন ভারতবর্ষ গড়ে তোলবার প্রতিজ্ঞা গ্রহণ করবে।

তার জন্য আজকে এই রাজ্যে যুব কেন্দ্র যেটা হয়েছে, আমি তাকে অভিনন্দন জানাই। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অভিনন্দন জানাই, আজকে শুধু কলকাতা শহরই নয়, গ্রামাঞ্চলের কথা মনে রাখা হয়েছে, যে গ্রামবাংলায় শোষিত, নির্যাতিত মানুষ বাস করেন, সেই শতকরা ৮০ ভাগ মানুষরা গ্রামবাংলায় বাস করেন, ৩৫ বছর ধরে তাঁরা উপেক্ষিত, এই উপেক্ষার যন্ত্রণার মধ্যে দিয়েও আজকে আমি দেখতে পাচ্ছি, জেলায় জেলায় সেই যুব কেন্দ্র প্রতিষ্ঠা করা হচ্ছে, যে যুব কেন্দ্রের মধ্যে দিয়ে অপসংস্কৃতির হাত থেকে মুক্তি পেয়ে ঐ যুব শক্তি, যে যুবশক্তি ভারতবর্ষের মেরুদণ্ড, যে যুবশক্তি আগামীদিনে শোষণ নির্যাতনের হাত থেকে ভারতবর্ষের মানুষকে মুক্তির পথ দেখাবে। আমরা তো জানি, আমরা বিপ্লবের মধ্যে দিয়ে ক্ষমতা দখল করিনি। আমরা এই মুহূর্তে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারবো না, শোষিত, নির্যাতিত মানুষের হাতে ক্ষমতা তুলে দিতে পারবো না। আমরা বেকার যুবকদের যন্ত্রণার হাত থেকে মুক্তি দিতে পারবো না। আমরা বেকার যুবক-যুবতীদের আজকে সসম্মানের মর্যাদা দিতে পারবো না এই সীমিত গণ্ডীর মধ্যে, যেখানে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা কায়েম হয়ে রয়েছে, যেখানে কেন্দ্রে আজকে শক্তিশালী ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা হয়েছে, ইন্দিরা গান্ধী যার নেতৃত্ব দিচ্ছেন তার মাঝখানে অঙ্গরাজ্য পশ্চিমবাংলায় বসে আমরা বড় কথা বলতে চাই না। কিন্তু আমরা সেই অভিমন্যুর মত সেই ব্যূহকে ভেদ করতে চাই, আমরা শুধু অভিমন্যুর মত ঐ ব্যূহের মধ্যে প্রবেশ করে নিজে আত্ম উৎসর্গ করতে চাই না, আমরা ঐ ব্যূহ থেকে কি করে বের হয়ে আসতে পারি, তার জন্য সমস্ত দিক বিবেচনা করে আমরা ধীরে ধীরে এগিয়ে চলছি, সেইজন্য আমি অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, এখানে আমি দেখতে পাচ্ছি ক্রীড়ার ব্যাপারে গ্রামবাংলা বরাবর আগে উপেক্ষিত ছিল, আপনারা জানেন যে, একটা সমাজকে গড়ে তুলতে হলে পাশাপাশি তার সংস্কৃতিকে গড়ে তুলতে হবে। আমরা দেখতে পাচ্ছি কি—অপসংস্কৃতি, চলচ্চিত্র বলুন, টি. ভি. বলুন, সাহিত্য বলুন, ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে কায়েম করবার জন্য ঐ সমস্ত অপসংস্কৃতির মধ্যে দিয়ে আজকে যুব সমাজকে বিপথগামী করা হয়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি, আজকে এই যুব কল্যাণ দপ্তর গ্রামবাংলার দিকে নজর দিয়েছেন এবং যাতে গ্রামের লোকগীতি এবং সেখানকার যাত্রা, থিয়েটার, সাহিত্য যাতে আরও নতুন দিনের ভাবনা-চিন্তা নিয়ে এগিয়ে আসতে পারে, তার চেষ্টা চলেছে এবং গ্রামবাংলার মানুষকে এই কর্মযজ্ঞের মধ্যে তারা ইনভলভ করিয়েছেন, এটা প্রশংসনীয়। শুধু তাই নয়, যে-সমস্ত ক্রীড়া—ক্রীড়ার কথা রবীনবাবু বলেছেন, আমি সেটা সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না, আমি শুধু এইটুকু বলতে

চাই, ওনারা বললেন স্টেডিয়ামের কথা, আমি সুভাষবাবুকে অভিনন্দন জানাই যে, সল্টলেকে নেতাজী সুভাষচন্দ্রের নামে একটি প্রশিক্ষণ দেবার কেন্দ্র তৈরী হচ্ছে, আমি অভিনন্দন জানাই এর জন্য। ঠিকই তো, আমাদের কিছু নেই, আমরা বঞ্চিত হতে পারি না, যুবশক্তি ধ্বংস হবে, শুধু হতাশা, শুধু ব্যর্থতা, শুধু বঞ্চনা—না, আমরা হতাশা, যন্ত্রণার হাত থেকে মুক্তি চাই, আমরা বাঁচতে চাই। আমরা আগামীদিনের যুবশক্তিকে এগিয়ে দিতে চাই সমাজতন্ত্রের পথে, তাই এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি নিজের ভাষায় একটি ছোট কবিতা এখানে বলতে চাই,

অবক্ষয়ের প্রান্তে দু পা স্থির,
তবু দুর্জয়
সংকল্প দৃঢ় পদক্ষেপে
ভেঙ্গে ফেলে
বাধার প্রাচীর
নতুন দিনের সূর্য
ছিনিয়ে
আনবে—
আজকের এই যুব শক্তি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ক্রীড়া এবং যুব কল্যাণ বিভগের বাজেট সমর্থন করে সর্বপ্রথমে আমি যে কথাটি বলতে চাই সেটা হল এই, ক্রীড়া বিভাগ বিশেষ করে যুব কল্যাণ দপ্তরের বহুমুখী কর্মসূচী আমাদের এই রাজ্যের ছাত্র, যুব, তরুণ, তরুণী, কিশোর, কিশোরীদের মুক্তির ক্ষেত্র যে অনেক প্রসারিত করেছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই যুব কল্যাণ বিভাগ যুব উৎসব এবং অন্যান্য কর্মসূচীর মাধ্যমে আমাদের তরুণ-তরুণীদের, কিশোর-কিশোরীদের মধ্যে যে সম্ভাবনাময় কুঁড়ি ফোটার অপেক্ষায় ছিল সেই সম্ভাবনাময় কুঁড়িকে প্রস্ফুটিত করার ক্ষেত্রে একটি বিরাট ভূমিকা গ্রহণ করেছে—সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা জানি আমাদের এই আর্থ সামাজিক কাঠামোর মধ্যে থেকে একটা বিরাট বড় ভূমিকা গ্রহণ করতে পারছি না। যুব কল্যাণ বিভাগ অথবা ক্রীড়া দপ্তরের ক্ষেত্রে সামগ্রিকভাবে এই রাজ্যের তরুণ-তরুণী, কিশোর-কিশোরী, ছাত্র, যুব সমাজকে ব্যাপকভাবে যে সুস্থ সংস্কৃতির পথে নিয়ে যাবার প্রচেষ্টা শুরু হয়েছে, সেই প্রচেষ্টা নিশ্চয় অভিনন্দনযোগ্য। এই ব্যাপারে যে আর্থিক বরাদ্দ ধার্য করা হয়েছে তার মধ্য দিয়ে বিরাট কিছু করা যাবে না, এটা ঠিক।

কিন্তু আমরা একটা নতুন চিন্তা-ভাবনা, সুস্থ সাংস্কৃতিক চেতনা বোধের ক্ষেত্রে নতুন বার্তাবরণ সৃষ্টি করতে পেরেছি, এটাই হচ্ছে আমাদের সবচেয়ে বড় সাফল্য এবং এই প্রসঙ্গে আমি মাননীয় ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমরা এই কথা জানি যে, আমাদের এই রাজ্যের খেলাধুলা ব্যক্তিগত উদ্যোগ এবং বিভিন্ন ক্লাব প্রতিষ্ঠান ইত্যাদির মধ্য দিয়ে গড়ে উঠেছে এবং সেটা চলতেই থাকবে যতক্ষণ পর্যন্ত না সরকার সঠিক কোন বিরাট ভূমিকা গ্রহণ করতে পারছেন। আমি একটি কথা মাননীয় ক্রীড়ামন্ত্রীর কাছে জানাতে চাই যে, এবার এশিয়াডে দেখলাম এই রাজ্যের যে-সমস্ত প্রতিযোগীরা অংশগ্রহণ করেছিলেন তাঁরা সাফল্য লাভ করতে না পারলেও প্রতিনিধির সংখ্যা কিন্তু কম ছিল না। পাঞ্জাবের ক্ষেত্রে আমরা দেখেছি সেখানকার যাঁরা প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অধিকার করেছেন তাঁদের পুরস্কৃত করা হয়েছে, উৎসাহিত করা হয়েছে। তাই আমি মাননীয় ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ জানাব যে, আমাদের এই রাজ্যের যে-সব প্রতিনিধিরা ফুটবল থেকে শুরু করে বিভিন্ন ক্রীড়ায় অংশগ্রহণ করেছিলেন পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে তাঁদের অভিনন্দন জানানোর ব্যবস্থা করা হোক। মাননীয় ক্রীড়ামন্ত্রী তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন যে, বুলা চৌধুরী, রীতা সেনকে অনুদান দেওয়া হয়েছে, উৎসাহিত করা হয়েছে। কিন্তু সামগ্রিক ভাবে এই রাজ্য থেকে এশিয়াডে যাঁরা প্রতিনিধিত্ব করেছিলেন তাঁদের অভিনন্দন জানানোর জন্য রাজ্য সরকার এখনো পর্যন্ত কোন ভূমিকা গ্রহণ করতে পারেন নি। নিশ্চয় এর একটা প্রয়োজনীয়তা আছে। আমাদের এই রাজ্যের ক্রীড়াবিদদের উৎসাহিত করার জন্য নিশ্চয় রাজ্য সরকার একটা বড় ভূমিকা গ্রহণ করবেন, এই প্রস্তাব তাঁর কাছে রাখব। আজকে কংগ্রেস দলের তরফ থেকে অম্বিকা ব্যানার্জি বললেন খেলার মাঠ তৈরী করার ক্ষেত্রে রাজ্য সরকার কোন ভূমিকা গ্রহণ করেন নি। কোন নতুন মাঠ গড়ে ওঠেনি, এই কথা সত্য নয়। রাজ্য সরকারের তরফ থেকে গ্রামবাংলায় নতুন মাঠ নির্মাণের জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। সেখানে নতুন নতুন মাঠ তৈরী হয়েছে। তা সত্ত্বেও আমি মাননীয় ক্রীড়ামন্ত্রীকে বলব এই বিষয়ে এমন অনেক ঘটনা ঘটে গেছে, বহু ক্ষেত্রে খেলার মাঠের জন্য টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু সেই টাকা যথাযথ ভাবে খরচ করা হয় নি। এই সম্পর্কে নানা অভিযোগ উঠছে। কাজেই পরবর্তী সময়ে খেলার মাঠ নির্মাণের জন্য যে টাকা বরাদ্দ করা হবে যথাযথ ভাবে সেই টাকা খরচ হল কিনা সেটা বিশেষ ভাবে দেখতে হবে। আজকে যুবমানস পত্রিকা সম্বন্ধে কথা উঠেছে। এই যুবমানস পত্রিকা পশ্চিমবাংলার সুস্থ সাংস্কৃতিক আন্দোলনের ক্ষেত্রে, নতুন প্রগতিশীল ভাবনা-চিন্তার ক্ষেত্রে বিরাট বড় পথিকৃৎ হয়ে

দাঁড়িয়েছে। এই যুবমানস পত্রিকার চাহিদা বেড়েছে। অতএব যুব কল্যাণ দপ্তরের কর্মসূচীর সামগ্রিক সাফল্য সম্পর্কে আজকে তার কোন প্রশ্নই উঠতে পারে না। বিরোধী দলের তরফ থেকে এই সম্পর্কে আর কিছুই বলার নেই। আজকে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই নিরিখে বিচার না করে তাঁরা অনেক বড় বেশী প্রত্যাশা করেছেন। সেই প্রত্যাশা স্বল্প বাজেট বরাদ্দের মাধ্যমে সম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গ্রামাঞ্চলের জন্য যে-সমস্ত পরিকল্পনা নিচ্ছেন সেই পরিকল্পনার কার্যকারিতা সম্পর্কে মন্ত্রী মহাশয়কে একটু ভাবনা-চিন্তা করতে হবে। ফুটবল প্রশিক্ষণের পরিকল্পনা ছিল। এই প্রকল্পের মাধ্যমে আমরা দেখেছি কোথাও ১৫/২০ দিনের জন্য ফুটবল প্রশিক্ষণের পরিকল্পনা নেওয়া হল।

[8.20—8.30 P. M.]

এর মধ্যে দিয়ে সামগ্রিক লাভ সেটা আসতে পারে না, ফলে প্রশিক্ষণের যে চরিতার্থতা তা ব্যর্থ হয়ে যাচ্ছে। সেইজন্য আমি বলব, একটা দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নেওয়া দরকার। শুধু লোক দেখানোর মতন ব্যাপার করে গ্রামাঞ্চলে কয়েক দিনের জন্য প্রশিক্ষণ শিবির করে কিছু ছাত্রকে ফুটবল খেলা শেখানো হল এতে আমাদের কিছুটা তৃপ্তি থাকতে পারে, কিন্তু প্রকৃত খেলোয়াড় তৈরী করা যায় না। প্রকৃত খেলোয়াড় তৈরী করার জন্য যে নিরলস সাধনা থাকা দরকার, যে পরিকল্পনা থাকা দরকার, এ ক্ষেত্রে তার অভাব দেখা যাচ্ছে। সেইজন্য বলছি, সমস্ত রাজ্য জুড়ে যেখানে সম্ভব নয় সেখানে সমস্ত জেলায় জেলায় পরিকল্পনাকে প্রসারিত করার কোন দরকার নেই, পরিকল্পনা ছোট হলেও তরুণ প্রতিভাকে বেছে নিয়ে, কিশোর প্রতিভাকে বেছে নিয়ে ফুটবল খেলার প্রশিক্ষণের ব্যাপারটাতে দৃষ্টি দেওয়া দরকার। দীর্ঘমেয়াদী পরিকল্পনার ভেতর দিয়েই একটা খেলোয়াড় গড়ে উঠতে পারে একথা মনে রাখা দরকার। এই কথা বলে যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তরের সামগ্রিক সাফল্যকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীসুভাষ চক্রবর্তী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছি তার সপক্ষে বলতে গিয়ে যুব কল্যাণ দপ্তর এবং ক্রীড়া দপ্তরের ভূমিকা সম্পর্কে সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রীরবীন মণ্ডল, শ্রীমতী অপরাজিতা গোপ্পী এবং জয়ন্ত বিশ্বাস মহাশয় যে বক্তব্য রেখেছেন তার পরে বিস্তারিত কোন উত্তর

দেওয়ার বা ব্যাখ্যা করার দরকার আছে বলে আমি মনে করি না। এই প্রসঙ্গে আমি শুধু একটি কথাই বলতে চাই যে, ক্রীড়ামানের ক্ষেত্রে ও ক্রীড়ার বিকাশ ও বিস্তারের ক্ষেত্রে আমাদের সামাজিক আশা-আকাঙ্ক্ষা যেখানে যতটা আছে আমরা তার ধারেকাছে পৌঁছাতে পারি নি। তবে এই ব্যর্থতার দায়-দায়িত্ব যেভাবে অম্বিকাবাবু বামফ্রন্ট সরকারের ঘাড়ে চাপানোর চেষ্টা করলেন সেটা মূর্খামি ছাড়া আর কিছুই নয়। যেখানে কেন্দ্রীয় সরকারের ২৫ হাজার কোটি টাকার বাজেটের ৬ কোটি টাকা মাত্র কেন্দ্রীয় বরাদ্দ ক্রীড়া ক্ষেত্রে, সেখানে সে দিকটার প্রতি দৃষ্টি দিলেই বোঝা যায় কেন্দ্রীয় সরকার সামগ্রিক ভাবে ক্রীড়া ক্ষেত্রের মাধ্যমে যুব সমাজ ও তরুণ সমাজকে কি দিতে চাইছেন বা কি করতে চাইছেন। ১২শো কোটি টাকা খরচ করে এশিয়াড করলেই বা কোন একটি ক্রিকেট টেস্টে ইংল্যাণ্ড বা ওয়েস্ট ইণ্ডিজকে পরাজিত করে সারা দেশে একদিন ছুটি ঘোষণা করলেই ক্রীড়ামানের উন্নয়ন বা ক্রীড়ায় অংশগ্রহণ বোঝায় না। এ ক্ষেত্রে আমরা আমাদের সীমিত ক্ষমতায় এখানকার যুবকদের মানসিক, শারীরিক গঠন, শক্তি, ম্যাসেলের ক্ষমতা, লাং এবং হার্টের ক্ষমতা সমস্ত কিছু বিচার-বিবেচনা করে আমরা মনে করি সব খেলায় আমরা আন্তর্জাতিক মানে পৌঁছাতে পারবো না। আমরা এ ব্যাপারে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করেছি এবং সমস্ত কিছু বিবেচনা করে আমরা ঠিক করেছি গুটিকয়েক খেলার মধ্যে আমরা নিজেদের নিবদ্ধ করবো। দ্বিতীয়তঃ একটা সুস্থ সবল সমাজ গড়ে তোলার জন্য আমরা সমগ্র তরুণ সমাজকে খেলার জগতে সামিল করবো। খেলা বলতে ঐ কলকাতা'য় তিনটি ঘেরা মাঠের কথা যা অম্বিকাবাবু বললেন, যেন সেটাই সব, আমরা কিন্তু তা মনে করি না। এ ক্ষেত্রে খেলার জননী যাকে বলে এ্যাথলেটিক এবং জিমন্যাসটিক, যেটা ভারতবর্ষে সবচেয়ে বেশী অবহেলিত সেদিকে আমরা নজর দিতে চাইছি। সেই সঙ্গে জনপ্রিয় যে-সমস্ত খেলা আছে তার মধ্যে যেগুলি আমাদের সীমিত আর্থিক সঙ্গতির সঙ্গে পরিপূরক সেগুলিকে বিপুল পরিমাণে বিস্তার বা বিকাশ ঘটাতে চাইছি। এটা আমরা জানি যে, আমরা যদি লক্ষ লক্ষ তরুণ-তরুণীকে খেলার মাঠে নামাতে পারি, অর্থাৎ যদি পরিমাণগত দিক থেকে তা বিশাল আকার নিতে পারে খেলায় অংশগ্রহণ করার ক্ষেত্রে, তাহলে গুণগত দিক থেকে তার মধ্যে থেকে অনেক উন্নত মানের খেলোয়াড় পাওয়া যাবে।

[8.30—8.37 P. M]

আমি একটা ছোট ঘটনার কথা বলছি। কিছুদিন আগে চীনদেশ থেকে যে

ব্যাডমিণ্টন দল খেলতে এসেছিল তার ম্যানেজারের সঙ্গে আমার কথা বলার সৌভাগ্য হয়ছিল। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে, আপনাদের এশিয়ান চ্যাম্পিয়নশীপে যাঁরা পার্টিসিপেট করছেন, যে স্ট্যাণ্ডার্ডের প্লেয়ার এনেছেন, এই রকম কত খেলোয়াড় আপনাদের দেশে আছে? তিনি সহজভাবে বললেন যে, হাফ্ এ মিলিয়ন। অর্থাৎ ৫ লক্ষ। তাঁদের ২ কোটি ছেলেমেয়ে খেলে। সারা দেশে ২ কোটি ছেলেমেয়ে যারা খেলে, তার থেকে উন্নত মানের ৫ লক্ষ খেলোয়াড় তাঁরা তৈরী করেছেন। আমাদের ৭০ কোটি মানুষের দেশ। এই দেশের কোটি কোটি ছেলেমেয়ের যদি খেলার ব্যবস্থা করতে পারি তাহলে নিশ্চয়ই আমরাও সব খেলাতে না হলেও অনেক খেলায় অনেক উন্নত মানের খেলোয়াড় তৈরী করতে পারি। আমাদের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার দিক থেকে, সীমিত খেলার সাজ-সরঞ্জামের দিক থেকে, খেলার উপকরণ তৈরী করার দিক থেকে সত্যিই আমরা অনেক পিছিয়ে আছি। দুর্ভাগ্য হলেও এটা সত্য যে, গত ৩০ বছরেও একটা স্টেডিয়াম তৈরী হয় নি। আমাদের এখানে খেলার জায়গা নেই। ১৫টি জেলাসহ ৪৬টি মফঃস্বল শহরের কোথাও একটিও স্টেডিয়াম তৈরী হয় নি। সব জায়গায় চাহিদা আছে, আকাঙ্ক্ষা আছে, বাসনা আছে এবং প্রয়োজন আছে। কাজেই আমরা ঠিক করেছি যে, পর্যায়ক্রমে আমরা এগুলি করবো। প্রথমে জেলা স্তরে, তারপর ধীরে ধীরে মহকুমা শহরে এবং পরে এগুলো আরো প্রসারিত করবো এবং এই সব জায়গায় মূলতঃ প্রশিক্ষণ হবে এবং খেলাধুলার বিকাশ এবং বিস্তার যতদুর সম্ভব করার চেষ্টা করা হবে। যেমন ইতিমধ্যে যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে আমরা গত ৪/৫ বছরে প্রায় দু'শতের বেশী মাঠ তৈরী করার জন্য আর্থিক সাহায্য বিভিন্ন সংগঠনকে দিয়েছি। আমার কাছে এখন পর্যন্ত যে রিপোর্ট আছে তাতে বহু ক্ষেত্রে তারা মাঠ তৈরী করছে। আপনারা সকলেই জানেন যে, মাঠ ইচ্ছা করলেই তৈরী করা যায় না। গ্রামে জায়গা পাওয়া খুবই মুশকিল। কিন্তু মাঠ আমাদের তৈরী করতে হবে, জায়গা আমাদের তৈরী করতে হবে। আবার ফুটবল মাঠ তৈরীর সুযোগ সব জায়গায় নেই। সেজন্য আমাদের যে সামাজিক অবস্থান, সেই অবস্থানগত বিষয়ে বিবেচনা করে ভলি, বাস্কেট, খো-খো, কবাডি ইত্যাদি এইসব খেলার দিকে বেশী করে নজর দেবার চেষ্টা করছি, যাতে লক্ষ লক্ষ তরুণ-তরুণীকে আমরা খেলার মাঠে সামিল করতে পারি। এটা করতে পারলে একটা নতুন আলোর সৃষ্টি করতে পারবো। কিন্তু এটা করতে গিয়ে আমরা দেখেছি যে, রাজ্যস্তরে ৩০ বছরের মধ্যে রাজ্য ক্রীড়া পর্ষদ ছাড়া আর কোন ব্যবস্থা নেই, যার সাহায্যে এগুলি করা যায়। সেই দৃষ্টিভঙ্গীতে দেখবেন যে, আমার বাজেটের মধ্যে আমি সেই ব্যবস্থা রাখবার চেষ্টা

করেছি। আমরা জেলা ক্রীড়া পর্ষদ তৈরী করছি এবং এই জেলা ক্রীড়া পর্ষদ যেভাবে গঠন করার কথা ভাবছি তাতে সরকারী অফিসাররা থাকবেন, খেলোয়াড়রা থাকবেন ক্রীড়া সংগঠকরা থাকবেন, বেসরকারী ব্যক্তিরা থাকবেন, ক্লাবের প্রতিনিধিরা থাকবেন, অর্থাৎ সব মিলিয়ে করা হচ্ছে। কারণ তাঁরা ওখানকার সামাজিক চাহিদা, সাংস্কৃতিক চাহিদা সবচেয়ে ভাল বুঝবেন। আমাদের আর্থিক ক্ষমতা যেটুকু আছে এবং সাধারণভাবে গাইড লাইন দিয়ে আমরা রাজ্য ক্রীড়া পর্ষদ থেকে জেলা ক্রীড়া পর্ষদের কাছে উপস্থিত করে দেব। তাঁরা নিজের নিজের জেলার প্রয়োজনের কথা বিবেচনা করে একদিকে ক্রীড়াঙ্গনের প্রসার ঘটাবেন, অন্যদিকে ক্রীড়ামানের উন্নয়ন ঘটানোর চেষ্টা করবেন। সেই ব্যাপারে সুনির্দিষ্ট পরিকল্পনা আমাদের কাছে আছে। আমরা এগুলিকে আরো ত্বরান্বিত করার কথাও ভাবছি। জেলা ক্রীড়া পর্ষদ আমরা তৈরী করবো। এই সম্পর্কে অম্বিকাবাবু একটা কথা বললেন। আমি একটা কথা বলবো যে, কম জানা ভাল, কিন্তু অধিক জানা ভাল নয়। উনি প্যারালাল অর্গানাইজেশনের কথা বললেন। প্যারালাল নয়, রাজ্য ক্রীড়া পর্ষদ আছে, জেলা ক্রীড়া পর্ষদ করবো। দুর্গাপুরের একটা মিটিং-এর কথা উল্লেখ করে বললেন যে, বাস্তুঘুঘুদের বাসা আমরা নাকি ভাঙবার কথা বলেছি। তা এতে তাঁর গায়ে লাগছে কেন আমি বুঝতে পারছি না। বাস্তুঘুঘুদের বাসা যদি কোথাও থেকে থাকে তাহলে সেটা ভাঙবার কথা ওনারো তো বলা উচিৎ। আর ক্রীড়া জগৎ যেভাবে আছে, আমি কোন মন্তব্য না করে বলতে চাই যে, গুরুত্বপূর্ণ ভূমিকা ক্রীড়া সংগঠকরা পালন করছেন রাজ্য এ্যাসোসিয়েশনের মাধ্যমে। একাধিক ক্রীড়া সংগঠনের মধ্যে যে নানা রকম সমস্যা আছে, তাদের কাঠামোর মধ্যে অগণতান্ত্রিক বিষয়গুলি স্থান পেয়ে আছে। সুতরাং তা সত্বেও সেই অব্যবস্থাকে দূর করে গণতন্ত্রীকরণের দিকে নিয়ে যাওয়া এবং লক্ষ লক্ষ মানুষের জন্য খেলার ব্যবস্থা করতে হলে সংগঠনগুলির মধ্যে গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী আনার প্রয়োজন আছে। যাই হোক, সেটাও আমরা নিশ্চয়ই আলাপ-আলোচনার বাইরে গিয়ে করতে চাই না। এই বক্তব্য সাধারণভাবে রেখে, এই ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করছি এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subhas Chakraborty that a sum of Rs. 2,05,49,000 be granted for expenditure under Demand No. 32, Major Head : "277-Education (Sports)", was then put and agreed to.

DEMAND No. 33

The motion that the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Subhas Chakraborty that a sum of Rs. 4,89,48,000 be granted for expenditure under Demand No. 33, Major Head : "277-Education (Youth Welfare).", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8.37 p.m. till 1 p.m. on Thursday, the 21st April, 1983, at the 'Assembly House', Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 21st April, 1983 at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 11 Ministers, 13 Ministers of State and 118 Members.

Held over starred questions
(to which oral answers were given)

হোমগার্ডদের কর্মদক্ষতা

*৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০২।) **শ্রীসুভাষ গোস্বামী:** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে বর্তমান সময় পর্যন্ত বিশেষ যোগ্যতা প্রদর্শনের জন্য কতজন হোমগার্ডকে পুরস্কৃত করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে কর্তব্যরত অবস্থায় কতজন হোমগার্ড প্রাণ হারাইয়াছেন?

[1.00—1.10 P. M.]

শ্রীরাম চ্যাটার্জী: (ক) ২৭৯৫ জন।

(খ) ২৪ জন। ৫ জনকে ১৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে, বাদবাকি এনকোয়ারী পজিশানে আছে, এনকোয়ারী হয়ে গেলে দেওয়া হবে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কর্তব্যরত অবস্থায় ২৪ জন মারা গেছেন। আমার প্রশ্ন হচ্ছে, তাদের পরিবারবর্গের কোন লোককে হোমগার্ডে চাকরি দেবার কথা চিন্তা করবেন কি, বা করেছেন কি?

শ্রীরাম চ্যাটার্জী: হোমগার্ডে চাকরি বলে কিছু নেই, ওনলি নিয়োগ অর্থাৎ স্বেচ্ছায় সেবা। কংগ্রেস আমলে ৫ টাকায় সেবা করতো, আমরা সেটা ১২ টাকার

বেশী ১৩ টাকা পর্যন্ত করেছি। এই সেবা করার অধিকার প্রত্যেকেরই আছে। যদি সেবার পদ খালি থাকে তাহলে সেবা করবেন।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চেয়েছিলাম, যাঁরা সেবা করেছিলেন, যাঁরা কর্তব্যরত অবস্থায় মারা গেছেন তাঁদের পরিবারবর্গের কাউকে হোমগার্ডে নিয়োগের কথা চিন্তা করেছেন বা করবেন?

শ্রীরাম চ্যাটার্জীঃ আপনাদের মতন আমাদেরও প্রত্যেক জায়গাতে এম. এল. এ.-রা আছেন। সেইসব এম. এল. এ.-রা মানুষের সেবায় ব্যস্ত থাকেন। তাঁরা লিখে পাঠিয়ে দিলে আমি যথাসাধ্য চেষ্টা করবো। যাঁরা ফ্রন্ট সরকারে আছেন তাঁরা মানুষের সেবায় বিশ্বাসী, সেই সেবা করার জন্য উদগ্রীব হয়ে থাকেন।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে পুরস্কার দিয়েছেন বললেন, কাকে কি পুরস্কার দিয়েছেন জানাবেন কি?

শ্রীরাম চ্যাটার্জীঃ পুরস্কারটা সকলকে সমানভাবে দেওয়া হয় নি। এ্যাকর্ডিং টু মেরিট দেওয়া হয়ে থাকে। আপনি নোটিশ দিলে কাকে কি রকম দেওয়া হয়েছে বলে দেব।

শ্রীসরল দেবঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, এই যে সেবা করার সুযোগ পেতে গেলে—হোমগার্ডে—কি করতে হয়, তার পদ্ধতিটা কি?

শ্রীরাম চ্যাটার্জীঃ আমরা যে দেশে বাস করি, ভারতবর্ষে, যে রাজ্যে বাস করি, সেটা বাংলাদেশ, যেটা ভারতবর্ষের এক কোণায় পড়ে আছে। যদিও আধখানা আমরা দান করে দিয়েছি। সে দেশে সেবা করতে কেউ স্বেচ্ছায় আসে না। যখন ওরা এক একটা পা ফেলে চলে যায় তখন দীর্ঘদিনের কংগ্রেস শাসনের কথা মনে হয়, যে লেফ্‌ট রাইট লেফ্‌ট, লেফ্‌ট রাইট লেফ্‌ট, চিলড্রেন, ফাদার, মাদার, ব্রাদার, সিস্টার স্ট্রাইভিং ফর ব্রেড। ঐ স্টার্ভ করেছে। আমরা এ অবস্থাটা দূর করতে চাই। তাই আমরা ওদের সেবা করার অধিকার দিয়ে এগিয়ে নিয়ে যেতে চাই।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ যে প্রশ্নটা স্থগিত ছিল আমি সেটার সম্বন্ধে

একটু বলতে চাই। প্রশ্নটা ছিল, regarding cases filed by the employees of the State Government against the State Government. আমি জানাতে চাই যে, এখানে প্রশ্ন করা হয়েছে, আমার কিছু বন্ধু বিভিন্ন বিষয়ে মামলা, জমি সংক্রান্ত মামলার সংখ্যা জানতে চেয়েছেন। সেই অনুযায়ী মামলা সাজান হয় না, কি রকম কেস, তার নাম্বার ইত্যাদি ফাইল দেখে বুঝতে হবে। কোন বিষয়ের কেস কোন্টা এই রকম পরিসংখ্যান যদি জানতে চান সেটা জানান সময় সাপেক্ষ। ল্যান্ডের কেস, সার্ভিসের কেস, ম্যাট্রিমোনিয়াল কেস, সব রকম আছে। হাউসে এ প্রশ্ন স্পীকার মহাশয় এ্যালাউ করেছেন, আমি চেষ্টা করছি, কিন্তু ২/৩/৪/৫ বছরের পরিসংখ্যান জোগাড় করে উত্তর দিতে হবে। সেই জন্য এই কোয়েশ্চেনের উত্তর এ্যাট অল সেসন দিতে পারব কিনা জানি না।

Starred questions
(to which oral answers were given)

কেন্দ্রের বিবেচনাধীন বিদ্যুৎ প্রকল্প

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কোন নূতন বিদ্যুৎ প্রকল্প কেন্দ্রের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে, বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: (ক) হ্যাঁ, আছে।

(খ) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ/পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন আছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, কি কি প্রকল্প কেন্দ্রের বিবেচনাধীন আছে ? কত মেগাওয়াটের ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: মুর্শিদাবাদ তাপ বিদ্যুৎ কেন্দ্র, সাঁওতালডি কেন্দ্রের দুটি ইউনিট ১২০ মেগাওয়াট করে, পাম্প স্টোরেজ প্রোজেক্ট পুরুলিয়া। এটা প্রথম স্তরে হচ্ছে ১৭৫ মেগাওয়াট করে দুটি এবং দ্বিতীয় স্তরে ১৭৫ মেগাওয়াট করে তিনটি। তিস্তা ক্যানেল ফল জল বিদ্যুৎ কেন্দ্র, এখানে চারটে ইউনিট ১/২/৩/৪ করে।

গৌরীপুর কোম্পানী স্কীমকে নবীকরণ করার স্কীম, মাইক্রো হাইডেল প্রোজেক্ট যা আছে সেটাকে নবীকরণের স্কীম, এই মোটামুটি আছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: আমি জানতে চাইছি, মুর্শিদাবাদ জল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পাঠান হয়েছে, এটা কি সত্যি যে কেন্দ্রীয় সরকার কয়লা পরিবহণের অসুবিধা হবে—এই অজুহাতে অনুমোদন দিতে টালবাহানা করছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এইভাবে লিখিত কিছু বলা হয় নি। আমাদের পশ্চিমবাংলার বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানকে মুখে বলা হয়েছে। কয়লা নাকি ওখানে নিয়ে যাওয়ার অসুবিধা এবং দূরত্ব নাকি খুব বেশী এই কথা মুখে বলেছেন। আমি আমাদের চেয়ারম্যানকে বলেছি যে, লিখিত না দিলে তাঁরা যে অজুহাতে এই কথা বলেছেন তার একটা টেকনিক্যাল উত্তর লিখিতভাবে দিন।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া: মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি— যে কয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন প্রকল্পের নাম বলছেন সে সম্পর্কে যে প্রপোজাল পাঠান হয়েছিল, কি কি দৃষ্টিভঙ্গীতে সেগুলো তাঁরা বিবেচনা করেন এবং সেগুলোর ক্ল্যারিফিকেশন যদি তাঁরা চেয়ে থাকেন এবং এখান থেকে দেওয়া হয়ে থাকে সেটা বলবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী আমার জানা নেই। কখনও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে দেন, আবার কখনও দেন না। আবার না দেবার ইচ্ছা থাকলে অনেক টেকনিক্যাল কথা তোলেন, যেটা পরে টেঁকে না। আমরা উত্তরবঙ্গে একটি তাপ বিদ্যুৎ কেন্দ্র খোলার প্রস্তাব বহুদিন আগে দিই। তখন বলা হয়েছিল যে, জলবিদ্যুৎ কেন্দ্রের সঙ্গে তাপ বিদ্যুৎ কেন্দ্রের সমন্বয় ঘটাতে পারলে বিদ্যুৎ পাবার ব্যাপারে সাহায্য হতে পারে। কিন্তু পরবর্তীকালে ফাইল দেখেছি, তাতে বলেছে যে চুখা বিদ্যুৎকেন্দ্র থেকে বিদ্যুৎ পাওয়া যাবে, সুতরাং দরকার নেই। কাজেই কেন্দ্রীয় সরকার কি ভেবে দেন বা কি ভেবে দেন না, জানি না।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—কেন্দ্রীয় সরকারের

বিবেচনাধীন যেসব প্রকল্পের নাম বললেন, তার মধ্যে বাঁকুড়ার মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের নামটা নেই কেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : ঐ প্রকল্পটি ডি. ভি. সি. করবে এবং তা থেকে আমরা উপকৃত হবো। কাজেই সেটা আছে। কেন্দ্রীয় মন্ত্রী শ্রীচন্দ্রশেখর সিং যখন কলকাতায় এসেছিলেন তখন আমরা তাঁকে বলেছি এটা করা দরকার। তাতে আমার মনে হয় এটা করবার অনুমতি কেন্দ্রীয় সরকার দেবেন।

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি— মুর্শিদাবাদ জেলায় প্রকল্পটি কোথায় স্থাপিত হচ্ছে এবং কত মেগাওয়াটের ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : এটা ৫০০ মেগাওয়াটের ৪টি এবং এটা যতদূর জানি জঙ্গীপুর মহকুমার সাগরদীঘি থানায় এবং মণিগ্রাম স্টেশনের কাছে এটা হচ্ছে।

*৬১৫। Held Over.

২৪-পরগনা জেলায় হোমগার্ড তালিকাভুক্তি

*৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৭।) **শ্রীকৃষ্ণধন হালদার :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে ২৪-পরগনা জেলায় মোট কতজনকে হোমগার্ড পদে নিযুক্ত করা হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে কতজন (১) মহিলা, (২) তফসিলী জাতি ও (৩) তফসিলী উপজাতি সম্প্রদায়ভুক্ত ?

[1.10—1.20 P.M.]

শ্রীরাম চ্যাটার্জী : (ক) হোমগার্ডে নিয়োগ করা হয় না, তবে ২৬ জনকে তালিকাভুক্ত করা হয়েছে।

(খ) ১৫ জন, ১২ জন, ২ জন।

শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, হোমগার্ডে তালিকাভুক্ত করবার অধিকারী কে ?

শ্রীরাম চ্যাটার্জী: হোমগার্ডে তালিকাভুক্ত করবার অধিকারী পঞ্চায়েত নয়, এস. পি., কলকাতাতে কমিশনার অফ পুলিশ।

শ্রীআবদুর রৌফ আনসারী: মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—এই যে তালিকাটার কথা বললেন, এর মধ্যে মাইনরিটি কম্যুনিটির কয়জন নিয়েছেন?

শ্রীরাম চ্যাটার্জী: আমি দুঃখিত যে, আমাদের দেশের অবস্থায় কে মাইনরিটি কে মেজরিটি তা খুঁজে পাওয়া ভার। কারণ কেউ তপসিলী থেকে মুসলিম হয়ে যাচ্ছে, আবার কেউ অন্য কাস্ট থেকে আর এক কাস্ট হয়ে যাচ্ছে। কাজেই বুঝতে পারি না যে, কে মাইনরিটি বা কে মেজরিটি সম্প্রদায়ের। আমরা গরীব হিসাবে দেখি এবং সেই জন্য তপসিলী উপজাতি মিলিয়ে ২৬ জনকে তালিকাভুক্ত করা হয়েছে। তবে বেশীর ভাগ ভদ্রলোকের ছেলেদের কম টাকায়, ১২ টাকা দৈনিকে পোষায় না।

শ্রীউপেন্দ্র কিস্কু: মহিলা কর্মী যে নেওয়া হয়েছে তার মধ্যে তপসিলী জাতি এবং উপজাতি মহিলার সংখ্যা কত?

শ্রীরাম চ্যাটার্জী: ১৫ জন মহিলা কর্মীকে নেওয়া হয়েছে। তার মধ্যে তফসিলী জাতি এবং উপজাতির মহিলা সংখ্যা হচ্ছে ১০ জন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই ২৪-পরগনা সমেত এই রাজ্যে কংগ্রেস আমলে নানা অজুহাতে রাজনৈতিক কারণে যাদের পদচ্যুত করা হয়েছিল তাদের আবার পুনর্নিয়োগ করার ব্যাপারে কোন ব্যবস্থা করেছেন কি না?

মি: স্পীকার: এই প্রশ্ন ওঠে না।

***৬১৭। স্থগিত।**

হুগলী জেলার সাব-রেজেষ্ট্রী অফিস

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১২।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় সাব-রেজেষ্ট্রী অফিসের সংখ্যা কত ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত সাব-রেজেষ্ট্রী অফিসগুলিতে স্থানাভাব বশতঃ বহু রেকর্ড নষ্ট হইয়া যাইতেছে ;

(গ) চুঁচুড়া জেলা সাব-রেজেষ্ট্রী অফিসে স্থানাভাব বশতঃ কোন রেকর্ড নষ্টের সংবাদ সরকারের নিকট আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: (ক) ১৪টি।

(খ) এরূপ কোন সংবাদ সরকার অবগত নহেন।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

হোমগার্ডদের ভাতা

*৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৪।) **শ্রীসুভাষ গোস্বামী:** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত জুলাই, ১৯৭৭ সালের পূর্বে হোমগার্ডদের ভাতার পরিমাণ কত ছিল ;

(খ) বর্তমানে উক্ত ভাতার পরিমাণ কত : এবং

(গ) উক্ত ভাতা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রীরাম চ্যাটার্জী: (ক) দৈনিক ৫ টাকা।

(খ) দৈনিক টাঃ ১২.৩২।

(গ) দৈনিক ৬৯ পয়সা বাড়ানোর প্রস্তাব বিবেচনাধীন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে, এই হোমগার্ডদের লাঠিধারি করে রাখার ফলে গ্রামাঞ্চলে যে চুরি-ডাকাতি হচ্ছে তাতে হোমগার্ডরা মারা যাচ্ছে। সেই জন্য আমি বলতে চাই আপনি কি ঐ হোমগার্ডদের বন্দুকধারী করার ব্যবস্থা করবেন কি ?

শ্রীরাম চ্যাটার্জী: আপনি মুর্শিদাবাদ জেলার এম. এল. এ.। আপনাদের বর্ডার এরিয়ায় দেখবেন হোমগার্ডরা অতন্দ্র প্রহরী হয়ে কাজ করছে। তাদের

হাতে স্টেনগান, মেসিনগান এবং রাইফেল আছে। যদিও তাদের জামাটা ছেঁড়া, যেহেতু তারা পয়সা কম পায়। তবুও তারা অতন্দ্র প্রহরী হয়ে কাজ করে যাচ্ছে। আর এখানে যারা আছে তাদের জন্য চেষ্টা করছি কিছুটা বেশী দেবার জন্য, যাতে করে তাদের আমরা ভাল করে সাজাতে পারি।

*৬২০। Held Over.

কলিকাতা হাইকোর্টে অমীমাংসিত মামলা

*৬২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৭।) **শ্রীসেখ ইমাজুদ্দিন:** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ৩১শে ডিসেম্বর, ১৯৮২ তারিখে কলিকাতা হাইকোর্টে অমীমাংসিত মামলার সংখ্যা কত?

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ: (ক) আনুমানিক ১,০৪,৭৪১ টি ছিল। আমরা জজের সংখ্যা বাড়াবার চেষ্টা করছি। তা ছাড়া ১২ জন জজ অনুপস্থিত থাকার জন্য মামলার মীমাংসা হতে দেরী হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি অমীমাংসিত মামলাগুলি পড়ে থাকার প্রধান কারণ ১২ জন জাজের অনুপস্থিতি, না অন্য কোন কারণ আছে?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: অনেক কারণ আছে। তবে হাইকোর্টে ৩৯ জন জাজের মধ্যে ১২ জনের অনুপস্থিতিই হচ্ছে মস্তবড় কারণ।

শ্রীকাশীনাথ মিশ্র: অন্য কারণগুলি জানাবেন কি?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: নোটিশ দেবেন, বলব।

বগুলায় বিদ্যুৎ সাব-স্টেশন

*৬২২। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৭।) **শ্রীসতীশচন্দ্র বিশ্বাস:** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ৬৬ কেভি শক্তিসম্পন্ন বগুলা সাব-স্টেশন নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কতদিনে এই কাজ শেষ হবে বলে আশা করা যায় ?

[1.20—1.30 P. M.]

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) ট্রান্সফরমার স্থাপন এবং অন্যান্য কিছু ছোটখাট কাজ ব্যতীত বগুলা সাব-স্টেশনটির নির্মাণ কার্য প্রায় সম্পূর্ণ।

(খ) ১৯৮৩ সালের জুন মাসের শেষ নাগাদ সাব-স্টেশনটি চালু হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : এই সাব-স্টেশনটির কাজ কবে শুরু করা হয়েছিল বলবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ নোটিশ দিতে হবে।

*৬২৩। **Held Over.**

হোমগার্ডদের ভ্রমণভাতা

*৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৬।) **শ্রীসুভাষ গোস্বামী :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমগার্ডদের কোন টি. এ. এবং ডি. এ. দেওয়া হয় কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন্ কোন্ ক্ষেত্রে কোন্ কোন্ পদাধিকারীকে উক্ত ভাতা দেওয়া হয় ?

শ্রীরাম চ্যাটার্জী : (ক) টি. এ. দেওয়া হয় না। ট্যুরে থাকলে সরকারী কর্মচারীদের যে ডি. এ. দেওয়া হয়, হোমগার্ডদের সেরূপ কিছু দেওয়া হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

হোমগার্ডরা পুলিশের সঙ্গে সমান ভাবে কাজ করে, অথচ তারা টি. এ., ডি. এ. কিছুই পায় না। ওদের শুধু চেয়ে চেয়ে দেখতে হয়। আমরা হোমগার্ডদের টি. এ., ডি. এ. দেওয়ার জন্য সেন্ট্রাল গভর্নমেণ্টের কাছে টাকার জন্য লিখেছি। আমরা চেষ্টা করছি যাতে তারা পুলিশের মত বেশী সুযোগ-সুবিধা পায়।

শ্রীশীশ মহম্মদ ঃ আপনি বলেছেন, এটা একটা সেবামূলক কাজ এবং কেন্দ্রীয়

সরকারের কাছে টি. এ. ও ডি. এ.-র জন্য লিখেছেন ও চেষ্টা করছেন। আমার প্রশ্ন হচ্ছে এই যে, কেন্দ্রীয় সরকার যদি টাকা না দেন, সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের সেবা করার মনোবৃত্তি নিয়ে টি. এ., ডি. এ. দেওয়ার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

শ্রীরাম চ্যাটার্জীঃ আপনি জানেন যে, আমাদের ক্ষমতা খুবই সীমিত। আমাদের সীমিত অর্থ ভাণ্ডারের জন্য আমাদের অবস্থা ক্রমান্বয়ে শেষ হতে চলেছে। পশ্চিমবাংলা থেকে যে রাজস্ব আদায় হয়, তার বেশীর ভাগই সেন্ট্রাল গভর্নমেণ্ট নিয়ে যাচ্ছেন। আসাম বা অন্যান্য রাজ্যের ক্ষেত্রে তাঁরা প্রতিটি খরচ-খরচা রাজ্য সরকারকে দিচ্ছেন। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে তাঁরা অর্ধেক মাত্র দেন, সেজন্যই পশ্চিমবঙ্গের অবস্থা এত খারাপ। তা সত্ত্বেও নিজেদের নিঃশেষিত ভাণ্ডার থেকে হোমগার্ডদের টাকা দেওয়া হচ্ছে। তারা যাতে আরও বেশী পেতে পারে, তার জন্য আমরা চেষ্টা করছি। আমরা চাই তারাও মানুষের মত জীবনযাপন করুক।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ আপনি বললেন, অর্থনৈতিক অবস্থা আপনাদের খুবই খারাপ। আমার প্রশ্ন হচ্ছে, তাহলে মন্ত্রী মহাশয়ের স্বাস্থ্য এত ভাল হয় কি করে?

শ্রীরাম চ্যাটার্জীঃ মাননীয় সদস্য আমার স্বাস্থ্য কি করে ভাল হয়েছে জানতে চেয়েছেন। আপনারা বহুদিন আমাকে পি জি. হাসপাতালে অন্তরীণ করে রেখেছিলেন, সেখানে ঔষধ খেতে খেতে আমার শরীর একেবারে শেষ হয়ে গিয়েছে—আমার পেটটা শুধু মোটা হয়ে গিয়েছে। আমাদের রাজত্বে একবার ইচ্ছা আছে, উনি যদি চান আমার মত রোগগ্রস্ত হয়ে পেট মোটা করতে, তাহলে তাঁকেও অন্তরীণ থাকতে হবে। তাহলেই আমার মত পেটটা মোটা হয়ে যাবে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ আপনি বলেছেন যে, রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতার জন্য হোমগার্ডদের টি. এ., ডি. এ. দেওয়া যাচ্ছে না। আপনি যেমন মন্ত্রী হওয়ার জন্য নিয়মিত রোজ কাজ করেন, সেজন্য ভাতাও পান। আমার প্রশ্ন হচ্ছে, হোমগার্ডদের নিয়মিতভাবে কাজ পাওয়ার জন্য—যাতে তারা বেশীদিন নিযুক্ত থাকতে পারেন তার কোন ব্যবস্থা করছেন কি ?

শ্রীরাম চ্যাটার্জীঃ হোমগার্ডরা আগে ১ মাস/দেড় মাস কনটিনিউয়াস ডিউটি

করতো, কিন্তু আমরা দেখেছি এতে অনেকে বঞ্চিত হয়। সেইজন্য এইভাবে চালাচ্ছি যাতে একটা একটা করে সব হোমগার্ডরাই কিছু কিছু কাজ পায়।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই হোমগার্ড নিয়োগের ব্যাপারে যে নির্দেশ আপনি দিয়েছিলেন সেটা এস. পি. অগ্রাহ্য করে দেন এই রকম কোন খবর আপনার আছে কি?

শ্রীরাম চ্যাটার্জী: কিছু কিছু এস. পি. কংগ্রেসী মনোভাবাপন্ন থাকার জন্য তারা কিছু কিছু কায়দা করে এভয়েড করার চেষ্টা করছে।

Unstarred Questions

(to which the written answers were laid on the table)

রাজ্য সরকার নির্মিত টেলিভিসন

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—রাজ্য সরকার পরিচালিত টেলিভিসন কারখানা থেকে কবে নাগাদ টেলিভিসন বাজারে ক্রেতাদের জন্য ছাড়া হবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়: পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন পর্ষদের টেলেরামা ইণ্ডিয়া লিমিটেড সংস্থা ১৯৭৭ সালের এপ্রিল মাস হইতে টেলিভিসন বাজারে ছাড়িয়াছে।

পশ্চিমবঙ্গ ইলেক্ট্রনিক উন্নয়ন পর্ষদের ওয়েবেল টেলিভিসন লিমিটেড সংস্থা ১৯৮২ সালের জানুয়ারি মাস হইতে টেলিভিসন বাজারে ছাড়িয়াছে।

পশ্চিমবঙ্গে রিভার লিফ্ট প্রকল্প ও ডিপ টিউবওয়েল

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি রিভার লিফ্ট প্রকল্প ও ডিপ টিউবওয়েল আছে ও উহাদের মধ্যে কতগুলি (পৃথক পৃথক হিসাবে) বর্তমানে চালু অবস্থায় আছে; এবং

(খ) ১৯৭৭ সালের জুন মাসে প্রথম বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর

অদ্যাবধি এই রাজ্যে কতগুলি নতুন ডিপ টিউবওয়েল স্থাপন এবং রিভার লিফ্‌ট প্রকল্প গ্রহণ করা হয়েছে ?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের অধীনে পশ্চিমবাংলায় ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত মোট ২,৮১২টি রিভার লিফ্‌ট প্রকল্প ও ২,৯৪৮টি ডিপ টিউবওয়েল ছিল। উহাদের মধ্যে ২,৬৮৭টি রিভার লিফ্‌ট এবং ২,৬৩৪টি ডিপ টিউবওয়েল চালু আছে।

(খ) উল্লিখিত সময়ে স্থাপিত মোট ডিপ টিউবওয়েল-এর সংখ্যা ৪৪২ ও রিভার লিফ্‌ট-এর সংখ্যা ৫৯৩।

শিল্প বিকাশ লাইসেন্স

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩।) **শ্রীঅনিল মুখার্জী**ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ হইতে ১৯৭৫ সালে সারা ভারতে শিল্পবিকাশের জন্য কেন্দ্র কর্তৃক মোট প্রদত্ত লাইসেন্সের কত ভাগ পশ্চিমবঙ্গে দেওয়া হইয়াছিল সে বিষয়ে সরকারের কোন তথ্য আছে কি ; এবং

(খ) থাকিলে, ১৯৭৬-৭৭ সালে কেন্দ্র কর্তৃক প্রদত্ত উক্ত লাইসেন্সের সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল কিনা ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ। ১৯৭১ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যের জন্য মোট ৩,৮৯০টি লাইসেন্স মঞ্জুর করেন। তার মধ্যে পশ্চিমবঙ্গের অংশ হল ৩৬৯টি, অর্থাৎ ঐ সময়কালের সর্বভারতীয় ক্ষেত্রে প্রদত্ত মোট শিল্প লাইসেন্সগুলির শতকরা ৯.৪৯ ভাগ।

(খ) না। ১৯৭৬-৭৭ সাল এই দুই বৎসরে কেন্দ্রীয় সরকার কর্তৃক বিভিন্ন রাজ্যের জন্য প্রদত্ত ১,১৮০টি শিল্প লাইসেন্সের মধ্যে পশ্চিমবঙ্গের অংশ হল ৯৯টি, অর্থাৎ মোট শিল্প লাইসেন্সগুলির ৮.৩৯ ভাগ।

প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন, নং ২৬০।) **অনিল মুখার্জীঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬-৭৭ সালে কতগুলি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছিল ; এবং

(খ) ১৯৮০-৮১ সালে উক্ত বিদ্যালয়ের সংখ্যা কত হইয়াছিল ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) মোট ৩৩৩টি।

(খ) ৫৮৬টি।

নূতন প্রাথমিক শিক্ষকের পদ

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২।) **শ্রীঅনিল মুখার্জী:** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬-৭৭ সালে কতগুলি নূতন প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি হইয়াছিল ; এবং

(খ) ১৯৮০-৮১ সালে উক্ত সংখ্যা কত হইয়াছিল ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৭৫৮টি।

(খ) ৩,৮০০টি।

বে-আইনীভাবে বনজমি দখল

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫।) **শ্রীঅনিল মুখার্জী:** বনবিভাগের মন্ত্রী-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে বে-আইনীভাবে বনজমি দখলের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত বে-আইনী দখল রোধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

বন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ১৫৯.৮৮ হেক্টর।

(খ) পুলিসের কাছে অভিযোগ দায়ের করা হইয়াছে এবং জবরদখলকারীদের বিরুদ্ধে জেলা কর্তৃপক্ষ ও পুলিস কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করিয়া আইনানুগ ব্যবস্থা লওয়া হইতেছে।

Money spent for R. L I. Projects in the districts of Bankura, Midnapore and Purulia

357. (Admitted question No. 282.) **Shri Anil Mukherjee:** Will the Minister-in-charge of Agriculture (Minor Irrigation) Department be pleased to state—

(a) the total amount of money spent during the year 1982-83 (up to January, 1983) for R. L. I. Projects in the districts of Bankura, Midnapore and Purulia respectively, and

(b) how many acres of land are to be irrigated under the said projects in each of the abovementioned districts ?

Minister-in-charge of Agriculture (Minor Irrigation) Department : (a) Total amount of money spent during 1982-83 (up to January, 1983) for R. L. I. Projects for the districts of Bankura, Midnapore and Purulia are as follows :

				Rs.
(1) Bankura	...	...	...	19,81,531
(2) Midnapore	...	...	...	68,47,009
(3) Purulia	...	...	...	4,52,350

(b) The approximate irrigation potential created through the R. L. I. Projects in the districts of Bankura, Midnapore and Purulia are as follows :

				Acres
(1) Bankura	...	...	...	28,400
(2) Midnapore	...	...	...	39,550
(3) Purulia	...	...	...	8,000

Crop Loans

358. (Admitted Question No. 283.) **Shri Anil Mukherjee :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) The total crop loan advanced to the peasants of West Bengal ; and

(b) The amount of money distributed as crop loans to the peasants of drought-affected districts of West Bengal specially to Bankura, Midnapur and Purulia ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ক্রপ লোন কৃষি বিভাগ বিলি করেন না। তবে কৃষি বিভাগ কৃষি উপকরণ ক্রয় ঋণ বিলি করেন। যদিও কোন্ বৎসর সম্বন্ধে জানতে চেয়েছেন তা এই প্রশ্নে বলা নেই। ধরে নিচ্ছি ১৯৮২-৮৩ সম্বন্ধেই জানতে চেয়েছেন। তাই জানাচ্ছি ১৯৮২-৮৩ সালে মোট তিন কোটি টাকা কৃষি উপকরণ ক্রয় ঋণ কৃষকদের মধ্যে বিলি করার জন্য বরাদ্দ করা হয়েছে।

(খ) জেলাওয়ারি বরাদ্দের পরিমাণ নিচে দেওয়া হল :

		লক্ষ টাকা
(১) দার্জিলিং	...	৭
(২) জলপাইগুড়ি	...	১০
(৩) কুচবিহার	...	১২
(৪) পশ্চিম দিনাজপুর	...	২০
(৫) মালদা	...	২০
(৬) মুর্শিদাবাদ	...	২৫

		লক্ষ টাকা
(৭)	নদীয়া	.. ২৫
(৮)	২৪-পরগনা	... ৩৪
(৯)	হাওড়া	... ১৩
(১০)	হুগলি	... ২২
(১১)	বীরভূম	... ২০
(১২)	বর্ধমান	... ২২
(১৩)	বাঁকুড়া	... ২০
(১৪)	পুরুলিয়া	... ১৫
(১৫)	মেদিনীপুর	... ৩৫
	মোট	৩০০

বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়ায় মিনিকিট বিতরণ

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪।) **শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সাম্প্রতিক খরার পরিপ্রেক্ষিতে খরা অধ্যুষিত বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়ায় কি কি ও মোট কত মিনিকিট দেওয়া হয়েছে; এবং

(খ) ঐ মিনিকিট কিভাবে বিলি করা হয়েছে?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) সাম্প্রতিক খরার পরিপ্রেক্ষিতে বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া জেলায় মোট ১ লক্ষ ৭৪ হাজার ৬০টি গম, মুগ, তিল, কলাই, মুসুর, সরিষা, ছোলা, ঢেঁড়শ ও বাদামের মিনিকিট বিলির ব্যবস্থা করা হয়েছে।

(খ) পঞ্চায়েত কর্তৃক অনুমোদিত তালিকা অনুসারে মিনিকিট কৃষকদের মধ্যে বিলি করা হয়।

ডি. এস. টি. সি.-র অধীনে সক্রিয় ও নিষ্ক্রিয় বাস

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১।) **অনিল মুখার্জী:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি. এস. টি. সি.-র অধীনে বর্তমানে (২৮-২-৮৩ পর্যন্ত) মোট কতগুলি সক্রিয় ও কতগুলি নিষ্ক্রিয় বাস আছে;

(খ) চালু বাসগুলির মধ্যে কতগুলি বাস রাস্তায় চলে ও কতগুলি ব্রেকডাউন হয়; এবং

(গ) ১৯৭৭—৮২ সালের মধ্যে কতগুলি ডি. এস. টি. সি.-র নূতন বাস রাস্তায় চালু হয়েছে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সক্রিয় বাস—১৬২টি, নিষ্ক্রিয় বাস—৫টি।

(খ) গড়ে প্রতিদিন ৮৬.৫৯টি বাস রাস্তায় বাহির হয় ও গড়ে প্রতিদিন ৩.৪টি বাস রাস্তায় খারাপ হয়।

(গ) ৮৭টি।

পশ্চিমবঙ্গের বিভিন্ন পুরসভাকে অর্থ দান

৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৯।) **শ্রীঅনিল মুখার্জীঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন পুরসভাকে ১৯৭৭—৮২ সালের মধ্যে রাজ্য সরকার মোট কত টাকা দিয়েছেন ও এর মধ্যে বাঁকুড়া জেলার পুরসভাকে মোট কত টাকা দেওয়া হয়েছে ;

(খ) ১৯৮২-৮৩ সালে যে-সব পুরসভাকে টাকা দেওয়া হয়েছে তা কি কি খাতে তাঁরা খরচ করেছেন ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭৭—৮২ সালের মধ্যে রাজ্য সরকার বিভিন্ন পুরসভাকে সর্বমোট ৯৩,৬৮,৪৫,৫২৮ টাকা দিয়েছেন ও এর মধ্যে বাঁকুড়া জেলার ৩টি পুরসভাকে মোট ৩,০৭,৫৬,১৬৮ টাকা দেওয়া হয়েছে।

(খ) প্রদত্ত অর্থ উদ্দিষ্ট খাতে ব্যয় হচ্ছে। ব্যয়ের পূর্ণাঙ্গ তথ্য সংগৃহীত হচ্ছে।

মিনি সুগার মিল

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ৫ বছরে এই রাজ্যে কয়টি মিনি সুগার মিল চালু হয়েছে ; এবং

(খ) আগামী ৫ বছরে আরও মিনি সুগার মিল স্থাপনের কি কর্মসূচী আছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) একটি।

(খ) কোনও বিশেষ কর্মসূচী নেই, তবে আরও দুইটি মিনি সুগার মিল আগামী বৎসরের মধ্যে চালু হওয়ার সম্ভাবনা আছে।

অধিগৃহীত শিল্পসংস্থায় লাভ / লোকসান

৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৭।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অধিগৃহীত শিল্পসংস্থাগুলিতে বিগত ৫ বছরের লাভ / লোকসানের সামগ্রিক হিসাব কিরূপ ; এবং

(খ) উক্ত শিল্পসংস্থাগুলিকে লাভজনক সংস্থায় পরিণত করার জন্য কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) প্রাথমিক হিসাবে দেখা যাইতেছে যে, শিল্প পুনর্গঠন দপ্তর পরিচালিত ১৩টি অধিগৃহীত শিল্পসংস্থার মধ্যে ৭টি শিল্পসংস্থা উক্ত সময়ে নগদ মুনাফা অর্জন করিতে সক্ষম হইয়াছে।

(খ) অধিগৃহীত শিল্পসংস্থাগুলিকে অর্থনৈতিকভাবে আত্মনির্ভরশীল করার উদ্দেশ্যে রাজ্য সরকার প্রয়োজনবোধে পেশাদারী বিশেষজ্ঞ নিয়োগ, নবীকরণ ও আধুনিকীকরণ, আর্থিক সহায়তা করে আসছেন।

পশ্চিমবঙ্গে অগ্নিনির্বাপক ব্যবস্থার উন্নতির জন্য কর্মসূচী রূপায়ণ

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অগ্নিনির্বাপক ব্যবস্থার উন্নতির জন্যে কি কর্মসূচী রূপায়িত হচ্ছে ; এবং

(খ) গ্রামাঞ্চলে ও আধা-শহরাঞ্চলে ঐ ব্যবস্থা সম্প্রসারিত হচ্ছে কি ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আর্থিক কৃচ্ছ্রতা সত্ত্বেও অগ্নিনির্বাপক সংস্থার উন্নয়ন ও প্রসারের জন্য সরকার নানাবিধ কর্মসূচী গ্রহণ করেছেন। ব্যবসায়িক ও শিল্পগত গুরুত্ব বিবেচনা করে নূতন দমকল কেন্দ্র প্রতিষ্ঠার জন্য ৪৭টি স্থান নির্দিষ্ট করা হয়েছে। জলপাইগুড়ি জেলার মালবাজারে একটি নূতন দকমল কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। খুব শীঘ্রই মানিকতলায় একটি নূতন দমকল কেন্দ্র খোলা হবে। এছাড়া হলদিয়া, আরামবাগ, কাটোয়া, মেদিনীপুর, মাথাভাঙ্গা ও মেখলিগঞ্জে নূতন দমকল কেন্দ্র প্রতিষ্ঠার কাজ এগোচ্ছে।

পুরাতন, জীর্ণ ও অকেজো যন্ত্রপাতি ও সাজসরঞ্জামগুলির পরিবর্তে নূতন যন্ত্রপাতি ক্রয় করে অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলিকে সুগঠিত করে তোলা হচ্ছে।

যে-সমস্ত দমকল কেন্দ্র ভাড়া বাড়িতে রয়েছে সেগুলোকে সরকার নিজস্ব বাড়ীতে

স্থানান্তরিত করার একটি দীর্ঘমেয়াদী প্রস্তাব গ্রহণ করেছেন। এজন্য সরকারী আইনে জমি অধিগ্রহণ করার কাজ চলছে এবং অধিগৃহীত জমির উপর সরকারের নিজস্ব দমকল কেন্দ্র স্থাপনের কাজ চলছে। এছাড়াও নূতন দমকল কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনবোধে সরকার জমি অধিগ্রহণ করছেন।

অগ্নিনির্বাপণ কাজে নিযুক্ত কর্মীবৃন্দের মধ্যে স্টেশন অফিসার এবং উহার নিম্নপর্যায়ের অফিসার ও অন্যান্য কর্মীদের জন্য ২ শিফট্ প্রথা রদ করে তিন শিফট্ প্রথা চালু করা হয়েছে। ফলে এই সংস্থার দক্ষতা বৃদ্ধি পাবে।

এই সংস্থাটিকে আধুনিকীকরণ করার জন্য অত্যাধুনিক সূক্ষ্ম ও উন্নতমানের যন্ত্রপাতি দেশ ও বিদেশ থেকে সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে।

যোগাযোগ ব্যবস্থা উন্নতির জন্য রাজ্য সরকার দমকলে বেতার ব্যবস্থা প্রবর্তনের এক পরিকল্পনা গ্রহণ করছেন। এই কাজটি তিনটি পর্যায়ে সম্পন্ন করা হয়েছে।

দমকল কর্মীদের প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে।

(খ) রাজ্যের বিভিন্ন এলাকায় নূতন কেন্দ্র স্থাপনের দিকে সরকার নজর দিয়েছেন। এই ব্যাপারে ৪৭টি কেন্দ্রের একটি তালিকা তৈরী করা হয়েছে। অগ্রাধিকারের ভিত্তিতে কেন্দ্রগুলো পর্যায়ক্রমে স্থাপন করা হবে।

এই প্রসঙ্গে আরও উল্লেখ্য যে, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে অগ্নিনির্বাপণের জন্য পরীক্ষমূলকভাবে ১০০টি গ্রামীণ অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনে কেন্দ্রের আর্থিক সহায়তার জন্য প্রয়োজনীয় প্রস্তাব ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

ছোট ও মাঝারি শহর উন্নয়নে প্রকল্প

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৭।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ছোট ও মাঝারি শহরগুলোর সুসংহত উন্নয়নের জন্য যে প্রকল্প গ্রহণ করা হইয়াছে তার কাজ কোন্ পৌরসংস্থায় কতদূর অগ্রসর হয়েছে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকার ২০টি পৌর শহরের সুসংহত উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই প্রকল্পগুলির রূপায়ণের কাজ নিম্নলিখিত পর্যায়ে বর্তমানে রহিয়াছে ঃ

(১) **খড়গপুর**—প্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এবং সিমেন্ট সংগ্রহের কাজ সম্পূর্ণ হইয়াছে।

(২) **পুরুলিয়া, ইংলিশবাজার, বাঁকুড়া ও কালিম্পং**—উক্ত শহরগুলির জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে এযাবৎ মোট দশটি

প্রকল্পের বিশদ ড্রইং সম্ভাব্য খরচ ও প্রয়োজনীয় টেণ্ডারের কাগজপত্র এই দপ্তরের অধীনস্থ পৌর ইঞ্জিনীয়ারিং অধিকার কর্তৃক প্রস্তুত হইয়া পৌরসভাগুলির নিকট প্রকল্প রূপায়ণের জন্য প্রেরিত হইয়াছে। পৌরসভাগুলির টেণ্ডার আহ্বান করার কাজ শীঘ্রই শুরু হইবে বলিয়া আশা করা যায়।

(৩) **কৃষ্ণনগর**—কৃষ্ণনগর পৌরসভার প্রকল্পের একটি অংশ রূপায়ণের জন্য পূর্ত বিভাগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিয়াছে। ঐ পৌরসভার বাকী প্রকল্পগুলির মধ্যে দুইটি প্রকল্পের বিশদ ড্রইং, সম্ভাব্য খরচ ও প্রয়োজনীয় টেণ্ডারের কাগজপত্র, পৌর ইঞ্জিনীয়ারিং অধিকার কর্তৃক প্রস্তুত হইয়া পৌরসভার নিকট প্রেরিত হইয়াছে।

(৪) **কোচবিহার, মেদিনীপুর, তারকেশ্বর, সিউড়ী, বহরমপুর, দার্জিলিং, জলপাইগুড়ি, বালুরঘাট, শিলিগুড়ি ও বিষ্ণুপুর**—উক্ত শহরগুলির জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত প্রকল্পগুলির বিশদ ড্রইং সম্ভাব্য খরচ ও প্রয়োজনীয় টেণ্ডারের কাগজপত্র এই দপ্তরের অধীনস্থ পৌর ইঞ্জিনিয়ারিং অধিকার কর্তৃক প্রস্তুত হইতেছে। এই আর্থিক বৎসরের মধ্যে তাহা সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

(৫) **কাটোয়া, রাণাঘাট, রায়গঞ্জ ও বসিরহাট**—উক্ত শহরগুলির জন্য রচিত প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে।

লিংক রোড নির্মাণের কর্মসূচী

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯২।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খামারের সঙ্গে বাজারের যোগসূত্র স্থাপনের জন্য আগামী ৫ বছর পর্যাপ্ত পরিমাণ লিংক রোড নির্মাণের জন্য কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে আমেদপুর চিনি কলের সঙ্গে মুর্শিদাবাদ জেলার ময়ূরাক্ষী নদী ও লাঙ্গলহাটা বিল এলাকার আখের ক্ষেত্রের যোগসূত্র স্থাপনের জন্য কোনও লিঙ্ক রোড প্রকল্প গ্রহণ করা হয়েছে কি?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে ১৪০টি লিঙ্ক রোড নির্মাণের কাজ চলছে।

(খ) প্রস্তাবটি বিবেচনা করে দেখব।

খরা মোকাবিলায় পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় মিনিকিট বিতরণ

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৩।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক খরা মোকাবিলায় সমগ্র পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কত মিনিকিট বিতরণ করা হয়েছে;

(খ) এতে কত টাকা খরচ হয়েছে; এবং কতজন কৃষক উপকৃত হয়েছে?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) খরা মোকাবিলায় যে-সব মিনিকিট বিলির ব্যবস্থা করা হয়েছে জেলাওয়ারী তার মোট সংখ্যা হলঃ

জেলার নাম			মিনিকিটের সংখ্যা
১। দার্জিলিং	...	...	৫,০০০
২। জলপাইগুড়ি	...	...	১৯,৫০০
৩। কোচবিহার	...	...	২৬,০০০
৪। পশ্চিম দিনাজপুর	...	...	৫২,৪৯৯
৫। মালদহ	...	...	৫০,৬৫১
৬। মুর্শিদাবাদ	...	...	৮৬,২০১
৭। নদীয়া	...	...	৮২,০০০
৮। ২৪-পরগনা (উত্তর)	...	...	৪৭,২২৯
৯। ২৪-পরগনা (দক্ষিণ)	...	...	১৯,০০০
১০। হাওড়া	...	...	১[illegible],৫০০
১১। হুগলী	...	...	৪২,৭৫০
১২। বর্ধমান	...	...	৪৯,৭৫০
১৩। বীরভূম	...	...	৪২,২৫০
১৪। বাঁকুড়া	...	...	৬৬,৬৫০
১৫। পুরুলিয়া	...	...	৩৪,১৪০
১৬। মেদিনীপুর (পশ্চিম)	...	...	৪৭,৫০০
১৭। মেদিনীপুর (পূর্ব)	...	...	২৭,৭৫০
		মোট ...	৭,০৩,৯৪০

(খ) এই বাবদ মোট খরচ হয়েছে প্রায় ৫ কোটি ৭৫ লক্ষ ৩০ হাজার টাকা। মোট ৭ লক্ষ ৩ হাজার ৯ শত ৪০ জন কৃষক মিনিকিট পেয়েছেন।

খরা মোকাবিলায় কৃষকদের সার বিতরণের কর্মসূচী

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৪।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরা মোকাবিলায় বিকল্প ফসল উৎপাদনের উদ্দেশ্যে কৃষকদের নিকট সার বিতরণের জন্য কি কর্মসূচী গ্রহণ করা হয়েছিল ; এবং

(খ) ১৯৮১-৮২ সময়কালের তুলনায় ১৯৮২-৮৩ সময়কালে সারের ব্যবহার কমেছে না বেড়েছে ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কৃষকদের চাহিদা মত যাতে সার সরবরাহ করা যায় তার জন্য প্রত্যেক জেলায় সার মজুতের ব্যবস্থা লওয়া হয়।

(খ) সারের ব্যবহার বেড়েছে।

মুর্শিদাবাদ জেলার খরাকবলিত ব্লক

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ ব্লক খরাকবলিত ; এবং

(খ) খরা প্রতিরোধে ব্লকগুলিতে কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়াঃ (ক) মুর্শিদাবাদ জেলার (১) বহরমপুর, (২) বেলডাঙ্গা-১, (৩) বেলডাঙ্গা-২, (৪) হরিহরপাড়া, (৫) নওদা, (৬) ডোমকল, (৭) জলঙ্গী, (৮) মুর্শিদাবাদ জলঙ্গী, (৯) রানীনগর-১, (১০) রানীনগর-২, (১১) ভগবানগোলা-১, (১২) ভগবানগোলা-২, (১৩) লালগোলা, (১৪) নবগ্রাম, (১৫) কান্দি, (১৬) বারগ্রাম, (১৭) বড়োয়াঁ, (১৮) ভরতপুর-১, (১৯) ভরতপুর-২, (২০) রঘুনাথগঞ্জ-১, (২১) রঘুনাথগঞ্জ-২, (২২) সুতি-১, (২৩) সুতি-২, (২৪) শামসারগঞ্জ, (২৫) সাগরদিঘি, (২৬) ফারাক্কা ব্লকগুলি খরাকবলিত।

(খ) খরা প্রতিরোধে ব্লকগুলোতে নিম্নলিখিত কর্মসূচী সকল গ্রহণ করা হয়েছে—

(১) রিলিফ ওয়ার্কস প্রোগ্রাম ;

(২) এমপ্লয়মেণ্ট জেনারেশন প্রোগ্রাম ;

(৩) পানীয় জল সরবরাহ প্রকল্পে নতুন নলকূপ বসানো, পুরানো নলকূপ পুনঃসংস্কার ও মেরামত ;

(৪) নতুন পুষ্করিণী খনন, পুরনো পুষ্করিণী সংস্কার, পাতকুঁয়ো তৈরি ;

(৫) ব্যাপক খয়রাতি সাহায্য বিতরণ ও পুষ্টি প্রকল্পের সম্প্রসারণ।

ময়ূরাক্ষী সি. এ. ডি. এ.-র কর্মসূচী

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০০।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ময়ূরাক্ষী সি. এ. ডি. এ.-র কাজ সুচারুরূপে ও দ্রুততার সঙ্গে সম্পন্ন করার জন্য কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) কান্দী মহকুমায় সি. এ. ডি. এ.-র কোন অফিস খোলার প্রস্তাব আছে কি ?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ময়ূরাক্ষী সি. এ. ডি. এ.-র সেচনালা খননের প্রকল্পগুলি দ্রুত সম্পন্ন করার জন্য সেগুলির ভার কৃষি ইঞ্জিনীয়ারিং অধিকারের অধীন বহরমপুর বিভাগের একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের হাতে দেওয়া হয়েছে। সেচ দপ্তরের স্থানীয় ইঞ্জিনীয়ারদের হাতেও ঐরূপ কাজ দেবার কথা বিবেচনাধীন আছে।

(খ) ময়ূরাক্ষী সি. এ. ডি. এ.-র নিজস্ব ইঞ্জিনীয়ারিং বিভাগ (ডিভিসন) খোলা হলে তার একটি সাব-ডিভিসন কান্দীতে স্থাপন করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

মুর্শিদাবাদ জেলার পাঁচথুপি, বড়োয়াঁ এবং সাটিতাড়া প্রকল্প

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৪।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার (১) পাঁচথুপি, (২) বড়োয়াঁ এবং (৩) সাটিতাড়া প্রকল্পগুলো বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ মুর্শিদাবাদ জেলার পাঁচথুপি এলাকার জন্য একটি জল সরবরাহ প্রকল্প ১৯৮২ সালের মে মাসে মঞ্জুর করা হয়েছে। এই প্রকল্পে ৩টি ট্রায়াল বোরিং-এর সংস্থান ছিল এবং ঐ খননের কাজ শেষ হয়ে গেছে এবং অন্যান্য কাজ এগিয়ে চলেছে। বড়োয়াঁ প্রকল্পটিও ১৯৮২ সালের নভেম্বর মাসে মঞ্জুর করা হয়েছে। প্রকল্পটির জন্য জমি সংগ্রহ সহ অন্যান্য প্রাথমিক কাজ শুরু হয়েছে। সাটিতাড়া প্রকল্পটি শীঘ্রই মঞ্জুর করা সম্ভব হবে।

বাংলা টাইপরাইটার ট্রেনিং ও সরবরাহ

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে বিভিন্ন সরকারী দপ্তরে কি পরিমাণ বাংলা টাইপরাইটার সরবরাহ করা হইয়াছে ;

(খ) ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট কতজন টাইপিস্টকে বাংলায় টাইপ ট্রেনিং দেওয়া হইয়াছে ;

(গ) টাইপরাইটার সরবরাহের ক্ষেত্রে কোন অগ্রাধিকার-তালিকা অনুসরণ করা হয় কিনা ; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে উক্ত তালিকার কোন্ দপ্তরকে প্রথম স্থান দেওয়া হইয়াছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) তথ্য ও সংস্কৃতি বিভাগ কর্তৃক ১৭২টি মেসিন সরবরাহ করা হয়েছে।

(খ) এই বিভাগ পরিচালিত কলিকাতাস্থ দুটি প্রশিক্ষণ কেন্দ্রে মোট ২৪২ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

বিভিন্ন রাজ্যে তথ্যকেন্দ্র স্থাপন

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৭।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার কর্তৃক কোন্ কোন্ রাজ্যে তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে বা হবে ; এবং

(খ) অন্য রাজ্যে তথ্যকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে কোন অগ্রাধিকার-তালিকা অনুসরণ করা হচ্ছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) রাজ্য সরকার কর্তৃক নূতন দিল্লী (১৯৬৯), মাদ্রাজ (১৯৮১), ত্রিপুরা (আগরতলা, ১৯৮১) ও উড়িষ্যা (কটক, ১৯৮২)-তে তথ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে। উপযুক্ত বাড়ি না পাওয়ার দরুন বোম্বেতে তথ্যকেন্দ্র চালু করা এখনও সম্ভব হয় নি। তা ছাড়া রাজস্থানের জয়পুরে একটি তথ্যকেন্দ্র স্থাপন করার বিষয় বিবেচনাধীন রয়েছে।

(খ) অন্য রাজ্যে তথ্যকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে কোন অগ্রাধিকার-তালিকা অনুসরণ করা হচ্ছে না।

বীরভূম জেলার সিউড়ী, সাঁইথিয়া, মারুট এবং বর্ধমান জেলার কাটোয়া-মারুট বাস রুটের সম্প্রসারণ

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৪।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বীরভূম জেলার সিউড়ী, সাঁইথিয়া, মারুট এবং বর্ধমান জেলার কাটোয়া-মারুট রুটের বাসগুলিকে মজলিশপুর (মুর্শিদাবাদ) পর্যন্ত সম্প্রসারণের কোন পরিকল্পনা করা হয়ে থাকলে তা বর্তমানে কি পর্যায়ে আছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ বীরভূম জেলার সিউড়ী-মারুট রুট মুর্শিদাবাদ জেলার মজলিশপুর পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা সংশ্লিষ্ট আর. টি. এ.-র আছে এবং বিষয়টি আর. টি. এ.-র পরবর্তী অধিবেশনে আলোচিত হবে।

বর্ধমান জেলার কাটোয়া-মারুট রুট মজলিশপুর পর্যন্ত সম্প্রসারণের কোনও পরিকল্পনা সংশ্লিষ্ট আর. টি. এ.-র নেই।

কোদালকাটা স্লুইস গেট

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২০।) **শ্রীমতী ছায়া ঘোষঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রানীনগর ১ নং ব্লকে কোদালকাটা স্লুইস গেটের জন্য কোন টাকা বরাদ্দ করা হয়েছে কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে উক্ত স্লুইস গেটের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(গ) উক্ত গেটের কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) উক্ত কোদালকাটা স্লুইস গেটের নির্মাণ কাজের জন্য আনুমানিক ২ লক্ষ টাকা বরাদ্দ আছে।

(খ) উক্ত কাজের প্রায় শতকরা ৮৫ ভাগ সম্পূর্ণ হইয়া গিয়াছে।

(গ) বাকি কাজ খুব শীঘ্রই শেষ হইয়া যাইবে বলিয়া আশা করা যায়।

পানিপারুল মৌজায় জলবহা ডাক সরবরাহ প্রকল্প

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫০।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা-২ নং ব্লকের পানিপারুল মৌজায় জলবহা ডাক সরবরাহ প্রকল্প রূপায়ণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে সরকারে ন্যস্ত খাস জমি হস্তান্তর বা আগাম দখলের অনুমতি দেওয়ার (অ্যাডভান্স পজেশন) জন্য তমলুকের ভূমি সংক্রান্ত অফিসে এ. ডি. এম. (এল. আর.) পত্র দিয়েছেন কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে,—

(১) কোন্ সময়ে ওই জমি চাওয়া হয়েছে, ও

(২) উক্ত জমি হস্তান্তর ত্বরান্বিত করার জন্য ভূমিসংস্কার বিভাগ কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৮২ সালের অক্টোবর মাসে ঐ জমি হস্তান্তরের প্রস্তাব পাওয়া গেছে।

(২) বিভিন্ন পর্যায়ে তদন্ত সমাপ্ত করে গত ২রা মার্চ, ১৯৮৩ তারিখে আগাম দখল নেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগকে পত্র দেওয়া হয়েছে।

Muster rolls of relief work

377. (Admitted question No. 469.) **Shri SUBRATA MUKHOPADHYAY :** Will the Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department be pleased to state—

(a) whether the Government have received the muster rolls of relief work from the Pradhans of the Poragacha and the Bhanderkhola Panchayats in Krishnanagar Block-I, in the district of Nadia ;

(b) if so, whether the Government in satisfied with the accounts maintained by the said Pradhans ; and

(c) if not, the action taken, contemplated to be taken against them ?

Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department : (a) and (b) Yes.

(c) Does not arise.

প্রাথমিক স্কুলে অরগানাইজিং শিক্ষক নিয়োগ

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৭।) **শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনায় ১৯৮০ সালের জানুয়ারি হইতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে প্রাথমিক স্কুলে কোন অরগানাইজিং শিক্ষক নিযুক্ত করা হইয়াছে কি; এবং

(খ) উক্ত সময়ে ২৪-পরগনায় কতগুলি পুরাতন প্রাথমিক স্কুলকে স্বীকৃতি দেওয়া হইয়াছে?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) পুরাতন কোন প্রাথমিক বিদ্যালয়কে স্বীকৃতি দেওয়া হয় নাই।

পশ্চিমবঙ্গে জেলাগুলিতে বন্যা ও ঘূর্ণিঝড় আশ্রয়স্থল নির্মাণ

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৩) **শ্রীঅমলেন্দ্র রায়:** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমঙ্গের কোন্ জেলায় কয়টি বন্যা-ঘূর্ণিঝড় আশ্রয়স্থল নির্মাণ চলছে বা সম্পূর্ণ হয়েছে; এবং

(খ) আশ্রয়স্থলগুলো কাদের হেফাজতে থাকবে, অন্য সময় কি কাজে লাগবে এবং মেরামতের কি ব্যবস্থা করা হয়েছে?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া: (ক) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলায় ১৫টি, কোচবিহার জেলায় ২টি, হুগলী জেলায় ৫টি, হাওড়া জেলায় ৬টি, জলপাইগুড়ি জেলায় ৯টি, মালদা জেলায় ৬টি, মেদিনীপুর জেলায় ১৭টি, মুর্শিদাবাদ জেলায় ১১টি, ২৪ পরগনা জেলায় ১০টি ও পশ্চিম দিনাজপুর জেলায় ৪টি, অর্থাৎ মোট ৮৫টি বন্যা-ঘূর্ণিঝড় আশ্রয়স্থল নির্মাণের কাজ চলছে।

মোট ২৭টি বন্যা-ঘূর্ণি ঝড় আশ্রয়স্থল নির্মাণের কাজ শেষ হয়েছে। তার মধ্যে আছে—

বর্ধমান	৮
কোচবিহার	২
হুগলী	২
জলপাইগুড়ি	৫
মুর্শিদাবাদ	২
পশ্চিম দিনাজপুর	৩
হাওড়া	৩
২৪ পরগনা	১
মেদিনীপুর	১
মোট:	২৭

(খ) এই আশ্রয়স্থলগুলো জেলাশাসক এবং ব্লক ডেভেলপমেণ্ট অফিসারদের অধীনে থাকবে। প্রত্যেক আশ্রয়স্থলের জন্য একজন করে কেয়ারটেকার নিযুক্ত করা হবে।

অন্য সময় এই আশ্রয়স্থলগুলো বিভিন্ন কর্মকেন্দ্ররূপে চালু থাকবে—

(১) বয়স্ক শিক্ষাকেন্দ্র,

(২) প্রাক্ বিদ্যালয় শিশুপুষ্টি প্রকল্প,

(৩) জরুরী ত্রাণ ভাণ্ডার,

(৪) গ্রামীণ মহিলা প্রশিক্ষণ এবং উৎপাদন কেন্দ্র,

(৫) পরিবার পরিকল্পনা এবং অন্যান্য কল্যাণ কেন্দ্র।

এই আশ্রয়স্থলগুলোর মেরামতের ভার থাকবে রাজ্য সরকারের পূর্ত বিভাগের উপরে।

নূতন জেলা অথবা মহকুমা গঠনের কর্মসূচী

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৯।) **শ্রীঅমলেন্দ্র রায় : স্বরাষ্ট্র** (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন নূতন জেলা অথবা মহকুমা গঠনের কোন কর্মসূচী সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) থাকিলে, উহা রূপায়ণে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে ?

স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ও (খ) ২৪-পরগনা জেলা দ্বিখণ্ডীকরণ এবং বারাসতে নূতন জেলা সদর স্থাপন, বাঁকুড়া জেলার খাতড়ায় এবং নদীয়া জেলার কল্যাণীতে নূতন মহকুমা গঠন করার ব্যাপারে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্ত রূপায়ণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

কলিকাতার ফুটপাত হকার

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৫।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য : স্থানীয়** শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য কলিকাতার বিভিন্ন ফুটপাতে এখনও বেশ কিছু হকার থাকিয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, ইহাদের নিকট হইতে পৌরকর বাবদ কিছু আদায় হয় কিনা ; এবং

(গ) আদায় হইলে, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে (৩১শে জানুয়ারি পর্যন্ত) কর আদায়ের পরিমাণ কত ?

স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ইহা সত্য।

(খ) কলিকাতা পৌরসংস্থা (প্রায় গত দশ বছর) হকারদের নিকট হইতে ট্রেড-লাইসেন্স ফি হিসাবে কোন অর্থ আদায় করে না।

(গ) কাজেই আদায়কৃত অর্থের পরিমাণের প্রশ্ন ওঠে না।

রায়গঞ্জ স্পিনিং মিলস

৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩২।) **শ্রীসরল দেব:** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ স্পিনিং মিলস কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) কারখানাটি দীর্ঘদিন যাবৎ চালু না হওয়ার কারণ কি ?

রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) রায়গঞ্জে অবস্থিত ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিলস কারখানাটি এ বৎসরের অক্টোবর মাস নাগাদ আংশিকভাবে চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়।

(খ) কারখানার জন্য জমি অধিগ্রহণের সময়ে দেওয়ানী আদালতের স্থগিতাদেশ ও সময়মত অর্থ যোগান না হওয়াই বিলম্বের কারণ।

হাসনাবাদ থানায় মেছোঘেরী

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩।) **শ্রীসরল দেব:** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, ২৪ পরগনা জেলার হাসনাবাদ থানার অন্তর্গত ভবানীপুর চাষের জমিতে নোনা জল ঢুকাইয়া বলপূর্বক মেছোঘেরী তৈয়ারি হইতেছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) জেলা কর্তৃপক্ষের কাছে এ সম্পর্কে কয়েকটি অভিযোগ এসেছে।

(খ) অভিযোগগুলি খতিয়ে দেখা হচ্ছে। একটি ক্ষেত্রে ফৌজদারী মামলা রুজু করা হয়েছে।

শিল্প স্থাপনে কেন্দ্রীয় বিনিয়োগ

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫।) **শ্রীসরল দেবঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত সময়ে এ রাজ্যে নূতন শিল্প স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার মোট কত টাকা বিনিয়োগ করিয়াছেন?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ঐ সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার এই রাজ্যে নূতন শিল্প স্থাপনের জন্য কত টাকা বিনিয়োগ করিয়াছেন তার সঠিক তথ্য রাজ্য সরকারের কাছে নেই। তবে এই সরকারের নিকট প্রাপ্ত তথ্যানুযায়ী ঐ সময়ের মধ্যে কেন্দ্রীয় সংস্থাগুলি ৫৬টি শিল্প প্রকল্প এই রাজ্যে রূপায়ণের জন্য অনুমোদন পায়। ঐ শিল্প প্রকল্পগুলির বিনিয়োগ সম্ভাবনা মোট ৪৭·৫২ কোটি টাকার মত।

পানিপিয়া খালে পুল পুনর্নির্মাণের প্রকল্প

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮।) **শ্রীশিশিরকুমার অধিকারীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি পানিপিয়া খালের উপর পুরুষোত্তমপুর, দুর্গাপুর, জানুবসান, বকসিসপুরের ভগ্নপ্রায় পুলগুলির পুনর্নির্মাণের জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) প্রশ্নে উল্লিখিত পুলগুলির মেরামতির এস্টিমেট প্রস্তুত করা হইয়াছে। কিন্তু মেরামতি এবং সংরক্ষণ খাতে অর্থের বরাদ্দ কম হওয়ায় কাজ আরম্ভ করা এখনও সম্ভব হয় নি।

(খ) মেরামতি খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে পুলগুলির পুনর্নির্মাণের কাজ হাতে লওয়া হইবে।

কাঁথি ১নং ব্লকের খাটুয়া গ্রামে পানীয় জল সরবরাহ

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯১।) **শ্রীশিশিরকুমার অধিকারীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি ১নং ব্লকের খাটুয়া গ্রামে পানীয় জলের যে জলাধার প্রস্তুত হয়েছে এবং গ্রামে গ্রামে যে পাইপ লাইন ও ট্যাপ বসানো হয়েছে তাতে জল সরবরাহ হচ্ছে না ;

(খ) অবগত থাকলে কি কারণে জলসরবরাহ হচ্ছে না ; এবং

(গ) কবে নাগাদ উক্ত এলাকায় জলসরবরাহ করা হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরববাহ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) গ্রামটি কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত ও জলসরবরাহ প্রকল্পের অধীন কাঁথি, স্যালাইন এরিয়া—জোন-৩ জল সরবরাহ প্রকল্পের অন্তর্গত। ঐ প্রকল্পের দুইটি গভীর নলকূপ, জলাধার, জলসরবরাহের পাইপ, পাম্প হাউস এবং পাম্পিং-এর যন্ত্রপাতি বসানোর কাজ শেষ হয়েছে, একটি পাম্প-এর জন্য বিদ্যুৎ পাওয়া গেছে। কিন্তু লো ভোল্টেজ এবং লোড শেডিং-এর জন্য জলসরবরাহ বিঘ্নিত হচ্ছে।

(গ) বিদ্যুৎ সরবরাহ সমস্যার সমাধান হলে অবিঘ্নিত জল সরবরাহ করা সম্ভব হবে।

মেজিয়া থানা অঞ্চলে কয়লাখনি চালুর জন্য জমি অধিগ্রহণ

৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭২২) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার মেজিয়া থানার অন্তর্গত ভাড়া, কলিদাসপুর, শালচুর মৌজায় ২৬২ একরের মত কয়লাখনি চালু করার জন্য জমি অধিগ্রহণ করা সত্ত্বেও এ পর্যন্ত চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়া হয় নাই এবং জমির মালিকদের সার্টিফিকেট দিতে দেরী হচ্ছে ;

(খ) সত্য হলে কতজন ব্যক্তিকে এ পর্যন্ত সার্টিফিকেট ও চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়া হয় নাই, এবং

(গ) উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আংশিক সত্য।

(খ) পর্যায়ক্রমে মোট ২৪৮·০৫৫ একর পরিমাণ অধিগৃহীত জমির মধ্যে ৩১·০৪ একর পরিমাণ জমির মালিকদের শতকরা ৮০ ভাগ জমির ক্ষতিপূরণ দেওয়া হয়েছে এবং ১০০·০১ একর পরিমাণ জমির মালিকদেরও অনুরূপ ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা

গ্রহণ করা হয়েছে। আরও ১০৩.৮০৫ একর পরিমাণ জমির মালিকদের যাঁরা কোন ক্ষতিপূরণ পাননি তাঁদের জমির মূল্য নির্ধারণ করে শীঘ্রই চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাকি ১৩.২০ একর জমি জমিদারী গ্রহণ আইন অনুযায়ী ইতিমধ্যে সরকারে বর্তানো দেখানো থাকায় ঐ জমি বাবদ ক্ষতিপূরণ প্রদান আপাততঃ বন্ধ রাখা হয়েছে।

ইতিমধ্যে মোট ৬৩১ জন জমিচ্যুত ব্যক্তির মধ্যে ৪৫০ জনকে প্রভিসনাল সার্টিফিকেট দেওয়া হয়েছে। অনুরূপ সার্টিফিকেট বাকি ১৮১ জনকে আবেদন করলে দেওয়ার ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু সম্পূর্ণ জমি গ্রহণের পর সকল জমিচ্যুত ব্যক্তিকে চূড়ান্ত সার্টিফিকেট দেওয়া হবে।

(গ) জমি গ্রহণ ও তার সম্পূর্ণ ক্ষতিপূরণ বাবদ মূল্য এবং জমির মালিকগণকে পাকা ল্যাণ্ড লেসারস্ সার্টিফিকেট প্রদান করার ব্যাপারগুলো যাতে ত্বরান্বিত হয় সেদিকে সরকার সজাগ দৃষ্টি রাখছেন।

২৪-পরগনা জেলায় বনবিভাগের বাংলো

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪১।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** বনবিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় কোথায় কোথায় বনবিভাগের বাংলো আছে;

(খ) উক্ত বাংলোগুলিতে কাহারা থাকিতে পারেন;

(গ) উক্ত বাংলোয় থাকার অনুমতির জন্য কাহার নিকট আবেদন করিতে হয়; এবং

(ঘ) উক্ত বাংলোগুলিতে থাকার জন্য দৈনিক মাথাপিছু খরচ কত?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২৪-পরগনা জেলায় বন বিভাগের একটিমাত্র বিশ্রামগৃহ আছে, সেটি বনগাঁর নিকট পারমাদনে অবস্থিত।

(খ) সরকারী কাজে নিযুক্ত ব্যক্তি এবং সরকারী কাজে ব্যবহারের প্রয়োজন না হলে লিখিত আবেনক্রমে যেকোন ব্যক্তি সেটিতে থাকিতে পারেন।

(গ) বিভাগীয় বনাধিকারিক, নদীয়া-মুর্শিদাবাদ বিভাগ, পোঃ কৃষ্ণনগর, জেলা নদীয়া—এই ঠিকানায় আবেদন করতে হয়।

(ঘ) বনবিভাগের বিশ্রামগৃহে থাকার জন্য কোন ভাড়া লাগে না। কেবল শয্যাদ্রব্য পরিষ্কার করা এবং ঝাড়ুদারের পারিশ্রমিক হিসাবে কিছু টাকা দিতে হয়।

কল্যাণী কৃষি বিশ্ববিত্থালয়ে "ব্যাঙের ছাতা চাষ" বিষয়ে ট্রেনিং

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৪।) **শ্রীকৃষ্ণধন হালদার:** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কল্যাণী বিধানচন্দ্র কৃষি বিশ্ববিত্থালয়ে "ব্যাঙের ছাতা চাষ" বিষয়ে কোন ট্রেনিং দেওয়া হয় কিনা; এবং

(খ) সরকার এ বিষয়ে বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ ট্রেনিং দেবার কোন পরিকল্পনা করেছেন কি না?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের এরূপ কোন নির্ধারিত প্রশিক্ষণের ব্যবস্থা নেই।

(খ) এ বিষয়ে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দেওয়ার কোন পরিকল্পনা আপাততঃ সরকারের নেই।

ডায়মণ্ডহারবার মহকুমায় চৌকিদার ও দফাদারদের শূন্য পদের সংখ্যা

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৫।)। **শ্রীকৃষ্ণধন হালদার:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডায়মণ্ডহারবার মহকুমায় কতগুলি চৌকিদার ও দফাদারের পদ বর্তমানে শূন্য আছে (ব্লকওয়ারী হিসাব);

(খ) ইহা কি সত্য যে, উক্ত মহকুমায় গত দুই বৎসর ধরিয়া চৌকিদার ও দফাদারের নিয়োগ বন্ধ আছে; এবং

(গ) উক্ত শূন্য পদ পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ডায়মণ্ডহারবার মহকুমায় চৌকিদারের মোট ৭৭টি এবং দফাদারের মোট ৯টি পদ শূন্য আছে। এই শূন্য পদ ব্লকওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল।

(খ) হ্যাঁ।

(গ) চৌকিদার ও দফাদারদের নিয়োগনীতি পুনর্নির্ধারণ সাপেক্ষে ঐ শূন্য পদগুলিতে নতুন কর্মী নিয়োগ সম্পর্কে সরকারের নিষেধাজ্ঞা আছে। ইতিমধ্যে অবশ্য দফাদারদের শূন্যপদসমূহ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের চৌকিদারদের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা যাবে, এ মর্মে সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন।

Statement referred to in reply to clause "Ka" of unstarred question No. 390
(Admitted question No. 855)

ব্লকের নাম			শূন্য পদের সংখ্যা	
			চৌকিদার	দফাদার
(১) ডায়মণ্ডহারবার-১	—	—	১৩	১
(২) ডায়মণ্ডহারবার-২	—	—	—	—
(৩) ফলতা	—	—	৩	—
(৪) কাকদ্বীপ	—	—	৭	—
(৫) কুলপী	—	—	৫	১
(৬) মগরাহাট-১	—	—	—	১
(৭) মগরাহাট-২	—	—	১৯	১
(৮) মথুরাপুর-১	—	—	১১	১
(৯) মথুরাপুর-২	—	—	৩	—
(১০) মন্দিরবাজার	—	—	২	১
(১১) নামখানা	—	—	৫	১
(১২) পাথরপ্রতিমা	—	—	৩	—
(১৩) সাগর	—	—	৬	২
			৭৭	৯

মুর্শিদাবাদ জেলায় জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং বিভাগে কর্মী নিয়োগের সংখ্যা

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২২।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী :** স্বাস্থ্য ও ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিগত এক বৎসরে জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং বিভাগের কতজনকে নিয়োগ করা হইয়াছে ; এবং

(খ) তাঁহাদের মধ্যে কতজন সংখ্যালঘু, তফসিল জাতি ও তফসিল উপ-জাতিভুক্ত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং

বিভাগের বহরমপুর ভুক্তিতে ২৭ জন "মাস্টার রোল" গার্ডকে নিয়োগ করা হইয়াছে।

(খ) সংখ্যালঘু—৩ জন, তফসিল জাতি—৪ জন, তফসিল উপজাতি—১ জন।

হরিণঘাটায় নদী গবেষণা কেন্দ্র

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬২।) **শ্রীনীরোদ রায়চৌধুরী**: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলার হরিণঘাটায় রাজ্য সরকারের পরিচালনাধীন যে নদী গবেষণা কেন্দ্র আছে, তারা রাজ্যের মজা নদী পুনরুদ্ধারের জন্য এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: নদীয়া জেলার হরিণঘাটায় নদী গবেষণা কেন্দ্রে বিভিন্ন নদী উন্নয়ন পরিকল্পনা ও উন্নয়নকল্পে বিশেষজ্ঞের মতামত নেওয়া হয় এবং গবেষণালব্ধ ফল অনুযায়ী সেচ ও জলপথ বিভাগ উপযুক্ত ব্যবস্থা করেন।

অতীতে মজা কুলটি নদী সম্বন্ধে মডেল স্টাডি হয়েছে। এ সম্বন্ধে কিছু কিছু গবেষণা বর্তমানেও করা হয়েছে, যথা সুতি ও নওয়াই খাল খনন প্রকল্প। কিছু কিছু নদী পরিকল্পনা, বিশেষ করে বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা বা জলনিকাশী পরিকল্পনার ফলে মজা মদীর সমস্যার সমাধান আপনা থেকেই হয়ে যায়। যেমন নিম্ন দামোদর উপত্যকায় আমতা খালের উন্নয়ন। এ সম্বন্ধেও কিছু গবেষণা পূর্বে এই গবেষণা-কেন্দ্রে হয়েছে।

পশ্চিমবঙ্গের বিভিন্ন নদীতে জলের স্তর ও প্রবাহিত জলের স্তর এবং প্রবাহিত জলের পরিমাণ প্রায় প্রতি বৎসরই বিশেষ সময়ে মাপা হয়ে থাকে। এইসব তথ্যাদি মজা নদী উন্নয়ন সম্পর্কে পরিকল্পনা গ্রহণ করতে সাহায্য করে।

রাধানগর খালের উপর স্লুইস গেট নির্মাণ

৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০।) **শ্রীরাজকুমার মণ্ডল**: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বাউড়িয়া থানার অন্তর্গত রাধানগর খালের উপর স্লুইস নির্মাণ ও উক্ত খাল খনন করার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত কাজ ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) রাধানগর খালের কিছু অংশে খননের কাজ শুরু করা হয়েছে এবং স্লুইসের নক্সা তৈরি করা হচ্ছে।

(খ) খালের বাকি অংশ খননের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। খাল খননের জন্য প্রয়োজনীয় জমি পাওয়া গেলে আগামী বর্ষাকালের আগেই খাল খনন শেষ হবে।

আদায়ীকৃত সেচকর

৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালের জানুয়ারি অবধি সেচকর আদায় হয়েছে কিনা;

(খ) ক্ষুদ্র ও মাঝারি চাষীদের সেচকর মকুব করার কোন পরিকল্পনা সরকারের ছিল কিনা; এবং

(গ) থাকলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, হয়েছে।

(খ) সেচ ও জলকর মকুবের একটি পরিকল্পনা সরকারের আছে।

(গ) পরিকল্পনাটি সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত লওয়া হয় নি। বর্তমানে ইহা সরকারের বিবেচনাধীন আছে।

জালাবেড়ে ড্রেনেজ স্কীম

৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৭।) **শ্রীপ্রবোধ পুরকাইত:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগনা জেলার অন্তর্গত কুলতলী ব্লকে "জালাবেড়ে ড্রেনেজ স্কীম" প্রকল্প রূপায়ণ সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত প্রকল্পের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) জালাবেড়ে নিকাশী প্রকল্পের অনুসন্ধান কার্য চলিতেছে।

(খ) প্রকল্পটির কাজ কবে শুরু করা যাইবে তাহা এখনই সঠিকভাবে বলা যায় না। অনুসন্ধানের কাজ শেষ হইলে প্রকল্প তৈরি করা হইবে—পরে তাহা ভারত সরকারের গঙ্গা বন্যা-নিয়ন্ত্রণ কমিশনের এবং যোজনা কমিশনের অনুমোদনের জন্য পাঠানো হইবে। উক্ত কমিশন দ্বয়ের অনুমোদন পাওয়ার পর প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে কাজটি আরম্ভ করা যাইবে।

হরিণঘাটা রিভার রিসার্চ ইনষ্টিটিউটে ফানেল প্রকল্প

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৬) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হরিণঘাটা রিভার রিসার্চ ইনষ্টিটিউটে ধুমডাঙ্গি রেল ষ্টেশন হইতে ৩১ নং জাতীয় সড়কের উপর সেতু পর্যন্ত মহানন্দা নদীর অংশকে ট্রেনিং-এর জন্য কোন ফানেল প্রকল্প (ফানেল স্কীম) মডেল টেষ্টিং-এর জন্য বিবেচনাধীন আছে কি ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: না। প্রশ্নে উল্লিখিত মহানন্দা নদীর অংশকে ট্রেনিং-এর জন্য কোনও ফানেল প্রকল্প মডেল টেষ্টিং-এর জন্য বিবেচনাধীন নেই।

জলঙ্গী নদী ভাঙ্গন রোধের জন্য ব্যবস্থা

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৪।) **শ্রীমাধবেন্দু মোহান্ত:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলঙ্গী নদীর ভাঙ্গনের ফলে নদীয়া জেলার তেহট্ট থানার তেহট্ট জিতপুর, কানাইনগর, অভয়নগর, চাঁদেরঘাট প্রভৃতি ও করিমপুর থানার অন্তর্গত কাজিলনগর, পরানপুর প্রভৃতি এলাকা বিশেষভাবে বিপন্ন হয়ে পড়েছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত ভাঙ্গন রোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) প্রশ্নে উল্লিখিত স্থানগুলিতে নদীর ভাঙ্গন আছে। তবে স্থানগুলি বিশেষভাবে বিপন্ন হয়ে পড়েছে বলা যায় না।

(খ) অভয়নগর এলাকার ভাঙ্গন রোধের জন্য একটি নদী ভাঙ্গন প্রতিরোধ প্রকল্প তৈরি করা হয়েছে। প্রকল্পটির আনুমানিক ব্যয় হিসাব করা হয়েছে ২৯ লক্ষ টাকা। খসড়া ব্যয়ের হিসাবটি এখনও বিবেচনাধীন আছে।

সুন্দরবন এলাকায় নদী বাঁধ কাটিয়া লোনা ফিসারী গঠন

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৫।) **শ্রীসুভাষ নস্কর:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুন্দরবন এলাকায় বাসন্তী, গোসাবা, সন্দেশখালী ও ক্যানিং থানার কয়েকটি স্থানে নদী বাঁধ কাটিয়া লোনা ফিসারী তৈয়ারি হইয়াছে ;

(খ) অবগত থাকিলে, এরূপ ঘটনার সংখ্যা কত ; এবং

(গ) অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ। বিগত কয়েক বৎসরে ক্যানিং ও বাসন্তী থানার কয়েকটি স্থানে এরূপ ঘটনা ঘটিয়াছে।

(খ) ক্যানিং থানায় নয়টি, বাসন্তী থানায় কুড়িটি।

(গ) অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় যথারীতি অভিযোগ লিপিবদ্ধ করা হইয়াছে এবং পুলিসকে ওয়েষ্ট বেঙ্গল এমব্যাঙ্কমেণ্ট অ্যাক্ট নং ৩৩ (অ্যামেণ্ডমেণ্ট), ১৯৮০-এর ক্লজ ৭৯(এ) অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করিতে বলা হইয়াছে।

শ্রীরাধাকৃষ্ণ সুগার মিল

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১০।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বেলডাঙ্গার শ্রীরাধাকৃষ্ণ সুগার মিল কোম্পানিকে একটি সরকারী কোম্পানিতে রূপান্তরণের কাজ কতদূর অগ্রসর হয়েছে ; এবং

(খ) বর্তমানে উক্ত মিলের সমস্ত সম্পত্তি কি ওয়েষ্ট বেঙ্গল সুগার ইণ্ডাষ্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনের হাতে হস্তান্তরিত হয়েছে ?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বেলডাঙ্গা সুগার মিল কোম্পানিকে সরকারী কোম্পানিতে রূপান্তরের বর্তমানে কোন প্রয়োজন নেই।

(খ) না।

Construction of a Dam on Devnadi in Jhargram

400. (Admitted question No. 1359.) **Shri Abani Bhusan Satpathy :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) Whether the Government has any proposal for the construction of a dam on Devnadi in Jhargram subdivision ; and

(b) if so, the total estimated cost for the dam and total area to be irrigated by it ?

Minister-in-charge of the Irrigation and Waterways Department : (a) No. There is no proposal of this department for construction of a dam on Devnadi in Jhargram subdivision at present.

(b) Does not arise.

হাওড়া জেলার ভাটোরা ও চিৎনান এলাকায় আর. এল. আই. মেসিন

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৭)। **শ্রীনিতাইচরণ আদকঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার ভাটোয়া ও চিৎনান এলাকায় অতিরিক্ত ১২টি আর. এল. আই. মেসিন পড়ে আছে ;

(খ) সত্য হলে, কারণ কি ; এবং

(গ) উক্ত মেসিনগুলো অন্য এলাকায় ব্যবহার করা হবে কি ?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ইহা অংশতঃ সত্য, কারণ এরূপ মেসিনের সংখ্যা ১২টি নহে, ৯টি।

(খ) কারণ এই যে ভাটার টানে জল চলিয়া যাওয়ার সময় মেসিনবাহী বার্জগুলি (বজরা) মাটিতে চাপিয়া বসিয়া যায়।

(গ) না। কারণ এগুলি আগামী বর্ষার আগেই উদ্ধার করিয়া সংশ্লিষ্ট প্রকল্প-গুলির কাজে লাগানো হইবে। আপাততঃ ষ্ট্যাণ্ডবাই পাম্প সেট পাঠাইয়া এই প্রকল্পগুলি চালু রাখার ব্যবস্থা হইয়াছে।

আসাম হইতে পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুদের সংখ্যা

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৬।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি আসাম হইতে পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুদের সংখ্যা কত (২৮-এ ফেব্রুয়ারি ১৯৮৩ পর্যন্ত) ;

(খ) উক্ত উদ্বাস্তুদের রক্ষণাবেক্ষণের জন্য পশ্চিমবঙ্গ সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ;

(গ) উক্ত ব্যবস্থার জন্য কোন অর্থ ব্যয় হইয়া থাকিলে তাহার পরিমাণ কত ; এবং

(ঘ) ব্যয়িত অর্থের মধ্যে কেন্দ্রীয় সরকার কত অর্থ সাহায্য দিয়াছেন ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ২৮-এ ফেব্রুয়ারি ১৯৮৩ পর্যন্ত ৬,১৮৪ জন শরণার্থী আসাম হইতে পশ্চিমবঙ্গে আসিয়া সরকারের আশ্রয়প্রার্থী হইয়াছেন।

(খ) হ্যাঁ, করিয়াছেন।

(গ) ১৮ই মার্চ, ১৯৮০ পর্যন্ত ২৩ লক্ষ ৪৬ হাজার ১ শত ৯৫ টাকা।

(ঘ) কেন্দ্রীয় সরকার কোন অর্থ সাহায্য করেন নি।

চরমহলা ও চরহালালপুরে ভাগীরথীর ভাঙ্গন রোধে পরিকল্পনা

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৯।) **শ্রীঅতীশচন্দ্র সিংহ :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর ব্লকের অন্তর্গত চরমহলা ও চরহালালপুরে ভাগীরথীর নদীর ভাঙ্গন প্রতিরোধ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

বর্তমানে পরিকল্পনাটি কারিগরী মঞ্জুরীর অপেক্ষায় আছে। পরে প্রশাসনিক মঞ্জুরী পাওয়া গেলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

স্বাধীনতা-সংগ্রামীদের পেনসনের দরখাস্ত

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৭।) **ডাঃ শিশির কুমার বসুঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্বাধীনতা সংগ্রামীদের পেনসনের দরখাস্তগুলি নিষ্পত্তি করার ক্ষেত্রে যে অস্বাভাবিক বিলম্ব হচ্ছে এব্যাপারে সরকার অবহিত আছেন কি ;

(খ) (অবহিত থাকিলে) তাহা হইলে এরূপ বিলম্বের কারণ কি ; এবং

(গ) ফাইন্যাল স্যাংকশন্ ত্বরান্বিত করার ব্যাপারে কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) অস্বাভাবিক বিলম্ব হচ্ছে এমন কথা বলা যায় না, তবে বিলম্ব কিছু হচ্ছে। এ ব্যাপারে সরকার অবহিত আছেন।

(খ) কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী প্রতিটি দরখাস্ত যথাযথভাবে পরীক্ষা করা সময়সাপেক্ষ।

(গ) রাজ্য সরকার কেবল সুপারিশ করার অধিকারী—স্যাংকশন্ করেন কেন্দ্রীয় সরকার। পেনসন পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকার সেই অনুযায়ী কাজ করেন। আমাদের অভিজ্ঞতা এইরূপ যে, সুপারিশ করার পরেও বহুক্ষেত্রে কেন্দ্রের স্যাংকশন্ পাইতে অনেক দেরী হয়।

Pension for freedom-fighters

405. (Admitted question No. 1598.) **Dr. Sisir Kumar Bose** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state whether the Government has any proposal to incorporate in the board constituted for the purpose

of examining and recommending the application for pension of freedom-fighters under various schemes with representatives of all political parties ?

Minister-in-charge of the Finance Department : The Board is constituted with veteran freedom-fighters. There is at present no proposal to reconstitute the Board with representatives of all political parties.

গ্রন্থাগার কর্মীদের ক্ষেত্রে প্রশিক্ষণের সুযোগ-সুবিধা

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৬।) **শ্রীনীরোদ রায়চৌধুরী** : শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—গ্রন্থাগার কর্মীদের পদোন্নতির ক্ষেত্রে সুনির্দিষ্ট কোন প্রশিক্ষণের সুযোগ আছে কিনা ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় : না।

১৯৮৩-৮৪ সালে নতুন গ্রামীণ গ্রন্থাগারের অনুমোদন

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৭) **শ্রীনীরোদ রায় চৌধুরী** : শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ আর্থিক বছরে নতুন গ্রামীণ গ্রন্থাগার অনুমোদন ক্ষেত্রে সরকারী লক্ষ্যমাত্রা স্থির হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, তা কি ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

১৯৭৭ হইতে ১৯৮২ সাল পর্যন্ত বাঁকুড়া জেলায় জুনিয়র হাই, হাই স্কুল ও মাধ্যমিক স্কুলের অনুমোদন

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২১।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য** : শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৭৭ হইতে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে কতগুলি নূতন—

(১) টু-ক্লাস জুনিয়র হাই স্কুল,

(২) ফোর-ক্লাস জুনিয়র হাই স্কুল, ও

(৩) মাধ্যমিক স্কুল অনুমোদন পেয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, (১) কতগুলি বিদ্যালয়কে বিল্ডিং গ্রাণ্ট দেওয়া হয়েছে এবং (২) ঐ বাবদ মোট কত টাকা দেওয়া হয়েছে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) ১টি ; (২) ৩৪টি ; (৩) ১৯টি।

(খ) (১) ১৩টি।

(২) মোট ৩,৬১,০০০ টাকা (তিন লক্ষ একষট্টি হাজার টাকা)।

বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরে জল সরবরাহ প্রকল্প

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৩।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর শহরে জল সরবরাহ প্রকল্পটি কবে নাগাদ শুরু হওয়ার পরিকল্পনা ছিল ;

(খ) এই পরিকল্পনা বাবদ কত টাকা বরাদ্দ ছিল ; এবং

(গ) উক্ত প্রকল্পটি কবে নাগাদ শেষ হবে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর পৌর এলাকায় জল সরবরাহের জন্য প্রথমে ১৯৭২ সালে একটি প্রকল্প ৯.৯৯ লক্ষ টাকা ব্যয়ে মঞ্জুর করা হয়। পরে ১৯৭৮ সালে উক্ত প্রকল্পটির জন্য ব্যয় ৩০,১৫,২০০ টাকা বরাদ্দ করা হয়। ১৯৮০ সালে ঐ প্রকল্পটি আবার সংশোধিত করিয়া ৪৮.৪১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়। ঐ সংশোধিত প্রকল্পটির কাজ ১৯৮০ সালের শেষাশেষি আরম্ভ হওয়ার পরিকল্পনা ছিল।

(গ) ১৯৮৪-৮৫ সাল নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

হাওড়া পৌরসভায় লরি ক্রয়

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৮।) **শ্রীঅশোক ঘোষঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া পৌরসভায় ১৯৬৯ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে কিছু "লরি" কেনা হয়েছিল ;

(খ) সত্য হইলে, তাহার সংখ্যা কত এবং উক্ত লরিগুলি কেনার জন্য কত টাকা ব্যয় হয়েছিল ; এবং

(গ) বর্তমানে ঐ লরিগুলি নিয়মিত কাজে ব্যবহার করা হয় কিনা ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) চল্লিশটি।

১৬,১৪,০৩৩ টাকা (ষোল লক্ষ চৌদ্দ হাজার তেত্রিশ টাকা)।

(গ) ঐ লরিগুলির মধ্যে বর্তমানে ১টি চালু আছে।

হাওড়া পৌরসভার কমিশনারদের জন্য গাড়ি

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪২।) **শ্রীঅশোক ঘোষ:** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া পৌরসভার মনোনীত কমিশনারদের নিয়মিত ব্যবহার করার জন্য কোন গাড়ি দেওয়া হয়েছে কি ; এবং

(খ) উক্ত প্রতিষ্ঠানে বর্তমানে মোট কয়টি 'অ্যামবাসাডার কার' নিয়মিত চালু আছে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না।

(খ) তিনটি।

হাওড়া পৌরসভার তত্ত্বাবধানে সি. এম. ডি. এ.-র কাজ সম্পাদন

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৩।) **শ্রীঅশোক ঘোষ:** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলায় নতুন আর্থিক বছরে (১৯৮৩-৮৪) সি. এম. ডি. এ.-এর (বস্তি উন্নয়ন, জল সরবরাহ ও বৈদ্যুতিক বিভাগের) কাজ হাওড়া পৌরসভার তত্ত্বাবধানে হবে ; এবং

(খ) সত্য হইলে, মোট কত টাকা এ ব্যাপারে ধার্য করা হয়েছে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ১৯৮৩-৮৪ সাল হইতে সর্বসাকুল্যে ৭ কোটি টাকা বরাদ্দ ধরা হয়েছে।

গোলাবাড়ি থানার নতুন ভবন নির্মাণের পরিকল্পনা

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৪।) **শ্রীঅশোক ঘোষ:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার গোলাবাড়ি থানার বর্তমান ভবনটির উন্নয়ন বা ঐ জন্য নূতন ভবন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়: গোলাবাড়ি থানার জন্য একটি নূতন ভবন নির্মাণের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

াকুড়া পৌরসভার কর্মচারী ও প্রাথমিক শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড-এর টাকা

৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৩।) **শ্রীসুভাষ গোস্বামী :** স্থানীয় শাসন াগের উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া পৌরসভার কর্মচারী এবং প্রাথমিক শিক্ষকদের ডেণ্ট ফাণ্ড-এর কয়েক মাসের টাকা জমা দেওয়া হয় নি; এবং

(খ) সত্য হইলে, কোন্ মাস হইতে উক্ত টাকা জমা দিতে বাকী আছে এবং ন্ সময়ের মধ্যে উক্ত টাকা জমা দেওয়া হইবে ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) পৌর কর্মচারীদের ক্ষেত্রে ১৯৮২ সালের মে মাস হইতে প্রভিডেণ্ট ফাণ্ডের া জমা দেওয়া বাকী আছে। শীঘ্রই উহা জমা দেওয়া হইবে। পৌর প্রাথমিক ক্ষকদের ক্ষেত্রে ১৯৮২ সালের জুলাই মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত প্রভিডেণ্ট ণ্ড বাবদ মোট যে টাকা জমা দেওয়ার কথা তাহার শতকরা ৫০ ভাগ জমা দেওয়া য়াছে এবং শতকরা ৫০ ভাগ বাকী আছে। এই বাকী শতকরা ৫০ ভাগ কবে া দেওয়া সম্ভব হইবে সে সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়।

বাঁকুড়া পৌরসভায় সরকারী অনুদান এবং ঋণ

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৪।) **শ্রীসুভাষ গোস্বামী :** স্থানীয় শাসন নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম বামফ্রণ্ট আমলে বাঁকুড়া পৌরসভার জন্য কোন সরকারী অনুদান বং ঋণ দেওয়া হইয়াছিল কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কি উদ্দেশ্যে এবং কত টাকা দেওয়া হইয়া- ছল ; এবং

(গ) তন্মধ্যে ২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত উক্ত অর্থ ব্যয়ের পরিমাণ কত ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮১-৮২ সাল পর্যন্ত বিভিন্ন খাতে যে-সমস্ত অনুদান ও ঋণ বাঁকুড়া পৌরসভাকে দেওয়া হইয়াছে, তাহার পরিমাণ ১,৮৮,৮৬,৬৫২ টাকা (এক কোটি অষ্টাশি লক্ষ ছিয়াশী হাজার ছয় শত বাহান্ন টাকা)।

(গ) উপরি-উক্ত টাকার মধ্যে খরচের পরিমাণ মোট ১,৬৬,১১,৪৯০ টাকা (এককোটি ছেষট্টি লক্ষ এগার হাজার চার শত নব্বই টাকা)।

মেদিনীপুর জেলার এন. আর. ই. পি. খাতে অর্থ বরাদ্দ

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৬।) **শ্রীউমাপতি চক্রবর্তী:** পঞ্চায়েত সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার জন্য কত টা এন. আর. ই. পি. খাতে বরাদ্দ করা হইয়াছে ;

(খ) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত উক্ত খাতে কত অর্থ ব্যয় ক হইয়াছে ;

(গ) উক্ত টাকার কত অংশ সেচের উন্নতির জন্য ব্যয় করা হইয়াছে ; এবং

(ঘ) উক্ত সময়ে আনুমানিক কি পরিমাণ জমি সেচের আওতাভুক্ত হইবে বলি আশা করা যায় ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২-৮৩ আথি বৎসরে মেদিনীপুর জেলার জন্য এন. আর. ই. পি. খাতে ৩৪৬.৩৯ লক্ষ টাকা বরা করা হইয়াছে।

(খ) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত উক্ত খাতে মোট ৩৫৮.৮০ ল টাকা ব্যয় করা হইয়াছে। ইহার মধ্যে পূর্ববর্তী বৎসরের উদ্বৃত্ত অর্থও আছে।

(গ) উক্ত টাকার নয় শতাংশ সেচের উন্নতির জন্য ব্যয় করা হইয়াছে।

(ঘ) উক্ত সময়ে আনুমানিক ৬৮০ হেক্টর জমি সেচের আওতাভুক্ত করা হইয়া এবং ৩২০ কিলোমিটার সেচের জন্য নালা খনন করা হইয়াছে।

বাঁকুড়া জেলার রাইপুর ও সারেঙ্গা গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৭।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** স্বাস্থ্য ও পরিবা কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাইপুর ও সারেঙ্গা গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের কা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(খ) উক্ত দুটি প্রকল্পের জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় (ক) বাঁকুড়া জেলায় রাইপুর ও সারেঙ্গায় কোনও নলবাহী গ্রামীণ জল সরবরা প্রকল্প মঞ্জুর করা হয় নি। তবে উভয় স্থানেই নলবাহী জল সরবরাহ প্রকল্পে পরিকল্পনা রচনার কাজ চলছে।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া জেলায় নতুন বনসৃজন

৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৪।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** বনবিভাগের মন্ত্রী ‍ণয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত বাঁকুড়া জেলায় নতুন বনসৃজনের কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) নূতন বনসৃজনের পরিমাণ কত (বছর-ওয়ারী হিসাবে) ; এবং

(গ) বর্তমানে বনভূমির মোট পরিমাণ কত ?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৪ কোটি ৯৪ লক্ষ ৩৭ হাজার টাকা।

বছর				বনসৃজনের পরিমাণ
				হেক্টর
১৯৭৬-৭৭	...	...	...	১,২০৭
১৯৭৭-৭৮	...	...	...	১,৭২৮
১৯৭৮-৭৯	...	...	...	৩,৩৫৯
১৯৭৯-৮০	...	...	...	৩,০৬৬
১৯৮০-৮১	...	...	...	৩,৪৭৮
১৯৮১-৮২	...	...	....	৩,৪৭৯
১৯৮২-৮৩	....	...	...	৩,৪২২
			মোট ...	১৯,৭৩৯

(গ) ১,৩৯৫ বর্গকিলোমিটার।

দুর্গাপুর হইতে বাঁকুড়া ভায়া মালিয়াড়া, দুর্গাপুর রুটে ডি. এস. টি. সি.-র বাসের সংখ্যা

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০২।) **শ্রীনবনী বাউরীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) ভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর হইতে বাঁকুড়া ভায়া মালিয়াড়া, দুর্লভপুর রুটে বর্তমানে কয়টি এস. টি. সি.-র বাস চলে ;

(খ) উক্ত রুটে আরও বাস বাড়ানোর পরিকল্পনা সরকারের আছে না; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবা
হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে দুর্গাপুর রা
পরিবহণ সংস্থার দুর্গাপুর হইতে বাঁকুড়া (ভায়া মালিয়াড়া, দুর্লভপুর) সড়ক দি
দৈনিক একখানি বাস চলাচলের ব্যবস্থা কার্যকরী আছে, উহা ভিন্ন উক্ত সংস্থ
দুর্গাপুর হইতে অমরকানন (ভায়া মালিয়াড়া, দুর্লভপুর) পর্যন্ত আর একটি দৈ
বাস সার্ভিস চালু আছে ;

(খ) উক্ত পরিকল্পনা বাসরাস্তা পুনর্বিন্যাস কমিটির বিবেচনাধীন আছে ;

(গ) বাসরাস্তা পুনর্বিন্যাস কমিটির সুপারিশ পাইবার পর ইহা বিবে
করা হইবে।

শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে বেতনহার

৪২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৭।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষা (মাধ্যমি
বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এক বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে নূতন বেতনহার পাচে
না এরূপ অনার্স বা স্নাতকোত্তর ডিগ্রীপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা কত ; এবং

(খ) ঐসব শিক্ষকদের অভিজ্ঞতার ভিত্তিতে কোন বেতনহার প্রবর্তনের প্রস্
সরকারের আছে কি ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এরূপ কোন শিক্ষক আ
বলে সরকারের জানা নেই ;

(খ) প্রশ্ন ওঠে না।

পুরুলিয়া জেলায় ব্লকওয়ারি টিউবওয়েল স্থাপনের সংখ্যা

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৯।) **ডাঃ সুকুমার রায়ঃ** কৃষি (ক্ষুদ্র সে
বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় জানুয়ারী, ১৯৮১ হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়া
পর্যন্ত কতগুলি টিউবওয়েল বসানো হইয়াছে, তাহার ব্লকওয়ারি পরিসংখ্যা
কিরূপ ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত টিউবওয়েলগুলি বসানোর পর হইতেই মে
সংখ্যার এক-তৃতীয়াংশ বিকল হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে, বিকল টিউবওয়েলগুলি চালু করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলায় ১৯৮১ সালের জানুয়ারী মাসের আগে বা ১৯৮১ সালের জানুয়ারী হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত কৃষি দপ্তর কর্তৃক সেচের জন্য কোন নলকূপ স্থাপন করা হয় নি ;

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

মুরারই ১নং পঞ্চায়েতের প্রকল্পের জন্য সরকারী অর্থ

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৯।) **ডাঃ মোতাহার হোসেনঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি গত বৎসর ১৯৮২ সালের প্রথমদিকে কয়েকটি প্রকল্প রূপায়ণের জন্য কয়েক দফায় সরকারী অর্থ গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে—

(১) উক্ত সভাপতি কোন্ কোন্ তারিখে কি কি প্রকল্প রূপায়ণের জন্য কত টাকা গ্রহণ করিয়াছেন ; এবং

(২) কোন্ কোন্ তারিখে এতদ্‌সম্পর্কে হিসাব দাখিল করিয়াছেন ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) নিম্নে প্রদত্ত :

কোন্ তারিখে গ্রহণ করিয়াছেন (১)	কত টাকা গ্রহণ করিয়াছেন (২)	কি প্রকল্প রূপায়ণের জন্য গ্রহণ করিয়াছেন (৩)	কোন্ তারিখে হিসাব দাখিল করিয়াছেন (৪)
	টাকা		
১৭-৩-১৯৮২	৪,০০০	ত্রাণকার্য প্রকল্প	সেপ্টেম্বর, ১৯৮২
১৭-৬-১৯৮২	২,২৯০	ত্রাণকার্য প্রকল্প	সেপ্টেম্বর, ১৯৮১
১৭-৩-১৯৮২	৩,০০০	হাটনির্মাণ প্রকল্প	এখন পর্যন্ত দাখিল করেন নি (২৯-৩-১৯৮৩ পর্যন্ত)।
২২-৩-১৯৮২	২৫,০০০	ক্ষুদ্র সেচ প্রকল্প	ঐ
১৭-৬-১৯৮২	১৬,২৬২	ক্ষুদ্র সেচ প্রকল্প	ঐ

পশ্চিমবঙ্গে আলু উৎপাদন

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১১।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী**ঃ কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩' তে পশ্চিমবাংলায় আলু উৎপাদন বামফ্রণ্ট সরকারের খরা মোকাবিলায় কোন কর্মসুচীর অন্তর্ভুক্ত কিনা ; এবং

(খ) অন্তর্ভুক্ত হয়ে থাকলে, তা কিরূপ ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) যেসব জেলায় খরার প্রকোপ তুলনামূলকভাবে কম এবং যেসব জেলায় সচের জল পাওয়ার সুযোগ অপেক্ষাকৃত বেশী সেই সব জেলায় আলুর চাষ করে াতে অন্যান্য জেলায় খরাজনিত ঘাটতি খানিকটা মেটানো যায় তার জন্য রাজ্য ারকার ঐসব জেলায় আলু উৎপাদনের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে ২০ লক্ষ ়০ হাজার টাকা মূল্যের ১০ হাজার সংখ্যক আলুর মিনিকিট বিলির ব্যবস্থা ফরেছেন।

আবগারী সামগ্রীর দোকান বৃদ্ধি করার পরিকল্পনা

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৬।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ আবগারী বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দেশী মদ, বিলাতী মদ, গাঁজা, চরসের দোকান বৃদ্ধির জন্য সরকার বর্তমান ার্থিক বছরে কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা ;

(খ) করিয়া থাকিলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ;

(গ) (১) বাঁকুড়া জেলায় বর্তমানে কতগুলি লাইসেন্সপ্রাপ্ত দেশী মদ, বিলাতী ¡, গাঁজা, চরসের দোকান আছে ;

(২) তন্মধ্যে কতগুলি চালু এবং কতগুলি বন্ধ অবস্থায় আছে ; এবং

(ঘ) গাঁজা চাষ বৃদ্ধির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

আবগারী বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না। দেশী ও বিলাতী মদের দোকান ইদা মত সীমিত সংখ্যায় খোলা যাইতে পারে। পশ্চিমবঙ্গে চরস বহন, রাখা ও ক্রয় নিষিদ্ধ। নূতন গাঁজার দোকান খোলার পরিকল্পনা নেই।

(খ) আবেদন আসিলে তদন্ত ও বিবেচনা করা হয়।

(গ) (১) বাঁকুড়া জেলায় বর্তমানে লাইসেন্সপ্রাপ্ত দেশী মদ, বিলাতী মদ ও গাঁজার দোকানসংখ্যা নিম্নে দেওয়া হইল :

দেশী মদ	...	...	...	৬৩টি
বিলাতী মদ	...	...	...	৬টি
গাঁজা	...	...	...	২৬টি

(২) সকল দোকান বর্তমানে চালু আছে।

(ঘ) না।

Allotment of land in favour of West Bengal Urdu Academy at Haji Md. Mohsin Square

425. (Admitted question No. 1879.) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in-charge of the Municipal and Urban Development Department be pleased to state—

(a) Whether it is a fact that a plot of land has been allotted in a Calcutta Corporation Park at Haji Md. Mohsin Square to West Bengal Urdu Academy for building a house ; and

(b) If so, when allotted ?

Minister-in-charge of the Municipal and Urban Development Department :

(a) Yes.

A plot of land measuring 10 K. 10 Ch. (710.685 Sqr. M.) on the north-west side of Haji Md. Mohsin Sqr. was leased out to West Bengal Urdu Academy for a period of 51 years for the construction of a building for office complex of the said Academy.

(b) The aforesaid plot of land was leased out as per orders of the Administrator, Calcutta Corporation on the 18th August, 1981 on a nominal rent of Rs. 1,001 per annum.

Adjournment Motion

Mr. Speaker : I have received one notice of adjournment motion today.

It comes from Shri Kashinath Misra, which deals with dearth of Government text books for primary students.

The subject matter of the motion is not so important as it calls for adjournment of business of the House. The Member may call the attention of the minister concerned by way of giving notice of a Calling Attention.

I, therefore, withhold my consent to the above motion.

The Member may, however, read out the text of the motion, as amended.

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত

সরকারের যেটা সবচেয়ে বেশী নজরের স্থান, সেখানে দেখা যাচ্ছে ৫০ শতাংশ বইও প্রাইমারি স্কুলগুলিতে পৌঁছায় নি। অথচ প্রায় ৪ মাস অতিক্রম হয়ে গেল, প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্যমিক বিদ্যালয় স্তরে যেসব পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রী আছে তারা পড়াশুনো থেকে বঞ্চিত হচ্ছে। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে জন-সাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—১৯৮৩ সালের প্রায় ৪ মাস অতিক্রান্ত হতে চলেছে। কিন্তু প্রথম শ্রেণী হতে চতুর্থ শ্রেণীর হাজার হাজার ছাত্র-ছাত্রীরা তাদের সরকারী বই পায় নি। ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর সরকারী বইগুলিও কালোবাজারীতে বিক্রি হচ্ছে। সরকারী পুস্তকের এই অপ্রতুলতা ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুযোগ হতে বঞ্চিত করছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received two Notices of Calling Attentions, namely :

1) Deterioration of law and order situation in Akra Brick Field of India due to activities of Sindhi refugees. —Shri Kashinath Misra

2) Prolonged power failure for last two days in everywhere in the State. —Shri Asoke Ghosh

I have selected the notice of Shri Asoke Ghosh on the subject of prolonged power failure for the last two days in everywhere in the State. আমি দ্বিতীয়টিকে গ্রহণ করছি, তবে আমি জানি না স্টেটমেন্ট দেওয়া সম্ভব হবে কিনা, কারণ কালকেই লাস্ট ডেট। পতিতপাবনবাবু আপনি বলুন উত্তর দেওয়া সম্ভব হবে কিনা।

শ্রীপতিতপাবন পাঠক ঃ আমরা চেষ্টা করছি, তবে যদি সম্ভব না হয় তাহলে রিটিন পাঠিয়ে দেব।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া রামকৃষ্ণ বিদ্যালয় নিয়ে অনেক জল বয়ে গেছে। আমি এই ব্যাপারে অনেকবার আপনার এবং সকলের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এর জন্য মুখ্যমন্ত্রীর কাছ থেকে বহু তিরস্কার, ভর্ৎসনা এবং গালাগালি সব কিছুই পেয়েছি এবং এখানে কংগ্রেসীরা যত সদস্য এখানে আছেন তাঁরা সকলেই এই ব্যবহার পেয়েছি। আজকে হাইকোর্ট থেকে রায় বেরিয়েছে যে, ৫০০ গজ দূরে ওই ৮ জন থাকবে। কিন্তু অত্যন্ত দুঃখের এবং

রতাপের বিষয় যে, হাইকোর্টের রায় বেরুনো সত্ত্বেও ওই ৮ জন কর্মচারী আশ্রমের মনে গালিগালাজ করছে। এর ফলে ওখানকার অবস্থা অত্যন্ত সঙ্কটজনক হয়ে ড়িয়েছে। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং আপনাদের দলের কাছে অনুরোধ করছি সেখানে যে অবস্থা চলছে সেই অবস্থার মধ্যে আশ্রম বং স্কুলের কাজকর্ম সব বন্ধ হয়ে যাবার জোগাড় হয়েছে।

[1.30—1.40 P. M.]

হাইকোর্ট হচ্ছে সবচেয়ে বড় আদালত, যার কথা সকলে শোনে। কিন্তু সেই ইকোর্টের রায় হবার পর পুলিশ, প্রশাসন—জেলা শাসক, পুলিশ সুপার সকলেই কের ভূমিকা গ্রহণ করেছে। এর পেছনে কার হাত আছে যার জন্য এই ৮টি ছাঁটাই চারী এত সাহস পাচ্ছে? পুলিশ প্রশাসন সেই ৮ জনকে গ্রেপ্তার করছে না। থচ সেই হাইকোর্টের রায় অমান্য করলে তাদের গ্রেপ্তার করা উচিত। আজ পর্যন্ত ই সব লোককে গ্রেপ্তার করে কেন হাজতে পাঠান হচ্ছে না। আমি বহুবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছি। আমার মনে হয় এ ব্যাপারে সকলের একমত হয়ে তিবাদ করা উচিত। হাইকোর্টের রায় যেখানে মানছে না সেখানে সরকার থেকে দি কিছু না করেন তাহলে কি হবে? (গোলমাল) আমি জানি আপনাদের গায়ে লা ধরছে। আপনি মুখ্যমন্ত্রীকে এ বিষয়ে হাউসে একটা স্টেটমেণ্ট করতে বলুন। খন এটা পুলিশের এক্তিয়ারের মধ্যে পড়ে। কারণ হাইকোর্টের নির্দেশ আছে—ecause the Hon'ble High Court has passed a specific order that ese eight persons should not create any trouble within the sram premises. অর্ডার দেয়া হয়েছে, বারণ করে দেয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও রা গোলমাল করছে। আমরা এদিকের সমস্ত সভ্যরা রাজ্যপালের কাছে াচ্ছি, ৩.১০ মিঃ তিনি এ্যাপয়েন্টমেণ্ট দিয়েছেন। আমরা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মামলা রবো বলেছি, যার পারমিশান তাঁর কাছ থেকে আমরা পাইনি। আন্তুলের বিরুদ্ধে ামলা করার জন্য সেখানকার রাজ্যপাল পারমিশান দিয়েছিলেন। আমরা জ্যোতিবাবুর বিরুদ্ধে মামলা করতে চাই। তিনি আমাদের গালাগালি দিয়েছিলেন। আমরা এই দাবি রাখবো যে, তিনি আমাদের মামলা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে করার পারমিশান দিন। তিনি কেন আমাদের এই অধিকার দিচ্ছেন না তা জানি না। যাহোক এ ব্যাপারে আপনি আমাদের উদ্বেগের কথা মুখ্যমন্ত্রীকে বলবেন। আপনি আমাকে বলতে দিয়েছেন এবং আমার বক্তব্য ধৈর্য সহকারে শুনেছেন বলে আপনাকে ধন্যবাদ]।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা পলিসি স্টেটমেন্ট দাবি করছি। গত ১৫ই মার্চ থেকে পশ্চিমবাংলায় বাস, ট্রাম ভাড়া বৃদ্ধিজনিত আন্দোলন পুলিশ দিয়ে যেভাবে দমান হচ্ছে তার প্রতিবাদ জানিয়ে গত ১৩ই এপ্রিল কলকাতার বিশিষ্ট নাগরিকদের পক্ষ থেকে মহাজাতি সদনে—আইনজীবী, সাংবাদিক ও সর্বস্তরের মানুষদের যে সম্মেলন অনুষ্ঠিত হয় তাতে কিছু বক্তব্য রাখা হয়। এটা আমাদের দলের পক্ষ থেকে নয়, নাগরিকদের পক্ষ থেকে রাখা হয়। সাদা পোশাকে, ইউনিফর্ম পরে পুলিশ এবং সি. পি. এমের ঝটিকা বাহিনী আন্দোলনকারীদের উপর নির্বিচারে অত্যাচার করে। অর্থাৎ লাঠি চালায়, টিয়ার গ্যাস চালায়। মহিলাদের উপর অত্যাচার করে, তাঁদের শালীনতা হানি করেছে, পুলিশ লক আপে অত্যাচার করেছে। এসবের তদন্ত জানিয়ে একটি নন-অফিসিয়াল এনকোয়ারী কমিটি গঠন করার দাবি সরকারের কাছে রাখা হয়েছে। এই ব্যাপারে যারা দোষী সেই দোষীদের খুঁজে বের করে তাদের শাস্তি বিধানের ব্যবস্থা করা হোক। কারণ থানা লক আপে মারা এটা শুধু গণতন্ত্র-বিরোধী নয়, এটা প্রচলিত আইনের চোখে অন্যায়। দ্বিতীয় দাবি রাখা হয়েছে এই কনভেনশানের পক্ষ থেকে যে, এই আন্দোলনে যাঁরা ধৃত হয়েছেন, সেই ধৃত আন্দোলনকারীদের বিরুদ্ধে সমস্ত মামলা প্রত্যাহার করে নেওয়া হোক এবং নিঃশর্তে সমস্ত বন্দীদের মুক্তি দিতে হবে এই দাবি রাখা হয়েছে। আমি বিশ্বাস করি যখন পাঞ্জাবে আকালীদের প্যারোকিয়্যাল মুভমেন্টের উপর পুলিশ এক্সেস হয়েছিল তখন তার বিরুদ্ধে এনকোয়ারীর যে দাবি রাখা হয়েছিল পাঞ্জাব সরকার সেই এনকোয়ারীর দাবি মেনে নিয়েছিলেন, এখানেও এই রকম একটা ন্যায়সঙ্গত গণ-আন্দোলনের বিরুদ্ধে পুলিশের ঠেঙাড়ে বাহিনীর যে নৃশংস অত্যাচার এর বিরুদ্ধে এনকোয়ারীর যে দাবি রাখা হয়েছে নাগরিক কমিটির তরফ থেকে এবং আমাদের দলের তরফ থেকে—গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা আস্থা থাকলে মুখ্যমন্ত্রী বামফ্রন্টের তরফ থেকে এই দাবি মেনে নেবেন এবং এই সম্পর্কে একটা পলিসি স্টেটমেন্ট সরকার এই হাউসে দেবেন—এই আবেদন আপনার কাছে রাখছি।

শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচন যত এগিয়ে আসছে কংগ্রেসী গুণ্ডারা ততই মারমুখী হচ্ছে। এই রকম একটা ঘটনা আপনার সামনে বিবৃত করছি। গত ১৫ তারিখে হাবড়া থানায় রাউতাড়া অঞ্চলে আমাদের পার্টির লোকাল কমিটির সদস্য এবং হাবড়া থানার কৃষকসভার সভাপতি দিদার

বক্স মণ্ডলের বাড়ীতে রাত্রি ১টার সময় সশস্ত্রভাবে কংগ্রেসী গুণ্ডারা তাঁকে খুন করার জন্য হামলা করে। এই গুণ্ডারা তাঁর বাড়ীতে গিয়ে বলে যে, তাঁকে বের করে দাও, আমরা তাঁকে নিয়ে চলে যাব এবং ওখানকার লোকজন যখন এই খবর জানতে পারে—ইতিমধ্যে গুণ্ডারা দরজা জানালা ভাঙ্গতে শুরু করে এবং ঘরকে ঘিরে ফেলে, তাঁদের চেঁচামেচিতে গ্রামের লোক যখন বেরিয়ে আসে তখন গুণ্ডারা চলে যায়। তখন গ্রামের লোকেরা যাদের দেখেছে তারা ওখানকার স্থানীয় নামকরা কংগ্রেসী গুণ্ডা। তাদের নাম হচ্ছে—মোবারেক সাহানী, জয়নাল বৈদ্য, আমীন মণ্ডল, ওহাব সাহানী আহাম্মদ মণ্ডল, মনীক্ মণ্ডল, আরসেদ সাহানী, আলি আকবর, ফিকির মণ্ডল, শাহিজুল হক, বতুর জামাল এবং মুকছেদ। গ্রামের লোক এদের সকলকেই চিনতে পেরেছে, ৩০/৪০ জন লোক এসেছিল। আমি এই খবর শুনে থানাতে বলেছি, ঐ ভদ্রলোক দিদার বক্স মণ্ডল থানাতে ডায়েরী করেছেন, এ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয় নি। ঐ কুখ্যাত মস্তান গুণ্ডাদের গ্রেপ্তারের দাবি করছি এবং যাতে সুষ্ঠুভাবে এই পঞ্চায়েত নির্বাচন পরিচালনা করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যে ডায়েরী করা হয়েছে তার কপি আপনার কাছে দিয়ে দিলাম।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Home Minister. At Belghoria, North Basudevpore, 24 Parganas, Shrimati Mirdu Dhar, who is residing at European Asylum Lane, Central Calcutta, had in her possession 4 kathas of land. Unfortunately, the said portion of the land has been forcibly occupied from her possession. Morever, a school building has been constructed which has been named after Tribhasha Academy High School. Shrimati Dhar had purchased the land in January, 1966. To get some justice, she had lodged a complaint in writing to DPI and the Ex-Education Minister, Shri Partha Dey. But since then no response has been made to this effect. She also made an appeal to the Chief Minister on 11th April. For want of money she contemplated to get her daughter married after selling that land. As it was illegally occupied, she could not materialise her plans and programmes with regard to the marriage of her daughter. So I will request the Chief Minister to take necessary action in this matter for the restoration of the land.

[1.40—1.50 P.M.]

Mr. Speaker : Mr Ansari, this is not a matter to be raised in the zero hour. This is a very old case. This relates to a land case. How do you

mention this in the zero hour ? If the members misuse zero hour in such a way then I will have to stop such thing. Zero hour is urgent and important. This should not be misused in such a way. I hope you will not repeat this in future.

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী এবং গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন হৃদরোগীদের অনেক সময় পেস্‌মেকার বসাতে হয়। দুঃখের সংগে জানাচ্ছি এই কলকাতার বুকে ওই পেস্‌মেকার নিয়ে একটা র‍্যাকেট তৈরী হয়েছে এবং তার প্রধান নায়ক হচ্ছে জগদীশ শ। ইনি ৬৭ নং পার্ক ষ্ট্রীট, অপ্সরা বিল্‌ডিং-এ থাকেন, ফ্ল্যাট নং বি-ওয়ান। এই জগদীশ শ সমস্ত পেস্‌মেকারগুলি ডাক্তারদের রিকমেনডেশনে আনেন। কিন্তু ডাক্তারদের ভাল মানসিকতার সুযোগ নিয়ে এবং রোগীদের হতভাগ্য অবস্থার সুযোগ নিয়ে তিনি আজেবাজে পেস্‌মেকার চালিয়ে দেবার চেষ্টা করছেন। জাঙ্গীপাড়ার সুকুমার দাসের এর শিকার হয়েছেন। তাঁর বুকে যে পেস্‌মেকার বসান হয়েছে তাতে তাঁর ইনফেকশন হয়েছে। এই কমপ্লেন নিয়ে জগদীশ-এর কাছে যাওয়া হয়েছিল, কিন্তু দেখা গেল তিনি পালিয়ে আছেন। সরকার হৃদরোগীদের জন্য এন. আর. এস., পি. জি. এবং বেসরকারী হাসপাতালে এই যে গুরুত্বপূর্ণ ব্যবস্থা করেছেন সেখানে একটা লোক রোগীদের মৃত্যুর দিকে নিয়ে যাচ্ছে। এই ব্যাপারে ডাক্তারদের তরফ থেকেও প্রতিবাদ হয়েছে এবং সুকুমারবাবু স্বাস্থ্যমন্ত্রীকে সমস্ত ঘটনা জানিয়েছেন। আমার অনুরোধ, এই পেস্‌মেকার সংক্রান্ত ব্যাপারে যে ব্যবস্থা আছে সেটা যেন সরকার অবিলম্বে তাঁর নিজের হাতে নেন এবং সরকার নিজেই যেন এগুলো হাসপাতালে হাসপাতালে দেবার ব্যবস্থা করেন। আমি আশা করব অবিলম্বে মুখ্যমন্ত্রী এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ তারিখ পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের তারিখ শেষ হয়েছে। কিন্তু আমরা লক্ষ্য করলাম তারপর থেকে আজ পর্যন্ত বিভিন্ন জায়গায় ৪ জন মানুষ খুন হয়েছে। এই পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে গ্রামাঞ্চলে প্রচণ্ড গোলযোগের আংশকা আছে। কাজেই স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার প্রস্তাব হচ্ছে, বিশেষ বিশেষ সময় যেমন সমাজ বিরোধীদের তুলে নেওয়া হয়, ঠিক তেমনি পঞ্চায়েত নির্বাচনের আগে গ্রামাঞ্চলের

সমাজবিরোধীদের তুলে নেবার ব্যবস্থা করা হোক। কংগ্রেস এই নির্বাচনে পর্যুদস্ত হবে, পরাজিত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং সেই জন্যই সমস্ত জায়গায় একটা সন্ত্রাস সৃষ্টি করছে।

আমি যে খবর পেয়েছি তাতে দেখছি যে ৪ জন খুন হয়েছেন তাঁরা সকলেই বামফ্রন্টের লোক। এরা সুপরিকল্পিত ভাবে সন্ত্রাস সৃষ্টি করে প্রার্থীদের হত্যা করছে। নির্বাচনে পরাজিত হবে সেই জন্য এই ভাবে প্রার্থীদের হত্যা করা হচ্ছে। আমি আশা করি স্বরাষ্ট্রমন্ত্রী অবিলম্বে এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কিছুক্ষণ আগে মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেছেন যে, পুরুলিয়া বিদ্যাপীঠে সরকার এবং বিচার বিভাগ থেকে ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও দেখা যাচ্ছে সেখানে ছাত্র শিক্ষক থেকে আরম্ভ করে মঠের যারা কার্যকরী সমিতি—মঠের অধ্যক্ষ পর্যন্ত তারা বিভিন্ন ভাবে ঐ ৮ জনের দ্বারা নিগৃহীত হচ্ছে। তাদের সেখানে আসতে নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও এই জিনিস কেন হচ্ছে? সরকার নিজে যেখানে চেষ্টা করছেন, তবুও এই অবস্থা কেন হচ্ছে সেটা দেখা দরকার।

শ্রীকিরণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথাটা এর আগে মাননীয় সদস্য সত্য বাপুলী এবং কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন, আমি এই বক্তব্যকে আরও জোরদার করার জন্য বলছি যে, এখানে আমরা সকল সদস্যই একমত যে, পুরুলিয়ার রামকৃষ্ণ মিশন স্কুলটি আমাদের পশ্চিমবঙ্গের একটা গর্ব। এই স্কুলে ভারতবর্ষের প্রায় সকল রাজ্যের ছাত্র আসে পড়তে—সেখানে ৭০০ ছাত্র পড়ে এবং হিসাব করলে দেখবেন ৪০০ বাঙ্গালী ছাত্র পড়ে, বাকী সব বিভিন্ন রাজ্য থেকে ছাত্র এসে পড়ে। যে পরিস্থিতি দাঁড়িয়েছে সেটা যদি সমাধান না করা হয়, যেটা মুখ্যমন্ত্রী বলেছেন যে, তিনি ব্যবস্থা করবেন, তাহলে খুবই দুঃখের বিষয় হবে। এমন কেউ নেই যে, যারা এটা চায় না। আমাদের একটা গর্বের বস্তু, কোন কারণেই এটা নষ্ট হতে দেওয়া যায় না। এই রকম ভাবে ঐ সমস্ত লোকরা বিদ্যালয়ের আশেপাশে অকথ্য ভাষায় গালাগালি করে তাহলে শিক্ষকদের পক্ষে কাজ করা কখনই সম্ভব হবে না। শিক্ষকদের অমর্যাদা থেকে রক্ষা করার ব্যবস্থা যাতে মুখ্যমন্ত্রী করেন তার জন্য এই গুরুত্বকে আরও জোরদার করার জন্য আমি তৃতীয়বার উঠে এই কথা বলছি। আজকে তামিলনাড়ু থেকে তাদের বলা হচ্ছে, আপনারা স্কুল এখানে নিয়ে চলে আসুন। আজকে যদি এই স্কুল এখান থেকে নিয়ে চলে যাওয়াতে ওঁরা রাজী হন

তাহলে এই ঐতিহ্যমণ্ডিত স্কুলটি কি আমাদের পশ্চিমবাংলা থেকে চলে যাবে? তাই আমি মুখ্যমন্ত্রীকে জরুরীভিত্তিক ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই দিকে যে, গতকাল এসপ্ল্যানেড ইষ্ট থেকে আমাদের পশ্চিমবঙ্গ টিচারস্ কাউন্সিল কর্মীরা মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশনে এসেছিলেন। আমি সেখানে গিয়ে দেখলাম বেশ কতকগুলি অর্গানাইজড প্রাইমারী শিক্ষক অবস্থান করছে। প্রায় বিগত দু'দিন ধরে অবস্থান করে আছে। আমার বক্তব্য হচ্ছে তারা যে দলের, যে মতের হোক, তারা পশ্চিমবঙ্গের সন্তান, পশ্চিমবঙ্গের অমূল্য রত্ন, তাই আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, তাদের যে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় নি সেই বিষয়ে আপনি একটু মানবিক দিক থেকে দেখুন। তারা টাকা-পয়সা খরচ করে স্কুল করেছে। তারা আজ বিকাল থেকে আমরণ অনশন ধর্মঘট করছে। তারা যাতে মরণের পথে না যায় তার জন্য আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী এ বিষয়ে যেন পদক্ষেপ গ্রহণ করেন। তাদের এ্যাবজর্ভ করে নেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[1.50—2.00 P. M.]

Statement Under Rule 346

Mr. Speaker : I now call upon Shri Pralay Talukdar, Minister of State-in-charge of Cottage and Small Scale Industries Department to make a statement on the new scheme of incentives for Small Scale Industries in West Bengal.

শ্রীপ্রলয় তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৬-৪-৮৩ তারিখে আমার দপ্তরের বাজেট পেশ করার সময় আমি উল্লেখ করেছিলাম যে, রাজ্যের কুটির ও ক্ষুদ্র শিল্পের জন্য একটি নতুন উৎসাহবর্ধক প্রকল্প শীঘ্রই ঘোষণা করা হবে। ইতিমধ্যে উক্ত উৎসাহবর্ধক প্রকল্পটি চূড়ান্ত আকারে রচিত হয়েছে এবং আমি সেই নতুন প্রকল্পের সারাৎসার মাননীয় সদস্যদের সমীপে এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে পেশ করছি।

২। এই নতুন প্রকল্পটির প্রকরণ পদ্ধতি সরলীকরণ করা হয়েছে, পূর্বেকার প্রকল্প অনুসারে চালু উৎসাহবর্ধক সহায়তা আরও কিছু আকর্ষণীয় করা হয়েছে এবং

বিশেষভাবে অতি ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির ক্ষেত্রে আরও কিছু নতুন উৎসাহবর্ধক সহায়তার প্রবর্তন করা হয়েছে।

৩। নতুন প্রকল্পে বিভিন্ন খাতে যেসব ভরতুকি দেওয়া হবে তাহলো: ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটের কারখানার শেডের ভাড়ার উপরে ভরতুকি, জমির ভাড়ার উপরে ভরতুকি, স্থায়ী মূলধন বিনিয়োগের উপরে ভরতুকি, মেয়াদী মূলধনী ঋণের সুদের উপর ভরতুকি, কার্যকরী মূলধনী ঋণের সুদের উপর ভতুরকি, ক্যাপটিভ্ পাওয়ার জেনারেটিং সেট বসাবার জন্য ভরতুকি, বিদ্যুৎ খরচের উপর ভরতুকি, বৈদ্যুতিক লাইন টানা এবং ট্রান্স-ফরমার বসাবার জন্য ভতুরকি, রেজিষ্ট্রেশন ফি ও ষ্ট্যাম্প ডিউটি বাবদ খরচের উপর ভরতুকি, অতিরিক্ত কর্মসংস্থানের জন্য ভরতুকি, শিল্প-বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণের খরচের উপর ভরতুকি কিছু কিছু নির্দিষ্ট কাঁচামালের উপর ভরতুকি, অকট্রয় ও প্রবেশকর ফেরত, নতুন শিল্পসংস্থার ক্ষেত্রে ও চালু শিল্পের উল্লেখযোগ্য সম্প্রসারণের ক্ষেত্রে নির্দিষ্ট সময় পর্যন্ত বিক্রয়কর মকুবসহ প্রদেয় বিক্রয় কর ফেরত। নতুন ও সম্প্রসারণশীল শিল্প সংস্থার ক্ষেত্রে উপরোক্ত ভরতুকিগুলির মধ্যে, কারখানার শেডের ভাড়ার উপরে ভরতুকি, ক্যাপটিভ পাওয়ার জেনারেটিং সেট বসাবার জন্য ভরতুকি, অতিরিক্ত কর্মসংস্থানের জন্য ভরতুকি, শিল্প বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণের খরচের উপর ভরতুকি, কাঁচামালের উপরে ভরতুকি এবং বিক্রয় কর রেহাইয়ের সুযোগ-সুবিধা পাওয়া যাবে অঞ্চল নির্বিশেষে। অনুরূপ সংস্থাগুলির ক্ষেত্রে অন্যান্য ভরতুকি পাওয়া যাবে কেবলমাত্র অনুন্নত এলাকাতেই। অনুন্নত এলাকার সংজ্ঞা পূর্বের প্রকল্পে যা ছিল—নতুন প্রকল্পেও তাই থাকছে। অনুন্নত এলাকা হচ্ছে কলকাতা কর্পোরেশন, হাওড়া, বালি, উত্তরপাড়া, শ্রীরামপুর, সাউথ সুবার্বন, গার্ডেনরীচ, উত্তর ও দক্ষিণ দমদম্, বরানগর, টিটাগড় ও বারাকপুরের পৌর এলাকার বাইরে অবস্থিত পশ্চিমবঙ্গের অন্য সমস্ত অঞ্চল।

৪। আগেই বলা হয়েছে যে, নতুন প্রকল্পে প্রকরণ পদ্ধতি সরলীকরণ করা হয়েছে। ১৯৭৮ সালের পুরনো প্রকল্প অনুযায়ী যোগ্যতার যে মাপকাঠি নির্দিষ্ট করা হয়েছিল তা ছিল বেশ জটিল এবং এর ফলে সহায়তা প্রদানে বিলম্ব ঘটা ছাড়াও অনেকগুলি মামলা-মোকর্দ্দমার উদ্ভব হয়েছে। এই কারণে নতুন প্রকল্পে যোগ্যতা সংক্রান্ত মাপকাঠির একটি সহজ সংজ্ঞা সংযোজিত হয়েছে।

৫। নতুন প্রকল্পে কারখানা শেডের ভাড়ার উপরে ভরতুকির হার যথেষ্ট উদার করা হয়েছে। স্থায়ী মূলধনের উপর ভরতুকি প্রদানের কার্যপ্রণালীকে সুনিয়ন্ত্রিত করা হয়েছে। পূর্বেকার প্রকল্পে যোগ্য সংস্থাগুলিকে উৎপাদন শুরু হলেই এই খাতে ভরতুকি দেওয়া হতো। অথচ সমস্ত আর্থিক সহায়তা প্রদানকারী সংস্থাই এই

ভরতুকিকে মূলধন যোগানের অন্যতম উৎসরূপে ধরে নেয়। অর্থপ্রদানকারী সংস্থাগুলি ভরতুকির খাতে যে ব্যবধানটুকু থাকে তা পূরণ করার জন্য অগ্রিম ব্যবধান পূরণমূলক ঋণ দিয়ে থাকে এবং এর জন্য শিল্পোদ্যোগগুলির এই অসুবিধাগুলি দূর করে শিল্পোদ্যোক্তাকে সাহায্য করতে নতুন প্রকল্পে এই ভরতুকি নির্মাণ কাজের অগ্রগতির সঙ্গে সামঞ্জস্য রেখে তিনটি কিস্তিতে প্রদানের ব্যবস্থা প্রস্তাবিত হয়েছে।

৬। ১৯৭৮ সালের পুরনো প্রকল্পে জেনারেটিং সেট বসাবার খরচের উপরে ভরতুকির হার শতকরা ২০ ভাগের পরিবর্তে নতুন প্রকল্পে এই হার দাঁড়িয়েছে শতকরা ২৫।

৭। একটি নতুন ভরতুকি, অর্থাৎ অতিরিক্ত কর্মসংস্থান-সংক্রান্ত ভরতুকি এই নতুন প্রকল্পে সংযোজিত হয়েছে। নতুন শিল্প সংস্থা বা সম্প্রসারণশীল চালু শিল্প সংস্থা, যে অঞ্চলেই অবস্থিত হোক, যদি স্থায়ী ভিত্তিতে সেই সব সংস্থা বাড়তি লোক নিয়োগ করে, তবে এই ধরনের প্রতিটি কর্মসংস্থানের জন্য নিয়োগের দিন থেকে তিন বৎসরকাল পর্যন্ত এই সংস্থাগুলি নিম্নোক্ত ভাবে অতিরিক্ত কর্মসংস্থানের জন্য ভরতুকি পাবে :

ক. যে-সব সংস্থা প্রান্তিক— মূলধন পেয়েছে—	প্রান্তিক মূলধনের প্রকল্প অনুসারে নির্দিষ্ট কর্মসংস্থানের বাইরে প্রতিটি কর্মসংস্থানের জন্য।
খ. যে-সব সংস্থা প্রান্তিক— মূলধন খাতে সহায়তা পায়নি—	প্রতিটি লোক বিনিয়োগের ক্ষেত্রে ৪০,০০০ টাকা পর্যন্ত বিনিয়োগের হার অক্ষুণ্ণ রেখে প্রতিটি কর্মসংস্থানের জন্য ভতুর্কি।

শিল্পসংস্থাগুলিকে প্রদেয় এই অতিরিক্ত কর্মসংস্থান ভরতুকির পরিমাণ নিয়োজিত লোকের বোনাস, বাড়তি সময় কাজ, এক্সগ্রাসিয়া বাদে বাৎসরিক বেতন বিলের শতকরা ১৫ ভাগ হবে, কিন্তু কোনও শিল্পসংস্থার ক্ষেত্রে উক্ত ভরতুকি বার্ষিক ৫০,০০০ টাকার বেশি হবে না এবং ভরতুকি এই শর্তেই দেওয়া হবে—যদি দাবীদার সংস্থাগুলি ১.৪.৮২ তারিখের পরে ১২ মাসের বেশি সময়ের জন্য স্থায়ী ভিত্তিতে ঐসব অতিরিক্ত লোক স্থানীয় কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে নিয়োগ করে।

৮। শিল্প বিশেষজ্ঞদের পরামর্শদানের খরচের উপর শিল্পোদ্যোক্তাদের প্রদেয় ভরতুকিও এই নতুন প্রকল্পের একটি লক্ষণীয় বৈশিষ্টা। আমি আশা করি প্রকল্প রচনার ক্ষেত্রে এটি শিল্পোদ্যোক্তাদের সুদূর প্রসারী সহায়তা দেবে।

৯। অতি ক্ষুদ্র শিল্পের জন্য এই নতুন উৎসাহবর্ধক প্রকল্পে দুটি বিশেষ সুবিধা সংযোজিত হয়েছে। তা হল : মেয়াদী মূলধনী ঋণের উপর ভরতুকি এবং হস্তশিল্পীরা

যে কাঁচামাল ক্রয় করেন তার উপর ছাড়। অতি ক্ষুদ্র শিল্পসংস্থাগুলির জন্য নতুন প্রকল্পে মেয়াদী ঋণের উপর প্রদেয় সুদের ক্ষেত্রে তিন বৎসর কাল পর্যন্ত শতকরা ২৫ টাকা হারে ভরতুকির ব্যবস্থা রয়েছে এবং প্রতিটি শিল্প সংস্থার ক্ষেত্রে প্রদেয় ভরতুকি দশ হাজার টাকার মধ্যেই সীমাবদ্ধ থাকবে। হস্তশিল্পীরা এবং হস্তশিল্প সংস্থাগুলি যে কটি নির্দিষ্ট কাঁচামাল পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন নিগম থেকে কিনবে তার দামের উপর পাঁচ বৎসর পর্যন্ত শতকরা ৫ টাকা ছাড় পাবে।

১০। এই রাজ্যে নতুন শিল্প স্থাপনে বা চালু শিল্পের সম্প্রসারণের ক্ষেত্রে শিল্পোদ্যোক্তা যদি তফসিলী জাতি, আদিবাসী বা প্রতিবন্ধী শ্রেণীভুক্ত হন তবে নতুন প্রকল্প অনুসারে তাঁরা শতকরা ৫ ভাগ অতিরিক্ত ভরতুকি পাবেন।

১১। বিজিনেস সম্পর্কিত অধিকারের ক্ষেত্রে আমি উল্লেখ করতে পারি যে, উন্নয়ন সংস্থার এলাকার মধ্যে অবস্থিত শিল্পসংস্থা তিন বৎসর কাল ও কলকাতা মহানগরী উন্নয়ন সংস্থার বাইরে অবস্থিত শিল্প সংস্থা পাঁচ বৎসর কাল পর্যন্ত বিক্রয় কর রেহাই পাবে। এছাড়াও কলকাতা মহানগরী উন্নয়ন সংস্থার এলাকাভুক্ত ও তার বাইরে অবস্থিত নতুন শিল্প সংস্থা যে বিক্রয়কর প্রদান করবেন বিক্রয়কর রেহাই এরপর তা আরও ২ বৎসরকাল পর্যন্ত আইন মোতাবেক, সুদহীন ঋণ হিসাবে ফেরৎ পাবেন। অনুরূপভাবে (সি. এম. ডি. এ.) কলকাতা মহানগরী উন্নয়ন সংস্থার এলাকাভুক্ত চালু সংস্থাগুলি যদি উল্লেখযোগ্য সম্প্রসারণে অগ্রসর হয়, তবে ঐ সম্প্রসারিত উৎপাদন ক্ষমতার বাণিজ্যিক উৎপাদনের দিন থেকে উক্ত সম্প্রসারিত অংশের জন্য প্রদত্ত বিক্রয় কর ৫ বৎসর কাল পর্যন্ত সুদহীন ঋণ হিসাবে ফেরৎ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। কলকাতা মহানগরী উন্নয়ন পর্ষদ এলাকার বাইরে অবস্থিত চালু শিল্প সংস্থাগুলি অনুরূপভাবে সম্প্রসারিত উৎপাদন ক্ষমতার অংশের জন্য প্রদত্ত বিক্রয়কর ৭ বৎসর কাল পর্যন্ত সুদহীন ঋণ হিসাবে ফেরৎ পাবে।

১২। এছাড়া ইলেকট্রনিক্স, ড্রাগস ও ফার্মাসিউটিক্যাল দ্রব্যসামগ্রী প্রস্তুতকারক শিল্পসংস্থা ও কয়েকটি নির্দিষ্ট বৈদ্যুতিক দ্রব্যসম্ভারের ক্ষেত্রে আঞ্চলিক বিধিনিষেধ প্রযোজ্য হবে না। এই সব সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে যদি কোনও নতুন শিল্প সংস্থা এবং চালু শিল্প সংস্থা উল্লেখযোগ্য সম্প্রসারণের কাজে অগ্রসর হয় তবে আমি ইতিপূর্বে যেসব বিভিন্ন ভরতুকির কথা উল্লেখ করেছি তা অঞ্চল নির্বিশেষে পাওয়ার যোগ্যতা অর্জন করবে।

১৩। মাননীয় সদস্যবৃন্দ স্মরণ করতে পারবেন যে, আমি আমার বাজেট

বক্তব্যে উল্লেখ করেছিলাম—আমরা শীঘ্রই এমন একটি সংগঠন কাঠামো প্রবর্ত করতে পারব, যার মাধ্যমে শিল্লোদ্যোক্তরা নির্দিষ্ট সময়সীমার মধ্যে শিল্প প্রতিষ্ঠা জন্য বিভিন্ন প্রকারের অনুমোদন একই গবাক্ষ পথে পেতে পারেন। কলকাতা, হাওড়া ২৪ পরগনা এবং হুগলি জেলার শিল্লোদ্যোক্তরা যারা ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে অতি ক্ষুদ্র নয় এমন নয়া প্রকল্প প্রতিষ্ঠা করতে ইচ্ছুক, তাঁরা ইচ্ছা করলে এই সংগঠনের কাছে যেতে পারেন এবং এই সংগঠন প্রয়োজনীয় বিভিন্ন অনুমোদন যুক্তিগ্রাহ্য সময়ের মধ্যে যোগাযোগ করে দেওয়ার জন্য প্রচেষ্টা থাকবে। এই সংগঠন সম্ভবতঃ এ বছরের মে মাসের শেষ দিকে কাজ শুরু করবে। আমার ঐকান্তিক বিশ্বাস ও প্রত্যাশা যে, এই নতুন উদার উৎসাহবর্ধক প্রকল্প একই ক্ষুদ্র শিল্প সংগঠনের মাধ্যমে শিল্লোদ্যোগীদের নতুন উৎসাহ প্রদান করবে। আমি আশা করি আগামী বছরগুলিতে ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে শিল্পায়নের গতি যথেষ্ট বৃদ্ধি পাবে।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ্ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আনসারি সাহেব এডজর্নমেণ্ট মোশান মারফৎ হজ কমিটির কাজকর্ম সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তা ছাড়া অন্যান্য অনেক মাননীয় সদস্য এব্যাপারে আমার কাছে খোঁজখবর নিচ্ছেন। হজের ব্যাপারটি আসছে। তাই আমি এ ব্যাপারে, মাননীয় সদস্যদের অবগতির জন্য কয়েকটি কথা জানাতে চাই। পশ্চিমবঙ্গ থেকে ১২ থেকে ১৪শো হাজী প্রতি বছর হজ করতে যান। যাঁরা ৫ বছরের মধ্যে একবার গিয়েছেন তাঁরা কিন্তু যাবার অধিকারী নন। এর আগে এই সমস্ত ব্যবস্থাটা পরিচালনা করা হত বম্বের হজ কমিটির মারফৎ। আমাদের সরকার এবং অন্যান্য প্রদেশের সরকার বলার পর ১৯৮১ সাল থেকে হজের দরখাস্তকারীদের বিভিন্ন ব্যবস্থাগুলি বিভিন্ন রাজ্য থেকে গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। সেই হিসাবে পশ্চিমবঙ্গেও এই ব্যবস্থা চালু হয়েছে। এরপর আমাদের হজ কমিটি জানতে পারেন বেশ কিছু লোক এমন আছেন যাঁরা প্রকৃত হজ করতে বা ধর্মের জন্য সেখানে যান না। তাঁরা বিভিন্ন প্রচেষ্টার মারফৎ ব্যবসা-বাণিজ্য বা আরব দেশে এখন কাজ পেলে সুবিধা হয় সেইসব সুযোগ নেবার জন্য সেখানে যান। এর ফলে কিছু প্রকৃত হাজী বঞ্চিত হন। অনুসন্ধান করতে করতে ধরা পড়ে প্রায় ৩০০ এর মতন এই রকম লোক দরখাস্ত করেছেন। তাঁদের স্ক্রুটিনিতে হাজির হতে বলা হয়, কিন্তু তাঁরা হাজির হন না। তাঁরা যে-সমস্ত ব্যাঙ্ক ড্রাফ্ট দিয়েছিলেন প্যাসেজ খরচের জন্য সেগুলি বম্বের কোন ব্যাঙ্ক থেকে ড্রাফ্ট করা। এই অবস্থায় আমাদের হজ কমিটি ষ্টেপস নেন এবং বম্বের হজ কমিটিকে এবং কেন্দ্রীয় হজ কমিটিকে এঁদের সম্পর্কে খবর

দেওয়া হয়। সাধারণভাবে নিয়ম হল যাঁরা যেতে পারলেন না, বা যাঁদের দরখাস্ত রিফিউজড হল তাঁদের ড্রাফ্টগুলি ফেরৎ দেওয়ার।

শুধু এ ক্ষেত্রে আমাদের হজ্ব কমিটি বললেন যে, না, এরা মনে হচ্ছে সরকারের সঙ্গে একটা অন্যায় কাজ করেছিল, এদের ফেরৎ দেওয়া হবে না, এই সম্বন্ধে একটা বিধি-ব্যবস্থা করা—যদি ফেরৎ দিতে হয় তাহলে চেয়ারম্যান কিম্বা সেক্রেটারীর সই করে তা দিতে হবে। তাছাড়া কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে ঠিক করা হবে। এই টাকাটা আটক করা হয় এবং আনসারী সাহেব যে কথা বলেছেন, প্রায় ৭ লক্ষ টাকা এর সঙ্গে ইনভল্‌ভড ছিল। হঠাৎ এবারে হজ সম্পর্কে স্ক্রুটিনি করার সময়ে গতবারের সেই ধরা পড়া টাকার কি হল সে সম্পর্কে খোঁজখবর নিতে গিয়ে দেখা গেল যে, এর অধিকাংশ ড্রাফট ফেরৎ পাঠিয়ে দেওয়া হয়েছে এবং বোম্বের হজ কমিটি নিয়ে গেছে। আমরা সন্দেহ করেছি যে, এর সঙ্গে একটা চক্রান্ত জড়িত আছে। সে জন্য সরকার হজ কমিটির একজন কর্মচারীকে সাসপেণ্ড করেছেন এবং সমস্ত ব্যাপারটা তদন্তে দিয়েছে বিষয়টি দেখবার জন্য। এছাড়াও আমরা কতগুলি ব্যবস্থা নিয়েছি যেটা সদস্যদের জানা দরকার। যাতে এই রকম ভাবে বেআইনী লোকের সংখ্যা ঢুকে না যায় তার জন্য আমরা কতকগুলি ব্যবস্থা নিয়েছি। যেমন এবারে সমস্ত ড্রাফ্ট পশ্চিমবঙ্গের কোন বাঙ্কের উপর দিতে হবে, যাতে আমরা সঙ্গে সঙ্গে তদন্ত করতে পারি এবং সেই ব্যাঙ্কের থ্রু দিয়ে ব্যবস্থা করতে পারি। আর একটা হচ্ছে, এই ধরনের লোকেরা অন্যায় সুযোগ-সুবিধা নিত একটা গ্রুপ সিসটেমের মধ্যে দিয়ে। এই গ্রুপ সিসটেমের প্রয়োজন আছে। যেমন একটা গ্রামের লোক একসঙ্গে ১০ জন, ১৫ জন করে তাদের আত্মীয় বলে করে। এখানে এরা করছে কি, যখন তারা দরখাস্ত নিয়ে জমা দিতে আসতো তখন দালালরা গিয়ে বলতো যে, ভাই, আপনারা ১৫ জনের জন্য দরখাস্ত করছেন, এই গ্রামের আরো ৩টি লোককে আপনাদের নামে, আপনাদের ঠিকানায় দিয়ে নিয়ে নিন, এারও পুণ্য কাজে যেতে চাইছে। এরা তখন সেখানে নামগুলি ঢুকিয়ে দিত। এদের কারো হয়ত বাড়ী কেরলে, কারও হয়ত মাদ্রাজে। যে-সমস্ত দালালরা আছে, তারা এই সব ব্যবস্থা করতো। এর ফলে পশ্চিমবঙ্গের একচুয়াল কোটা কমে যেত। কাজেই মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, এই জাল ব্যবস্থা বন্ধ করার জন্য আমরা যে ব্যবস্থা নিয়েছি সেটা হচ্ছে, কোন আত্মীয়-স্বজন ছাড়া, অর্থাৎ কারো নিজের ভাই, ছেলেপিলে বা বৈবাহিক সম্বন্ধ ছাড়া কোন গ্রুপ হতে পারবে না। আর একটা ব্যবস্থা হচ্ছে, পশ্চিমবঙ্গের ব্যাংকের উপর ড্রাফট দিতে হবে, যাতে চেক করা যায়। আর পূর্বে যে ড্রাফটগুলি চালান দেওয়া

হয়েছে তার জন্য বলা হয়েছে, ব্যবস্থা আমরা নিচ্ছি, তদন্ত করা হচ্ছে এবং একজন অফিসারকে সাসপেণ্ড করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের হজ কমিটির সঙ্গে এই ব্যাপারে আলোচনা করে কি ষ্টেপ নেওয়া যেতে পারে চিন্তা করা হচ্ছে। এর চেয়ে বেশী বলা সম্ভব নয়, কারণ সমস্ত ব্যাপারটা তদন্তে আছে। ধন্যবাদ।

[2.00—2.10 P.M.]

Mr. Speaker : Honourable Members, to-day is the last day for Voting on Demand for Grants. There are as many as 20 Heads of Demands for Grant for disposal. In conformity of the previous practice and in pursuance of Rule 209(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit to-day upto 8.30 P. M. and also fix that the Guillotine will fall at 7.30 P. M. Immediately after 7.30 P. M. I shall put all the outstanding Demands to Vote without any debate.

Voting on Demands for Grants

DEMAND No. 42

Major Head : 287-Labour and Employment.

Shri Krishnapada Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,30,23,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287-Labour and Employment".

(This is inclusive of a total sum of Rs. 1,21,71,000 already voted on account in March, 1983).

[2.10—2.20 P.M.]

মিঃ স্পীকার : আমি সদস্যদের বলছি যে, লাল আলো জ্বললেই বক্তাদের বসে পড়তে হবে। আজকে বেশি টাইম দেওয়া যাবে না। সাড়ে সাতটার সময়ে গিলোটিন, সুতরাং সাড়ে সাতটার মধ্যে আলোচনা শেষ করতে হবে। All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1.

Sir, I also beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Abanti Mishra : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Shaikh Imajuddin : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Dr. Sukumar Roy : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100.

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, the Labour and Employment are very important topics on which the attention of the Government as well as of the members is necessary. Sir, you know that there are four important things which make an industry viable. These are -(1) raw material, (2) power, (3) labour and (4) machinery. From where do the industrialists get these things ? The industrialists get raw materials from the traders, power from the Government, they employ labours—and the labours only see protection from the Government—and they buy machineries from the market. They get finance from the financial institutions and banks. If these are done properly the chance of industires being sick becomes very much less, save and expect, in view of education they have or expeiience they have to run or manage the industry. Coming to power yesterday we discussed on labour and the shortcomings of the Government and the failure of this Government which was highlighted by other members we only hope the Government should rise to the occasion to look after the important sectors and to the need of the common man. Coming to the Labour and Employment I now refer to the economic review of 1982-83 published by Government of West Bengal, Page 21. It appears from Table No. 4 that there has been a marginal increase in number of employees engaged in the shops, commercial establishments, cinema, theatres and other establishments for public entertainments. In March, 1982 it was 581341 and in September, 1982 it was 588895. What these to show ? It goes to show that the activities in commercial sectors in urban and city areas have got some increase because the power is taken care of by the Government. Otherwise, I am afraid there might have spread of unemployment due to shortage of power. Now I come to next table i. e. Table No. 4. 1. This goes to show that the employment has been badly affected in private sector. In 1980, it was 10.84 lakh. But it reduced in 1981 to 10.57 lakhs. It means that 27,000 employees were unemployed. So in this one year 2 lakh persons have been affected. It is obvious that the figures of 1982 have not been given in the publication, because if it would have bcen given the figures would have shown that there has been total deterioration and that there has been

further unemployment in the private sector. Coming to public sector as well, in 1980, it was 306.9, but in 1981 it fell down to 305.8. I think, for some mysterious reasons the 1982 figures are not given here—obviously because this would go to show that there has been further deterioration in this field.

Now, Sir, coming to the concern of this Left Front Government for the labour—they call themselves to be the government of the labour, by the labour and for the labour. But what they have done ? In the case of general labour welfare, such as Coal Mines Labour Welfare—no provision, in the case of Social Security for Labour—no provision, in the case of Rehabilitation of Bonded Labour—no provision, in the case of Education of Labour—no provision. Sir, when the head is sick, the body is bound to be sick. So, while the labour Minister himself is sick, it is obvious that the department is bound to be sick. Therefore, you can imagine the fate of Labour and Employment Department. I am very much annoyed as to what should I speak on this Demand. In the name of Labour and Employment, money has been syphoned and diverted for other purposes. Sir, you may find it at page 87 of the Budget Publication under Demand No. 42 "Expenditure in connection with drought, 1982-Special Rural Employment Programme-Agriculture Department, Irrigation and water-ways Department, Fisheries Department, Forest Department, Relief and Welfare (Relief) Department, Public Works (Roads) Department and Public Works Department to the tune of Rs. 47,02,22"—it may be 47 crores 2 lakhs 22 thousands. They will say that this money will be spent under the head of Labour. It is necessary to allot fund under the head of drought as has been done under the head of Agriculture, under the head of fisheries, etc. They are spending the money which was allotted to the Labour and Employment Department in the name of drought. It is unfair. In 1983-84 they have not provided any money for drought purposes. They are saying that they have sanctioned money only for Labour and Employment because the Labour requires special attention.

We are very much concerned about the development of industrial growth of other states as has been mentioned time and again. Sir, at Para 21 of the Budget speech of the Hon'ble Minister, he has said, "The problem of massive urban unemployment and underemployment in the State mirrors the economic malaise afflicting the economy as a whole. Given its resource position, the State Government's ability to tackle the problem in any comprehensive manner is for the present severely restricted."

May I ask you why you have diverted the fund ? Who do you not come to convince the House to change or make adjustment as regards drought, if necessary ? Why are you spending money allotted for this department for other purposes ? It is a very vital department for the purpose of industrial development, growth and economic development of the State.

[2.20—2.30 P. M.]

In his speech it is remarkable to point out paragraph (4), where the Hon'ble Minister has said that the Reserve Bank has said that in regard to the responsibilities of the working class, in causing sickness in various skill sectors it can be attributed to only 2%, while other factors which form the major part of the cause, in this case, are the strikes, lockouts etc. So the labours cannot be blamed. Then who are to be blamed ? Let us have a glance on the jute industry. This jute industry is a common phenomenon. Their market is bad. The Central Government is not purchasing jute goods. As a result the traders are being affected. Payments to the staff are not being made. Payments are not being made even to the traders. Traders' and labourers' payments are not being made and their provident fund accounts also are not being maintained. The State Government is saying that the dues are not being paid. I, as a lawyer, know about it. My clients also face this situation. I am fully aware of it. What is this State Government doing ? They allow the industrialists either to keep their industries in lockout position or to close them down This government is so powerless that they cannot compel the industrialists not to victimise or exploit the labourers and the traders. Sir, today a small trader is a labour. In my constituency, most of the people are traders, and they are also being victimised. They are just the distribution agencies. They distribute raw materials to the industry. They take the finished goods and thereafter distribute them to different parties. In this way, these people are being provided with employment. I have show from the chart that the rate of employment in this sector has been increasing. The labourers are not responsible for the low growth of the industry. It is the industrialists who are playing around with the labours and the traders. I will cite a few examples. I wrote a letter to the Chief Minister on 12.4 83 regarding East India Rubber Works (P) Ltd. It has three units. They have declared lockout on 22. 9. 82. You see today is 21st April of 1983. This government has not been able to compel this industrialists or the management of the East India Rubber Works (P) Limited to reopen that factory and because of this lockout 700 workers have been put to difficulties. They are running from pillar to post. The Hon'ble Chief Minister and the Labour Minister were kind enough to reply immediately to my letter with their words that they would look into the matter and they would send this matter to the Labour Commissioner. Who is this Commissioner ? He is the same person who has been in seisin of this matter from September, 1982 and has not been able to compel the management to reopen this Unit. Therefore, I can go to the extent of telling this Left Front Govt that we shall cooperate if we could bring an end to this, because it concerns our State and our people. During the question hour, the Minister-in-Charge of Small Scale Industries told that so many industrial units have been regis-

tered. When I enquired of the number of such registered units, I was told that it would take at least two years to give the exact number. In this connection also can you kindly tell me how many units are running ? Can you tell me how many units are working ?

Is it not the concern of the Labour Department or the Small Scale Industries Department to know how many units are functioning, and if it is not that they are not functioning then at whose instance they are not functioning ? Whose responsibility it is ? Unless this is done, unless the House is in order, how do we expect the effectiveness of the method ? This is a very important matter. Here we are in a small majority. We can raise our voice but I hope all human beings come closer with one another where it concerns the people. This Govt. will be taking full responsibility for taking effective steps. To err is human. Let us remember that. They are continuing to commit the mistakes. They are not only a political party, they run the Government. Sir, I will appeal to the minister that as regards labour and employment if you wish to bring the state of affairs in order, start from the top and see that your policies and the policies initiated by you are made effective, and you yourself are not victimised at the hands of the industrialists.

Thank you.

শ্রীবামাপদ মুখার্জী : মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ নিয়ে এসেছেন তাকে সমর্থন করে দু'-একটি কথা বলছি। বিশেষ করে কেন্দ্রীয় সরকার যখন শ্রমিক শ্রেণীর ধর্মঘটের অধিকার ছিনিয়ে নিচ্ছে, 'নাসা' 'এসমা' এবং গত ১৯৮২ সালের মার্চ থেকে মে মাসের মধ্যে ১২টি এন্টি ওয়ার্কিং ক্লাশ বিল নিয়ে এসেছেন এবং সারা ভারতবর্ষে শ্রমিক শ্রেণীকে দাসশ্রেণীতে পরিণত করবার চেষ্টা করছেন। কিন্তু এখানে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে শ্রমিক শ্রেণী এগিয়ে যাচ্ছে। আমি খুব বেশী ফিরিস্তি দিতে চাই না। সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন শিল্পে শান্তি এবং অগ্রগতি পশ্চিমবাংলায় অব্যাহত আছে। আমি আসানসোল, দুর্গাপুর অঞ্চলের দু'-একটি কথা বলতে চাই। দেখুন দুর্গাপুর ষ্টীল এক বছরে রেকর্ড উৎপাদন করেছে, রেটেড ক্যাপাসিটির ৯২ ভাগ প্রডাকশন করেছে। দুর্গাপুর কেমিক্যালস-এ ২.৫০ উৎপাদনের জায়গায় এবার ১৯৮২-৮৩ সালে ৭.৫০ লক্ষ উৎপাদন করেছে। দুর্গাপুর প্রোজেকটে পাওয়ার জেনারেশন টারগেট ছিল ৮৮০ মিলিয়ন ইউনিট, সেখানে হয়েছে ৮৮৮ মিলিয়ন ইউনিট। কুলটির একটি সিক ইঞ্জিনিয়ারিং কারখানায় এবারই প্রথম উৎপাদন বৃদ্ধি হয়েছে। পূর্বে যেখানে ৬০ পারসেণ্ট প্রডাকশন হোত, আজকে সেখানে উৎপাদন হচ্ছে ৭০

ভাগ। আমরা দেখছি বার্ণপুর স্ট্যান্টার্ড ওয়াগন কারখানার টার্গেট ছিল প্রতিদিন একটি ওয়াগন নির্মাণ, আজকে সেখানে একটার জায়গায় দুটো ওয়াগন প্রতিদিন প্রডাকশন হচ্ছে।

মিঃ স্পীকার স্যার, আবার অন্যদিকে আমরা লক্ষ্য করেছি যে, আই. এম. এফের লোন নেবার শর্ত হিসাবে আজকে কেন্দ্রীয় সরকারের নীতি, ইমপোর্ট পলিসি পাল্টাতে হয়েছে এবং একচেটিয়া পুঁজির মালিকরা আমদানীর ওপেন জেনারেল লাইসেন্স পেয়েছে; জিনিসের দাম বাড়ছে। এদিকে এ্যালয় ষ্টীল ধুঁকছে। সেখানে প্রডাকশন হচ্ছে না। জে. কে. এ্যালুমিনিয়াম ফ্যাক্টরী, সেন র‍্যালে প্রভৃতিতে প্রডাকশন হচ্ছে না, ছাঁটাই হচ্ছে। কিন্তু আজকে শ্রমিকশ্রেণী শুধু প্রডাকশন এবং দায়িত্ব সম্পর্কে সচেতন তাই নয়, ন্যায্য প্রাপ্য যেগুলো সে সম্বন্ধে প্রতিকার করা যায় সে ব্যাপারেও তাঁরা আজকে সচেতন। আজকে বামফ্রন্ট সরকারের সহযোগিতায় ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের ন্যূনতম বেতন ৭৮২ টাকা, অন্যান্য সমস্ত নিয়ে তাঁদের বেতন আজ ১০০০ টাকায় রিচ্ করেছে।

মিঃ স্পীকার স্যার, এখানে একটি কথা বলার দরকার আছে। এই কয়লাখনি শ্রমিকরা বামফ্রন্ট সরকারের সহযোগিতায় তাঁদের বেতন কাঠামো, মানুষের বাঁচার মত যে অধিকার অর্জন করেছিলেন, সেগুলো আস্তে আস্তে কেন্দ্রীয় সরকার ধূলিসাৎ করে দিচ্ছেন। সেখানে শ্রমিকদের বাসস্থান নেই, সাধারণ শ্রমিকদের পানীয় জলের ব্যবস্থা নেই, স্বাস্থ্য এবং শিক্ষার ব্যবস্থা নেই। উপরন্তু যে-সমস্ত অধিকার তাঁরা দীর্ঘদিনের সংগ্রামের মধ্যে দিয়ে অর্জন করেছিলেন, তাও কেন্দ্রীয় সরকার মানছেন না। সেইজন্য সমস্ত খনি শ্রমিক ৮ই নভেম্বর ১৯৮২-তে একদিনের ধর্মঘট করে তার জবাব দিয়েছে। তারপর ১৯৮৩ সালের ১৭ই থেকে ১৯শে জানুয়ারী পর্যন্ত ধর্মঘট করে আবার তার জবাব দিয়েছে। আজকে কেন্দ্রীয় সরকারের যে শ্রমনীতি তার বিরুদ্ধে ১৯৮২ সালের ৮ই নভেম্বর সারা ভারতবর্ষের শ্রমিকশ্রেণী ধর্মঘট করে এক ঐতিহাসিক নজির সৃষ্টি করেছে এবং কেন্দ্রীয় সরকারের অন্যায়ের জবাব দিয়েছে।

দুর্গাপুর, বার্ণপুরে কনট্রাকটাররা যে শ্রমিক দিয়ে কাজ করায়, বামফ্রন্ট সরকার তাঁদের সম্পর্কে নতুন দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন। কংগ্রেস রাজত্বে যেখানে তাঁরা ২৫০ টাকা, ৩০০ টাকা মজুরী বেতন পেতেন, সেখানে আজকে তাঁদের ৩৫০ টাকা, ৪০০ টাকা বেতন বৃদ্ধি হয়েছে। দুর্গাপুর-বার্ণপুরে পার্মানেন্ট পেরিনিয়াল নেচার জবে ১৫০০ জন স্থায়ীকৃত হয়েছে। এইভাবে আমরা দেখছি, পশ্চিমবঙ্গে শিল্পে শান্তি প্রতিষ্ঠা হয়েছে। মাননীয় শিল্পমন্ত্রী বলেছেন যে, গত এক বছরে ১৫,০০০ জনের কর্মসংস্থান হয়েছে। এই ১৫,০০০ জনের কর্মসংস্থান হয়েছে পিলকিংটন

ইত্যাদি যে-সমস্ত কেন্দ্রীয় সরকারের শিল্প ইউনিটগুলো আছে তাতে এবং এ কর্মসংস্থান হয়েছে বামফ্রন্টের ব্যবস্থাপনায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে। কি এই এমপ্লয়মেন্টের ব্যাপারেও এঁরা সম্পূর্ণভাবে অসহযোগিতা করে আসছেন এব আজকে এটাই আমাদের কাছে রিপোর্ট।

[2.30—2.40 P. M.]

কিন্তু তারমধ্যে দেখবেন সবই হচ্ছে বামফ্রন্ট সরকারের। ঐ কেন্দ্রীয় সরকা যে-সমস্ত কারখানা নিয়ন্ত্রণ করে এবং কয়লা খনি নিয়ন্ত্রণ করে সেখানে তার আমাদের সঙ্গে সহযোগিতা করে না। এমন কি আমাদের মুখ্যমন্ত্রী তাদেরকে গিয়ে বলেন যে, তোমরা এই সমস্ত ছেলেদের চাকুরি দাও এবং নূতন নূতন প্রোজেক্ট খোলো। কিন্তু তারা তা মানছে না। তার কারণ কি? ঐ বিহার থেকে ব অন্যান্য জায়গা থেকে লোক নিয়ে আসে এবং গনি খানের আমলে যেমন মালদহ থেকে নূতন আনকোরা লোক নিয়ে এসে এই কয়লা খনিতে ঢুকিয়ে দিয়েছিলেন। আজকে এই অবস্থা কয়লা খনির মধ্যে চলছে। কয়লা খনি অঞ্চলে তারা এমনভাবে কাজ করছে যে, খনিতে ধস নামছে এবং ধস নামার জন্য গ্রামের লোকেরা উদ্বাস্তু হয়ে যাচ্ছে। তারজন্য কোন রকম কমপেনসেসানের ব্যবস্থা নেই। তাদের জন্য অন্য কোন ব্যবস্থাও করা হয় না। সেখানে নারী শ্রমিকদের জন্য কোন ব্যবস্থা করা হয় না। কয়লা খনি জাতীয়করণ করার আগে এই ই. সি. এল.-এ৩২ হাজার নারী শ্রমিক ছিল। আজকে সেটাকে কমাতে কমাতে ১২ হাজারে নিয়ে চলে এসেছে। আমরা দেখেছি যে, কেন্দ্রীয় সরকার এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যাতে আস্তে আস্তে নারী শ্রমিকরা উচ্ছেদ হয়ে যায় সেই চেষ্টা চালানো হচ্ছে। আজকে এই সমস্ত অবস্থা আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। আজকে এই বামফ্রন্ট সরকার মালিকদের বিরুদ্ধে আক্রমণ চালিয়ে যাচ্ছে। বিভিন্ন ক্ষেত্রে আমরা দেখেছি এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন—১৪৪টি ক্ষেত্রে কর্মবিরতির কথা। সেখানে দেখতে পাচ্ছি শতকরা ২০ ভাগ কোন রকমভাবে দাবি আদায়ের জন্য ধর্মঘট এবং বাকিগুলি সমস্ত হচ্ছে লক আউট। এই লক-আউট করে একটা অফেনসিভ শ্রমিক-শ্রেণীর বিরুদ্ধে নিয়েছে। কারণ তারা দেখছে যে, এখানে বামফ্রন্ট সরকার আছে, এখানে এসমা বা নাসা প্রয়োগ করা যাবে না বা এরা শ্রমিকদের মর্যাদা প্রতিষ্ঠা করার জন্য সংগ্রাম করবে, পুলিশ দেবে না, অতএব লক-আউট করো। কেন্দ্রীয় সরকারের এই সমস্ত নীতির ফলে অবস্থা আরো খারাপ হচ্ছে। শুধু তাই নয়, এই সরকার

অনেকগুলি ভাল ভাল আইন তৈরী করেছিল এবং সেই আইনগুলিতে ইউনিয়ানের স্বীকৃতি আছে, সেই আইনগুলিকে তারা ফেরত দিয়েছে, কেন্দ্রীয় সরকার অনুমোদন করেন নি। কয়লা শ্রমিকদের ক্ষেত্রে বা অন্যান্য শ্রমিকদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে মনোভাব নিচ্ছে, যার ফলে বুরো অফ পাবলিক এন্টারপ্রাইজ যে গাইড লাইন্স দিচ্ছে—শ্রমিকদের মজুরি বৃদ্ধি ব্যাহত করার জন্য, মজুরি সঙ্কুচিত করার জন্য, শ্রমিকদের সংগ্রামকে প্রতিহত করার জন্য এবং তাদের যে ১৩০ পয়সা মূল্যসূচক বৃদ্ধির যে প্রথম পয়েন্ট সেটাকে বদলাবার জন্য তারা চেষ্টা করছে। সেই জায়গায় এই সরকার ৮০ হাজার বেকারকে বেকারভাতা দিচ্ছে। এই সরকার ন্যূনতম বেতন একটা ঠিক করেছে এবং নানাভাবে আমরা দেখতে পাচ্ছি এই বামফ্রন্ট সরকারের সহযোগিতায় কয়লা, ইস্পাত এবং ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিকরা মালিকদের সঙ্গে চুক্তি করছে এবং সেটা ফলপ্রসূ করবার জন্য এই সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে। আর ঐ দিকে আমরা দেখতে পাচ্ছি, ইন্দিরা গান্ধী ১৯৮২ সালকে উৎপাদন বর্ষ হিসাবে ঠিক করেছিলেন। কিন্তু সেখানে আমরা দেখলাম কি? এটা হলো লক-আউটের বর্ষ, শ্রমিক শ্রেণীর গলাকাটার জন্য বর্ষ। তিনি বললেন, ২০ পয়েন্টে যে, আমি রুরাল এমপ্লয়মেন্ট দেব। কিন্তু আজকে আপনারা দেখবেন যে, রুরাল এমপ্লয়মেন্টের কি হাল। কিন্তু সেখানে বামফ্রন্ট সরকার চেষ্টা করছে। গ্রামের শ্রমিকদের অন্ততঃপক্ষে ১০ টাকা ১৩ পয়সা মজুরি বৃদ্ধি করে তারা দেখিয়েছে যে, কিভাবে তারা রুরাল শ্রমিকদের সহায়তা করতে পারেন। আমার আর সময় নেই, আমার বক্তব্য আর না বাড়িয়ে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শ্রম দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। আমি মনে করি, এই দপ্তর এমন কোন কাজ বিগত ৬ বছরে করতে পারে নি যার মধ্যে দিয়ে এই দাবী তাঁরা করতে পারেন। আমরা সবাই জানি যে, এই দাবী সংখ্যাধিক্যের জোরে পাশ হয়ে যাবে। কিন্তু ইথার বলে যদি কোন বস্তু থাকে, শব্দ যদি ব্রহ্ম হয় তাহলে একদিন জনমত এর বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠবে। আপনারা এটাকে ঠেকিয়ে রাখতে পারবেন না। দুর্ভাগ্যের কথা যে, এই বামফ্রন্ট সরকার নিজেদের শ্রমিক দরদী সরকার বলে চিৎকার করেন। যারা মনে করেছিল, শ্রমিকদের প্রতিনিধিত্ব করবেন এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরী করবেন। আমি নিজে এবং অনেকে এটা আশা করতে পারেন নি। এটা মার্কসিস্ট পার্টির

ক্ষোভের বিষয়। এই ধরনের শ্রমিকদের নিয়ে আমরা এই জিনিস করতে পারবে বলে দাবী করি না।

অন্ততঃপক্ষে আমরা সরকারে থেকেও এ জিনিস পারিনি। আমরা ভেবেছিলা কোন সম্প্রদায়ের এ্যাটলিস্ট উপকার হবে। এই সরকারের মাধ্যমে শ্রমিক-কর্মচারী দের কিছু উপকার হবে আমরা আশা করেছিলাম। কিন্তু ৬ বছরের অভিজ্ঞতা আমরা দেখেছি এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। আমি ব্যক্তিগতভাবে শ্রমিক মুভমেন্টে সাথে যুক্ত—আমি দায়িত্ব নিয়ে বলতে পারি এই সরকার কিছু করতে পারে নি। যে কাজ, যে অপকর্ম ও ঔদাসীন্য আপনারা দেখিয়েছেন, তাকে কখনই সহ্য করতে পারা যায় না। যে দুর্নীতি চালিয়েছেন তাকে সহ্য করতে পারা যায় না আপনারা মনোপলি হাউসের সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন। এই দুর্নীতি ও অপকর্মের জন্য আপনাদের কোর্ট মার্শাল হওয়া উচিত। বিচার যদি কোনদিন প্রহসনে পর্যবসিত হয়, তাহলে শ্রমিক কোনদিন ছেড়ে দেবে না। আপনার এলাকায় শ্রমিক ক্ষুব্ধ। আপনাদের প্রশাসনিক ব্যবস্থার জন্য শ্রমিকের স্ত্রী না খেতে পেয়ে আত্মহত্যা করেছে। আজকে আমরা দেখছি ৩॥ হাজার শ্রমিক সম্পূর্ণ বেকার হয়ে আছে এটা আজকে গল্প হয়ে দাঁড়িয়েছে। এই জিনিস বিনা প্রতিবাদে কখনই সহ্য কর যায় না। শ্রমিক এ্যাসোসিয়েশানকে শ্রমমন্ত্রী নিজে বলেছিলেন—বন্ধ কারখানা খুলবে, কিন্তু তা হয় নি, এ কখনই হতে পারে না। আমি যদি একের পর এক বলতে যাই, মাননীয় স্পীকার আমাকে সময় দিতে পারবেন না। প্রত্যেকটি ইণ্ডাষ্ট্রিতে এক এক করে আপনারা মনোপলি হাউসের সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন। রাজনৈতিক ক্ষেত্র থেকে সবার সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন। টাটা, বিড়লা, ডালমিয়া বাজোরিয়ার সঙ্গে টাকার বিনিময়ে চুক্তিবদ্ধ হয়েছিলেন। না হলে গদী আপনারা কখনই পেতেন না। শিল্পপতিদের সঙ্গে গাঁটছড়া বেধে তাদের কাছ থেকে ৭॥ কোটি টাকা নিয়ে শ্রমিকদের ২০ পারসেণ্ট বোনাসের দাবীকে নয়ছয় করে দিয়েছেন। আসল রহস্যটা কি ? আসল রহস্য বা ঘটনা হচ্ছে, তাদের কাছ থেকে ৭॥ কোটি টাকা নিয়ে নির্বাচনে জিতেছেন। এ খবর আমরা জানি। আপনারা টাটা, বিড়লা ডালমিয়া ও বাজোরিয়াদের কাছ থেকে টাকা নিয়ে শ্রমিকদের দাবীকে ধূলিসাৎ করে দিয়েছেন। ব্যারাকপুর সাব-ডিভিসানে এক টেক্সম্যাকোকে কেন্দ্র করে কি করেছেন তাও আমাদের জানা আছে। সেখানে সি. আই. টি. ইউ.-এর এক নেতা বন্দুক, পাইপগান নিয়ে শ্রমিকদের হুমকি দিয়েছে। শ্রমিকদের বুকের উপর বন্দুক, পাইপগান ধরে ওদের মস্তান ও মনোপলি হাউসের লোকেরা হুমকি দিয়ে সমস্ত ন্যায্য দাবীকে নস্যাৎ করে দিয়েছেন। সমস্ত জায়গায় প্রোডাকশান বন্ধ হতে

চলেছে। সেই সঙ্গে পাবলিক আণ্ডারটেকিংগুলিকে ধ্বংসস্তূপে পরিণত করেছেন—প্রডাকশানকে নেগেটিভ এ্যাপ্রোচে পরিণত করেছেন। এটা কোন কংগ্রেস বা কমিউনিস্টের প্রশ্ন নয়, এর সাথে জড়িত আছে জাতীয় অর্থনৈতিক স্বার্থ। এই অবস্থার পরিপ্রেক্ষিতে জাতীয় অর্থনীতি এখানে পঙ্গু হতে চলেছে; কয়েক লক্ষ শ্রমিকের ভবিষ্যৎ হয়ে দাঁড়িয়েছে অন্ধকার। এর প্রতিকার কি? জানি, উত্তর আপনি দিতে পারবেন না, উত্তর দেবার ক্ষমতা আপনার নেই। আপনি অসুস্থ, মানসিক দিক থেকেও অক্ষম। গত নির্বাচনের সময়ে আপনার কনষ্টিটিউয়েন্সীতে দাঁড়িয়ে বলেছিলেন, কোলে বিস্কুট কারখানা খুলবেন। সেখানে প্রায় ৩৷৷/৪ হাজার লোক চাকুরি করে। খুলেছেন? একথা আপনার কনষ্টিটিউয়েন্সীতে শ্রমিকদের সামনে বলেছিলেন। এর পরে ছোট-বড় কারখানার কথা বলাই তো বাতুলতা। এ কাজ যদি কোন কংগ্রেসী সরকার বা অন্য কোন সরকার করতেন, তাহলে আমরা ভাল করেই জানি, আমাদের বাড়িতে আপনাদের গুণ্ডাবাহিনী থাকতে দিত না, আগুনে পুড়িয়ে মারতো। অথচ আপনাদের জন্যই আজ দেশের সর্বত্র এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। ঊষা কোম্পানী, বাটা কোম্পানীও বোধহয় এই ঘটনার অন্তর্ভুক্ত। একদিন আপনাদের বিভিন্ন সংগ্রামী ভূমিকায় দেখেছিলাম। কিন্তু আজকে সম্পূর্ণ ভিন্নরূপ দেখছি। শুধুমাত্র মুখে নয়, সর্বত্র প্রকাশ্য ভাবে শিল্পপতিদের দালালী করে চলেছেন। দালালী করবার জন্য শ্রমিকদের কোন দাবী-দাওয়ার কথা মুখে এখন আর নেই। বাংলার বাইরে গিয়ে বলে বেড়াচ্ছেন—পশ্চিমবাংলার মত ইণ্ডাস্ট্রিয়াল পিস্ ভারতবর্ষের আর কোথাও নেই। এতবড় অসত্য কথার উপস্থাপনা আর কোথাও ঘটেছে বলে আমার জানা নেই। আপনাদেরই একটা বই—প্রমোদ দাশগুপ্ত যার সম্পাদনা করেছিলেন—তা থেকে আমি কেবল দুটো জায়গা পড়ে শোনাচ্ছি। "শ্রমিকদের এমন কোন দাবী বা অর্থ অর্গানাইড সেক্টরে উপস্থিত করা উচিত নয় যা পূরণ করা কঠিন, অথবা পূরণ করতে সরকারী সহায়-সম্পদের উপরে চাপ সৃষ্টি হবে—সেই সমস্ত জায়গায় যেন কোন রকম আন্দোলন করা না হয়। আন্দোলনকারীরা যেন পরিস্থিতিকে বিচার করে দেখেন।" মালিকদের চাপে পড়ে নয়, শুধুমাত্র মালিকদের দালালী করার জন্য তাদের পাশে বসে আছেন। আমি দুটি নমুনা তুলে ধরছি। আমরা যখন সরকারে ছিলাম—জ্যোতিবাবু তখন সি. আই. টি. ইউ.-এর ভাইস-প্রেসিডেন্ট—তখন চিঠি দিয়ে জানিয়েছিলেন, মালটি ন্যাশানাল কোম্পানীকে ডিরেক্টলি বা ইনডিরেক্টলি কোন সাহায্যই যেন দেওয়া না হয়।

[2.40—2.50 P.M.]

ওরা বলেছেন টিটাগড়ে নতুন করে জেনারেশান দেওয়ার জন্য অনুমতি দেওয়া হয়েছিল। আজকে সেখানে যাতে জেনারেশান না দেওয়া হয় জ্যোতিবাবুর সেই চিঠি আমার কাছে আছে। আজকে এই সরকারের আমলে ৪ বার এই বিদ্যুৎ মালটিন্যাশানাল হয়েছে কোটি কোটি টাকা মুনাফা করবার জন্য। ৪ বার রেট পাইয়ে দেওয়া হয়েছিল। একজন সাধারণ মানুষ কংগ্রেসের সমর্থক বা কমিউনিস্ট পার্টির সমর্থক সেখানে গিয়ে অবাক হয়ে যাচ্ছেন এবং তারা প্রতিবাদ করছে। আজকে এক একটা ডোমেসটিক বাড়ীতে ৮০০, ৯০০, ১২০০ এবং ২০০০ পর্যন্ত বিল উঠছে। এখন আইন করে দেওয়া হয়েছে যে, আগে বিলের টাকা জমা দাও তারপরে দেখা যাবে। এমনও দেখা যায় বাড়ীতে লোক থাকছে না, লোডশেডিং ১২ ঘণ্টা, ১৩ ঘণ্টা করে, কিন্তু বিল ৩-৪ গুণ, ৫ গুণ করে বেড়ে যাচ্ছে। অথচ এই সরকার এই কোম্পানিকে ৪ বার করে রেট পাইয়ে দিয়েছে। মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো স্বাধীনতার উত্তর যুগ থেকে ডাঃ বি. সি. রায়ের আমল থেকে আরম্ভ করে প্রফুল্ল সেনের আমলে এবং আমাদের আমলেও এইভাবে রেট বাড়িয়ে দেওয়া হয়েছিল কিনা তিনি একটু অনুসন্ধান করে দেখুন। এইভাবে রেট বাড়িয়ে দিয়ে মানুষের পকেট থেকে টাকা বার করে নেওয়া আগে কখনো হয় নি। তাদের ন্যূনতম সিভিক এ্যামিনিটি সাপ্লাই না করে এই ধরনের রেট পাইয়ে দিয়েছেন। আবার কোন কোন ক্ষেত্রে দেখা যায় মন্ত্রী গিয়ে আবার টেলিফোন বিকল বলে ফেরৎ দিয়ে আসছেন। যতীনবাবু বর্ষীয়ান মন্ত্রী—উনি তো দীর্ঘদিন ধরে খেলা দেখতে যান, টেলিফোন খারাপ হলে উনি ফেরৎ দিয়ে আসেন, কিন্তু রাস্তাগুলি যে খারাপ হয়ে আছে আমরা কার কাছে সেগুলি ফেরৎ দেব ? এই যে ইণ্ডাস্ট্রিগুলি অচল হয়ে গেছে, সেখানে শকুনি উড়ছে, ওনার চোখ খারাপ কিনা জানি না, ওনার কি সেগুলি চোখে পড়ে না ? তার মাথায় টিউমার জানি, সুগার জানি, চোখের অবস্থাও কি খারাপ সেটা আমার জানা নেই। আপনারা গঙ্গার ধার দিয়ে যদি যান তাহলে দেখতে পাবেন প্রচুর জুট মিল সেখানে বন্ধ হয়ে আছে। প্রায় ৩০ থাউজেণ্ড শ্রমিক বেকার হয়ে আছে। আমরা যখন হাউস চালাচ্ছি তার মধ্যে আবার ২টি লক-আউট এবং ক্লোজার হয়ে গেছে। এর মধ্যে আবার একটির লক-আউট তুলে নিয়েছে। লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ম্যান আওয়ার লস হয়ে যাচ্ছে। এতে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ম্যান্ পাওয়ার লস হয়ে যাচ্ছে। বাজেটে টাকা বেশী হওয়া বা না হওয়া এটা তো ফরম্যাল একটা কাজ। আপনারা রাজনৈতিক কথাবার্তা তো খুব বলেন যে, মার্কসের থিয়োরী অনুযায়ী একটা দ্বন্দ্বমূলক বক্তৃতা আপনারা সর্বদা করে

থাকেন। লেবার ডিপার্টমেন্টে গিয়ে দেখুন—সেখানে গেলে বুঝতে হবে যে, আপনারা দ্বন্দ্বমূলক বক্তৃতা করেন না, আপনারা ধান্দামূলক বক্তৃতা করে থাকেন। জ্যোতিবাবু ইণ্ডিয়ান অক্সিজেনের ভাইস-প্রেসিডেন্ট। আপনারা ইণ্ডিয়ান অক্সিজেনের অফিসে যান, সেখানে মোদি সাহেব হচ্ছেন সর্বেসর্বা। তিনি একচেটিয়া ব্যবসাদার। সেখানে আরেকটি ইণ্ডাষ্ট্রিয়াল ফেডারেশানের অফিস আছে অল ইণ্ডিয়া বেসিসে। আপনারা যে ধরনের এগ্রিমেণ্ট করেছেন তাতে শর্ত কি আছে? এই এগ্রিমেণ্টে ঔদ্ধত্য আছে, ক্ষমতা আছে, অহঙ্কার আছে, গুণ্ডামি আছে ইত্যাদি। আপনি ঠাণ্ডা ঘরে বসে এই এগ্রিমেণ্ট সই করে পাঠিয়ে দিলেন। এই জিনিস চলছে। সমস্ত জায়গায় জ্যোতিবাবু নিজে করছেন, কিন্তু উদ্দেশ্য এক—রাজনৈতিক উদ্দেশ্য। ওরগ্যানাইজড্ সেক্টরের লোকেরা এদের ধাপ্পাবাজি বুঝতে পেরেছে এবং বুঝতে পেরেই তারা মিছিল করতে আরম্ভ করেছে। কিন্তু অরগানাইজড্ সেক্টরের লোকেদের মিছিলকে ওঁরা ইগনোর করছেন। মাল্টিন্যাশনাল হাউসকে টাকা দিয়ে, প্রচারপত্র দিয়ে এবং গ্রামের লোকেদের ভুল বুঝিয়ে তাদের সংখ্যা বৃদ্ধির ভোট এই দুটিকে সমন্বয় করে বৈতরণী পার হওয়ার চেষ্টা করছেন। আপনারা অরগ্যানাইজড সেক্টরকে কমপ্লিটলি ইগনোর করেছেন। আপনাদের পার্টির হোলটাইমার বাড়াতে হবে এবং এর জন্য অরগ্যানাইজড সেক্টর থেকে টাকা চাই। নিয়ম হচ্ছে পুঁজিবাদকে সমান্তরালভাবে রক্ষা করতে হলে ২টি স্বার্থকে রক্ষা করতে হবে। একটি স্বার্থ রক্ষিত হচ্ছে বলেই আরেকটি স্বার্থ সম্পূর্ণভাবে বিঘ্নিত হবে—তা হলে চলবে না এবং সেই স্বার্থের সঙ্গেই লক্ষ লক্ষ শ্রমিক শ্রেণীর স্বার্থ জড়িত আছে।

আমি বলবো হি ইজ ডুইং ক্রাইম এভরিহোয়ার। পি. এফের ১৬ কোটি টাকা। এটা তো ওয়ার্কারের টাকা। আপনারা কথায় কথায় বিহার, মাদ্রাজের কথা বলেন। বিহার, মাদ্রাজ, বম্বে, তামিলনাড়ুতে কি হয়েছে দেখুন। পি এফের টাকা আটকে রাখা একটা ক্রিমিনাল অফেন্স। এখানে এব্যাপারে কটা মালিকের প্রপার্টি অ্যাটাচ করেছেন? ১৬ কোটি টাকা প্রভিডেণ্টের টাকা ডিসপোজ হয় নি। ই. এস. আই. স্কীমে ৪ কোটি টাকা দিতে বাকী আছে। কটা মনোপলি হাউসকে বলেছেন তোমাদের প্রপার্টি বাজেয়াপ্ত করা হবে? বাই ভারচু অফ বিং এ লেবার মিনিষ্টার আপনি কমিটির চেয়ারম্যান। এটা কেন্দ্রের আইন, কিন্তু ষ্টেটে ইমপ্লিমেণ্ট করার দায়িত্ব আপনাদের। কিন্তু কিছুই করছেন না। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ সম্বন্ধে জ্যোতিবাবু সব চেয়ে বড় কথা বলেন। এটা একটা অ্যাবসোলিউট জোচ্চুরী। এখানে একটা কমিটি আছে। প্রত্যেক সেন্ট্রাল ট্রেড-ইউনিয়ন অরগানাইজেশানের প্রতিনিধি সেখানে থাকে। তাঁর একটাও মিটিং করেছেন? অর্থাৎ অ্যাডভাইসরি

কমিটির কথা বলছি। অথচ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে চাকরি দেয়া—হয় এসব বলে বেড়াচ্ছেন। এর চেয়ে ভূতুড়ে কাণ্ড আর কি হতে পারে? ২০টি ট্রেড-ইউনিয়নের প্রতিনিধি নিয়ে এই কমিটি। কটা তার মিটিং করেছেন? শুধু তাই নয়, অবাক হয়ে যাবেন এদের চুরির কথা বললে। ডজন ডজন মন্ত্রী আছেন, এদের কথা বলতে যদি অনুমতি দেন তাহলে আমি নাম করে বলতে পারি ছেলে-মেয়েদের বিয়েতে লক্ষ লক্ষ টাকা খরচ করেন কিভাবে? এত টাকা আসে কোথা থেকে? বললেই বলেন ট্রেড-ইউনিয়ন থেকে দিচ্ছে। বড় বড় বস্তায় বোমা মারলে বোঝা যায় তাতে ভাল ডাল, চিনি আছে কিনা? ওদের পেটে বোমা মারুন দেখবেন পেট থেকে টাকা বের হচ্ছে। ১১১ কোটি কেন্দ্রের টাকা ইনভেষ্ট করতে পারেন নি বলে ফেরৎ চলে গেছে। এটা দিয়ে র' জুট কেনা হয় নি। এর ফলে কৃষক মরেছে, র' জুটের শ্রমিকরা মরেছে এবং দালালের হাত দিয়ে টাকা-পয়সা নিয়ে সব ব্যবস্থা করেছেন। আপনারা নাসা, এসমার কথা বলেন। কেন এসব কথা বলেন? এখানে অনেক ট্রেড-ইউনিয়নিষ্ট আছেন, জ্যোতিবাবু থেকে আরম্ভ করে চামচে পর্যন্ত একজনও দাঁড়িয়ে বলুন তো কটা জায়গায়, কটা মানুষের উপর নাসা, এসমা প্রয়োগ করা হয়েছে? যদি বলতে পারেন তাহলে আমাদের বক্তৃতা করার অধিকার থাকবে না।

(গোলমাল)

বড় বড়গুলি তো এখনও বাদ রেখেছি, পেণ্ডিং রেখেছি, সেগুলি বললে তো কামড়াতে আসবেন। এগুলি যদি বলি তাহলে তার জন্য আপনি আমাকে প্রোটেকশান দেবেন।

[2.50—3.30 P. M.]

(Including adjournment)

ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট যদি উনি পড়ে থাকেন তাহলে দেখবেন ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে এমন প্রভিশান আছে যে, প্রভিশানের মধ্য দিয়ে নাসা, এসমার মত সমানভাবে শাস্তিমূলক ব্যবস্থা করা যায়। কিন্তু করেন নি। আমি আগেই বলেছি, এখনও তার পুনরাবৃত্তি করছি কোথায় কোথায় প্রয়োগ করেছেন। পার্ক হোটেলে করেছেন, কিন্তু একটা ওষুধের কারখানায় করেন নি যেখানে কোন রকম ষ্ট্রাইক করলে এসেনসিয়াল সার্ভিস ব্যাহত হবে। পার্ক হোটেল এতই এসেনসিয়াল

সার্ভিস যে, তোমরা সেখানে ষ্ট্রাইক করতে পারবে না। কিন্তু ওষুধের কারখানায়, হাসপাতালে, দমকল বাহিনীতে প্রয়োগ করেন নি আপনারা। এই এ্যাক্টের জন্য এক সময় কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করেছিলেন। আজ আপনারা পার্ক হোটেলে করেছেন, নোটিশ দিতে হবে ৬ মাসের, এতটা এসেনসিয়াল সার্ভিস যে, ওখানে হাঙ্গামা করলে চলবে না। এটা সেখানে করেছেন, কারণ সেখানকার অফিসকে আপনারা ব্যবহার করছেন।

(তুমুল হৈ চৈ)

স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন ড্রাউট রিলিফের টাকা জবরদস্তি কায়দায় প্রত্যেক কর্মচারীর কাছ থেকে ৫ থেকে ১০ টাকা কাটা হচ্ছে। কোন আইনের প্রোটেকশান নেই। নিয়ম হল রিলিফের জায়গায় যদি কেউ কন্ট্রিবিউট করতে চায় তাহলে সেই কন্ট্রিবিউশান স্বেচ্ছায় করতে পারে, আইন মোতাবেক করতে হবে, জবরদস্তি করা যাবে না। তারপর আই. ও. সি. অফিসের কথায় আসছি। সেখানে এ. আই. টি. ইউ. সি. এবং আই. এন. টি. ইউ. সি. অর্গানাইজেশান এক সাথে এসেছে, ওরা তাদের উপর মারধোর আরম্ভ করে দিল। পুলিশের এ. সি.-কে সেখানে পাঠান হল, কিন্তু সেই এ. সি.'র সামনে আই. ও. সি.'র অফিসারদের ধরে ধরে মারা হচ্ছে, আমাদের কর্মীদের ধরে ধরে মারা হচ্ছে, খুন করার হুমকি দেওয়া হচ্ছে বিগত ৩ মাস ধরে। সেখানে মহিলা কর্মীদের কাজ করতে দেওয়া হচ্ছে না। তারপর ম্যান ডেজ লষ্টের কথা কি বলব—১৯৮০ সালে ম্যান ডেজ লষ্ট হয়েছে ৬ মিলিয়ান, ১৯৮১ সালে হয়েছে ১০ মিলিয়ান এবং ১৯৮২ সালে হয়েছে ১৬ মিলিয়ান। এই হচ্ছে ম্যান ডেজ লষ্টের অবস্থা। স্যার, আরো অদ্ভুত ব্যাপার হচ্ছে রেজিষ্ট্রেশান ডিপার্টমেন্টে। এখানে রেজিষ্ট্রেশান ডিপার্টমেন্টে ঘুষের টাকায় আমি জানি না মন্ত্রী মহাশয়ের সাথে বখরা আছে কিনা, সেখানে আই. এন. টি. ইউ. সি. বা অন্য কোন সংস্থার লেবার রেজিষ্ট্রেশানের জন্য গেলে ৬ মাস, ১ বছর, ২ বছর ঘোরান হচ্ছে, কিন্তু সি. পি এম. রেজিষ্ট্রেশানের জন্য গেলে সাথে সাথে রেজিষ্ট্রেশান সার্টিফিকেট হাতে ধরিয়ে দেওয়া হচ্ছে। আপনি গোপনে চলুন, আমি দেখিয়ে দেব রেজিষ্ট্রার নিজে পর্যন্ত টাকা নিয়ে তবে রেজিষ্ট্রেশান করছে।

(এই সময় লাল আলো জ্বলিয়া উঠিল)

স্যার, একটা কথা বলেই আমি শেষ করব, আমাকে আর ৫ মিনিট সময় দেবেন। যে স্পীকার একটা এ্যাডজোর্নমেন্ট মোশান এ্যালাউ করেছেন আমি সেই

স্পীকারের কাছে নিশ্চয়ই দাবি করব সকলের স্বার্থে যেটা যুক্ত সেটা বলার জ আমাকে একটু টাইম দেবেন।

মিঃ স্পীকার : সুব্রতবাবু, আজকে ৭-৩০টার সময় গিলোটিন। এর মধ্যে আরো ২টি ডিমাণ্ড শেষ করতে হবে, অন্যান্য সদস্যরাও ডিবেটে অংশগ্রহণ করবেন আমার কোন আপত্তি নেই টাইম বাড়াতে, আপনি বলুন, কিন্তু একজন বক্ত বাদ যাবেন।

শ্রীসুব্রত মুখার্জী : টাইম এক্সটেণ্ড করার জন্য আপনাকে ধন্যবাদ। আমি একটা জরুরী কথা আপনার কাছে রাখছি। ১৯৭৯ সালে শেষ হয়েছিল যে ত্রিপাক্ষিক শিল্পভিত্তিক চুক্তি জুট, টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং এবং বিশেষ করে প্ল্যানটেশানে এই চুক্তি আমাদের সময়ে আরম্ভ হয়েছিল। আমাদের পরে আ একবার ১৯৭৯ সালে নতুন করে আরম্ভ হল, তারপর ১॥ বছর হয়ে গেল সে চুক্তি করছে না।

এই চুক্তির মধ্য দিয়ে আমরা বলেছিলাম, শ্রমিকদের উপার্জিত ৩০০ কোটি টাক নয়ছয় হয়ে গেছে এবং এরিয়ার যেটা ছিল তারও এক পয়সা দেয় নি। এটা সরকারের বা মনোপলি হাউসের দান নয়, এটা শ্রমিকদের উপার্জিত টাকা সেই টাকা মেরে দিয়েছে এবং এবারে ডিউ হওয়া সত্ত্বেও দেয় নি। ১৪/১৫ মাস হয়ে গেল অথচ একটা মিটিং হল না। ইঞ্জিনিয়ারিং শিল্পের ৩ লক্ষ শ্রমিক এর সঙ্গে জড়িত। রেট্রোস্‌পেকটিভ এফেক্‌ট এবং এরিয়ার সম্বন্ধে এঁরা কি করবেন জানি না, কেন্দ্রীয় সরকার কিন্তু স্টীল বলুন, সিমেন্ট বলুন রেট্রোস্‌পেকটিভ এফেক্‌ট দিয়ে মিটিয়ে নিয়েছে এবং এই সমস্ত জায়গায় এটা আদায় করা হয়েছে কিন্তু এখানে ৩ লক্ষ শ্রমিক এবং তার সঙ্গে যদি জুট শ্রমিকের সংখ্যা মেলাই তাহলে ৮ লক্ষ শ্রমিক হবে। শ্রমমন্ত্রী মহাশয় কি জানেন না এটা শ্রমিকদের উপার্জিত টাকা? গোপালদাস নাগ যখন লেবার মিনিস্টার ছিলেন, তখন শ্রমিকরা ৫০ টাক ন্যূনতম ইনসেনটিভ পেয়েছে। সেটাও যদি পায় তাহলে এই দেড় বছরের এরিয়ার হিসেবে এক একজনের ৭০০/৮০০ টাকা করে হয় এবং ৩০০ টাকা করে হলে ৮ লক্ষ শ্রমিকের ১৫ মাসে প্রায় ১০০ কোটি টাকা হয়। এটা বোধহয় নিজেদের মধ্যে বখরা করে নিয়েছে। স্যার, আপনি বোধহয় জানেন কিছুদিন আগে রাজনৈতিক কারণে পাবলিক আণ্ডারটেকিং-এ তারা স্ট্রাইক করেছিল। আগামী প্ল্যান-এ

৯৫০ কোটি টাকা নূতন করে ইনভেস্ট হচ্ছে। কিন্তু চক্রান্তকারীরা সেখানে চক্রান্ত করছে এবং তার ফলে অর্থনৈতিক বনিয়াদ নড়বড়ে হয়ে যাচ্ছে সমস্ত ভারতবর্ষের। স্যার, ১৮৭২ সালে মার্কস একটা কনফারেন্স-এ বলেছিলেন, "It is only an 'ponour if some one in England is not a recognised labour leader ; for every 'recognised labour leader' in London is in the pay of Gladstone, Morley, Dilke and Co."

আপনারা জেনে রাখুন, শ্রমিকদের মত জনমতে পর্যবসিত হবে, আপনাদের ঐ লাল দুর্গ ভেঙ্গে দেবে এবং সেই দিনের অপেক্ষায় আমরা আছি। যারা শ্রমিকদের বুকে আঘাত দেয়, শ্রমিকদের রুটি কেড়ে নেয়, তাদের সন্তানদের ছিনিয়ে নেয়, জেনে রাখুন তাদের মৃত্যুর দিন ঘনিয়ে আসছে। স্যার, সূর্য ডুবে গেছে মানে সূর্য আর উঠবে না তা নয়, সূর্য উঠবার আগে একটা গভীর অন্ধকার চারিদিকে দেখা দেয় এবং এমন কি তখন হাত পর্যন্ত দেখা যায় না। এঁরা মনে করেছেন সূর্য আর উঠবে না, কিন্তু আমরা জানি উষার পরেই ঐ পূর্ব দিগন্তে একটা ত্রিরঙ্গা আলো দেখা দেবে এবং সেই দিকেই আমরা তাকিয়ে রয়েছি। এরা শ্রমিকদের রুটি ছিনিয়ে নেবার জন্য এরকম কাজ শুরু করেছে। স্যার, আমাদের শ্রমমন্ত্রী মহাশয় দীর্ঘদিন ধরে অসুস্থ হয়ে আছেন। আমি চাই উনি চার যুগ বেঁচে থাকুন, যুগ যুগ ধরে বেঁচে থাকুন, মাথায় যত চুল আছে ততদিন বাঁচুন। কিন্তু ২০ লক্ষ শ্রমিক তো তাঁর জন্য সাফার করতে পারে না। তাঁকে যদি মন্ত্রী হিসেবে রাখতেই হয় তাহলে উইদাউট পোর্ট ফোলিও মিনিস্টার হিসেবে রাখুন, তাঁর যদি ট্রিটমেন্ট-এর দরকার হয় তাহলে তিনি চীন বা রাশিয়ায় চলে যান। কিন্তু এরকম একজন অসুস্থ মন্ত্রীর জন্য কোন মিটিং হয় না, রিকনসিলিয়েশন হয় না—এটা তো হতে পারে না। অন্ততঃ রাজনৈতিক দল হিসেবে আমরা এটা বরদাস্ত করতে পারি না। আপনি যদি মানুষের কথা ভাবেন, মানুষের বৃহত্তর স্বার্থের কথা ভাবেন, শ্রমিক দরদী হন, তাহলে আসুন, আমাদের কথা মেনে নিয়ে পদত্যাগ করে উইদাউট পোর্টফোলিও মিনিস্টার হিসেবে থাকুন। এ কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.30 P.M.)

[3.30—3.40 P. M.]

(After Adjournment)

শ্রীহৃষীকেশ মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ে

আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখনই একটা চি পেলাম মাননীয় সদস্য প্রভঞ্জন মণ্ডল মহাশয়ের কাছ থেকে। তিনি সে চিঠিতে লিখেছেন, শ্রদ্ধেয় কমঃ হৃষীদা, গতকাল রাত্রে প্রায় ৭টার সময় সাগরদ্বীপে উপর দিয়ে প্রচণ্ড ঘূর্ণিঝড় বয়ে গেছে। বহু কাঁচা বাড়ীর চালা উড়ে গেছে খান-সাহেব আবাদ হাই স্কুলের ছাদ উড়ে গেছে। বহু গরীব মানুষের ঘর পা গেছে। এই অবস্থায় আমি এলাকায় থাকলাম। আপনি এসেমব্লীতে উল্লে করবেন এবং ত্রাণসামগ্রী পাঠাতে বলবেন। ১০০০ পিস ত্রিপল ও কিছু খাবা (জি. আর.) পাঠাতে পারলে ভাল হয়। স্যার, কাকদ্বীপেও ঐ একই ঘটনা ঘটেছে আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন অবিলম্বে এ বিষ একটু নজর দেন।

শ্রীকমল সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কতখানি শ্রমিক দরদ কংগ্রে দলের আছে, তা উপস্থিত হাউসের দিকে চাইলেই বুঝতে পারবেন। যখন শ্র দপ্তর সম্বন্ধে আলোচনা হচ্ছে তখন সুব্রতসহ সকলেই ওরা অনুপস্থিত। সুব্রতবা নেই, আমি যে কথা সুব্রতবাবুর জবাবে বলতে চাই সেটা আশা করি তিনি শুনে নেবেন। সুব্রতবাবু একটু আগে বললেন এবং কংগ্রেস দল থেকেও বললেন যে, রাজ্য সরকার, রাজ্যের বাম দল কিছু করছেন না, অমুক-তমুক করছে না। অর্থা অপরিমিত টাকা আছে এবং এই যে উপায়গুলি রয়েছে আমরা সেগুলি করছি না এইভাবে তিনি বললেন। আমি বলছি একটা ছোট কাজ করুন, ইন্দিরা গান্ধীকে বলে করিয়ে দিন, কনষ্টিটিউশন বদল করে, এখানে যে কনষ্টিটিউশনের বাধা নিষেধগুলি আছে সেগুলি বাতিল করে দিয়ে সারা ভারতের শ্রমিক মানুষের একটু কল্যাণ করুন না কেন—রুশ দেশে যেখানে যে কাজ এক মিনিট/ত্ব'মিনিটের মধ্যে হয়েছিল। তাহলে আমরা একসঙ্গে হাত তুলে সব কাজ করে দিতে পারবো। কিন্তু সেটা তাঁরা করবেন না। ইকনমিক রিভিউয়ের ৬৯ পৃষ্ঠায় এই কথা আছে, সেখানে বাজেট সম্বন্ধে আলোচনা করেছিলাম। আমি একটা কথা বলে আরম্ভ করছি। 1982-83 was a testing time for the Indian economy—এই কথা বলতে গিয়ে এগ্রিকালচারে তারা এগিয়ে গিয়েছিল, সেখানে আজকে বিপর্যয় ঘটেছে। কয়েকদিন আগে আমি কানপুরে (উত্তর প্রদেশে) ছিলাম, সেখানে দেখলাম কি অবস্থা, সারা উত্তর ভারতে অর্ধেকের বেশী ফসল নষ্ট হয়ে গিয়েছে। এটা তো ইন্দিরা গান্ধীর স্টেট—এই হচ্ছে আসল অবস্থা। সারা ভারতের অর্থনীতি এই পর্যায়ে নেমে এসেছে। আমাদের দেশে ড্রাউট নেই? এবং সেই ড্রাউটে ক্ষয়ক্ষতি হয় নি? আজকে এই কথা যদি বলা হয় তাহলে কি মিথ্যা কথা বলা হবে?

এমপ্লয়মেণ্ট সম্পর্কে ভারত সরকার বলেছেন, প্রায় দু'কোটি আঠাশ লক্ষের মত সেখানে এমপ্লয়মেন্ট আছে, আগের চেয়ে সেটা বেড়েছে এবং অন্যান্য ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ইকনমিক রিভিউতে—আমি বিস্তৃতভাবে যাবো না, কিন্তু আমি এই কথাটা এই জন্য তুললাম যে, আন্তর্জাতিক যে অবস্থার সৃষ্টি হয়েছে তার পরিপ্রেক্ষিতে ভারতবর্ষে গোটা পুঁজিবাদী সমাজ আজকে হাবুডুবু খাচ্ছে, তারা কোন দিকে থৈ পাচ্ছে না, অন্য দেশে যদি এই অবস্থা হতো এবং ভারতবর্ষে যদি অন্য রকম অবস্থা হতো, তাহলে এখানে বিপ্লব হতো, সেই বিপ্লবের দ্বারা অবস্থার পরিবর্তন ঘটতো এবং সেই বিপ্লব আজকে হোক, পরে হোক—হবে। সুব্রতবাবু হয়তো বাইবেলের মত কার্ল মার্কসের নাম করলেন, লক্ষণটা ভাল, শত্রুরা যখন আমাদের মার্কসবাদ পড়তে আরম্ভ করেন আমাদের গালাগাল দেবার জন্য, ভাল কথাগুলো তাদের পড়তে হয়, সেটা তাঁরা পড়ে ভালই করেছেন। আমি এই কথা বলে অংশটা শেষ করতে চাইছি, সেটা হচ্ছে এই—এখানে শ্রমমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন, সেটা প্রথম কথা এবং সেটা দিয়েই আরম্ভ করা উচিত, সেটা হচ্ছে এই, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং এই বাজেট এখানে গৃহীত হবে, এটা চাইছি। আমি একটা কথা সুব্রতবাবুকে বলবো, তাঁরা জানেন না এবং বোঝেন না, বোঝেন না এটা তাঁদের অজ্ঞতা, কিন্তু না জেনে তাঁরা যদি অনেক বেশী কথা বলেন, তাহলে একটুখানি অসুবিধার সৃষ্টি হয়। সেটা হচ্ছে যে, ১৯৬৯ সালে, যদিও কংগ্রেসের রাজত্ব তখন ছিল, কংগ্রেসের রাজত্ব থাকা সত্ত্বেও সেই সময় বামপন্থী দলগুলো একত্রিত হয়ে, যার সংগে তখনকার কালী মুখার্জী, অর্থাৎ আই. এন. টি. ইউ. সি.'র একটা অংশ যোগ দেয় চটকলে, ইঞ্জিনিয়ারিং-এ, সূতাকলে—সর্বত্র যে ধর্মঘট করতে পেরেছিলেন তার ফলে শ্রমিকের মান যেটা সেটা সাময়িকভাবে উন্নত হয়েছে। আমি দেখছি, লেবার ইন ওয়েস্ট বেঙ্গলের মধ্যে, সেখানে একটা ফিগার দেওয়া আছে, যে ফিগার দিয়ে অতীতের সঙ্গে বর্তমান পার্থক্যের অবস্থাটা বোঝা যাবে। ১৯৪৭ সালের ডিসেম্বরে যেখানে চটকল শ্রমিক ডি. এ. এবং মাইনে নিয়ে মোট পেতেন ৪০ টাকা, সেটা ১৯৮০ সালে এসে দাঁড়িয়েছে ৫২৩ টাকা। কোথায় শুধু ৪০ টাকা ছিল, ১৯৮০ সালে সেটা ৫২৩ টাকা ৪০ পয়সা। ১৯৮১ সালে ডিসেম্বর মাসে সেটা হয়েছিল ৫৫৭.২০ টাকা, ১৯৮২ সালে সেটা বেড়ে হয়েছে ৫৯৬ টাকা ২০ পয়সা। এইভাবে আমরা দেখতে পাচ্ছি কটন, টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং, টি প্ল্যানটেশন-এ মিনিমাম ডেইলি লেবার যেখানে—এই ভিত্তিতে সব জায়গায় বাড়ছে এবং বেড়েছে তার প্রধান কারণ হচ্ছে—উনি বলছেন আন্দোলন করেন নি। আমরা বলছি, আন্দোলন আমরা করতে পেরেছিলাম বলে—একদিন,

দু'দিনের আন্দোলন নয়, চটকলে লাগাতার ৫০ দিনের আন্দোলন আমরা করেছিলাম বলে ওদের হাত থেকে আমরা ছিনিয়ে আনতে পেরেছিলাম শ্রমিকদের জন্য এই টাকা। আমরা আন্দোলনের জন্য, ধর্মঘটের জন্য অনুরোধ করি না, যেখানে যেমন অবস্থা শ্রমিক-এর হাতে যেটা আছে—সেই টাকাটা যদি চলে যায় বলে আমরা মনে করি, তখন আমরা ধর্মঘট করি। দম্ভ করে আমরা কোন আন্দোলন করি না। যেখানে দু'-চার বছর ধরে ধর্মঘট চলবে এবং শিল্পগুলো উঠে যাবে, সেই শ্রমিকের আন্দোলন আমরা সচরাচর করি না। এই জন্য আমি বলেছিলাম, ওঁরা যখন বলেছেন, সুব্রতবাবুর লোক, সুব্রতবাবু তার বিরুদ্ধে কথা বলছেন, এখন অসত্য কথা বলছেন, সুব্রতবাবুর লোক, সুব্রতবাবুর দলের অপর দল আই. এন. টি. ইউ. সি.'র আর একটা অংশ, ইউ. টি. ইউ. সি.'র লেনিন সরণীর অংশ এবং অন্যরা মিলে একটা লাগাতার ধর্মঘটের দিকে আমাদের ঠেলতে চাইছিলেন। আমরা বলেছিলাম, আমরা এই যে একটা পেয়েছি, এই পাওয়াটা রক্ষা করা, আমাদের এগ্রিমেণ্ট করা এবং তার জন্য আন্দোলন করা। আমরা বলেছিলাম যে,এই রকম ভাবে যদি আন্দোলনের মধ্যে শ্রমিকদের ঠেলে দিই, দীর্ঘ বছর ধরে এই আন্দোলন চললে অসুবিধা হবে। সেই জন্য আমরা চার্টার অব ডিমাণ্ড দিয়েছি। আমরা আশা করছি আমাদের শ্রমমন্ত্রী সেই চার্টার অব ডিমাণ্ডের ভিত্তিতে আলোচনার জন্য আমাদের ডাকবেন। আসল কথাটা হচ্ছে, কোথায় আটকাচ্ছে ?

[3.40—3.50 P.M.]

আসলে যেখানে আটকাচ্ছে সেটা হচ্ছে এই, কেন্দ্র কিছুতেই দিতে চাইছেন না। আমরা পশ্চিমবাংলায় অনেকগুলি আন্দোলন করে বিভিন্ন উপায়ে কিছু কিছু দাবী আদায় করতে পেরেছি। অতীতেও আমরা পেরেছি, এখনো পারি। আজকে ভারতবর্ষ এবং পৃথিবীর অবস্থা অন্য রকম। পুঁজিপতিদের হাত থেকে কিছু গলানো খুব শক্ত। কিন্তু তা সত্ত্বেও আমরা পেরে যাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি দুর্গাপুর ষ্টীলের সমস্ত শ্রমিকরা একত্রিত হয়ে সারা ভারতবর্ষে ধর্মঘট করে কিছু আদায় করতে পেরেছে। আমরা এই রকম ভাবে অন্যান্য শিল্পেও কিছু কিছু আদায় করতে পারছি। সেই পাওয়ার মূল শক্তিই হচ্ছে শ্রমিকদের ঐক্য। আমরা দেখতে পাচ্ছি মালিকের একটা অংশের সঙ্গে মিলে কিছু কিছু শ্রমিকের নাম করে এই লোকেরা বিপথে জিনিসটাকে চালিয়ে দেওয়ার জন্য এই ঐক্য নষ্ট করতে যাচ্ছেন। আমরা তাঁদের এখনো বলছি যে, আসুন আমরা সকলে একত্রিত হয়ে একসঙ্গে মালিকের প্রতি আঘাত করি। ১৯৭৯ সালের মত আবার আমরা যদি সকলে একত্রিত হতে

পারি তাহলে বাকি দাবীগুলি নিশ্চয় আদায় করতে পারব। এই অবস্থার মধ্যে আমি যেটা আলোচনা করতে চাইছি তা হচ্ছে এই—সেণ্টার-ষ্টেট রিলেশানের ক্ষেত্রে শ্রমমন্ত্রী এখানে কতকগুলি কথা বলেছেন। আমার হাতে একটি বই রয়েছে, সময় অভাবে সবটা পড়তে পারব না। এর আগে আমাদের মুখ্যমন্ত্রী এই সেণ্টার-ষ্টেট রিলেশানের ব্যাপার নিয়ে সমস্ত লেজিসলেচার এবং বিভিন্ন জায়গায় একটি পুস্তক প্রচার করেছিলেন। এটা শুধু আমাদের রাজ্যে নয়, অন্যান্য রাজ্যের এ্যাসেমব্লী এবং পার্লামেণ্টে সেটা প্রচার করেছিলেন এবং কি ধরনের সেণ্টার-ষ্টেট রিলেশান হওয়া উচিত সেই সম্বন্ধে একটি কাঠামো তিনি দিয়েছিলেন। ৭৫ ভাগ বিভিন্ন রাজ্যগুলির কাছ থেকে নেওয়ার পরে ফিনান্স কমিশনের সঙ্গে আলোচনা করে ৭৫ ভাগের কোথায় কতখানি কম বেশী দেওয়া যায় সেটার ভিত্তিতে স্থির করা হবে। সেটার মধ্যে মূল কথা যেটা বলা হয়েছিল তা হল এই যে, রাজ্যের লেজিসলেচারের হাতে পূর্ণ ক্ষমতা দিতে হবে এবং সেই পূর্ণ ক্ষমতা দাবী করা হয়েছিল। সেই পূর্ণ ক্ষমতা ব্যবহারের ক্ষেত্রে বলা হয়েছিল যদি এই পূর্ণ ক্ষমতা রাজ্যগুলিকে ভাগ করে দিতে পারেন তাহলে কেন্দ্রের সঙ্গে রাজ্যের সুষম অবস্থার সৃষ্টি হতে পারে। মেমোরানডায় অন সেণ্টার-ষ্টেট রিলেশান বাই দি গভর্নমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল, তার ১০নং ধারায় বলা হয়েছে আর্টিকেল্‌স্ ২০০, ২০১ which empower the Governor to give assent to Bills passed by the Assembly or the President's assent should be done away with. The State Legislature must be made supreme in the State's sphere and on interference by the State in this sphere should be allowed on any ground. কিন্তু তা তো হয় নি। সেই জন্য আমরা ঠিক করেছি এর জন্য প্রতিনিয়ত আন্দোলন করব, আলোচনা করব বিধানসভার ভিতরে এবং বাইরে যাতে করে এই অবস্থার সৃষ্টি হতে পারে। ওঁরা বলছেন, ফেডারাল ষ্ট্রাকচার—কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে সমস্ত ক্ষমতা একটা জায়গায় কুক্ষিগত করা হচ্ছে। পাওয়ারের ব্যাপারটাই ধরা যাক—এই ব্যাপারে আমরা আগেও বলেছিলাম, আবার বলছি ওয়েষ্টার্ন রিজিয়নে যেখানে ১২ হাজার ২১৩ মেগাওয়াট দিচ্ছেন, সাউদার্ন রিজিয়নে ১০ হাজার ৬৩ মেগাওয়াট দিচ্ছেন, নর্দার্ন রিজিয়নে ১০ হাজার ৮২৫ মেগাওয়াট দিচ্ছেন—সেখানে ইষ্টার্ন রিজিয়নে পশ্চিমবঙ্গ, বিহার, আসাম, উড়িষ্যা সব মিলিয়ে মাত্র ২ হাজার ৮৩৫ মেগাওয়াট দিচ্ছেন।

ইন্সটলড ক্যাপাসিটির ক্ষেত্রে অবস্থা খুবই শোচনীয় দেখা যাচ্ছে। যেখানে আমাদের লাইসেন্স দেওয়া হচ্ছে না, অন্যান্য জিনিস দেওয়া হচ্ছে না, সেখানে লক-

আউট এবং ষ্ট্রাইকের ক্ষেত্রে অবস্থাটা কি সেটা একটু খতিয়ে দেখা যাক। ষ্ট্রাইক এবং লক-আউটের ম্যানডেজ যা নষ্ট হয়েছে সেটা হচ্ছে—ম্যানডেজ লস ইন থাউজেণ্ড—১৯৭৮ সালে ১৫ হাজার ৪২৩ ষ্ট্রাইকে ম্যানডেজ লস হয়, ১২ হাজার ৯১৭ লক-আউটে নষ্ট হয়। ১৯৭৯ সালে ৩৫ হাজার ৮০৪ ষ্ট্রাইকে, ৮ হাজার ৫০ লক-আউটে। এটা বম্বের ষ্ট্রাইককে কেন্দ্র করে। ১৯৮০ সালে ১২ হাজার ৮০০ ষ্ট্রাইকে আর ৯০৭ লক-আউটে। আমি যে ফিগারগুলি বললাম, তারপরে তিনটি করে শূন্য বসবে, কারণ আগেই বলেছি এটা ইন থাউজেণ্ড। ইকনমিক টাইমসে যে ফিগার বেরিয়েছে সেগুলি অনুধাবন করলে দেখা যাবে পরবর্তীকালে লক-আউটটাই হচ্ছে প্রধান এবং সেখানে ষ্ট্রাইকটা ক্রমশঃ ক্রমশঃ কমে গেল। ১৯৬৯ সালে আমরা ধর্মঘট করে জয়ী হয়েছিলাম, কিন্তু ১৯৬৯ সালের পর আমরা দেখছি মালিকরা ধর্মঘট করছেন। এক্ষেত্রে একটা ভয়ঙ্কর জিনিস আমরা দেখছি যে, এখন কোন আলোচনা করার আগেই মালিকরা চার্টার অব ডিমাণ্ডস দিচ্ছেন। অতীতে কখনও ট্রেড-ইউনিয়ান আন্দোলন করতে গিয়ে শুনি নি যে, মালিকদের চার্টার অব ডিমাণ্ড নিয়ে আলোচনা করতে হবে। ধর্মঘট করার পর যখন আলোচনা করতে যাওয়া হচ্ছে তখন মালিকরা কোথাও ১০ দফা, আবার কোথাও বা ২০ দফা দাবী উপস্থিত করছেন এবং তার মধ্যেই তাঁরা সীমাবদ্ধ থাকতে চাইছেন। এটা নতুন এবং ১৯৬৯ সালে ধর্মঘটের সময় থেকে এটা তাঁরা আরম্ভ করেন। এখন মূলতঃ ধর্মঘট করার আগেই মালিকদের দাবী সরকারের কাছে পৌঁছে যাচ্ছে এবং সেটা বিচার করতে হচ্ছে। আজকে শ্রমিক আন্দোলনের কথা বলে সুব্রতবাবুরা যতই বাগাড়ম্বর করুন না কেন, এটা সকলেই জানেন যে, তাঁদের দলের পুঁজিপতিদের সঙ্গে গাঁটছড়া বাঁধা আছে। তাঁরা তাঁদের কাছ থেকে অর্থ পান এবং নানান উপকার পান। সেই পাবার ব্যবস্থাকে বজায় রাখার জন্যই তাঁরা এই পুঁজিপতি ব্যবস্থাটাকে টিঁকিয়ে রাখার জন্য ট্রেড-ইউনিয়ান করেন। তিনি যে কোটেশানটা এখানে পড়লেন সেটা পুরোপুরি তাদের ক্ষেত্রেই প্রযোজ্য। বিলেতে যে এ্যারিষ্ট্রোকেট লেবার ছিল, গ্লাডষ্টোনের যে দল ছিল তাদের সম্পর্কে পরবর্তীকালে মার্কস এবং লেনিন বলেছিলেন, এটা হচ্ছে একটা উঁচু পর্যায়ের দল। শ্রমিক আন্দোলনকে পেছন থেকে ছুরি মারার জন্য তারা প্রস্তুত।

[3.50—4.00 P. M]

আর একটা কথা বলে রাখা ভাল সেটা হচ্ছে, আজকে চটকলের ১৬টি মিলে ৬৭ হাজার মজুর যেখানে জড়িত সেটা লক-আউট-এর মধ্যে রয়েছে এবং ১৬টা মিল

খুলেছে, ১০টা মিল বন্ধ হয়েছিল লক-আউটে যেখানে ৩ হাজার একশত শ্রমিক জড়িত, ৩টি মিলে ক্লোজার হয়েছে, যেখানে ৪ হাজার ৯ শত শ্রমিক জড়িত। এই অবস্থার মধ্যে দিয়ে যদি আমরা বিচার করি তাহলে জিনিসটা পরিষ্কার হবে। কিন্তু সেটা সময় সাপেক্ষ, তার অবকাশ আমার নেই। সুব্রতবাবুরা যে-সব কথা বলেছেন তার উত্তর দেবার প্রয়োজন মনে করি না। আমি এখানে আমার বক্তব্য রাখছি। গত কয়েক বছরে বামফ্রন্টের আমলে আমরা শ্রমিকদের যে কাঠামো আছে সেটাকে বদল করতে পেরেছি। আমরা দাবী করতে পারি যে, পশ্চিমবাংলায় এই সরকার গঠন হবার পরে আমরা শ্রমিক শ্রেণীর পাশে দাঁড়িয়েছি এবং আজকে তাদের নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেদের অধিকার বুঝে নেবার মত অবস্থা সৃষ্টি করতে পেরেছি। প্রথমবার যখন ১৯৬৯ সালে ধর্মঘট হয়েছিল তখন আমরা সরকারে ছিলাম। সেই সময়ে আমরা ধর্মঘটকে সমর্থন করি। তখন কৃষ্ণপদ ঘোষ শ্রমমন্ত্রী ছিলেন। তিনি চটকলের মিলে মিলে গিয়ে শ্রমিকদের বলেছিলেন যে, তোমাদের জন্য যা করার সব করেছি, কিন্তু আমার কথা মালিকরা শুনছে না। তোমাদের যে দাবী সেটা ন্যায্য। এই ন্যায্য দাবীতে তোমরা যদি ধর্মঘট কর তাহলে আমরা তোমাদের সমর্থন করবো। এই কথা অনেক রাজ্যের কংগ্রেস মন্ত্রীদের কাছে আশ্চর্য লেগেছিল। তাঁরা বলেছিলেন, এই রকম ঘটনা ঘটলো কি করে? এই ভাবেই ঘটে, কারণ এই সরকার শ্রমিক শ্রেণীকে সমর্থন করে। এই সরকার শুধু শ্রমিকদের স্বার্থই দেখে না, এই সরকার বুদ্ধিজীবীদের যে স্বার্থ, অন্যান্য নিপীড়িত অংশের যে স্বার্থ, সেটাও দেখে। কৃষক যখন সংগ্রাম করে তখন কৃষকের বন্ধু হিসাবে এই সরকার তাদের পাশে গিয়ে দাঁড়ায়। ক্ষেতমজুর যখন তাদের মজুরী বৃদ্ধির জন্য লড়াই করে তখন এই সরকার তাদের পাশে গিয়ে দাঁড়ায়। তারপরে প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদি যে-সব কথা বলা হয়েছে সে সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে, কিছু কিছু তার হিসাব আমাদের এই সরকার নিয়ে এসেছেন। তবে সেটা আরো সুষ্ঠুভাবে করতে হবে। আমি এখানে একথা বলতে চাই যে, ওয়েলফেয়ার [illegible] রলে যে ফাণ্ড আছে, সেই ওয়েলফেয়ার ফাণ্ডে কিছু টাকা জমেছে এবং শ্রমিকদের চাঁদার টাকায় সেটা হয়েছে। আমার মনে হয় ২/১ কোটি টাকা সেখানে রয়েছে। সেই টাকা দিয়ে শ্রমিকদের জন্য কিছু একটা করা উচিত। আজকে যেখানে গৃহসমস্যা শ্রমিকদের কাছে অত্যন্ত বেশী সে সম্পর্কে চিন্তা করা দরকার ১৯৩৭ সাল থেকে গৃহসমস্যা যেখানে ছিল আজও সেই সমস্যা রয়ে গেছে, মালিকরা কিছু করছে না। সরকার যদি মালিকদের বাধ্য করেন, বাধ্য করে সেই টাকা যদি কেটে নেন এবং টাকাটা নিয়ে শ্রমিকদের জন্য মিলগুলির পাশে যে হাজার হাজার

বিঘা জমি আছে সেখানে কোয়ার্টার তৈরী করে দেন তাহলে ভাল হয়। এই টাক মালিকরা দিতে বাধ্য, কেন্দ্রীয় সরকার দিতে বাধ্য। আজকে ওয়েলফেয়ার ফাং যেটা আছে তার থেকে প্রাথমিক খরচ যদি বহন করা যায় তাহলে সেই প্রাথমিব খরচ বহনের মধ্যে দিয়ে শ্রমিকদের সবচেয়ে বেশী প্রয়োজন যে বাসস্থান, তা কিছুটা সুরাহা হতে পারে। আজকে বেতনের দিক দিয়ে অনেক ভাল অবস্থা সৃষ্টি হয়েছে। তাদের চাকুরির ক্ষেত্রে ইচ্ছামত ছাঁটাই করা যায় না, এটাও যেম সত্য, আবার ছাঁটাই করা হচ্ছে এটাও সত্য। এই দুটোর মধ্যে দাঁড়িয়ে শ্রমিকদে নিরাপত্তা যদি আমরা দিতে পারি, এই নিরাপত্তার আশ্বাস যদি সরকার দিতে পারেন তাহলে ভাল হয়। সুব্রতবাবু যে-সব প্রশ্ন তুলেছেন সেই প্রশ্নের জবাব দেবার মত নয়। উনি যখনই সুযোগ পান তখনই শ্রমমন্ত্রী এবং কিছু কিছু মন্ত্রী বিরুদ্ধে অযথা কটূক্তি করেন, অশালীন কথা বলে থাকেন। এটার কোন জবাব নেই। আজকে ভারতবর্ষে যে-সমস্ত শ্রদ্ধেয় মানুষ আছে, তাদের মধ্যে যেম আমাদের মুখ্যমন্ত্রী আছেন, তেমনি শ্রমমন্ত্রীও ভারতবর্ষের মধ্যে একজন শ্রদ্ধেয় মানুষ বলে বিবেচিত হন।

সম্প্রতি কানপুরে সি. আই. টি. ইউ.-র যে সম্মেলন হয়ে গেল সেই সম্মেলনে আমরা দেখেছি সি. আই. টি. ইউ-র দিকে সমস্ত শ্রেণীর সংগ্রামী মানুষ এগিয়ে আসছেন আই. এন. টি. ইউ. সি. ত্যাগ করে, কংগ্রেস ত্যাগ করে, অন্যান্য দল ত্যাগ করে—যথা লোকদল, জনতা দল ত্যাগ করে এগিয়ে আসছেন। আজকে মানুষ ঐসব দল ত্যাগ করে বাম দলগুলির দিকে, বিশেষ করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির দিকে, সি. আই. টি. ইউ.-র দিকে এগিয়ে আসছে। সেই জন্যই সুব্রতবাবুর রাগ হচ্ছে এবং তিনি চিৎকার করছেন। আমি অতীতেও বলেছি, সুব্রতবাবু জানেন, তাঁদের দলের যাঁরা সৎ, গুণী—যাঁদের শ্রমিক এবং কৃষকের প্রতি দরদ রয়েছে তাঁরা আজকে নতুন করে চিন্তা-ভাবনা করতে শুরু করেছেন। তাঁরা দেখছেন ইন্দিরা ভারতবর্ষকে যুদ্ধের দিকে না হলেও বিভীষিকার দিকে নিয়ে যাচ্ছেন। সেদিক থেকে ভারতবর্ষকে যদি রক্ষা করতে হয়, সাধারণ মানুষের, শ্রমজীবী মানুষের ঐক্যকে যদি রক্ষা করতে হয় তাহলে সি. আই. টি. ইউ. যে পথ দেখিয়েছে, শ্রমিক শ্রেণী যে পথ দেখিয়েছে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি যে পথ দেখিয়েছে, সে পথে যাওয়া ছাড়া আর গত্যন্তর নেই। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের অন্যতম নেতা

সুব্রতবাবুর বক্তৃতা শুনলাম। ওঁরা ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারকে পরিচালনা করছেন এবং উনি কিছু দিন এখানে রাজ্যের মন্ত্রী ছিলেন। কিন্তু আমি ওঁর বক্তৃতা শুনে আশ্চর্য হয়ে গেলাম। উনি দায়িত্বজ্ঞানহীন উক্তি করলেন। গোটা ভারতবর্ষে পুঁজিবাদ থাকবে, মাল্টিন্যাশনালরা থাকবে, শুধু পশ্চিমবাংলায় থাকবে না। অথচ ভারতবর্ষের অঙ্গ রাজ্য পশ্চিমবাংলা, তাঁরা পশ্চিমবাংলা থেকে টাকা ইরোড করে পশ্চিম উপকূলে একটার পর একটা নতুন কারখানা খুলবে এবং তাতে সুব্রতবাবুদের বাধা নেই, আপত্তি নেই।

কিছুক্ষণ আগে মাননীয় সদস্য বামাপদবাবু এখানে তথ্য দিয়ে দেখিয়েছেন যে, পশ্চিমবাংলায় প্রোডাকশন বেড়েছে। সুতরাং আমি আর সে তথ্যের মধ্যে যাচ্ছি না। আমি শুধু এখানে তথ্য দিয়ে দেখাতে চাই যে, এখানে ঘেরাও, লে-অফ, ক্লোজার খানিকটা কমেছে। কিন্তু আমরা জানি তার দ্বারা গোটা ভারতবর্ষে যে সঙ্কট চলছে সেই সঙ্কটের হাত থেকে পশ্চিমবাংলার মানুষকে বাঁচান যাবে না। কারণ কেন্দ্রীয় সরকার আই. এম. এফ. থেকে ৫ হাজার কোটি টাকা ঋণ নেওয়ার ফলে মুদ্রাস্ফীতি ঘটেছে। আমি তথ্য দিয়ে দেখাতে পারি শ্রমিক-কর্মচারীদের কিছু বেতন বেড়েছে ঠিকই, কিন্তু প্রাইস ইনডেক্স বেড়েছে তার চেয়ে অনেক বেশী। আমার সময় কম। তাই আমি একটি মাত্র ইণ্ডাষ্ট্রিকে ধরে তথ্যটি উত্থাপন করব। কটন টেক্সটাইল, যেখানে ১৯৭২ সালে একজন শ্রমিক ভ্যারিয়েবল্ ডি. এ. ধরে ১৭৩ টাকা ৯০ পয়সা বেতন পেতেন, সেখানে নভেম্বর '৮২-তে একজন শ্রমিক ৫৭০ টাকা ৪৫ পয়সা কটন টেক্সটাইল ইণ্ডাষ্ট্রিতে বেতন পাচ্ছেন। কিন্তু আমরা ১৯৬০-৬১ সালকে যদি বেস ইয়ার ধরি তাহলে ১৯৭১-৭২ সালে প্রাইস ইনডেক্স ছিল ১৮১, আর আজকে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৪৭০। আমাদের দেশের শ্রমিকশ্রেণী বৃটিশ সাম্রাজ্যবাদের সময় থেকে আন্দোলন করে আজ পর্যন্ত যে অধিকার অর্জন করেছেন তাকে আজকে কেন্দ্রীয় সরকার খর্ব করছেন। সমস্ত বিরোধী দলগুলির সমস্ত দাবীকে নস্যাৎ করে লোকসভায় যে বিল গৃহীত হলো, সেই বিলের মধ্যে দিয়ে তাঁরা কি করেছেন? আমরা ধর্মঘট করতে পারব না, শ্রমিকরা তাঁদের দাবী নিয়ে ধর্মঘট করতে পারবেন না—এই বিল তাঁরা পাশ করেছেন। আর আজকে সুব্রতবাবু শ্রমিক দরদের কথা বলছেন। প্রায় ১৩ মাস ধরে মহারাষ্ট্রে সুতাকল শ্রমিকরা আন্দোলন করছেন, আজ পর্যন্ত তাঁরা সেখানে সেই বিরোধ মেটাতে পারলেন না। সেখানে তাঁরা এসমা এবং নাসা'র দ্বারা শ্রমিক আন্দোলনের নেতাদের গ্রেপ্তার করছেন। 'জেল-ভরো' আন্দোলনে সেখানে 'দত্তসামন্তকে' গ্রেপ্তার করা হয়েছে। আমরা এখানে ঐ জিনিস করি না, করতে পারি না। কিন্তু

কয়েক বছর আগেই এখানে সুব্রতবাবুদের আমলে আমরা দেখেছি তাঁরা পুলিশ দিয়ে শ্রমিক আন্দোলনকে পঙ্গু করবার চেষ্টা করেছিলেন। সুব্রতবাবুকে আমি তথ্য দিয়ে দেখাতে চাই, ১৯৭৫ সালে—যেটাকে বলা হয় ইন্দিরা গান্ধীর স্বর্ণযুগ, সেই সময়ে লে-অফ্‌'এর ঘটনা কতগুলি ঘটেছিল। ১৯৭৩ সালে ১৫৫৩টি ঘটনা ঘটেছিল, ১৯৭৫ সালে ঘটেছিল ৩৯৬টি। অথচ আমাদের সময়ে, ১৯৮০ সালে ১০৬টি লে-অফ'এর ঘটনা ঘটেছিল এবং ১৯৮১ সালে মাত্র ৬০টি ঘটনা ঘটেছিল, যাতে লেবার ইনভলভমেন্ট ছিল ৫,৪৬১ জন।

[4.00—4.10 P. M.]

ওঁরা ঘেরাওয়ের কথা বলে খুব সোচ্চার হতেন। আমি ঘেরাও সম্পর্কে কয়েকটি তথ্য দিচ্ছি, ১৯৭৩ সালে ছিল ৩১, ১৯৭৫ সালে ১৬টি, ১৯৮১ সালে ১২টি। ক্লোজার হয়েছিল ১৯৭৫ সালে ৮৯, ১৯৭৬ সালে ১১৬, সেখানে ১৯৮০ সালে ৫৬টি, আর ১৯৮১ সালে ৪৩টি এবং ১৯৮২ সালে ৬টি। সুতরাং আমি বলতে পারি গুণগত উন্নতি ঘটেছে। কিন্তু এর দ্বারা পশ্চিমবাংলার সামগ্রিক উন্নতি ঘটেছে একথা ওনাদের মতন বড়গলায় বলতে চাই না। পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ৩২ লক্ষ যুবক বেকার-ভাতা খাতায় নাম লিখিয়েছে। আমরা একটা ভলকানিক ইরাপশানের মুখে দাঁড়িয়ে আছি। গোটা ভারতবর্ষের যা জনসংখ্যা তার ২০ ভাগ এই পশ্চিমবাংলায় বসবাস করেন একথা কি সুব্রতবাবু অস্বীকার করবেন? দেশ বিভাগ যখন হলো তখন কংগ্রেস সরকার কথা দিয়েছিলেন ওপার বাংলার ছিন্নমূল মানুষের দায়-দায়িত্ব আমাদের। সেই দায়-দায়িত্ব ওঁরা পালন করলেন না। ইণ্ডাষ্ট্রিয়াল বাজেটে আমি তথ্য দিয়ে দেখিয়েছি, কিভাবে ওঁরা বিগত ৩০ বছর ধরে পশ্চিমবাংলাকে শ্মশানে রূপান্তর করবার চেষ্টা করেছেন ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স দেবার নীতির মধ্য দিয়ে। পশ্চিমবাংলার মতন এই ছোট্ট রাজ্যে ৫ কোটি ৪৫ লক্ষ মানুষের বসবাস এবং গোটা ভারতবর্ষের যত বেকার আছে তার ২০ পারসেন্ট এই পশ্চিমবাংলায়। এই এত বেকারের দায়-দায়িত্ব শুধুমাত্র কি বর্তমান রাজ্য সরকার বহন করবেন? কেন্দ্রের কোন দায়-দায়িত্ব নেই? এই রাজ্য এককালে ছিল শিল্পে প্রথম, কিন্তু দীর্ঘ ৩৫ বছরের বঞ্চনা এবং লুণ্ঠনের মধ্য দিয়ে আজকে পশ্চিমবাংলা অষ্টম স্থানে পৌঁছে গেছে। সুতরাং এই দায়-দায়িত্ব কি কেন্দ্রীয় সরকার বহন করবেন না? এখানে চটকল সম্পর্কে প্রশ্ন তোলা হয়েছে। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার মধ্য দিয়ে

বলেছেন, এই চটকল সম্পর্কে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে বারবার এই কথা বলেছি। যেমন মহারাষ্ট্রে তুলো চাষের জন্য এবং সেই তুলো কেনার জন্য তুলো ক্রয় করপোরেশন করার অধিকার দেওয়া হয়েছে। তেমনি পশ্চিমবাংলার লক্ষ লক্ষ পাটচাষীকে বাঁচাবার জন্য পাট ক্রয় করপোরেশন করার অধিকার দেওয়া হোক, কিন্তু কেন্দ্রীয় সরকার তা দেন নি। শুধু কি তাই, পাট কেনবার জন্য যে ১১১ কোটি টাকা রিজার্ভ ব্যাঙ্ক মঞ্জুর করলেন। সেই টাকা কোথায় গেল? এই ব্যাপারে তদন্ত করবার দায়-দায়িত্ব আমাদের রাজ্য সরকারের শ্রমমন্ত্রীর, না এই দায়িত্ব কেন্দ্রীয় অর্থমন্ত্রীর? কই একবারও তো সেকথা বললেন না? তাই আমি এই কথা বলতে চাই, এই বিধানসভার চত্বর থেকে লক্ষ লক্ষ পাটচাষীদের স্বার্থে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম যে, চট শিল্পকে জাতীয়করণ করা হোক। সুব্রতবাবু ট্রেড-ইউনিয়নের মিটিং-এ বারবার বলেছেন জাতীয়করণের নীতিকে আমি ব্যক্তিগতভাবে সমর্থন করলেও দলগতভাবে সমর্থন করতে পারছি না, মা ইন্দিরা অখুশী. তিনি রেগে যাবেন, তাই আমার ব্যক্তিগতভাবে মত আছে এবং ব্যক্তিগতভাবে সমর্থন করি। সুব্রতবাবু রাজী হবেন না, উনি মাল্টিন্যাশনাল—তাদের সঙ্গে অশুভ আঁতাতের কথা ইঙ্গিত করেছেন। পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত চটকল দখল করে আছে ১৪টি পরিবার, একচেটিয়া পুঁজিপতি, মালটিন্যাশনাল। সেই চটকলগুলিকে জাতীয়করণ করবার ক্ষেত্রে চলুন আমরা একসঙ্গে যাই, ইন্দিরা গান্ধীকে গিয়ে বলি যে, এগুলিকে জাতীয়করণ করা হোক, পশ্চিমবাংলার শ্রমিকদের স্বার্থে এটা করা হোক। আমি তথ্য দিয়ে দেখাচ্ছি, পশ্চিমবাংলায় খালি বাঙালীরা বাস করেন—এই তথ্যটা ঠিক নয়।

আমি বিভিন্ন শিল্পে তথ্য দিয়ে দেখাতে চাই। কটন টেক্সটাইলে, জুট ইণ্ডাষ্ট্রিতে মাত্র শতকরা ২৫·৩৭ শতাংশ বাঙ্গালী শ্রমিক, বাকী গোটা ভারতবর্ষের মানুষ এখানে এসেছেন—বিহার, উড়িষ্যা, উত্তরপ্রদেশ। সুতরাং এ ব্যাপারে কেন্দ্রের দায়িত্ব খানিকটা আছে। সুতা শিল্পে ৫৪·৮৩ ভাগ মাত্র বাঙালী, বাকীটা অপরাপর রাজ্যের লোক আছে। পশ্চিমবঙ্গ কসমোপলিটন রাজ্য। দাক্ষিণাত্যের রাজ্য দেখুন—মাদ্রাজে, অন্ধ্রে যদি দেখেন সেখানে দেখবেন সেই রাজ্যের শ্রমিক ছাড়া অন্য রাজ্যের শ্রমিক নেই। অন্যান্য রাজ্য—আসাম, বিহার, উড়িষ্যা সেখানে প্রাদেশিকতা বিচ্ছিন্নতা মাথাচাড়া দিয়ে উঠেছে। সুব্রতবাবু, পশ্চিমবঙ্গে যাতে প্রাদেশিকতা, বিচ্ছিন্নতাবাদ মাথাচাড়া দিয়ে উঠতে না পারে অন্ততঃপক্ষে সেই রাজনৈতিক চেতনা সৃষ্টি করতে হবে।

আমাদের চটকল, সুতাকল শ্রমিকদের যে চুক্তির মেয়াদ ছিল আমরা তা থেকে একটা ১৯৮১ সালের নভেম্বর মাসে এবং আর একটা ১৯৮২ সালের ফেব্রুয়ারীতে

উত্তীর্ণ হয়েছি। আর একটা চুক্তিতে আমরা উত্তীর্ণ হতে পারি নি মালিকদের অনমনীয় মনোভাবের জন্য এবং যেটুকু আমাদের রাজ্য সরকার চটকল শ্রমিকদের গ্রেড স্কেলের জন্য রায় দিয়েছিলেন—মালিকরা সেই ত্রিপক্ষীয় চুক্তিতে সই করে-ছিলেন। বলেছিলেন রাজ্য সরকার গ্রেড সম্বন্ধে যে রায় দেবেন তা আমরা মেনে নেব, পরে হাইকোর্টে চলে গেলেন। কাশীবাবু, সত্যবাবু তো মহামান্য হাইকোর্টের প্রতি খুব শ্রদ্ধা দেখালেন। আমি বলছি যে, মহামান্য হাইকোর্টকে বলুন না মালিকদের মামলার তদন্ত না করে কেন ঝুলিয়ে রেখেছেন? সুতা শিল্পে গ্রেড স্কেলের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় রায় দিয়েছেন। দেখা গেল সেটা মালিকরা মানছেন না। সেজন্য আন্দোলন করা দরকার এবং সেই আন্দোলন দমানোর জন্য রাজ্য সরকার পুলিশ ব্যবহার করবেন না। পরিশেষে আমাদের এইসব দাবীর আবশ্যিকতা সুবোধ ব্যানার্জী মহাশয় করেছিলেন যে, মালিকরা যদি একটার পর একটা কনসিলিয়েশন ষ্টেজে যায় তাহলে তিনটির উপর কনসিলিয়েশন ফেলে রাখা উচিত নয়, তার রেফার করা উচিত। আমরা দেখছি আপনার দপ্তরের মামলাগুলি ঝুলিয়ে রেখেছেন। তাদের অনেকগুলি অসুবিধা আছে। আপনার দপ্তরের আরও অফিসার Conciliation Officer in the rank of Assistant Labour Commission. তাদের এইসব প্রায় ৩০/৩৫ জন শর্ট আছে। ফলে অসুবিধা হচ্ছে। ট্রেড-ইউনিয়ন ইন্সপেক্টরের সংখ্যা অনেক কম। পরিশেষে বলতে চাই আপনার এককোটি ৬৫ লক্ষ শ্রম-দিবস যে নষ্ট হয়েছে। তার ৫০ শতাংশ চটকল মালিকদের চটকল বন্ধ রাখার জন্য। শ্রমমন্ত্রী মহাশয়ের নিকট আমার কতকগুলি সাজেশান আছে। আপনার দপ্তরের লোক কম, সেখানে নিয়োগের ব্যবস্থা করতে হবে। অফিসার, ফ্যাক্টরী ইন্সপেক্টর, চীফ ইন্সপেক্টর, ডেপুটি ইন্সপেক্টর এঁরা কোথাও যেতে চান না। তার ফলে ফ্যাক্টরী মালিকরা ফ্যাক্টরী এ্যাক্টের নিয়মকে উপেক্ষা করে একটার পর একটা বে-আইনী কাজ করে চলেছে। দ্বিতীয়তঃ দুর্গাপুরকে ই. এস. আই. প্রকল্প থেকে বাইরে রাখা হয়েছে। দুর্গাপুরে ই. এস. আই. প্রকল্পটি সম্প্রসারিত করা উচিত। তাছাড়া বিভিন্ন জায়গায় বিশেষ করে জগদ্দল, ব্যারাকপুর বেলটে ওখানে ই. এস. আইয়ের হসপিটাল আছে। ই. এস. আই. প্রভিডেন্ট ফাণ্ডে দুর্নীতি হচ্ছে, প্রভিডেন্ট ফাণ্ড কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। শ্রমিকদের টাকা সেখানে থাকে। সেখানে দুর্নীতি দূর করবার জন্য সহযোগিতার হস্ত প্রসারিত করুন। এই কথা বলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে বিরোধী দলের নেতা যে বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10—4.20 P.M.]

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শ্রমমন্ত্রী কৃষ্ণপদবাবু যে বাজেট পেশ করেছেন, আমি জানি—কমলবাবু এখানে বলেছেন যে, ভারতের সঙ্কটগ্রস্ত পুঁজিবাদী ব্যবস্থার সীমাবদ্ধতার মধ্যে বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে সেটা অজানা নয়। কিন্তু আমার যেটা বক্তব্য, তাহল এই সীমাবদ্ধতার মধ্যে শ্রমিকশ্রেণীর স্বার্থে বামফ্রন্ট সরকারের ভূমিকা কি হওয়া উচিত, পশ্চিমবাংলার মানুষ, শ্রমজীবী মানুষ কি আশা করেন? আশা করেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শ্রমজীবী মানুষের সংগ্রামের হাতিয়ার হিসাবে কাজ করবে। কিন্তু বাস্তব অভিজ্ঞতাটা কি আমাদের? বামফ্রন্ট সরকারের ছয় বছরের রাজত্বে শ্রম দপ্তরের ভূমিকা এবং সরকারের ভূমিকা যা দেখেছি, তাতে দেখতে পেয়েছি যে, বামফ্রন্ট সরকার সংগ্রামের হাতিয়ার না হয়ে কার্যতঃ মালিকশ্রেণীর তোষণের, পৃষ্ঠপোষকতার যন্ত্রে পরিণত হয়েছে। এই রিমার্ক যা করেছে তা কষ্টলি। কিন্তু পশ্চিমবঙ্গের ঘটনাই একথা প্রমাণ করবে। দিস ইজ দি ট্র্যাজিডি। আজকে এই পুঁজিবাদী ব্যবস্থা এবং এই পুঁজিবাদী ব্যবস্থাপনার যে রক্ষক—কেন্দ্রীয় সরকার শ্রমজীবী মানুষের উপর একের পর এক আক্রমণ এবং তাঁদের দীর্ঘদিনের সংগ্রামে অর্জিত অধিকার হরণ করবার যখন চেষ্টা করছেন, এই রকম সর্বাত্মক আক্রমণের মুখে যখন শ্রমজীবী মানুষ দাঁড়িয়ে, বামফ্রন্ট সরকার যদি সত্যি শ্রমিক-দরদী হোতেন তাহলে তার ভূমিকা হোত—মালিকদের একতরফা আক্রমণের বিরুদ্ধে শ্রমজীবী মানুষের পাশে দাঁড়িয়ে তাঁদের ন্যায়সঙ্গত আন্দোলনকে শক্তিশালী করতেন, জোরদার করতেন এবং তার জন্য আজকে বামফ্রন্ট সরকারের হাতে যতটুকু ক্ষমতা আছে তা ব্যবহার করতেন। আর এটাই তো হওয়া স্বাভাবিক ছিল। সেক্ষেত্রে আজকে কি হয়েছে? বামফ্রন্ট সরকারের আমলে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের শ্রমিকরাই সবচেয়ে বেশী মার খাচ্ছে আজ। দিস ইজ দি ট্র্যাজিডি। ভারতবর্ষের আর কোথায়ও এত লে-অফ নেই, নেই এত লক-আউট। ১৯৮২ সালে পশ্চিমবঙ্গে ভারতবর্ষের মধ্যে বেসরকারী প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে সবচেয়ে বেশী লে-অফ হয়েছে। গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় নির্বিচারে লে-অফ, লক-আউট, রিট্রেঞ্চমেন্ট—সমস্ত নগ্ন আক্রমণ নির্বিচারে শ্রমিকশ্রেণীর উপর নেমে এসেছে। আর বামফ্রন্ট সরকার সেখানে নির্বাক। শুধু নির্বাক তাই নয়, বিভিন্ন ক্ষেত্রে যে-সমস্ত রিট্রেঞ্চমেন্ট হয়েছে এবং তার জন্য ট্রাইপার্টাইট যে-সমস্ত বৈঠকগুলো হচ্ছে তাতে সরকার পক্ষ মালিক পক্ষের হয়ে অদ্ভুতভাবে ওকালতি করছেন। কিন্তু এ কথা

আজকে স্বীকার না করে উপায় নেই যে, পশ্চিমবাংলার মূলশিল্পে—ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রি, কটন টেক্সটাইল ইণ্ডাষ্ট্রি, জুট ইণ্ডাষ্ট্রিতে ৭.৫০ লক্ষ শ্রমিক যার সঙ্গে যুক্ত—আজকে কিভাবে মার খাচ্ছে। তাঁদের বেতন চুক্তি আজ দেড় বছর বকেয়া, অথচ কোন ফয়সালা হচ্ছে না। সেখানে কেন্দ্রীয় ট্রেড-ইউনিয়নগুলো দাবী রাখছে রেট্রোস্পেকটিভ এফেক্ট ফ্রম ১-১-৮২ এই দাবী মানতে হবে, এফেক্ট দিতে হবে। কিন্তু সেখানে মালিকপক্ষ বলছে যেদিন বেতনচুক্তি সই হবে, যেদিন সিদ্ধান্ত হবে সেদিন থেকে এটা কার্যকরী হবে। অদ্ভুত ব্যাপার! আবার এই বুরো অফ পাবলিক এণ্টারপ্রাইস, যেটা কেন্দ্রীয় সংস্থা, তাদের বিরুদ্ধে আপনারা কথা বলেন। বলার অধিকার কতটা আছে আপনাদের? আপনারা শুধু বি. পি. ই. মালিকদের বিরুদ্ধে কথা বলেন। তারা যদি বকেয়া টাকা না দেয় তাহলে তাদের সমালোচনা করেন। কিন্তু এখানে কি করছেন? নিজের রাজ্যের অভ্যান্তরে কি করছেন? বিগ বিজনেস হাউসগুলি যেদিন থেকে বেতন কাঠামোর এগ্রিমেণ্টে সই করবে সেইদিন থেকে নূতন বেতন কার্যকরী হবে। তাদের বকেয়া টাকা দেওয়ার ব্যাপারে কিছু সমালোচনা করেন না। আজকে চোখের সামনে একটার পর একটা আইনের ভায়োলেশান হচ্ছে, কিন্তু কিছু করছেন না আপনারা। তারা সমস্ত রকম এগ্রিমেণ্ট, এ্যাওয়ার্ড, সেটেলমেণ্ট একেবারে নির্লজ্জের মতো সেইগুলোকে লঙ্ঘন করছে। তারা সেই আইনকে দু'পায়ে মাড়িয়ে তারা তাদের নিজেদের কাজ করে যাচ্ছে। আপনাদের হাতে যে আইন আছে, আপনাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যে আইনগুলি আপনাদের হাতে আছে, তার দ্বারা আপনারা তাদের বিরুদ্ধে কিছু ব্যবস্থা নিচ্ছেন না। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে বলতে চাই, আণ্ডার সেকশান ২৯ অফ আই. ডি. এ্যাক্ট, ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট যারা নারকীয় ভাবে চুক্তি ভঙ্গ করছে সেই একটা মালিকের বিরুদ্ধে আপনার সরকার আইন প্রয়োগ করে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন? তার কোন ডাটা আপনি দিতে পারবেন কি? কারো বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। আজকে এই বিষয়ে বিচারের প্রশ্ন এসেছে। মালিকদের বিরুদ্ধে এবং শ্রমিকদের স্বার্থে আইনের দিক থেকে যতটুকু ক্ষমতা আপনাদের আছে সেটাকে কাজে লাগানো হচ্ছে না। অপর দিকে আর একটা জিনিস করা হচ্ছে। শ্রমিকদের যেটা একমাত্র পথ ছিল—গণ-আন্দোলন, শ্রমিক আন্দোলন—সেই আন্দোলনের উপর আপনারা আঘাত হেনেছেন। কংগ্রেস আমলে এই আঘাত বাইরে থেকে হানা হতো। কিন্তু আপনারা বাইরে এবং ভেতর, দুই দিক থেকেই এই আঘাত হানছেন। কংগ্রেস আমলে আন্দোলনকারীদের উপর পুলিশের সাহায্যে দমন এবং পীড়ন করা হতো। কিন্তু আপনারা তো পুলিশের

সাহায্যে দমনপীড়ন চালাচ্ছে, উপরন্তু ভেতর থেকে শ্রমিক আন্দোলনকে মেরে দেবার চেষ্টা করছেন। আজকে এই অবস্থা চলছে। শ্রমিকদের ন্যায়সঙ্গত আন্দোলন আপনারা পুলিশ দিয়ে দমন করেছেন। আপনাদের নির্দেশে কলকাতার ৬ জন ট্রেড কর্মীকে মারা হয়েছে। এই বামফ্রন্ট সরকারের পুলিশ তাদের মেরেছে। এই-গুলি ইতিহাসের পাতা থেকে মুছে যায় নি। এই ঘটনা ঘটছে এবং এইভাবে আপনারা আন্দোলনকে দমন করবার চেষ্টা করছেন। আবার আপনারা বলছেন যে—না না, তোমাদের আর আন্দোলন করার দরকার নেই। এই বামফ্রন্ট সরকার শ্রমিকদের সরকার, তোমাদের আর আন্দোলন করতে হবে না। ধর্মঘট ভেবেচিন্তে করতে হবে। এই সব কথা আপনারা বলছেন। আপনারা শুধু নির্বাচনে জেতার জন্য আন্দোলনের কথা বলেন। তারপরে আপনাদের মুখ থেকে আর আন্দোলনের কথা শোনা যায় না। আপনারা শ্রমিকদের বলেছেন যে, তোমাদের আর আন্দোলন করতে হবে না, আমরা তোমাদের রাজা করে দেব। কিন্তু আপনাদের আমলেই শ্রমিকরা আরো বেশী মার খেয়েছে। এখানে ৮০ হাজার শ্রমিক লক-আউট, লে-অফ—এই সবে পড়ে পড়ে মার খেল। আবার ১৪টি চটকল বন্ধ হলো কি করে? মেজর ইণ্ডাষ্ট্রিগুলি যে বেতন চুক্তি করছে এবং তারা যে এ্যাওয়ার্ড, এগ্রিমেণ্ট, সেটেলমেণ্ট করছে আপনাদের সামনে তাদের বিরুদ্ধে আপনারা কি করছেন? ফলে এই জিনিস চলছে।

[4.20—4.30 P. M.]

শ্রমিক মার খাচ্ছে, আন্দোলন মার খাচ্ছে। এই অবস্থায় শ্রমিক আন্দোলন গড়ে তোলবার কোন ব্যবস্থা বা পরিকল্পনা কি আছে আপনাদের? যেহেতু সে রকম কিছু নেই, সেজন্য মালিকরা খুব খুশী। ক্ষমতায় আসার আগের মানসিকতা আর বর্তমান মানসিকতার কি ভীষণ পার্থক্য ফুটে উঠেছে তার উদাহরণ আমি দিচ্ছি। ১৯৬৭ সালে যখন ইউনাইটেড ফ্রণ্ট গভর্নমেণ্ট এখানে ছিল, সেই সময়ে এস. ইউ. সি. ইউনাইটেড ফ্রণ্ট গভর্নমেণ্টের সঙ্গে ছিল। তখন আমাদের মাননীয় প্রয়াত নেতা সুবোধ ব্যানার্জী ছিলেন শ্রমমন্ত্রী। তিনি তখন মন্ত্রিসভায় থেকে একটা নীতি ঘোষণা করেছিলেন যে, শ্রমিকদের ন্যায়সঙ্গত কোন আন্দোলনে পুলিশ কখনই হস্তক্ষেপ করবে না। তিনি এই ঘোষণা পরিষ্কার ভাবে করেছিলেন। তার প্রতিক্রিয়া শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছিল। তার ফলে টাটা, বিড়লাগোষ্ঠী গেল গেল রব তুলেছিলেন। তাঁরা বলেছিলেন, পশ্চিমবাংলায়

একটা জঙ্গলের রাজত্ব সৃষ্টি হয়েছে। বর্তমান বামফ্রন্ট সরকার পূর্বতন সেই নীতি অনুসরণ করেন না, যার জন্য মালিকরা এখন খুব খুশী। সব শ্রেণীর মালিকরা, টাটা, বিড়লা—সবাই বর্তমান বামফ্রন্ট সরকারকে সার্টিফিকেট দিচ্ছেন। চেম্বার অফ কমার্স, মাল্টিন্যাশানাল কর্পোরেশন সরকারকে সার্টিফিকেট দিচ্ছেন। মাল্টিন্যাশানাল কর্পোরেশন বামফ্রন্ট সরকারকে দু'হাত তুলে আশীর্বাদ করছেন। তিন ডজন বিদেশী সংস্থার মালিক হচ্ছেন মাল্টিন্যাশানাল কর্পোরেশন। এই সরকার তোষণ নীতির ভিত্তিতে তাঁদের এখানে শিল্প স্থাপন করতে অনুমতি দিয়েছেন। মালিকরা সরকারের গুণগানে আজ মুখর। সানডে পত্রিকাতে এক ইন্টারভিউতে বিড়লা বামফ্রন্ট সরকারের ভূয়সী প্রশংসা করেছেন। এটা আজ কোনমতে এড়াবার নয় যে, পশ্চিমবাংলার বামফ্রন্ট কেন্দ্রীয় সরকার শ্রমিকশ্রেণীর উপরে যে নীতি অনুসরণ করেন সেই নীতি অনুসরণ করে চলেছেন। কেন্দ্রীয় সরকারের যে পলিসী, শ্রমিকদের আন্দোলন ও উদ্যমকে প্রতিহত করতে যে নীতি অনুসৃত হয়, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেই নীতি অনুসরণ করে চলেছেন। ক্রমাগত শ্রম-বিরোধী ও জনস্বার্থ বিরোধী নীতি—মালিকদের তোষণ অনুসরণ করে চলেছেন। এর ফলে পশ্চিমবাংলার সাধারণ মানুষের সর্বনাশ ঘটছে। সেজন্য আজ এখানে শ্রমিকরা ক্ষুব্ধ। যথার্থ ভাবে লেবার এ্যারিষ্টো-ক্রাসির প্রশ্ন উঠেছে—ইট ইজ জাষ্টিফায়েড। এখানে সুব্রতবাবু ও কমলবাবু শ্রমনীতি নিয়ে বলেছেন। ইন্দিরা কংগ্রেসীদের এই কথা বলার কোন ভিত্তি নেই। আপনারা যে জায়গায় শ্রমিক আন্দোলনকে নিয়ে যাচ্ছেন—প্রাকটিক্যালি লেবার মুভমেণ্ট ও ট্রেড-ইউনিয়ন মুভমেন্টকে যদি আমরা 'স্কুল অফ মার্কসিজম'-এর দিক থেকে বিচার করি, তাহলে দেখা যাবে সেখানে আপনারা সুবিধাবাদকে আমদানী করেছেন। শ্রমিক আন্দোলনকে কেন্দ্র করে মালিকশ্রেণীর তোষণ নীতি অনুসৃত হচ্ছে। শ্রমিক আন্দোলন ও ট্রেড-ইউনিয়ন মুভমেন্টকে সুবিধা বিতরণের হাতিয়ার হিসাবে ব্যবহার করছেন। এটা কখনই 'স্যোসাল ডেমোক্র্যাটিক'-এর পর্যায়ে গণ্য করা যায় না—ক্রুড মার্কসিজমের পর্যায়ে পড়ে। এটা লেবার এ্যারিষ্টোক্র্যাসির পর্যায়ে পড়ে।

এইভাবে শ্রমিক আন্দোলন ও গণ-আন্দোলনকে মার্কসবাদী আন্দোলনের নামে কার্যতঃ দেশের মানুষকে এক সর্বনাশের মধ্যে নিয়ে চলেছেন আপনারা। এই কথা বলে আমি শ্রম বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari : Sir, on a point of order. Today Shri Syed

ıul Mansur Habibullah, Chairman of the State Haj Committee, had made
tatement. I will request you to see that the statement is circulated to the
embers of this House.

শ্রীমতীশ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী এখানে যে ব্যয়-
াদ্দ উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন করছি। আমার সময়ের অভাব, তাই
র আকারে আমি কয়েকটি কথা বলবো। সুব্রতবাবু মূলতঃ যে অভিযোগগুলি
রেছেন সেটা ই. এস. আই. এবং প্রভিডেন্ট ফাণ্ড এবং অন্যান্য ক্ষেত্রে
াজ্য সরকার কখনও মালিকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেন নি।
ব্রতবাবু যে ধরনের কথা বললেন, বর্তমানে সংবিধানের যে কতকগুলি
নুচ্ছেদ আছে তাতে ব্যক্তিগত স্বাধীনতার নামে মালিকদের হাতে কিছু অধিকার
ওয়া হয়েছে, কিন্তু রাজ্য সরকার প্রয়োজন হলে সেই অধিকার কেড়ে নিতে
ারেন এবং এর ফলে মালিক শ্রেণী প্রতি স্তরে আমাদের হয়রানি করছে। তারা
াইকোর্টে যাচ্ছে এবং এর পিছনে সুব্রতবাবুর দল আছে। এর ফলে রাজ্য
রকারের যে নীতি সেই নীতি তারা বানচাল করে দিচ্ছে এবং সুব্রতবাবু আজকে
মিক-দরদী হয়ে উঠেছেন। তিনি শ্রমিকদের স্বার্থে আইন রচনা করবেন বলছেন।
ামি তাকে অনুরোধ করছি তিনি দয়া করে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করুন
ই শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে সংবিধানে যে ২টি অনুচ্ছেদ আছে সেটা যাতে মালিকরা
ব্যবহার করতে পারে তার জন্য সংবিধান সংশোধন করুন। ই. এস. আই. এবং
ভিডেন্ট ফাণ্ডে ঠিকমত টাকা জমা পড়ছে না। আমার দ্বিতীয় কথা হচ্ছে চটকল
ম্বন্ধে। এই সমস্যা অত সহজে সমাধান করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়,
টকলের মালিকরা পশ্চিমবঙ্গে যাতে অর্থ জমা না হতে পারে তার জন্য কিছু কিছু
র্মসূচী নিয়ে তারা একসাথে জোট হয়ে চেষ্টা করছে যাতে শিল্পগুলি অন্য জায়গায়
লে যায়। এই চটকল মালিক দুটি দৃষ্টিভঙ্গী নিয়ে চলেছে—চটকলের একচেটিয়া
ুঁজিবাদীর যারা মালিক অর্থাৎ বড় বড় শিল্পপতিরা তারা চাইছে পশ্চিমবাংলায়
াতে ২০-২২ টির বেশী চটকল না থাকতে পারে তার জন্য চেষ্টা করছে এবং এই
শিল্পটি যাতে তাদের পরিবারের মধ্যে কুক্ষিগত থাকে সেই ষড়যন্ত্র তারা চালিয়ে
যাচ্ছে। বিভিন্ন কায়দায় তাঁরা সেইজন্য লক-আউট, ক্লোজার ইত্যাদি ঘোষণা
করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটি একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং এটা উপলব্ধি
করে এ সমস্যার সমাধান করতে হবে। এই ধরনের সমস্যা বিহারে হয়েছিল।
বিহারের চিনিকলের মালিকরা চিনিকল বন্ধ করে দিতে চেয়েছিল, তখন কর্পূরী
ঠাকুর বিহারের মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি একটি অর্ডিন্যান্স করে একদিনে ১২টি

চিনিকল অধিগ্রহণ করলেন এবং চিনিকলের মালিকরা পাটনা হাইকোর্ট, সুপ্রীম কোর্টে গিয়েছিলেন, কিন্তু বিহার সরকারের অধিগ্রহণের যে ক্ষমতা সেটা সুপ্রীম কোর্ট বলে দিল যে, সংবিধানের ধারায় এটা রাজ্য সরকারের অধিকার আছে। মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো। তিনি আমাদের বিচার বিভাগের মন্ত্রী এবং আইন দপ্তরের সাথে আলোচনা করে এর একটা বিহিত করার ব্যবস্থা করুন এবং তার জন্য চেষ্টা করতে হবে। সুব্রতবাবু আজকে চটকলের শ্রমিকদের জন্য খুবই চিন্তিত। তিনি এই সমস্যার কথা বলেছেন, কিন্তু তিনি পরোক্ষভাবে এই চটকল মালিকদের সমর্থন করছেন। সুতরাং চটকল শিল্পকে বাঁচাতে হলে অর্থনৈতিক দাবী-দাওয়ার কথা ভাবলেই হবে না, এর সঙ্গে যে রাজনৈতিক কারণ জড়িত সেটাকে আগে দূর করতে হবে। কেন্দ্রীয় সরকার এবং চটকল মালিকদের কায়েমী স্বার্থের বিরুদ্ধে আজকে রুখে দাঁড়াতে হবে। সে সেখানে উৎপাদন বাড়লো না লোকসান হলো সেটা বিচার করলে চলবে না। প্রধানতঃ রাজনৈতিক দৃষ্টিভঙ্গীকে পরিবর্তন করতে হবে। এর জন্য শ্রমিকদের মধ্যে সচেতনতা বাড়াতে হবে এবং পশ্চিমবাংলায় চটকল মালিকদের এই চক্রান্ত যাতে ব্যর্থ করা যায় তার জন্য শ্রমিকদের সচেষ্ট হতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় সুব্রতবাবু আরেকটি কথা বলেছেন বামফ্রণ্টের বিরুদ্ধে। তিনি অভিযোগ করেছেন পার্ক হোটেলের ব্যাপারে, অর্থাৎ এসেনসিয়াল ব্যাপারে যে নোটিফিকেশান রাজ্য সরকার দিয়েছেন তার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। তিনি বলেছেন, আমাদের বামফ্রণ্ট সরকারের পার্ক হোটেলের প্রতি দরদ বেশী। আমি তাঁকে বলতে চাই সুব্রতবাবু একদিন মন্ত্রী ছিলেন। তিনি আশা করি স্বীকার করে নেবেন গ্রেট ইস্টার্ন, গ্রাণ্ড হোটেল এবং পার্ক হোটেলের ক্ষেত্রে তাঁদের আমল থেকেই যে পাবলিক ইউটিলিটি সার্ভিস মেনে চলা হোত এখনো সেই পথ আমরা ধরে আছি, তার কোন পরিবর্তন আমরা করিনি, সেই পথ আমরা অনুসরণ করে চলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরেকটি জিনিস আমার বলার আছে সেটা হচ্ছে ই. এস. আই. সম্পর্কে। আমাদের রাজ্য সরকার আসার পর থেকেই, অর্থাৎ বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকেই রাজ্যের শ্রমিকদের চিকিৎসার জন্য আরো খরচ বাড়ানো দরকার এই কথা চিন্তা করছে এবং এই ব্যাপারে আমরা বারে বারে নানাভাবে এর জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। লেবার ইন ওয়েষ্ট বেঙ্গলের দিকে লক্ষ্য রেখে আমরা যদি ই. এস. আইয়ের উন্নতি করতে পারি তাহলে অনেক নতুন শিল্পক্ষেত্র পশ্চিমবঙ্গে গড়ে তুলতে পারবো এবং এতে শ্রমিকদের চিকিৎসার আরো সুবিধা দিতে পারবো। এর জন্যই ই. এস. আইয়ের দুর্নীতি আজকে বন্ধ করতে হবে এবং তার জন্য প্রশাসনিক দিক থেকে দক্ষতা আরো বাড়াতে হবে।

[4.30—4.40 P.M.]

প্রশাসনিক স্তরে কর্মক্ষমতা আরো বাড়াতে হবে। এটা যদি না করতে পারি তাহলে ই. এস. আই. সংগঠনে যে দুর্বলতা আছে তা দূর করা যাবে না। এর দুটো দিক আছে যার মধ্যে মেডিক্যাল দিকটা রাজ্য সরকারের কর্তৃত্বে। সেদিক থেকে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো ই. এস. আইয়ের যে দুর্বলতা এবং দুর্নীতি আছে সেগুলিকে কঠোর হস্তে দমন করতে হবে, বাস্তুঘুঘুর যে বাসা সেখানে আছে তা ভাঙতে হবে শ্রমিক-কর্মচারীর স্বার্থে। আমরা ৩৪-দফা কর্মসূচীতে যে কথা বলেছি প্রশাসনিক স্তরে সেই জিনিস পুরাপুরি ভাবে কার্যকরী করতে পারছি না। সুব্রত-বাবুরা যেভাবে অফিসারদের সঙ্গে গোপন আঁতাত করে সরকারকে পঙ্গু করার চেষ্টা করেন আমরা সে জিনিস চাই না। পেমেণ্ট অফ ওয়েজেস কোর্ট যেটা আছে সেই কোর্ট ভূতুড়ে কোর্ট। সেখানে একজন বিচারপতি আছেন যিনি ২/৩ দিনের বেশি বসেন না। সেজন্য বলছি বিভিন্ন জেলায় একটা করে লেবার কোর্ট করা উচিত এবং ট্রাইব্যুনালের সংখ্যা আরো বাড়ান উচিত। প্রশাসনিক স্তরে সেই কাজ করতে হবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ১৯৭৯ সালে পশ্চিমবঙ্গ রাজ্যস্তরে শ্রমিকদের সাসপেনশানকালীন ভাতা দেবার যে ব্যবস্থা করা হয়েছিল, যার ফলে এখানে সাসপেনশানের হার অনেক কমে গিয়েছে। বিগত দিনে এখানে যে শিল্প বিরোধ আইন আমরা যেটা সংশোধন করেছি তার অনুমোদন পাওয়া গেছে। মালিকদের একটা গোষ্ঠী এর বিরুদ্ধে হাইকোর্টে ইনজাংশান দিয়ে বসে আছে। শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি আইনজীবীদের সঙ্গে পরামর্শ করে সেই ইনজাংশান যাতে খারিজ হয় তার ব্যবস্থা করুন। এটা যদি না করতে পারি তাহলে লক্ষ লক্ষ শ্রমিক যারা ট্রাইবুনালের বিচারের আশায় বসে আছে তারা এই আইনের সংশোধনের ফলে তিনদফা বেতন পাবার যে অধিকারী হয়ে গেছে তার সুযোগ তারা পাবে না। শ্রম দপ্তর সম্বন্ধে বলবো যে, এটা সত্যি ১০/১২ বছর আগে একজন অ্যাসিসটেণ্ট লেবার কমিশনারকে শুধু কনসিলিয়েশানের মধ্যে সীমাবদ্ধ থাকতে হোত। আজ তাঁকে পেমেণ্ট অফ গ্র্যাচুইটি, সাকসেশান অ্যালাউন্স ইত্যাদি কাজে যুক্ত থাকতে হয়। সে জন্য বলছি উপযুক্ত সংখ্যক অফিসার নিয়োগ করুন, না হয় ইণ্ডাষ্ট্রিয়াল ট্রাইবুনাল কোর্টে বিচারের অধিকার দেবার জন্য আইন সংশোধন করুন। প্রশাসনিক স্তরে যদি এই ব্যবস্থা গ্রহণ করতে পারেন তাহলে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে শ্রমিকরা যতটুকু আইনে সুযোগ-সুবিধা পাবার অধিকারী হয়ে আছে তার ফল তারা ভোগ করতে পারবে। সুব্রতবাবু বললেন গোপালদাস নাগের

আমলে শিল্প-ভিত্তিক চুক্তির ফলে শ্রমিকরা বেতন বাড়াবার প্রথম সুযোগ পেয়েছিল। এতে শুধুমাত্র চটকল শিল্পে বেতন বৃদ্ধি ঘটেছিল। কিন্তু ৩ বছর বাদে আবার যখন নতুন দাবী পেশ করা হল তখন মালিকরা বললো শ্রমিকদের ১০০ কোটি টাকা বেতন বাড়িয়েছি। কিন্তু হিসেবে দেখা গেল শ্রমিকদের বেতন বাড়েনি। মালিকদের কোষাগার থেকে মাত্র দেওয়া হয়েছিল ৮ কোটি টাকা। তিনি কোথা থেকে পেলেন ২শো কোটি টাকা তাদের দেওয়া হল? তাঁদের আমলে চুক্তির সময় চটকলে শ্রমিক সংখ্যা ছিল ২ লক্ষ ৪৬ হাজার, যখন চুক্তির মেয়াদ শেষ হয়ে গেল তখন শ্রমিক সংখ্যা ২ লক্ষ ৮ হাজারে এসে দাঁড়াল। তাঁরা শ্রমিকদের ছাঁটাই করে, শ্রমিকদের দিয়ে বাড়তি কাজ করিয়ে নিয়ে মালিকদের মুনাফার সুযোগ করে দিয়েছিলেন, আমরা সেই জায়গা প্রতিহত করতে চাই। সুতাকল, চটকলের ক্ষেত্রে গ্রেড এবং পে-স্কেলকে কার্যকরী করার ক্ষেত্রে আজকে আন্দোলন গড়ে তুলতে হবে। আমরা জানি সুব্রতবাবুরা বলবেন, এই ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া যায়। আমরা বলি আইনগত ব্যবস্থা নেওয়া যায় না। কারণ ইন্দিরা গান্ধী যে নীতি গ্রহণ করেছেন তাতে ইন্দিরা গান্ধীর কাছে আবেদন-নিবেদন করে কোন ফল হবে না, ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে গণ-আন্দোলন গড়ে তুলতে হবে, ধনতান্ত্রিক ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার করে দেওয়ার জন্য শ্রমিক শ্রেণীর নেতৃত্বে আন্দোলন গড়ে তুলতে হবে, তাহলে ইন্দিরা গান্ধীর দম্ভ চুরমার হবে। আজকে গ্রামে ক্ষেতমজুরদের ক্ষেত্রে—৫০ লক্ষ ক্ষেতমজুরের ১০·৫০ টাকা বেতন নির্ধারিত হয়েছে। আমরা জানি সেই বেতন সার্বিক ভাবে আজকে কার্যকরী করতে পারছে না। আজো গ্রামের জোতদার, মহাজন সেই কৃষি মজুরদের ঠকাচ্ছে। তাই আন্দোলনের পথে তাদের বেতন আদায় করার জন্য রাজনৈতিক ভাবে তার মোকাবিলা করতে হবে। সুব্রতবাবুরা যে চিন্তা করেন তার বিপরীত দিকে গণ-আন্দোলনের মাধ্যমে যে গোলকধাঁধার মধ্যে কৃষক শ্রেণীকে বেঁধে রাখার চেষ্টা হচ্ছে সেই বাধাকে ভেঙ্গে দিয়ে নতুন পথে এগিয়ে নিয়ে যাবার জন্য আজকে চেষ্টা করতে হবে। এই কথা বলে মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট পেশ করেছেন। তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকারঃ ডিমাণ্ড নাম্বার ৪২-এর জন্য যে টাইম এ্যালট করা আছে সেটা ৪ ৪০ মিঃ-এ শেষ হয়ে যাচ্ছে, সেজন্য টাইম বাড়ান উচিত। আমি আপনাদের কাছে একষ্ট্রা টাইম বাড়াবার জন্য অনুমতি নিতে চাই। আমি আশা করি আপনারা আরো ১ ঘণ্টা টাইম বাড়িয়ে দেবেন। আরো একঘণ্টা টাইম বাড়ান হল।

শ্রীঅরুণকুমার গোস্বামী ঃ মিঃ ডেপুটি স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রী যাঁকে আমরা এবং পশ্চিমবঙ্গের শ্রমিকরা জানেন না যে, তিনি এখনও পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রী আছেন কিনা—আজকে আমরা দেখতে পাচ্ছি তিনি শ্রম বিভাগের ব্যয়বরাদ্দের অনুমতি নেওয়ার জন্য হাউসে উপস্থিত হয়েছেন। সরকার পক্ষের সদস্যরা ব্যয়বরাদ্দের দাবির পক্ষে অনেক কথা বললেন, ইন্দিরা গান্ধীর কথা বললেন, ভারত সরকারের কথা বললেন। এখানে অনেক শ্রমিক নেতা আছেন দেখছি, শ্রমমন্ত্রী নিজেও একজন প্রবীণ শ্রমিক নেতা, তাঁর বাজেট ভাষণের মধ্যে বলেছেন, গত ৩০ বছর ধরে আপনাদের দল পশ্চিমবঙ্গের সংগ্রামী শ্রমিকদের পাশে থেকে পুঁজিপতি মালিকদের বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য প্রতিশ্রুতি দিয়ে এসেছেন এবং তাদের পাশে দাঁড়িয়ে তাদের সাহায্যে নির্বাচনী বৈতরণী পার হয়ে আজকে সরকারে এসে বসেছেন। আজকে সেই শ্রমিকদের অবস্থা কি ?

[4.40—4.50 P. M.]

আপনারা গত ৭ বছর রাজত্ব করবার পর শ্রমিকশ্রেণী আপনাদের কথা কি বলছে সেটা প্রতিটি কারখানার দরজায় গেলে বুঝতে পারবেন। শ্রম দপ্তরে আপনাদের যে অফিস আছে সেখানে কলকারখানায় খেটে খাওয়া মানুষ Factory Strike বা Lock out হলে বা শ্রমিকরা কোন অসুবিধায় পড়লে সমাধানের জন্য যায়। কিন্তু সেই শ্রম দপ্তরের সমস্ত কাজ স্তব্ধ হয়ে গেছে। সেখানকার Officer-রা বলছেন, মালিকদের বিরুদ্ধে কোন কিছু করা যাবে না। মন্ত্রী মহাশয় যে হিসেব দিয়েছেন তাতে তিনি বলেছেন, ১৯৮২ সালে কত কলকারখানা খুলেছে, Strike মিটেছে। আমি সেই হিসেব দেখেছি। কিন্তু ১৯৮৩ সালের এই ৪ মাসে কত কলকারখানা বন্ধ হয়েছে তার হিসেব তিনি আমাদের জানান নি। এবারে আপনারা শুনুন শ্রমিকদের কি অবস্থা। পশ্চিমবাংলার সংগ্রামীরা শুনুন শ্রমিকদের মনোবল কিভাবে আস্তে আস্তে ভেঙ্গে দেওয়া হচ্ছে। একজন সরকার পক্ষের সদস্য এস্মার কথা এবং জরুরী অবস্থার কথা বললেন। সেই জরুরী অবস্থার কথা আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি। ১৯৭৫ সালে যখন সারা ভারতবর্ষে জরুরী অবস্থা ঘোষিত হয়েছিল তখন আপনারা খুব লাফালাফি করেছিলেন এবং সমস্ত শ্রমিকদের বুঝিয়েছিলেন কেন্দ্রীয় সরকার তোমাদের অধিকার খর্ব করে দিচ্ছে। তখন পশ্চিমবাংলায় কংগ্রেস সরকার চলছিল এবং আমরা দেখেছি পশ্চিমবাংলায় শ্রমিকরা ১১টি ক্ষেত্রে ধর্মঘট করতে সাহস করেছিল। এই ধর্মঘটের ফলে ১ কোটি

৭ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল এবং Lock out হয়েছিল পশ্চিমবাংলায় ১৬৬টি এবং তার ফলে ২৮ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল। এটা আপনাদের দেওয়া পরিসংখ্যান। এবারে শুনুন শ্রমিকদের মনোবল কোথায় দিয়ে দাঁড়িয়েছে। পুঁজিপতি মালিকদের সঙ্গে দালালি করে বামফ্রণ্ট সরকার পশ্চিমবাংলায় শ্রমিকদের কিভাবে কোমর এবং মনোবল ভেঙ্গে দিচ্ছে সেটা আপনারা শুনুন। ১৯৮০ সালে ৭৮টি ধর্মঘট হয়েছিল এবং তার ফলে ১৪ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল, ১৩০টি Lock out হয়েছিল এবং তার ফলে ৪৭ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল, ১৯৮১ সালে ৮২টি Strike হয়েছিল এবং ৬ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল, ১১৭টি Lock out হয়েছিল এবং ৯৯ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল। ১৯৮২ সালে ২৯টি Strike হয়েছিল এবং ৩ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল, ১১৫টি Lock out হয়েছিল এবং ১ কোটি ৬২ লক্ষ শ্রম-দিবস নষ্ট হয়েছিল। আজ পুঁজিপতি মলিকরা কারখানা বন্ধ করে দেবার ফলে Strike কমে যাচ্ছে। গত ৩০ তারিখে শ্রীরামপুর মহকুমায় একসঙ্গে ৩টি কারখানা বন্ধ হয়ে গেল। গত দেড় মাস আগে Victoria Jute Mill বন্ধ করে দিয়েছে।

এই শক্তি তারা পাচ্ছে কোথা থেকে? তারা জানে এই বামফ্রণ্ট সরকার তাদের পাশে আছে, এই বামফ্রণ্ট সরকারই তাদের শক্তি। তারপর আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন যে, ৩৩টি ক্ষেত্রে ন্যূনতম মজুরী নির্ধারিত হয়েছে এবং আরও ১২টি ক্ষেত্রে এই ন্যূনতম মজুরী নির্ধারণ বিবেচনাধীন আছে। আপনি কি জানেন যে, তারা অর্থাৎ সেই শ্রমিকরা আপনার নির্ধারিত মজুরী পাচ্ছে কিনা? আমি জানি তারা নির্ধারিত ন্যূনতম মজুরী পাচ্ছে না। ১৯৭৬ সালে তেল মিলের শ্রমিকদের ন্যূনতম মজুরী নির্ধারিত হোল। গড়িমসি করতে করতে ১৯৭৭ সালে মালিকরা হাইকোর্টে গেল। এখনও সেই মামলা চলছে। সরকার কিভাবে মামলা চালান, সেটা সকলেই জানেন। কেউই কোর্টে যায় না। একটা রিভিসন পর্যন্ত হয় নি এবং এখনও হচ্ছে না। এই তেল মিলে ৫০ হাজার শ্রমিক আছে। তারা কেউই ঐ আপনার এ্যাওয়ার্ড মত নির্ধারিত মজুরী পাচ্ছে না। কিন্তু হাইকোর্টে লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে। আমরা দেখেছি সরকার পক্ষ থেকে কেউই কোর্টে এ্যাটেন করছে না। আবার দেখুন ডাল মিলের কি অবস্থা। এখানেও ৫০ হাজার কর্মী আছে। আপনি সেখানে মিনিমাম ওয়েজ নির্ধারিত করেছেন। সেখানেও ১৯৭৯ সালে মালিকপক্ষ কোর্ট করে দিয়েছে। সেখানেও আমরা লক্ষ্য করেছি আপনাদের কোন চেষ্টা নেই কোর্টে মামলা তোলবার। তাই সেখানেও কেউ মিনিমাম ওয়েজ পাচ্ছে না। বিড়ি শ্রমিকদের কথা তো সকলেই

জানেন এবং এখানে বার বার আলোচনা হয়েছে, আপনি যে মিনিমাম ওয়েজ নির্ধারণ করে দিয়েছেন তার ৭০ ভাগ শ্রমিকরা পায় না। আপনি আপনার বাজেট ভাষণের বইতে বড় বড় কথা রেখেছেন। এই যে লেবার ওয়েলফেয়ার বোর্ড-এর কথা আপনি রেখেছেন—লজ্জার কথা—শুনবেন সেখানে কি হচ্ছে? শ্রমিক এলাকায় গিয়ে শুনে আসুন তারা কি বলে। এই ব্যাপারে আমি এই সভায় প্রশ্ন রেখেছিলাম। এখানে যে ব্যাঙ্ক ডাকাতি হচ্ছে, তার চেয়ে বড় ডাকাতি এখানে হচ্ছে এবং মন্ত্রী মহাশয় তা জানেন।

(এ ভয়েস—কোথা থেকে এই খবর পেলেন?)

শ্রমিক নেতা আপনি একটু আমার কথা মন দিয়ে শুনুন। আমি প্রমাণ করে দেবো—এই সব আজে-বাজে কথা বলবেন না। ৫ টাকা করে জমা দেওয়া হয় এবং এইভাবে কোটি কোটি টাকা জমেছে—কিন্তু এই বোর্ডে তার কোন হিসাব নেই। প্রতি মাসে একটি করে মিটিং করার কথা এই লেবার ওয়েলফেয়ার বোর্ডে। এর জবাব মন্ত্রী মহাশয় দেবেন। আমি বলছি ৭ বছরে মাত্র ৯টি মিটিং হয়েছে। আপনারা শেষ মিটিং করেছেন দীঘায় এই লেবার ওয়েলফেয়ার বোর্ডের পয়সায়। লেবার ওয়েলফেয়ার বোর্ডের গাড়ীতে মন্ত্রী মহাশয়ের স্ত্রী প্রতিদিন রাইটার্স বিল্ডিংস-এ খাবার নিয়ে যান। লেবার ওয়েলফেয়ার বোর্ডের বড় বড় অফিসার এই লেবার ওয়েলফেয়ার বোর্ডের গাড়ীতে করে কলকাতা ঘুরে বেড়ান। আমি নিশ্চিত করে বলতে পারি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের অফিস এই লেবার ওয়েলফেয়ার বোর্ডের পয়সায় সাজানো হয়েছে। এইভাবে শ্রমিক কল্যাণের কাজে লেবার ওয়েলফেয়ার বোর্ডের টাকা না খরচ করে নিজেদের কাজে সেই টাকা লাগাচ্ছেন। এমনকি মালিক পক্ষ যে টাকা জমা দিচ্ছে, তার নামে রেকর্ড পর্যন্ত নেই। এইভাবে আপনারা চুরি করে যাচ্ছেন। আজকে পশ্চিমবাংলায় শ্রমিকদের কি অবস্থা হয়েছে সেটা কি আপনারা খবর রাখেন? এই যে ই. এস. আই.-এর সম্বন্ধে আপনারা অনেক কথা বললেন—মতীশবাবু তো অনেক কিছু বললেন—কিন্তু আপনারা কি জানেন এইসব ই. এস. আই. হাসপাতালে একটিও স্পেশ্যালিষ্ট নেই? মতীশবাবু প্রভিডেণ্ড ফাণ্ডের কথা বলেছেন। আমি এখানে অভিযোগ রাখছি সরকারী পরিচালনাধীন যেসব কারখানা চলছে সেখানেও তদ্রূপ হচ্ছে—এই সরকারই প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা মারছেন সেখানে। আপনারা আবার ইন্দিরা গান্ধীর কথা বলেন।

[4.50—5.00 P. M.]

সেখানেই প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা মেরে দিচ্ছে, কোন জবাব দেন নি। এই সরকার প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা মারছেন, আমি জবাব চেয়েছি, স্পীকার এ্যাপ্রুভ করেছেন, জবাব দেন নি। উনি প্রভিডেণ্ড ফাণ্ডের কথা বলছেন, ইন্দিরা গান্ধী দেখাচ্ছেন—আমি সাবধান করে দিচ্ছি, যদি পশ্চিমবাংলায় শ্রমিকদের সঙ্গে—যাদের দয়ায়, যাদের সাহায্যে আজকে ওখানে বসেছেন বহাল তবিয়তে, তাদের সঙ্গে যদি জুয়াচুরি করেন, তাদের অর্থ যদি এইরকম ভাবে চুরি করেন তাহলে আপনাদের নিস্তার নেই। সুব্রতবাবু বলেছেন, তারা আপনাদের ক্ষমা করবে না, আমিও বলছি তারা আপনাদের ক্ষমা করবে না। তাই আমি এই যে ব্যয়বরাদ্দ দাবী এখানে পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাজকুমার মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে সমর্থন করে দু'-চারটি কথা এখানে বলতে চাই এবং আমার মনে পড়ছে যে, কংগ্রেস(ই) দলের সদস্যরা যে বাজেট সমালোচনা করতে গিয়ে যে-সমস্ত কথা বলেছেন, এই কথা শুনে আমার একটা গানের কথা মনে পড়লো। এই গানের রেকর্ডটা আমরা প্রায়ই শুনে থাকি— এখানে ওখানে বাজে। গানটি হচ্ছে : দিবি বলে কাল কাটালি, দেখেছি তোর জারিজুরি, কিনে দে রেশমী চুড়ি, চলে যাবো বাপের বাড়ী। এই গানটার মানে নিশ্চয়ই আপনারা বুঝতে পারছেন। একজন পুরুষ তার স্ত্রীকে অনেক আশ্বাস দিয়েছিলেন, নতুন কথা শুনিয়েছেন, গয়না, কাপড়, থাকার বাসস্থান দেবার আশ্বাস দিয়েছিলেন। কিন্তু কয়েক বছর সংসার করার পর স্ত্রী বুঝতে পারলো যে, এই পুরুষ কিছুই দিতে পারছে না, তখন বিরক্ত হয়ে এই গান গাইছে। তার মানে কংগ্রেসী মাননীয় সদস্যরা যে বাজেটের সমালোচনা করলেন, তাঁরা নিজেরাই একটু ভেবে দেখুন তো, স্বাধীনতার পর তাঁরা যে-সমস্ত কথাগুলো বলেছিলেন, দেশবাসীর কাছে যে-সমস্ত উন্নতির জন্য তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেইগুলি কি আপনারা পালন করেছেন? তাঁরা ১৯৮০ সালের আগে পর্যন্ত বলেছিলেন যে, সমাজতন্ত্র ধাঁচের সমাজ তৈরী করবেন। প্রতি পরিবারে একজন করে চাকরি পাবে, ১৯৮০ সালের লোকসভার নির্বাচনে যে প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন, জিনিসপত্রের মূল্যমান স্থিতিশীল রাখবেন, সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন রাখবেন ইত্যাদি ইত্যাদি। কিন্তু আজকে কি তাঁরা

সেই সমস্ত জিনিস কার্যকরী করতে পেরেছেন? পারেন নি। এটা সম্ভব নয়, কারণ যে পথে ভারতবর্ষকে তাঁরা নিয়ে যেতে চাইছেন, সেই ধনতান্ত্রিক পথে, সেই পথে ভারতবর্ষের দুঃখ-দারিদ্র্য কোনওদিন দূর হতে পারে না, পৃথিবীর ধনতান্ত্রিক দেশগুলো, যে আজকে অর্থনৈতিক সংকটে জর্জরিত তার সঙ্গে লেজুড়বৃত্তি করে আমাদের ভারতবর্ষকে কখনও শোষণ মুক্ত বা দুঃখ-দুর্দশা থেকে মুক্ত করতে সক্ষম হবে, না, এটা প্রমাণিত। তাই এটা অত্যন্ত ধ্রুব এবং সত্য কথা। মাননীয় সুব্রত-বাবু যে কতকগুলো কথা বলেছিলেন জুটমিল সম্পর্কে, আমি সেই কথাগুলো কিছুটা আলোচনা করতে চাই। উনি চটকল শ্রমিকদের ব্যাপারে অত্যন্ত দরদী সাজলেন। আমি বলতে চাই, ১৯৭১ সালে চটকল শ্রমিকরা যখন ৫০ দিন আন্দোলন করে ত্রিপাক্ষিক চুক্তি করতে সক্ষম হয়েছিলেন, সেই চুক্তির মধ্যে যে-সমস্ত বিষয়গুলো ছিল, সেই চুক্তির মধ্যে চটকল শ্রমিকদের গ্রেড, পে-স্কেল ইত্যাদি ব্যাপার ছিল। ১৯৭৫ সালে ইন্দিরা গান্ধী এমার্জেন্সী জারি করলেন। সেই সময় চটকল মালিকরা শ্রমিকদের উপর নানা রকম আক্রমণ করলেন, ভয় দেখিয়ে তাদের উপর কাজের বোঝা বাড়িয়ে দিলেন। ৫০ হাজার শ্রমিককে ছাঁটাই করে দিলেন। ওয়ার্ক লোড কমিটির রায় বেরল। সেখানে বলা হল এমার্জেন্সীর সময় যে ৫০ হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে তাদের পুনর্বহাল করতে হবে এবং সেই ব্যাপারে আমাদের শ্রমমন্ত্রী একটি রেকমেণ্ডেশনও দিয়েছেন। গ্রেড, পে-স্কেল ইত্যাদি ব্যাপারে সুপারিশ করেছেন। সুব্রতবাবু চটকল শ্রমিকদের জন্য খুব কাঁদতে আরম্ভ করে দিয়েছেন। চটকল মালিকরা যে চুক্তি মানছে না, সেটা আপনি কেন কেন্দ্রীয় ইন্দিরা গান্ধীর সরকারকে বলছেন না? আমরা জানি এই চুক্তি মানার কথা আপনারা বলতে পারবেন না। এই চটকল জাতীয়করণ করতে না পারলে মালিকদের জুলুম, বঞ্চনার হাত থেকে শ্রমিকদের রক্ষা করতে পারা যাবে না এবং পাট চাষীদেরও রক্ষা করতে পারা যাবে না, এটা অত্যন্ত বাস্তব কথা। কিন্তু এই চটকল জাতীয়করণ সম্পর্কে ওরা কোন কথা বলছেন না কেন? আমরা জানি ওঁরা কোনদিনও বলতে পারবেন না। কারণ ওঁরা যে শ্রেণীর দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করেন তাতে তাঁদের পক্ষে কোনদিনই এটা বলা সম্ভব নয়। আপনাদের কথায় আমাদের দেশবাসী কোনদিনই ভুলবেন না। তারা নিশ্চয় আপনাদের পরিত্যাগ করে সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাবে তাদের দুঃখ-দুর্দশা দূর করার জন্য এবং ভারতবর্ষের শ্রমিক শ্রেণী সেই পথেই যাবার চেষ্টা করবে। এইভাবেই তারা তাদের দুঃখ-দুর্দশা দূর করবে এবং আমাদের দেশে যে শোষণ-ভিত্তিক সমাজ আছে তা নিশ্চিহ্ন করবে, এটা ধ্রুব সত্য কথা। এই কথা বলে মাননীয় শ্রমমন্ত্রীর বাজেটকে আবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী আজকে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু'-একটি কথা বলছি। এই বামফ্রণ্ট সরকারের আগে প্রায় ২৮ বছর ধরে এই কংগ্রেসীবন্ধুদের সরকার ছিল, আজ তাঁরা বিরোধী বেঞ্চে বসে আছেন। সেই সময় তাঁরা মালিকদের সেবা করতেন এবং ধনপতিদের জন্য সমস্ত কিছু ব্যয় করতেন। সেই সময় থানার পুলিশ এই মালিকদের পদলেহন করত এবং কারখানার শ্রমিকদের পেটাবার জন্য থানায় ফোন করলেই থানা থেকে পুলিশ ছুটে আসত এবং পুলিশ তাদের উপর নৃশংস অত্যাচার চালাত। কিন্তু ১৯৭৭ সালে এই সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে বিগত ৬ বছর ধরে শ্রমিকরা যখনই তাদের ন্যায্য দাবী-দাওয়া নিয়ে লড়াই করেছে তখন কিন্তু এই পুলিশ আর যায় নি। বামফ্রণ্ট সরকার এই পুলিশকে থানা লক-আপে বন্দী করে রেখে দিয়েছে। আজকে তাই শ্রমিক, কৃষক, মেহনতী মানুষ সকলেই জানে যে, এই বামফ্রণ্ট সরকার তাদের বন্ধু সরকার এবং এই বন্ধু সরকার তাদের পক্ষে সব সময় আছে। সুতরাং এই বামফ্রণ্ট সরকারের সীমিত ক্ষমতার মধ্যে শ্রমিকরা কিছু কিছু জিনিস পেয়েছে। সুব্রতবাবু বললেন, ওরা কিছুই পায় নি, আমরা নাকি বড় বড় মালিকদের দালালি করছি। ২০% বোনাসের কথা তিনি বলেছেন। আমি শুধু এটুকু উল্লেখ করতে চাই যে, সি. আই. টি. ইউ.-এর নেতৃত্বে বিড়লার হিন্দ মোটরস কারখানায় আমরা ২০% বোনাস আদায় করতে পেরেছি।

[5.00—5.10 P. M.]

জরুরী অবস্থা যখন জারি হয়েছিল ১৯৭৫ সালে, তার আগে ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত এই ঠ্যাঙ্গাড়ে বাহিনী আমাদের তিনশোর বেশী ট্রেড-ইউনিয়ন অফিস দখল করেছিল। সেই সময় এই কংগ্রেসী দালালরা ঠ্যাঙ্গাড়ে বাহিনী নিয়ে এই সমস্ত অফিস দখল করেছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পর জরুরী অবস্থার সময় মিসায় যাদের গ্রেপ্তার করা হয়েছিল সেই রকম ২১৮ জনকে মুক্তি দিয়েছিলেন। তারপর জরুরী অবস্থার সময় যে দু'হাজার গণ-আন্দোলনের কর্মী গ্রেপ্তার হয়েছিলেন এবং তাঁদের বিরুদ্ধে যে ১০ হাজার কেস ছিল সেগুলি বামফ্রন্ট সরকার আসার পর প্রত্যাহার করে নিয়েছেন। ১৯৭২ সালের ২৯শে জুলাই এই সভায় কংগ্রেসের শ্রমমন্ত্রী ডাঃ গোপালদাস নাগ বলেছিলেন, পশ্চিম-বঙ্গের বিভিন্ন শিল্পে শ্রমিকের সংখ্যা কমে যাচ্ছে। ৩৷৷ লক্ষ চটকল শ্রমিক ছিল

সেটা এখন ২॥ লক্ষে এসে দাঁড়িয়েছে। এই অবস্থাটা স্যার হয়েছে কংগ্রেসীরা দীর্ঘ ২৮ বছর ধরে মন্ত্রিত্ব চালাবার জন্য। আজকে চটকলগুলির নাভিশ্বাস উঠেছে। যদিও ১২/১৪টি চটকল খুলেছে, কিন্তু তবুও এখনও কয়েকটি বাকি আছে খুলতে। স্যার, আপনি জানেন, আমরা ইতিপূর্বে এই সভা থেকে দুবার প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় সরকারকে বলেছিলাম যে, চটশিল্পের জাতীয়করণ করা হোক, কিন্তু কেন্দ্রের শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার তা শোনেন নি। আমি তাই প্রস্তাব করছি, আবার পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের তরফ থেকে কেন্দ্রের কাছে দাবী জানানো হোক এবং তাদের বাধ্য করা হোক চটকলগুলির জাতীয়করণের জন্য। স্যার, এই কথা বলে মাননীয় শ্রমমন্ত্রীর বাজেটের প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বাজেট প্লেস করেছি তার উপর বিতর্কে অংশগ্রহণ করে বিরোধীপক্ষ যা বলেছেন তাতে প্রকৃত বিতর্ক করার মতন কোন পয়েন্ট তাঁরা রেইজ করেন নি, সেইজন্য জবাব দেবার কিছু নেই, কাজেই আমি সংক্ষেপে দু'-একটি কথা বলব। স্যার, আমার বক্তব্য রাখার আগে আমি যতগুলি কাট মোশান এসেছে তার সবগুলির বিরোধিতা করছি এবং আমার ব্যয়বরাদ্দকে অনুমোদন করার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, এখানে একটা কথা শুনলাম যে, পাওয়ার সর্টেজের জন্য এমপ্লয়মেন্ট ফল করছে। কোথায় হচ্ছে? তার কোন দলিল দেবার দরকার নেই, কোন উদাহরণ দেবার দরকার নেই, অথচ বলে গেলেন। পাওয়ার সর্টেজের জন্য কোন কারখানা বন্ধ হয়েছে বলে আজ পর্যন্ত কোন খবর পাওয়া যায় নি। কেন্দ্রীয় সরকারের একটা পলিসি আছে—সেটা সকলেই জানেন যে, পশ্চিমবঙ্গে যাতে শিল্পায়ন না হয়, পশ্চিমবঙ্গ যাতে শিল্পসমৃদ্ধ না হয়। ধরুণ হলদিয়া বন্দরে পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স—পাওয়ারের জন্য কি হয় নি? জাহাজ মেরামতির কারখানা—আগে কথা ছিল জাহাজ নির্মাণ কারখানা, পরে হল জাহাজ মেরামতির কারখানা, সেটাও হল না—এটাও কি পাওয়ার সর্টেজের জন্য? ইলেকট্রনিকসের যে কারখানা হবার কথা সেটা কেন হল না—পাওয়ার সর্টেজের জন্য?

যা হয়েছে তা চলছে। পুরানোগুলি কেন চলছে না সেটা আপনি জানেন, কারণ আপনারা দীর্ঘদিন ছিলেন। কাজেই যে কথা কেউ বিশ্বাস করে না, যে কথা সত্য নয়, সেই কথা এখানে উঠিয়ে লাভ কি? তারপরে কয়লা খনির ওয়েলফেয়ার সম্পর্কে বলা হয়েছে। সেটাতো এই গভর্নমেন্টের নয়, সেই কেন্দ্রীয়

সরকারের আইন। সে কথা এখানে উঠিয়ে কি লাভ? আমাদের যেটা আছে সেটা হচ্ছে সোসাল সিকিউরিটি, ই. এস আই. ইত্যাদি। এগুলি চলছে, আমরা সমালোচনা শুনলাম, থাকলে বলা উচিত ছিল। আর প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা আমাদের কনট্রোলে নয়। প্রভিডেণ্ড ফাণ্ডের জন্য কমিশনার আছে। টাকা-পয়সা, আইন-কানুন ওদের কন্‌ট্রোলে। আর উনি জানেন যে, প্রভিডেণ্ড ফাণ্ডের যারা ডিফলটারস, তাদের নিয়ে কেস করা যায় না তা নয়। কিন্তু সেই কেস কি? আপনি দেন নি, আপনার এত টাকা ফাইন হচ্ছে। মালিকরা ডিফলকেট করছে বা টাকা দিচ্ছে না, চুরি করছে—একথা বলতে পারবেন না। কারণ মালিকরা ভদ্র, তাদের কি চোর বলা যায়? তাদের চোর বলা যাবে না, আইন নেই। কাজেই কি করা যাবে। একটা গণতান্ত্রিক সমাজে এই ঘটনা ঘটবেই। তাদের দায়িত্ব হচ্ছে সেই কথা শ্রমিকদের বোঝান। এটা হচ্ছে ওদের কথা। আর তাত্ত্বিকের কথা আমি ওঠাই নি, এটা আপনি উঠিয়েছেন। আপনি কার্ল মার্কস, ফ্রেডারিক এঙ্গেলস ইত্যাদির কথা উঠিয়েছেন। এটা না ওঠালেই ভাল হত। আপনি যদি বলতেন পণ্ডিত নেহরুর কথা, আপনি যদি বলতে শ্রীমতী গান্ধীর কথা, তাহলে বুঝতাম যে হ্যাঁ, আপনি পড়েছেন। কিন্তু আপনি কার্ল মার্কসের কথা বললেন। আপনি কার্ল মার্কসের বই পড়েন নি। আপনি লেবারের সংজ্ঞা জানেন? জানেন না। আপনি জানেন ক্যাপিটাল মানে কি এ্যাকর্ডিং টু কার্ল মার্কস? আপনি জানেন না। মহান কার্ল মার্কসের প্রধান কথা হচ্ছে ওয়েজ শ্লাভারি এ্যাবলিস করতে হবে। তা করতে গেলে ধনতান্ত্রিক সমাজব্যবস্থার মধ্যে ওয়েজ শ্লাভারী বন্ধ করা যায় না। আর বন্ধ করতে হলে বিপ্লবী সংগ্রাম করতে হবে। তা না হলে সেটা বন্ধ করা যায় না। সে কথা আপনি পড়েন নি, আপনি কি করে বলবেন। I understand your difficulty। আমি আপনার ডিফিকাল্‌টিটা বুঝি। কাজেই এগুলি কেয়ারফুলি বলা উচিত। আর ক্যাপিটালের তিন ভলিউম আমি পড়েছি। আপনি পড়েন নি। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে, আপনি পড়েন নি। উনি বলেছেন যে, লক-আউট সম্পর্কে আমরা কিছু করতে পারছি না কেন? লক আউট নিয়ে নেগোসিয়েশান করে তার উইথড্র হচ্ছে এবং হবে। চটকলে একটা বিশেষ সমস্যা আছে। আপনি জানেন যে, এই হাউসে প্রস্তাব গৃহীত হয়েছে। চটকল, জুট ইণ্ডাষ্ট্রি মাষ্ট বি ন্যাশানালাইজড। এটা জাতীয়করণ ছাড়া উপায় নেই। আমরা সুতাকল জাতীয়করণের কথা বলি না, আমরা বিড়ির কারখানা জাতীয়করণ করার কথা বলি না, কিন্তু একটা স্পেশাল ইণ্ডাষ্ট্রি চটকল, তাকে জাতীয়করণ করার কথা বলেছি। এই জন্য বলেছি যে, এটা

প্রাইভেট এমপ্লয়ারদের হাতে যতদিন থাকবে ততদিন চটকলের কোন উন্নতি হতে পারে না।

[5.10—5.20 P. M.]

আপনারা নিশ্চয়ই শুনেছেন, সকলেই শুনেছেন '৫০ সালে কোরিয়ান যুদ্ধের পর থেকে এই শিল্পে প্রভূত লাভ হচ্ছে। (এই সময়ে শ্রীসুব্রত মুখার্জীকে দাঁড়িয়ে থাকতে দেখা যায়।) সুব্রতবাবু, আপনি দয়া করে যদি বসেন, তাহলে ভাল হয়। আমার কথা হচ্ছে, এই হাউস থেকে ইউন্যানিমাসলি প্রস্তাব পাশ হয়েছিল, আপনার সমর্থন ছিল, আপনারা প্রস্তাব পাশ করেছিলেন, চটকলকে বাঁচাতে হলে একে জাতীয়করণ করতে হবে। এটা শুধু আমার কথা নয়, এটা আপনাদেরও কথা। এ বিষয়ে আমার নেগোসিয়েশন করা ছাড়া ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুট এ্যাক্টে আর কোন ব্যবস্থা নেই।

একজন সদস্য বললেন, ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুট এ্যাক্টে নাকি এমন ধারা আছে, যা দিয়ে নাকি আমরা 'নাসা'র মত কাজ করতে পারি! অর্থাৎ মালিকদের বিনা-বিচারে আটকে রাখতে পারি। আমি তাঁকে বলছি, আর একবার আমার সামনে সেই এ্যাক্টটা পড়ুন, কোথায় লেখা আছে, আমি সেটা দেখতে চাই। ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুট এ্যাক্টে আছে, যদি নেগোসিয়েশন ফেল করে, লক-আউট বা ষ্ট্রাইক থাকে তাহলে সেকশন ১২(৪) অনুযায়ী কনসিলিয়েশন অফিসার রিপোর্ট করতে পারবেন এবং গভর্নমেন্ট তখন সেকশন ১০(৩) এ্যাপ্লাই করে ষ্ট্রাইক বা লক-আউট-কে বেআইনী ঘোষণা করতে পারবেন। কিন্তু বেআইনী করলে কি হবে? আমরা তো বেআইনী করেছিলাম, আপনাদের মনে থাকা উচিত আমরা লক্-আউট বেআইনী ঘোষণা করেছিলাম, হাইকোর্টে গিয়ে ইন্‌জাংশন হলো, আমরা কি করব? আর এই আইনের বিরুদ্ধে তো সুব্রতবাবুরাও অনেক চিৎকার করেছেন। সেইজন্যই বলছি জাতীয়করণ ছাড়া চটকলকে বাঁচান যাবে না। সম্প্রতি কেন্দ্রীয় সরকার চটকলে ১৫% প্রোডাকশন কাট্ হোক, এই প্রস্তাব নিয়েছেন। আমরা বলেছি, এই প্রস্তাব সঠিক নয়। চটকলের র' মেটিরিয়ালের সর্টেজ নেই। যাঁরা বলছেন কাঁচামালের অভাব আছে, তাঁরা তা প্রমাণ করুন। আমরা বলছি নেই এবং আমরা এটা প্রমাণ করতে পারব যে, চটকলের র' মেটিরিয়ালের সর্টেজ নেই। সুতরাং চটকল বন্ধ করবার বা প্রোডাকশন কাট্ করবার কোন কারণ নেই। প্রোডাকশন কাটের কথা বলতে গেলে ইমপ্লিকেশন বুঝে বলা উচিত, কারণ এতে অন্ততঃ

৪০ হাজার শ্রমিক ছাঁটাই হবে। আমরা এই প্রস্তাব এ্যাপ্রুভ করি না, আমাদের গভর্নমেন্ট এ্যাপ্রুভ করে না। একথাগুলি সত্য কথা। ছোট ছোট কথা হলেও এগুলি সব সত্য কথা।

আমি আর দু'-একটি কথা বলব, তার বেশী বলা সম্ভব নয়। (শ্রীসুব্রত মুখার্জী—তার বেশী বলতে পারবেন না।) আমাকে টাইম দিলে সারা রাত বলতে পারি এবং তাতেও আমার বক্তব্য শেষ হবে না।

আমি বলছি, সুব্রতবাবু বলেছেন, "আপনাদের গভর্নমেন্টকে কোর্ট মার্শাল করা উচিত।" ভেরি গুড, কোর্ট মার্শাল করুন। কোর্ট মার্শাল তো আপনারা করেছিলেন, '৭২ সালে করেন নি? মানুষ ভোট দেয় নি, রিভলভার ভোট দিয়েছিল। '৭২ থেকে '৭৬-'৭৭ সাল পর্যন্ত কমপ্লিট রেন্ অফ্ টেরর, কমপ্লিট নিগেশন্ অফ ডেমক্রেসি করেন নি আপনারা? তারপরে মানুষ যখন সজাগ হয়েছেন, ভোট দেওয়ার অধিকারী হয়েছেন, তখন তো দেখেছেন তাঁরা কি চান। আজকে তার ফলেই আমরা এখানে এসেছি। আমরা রিভলবার দেখিয়ে আসিনি, আমরা মানুষের ভোট নিয়ে এসেছি। এটাই হচ্ছে সহজ কথা। আপনারা বলেছেন দেখে নেবেন। নেবেন, কত ধানে কত চাল সেটা পরে দেখা যাবে। আপনি আমি অমর নই, মানুষ অমর, জনতা অমর। সেই মানুষ ইতিহাস সৃষ্টি করে, জনতা ইতিহাস সৃষ্টি করে। আমরা জনতার উপর নির্ভর করি। আমি এই কথা বলে আবার বলছি যে-সমস্ত কাট মোশান আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker : There are 19 cut motions to this demand. I put to vote all the cut motions except Nos 4, 5 and 14—17 on which I understand division will be demanded.

The motion that the amount of Demand be reduced to Re. 1 was then put and lost.

The motion that the amount of Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Shri Kashinath Misra (No. 4 & 5) and of Shri Subrata Mukherjee (14—17) were then put and a Division taken with following result :

NOES

Anisur Rahaman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Bandyopadhyay, Shri Debabrata
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Bera, Shrimati Chhaya
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Daud Khan, Shri
De, Shri Bhupati Bhusan
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aprajita
Gupta, Shri Jyotsna Kumar
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Surendra Nath
Mal, Shri Trilochan
Malik. Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalanada
Mukherjee, Shri Joykesh
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen Gupta, Shri Prabir
Sinha, Dr. Haramohan
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay

AYES

Abdur Rauf Answari, Shri
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata

ABSTENTION

Sarkar, Shri Debaprosad

The Ayes being 7, the Noes 81 and the abstention 1, the motions were lost

[5 20—5 30 P.M.]

The motion of Shri Krishnapada Ghosh that a sum of Rs. 7,30,23,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "287-Labour and Employment", (This is inclusive of a total sum of Rs. 1,21,71,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমাণ্ড নাম্বার ৪৬ সম্বন্ধে আমা কিছু বলার আছে। এখানে ডিমাণ্ড ৪৬টা আইন সম্মতভাবে উঠতে পারে না। তা কারণ ছুটো কাগজ আমরা পেয়েছি। একটা কাগজে ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটি এ্যাসেম্বলী-লিষ্ট অফ বিজনেস, সেখানে ৪৬ মেজর হেড ২৮৮-তে বলা আছে শা রঞ্জন ঘটক টু মুভ ছাট এ সাম অফ রুপিজ সাচ এ্যাণ্ড সাচ—এটা আমাদের কা বিলি করা হয়েছে। আর একটা ঐ একই কাগজ ৪৬ ডিমাণ্ডে জ্যোতিবাবু, চী মিনিষ্টার, তিনি মুভ করছেন। ছুটো মোশন এক সঙ্গে এসেছে। এইজন্য এখা একটা টেকনিক্যাল প্রবলেম থাকছে। একটাতে শান্তিবাবু ও আর একটা জ্যোতিবাবু মুভ করছেন, সুতরাং এই ছুটো সাইমালটেনাসলি কি করে মুভ হয় ?

মিঃ ডেপুটি স্পীকার ঃ সুব্রতবাবু, শান্তিবাবু এবং জ্যোতিবাবু ছুজনেই ফাইনান্স মিনিষ্টার। আইদার অফ দেম ক্যান মুভ।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, আপনি এটা দেখুন। এখানে জ্যোতিবাবুর না থাকলেও শান্তিবাবু উইথ ইওর পারমিশন বলে যদি মুভ করতেন তাহলে কোন সমস্যা থাকতো না। কিন্তু আমাদের কাছে ছুটো পেপার ডিসট্রিবিউট করা হয়েছে, একটা জ্যোতিবাবুর নাম দিয়ে, আর একটা শান্তিবাবুর নাম দিয়ে। দেন আইদার ইউ আর ভায়োলেটিং দি বিজনেস অফ দি হাউস, অর টু মোশনস্ আর প্লেসিং

সাইমালটেনাসলি। জ্যোতিবাবুরটা উনি যদি আপনার পারমিশন নিয়ে মুভ করতেন তাহলে কোন সমস্যা থাকত না।

মিঃ ডেপুটি স্পীকার: সুব্রতবাবু, আপনি যে পয়েন্টটা রেজ করেছেন সে ব্যাপারে আমি দেখছি যে, আমাদের এ্যাসেম্বলীর লিষ্ট অফ বিজনেসে পরিষ্কার-ভাবে লেখা আছে ডিমাণ্ড নাম্বার ৪৬ এবং ৪৯ দুটোই শান্তিবাবু মুভ করবেন।

শ্রীসুব্রত মুখার্জী: আমি দুটো কাগজ আপনার কাছে জমা দিচ্ছি। আমাদের যেটা ডিসট্রিবিউট করা হয়েছে সেটা আপনাকে বিবেচনা করতে হবে। দুটো কাগজই ইকোয়ালী মেটিরিয়াল। অতএব আইদার ইউ আর ভায়োলেটিং দি বিজনেস অফ দি হাউস অব ইউ আর মুভিং টু মোশনস্ সাইমালটেনাসলি।

মিঃ ডেপুটি স্পীকার: যে জিনিসটা আপনি দেখিয়েছেন সেটা স্পীচে আছে। মেন ডিমাণ্ডের ব্যাপারে যে লিষ্ট আমার টেবিলে রয়েছে সেটা শান্তিবাবু মুভ করবেন। অর্থাৎ ডিমাণ্ড নং ৪৬ এবং ৪৯ দুটোই মুভ করবেন।

শ্রীসুব্রত মুখার্জী: ষ্টেটমেণ্টে লেখা আছে, মিঃ স্পীকার স্যার On the recommendation of the Governor, I beg to move that such and such ইত্যাদি ইত্যাদি। তারপর স্পীচের কপিটা দেওয়া হয়।

মিঃ ডেপুটি স্পীকার: আমার কাছে যে লিষ্ট অফ বিজনেস রয়েছে সেই লিষ্ট অফ বিজনেস অনুসারে আমি মনে করি শান্তিবাবু ৪৬ এবং ৪৯ উভয় ডিমাণ্ডই মুভ করতে পারেন। নাউ আই রিকোয়েষ্ট টু শান্তিবাবু টু মুভ হিজ ডিমাণ্ড।

ডাঃ জয়নাল আবেদিন: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার। আপনার রুলিংয়ের উপর কিছু বলছি না। আমরা এখানে একটি ব্যতিক্রম দেখেছি। ২০ বছরের এই হাউসের ইতিহাসে কবে ব্যয়-বরাদ্দের দাবী মিনিষ্টার অফ ষ্টেট মুভ করেছেন ইনষ্টেড্ অফ্ এ ক্যাবিনেট মিনিষ্টার। Sir, propriety of the House demands that if the Minister-in-Charge is present he is bound to move the motion. If Chief Minister is over burdened, one Cabinet rank Minister should move the motion instead of Minister of State. So, you should follow the convention of the House.

মিঃ ডেপুটি স্পীকার : Now I request Shri Santiranjan Ghatak to move demand No. 46 & 49.

DEMAND No. 46

Major Heads : 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relife and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)

Shri Santi Ranjan Ghatak : Sir, on the recommendation of the Governor, I bag to move that a sum of Rs. 66,79,32,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward Classes), and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)".

(This is inclusive of a total sum of Rs. 11,13,23,000 already voted on account in March, 1983.)

DEMAND No. 49

Major Head : 296-Secretariat—Economic Services

Shri Santi Ranjan Ghatak : Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,29,31,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "296—Secretariat—Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 71,56,000 already voted on account in March, 1983.)

Mr. Deputy Speaker : There are two cut motions in Demand No. 46 and there is no cut motion in Demand No. 49. Both the cut motions in Demand No. 46 are in order and are taken as moved.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the amount of Demand be reduded by Rs. 100.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী ৪৬ নং এবং ৪৯ নং দাবী দুটি মুখ্যমন্ত্রী মহাশয়ের পরিবর্তে এই সভায় পেশ করেছেন। ব্যাপারটা এত সামান্য নয়, যদিও ২/১ পাতার বিবৃতি। কারণ এর মধ্যে ৬৬,৭৯,৩২,০০০ টাকার ব্যয়মঞ্জুরীর জন্য মুখ্যমন্ত্রী দাবী করেছেন। তাতে সামাজিক নিরাপত্তা এবং কল্যাণ বাবদ যেখানে বর্তমানে সবচেয়ে বেশী টাকা ব্যয়িত হচ্ছে জাতীয় গ্রামীণ কর্মসংস্থানের মাধ্যমে এবং এই যে টাকা মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার বলেছেন গ্রামাঞ্চলের বেকার এবং অর্ধ-বেকারদের জন্য অধিকতর কর্মসংস্থান এবং গ্রামের মানুষের পুষ্টির ব্যবস্থা এবং তাঁদের জীবনযাত্রার মান উন্নয়নে ব্যয়িত হবে।

[5.30—5.40 P. M.]

এই জীবনযাত্রার মান গত পাঁচ বছরে কতটা ঘটেছে এবং গত বছর এর জন্য কত ব্যয়-বরাদ্দ করেছিলেন তার একটা পূর্ণ চিত্র কিন্তু এখানে নেই। এখানে শুধু বলে দিয়েছেন যে, বেকার সমস্যার সমাধান ঘটবে। আপনারা বলেছেন, এর মাধ্যমে অর্ধ-বেকারের সমস্যা কিছুটা দূরীভূত হতে পারে। শ্রম-দিবসের কথা আপনারা বলেছেন। আমরা এখানে বিভিন্ন সময় শুনেছি ১৯৮২ সালের ডিসেম্বরের শেষ নাগাদ দু' কোটি উননব্বই লক্ষ তিন হাজার শ্রম-দিবসের মাধ্যমে কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। এটা সরকারী ভাবে বলা হয়েছে। সরকার যেখানে বিভিন্নভাবে টাকা ব্যয় করছেন, যেমন পঞ্চায়েতের মাধ্যমে টাকা ব্যয় করছেন, সেই পঞ্চায়েতে কতকগুলি অভিযোগ দায়ের করা হয়েছে এটা আপনি জানেন স্যার। সেখানে টাকা ঠিকভাবে খরচ হচ্ছে কিনা সেটা দেখতে হবে। গ্রামে এন. আর. ই. পি.-র কতকগুলি কর্মসংস্থানের ব্যাপারে সরকার পঞ্চায়েতের মাধ্যমে করাতে চাইছেন। সেই কাজ বাস্তবমুখী হচ্ছে কি না সেটা দেখতে হবে। সেই পঞ্চায়েতে কিন্তু বিভিন্ন জায়গায় বিভিন্ন অভিযোগ আপনাদের দলের তরফ থেকে এবং বিরোধী দলের পক্ষ থেকে এসেছে, এটা আপনার জানা আছে। সেই অভিযোগগুলি আরো খুঁটিয়ে দেখার প্রয়োজন আছে। আমাদের কর্মসংস্থান নিশ্চয়ই কেউ বলে না যে খারাপ। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতার মাধ্যমে যে কর্মসংস্থান প্রকল্প চলছে সেটাকে কেউ খারাপ বলে না। কিন্তু আমাদের আরো বেশী করে দেখা উচিত যে, এর মাধ্যমে স্থায়ী বেকারত্ব কতটা দূর হচ্ছে। বেকার সমস্যার সমাধানের জন্য, বেকার ভাতার জন্য আপনারা টাকা চাইছেন। ১৯৮৩-৮৪ সালে বেকার ভাতার জন্য আপনারা ১৭ কোটি টাকা চাইছেন। ইতিমধ্যে আপনারা

বেকার ভাতা নেওয়ার যে বয়েস নির্ধারণ করা ছিল তার পরিবর্তন ঘটিয়েছেন। আমরা এটা জানি যে, আপনারা ১৯৭৮ সালের পয়লা এপ্রিল থেকে ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ৩ লক্ষ ৭৪ হাজার ৬০২ জন মেল এবং ৫২ হাজার ৬১৬ জন ফিমেলকে বেকার ভাতা দিয়েছেন। অর্থাৎ ১৯৭৮ সালের এপ্রিল হতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত মোট ৪ লক্ষ ২৭ হাজার ২১৮ জনকে বেকার ভাতা দিয়েছেন। এই পশ্চিমবাংলায় যে-সব শিক্ষিত বেকার, অর্ধ-শিক্ষিত বেকার এবং অর্ধ-বেকার যারা আছে তাদের জন্য মূল সমস্যা সমাধানের জন্য আপনারা কি করছেন সেটা এখানে বলেন নি। সেই ব্যাপারে অনুসন্ধান করা হচ্ছে কি না এবং গত ৬ বছরে এই ব্যাপারে কত টাকা ব্যয় করেছেন সেটা জানানো দরকার। এখানে বিভিন্ন সমস্যা রয়েছে। এখানে বন্যা হয়েছে, খরা হয়েছে। তার জন্য আপনারা অনুদান দেবার ব্যবস্থা করেছেন। সেই জন্য ব্যয়বরাদ্দের হয়ত কিছুটা বৃদ্ধি ঘটেছে। কিন্তু কোন স্থায়ী সমস্যার সমাধান এই ব্যয়বরাদ্দের মাধ্যমে হয় নি।

বেকার যুবকদের আপনি ৫০ টাকা হিসাবে বেকার ভাতা দিচ্ছেন, কিন্তু সেই সঙ্গে একটা সময়সীমা নির্দিষ্ট করে দিয়েছেন। সেই সময়সীমা অতিক্রান্ত হয়ে গেলে সে আর ভাতা পাবে না। কিন্তু দেখা যায়, নির্দিষ্ট সময়সীমার মধ্যে সে চাকুরি পায় না। আপনি বলবেন, সেরকম ভাবে পারমানেন্ট সলিউশানের কোন ব্যবস্থা আপনার হাতে নেই। পারমানেন্ট সলিউশানের জন্য গ্রামীণ শিল্প গঠনের মধ্যে দিয়ে কিছু করার বিষয়ে কি আপনি চিন্তা করেছেন? গ্রামের বুকে বহু ক্ষুদ্র ও কুটির শিল্প আছে, সেখানে বহু দক্ষ শিল্পী নিযুক্ত আছেন, তাঁদের আর্থিক সহায়তা দানের মধ্যে দিয়ে অদক্ষ বেকারদের সেখানে ট্রেনিং দেবার ব্যবস্থা আপনি করছেন। কিন্তু এখানে ট্রেনিংয়ের ডিওরেশানের দিকে লক্ষ্য দেওয়ার দরকার আছে। আপনি বেকারদের ১ মাস বা ৩ মাস সময় পর্যন্ত ট্রেনিং দেওয়ার ব্যবস্থা রাখছেন। আমার প্রশ্ন হচ্ছে, এই সামান্য সময়কালের মধ্যে কি একজন দক্ষ কারিগরে পরিণত হতে পারেন? এদিকে কিন্তু আপনাকে চিন্তা করে দেখতে হবে। গ্রামের তন্তুজীবী, মৎস্যজীবী বা একজনকে আপনি কিছু আর্থিক সহায়তা দিচ্ছেন। এক্ষেত্রে কিন্তু ভেবে দেখার প্রয়োজন আছে যে, ঐ টাকা সংশ্লিষ্ট শিল্পী তার মূলধনের কাজে সহায়ক হিসাবে ব্যবহার করতে পারবে কিনা। ঐ টাকা শিল্পোপযোগী কাঁচামালের পরিপূরক হিসাবে কাজ করবে কিনা ভেবে দেখার দরকার আছে। তা না হলে একজন ভুখা, অনাহারী-অর্ধাহারী শিল্পী ঐ টাকা নিজের সংসার খরচা মেটাবার কাজে ব্যয় করে ফেলবে, তার পারিবারিক ভরণপোষণের কাজে ব্যয় করে ফেলবে। এমন দেখা গেছে, টাকা তার হাতে দুর্গাপূজা, ঈদ বা

মহরমের সময় দেওয়া হয়েছে। এইসব ক্ষেত্রে কিন্তু ঐ শিল্পী নিজের সংসারের কাজে ব্যয় করে ফেলে। সাহায্য পাওয়ার পক্ষে উপযুক্ত শিল্পী নির্ধারণ কারা করবে? পঞ্চায়েতগুলি বিভিন্ন ভাবে পক্ষপাতমূলক কাজ করে। পঞ্চায়েতের উপরে সাহায্যপ্রার্থী শিল্পী নির্ধারণের ভার দিলে পক্ষপাতমূলকভাবে চিহ্নিত হতে পারে, নিরপেক্ষতা বজায় নাও থাকতে পারে। কিন্তু সাহায্যের ব্যাপারে সম্পূর্ণ নিরপেক্ষভাবে গ্রামের সমস্ত কুটির শিল্পকেই এই ব্যবস্থার মধ্যে নিয়ে আসার প্রয়োজন আছে। আমার বিশ্বাস আছে, আপনি এদিকে দৃষ্টি রাখবেন। যা কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, সেগুলিকে সংশোধনের চেষ্টা আপনি করবেন। স্থায়ী সম্পদ সৃষ্টির দিকে কিন্তু সরকারের লক্ষ্য রাখা উচিত। গ্রামবাংলার বুকে রাস্তা-ঘাট বা পুকুর সংস্কার হয়। ধরুন একটা ৭ বিঘা পরিমাপের পুকুর সংস্কারের কাজে আপনি হাত দিতে স্থির করলেন। টাকার অভাব আছে এবং একসঙ্গে অনেককে সাহায্য দিতে হবে বলে ঐ পুকুরের একটা পার্ট আপনি সংস্কারের ব্যবস্থা করলেন। এর ফলে ফল দাঁড়াচ্ছে এই যে, দ্বিতীয় বারে আপনাকে আবার ঐ পুকুরটি সংস্কারের জন্য হাত দিতে হবে। এইভাবে কাজ করার ফলে গ্রামের ঐ এলাকাতে কোন স্থায়ী সম্পদ সৃষ্টি করা গেল না। একথা ঠিক যে, একই সঙ্গে গ্রামের সমস্ত পুকুরগুলিকে স্থায়ীভাবে সম্পূর্ণভাবে সংস্কার করা সম্ভব নয়। আমার কথা হচ্ছে, আপনি বিশেষ কোন গ্রামকে বেছে নিয়ে ক্ষমতা অনুসারে কোন বিশেষ একটা পুকুর সংস্কার করে স্থায়ী সম্পদ সৃষ্টি করতে পারেন। এর ফলে পারমানেণ্ট সলিউশান হবে ও সংশ্লিষ্ট গ্রামবাসী উপকৃত হবেন, জলাভাব দূর হবে। নদীর পার্শ্ববর্তী খাল খনন করে আপনি একটা ক্যাচমেণ্ট এরিয়া তৈরী করে গ্রামবাসীর পারমানেণ্ট সলিউশান করতে পারেন। এর ফলে পারিপার্শ্বিক অবস্থার যথেষ্ট উন্নতি সম্ভব হবে। ক্ষুদ্র ক্ষুদ্র বা আংশিকভাবে বিভিন্ন কাজে হাত দিয়ে পরিপূর্ণ ভাবে সংস্কার না করতে পারার ফলে বিভিন্ন জায়গায় ত্রুটি থেকে যায়। আশা করি, আপনি এদিকে বিশেষ ভাবে দৃষ্টি রাখবেন। আপনি আপনার বাজেটে ১৭ কোটি টাকার বরাদ্দ রেখেছেন আগামী দিনগুলিতে ব্যয় করার জন্য। আগামী ৫ বছর আপনি যাদের বেকার ভাতা দেবেন বলে স্থির করেছেন, তার মাধ্যমে কিন্তু ঐ সমস্ত বেকার যুবকরা স্থায়ীভাবে উপকৃত হচ্ছে না। সাময়িকভাবে মাত্র স্বল্পাংশ উপকৃত হতে পারবে। তাদের আপনি বিভিন্ন ভাবে বিভিন্ন প্রকল্পের সঙ্গে যুক্ত করতে পারেন, কিন্তু তাতে তারা স্থায়ীভাবে মুক্তি পাবে না। তারা অস্থায়ী রয়ে যাবে।

[5.40—5.50 P. M.]

সেখানে অস্থায়ী কাজকে স্থায়ী করার ব্যবস্থা হচ্ছে না। আপনারা একটা হিসাব দিয়েছেন ১৯৭৯-৮০ সালের সেখানে কাজে নিযুক্ত ৩ হাজার ৮৮৬ এবং সংশ্লিষ্ট শ্রম-দিবসে, তার মধ্যে কাজ হয়েছে ২ লক্ষ ৮৬ হাজার ৬৭। ১৯৮০-৮১ সালে ৮ হাজার ৪১১ জনকে কাজে নিযুক্ত করেছিলেন এবং শ্রম-দিবস সৃষ্টি করেছিলেন ৫ হাজার ৯১৪ জনকে। ১৯৮১-৮২ সালে ৫ কোটি ৫২ হাজার ৯১৪ জনকে কাজে নিযুক্ত করেছিলেন। তার মধ্যে ৬ লক্ষ ৯ হাজার ৩৮৫ দিন শ্রম-দিবস সৃষ্টি হয়েছে। এটা শ্রমিকদের স্বার্থে করা হচ্ছে না। যে স্থায়ীকরণের-কথা চিন্তা করছেন যে এর দ্বারা শ্রম-দিবস পারমানেণ্ট হবে এবং তাতে সমস্যার কিছুটা সমাধান করতে পারবেন। কিন্তু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের ব্যাপারে জানি কিছু নাম এতে বাদ যাবে। সেখানে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হল, কিন্তু আধা-কর্মসংস্থানের কোন ব্যবস্থা হল না। সেইজন্য এটা না ঘরকা না ঘাটকা হয়ে রইল। সেখানে দেখতে পাচ্ছি বিগত বছরগুলিতে লোকে কাজ পেয়েছে, কিন্তু কাজের স্থিরতা আসলে নেই। সেইজন্য মন্ত্রী মহাশয় অন্ততঃ এই ব্যাপারে লক্ষ্য করতে পারতেন। পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে যে অবস্থা ক্রমাগত সৃষ্টি হচ্ছে তাতে গ্রামের সাধারণ মানুষ ঠিকমত কাজ পাচ্ছে না। সেখানে বিভিন্নভাবে ক্ষুদ্র কুটির শিল্প নিয়ে অনেকবার আলোচনা হয়েছে এবং এই শিল্পতে সম্পদ সংগ্রহ ঠিকভাবে হচ্ছে না। সেটা আপনার আরেকটু পুঙ্খানুপুঙ্খরূপে দেখতে পারতেন। আপনারা এই বছর ৪ কোটি ২৯ লক্ষ ৩১ হাজার টাকা পেশ করেছেন সেটা বিভিন্ন খাতে ব্যয় হয়—যেমন উন্নয়ন পরিকল্পনা, শহর, গ্রামীণ এবং মৎস্য বিভাগ, কৃষি দপ্তর, পঞ্চায়েত সমিতি উন্নয়ন এবং সমষ্টি উন্নয়ন। যেটা গতবার ছিল ৩ কোটি ৮৯ লক্ষ ৭০ হাজারের মত সেটা এবারে বৃদ্ধি পেয়েছে। আপনি সেক্রেটারিয়েট অর্থাৎ সচিবালয়ের ষ্টাফ তাদের বেতন এবং তাদের খরচ করার জন্য যে বায় হচ্ছে তার পরিমাণ বৃদ্ধি হল। কিন্তু এতে কত ষ্টাফ বৃদ্ধি হল এবং কিভাবে প্রমোশন হল তার কোন হিসাব নেই এবং কত নতুন লোক নিয়োগ হল সে সম্বন্ধে কিছু বললেন না। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কতজন ষ্টাফ এসেছে সেটা পরিষ্কার করে কিছু বলেন নি। আপনার সচিবালয়ে গতবারের তুলনায় এইবার বরাদ্দ বাড়িয়েছেন এবং সেই বরাদ্দ বাড়ানোর পেছনে কি যৌক্তিকতা আছে সেটা জানালেন না পরিষ্কারভাবে এবং এতে কতজন কাজ করতে পারবে এটা পরিষ্কার করে আপনাদের বলতে হবে।

শ্রীমতী অঞ্জু কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটকে সমর্থন করতে গিয়ে /৪টি কথা বলতে চাই। বিরোধী পক্ষের বক্তৃতা শুনলাম, কিন্তু তার মধ্যে গঠনমূলক কান কথাবার্তা শুনলাম না। এই সমস্ত কথাবার্তার মধ্য দিয়ে তিনি যে জিনিসটা াঁড়াল করতে চেয়েছেন সেটা হচ্ছে বিগত বছরগুলিতে তাঁদের শাসনের অপকীর্তি- গুলিকে আড়াল করা। গত ৩৬ বছর ধরে তাঁরা যে পুঁজিবাদী অর্থনীতি শুরু রেছিলেন তার ফলে ব্যাপক মানুষ দারিদ্রসীমার নীচে নেমে গেছে। এর ফলে সহভাবে তাঁরা জীবনযাপন করছে। এই সমাজের যদি কল্যাণ করতে হয় তাহলে া এই পুঁজিবাদী অর্থনৈতিক কাঠামোর মধ্যে সম্ভব নয়। এটা করতে গেলে মাজতান্ত্রিক অর্থনৈতিক কাঠামো আমাদের দেশে গড়ে তোলা উচিত। অবশ্য দটা এই মুহূর্তে করা সম্ভব নয়। সেজন্য আমাদের সমাজ কল্যাণ দপ্তরের মাধ্যমে তটুকু করা যায় সেই চেষ্টা করা হচ্ছে। ১৯৭৭ সালের আগেও এই দপ্তর ছিল। ার্যতঃ অসহায় মানুষের পাশে দাঁড়ানো যে একটা ভূমিকা এই দপ্তরের ছিল, তা ারা পালন করেন নি। সেজন্য এই দপ্তর সম্বন্ধে তাদের কোন উপলব্ধি ছিল না। ন্তু এই সরকার তাঁর সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্যে সেই সমস্ত মানুষের জন্য ভিন্ন ধরনের প্রকল্প করেছেন। এই সমাজের বিশেষ করে মেয়েদের যে অবস্থা া আমরা জানি। কোন পরিবারের যদি ছেলে হয় তাহলে যে মনোভাব প্রকাশ রা হয়, মেয়ে হলে কিন্তু অন্য চিত্র দেখা যায়। একদিকে সামন্ততান্ত্রিক কুসংস্কার, ন্যদিকে পুঁজিবাদী শোষণের মধ্যে পড়ে আমাদের সমাজে মেয়েদের অবস্থা খুব রাপ। এই অবস্থা থেকে যদি মেয়েদের মুক্ত করতে হয় তাহলে তাদের র্থনৈতিক স্বনির্ভরতার প্রয়োজন আছে। সেজন্য সরকার মেয়েদের সম্পর্কে ভিন্ন ধরনের প্রকল্প নিয়েছেন। পঞ্চায়েতের মাধ্যমে নারী মঙ্গল সমিতি করে তার াধ্যমে মেয়েদের নিজস্ব কর্মোদ্যোগ শুরু হচ্ছে।

এই সমস্ত সাহায্য দেওয়ার মানে এই নয় যে, তাদের খয়রাতি সাহায্য দেওয়া চ্ছে। অর্থনৈতিক ক্ষেত্রে তাদের যাতে স্বনির্ভর করা যায় তার জন্য বিভিন্ন ভাবে এই রকার পরিকল্পনা করেছেন। এছাড়া গ্রামে ব্যাপক সংখ্যায় বেকার হচ্ছে, এই র্থনৈতিক সংকটের ফলে ব্যাপক সংখ্যায় লোক গরীব হয়ে যাচ্ছে। গ্রামে মিকরা কাজ পাচ্ছে না, মজুরী কমেছে, এই ক্ষেত্রে এই সমস্ত মানুষদের কাজ ওয়ার জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন। রাজ্য সরকার যে আই আর পি প্রকল্প নিয়েছেন, সেই প্রকল্পের মাধ্যমে বছরে ৬ শো পরিবারকে দারিদ্র্য- মার নিচে থেকে উর্ধ্বে তোলার চেষ্টা করছেন। কিন্তু এক্ষেত্রে একদিকে ব্যাংকের প এবং অন্যদিকে কেন্দ্রীয় সরকারের চাপের ফলে এই সমস্ত পরিকল্পনাকে রূপ

দেওয়া যাচ্ছে না। এছাড়া এই সরকারের শিশু কল্যাণের জন্য বিভিন্ন কল্যাণমূলক কাজ করছে। আমরা দেখেছি যে বামফ্রন্ট সরকার আসার আগে পর্যন্ত বিভিন্ন ধরনের এই সব প্রকল্প করার জন্য কোন রকম চেষ্টা করা হয় নি—যেমন প্রতিবন্ধীদের জন্য, শিশুদের জন্য, সমাজে পিছিয়ে পড়া মানুষদের জন্য, যারা দারিদ্র্যসীমার নিচে বাস করে। বামফ্রন্ট সরকার আজকে বিভিন্ন ধরনের প্রকল্প নিয়ে তাদের বাঁচার পথে সাহায্য করছেন। আর একটা কথা হচ্ছে আমাদের সমাজে বিধবারা খুব অসহায় অবস্থার মধ্যে থাকে, বিশেষ করে পিছিয়ে পড়া সমাজে বিধবারা অসহায় অবস্থার মধ্যে দিন কাটাতে বাধ্য হয়। এদের জন্য যদি কোন পরিকল্পনা করা হত তাহলে তারা উপকৃত হত। আজকে বামফ্রন্ট সরকার এই সমস্ত অসহায় বিধবাদের জন্য একটা প্রকল্প করেছেন, মাসে ৩০ টাকা করে ভাতা দেওয়ার ব্যবস্থা হচ্ছে। ৭ হাজার ২০০ জনকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এটাকে আরো যাতে বাড়ান যায় তার জন্য চেষ্টা করা হবে। এই সমাজের ব্যাপক মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে, তাদের সেই সীমার ঊর্ধ্বে তুলে অর্থনৈতিকভাবে যদি তাদের স্বনির্ভর না করা যায় তাহলে এই সমাজের অগ্রগতি সম্ভব নয়। সেজন্য সমাজ কল্যাণ মন্ত্রী মহাশয় সমাজের উন্নয়নের জন্য যে ব্যয়-বরাদ্দ নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.50—6.00 P.M.]

শ্রীমতী অপরাজিতা গোপ্পী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা যে কথা বললেন আমরা শুনেছি, আমি যে কয়েকটি কথা বলতে চাই খুব গুরুত্ব দিয়ে সেটা হচ্ছে সমাজ কল্যাণ এবং নিরাপত্তা সম্পর্কে এটা ঠিক যে ৩৫ বছরের যে পাপ সেটা এই মুহূর্তে আমরা দূর করতে পারব না, কিন্তু ৩৫ বছরের মধ্যে যে পরিকল্পনাগুলি গ্রহণ করা হয় নি, আজকে বামফ্রন্ট সরকার সেই পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন—এটা প্রগতির লক্ষণ, এটা ওঁরা দেখতে পেলেন না। গ্রাম বাংলায় কর্মসংস্থানের জন্য যে কর্মসূচী নেওয়া হয়েছে, গ্রাম বাংলায় যে-সমস্ত মানুষ আছে তাঁরা জানেন যে, গ্রামে কিভাবে এর মাধ্যমে কাজগুলি এগুচ্ছে। আমি বিশেষ করে সমাজ কল্যাণ এবং নিরাপত্তা সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা রাখতে চাই। আমরা আগে শুনেছিলাম যে, শিশু

অপরাধীর জন্য একটা ব্যবস্থা করা হয়েছিল, আদালত এবং ৫শো জনের আবাসিক রিমাণ্ড হোম লবণ হ্রদে তৈরী করার পরিকল্পনা হয়েছিল।

আমি আশা করি সেই পরিকল্পনা আপনি গ্রহণ করবেন। আপনি নিশ্চয়ই জানেন আমাদের এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় গ্রাম থেকে শহরে দারিদ্র্যের শেষ সীমায় যারা বাস করে তাদের অবস্থা কি। দেশ খণ্ডিত হবার পর পূর্ববাংলা থেকে যে-সমস্ত উদ্বাস্তুরা এসেছে তাদের পুনর্বাসনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ব্যর্থতা আমাদের বহন করতে হচ্ছে। শিশু এবং মহিলাদের দুরবস্থা আমরা দেখেছি। কাজেই এই শিশু প্রকল্পগুলি যাতে ত্বরান্বিত হয় সেই ব্যবস্থা আপনি করুন। দুঃস্থ মহিলাদের মধ্যে বিধবাদের মাসিক ৩০ টাকা ভাতার ব্যবস্থা বামফ্রন্ট সরকার করেছেন। আজকের দিনে দ্রব্যমূল্য যেখানে উর্ধ্বমুখী সেখানে এই ৩০ টাকায় একটি মানুষের চলে না। কাজেই আমি অনুরোধ করব এই টাকার অংক বাড়িয়ে মাসিক ৬০ টাকা করুন। যদিও বামফ্রন্ট সরকার তাদের কথা ভাবছেন এবং এই সমস্ত মহিলারাও বুঝতে পারছেন তাঁরা উপেক্ষিত নয়। এই সংগে আমি অনুরোধ করব বৃদ্ধদের যে ভাতা দিচ্ছেন সেটাও বাড়িয়ে দিন, কারণ ৩০ টাকায় কিছুই হয় না। দুঃস্থ মহিলাদের জন্য কিছু কিছু প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন, কিন্তু সেই 'অংগনাদি' সমস্ত Block-এ হয় নি। এই কাজটি তরান্বিত করবার জন্য আমি অনুরোধ করছি। বামফ্রন্ট সরকার গত ৬ বছরে যে কাজ করেছেন সেটা দ্রুত গতিতেই করেছেন—যেটা গত ৩৫ বছরে হয় নি। তবে পরিকল্পনা যেগুলি গ্রহণ করেছেন তাতে কিছু কিছু অসম বিকাশ আমি দেখতে পাচ্ছি। কিছু কিছু জেলায় ভাল ভাল কাজ হয়েছে, আবার কোথাও কোথাও উপেক্ষিত হয়েছে। কুচবিহার জেলা সম্পর্কে নিশ্চয়ই আমার দাবী থাকবে। সেখানে আমরা দেখেছি পূর্ববাংলার ছিন্নমূল মানুষ যারা এসেছে তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ১৯৭৭ সালে আমরা সেখানে আন্দোলন সৃষ্টি করেছিলাম এবং বলেছিলাম এখানে দুঃস্থ মহিলাদের রাখবার ব্যবস্থা করুন। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি সেখানে যে Homes তৈরী হয়েছে সেগুলো আজ পর্যন্ত চালু হয় নি। আমি অনুরোধ করব এগুলি দ্রুত চালু করুন। বৃদ্ধা মহিলাদের আবাস স্থাপন করবার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে গড়িয়া এবং কৃষ্ণনগরে তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। তবে আমি জানি না এগুলো কতদূর অগ্রসর হয়েছে। আমরা যে পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় বাস করছি তাতে দেখছি এই বৃদ্ধ এবং বৃদ্ধা মানুষদের কি দুরবস্থা। তাদের দেখবার কেউ নেই। তারা যে অসহায় অবস্থায় বাস করছে সেটা ভাবাও যায় না। তাদের জন্য সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা

যাতে ত্বরান্বিত হয় সেই ব্যবস্থা করুন। আশ্চর্যের বিষয় স্বাধীন ভারতবর্ষে আমরা বাস করছি, অথচ ভবঘুরে এখানে রয়েছে। সুস্থ পরিবেশের মধ্যে প্রশিক্ষণ নিয়ে ভবঘুরেরা যাতে সুস্থভাবে সমাজে বাস করতে পারে তার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রে বছরের পর বছর মানুষ ভিক্ষে করে বেড়ায়—এই পরিস্থিতিতে আমরা বাস করছি। দুঃখের বিষয় বিরোধী দলের বন্ধুরা এই দিকটা দেখছেন না। এই ৩৫ বছর ধরে দেখছি একদল মুষ্টিমেয় মানুষের হাতে পুঁজি এসেছে এবং তারা ভোগবিলাসের মধ্যে বাস করছে। আর অপরদিকে চেয়ে দেখুন লক্ষ লক্ষ মানুষ উপেক্ষিত, অবহেলিত। বামফ্রন্ট সরকার অন্য কিছু না করুন অন্ততঃ একটা পরিকল্পনা গ্রহণ করেছেন এবং এই ভবঘুরেদের প্রশিক্ষণ দিয়ে সেখানে রাখার ব্যবস্থা করেছেন। আমি অনুরোধ করব এই কাজ ত্বরান্বিত করুন। আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস থেকে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং আমাদের কুচবিহারেও তাদের প্রশিক্ষণ দেবার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তবে দুঃখের সংগে জানাচ্ছি আজ পর্যন্ত এই প্রতিবন্ধীদের প্রশিক্ষণ দেবার জন্য কোন স্কুল বা ট্রেনিং সেণ্টার কিন্তু ওখানে হয় নি। এটা যাতে ত্বরান্বিত হয় সেই অনুরোধ আমি জানাচ্ছি।

[6.00—6.10 P.M.]

এবং প্রতিবন্ধীদের সম্পর্কে আরও বেশী পরিকল্পনা গ্রহণ করুন। তাদের কিছু কিছু ভাতা দেওয়া—সেটা যাতে বেশী দেওয়া হয় সেদিকে আপনি একটু দেখবেন। আমাদের দেশে আজকে লক্ষ লক্ষ মানুষ অন্ধ—চোখে দেখতে পায় না। আমরা চোখে দেখতে পাই—তারা কিন্তু দেখতে পায় না। তারা আজকে পৃথিবীতে জন্মগ্রহণ করে পৃথিবীর কোন আলো দেখতে পায় না। তারা আজকে সবচেয়ে উপেক্ষিত। তা সত্ত্বেও এই বিভক্ত সমাজে আমরা নানাভাবে শোষিত নির্যাতিত হচ্ছি, নারীরা নির্যাতিত হচ্ছে ধর্ষিত হচ্ছে। এই অন্ধরা যারা আজকে দেখতে পায় না এই বামফ্রন্ট সরকার তাদের জন্য চিন্তা করেছেন। এর আগে কোন সরকার—আমরা তো দেখতে পাই নি যে, এদের জন্য আলাদাভাবে কোন পরিকল্পনা গ্রহণ করেছেন। আমি আপনাকে অনুরোধ করবো আপনি এই অন্ধদের সম্পর্কে আরও বেশী সচেতন হোন। তাদের প্রশিক্ষণ দেবার এবং এই সমাজে প্রতিষ্ঠা করবার জন্য যে বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আর একটা কথা বিশেষ করে আমি বলছি যে, মাননীয় মন্ত্রী

মহাশয় আমি আপনাকে অনুরোধ করবো—আপনি আগে বলেছিলেন এই সম্বন্ধে। সেটা হচ্ছে এই যে আমি একজন মহিলা—আমি যখন আমার নির্বাচনী এলাকায় সমস্ত মানুষের সাথে দেখা করতে যাই তখন আমি একদিন পতিতালয়ে গিয়ে হাজির হয়েছিলাম। উপন্যাসে পড়েছিলাম, নিজের চোখে কোনদিন দেখিনি। একটা স্বাধীন নাগরিক এই স্বাধীন দেশে কিভাবে তাদের জীবন কাটায়। গল্পে পড়েছিলাম—কিন্তু সেদিন যখন নির্বাচনের প্রাক্কালে সেখানে গেলাম, কেননা তারা আমাদের ভোটার, তাদের কাছে গিয়ে হাজির হয়েছিলাম—আমি দেখে অবাক হয়ে গেলাম। তারা কিভাবে ক্ষোভে, হতাশায় সমাজে বাস করছে তা কল্পনা করা যায় না। তাদের মধ্যে একটা মেয়ে আমাকে জিজ্ঞাসা করলো—আপনি তো মহিলা, আপনাকে নিশ্চয় ভোট দেবো—কিন্তু একটা প্রশ্ন আপনাকে করছি যে, এই পঙ্কিল জীবনযাত্রা থেকে সুষ্ঠু কোন জীবনযাত্রায় আমাকে তুলে নিয়ে যেতে পারেন, যেখানে আমি সুষ্ঠুভাবে বাস করতে পারবো? সেখানে আমি নূতন করে পৃথিবীকে দেখবো, আপনাদের মত সমাজে বাস করতে পারবো—সেই রকম কোন সমাজে নিয়ে যেতে পারেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনাকে বলি সেদিন আমার যন্ত্রণা হয়েছিল যে, আমরা যে সমাজে বাস করছি তার পাশাপাশি এমন একটা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা রয়েছে যেখানে সাধারণ মানুষের স্বার্থ, মেয়েদের স্বার্থ, মেয়েদের সম্মান আজকে ধূলায় নষ্ট হয়ে যাচ্ছে। একটা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা আমাদের পঙ্কিল জীবনে মিলিয়ে দিচ্ছে। আজকে মানুষ হতাশাগ্রস্ত—এই অবস্থায় আমরা আজকে গর্বিত যে সমাজ কল্যাণ দপ্তর নিরপেক্ষভাবে সমাজের কল্যাণ করবার দিকে তাকিয়েছেন। যারা পতিতালয়ে বাস করে সেইসব মেয়েরা যাতে সুস্থ পরিবেশের মধ্যে বাস করতে পারে, তারা নূতন জীবনযাত্রা গ্রহণ করতে পারে তার একটা পরীক্ষা-নিরীক্ষা করবার জন্য আপনি কিছু কেন্দ্র করবার চেষ্টা করছেন। এর জন্য আমি আপনাকে অভিনন্দন জানাই। আমি আপনাকে অনুরোধ করবো মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে যে, আমি একজন মহিলা এবং আপনি সমাজের কল্যাণ দপ্তরে আছেন এবং আপনি সমাজের কল্যাণ করতে চান—আপনি ওদের সমাজের সুষ্ঠু পরিবেশের মধ্যে নিয়ে আসুন—তারা সুষ্ঠুভাবে বাস করুক। আমি জানি যে, আমাদের ক্ষমতা সীমিত—বিশাল ভারতবর্ষের অঙ্গরাজ্য এই পশ্চিমবঙ্গ—এই অবস্থায় প্রগতিশীল চিন্তাধারা নিয়ে, পরিকল্পনা নিয়ে আমরা সবটা উপকার করতে পারবো না। কেননা আমাদের আশেপাশে অনেক দুর্নীতি, অপসংস্কৃতি রয়েছে—যেখানে এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় আমি বলি হয়েছি। তার মাঝখানে একটা নূতন কোন পরিকল্পনা নেওয়া

এতো সহজ নয়। আমরা লড়াই করতে চাই এবং কিভাবে আমাদের সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারবো সেটা আমাদের চিন্তা করে দেখতে হবে। আপনি তার জন্য বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করুন। আপনি এইভাবে একটা বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে সারা ভারতবর্ষের অন্যান্য প্রদেশে নারীরা যেভাবে নির্যাতিত ধর্ষিত হচ্ছে, তাদের প্রতি একটা নূতন দৃষ্টান্ত দেখান, যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার একটা নূতন ইতিহাস সৃষ্টি করেছে। সেই সমস্ত পতিতালয়ের মেয়েদের মায়েদের নূতন জীবনযাত্রা, নূতন দিগন্ত খুলে দিন—এই অনুরোধ আপনাকে জানাবো। এটা আপনি করুন এবং আরও যারা প্রতিবন্ধী আছে তাদের কথা চিন্তা করুন এবং তারা যাতে সুষ্ঠুভাবে সমাজে বাস করতে পারে তার দিকে লক্ষ্য রেখে আরও পরিকল্পনা করুন এবং সেটা যাতে বাস্তবে রূপায়িত হয় সেই রকম পরিকল্পনা গ্রহণ করুন। ঐসমস্ত পরিকল্পনাগুলি যেন আমলাতন্ত্রের হাতে পড়ে ফাইলে বন্দী হয়ে না থাকে। এটা আমি দুঃখের সঙ্গে বলছি, আজকে অনগ্রসর কুচবিহার জেলায় দুটি পরিকল্পনা গ্রহণ করা হয়, কিন্তু আজ পর্যন্ত সেইগুলো চালু হলো না। কেন হলো না? সেই জন্য আমি বলবো, ফাইলে যেন পরিকল্পনাগুলো বন্দী হয়ে না থাকে, বামফ্রন্টের ইমেজ যেন নষ্ট না হয় সেদিকে আপনি সজাগ সতর্ক দৃষ্টি রাখবেন। আর একটি বিষয়ে অনুরোধ করবো, আমরা যাঁরা প্রতিনিধি, যাঁরা সাধারণ মানুষের সঙ্গে কাজ করি, তাদের সমস্যা, তাদের দুঃখ, তাদের যন্ত্রণা, তারা যখন আপনার কাছে বলেন, তখন নিশ্চয়ই আপনি গুরুত্ব দেবেন। তাই অনুরোধ করবো যে, এই কাজগুলো যাতে ত্বরান্বিত হয় সেদিকে আপনি লক্ষ্য রাখুন। এই কথা বলে আমি আপনার এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে বাজেট উত্থাপিত হয়েছে তাকে সমর্থন জানিয়ে অত্যন্ত বিনয়ের সংগে জানাচ্ছি এই যে, ৪৬ নং দাবীর উপর বাজেট হচ্ছে, এটা তিন মন্ত্রীর বাজেট। এষ্টিমেট কমিটির কথা অনুসারে বাজেটকে সহজ এবং সরল করার কথা ছিল। কিন্তু তা না করে। বাজেটটাকে এমন গোলমেলে করা হয়েছে, আমরা যাঁরা বক্তব্য রাখবো, তাঁরা ঠিক করতে পারলাম না যে, কি ভাবে বক্তৃতা দেব। কাজেই আমি অনুরোধ করবো ভবিষ্যতে এই তিন মন্ত্রীর বাজেটকে তিন রকম করা উচিত। সমাজ কল্যাণ বিভাগ—আমাদের দেশের শতকরা ৪০ ভাগ লোক একবেলা পেট পুরে খেতে পায় না, অধিকাংশ পাড়াগাঁয়ের মানুষ এখন তো তাড়ি খেয়ে জীবনযাপন করছে। সেখানে সমাজ কল্যাণের কাজ অসম্ভব, যদিও বরাদ্দ বৃদ্ধি পেয়েছে, কিন্তু সেই খাতে বরাদ্দ

হয়েছে ১৩ কোটি টাকা। তার মধ্যে প্ল্যানড্ বাজেটে হচ্ছে ৮ কোটি টাকা বোধহয় মাইনে বাবদ চলে যাচ্ছে। সাধারণ মানুষের খাতে লাগছে পাঁচ কোটি টাকার মত। মন্ত্রী মহাশয় জানেন—আপনি একটা প্রশ্নোত্তরে বলেছিলেন, আপনার হোমে যে ছেলেরা থাকে, তাদের দৈনিক খাবার জন্য বরাদ্দ হচ্ছে দু' টাকা। দু' টাকায় কোন খাবার হয় বলে আমার মনে হয় না। হোম যদি রাখতে হয়, মানুষের স্বাস্থ্য ফিরিয়ে আনার জন্য এবং স্বাস্থ্যকে ঠিক রাখার জন্য দু' টাকার খাদ্য দিয়ে কোন কোন মানুষকে রাখা যায় না। সার্কাসে যে সিংহ থাকে তাদের প্রাণে বাঁচিয়ে রাখার জন্য যে মাংস দেওয়া হয়, ঠিক সেইভাবে যদি মানুষকে রাখতে হয় তাহলে হোমের যে কর্তব্য, সেই কর্তব্য থেকে চ্যুত হবেন—জেলখানার খাদ্য হচ্ছে পাঁচ টাকা, হোমের বরাদ্দ হচ্ছে দু' টাকা, হোমের বরাদ্দ আপনার বাড়ানো উচিত। হোমের যারা হ্যাণ্ডিক্যাপড্ যাদের চাকরি দেবার কথা ছিল, পেশা দেবার কথা ছিল, তাদের কতগুলো দিয়েছেন আমি জানি না। কিন্তু নতুন যে এই ১৩ কোটি টাকায় কি হবে আমি বুঝতে পারছি না। ওল্ড পেনশন কিছু দেওয়া হচ্ছে, কিন্তু পেনশন দিতে গিয়ে আমরা কি মনে করেছি যে, কোন্ কোন্ বৃদ্ধকে আমরা দেব? হয়তো বলে দেওয়া হয়েছে যে, এতগুলো বৃদ্ধ ঠিক কর। আর বৃদ্ধের সংখ্যা বাড়ছে না। তিন টাকায় মানুষের কোন খাওয়া হয় না। অন্যদিকে বৃদ্ধ কৃষকদের পেনশন দেওয়া হচ্ছে ৬০ টাকা। সুতরাং এর ভিতর কি যুক্তি আছে, মন্ত্রী মহাশয় একটু চিন্তা করে দেখবেন। বিধবা পেনশন আমরা দিচ্ছি ৩০ টাকা, কিন্তু কতগুলো বিধবা এবং কোন্ বিধবাদের দেব, সেটা ঠিক করা উচিত। আমি মনে করি যে-সব বাল্যবিধবা, যাদের সংসারে কেউ নেই, যাদের সামনে হাতছানি আছে প্রলোভনের, তাদেরকে পুনর্বাসন দেবার জন্য পেনশন দেওয়া উচিত সংখ্যা গুণে গুণে। আমাদের একটা নীতি ঠিক করা উচিত, কোন্ বিধবা, কোন্ বৃদ্ধ বা কোন্ শ্রেণীর লোককে আমরা পেনশন দেব, এই রকম ভাবে একটা নীতি ঠিক করতে হবে। কাউকে এভাবে করলে এটা স্টান্টের মত মনে হয়। প্রাইভেট সেক্টারে সমাজ কল্যাণের জন্য কিছু টাকা দেওয়া হয়। প্রাইভেট সেক্টারের কাজ সরকারী সেক্টারের থেকে ভাল, এটা লোকে বলে এবং দেখাও যায়। কিন্তু প্রাইভেট সেক্টারকে আপনারা টাকা দেবেন কেন? সরকারী সেক্টারে কেন ভাল কাজ হবে না। প্রাইভেট সেক্টার সম্বন্ধে আমার যতটুকু ধারণা, আমি ঘুরে ঘুরে কিছু দেখেছিলাম, রামকৃষ্ণ মিশন, আর যাই বলুন, ওদের কাছে বড় বড় লোকেদের টাকা আসে, টাটা, বিড়লাদের ব্ল্যাক মানি দিয়ে চলছে। সেই সমস্ত সংস্থা সেখান থেকে প্রফিট করছে। যদি প্রাইভেট সেক্টারে যান তাহলে দেখবেন, সেখানে যে মহারাজ আছেন বা উপ্রর-

তলার যাঁরা আছেন, তারা ভাল খাচ্ছে এবং হোমের জন্য আপনাদের কাছ থেকে টাকা নিচ্ছেন। আমি দেখেছি তাদের জন্য যে খাবার দেওয়া হয়, সেই খাবার অত্যন্ত নিকৃষ্ট ধরনের। তাই প্রাইভেট সেক্টারকে যদি টাকা দেন তার পুরোপুরি হিসাব নিতে হবে এবং সেই টাকায় কতগুলো ছেলে মানুষ হচ্ছে এবং তারা কি খাচ্ছে কি ভাবে খাচ্ছে, সেই সুপারভিশন করার দরকার আছে। প্রাইভেট সেক্টারে আজকে সমাজ কল্যাণের নাম করছে কি না সেই ইন্সপেকশন হওয়ার দরকার আছে। আমি সেই কথা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো।

[6.10—6.20 P. M.]

এম. সি. সি. প্রোগ্রাম চালু করেছেন। এই প্রোগ্রাম সম্বন্ধে আমাদের অনেক ক্ষোভ আছে। আমার এলাকা বানে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হওয়া সত্বেও ওখানে এম. সি. সি. দেওয়া হয় নি। আমি মনে করি ওখানকার মানুষ পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে দরিদ্রতম মানুষ। বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় যদি এম. সি. সি. প্রোগ্রাম দেওয়া হত তাহলে আমার মনে হয় সেখানকার গরীব মানুষরা কিছু খেতে পেত। কিন্তু সেই জিনিস করা হয় নি। আমি মনে করি এই এম. সি. সি. প্রোগ্রামকে আরো প্রসারিত করা উচিত এবং এগুলি ভালভাবে চলছে কিনা আপনি লক্ষ্য রাখুন। এইগুলি খুব ভালভাবে চলছে বলে আমার মনে হয় না। আপনি অনারারি সার্ভিস চালু করবেন বলছেন। কিন্তু আই. সি. ডি. এস.-এর কাজ ঠিকমত হচ্ছে কিনা সেটা আপনি দেখুন। আমার মনে হচ্ছে এই আই. সি. ডি. এস.-এর কাজ ভাল ভাবে হচ্ছে না। জিনিসপত্র ঠিকমত যাচ্ছে না, কাজ ভাল ভাবে হচ্ছে না। ভাল ভাবে কাজ যাতে হয় আপনি সেই চেষ্টা করুন। খরাপীড়িত ক্ষুধার্ত মানুষ এক-মুঠো খাবার জন্য চারিদিকে হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। তাদের মুখে যাতে কিছু অন্ন দিতে পারেন সেই চেষ্টা করুন। এন. আর. ই. পি. স্কীমে দরিদ্র মানুষের সামনে কাজ করার একটা সমস্যা দেখা দিয়েছে। দেশে কাজ নেই, খরা চলছে। হুগলীতে বালি কাটার কাজ করতে চলে আসছে। ওঁরা বললেন, আমরা পঞ্চায়েতে হেরে যাব। আমাদের লোকেরা তো কাজ করতে চলে আসছে মফঃস্বল থেকে। তারা বালি কাটার কাজ করছে। একমুঠো খাবার জন্য ব্যাণ্ডেল স্টেশনে ভিক্ষা করছে। তাদের পুনর্বাসনের ব্যবস্থা করুন। যারা খেতে পায় না তাদের দিকে একটু দৃষ্টি দিন। ব্যাণ্ডেল স্টেশনে যারা পড়ে আছে তাদের দিকে একটু তাকিয়ে দেখুন, তাদের খাবার দিন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ সিরাজ আলিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি দু'-একটি কথা বলতে চাই। বামপন্থী সরকারের যে ৩৬-দফা কর্মসূচী ছিল ১৯৭৭ সালে ক্ষমতায় এসে সেই কর্মসূচীর অগ্রগতি তারা অনেকটা করেছেন। এই আইনটা ১৯৫৯ সালের কংগ্রেসের আইন। এই আইনটা প্রথম বৃটিশের সময় চালু হয়েছিল। এতে কি দেখা গেল? ওঁরা খরার কথা বলে মানুষকে ভোলাবার চেষ্টা করছেন। ১৯৭৪ সালে ওঁদেরই এক মন্ত্রী বিধানসভায় একটি প্রশ্নের উত্তরে বলেছিলেন, সমাজ কল্যাণ বিভাগ থেকে আইন করে এই ভিখারী, ভবঘুরেদের কুটির শিল্পের মাধ্যমে চাকরি করে দেবেন, শিল্প শিক্ষা দেবেন। তাদের স্বাবলম্বী করে তোলার জন্য একটি পরিকল্পনা নিয়েছিলেন। একটি লোককেও শিল্প শিক্ষা দেওয়া হয়েছে কিনা মাননীয় বিধানসভার সদস্যরা কোনদিন এটা দেখতে পান নি, অথচ আইন করেছিলেন। আর একটি আইন করেছিলেন যে, সমস্ত ভিখারীদের দেশে ফিরিয়ে নিয়ে যাবেন, আর্থিক সাহায্য দেবেন। তাদের বাড়ীঘর তৈরী করে দেবেন, শিল্পে চাকরি করে দেবেন। আমার মনে হয় আজ পর্যন্ত কোন সদস্য এটা দেখতে পান নি। এদের জন্য পোলট্রি ফার্মের ব্যবস্থা করে দেবেন, হাঁস-মুরগী পালনের ব্যবস্থা করে দেবেন। সরকার থেকে তাদের জন্য কোনরকম ব্যবস্থা করা হয় নি। আর আজকে তাঁরা বলছেন আমরা এই বাজেটকে সমর্থন করি না। ওঁরা যখন আমাদের বাজেটকে সমর্থন করেন না তখন আমরা বুঝি যে, নিশ্চয় সঠিক কাজ হচ্ছে, আর ওঁরা যদি সমর্থন করতেন তাহলে বুঝতাম নিশ্চয় আমরা ভুল কাজ করছি। কাজেই এই জিনিস যদি না থাকে তাহলে আমরা ভুল পথে যাব—এটা আমাদের রাজনৈতিক ভাবে শিক্ষা দেয়।

১৯৭৪ সালে মন্ত্রী মহাশয় বলেছিলেন, বিধবাদের বিবাহদান করা হবে। ওঁরা ক'টা বিবাহদান করেছেন আমাদের জানা নেই, কিন্তু সেখানে মন্ত্রী মহাশয় যিনি ১৯৭৪ সালে বক্তৃতা দিয়েছিলেন, তাঁর বক্তৃতার মধ্যেও একটাও সেরকম দৃষ্টান্ত দেখা যায় নি। ওঁরা বলেছিলেন, বিধবাদের ধাত্রীবিদ্যায় শিক্ষা দেওয়া হবে। আমার তো মনে হয় একজনকেও সেই সময় এই শিক্ষা দেওয়া হয় নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর তাঁরা চেষ্টা করেছেন বিধবাদের হাসপাতালে ধাত্রী-বিদ্যা শিক্ষা দেওয়ার। তারপর স্যার, কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা—রেল ইত্যাদি, তারা দীর্ঘ আন্দোলনের পর এই দাবী আদায় করেছেন যে, তাঁরা যদি চাকরি করতে করতে মারা যান তাহলে তার স্ত্রীরা চাকরি পাবেন। গত ৩০ বছরে ওঁদের আমলে কোন বিধবা সেই সুযোগ পান নি, বরং সেখানে বিধবাদের চাকরি দেবার

প্রলোভন দেখিয়ে তাদের নিয়ে মধুচক্র তৈরী করার চেষ্টা করা হয়েছে। ওঁর মানুষের উপকার কোনদিন করেন নি, কাজেই আজকে আমরা যখন মানুষে উপকার করতে যাচ্ছি তখন তাঁরা সেখানে স্বাভাবিকভাবেই আমাদের সমর্থন করতে পারছেন না। স্যার, মাননীয় সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয় আজ সমাজ কল্যাণ দপ্তরের বাজেট এনে বামফ্রন্টের ৩৬-দফা যে কর্মসূচী তার প্রতিটি কর্মসূচী অক্ষরে অক্ষরে পালন করার চেষ্টা করছেন। সমাজ কল্যাণ দপ্তরের মাধ্যমে ছাত্রর যে টাকা পাচ্ছে সেক্ষেত্রে সত্যবাবু বলেছেন, সেখানে চেক-আপের ব্যবস্থা থাক দরকার। আমিও মনে করি সেই ব্যবস্থা থাকা দরকার। আজকে ২৫ হাজার ছেলে এর মাধ্যমে সাহায্য পাচ্ছে এবং তাতে উপকৃত হচ্ছে। কথা ছিল কেন্দ্রীয় সরকার এর ৯০ ভাগ সাহায্য দেবেন, কিন্তু সেক্ষেত্রে আমরা দেখেছি কোন সময় তারা কিছু কিছু সাহায্য করেন, আবার কখনও কখনও করেন না। এর দায়-দায়িত্ব কিন্তু পুরোপুরি কেন্দ্রীয় সরকারের, কিন্তু সে ব্যাপারে তারা যথাযথ দৃষ্টি দিচ্ছেন না। তারপর প্রতিবন্ধীদের কথা এখানে বলা হয়েছে। স্যার, এক্ষেত্রে আমি বলতে চাই তারা তো নিজেদের দোষে প্রতিবন্ধী হয় নি, সমাজের দোষে তারা প্রতিবন্ধী হয়েছে, কাজেই সেই দিকটার কথা আমাদের মনে রাখতে হবে। সেখানে গর্ভবতী মায়েরা খেতে না পাওয়ার জন্য প্রতিবন্ধী শিশুর জন্ম দিয়েছে, কাজেই এক্ষেত্রে প্রতিবন্ধীদের দায়-দায়িত্ব পুরোপুরি কেন্দ্রীয় সরকারের বহন করা উচিত, কিন্তু তারা তা করছেন না। আমরা স্বাধীন দেশগুলিতে দেখি শিশুদের দায়-দায়িত্ব এবং শিক্ষার ব্যবস্থাটা কেন্দ্রীয় সরকারের, এখানে কিন্তু তা হচ্ছে না। স্যার ২৫ হাজার ছেলে যে সাহায্য পাচ্ছে সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটু অনুরোধ করতে চাই। আমি এ সম্পর্কে মাইনরিটির কথা একটু বলতে চাই। মাইনরিটিদের জন্য দুটি হোম আছে—পাঁশকুড়া এবং কলকাতায়, যেটা আদিকাল থেকে চলে আসছে। মেদিনীপুরে প্রচুর দুঃস্থ মাইনরিটি আছে, সেখানে একটি রেজিষ্ট্রিভুক্ত হোমে ৩০০ জন ছেলের শিক্ষার জন্য, থাকার জন্য তারা প্রোগ্রাম করছে। সেটাকে যদি সাহায্য করার জন্য ব্যবস্থা করা যায় তাহলে অনেক উপকার হবে। এই বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.20—6.30 P. M.]

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি যে, কথা বলে শুরু করতে চাই সেটা হচ্ছে, আমাদের ভারতবর্ষ একটা নয়, আমাদের ভারতবর্ষ

দুটো। একটা হচ্ছে প্রাচুর্যের ভারতবর্ষ, আর একটা ভারতবর্ষ হচ্ছে অসুস্থতা, দারিদ্র্যতা ছন্নছাড়া মানসিকতায় ভরা। অসুস্থ পরিবেশে বন্দী ভারতবর্ষের বাসিন্দারা। দ্বিতীয় ভারতবর্ষের বাসিন্দাদের নিয়ে আমার কারবার। এই বাসিন্দার অধিবাসীদের পরিসংখ্যান স্বাধীনতার পরে ৩২ বছর চলে গেলেও আজও তৈরী হল না। কত অন্ধ, কত প্রতিবন্ধী, কত দুস্থ, কত পতিতা, কত ভবঘুরে আছে তার পরিসংখ্যান নেই। পশ্চিমবাংলা এই প্রথম আমরা সেই রকম একটা পরিসংখ্যান তৈরী করার জন্য চেষ্টা করছি। এটা করতে আমাদের একটু সময় লাগবে। আমরা জানি যে দেশের ৫০ ভাগ দারিদ্র্যসীমার উপরে অবস্থিত, যে দেশের জনসমষ্টির ১/৫ অংশ মানুষ উদ্বৃত্ত জনসংখ্যায় পরিণত সেখানে দুঃস্থ শিশু, নারী, বৃদ্ধার সংখ্যা লাখে লাখে পৌঁছে যাবে সেটা বলাই বাহুল্য। মাননীয় সত্য ভট্টাচার্য মহাশয় যে কথা বলেছেন সেটা সঠিক ভাবেই বলেছেন। আমার যা চৌহদ্দি তাতে এই লক্ষ লক্ষ মানুষের কল্যাণের জন্য কিছু করতে গেলে ছিটেফোঁটাও করা সম্ভব নয়। তবুও তার মধ্যে অপুষ্ট যে লক্ষ লক্ষ শিশুরা আছে, গর্ভবতী মায়েরা আছেন, তাদের জন্য কিছু ব্যবস্থা আমাদের সরকার গত কয়েক বছর ধরে করবার চেষ্টা করেছেন। আমরা সুসংহত শিশু পুষ্টি প্রকল্প, মাদার এ্যাণ্ড চাইল্ড কেয়ার প্রোগ্রাম, ফ্যামিলি এ্যাণ্ড চাইল্ড ওয়েলফেয়ার প্রোগ্রাম, বলওয়াদি প্রোগ্রাম—এই সমস্ত প্রোগ্রাম মিলিয়ে আজকে বিশেষ পুষ্টি প্রকল্পের মধ্যে দিয়ে ২০ লক্ষেরও বেশী প্রায় ২॥ মিলিয়ন মানুষকে এই অল্প সময়ের মধ্যে এর আওতায় আনতে পেরেছি। প্রতিবন্ধীদের সম্পর্কে কিছু সামান্য বৃত্তি বা স্টাইপেণ্ড, কিছু সামান্য চাকুরি দেবার যে টার্গেট আমাদের ছিল, আমি মন্ত্রী হিসাবে স্বীকার করছি যে সেই টার্গেট অনুযায়ী আমরা চাকুরি দিতে পারিনি। তবুও সরকারের তরফ থেকে দুটো প্রচেষ্টা নেওয়া হয়েছে। উত্তরবঙ্গকে অনগ্রসর জেলা মনে করে আমরা উত্তরবঙ্গের উপর জোর দিয়েছি। রায়গঞ্জে প্রথমে ঠিক হয়েছিল যে, সেখানে ৫০ আসনের করা হবে। আমি মন্ত্রী হবার পরে সেই সংখ্যা বাড়িয়ে ১০০ আসনের ডেফ এ্যাণ্ড ডাম্প স্কুল করা হচ্ছে। পশ্চিম দিনাজপুর ও কুচবিহারে যা রয়েছে সেটাকে আর একটু এক্সটেনশান করে ১০০ আসনের করা হচ্ছে। একটা প্রশিক্ষণ কেন্দ্রও আমরা খুলতে যাচ্ছি। যারা বিশেষতঃ দুস্থ তাদের জন্য কিছু কিছু পরিকল্পনা আমরা নিয়েছি এবং বিশেষ করে অভাবগ্রস্ত পরিবার থেকে যে-সমস্ত মেয়েরা আসছে তাদের সংখ্যাও বিশাল। তাদের মধ্যে কাটিং এ্যাণ্ড টেলারিং সেণ্টারে সেলাই শিল্পের মাধ্যমে ৩॥ থেকে ৪ হাজারের মত মেয়েকে আমরা ৫০ টাকা স্টাইপেণ্ড দিয়ে তাদের স্বাবলম্বী করার চেষ্টা করছি। এছাড়াও দুটো বড় রকমের প্রকল্প আমরা নিয়েছি। কুচবিহারে ও

কৃষ্ণনগরে দুটো বিল্ডিং'স আমরা ১৬ থেকে ২০ লক্ষ টাকা খরচ করে তৈরী করছি সেখানে দুঃস্থ মহিলাদের রাখার ব্যবস্থা করা হয়েছে। ভিখারী ও ভবঘুরেদে সংখ্যাও প্রচণ্ড। আমি ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘুরেছি, কিন্তু ভবঘুরে আই বলে কিছু নেই। পশ্চিমবাংলায় আমরা খানিকটা চালু করতে পেরেছি। আম ৯টি হোম খুলে সেখানে প্রায় ২ হাজার ৩ শত ভবঘুরেকে আশ্রয় দেবার ব্যব করতে পেরেছি এবং তাদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থাও করেছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা এবং উন্নয়ন দপ্তরের মাননীয় রাষ্ট্রম ৪৬ নং যে ব্যয়বরাদ্দের দাবী মঞ্জুরির জন্য পেশ করেছেন তার মধ্যে আমার দপ্ত ত্রাণ ও কল্যাণ বিভাগ—কল্যাণ দপ্তরের ১৩ কোটি ১৮ লক্ষ ৪ হাজার টাকার বরাদ্দ আছে।

তাদের প্রশিক্ষণের ব্যবস্থা আমরা নিতে পেরেছি। হাওড়া জেলার আন্দু এবং মুর্শিদাবাদ জেলার মহালন্দিতে দুটি বড় আকারের ভবঘুরে আবাসের নির্মা কার্য পূর্ণগতিতে চলছে। বর্তমানে আমাদের সরকারের একার প্রচেষ্টায় সম দুঃস্থ শিশুদের পুষ্টির ব্যবস্থা করা সম্ভব নয়। সেই জন্য ৭৭টি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানে বেশ কয়েক লক্ষ টাকা দিয়ে থাকি। আমাদের সরকার এবং কেন্দ্রীয় সরকারে অর্থানুকূল্যে ১২ লক্ষ শিশুকে ভরণপোষণ, রক্ষণাবেক্ষণ এবং শিক্ষাগত বৃত্তি দি থাকি। মাননীয় সদস্য কমরেড সত্যপদ ভট্টাচার্য এবং শ্রীমতী অপরাজিতা গোপ্পী যে কথা বলেছেন তা সত্য, আজও আমরা হোমগুলিকে খাবার জন্য মাত্র ৬০ টাক করে দিয়ে থাকি। এই ব্যাপারের সঙ্গে সত্যবাবু সার্কাসের সিংহ বা পশুদে খাদ্যের তুলনা করেছেন। আমি গোটা হাউসের লজ্জাকে আমার লজ্জা মনে কা ঘোষণা করতে চাই যে, আমি এ বিষয়ে দিল্লীতে শ্রীমতী ইন্দিরা গান্ধী এব পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান শ্রীচবন-এর সামনে আমার বক্তব্য পেশ করেছি আমি বলেছি, আমরা শুনেছি আসামী ধরবার জন্য পুলিশ বিভাগে যে কুকুরগুলি থাকে তাদের খাবার খরচ মাসে ২৫০ টাকা থেকে ৩০০ টাকা, আর আমাদে শিশুদের খাওয়াবার জন্য আমরা খরচ করি তার ৬ ভাগের এক ভাগ বা ৫ ভাগের এক ভাগ টাকা। আমরা তাদের কুকুরের থেকেও অধম জায়গায় রেখেছি। এর জন্য আমরা লজ্জিত। গত ৫/৬ মাস আগে ভারতবর্ষের সমস্ত সমাজ কল্যা দপ্তরের মন্ত্রীদের একটা মিটিং-এ শ্রীমতী গান্ধী এবং পরিকল্পনা কমিশনের চেয়ারম্যা মিঃ চবন উপস্থিত ছিলেন। সেখানে আমাদের মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন এবং এই দপ্তরের মন্ত্রী হিসাবে আমি সেখানে উপস্থিত ছিলাম। আমি সেখানে বলেছিলাম যে, মাত্র ৩ কোটি টাকা এই পরিকল্পনা খাতে দিয়ে শিশুদের খাদ্য বা আহার্যের

পরিমাণ বৃদ্ধি করা যায় না। তবুও মাননীয় সদস্য সত্যপদ ভট্টাচার্য এবং শ্রীমতী অপরাজিতা গোপ্পী বললেন যে, আমরা অনেক ক্ষেত্রেই কিছু কিছু বাড়িয়েছি। হয়ত আমরা অনেক ক্ষেত্রেই কিছু কিছু পরিমাণ বাড়িয়েছি, যেমন আমরা বিধবা পেনশনের সংখ্যাকে ৬,০০০ থেকে বাড়িয়ে ৭,০০০ করেছি। গত ২/৩ বছরের মধ্যে আমরা ওল্ড এজ পেনশনেও সংখ্যা বাড়িয়েছি, ২৪ হাজার থেকে বাড়িয়ে ৩০ হাজার করেছি। ডিজেবলড পারসনস পেনসন-এর সংখ্যা সাড়ে তিন হাজার থেকে বাড়িয়ে ৪ হাজার করেছি। কিন্তু আমি মনে করি এই সামান্য টাকা দিয়ে সব কিছু করা সম্ভব নয়। ৮ম অর্থ কমিশনের সামনে আমি মন্ত্রী হিসাবে শিশুদের খাদ্যের জন্য বরাদ্দ ৬০ টাকাকে এই মুহূর্তে বাড়াবার জন্য প্রস্তাব দিয়েছি। আমি প্রস্তাব দিয়েছি, ৬০ টাকার জায়গায় অন্ততঃ ১২০ টাকা অবিলম্বে করতে হবে। ডিজেবল্ড পারসনসদের পেনশন সংখ্যা বাড়াতে হবে এবং অর্থের দিক থেকেও পরিমাণ বাড়াতে হবে। পেনশন যাদের দেওয়া হয় তাদের সংখ্যা দ্বিগুণ করতে হবে। এই প্রস্তাব আমি রেখেছি। তবে আমরা ইতিমধ্যেই ২০ লক্ষ শিশু, যারা অপুষ্টির শিকার, তাদের পুষ্টি প্রকল্পের মধ্যে আনবার চেষ্টা করেছি। এই প্রকল্পের ভেতর দিয়ে যে-সমস্ত অভাবী ঘরের মেয়েদের মধ্যে প্রচণ্ড বেকার সমস্যা রয়েছে তাদের মধ্যে থেকে অন্ততঃ ৭ হাজার মহিলাকে সামান্য মজুরী দিয়ে তাদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করেছি। আগামী ৮৩-৮৪ সালে আমরা আরো ২৮ হাজার ব্লকে এই পরিকল্পনাকে প্রসারিত করে আরো ৩ হাজার মেয়েকে কর্মসংস্থানের আওতায় আনব। বর্তমানে আড়াই মিলিয়ন শিশু এই প্রকল্পের আওতায় আছে, সেই সংখ্যাটাকে বাড়িয়ে আমরা ৩ মিলিয়ন করবার চেষ্টা করব। আজকে মাত্র ১৩ কোটি টাকা দিয়ে এত বড় কর্মযজ্ঞের অনুষ্ঠান করা খুব কঠিন। তা সত্ত্বেও আমরা ধীরে ধীরে বাড়াবার চেষ্টা করছি। শ্রীমতী ইন্দিরা গান্ধী কয়েকদিন আগে বিশেষ করে ২০-দফা পরিকল্পনাকে সার্থক করার জন্য সভা ডেকেছিল এবং সেখানে তিনি সমাজ কল্যাণ দপ্তরের জন্য নানান কান্না করেছেন। সে-সমস্ত আমরা কাগজপত্রে দেখলাম। অনাথ, দুঃস্থ শিশুদের রক্ষা করবার জন্যও অনেক কিছু বলেছেন। আজকে তাঁর এই সমস্ত কথা যদি সত্যি হয়, এ-সমস্ত যদি তাঁর মনের কথা হয় তাহলে আমরা পশ্চিমবঙ্গ সরকারের সমাজ কল্যাণ দপ্তর থেকে যে ন্যূনতম দাবী করেছি তা তিনি পূরণ করবেন, এটা আমরা আশা করব। সেই সঙ্গে আমরা আশা করব আমাদের সমাজ কল্যাণ দপ্তর থেকে আমরা যে দাবী করেছি সেই দাবীর পক্ষে আমাদের বিরোধী সদস্যরাও আমাদের কণ্ঠে কণ্ঠ মেলাবেন। আমি আশা করব কাশীনাথ মিশ্র মহাশয় এবং অন্যান্য বিরোধী দলের সদস্যরা এখানে যে কথা

বলছেন সেই কথার সঙ্গে তাঁদের মনের মিল রয়েছে। সুতরাং তাকে কার্যকরী করবার জন্য তাঁরা এগিয়ে আসবেন। আজকে আমি যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছি তাঁরা তাকে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.30—6.40 P. M.]

শ্রীশান্তিরঞ্জন ঘটক : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় ঠিকই বলেছেন, আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি তার সঙ্গে ৩ জন নয়, আরও বেশী মন্ত্রী জড়িত আছেন। আমি এই নিয়ে খানিকটা চিন্তা করেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গেও কথা হয়েছে। এই যে পদ্ধতিটা ইংরাজ আমল থেকে আছে বলে শুনেছি। আমি খবর নিলাম এইভাবে বাজেটের ক্লাসিফিকেশান হয়, বিভিন্ন ডিপার্টমেন্টে আলদা আলাদা কাজ হয়, কিন্তু ডিমাণ্ড একজনই পেশ করেন। এটা যাতে রি-এ্যারেঞ্জ করা যায় সেটা চিন্তা করতে হবে। এবারে যে বাজেট পেশ করা হয়েছে তাতে দেখবেন খানিকটা সিমপ্লিফাই করার চেষ্টা হয়েছে। বাকিটা আগামী বারে করা যায় কিনা সেটা আমরা দেখবো এবং এইভাবে একসঙ্গে ব্যবস্থা হওয়ার ফলে সদস্যদের আলোচনা করতে অসুবিধা হচ্ছে। অনেক জিনিস এখানে উঠেছে যেগুলো এর সঙ্গে জড়িত নয়, মূল বাজেটে সেইসব বিষয় ছিল এবং কিছু আলোচনা হয়েছে। মাননীয় দেবব্রতবাবু ত্রাণ এবং কল্যাণ দপ্তর সম্বন্ধে যা বলেছেন আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না। তবে এটা ঠিক, যদি টাকা বেশী পাওয়া যায়, অষ্টম ফিনান্স কমিশন যদি এইসব খাতে গ্রান্ট-ইন-এইড বাড়ান তাহলে এই খাতে টাকা বেশী এ্যালটমেন্ট করা যেতে পারে। অথচ কভারেজ বেড়েছে, সেটা একটা বড় প্রশ্ন। কারণ কভারেজ যা আছে সেটা খুব আশানুরূপ নয়, সেটা বাড়াতে হবে। কিন্তু টাকা-পয়সা এর সঙ্গে জড়িত। সেইজন্য খোলাখুলি বলে দিই, আমাদের রাজ্যের যে আর্থিক অবস্থা তাতে এখন যা হচ্ছে এর চেয়ে বেশী করা সম্ভব হবে না যদি না কেন্দ্র থেকে টাকা আসে। এই সম্পর্কে দেবব্রতবাবু যা বলেছেন সেই প্রস্তাব অষ্টম ফিনান্স কমিশনের কাছে রাখা হয়েছে এবং বিরোধী পক্ষের সদস্যরা তাঁরা যখন এটা চাচ্ছেন, তখন দিল্লীতে এ ব্যাপারে তদ্বির-তদারক করলে ভাল হয়। এখানে কাশীনাথ মিশ্র মহাশয় কয়েকটি প্রশ্ন তুলেছেন। আমি ওনার মনোভাবকে প্রশংসা করি। তিনি বলেছেন, আপনারা এন. আর.-ই. পি.-র মাধ্যমে গ্রামে যে কাজ করছেন তার থেকে স্থায়ী সম্পদ বা এ্যাসেটস যেটা হওয়া উচিৎ সেই পরিমাণ হচ্ছে না। এ ব্যাপারে অন্য

বিষয়ে আলোচনা এসে যায়, পঞ্চায়েতের বিষয় আলোচনায় এসে যায় এবং এন. আর. ই. পি. এবং আই আর. ডি. পি.-এর সঙ্গে জড়িত। এই ধরনের নানা স্কীম আছে। সেইসব স্কীম যেভাবে তৈরী হয় এবং তার টাকা-পয়সা যেভাবে আসে তাতে স্থায়ী সম্পদ বা এ্যাসেটস তৈরী করার ক্ষেত্রে পঞ্চায়েত চেষ্টা করছে। এইরকম স্কীম যদি স্থায়ী কাজের জন্য নেওয়া হয় তাহলে সম্পদ সৃষ্টি হবে। আর একটা মুশকিল হচ্ছে বেকার ভাতা, এগুলি নিয়ে গোলমাল হয়ে গেছে। এন. আর. ই. পি.-র যে উদ্দেশ্য সেটা বেকারদের স্থায়ীভাবে কাজ দেবার জন্য উদ্দেশ্য নয়। এটা করতে হলে অন্য জিনিস করতে হবে, সেইসব আলোচনা অনেক হয়েছে। ঐ সমাজ ব্যবস্থা যা আছে ইত্যাদি ইত্যাদি, আমি আর সেইদিকে যেতে চাই না। সেইজন্য বলছি, কাশীবাবু এই সমস্ত জিনিস গুলিয়ে ফেলেছেন। এছাড়া উনি আর একটি অভিযোগ তুলেছেন, ঐ শ্রম-দিবস ঠিকমত হচ্ছে না বলেছেন। এ ব্যাপারে যদি সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায় তাহলে আমরা দেখবো। কোথায় কোথায় হচ্ছে না সে ব্যাপারে উনি বললেন না।

সেগুলি যদি দেন বা বলেন তাহলে নিশ্চয় আমরা সেগুলিকে লক্ষ্য করব। কোথায় কি হচ্ছে না হচ্ছে দেখা যাবে। এই হচ্ছে আমাদের ব্যাপার। ৪৬ নাম্বারে যে-সমস্ত কাট মোশন এসেছে আমি তার বিরোধিতা করছি, কাট মোশন আমি দেখলাম এবং ঐসব জিনিস সম্বন্ধে দেবব্রতবাবু বলেছেন। মেয়েদের, শিশুদের কি হচ্ছে, কতখানি হচ্ছে—আমরা নিশ্চয় এটা দাবি করি না যে, অনেকখানি করে ফেলেছি—করা সম্ভব নয়, রিসোর্সের অভাব। দ্বিতীয় কথা নূতন প্রকল্পের কথা অনেকে বললেন। নূতন প্রকল্প কিছুই নেই, কোন প্রকল্প ব্যর্থতায় পর্যবসিত হয়েছে সেটা সুনির্দিষ্টভাবে বললে সেটা দেখা হবে। সুতরাং সবদিক থেকে কাট মোশন যা এনেছেন আমি তার বিরোধিতা করছি। ডিমাণ্ড নং ৪৬ দেখবেন, এটায় অন্য কিছু নেই। এটা হচ্ছে বিভিন্ন কর্মচারীদের ডিয়ারনেস এ্যালাওয়েন্স কতটা, কত টাকা বেড়েছে সেগুলি আছে, আর উনি চেয়েছেন গতবারে কত চাওয়া হয়েছিল, এবারে কত, ঠিক সেইভাবে তুলনামূলক এখানে দেওয়া সম্ভব নয়। টোটাল নাম্বার কর্মচারীদের আড়াই হাজার বিভিন্ন ডিপার্টমেণ্টে। তাই আমি আশা করব যে, মাননীয় সদস্যরা ৪৬ এবং ৪৯ নং ব্যয়বরাদ্দের যে দাবী উপস্থিত করেছি সেটা গ্রহণ করবেন সমস্ত কাট মোশনগুলি খারিজ করবেন।

DEMAND No. 46

The motions of Shri Kashinath Misra that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Santi Ranjan Ghatak that a sum of Rs. 66,79,32,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads : "288-Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes), and 688-Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess".

(This is inclusive of a total sum of Rs. 11,13,23,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

DEMAND No. 49

The motion of Shri Santi Ranjan Ghatak that a sum of Rs. 4,29,31,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "296-Secretariat-Economic Services",

(This is inclusive of a total sum of Rs. 71,56,000 already voted on account in March, 1983), was then put and agreed to.

DEMAND No. 40

Major Heads : 284-Urbans Development, 484-Capital Outlay on Urban Development and 684-Loans for Urban Development.

Shri Prasanta Kumar Sur : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 74,30,33,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284-Urban Development, 484-Capital Outlay on Urban Development and 684-Loans for Urban Development".

(This is inclusive of a total sum of Rs. 12,38,39,000 already voted on account in March, 1983).

শ্রীপ্রশান্ত শূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে ১৯৮৩-৮৪ সালের দাবি নং ৪০, মুখ্য খাত "২৮৪-নগর উন্নয়ন", "৪৮৪-নগর উন্নয়নে মূলধন বিনিয়োগ" এবং "৬৮৪-নগর উন্নয়নের জন্য ঋণ"-এ ব্যয়ের জন্য ৭৪,৩০,৩৩,০০০ (চুয়াত্তর কোটি ত্রিশ লক্ষ তেত্রিশ হাজার) টাকার দাবি পেশ করতে চাই। এই টাকার মধ্যে ১৯৮৩ সালের মার্চ মাসে ভোট অন একাউন্টে অনুমোদিত ১২,৩৮,৩৯,০০০ (বার কোটি আটত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার) টাকা ধরা আছে।

২। এই টাকার মধ্যে ২৬,৮৫,০০,০০০ (ছাব্বিশ কোটি পঁচাশি লক্ষ) টাকা,

১,৪২৫ (এক হাজার চারশত পঁচিশ) বর্গকিলোমিটার পরিমিত সি. এম. ডি. এ. এলাকাভুক্ত ৩ (তিন)-টি কর্পোরেশন, ৩৪ (চৌত্রিশ)-টি মিউনিসিপ্যালিটি, ২ (দুই)-টি নোটিফায়েড এরিয়া অথরিটি এবং ১৮২ (একশত বিরাশি)-টি অঞ্চল এলাকার উন্নয়ন কার্যের জন্য প্রয়োজন।

৩। এখন আমি সি. এম. ডি. এ.-র কাজকর্মের সংক্ষিপ্ত বিবরণ দিচ্ছি :

(১) **জল সরবরাহ :** গার্ডেনরীচ ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট চালু করা হয়েছে। প্ল্যাণ্টটি প্রত্যহ ৬০ (ষাট) মিলিয়ন গ্যালন জল যোগান দিতে সক্ষম। আপাততঃ ১০ (দশ) মিলিয়ন গ্যালন জল ঐ প্ল্যাণ্ট থেকে দৈনিক সরবরাহ করা হচ্ছে। আগামী বছরের শেষ নাগাদ এই প্ল্যাণ্ট থেকে দৈনিক জল সরবরাহের হার ১০ (দশ) মিলিয়ন গ্যালন থেকে ক্রমান্বয়ে বাড়িয়ে ৬০ (ষাট) মিলিয়ন গ্যালন করা হবে। বজবজ সাউথ সুবারবান ও গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটিগুলিতে এবং দক্ষিণ কলকাতায় এই প্ল্যাণ্ট থেকে জল সরবরাহ করা হচ্ছে। হাওড়া ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্ট তৈরির কাজ সমাপ্তির মুখে। বর্তমান বৎসরের মাঝামাঝি সময়ে এই প্ল্যাণ্ট পরীক্ষামূলকভাবে চালু করা হবে। এর দৈনিক জল সরবরাহের ক্ষমতা ৪০ (চল্লিশ) মিলিয়ন গ্যালন। সুবোধ মল্লিক স্কোয়ারের ভূগর্ভস্থ জলাধার ও বুষ্টিং স্টেশন নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে, খুব শীঘ্রই চালু করা হবে। এটি চালু হলে মধ্য কলকাতায় জল সরবরাহের পরিমাণ বেড়ে যাবে। পলতা ওয়াটার ওয়ার্কসের কাজ সমাপ্তির মুখে। সি. এম. ডি. এ.-র অন্তর্ভুক্ত পৌর এলাকায় জল সরবরাহের পরিমাণ বাড়াবার জন্য গৃহীত স্কীমগুলির কাজও প্রায় শেষ হতে চলেছে। এই স্কীমগুলি রূপায়ণের ফলে মিউনিসিপ্যাল এলাকায় দৈনিক মাথাপিছু জল সরবরাহের পরিমাণ বেড়ে ন্যূনতম পক্ষে ২৫ গ্যালনে দাঁড়াবে। পৌর বহির্ভূত অঞ্চলে মাথাপিছু দৈনিক ২০ গ্যালন হারে জল সরবরাহের জন্য কতকগুলি স্কীম নেওয়া হয়েছে।

(২) **ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী এবং জল ও ময়লা নিকাশী ব্যবস্থা :** এক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ের উপর বিশেষ ভাবে নজর রেখে সি. এম. ডি. এ. গত পাঁচ বছরে একচল্লিশটি বড় ধরনের স্কীম হাতে নিয়েছে :

(ক) কলকতার জল-জমা সমস্যা দূরীকরণ,

(খ) কলকাতার যে-সমস্ত এলাকায় ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী নেই সেই সকল এলাকায় ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী তৈরী করা,

(গ) জলনিকাশী নালার নির্গম মুখের উন্নয়ন,

(ঘ) পাম্পের কর্মক্ষমতা বাড়ানো,

(ঙ) নতুন সিউয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা এবং পুরোনোগুলির সংস্কার করে কর্মক্ষম করা,

(চ) ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী পরিষ্কার করা।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই লক্ষ্য করে থাকবেন যে, কলকাতা শহরে জল-জমা সমস্যাক্লিষ্ট বেশীর ভাগ অঞ্চলেরই এ সমস্যা দূর হয়েছে, অথবা প্রশমিত হয়েছে। বালীগঞ্জ, পামার বাজার, তপসিয়া, ট্যাংরা, বেলগাছিয়া, মানিকতলা, মোমিনপুর প্রভৃতি জায়গার পাম্পিং স্টেশনের কর্মক্ষমতা বাড়ানো হয়েছে। এ ধরনের বারোটি স্কীমের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। অন্যান্য স্কীমগুলি অনতিবিলম্বেই শেষ হবে।

নগর এলাকা বহির্ভূত কতগুলি জায়গায়---যেমন চন্দননগর, শ্রীরামপুর, কোন্নগর, উত্তরপাড়া, বরানগর, কামারহাটি ও দমদমে এ ধরনের কতকগুলি স্কীম নেওয়া হয়েছে এবং তার কাজ সন্তোষজনক ভাবে এগিয়ে চলেছে। শ্রীরামপুর এবং হাওড়ার সিউয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্টের কাজ সমাপ্তির পর সি. এম. ডবলিউ. এ্যাণ্ড এস. এ.-র কাছে হস্তান্তরিত করা হয়েছে এবং তারাই এর রক্ষণাবেক্ষণ করছে।

ভাটপাড়া সিউয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট সংস্কার করে ভাটপাড়া মিউনিসিপ্যালিটির কাছে রক্ষণাবেক্ষণের জন্য হস্তান্তরিত করা হয়েছে।

(৩) **পথ ও পরিবহণঃ** ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস উল্টাডাঙ্গা রোটারী থেকে শুরু করে গড়িয়া-মথুরাপুর রাস্তার ওপর কামালগাজী পর্যন্ত যাবে। উল্টাডাঙ্গা থেকে রাসবিহারী এ্যাভিনিউ কানেকটারের সংযোগস্থল পর্যন্ত অংশের কাজ নির্দিষ্ট সময়সীমার আগেই শেষ হয়েছে এবং ১৫-৩-৮২ তারিখে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। পার্কসার্কাস কানেকটার নির্মাণের কাজ সমাপ্তির মুখে। রাসবিহারী এ্যাভিনউ কানেকটারের কাজ শীঘ্রই শেষ হবে।

ওই দুটি কানেকটার নির্মাণকল্পে ভূমি গ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য বিকল্প জায়গার বন্দোবস্ত করার সমস্যা এসে পড়ায় উক্ত কানেকটারের নির্মাণ কাজ কিছুটা বিলম্বিত হচ্ছে। ভূমি গ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত সাধারণ মানুষের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করা বামফ্রন্ট সরকারের গণমুখী চিন্তাধারার পরিচায়ক। এর আগে কখনও কোন সরকার সহানুভূতি নিয়ে এই সমস্যা বিচার-বিবেচনা করেন নি। সীমিত আর্থিক সঙ্গতি ও আইনের বেড়াজাল সত্ত্বেও আমরা জনগণের স্বার্থে এ ব্যাপারে চিন্তা-ভাবনা করছি। এই কানেকটার দুটি চালু হলে উত্তর-দক্ষিণগামী

যানবাহন শহরের যানজট ও ভীড় এড়িয়ে চলাচল করতে পারবে। এর ফলে কলকাতা শহরের অভ্যন্তরীণ রাস্তার উপর যানবাহনের ক্রমবর্ধমান চাপ হ্রাস পাবে।

হুগলী নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণের কাজ সমাপ্ত হলে এই বাইপাস ও কানেকটারগুলির ব্যবহারিক উপযোগিতা সম্যকভাবে উপলব্ধি করা যাবে।

রাসবিহারী কানেকটার থেকে কামালগাজী পর্যন্ত বিস্তৃত ই এম বাইপাসের কাজ এগিয়ে চলেছে। ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসকে কামালগাজী থেকে সম্প্রসারিত করে ডায়মণ্ডহারবার পর্যন্ত নিয়ে যাবার পরিকল্পনা আছে।

ব্যারাকপুর কল্যাণী এক্সপ্রেস ওয়েঃ ব্যারাকপুর-বারাসাত থেকে কাঁচড়াপাড়া পর্যন্ত বিস্তৃত অংশ ৩০-৪-৮২ তারিখে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে।

শিয়ালদা-রাণাঘাট রেল লাইনের উপর দিয়ে সড়ক সেতু নির্মাণ সহ কাঁচরাপাড়া থেকে কল্যাণী পর্যন্ত বিস্তৃত অংশের কাজ শেষ হবার মুখে এবং শীঘ্রই ব্যবহারের জন্য খুলে দেওয়া হবে। কল্যাণী-বাঁশবেড়িয়া সংযোগকারী হুগলী নদীর উপর নির্মীয়মাণ সেতুর এবং তার দুই পার্শ্বস্থ রাস্তার কাজ সমাপ্ত হলে ঐ এলাকায় উন্নয়ন কার্যের জন্য জমি পাওয়া যাবে এবং যানবাহন চলাচল বৃদ্ধি পাবে।

ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়েকে ব্যারাকপুর-বারাসাত রোড থেকে দমদম এয়ারপোর্টের নিকটবর্তী বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ে পর্যন্ত সম্প্রসারিত করবার ইচ্ছা আছে।

শিয়ালদহ উড়ালপুলঃ মুখ্যতঃ শিয়ালদা স্টেশন এলাকার অসংখ্য পদযাত্রীর চলার পথ এবং যানবাহন চলাচলের রাস্তা আলাদা করে দিয়ে শিয়ালদা স্টেশন এলাকার বহু দিনের জ্যামজট সমস্যা হ্রাস করবার মানসে উড়ালপুলের কাজ হাতে নেওয়া হয়েছিল।

হকার সরানো এবং মাটির নিচেকার ইউটিলিটি সার্ভিসগুলির স্থানান্তর প্রভৃতি জটিল সমস্যা থাকা সত্ত্বেও জনসাধারণের সহযোগিতার ফলে এই উড়ালপুলের কাজ সমাপ্ত করে ৩১-৩-৮২ তারিখ উহা যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া সম্ভব হয়েছে। অন্যান্য আনুষঙ্গিক কিছু বাকী কাজ এগিয়ে চলছে। যে পর্যন্ত উড়ালপুলের দুই পার্শ্বস্থ ট্রাম লাইনের পুনর্বিন্যাস ও বর্তমান যানবাহন চলাচলের পথ আরো প্রশস্ত করা না হয় এবং যানবাহন নিয়ন্ত্রণের সুপরিকল্পিত কৌশল প্রয়োগ না করা হয় সে পর্যন্ত উড়ালপুল নির্মাণের সুফল পুরোপুরি লাভ করার সম্ভাবনা কম। সি. এম. ডি. এ. কলকাতা মহানগরীর জ্যামজট সম্পর্কে সচেতন।

সেই সমস্যা নিরসনের জন্য কিছু সংখ্যক নতুন রাস্তা এবং এসপ্ল্যানেডে একটি উড়ালপুল নির্মাণের পরিকল্পনা করা হচ্ছে। মাইক্রো-প্রসেসর-ভিত্তিক ট্রাফিক সিগন্যাল বসিয়ে যানবাহন নিয়ন্ত্রণ করার পদ্ধতি বি. বি. ডি. বাগ এলাকায় সম্প্রতি চালু করা হয়েছে। এর ফল উপলব্ধি করা যাচ্ছে। এর সুফল পুরোপুরি পাওয়া যাবে যদি সমস্ত এলাকায় এই সিগন্যাল প্রথা চালু করা যায়। আগামী কয়েক বৎসরের মধ্যে ৬০ (ষাট)-টি গুরুত্বপূর্ণ সড়ক সংযোগস্থলে এই ধরনের সিগন্যাল প্রথা চালু করার আশা রাখি।

ক্যানাল ইস্ট রোডের উপরে বর্তমান গজনভি ব্রীজ নূতন করে নির্মাণ করলে ক্যানাল ইস্ট এবং ক্যানাল ওয়েস্ট রাস্তা ধরে একটানা প্রশস্ত সড়কপথ খুলে যাবে, যা দিয়ে বেশ কিছু সংখ্যক যানবাহন, বিশেষ করে বাণিজ্যিক যানবাহন চলাচল করতে পারবে। এর ফলে শহরের অভ্যন্তরীণ রাস্তাগুলির উপর থেকে যানবাহনের চাপ হ্রাস পেতে পারে। এই ব্রীজ নূতন করে তৈরী করার কাজ খুব শীঘ্রই শুরু হবে এবং ১৯৮৫ সাল নাগাদ এই কাজ শেষ হবে বলে আশা করা যায়। স্ট্র্যাণ্ড ব্যাঙ্ক রোডের উন্নয়নের কাজ সমাপ্তির মুখে। এই কাজ শেষ হলে স্ট্র্যাণ্ড রোড এবং স্ট্র্যাণ্ড ব্যাঙ্ক রোড উত্তর-দক্ষিণ বরাবর একটানা সড়ক পথ উন্মুক্ত করবে। বেশীর ভাগ বাণিজ্যিক যানবাহন শহরের অভ্যন্তরীণ সড়ক ব্যবস্থার উপরে চাপ সৃষ্টি না করে শহরের প্রান্তে নির্মীয়মাণ ঐ রাস্তার উপর দিয়েই চলাচল করতে সক্ষম হবে।

চিত্তরঞ্জন এ্যাভেনিউ বরাবর মেট্রো রেলের কাজ চলাকালে যাতে যানবাহন চলাচলে অচল অবস্থার সৃষ্টি না হয় সেইজন্য ১৫০ (একশত পঞ্চাশ) লক্ষ টাকা ব্যয়ে উত্তর কলকাতার ষোলটি রাস্তা উন্নয়নের জন্য হাতে নেওয়া হয়েছে। ওই টাকার অর্ধেক মেট্রো রেল বহন করতে রাজী হয়েছে। তারা তাদের দেয় টাকার মধ্যে ৩৭.৫০ লক্ষ টাকা ইতিমধ্যেই সি. এম. ডি. এ.-কে অগ্রিম দিয়ে দিয়েছে।

কোণা এক্সপ্রেস ওয়েঃ কোণা এক্সপ্রেস ওয়ের কাজ জোর কদমে এগিয়ে চলছে। জাতীয় সড়ক নং পাঁচ ও ছয়-এর সাথে দ্বিতীয় হুগলী সেতুর হাওড়ার দিকের সংলগ্ন রাস্তার সংযোগ সাধনে এর গুরুত্ব খুব বেশী। দ্বিতীয় হুগলী সেতুর কাজ শেষ হবার সাথে সাথেই যাতে এই এক্সপ্রেস ওয়ের কাজও শেষ করা যায় সেই ভাবেই এগোনো হচ্ছে।

৪। **বস্তি উন্নয়নঃ** বস্তিতে বস্তিতে স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি, রাস্তা তৈরী, আলো এবং জল সরবরাহ করার কাজ এই কর্মসূচীর অন্তর্ভুক্ত। ১৯৭১-৭২ সাল

থকে শুরু করে ১৯৮১-৮২ সাল পর্যন্ত বস্তি উন্নয়ন কর্মসুচী রূপায়ণের ফলে ১৭.৮৬ লক্ষ বস্তিবাসী উপকৃত হয়েছে। ১৯৮২-৮৩ সালে ৮০ হাজার বস্তিবাসীকে এই কর্মসুচীর আওতায় আনা হয়েছে। ১৯৮৩-৮৪ সালে ৮০ হাজার বস্তিবাসীকে এই কর্মসুচীর আওতায় আনার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

৫। **এলাকা উন্নয়ন ঃ** এক্ষেত্রে বৈষ্ণবঘাটা-পাটুলি, পূর্ব কলকাতা শহর পত্তন ও হাওড়ার মাছ ও পানের বাজার প্রকল্প উল্লেখযোগ্য। হাওড়ার মাছ ও পানের বাজার প্রকল্পের কাজ ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস নাগাদ শেষ হবে। অন্যান্য প্রকল্প রূপায়ণের পথে বিভিন্ন পর্যায় আছে। বৈষ্ণবঘাটা-পাটুলি ও পূর্ব কলকাতা শহর পত্তন প্রকল্পে নিছক বসবাসের সুযোগ-সুবিধাই থাকবে না, এখানে অর্থ-নৈতিক ক্রিয়াকর্মের সুযোগও থাকবে।

৬। **মিউনিসিপ্যাল ও অঞ্চল এলাকার উন্নয়ন ঃ** ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত সি. এম. ডি. এ. এলাকাভুক্ত মিউনিসিপ্যাল এলাকায় ১১৪ (একশত চৌদ্দ) কিঃ মিঃ এবং অঞ্চল এলাকায় ২২৫ (দুইশত পঁচিশ) কিঃ মিঃ রাস্তা তৈরী করা হয়েছে।

৭। **জঞ্জাল অপসারণ ঃ** এক্ষেত্রে সি. এম. ডি. এ. ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত কলকাতা কর্পোরেশনের জন্য ৫ (পাঁচ)-টি গ্যারেজ নির্মাণ করেছে, চিংড়িহাটার কেন্দ্রীয় ওয়ার্কশপ পুনর্নির্মাণ করেছে, ৫ (পাঁচ)-টি ওয়ার্ড ডিপো ও ২০০ (দুইশত) ভ্যাটস (ময়লা রাখার আধার) নির্মাণ করেছে। এছাড়া জঞ্জাল অপসারণের সাহায্যার্থে সি. এম. ডি. এ. কিছু সংখ্যক গাড়ী, সাজ-সরঞ্জাম ও যন্ত্রপাতি কলকাতা কর্পোরেশন ও অন্যান্য মিউনিসিপ্যালিটিকে দিয়েছে। বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে যাতে জঞ্জাল অপসারণের যথাযথ সুষ্ঠু পদ্ধতি গ্রহণ করা যায় সেইজন্য দুটি মিউনিসিপ্যালিটিতে "পাইলট্ স্টাডিস" করা হয়েছে।

৮। **গবাদি পশুর পুনর্বাসন ঃ** ১৪,০০০ (চৌদ্দ হাজার) গবাদি পশু কলকাতা ও হাওড়া শহর থেকে সরিয়ে পর্যায়ক্রমে শহরতলিতে পুনর্বাসনের জন্য গঙ্গানগর, গার্ডেনরীচ, পূর্ব কলকাতা ও হাওড়া এই চারটি জায়গা নির্দিষ্ট করা হয়েছে। গঙ্গানগর পুনর্বাসন প্রকল্প সমাপ্ত হয়েছে। অন্যান্য পুনর্বাসন কেন্দ্রে কাজ অগ্রগতির পথে।

৯। **কলকাতা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং সি.এম.ডি. এ. এলাকাভুক্ত অন্যান্য মিউনিসিপ্যালিটি এবং অঞ্চলে স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টির জন্য**

খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করার বৃহৎ প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। ১৯৮১-৮২ সাল পর্যন্ত ৩৫,৩৩০ (পঁয়ত্রিশ হাজার তিন শত ত্রিশ)-টি এবং ১৯৮২-৮৩ সালে প্রায় ৩,৫০০ (তিন হাজার পাঁচ শত)-টি খাটা পায়খানা স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করা হয়েছে। ১৯৮৩-৮৪ সালে ২০০ (দুই শত) খাটা পায়খানা স্যানিটারি পায়খানায় রূপান্তরের কথা আছে।

এই সুযোগে আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে, ১৯৮৩-৮৪ থেকে ১৯৮৭-৮৮—এই পাঁচ বৎসরকালে মোট ৩৪০ (তিন শত চল্লিশ) কোটি টাকা বিভিন্ন উন্নয়ন কার্যে বিনিয়োগের জন্য "ক্যালকাটা আরবান ডেভেলপমেণ্ট প্রোগ্রাম-৩"—এই শিরোনামে একটি বহুমুখী উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিশ্বব্যাঙ্কের সাথে আলোচনা চলছে। এই ৩৪০ (তিন শত চল্লিশ) কোটি টাকার মধ্যে ২৪০ (দুই শত চল্লিশ) কোটি টাকা ধরা হয়েছে নতুন কাজের জন্য, ৭০ (সত্তর) কোটি টাকা কলকাতা শহর উন্নয়ন প্রকল্প দ্বিতীয় দফার (সি. ইউ. ডি. পি.-২), বকেয়া কাজের জন্য এবং ৩০ (ত্রিশ) কোটি টাকা সি. এম. ডি. এ.-র নিজস্ব অরগানাইজেশান-এর খরচ মেটানোর জন্য ধরা আছে। নয়া প্রকল্পগুলিকে নিম্নলিখিত নয়টি ভাগে ভাগ করা হয়েছে। প্রত্যেক ভাগের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণও দেখান হল।

		কোটি টাকা
(ক)	কলকাতার জন্য প্রকল্প (যার পরিকল্পনা করবে সি. এম. ডি. এ.) ···	৪৫.১৪
(খ)	হাওড়ার জন্য প্রকল্প (যার পরিকল্পনা তৈরী করবে সি. এম. ডি. এ).	১৭.১১
(গ)	ট্রান্সমিউনিসিপ্যাল প্রকল্প ···	৩৯.৮৫
(ঘ)	কলকাতার জন্য মিউনিসিপ্যাল প্রকল্প ···	১১.০০
(ঙ)	অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য প্রকল্প (৩৪টি মিউনিসিপ্যালিটির এবং কল্যাণী ও গয়েশপুর নটিফাইড এরিয়া অথরিটি) ···	৭৬.০০
(চ)	অঞ্চল উন্নয়ন প্রকল্প ···	১১.০০
(ছ)	আবাসন প্রকল্প ···	৯.০০
(জ)	চাকুরির সুযোগ সৃষ্টির কর্মসূচী ···	১২.৫০
(ঝ)	স্বাস্থ্য কর্মসূচী ···	৯.০০
(ঞ)	কারিগরী সাহায্য ও প্রশিক্ষণ ···	৩.৫০
	মোট :	২৪০.১০
	বলা যায় :	২৪০ কোটি টাকা

উন্নয়নের জন্য মূলধন বিনিয়োগ শুধু বড় বড় শহরাঞ্চলে সীমাবদ্ধ না রেখে মিউনিসিপ্যালিটি ও পঞ্চায়েত এলাকাতেও যাতে বিনিয়োগের সুযোগ-সুবিধা সম্প্রসারিত করা যায় এবং মিউনিসিপ্যালিটি ও পঞ্চায়েতগুলি যাতে তাদের নিজ নিজ উন্নয়ন কর্মসূচী তৈরী করে তা জনগণের সক্রিয় সহযোগিতায় রূপায়ণ করতে পারে সেদিকে নজর দেওয়া হয়েছে; উন্নয়নমূলক কর্মসূচী রচনা ও তার রূপায়ণ বিকেন্দ্রীকরণই বামফ্রন্ট সরকারের মূল নীতি। উন্নয়ন পরিকল্পনা রূপায়ণে এর আগে কোন সরকার এরূপ গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণের কথা চিন্তা করেন নি। সেদিক থেকে বর্তমান সরকারের গণমুখী নীতি অভিনবত্বের দাবী রাখে। এর সত্যতা এই থেকেই প্রতীয়মান হবে যদি দেখি নতুন কাজের জন্য ধরা মোট ২৪০ কোটি টাকার মধ্যে ১০৪ কোটি টাকার প্রকল্প শুধু মিউনিসিপ্যালিটি ও অঞ্চল পঞ্চায়েত এলাকার উন্নয়ন প্রকল্পের জন্য ধরা আছে। এই কর্মসূচী রূপায়ণের জন্য বিশ্বব্যাঙ্ক থেকে প্রায় ১৫০ (এক শত পঞ্চাশ) কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

১০। সি. এম. ডি. এ.-র জন্য উপরিউক্ত বরাদ্দ ছাড়া কলকাতা কর্পোরেশন এবং রাজ্যের অন্যান্য লোকাল বডিগুলির আর্থিক প্রয়োজন মেটানোর জন্য ২৫,৭২,৯৭,০০০ (পঁচিশ কোটি বাহাত্তর লক্ষ সাতানব্বই হাজার) টাকা ধরা আছে। এই টাকার মধ্যে ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা কলকাতা কর্পোরেশন ও অন্যান্য পৌরসভাগুলির আর্থিক সঙ্গতি বাড়াবার জন্য দেওয়া হবে।

১১। গড়িয়াহাট এলাকায় স্পষ্ট ডেভেলপমেন্ট, মানিকতলা এলাকায় সিভিক সেন্টার নির্মাণ প্রভৃতি প্রকল্প সি. আই. টি. দ্বারা রূপায়ণের জন্য ৯০,০০,০০০ (নব্বই লক্ষ) টাকা ধরা হয়েছে। হাওড়ায় কদমতলা, সালকিয়া সন্টগোলা, ডুমরাজলা, সেন্ট্রাল পার্ক প্রভৃতি এলাকা উন্নয়নের জন্য হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা দেবার প্রস্তাব রাখা হয়েছে।

১২। বর্তমানে কলকাতা শহরে বাণিজ্যিক এবং কর্মব্যস্ত এলাকায় কতকগুলো সম্পত্তির যথোপযুক্ত সদ্ব্যবহার হচ্ছে না। আমরা যদি পরিকল্পিতভাবে এসব এলাকার উন্নতি ও জমির সদ্ব্যবহার করতে পারি তবে এই এলাকায় ক্রমবর্ধমান জমির ও স্থানের চাহিদা মেটানো সম্ভব হবে এবং এর ফলে অর্থনৈতিক কাজকর্ম বাড়াতে সুবিধা হবে। এই উদ্দেশ্যে এই দাবির মধ্যে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা ধরা হয়েছে।

১৩। এর পরে আমি কল্যাণী শহরের উন্নয়নের প্রশ্নে আসছি। যদিও কল্যাণী শহর উন্নয়নের কাজ ১৯৫০ সালে শুরু হয়েছে, তবুও অনেক কারণের জন্য

এই শহরের উন্নয়নকার্য আশানুরূপ গতিতে এগোয় নি। কল্যাণীর দ্রুত উন্নয়নের পথে প্রধান অন্তরায় দ্রুত যাতায়াতের সুযোগ-সুবিধার অভাব। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, কল্যাণী শহরের সীমান্ত পর্যন্ত রেল লাইন সম্প্রসারিত হয়েছে। ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়ের ব্যারাকপুর থেকে কাঁচরাপাড়া পর্যন্ত অংশের কাজ শেষ হয়েছে এবং এই অংশ যানবাহন চলাচলের জন্য খোলা হয়েছে। গত চার বছরে হুগলী নদীর উপর কল্যাণী এবং বাঁশবেড়িয়া সংযোগকারী সেতু নির্মাণের কাজ এগিয়েছে। এই সেতুর এবং ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেস ওয়ের কাজ শেষ হলে কলকাতা মহানগরীর ওপর জনসংখ্যার চাপ প্রশমিত করবার একটি বিকল্প ব্যবস্থা হিসাবে কল্যাণী শহরের গুরুত্ব অনেক বেড়ে যাবে। ফাইজার লিমিটেড এবং আই. ও. সি. কল্যাণীতে জমি কিনে কারখানা তৈরী শুরু করেছে। ঐ থেকে প্রতীয়মান হবে যে, কল্যাণী শিল্পায়নের জন্য আকর্ষণীয় হয়ে উঠেছে। সাধারণ লোক কল্যাণী শহরে জমি ও বাড়ি পাবার জন্য উৎসুক। কল্যাণী দীর্ঘ সুষুপ্তির পর আবার জেগে উঠেছে। ১৯৮৩-৮৪ সালে কল্যাণী শহরের উন্নতির জন্য ১০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

১৪। রাজ্যের ছোট ছোট এবং মাঝারি ধরনের শহরের অধিবাসীদের মৌলিক প্রয়োজন মেটাবার জন্য ৬০ লক্ষ টাকা ধরা হয়েছে।

১৫। দি ওয়েস্ট বেঙ্গল টাউন এণ্ড কানট্রি (প্ল্যানিং এণ্ড ডেভেলপমেণ্ট) এ্যাক্ট, ১৯৭৯ অনুযায়ী যে বিভিন্ন ডেভেলপমেণ্ট অথরিটি তৈরি হয়েছে যথা—(১) আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি (২) হলদিয়া ডেভেলপমেণ্ট অথরিটি (৩) শিলিগুড়ি-জলপাইগুলি ডেভেলপমেণ্ট অথরিটি, তাদের দ্বারা বিভিন্ন শহর ও পল্লী অঞ্চলের পরিকল্পিত ও সুষম সার্বিক উন্নয়নের জন্য ৪,২৫,১০,০০০ (চার কোটি পঁচিশ লক্ষ দশ হাজার) টাকার প্রস্তাব করা হয়েছে। উক্ত অথরিটিগুলি ক্ষুদ্রসেচ প্রকল্প, গ্রামীণ জল সরবরাহ প্রকল্প, গ্রাম উন্নয়ন প্রকল্প, আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীর জন্য আবাসন প্রকল্প এবং এই ধরনের অন্যান্য জনহিতকর প্রকল্প গ্রহণ করেছে। হলদিয়া একটি আধুনিক বন্দর এবং শিল্পনগরী হিসাবে গড়ে উঠছে। কিছু সংখ্যক শিল্প ইতিমধ্যেই এখানে স্থাপন করা হয়েছে এবং ভবিষ্যতে আরও শিল্প গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে। হলদিয়ার বিভিন্ন কলকারখানার ক্রমবর্ধমান কাজকর্ম রাজ্যের অর্থনীতির ওপরে প্রভাব বিস্তার করছে। বিশেষতঃ এর ফলে জনগণের কাছে চাকুরির সুযোগ এসেছে ও আসবে।

মহাশয়, আমি সভাকে উত্থাপিত দাবী বিবেচনা ও অনুমোদন করার অনুরোধ জানাচ্ছি।

[6.40—6.50 P. M.]

Mr. Deputy Speaker : All the cut motions are in order and taken as moved.

Shri Kashinath Misra : I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

I also beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Shri Abdur Rauf Ansari : Sir, as an elected representative of the people I feel my duty to oppose it. Instead of Shri Prasanta Kumar Sur some other Minister should have moved the Demand because against him there is an allegation of misuse of money to the tune of Rs $3\frac{1}{3}$ crores and an inquiry is going on. What will happen nobody knows. He should not have been now a Minister. He should have been a member now. I would have congratulated him had he been fair to accept my challenge but he has not accepted my challenge He was a councillor of the Calcutta Corporation as also the Mayor of Calcutta Corporation. He must remember the name of Mr. MacNamara when he is speaking of world bank money. Mr. MacNamara was the President of World Bank. Twenty years ago he came to Calcutta. Three days before he came here there was hue and cry in the Calcutta Corporation. ইনি বলেছিলেন ট্রাম জ্বলবে, কলকাতায় আগুন জ্বলবে, রক্তগঙ্গা বইবে। MacNamara came to the city. They stated that he was a US agent. So he should not come to the city. They said that this man was Amèrican. What happened then ? Next day trams and buses were burnt in every part of the city. ম্যাকনামারাকে নিয়ে আসা হোল রাজভবনের ব্যাঙ্কোয়েট হলে। He went back. What for he was coming ? He was coming with nearly one hundred crores of rupees for the execution of CMDA work. তখন পাঁচ টাকা করে বস্তা ছিল সিমেন্টের। One hundred crores of rupees are now equal to one thousand crores of rupees. When MacNamara came what happened then, Sir ? Now the same Minister is here, same agreement is there and the same soure of money is forthcoming, but everything has changed because he has not yet received the money. এঁরা তাঁকে ডেকে চা খাইয়েছিলেন। It is a very shameful affair for the people of West Bengal. MacNamara had to go back then. তখন, আজ থেকে ২০ বছর আগে ১২১ কোটি টাকায় কত মানুষের বেনিফিট হত। I want to know by doing this what benefit the people of West Bengal got ? You have your party flag to exploit the people of West Bengal. কেননা সেই লোক সি. আই. এ.'র এজেণ্ট,

আপনাদের বন্ধু হয়ে গেল। সেই সি. আই. এ.'র টাকা বন্ধুর টাকা হয়ে গেল। You are most opportunists ; you are not the real communist party. Lenin also said that you left communism. You have misused the money and you have exploited the people.

Sir, if you go through the Budget speech you will see that they have mentioned about removal of water-logging in Calcutta, sewering unsewered pockets in Calcutta, improvement of outfall channels augmentation of pumping capacity, renovation/construction of sewerage treatment plant, and sewer cleansing. স্যার, ওরা গত বছর বাজেট উপস্থাপিত করেছিল। Last year over 40 crores were allotted for this purpose. This year about Rs. 75 thousand has been given. বস্তি এরিয়ার জন্য কিছু করা হয়েছে কি ? কারণ, no improvement in bustee area in 1982-83 has been done. Last year in regard to bustee improvement there was programme for proving sanitation, roads, lighting and water supply. It was mentioned in the last year's budget speech that "physical targets for 1982-83 are to provide 3,000 latrines, 60,000 sq.m roads, 14,000 m drains," etc. etc. but up till date nothing has been done for bustee development. You have done nothing for bustee dwellers. In 1971 there was an environment development scheme by the C.M.D'A. But what has been done? There is no lighting arrangement. Still now there is kutcha drain in some places, there is no pucca drain there. Nothing was constructed. No work has been done. কারণ সি. এম. ডি এ. ভারসেস কর্পোরেশন ঝগড়া বেধেছিল। You are spending thousands and thousands of rupees but nothing is being done or has been done in regard to bustee area. সি. এম. ডি. এ. কিছুই করেন নি। There is no maintenance to roads. কর্পোরেশনের সঙ্গে সি. এম. ডি. এ -এরএকটা এগ্রিমেণ্ট ছিল রাস্তা সারানোর ব্যাপারে। কিন্তু nobody is working. Sir, one-third of the population of Calcutta is covered by bustee people. রাস্তার মেনটেনেন্স কিছু হচ্ছে না, ইমপ্রুভমেণ্ট কিছু হচ্ছে না। শুধু চৌরঙ্গী রোডে ইলিউমিনেশন হচ্ছে। খুব ভাল লাইটিং-এর ব্যবস্থা হচ্ছে। There are bracket lamps on each wall of Chowringhee Road, there are also fluorescent lamps in that area. People of World Bank will go there and visit this area and so there is gorgeous lighting arrangement. Sir, they have done nothing for the people who lives behind Chowringhee Road, behind Lower Circular Road, behind Russa Road. In each Calcutta Corporation ward there was provision of improvement but they have done nothing. স্যার, শুধু ওয়েস্টেজ অফ মানি। This is going on actual money is not being spent for actual purpose. অনেক টাকা এখন World Bank সি. এম. ডি. এ -কে দিচ্ছে। Sir, at one time there was quarrel between C.M.D.A. and Corporation. Now there is no quarrel as the World Bank is giving money to them but no work has been done for bustee people. They are only spending money for the big people. ওরা বলে যে ওরা working people-এর বন্ধু ; গরীবের বন্ধু ; but in action what they are doing?

শচীনবাবুকে এখন দেখছি তিনি প্রাইভেট কারে করে আসছেন। তিনি এখন কাউনসিলার বলে প্রাইভেট কারে করে আসছেন। আমিও এক বছর কাউনসিলার ছিলাম। এটা খুবই আশ্চর্যের ব্যাপার আমি আবার সি. এম. ডি. এ.-এর কথায় আসছি। এখন সি. এম. ডি. এ.-কে লোকে বলে যে, ঐ সংস্থা শুধু মাটি কাটে এবং সেই মাটি দিয়ে গর্ত ভরাট করে। অর্থাৎ মাটি কাটলেও টাকা এবং মাটি ভরাট করলেও টাকা। সেই জন্য ওঁরা আর কারোর জন্য কিছু করছেন না। Particularly I am speaking for Bastee People. ওনারা ফ্লাই ওভারের কথা বলেন। এই ফ্লাই ওভারের পরিকল্পনা তো আগেকার। সেই সময় সেন্ট্রাল গভর্নমেন্ট ক্যালকাটা কর্পোরেশনকে কোন টাকা পয়সা দিত না। সেই সময় প্রফুল্লবাবু চেয়ারম্যান ছিলেন। He was the Chairman of the Congress Municipal Party. You also know, Sir, that not a single furthing was given at that time.

[6.50—7.00 P.M.]

ফ্রম ভেরিয়াস অর্গানাইজেশান—ন্যাশানাল এ্যাণ্ড ইন্টারন্যাশানাল এজেন্সিস্ আপনারা দু'হাত ভরে পয়সা পাচ্ছেন, কিন্তু আপনাদের কোন প্ল্যান নেই। আরও কি হচ্ছে? ইউ হ্যাভ গট নো প্ল্যানিং, কোন ইনফ্রাস্ট্রাকচার পর্যন্ত নেই। কর্পোরেশনের একজন বুড়ো অফিসারকে ট্রেনিং নিতে লণ্ডনে পাঠিয়েছেন। তাঁকে মানডে নাইটে সেখানে পাঠানো হয়েছে। সি. এম. ডি. এ.-র পক্ষ থেকে বুড়ো বয়সে ট্রেনিং নিতে বিদেশে পাঠানোর কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। কারণ কিছু দিনের মধ্যেই তাঁর রিটায়ারের সময় হয়ে যাবে। এই ভাবে পিপলস্ মানি ওয়েষ্টেজ করার চক্রান্ত চলছে সর্বত্র। ওয়ার্ল্ড ব্যাঙ্ক মানি মিসইউজ হচ্ছে, সেখান থেকে যেভাবে পয়সা আপনারা পেয়েছেন, তাতে যেভাবে ডেভেলপ হওয়া উচিত ছিল, তা হয় নি। এর পেছনে অনেক কারণ আছে। গত বিধানসভা নির্বাচনের পর যখন দেখা গেল এখানকার মানুষ কংগ্রেস (আই)-কে পছন্দ করেছেন, মানুষ তাঁদের ভোট কংগ্রেসকে দিয়েছেন, সেজন্য উন্নতির গতিতে ভাটা পড়েছে।
* ক্যালকাটা কর্পোরেশনের ইলেকশান এখনও হয় নি, তবে সামনে ইলেকশান হবে। আপনারা আগের থেকে আঁচ পেয়েছেন, ক্যালকাটা পিপল্ কংগ্রেস (আই)-কে সমর্থন জানাবে। সেজন্য বিশেষ বিশেষ এলাকাতে কাজ না করার জন্য ম্যানডেট দিয়েছেন। কর্পোরেশনে এখন কোন ইলেকটেড বডি নেই। সেজন্য ফর সিভিক

এ্যামেনিটিস দেখার জন্য দু'জন এম. এল. এ.-কে নিযুক্ত করেছেন টু লুক আফটার দেয়ার ওয়ার্কস্। যে যে এলাকা থেকে আপনাদের রিপ্রেজেনটেটিভস্ এম. এল. এ. হয়ে এসেছেন সেখানে বিশেষ ভাবে দৃষ্টি দিয়েছেন টু লুক আফটার দি এ্যামেনিটিস্ অফ দি ওয়ার্কস্ এবং প্রবলেম অফ দি পিপল্ দূর করার জন্য বিশেষ ভাবে রিকোয়েষ্ট করেছেন। কিন্তু বেশীর ভাগ এলাকাতে কংগ্রেসীদের মানুষ সমর্থন জানিয়েছেন, অথচ সেখানে কর্তৃপক্ষের তরফে কোন কাজ হচ্ছে না। তাহলে হোয়ার ইজ ডেমোক্রাসী? ১৯৮২ সালের বিধানসভা নির্বাচনে আপনারা দেখেছেন ১০/১১ জন এম এল. এ. কংগ্রেস থেকে এসেছেন, অথচ কাজকর্মের ব্যাপারে কিছুই বাই অর্ডার করছেন না। উন্নতির ব্যাপারে, কোন কাজকর্মের ব্যাপারে সমান ভাবে দি ওয়ার্ক স্যুড কনটিনিউ। কিন্তু তা হচ্ছে না, ডিস্কনটিনিউ হচ্ছে। কারণ আপনারা ভেবেছেন ওখানে কাজ করে কি হবে—ওখানে কংগ্রেস (আই) দলের এলাকা, ওখানে কাজ করলেও বিশেষ লাভ হবে না, মানুষ কংগ্রেসকেই সমর্থন জানাবে। কংগ্রেসের সঙ্গে মানুষের যোগাযোগ বেশী, ইলেকশান হলে সংশ্লিষ্ট ওয়ার্ডে মানুষ কংগ্রেসকেই সমর্থন জানাবে, তাঁদের পক্ষে ভোট দেবে—কেউ সি. পি. এম.-কে সমর্থন জানাবে না। সেইজন্য টাকা-পয়সা ঐসব বিশেষ এলাকাতে আপনারা খরচ করছেন না। সি. পি. এম.-কে সমর্থন করবে এমন লোককে বেছে নিয়ে তার বাড়ীর আশেপাশে কল বসাচ্ছেন, নর্দমা পাকা করছেন। এই যদি আপনাদের নীতি হয় তাহলে ইট ইজ এ ভেরি সিরিয়াস থিং, ইট ইজ ভেরি ব্যাড পারফরম্যান্স। এই ভাবে বেশীদিন চলতে পারে না। মানুষ এখন যথেষ্ট সচেতন—একথা আপনারা ভুলে যাবেন না আশা করি। গার্ডেনরিচ আজ এক পিকিউলিয়ার প্লেসে পরিণত হয়েছে। সেখানে পায়খানা ব্যবস্থা, নর্দমা কিছুই সংস্কার হয় নি। আই উইল রিকোয়েষ্ট দি অনারেবল মেম্বারস্ টু গো, টু ভিজিট গার্ডেনরিচ। বিভিন্ন জায়গা থেকে আপনারা কোটি কোটি টাকা পাচ্ছেন, অথচ সেখানে রাস্তাঘাটের জন্য কি কাজ করেছেন? আপনি বলেছেন, ১২ হাজার সার্ভিস প্রিভি করেছেন। কিন্তু এটা রং ফিগার, আপনার দপ্তরের যিনি এই ফিগার দিয়েছেন তিনি ভুল ইনফরমেশান দিয়েছেন। গার্ডেনরিচে পায়খানা ব্যবস্থার কোন উন্নতি হয় নি, মিউনিসিপ্যালিটি কোন কাজ সেখানে করে নি—সেখানকার গোটা এনভায়ারমেণ্ট এক অস্বাস্থ্যকর অবস্থায় পরিণত হয়েছে। সেখানে শতকরা ৮০ ভাগ লোক হচ্ছে গরীব—তাদের অস্বাস্থ্যকর পরিবেশ থেকে মুক্ত করার জন্য কোন প্ল্যান আপনারা করেন নি। ওয়ারকিং ক্লাস পুওর লিভিং দেয়ার, তাদের কোনকিছু ইমপ্রুভমেণ্ট হয় নি। তাদের ট্রিটমেণ্টের জন্য কোন প্ল্যান হয় নি—

এ খবর আশা করি, আপনারা পত্র-পত্রিকাতে পড়েছেন। আমার প্রশ্ন কেন তাদের এরকম অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে রাখা হয়েছে, হোয়াই? ওখান থেকে আপনারা চাকুরি দিয়েছেন যারা আপনাদের পার্টির লয়্যাল—সি. পি. এম. ঘেঁষা আছে দেখে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। আপনারা দেখেছেন আপনাদের লয়্যাল আছে কিনা, যদি থাকে তাহলে তারা চাকুরি পেয়েছে। এভাবে আপনারা করতে পেরেছেন বিকজ ইনএফিসিয়েন্ট পিপল্ আর দেয়ার, শুধুমাত্র লয়্যালটি দেখে চাকুরি দিয়েছেন, তাদের কোন কোয়ালিটি দেখা হয় নি। সি. পি. এম.-এর লয়্যাল হলে প্রোমোশান দিচ্ছেন, বাট ইউ আর হ্যাণ্ডলিং ক্রোরস্ এ্যাণ্ড ক্রোরস্ অফ রুপিজ, কিন্তু ভেরি ডেলিকেট মেশিনারী আপনার। গার্ডেনরিচ কাউনসিলারের একটা বিবৃতি বেরিয়েছে যে—ওখানে অমুক হয়েছে, তমুক হয়েছে বলে। গত বৎসরের রিপোর্টে—১৯৮২-৮৩ অফ দিস ইয়ার থেকে সেখানে আরও ভালভাবে জল সাপ্লাই হবে বলেছিলেন। আবার এদিকে এক বৎসর পরে এখানে বলছেন, চেষ্টা করা হচ্ছে। হোয়ার আর ইওর মেন, সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে টাকা পাচ্ছেন, ইউ আর পেয়িং মানি ফর দিস, তাহলে এমন অবস্থা কেন? সেন্ট্রাল ক্যালকাটার অবস্থা আপনারা সকলেই জানেন। সেখানে জলের জন্য মানুষ বাড়ীতে গর্ত করে, কলের মুখে রাবার পাইপ লাগিয়ে জল টানেন। এই রকম অবস্থায় সেখানকার মানুষ বাস করছেন—আপনি এখন মন্ত্রী, সব জায়গাতে ঘোরাফেরা করেন—আপনি এ অবস্থা ভাল করেই জানেন। আপনি বিশেষ বিশেষ লোকের বাড়ীতে যান—যারা বড়লোক, যাদের বড় বড় বাড়ী আছে—সিংঘানিয়া, টাটা, বিড়লাদের বাড়ীতে যান। আপনাকে আমি অনুরোধ করব, কাইণ্ডলি ইউ ভিজিট, ইফ ইউ আর পিপলস্ রিপ্রেজেনটেটিভস্—ইফ ইউ হ্যাভ ক্যারেজ, লাভ এ্যাণ্ড এ্যাফেকশান ফর দি কমন মেন, তাহলে কর্পোরেশনের পাশের বস্তিগুলোতে—কড়েয়া বস্তি, ফুলবাগান বস্তি, কলাবাগান বস্তিতে একবার ঘুরে দেখে আসুন, তাদের কাছে গিয়ে দেখে আসুন তারা কেমন অবস্থায় বাস করছে।

আপনারা ট্যাক্স বাড়াচ্ছেন, আপনারা ওয়ার্নিং দিচ্ছেন যে, ট্যাক্স না দিলে প্রপার্টির উপর হাত দেবেন। আপনাদের একটা স্ট্যাটুটারি অবলিগেশান আছে। আপনারা যা ফিগার দিয়েছেন তাতে জলের জন্য আপনাদের কোটি কোটি টাকা খরচ হয়ে যাচ্ছে। সেদিন আপনার ফায়ার ব্রিগ্রেডের সামনে সামান্য বৃষ্টিতেই জল জমে গেল। আপনারা বললেন যে, কংগ্রেসী আমলেও এইরকম হোত। This is not good. You are gettings crores and crores of rupees but you have no planning. চিত্তরঞ্জন এ্যাভিনিউ যেটা মেন থরোফেয়ার ভি. আই.

পি. রোডের মত সেখানে অল্প বৃষ্টি হলে জল জমে যাচ্ছে। Where is your planning? You have no proper drainage system for the city. তপসিয়াতে একটা পাম্পিং স্টেশান আছে, সেই পাম্পিং স্টেশান থেকে পাম্প করে ড্রেনের জল বাইরে বার করে দেওয়া হয়। সেখানকার অবস্থা খুবই খারাপ। It is a very deplorable state of affairs. সেখানে কোন ইমপ্রুভমেন্ট নেই। অল্প বৃষ্টি হলেই সেখানে জল জমে যায়। এইবার আসুন আলিমুদ্দিন ষ্ট্রীটের কথায়। আপনাদের সি. পি. এমের হেড কোয়ার্টারের অফিস থেকে বেরিয়ে যদি বৃষ্টি দেখেন তাহলে আপনারা সার্কুলার রোডের দিকে চলে যান, কিন্তু একটু পশ্চিম দিকে বস্তির দিকে যদি যান তাহলে দেখবেন সেখানে পুকুর হয়ে গেছে। আপনারা দয়া করে পশ্চিম দিকে তাকান। এত টাকা কিসে খরচ করছেন? People have got doubt in their mind as to whether you are properly using the money. আপনারা সেখানে যে ফিগার দিয়েছেন সাধারণ লোকের মনে সন্দেহ জাগবে যে, খরার নামে যে টাকা তোলা হয়েছে সেগুলি পঞ্চায়েত ইলেকশানে খরচ করা হবে। সি. এম. ডি. এ. জল, আলো ইত্যাদির জন্য যে প্রচুর টাকা দিয়েছিল সেই টাকা আপনারা কিসে খরচ করেছেন? ম্যাকনামারা যখন কলকাতায় এসেছিলেন তখন আপনারা তাঁকে সি. আই. এ.-র এজেন্ট বলে তাড়িয়ে দিয়েছিলেন এবং ট্রাম, বাস পুড়িয়েছিলেন। সল্টলেকে আপনারা যে জমি এ্যালট করেছেন, আপনাদের যদি সাহস থাকে তাহলে আমি আপনাদের অনুরোধ করবো এইসব জমি কাদের এ্যালট করেছেন সেটা আমাদের জানান। কলকাতার বস্তি অঞ্চলে জল নেই, আলো নেই, রাস্তা নেই, ল্যাট্রিন নেই—এই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা করছেন? কোন মন্ত্রী যখন কোন ওয়ার্ড দেখতে যান তখন পেপারে এ্যাডভারটাইজ করা হয় যে, অমুক মন্ত্রী ১৪ নং ওয়ার্ড দেখতে যাবেন। যেখানে টাকার এত অভাব বলছেন এবং আপনাদের যেখানে টাকা নেই সেখানে এত টাকা খরচ করে এ্যাডভারটাইজ করার কি দরকার আছে? মানুষের গ্রিভেন্স যদি শোনবার ইচ্ছা থাকে তাহলে এ্যাডভারটাইজ না করে মানুষের সেবা করুন। If you are a popular minister, if you have the courage, you should visit different words without giving any advertisement in the paper. আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, এনভায়োরেনমেন্ট ডেভেলপমেন্টের জন্য যে প্রস্তাব এসেছিল সেই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিলেন? আপনারা সমস্ত এম. এল. এ. নিয়ে একটা বোর্ড করুন এবং এইসব এম. এল. এ.-রাও আপনাকে অন্ততঃ এই ব্যাপারে সাহায্য করবে।

[7.00—7.10 P. M.]

There are disease lies and the common people are suffering. অনেক ১৬ ফুট রাস্তা আছে সেখানে বোর্ড লাগিয়ে দিন। There is no money. In Calcutta you cannot modernise the street lighting system in certain areas—conversion of ordinary light to fluorescent light where has the money gone. এক একটা ওয়ার্ডে ফ্লুয়োরেসেণ্ট লাইট থেকে অর্ডিনারী লাইট করলেন। সেখানকার ১৪/১৫ ফুট রাস্তা কোন বেনিফিট এর ফলে পেল না। ভি. আই. পি. রাস্তার জন্য এসব করা হচ্ছে। একবার ইলেকট্রিসিটি রাস্তায় কাজ করবে, আর একবার ওয়াটার সাপ্লাই করবে, যাতে রাস্তা সব খারাপ হয়ে যাচ্ছে। বিফোর দুর্গাপূজা কলকাতার সব রাস্তা রিপেয়ার করা হোত। কিন্তু এখন তা হচ্ছে না। এখন তাড়াতাড়ি হামটি ডামটি করে কাজ হচ্ছে। So I say the C. M. D. A. has become the contractors' paradise. It is not giving benefits to the common people. So, I strongly oppose this budget because instead of helping the cause of the common man it is looking after the benefits of the party.

শ্রীকৃষ্ণধন হালদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য হস্তপদ সঞ্চালন করে যে কথা বললেন তাতে মোদ্দা কথা হল বামফ্রন্ট সরকারের আমলে সি. এম. ডি. এ.-র সব টাকা চুরি হচ্ছে। রবীন্দ্রনাথের কথায়—"তুমি মহারাজ সাধু হলে আজ।" ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কণ্ট্রাক্টারের যোগসাজশে শত শত কোটি কোটি টাকা বস্তি উন্নয়নের নাম করে নিজেদের পকেটে পুরে নেয়া হয়েছে। এমন কি চাকরি ছেড়ে দিয়ে অনেকে আপনাদের সঙ্গে হাত মিলিয়ে কনট্রাক্টার হয়ে গেল। তাদের সঙ্গে আপনাদের একটা বখরা ছিল। সেজন্য আপনারা দুর্নীতি ছাড়া আর কিছু চিন্তা করতে পারেন না। বস্তি উন্নয়ন তাঁরা দেখতে পাচ্ছেন না। সেখানে খাটা পায়খানার জায়গায় স্যানিটারী করা হয়েছে। এই বস্তিগুলি সব সমাজবিরোধী, ওয়াগন ব্রেকারদের আড্ডাখানা ছিল। আজ সেখানকার চেহারা দেখে আসুন। আপনাদের সঙ্গে আমাদের কাজের দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে। আমরা রাজ্যের গরিব মানুষদের প্রতিনিধিত্ব করি। গ্রাম থেকে যারা শহরে আসে তাদের জীবিকার জন্য, বাসস্থানের জন্য—আমরা যে দৃষ্টিভঙ্গী নিয়েছি তাতে গরীব মানুষদের জন্য আমরা বেশি টাকা দিচ্ছি।

এটা নীতির পরিবর্তন। আপনারা উপনগরী করতেন, আমরা বস্তি উন্নয়ন করছি। আগে আপনারা সি. এম. ডি. এ.-কে টাকা দিতেন, এখন আমরা পঞ্চায়েত শাসনে গরীব মানুষদের মধ্যে একটা নির্দিষ্ট নীতির ভিত্তিতে টাকাগুলি ভাগ করে দিচ্ছি। আপনাদের সময়ে ১৫ লক্ষ টাকা দিতেন, এখন আমরা প্রায় ১৩ কোটি টাকা ভাগ করে দিচ্ছি একটা নির্দিষ্ট নীতির ভিত্তিতে। আগে আপনারা মফঃস্বলে টাকা দিতেন না, এখন আমরা মফঃস্বলে টাকা দিচ্ছি। জেনে রাখুন কর্পোরেশানের গরীব মানুষের জন্য ১০০ টাকা ভ্যালুয়েশানের ট্যাক্স মুক্ত করেছি, ১৯৬৭ সাল পর্যন্ত ৫০ টাকা পর্যন্ত ট্যাক্স মুক্ত করেছিলেন। সেজন্য আমরা দেখছি বস্তির মানুষগুলো আমাদের দিকে তাকিয়ে আছে, তাদের জীবনযাত্রা পাল্টে যাচ্ছে, তারা বেশী করে আমাদের দিকে এগিয়ে আসছে। আমরা তাদের কাজের জন্য যে টাকা দিচ্ছি তার চেয়ে বেশী কাজ হচ্ছে, কারণ তারা নিজেদের কাজ নিজেরাই করছে, সেজন্য কাজ বেশী হচ্ছে। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য কিছুক্ষণ আগে ম্যাকনামারা দিয়ে শুরু করেছেন, ওনার বক্তব্যের আমরা বিরোধিতা করেছিলাম। উনি জানেন না একটা প্রদীপ যেমন অন্ধকার দূর করে তেমনি সেই প্রদীপ দিয়ে আবার আগুন লাগান যায়। উনি আগুন লাগিয়ে দিয়েছিলেন ম্যাকনামারা দিয়ে, আমরা সেটাকে কাজে লাগিয়ে ব্যবহার করতে চাই। ব্যবহারের উপর সমস্ত জিনিসটা নির্ভর করে। সারা ভারতবর্ষে পি. এল.-৪৮০-র টাকা দিয়ে আজকে অর্থনীতিতে আগুন লাগিয়ে পুঁজিবাদী কায়েম করেছেন, সাম্রাজ্যবাদীদের ঘাঁটি করেছেন। তাই আমরা সেখানে বাধা দিয়েছি। ওঁদের নীতি হচ্ছে সাম্রাজ্যবাদী নীতি, পুঁজিবাদী নীতি। সেই নীতি দিয়ে লোকাল বডিজ সি. এম. ডি. এ.'র বাজেট নীতি তিনি বিশ্লেষণ করার চেষ্টা করেছেন। ওঁরা ইন্দিরা গান্ধীর লোক, সেজন্য পুরো বাজেট না পড়েই কোথায় একটু জল জমে তার জন্য এই বাজেট নীতির সমালোচনা করলেন। বামফ্রন্টের নীতি কি—বামফ্রন্টের নীতি হচ্ছে ক্ষমতা ডিসেন্ট্রালাইজ করা। কিন্তু ওঁদের নীতি হচ্ছে ক্ষমতা সেন্ট্রালাইজ করা। আমরা মিউনিসিপ্যাল কমিশন করেছি, মিউনিসিপ্যালিটিকে ক্ষমতা দিয়েছি যাতে তারা ট্যাক্স করতে পারে। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালে পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিগুলিকে ৯৩ কোটি টাকা দেওয়া হয়েছে। আজকে গ্রামে যে আঞ্চলিক ডেভেলপমেন্ট হয়েছে তা ঐ টাকা দিয়ে হয়েছে।

আজকে গার্ডেনরিচের দিকে ওদের নজর পড়বে, সেখানে গরীব মানুষরা বস্তিতে থাকে, কনট্রাকটরদের হাতে রাখতে হবে। তাই সেদিকে নজর পড়েছে। বস্তি উন্নয়ন ওঁরা কাদের দিয়ে করাতেন, না কনট্রাক্টরদের দিয়ে। ওঁদের আমল ছিল কনট্রাক্টরস প্যারাডাইস। আজকে ঘটনা উল্টে গেছে। তাই কনট্রাক্টররা ওঁকে গিয়ে ধরেছে। এজন্য উনি এখানে উল্টো কথা বলতে চাইছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি কর্পোরেশনে পলিটিক্স করেছেন দীর্ঘদিন, করাপশান তৈরী করেছেন সেখানে। কর্পোরেশন মানে হল করাপশান, করাপশান বলে সেটার পরিচিতি ছিল। আজকে সেই সুযোগ খুঁজছেন নতুন করে। আজকে সেই আলোকে বাজেটকে বিশ্লেষণ করার চেষ্টা হচ্ছে। উনি একটা তথ্য দিলেন ক্যালকাটা কর্পোরেশনে আমরা কি খরচ করেছি, ওঁরা কি খরচ করেছেন। ক্যালকাটা কর্পোরেশনে ওঁরা খরচ করতেন ১৯৭৬-৭৭ সালে ৬১.৫৪ টাকা, আর আমাদের সময়ে সেটা কমে এল ৬০.২৬ টাকার, কিন্তু আমরা বাড়িয়েছি কোথায়, আমরা বাড়ালাম লোকাল বডিজ মিউনিসিপ্যালিটিতে, অর্থাৎ যে-সমস্ত গ্রাম্য মিউনিসিপ্যালিটিটি আছে, যে-সমস্ত জায়গায় নন-সি. এম. ডি. এ. লোকাল বডিজ আছে সেখানে ওঁরা খরচ করতেন ৮ পয়সা, আমরা সেখানে ১৩.৮৪ পয়সা খরচ করছি।

[7.10—7.20 P. M.]

ওঁরা আদার দ্যান সি. এম ডি. এ. লোকাল বডিতে খরচ করতেন—১৯৭৬-৭৭ সালে ছিল ১৯·৮৮—সেটা আমরা বাড়িয়ে ২৯·৪৪ করেছি। এইখানেই ওঁদের গাত্রদাহ। আজকে ওনারা চীৎকার করছেন। কিন্তু আজকে কি বিরাট কর্মযজ্ঞ শুরু হয়েছে এবং সে কর্মযজ্ঞের ফিরিস্তি মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। সেগুলি কিন্তু আপনারা দেখলেন না। যে জায়গায় আমি থাকি—ঐ টালিগঞ্জের ব্রীজের নীচে ঠেলায় করে পার হতে হোত। আজকে সেখানে সেই অবস্থা আর নেই—সেই অবস্থা আজকে দূর হয়েছে। সব জায়গা একসঙ্গে হয় না, কারণ আমাদের হাতে ম্যাজিককাঠি নেই যে, ছয় বছরে আমরা সব কিছু করে দেবো। আগে সারা কলকাতায় বন্যা হতো। ভেসে যেতো—আজকে দু'-একটি জায়গায় জল জমে। আজকে রাস্তার দিকে তাকিয়ে দেখুন—১৯৭৭ সালে এই সরকার যখন এসেছিল তখন রাস্তাগুলি পুকুর ছিল—রাস্তার মধ্যে দিয়ে বাস চলতো না। আজকে সারা রাজ্যের শত শত জায়গায় রাস্তা মেরামত হয়েছে। আপনারা কি তাকিয়ে দেখেছেন? আজকে মিউনিসিপ্যাল রোড ডেভেলপমেন্ট করা হয়েছে। আপনারা

একটু তাকিয়ে দেখুন। আমাদেরই সময়ে গ্রাম মিউনিসিপ্যালিটিগুলিতে রাস্তা হয়েছে এবং গ্রামাঞ্চলের অন্য জায়গায় ২২৫ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে। আপনাদের সময় একথা কি ভাবতে পারতেন? আপনারা কি করেছেন? আপনারা ইলেকটেড বডিকে সরিয়ে দিয়ে একজিকিউটিভ বডি বসিয়ে দিয়েছেন। আমরা কিন্তু একটা বিরাট কর্মযজ্ঞ শুরু করেছি। এই কথা বলে শেষ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ব্যয়বরাদ্দের যে দাবী এখানে উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। সারা কলকাতা শহর শুধু নয়, পশ্চিমবাংলার মানুষ মাননীয় মন্ত্রী শ্রীপ্রশান্ত শূর মহাশয়কে বামফ্রণ্টের একজন অন্যতম দক্ষ মন্ত্রী বলে মনে করেন। যদিও আমরা দেখেছি বিগত অধিবেশনে পরিকল্পিতভাবে একটানা বিরোধীপক্ষের তরফ থেকে কুৎসা রটনা করেছেন—তাঁর সম্বন্ধে কতকগুলি অসত্য তথ্য এখানে পরিবেশন করা হয়েছে। তা সত্ত্বেও মানুষ এই রাজ্যে মনে করে শুধু কলকাতা নয়, গ্রামবাংলার মানুষ লক্ষ্য করেছে এবং বলতে শুনেছি ২/৩ জনের নাম করে করে তার মধ্যে প্রশান্ত শূরও একজন। কলকাতা শহরের রূপ ১৯৭৬ সালে যা দেখেছিলাম, ১৯৮১-৮২ সালের কলকাতার মধ্যে তার তফাৎ আছে, পার্থক্য আছে—এটা তাদের দেখতে হবে। তাদের সাফল্যের কথা সোচ্চারভাবে ঘোষণা করেন এবং আমাদের বিরুদ্ধে ভীষণভাবে বিষোদ্গার করেন। কিন্তু তা সত্ত্বেও আজকে মানুষের মনে তারা দাগ কাটতে পারেন নি। আমাদের সময়ে সাফল্য অনেক কিছু হয়েছে—কিন্তু আরও অনেক উন্নয়নের অবকাশ আছে এই কলকাতায়, এ বিষয়ে কোন সন্দেহ নেই। বস্তিগুলিতে এখনও চরম অবস্থা থেকে গিয়েছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। সেখানে পয়ঃপ্রণালী রাস্তাঘাট ইত্যাদি আজকে মনুষ্য বাসের অযোগ্য হয়ে আছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু বিগত পাঁচ বছরে এবং বর্তমান বছরে যে যে উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে, সেগুলি স্পষ্টতঃ ওখানকার মানুষকে আশান্বিত করেছে। উন্নয়নের যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এ থেকেও তাদের মন আশান্বিত হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন রাখবো পানীয় জল সম্পর্কে আপনি একটু বিশেষ নজর দেবেন। অবশ্য যে-কোন মেট্রোপলিটন সিটিতে পানীয় জলের সমস্যা থাকে। বম্বেতে আমরা দেখেছি যে, সেখানে জল নিয়ে দাঙ্গা হয়, পুলিশ গুলি চালায়, মানুষ মারা যায় এবং আজকে পানীয় জল সরবরাহের জন্য কতগুলি পরিকল্পনার কথা এখানে বলা হয়েছে এবং তা হলে নিশ্চয় কলকাতার পানীয় জলের সমস্যা মিটবে, এ বিষয়ে কোন সন্দেহ

নেই—কিন্তু এখনও কলকাতা এবং বৃহত্তর কলকাতায় পানীয় জলের তীব্র সমস্যা থেকে গেছে। বম্বেতে পানীয় জলের দাবীতে গুলি চলে, মানুষ মারা যায়—তার পুনরাবৃত্তি এখানে ঘটতে পারে। সেই জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, তার সঙ্গে আরও নূতন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তা যদি না হয় তাহলে যেখানে মধ্যবিত্ত গরীব মানুষ বাস করে সেখানে যে পানীয় জলের অভাব থেকে গেছে, তা থেকেই যাবে। অন্যান্য যে-সব প্রশ্নগুলি আছে সেগুলি নিয়ে আলোচনা করার কোন সময় নেই। বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে আমি মফঃস্বলের মানুষ হিসাবে বলছি—সেইসব এলাকার ব্যাপারে বার বার ঘোষণা করা হয়েছিল যে, মিউনিসিপ্যালিটিগুলিতে টাকা বাড়ানো হবে। এবং একটা চেষ্টা নিয়েছিলেন যে মিউনিসিপ্যালিটিগুলি সি. এম. ডি. এ.-র আওতায় আনার জন্য নাকি পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এই বিধানসভায় বার বার ঘোষণা করা সত্ত্বেও আমরা দেখছি কি ? যে সেই টাকা এখনও বিভিন্ন মিউনিসিপ্যালিটির কাছে পৌঁছায় নি। বহরমপুর মিউনিসিপ্যালিটির কথা আপনি জানেন—যেটা আপনার আওতায় পড়েছে—দেখলাম শেষ পর্যন্ত কিছু টাকা পাঠিয়েছেন। কিন্তু সেই এককোটি টাকা বাড়ানোর যে কথা ছিল, সেই কথার মর্যাদা রক্ষা করা হচ্ছে না। সেইজন্য আমি আপনাকে অনুরোধ জানাবো যে, যে-সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির অবস্থা মোটেই ভাল নয়, সেগুলির দিকে আপনাকে আরও নজর দিতে হবে।

আপনি স্বীকার করেছেন কল্যাণীকে বিকল্প হিসেবে গড়ে তোলার স্বপ্ন ডাঃ রায় দেখেছিলেন। সেখানে তেমন কোন অগ্রগতি হয় নি বলে আমি অনুরোধ করব কল্যাণীকে গড়ে তোলার দিকে আপনি দৃষ্টি দিন। কলকাতার বর্তমানে জনসংখ্যার যে চাপ তাতে অদূর ভবিষ্যতে হয়ত এই কলকাতা থেকে বহু অফিস-কাছারি স্থানান্তরিত করতে হবে। আসল রাজধানী হয়ত কলকাতাতেই থাকবে, কিন্তু রাজনৈতিক রাজধানী কল্যাণীতে স্থানান্তরিত করা ছাড়া উপায় থাকবে না। পরিশেষে আপনাকে বলছি, আপনি একজন সফল মন্ত্রী, আপনার প্রতি মানুষের আস্থা রয়েছে। আপনি যে গঠনমূলক কর্মসূচী নিচ্ছেন সেইদিকে আপনি দৃঢ়তার সঙ্গে অগ্রসর হবেন এই আশা রেখে বক্তব্য রেখে বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রশান্তকুমার শূর ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যখন ইতিপূর্বে Local Self Govt.-এর বাজেট পেশ করেছিলাম তখন বিরোধী দলের বন্ধু মিঃ

রউফ আনসারি বলেছিলেন, ৩।। কোটি টাকার জুয়াচুরির ঘটনা আছে, কাজেই আমি কেন মন্ত্রী হিসেবে এখনও থাকছি? এই হাউসে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন এই ব্যাপারে প্রাক্তন বিচারপতি শ্রীসলিল রায়চৌধুরীকে দিয়ে একটি কমিশন বসান হয়েছে। সেই কমিশনের কাজ শুরু হয়েছে এবং চলছে। কাজেই তাঁর যদি কোন বক্তব্য থাকে তাহলে সেটা তিনি নিশ্চয়ই কমিশনের কাছে হাজির করতে পারেন। এই কমিশন যে রায় দেবেন সেটা মাথানত করে মেনে নিতে হবে। কিন্তু তার আগে বার বার অসত্য ভাষণ নিয়ে অন্যায়ভাবে আমাকে অপদস্থ করার এই যে প্রচেষ্টা এটা ভাল মনে হয় না। তিনি আর একটা কথা বলেছেন ম্যাকনামারাকে আমরা কেন বিরোধিতা করেছি। তিনি বোধহয় ভুলে গেছেন এই ম্যাকনামারা ছিলেন Defence Minister, War Minister of U. S. A. ভিয়েতনামের ৩ কোটি মানুষ যখন তাদের মুক্তির জন্য, স্বাধীনতার জন্য সংগ্রাম করছিল তখন বিধ্বংসী আগ্নেয়াস্ত্র নিয়ে এই ভিয়েতনামের উপর আক্রমণ করা হয়েছিল এবং তার জন্য ভারতবর্ষের মানুষ সেদিন এই ম্যাকনামারাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে এবং আমরাও করেছিলাম। আমার মনে হয় মিঃ আনসারী এসব কথা ভুলে যান নি, এগুলো তাঁর স্মরণে আছে। তারপর তিনি ওয়াটার লগিং-এর কথা বলেছেন। আমি এই বিধানসভায় বলছি, আরও ৫০ বছর যদি কলকাতায় কাজ করা হয় তাহলেও ওয়াটার লগিং থাকবে। আমি হিসেব করে দেখেছি বর্তমানে যে মানুষ এখানে বসবাস করে তাতে কোলকাতার পয়ঃপ্রণালী যদি সঠিকভাবে তৈরী করতে চাই তাহলে ১২০০ কোটি টাকা লাগবে। এই টাকা কে দেবে? আপনারা নিশ্চয়ই জানেন দিল্লী শহরে প্রতি বছর ৪/৫ শত কোটি টাকা ব্যয় হয় এবং বৃহৎ এশিয়াডে প্রায় ২ হাজার কোটি টাকা ব্যয় হয়েছে। ১৫ তারিখে দিল্লীতে যে বৃষ্টি হল সে সম্বন্ধে ১৬ তারিখে স্টেটসম্যান যে খবর বেরিয়েছে তার হেডিং হচ্ছে— "Deluge throws Delhi Left out of Gear" আপনারা জানেন Connaught Place হচ্ছে দিল্লীর সবচেয়ে বড় ব্যবসা কেন্দ্র। স্টেটসম্যান সেই জায়গা সম্পর্কে লিখেছে—In Connaught Place people wedded through Knee-deep water as Vehicles were stranded. তাহলে দেখা যাচ্ছে Connaught Place-এ কোটি কোটি টাকা ব্যয় করা সত্ত্বেও, আধুনিক নগর পত্তন করা সত্ত্বেও মানুষ সেখানে হাঁটতে পারছে না, হাঁটু জল। স্টেটসম্যান আরও লিখেছে, মিন্টো ব্রীজের নীচে সমস্ত গাড়ী আটকে রয়েছে, যার জন্য ফায়ার ব্রিগেডকে ডাকা হয়েছে এবং ফায়ার ব্রিগেড সেই গাড়ীগুলি টানছে। স্যার এই হল দিল্লী শহরের অবস্থা।

[7.20—7.30 P. M]

যেখানে প্রতি বছর ৪/৫ শত কোটি টাকা ব্যয় হয়, সুতরাং আমি বলবো, এই কথা বোঝা উচিৎ, এই শহর তৈরী হয়েছিল ৮/১০ লক্ষ মানুষের জন্য। আজকে সেখানে ৪০ লক্ষ মানুষ বসবাস করে। তাছাড়া অন্ততঃ ১২ থেকে ১৬ লক্ষ মানুষ বাইরে থেকে যাতায়াত করে। সুতরাং এতবড় শহরের যে সমস্যা, সেই সমস্যা সমাধান করা এত সহজ নয়। তিনি বলছেন বস্তির কথা। সত্যিই তো আমাদের বাজেট বক্তৃতা বোধহয় পড়ে দেখেন নি,এই সি. এম. ডি. এ. এরিয়ায় ৩০ লক্ষ বস্তির মানুষ আছেন, তার মধ্যে পাঁচ লক্ষ হলো উদ্বাস্তু। সেখানে আমরা দেখিয়েছি যে, এই কয়েক বছরের মধ্যে ১৭॥ লক্ষ বস্তির মানুষকে আমরা বিভিন্ন সুযোগ-সুবিধা দিয়েছি। সেখানে রাস্তা, আলো, পানীয় জলের ব্যবস্থা আমরা করে দিয়েছি। কলকাতা শহরে যাঁরা থাকেন তাঁরা জানেন যে, কোনওদিন কলকাতা শহরের বস্তির মধ্যে কর্পোরেশন প্রবেশ করতে পারতো না, সেখানে জমিদার, তাদের অনুমতি তখনও পাওয়া যায় নি, কিন্তু নূতন আইন করে বস্তিতে অনুপ্রবেশ করে সেখানে বস্তি উন্নয়ন করা হয়েছে। এই কথা বোধহয় আপনি জানেন। ১৯৭১ সালের কথা আপনি ভুলে যাবেন না। ১৯৭১ সালে কর্পোরেশনের আমি মেয়র ছিলাম। সি. এম. ডি. এ.— আপনি গিয়ে রেকর্ড দেখতে পারেন। বস্তি উন্নয়নের কাজে হাত দেয় এবং তারপর আপনারা সেখানে কাজে হাত দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও আমি এই কথা বলতে পারি যে, ১৭ লক্ষ বস্তিবাসীদের সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে এবং কলকাতা শহরে বর্তমানে ১৩॥ লক্ষ যে বস্তিবাসী আছেন, তার মধ্যে মাত্র ২ লক্ষ বস্তিবাসীকে এখনও সুযোগ-সুবিধা দেওয়া সম্ভবপর হয় নি। আমি আশা করছি ক্যালকাটা কর্পোরেশন তার পরিকল্পনার মধ্যে সেইসব বস্তিবাসীদের সুযোগ-সুবিধা দেবে। একটা কথা তিনি বলেছিলেন—কন্ট্রাক্টারের কথা। এই কথা আপনারা শুনে রাখুন, সি. এম. ডি এ.-তে একজন কনসালটান্ট ছিলেন একাধিক বছর। যিনি চেয়ারম্যান ছিলেন, তাঁর সঙ্গে কি সম্পর্ক ছিল, আমি বলতে চাই না, কিন্তু সারা সি. এম. ডি এ.-তে একজন মাত্র কনসালট্যান্ট, তিনি কোটি কোটি টাকা—যত কনসালট্যান্সিই হোক না কেন, একজন কনসালট্যান্ট, সে সমস্ত কাজগুলো পেতেন। আমরা এসে সেখানে নূতন করে প্যানেল তৈরী করেছি। আমরা পত্র-পত্রিকার মাধ্যমে আহ্বান করেছি এবং তাঁরা এসেছেন, তাঁদের প্যানেল তৈরী করেছি, সেই প্যানেলের মাধ্যমে কাজ দিচ্ছি। সুতরাং কনট্রাকটারদের সঙ্গে তাঁদের যে সম্পর্ক, সেই সম্পর্ক আমাদের কোনদিনই নেই, এই কথা জানা উচিৎ। তাঁরা যে গরীব মানুষের কথা বলছেন—

এখানে আমার বন্ধু অনিলবাবু বলতে চেষ্টা করেছিলেন, আমাদের নতুন স্ট্র্যাটেজি কি? আমাদের স্ট্র্যাটেজি হলো ডিসেন্ট্রালাইজেশন অব প্ল্যানিং এ্যাণ্ড ডেভেলপমেণ্ট। কলকাতা, হাওড়াকে আপনারা সি. এম. ডি. এ. এরিয়ার মধ্যে ধরেছেন। কিন্তু আপনাদের সময়ে যখন বাজেট বরাদ্দ হলো, তখন ৩৪টা মিউনিসিপ্যালিটি এবং ৩টা কর্পোরেশন আর দুটো নোটিফায়েড এরিয়া অথরিটি—তাদের জন্য বরাদ্দ কত করেছিলেন? মাত্র ৬ কোটি টাকা। এই কয়েকটি মিউনিসিপ্যালিটির জন্য মাত্র ৬ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। আমরা বর্তমানে যে দৃষ্টিভঙ্গিতে আজকে শহর উন্নয়ন, নগর উন্নয়ন করছি—আমরা দেখছি এই অসম যেটা আছে, সেটা যদি দূর না করতে পারি, তাহলে কলকাতার উপর যে চাপ সৃষ্টি হয়েছে, এই চাপ কখনও দূর করা যাবে না। তাই দেখবেন বর্তমান যে বাজেট করেছি, তা হচ্ছে ১০২ কোটি টাকার বাজেট। এই ১০৭ কোটি টাকার মধ্যে বাইরের মিউনিসিপ্যালিটিগুলোর জন্য ৭৬ কোটি টাকা, হাওড়া কর্পোরেশন ৭ কোটি টাকা, ক্যালকাটা কর্পোরেশন ১১ কোটি টাকা এবং ১৮১টা যে অঞ্চল আছে সি. এম. ডি. এ.'র মধ্যে, যেখানে পঞ্চায়েত আছে, সেখানকার উন্নয়নের জন্য আমরা ১০ কোটি টাকা রেখেছি।

সুতরাং আমাদের দৃষ্টিভঙ্গী হচ্ছে দেশের সমস্ত নাগরিকের কাছে পৌঁছতে হবে এবং আমরা যে স্ট্র্যাটেজি নিয়েছি সেটা হচ্ছে এই, দীর্ঘদিন ধরে যেসব মানুষ অবহেলিত হয়ে আছে, যাদের কাছে কোনরকম সুযোগ-সুবিধা গিয়ে পৌঁছায় না তাদের কাছে পৌঁছতে হবে। বিশেষ করে গরীব মানুষ যাদের উপেক্ষা করেছে দীর্ঘদিন ধরে কংগ্রেসী শ্রেণী দৃষ্টিভঙ্গী থেকে, সেই সব গরীব মানুষের কাছে যেতে হবে এবং উন্নয়নের ব্যাপারে আমরা যেসব দৃষ্টিভঙ্গী নিয়েছি সেগুলি তাদের কাছে পৌঁছে দিতে হবে। উন্নয়নমূলক কাজ করার জন্য আমাদের কোটি কোটি টাকার সিমেন্ট দরকার হয়। অথচ এই ব্যাপারে পশ্চিমবঙ্গের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে এবং সেই বৈষম্য জিনিসপত্রের ব্যাপারেও হচ্ছে। উন্নয়নমূলক কাজ করতে গেলে আমাদের ৩॥ লক্ষ টন সিমেন্ট দরকার। সেখানে বর্তমানে আমরা পাচ্ছি মাত্র ১ লক্ষ ৬০ হাজার টন। এই ৩॥ লক্ষ টন ধীরে ধীরে কমতে কমতে এখন ১ লক্ষ ৬০ হাজার টনে এসে দাঁড়িয়েছে। গভর্নমেণ্ট এজেন্সীগুলির দরকার যেখানে ২॥ লক্ষ টন, সেখানে তাদের দেওয়া হচ্ছে ৩৫ হাজার টন। এই দিয়ে কোন কাজ করা যায় কিনা সেটা আপনারা বিবেচনা করে দেখবেন। গার্ডেনরীচ ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যান্টের কথা তিনি বললেন। এই ধরনের ভাল্‌ভ, ইকুইপমেণ্টস তৈরী করার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ ম্যানুফ্যাকচারার হল কির্লোস্কার

কোম্পানী এবং তারাই এই প্ল্যাণ্টের ইকুইপমেণ্টস ম্যানুফ্যাকচারার। তারা টেষ্ট করেছে এবং যে মোটর বসানো হয়েছে সেটা ভারত হেভি ইলেকট্রিক্যালস সরবরাহ করেছে। কাজেই এই যে ঘটনা ঘটেছে এটা খুব দুঃখজনক ঘটনা। তা সত্ত্বেও আমরা কির্লোস্কারের সাথে যোগাযোগ করছি, যাতে করে অতি অল্প সময়ের মধ্যে এই ভাল্‌ভ ঠিক করে চালু করতে পারা যায়। মোটর ১৫ ঘণ্টা জলের নীচে ছিল। সেগুলি উদ্ধার করে নতুনভাবে পরিষ্কার করে কাজে লাগিয়ে যাতে তাড়াতাড়ি চালু করতে পারা যায় সেই ব্যবস্থা করা হচ্ছে। আমার মনে হয় আজকের মধ্যেই ট্রায়াল রান হবে, জল সরবরাহ করতে পারব। তা সত্ত্বেও আমি এই কথা বলছি কির্লোস্কার কোম্পানীর বিরুদ্ধে আমাদের যা কিছু ব্যবস্থা গ্রহণ করা দরকার সেই ব্যবস্থা গ্রহণ করব। কারণ আমরা কিছু ত্রুটি দেখতে পেয়েছি। সেই ত্রুটির জন্য তাদের আমরা নিশ্চয় দায়ী করব। তারপর সার্ভিস প্রিভির কথা তারা বললেন। আমি এই কথা বলতে পারি যে, সি. এম. ডি. এ. এরিয়ায় ১ লক্ষ ৮৫ হাজার সার্ভিস প্রিভি আছে। আমরা এই কয় বছরে ৮৩ হাজার ৩১৪টির মত সার্ভিস প্রিভি কনভার্ট করেছি ১১ কোটি ৪৬ লক্ষ টাকা ব্যয় করে। আমরা যে পরিকল্পনা গ্রহণ করেছি সেটা হল এই, সারা পশ্চিমবঙ্গের সার্ভিস প্রিভি তুলে দেবার জন্য ইউ. এন. ও.'র একটা পরিকল্পনা আছে। ওন ইওর ওন ফ্ল্যাট সিস্টেমের ভিত্তিতে ১ হাজার টাকার মধ্যে তৈরী করে পশ্চিমবঙ্গের সারা পৌরসভার মধ্যে যাতে সাপ্লাই করা যায় আমরা সেই চেষ্টা করছি। বর্তমানে মুর্শিদাবাদ এবং সোনামুখী শহরে এই পরিকল্পনায় কাজ হচ্ছে। আর বাকি প্রায় ১ লক্ষের মত যে সার্ভিস প্রিভি আছে আগামী ২ বছরের মধ্যে আমরা আস্তে আস্তে কনভার্ট করতে পারব বলে আশা করছি। সি. এম. ডি. এ. এরিয়ার বেশীর ভাগ মিউনিসিপ্যালিটিই সার্ভিস প্রিভি কনভার্ট করার জন্য প্রোগ্রাম নিয়েছে এবং সেই প্রোগ্রাম অনুযায়ী কাজ হচ্ছে। বেশীর ভাগ পৌরসভা অঞ্চলে আমরা এই সার্ভিস প্রিভির ব্যবস্থা দূর করতে পারব বলে মনে করছি এবং নতুন ধরনের প্রিভি তৈরী করতে পারব। সেখান থেকে যে সার উৎপাদন হবে, সেই সার কৃষিকাজে ব্যবহার করতে পারব।

(At this stage guillotine fell)

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 74,30,33,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "284-Urban Development, 484-Capital Outlay on Urban Development and 684-Loans for Urban Development", was then put and agreed to.

[7.30—7.40 P.M.]

DEMAND No. 1

Major Head : 211—State Legislatures

Shri Patit Paban Pathak : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,18,68,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "211—State Legislatures".

This is inclusive of a total sum of Rs. 19,78,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 5

Major Head : 215—Elections

Shri Patit Paban Pathak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,65,61,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "215—Elections".

(This is inclusive of a total sum of Rs. 1,27,61,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 6

Major Head : 220—Collection of Taxes on Income and Expenditure

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 61,86,000 be granted for expenditure under Demand No. 6, Major Head : "220—Collection of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs. 10,31,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 9

Major Head : 235—Collection of Other Taxes on Property and Capital Transactions

Shri Santi Ranjan Gathak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,96,000 be granted

for expenditure under Demand No. 9, Major Head : "235—Collection of Other Taxes on Property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 83,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 11

Major Head : 240—Sales Tax

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,83,73,000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "240—Sales Tax".

(This is inclusive of a total sum of Rs. 80,63,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 13

Major Head : 245—Other Taxes and Duties on Commodities and Services

Sri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,92,91,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "245—Other Taxes and Duties on Commodities and Services".

(This is inclusive of a total sum of Rs. 48,82,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 14

Major Head : 247—Other Fiscal Services

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,36,20,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "247—Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs. 22,70,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 16

Major Head : 249—Interest Payments

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 80,02,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "249—Interest payments".

(This is inclusive of a total sum of Rs. 13,34,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

[7.40—7.50 P.M.]

DEMAND No. 20

Major Head : 254—Treasury and Accounts Administration

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,76,19,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "254—Treasury and Accounts Administration".

(This is inclusive of a total sum of Rs. 62,70,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 28

Major Head : 266—Pensions and Other Retirement Benefits

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 37,79,56,000 be granted for expenditure under Demand No. 28, Major Head : "266—Pensions and Other Retirement Benefits".

(This is inclusive of a total sum of Rs. 6,29,93,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 30

Major Head : 268—Miscellaneous General Services

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,26,78,000 be granted

for expenditure under Demand No. 30, Major Head : "268—Miscellaneous General Service".

(This is inclusive of a total sum of Rs. 54,47,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 51

Major Head : 304—Other General Economic Services

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,16,64,000 be granted for expenditure under Demand No. 51, Major Head : "304—Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 36,11,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 72

Major Head : 339—Tourism

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,24,62,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "339—Tourism".

(This is inclusive of a total sum of Rs. 20,77,000 already voted on account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 73

Major Head : 544—Capital Outlay on Other Transport and Communication Services

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,00,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : "544—Capital Outlay on Other Transport and Communication Services".

(This is inclusive of a total sum of Rs 84,000 already voted an account in March, 1983).

The motion was then put and agreed to.

DEMAND No. 77

Major Heads : 282—Public Health, Sanitation and Water Supply (Prevention of Air and Water Pollution), 295—Other Social and Community Services (Zoological and Public Gardens) and 313—Forests (Lloyd Botanic Garden, Darjeeling)

Shri Bhabani Mukherjee : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 65,84,000 be granted for expenditure under Demand No. 77, Major Heads : "282—Public Health, Sanitation and Water Supply (Prevention of Air and Water Pollution), 295—Other Social and Community Services (Zoological and Public Gardens) and 313—Forests (Lloyd Botanic Garden, Darjeeling)".

(This is inclusive of a total sum of Rs. 10,99,000 already voted on account in March, 1983.)

The motion was then put and agreed to.

DEMAND No. 85

Major Heads : 766—Loans to Government Servants, etc. and 767—Miscellaneous Loans

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission and on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,25,60,000 be granted for expenditure under Demand No. 85, Major Heads : "766—Loans to Government Servants, etc. and 767—Miscellaneous Loans".

(This is inclusive of a total sum of Rs. 1,54,27,000 already voted on account in March, 1983.)

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.50 P. M. till 1.00 P. M. on Friday, the 22nd April, 1983 at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the :nd April 1983 at 1 p. m.

Present

Mr. Deputy Speaker (**Shri Kalimuddin Sums**) in the Chair, 9 Ministers, 12 inisters of State and 122 Members.

Starred Questions
(To which oral Answers were given)

গুদামে নষ্ট হওয়া গম

*৬২৬। [অনুমোদিত প্রশ্ন নং *১৬১৮ (এস এন)।] **শ্রীঅনিল মুখার্জী ঃ** খাদ্য সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকারের বিদেশ থেকে কেনা গম পশ্চিমবঙ্গের গুদামে নষ্ট হয়ে গেছে ;

(খ) সত্য হলে, উক্ত নষ্ট হয়ে যাওয়া গম রাজ্য সরকার রেশনের মাধ্যমে বিলি করেছেন কি ; এবং

(গ) উহার মূল্য কত ?

[1.00—1.10 P. M.]

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ (ক) কেন্দ্রীয় সরকারের স্থানীয় কর্তৃপক্ষ এফ. সি. াই. জানিয়েছেন বিদেশ থেকে কেনা যে গম রেশনে পশ্চিমবঙ্গে দেওয়া হয় তা নুষ্য খাদ্যের অনুপযুক্ত নয়।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

বিধানসভার সদস্যদের মাসিক বেতন ও দৈনিক ভাতা

*৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** পরিষদীয় বভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য বিধানসভার সদস্য ও

ও সদস্যাদের মাসিক ও অধিবেশন চলাকালীন ভাতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য রাজ্য সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কি ?

শ্রীপতিতপাবন পাঠক ঃ না। এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি। তবে এটা বিবেচনাধীন আছে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—আপনি নিশ্চয় জানেন, এই রাজ্যে বিধানসভার সদস্যরা রাজ্য সরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চেয়েও মাসিক এ্যালাওয়েন্স কম পান। সে ক্ষেত্রে ঐ যে বিবেচনা করার কথা বলছেন, এটা কবে থেকে কার্যকরী হবে সে সম্পর্কে কি একটু আভাষ দিতে পারবেন ?

শ্রীপতিতপাবন পাঠক ঃ এটা নিয়ে বিবেচনা করা হচ্ছে। ভারতবর্ষের সমস্ত রাজ্যের তথ্য এজন্য সংগ্রহ করছি। এইটুকু বলতে পারি যে, খুব শীঘ্রই এ সম্পর্কে একটা ব্যবস্থা হতে পারে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—আমরা দেখেছি অন্যান্য রাজ্যের বিধানসভার সদস্যরা কোথাও এক হাজার, কোথাও বারোশো, এই রকম পেয়ে থাকেন। পেনসন চালু হচ্ছে—আমি বৃদ্ধ সদস্যদের দিকে তাকিয়েই এই কথা বলছি—পেনসনের ব্যাপারটাও ঐ বিবেচনার মধ্যে আছে কি ?

শ্রীপতিতপাবন পাঠক ঃ সমস্ত ব্যাপারটাই বিবেচনা করা হচ্ছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—বিধানসভার সদস্যদের মাসিক বেতন সম্পর্কে ভাবনা-চিন্তা করছেন, তার রূপরেখা স্যালায়েন্ট ফিচারস কি কি, সেটা একটু বলবেন ?

শ্রীপতিতপাবন পাঠক ঃ আমি তো বলেছি এবং মাননীয় সদস্য নিজেও জানেন. যে, বিভিন্ন রাজ্য থেকে সব তথ্য যোগাড় করা হচ্ছে। স্যালায়েন্ট ফিচার্স বলতে কতকগুলি আইটেম বিভিন্ন রাজ্য থেকে এনে এবং আমাদের আর্থিক অবস্থা বিবেচনা করে আপনাদের কাছে রাখবার চেষ্টা করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, বিরোধীপক্ষের বন্ধুরা প্রায়ই বলেন যে, প্রস্তাবটি এলে আমরা সমর্থন করবো, কাজেই আমি জানতে চাই, বিশেষ করে ওঁদের মতামত এ বিষয়ে গ্রহণ করছেন কি না ?

শ্রীপতিতপাবন পাঠক : আমি এ সম্বন্ধে মন্তব্য করতে অক্ষম।

রায়চক, শঙ্করপুর ও ফ্রেজারগঞ্জে মৎস্য বন্দর স্থাপন

*৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪০।) **শ্রীঅমলেন্দ্র রায় :** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রায়চক, শঙ্করপুর ও ফ্রেজারগঞ্জে সবাঙ্গসুন্দর মৎস্য বন্দর গড়ে তোলার জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রীকিরণময় নন্দ : রায়চক মৎস্য বন্দর গড়ে তোলার কাজ শেষ হয়েছে। গত বৎসর ২৬শে সেপ্টেম্বর তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী আনুষ্ঠানিকভাবে এই বন্দর হতে ট্রলার চলাচলের উদ্বোধন করেন। আধুনিক মৎস্য বন্দরের সকল রকম সুযোগ-সুবিধা এই বন্দরে আছে।

শঙ্করপুরে মৎস্য বন্দরের কাজ শুরু করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা, অর্থাৎ অর্থ মঞ্জুর, কাজের দায়িত্ব প্রদান প্রভৃতি করা হয়েছে এবং বর্তমান মাসের শেষাশেষি বন্দরটির নির্মাণকার্যের জন্য আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপনের পরিকল্পনা আছে।

ফ্রেজারগঞ্জে বন্দর নির্মাণের জন্য প্রোজেক্ট রিপোর্ট কেন্দ্রীয় সরকার-এর নিকট প্রি-ইনভেস্টমেন্ট সার্ভে অফ ফিসিং হারবারস, ব্যাঙ্গালোর-এর অধিকর্তা দাখিল করেছেন। এব্যাপারে কেন্দ্রীয় সরকার-এর নিকট হতে প্রয়োজনীয় অনুমোদন শীঘ্রই আসবে বলে আশা করা যায়।

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—এই যে তিনটি মৎস্য বন্দর আপনি করছেন বা করবেন, এর মোটামুটিভাবে উদ্দেশ্য কি ?

শ্রীকিরণময় নন্দ : রায়চক মৎস্য বন্দর হচ্ছে গভীর সমুদ্রে মাছ ধরবার জন্য। প্রথমতঃ ট্রলারগুলো গভীর সমুদ্রে মাছ ধরবার পর এখানে এসে আশ্রয় গ্রহণ করবে। ফ্রেজারগঞ্জ ও শঙ্করপুর বন্দর থেকে যন্ত্রচালিত নৌকাগুলি মাছ ধরবার উদ্দেশ্যে চালিত হবে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই বন্দরগুলো তৈরি করতে কত টাকা খরচ হবে বলে মনে হয় এবং এই খরচটা পুরোপুরি রাজ্য সরকার সংগ্রহ করবেন, না কেন্দ্রীয় সরকারেরও অংশ থাকবে ?

শ্রীকিরণময় নন্দঃ এর আগে বিধানসভার প্রশ্নোত্তর কালে বলেছিলাম এ বিষয়ে। এ সম্বন্ধে একটি ফাইলও আছে। শঙ্করপুর হারবার নির্মাণের জন্য অর্ধেক টাকা দেবেন কেন্দ্রীয় সরকার এবং অর্ধেক দেবেন রাজ্য সরকার। এই টাকার পরিমাণ ১,৩৬,০০,০০০ টাকা। এর উপর আনুসঙ্গিক রাস্তাঘাট ইত্যাদির জন্য সমস্ত খরচ রাজ্য সরকারকে বহন করতে হবে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: মৎস্য বন্দরগুলো করছেন—এটা অভিনন্দনযোগ্য। ফরাক্কাতে অফুরন্ত ইলিশ পাওয়া যাচ্ছে, কিন্তু সবটাই বেসরকারী উদ্যোগে চলছে। এখানে কোন প্রকল্প গ্রহণ করবেন কিনা অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রীকিরণময় নন্দঃ এই সংক্রান্ত ব্যাপারে একটি ফিসারী বিল তৈরী করা হচ্ছে। সেই বিলে সমস্তটাই বিবেচনা করে তৈরী করা হবে। বিধানসভায় সেই বিল পাশ হলে এসব বিবেচনা করা হবে।

শ্রীপ্রভঞ্জনকুমার মণ্ডলঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—১৯৭২ থেকে ১৯৭৭ এই সময়ের মধ্যে যেসব মেকানাইজড্ বোট পারচেজ করা হয়েছিল, সাবসিডি দিয়ে কেনা হয়েছিল সেগুলোর অবস্থা বর্তমানে কি ?

শ্রীকিরণময় নন্দঃ নোটিশ চাই।

শ্রীজয়নাল আবেদিনঃ মাননীয় মৎস্যমন্ত্রী জানাবেন কি যে, এই রায়চক পরিকল্পনা কখন নেওয়া হয়েছিল, কবে শুরু হয়েছে এবং এর জন্য কত টাকা আউট-লে হয়েছে এবং কেন্দ্রীয় সরকার কত দিয়েছেন ?

শ্রীকিরণময় নন্দঃ নোটিশ দেবেন, বলে দেবো।

খাদ্যশস্য সংগ্রহের পরিমাণ

*৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৭।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৬-৭৭ সালে ও ১৯৮১-৮২ সালে সরকার মোট কত খাদ্যশস্য সংগ্রহ করেছেন ?

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ (ক) ১৯৭৬-৭৭ ও ১৯৮১-৮২ খরিফ বর্ষে চালের হিসাবে সংগ্রহের পরিমাণ ছিল যথাক্রমে ১ লক্ষ ৭০ হাজার ৮১৪ টন এবং ৪৫ হাজার ২৯২ টন।

[1.10—1.20 P.M.]

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮১-৮২ সালে কত টার্গেট ছিল ?

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ এখানে টার্গেট সেইভাবে ধরা হয় নি। সাধারণতঃ ১৯৮১-৮২ সালে ৪ / ৫ লক্ষ টন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ধরা হয়। কিন্তু প্রকিওরমেণ্ট প্রাইসের যে লেভেলের হার তাতে একটা প্রচণ্ড অসুবিধা হয়। আমাদের রাইস মিলগুলির যে লেভি থাকে সেই লেভির বিরুদ্ধে হাইকোর্টে কেস করে এবং এর ফলে যে টার্গেট থাকে সেই টার্গেটে পৌঁছতে অসুবিধা হয়।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮১-৮২ সাল এই সংগ্রহ যেটা আপনারা করেছিলেন সেটা কার মাধ্যমে, অর্থাৎ কোন্ সংস্থার মাধ্যমে করেছিলেন ? এবং তার কত টাকা রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন ?

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ আমরা যা কিছু সংগ্রহ করি তা এফ. সি. আইয়ের মারফত করি। এফ. সি. আই. কেন্দ্রীয় সরকারের একটি সংগঠন সেটা আপনারা সকলেই জানেন। ১৯৮১-৮২ সালে যেটা আমাদের সংগ্রহ হয়েছিল সেটা হচ্ছে ৪৫ হাজার ২৯২ মেট্রিক টন। এটা আমাদের চালকলগুলির মাধ্যমে সংগৃহীত হয়েছিল। আমাদের যে লেভি ধার্য করা হয়েছিল সেটা হচ্ছে ৬০ পার্সেণ্ট, কেন্দ্রীয় সরকার সেটা কমিয়ে ৪০ পার্সেণ্ট নিয়ে আসে। ৩০. ৩. ৮২ তারিখে লেভি ছিল ৬০ পার্সেণ্ট এবং ৮.১১.৮২ তারিখে কেন্দ্রীয় সরকার সেই লেভি কমিয়ে ৩০ পার্সেণ্টে নিয়ে আসেন। প্রকিওরমেণ্ট প্রাইসে কমন প্যাডির মূল্য ধার্য করা হয়েছিল কুইণ্টাল প্রতি ২১৫ টাকা। তাতে আমাদের ৪৫ হাজার ২৯২ মেট্রিক টন সংগৃহীত হয়েছে। স্বভাবতঃই সেই টাকা এফ. সি. আইয়ের পক্ষ থেকে খরচ করা হচ্ছে। ওই টাকা আমরা ওদের দিয়ে দেব যেভাবে প্রচলিত আছে। আপনি নোটিশ দেবেন তাহলে বলে দেব কোন্ কোন্ বছরে কত খরচ হয়েছে।

ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রার সেকশনে ইন্সপেক্টর

*৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৭।) **শ্রীসরল দেবঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রার সেকশনে কতজন ইন্সপেক্টর আছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ বর্তমানে ৭ (সাত) জন ইন্সপেক্টর ট্রেড ইউনিয়ন সেকশনে কাজ করছেন।

তুলসীদাস জয়সোয়াল হাসপাতালে অ্যাম্বুলেন্স সংখ্যা

*৬৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪০।) **শ্রীঅশোক ঘোষঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) হাওড়া তুলসীদাস জয়সোয়াল হাসপাতালে কয়টি অ্যাম্বুলেন্স চালু অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত হাসপাতালে লিফট বসানোর কোন পরিকল্পনা আছে কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) মঞ্জুরীকৃত অ্যাম্বুলেন্সের সংখ্যা একটি, কিন্তু সেটি চালু অবস্থায় নেই। (খ) আছে।

শ্রীঅশোক ঘোষঃ এই যে এ্যাম্বুলেন্স ভগ্ন অবস্থায় পড়ে আছে এর জন্য আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ এ্যাম্বুলেন্স যেটা আছে তার বডি অচল হয়েছিল। তার বডি মেরামত হয়ে গেছে। তার ওপর ইঞ্জিন ওভার অল রিপেয়ার করতে হবে। সেই কাজেও হাত দিয়েছি এবং এর জন্য টাকা মঞ্জুর হয়ে গেছে। এছাড়া অ্যাম্বুলেন্সের হাল খানিকটা ভালো করার চেষ্টা করছি, সেটা আমি বাজেট বক্তৃতার সময়েই বলেছি। এই মেরামতির কাজ যাতে ত্বরান্বিত করা যায় তার জন্য চেষ্টা করছি।

শ্রীঅশোক ঘোষ: যার নামে হাসপাতালটি তুলসীদাস জয়সওয়াল তার পরিবার থেকে লিফটের জন্য কিছু টাকা ডোনেট করতে চেয়েছেন, এটা আশা করি

সরকারের অবগতিতে আছে এবং এই তিনতলা বাড়িটিতে কবে লিফট্ বসবে বলে আশা করা যায় ?

[1.20—1.30 P. M.]

ডাঃঅম্বরীশ মুখোপাধ্যায়ঃ সমস্ত প্রস্তাবটি আমরা বিবেচনা করছি। অনুমোদিত হলে কাজ ত্বরান্বিত করা হবে।

*৬৩২। **স্থগিত।**

হাইকোর্ট ট্রাম টার্মিনাসে বিধানসভা সদস্যদের জন্য আবাসিক ভবন

*৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮২।) **শ্রীসুধাংশুশেখর মাঝি:** পরিষদীয় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিধানসভা সদস্যদের জন্য বিধানসভা ভবনের সামনে আর একটি আবাসন নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীপতিতপাবন পাঠকঃ (ক) বিধানসভা ভবনের সামনে হাইকোর্ট ট্রাম টার্মিনাসের ভিতরে একটি বহুতল ভবন নির্মাণের প্রস্তাব সরকারের নিকট দেওয়া হইয়াছে। প্রায় এককোটি টাকা ব্যয়ে উক্ত ভবনটির উপস্থিত চারটি তলা নির্মাণের প্রস্তাব করা হইয়াছে। যাহার প্রথম ও দ্বিতীয় তলায় বিধানসভার গ্রুপ-ডি কর্মচারীদের চব্বিশটি কোয়ার্টার থাকিবে ও তৃতীয় ও চতুর্থ তলায় বিধানসভার সদস্যদের থাকিবার জন্য ত্রিশটি ঘর থাকিবে। প্রস্তাবটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবটি এখনও বিবেচনাধীন থাকায় এ সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ বিধানসভার হস্টেলের সংলগ্ন যে নূতন গৃহ নির্মাণ হচ্ছে সেখানে সদস্যদের থাকবার ব্যবস্থা হবে কি না।

শ্রীপতিতপাবন পাঠকঃ নোটিশ চাই।

শ্রীকাশীনাথ মিশ্র: ট্রাম টার্মিনাসের কাছে ভবনটি কার তত্ত্বাবধানে তৈরী হবে ?

শ্রীপতিতপাবন পাঠক: সরকারী ভবন যে বিভাগের তত্ত্বাবধানে হয় সেই-ভাবেই হবে।

ম্যাসাঞ্জোর জলাধারে মৎস্যচাষ

*৬৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৫।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন:** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে সাঁওতাল পরগনায় ম্যাসাঞ্জোর জলাধারে মৎস্যচাষ বাবদ কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(খ) উক্ত জলাধারে ঐ সময়ে কি পরিমাণ মাছ পাওয়া গিয়াছে এবং এই মাছ কোথায় সরবরাহ করা করা হইয়াছে ?

শ্রীকিরণময় নন্দ: (ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে ম্যাসাঞ্জোর জলাধারে মৎস্য চাষ বাবদ কোন টাকা ব্যয় করা হয় নি।

(খ) উক্ত জলাধারে ঐ আর্থিক বৎসরের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৫,৫৩৪ কিলো-গ্রাম মাছ পাওয়া গিয়াছে এবং ঐ মাছ কেবলমাত্র সিউড়িতেই সরবরাহ করা হইয়াছে।

শ্রীধীরেন্দ্রনাথ সেন: ঐ জলাধারের মাছ স্থানীয় বাসিন্দারা জোর করে ধরছে এটা কি জানেন ?

শ্রীকিরণময় নন্দ: এটা বিহার সরকারের মধ্যে বলে আমাদের পুলিশ কিছু করতে পারছে না।

শ্রীধীরেন্দ্রনাথ সেন: এটা কি বন্ধ করা হবে ?

শ্রীকিরণময় নন্দ: ১৯৭৯-৮০ সালে এখানে ২ লক্ষ টাকার মাছ ছাড়া হয়। স্টেট ফিসারিজ ডেভেলপমেন্টের উপর এর দায়িত্ব ন্যস্ত আছে। কিন্তু এর মাছ

পশ্চিমবাংলা পায় না এবং হাজার হাজার টাকা লোকসান কর্পোরেশন দিয়েছে বলে আমরা সেখানে কাজ বন্ধ করে দিয়েছি।

শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ কেউ যদি লিজ নেয় দেওয়া হবে কি ?

শ্রীকিরণময় নন্দ ঃ এই রকম প্রস্তাব এলে বিবেচনা করা যাবে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ এ ব্যাপারে বিহার সরকারের সঙ্গে কোন কথাবার্তা বলা হয়েছে কি ?

শ্রীকিরণময় নন্দ ঃ বিহার সরকারের প্রশাসনের সঙ্গে কথাবার্তা হয়ে একটা চুক্তি হয়েছে, কিন্তু কোন বারই তা কার্যকরী হয় নি।

বিড়ি অ্যাণ্ড সিগার ওয়ার্কার্স অ্যাক্ট

*৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য, বিড়ি শ্রমিকদের স্বার্থে কেন্দ্রীয় সরকার ১৯৬৬ সালে বিড়ি অ্যাণ্ড সিগার ওয়ার্কার্স অ্যাক্ট ঘোষণা করেছিলেন ; এবং

(খ) উক্ত অ্যাক্ট পশ্চিম বাংলায় চালু আছে কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) ইহা সত্য যে, বিড়ি শ্রমিকদের স্বার্থে কেন্দ্রীয় সরকার ১৯৬৬ সালে বিড়ি এ্যাণ্ড সিগার ওয়ার্কার্স এ্যাক্ট ঘোষণা করেছিলেন।

(খ) হ্যাঁ, উক্ত এ্যাক্ট পশ্চিমবাংলায় চালু আছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ বিড়ি শ্রমিকদের যে আইন আছে তাতে কি কি সুযোগ-সুবিধা শ্রমিকদের জন্য আছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ সম্পূর্ণ এ্যাক্ট এখানে ব্যাখ্যা করা যায় না। তবে কিছু কিছু বলতে পারি—যেমন আইডেনটিফিকেশনের ব্যাপার আছে, লাইসেন্স প্রদানের ব্যাপার আছে, পরিদর্শনের ব্যাপার আছে, কেস করে দেবার ব্যাপার আছে। এবং জরিমানা করার সুযোগ আছে। এই রকম ধরনের শ্রমিকদের স্বার্থে ব্যবস্থা আছে।

শ্রীকাশীনাথ মিশ্র : ন্যূনতম মজুরীর কথা এই এ্যাক্টের মধ্যে আছে কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : না।

হোমিওপ্যাথ কলেজ ও স্কুল

*৬৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৬।) **শ্রীসেখ ইমাজুদ্দিন :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, পশ্চিমবঙ্গে বি. এম. এস্. ও. ডি. এম. এস্. পড়াবার জন্য মোট কতগুলি হোমিওপ্যাথিক কলেজ ও স্কুল আছে ?

ডাঃ অম্বরীশ মুখার্জী : পশ্চিমবঙ্গে বি. এম. এস্. পড়াবার জন্য চারটি এবং ডি. এম. এস্. পড়াবার জন্য সাতটি অনুমোদিত হোমিওপ্যাথিক কলেজ আছে।

শ্রীকাশীনাথ মিশ্র : বি. এম. এস্. এবং ডি. এম. এস্. হোমিওপ্যাথি কলেজ যেগুলো অধিগ্রহণ করেন নি সেগুলি কবে অধিগ্রহণ করবেন ?

ডাঃ অম্বরীশ মুখার্জী : এখন এ সম্বন্ধে সঠিক বলা যাবে না—কারণ এর কস্ট বেনিফিট, কস্ট এফেক্ট দেখতে হবে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : কুচবিহার এবং মুর্শিদাবাদের বেলডাঙ্গায় দুটি হোমিও-প্যাথি কলেজ স্থাপনের প্রস্তাব গৃহীত হয়েছিল—কিন্তু সংবাদপত্রে দেখলাম কুচবিহারে হচ্ছে না। এ সম্বন্ধে বাস্তব ঘটনা কি জানতে চাই এবং মুর্শিদাবাদে হোমিওপ্যাথি কলেজ সম্বন্ধেও আপনার কি বক্তব্য আছে ?

ডাঃ অম্বরীশ মুখার্জী : প্রস্তাবগুলি আমরা আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে খতিয়ে দেখছি। এখানে কি নিড আছে, টাকা-পয়সা কত লাগবে ইত্যাদি। সেই জন্যই বলেছি কস্ট বেনিফিট দেখে প্রোগ্রাম নেওয়া হবে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মুর্শিদাবাদ এবং কুচবিহার সম্পর্কে আপনার বক্তব্য কি ?

ডাঃ অম্বরীশ মুখার্জী : এই প্রস্তাবগুলি সম্বন্ধে বিবেচনা করা হচ্ছে।

৬৩৭। **স্থগিত।**

জলপাইগুড়ি জেলায় ফিশারী অফিসার নিয়োগের ব্যবস্থা

*৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৭।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় "জেলা ফিশারী" অফিসার নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে,—

(১) কতদিন নিয়োগ করা হইবে, ও

(২) এই বিভাগের অফিস কোথায় স্থাপিত হইবে ?

শ্রীকিরণময় নন্দঃ (ক) ও (খ) জলপাইগুড়ি জেলার মৎস্য বিভাগের কাজ পরিচালনার জন্য একটি নূতন জেলা ফিশারী অফিসারের পদ সৃষ্টি ও উহার অফিস স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। প্রস্তাবটি অনুমোদিত হইলে উহার অফিস জেলা সদরে স্থাপন এবং উক্ত পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

কৃষ্ণনগর ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেণ্টারে প্রশিক্ষণের বিষয়

*৬৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৭।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগরে অবস্থিত "ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউট" (আই. টি. আই.)-টিতে বর্তমানে কি কি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয় ;

(খ) উক্ত ইনষ্টিটিউটটি কৃষ্ণনগর থেকে অন্যত্র সরানোর কথা সরকার চিন্তা করছেন কিনা ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "না" হলে, উক্ত প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ (ক) স্ব-ভবনে অবস্থিত নয় বলে এটি আই. টি. আই. নয় আই. টি. সি. (ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেণ্টার) হিসাবে গণ্য হয়। এই কেন্দ্রে অনুমোদিত মোট সাতটি শিক্ষণ বিষয়ের মধ্যে বর্তমানে কার্পেণ্টার, ড্রাফটসম্যান (সিভিল), ফিটার, মোটর মেকানিক এবং অয়্যারম্যান—এই পাঁচটি বিষয়ে প্রশিক্ষণ চলছে। ব্ল্যাকস্মিথ ও সীটমেটাল এই দুইটি বিষয়ে শিক্ষক না থাকায় ছাত্র ভর্তি করা হয় নি।

(খ) ও (গ) কেন্দ্রটি বিপ্রদাস পালচৌধুরী জুনিয়ার টেকনিক্যাল স্কুলের অভ্যন্তরে অবস্থিত। জায়গা ও বাড়ি মালিকানা উক্ত স্কুলের। ঐ কারণে জায়গায় কেন্দ্রটির উপযুক্ত সম্প্রসারণে আইনগত ও অন্যান্য নানাবিধ বাধাবিঘ্ন রয়েছে। কৃষ্ণনগর থেকে কেন্দ্রটি সরিয়ে নেওয়ার কোন প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নেই। তবে বর্তমান জায়গায় রাখা বা অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার সম্ভাব্যতাসহ এই কেন্দ্রের উন্নতিসহ সমগ্র বিষয়টি পর্যালোচনাধীন রয়েছে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, শিক্ষকের অভাবে কিছু ক্ষেত্রে পড়াশুনা বন্ধ আছে, শিক্ষক অভাবের কারণ কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ শিক্ষক অভাবের কারণ হচ্ছে শিক্ষক পাওয়া যায় নি যাঁরা ছেড়ে দিয়ে চলে গেছেন, তাঁদের পরিবর্তে আবার যে কিছু শিক্ষক নেওয়া হবে এই সময়ের জন্য পাওয়া যাচ্ছে না।

ভগবানপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ

*৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৮।) **শ্রীপ্রশান্তকুমার প্রধানঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার অধীন ভগবানপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে ৫০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল হিসাবে উন্নীত করার বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স দেওয়ার কোন প্রস্তাব সরকারের কাছে আছে কিনা ; এবং

(গ) স্বাস্থ্যকেন্দ্রটি বৈদ্যুতীকরণ করার বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ?

ডাঃ অম্বরীশ মুখার্জীঃ (ক) একটি প্রস্তাব পরীক্ষা করে দেখা হচ্ছে।

(খ) আপাততঃ নেই।

(গ) না।

রায়চক মৎস্য বন্দর

*৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৫।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতিঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়চকে মৎস্য বন্দর হইতে আর্থিক লাভ হইতেছে কি ;

(খ) "ক"-এর উত্তর "হ্যাঁ" হইলে তাহার পরিমাণ কত ; এবং

(গ) রায়চকের মত অন্য কোথাও মৎস্য বন্দর করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রীকিরণময় নন্দ ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মেদিনীপুর জেলার দীঘার সন্নিকটবর্তী শংকরপুরে একটি এবং ২৪ পরগনা জেলার ফ্রেজারগঞ্জে একটি মৎস্য বন্দর করার পরিকল্পনা আছে। শংকরপুরে মৎস্য বন্দর প্রকল্পটির কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে।

পশ্চিম দিনাজপুর জেলার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নথিভুক্ত বেকারের সংখ্যা

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৫।) **শ্রীদীপেন্দ্র বর্মণ ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় তিনটি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের প্রতিটিতে নথিভুক্ত বেকারের মোট সংখ্যা কত ;

(খ) এই সংস্থার মাধ্যমে বর্তমানে মোট কতজন বেকারের কর্মসংস্থান হয়েছে ; এবং

(গ) সরকারী ও বেসরকারী কতগুলি নিয়োগকারী এই কর্মবিনিয়োগ কেন্দ্র ব্যবহার করে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) ২৮. ২. ৮৩ তারিখে পশ্চিম দিনাজপুরে অবস্থিত ৩টি কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ ছিল :

১) রায়গঞ্জ ৮২,৪৩৩

২) বালুরঘাট ৩২,৪১২

৩) ইসলামপুর ২৩,৭২৯

(খ) রায়গঞ্জ—৫৫৪ |
বালুরঘাট—৩৯৩ | ১. ১. ৮১ থেকে
ইসলামপুর— ৫৪ | ৩১. ১২. ৮২ পর্যন্ত

মোট—১০০১
(প্রভিশনাল)

(গ) রায়গঞ্জ—১৫৯	
বালুরঘাট—১৩৫	১. ১. ৮১ থেকে
ইসলামপুর— ৭৬	৩১. ১২. ৮২ পর্যন্ত
মোট—৩৭০	

(প্রভিশনাল)

বি এম এস ছাত্রদের জন্য ইনটারনশিপের ব্যবস্থা

*৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮০।) **শ্রীশান্তিমোহন রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি এম এস কোর্স (ডিগ্রি কোর্স ইন হোমিওপ্যাথি) পাস করার পর ছাত্ররা কোথায় ইনটারনশিপ করবে সে সম্পর্কে কোন ব্যবস্থা গৃহীত হয়েছে কি ;

(খ) ইনটারনশিপ করার সময় বি এম এস পাস ছাত্রদের কি হারে স্টাইপেন্ড দেওয়া হবে ;

(গ) ইনটারনশিপ শেষ হওয়ার পর হাউস স্টাফশিপ ও চাকরির ব্যাপারে সরকার কোন পরিকল্পনা নিয়েছেন কি ; এবং

(ঘ) স্নাতকোত্তর স্তরে হোমিওপ্যাথি শিক্ষাক্রম চালু করার কোন সরকারি পরিকল্পনা আছে কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক), (খ) ও (গ) বিষয়টা বিবেচনাধীন (ঘ) আপাততঃ নেই।

উত্তরবঙ্গে এডিশনাল লেবার কমিশনার বিহীন জেলা

*৬৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের কোন্ কোন্ জেলায় স্থায়ী এডিশনাল লেবার কমিশনার নেই ;

(খ) উক্ত জেলা সদরে এ. এল. সি. দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে কতদিনের মধ্যে দেওয়া সম্ভব হইবে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : (ক) উত্তরবঙ্গের কোনও জেলায় এডিশনাল লেবার কমিশনার পদ মঞ্জুরীকৃত নয়।

(খ) উত্তরবঙ্গের জেলাগুলির জেলা সদর ও কোন কোন মহকুমায় এ. এল. সি.'র পদ মঞ্জুরীকৃত আছে। বদলী ও অন্যান্য কারণে কোন কোন স্থানে এ. এল. সি.'র পদ বর্তমানে শূন্য আছে। ঐ শূন্য পদগুলি পূরণের জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হচ্ছে।

(গ) শূন্যপদগুলি যতশীঘ্র সম্ভব পূরণ করা হবে।

[1.30—1.40 P. M.]

শ্রীসরল দেব : উত্তরবঙ্গের মানুষের জন্য Labour Commissioner-এর under-এ D. L. C.-পর্যায়ে একটি স্বয়ংসম্পূর্ণ office যদি স্থাপন করা না হয় তাহলে তাদের কলকাতায় আসতে হয়। কাজেই উত্তরবঙ্গের শিলিগুড়িতে D. L. C. পর্যায়ে অথবা Additional Labour Commissioner Rank-এর officer নিয়োগ করে conciliation-এর ব্যবস্থা করবেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : এখনও এ সম্পর্কে কোন ভাবনা-চিন্তা সরকারের নেই।

শ্রীসরল দেব : মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন, বামফ্রন্ট সরকার উত্তরবঙ্গের পিছিয়ে পড়া মানুষের জন্য অনেকগুলো সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমার প্রশ্ন হচ্ছে সেখানকার শ্রমিকদের জন্য এরকম সিদ্ধান্ত গ্রহণ করার কথা ভাবছেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : পরবর্তীকালে চিন্তা করা যেতে পারে।

মেদিনীপুর জেলায় স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

*৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৭।) **শ্রীবিভূতিভূষণ দে ও শ্রীলক্ষ্মণ শেঠ :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মোট কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(খ) উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কতগুলি রোগীদের বহন করিবার জ
গাড়ি আছে ; এবং

(গ) তন্মধ্যে কয়টি গাড়ি অচলাবস্থায় আছে ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) ৫২টি।

(খ) ৩২টি।

(গ) ৮ টি।

শ্রীবিভূতিভূষণ দেঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুরে নূতন কো Primary health Centre গঠন করবার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ আপাততঃ নেই। তবে আমরা সব ব্যাপারট নিয়ে নূতন করে ভাবনা-চিন্তা করছি।

শ্রীবিভূতিভূষণ দেঃ কতগুলি Primary health Centre-এ গাড়ী নে এবং যেখানে আছে সেখানে কতগুলি সচল অবস্থায় রয়েছে, কতগুলি গাড়ীর চাক নেই এবং তার ফলে driver-দের বসিয়ে বসিয়ে মাইনে দিতে হচ্ছে ? আমার প্র হচ্ছে অচল গাড়ীগুলির মেরামত এবং যেখানে গাড়ী নেই সেখানে গাড়ী দেবার কোন পরিকল্পনা আছে কিনা ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ মেদিনীপুর জেলায় যে ৫২টি Primary healtl Centre আছে তাতে ৩২টি গাড়ী আছে এবং ৮টি অচল। এগুলি চালু করবা চেষ্টা করা হচ্ছে। তবে বাকীগুলো কিভাবে মেরামত করতে পারব তার উপর সব কিছু নির্ভর করছে।

শ্রীবঙ্কিমবিহারী মাইতিঃ আপনি যে গাড়ীর কথা বললেন সেগুলি জেল হাসপাতালে এবং মহকুমা হাসপাতালে আছে। এই ব্যাপারে আপনি প্রাইমারি হাসপাতালের কথা চিন্তা করছেন কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ চিন্তা-ভাবনা করছি। তবে ৮টি অচল অবস্থা রয়েছে।

ইণ্ডিয়া বেল্টিং কারখানার অবসরপ্রাপ্ত কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ড

*৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪১।) **শ্রীঅরুণকুমার গোস্বামী:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ইহা কি সত্য যে, হুগলি জেলার শ্রীরামপুর শহরে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত ইণ্ডিয়া বেল্টিং কারখানাটি কয়েক বৎসর পূর্বে বন্ধ থাকার সময় প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ঠিকমত জমা না দেওয়ার জন্য অবসরপ্রাপ্ত কর্মচারিগণ কোন টাকা পাচ্ছে না;

(২) গত এক বৎসর যাবৎ ঐ কারখানার কর্তৃপক্ষ কর্মচারিদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দিচ্ছে না; এবং

(খ) (১) ও (২) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে উক্ত বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: (ক) (১) না। কেবলমাত্র একটি দাবী আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষের দপ্তরে ত্রুটিযুক্ত তথ্যের জন্য বিবেচনাধীন আছে।

(২) হ্যাঁ। ঐ কারখানার কর্তৃপক্ষ মার্চ ১৯৮২ পর্যন্ত শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড বাবদ ছিয়াশি হাজার নয়শত ছত্রিশ টাকা জমা দেন নি।

(খ) এ ব্যাপারে আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষের নিকট হইতে যে রিপোর্ট পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় সেপ্টেম্বর ১৯৮২ পর্যন্ত অনাদায়ী টাকার জন্য আঞ্চলিক ভবিষ্যনিধি মহাধ্যক্ষের অফিস হইতে সার্টিফিকেট কেস রুজু করা হইয়াছে।

অক্টোবর ১৯৮২ হইতে নভেম্বর ১৯৮২ পর্যন্ত অনাদায়ী টাকার জন্য কর্মচারী ভবিষ্যনিধি আইনের ৭ এ ধারা অনুযায়ী দাবী বিজ্ঞপ্তি জারি করা হইয়াছে। এই দাবী বিজ্ঞপ্তির সময়সীমা অতিক্রান্ত হইলে খসড়া অধিযাচনপত্র দায়ের করা হইবে।

ডিসেম্বর ১৯৮২ হইতে জানুয়ারী ১৯৮৩ পর্যন্ত অনাদায়ী টাকার জন্য কর্মচারী ভবিষ্যনিধি আইনের ধারা অনুযায়ী ৭-এ বিজ্ঞপ্তি জারি করা হইয়াছে এবং গত ৩০. ৩. ৮৩ তারিখে শুনানির দিন ধার্য করা হইয়াছিল। ৭-এ ধারা অনুযায়ী এ বিষয়ে যথাবিধি ব্যবস্থা নেওয়া হইতেছে।

শ্রীঅরুণকুমার গোস্বামী: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে, এই সংস্থা পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক পরিচালিত, এখানকার প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা

জমা দেওয়া হচ্ছে না, সার্টিফিকেট করা হয়েছে, এই টাকা জমা দেবার জন্য দপ্তরকে বলেছেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: এটা পশ্চিমবঙ্গ সরকারের মালিকানাধীন কারখানা, এই রকম খবর নেই। আমার যতদূর জানা আছে, এটা ব্যক্তিগত মালিকানাধীন।

শ্রীঅরুণকুমার গোস্বামী: আপনি বলছেন এটা ব্যক্তিগত মালিকানাধীন কারখানা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: নোটিশ দেবেন জানিয়ে দেব। বর্তমানে আমার কাছে খবর নেই।

শ্রীঅরুণকুমার গোস্বামী: আপনি বললেন এটা ব্যক্তিগত মালিকানাধীন, তাহলে এটা কি সত্য, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, কেন সেই কারখানার শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা পড়ছে না ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: টাকা জমা না দিলে আইনগত ব্যবস্থা যা নেবার নিয়ম আছে, সেই রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে, সার্টিফিকেট জারি করা হচ্ছে, কেসের ব্যবস্থা করা হচ্ছে। কেন্দ্রীয় প্রভিডেণ্ট ফাণ্ড আইনে যা যা আছে, সেই রকম মোতাবেক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রীঅমলেন্দ্র রায়: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি যেভাবে উত্তর দিলেন তাতে মনে হলো প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা বাকী থাকলে তার সমস্ত দায়-দায়িত্ব যেন রাজ্য সরকারের। এই ব্যাপারে রাজ্য সরকারের করণীয় কিছু আছে কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: রাজ্য সরকারের এই ব্যাপারে করণীয় কিছু নেই। প্রধান কাজ হচ্ছে প্রভিডেণ্ট ফাণ্ড অফিসের প্রধানের।

শ্রীঅমলেন্দ্র রায়: টাকা বাকী থাকলে টাকা আদাদের দায়িত্ব কি রাজ্য সরকারের, না কেন্দ্র পরিচালিত প্রভিডেণ্ট ফাণ্ড কমিশন দপ্তরের ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ কেন্দ্রীয় সরকার পরিচালিত প্রভিডেন্ট ফাণ্ড কমিশনের দপ্তরের।

Strikes and Lock-outs

*647. (Admitted question No. *2192.) **Shri Sumanta Hira :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the peicentage of strikes and lock-outs terminated through conciliation during the calendar years 1976 and 1982 ?

Shri Prabir Sen Gupta : In the year 1976—Strike 45.6 and Lock-out 63.5. In the year 1982—44.0 and Lock-out 57.8. (Figures for 1982 are prvisional).

শ্রীসুমন্তকুমার হীরা ঃ মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৭৬ সালের যে ফিগার দিলেন, ৪৫, ৬৩ এবং ৮২ সালে ৪৪ এবং ৫৮। আমরা যেটা দেখছি। তাতে তাদের সংখ্যাটা সেখানে কম হয়েছে। তার কারণ কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ ১৯৮২ সালে ষ্ট্রাইকের সংখ্যা কম এবং বেশীর ভাগ আলাপ-আলোচনার মাধ্যমে তার সমাধান হয়েছে।

[1.40—1.50 P. M.]

শ্রীসুমন্তকুমার হীরা ঃ তাহলে কি এই কথা বলা যায় যে, ১৯৮২ সালে লেবার ষ্ট্রাইক, লেবার আনরেষ্ট কম ছিল ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ হ্যাঁ, এই কথা বলা যায়।

৬৪৮। স্থগিত।

৬৪৯। স্থগিত।

শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র রূপান্তরকরণ

*৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৬।) **শ্রীসুন্দর হাজরা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় : (ক) বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্যামনগর খ্রীস্টান হাসপাতাল অধিগ্রহণ

*৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭২।) **শ্রীনীহারকুমার বসু :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জগদ্দল বিধানসভা কেন্দ্রের অধীন শ্যামনগর খ্রীস্টান হাসপাতালটি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে কি ;

(খ) হইয়া থাকিলে, ইহা অধিগৃহীত হইতেছে না কেন ; এবং

(গ) ১৯৮২ সালের ৩০শে ডিসেম্বর পর্যন্ত এই হাসপাতালকে মোট কত টাকা অনুদান দেওয়া হইয়াছে ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৯,৫৮,৮০৩ টাকা।

শ্রীঅনিল মুখার্জী : আপনি বললেন অধিগ্রহণ করার কোন প্রশ্ন ওঠে না। কিন্তু ঐ হাসপাতালে রোগীদের চিকিৎসার অব্যবস্থা এবং অর্থনৈতিক অব্যবস্থা চলছে, এ সম্পর্কে আপনি কি অবগত আছেন ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় : এই ধরনের কিছু কিছু অভিযোগ আমরা পাচ্ছি। কিন্তু অধিগ্রহণ করার সমস্যাটা মাননীয় সদস্য জানেন এবং আমরা যেগুলি অধিগ্রহণ করেছি সেখানে এখনো সামাল দেওয়া সম্ভব হয় নি। অনেক প্রবলেম আছে। গভর্নমেণ্টের লক্ষ্য আছে এই ব্যাপারে। আণ্ডার গভর্নমেণ্ট কনসিডারেশনে আছে।

শ্রীঅনিল মুখার্জী : এটা মিশনারি পরিচালিত বলে অধিগ্রহণ করতে অসুবিধা হচ্ছে ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ ব্যাপারটা হচ্ছে এইসব কমপ্লিকেশনের মধ্যে আমরা ড্র্যাগ হতে চাচ্ছি না। আমি শুধু এইটুকু বলতে চাই যে, হসপিটালটির যে অব্যবস্থা আছে আমরা সেটা লক্ষ্য রাখছি।

বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ

*৬৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৩।) **শ্রীসতীশ বিশ্বাসঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার "বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র"কে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কতদিনে উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায়?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) একটি প্রস্তাব পরীক্ষা করে দেখা হচ্ছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

ভগবন্তপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার

*৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৬।) **শ্রীউমাপতি চক্রবর্তীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলার অন্তর্গত ভগবন্তপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের বাড়িগুলি ভগ্নাবস্থায় আছে;

(খ) সত্য হইলে, উহা সংস্কারের জন্য কি ব্যবস্থা নেওয়া হইয়াছে; এবং

(গ) কতদিনের মধ্যে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) সত্য।

(খ) এ বিষয়ে মেদিনীপুরে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে প্রাক্কলন দাখিল করতে বলা হয়েছে।

(গ) সঠিক বলা সম্ভব নয়।

স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট করপোরেশনের বোর্ড অব ডিরেক্টর্স

*৬৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার নিয়ন্ত্রিত স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট করপোরেশনের বোর্ড অব ডিরেক্টর্স বাতিল করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) ইহার কারণ কি, ও

(২) কবে উহা পুনর্গঠিত হইবে ?

শ্রীকিরণময় নন্দ: (ক) না। বোর্ড অফ ডিরেক্টার্স বাতিল হয় নি। উক্ত Company-র Memorandum এবং Articles of Association অনুযায়ী বোর্ড অফ ডিরেক্টার্স বরাবরই কার্যকরী আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: উত্তরবঙ্গের একটি সংবাদপত্রে অভিযোগ উঠেছে সমুদ্রে মাছ ধরার ব্যাপারে স্টেট ফিসারিজ ডেভেলপমেন্ট করপোরেশন মাল্টি ন্যাশান্যাল করপোরেশনের সংগে চুক্তি করেছে এবং তাতে রাজ্য সরকারের স্বার্থ বিকিয়ে দেওয়া হয়েছে। উত্তরবঙ্গের সংবাদপত্রে বার বার এটা লেখা হয়েছে এর সংগে আমাদের বামফ্রন্ট সরকারের সুনামের প্রশ্ন জড়িত আছে, এটা আমাদের জানা দরকার। এই বিষয়ে আপনি অবগত আছেন কি ?

শ্রীকিরণময় নন্দ: আপনার যে প্রশ্ন আছে, আর অতিরিক্ত যে প্রশ্ন করলেন এর সাথে কোন মিল নেই। এই ব্যাপারে আপনি আলাদা প্রশ্ন করুন, উত্তর দেব

বন্ধ শিল্পের সংখ্যা

*৬৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে এ রাজ্যে কতগুলি শিল্প বন্ধ হয়েছে ; এবং

(খ) উক্ত শিল্প বন্ধের জন্য কত লোক বেকার হয়েছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: (ক)

সাল	বন্ধ সংস্থার সংখ্যা
১৯৮০	৫৯
১৯৮১	৪৬
১৯৮২	৩৬

(খ)

সাল	কর্মচ্যুত লোকের সংখ্যা
১৯৮০	৩,৯৫৭
১৯৮১	৭,৩৬৪
১৯৮২	৩,১৮৬
	মোট ১৪,৫০৭

শ্রীনব কুমার রায়: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে শিল্পগুলি বন্ধ হয়ে গিয়েছে সেগুলি খোলার জন্য কোন প্রচেষ্টা করছেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: হ্যাঁ, করছি। অনেক খুলেছে, আরো খুলবে।

এ্যালোপ্যাথিক ফার্মাসি কলেজ

*৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৮।) **শ্রীসেখ ইমাজুদ্দিন:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ্যালোপ্যাথিক ফার্মাসি পড়াবার জন্য মোট কতগুলি কলেজ আছে;

(খ) কলেজগুলির নাম কি এবং কোথায় অবস্থিত; এবং

(গ) ঐ শ্রেণীর নতুন কোন কলেজ খোলার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: (ক) ও (খ) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে এ্যালোপ্যাথিক ফার্মাসিতে ডিপ্লোমা কোর্স পড়াবার জন্য দুইটি প্রতিষ্ঠান আছে, যথা ইন্‌স্টিটিউট অফ ফার্মাসি, জলপাইগুড়ি ও ইন্‌স্টিটিউট অফ ফার্মাসি, কল্যাণী, নদীয়া।

এতদ্ব্যতীত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে উক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এ্যালোপ্যাথিক ফার্মাসিতে ডিগ্রী কোর্স পড়ানো হয়।

(গ) উক্ত বিষয়ে ডিপ্লোমা কোর্স পড়াবার জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে আর একটি এ্যালোপ্যাথিক ফার্মাসি শিক্ষা প্রতিষ্ঠান খোলার পরিকল্পনা আছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, পশ্চিমবাংলায় ফার্মাসিস্টদের ঘাটতি আছে। এক্ষেত্রে রাজ্য সরকার 'এ' ক্যাটাগরির ফার্মাসিস্টদের শুধুমাত্র স্বীকৃতি দিচ্ছেন এবং তার ফলে ঘাটতি থেকেই যাচ্ছে। আমার প্রশ্ন 'বি', 'সি', 'ডি' ইত্যাদি ক্যাটাগরিভুক্ত ফার্মাসিস্ট যাঁরা আছেন রাজ্য সরকার তাঁদের স্বীকৃতি দেবেন কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: যদিও এই অতিরিক্ত প্রশ্ন এই প্রশ্ন থেকে আসে না, তবুও বলছি ঘাটতি আছে এবং অন্য ক্যাটাগরির যে-সমস্ত রেজিস্ট্রেশান আছে

তার মধ্যে কিছু বিরোধের বিষয়বস্তু আছে এবং কিছু মামলা আছে। সমস্ত জিনিসটা খতিয়ে দেখা হচ্ছে।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে এই কোর্সটি পড়াবার পরিকল্পনা করা হয়েছে। এটা কবে নাগাদ চালু হবে মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: বাঁকুড়া মেডিক্যাল কলেজে আরো অক্সিলিয়ারি কোর্স পড়াবার ব্যবস্থা আমরা ক্রমাগতই করে চলেছি। অপথালমোলজি, টেকনিসিয়ান ট্রেনিং কোর্সটা সবে খুলেছে। কোথায় পড়ানো হবে, কি ভাবে হবে সমস্ত ব্যাপারটা দেখে যত তাড়াতাড়ি সম্ভব খুলে দিচ্ছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবন কি, এই ফার্মাসিস্ট কোর্সটা পড়াবার পরিকল্পনা কবে গ্রহণ করা হয়েছিল ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: আমি আগেই বলেছি ডার্থ অব পারসোনেলের ব্যাপারে। প্যারা মেডিক্যাল ইনক্লুডিং ফার্মাসিস্ট এগুলি তো কনস্টান্ট রিভিউ করছি। কম আছে এবং ট্রেনিং ফেসিলিটিস বাড়াচ্ছি এবং সেই কার্যক্রম অনুসারে বাঁকুড়াকে আপাততঃ নিয়েছি। বাঁকুড়া মেডিক্যাল কলেজে আমরা আদেশনামা দিয়ে দিয়েছি, কিন্তু তা দিলেই তো কাজ শুরু হল না, সেখানে অর্গানাইজেশান করার দরকার আছে।

[1.50—2.00 P.M.]

শ্রীকাশীনাথ মিশ্র: আমি জানতে চাইছি কেন হয় নি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়: পাবলিক সার্ভিস কমিশনকে আমরা জানিয়েছি, কিন্তু এখনো পর্যন্ত শিক্ষক নিয়োগ করতে পারিনি।

কৃষ্ণনগর, কল্যাণী ও রাণাঘাট কর্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকার-সংখ্যা

*৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩২।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়:** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

শ্রীনব কুমার রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে শিল্পগুলি বন্ধ হয়ে গিয়েছে সেগুলি খোলার জন্য কোন প্রচেষ্টা করছেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্তঃ হ্যাঁ, করছি। অনেক খুলেছে, আরো খুলবে।

এ্যালোপ্যাথিক ফার্মাসি কলেজ

*৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৮।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ্যালোপ্যাথিক ফার্মাসি পড়াবার জন্য মোট কতগুলি কলেজ আছে ;

(খ) কলেজগুলির নাম কি এবং কোথায় অবস্থিত ; এবং

(গ) ঐ শ্রেণীর নতুন কোন কলেজ খোলার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) ও (খ) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে এ্যালোপ্যাথিক ফার্মাসিতে ডিপ্লোমা কোর্স পড়াবার জন্য দুইটি প্রতিষ্ঠান আছে, যথা ইন্‌স্টিটিউট অফ ফার্মাসি, জলপাইগুড়ি ও ইন্‌স্টিটিউট অফ ফার্মাসি, কল্যাণী, নদীয়া।

এতদ্ব্যতীত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে উক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এ্যালোপ্যাথিক ফার্মাসিতে ডিগ্রী কোর্স পড়ানো হয়।

(গ) উক্ত বিষয়ে ডিপ্লোমা কোর্স পড়াবার জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে আর একটি এ্যালোপ্যাথিক ফার্মাসি শিক্ষা প্রতিষ্ঠান খোলার পরিকল্পনা আছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, পশ্চিমবাংলায় ফার্মাসিস্টদের ঘাটতি আছে। এক্ষেত্রে রাজ্য সরকার 'এ' ক্যাটাগরির ফার্মাসিস্টদের শুধুমাত্র স্বীকৃতি দিচ্ছেন এবং তার ফলে ঘাটতি থেকেই যাচ্ছে। আমার প্রশ্ন 'বি', 'সি', 'ডি' ইত্যাদি ক্যাটাগরিভুক্ত ফার্মাসিস্ট যাঁরা আছেন রাজ্য সরকার তাঁদের স্বীকৃতি দেবেন কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ যদিও এই অতিরিক্ত প্রশ্ন এই প্রশ্ন থেকে আসে না, তবুও বলছি ঘাটতি আছে এবং অন্য ক্যাটাগরির যে-সমস্ত রেজিস্ট্রেশান আছে

ডা: অম্বরীশ মুখোপাধ্যায় : (ক) না।

(খ) বিষয়টি পরীক্ষা করে দেখা হবে।

Persons affected by lay-offs and retrenchments in factories

*659. (Admitted question No. *2194.) **Shri Sumanta Hira :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state, in the calendar years 1976 and 1982 respectively, the number of persons affected by lay-offs and retrenchments in the factories ?

শ্রী প্রবীর সেনগুপ্ত :

No. of persons affected

Year	Lay-off	Retrenchment
1976	84,813	3,686
1982	5,617	1,260

Figures of 1982 are provisional.

শ্রীপ্রবীর সেনগুপ্ত : ১৯৭৬ সালের লে-অফ'-এর সংখ্যা হচ্ছে ৮৪,৮১৩ এবং রিট্রেঞ্চমেন্টের সংখ্যা হচ্ছে ৩,৬৮৬। ১৯৮২ সালের লে-অফ'-এর সংখ্যা হচ্ছে ৫,৬১৭ এবং রিট্রেঞ্চমেন্টের সংখ্যা ১,২৬০।

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৭৬ সালের পরিসংখ্যানের সংগে ১৯৮২ সালের পরিসংখ্যানের আকাশ-পাতাল ফারাক কেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : মাননীয় সদস্যের নিশ্চয়ই স্মরণ আছে যে, ১৯৭৬ সালে এখানে যে সরকার ছিল সেই সরকারের নীতির ফলে লে-অফ করার সুযোগ বেশী ছিল এবং এখন যে সরকার আছে এই সরকারের সময়ে লে-অফ করার ওপরে কিছু বিধিনিষেধ আছে। এই কারণেই পরিসংখ্যানের মধ্যে তফাত রয়েছে।

শ্রীঅরুণ কুমার গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ১৯৭৬ সালের পর '৭৭ থেকে '৮২ সাল পর্যন্ত এই সময়ে শ্রমিকরা দাবী-দাওয়া করতে পারেনি বলেই কি লে-অফ ও ছাঁটাই হয় নি ?

মিঃ ডেপুটি স্পীকার : এ প্রশ্ন ওঠে না।

জলপাইগুড়ি জেলায় নূতন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

*৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৫।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলায় কয়েকটি নূতন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত করা হইতেছে ;

(খ) সত্য হইলে, প্রস্তাবিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত ; এবং

(গ) কতদিনে ঐগুলি স্থাপন করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায় ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ (ক) ও (খ) জলপাইগুড়ি জেলায় বর্তমানে ১টি উপ-স্বাস্থ্য কেন্দ্র খোলার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(গ) যত শীঘ্র সম্ভব।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ আমরা শুনেছি জলপাইগুড়ি জেলায় ৬/৭টি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের ব্যাপারে বাধা হয়ে দাঁড়িয়েছে। আপনারা কোন নর্মস ঠিক করতে পারছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নর্মস ঠিক করার ব্যাপারে আপনারা কত দূর অগ্রসর হয়েছেন ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ আমরা স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের ব্যাপারে নীতির পরিবর্তনের কথা চিন্তা করছি। ঐ জেলাতে ১৩টি ব্লকে ১৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, আর ৩১টি উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে। এখন নীতির পরিবর্তনের প্রেক্ষাপটে দাঁড়িয়ে বলতে পারি আর একটি খোলা যাবে কি না—আমি যেটা আগে বললাম—বিবেচনা করছি। সেইজন্য ওখানে যদি বাড়াতে হয় নীতির পরিবর্তনের প্রশ্নে আমরা সেটা বিবেচনা করছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় প্রেক্ষাপটের ব্যাপারটি বললেন। আমি সেই প্রসঙ্গে বলছি, এখন পর্যন্ত যে নিয়ম আছে তাতে করে দেখতে পাচ্ছি একটা ব্লকে কতকগুলি স্বাস্থ্যকেন্দ্র হয়ে গেলে আর হয় না। কিন্তু এমন অনেক জায়গা আছে যেখানে যোগাযোগ বিচ্ছিন্ন, দূরে বসতি আছে, সেইসব এলাকার ক্ষেত্রে ঐ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা উপ-স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের ব্যাপারে বিশেষ করে বিবেচনা করবেন কিনা ? পূর্বতন বামফ্রন্ট সরকারের আমলে বিচ্ছিন্ন এলাকায়

যে-সকল স্বাস্থ্য কেন্দ্র অনুমোদন বা এ্যাপ্রুভড হয়ে গেছে সেগুলি যদি না হয় তাহলে মানুষের উপকার হবে না।

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ আপনাকে আমি বলেছি, এই নীতির পরিবর্তনের ব্যাপারে বিবেচনা করছি। এর মধ্যে যেখানে বিচ্ছিন্ন আছে, যেখানে ট্রাইব্যাল বা উপজাতিরা বাস করেন। সেইসব জায়গার ব্যাপারে বিবেচনা করছি। সে ব্যাপারে বিবেচনা হওয়ার পর ঐ জলপাইগুড়ি জেলায়, শুধু জলপাইগুড়ি জেলায় নয় সব জেলাতেই কিভাবে স্বাস্থ্য কেন্দ্র বাড়ানো যায় তা দেখবো। কারণ প্রত্যেক জায়গাতেই উপ-স্বাস্থ্য কেন্দ্র করতে পারলে খুবই ভাল হয়।

মৎস্য অফিসারবিহীন ব্লক

*৬৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৬।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি:** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি ব্লকে মৎস্য অফিসার নেই ; এবং

(খ) বর্তমান বছরে এই অফিসার নিয়োগ করা হইবে কি ?

শ্রীকিরণময় নন্দ: (ক) পশ্চিমবঙ্গের ৩০৬টি মৎস্য ব্লকের মধ্যে বর্তমানে ৫৫টি ব্লকে মৎস্য সম্প্রসারণ আধিকারিক নেই ;

(খ) বর্তমান বছরে এই পর্যায়ের অফিসার নিয়োগের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয় কর্তৃক অনুমোদিত।

শ্রীহাজারী বিশ্বাসঃ মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি ব্লকে যদি বাকী থাকে তাহলে কতদিনের মধ্যে নিয়োগ করবেন ?

শ্রীকিরণময় নন্দঃ সাগরদীঘি ব্লকের ব্যাপার কি করে বলবো ? আমার কাছে তালিকা নেই, পরে বলবো।

শ্রীবঙ্কিমবিহারী মাইতিঃ যতগুলি ব্লকে অফিসার নেই, আপনি স্থির করে বলতে পারেন এ বছরের মধ্যেই ঐ সমস্ত ব্লকে অফিসার দেবেন ?

শ্রীকিরণময় নন্দ : নিয়োগ করার ব্যাপারে সরকারের একটা পদ্ধতি আছে, সেই পদ্ধতির মধ্যে যতগুলো অফিসার নিয়োগ হবেন, ততগুলিই হবে। যদি সবগুলিই হয়, সবগুলিই হবে।

[2 00—2.10 P. M.]

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহণমন্ত্রী মহাশয় এখানে রয়েছেন, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় তাঁকে অবহিত করতে চাই। দূরপাল্লার বাসে যেখানে আমাদের কুপন সিসটেম আছে, ঐ কুপন সিসটেমের জন্য অনেক সময় অসুবিধা হয়। ঐ কুপনটার বদলে যদি আমাদের আইডেনটিটি-কার্ড দেখিয়ে যাওয়া চালু করা যায় তাহলে অনেক সুবিধা হয়। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ঐ কুপন ব্যাবস্থাটি বদল করার জন্য।

শ্রীরবীন মুখার্জী : মাননীয় সদস্য যে কথার উল্লেখ করলেন আমি সে সম্পর্কে অবহিত আছি। বাসে যাতে এম. এল. এ. এবং এম. পি-রা পশ্চিমবঙ্গে দূর-পাল্লার বাসে তাঁদের আইডেনটিটি কার্ড দেখিয়ে যেতে পারেন, কুপন ব্যবস্থা বাদ দিয়ে তার জন্য বিধিব্যবস্থা নেওয়া হচ্ছে।

Starred Questions

(to which written answers were laid on the table)

তালাজুড়ি সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্রে শয্যাব্যবস্থা

*৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৫।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার তালাজুড়ি সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের থাকার জন্য কোন শয্যার ব্যবস্থা আছি কি ; এবং

(খ) থাকিলে, উক্ত শয্যা-সংখ্যা কত ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় : (ক) হ্যাঁ, আছে।

(খ) চারিটি (৪)।

চা বাগান পরিচালন ব্যবস্থায় শ্রমিকদের অভিযোগ

*৬৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০২।) **শ্রীপুনাই উঁড়াও :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার হিংলা চা-বাগান পরিচালন ব্যবস্থায় শ্রমিকদের কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি ; এবং

(খ) পাইয়া থাকিলে উক্ত অভিযোগ প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হইয়াছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত: (ক) শ্রম দপ্তর এইরূপ কোন অভিযোগ পায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

Unstarred Questions

(to which written answers were laid on the table)

তিস্তা-মহানন্দা ক্যানেল প্রোজেক্ট

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭।) **শ্রীতারকবন্ধু রায়:** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিস্তা ক্যানেল প্রোজেক্ট ও মহানন্দা ক্যানেল প্রোজেক্ট-এর কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এই নামে কোনও প্রকল্প নেই। তবে তিস্তা ব্যারাজ প্রকল্পের ফার্স্ট ফেজ-এর অধীন স্টেজ আই-এর অন্তর্গত ফার্স্ট সাব-স্টেজ-এর কাজ চলিতেছে। উক্ত প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতির হিসাব নিচে দেওয়া হইল:

(১) তিস্তা ব্যারাজ—৯০ শতাংশ

(২) মহানন্দা ব্যারাজ—৯৫ শতাংশ

(৩) মহানন্দা একুাডাক্ট—৯৫ শতাংশ

(৪) তিস্তা-মহানন্দা প্রধান সেচ খাল (স্ট্রাকচার সহ)—৬০ শতাংশ

(৫) ডাউক ব্যারাজ—নির্মাণকাজ শুরু হইয়াছে।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে এবং সংশ্লিষ্ট জমি অধিগ্রহণ কাজের অগ্রগতি অব্যাহত থাকিলে, উপরোক্ত প্রকল্পটির কাজ ১৯৮৯-৯০ সাল নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়। অবশ্য মহানন্দা ও ডাউক ব্যারাজ হইতে ১৯৮৪-৮৫ সাল নাগাত কিছু কিছু সেচের জল দিবার পরিকল্পনা আছে।

Production of cow fodder in forest area

427. (Admitted question No. 280.) **Shri Anil Mukherjee:** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state—

(a) whether the state Government has adopted a project on emergency basis for production of cow fodder in the forest of West Bengal in view of severe drough situation prevailing in the State.

(b) if so, what are the forest areas where the projects have been taken up, and

(c) what is the approximate expenditure for the same ?

Minister-in-charge of Forest : (a) Yes.

(b) Forest areas in the districts of Bankura, Midnapore, Birbhum and Jalpaiguri.

(c) Rs. 1,95,500.

ঝালদা ব্লকে খরায় ত্রাণকার্য

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৪।) **শ্রীমতী ছায়া ঘোষঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার ঝালদা ১ নং ও ২ নং ব্লক খরার জন্য সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত দুই ব্লকে এ পর্যন্ত কি কি ত্রাণের ব্যবস্থা নেওয়া হইয়াছে ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বিস্তারিত তথ্য নিম্নের বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to Clause "Kha" of Question No. 428 (Admitted Question No. 424).

১৯৮২-৮৩ আর্থিক বৎসরে ঝালদা ১ নং ও ২ নং ব্লকে যে-সমস্ত ত্রাণের ব্যবস্থা গৃহীত হয়েছে এবং যে অর্থ ব্যয় হয়েছে তাহার বিবরণ

স্কীমের নাম	ব্যয়িত অর্থের পরিমাণ	কর্মদিবসের হিসাব
ঝালদা ১নং ব্লক	টাকা	
(১) রিলিফ ওয়ার্কস্ প্রোগ্রাম	৩,৪৫,০০০	১,৩৮,৯৭৫
(২) এমপ্লয়মেন্ট জেনারেশনস স্কীম	৭৬,০০০	১২,৬৬৬
(৩) এন. আর. ই. পি.	১,৩৮,৩১২	২৩,৭৮০
(৪) আর. ডবলু. স্কীম	২,০৬৭	৩৩৫

	ঝালদা ১নং ব্লক	টাকা	
(৫) কাঁচা কূয়া খনন	... ...	৩৫,৫৫৭	৫,৯২৫
(৬) ফিডিং সেণ্টার	... ...	২৫,৭৭২	—
(৭) পুকুর খনন/সংস্কার	... ...	১,৬?,২৩৮	২৭,৫৩৯
(৮) খয়রাতি সাহায্য	... ...	১,২০০	২৪০

স্কীমের নাম	ব্যয়িত অর্থের পরিমাণ	কর্মদিবসের হিসাব
ঝালদা ২ নং ব্লক		
(১) এন. আর. ই. পি.	১২,৩১,৯৬২	২,৩৭,১০৩
(২) রিলিফ ওয়ার্কস প্রোগ্রাম	৫,৯৬,০০০	১,১৯,৪০০
(৩) কর্মসংস্থান প্রকল্প	২,৯৯,৬৮৮	৩৯,৯৪৮
(৪) পুকুর সংস্কার (ডি. আর. পি.)	৫৮,৪৩৮	৫,১২৬
(৫) কাঁচা কূয়া খনন (২১২টি)	১,০৬,০০০	...
(৬) ফিডিং সেণ্টার (৪০টি)	২৩,৭৯০	...
(৭) কূয়া (আর. ডবলু. এস.) (২৬টি) ...	১২,৫০০	...
(৮) এস. আর. ই. পি.	৩,৪০,২০০	...

(৯) খয়রাতি সাহায্য খাতে—১৫,৯৪৪ কেজি গম বিতরণ করা হয়েছে।

বেকার যুবকদের স্বনির্ভর শিল্পবিকাশের প্রকল্প

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫২।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গ অর্থ করপোরেশন বেকার যুবকদের স্বনির্ভর শিল্পবিকাশের মোট কয়টি প্রকল্প অনুমোদন করেছেন;

(খ) উক্ত প্রকল্পগুলি রূপায়ণের জন্য বাণিজ্যিক ও অন্যান্য ব্যাংক কি ভাবে ও হারে আর্থিক সহায়তা দিয়ে থাকেন; এবং

(গ) এই দুই বৎসরে অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে মোট কয়টি প্রকল্প ব্যাংকের নিকট ঋণ পেয়েছে?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮১-৮২ সালে পশ্চিমবঙ্গ অর্থ কর্পোরেশন মোট ৩৭টি প্রকল্পে ঋণ অনুমোদন করেছেন; তা ছাড়া ১৯৮২-৮৩ সালে ফেব্রুয়ারী, ১৯৮৩ পর্যন্ত ৬২টি প্রকল্পে ঋণদান করেছেন। এ ছাড়া এই কর্পোরেশন

'কম্পোজিট' ঋণ এবং ক্ষুদ্র শিল্পে ঋণ বাবদ ১৯৮১-৮২ সালে ৪৮৩টি প্রকল্পে ঋণদান করেছেন এবং ১৯৮২-৮৩ সালের ফেব্রুয়ারী, ১৯৮৩ পর্যন্ত ৫০৮টি প্রকল্পে ঋণদান করেছেন।

(খ) 'ক' প্রশ্নের উত্তরে বর্ণিত প্রকল্পগুলির মধ্যে 'কম্পোজিট' ঋণ প্রকল্পে যেহেতু পশ্চিমবঙ্গ অর্থ কর্পোরেশন স্থায়ী এবং অস্থায়ী উভয় প্রকার মূলধনই ঋণ হিসাবে দিয়ে থাকেন, কাজেই সেইসব প্রকল্পের জন্য বাণিজ্যিক বা অন্যান্য ব্যাংকের আর্থিক সহায়তার প্রয়োজন নেই। এ ছাড়া অন্যান্য ক্ষুদ্র প্রকল্পের জন্য ব্যাংক চলতি মূলধন দিয়ে থাকেন। সেই ক্ষেত্রে সুদের হার সাধারণতঃ ১২ শতাংশ থেকে ১৮ শতাংশ পর্যন্ত হয়।

(গ) এই দুই বৎসরে প্রায় ৬৫০টি প্রকল্পে ব্যাংক চলতি মূলধন বাবদ ঋণ দিয়েছেন। বাকি শিল্পগুলিও যথাসময়ে ঋণ পাওয়ার আশা রাখে।

বারুইপুর গ্রামীণ হাসপাতালে ডাক্তার ছুরিকাহতের ঘটনা

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬২।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৬ই ফেব্রুয়ারী, ১৯৮২ তারিখ রাতে কর্তব্যরত অবস্থায় ২৪-পরগনার বারুইপুর গ্রামীণ হাসপাতালের ডাক্তার মাধবেন্দ্র ঘোষ হাজরা ছুরিকাহত হয়েছেন ;

(খ) সত্য হলে,—

(১) উক্ত ঘটনার সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে, এবং

(২) উক্ত হাসপাতালের ডাক্তার, নার্স এবং অন্যান্য কর্মীদের নিরাপত্তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২ সালের ৬ই ফেব্রুয়ারী তারিখে এরূপ কোন ঘটনা ঘটে নি, তবে গত ৭ই ফেব্রুয়ারী, ১৯৮৩ তারিখে বারুইপুর গ্রামীণ হাসপাতালের ডাক্তার মাধবেন্দ্র ঘোষ হাজরা তাঁর কোয়ার্টারে ছুরিকাহত হওয়ার একটি ঘটনা ঘটেছে।

(খ) (১) এ পর্যন্ত কোন গ্রেপ্তার হয় নি।

(২) নিরাপত্তামূলক ব্যবস্থা হিসাবে হাসপাতালে একটি পুলিশ পিকেট বসান হয়েছে।

শ্রীরামপুরে সাব-ডিভিসন্যাল মেডিক্যাল অফিসার আক্রান্তের ঘটনা

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৯।) **ডাঃ হৈমী বসুঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৪ই জানুয়ারী, ১৯৮৩ তারিখে হুগলী জেলার শ্রীরামপুরের সাব-ডিভিসন্যাল মেডিক্যাল অফিসার ডাঃ গৌরাঙ্গ ব্যানার্জী কর্তব্যরত অবস্থায় কতিপয় ব্যক্তি কর্তৃক আক্রান্ত ও আহত হয়েছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত ঘটনার সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তিন জন।

ভাড়ার নিমিত্ত ফ্ল্যাট

৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বিগত আর্থিক বছরে (১) অর্থনৈতিক (দুর্বলতর), (২) নিম্ন আয় গোষ্ঠী ও (৩) স্বল্প বেতনভুক সরকারী কর্মচারীদের জন্য কত ভাড়ার ফ্ল্যাট নির্মিত হয়েছে?

আবাসন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ বিগত আর্থিক বৎসরে নিম্নসংখ্যক ভাড়ার ফ্ল্যাট নির্মিত হয়েছেঃ

(১) অর্থনৈতিক (দুর্বলতর) শ্রেণীর জন্য—৮০টি।

(২) নিম্ন আয় গোষ্ঠীভুক্ত ব্যক্তিদের জন্য—১৫২টি।

(৩) স্বল্প বেতনভুক সরকারী কর্মচারীদের জন্য—১৬৮টি।

তাঁতীদের অল্পমূল্যে সুতা সরবরাহের কর্মসূচী

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬১।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সুতার উৎপাদন বৃদ্ধি এবং তাঁতীদের সস্তায় ও সহজে প্রয়োজনীয় সুতা সরবরাহের জন্য কোন উর্মসূচী গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ঐ কর্মসূচী কিভাবে কার্যকরী করা হচ্ছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সুতার উৎপাদন বৃদ্ধি ও তাঁতীদের প্রয়োজনীয় সুতা সরবরাহের জন্য

শ্রীরামপুরস্থিত ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ স্পিনিং মিলস্ লিঃ-এর টাকু সংখ্যা ৬,৬০০ হতে ২৫,০০০ বৃদ্ধি করার প্রকল্প সমাপ্তির পথে। এছাড়া মেদিনীপুর শহরের উপকণ্ঠে এবং বাঁকুড়া জেলার বড়জোড়ায় আরও দুটি ২৫,০০০ টাকুবিশিষ্ট সুতাকল স্থাপন করা হচ্ছে।

কর্ণাটকের ধাঁচে রেশম শিল্প

৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬২।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রেশমের উৎপাদন ও রেশম শিল্পের উন্নয়নের জন্যে কর্ণাটকের ধাঁচে কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কিনা; এবং

(খ) এ বিষয়ে একটি স্বতন্ত্র কর্পোরেশন গঠন করার কথা সরকার বিবেচনা করেছেন কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে রেশমের উৎপাদন ও রেশম শিল্পের উন্নয়নের জন্যে যে-সব প্রকল্প রূপায়িত করা হয়েছে বা হচ্ছে তার অনেকগুলিই বহুলাংশে কর্ণাটকে রূপায়িত প্রকল্পের অনুরূপ।

(খ) না।

কলিকাতা কর্পোরেশনের আদায়ীকৃত করের পরিমাণ

৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে (৩১-১-৮৩ পর্যন্ত) কলিকাতা কর্পোরেশনের আদায়ীকৃত করের পরিমাণ কত;

(খ) উক্ত বৎসরগুলির মধ্যে চলতি এবং বকেয়া করের পরিমাণ কত; এবং

(গ) ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত টাকা বকেয়া কর অনাদায়ী আছে?

স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ অপরীক্ষিত প্রাথমিক হিসাব অনুসারে আদায়ীকৃত করের পরিমাণ—

বৎসর				পরিমাণ (লক্ষ টাকা)
১৯৮০-৮১	...	...	...	১৫,৪৬
১৯৮১-৮২	...	...	...	১৭,৯৮
১৯৮২-৮৩—৩১-১-৮৩ পর্যন্ত	...	...	...	১৪,৪৭
৯-৩-৮৩ পর্যন্ত	...	...	...	১৭,৫৮

নথিপত্র এবং প্রাথমিক হিসাব অনুসারে আদায়যোগ্য করের আনুমানিক পরিমাণ—

বৎসর			চলতি	বকেয়া
			লক্ষ টাকা	লক্ষ টাকা
১৯৮০-৮১	...	...	১০,২৪	১৭,৩৩
১৯৮১-৮২	...	...	১১,৩৫	১৭,৮১
১৯৮২-৮৩	...	..	১২,০১	২০,৯৮

১৯৮২-৮৩ সালের বকেয়া করের পরিমাণ বৃদ্ধির কারণ কলিকাতা পোর্ট ট্রাস্টের ভাড়া দেওয়া সম্পত্তির জন্য ৩,০০ লক্ষ টাকা সমেত ১১,০০ লক্ষ টাকার সংশোধিত ও অতিরিক্ত বিল পাঠান।

চূড়ান্ত হিসাব দাখিলের কাজ এখনও অসম্পূর্ণ। তবে প্রাপ্ত নথিপত্র হতে লক্ষ্য করা যায় যে, ৯-৩-৮৩ তারিখে অনাদায়ী করের পরিমাণ ২৬,৫৮ লক্ষ টাকা। চূড়ান্ত হিসাব দাখিলের পরে এই অঙ্ক কমবেশী হতে পারে। আদায়যোগ্য করের পরিমাণ ইহা অপেক্ষা আরও কম, কারণ কমবেশী ১১ কোটি টাকার মতন অনাদায়ী করও এর অন্তর্গত।

বিভিন্ন জেলা পরিষদে বরাদ্দীকৃত সিমেণ্ট

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০। **শ্রীসত্যপদ ভট্টাচার্য:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের জানুয়ারী হইতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন জেলা পরিষদ কাজের জন্য কত টন সিমেণ্ট বরাদ্দ পাইয়াছে; এবং

(খ) তন্মধ্যে—

(১) কত টন সিমেণ্ট কাজে ব্যবহার করা সম্ভব হইয়াছে; ও

(২) কত টন সিমেণ্ট ব্যবহারের অযোগ্য হইয়া গিয়াছে?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ৮৪,৪২১.১০ মেট্রিক টন।

(খ) (১) ৮৩,৬৬২.৭৫ মেট্রিক টন।

(২) ৫৩৬.৩০ মেট্রিক টন।

বজবজে অলোক উদ্যোগ কারখানা

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৪।) **শ্রীসরল দেব:** বন বিভাগের মন্ত্রী মহাশয় গত ২২-৯-১৯৮২ তারিখের প্রশ্ন নং *৫৬ (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭)-এর উত্তর

উল্লেখপূর্বক জানাইবেন কি, বজবজে অবস্থিত 'অলোক উদ্যোগ' কারখানার পুরানো শ্রমিকদের সকলকে পুনর্নিয়োগ করা গিয়াছে কি ?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ না।

বারাসতে ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট তৈরীর প্রকল্প

৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৮।) **শ্রীসরল দেবঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসতে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট তৈয়ারী করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ না।

পশ্চিমবঙ্গের পৌরসভাগুলিতে পানীয় জল সরবরাহের ব্যবস্থা

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫১)। **শ্রীদেবপ্রসাদ সরকারঃ** স্থানীয় প্রশাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি পৌরসভায় এখনও পর্যন্ত পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা সম্ভব হয় নি ; এবং

(খ) ১৯৭৭ সালের জুন মাসে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত রাজ্য সরকারের প্রচেষ্টায় কতগুলি পৌরসভায় পানীয় জল সরবরাহের ব্যবস্থা সম্পূর্ণ করা হয়েছে ?

স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) দশটি।

(খ) চাকদহ এবং রামপুরহাট মিউনিসিপ্যালিটির প্রথম পর্যায় সহ সাতটি।

কাঁড়ুয়া স্লুইসের অন্তর্বাহী খাল খননের জন্য জমি অধিগ্রহণে হাইকোর্টের স্থগিতাদেশ

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৭।) **শ্রীশিশির কুমার অধিকারীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত কাঁড়ুয়া স্লুইসের অন্তর্বাহী খাল খননের জন্য জমি অধিগ্রহণ সম্বন্ধে মহামান্য কলিকাতা হাইকোর্টের স্থগিতাদেশ প্রত্যাহার হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে, কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মহামান্য কলিকাতা হাইকোর্টের স্থগিতাদেশ এখনও প্রত্যাহৃত হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর-এর শূন্য পদ

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯।) **শ্রীসুব্রত মুখার্জী:** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) পদটি বেশ কিছুকাল যাবৎ শূন্য অবস্থায় পড়ে থাকবার কোন তথ্য বা সংবাদ সরকারের গোচরে এসেছে কি; এবং

(খ) এসে থাকিলে,

(১) কতদিন যাবৎ ঐ পদ শূন্য আছে;

(২) এই পদ শূন্য থাকার কারণ কি; ও

(৩) এই পদ পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) পদটি পূরণ হইয়াছে।

(খ) (১), (২) ও (৩) এ প্রশ্ন উঠে না।

অধ্যাপক নিয়োগের জন্য 'বাছাই কমিটি'

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭০০।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বে-সরকারী কলেজের অধ্যাপক নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন কর্তৃক নিযুক্ত 'বাছাই কমিটি' (সিলেকশন কমিটি)-র গঠনতন্ত্র কিরূপ;

(খ) উক্ত কমিটি প্রার্থী মনোনয়নের ব্যাপারে কি পদ্ধতি/নীতি অবলম্বন করেন;

(গ) সরকারী কলেজের অধ্যাপক নিয়োগের উদ্দেশ্যে পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গঠিত 'বাছাই কমিটি'-র অনুসৃত পদ্ধতি/নীতির সঙ্গে উক্ত নীতি কতদূর সামঞ্জস্যপূর্ণ; এবং

(ঘ) বৈষম্য কিছু থাকিলে তাহার কারণ কি?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কোন 'বাছাই কমিটি' (সিলেকশন কমিটি) নিয়োগ করা হয় না। একটি ইণ্টারভিউ বোর্ড প্রার্থী বাছাইয়ের জন্য গঠিত হয়। ইণ্টারভিউ বোর্ড-এর গঠনতন্ত্র নিম্নরূপ:

(১) সংশ্লিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের আচার্যের একজন প্রতিনিধি (বিশেষজ্ঞ) ;

(২) সংশ্লিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি (বিশেষজ্ঞ) ;

(৩) কমিশনের এক বা একাধিক সদস্য।

(খ) উক্ত কমিটি (ইন্টারভিউ বোর্ড) প্রার্থী মনোনয়ন করেন না। ইন্টারভিউ-এর মাধ্যমে যোগ্য প্রার্থী বাছাই করেন মাত্র। যোগ্য প্রার্থীর তালিকা (প্যানেল) চূড়ান্তভাবে অনুমোদন করার দায়িত্ব কমিশনের উপর ন্যস্ত।

(গ) পাবলিক সার্ভিস কমিশন অর্থ বিভাগের আয়ত্তভুক্ত। সরকারী কলেজে অধ্যাপকের পদ শূন্য হইলে কার্যবিধি অনুযায়ী পাবলিক সার্ভিস কমিশনকে জানানো এবং যোগ্য প্রার্থীর নাম সুপারিশ করিবার জন্য অনুরোধ করা হয়। ইহার কার্য-পদ্ধতি সম্বন্ধে শিক্ষা বিভাগের পক্ষে কিছু বলা সমীচীন নয়।

(ঘ) প্রশ্ন উঠে না।

নৃতত্ত্ব বিষয়ের অধ্যাপক নিয়োগের জন্য প্যানেল

৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭০১।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮১ সালে নৃতত্ত্ব বিষয়ের অধ্যাপক নিয়োগের জন্য প্রস্তুত প্যানেলে বেশ কয়েকজন ডক্টরেট ডিগ্রীধারী প্রার্থী থাকা সত্ত্বেও ডক্টরেট ডিগ্রী নেই এমন একজন প্রার্থীকে কলেজ সার্ভিস কমিশনের সুপারিশে চাকুরি দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) নিযুক্ত ব্যক্তি সহ অন্যান্য প্রার্থীদের উচ্চ মাধ্যমিক স্তর হইতে সর্বশেষ স্তর পর্যন্ত বিভিন্ন পরীক্ষার ফলাফলের একটি তালিকা টেবিলে উপস্থাপিত করা সম্ভব হইবে কি ?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮১ সালে কমিশন নৃতত্ত্ব বিষয়ে অধ্যাপক পদের জন্য সর্বমোট চারজন উপযুক্ত প্রার্থীকে সুপারিশ করিয়াছিলেন যাঁহাদের কাহারও ডক্টরেট ডিগ্রী নেই।

(খ) উপরোক্ত চারজন কমিশনের তৈরী প্যানেলে সর্বোচ্চ প্রথম চারিটি স্থানাধিকারী ছিলেন। ঐ প্যানেলে দুইজন ডক্টরেট ডিগ্রীধারী প্রার্থী ছিলেন ; কিন্তু তাঁহারা নবম ও চতুর্দশ স্থানাধিকারী। তাঁহারা ডক্টরেট ডিগ্রীর জন্য অতিরিক্ত শতকরা দশ ভাগ নম্বর বেশী পাওয়া সত্ত্বেও প্যানেলে তাঁহাদের নাম নবম ও

চতুর্দশের উর্ধ্বে ওঠে নি। কমিশনের নিয়মবিধি অনুসারে নাম সুপারিশের ক্ষেত্রে প্যানেলে সর্বোচ্চ স্থানাধিকারী ব্যক্তিরাই অগ্রাধিকার পান।

(গ) কমিশনের মনোনীত প্রথম চারিটি ব্যক্তি এবং ডক্টরেট ডিগ্রীধারী দুই ব্যক্তির বিভিন্ন পরীক্ষার ফলাফলের একটি তালিকা নিম্নে দেওয়া হইল :

					(শতকরা)
১ম	...	উচ্চ মাধ্যমিক	...	...	৫৩.৪
		অনার্স	...	...	৬২.০
		এম এস-সি	...	...	৬৫.৫
২য়	...	আই এস-সি	...	...	৬৮.৬
		অনার্স	...	...	৬১.১
		এম এস-সি	...	...	'এ' গ্রেড
		এম ফিল্	..	...	...
৩য়	...	উচ্চ মাধ্যমিক	...	...	৪৮.২
		অনার্স	...	...	৫৮.৩
		এম এস-সি	...	...	৫৯.৩
৪র্থ	...	উচ্চ মাধ্যমিক	...	...	৫২.৪
		অনার্স	...	...	৬৪.০
		এম এস-সি	...	....	৬৬.৩
৯ম	....	স্কুল ফাইনাল	....	...	৪২.০
		আই এস-সি	...	....	৪৭.২
		অনার্স	...	...	৫৫.০
		এম এস-সি	...	...	৫৪.২
		পি এইচ ডি	...	...	...
১৪শ	...	উচ্চ মাধ্যমিক	...	...	৪৫.৮
		বি এস-সি	...	...	পাশ
		এম এস-সি	...	....	৫৫.৭
		পি এইচ ডি	....	....	....

ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন কলেজগুলিতে ডেমনস্ট্রেটর-এর পদ বিলোপ

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৩।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন কলেজগুলিতে ডেমনস্ট্রেটর-এর পদটি বিলোপ করার সুপারিশ করেছেন; এবং

(খ) সত্য হলে, উক্ত ডেমন্সস্ট্রেটরদের ভবিষ্যৎ সম্বন্ধে সরকার কোন চিন্তা করছেন কিনা?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কলেজ শিক্ষকদের জন্য নূতন ইউ. জি. সি' বেতনক্রম চালু হওয়ার সময় ইউ. জি. সি.-র সুপারিশক্রমে স্থির করা হয় যে, কোন কলেজে আর নূতন ডেমন্‌স্ট্রেটর পদ সৃষ্টি করা হইবে না। যাঁহারা পূর্ব হইতে ঐ সকল পদে চাকুরীরত আছেন তাঁহারা যথারীতি চাকুরিতে নিযুক্ত থাকিবেন।

(খ) প্রশ্ন উঠে না।

ইউ. জি. সি. বেতনক্রম

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৪।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৩ সালে নতুন ইউ. জি. সি. বেতনক্রম প্রবর্তিত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের 'প্রফেসর' পদমর্যাদার তুলনায় সরকারী কলেজসমূহে নিযুক্ত পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা কৃত্যকের প্রফেসরদের বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা বহুলাংশে কম হয়ে পড়েছে; এবং

(খ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ইউ. জি. সি. বেতনক্রম প্রবর্তিত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের প্রফেসরদের বেতনক্রম ১,৫০০—২,৫০০ টাকা ধার্য হয়েছে। সরকারী কলেজসমূহে নিযুক্ত পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা কৃত্যকের প্রফেসরদের বেতনক্রম ১,২০০—১,৯০০ টাকায় ধার্য হয়েছে।

(খ) সরকার বিষয়টি বিবেচনা করিতেছেন।

বাঁকুড়া পৌরসভার কর্মচারীদের সংশোধিত পে-স্কেল দান

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া পৌরসভার পৌর শিক্ষক-শিক্ষিকা সমেত সমস্ত-স্তরের কর্মচারী সংশোধিত পে-স্কেল বাবদ ১৪ মাসের পাওনা টাকা পায় নি এবং উক্ত সংস্থার কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকার অংশও আজ এ পর্যন্ত জমা পড়ে নি;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত পৌরসভায় শ্রমিক-কর্মচারী সহ শিক্ষক-শিক্ষিকাদের গ্রুপ ইন্সরেন্স চালু হইয়াছে কি?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

বাঁকুড়া ক্রিশ্চিয়ান ও রাণাঘাট কলেজ

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজে ও নদীয়া জেলার রাণাঘাট কলেজে পঠন-পাঠন চালু আছে কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজে বর্তমানে পঠন-পাঠন চালু আছে।

রাণাঘাট কলেজে কিছুদিন যাবৎ পঠন-পাঠন চালু নেই।

বাঁকুড়া জেলায় এন. আর. ই. পি. স্কীম

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৯)। **শ্রীকাশীনাথ মিশ্রঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের জানুয়ারী হতে ১৯৮৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত বাঁকুড়া জেলায় এন. আর. ই. পি. স্কীম বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছে (ব্লক, স্কীম ও বৎসরওয়ারী হিসাব);

(খ) উক্ত সময়ে উক্ত স্কীমগুলি রূপায়ণের জন্য সরকারের নিযুক্ত কোন সাব-এসিসট্যান্ট ইঞ্জিনীয়ার ছিল কি না; এবং

(গ) উক্ত সময়ে উক্ত স্কীমের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ কত?

উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক) এন. আর. ই. পি. স্কীম ১৯৮০-৮১ সালে প্রবর্তিত হয় এবং পশ্চিমবঙ্গে এটি ১৫-১২-১৯৮০ থেকে চালু হয়েছে। এই স্কীমে ব্লক ও স্কীমওয়ারী টাকা মঞ্জুর করা হয় না। সাধারণতঃ সব গ্রাম পঞ্চায়েতকে সমান হারে অর্থ বরাদ্দ করা হয়।

কেবল মাত্র বর্তমান আর্থিক বৎসরে বড় বড় স্কীম রূপায়ণের জন্য জেলা পরিষদকেও পৃথক অর্থ বরাদ্দ করা হয়েছে। বরাদ্দ অর্থের বৎসরওয়ারী হিসাব নিম্নরূপ :

বছর	অর্থের পরিমাণ
১৯৮০-৮১	৭২,৭৪,৩৪০
১৯৮১-৮২	৭৪,১০,০০০
১৯৮২-৮৩ (জানুয়ারী পর্যন্ত)	
(ক) গ্রাম পঞ্চায়েত	১,৫২,০০,০০০
(খ) জেলা পরিষদ	৫০,৯০,০০০

এছাড়া এন. আর. ই. পি. প্রকল্পের নিয়ম অনুযায়ী খাদ্যশস্য বরাদ্দ করা হয়েছে।

(খ) প্রতি ব্লকে একজন এবং জেলা সদর অফিসের জন্য একজন হিসাবে বাঁকুড়া জেলার জন্য ২৩টি সাব-এসিসট্যান্ট ইঞ্জিনীয়ার-এর পদ আছে। উক্ত পদগুলির মধ্যে বিভিন্ন সময়ে স্বাভাবিক কারণেই সাময়িকভাবে কিছু কিছু পদ খালি ছিল।

(গ) কেন্দ্রীয় সরকারের সাহায্য রাজ্যভিত্তিক আসে, জেলাভিত্তিক আসে না। প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রকল্পের মোট খরচ কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে সমান হারে বহন করতে হয়। কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ নিম্নরূপ :—

	লক্ষ টাকা
১৯৮০-৮১	৬৯৩.১০
১৯৮১-৮২	১,৬১০.৫০
১৯৮২-৮৩ (জানুয়ারী পর্যন্ত)	৬৭৪.০০

বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় অনুদান

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৩।) **শ্রীঅনিল মুখার্জী** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সাল হইতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত প্রতিটি বছরে কোন্ কোন্ প্রকল্পের জন্য কত টাকা কেন্দ্রীয় সরকার মঞ্জুর করিয়াছিলেন (বছর-ওয়ারী হিসাব) ; এবং

(খ) তন্মধ্যে প্রতিটি ক্ষেত্রে কত টাকা ব্যয় করা হইয়াছিল ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) রাজ্য সরকারের বিভিন্ন বিভাগগুলির তত্ত্বাবধানে যে-সমস্ত উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে সেই প্রকল্পগুলি বাবদ প্রাপ্ত কেন্দ্রীয় সহায়তার বিশদ বিবরণ প্রতি বছর রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত 'রাজ্যের পরিকল্পনার অন্তর্গত উন্নয়ন পরিকল্পসমূহের অগ্রগতির বিবরণ'

শীর্ষক বার্ষিক পুস্তিকাতে দেওয়া থাকে। সুতরাং ১৯৭২-৭৩ সাল হইতে ১৯৮২-৮৩ সালের বার্ষিক কেন্দ্রীয় সহায়তার হিসাব ঐ ঐ বৎসরের পুস্তিকায় পাওয়া যাবে। আর পরিকল্পনা বহির্ভূত প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে যে-সমস্ত টাকা মঞ্জুর করেছেন তার বার্ষিক হিসাব প্রতি বছর রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত 'ডিটেল্ড সিভিল বাজেট এস্টিমেট' 'ডিমাণ্ড ফর গ্রান্ট' পুস্তিকায় দেওয়া থাকে। সুতরাং ১৯৭২-৭৩ সাল হইতে ১৯৮২-৮৩ সালের বার্ষিক হিসাব ঐ ঐ বৎসরের পুস্তিকায় পাওয়া যাবে।

(খ) উন্নয়নভুক্ত এবং উন্নয়ন-বহির্ভূত প্রকল্পগুলির নিমিত্ত প্রতি বছর ব্যয়বরাদ্দ সম্বলিত বিশদ বিবরণও উপরোক্ত পুস্তিকা দুটিতে দেওয়া থাকে।

সিঙ্গুর-উগলী রাস্তা

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৫।) **শ্রীতারাপদ সাধুখাঁ:** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সিঙ্গুর-উগলী রাস্তা ১৯৬২-৬৩ সালে সি. আর. ডাব্লু. স্কীমে গৃহীত হয়েছে; এবং

(খ) অবগত থাকলে,—

(১) উক্ত রাস্তার কাজ বর্তমানে কি পর্যায়ে আছে, ও

(২) কবে নাগাদ ঐ রাস্তার কাজ শেষ হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) রাস্তাটি সি. আর. এফ. স্কীমে অনুমোদিত হয়।

(খ) (১) অনুমোদিত গতিপথ অনুসারে রাস্তার নির্মাণ কাজ ১৯৬৩-৬৪ সালে শুরু হয়, কিন্তু রাস্তাটির গতিপথের কিছু অংশ নিয়ে স্থানীয় জনসাধারণের প্রবল আপত্তি থাকায় নির্মাণ কাজ ব্যাহত হয়। ফলে মোট ৯.৬৬ কিমি রাস্তার মধ্যে বর্তমানে ১.৮০ কিমি পাকা করার কাজ সম্পূর্ণ হয়েছে।

(২) যেহেতু রাস্তাটির কাজের অগ্রগতির জন্য গতিপথের বিরোধের নিষ্পত্তি প্রয়োজনীয় জমি এবং অর্থ প্রাপ্তির উপর নির্ভর করিতেছে, তাই রাস্তাটির কাজ শেষ হইবার সম্ভাব্য সময় এখন বলা সম্ভব নয়।

কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ারে কর্মী নিয়োগ

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৩।) **শ্রীব্রজগোপাল নিয়োগীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ার হিসাবে পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত মোট কতজন কর্মী নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ার কর্মী প্রত্যেকে মাসিক কত টাকা ভাতা পান ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত মোট ২৭,৮১২ জন কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ার কর্মী কাজ করছেন।

(খ) প্রত্যেক কমিউনিটি হেল্‌থ ভলানটিয়ার কর্মী মাসিক ৫০ টাকা হারে ভাতা পান।

প্রব্লেম ভিলেজ-এর তালিকা

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৫)। **শ্রীসুভাষ গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামাঞ্চলে পানীয় জলের সমস্যা আছে এরূপ প্রব্লেম ভিলেজ-এর একটি তালিকা আছে ;

(খ) সত্য হইলে, উক্ত তালিকাটি কোন্‌ সময়ে এবং কোন্‌ কর্তৃপক্ষ প্রস্তুত করিয়াছিলেন ; এবং

(গ) আশু প্রয়োজনের ক্ষেত্রে উক্ত তালিকা বহির্ভূত গ্রামগুলিতে নলকূপ স্থাপনে বাধা আছে কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) তালিকাটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীন জনস্বাস্থ্য কারিগরী সংস্থা কর্তৃক ১৯৮০ সালে প্রস্তুত করা হয়েছিল।

(গ) না। তবে কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত জল সরবরাহ বাবদ দেয় টাকা থেকে ঐরূপ নলকূপ কেবলমাত্র প্রব্লেম ভিলেজগুলিতেই খনন করা বিধিসম্মত।

বাঁকুড়া জেলার ১নং ব্লকের অন্তর্ভুক্ত কেঞ্জাকুড়া, সোনাবাঁধ, ঝাঁটিপাহাড়ী ও শালতোড়া জল সরবরাহ প্রকল্প

৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৫।) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার ১নং ব্লকের অন্তর্ভুক্ত কেঞ্জাকুড়া,

সোনাবাঁধ (ওয়েস্ট), ঝাঁটিপাহাড়ী, শালতোড়ায় জল সরবরাহ প্রকল্পের কাজ পরিকল্পনা নির্দিষ্ট সময়মাফিক হচ্ছে না ;

(খ) সত্য হলে, এর কারণ কি ;

(গ) কবে নাগাদ প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ;

(ঘ) উক্ত প্রকল্পের আওতায় আনুমানিক কতজন মানুষ উপকৃত হবে ; এবং

(ঙ) উক্ত প্রকল্পগুলির জন্য অর্থ বরাদ্দের পরিমাণ কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) প্রকল্পগুলির কাজ ষষ্ঠ পরিকল্পনার সময়সীমার মধ্যে শেষ হবার কথা আছে এবং আশা করা যায় উক্ত সময়ের মধ্যেই তা শেষ হয়ে যাবে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) সোনাবাঁধ প্রকল্পটি ১৯৮৩ সালের ডিসেম্বর এবং ঝাঁটিপাহাড়ী ও কেঞ্জাকুড়া প্রকল্পদ্বয় ১৯৮৪ সালের মার্চ এবং শালতোড়া প্রকল্পের জন্য যদি প্রয়োজনীয় জমি সময়মত পাওয়া যায় তবে ঐ প্রকল্পটি ১৯৮৫ সালের মার্চ মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

(ঘ) ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী সোনাবাঁধ প্রকল্পে ৬,০০০ জন, ঝাঁটিপাহাড়ী প্রকল্পে ৯,৬২৪ জন, শালতোড়া প্রকল্পে, ১৩,৬৪২ জন এবং কেঞ্জাকুড়া প্রকল্পে ৯,৮২৩ জন লোক উপকৃত হবেন।

(ঙ) সোনাবাঁধ প্রকল্পের জন্য ৮.০৭ লক্ষ, ঝাঁটিপাহাড়ী প্রকল্পের জন্য ১৪.০৪ লক্ষ, শালতোড়া প্রকল্পের জন্য ৬১.৯৬ লক্ষ ও কেঞ্জাকুড়া প্রকল্পের জন্য ৯.৮৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

সল্ট লেকে প্লট বণ্টন

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন ১০২২।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মহানগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ হইতে ১৯৮২-৮৩ (২৮শে ফেব্রুয়ারি) পর্যন্ত সল্ট লেকে কত প্লট বণ্টন করা হইয়াছে, এবং

(খ) পরবর্তী পর্যায়ে (১৯৮৩-৮৪) কত প্লট বিলির জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) উক্ত সময়ের মধ্যে মোট ২,৮৬২টি বাস্তুজমির প্লট বণ্টনের আদেশ দেওয়া হইয়াছে।

(খ) কোন সুনির্দিষ্ট কর্মসূচী নেই।

সেচের আওতাভুক্ত জমির পরিমাণ

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৯)। **শ্রীআব্দুল মান্নান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাসে প্রথম বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার সময় পশ্চিমবঙ্গে সেচের আওতাভুক্ত জমির পরিমাণ কত ছিল ;

(খ) বর্তমানে সেচের আওতাভুক্ত জমির পরিমাণ কত ; এবং

(গ) ভবিষ্যতে কত হেক্টর জমি উক্ত সেচের আওতায় আনার পরিকল্পনা আছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) ১৯৭৭ সালের জুন মাসে প্রথম বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার সময় এই বিভাগের অধীন বৃহৎ এবং মাঝারী সেচ প্রকল্পের দ্বারা সেচের আওতাভুক্ত জমির পরিমাণ ছিল প্রায় ৯,৫৬,৮৩০ হেক্টর।

(খ) বর্তমান বছরে (১৯৮২-৮৩ সালে) প্রায় ১১,৫৪,১৪০ হেক্টর জমি বৃহৎ এবং মাঝারি সেচ প্রকল্পের দ্বারা সেচের আওতাভুক্ত।

(গ) ২০০০ খৃষ্টাব্দ নাগাদ প্রায় ২৩,১০,০০০ হেক্টর জমি বৃহৎ এবং মাঝারি সেচ প্রকল্পের আওতায় আনার পরিকল্পনা আছে।

গোসাবা ও পাখির আলয় মোজায় গভীর নলকূপ বসানোর পরিকল্পনা

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৫)। **শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গোসাবা থানার গোসাবা ও পাখির আলয় মৌজায় ২টি গভীর নলকূপ বসানোর পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ ঐ কাজ শুরু করা হবে ও এজন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) উক্ত মৌজা দুটির ভূগর্ভস্থ জল লবণাক্ত এবং ব্যবহারের অযোগ্য বলে জানা গেছে। মৌজা দুটি থেকে প্রায় পাঁচ কিলোমিটার দূরে ভূগর্ভে মিষ্টি জল পাবার সম্ভাবনা আছে। যদি জল পাওয়া যায় তবে পূর্ণ উদ্যমে কাজ শুরু হবে। নলকূপ খননের কাজের জন্য একটি অভিজ্ঞ ঠিকাদার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে।

উক্ত নলকূপ দুটির জন্য ১০,৪০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদে বিদ্যুৎ উৎপাদন

৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১১২।) **শ্রীঅনুপকুমার চন্দ্র:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের রাজ্য বিদ্যুৎ পর্ষদে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ কত ছিল ;

(খ) ঐ সময়ে একক প্রতি বিদ্যুতের দাম কত ছিল ; এবং

(গ) উক্ত সময়ে বিদ্যুৎ বিক্রয় বাবদ পর্ষদের কত আয় হইয়াছিল ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮২ সালের জানুয়ারী থেকে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদনের পরিমাণ ছিল ৩৩১২.৯ এম. ইউ. (মিলিয়ন ইউনিটস)।

(খ)	নিম্ন ও মাঝারী ভোল্টেজ হার—	প্রতি ইউনিট
(১)	আবাসিক প্রয়োজনে	৪৮.০ পয়সা
(২)	বাণিজ্যিক প্রয়োজনে	৬৫.০ পয়সা
(৩)	কৃষির প্রয়োজনে	৩২.০ পয়সা
(৪)	শিল্প উৎপাদনের প্রয়োজনে	৫০.০ পয়সা
(৫)	রাস্তা আলোকিত করার প্রয়োজনে	৯০.২৮ পয়সা
(৬)	উচ্চ ভোল্টেজ—	
(১)	মাঝারী শিল্প উৎপাদনের প্রয়োজনে	৭৪.৬৫ পয়সা
(২)	বৃহৎ শিল্প উৎপাদনের প্রয়োজনে	৬৮.৫২ পয়সা

(গ) পর্ষদের হিসাব ক্যালেণ্ডার বৎসর হিসাবে রাখা হয় না। এপ্রিল—মার্চ আর্থিক বৎসর হিসাবে রাখা হয়।

রাজ্য পরিবহণ সংস্থাগুলিতে তফসিলী জাতি এবং উপজাতিদের জন্য সংরক্ষিত পদ পূরণ

৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩০।) **শ্রীরামপদ মাণ্ডি:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা, দুর্গাপুর এবং উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থায় তফসিলী জাতি এবং উপজাতিদের জন্য সংরক্ষিত পদগুলি যথাযথ প্রার্থীদের দ্বারা পূরণ করা হইতেছে কি,

(খ) ১৯৭৭ সালের ১লা জুন হইতে ১৯৮২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত উক্ত সংস্থাগুলিতে কতগুলি নূতন পদ সৃষ্টি হয়েছে ও কত লোক নিয়োগ করা হয়েছে (পৃথক পৃথক ভাবে), এবং

(গ) তন্মধ্যে কতজন তফসিলী জাতি এবং তফসিলী উপজাতিভুক্ত ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত সময়ের মধ্যে সৃষ্টি হয়েছেঃ কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ১৩০৯টি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ৩৭৮টি, দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ১১৩টি।

উক্ত সময়ের মধ্যে লোক নিয়োগ করা হয়েছেঃ কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ৩৫৬৫ জন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ৪০১ জন, দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ২২১ জন।

(গ) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায়ঃ তফসিলী জাতি—৪৯০, তফসিলী উপজাতি—২০।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায়ঃ তফসিলী জাতি—৩৯ জন ও তফসিলী উপজাতি—৭ জন।

দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায়ঃ তফসিলী জাতি—২২ জন, তফসিলী উপজাতি—২ জন।

দ্বারকেশ্বর নদের উপর ব্রীজ নির্মাণ

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া শহরাঞ্চলের সহিত রাজগ্রামের যোগাযোগ স্থাপনের জন্য দ্বারকেশ্বর নদের উপর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রোগ্রাম অনুসারে একটি ব্রীজ বা ডবল ক্যারেজ কজওয়ে নির্মাণ করা হবে ;

(খ) সত্য হলে, কবে নাগাদ উক্ত ব্রীজ বা ডবল ক্যারেজ কজওয়ে নির্মিত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত ব্রীজ বা ক্যারেজ কজওয়ে নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার কত টাকা মঞ্জুর করেছেন ?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এই প্রকল্পের অধীনে দ্বারকেশ্বর নদের উপর একটি ব্রীজ নির্মাণের পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হইলে উক্ত ব্রীজ ষষ্ঠ পরিকল্পনার মধ্যে নির্মিত হবে বলে আশা করা যায়।

(গ) প্রশ্ন ওঠে না।

আরামবাগ মহকুমায় নির্মীয়মাণ রবীন্দ্রভবন

৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৬)। **শ্রীআবদুল মান্নান:** তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার কি অবগত আছেন যে, আরামবাগ মহকুমায় নির্মীয়মাণ রবীন্দ্র হলটির কাজ দীর্ঘদিন যাবৎ অর্ধসমাপ্ত অবস্থায় রহিয়াছে ;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি ;

(গ) (১) উক্ত হলটির কাজ কবে নাগাদ পুনরায় আরম্ভ ও সমাপ্ত হইবে ; এবং (২) উক্ত নির্মাণকার্যে মোট কত টাকা ব্যয় হইবে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ভবনের নির্মাণ কার্য একটি বেসরকারী পরিচালন সমিতির তত্ত্বাবধানে হচ্ছে। সমিতির অর্থাভাব হেতু এই নির্মাণ কার্য স্থগিত আছে বলে সরকারকে জানান হয়েছে।

(গ) (১) ভবনটি বেসরকারী উদ্যোগে একটি পরিচালন সমিতির তত্ত্বাবধানে নির্মিত হচ্ছে। নির্মাণ কার্য পুনরায় আরম্ভ ও সমাপ্ত করার দায়িত্ব প্রাথমিকভাবে পরিচালন সমিতির।

(২) প্রায় ছয় লক্ষ একচল্লিশ হাজার টাকা।

খানাকুল হইতে ঠাকুরাণীচক পর্যন্ত রাস্তা পাকা করার প্রস্তাব

৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৭)। **শ্রীআবদুল মান্নানঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ মহকুমার অন্তর্গত খানাকুল থেকে ঠাকুরাণীচক পর্যন্ত রাস্তাটি পাকা করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা, এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তাটির পাকা করার কাজ সম্পূর্ণ হবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঘই খালের উপর সেতু

৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৬)। **ডাঃ মানস ভুঁইয়াঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর থানার অন্তর্গত মেদিনীপুর-দীঘা রাস্তার বাঘই খালের উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত সেতু নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এ বৎসরেই (১৯৮৩-৮৪) কাজটি শুরু করা যাবে বলে আশা করা যায়।

সংগঠিত উচ্চ বিদ্যালয়ের অনুমোদন

৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৫)। **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেসরকারী উদ্যোগে সংগঠিত কোন উচ্চ বিদ্যালয়কে অনুমোদন না দেবার সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

(খ) নতুন উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারী নীতি অনুযায়ী কি কি বিষয় বিচার্য?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) সত্য নহে।

(খ) নূতন বিদ্যালয় স্থাপন ও সরকারী স্বীকৃতির ব্যাপারে নিম্নলিখিত বিষয়গুলি বিচার্য—

(১) অধিকতর পুরানো স্কুলকে স্বীকৃতির ব্যাপারে অগ্রাধিকার প্রদান করা।

(২) বিদ্যালয় স্বীকৃতির ব্যাপারে এলাকাভিত্তিক প্রয়োজনীয়তার দিকে দৃষ্টি রাখা।

(৩) তফসিলী জাতি ও তফসিলী উপজাতি অধ্যুষিত এলাকা, অর্থনৈতিক দিক দিয়া অনুন্নত এলাকার স্কুলগুলির স্বীকৃতির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া।

(৪) আপাততঃ ১৯৭৫ সনের পূর্বে স্থাপিত স্কুলগুলিকে স্বীকৃতির ব্যাপারে বিবেচনা করা।

খরায় রাজ্যে আউশ, আমন ও পাটের ক্ষতির পরিমাণ

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরায় রাজ্যে যথাক্রমে আউশ, আমন ও পাটের ক্ষতির পরিমাণ কত ; এবং

(খ) রবিশস্যের ক্ষেত্রে খরা পরিস্থিতি কতটা উৎপাদন ব্যাহত করেছে ?

কৃষি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) খরায় রাজ্যে আউশ, আমন ও পাটের ক্ষতির পরিমাণ ১ লক্ষ মেট্রিক টন আউশ (চাল হিসাবে), ১৭ লক্ষ মেট্রিক টন আমন (চাল হিসাবে) এবং ৬ লক্ষ ৭০ হাজার গাঁট পাট।

(খ) খরা পরিস্থিতির জন্য রবিশস্য চাষের জমির পরিমাণ পূর্ব নির্ধারিত ২৪ লক্ষ হেক্টর থেকে কমিয়ে ১৫ লক্ষ হেক্টর করা হইয়াছে।

সমবায় কৃষি উন্নয়ন সংস্থা ও কৃষি বিপণীয় কর্মচারীদের জন্য পে-কমিশন গঠন

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩০)। **শ্রীসরল দেব:** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় কৃষি উন্নয়ন সংস্থা (এস. কে. ইউ. এস.) এবং কৃষি বিপণীয় কর্মচারীদের জন্য কোন পে-কমিশন গঠন করা হইয়াছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হঁ্যা' হইলে, উক্ত কমিশনের রিপোর্ট কবে নাগাদ প্রকাশিত হইবে বলিয়া আশা করা যায় ?

সমবায় বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কেবল সমবায় কৃষি উন্নয়ন সমিতি ও কৃষি বিপণন সমিতির কর্মচারী নন, বিভিন্ন প্রকার সমবায় সমিতির কর্মচারীদের জন্য একটি পে-কমিটি গঠন করা হইয়াছিল।

(খ) কমিটি তাদের রিপোর্ট পেশ করেছেন। বর্তমানে এই রিপোর্ট সরকারের বিবেচনাধীন রয়েছে।

পশ্চিমবঙ্গে আসাম হইতে আগত শরণার্থী

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫১।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া:** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৮ই ফেব্রুয়ারি, ১৯৮৩ তারিখ হইতে অদ্যাবধি কতজন আসামবাসী বাস্তুহারা হইয়া পশ্চিমবঙ্গে আশ্রয় লইয়াছেন ;

(খ) তাঁহাদের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে এ পর্যন্ত কত অর্থ ব্যয় করিতে হইয়াছে ; এবং

(গ) এই ব্যয়ের কোনও অংশ কেন্দ্রীয় সরকার বহন করিয়াছেন কি ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়া : (ক) ৯ই মার্চ, ১৯৮৩ পর্যন্ত মোট ১৩,২৬৪ জন শরণার্থী পশ্চিমবঙ্গে আসিয়া সরকারের আশ্রয়প্রার্থী হইয়াছেন।

(খ) ১৮ই মার্চ, ১৯৮৩ পর্যন্ত ২৩ লক্ষ ৪৬ হাজার ১ শত ৯৫ টাকা।

(গ) না।

আসাম হইতে আগত বাস্তুহারাদের জন্য ব্যয়

৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫২।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সন হইতে বিগত আসাম নির্বাচনের পূর্ব পর্যন্ত আসাম হইতে আগত বাস্তুহারাদের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে কত অর্থ বায় করিতে হইয়াছে ; এবং

(খ) উক্ত সময়ে ঐ খাতে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে কি পরিমাণ অর্থ সাহায্য (রিইম্বার্সমেণ্ট) করিয়াছেন ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়া : (ক) ১ কোটি ৫০ লক্ষ ৪১ হাজার ১ শত ২৮ টাকা।

(খ) কেন্দ্রীয় সরকার কোন অর্থ সাহায্য করেন নি। তবে ৫০ লক্ষ টাকা ঋণ হিসাবে সাহায্য করিয়াছেন।

ঝালদা ব্লকে বিদ্যুৎ সরবরাহ

৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮২।) **শ্রীসুভাষচন্দ্র মাহাতো :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ে ঝালদা ১নং ও ২নং ব্লকের অন্তর্গত কতগুলি মৌজায় বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে ; এবং

(খ) অবশিষ্ট মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) গ্রামীণ বৈদ্যুতীকরণের ব্লকভিত্তিক পরিসংখ্যানের হিসাব রাখা হয় না। ১লা জানুয়ারি ১৯৭৭ হইতে ২৮শে ফেব্রুয়ারি

১৯৮৩ পর্যন্ত পুরুলিয়া জেলার ঝালদা থানায় ৮৩টি মৌজা বৈদ্যুতীকরণ করা হয়েছিল।

(খ) হ্যাঁ। গ্রামীণ বৈদ্যুতিক কর্পোরেশনের আর্থিক সহায়তায় উক্ত থানার ১৭৮টি মৌজা বৈদ্যুতীকরণের জন্য দুইটি প্রকল্পের রূপায়ণ চালু আছে এবং ধাপে ধাপে কাজ শেষ হবে।

বিদ্যালয়ে টিফিন ব্যবস্থায় সরকারী ব্যয়

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৪।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য**ঃ শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে টিফিন ব্যবস্থার জন্য বিগত পাঁচ বৎসর পশ্চিমবঙ্গ সরকারের কত টাকা ব্যয় হইয়াছে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ মোট ১৮,৬৮,৫৭,০০০ টাকা।

কমিউনিটি হেল্‌থ সেণ্টার স্কীম

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৩।) **শ্রী শ্রীধর মালিক**ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কত গ্রামে (পশ্চিমবাংলায়) কমিউনিটি হেল্‌থ ভলান্টিয়ার স্কীম চালু আছে ;

(খ) ঐসব কর্মীরা কত টাকা অ্যালাউয়েন্স পায় ; এবং

(গ) বর্তমানে আর কোন গ্রামে এই প্রজেক্ট চালু করার পরিকল্পনা আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ২৫,০০০ গ্রামে (পশ্চিমবাংলায়) কমিউনিটি হেল্‌থ ভলান্টিয়ার স্কীম চালু আছে।

(খ) ঐসব কর্মীরা মাসিক পঞ্চাশ টাকা হারে অ্যালাউয়েন্স পান।

(গ) হ্যাঁ, আছে।

Group Capt. A. K. Chakraborty, Chief Engineer, Calcutta Corporation

471. (Admitted question No. 1574.) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—is it a fact that Group Capt. A. K. Chakraborty joined as Chief Engineer, Motor Vehicles, on 1-2-80 and under orders of the

Administrator, dated 8-2-80 and he was made the Controlling Officer in respect of Motor Vehicles Department but no power was delegated to him by the Commissioner under section 34 of the Calcutta Municipal Act, 1951 ?

Minister-in-charge of Local Government and Urban Development Department : Yes.

Group Capt. A. K. Chakraborty was empowered by the Act as Controlling Officer, Motor Vehicles Department, by the orders of the Commissioner and the Administrator, dated 6-2-80 and 8-2-80 respectively.

সি. এইচ. ভি. স্বাস্থ্য কর্মী

৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭১।) **শ্রীসেখ ইমাজুদ্দিন :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি সি. এইচ. ভি. স্বাস্থ্য কর্মী গ্রামে কাজ করছে ; এবং

(খ) সি. এইচ. ভি. কর্মীদের মাসে কত টাকা ভাতা দেওয়া হয় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) পশ্চিমবঙ্গে মোট ২৭,৮১২ জন সি. এইচ. ভি. স্বাস্থ্য কর্মী গ্রামে কাজ করছে।

(খ) সি. এইচ. ভি. কর্মীদের প্রত্যেককে মাসে ৫০ (পঞ্চাশ) টাকা ভাতা দেওয়া হয়।

কলিকাতা হাইকোর্টে বিচারপতির সংখ্যা

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৭।) **শ্রীসেখ ইমাজুদ্দিন :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলিকাতা হাইকোর্টে কতজন বিচারপতি আছেন ;

(খ) তাঁহাদের নাম কি কি ; এবং

(গ) তন্মধ্যে কোন্ কোন্ জন (১) সংখ্যালঘু, (২) তফসিলী ও (৩) আদিবাসী সম্প্রদায়ভুক্ত ?

বিচার বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) প্রধান বিচারপতি সমেত সাতাশ (২৭) জন।

(খ) বিচারপতিদের নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

(গ) বিচারপতিগণের মধ্যে কেহই সংখ্যালঘু বা আদিবাসী সম্প্রদায়ভুক্ত নহেন। মাত্র একজন বিচারপতি তফসিলী সম্প্রদায়ভুক্ত।

Statement referred to in reply to Clause "Kha" of unstarred Question No. 473 (Admitted Question No. 777.)

১। বিচারপতি শ্রীতরুণকুমার বসু,
২। বিচারপতি শ্রীপ্রদ্যোতকুমার বন্দ্যোপাধ্যায়,
৩। বিচারপতি শ্রীঅনিলকুমার সেন,
৪। বিচারপতি শ্রীচিত্ততোষ মুখোপাধ্যায়,
৫। বিচারপতি শ্রীমুরারীমোহন দত্ত,
৬। বিচারপতি শ্রীপূর্ণচন্দ্র বড়ুয়া,
৭। বিচারপতি শ্রীঅরুণকুমার জানা,
৮। বিচারপতি শ্রীদীপককুমার সেন,
৯। বিচারপতি শ্রীরবীন্দ্রনাথ পাইন,
১০। বিচারপতি শ্রীবঙ্কিমচন্দ্র রায়,
১১। বিচারপতি শ্রীমানসনাথ রায়,
১২। বিচারপতি শ্রীবিমলচন্দ্র বসাক,
১৩। বিচারপতি শ্রীরামকৃষ্ণ শর্মা,
১৪। বিচারপতি শ্রীগণেন্দ্রনারায়ণ রায়,
১৫। বিচারপতি শ্রীচন্দনকুমার বন্দ্যোপাধ্যায়,
১৬। বিচারপতি শ্রীমনোজকুমার মুখোপাধ্যায়,
১৭। বিচারপতি শ্রীমতী পদ্মা খাস্তগীর,
১৮। বিচারপতি শ্রীমতী মঞ্জুলা বোস,
১৯। বিচারপতি শ্রীভবেশচন্দ্র চক্রবর্তী,
২০। বিচারপতি শ্রীমতী জ্যোতির্ময়ী নাগ,
২১। বিচারপতি শ্রীমতী প্রতিভা বন্দ্যোপাধ্যায়,
২২। বিচারপতি শ্রীননীগোপাল চৌধুরী,
২৩। বিচারপতি শ্রীঅমিতাভ দত্ত,
২৪। বিচারপতি শ্রীশচীন্দ্রনাথ সান্যাল,
২৫। বিচারপতি শ্রীসুহাসচন্দ্র সেন,
২৬। বিচারপতি শ্রীআশামুকুল পাল, এবং
২৭। বিচারপতি শ্রীজিতেন্দ্রনাথ চৌধুরী।

মেদিনীপুর জেলায় আদিবাসী ছাত্রদের পড়াশুনার জন্য অর্থ মঞ্জুর

৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২২।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের জানুয়ারি হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মেদিনীপুর জেলায় আদিবাসী ছাত্রদের বিদ্যালয়ে আবাসিক হিসাবে পড়াশুনার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত জেলায় ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কয়টি আবাসিক হস্টেল চালু করা হইয়াছে; এবং

(গ) কতজন ছাত্র উপকৃত হইতেছে?

তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১,৯৩,৫৩,৪০০·০০ (এক কোটি তিরানব্বই লক্ষ তিপান্ন হাজার চারশত টাকা)।

(খ) ৩৩৫ (তিনশত পঁয়ত্রিশটি)।

(গ) বর্তমানে ৬,০০০ (ছয় হাজার)-এর কিছু বেশী ছাত্র উপকৃত হচ্ছে।

বাঁকুড়া জেলার প্রাথমিক বিদ্যালয়ের আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য আশ্রম

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৩)। **শ্রীউপেন্দ্র কিস্কু:** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বামফ্রন্ট সরকার বাঁকুড়া জেলায় আদিবাসী শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে পড়াশুনার সুবিধার জন্য আশ্রম হস্টেল বাবদ অর্থ মঞ্জুর করেছেন;

(খ) সত্য হলে, ১৯৭৭ জুন হইতে ১৯৮১-৮২ সালের আর্থিক বৎসরের মধ্যে কোন্ সালে কত অর্থ মঞ্জুর করা হয়েছে; এবং

(গ) ১৯৮৩ সালের ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত কয়টি আশ্রম হস্টেল চালু হয়েছে?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) হ্যাঁ।

(খ) মোট বরাদ্দ অর্থের পরিমাণ ১৯৭৮—৮১—১,২৬,০০০ টাকা।

(গ) তিনটি।

বাঁকুড়া জেলায় ঝিলিমিলি ফুলকুসামা ভায়া ছেঁদাপাথর রাস্তা

৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৮)। **শ্রীউপেন্দ্র কিস্কু:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার আদিবাসী অধ্যুষিত ও শহীদ ক্ষুদিরামের বিপ্লবী কর্মকাণ্ডের কেন্দ্রস্থল ছেঁদাপাথরের সাথে রাণীবাঁধ-ছেঁদাপাথর কিংবা ঝিলিমিলি-ফুলকুসামা ভায়া ছেঁদাপাথর পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে সাঁওতালি ভাষা শিক্ষা

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪১)। **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে সাঁওতালি ভাষা পড়ানো সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকলে, (১) ঐ বিষয়ের সার্টিফিকেট কোর্সে লেখার জন্য অলচিকি লিপি ব্যবহৃত হয় কিনা ; এবং

(২) উক্ত বিশ্ববিদ্যালয়ে সাঁওতালি ভাষায় এম. এ. কোর্স চালু করার বিষয়টি কি পর্যায়ে আছে ?

শিক্ষা (উচ্চতর)বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্নগুলি ওঠে না।

বাঁকুড়া জেলায় আবাসন প্রকল্প

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় আবাসন প্রকল্পগুলি আজ পর্যন্ত কার্যকরী না হবার কারণ কি ;

(খ) বাঁকুড়া, বিষ্ণুপুর এবং সোনামুখী পৌর এলাকায় আবাসন প্রকল্পের জন্য কি পরিমাণ জমি সংগ্রহ করা হয়েছে ; এবং

(গ) উক্ত জমি খণ্ড করে কাঠা প্রতি কত বিক্রয় দর ধার্য করা হয়েছে ?

আবাসন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) বাঁকুড়া জেলায় আবাসন প্রকল্পগুলি আজ পর্যন্ত কার্যকরী হয় নি একথা সঠিক নয়। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যে, বাঁকুড়া

শহরে ইতিপূর্বেই ১৬০টি ফ্ল্যাট তৈরী করা হয়েছে এবং বর্তমানে ৫৪টি ফ্ল্যাটের নির্মাণ কার্য দ্রুত সমাপ্তির পথে এগিয়ে চলেছে। এছাড়া আরো ১৩২টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প অনুমোদনের প্রশ্ন বিবেচনাধীন আছে।

(খ) বাঁকুড়া পৌর এলাকায় প্রায় ৯.৬৩ একর জমি আবাসন প্রকল্পের জন্য সংগ্রহ করা হয়েছে, কিন্তু বিষ্ণুপুর ও সোনামুখীতে এজন্য এ পর্যন্ত কোন জমি সংগ্রহ করা হয় নি।

(গ) অধিকৃত জমি খণ্ড করে সাধারণের মধ্যে বিক্রয় করার কোন পরিকল্পনা সরকারের নেই। সংগৃহীত জমি সরকারী কর্মচারীদের আবাস নির্মাণের কার্যে ব্যবহৃত হবে।

বারাসতে হাড্‌কোর সহযোগিতায় গৃহনির্মাণ

৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭০।) **শ্রীসরল দেবঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বারাসতে হাড্‌কোর সহযোগিতায় গৃহনির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কি ভাবে তাহা কার্যকরী হবে?

আবাসন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

বারাসতের অন্তর্গত গঙ্গানগর ২ নম্বর কলোনীর রাস্তাঘাটের উন্নয়ন

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭১।) **শ্রীসরল দেবঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসতের অন্তর্গত গঙ্গানগর ২ নম্বর কলোনীর রাস্তাঘাটের উন্নয়নের জন্য কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা; এবং

(খ) মঞ্জুর করা হইয়া থাকিলে, উক্ত কাজ শুরু না হওয়ার কারণ কি?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) উক্ত রাস্তাটি পূর্ত (সড়ক) বিভাগের অন্তর্ভুক্ত নয়। স্বাভাবিক ভাবেই অর্থ মঞ্জুরের প্রশ্ন আসে না।

উত্তরবঙ্গ স্টেট্ ট্রান্সপোর্ট-এর সচল এবং অচল বাস

৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৩।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৮২ সালের ৩১শে মার্চ তারিখে উত্তরবঙ্গ স্টেট্ ট্রান্সপোর্ট-এর কতগুলি বাস সচল ও কতগুলি বাস অচল ছিল ; এবং

(খ) গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে ঐ সংস্থায় কত টাকা লাভ বা লোকসান হয়েছে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২ সালের ৩১শে মার্চ তারিখে উত্তরবঙ্গ স্টেট্ ট্রান্সপোর্ট-এর ৩৭৬টি বাস সচল ও ৩৯টি বাস অচল ছিল।

(খ) সুদ ও অপচয় বাদে ঐ সংস্থায় ১৯৮০-৮১ সালে ২২৩.৭১ লক্ষ টাকা এবং ১৯৮১-৮২ সালে ২৯৯.৪১ লক্ষ টাকা লোকসান হয়েছে।

কলিকাতা ট্রাম কোম্পানীতে লাভ বা লোকসান

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৪।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা ট্রাম কোম্পানীতে গত ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে কত টাকা লাভ বা লোকসান হয়েছে ; এবং

(খ) ১৯৮২ সালের ডিসেম্বর মাসে গড়ে দিনে কতগুলি ট্রাম রাস্তায় চলাচল করেছে এবং কতগুলি ট্রাম অচল অবস্থায় ছিল ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮০-৮১ সালে লোকসানের পরিমাণ ৮৪৬.৪৪ লক্ষ টাকা এবং ১৯৮১-৮২ সালে লোকসানের পরিমাণ ৯৬৫.৮২ লক্ষ টাকা।

(খ) ডিসেম্বর মাসে গড়ে দিনে ৩১৫টি ট্রাম রাস্তায় চলাচল করেছে এবং গড়ে প্রতিদিন ৬৫টি ট্রাম অচল অবস্থায় ছিল।

কলিকাতার হাজী মহম্মদ মহসীন পার্কের সংস্কার

৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৫।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার হাজী মহম্মদ মহসীন পার্কটি গত কয়েক বৎসর যাবদ সংস্কার করা হয় নি ;

(খ) সত্য হইলে, উক্ত পার্কটির সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কবে নাগাদ উক্ত পার্কটির সংস্কারের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) ইহার জন্য ইতিমধ্যে কোন অর্থ বরাদ্দ করা হইয়া থাকিলে তাহার পরিমাণ কত?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এ বিষয়ে সরকারের নিজস্ব কোন পরিকল্পনা নেই। কলিকাতা পৌরসভা উক্ত পার্কটি সংস্কারের পরিকল্পনা গ্রহণ করেছে।

(গ) পরিকল্পনা অনুযায়ী ইতিমধ্যেই সংস্কারের কাজ শুরু করা হয়েছে।

(ঘ) পার্কটি সংস্কারের জন্য তিন লক্ষ তিয়াত্তর হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

সর্ট কোর্স মেডিক্যাল ট্রেনিং

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪১।) **শ্রীসেখ ইমাজুদ্দিনঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কতগুলি সর্ট কোর্স মেডিক্যাল ট্রেনিং পড়াবার জন্য কলেজ স্থাপিত হয়েছে; এবং

(খ) সি. এম. এস. পাশ করা ডাক্তারদের আই. এম. এ. কর্তৃক স্বীকৃতি দেওয়ার কোনও পরিকল্পনা আছে কিনা?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ছয়টি 'ইন্সটিটিউট অফ কম্যুনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স' স্থাপিত হয়েছে।

(খ) এ ব্যাপারে আই. এম. এ.-এর স্বীকৃতির প্রয়োজন হয় না।

অস্থায়ী পারমিট-এর জন্য অর্থ বৃদ্ধির হার

৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৯।) **শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাসভাড়া বৃদ্ধির সাথে সাথে বিভিন্ন জেলায় বা জেলার বাহিরে ভ্রমণের ক্ষেত্রে অস্থায়ী পারমিট (টি. পি.) দেবার ক্ষেত্রে বাস মালিকরা যে অর্থ সরকারকে দেয় তা বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) (ক) অংশের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত অর্থ বৃদ্ধির হার কিরূপ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) অস্থায়ী পারমিট-এর পরিমাণের হার বৃদ্ধির কোন পরিকল্পনা আপাততঃ সরকারের নেই।

(খ) উপরের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

হাওড়া পৌরসভায় কর্মচারীদের ধর্মঘট

৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৬।) **শ্রীঅশোক ঘোষঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া পৌরসভায় ১৯৮০ সালের ২১শে জুন হইতে ১১ই আগস্ট অবধি পৌর কর্মচারীদের ধর্মঘটের পর কর্তৃপক্ষের সঙ্গে সংগ্রাম কমিটির একটি চুক্তি হয়; এবং

(খ) সত্য হইলে উক্ত ধর্মঘটের দিনগুলির জন্য পৌর কর্মচারীদের বেতন কাটার কোন শর্ত ছিল কিনা?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হাওড়া পৌর কর্মচারীদের একাংশ ২০-৬-৮০ (২১-৬-৮০ নয়) হইতে ১১-৮-৮০ পর্যন্ত ধর্মঘট করেন এবং ধর্মঘটের পরে ১১-৮-৮০ তারিখে হাওড়া পৌর কর্তৃপক্ষ এবং হাওড়া পৌর কর্মচারী সংগ্রাম কমিটির মধ্যে একটি সেটেলমেন্ট হয়।

(খ) উক্ত সেটেলমেন্টের ৮ নং শর্ত অনুযায়ী ধর্মঘটীদের ধর্মঘটকাল "নো ওয়ার্ক নো পে" হিসাবে গণ্য।

মানিকচক হইতে ময়নাপুর পর্যন্ত বাস চালাইবার পরিকল্পনা

৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৮।) **শ্রীযোথীলাল মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মানিকচক কেন্দ্রে মানিকচক হইতে ময়নাপুর মোড় পর্যন্ত বাস চালাবার পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাদ উহা চালু হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মালদহ জেলার মানিকচক থেকে ময়নাপুর মোড় পর্যন্ত বাস চালাবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নেই।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

মালদহ শহর হইতে পঞ্চানন্দপুর পর্যন্ত বাস চলাচল বন্ধ

৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৯।) **শ্রীযোখীলাল মণ্ডলঃ স্বরাষ্ট্র** (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলায় মালদহ শহর হইতে পঞ্চানন্দপুর (কালিয়াচক থানায় অবস্থিত) পর্যন্ত রুটের বাস বেশ কিছুদিন যাবৎ বন্ধ আছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, এর কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ উক্ত বাসটি পুনরায় চালু হইবে বলিয়া আশা করা যায় ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) মালদা শহর থেকে পঞ্চানন্দপুর রুটে বাস নিয়মিত চলাচল করছে।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

কায়াখেতি গ্রাম পঞ্চায়েতে ক্ষুদ্র সেচের জন্য বিদ্যুৎ সরবরাহ

৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৩।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১ নং ব্লকের ৫ নং কায়াখেতি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন গ্রামে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির জন্য বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা করা হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের অফিস-গুলিতে গ্রামীণ বৈদ্যুতীকরণের ব্লকওয়ারী অথবা গ্রাম পঞ্চায়েতওয়ারী পরিসংখ্যান রাখা হয় না।

আলিপুরদুয়ার থানায় গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশন কর্তৃক অনুমোদিত দুইটি ক্ষুদ্র সেচ ভিত্তিক গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্প চালু রহিয়াছে। এই দুইটি প্রকল্পের অন্তর্ভুক্ত এলাকায় কোন ক্ষুদ্র সেচ প্রকল্প থাকিলে সেই স্থানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা যাইতে পারে। এই প্রকল্পগুলির অন্তর্ভুক্ত কায়াখেতি মৌজাটি (জে. এল. নং ৭৪) ১৯৮২ সালের মার্চ মাসে বৈদ্যুতীকৃত হইয়াছে।

(খ) উপরোক্ত প্রকল্প দুইটি গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশন কর্তৃক ১৯৭৯-৮০ আর্থিক বৎসরে অনুমোদিত হইয়াছিল এবং ইহাদের রূপায়ণের কাজ চলিতেছে।

গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশনের নিয়ম অনুযায়ী প্রকল্পগুলি পাঁচ বৎসরের মধ্যে সম্পূর্ণ হওয়ার কথা।

জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার হইতে শালকুমার হাট রুটে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের বাস

৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৫।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার হইতে শালকুমার হাট রুটে 'উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম'-এর কোন বাস ১৯৭৮ হইতে ১৯৮২ সালের মধ্যে দেওয়া হইয়াছিল কিনা;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে বাসটি আজ পর্যন্ত চালু আছে কিনা; এবং

(গ) না থাকিলে, শীঘ্রই বাসটি চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) শালকুমার হাটে রাত্রি যাপনের একটি আবাস স্থল পাওয়া গেলে ঐ রুটে বাস চলাচল করিতে পারে।

জলপাইগুড়ি জেলায় বিধবাভাতা প্রাপকের সংখ্যা

৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৩।) **শ্রীমোহনলাল ওঁরাওঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিধবাভাতা চালু হবার পর থেকে ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত জলপাইগুড়ি জেলায় মোট কত জন বিধবাভাতা পেয়েছেন;

(খ) উক্ত জেলায় কোন্ ব্লকে কতজন বিধবাভাতা পেয়েছেন; এবং

(গ) বিধবাভাতা দানে প্রশাসনিক দীর্ঘসূত্রতার কোন অভিযোগ সরকার পেয়েছেন কি?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১২৯ জন।

(খ)

ব্লক				প্রাপকের সংখ্যা
১। রাজগঞ্জ	—	—	—	১১ জন

ব্লক				প্রাপকের সংখ্যা
২। জলপাইগুড়ি সদর		—	—	১৭ জন
৩। ময়নাগুড়ি	—	—	—	১৬ জন
৪। মাল	—	—	—	১৫ জন
৫। মাতিয়ালি	—	—	—	৪ জন
৬। নাগরাকাটা	—	—	—	৫ জন
৭। ধূপগুড়ি	—	—	—	১৪ জন
৮। ফালাকাটা	—	—	—	৫ জন
৯। কালচিনি	—	—	—	৯ জন
১০। আলিপুরদুয়ার-১		—	—	১০ জন
১১। আলিপুরদুয়ার-২	—	—	—	৭ জন
১২। কুমারগঞ্জ	—	—	—	৬ জন
১৩। জলপাইগুড়ি মিউনিসিপাল এরিয়া			—	১০ জন
				১২৯ জন

(গ) না।

জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার সারদেন্দুনগর কলোনীতে গভীর নলকূপ বসানোর পরিকল্পনা

৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৪।) **শ্রীপুনাই ওঁরাও:** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার সারদেন্দুনগর কলোনীতে কৃষি সেচের জন্য গভীর নলকূপ বসানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, এ বৎসরই (১৯৮৩-৮৪) কি উক্ত প্রকল্পের কাজ আরম্ভ হইবে?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) আপাততঃ নেই।

(খ) প্রশ্ন উঠে না।

শিলিগুড়ি-জলপাইগুড়ি ডেভেলপমেণ্ট অথরিটি সংস্থা

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৬।) **শ্রীতারকবন্ধু রায়:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে 'শিলিগুড়ি-জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি' নামক কোন্ সংস্থা আছে কি ;

(খ) থাকিলে—

(১) উক্ত সংস্থার জন্য ১৯৮০-৮১ হইতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত সময়ে কোন্ খাতে কত টাকা খরচ হইয়াছে ; ও

(২) ঐ সংস্থা এ পর্যন্ত কি কি কাজ করিয়াছেন ; এবং

(গ) বর্তমানে উক্ত সংস্থায় কতজন সদস্য আছেন ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১)—

খাতে	খরচ (টাকা)		
	১৯৮০-৮১	১৯৮১-৮২	১৯৮২-৮৩
সংস্থা পরিচালনা, কর্মচারীদের বেতন ইত্যাদি	৮,১৭,১০৮	১২,০০,০০০	১২,০০,০০০
উন্নয়ন কাজে	৩০,০০,০০০	৭৫,০০,০০০	৬০,০০,০০০

(২) রাস্তা নির্মাণ ও মেরামতির কাজ, শ্মশানঘাট নির্মাণ, বাস স্ট্যাণ্ড তৈয়ারী, শিশু উদ্যান তৈয়ারী, পাকা নালা তৈয়ারী, পুল নির্মাণ, বাজার নির্মাণ, ছাত্রদের জন্য হেল্‌থ হোম নির্মাণ, কম্যুনিটি হল নির্মাণ ইত্যাদি কাজ এ পর্যন্ত ঐ সংস্থা সম্পূর্ণ করিয়াছেন বা আরম্ভ করিয়াছেন।

(গ) ১৩ জন।

রিলিফ দপ্তরের অধীন চেকিং কমিটি

৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৫) **শ্রীনীরোদ রায় চৌধুরীঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রিলিফ দপ্তরের অধীন চেকিং কমিটি কাদের নিয়ে গঠিত ; এবং

(খ) ঐ কমিটির কাজ কি কি ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়াঃ (ক) সরকারী ও বেসরকারী সদস্যদের নিয়ে একটি চেকিং কমিটি গঠিত হয়েছে।

(খ) পারচেজ বোর্ডের প্রদত্ত নমুনা অনুসারে ত্রাণের কাজে যে-সব দ্রব্যসামগ্রী ক্রয় করা হবে তার পরীক্ষা-নিরীক্ষা এবং সময়ে সময়ে মজুত ও প্রেরিত দ্রব্যের পরীক্ষা-নিরীক্ষা করার কাজ এই কমিটির উপর দেওয়া হয়েছে।

সি. এম. ডি. এ. এলাকাভুক্ত গ্রাম পঞ্চায়েতে ফ্যাব্রিকেটেড্ ল্যাট্রিন নির্মাণ

৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১২২।) **শ্রীরাজকুমার মণ্ডলঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সি. এম. ডি. এ. এলাকাভুক্ত গ্রাম পঞ্চায়েতে ফ্যাব্রিকেটেড ল্যাট্রিন নির্মাণ কার্য বর্তমানে বন্ধ আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ইহা চালু হবে বলে আশা করা যায় এবং কোন্ কোন্ গ্রাম পঞ্চায়েতে তাহা কার্যকরী হবে?

মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) ১৯৮২-৮৩ সালের কর্মসূচীর অন্তর্ভুক্ত যে-সমস্ত ফ্যাব্রিকেটেড ল্যাট্রিনের কাজ এখনও অসমাপ্ত কেবলমাত্র সেগুলি নির্মাণের কাজই বর্তমান আর্থিক বৎসরে চলিতেছে। এই প্রকল্পে নূতন কোন আবেদন গ্রহণের পরিকল্পনা নেই।

অনার্স এবং পাশ কোর্সে ভর্তির জন্য তফসিলী ও আদিবাসী ছাত্রদের আসন সংরক্ষণ

৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৩।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কলেজগুলিতে ভর্তির জন্য অনার্স এবং পাশ কোর্সে ছাত্র ভর্তির ব্যাপারে তফসিলী ও আদিবাসী ছাত্রদের আসন সংরক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে, এই সংরক্ষণের শতকরা হার কত?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) প্রতিটি কলেজে শতকরা ১৫টি আসন তফসিলী ছাত্রদের জন্য ও শতকরা ৫টি আসন আদিবাসী ছাত্রদের জন্য সংরক্ষিত আছে।

পশ্চিমবঙ্গে অনুমোদিত ডিগ্রী কলেজের সংখ্যা

৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৪।) **শ্রীনীহারকুমার বসু** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮১-৮২ সাল পর্যন্ত সময়ে কতগুলি ডিগ্রি কলেজ অনুমোদন লাভ করেছে; এবং

(খ) উক্ত কলেজগুলির মধ্যে কতকগুলি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯টি সাধারণ কলেজ এবং ১টি ট্রেনিং কলেজ।

(খ) কোন সাধারণ কলেজ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত নয়। তবে ট্রেনিং কলেজটি (বি. এড.) সরকারের উদ্যোগে স্পনসর্ড হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে।

পুরুলিয়া জেলায় এগ্রি-ইরিগেশন সাবডিভিশন

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৪।) **শ্রীকমলাকান্ত মাহাতোঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ১৯৭৭-৭৮ সাল হতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত (২৮-২-৮৩) এগ্রি-ইরিগেশনের কয়টি সাবডিভিশন কোথায় কোথায় অনুমোদন করা হয়েছে ;

(খ) এই সাবডিভিশনগুলি তার নির্দিষ্ট স্থানে কাজ শুরু করেছে কিনা ; এবং

(গ) না করে থাকলে, কবে থেকে কাজ শুরু করবে বলে আশা করা যায় ?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) চারিটি। পুরুলিয়া সদরে ছুইটি, ঝালদায় একটি এবং রঘুনাথপুরে একটি।

(খ) পুরোদমে কাজ শুরু হয় নি। আধিকারিক (সহ-বাস্তুকার) পদসমূহ ছাড়া অন্য পদগুলিতে কর্মচারী নিযুক্ত হলে পুরোদমে কাজ শুরু হবে।

(গ) ২/৩ মাসের মধ্যে পুরোদমে কাজ শুরু হবে আশা করা যায়।

স্নাতকোত্তর পর্যন্ত অবৈতনিক শিক্ষা

৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩১।) **শ্রীবিভূতিভূষণ দেঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্নাতকস্তর পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) তাহা কতদিনে রূপায়িত হবে ; ও

(২) এর জন্য বার্ষিক কত টাকা প্রয়োজন হবে ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে এরকম কোন পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন উঠে না।

মৎস্যজীবীদের জন্য জলকর

৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৭।) **শ্রীঅবিনাশ প্রামাণিকঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সরকারী খাস জলকরগুলি প্রকৃত মৎস্যজীবীদের দেওয়ার কোন পরিকল্পনা আছে কি ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ খাস জলকরগুলি ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের অধীনে আছে। এই জলকরগুলি বন্টনের কাজ জেলায় অতিরিক্ত জেলা সমাহর্তার মাধ্যমে হইয়া থাকে।

বন্টনের সময় মৎস্যজীবীদের সমবায় সমিতিগুলির প্রকৃত মৎস্যজীবীদের অগ্রাধিকার দেওয়া হইয়া থাকে।

Adjournment Motions

Mr. Deputy Speaker : I have received one notice of adjournment Motion today.

It comes from Shri Kashinath Misra, which deals with uncertainty prevailing in the field of higher education in West Bengal. This is not a fit case which merits treatment of adjourment Motion.

The member may raise the matter today during discussion on the Appropriation Bill.

I, therefore, withheld my consent to the above motion.

The member may, however, read out the text of the motion, as amended.

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাবটি মুলতুবী করার জন্য আপনার মাধ্যমে এই সভায় রেখেছিলাম, দুঃখের বিষয় সেটা গ্রহণ করা হয় নি। প্রস্তাবটি হলঃ জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবাংলার ৩২৪টি কলেজে অধ্যাপক পদে সরকার নিয়োগ করতে ব্যর্থ হয়েছেন। দুর্গাপুর, টাকি, কোচবিহার, ঝাড়গ্রাম প্রভৃতি খাস সরকারী কলেজে অধ্যক্ষ দীর্ঘদিন ধরে নেই। প্রশাসনিক গাফিলতির ফলস্বরূপ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৮২ সালে আটকে থাকা পরীক্ষার ফলাফল আজ পর্যন্ত প্রকাশিত হয় নি। প্রায় ৭ হাজার ছাত্র-ছাত্রী (বি. এ., বি. এস.-সি., বি. কম.) প্রতিদিনই বিশ্ববিদ্যালয়ের চত্বরে হতাশাগ্রস্ত হয়ে ঘুরে বেড়াচ্ছেন।

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker : I have received only one Notice of Calling Attention on the subject of missing of machinery parts of Dental Department in the SSKM Hospital given by Shri Kashinath Misra, Shri Ahoke Ghosh and Dr. Manas Bhunia, MLAs.

মিঃ ডেপুটি স্পীকার ঃ আপনি কি ষ্টেটমেন্ট দেবেন কলিং এ্যাটেনশনের রিপ্লাইয়ে? না কালকে দেবেন। কালকে তো হাউস আছে, স্পেশাল কেস কনসিডার করা হবে।

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ হ্যাঁ, কালকেই দেওয়া হবে।

Mr. Deputy Speaker : Now I call upon the Minister-in-charge of Home (Transport) Department to make a statement on the subject of boat disaster in the Ganga resulting in death of many passengers.

শ্রীরবীন মুখার্জী ঃ স্যার, গঙ্গার বুকে সাধারণতঃ পারাপারের জন্য ষ্টীম ও মোটর চালিত লঞ্চ এবং নৌকা ব্যবহার করা হয়। শহর থেকে দূরে গঙ্গা ও অন্যান্য নদী পারাপারের জন্য ঘাট আছে এবং ঐ সব ঘাট যারা ইজারা নেন, তাঁরাই যাত্রী পারাপার করেন।

পরিবহণ দপ্তর বাষ্প ও মোটরচালিত লঞ্চগুলির নিয়ন্ত্রণ করার অধিকারী। এই ধরনের লঞ্চগুলি আগেই ব্যবহার করার উপযুক্ত কিনা বা কোন লঞ্চ কতজন যাত্রী নিরাপদে পারাপার করতে পারে তা নির্দেশ করার ব্যবস্থা এই বিভাগের আছে। এই সমস্ত লঞ্চ কিরকম ব্যবস্থাপনায় চলতে পারবে তারও নিয়মকানুন আছে। কিন্তু ইদানীং কালে বিভিন্ন স্থানে বিশেষ করে সুন্দরবন অঞ্চলে একই ধরনের মোটর-চালিত নৌকা খুব বেশী ব্যবহার হচ্ছে এবং এগুলিকে স্থানীয় লোকে 'ভুটভুটি' বলেন।

এই 'ভুটভুটি'গুলি যদিও সংজ্ঞা অনুযায়ী মোটরচালিত নৌকা, তবুও কতগুলি আইনগত ও ব্যবহারিক অসুবিধার জন্য এগুলিকে ইনল্যাণ্ড ভেসেলস্ এ্যাক্ট-এর আওতায় নিয়ন্ত্রণ এ যাবৎ করা যাচ্ছে না।

সাধারণ কাঠের নৌকা পরীক্ষা করে এগুলি যাত্রীবহন করতে সক্ষম কিনা বা কতজন ঐ নৌকায় একসঙ্গে পারাপার করতে পারবে এ বিষয়ে প্রশংসাপত্র দেবার কোনরকম বিধি-ব্যবস্থা বর্তমানে নেই। এই বিধি-ব্যবস্থার অভাবে পুলিশ ও

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষেও এগুলির উপর কোনরকম নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য হচ্ছে। এই বিষয়গুলি নিয়ে অধুনা চিন্তা-ভাবনা শুরু হয়েছে এবং কিভাবে এই বিষয়গুলি নিয়ন্ত্রণে আনা যায় তা পরীক্ষা করে দেখা হচ্ছে। অতি সম্প্রতি ইনল্যাণ্ড ভেসেলস্ এ্যাক্টের বিস্তৃত সংশোধনের প্রয়োজন হওয়ায় কেন্দ্রীয় সরকার এই বিষয়ে পরীক্ষা-নিরীক্ষার জন্য একটি বিশেষ কমিটি গঠন করেছেন। এই কমিটিতে আমাদের বিভাগের প্রতিনিধি আছেন এবং আমাদের বিস্তারিত মতামত এই কমিটির কাছে যথা সময়ে রাখা হবে।

Shri Patitpaban Pathak : Sir, with your kind permission, in response to the calling attention notice tabled by Shri Satya Ranjan Bapuli, MLA, regarding alleged setting of fire and attrocities on a Congress (I) candiadte for the ensuing Panchayat Election, I rise to make the following statement.

An wild and unfounded allegation has been sought to be raised by way of calling attention notice. No specific instance has been cited. However, I wish to state that there has been no such incident of assault on and arson to the house of a Congress candidate for Panchayat Eelection.

স্যার, একটি বিষয়ে বলি। এই নোটিশ কি রকমভাবে এসেছে ?—"একজন কংগ্রেস (আই)-র বাড়ীতে আগুন লাগান হয়েছে।" সেই একজনের বাড়ী পশ্চিমবঙ্গে, বিহারে না ভারতবর্ষের বাইরে তা বোঝা গেল না। এসব দায়িত্ব এড়ানো প্রশ্নে শুধু সময় নষ্ট হয় এবং বোঝা যাচ্ছে যে-সমস্ত প্রশ্ন ওঁরা করছেন তা কত ভিত্তিহীন।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ষ্টেটমেন্ট এবং বক্তৃতা এক সঙ্গে চলে ? উনি ষ্টেটমেন্টের সঙ্গে বক্তৃতাও দিলেন। এইভাবে বলা চলে ? মিনিমাম নর্মসটা উনি মেনে চলবেন তো ?

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী তাঁর বিবৃতি দেবার পর যে অংশটুকু বললেন, এটাও তাঁর বিবৃতিরই অংশ। কাজেই এটা বৈধ।

Shri Santi Ranjan Ghatak : With reference to the Calling Attention Notice tabled by Shri Sachin Sen, M.L.A., regarding the alleged murder of Panchanan Kar, a CPI (M) supporter and a member of Panchayat Samity of Anchal No. 6/2 of Gourhati, P.S. Kharagpur (Local), Midnapore, on 18.4.83 by some unknown miscreants, I rise to given the following statement.

2. On 18.4.83, at about 01.00 hrs. about 20/26 miscreants, armed with

deadly weapons, raided the house of Panchanan Kar, son of late Narendra Kar of village Gourhati, P.S. Kharagpur (Local), Dist. Midnapore. On hearing some noise Panchanan Kar focussed his torch light when the raiders abused him and threatened to kill him. Simultaneously, they forced open the bamboo door by an axe and kept the wife of Shri Kar away at the point of dagger and chased Panchanan Kar to the adjoining room, assaulted him there with sharp cutting weapons and shot him dead They also ransacked the room and took away one pair of gold bangles, one gold necklace, one gold ring, two pairs of gold ear-rings, one camera, one fishing net, some utensils and clothings. The miscreants threatened the eldest son of the deceased when he tried to come out from his room He, however, managed to get out of the room from behind and raised an alarm. Something like acid was thrown towards the mother of the deceased when she came out, causing blisters on her right hand. The raiders retreated through the field.

3. Shri Panchanan Kar was returned to Paparara Anchal from Shyamchak Gram Sabha during the last Panchayat Elections on CPI ticket. He later joined the CPI (M) in 1979 and was given nomination by CPI (M) for contesting the ensuing Panchayat Elections from the same Gram Sabha.

4. In this case, one Ahin Majhi s/o late Jatindra Majhi, a noted criminal of the area, has been arrested and forwarded to the Court by the Local Police. The deceased was reportedly instrumental in the arrest of Ahin Majhi and subsequent recovery of a gun from Ahin's possession in 1973. It may also be mentioned in this connection that Ahin Majhi was arrested from the house of a local influential Congress (I) leader where he (Ahin Majhi) used to live.

5. Over the incident Kharagpur P S. (Local) started a case on 18.4.83. Investigation is proceeding

Mr. Deputy Speaker : The Minister-in-charge of Power Department will please make a statement on the subject of prolonged power failure for the last two days in the State, attention called by Shri Ashok Ghosh on the 21st April, 1983.

[2.10—2.20 P. M]

শ্রীপ্রবীর সেনগুপ্ত : গত তুদিন ধরে পশ্চিমবঙ্গের সর্বত্র ব্যাপকভাবে লোড-শেডি-এর ফলে জনজীবন বিপর্যস্ত হওয়ার অভিযোগ অংশতঃ সত্য। গত ১৯শে এপ্রিল ১৯৮৩ সালে কলিকাতা ও সন্নিহিত শিল্পাঞ্চলে সকালের দিকে ৫৫ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি ছিল। এই সময়ে রাজ্য বিদ্যুৎ পর্যদের দক্ষিণবঙ্গে ঘাটতির পরিমাণ ছিল ৪৮ মেগাওয়াট। ঐদিন সন্ধ্যার সর্বোচ্চ চাহিদার সময় কলিকাতায় ঘাটতি

ছিল ১৩০ মেগাওয়াট এবং বিদ্যুৎ পর্ষদ অঞ্চলে ঘাটতি ছিল ৪৯ মেগাওয়াট। সন্ধ্যায় কলিকাতা অঞ্চলে ঘাটতি বৃদ্ধির প্রধান কারণ উত্তরাঞ্চল বিদ্যুৎ পর্ষদের নিকট গত কয়েকদিন যাবৎ যে বিদ্যুৎ সাহায্য হিসাবে এই রাজ্যে দেওয়া হয়েছিল তা সন্ধ্যা ৬টা থেকে বন্ধ হয়ে যায়। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য ঐদিন সকালে উত্তরাঞ্চল থেকে ৫০ মেগাওয়াট বিদ্যুৎ সাহায্য হিসাবে পাওয়া যায়। তাছাড়া ডি. ভি. সি.-ও সন্ধ্যাবেলা মাত্র ২৩ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করে। দুর্ভাগ্যক্রমে সাঁওতাল-ডিহির একটি ইউনিটে কোল মিলের গণ্ডগোলের দরুন ১৯ তারিখে সন্ধ্যা ৮টায় বন্ধ করে দিতে হয়। উত্তরাঞ্চল থেকে সাহায্য না আসা, ডি. ভি. সি. থেকে মাত্র ৩২ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ এবং সাঁওতালডিহির একটি ইউনিট বন্ধের দরুন ২০ তারিখ সকালে কলিকাতায় বিদ্যুৎ ঘাটতি বৃদ্ধি পেয়ে ১৮০ মেগাওয়াট দাঁড়ায়। ঐ সময় বিদ্যুৎ পর্ষদ অঞ্চলে ঘাটতির পরিমাণ ছিল ৮১ মেগাওয়াট। অবশ্য সন্ধ্যায় সর্বোচ্চ চাহিদার সময়ে ঐ ঘাটতি কমে যথাক্রমে ১৩২ মেগাওয়াট ও ৬০ মেগাওয়াটে দাঁড়ায়। সাঁওতালডিহি বন্ধ ইউনিটটি ২১ তারিখ সকালে চালু করা হয়েছে এবং কোল মিল মেরামত করে সেখানে উৎপাদন বাড়ানোর প্রচেষ্টা চলছে। ব্যাণ্ডেল এবং সি. ই. এস. সি.'র উৎপাদন বাড়িয়ে এবং দুর্গাপুর থেকে ৬০ মেগাওয়াট মত বিদ্যুৎ কলকাতায় সরবরাহ করে ঘাটতি যথাসম্ভব কম করবার চেষ্টা করা হয়েছে। ডি. ভি. সি'র সরবরাহ কিছু বেড়েছে। ফলে ২১ তারিখে সকালে কলিকাতায় বিদ্যুৎ ঘাটতি ১১০ মেগাওয়াট সীমাবদ্ধ ছিল এবং বিদ্যুৎ পর্ষদ অঞ্চলে ৫০ মেগা-ওয়াটে সীমাবদ্ধ ছিল। সন্ধ্যায় এই ঘাটতি আরও কম হয়ে ৭৭ মেগাওয়াট ও ৩৬ মেগাওয়াট হবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ করা যেতে পারে যে, বর্তমানে উত্তরবঙ্গে লোডশেডিং নেই বললেই চলে। সুতরাং পশ্চিমবঙ্গে সর্বত্র জনজীবন বিপর্যস্ত হওয়ার অভিযোগ নিছক অপপ্রচার মাত্র।

মিঃ ডেপুটি স্পীকারঃ আবদুল মান্নান সাহেব একটা কলিং এ্যাটেনশন দিয়েছিলেন যার উত্তর এগ্রিকালচার মিনিস্টার বলেছিলেন ২৫ তারিখে দেবেন। কিন্তু ২৫ তারিখে হাউস থাকছে না বলে আজকে তিনি স্টেটমেন্ট করতে চাইছেন।

I now call upon the Minister of Agriculture, Shri Kamal Kanti Guha to make a statement on the subject of deplorable Condition of Jute Cultivators in North Bengal for want of Jute seeds.

(Attention Called by Shri Abdul Mannan, M. L. A. on the 8th April, 1983)

সাধারণতঃ ঐ ২ হাজার ৫০০ টন বীজের মধ্যে কৃষকরা নিজেদের উৎপাদিত বীজের থেকেই প্রায় ১ হাজার ৫০০ টন বীজ ব্যবহার করে থাকেন, আর ১ হাজার

টন বীজ অন্যান্য রাজ্য থেকে বিভিন্ন ডীলারের মাধ্যমে ও সরকারি বীজ খামারে উৎপাদিত বীজ থেকে কৃষকদের মধ্যে সরবরাহ করা হয়। কিন্তু গত বৎসরে অভূত-পূর্ব খরার ফলে পশ্চিমবঙ্গে তো বটেই, সারা ভারতে পাট চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে, যার ফলে কৃষকরা সাধারণতঃ যে বীজ সঞ্চয় করেন, তা করতে পারেন নি। আমরা মনে করেছিলাম ঐ বৎসর কৃষকরা প্রায় ১ হাজার টনের মত পাটবীজ সংরক্ষণ করতে পেরেছেন, আর আমাদের ১ হাজার ৫০০ টনের মত বীজ বাইরে থেকে আনার ব্যবস্থা করা হবে। যতদূর খবর আমরা পেয়েছি তাতে দেখা যাচ্ছে যে, আজ পর্যন্ত ৯শত ২৯ টন পাট বীজ সরকারি কৃষি খামার ও অন্যান্য রাজ্য থেকে জোগাড় করে আনা সম্ভব হয়েছে। এর মধ্যে ৬ শত ১০ টন ৫০০ কেজি উত্তর-বঙ্গের জেলাগুলিতে পাঠানো হয়েছে। এবারে ধরা হয়েছে মোট বীজের প্রয়োজনের প্রায় ৪৩ শতাংশ বীজ কৃষকরা নিজেদের উৎপাদিত বীজ থেকেই ব্যবহার করবেন। সেই হিসাবে উত্তরবঙ্গের ৫টি জেলায় ১ হাজার ৬৫ টন বীজের মধ্যে ৬ শত ১৭ টন ৫০০ কেজি যা উত্তরবঙ্গে পাঠানো হয়েছে এবং কৃষকদের নিজেদের উৎপাদিত বীজ (৪৩ শতাংশ হিসাবে ধরে) ৪ শত ৩০ টন—মোট ১ হাজার ৪৭ টন ৫০০ কেজি বীজ ব্যবহার করা হয়েছে।

যেহেতু খরার ফলে অন্যান্য রাজ্যে বীজের অভাব আছে। সেই জন্য ন্যাশনাল সীড করপোরেশন কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা, যাঁরা আমাদের এই রাজ্যে ৫ শত টন পাট বীজ সরবরাহ করবেন বলে জানিয়েছিলেন, তাঁরা ২ শত ৯৪ টনের বেশী বীজ সরবরাহ করতে পারেন নি। রাজ্য সরকারের কৃষি খামারগুলি থেকে প্রায় ৪৫ টনের মত পাট বীজ সরবরাহ করা হয়েছে। কিছু পাটবীজ মহারাষ্ট্র থেকে পাওয়া যেতে পারে জানতে পেরে সেখানে লোক পাঠিয়ে ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশনের মাধ্যমে ৫০ টন বীজ আনিয়ে কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে।

বীজ এমনই একটা জিনিস যা ইচ্ছামত প্রয়োজন হলেই তাড়াতাড়ি উৎপাদন করে নেওয়া যায় না। রাজ্য সরকার সাধ্যমত চেষ্টা করে যতটা সম্ভব ভালো পাট বীজ সংগ্রহ করার ব্যবস্থা করেছেন, কিন্তু খরার প্রভাবে যতটা সংগ্রহ করার কথা ছিল তা সম্ভব হয় নি।

যেহেতু পাটবীজের চাহিদা পুরোপুরি মেটানো সম্ভব হচ্ছে না, সেইজন্য আমরা কৃষকদের বলছি, যেখান সেখান থেকে নিম্নমানের বীজ জোগাড় করে পাট চাষ না করে সেখানে পাটের বদলে জলদি জাতের আউস এবং বিভিন্ন সব্জীর চাষ করতে।

ভালো বীজ সরবরাহের ঘাটতির সুযোগ নিয়ে কিছু কিছু অসৎ ব্যবসায়ী

পাটবীজ চড়া দামে বিক্রি করার চেষ্টা করছেন এ খবরও আমরা পাচ্ছি। কৃষি দপ্তরের সর্বস্তরের কর্মচারীদের এই বিষয়ে লক্ষ্য রাখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সকল পরিস্থিতি বিবেচনা করে, বিশেষ করে উত্তরবঙ্গে যে পরিমাণ বীজ সরবরাহ করা সম্ভব হয়েছে তাতে মনে হয় না এ বছরে পাট চাষ উত্তরবঙ্গে খুব বেশি ব্যাহত হবে।

শ্রীকমলকান্তি গুহ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গের প্রায় ৫ লক্ষ হেক্টর জমিতে পাট চাষ হয়ে থাকে। তার মধ্যে উত্তরবঙ্গের ৫টি জেলায় প্রায় ২ লক্ষ ১০ হাজার হেক্টর। প্রতি হেক্টর জমিতে পাট বুনতে ৫ কে. জি. বীজের প্রয়োজন হয় এবং মোট পাটের জমি চাষ করতে লাগে ২ হাজার ৫০০ টন পাট বীজ। উত্তরবঙ্গের ৫টি জেলায় চাষ করতে লাগে ১ হাজার ৬৫ টন।

Mention Cases

[2.20—2.30 P. M.]

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : ডেপুটি স্পীকার মহাশয় বহরমপুর শহরে গত সপ্তাহে আর. এস. পি. নেতা মিউনিসিপ্যালিটির প্রাক্তন ভাইস-চেয়ারম্যান এবং বর্তমান কমিশনার স্বপন চ্যাটার্জী খুন হয়। ৭/৮ দিন হয়ে গেল এখনও পর্যন্ত সেই খুনের কোনো কিনারা হয় নি। বিষয়টি গভীর উদ্বেগের এই জন্য যে, বহরমপুর শহরে প্রকাশ্য রাজপথে কমপক্ষে চার জনের মৃত্যু ঘটেছে। সেখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতির এমনই অবনতি হয়েছে যে, ১৫ দিন আগে এস. পি.-র বাড়ীতে বোমা পড়েছে। সমস্ত শহর জুড়ে একটা সন্ত্রাস চলছে। সেখানে পুলিশ প্রশাসন খুনীদের ধরতে ব্যর্থ হয়েছেন। স্বপন চ্যাটার্জী বহরমপুরের অত্যন্ত জনপ্রিয় নেতা। ১৯৬৯ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সেই সন্ত্রাসের দিনগুলিতে বর্তমান মুখ্যমন্ত্রী যখন বহরমপুরে যেতেন সেই সময় তিনি তাঁর সঙ্গে থাকতেন। অর্থাৎ মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদে থাকাকালীন তাঁর পরিক্রমার সময় তিনি তাঁর পাশে থাকতেন। তখন তিনি সি. পি. এম.-এর কর্মী ছিলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর বহু ছবি আছে। বর্তমানে তাঁকে সমাজবিরোধী বলে চিহ্নিত করার জন্য একটা অপচেষ্টা চলছে বিভিন্ন মহল থেকে। অতএব সমস্ত বিষয়টি আজকে একটা বিভ্রান্তিকর অবস্থায় ফেলার চেষ্টা হচ্ছে। তিনি বিপুল ভোটে জয়ী হয়েছিলেন এবং বহরমপুরের সমস্ত মানুষের

কাছে অতিপ্রিয়। অতএব আমি দাবী জানাচ্ছি, এই খুনীদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং সেখানকার সমস্ত শান্তিপ্রিয় নাগরিকরাও তাই চাইছেন। সমস্ত পুলিশ প্রশাসন কেন নির্বাক থাকবে? কেন মানুষের কোন নিরাপত্তা থাকবে না? এই রকম যদি চলতে থাকে তাহলে সমস্ত মানুষের চলাফেরার বিপদ হয়ে যাচ্ছে। বিষয়টি হচ্ছে প্রশাসন কোথায় যাচ্ছে যে, এস. পি.-র বাড়ীতেও বোমা পড়ছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীজয়নাল আবেদিন ঃ এতবড় একটা গুরুত্বপূর্ণ জিনিস সরকার পক্ষের সদস্য তুলেছেন। সেখানে আপনি মুখ্যমন্ত্রীকে ডাকুন এই বিষয়ে তাঁর কি মত আছে। আমরা দাবী করছি এ বিষয়ে একটা আলোচনা হোক।

(গোলমাল)

শ্রীপ্রভঞ্জন মণ্ডল ঃ স্যার, গতকাল এখানে ঋষিকেশ মাইতি উল্লেখ করেছেন সাগরদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা ও কাকদ্বীপের উপর দিয়ে ঘূর্ণিঝড় বয়ে গেছে। তবে এটা গাইঘাটার মত অতটা ব্যাপক নয়। আমি এ বিষয়ে খুব একটা ডিটেলসে যাচ্ছি না। কিন্তু যেটা বলতে চাই তা হোল এখনও পর্যন্ত সরকারের তরফ থেকে এস. ডি. ও., ডি. এম., বি. ডি. ও. সেই এলাকায় যাচ্ছেন না। দক্ষিণ সাগরে বিস্তীর্ণ অঞ্চলে প্রায় এক হাজার ঘরের চাল উড়ে গেছে এবং ছোট ছোট আইল্যাণ্ডের উপর যে-সমস্ত কলোনীগুলি আছে সেখানে যে ছোট ছোট ঘরগুলি আছে তার চাল উড়ে গেছে। সেজন্য কালকে আমি ১ হাজার ত্রিপলের জন্য ঋষিকেশ বাবুর মারফত অনুরোধ করেছিলাম। এই ১ হাজার ত্রিপল যদি পাওয়া যায় তাহলে উপস্থিত এই ত্রিপলের নিচে লোকগুলি আশ্রয় পেতে পারে। আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসতীশ রায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দলের মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস যে ঘটনার কথা উল্লেখ করেছেন আমি আপনার কাছে পরিষ্কার ভাষায় বলে দিতে চাই যে, স্বপন চ্যাটার্জির শোক মিছিলের দিন এই কংগ্রেসীবন্ধুরা সেই শোক মিছিলে যারা যাত্রী ছিলেন তাঁদের উপর বোমা নিক্ষেপ করেন। আজকে তাঁরা বলছেন যে, আইন-শৃঙ্খলা নেই, আমি আপনার মাধ্যমে প্রথমে জানাতে চাই

যে বহরমপুর শহরে কংগ্রেসীরা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছে এবং তার সাথে স্থানীয় কুখ্যাত সমাজবিরোধীদের একত্রিত করে বহরমপুর শহরে আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটিয়েছে। আমরা দাবি করছি যে-সমস্ত সমাজবিরোধী স্বপন চ্যাটার্জির হত্যার সাথে জড়িত তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং কংগ্রেসীবন্ধুরা যারা বহরমপুর শহরে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করছে তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হোক এই অনুরোধ জানাচ্ছি।

Dr. Zainal Abedin : Sir, let there be an enquiry. Let there be a commission of enquiry to ascertain the law and order situation in the State with regard to the specific case alleged by Shri Jayanta Kumar Biswas. The S. P. is not safe in this State. It means a callous administration.

শ্রীউপেন্দ্র কিস্কু : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কংসাবতী আর. বি. এম. ক্যানেলের অন্তর্ভুক্ত ৩নং এবং ৪নং শাখা ক্যানেলের এলাকাভুক্ত মৌজাগুলি যে আছে সেই ৩নং এবং ৪নং শাখা ক্যানেলের কাজ সম্প্রসারিত এবং সম্পূর্ণ না হওয়ায় এগুলি মেন ক্যানেলের নিকটবর্তী এলাকা হওয়া সত্ত্বেও ডুন্দার অঞ্চলের সমস্ত মৌজা এবং সোনাগোড়া অঞ্চলের লোহামোড়া এবং ভাদ্‌লি এই দুটি মৌজা বাদ দেওয়া হয়েছে কি কারণে আমি বুঝতে পারছি না। আমি দাবি করছি সেচমন্ত্রীর কাছে যাতে অবিলম্বে এই সমস্ত মৌজাগুলিতে ক্যানেল কাটা হয় তার ব্যবস্থা করার জন্য নির্দেশ দেওয়া হোক।

শ্রীবামাপদ মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার এবং উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ, বেলঘরিয়া, যেটা গভর্নমেন্ট স্পনসর্ড পলিটেকনিক তার যে অধ্যক্ষ বা কর্তৃপক্ষ তাঁরা স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং এণ্ড টেকনিক্যাল এডুকেশান পরিচালিত ফাইনাল পরীক্ষা সংক্রান্ত কিছু গুরুতর অবৈধ অপকর্ম চালিয়ে ছিলেন। আমাদের সরকারের তরফ থেকে ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন সেই দুর্নীতির তদন্ত করেন। এমনই দুর্নীতি যে বাইরে থেকে উত্তরপত্র লিখে এনে সেটা উত্তরপত্রের মধ্যে ঢুকিয়ে দেওয়া হয় এবং যে ছেলে পরীক্ষা দিয়েছে তার নাম কেটে অন্য ছেলের নাম ঢুকিয়ে দেওয়া হয়। ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন তদন্ত করে দেখেন যে, প্রাইমা ফেসি কেস সেখানে প্রমাণ হয়েছে। এটা খুব দুঃখজনক ব্যাপার। শ্রীশ্রীরামকৃষ্ণদেব ও স্বামী বিবেকানন্দের পবিত্র নামের আড়ালে কর্তৃপক্ষ এইসব দুষ্কর্ম ক্রমগত চালিয়ে

যাচ্ছেন। ফলে শিক্ষার পবিত্রতা এবং বহু আকাঙ্ক্ষিত মূল্যবোধ ও ঐতিহ্য ধ্বংস হচ্ছে ও ছাত্রস্বার্থ সাংঘাতিকভাবে ব্যাহত হচ্ছে। সেজন্য আমি উচ্চ শিক্ষামন্ত্রীর এবং টেকনিক্যাল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই শিল্পপীঠ-এর কর্তৃপক্ষ এই সমস্ত কালিমা-লেপনকারী কাজ করে আর জাতির গৌরবকে মসীলিপ্ত করতে না পারে এবং দুই মহাপুরুষের নাম যাতে মসীলিপ্ত না হয় সেজন্য এটা সম্পর্কে দৃষ্টি দেওয়া দরকার। আমি এই সম্পর্কে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2.30—2.40 P. M.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে দেশের অবস্থা কত ভয়াবহ সেটা সরকার পক্ষের সদস্যরাও উপলব্ধি করেছেন এবং তার জন্য বিচার চাচ্ছেন। আমিও সেরকম একটি ব্যাপারে এখনও কোন রকম বিচার পাইনি বলে এবং বর্তমানে সেখানে কি অবস্থা চলছে সেটা জানবার জন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩শে ফেব্রুয়ারী নাগাদ বাঁকুড়াতে সুরমা নন্দীকে তার নিজস্ব বসতবাটীতে ধর্ষণ করা হয় এবং সেই ধর্ষণের পর তার নিম্নাঙ্গে এবং উর্ধ্বাঙ্গে আগুন দিয়ে তাকে হত্যা করা হয়। স্যার, এই সুরমা নন্দীর ব্যাপারে আমি জানি বিভিন্নভাবে চেষ্টা করা হচ্ছে। গত ২২শে ফেব্রুয়ারী ঘটনা ঘটেছে, কিন্তু আজ পর্যন্ত সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং বর্তমানে কেস-এর অবস্থাই বা কি সে সম্বন্ধে আমরা কিছুই জানতে পারছি না। শুধু তাই নয়, এই ব্যাপারে আজ পর্যন্ত কোন আসামীকে গ্রেপ্তার করা হয়েছে কিনা সে সম্পর্কেও নীরবতা পালন করা হচ্ছে। আজকে বিভিন্ন জায়গায় যে অবস্থা চলছে তাতে কংগ্রেসী অ-কংগ্রেসীর কোন প্রশ্ন নেই। আসল কথা হচ্ছে দেশের আইন-শৃঙ্খলা বজায় রেখে উচ্ছৃঙ্খলাকে দমন করে মানুষের যে গণতান্ত্রিক অধিকার, বাঁচার অধিকার আছে তাকে রক্ষা করতে হবে। আমি মনে করি এই ধরনের অপরাধ যারা করছে এবং যারা করাচ্ছে তাদের একসঙ্গে বিচার হওয়া উচিত। এই মর্মান্তিক ঘটনা এখনও পর্যন্ত যেভাবে ইতিহাসের পাতায় লেখা আছে তাতে এ সম্পর্কে বিচার বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই সুরমা নন্দীর ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা যদি মন্ত্রী মহাশয় হাউসের কাছে জানান তাহলে আমরা কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারি।

শ্রীসরল দেব ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী হাউসে উপস্থিত আছেন, কাজেই আমি তাঁর কাছ থেকে একটা বিবৃতি চাচ্ছি। আমি যে বিষয়টি নিয়ে উল্লেখ করছি এটা অতীতেও মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন। আমরা জানি পশ্চিমবাংলার ৬২টি চটকল মূলতঃ ১৪টি পরিবার নিয়ন্ত্রণ করেন। বর্তমানের সমস্যা হচ্ছে পাটচাষীরা পাটবীজ পাচ্ছে না। গত বছর এর দাম ছিল ৯ টাকা কে.জি. এবং এবারে সেটা হয়েছে ৩০ টাকা কে.জি. এবং তাও আবার ভাল বীজ নয়। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি এই পাট বীজ সরবরাহ করার ব্যাপারে কি ব্যবস্থা তিনি করেছেন সে সম্বন্ধে একটা বিবৃতি যেন হাউসে দেন। আমরা যখন গ্রামের চাষীদের কাছে যাই তখন তারা বলে পাট বীজ পাচ্ছি না। এই পরিস্থিতিতে মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি অবিলম্বে পাট চাষীদের ন্যায্য-মূল্যে পাটবীজ সরবরাহ করা হোক।

শ্রীঅশোক ঘোষ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার সর্বদলের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হলো, আমার হাতে একটা চিঠি আছে পুলিশ কমিশনারকে লেখা, সৌকত আলি আনসারীর, এক হতভাগ্য পিতা, ৮৩কে বেলগাছিয়া রোডে তিনি থাকেন। তাঁর ৪॥ বছরের ছেলেকে গত ১২-৩-৮৩ তারিখে—ছেলেটির নাম জলিল আহ্‌মেদ, একে বস্তির দরজা থেকে তুলে নিয়ে যাওয়া হয় এবং যে তুলে নিয়ে গেছে সে ঐ পাড়াতে কিছুদিন ধরে যাতায়াত করতো এবং তার নাম ফৈয়জ আহ্‌মেদ, তাকে উল্টোডাঙ্গা পি. এস্. এ্যারেস্ট করেছে। আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাচ্ছি এর জি. ডি. নং হচ্ছে ৭৫৫, তারিখ হচ্ছে ১৩-৩-৮৩ এবং লালবাজারের মিসিং স্কোয়াডে যে নাম লেখানো হয়েছে, তার সিরিয়াল নং হচ্ছে ২৬, এটা নথিভুক্ত করা আছে। এই ছেলেটা যখন ধরা পড়লো, এই ফৈয়ৎ আহ্‌মেদকে উল্টোডাঙ্গা পুলিশ স্টেশনে যখন বলা হলো যে, তুমি যে ছেলেটিকে চুরি করেছ সে এখন কোথায়? সে তখন আর একটি ছেলের নাম করে—তার নাম মুস্তাক আহ্‌মেদ। পুলিশ এখনও তাকে খুঁজে পায় নি। যে ছেলেটি ধরা পড়েছে, সে একটা এজাহার দিয়েছে, বম্বেতে নাকি ৩০০ টাকায় বাচ্চাটিকে বিক্রি করে দেওয়া হয়েছে। পুলিশ বম্বে থেকে খোঁজখবর নিয়েও হদিস করতে পারে নি। তারপর এই ছেলেটিকে নিয়ে যেখানে যেখানে বলেছে—মেহেতা বিল্ডিং, ডানলপ ব্রীজ, ঘুসুড়ী, খিদিরপুর, বিভিন্ন জায়গায় ঘোরা হয়েছে, কোন রকম হদিস আজ পর্যন্ত পাওয়া যায় নি। অথচ এই ছেলেটি কিন্তু স্বীকার করেছে যে, বাড়ী থেকে ৫॥টার সময় ছেলেটিকে তুলে নিয়ে

গেছে। আসামী কাস্টডিতে আছে। এই হতভাগ্য পিতা মুখ্যমন্ত্রী জ্যোতি বসু থেকে শুরু করে মাননীয় মন্ত্রী সুভাষ চক্রবর্তী, মাননীয় অধ্যক্ষ, তাঁর কাছেও গেছেন, পুলিশের দরজায় দরজায় ঘুরছেন, তার ছেলের কোন ট্রেস পাওয়া যাচ্ছে না। ইদানীং আসামী বলছে, শিবরাত্রির দিন বালি ব্রীজ থেকে ছেলেটিকে গঙ্গার জলে ফেলে দেওয়া হয়েছে। এই ধরনের স্টেটমেণ্ট, তার একটা কথার সঙ্গে আর একটা যখন মিলছে না। আমি স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, হতভাগ্য পিতার করুণ আর্তনাদ তাঁর কানে যেন পৌঁছয় এবং তার ছেলে সম্বন্ধে যেন অবিলম্বে কোন সঠিক উত্তর তিনি দেন পশ্চিমবঙ্গের মানুষের কল্যাণে এবং স্বার্থে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৮-৪-৮৩ তারিখে বিজিনেস স্ট্যাণ্ডার্ডে একটা গুরুত্বপূর্ণ সংবাদ বেরিয়েছে। হিন্দুস্থান মোটর্স, যেটা সবচেয়ে বড় মোটর কারখানা, সেখানকার তরুণ ইঞ্জিনিয়ার যে-সমস্ত আছেন, তাঁদের পরিকল্পিত উপায়ে ছাঁটাই করে দেবার একটা ব্যবস্থা শুরু হয়েছে এবং কাগজে হেডিং দিয়ে লেখা হয়েছে, 'ব্যাক ডোর প্যাকিং অব হিন্দুস্থান মোটর্স ইঞ্জিনিয়ারস' এবং যাদের চাকুরির কোন নিয়মকানুন, বিধি-নিষেধ বিড়লা মালিকরা মানেন না। তাদের ট্রেনিং কমপ্লিট হবার পর তারা জুনিয়ার ট্রেনী হিসাবে আছে, ট্রেনিং কমপ্লিট হবার পর তাদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হলো, তারপর আবার হঠাৎ ফার্দার টেস্ট ইনভাইট করা হলো এবং একজন অফিসার আলাদা করে সেই ইঞ্জিনিয়ারদের ডেকে বলছেন যে, হয় আপনি এখুনি পদত্যাগ করুন, আর না হলে আমরা আপনাকে স্যাক করবো। কেউ কেউ বাধ্য হয়েছেন পদত্যাগ করতে। কিন্তু অনেক ইঞ্জিনিয়ার আছেন, যাঁরা আজকে সাহস করে রুখে দাঁড়িয়েছেন। হিন্দুস্থান মোটর ওয়ার্কার্স ইউনিয়ন সিটু পরিচালিত, তাদের পক্ষ থেকে ইতিমধ্যে ম্যানেজমেণ্টের কাছে এই সম্পর্কে প্রতিবাদ জানানো হয়েছে এবং পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে একটা ঘৃণিত মালিক এই বিড়লা, তারা এই ধরনের একটা অত্যাচার চালিয়ে যাবে এই সব তরুণ ইঞ্জিনিয়ারদের উপর, সেটা আই. ডি. এ্যাক্টের প্রভিশনের আওতায় পড়বে কি পড়বে না, সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে, এরা আক্রমণ করে যাবে, এটা চলতে পারে না। সুতরাং এই সম্পর্কে একটু গুরুত্ব দিয়ে দেখবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার

মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল যুগান্তর পত্রিকায় একটি সংবাদ প্রকাশিত হয়েছে। এই সংবাদটি বিশেষ করে পশ্চিমবাংলার মেয়েদের কাছে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংবাদ বলে মনে করছি। এই অবক্ষয় সমাজব্যবস্থার মধ্যে আমরা প্রতিদিনই নারী নির্যাতনের ঘটনা কাগজে দেখছি। কিন্তু গতকালকার কাগজের একটি উজ্জ্বল দৃষ্টান্তের কথা আমি আপনার মাধ্যমে হাউসে তুলে ধরছি। অজয় সাউ নামে একটি ছেলে সাধারণ দোকানে কাজ করে। এই ছেলেটি হাতী বাগানের কোন একটি সিনেমা হলে সিনেমা দেখতে যায়। সেখানে কিছু দুষ্কৃতকারী মেয়েদের প্রতি অশালীন ব্যবহার করে, তাদের গায়ে হাত দেয়। তখন এই ছেলেটি দুষ্কৃতকারীদের ব্যবহারের প্রতিবাদ জানায়। ফলে হলের মধ্যেই ঐ ছেলেটিকে তারা ছুরিবিদ্ধ করে। আমার কথা হচ্ছে এই অজয় সাউ গরীবের ছেলে এবং তাঁকে পুরস্কৃত করা উচিত। দুষ্কৃতকারীদের বিরুদ্ধে প্রতিবাদ করতে গিয়ে আজ সে আর. জি. কর হাসপাতালে জীবন-মরণের সঙ্গে লড়াই করছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় যুব কল্যাণ দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, তিনি অবিলম্বে ঐ ছেলেটিকে হাসপাতালে গিয়ে দেখে আসুন এবং তাকে পুরস্কৃত করতে না পারলেও সরকারী ভাবে তার সমস্ত রকম চিকিৎসার ব্যবস্থা করুন এবং দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তার করার ব্যবস্থা করুন। তার জীবন রক্ষার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আবেদন জানাচ্ছি। নিজের জীবন বিপন্ন করে সাহসের সঙ্গে এগিয়ে এসে অজয় সাউ যে প্রতিবাদ জানিয়েছে সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। এই অবক্ষয়ের প্রান্তে এসে সবাই যখন হতাশায় ভুগছি সেই সময় সাধারণ দোকানে কাজ করা একটি ছেলে নিজের জীবন উপেক্ষা করে মেয়েদের রক্ষা করতে যে এগিয়ে গেছে তার জন্য আমি মেয়েদের পক্ষ থেকে অভিনন্দন জানাই।

শ্রীআবদুল করিম চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রিলিফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরী বিষয়ে। ইসলামপুর মহকুমার ইসলামপুর, চোপড়া, গোয়ালপুকুর—এই তিনটি থানার মাঠ ভর্তি ধান এক মাসের মধ্যে জ্বলেপুড়ে গেছে। আজ পর্যন্ত সরকার থেকে কোন রিলিফের ব্যবস্থা করা হয় নি। এর ফলে ২৮টি গ্রামের প্রায় ১০/১৫ হাজার পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। সরকার থেকে কাপড়, ত্রিপল, রিলিফের ব্যবস্থা করা হয় নি। ঘর বানাবার কোন সরঞ্জাম দেওয়া হয় নি। এস. ডি. ও., বি. ডি. ও.-র কাছে

কোন মাল পাঠানো হয় নি। এঁরা বলছেন তাঁদের স্টোরে কোন রিলিফের মাল নেই। তাঁরা বলছেন আমরা হেল্পলেস, কিছুই করতে পারছি না। তাই আমি আপনার মাধ্যমে রিলিফ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে ঐ সব গ্রামের মানুষদের কাছে কাপড়, ত্রিপল ইত্যাদি রিলিফের সাহায্য পাঠানোর ব্যবস্থা করা হোক।

[2.40—2.50 P.M.]

Shri Abdur Rauf Ansari : Mr. Deputy Speaker, Sir, through you I want to draw the attention of the Transport Minister. Sir, in the road transport, as well as in the tramways, there are serious mis-managements. I am particularly drawing your attention to the repairing works of the tram truck between the College Street, Chitta Ranjan Avenue and Mahatma Gandhi Road. For the last five months, the repairing work has been going on. The workers attended for two or three days and then they stopped working. As a result of this, serious accidents occur frequently and the lives are in danger. Because of the bad tram trucks, the cars are detained for hours in congestion. Thus it is causing danger to the lives of the people who are passing through such congested streets.

The private contractors who are entrusted with the job send their workers to work for two or three days and then again stop working. As you know the department has become the contractors' paradise as well as the paradise of corruptions. Thus it causes great problem to the people and to the vehicles, to pass through this area and accidents are occuring every day.

So, I will request the Transport Minister to look into the matter and if possible to go to the spot which is one of the busiest thoroughfares of this city.

শ্রীমসলেউদ্দিন আহমেদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই এপ্রিল পশ্চিম দিনাজপুর জেলার গঙ্গারামপুর থানার উপর দিয়ে একটি প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় বয়ে যায় এবং তার ফলে বহু লোকের ঘরবাড়ী উড়ে যায় এবং বহু লোক ক্ষতিগ্রস্ত হয়। জেলা প্রশাসন এ পর্যন্ত তাদের কোন সাহায্য করেন নি। সাহায্যের অভাবে যে-সমস্ত লোকের ঘরবাড়ী পড়ে গিয়েছে তারা ঘরবাড়ী ওঠাতে পারছে না। ক্ষতিগ্রস্ত লোকদের অবিলম্বে সরকারী অনুদান বা সরকারী ঋণ দিয়ে সাহায্য করার জন্য আপনার মাধ্যমে ত্রাণ ও পুনর্বাসনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যদিও বিষয়টি কেন্দ্রীয় সরকারের, কিন্তু যেহেতু কেন্দ্রীয় সরকারের সংগে যোগাযোগের মাধ্যম হচ্ছে রাজ্য সরকার, সেইহেতু আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, ফরাক্কা ব্যারেজ একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সেখানে কর্মচারীরা অক্লান্ত পরিশ্রমের দ্বারা, ত্যাগ, তিতিক্ষার দ্বারা এই ফরাক্কা ব্যারেজকে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে পরিণত করার চেষ্টা করেন এবং তা করেন। এই ফরাক্কা ব্যারেজের কর্মচারীরা ইলেকট্রিকের ব্যাপারে যে কনসেসান পেতেন কেন্দ্রীয় সরকার তা কেটে দিচ্ছেন। তারপর তাঁরা যে প্রজেক্ট এ্যালাউন্স পেতেন ১৫ পারসেন্ট। কেন্দ্রীয় সরকার তা বাতিল করে দিচ্ছেন। মাস্টার রোলের কর্মী, যাঁরা ৭ বৎসর ধরে একনাগাড়ে কাজ করে যাচ্ছেন কেন্দ্রীয় সরকার তাঁদের ছাঁটাই করে দিচ্ছেন, তাঁদের এবজর্ব করার বদলে ছাঁটাই করছেন। স্যার, মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, তিনি কেন্দ্রীয় সরকারের সংগে যোগাযোগ করে যাতে তাঁদের প্রজেক্ট এ্যালাউন্স কাটেল করা না হয়, ইলেকট্রিসিটি কনসেসান কাটেল না হয় এবং মাস্টার রোলের কর্মচারীরা যাতে ছাঁটাই না হয়, তাঁরা যাতে এবজর্ব হয় সে ব্যবস্থা করুন।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতা থেকে সি. এস. টি. সি.'র বাস রামপুরহাট, কান্দি, হরিহরপাড়া, নওদা প্রভৃতি জায়গায় যাতায়াত করে এবং সেগুলি কৃষ্ণনগরের মধ্যে দিয়ে যায়। এই বাসগুলি সেখানে একটি ছোট খাবারের দোকানের সামনে দাঁড়ায়। সেখানে মহিলাদের কোন প্রস্রাবাগার নেই। ছেলেরা না হয় ঝোপেঝাড়ে যেতে পারে, কিন্তু মহিলাদের পক্ষে সেখানে দারুণ অসুবিধা হয়। মহিলারা পাশের একটি বাড়ীতে যেত, সেটাও বন্ধ হয়ে গিয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে তাই বলব, হয় বাসগুলি ন্যাশানাল হাইওয়ে হয়ে যেমন নর্থ বেঙ্গলের বাসগুলি চলে সেইভাবে চলুক, আর না হয় সেখানে প্রস্রাবাগার করা হোক।

[2.50—3.00 P. M.]

শ্রীরামপদ মাণ্ডি ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি

একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি জানেন বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় মাতৃভাষার মাধ্যমে শিক্ষার উপর জোর দিয়েছেন। সেই উদ্দেশ্যে সাঁওতালী ভাষাভাষী আদিবাসী ছেলে-মেয়েদের জন্য 'অলচিকি' হরফে প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক ছাপান হয়েছে। কিন্তু সেই বই এখনো পর্যন্ত কোন স্কুলে যায় নি। জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল মাস হয়ে গেল, এখনো পর্যন্ত যদি বই না যায় তাহলে ছাত্ররা পড়াশুনা করবে কি করে?

দ্বিতীয় কথা হচ্ছে যে-সমস্ত প্রাথমিক শিক্ষকরা প্রাথমিক স্কুলগুলিতে সাঁওতালী ভাষায় শিক্ষা দেবেন, তাঁদের জন্য ট্রেনিং-এর ব্যবস্থা করার কথা ছিল, কিন্তু সেই ব্যবস্থা এখনো পর্যন্ত হয় নি।

স্যার, আমি এই দুটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি ব্যক্তিগতভাবে উদ্যোগ নিন যাতে মন্ত্রী মহাশয় বইগুলি তাড়াতাড়ি স্কুলগুলিতে পাঠাবার ব্যবস্থা করেন এবং সেই সংগে শিক্ষকদের ট্রেনিংও চালু করেন।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে এর পূর্বেও এই হাউসের দৃষ্টি আকর্ষণ করেছি এবং আজকেও আবার আপনার মাধ্যমে উল্লেখ করছি। বিষয়টি হচ্ছে, বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকদের দুরবস্থার কথা। আজকে বাঁকুড়া জেলায় হাজার হাজার বিড়ি শ্রমিক অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। বিড়ি কারখানার মালিকরা কারখানাগুলি বন্ধ করে রেখেছে। ফলে হাজার হাজার বিড়ি শ্রমিক বেকার হয়ে অর্থনৈতিক সংকটে পড়েছে।

স্যার, আমি আগেও আপনার মাধ্যমে বিষয়টির প্রতি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমি বলেছিলাম যে, রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, বিড়ি কারখানার মালিক, সকলের প্রতিনিধিদের নিয়ে আলোচনা করে একটা সুষ্ঠু মীমাংসা করা হোক। দুর্ভাগ্যক্রমে বিড়ি শ্রমিকদের জন্য আজ পর্যন্ত কিছু করা হয় নি। তাই আমি পুনরায় আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেই সংগে আমি বিষয়টির প্রতি সমবায় বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি। সমবায়মন্ত্রী মহাশয় শ্রমমন্ত্রী মহাশয়ের সংগে বসে আলোচনা করে বিষয়টির মীমাংসা করুন। এই অনুরোধ তাঁদের কাছে আপনার মাধ্যমে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্ব-পূর্ণ বিষয় উল্লেখ করছি।

স্যার, আপনি জানেন শান্তিপুরের নিবিড় তন্তু উন্নয়ন প্রকল্প আজকে তুলে দেওয়া হচ্ছে। এটা তুলে দিয়ে এইচ. পি. ডি. সি. প্রায় হাজারের উপর তন্তুজীবীকে রাস্তায় বসিয়ে দিচ্ছে। এই প্রকল্প অনুসারে এইচ. পি. ডি. সি.'র সুপারিশক্রমে তন্তুজীবীরা ৫০০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত ঋণ হিসাবে পায়। তা দিয়ে তারা কাপড় বুনে সেই কাপড় এইচ. পি. ডি. সি.-কে দেয় এবং তারা তা বিক্রি করে। এর বিনিময়ে তারা নির্দিষ্ট হারে মজুরি পায় এবং এই মজুরির একটা অংশ আবার ব্যাংক-এর ঋণ পরিশোধ করার জন্য কেটে রাখা হয়। এত দিন এই প্রকল্পের মাধ্যমে তন্তুজীবীরা অত্যন্ত উপকৃত হচ্ছিলেন। মহাজনদের হাত থেকে তাঁরা রেহাই পেয়েছিলেন। আজকে যদি এই প্রকল্প তুলে দেওয়া হয়, তাহলে হাজারের উপর তন্তুজীবী বেকার হয়ে যাবে। আমার বক্তব্য হচ্ছে তন্তুজীবীদের কথা বিবেচনা করে কেন্দ্র যাতে এই প্রকল্প তুলে না দেয় তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রকে চাপ দেওয়া হোক। যতদিন না তারা এই প্রকল্প পুনরায় চালু করে তত দিন রাজ্য সরকারের পক্ষ থেকে এটা চালিয়ে যাওয়া হোক। ইতিমধ্যে সরকারের তরফ থেকে এই প্রকল্পে বহু টাকা খরচ করা হয়েছে, সুতরাং এই প্রকল্প তুলে দিলে সেই টাকাটা অপচয় হবে এবং তন্তুজীবীদের সর্বনাশ হবে। সেইজন্য আমি বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ একটি ঘোষণা, আপনারা সবাই জানেন, বাজেট সেসান হওয়ার পরে স্পীকারের মাধ্যমে একটা লাঞ্চ বা ডিনার দেওয়া হয়। এই কনভেনশানকে সামনে রেখে এবার স্পীকার ডিসাইড করেছে যে, বাজেট সেসান হওয়ার পরেই লাঞ্চ দেবেন। আপনারা জানেন, কাল শনিবার হাউস এডজোর্ন হয়ে যাবে। এডজোর্ন হওয়ার পরেই স্পীকার ডিসাইড করেছেন কালকে ১টার সময়ে মেম্বার যাঁরা আছেন এবং মেম্বার অফ দি প্রেস ওঁদের সকলকে লাঞ্চ দেবেন। আমি অনুরোধ করছি, আপনারা কালকে ১টার সময়ে যখন এ্যাসেম্বলী এডজোর্ন হয়ে যাবে তখন লাঞ্চের জন্য এ্যাসেম্বলী লবিতে এ্যারেঞ্জমেন্ট করেছি—আপনারা আসবেন। আমি সকলকে অনুরোধ করছি, এম. এল. এ. এবং প্রেস রিপ্রেজেন্টেটিভস যাঁরা আছেন সকলে লাঞ্চে যোগদান করবেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ ষ্টাফেরা ?

মিঃ ডেপুটি স্পীকার : ষ্টাফেরা তো থাকবেই। এছাড়া লাঞ্চের পর পন্ডিতবাবু আর একটা এ্যারেঞ্জমেন্ট করেছেন, ঐ শিশির-মঞ্চে বই দেখানো হবে, আপনারা সেখানে ফ্রি অফ কষ্ট-এ যেতে পারেন।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালকে পঞ্চায়েত ইলেকশানের লাষ্ট ডেট অফ উইথড্রয়াল। সেই জায়গায় আপনি লাঞ্চ দিয়ে দিয়েছেন। ধরে রাখুন, এর ফলে মোর দ্যান ৬০ অথবা ৭০ পারসেন্ট আসতে পারবে না। যখন মেজরিটি আসতে পারবেন না, তখন ডিউ স্লিপের ব্যবস্থা করুন, কাইণ্ডের বদলে ক্যাশের ব্যবস্থা করে দিন, তা না হলে ডিপ্রাইভড হয়ে যাবেন।

মিঃ ডেপুটি স্পীকার : আপনি যদি না আসতে পারেন তাহলে আপনার বাড়িতে পাঠিয়ে দিতে পারবো। কিন্তু অন্য যাঁরা আছেন তাঁদের আসবার জন্য অনুরোধ করছি

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য রাজ্যের আর্থিক দুর্গতির কথা ভেবে আপ্যায়ন ভোজ না দেওয়াই বাঞ্ছনীয় বলে মনে করি। আমি এই মর্মে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে লেখা খোলা চিঠিটি পড়ে দিচ্ছি : "মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যক্তিগতভাবে আপনার প্রতি কোন প্রকার অসম্মান প্রদর্শন করার জন্য নয়, নীতিগত কারণে আমরা এস. ইউ. সি. আই. দলের বিধায়কবৃন্দ আপনার আপ্যায়ন ভোজের আমন্ত্রণ রক্ষা করতে এবং যোগ দিতে পারছি না। রাজ্যজুড়ে খরা, আসাম শরণার্থী সমস্যা প্রভৃতি গুরুত্বপূর্ণ প্রয়োজনে যেখানে সরকারী কোষাগারে চরম অর্থাভাব, রাজ্যের অগণিত মানুষ যখন অনাহার ও অর্ধাহারে কালাতিপাত করছেন, এমতাবস্থায় বিধায়কদের আপ্যায়নের উদ্দেশ্যে রাজ্য কোষাগারের অর্থ ব্যয় করে এই ব্যয়বহুল ভোজের আয়োজন শুধু দৃষ্টিকটুই নয়, অনৈতিক। আমরা মনে করি সরকারী অর্থ ব্যয় করে বিধায়কদের নিয়ে আপ্যায়ন ভোজ—যা একটা বার্ষিক রীতিতে দাঁড়িয়ে গেছে তা অনতিবিলম্বে বন্ধ করে দেওয়া প্রয়োজন। আশা করি আপনি এই প্রস্তাবের যৌক্তিকতা স্বীকার করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

ডাঃ জয়নাল আবেদিন : আমি আপনাকে এবং স্পীকার সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি কালকে আপ্যায়ন ভোজে আমন্ত্রণ জানিয়েছেন বলে। আমরা এই হাউসে

দীর্ঘ সময় ধরে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করি এবং বিভিন্ন মতাদর্শে আমরা বিশ্বাস করে বিতর্কে যোগদান করি। কিন্তু এটা একটা গেট-টুগেদার আপ্যায়ন, আমি দেবপ্রসাদ সরকার মহাশয়ের সঙ্গে এ ব্যাপারে একমত নই, এটা অপচয় নয়, উই মিট টুগেদার। এটা ওনার অতি বৈপ্লবিক ধারণা, বাংলার সংস্কৃতিতে এটা অচল বলে আমি মনে করি। বিশিষ্ট সাংবাদিকরা আছে, সেক্রেটারিয়েট ষ্টাফেরা আছে, এই হাউসে এটা দীর্ঘদিনের কনভেনশান বলে আমি মনে করি।

[3.00—3.40 P.M.]

এই হাউসে এটা দীর্ঘদিনের গুড কনভেনশান বলে আমি মনে করি। খাওয়াটা বড় কথা নয়। উই মিট-টুগেদার। এখানে অনেক সময় তিক্ততার সৃষ্টি হয়, আমরা বিভিন্ন রাজনৈতিক দল এখানে আছি, আফটার অল উই ওয়ান্ট টু সার্ভ দি পিপল। আমাদের গেট-টুগেদার হওয়া দরকার। একটা এ্যানোমলি হয়ে গেছে। পণ্ডিতবাবু হুঁশিয়ার লোক, কালকে উইথড্রলের শেষ দিন। আপনারা পঞ্চায়েত নির্বাচন এমন সময়ে ডেকেছেন যে, আপনারাই নেই। এটা খুবই ভাল হোতো যদি আমরা পরস্পর একসঙ্গে বসতে পারতাম, ইভন চীফ মিনিষ্টার বিকাম ভেরি জুবিলিয়াণ্ট অন সাচ অকেশনস। ফ্রম মাই পাষ্ট এক্সপিরিয়েন্স আই হ্যাভ সিন ছাট। অন্য জায়গায় আছে, যাঁরা প্রতিবাদ করলেন তাঁরা পার্লামেণ্টারী ডেমোক্রেসিতে কতখানি উপযুক্ত তাতে আমার সন্দেহ আছে। Even the Chief Minister becomes very julbilant on such occasions, from my past experience I have seen that. It is a healthy convention. আমাদের চীফ হুইপ ঠিক পয়েণ্ট আউট করেছেন। But even the atmosphere.

আমরা এখানে পরস্পর বিতর্কে যোগদান করি, কিন্তু we all want to serve the people with a good spirit, with malice to none and with good will towards all. আপনি এটা দেখবেন Next session will not be deferred indefinitely. এটা আমরা দেখেছি যে, প্রেজেণ্ট গভর্নমেণ্টের সম্বন্ধে আমার একটা ধারণা আছে যে, ওঁরা এ্যাসেম্বলী ডাকতে একটু দ্বিধাগ্রস্ত হন। অনেক কম সখ্যক দিন থাকে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব যা বলেছেন তা সত্যি। দুর্ভাগ্যের কথা, আমরা প্রথমে হাল্‌কা খুব ব্যাপার ভেবে-

ছিলাম বা সেই ভাবে নিয়েছিলাম, কিন্তু এখন নিতে পারছি না। যখন এস. ইউ. সি.-র সদস্য মহাশয় একটা চিঠি লিখে আপনার কাছে পেশ করেছেন, উনি বিজনেস এ্যাডভাইসরী কমিটির মেম্বার এবং এটাই জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে, গেট-টুগেদার হওয়া দরকার। কারণ ১৫ টাকার লাঞ্চ খেয়ে আমার তো ৩৬৫ দিনের খাদ্যাভাব মিটে যাবে না। একটা কমরেডশিপ ডেভেলাপ করেছে এবং যা ষ্টেটমেণ্ট হয়েছে সেটা It is humiliation to all of us. উনি সকলকে হিউমিলেট করতে পারেন না। আমি দাবী করছি He is a member of the Business Advisory Committee. আলোচনা করে উনি যদি স্পীকার মহাশয়কে না লিখে কমিটিতে পেশ করতেন, তখন উনি কিছু বলেন নি। উনি একা হিরো হয়ে যাবেন তা হয় না। আপনি সিরিয়াসলি চিন্তা করুন এবং ওনার চিঠিটা সেটা এক্সপাঞ্জ করার ব্যবস্থা করুন। হি হ্যাজ নো রাইট টু ডু দিস।

মিঃ ডেপুটি স্পীকার ঃ মিঃ সরকার, আমি আপনাকে রিকোয়েষ্ট করছি যে, আপনি যে চিঠিটা দিয়েছেন সেটা প্রত্যাহার করে নিন এবং কালকে লাঞ্চে পার্টিসিপেট করুন। আই রিকোয়েষ্ট ইউ।

শ্রীপণ্ডিতপাবন পাঠক ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যে কথাগুলি বলেছেন, আমিও ওটা বলতে চেয়েছিলাম। সুব্রতবাবু যা বলেছেন, এই সিদ্ধান্তটা বিজনেস এ্যাডভাইসরী কমিটিতে উনি তখন বলেন নি। আজকে এই কথা বললে আমরা একটা অপ্রস্তুত অবস্থার মধ্যে পড়ে যাব। আমি দেবপ্রসাদবাবুকে অনুরোধ করছি উনি এটা প্রত্যাহার করে নিন। পরে এইরকম প্রশ্ন উঠলে এটা বিবেচনা করা হবে। শেষের দিনে বেলা ৩টের সময় শিশির মঞ্চে পশ্চিমবঙ্গে আয়োজিত আহরণ ছবিটি দেখান হবে। তার চিঠি আপনাদের সামনে দেওয়া হচ্ছে। যথা সময়ে পাবেন। আবার উইথড্রল ডেটের ব্যাপারে যেটা বলেছেন এই তারিখেই শেষ করতে হবে। উপায় ছিল না, এটা বিবেচনা করে বেশী সংখ্যক যাতে উপস্থিত হন তার জন্যও অনুরোধ করছি।

Mr. Deputy Speaker : Mr. Sarkar, I request you on behalf of the Hon'ble members to withdraw your letter and accept invitation for lunch.

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এখানে কারোর উপর

আমার কোন এসস্পিরশন নেই। এখানে মাননীয় সদস্য সুব্রতবাবু যে কথা বললেন তা ঠিক নয়। তিনি বলেছেন যে, বিজিনেস এ্যাডভাইসরী কমিটির মিটিংয়ে আমার উপস্থিতিতে এই আপ্যায়নের ডিসিসন হয়েছিল। স্যার, আপনি দেখবেন সেই মিটিংয়ে আমি উপস্থিত ছিলাম না। আমার উপস্থিতিতে এই সিদ্ধান্ত হয় নি। আজকে এখানে নানা কথা হয়েছে। আপনি অনুরোধ রেখেছেন। আমি কোন অফেন্সে যেতে চাই না, কোন বিতর্কে যেতে চাই না, বা কাউকে ইনজুরি করতে চাই না। এটা ম্যাটার অফ প্রিন্সিপ্যাল, নীতির প্রশ্ন এবং চিঠিটা সেই কারণেই দিয়েছি। সেই কারণে আমি সকলের কাছে কালকের আপ্যায়নে উপস্থিত থাকবার ব্যাপারে অক্ষমতা জ্ঞাপন করে, কাউকে কোনভাবে ইনজুরি না করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরমোহন সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম এ্যাণ্ড পাওয়ারলুম কর্পোরেশনের ব্যাপারে একটি কথা বলেছেন। সেটা হচ্ছে যে, শান্তিপুরে আমাদের ইনটেনসিভ ডেভেলপমেন্ট প্রজেক্ট আছে। সেই প্রজেক্ট সম্পর্কে একটি কথা তিনি বলেছেন। আমার মনে হয় উনি সঠিক তথ্যগুলি জানেন না, সেজন্যই এটা তিনি বলেছেন। এটা সেন্ট্রাল গভর্নমেন্টের একটি স্কীম। কিন্তু সেই স্কীম, সেই প্রজেক্ট ওঁরা বন্ধ করে দিয়েছেন। কিন্তু আমরা এটা চালাবার ব্যবস্থা করেছি। কিছু লোক নিয়ে কো-অপারেটিভ করে চালাবার চেষ্টা করেছি, মার্কেটিংয়ের দায়িত্ব নিয়েছি। এটা উইণ্ড আপ করা হয়েছে। কিন্তু আমরা বলেছি আগামী ৩০শে জুন পর্যন্ত মার্কেটিংয়ের দায়িত্ব নেবো।

Legislation

The West Bengal Appropriation (No. 2) Bill, 1983.

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1983, be taken into consideration.

ডাঃ জয়নাল আবেদিনঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। গতকাল মাননীয় সুব্রত মুখার্জী একটি পয়েন্ট অব অর্ডার তুলেছিলেন। আপনার এ্যাসেম্বলী প্রোগ্রাম

আছে, তাতে I find that Shri Santi Ranjan Ghatak will move this demand. আপনি নিজে কালকে রুলিং দিয়েছেন। আপনি এ্যাসেম্বলী প্রোগ্রাম সার্কুলেট করেছেন। সেই প্রোগ্রামে দেখছি Shri Jyoti Basu to introduce the Appropriation Bill (No. 2), কাজেই কালকে যা রুলিং দিয়েছিলেন এবং আজকে যা সার্কুলেট করলেন তাতে ইউ কনট্রাডিক্ট ইওর রুলিং—দিস ইজ নাম্বার ওয়ান। নাম্বার টু, এই হাউসের রেকর্ডে কবে কোথায় মিনিষ্টার অফ ষ্টেট এ্যাপ্রোপিয়েশন বিল ইনট্রোডিউস্ করেছেন আদার দ্যান দি লেফট ফ্রণ্ট রেজিম।

আপনি বলুন লাষ্ট ২০ বছরে কোন Minister of State in charge of Finance can be authorised to introduce the Appropriation Bill ? It is very much important. Sir, your Chair is omnipotent. But if there is no express provision under the rules you must obey the convention. আপনি আমাকে দেখান লোকসভায় বা এখানে that the Minister of State other than the Minister in charge of Finance has introduced this bill—during the period other than the Left Front regime ? We feel, the Chief Minister as Finance Minister has chosen to ignore the propriety of the House. This is not fair on his part. However exalted he feels or however demagogue he feels himsell he should present the Appropriation Bill himself, otherwise he would have to face criticisms from all angles. I do not think it can be done by proxy. Sir, you cannot contradict your ruling given yesterday.

Mr. Deputy Speaker : I shall give my ruling after recess.

(At this stage the House was adjourned till 3-40 P.M.)

(After adjournment)

[3.40—3.50 P. M.]

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রীর ব-কলমে মাননীয় রাষ্ট্রমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এখানে উপস্থাপিত করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা এই জন্য করছি যে, রাইট টু স্পেণ্ড ফ্রম দি কনসোলিডেটেড ফাণ্ড অফ ওয়েষ্ট বেঙ্গল এই অধিকারের দাবী করেছেন এই জন্য। আমি মনে করি, এই সরকারের এই অধিকার গ্রহণের কোন যুক্তি নেই। মাননীয় রাষ্ট্রমন্ত্রী কি জবাব দেবেন, রাইট টু স্পেণ্ড ফ্রম দি পাবলিক এক্সচেকার এ্যাণ্ড কনসলিডেটেড ফাণ্ড আজকে আপনি যে ২ হাজার কোটি টাকা খরচ করার অনুমতি চেয়েছেন তাতে আপনি কি ফোরসি করতে পারছেন, এই বৎসরের শেষে আপনার দূরদৃষ্টির অভাবে কত টাকার সাপ্লিমেণ্টারী বাজেট উপস্থিত করবেন ? এই সঙ্গে আমি জানতে চাই,

৩নং এ্যাপ্রোপ্রিয়েশান বিল উপস্থিত করে এই বছরের শেষে আর কত টাকার দাবী আপনি করবেন ? ওদিকে মাননীয় জয়কেশবাবু বলছেন, এই ২০০০ কোটি টাকা দিয়ে পঞ্চায়েত নির্বাচনে লড়াই করবেন ঠিক করেছেন। আমি বলি, ২০০০ কোটি টাকা ব্যয় করেও কিন্তু পঞ্চায়েতে জেতা যাবে না, ভরাডুবি হবেই হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এ্যাজ মেনি এ্যাজ ৮৫ টা দাবীর মাধ্যমে—এ্যাজ মেনি এ্যাজ ৮৫ ডিম্যাণ্ডস্, মেজর হেড ওভার ৭০০—এই টাকা ব্যয়ের অনুমতি চাওয়া হয়েছে। এর প্রতিটা যদি ধরি, ষ্টেট লেজিসলেচারে গণতন্ত্র হচ্ছে অপরিহার্য—গভর্নর চার্জড হেড, নেকষ্ট ২১৩—কাউনসিল অফ মিনিষ্টারস—আমাদের পশ্চিমবাংলার ইতিহাসে, স্বাধীনোত্তর ইতিহাসে এই রকম বৃহদায়তন মন্ত্রিসভা কিন্তু কখনও গঠিত হয় নি। আপনি দেখে আশ্চর্য হবেন---আপনার যদি চোখ-কান খোলা থাকে—মাঝে মাঝে আপনি দেখার যদি চেষ্টা করেন—ওদিকে ট্রেজারী বেঞ্চ ফাঁকা। একজন ক্যাবিনেট মন্ত্রী আজকে উপস্থিত নেই। আজকে ২০০০ কোটি টাকা খরচের জন্য দাবী করেছেন, অথচ একজন ক্যাবিনেট মিনিষ্টার উপস্থিত নেই।

মাননীয় স্পীকার স্যার, কত তিরস্কার ওদের আপনি করেছেন, কিন্তু ওদের গায়ের চামড়ায় লাগে না। এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। তাদের এই তিরস্কার ভৎর্সনা গায়ে লাগে না, কারণ তারা নির্লজ্জ। যদি তাদের এই বোধটুকু থাকতো তাহলে এতবড় আলোচনা এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে নিয়ে—ইট ইজ এ ফিনানসিয়াল বিল—এই আলোচনায় ওরা কেউ নেই। এমন কি কোন ক্যাবিনেট মন্ত্রী পর্যন্ত উপস্থিত নেই, কারণ এর উপরই ডিগনিটি, ডেকোরাম এবং কনভেনশান অফ দি হাউস সব কিছুই নির্ভর করে। এরা পরিষদীয় গণতন্ত্রে বিশ্বাসী নয় বলেই আমরা দেখতে পাচ্ছি এত বৃহদায়তন মন্ত্রী থাকা সত্ত্বেও অদ্যাবধি সর্ব বিষয়ে, সর্বক্ষেত্রে সম্পূর্ণ এরা ব্যর্থ হয়েছে। আমরা তাই দেখতে পাচ্ছি পশ্চিম-বাংলায় ইট ইজ এ ষ্টেট অফ বেগারস্, ইউ হ্যাভ সিন ইট। আজকে তাই ৪৩-এর মন্বন্তরের কথা এরা স্মরণ করিয়ে দেয়। তখন যেমন জল দাও, ফ্যান দাও—এই জন্য মানুষ কেঁদেছিল, এখন তেমনি আপনারা দীর্ঘ ৬ বছর পরে বিদ্যুৎ দাও এবং জীবন বাঁচাও বলে দাবী তুলেছেন। এমন কি বিধানসভায় পর্যন্ত অন্ধকার নেমে আসছে। আপনাদের প্ল্যানিংয়ের প্রায়রিটি কি ষ্টেট মিনিস্টার বলুন ? What is your priority ? What is your goal ? The Government is now bankrupt. আজকে বিধানসভায় আপনারা অন্ধকার। কি লক্ষ্যে পশ্চিম-বঙ্গের মানুষকে আপনারা পৌঁছতে চান ? কি সমাজতান্ত্রিক, অর্থনৈতিক পরিবর্তন

এতে আনতে পেরেছেন? এর কোন সুস্পষ্ট ছবি আপনারা দেখাতে পারবেন? আপনারা আজকে দিশেহারা হয়ে গেছেন। দি গভর্নমেন্ট ইজ ব্যাঙ্করাপ্ট। আজকে এই ব্যয়ের মুখোমুখি দাঁড়িয়ে এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসের চারটে দিক আছে। জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনই বলুন, বা এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসই বলুন সর্বক্ষেত্রে আপনারা রাজত্ব করে যাচ্ছেন। এই রাজ্যের জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনের অফিসাররা, অর্থাৎ আই. এ. এস. এ্যাসোসিয়েশনের এবং ডবলিউ. বি. সি. এস. এ্যাসোসিয়েশনের থেকে বলা হয়েছে—যেটা কাগজে বেরিয়েছে যে, সাধারণ মানুষের কাছে তাদের কিছু বলার অধিকার নেই। সেখানে বি. ডি. ও. অফিস, জে. এল. আর. ও. অফিসই ধরুন—অফিসারদের কোন ক্ষমতা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা বলেছেন যে, আজকে অসহায়, কারণ সরকারী নির্দেশ সেখানে কার্যকরী করতে পারেন না তারা এবং গোটা সরকারী প্রশাসনই আজকে অসহায়। দলীয় প্রভাবের গুরুত্ব এখানে বেশী। এখানে মার্কসিস্টের দলীয় প্রভাব বেশী। এনটায়ার প্রশাসনকে আপনারা দলীয় স্বার্থে কাজে লাগাতে চাইছেন। আমি স্যার জয়ন্ত বিশ্বাস মহাশয়কে, যিনি ট্রেজারি বেঞ্চে বসে আছেন তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি কি করুণ চিত্র প্রশাসনের তুলে ধরেছেন ট্রেজারি বেঞ্চ থেকে। ওদের যদি লজ্জা থাকতো, ওদের যদি গণতান্ত্রিক চেতনা থাকতো তাহলে আজকে I would have seen and the whole world would have seen the Minister for Home and Police. সেখানে এস. পি.-র কোন নিরাপত্তা নেই। সেখানে নির্বাচিত প্রতিনিধি যদি সি. পি. এম. থেকে আর. এস. পি.-তে যোগ দেয় তাহলে তাকে গুলি করে হত্যা করে দিচ্ছে। আজকে ওদের কাছে দলের থেকে বড় কথা কিছু নেই। ১৯৭২ সালে ভোটের সময় রেকর্ড উইল সো যে, আমার বিরুদ্ধে সি. পি. এমের প্রার্থী শান্তি সরকার ৩০ হাজার ভোটে পরাজিত হয়েছিল। দি রেকর্ড উইল সো যে, তিনি হেরে গেলে আর. এস. পি.-তে যোগ দিয়েছিলেন। এর জন্য সি. পি. এম.-রা তাঁকে পাখীর মত হত্যা করেছিল সি. পি. এম. থেকে ছেড়ে আর. এস. পি.-তে যোগ দিয়েছিল বলে। এর ফলে তাঁরা অনেক রক্তক্ষরণ ঘটিয়েছিলেন। আজকে জেনারেল সার্ভিসে জেলা অফিসারদের মান নিচে নেমে যাচ্ছে। জেলা অফিসারদের আজকে সি. পি. এমের করুণার পাত্র করে রাখা হয়েছে। সেখানে কো-অর্ডিনেশনই সর্বেসর্বা। আজকে District administration has failed in every respect to meet the demand of the people, to meet the developments of the State and to implement the projects of the Districts.

আবার অন্যদিকে দেখছি বি. ডি. ও-দের হেনস্থ করা হচ্ছে, থানার অফিসারদের হেনস্থা করা হচ্ছে দলীয় স্বার্থে। তৃষ্ণার জল সেখানে প্রয়োজনমত পৌঁছাচ্ছে না।

[3.50–4.00 P. M.]

পশ্চিম দিনাজপুরে পরশু দিন দেখে এলাম যেখানে জলের হাহাকার, সেখানে টিউবওয়েল যাচ্ছে না। যেখানে ওঁদের প্রার্থী মুমূর্ষু, নির্বাচনে অনিশ্চয়তা সেখানে চার-চারটি টিউবওয়েল যাচ্ছে। এতদিন এদের জি. আর. ছিল ৫%—এখন এটা আরও বেড়ে যাবে। কিন্তু তাও আপনারা বাঁচবেন না। এই সরকারের কার্যকালে এ্যাডমিনিষ্ট্রেশন তো শুধু ফেলই করে নি, র‍্যাসানালাইজেশন অব এ্যাডমিনিষ্ট্রেশন, এ্যাডমিনিষ্ট্রেটিভ নিউট্রালিটিও নেই। যতীনবাবু প্রসঙ্গতঃ উল্লেখ করেছিলেন আসে যায় মাইনে পায় উপরি দিলে কাজ করে। কানাইবাবু বলেছেন, কোন সংস্থা যদি সরকারী সংস্থায় পরিণত হয় তাহলে সেখানে কাজ হয় না। অষ্টম ফাইন্যান্স কমিশনে যে মেমোরেণ্ডাম আপনারা দিয়েছেন তাতে বলেছেন, মার্জিন্যাল বেনিফিট এবং মাইনে ইত্যাদির জন্য ফ্রম ১৯৮৪ টু ১৯৮৯, ২৯০০ কোটি টাকার দরকার। সরকারী কর্মচারীদের পাইয়ে আপনারা দিয়েছেন। কিন্তু তাতে কাজ কি হয়েছে? জ্যোতিবাবু বলেছেন কাকে কাজ করতে বলবো—চেয়ারকে কি? যতীনবাবু বলেছেন আসে যায় মাইনে পায় উপরি দিলে কাজ করে। এই কথা আমার কথা নয়। কোথায়ও কোন কাজ হচ্ছে না। তাই নিরপেক্ষ কোন প্রশাসন এবং অগ্রগতি হচ্ছে না। মেন পিলারস অব দি এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিস যারা—সেই আই. এ. এস. এবং ডবলিউ. বি. সি. এস.-দের এ্যাসোসিয়েশন আজ ক্ষুব্ধ। এই বিষয়ে যদি সরকার এখনই অবহিত না হয় তাহলে প্রশাসন অচল হয়ে যাবে। এই প্রসঙ্গে বলবো পুলিশ প্রশাসনেরও ব্যয় বেড়েছে। আপনারা আগে বলতেন এটা পুলিশের রাজত্ব। কিন্তু আপনারাও তাই পুনঃপ্রতিষ্ঠিত করতে যাচ্ছেন। পাণ্ডুয়াতে দুটি কিশোরকে হত্যা করে রেল লাইনে শুইয়ে রাখা হয়েছে—তার জন্য নয়, অশোকবাবু বললেন দুটি ছেলেকে হত্যা করে বিবেকানন্দ ব্রীজ থেকে ফেলে দেওয়া হয়েছে—তার জন্য, জয়ন্তবাবু বললেন স্বপন চ্যাটার্জি শুধু নয়, এস. পি.-রও কোন নিরাপত্তা নেই—তার জন্য নয়, ব্যাঙ্ক ডাকাতি বৃদ্ধি পেয়েছে—তার জন্য নয়, ট্রেনে রবারী রাহাজানি বৃদ্ধি পেয়েছে—তার জন্য নয়, এর কারণ অন্য জায়গায় আছে। আমি আবার বলছি যেটা আগে বলেছিলাম, পশ্চিমবাংলার কোন শহরে কোন ভদ্রমহিলা রাত্রি সাড়ে সাতটা/আটটার পর বাড়ীর বাইরে নিরাপদ বোধ করেন না। বিচারমন্ত্রী বিচারের ব্যয়বরাদ্দ দাবী করেছেন—কিন্তু ৭ম ফাইন্যান্স কমিশনে আপনাদের এ্যাডিশন্যাল ৯৭টি লোয়ার কোর্ট করার জন্য টাকা দিয়েছিল, কিন্তু আপনারা তা করেন নি। আপনাদের লোয়ার কোর্টে পেণ্ডিং কেসের সংখ্যা হচ্ছে ১২ লক্ষ ৬২ হাজার।

বিচারমন্ত্রী বলেছেন হাইকোর্টে পেণ্ডিং কেস হচ্ছে ১ লক্ষ ৪০ হাজার। তাহলে মোট এই রাজ্যে বিচারের অপেক্ষায় বসে আছে ১৪ লক্ষ কেস বিভিন্ন কোর্টে। টাকা আপনাদের ফাইন্যান্স কমিশন দিয়েছে, কিন্তু আপনাদের সময়ের জ্ঞান নেই, প্রায়রিটির জ্ঞান নেই। তাই টাকা চলে গেছে। ৮ম ফিন্যান্স কমিশনের কাছে বলেছেন বিচার ব্যবস্থার উন্নতির জন্য আরও টাকা দরকার—না হলে কোর্টের সংখ্যা আমরা বাড়াতে পারবো না। আপনাদের বইতেই এই সব আছে। Why you have built 97 Courts ? Let the Judicial Minister come forward and answer to this.

সোস্যাল সার্ভিস সম্বন্ধে সুব্রতবাবু অনেক অভিযোগ করেছেন। সোস্যাল সার্ভিসের কি অবস্থা, হাসপাতালের কি মারাত্মক অবস্থা তা সকলেই জানেন। মেয়ে, মাংস, মাতাল নিয়ে হাসপাতাল চলছে। সেখানে এমার্জেন্সি বন্ধ। It is not my habit to under estimate anybody. এই হচ্ছে আপনাদের স্পেশ্যাল সার্ভিস হাসপাতালের অবস্থা—অথচ দু' জন রাষ্ট্রমন্ত্রী আছেন। কিন্তু সেখানে ইমারজেন্সি বন্ধ হয়ে যাচ্ছে। The Life saving drugs are not available in the Hospitals. হাসপাতালের ষ্টাফরা ধর্মঘট করছে, লাইফ সেভিং ড্রাগ পাওয়া যায় না। আপনাদের লজ্জা করে না? এখানে রাষ্ট্রমন্ত্রী বলেছেন যে, গ্রামে ডাক্তাররা যেতে চান না, কিন্তু আই. এম. এ-রা দাবী করেছেন যে, এখানে এডুকেটেড ডাক্তাররা সারপ্লাস। আপনারা গ্রামের জন্য হাফ ডাক্তারী কোর্স চালু করেছেন তিন বছরের জন্য। পৃথিবীর কোন্ দেশে আছে? Are you not making West Bengal 40 years back ? আমি চিকিৎসা বিজ্ঞানের একজন ছাত্র হিসাবে বলছি ডাঃ রায় এই এল. এম. এফ. কোর্স তুলে দিয়ে গ্রাজুয়েট কোর্স এম. বি. বি. এস. কোর্স করেছিলেন। এডুকেশনে ব্যয় করছেন ৪১৯ কোটি টাকা। কিন্তু কি অবস্থা হচ্ছে? আজকে ডবল ষ্ট্যাণ্ডার্ড চলছে—একই সঙ্গে মাসরুম-এর মত গ্রো করছে ইংলিশ মিডিয়াম স্কুল। অর্থাৎ একদল ইংরাজী শিখবে, তারা করবে রুল এবং বৃহত্তর সমাজ থাকবে টু বি রুলড বাই ইংলিশ মিডিয়াম স্কুল ষ্টুডেন্ট। স্কুল-কলেজে দলবাজী করছেন, ইউনিভার্সিটির চেয়ার ফাঁকা, জয়েণ্ট এনট্রান্সে কেলেঙ্কারি করেছেন। হাইকোর্টের এ বিষয়ে যা মন্তব্য তা আমি করতে চাই না। আপনাদের লজ্জা নেই বলে আজকে সোস্যাল সার্ভিসের এই অবস্থা। ইকনমিক সার্ভিসে আপনাদের ছয় বছরের কার্যের ফলে West Bengal is a begging state now. What was the production in 1976-77 ? The production has been almost half in point of cereals. প্রতি মাসে চার লক্ষ টন আপনাদের যদি কেন্দ্র প্রতিশ্রুতি

দেয় তাহলে পশ্চিমবঙ্গ বাঁচবে ? আপনারা যে মতাদর্শে বিশ্বাস করেন তাতে ১১টা পাঁচসালা পরিকল্পনার পর সেই বৃহত্তর সোস্যালিষ্ট দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ নয়, তাকে অন্য দেশ থেকে খাদ্য আমদানি করতে হয়। আমাদের বন্ধু রাষ্ট্র বলে নাম করতে চাই না। অপর দিকে ভারতবর্ষ খাদ্যে উদ্বৃত্ত, ৫০টি দেশে খাদ্য রপ্তানি করে। আমি বলবো আপনারা এখানে হুলিগ্যানিজম চালিয়ে চিরস্থায়ী বন্দোবস্ত কায়েম করতে চান এবং আমাদের দারিদ্র্যের এটা একটা প্রধান কারণ। কর্নওয়ালিশের মত চিরস্থায়ী বন্দোবস্ত করে বিনয় চৌধুরী মহাশয় একটা তাঁবেদার কৃষক শ্রেণী এখানে তৈরী করেছেন। কবির ভাষায় বলবো : হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন, তা সবে অবোধ আমি অবহেলা করি। সেদিন জ্যোতিবাবুর জন্ম হয় নি—তা না হলে কবি লিখতেন : জ্যোতিবাবুর জন্যই আজ এই বাংলা ভিখারী হয়েছেন। বাংলা আজ এই যে দরিদ্র তার জন্য দায়ী সি. পি. এম. এবং জ্যোতিবাবু। প্রফুল্ল সেনের আমলে টেকনিক্যালি এ্যাডভান্স তখন হওয়া যায় নি, কৃষকদের রক্ষণশীলতা যায় নি, তবুও ১৯৬৬ সালে প্রোকিওরমেন্ট হয়েছিল ওভার ৫ লক্ষ মেট্রিক টন ইন পয়েন্ট অব রাইস।

[4 00—4.10 P.M.]

আর বাংলা ছয়টা পরিকল্পনায় এসে দাঁড়িয়ে ১৯৮২-৮৩ সালে প্রোকিওরমেন্ট করেছে ৪৫ হাজার মেট্রিক টন। কারণ, মিল মালিকদের তোয়াজ করে রাখতে হবে, বিগার ফারমারদের তোয়াজ করতে হবে, তাই রাজ্যের নিজস্ব কোন সংগ্রহ নেই। আজকে বাংলার খাদ্য সংগ্রহ ব্যর্থ হওয়ার ফলে বাংলা দুর্ভিক্ষের অবস্থায় এসে পৌঁছেছে। অনাহারে মৃত্যু অতীতে ঘটেছে, গেল বছর এখানে বলেছি ১৭ জনের অনাহারে মৃত্যু আমাদের কাছে রিপোর্টেড হয়েছে। আজকে বাংলায় যদি অভিশাপ থাকে তাহলে সেটা অপুষ্টির অভিশাপ, অনাহারের অভিশাপ। হাসপাতালগুলিতে খোঁজ করুন, হাসপাতালে যদি রোগী ভর্তি হয় তাহলে ৭০ পার্সেণ্ট অপুষ্টির পেসেণ্ট যাদের ম্যালনিউট্রিশানের জন্য ফার্স্ট ট্রিটমেণ্ট করতে হয়। এই হচ্ছে আপনাদের সোসাল সার্ভিস। আপনাদের আমলে আর একটা বস্তু আছে সেটা হচ্ছে সাপ্লাই দপ্তর। সব জিনিসের মূল্য উর্ধ্বগতি। আলু চাষে এবারে কোন বিঘ্ন ঘটেনি, আলু ক্রপ নর্মাল হয়েছে। আজকে বৈশাখ মাসের ৮ তারিখ, আলুর দাম ১.৫০ টাকা কিলো, যুক্তি আছে কিছু আপনাদের ? নিত্যব্যবহার্য দ্রব্যের উর্ধ্বমূল্য, যুক্তি আছে কিছু আপনাদের ? যা খুশী দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, হবে না

কেন ?রঘু মোদী মহাশয় যদি শেরিফ হতে পারে ? আজকে ডিসপ্লে অব এসেনসিয়াল আইটেমস্ করে না যেহেতু রঘু মোদী মহাশয়ের প্রোমোশান হয়েছে, তিনি শেরিফ হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব জিনিসের দাম বেড়ে যাচ্ছে, এর সঙ্গে যেটা মারাত্মক কথা সেটা হচ্ছে এ্যাডালটারেশান—এ্যাডালটারেশান ইন ফুড, এ্যাডালটারেশান ইন ড্রাগস, এ্যাডালটারেশান এন্ড রিহয়ার ; স্পিউরিয়াস ড্রাগস, এ্যাডালটারেটেড ফুড তাই আজকে মানুষকে আশ্রয় করেছে, মানুষ বাঁচতে পারে না। Your social service, your regime has not been able to render welfare service to the people of West Bengal. Your regime has not been able to provide minimum civic amenities.

কালকে দম্ভভরে প্রশান্ত শূর মহাশয় বলেছেন, এখানে নাকি ৫০ বছরে ওয়াটার লগিং-এর সমাধান হবে না। এর জন্য বলেছেন ১২শো কোটি টাকা দরকার। ওয়ার্লড ব্যাংক কত দিচ্ছে, ভারত সরকার কত দিচ্ছে এগুলি যোগ করলে এই টাকায় ১০ বছরেও এর সমাধান সম্ভব। কিন্তু আপনাদের বছর হয় ৭৩০ দিনে, ৩৬৫ দিনে নয়। আপনাদের ২৪ মাসে ১ বছর হয়। সময়ের ধারণাটা পাল্টে নিন যাঁরা পঞ্জিকা, ক্যালেণ্ডার তৈরী করেছেন। লেফ্ট ফ্রন্টের সময় জ্ঞান নেই, সময় একবার চলে গেলে আর কেউ পূরণ করতে পারে না। এবারে আমি ইকনমিক সার্ভিসে আসি। আমরা কালকে লেবার ইন ওয়েষ্ট বেঙ্গল পেয়েছি, তাতে বলছেন এত লাইসেন্স, লেটার অব ইনটেন্ট পেয়েছি, কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে। কালকে শ্রমমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন এখানে ফ্যাক্টরীতে নিযুক্ত কর্মী সংখ্যা ছিল ২৬ লক্ষ ৫ হাজার, আপনাদের কার্যকালে ১ বছরে ২৫ লক্ষ ৮৪ হাজার হয়েছে, লেবার কমে গেছে, যে লেবার ফোর্স ছিল তাও কমে গেছে। গ্রামের দিকে কি হয়েছে—১৯৭১ সালের সেনসাস বলছে এখানে এগ্রিকালচারাল লেবারের সংখ্যা ছিল ৩৩ লক্ষ, ১৯৮০ সালের সেনসাস বলছে এগ্রিকালচারাল লেবার হয়েছে ৩৮ লক্ষ। You are presiding over, you are administering over the pauperisation of the rural people of West Bengal. You are minimising the employment scope in the urban area. এই জিনিস আপনাদের মাধ্যমে দেখতে পাচ্ছি। Pauperisation of rural Bengal and contradiction of employment potentiality in urban area এ সম্বন্ধে শান্তিবাবুর কি জবাব আছে ? কৃষ্ণপদবাবু স্বীকার করেছেন এবং Labour in West Bengal-এ একটা কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে আজকে সব ব্যাপারে সাংবিধানিক সীমাবদ্ধতা এবং কেন্দ্রের দোষ দিলে চলবে না। আমাদের economic service, industry all India-য় progress করে চলেছে, West Bengal-এ it has declined in all major industries. আমাদের

Tea industry-র দিকে তাকালে দেখবেন It is a pride and monopoly of West Bengal, Darjeeling tea is a pride and monopoly of West Bengal. কিন্তু আপনাদের ভ্রান্ত শ্রমনীতি এবং অর্থনীতির ফলে চা-বাগানের নাভিশ্বাস উঠেছে। তবে আপনারা কিছুটা revise করেছেন, সুবুদ্ধির উদয় হয়েছে। আপনারা সেচকর কিছু কিছু কমিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও চা-এর রুগ্ন অবস্থা কাটিয়ে উঠতে পারেন নি। আজকে বাংলায় চা-শিল্পের অবস্থা শোচনীয় এবং তার reason হচ্ছে worst administration of Left Front regime. No resuscitation of these sick tea gardens, not a single tea garden has been resuscitated.

আপনারা বোধহয় জানেন শুধু চা-বাগানেই নয়, central sector scheme বলে একটা scheme আছে। আপনারা NREP scheme-এ অতিরিক্ত ৪০ কোটি টাকা দাবী করেছেন। কিন্তু গত বছর আপনারা ৩৬ কোটি টাকা পেয়েও ২৫ কোটি টাকা যে খরচ করতে পারেন নি তার কি কৈফিয়ৎ দেবেন ? গত বছর un-employment ছিল না ? গত বছর rural employment-এর প্রয়োজন হয় নি ? তাহলে কেন করতে পারেন নি ? আজকে আপনারা পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে বাজার মাৎ করবার চেষ্টা করছেন। আজ বাংলার মানুষ মরে যাচ্ছে, বাংলা আজ মুমূর্ষু। তারপর what is the condition of small scale industry ? এই industry বাংলার গৌরব ছিল, কিন্তু আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আমরা যে-সমস্ত autonomus corporation করেছি for the growth and regeneration of the cottage industry—তার অবস্থা কি ? আপনারা জানেন আমাদের এখানে তাঁত শিল্প খুব বিখ্যাত। we envisaged the industry এবং Handloom Powerloom Development Corporation আমরা করেছি। আমি জানতে চাই আপনাদের patronage তারা কতখানি পেয়েছে ? আমি জানতে চাই cottage sector এবং small scale sector থেকে সরকারী purchase কতখানি হয় ? আপনি কি assure করতে পারেন Government necessities, Government requirements will be first made by this cottage and small scale Iudustry and next by the monopoly houses. না, পারেন না। এর কারণ হচ্ছে Monopoly Houses-এর সঙ্গে আপনাদের আঁতাত রয়েছে এবং সেই জন্যই এঁদের জন্য Market সৃষ্টি করছেন না। co-operation-এর কথায় overdue সম্বন্ধে আপনারা আগে বলেছিলেন ১৫৭ কোটি টাকা overdue। আজকে Agriculture Minister বলেছেন more than 100

crores। তাহলে what is the need of Takavi Loan for the small farmers? আজকে ১০০ কোটি টাকার উপর যদি Reserve Bank-এ overdue থাকে, co-operative-এর overdue থাকে তাহলে খরার সময় কৃষকরা কি ঋণ পাবে? Govt. ঋণ দিতে পারবে? পারবে না। এই কারণেই আজকে উৎপাদন fall করছে, অবশ্য তাতেও এতখানে আতংকিত হবার কারণ ছিল না—কিন্তু এখানে productivity fall করেছে either in industry or agriculture। কিন্তু এতেও যখন সরকার বিচলিত নয় তখন আপনারা ভেবে দেখুন আমরা কোথায় বাস করছি। is it a fool's paradise? আমাদের প্রবীণ মন্ত্রী আন্দামান ফেরৎ অমৃতেন্দুবাবু একদিন কংগ্রেসের সৈনিক এবং সেনাপতি ছিলেন এবং তিনি যে অমৃতের সন্ধান করেছিলেন সেটা কংগ্রেসের পতাকা নিয়ে। আজ তিনি অন্য পথে, ভুল পথে গেছেন। তিনি দায়িত্ব নিয়েছেন as an ancillary vocation।

[4.10—4.20 P. M.]

হরিণঘাটা মিল্ক সাপ্লাই, কলকাতায় মিল্ক সাপ্লাই-এর রূপকার ডাঃ বিধানচন্দ্র রায়। মাটিগাড়া—সিদ্ধার্থ শঙ্কর রায়। তৃতীয় প্রকল্পের নাম কি শোনা যাবে যে, অন্য কোন মিল্ক সাপ্লাই স্কীম তৈরী হয়েছে—যার রূপকার জ্যোতি বসু অথবা অমৃতেন্দু মুখার্জী? অমৃতেন্দুবাবু একজন রিজিনেব্‌ল লোক, তাই তাঁর কাছে সাজেশন রাখছি, আপনি রিজিনেব্‌ল মানুষ, আপনার যে দপ্তর আছে, সেখানে এ্যানিম্যাল হাজব্যাণ্ড্রী এবং ভেটেরিনারী সার্ভিস আলাদা দুটো ডাইরেক্টরেট ওয়ার্ল্ডের কোথাও নেই। এই দুটো দপ্তর আমরা করেছিলাম, আমরা যা করবো, আপনারাও কি তাই করবেন? কো-অর্ডিনেশনের জন্য, কাজের সুবিধার জন্য এই দুটো একটা ডাইরেক্টরেটের আণ্ডারে থাকা উচিৎ। এটা বলছি এই জন্য, এটা কোথাও নেই ভারতের অন্যান্য অঙ্গরাজ্যে। আমরা বাইফারকেট করেছিলাম, কিন্তু We should not be the grammar of communist administration. Congress policy should not be adopted as grammar of commnist administration or Marxist administration.

আমাদের পরীক্ষা যদি ব্যর্থ হয়, আপনারাও কি দুটো ডাইরেক্টরেট করবেন? এ্যাডভান্স কান্ট্রিতে এই জিনিস হয় না। ক্যাটেল একটা অপরিহার্য অঙ্গ। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই দুটো ডাইরেক্টরেটকে এক করবার জন্য। এখানে তা করার প্রয়োজন রয়েছে, মানুষ দুধ পাচ্ছে না, দুধ শুধু ধনীদের খাদ্য নয়, দুধ শিশুদের খাদ্য। আপনি কি এ্যাসিয়োর করতে পারেন, What is the

per Capita consumption of milk for the new born babies even? এখানে আমরা দেখেছি, আপনাদের দুধের অভাব, ওয়েষ্ট বেঙ্গল এ্যাণ্ড ইণ্ডিয়ায় এখানে এক্সপেকটেন্সী অব দি লাইফ এ্যাট দি মোমেন্ট, ১৯৮১ সালের সেনসাস অনুযায়ী হচ্ছে ৬২ ইয়ার্স। একসঙ্গে স্বাধীন হয়েছে শ্রীলংকা, সেখানে এক্সপেকটেন্সী অব লাইফ, নর্মাল লংজিভিটি হচ্ছে ৮৭ ইয়ার্স। আমরা পারিনি, সুতরাং আপনি পারবেন না, এই প্রতিশ্রুতি তো দিয়ে আসেন নি আপনারা। সাপ্লিমেন্ট করবেন বলে এসেছেন। সেটা আপনারা করেন নি। সুতরাং তাহলে আমি বলতে পারি You have given open bluff to the people to procure votes, to catch votes, You have no intention to serve the people. আজকে এই কথাই আপনাকে বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু শিল্পে নয়, কুটির শিল্পে নয়, সাধারণ দৈনন্দিন জীবনে যেটা প্রয়োজন, সেটা হচ্ছে বিদ্যুৎ। এই বিদ্যুতের অভাবে পশ্চিমবঙ্গ আজকে দিশেহারা, পশ্চিমবঙ্গ সর্বকালের জন্য অন্ধকারে নিমজ্জিত। তারও পর রাষ্ট্রমন্ত্রী বলেছেন—ফর হেভেন্স সেক! ১৯৯০ সালে ১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি হবে। কোলাঘাটের ব্যাপারটা ধরুন—কোলাঘাটের বিদ্যুৎ প্রকল্পটি Initially conceived as early as 1972. It was due to commission in 1978. Sir, the normal gestation period of a power plant is 36 months or at best 40 months. যারা ক্ষমতায় এসেছেন ১৯৭৭ সালে, যারা ক্ষমতায় ৬ বছরের উপর আছেন, কোলাঘাটের একটা ইউনিটও করতে পারেন নি। Because of your trade union practice, because of the intra-union and inter-union rivalry. সেই কারণে প্রোডাকশন, জেনারেশন এবং ফার্ম ক্যাপাসিটি এখানে অত্যন্ত কমে গেছে। কে জবাব দেবে? ৮৫০ মেগাওয়াটের কথা বললেন, কিন্তু what is the average generation? Half the firm generation—not even the installed capacity not even 450 megawatts, Durgapur, Bandel, Santaldih, Jaldhaka. আজকের দুর্গাপুর বিধানচন্দ্র রায় করে গেছেন, ব্যাণ্ডেল বিধানচন্দ্র রায় করেছেন, সাঁওতালডি সিদ্ধার্থ শঙ্কর রায় করেছিলেন, জলঢাকা বিধানচন্দ্র রায় করেছিলেন। আমি জানতে চাই ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিট জ্যোতি বসু কি কমিশন করতে পেরেছেন? ধরে নিলাম এখানে বিদ্যুতের অবস্থা জিরো ছিল। ছয় বছরের মধ্যে আপনারা কেন বিদ্যুৎ জেনারেশন করতে পারেন নি?

৬ বছরের মধ্যে কেন ফার্ম জেনারেশনে পৌঁছতে পারলেন না? ৬ বছরের মধ্যে ডি-রেটেড ক্যাপাসিটিতে কেন আসতে পারলেন না? ৬ বছরের মধ্যে কেন র‍্যাশনালাইজড্ ডিষ্ট্রিবিউশন করতে পারলেন না? আপনারা কালকে প্রস্তাব করেছেন

ফারদার রেশনিং ইন পাওয়ার—পাওয়ারের প্রাইস ইন্‌ক্রিজড হচ্ছে, লোড শেডিংও বাড়ছে এর‍্যাটিক ওয়েতে। বিরাট লস হচ্ছে। আপনারা জেনারেটর ইণ্ডাষ্ট্রিকে এনকারেজ করেছেন। আপনারা গ্যাস টার্বাইন বসিয়েছেন বিকজ দ্যাট হ্যাজ বিন ডান এ্যাট দি কষ্ট অব পাবলিক এক্সচেকার। তাতে আমাদের অবস্থা ভাল হয়েছে? বিদ্যুতের অবস্থা ডে আফটার ডে খারাপ হয়ে যাচ্ছে। ইউ বেগ পাওয়ার ফ্রম ইউ. পি, ইউ. বেগ পাওয়ার ফ্রম ওড়িষ্যা। দোষ দিয়েছেন এখানে ২২% বাস করে, বিদ্যুতে ইনভেষ্টমেণ্ট ১৬%। যদি ডি. ভি. সি.'র জেনারেশনের উন্নতি হয় তাহলে ষ্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন কেন জেনারেশন বাড়াতে পারবে না? কেন ন্যাশনালাইজড ডিষ্ট্রিবিউশন হয় না? ছেলেরা পরীক্ষার পড়া করতে কেন পারে না? রাত্রে কাগজ পড়া যায় না কেন? হাসপাতালে রোগীর অপারেশন কেন হয় না? বিধানসভার অধিবেশন কেন বন্ধ করতে হয়? আজকে রেল যোগাযোগ ব্যাহত হয় কেন? এই কথার জবাব কে দেবে? এর জবাব আপনাদের দিতে হবে। আজকে পাম্প সেট, স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, ক্লাস্টার টিউবওয়েল কেন চলে না? আজকে ক্ষুদ্র ও কুটির শিল্প, স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি, মিডিয়াম ইণ্ডাষ্ট্রি কেন বাড়ে না? এখানে ক্লাইমেট ফর ইণ্ডাষ্ট্রিয়াল ইনভেষ্টমেণ্ট কেন তৈরী হয় না? এখানে মর্ডানাইজেশন অব এগ্রিকালচার কেন সম্ভব হয় না? কারণ জ্যোতি বসু মহাশয় এ্যাজ ফাইন্যান্স মিনিষ্টার, এ্যাজ মিনিষ্টার ফর পাওয়ার, এ্যাজ চীফ অব লেফ্‌ট ফ্রণ্ট। হি হ্যাজ ফেল্‌ড সো মাচ ইন বেঙ্গল—বেঙ্গল ইজ ডার্কেষ্ট ষ্টেট নাউ ইন দি হিষ্ট্রি। কি জবাব আপনাদের? এখানে বিদ্যুৎ নেই কেন? এর ব্যবস্থা কেন করতে পারছেন না? আপনারা অপরের কাছে বেগ করছেন। সময়ের জ্ঞান নেই, অর্থের মূল্য নেই? কারণ সিটু ট্রেড ইউনিয়নকে এনকারেজ করতে হবে, আর আই. এন. টি. ইউ. সি. করলে বরখাস্ত করতে হবে। আজকে সমন্বয় করার প্রয়োজন নেই—আপনারা তাই করেছেন। হ্যাভ ইউ রাইট টু ক্লেম এনি ফাণ্ড ফ্রম দি পাবলিক এক্সচেকার ফর পাওয়ার? আপনারা তো মাল্টিন্যাশনাল এবং ক্যাপিটালিষ্ট কান্ট্রির কাছে ধর্না দিয়েছেন। আপনারা একবার চেষ্টা করে দেখুন না ওখান থেকে যে-কোন মানুষকে এনে বিদ্যুতের একটা সুরাহা করতে পারেন কিনা—রেডিও শুনতে শুনতে কেন আজকে বন্ধ হয়ে যায়, সংবাদপত্র পড়া যায় না কেন? বিদ্যুতের অভাবে ছাপাখানা কেন বন্ধ হয়ে যায়? এই প্রেসের ব্যবসা বাঙালীর হাতে ছিল, বই-এর ব্যবসা বাঙালীর একটা ক্ষুদ্র ব্যবসা। সেটাও আজ বন্ধ হয়ে যেতে বসেছে। কারণ বিদ্যুৎ নেই। এদের তো আর জেনারেটর কেনার ক্ষমতা নেই। এর কি কৈফিয়ৎ,

কি জবাব আছে আপনাদের ? আর কোথাও এই রকম শোচনীয় অবস্থা হয়েছে ? আমরা তো চারিদিক ঘুরে দেখলাম, এত শোচনীয় অবস্থা কোথাও হয় নি। ওঁরা পঞ্চায়েত সম্পর্কে জানতে চাইলেন—পঞ্চায়েত ডিমাণ্ডে আমি আমার বক্তব্য রেখেছি। আপনারা নির্বাচন পিছিয়ে দিয়ে পঞ্চায়েতের ব্যাপারে প্রথম অপরাধ করেছেন। আপনারা ১৯৬৭ সালে এসেছিলেন, নির্বাচন করেন নি। ১৯৬৯ সালেও এসেছিলেন, নির্বাচন করেন নি। আর ১৯৭২ সালে গোসা করেছিলেন নির্বাচনে অংশ গ্রহণ করবেন না। কারণ বাংলার মানুষ আপনাদের রিজেক্ট করেছিল। আর আজকে পঞ্চায়েত নির্বাচনে আমরা কি দেখতে পাচ্ছি ? আপনারা বাজেটে এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যেটা না বলে পারছি না। আপনি যে বই সাপ্লাই করেছেন তাতে ৫ কোটি টাকা রেখেছিলেন ভোটার লিষ্ট সংশোধন করবার জন্য। মিনিষ্টার বলেছেন এটা ভুল হয়েছে। কারণ ভোটার লিষ্ট যদি সংশোধন করেন তাহলে আপনাদের হেরে যাবার সম্ভাবনা উজ্জ্বল হয়। তাই ভোটার লিষ্ট সংশোধন নয়, কারচুপির মাধ্যমে নির্বাচন হচ্ছে। কি সিষ্টেম দেখে এলাম ? এতদিন মানুষগুলি বুভুক্ষু ছিল, পানীয় জলের জন্য মাথাঠুকে মরেছে, সেই ব্যবস্থা করা হয় নি। আর এখন গাড়ী গাড়ী পাইপ যাচ্ছে টু পারচেজ ভোটস্ পঞ্চায়েত নির্বাচনের জন্য।

[4.20—4 30 P.M.]

আজকে ৫ পারসেণ্ট জি. আর.-এর পারসেনটেজ ছিল, you have increased it to more than two Why ? To purchase votes from the poor people. রবীনবাবু, শুনে রাখুন, আপনাদের পঞ্চায়েত প্রার্থী পরাস্ত হয়েছেন, আনকনটেসটেড হয়েছে কংগ্রেস প্রার্থী। পশ্চিম দিনাজপুরে এই জিনিস দেখে এলাম। স্যার, মালদহ হয়ে আসার সময় মঙ্গলবাড়ীতে আমার গাড়ী আটকালো, সেখানে দেখলাম কংগ্রেস প্রার্থীর বাড়ী এঁরা ভেঙ্গে দিয়েছেন। সেই ভদ্রলোক আমাকে বললেন, "আমায় বাঁচান।" স্যার, এই সেই ভাঙ্গা বাড়ীর ছবি—দেখুন স্যার, এই ছবিতে কি ভাবে ঐ মঙ্গলবাড়ীতে পঞ্চায়েতে কংগ্রেস প্রার্থীর বাড়ী ভেঙ্গে দেওয়া হয়েছে। এঁরা গণতন্ত্রের কথা বলেন, অথচ কি ভাবে আক্রমণ করা হয়েছে, সেটা একটু দেখুন। পশ্চিম দিনাজপুরের কথা এখনই আমি বলছি না, পরে বলবো। নির্বাচনটা আগে জমে উঠুক তারপর বলব।

(শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ্ : দলিল আছে ?)

আছে, সবই দিতে পারি। আপনারা বাড়ীঘর ভাঙ্গতে শুরু করেছেন, ঘরদোর জ্বালাতে শুরু করেছেন, মানুষকে খুন করতে শুরু করেছেন—এই রকম একটা অবস্থা সারা পশ্চিম বাংলায় সৃষ্টি করেছেন। স্যার, এই যদি অবস্থা হয় তাহলে we can not agree to the demand of appropriation. We can not allow this Government the right to spend from the public exchequer. স্যার, শেষে সাপলিমেণ্টারি এ্যাপ্রোপ্রিয়েশানে যে কথা বলেছিলাম সেই কথা আবার বলছি, আপনাদের প্ল্যানিং নেই বলে সাপলিমেণ্টারি গ্রাণ্টগুলির অধিকাংশ ওয়ান থার্ড অব দি টোটাল গ্রাণ্ট আসে। এ ক্ষেত্রে এ. জি. বি. ওয়ান এ্যাণ্ড টু—তারা যে পিরিওডিক্যাল রিপোর্ট দেয় Why the Finance Department is deaf and dumb towards that report? আপনারা খরচ করছেন, আর রেগুলারাইজ করছেন ১০ বছর বাদে। অডিটার এ্যাণ্ড কম্পট্রোলার জেনারেলের যে রিপোর্ট সেখানে Why there is no supervision, why there is no inspection, why there is no submission of utilisation cetificate in public expenditure. কেন্দ্রকে তো আপনারা হিসাব দেন না। এক্ষেত্রে এ. জি. বেঙ্গল যে রিকনসাইল করার চেষ্টা করেন, আপনাদের ডিপার্টমেণ্টকে জানায়, এই এই ইরেগুলারেটিস, অডিট অবজেকশান কিন্তু You did not reconcile. এটা আপনাদের জমিদারী নয়, পারসোনাল অর প্রাইভেট এষ্টেট নয়, পাবলিক এক্সচেকার থেকে খরচ করলে পাবলিক এ্যাকাউনটিবিলিটি থাকে। You have forgotten the norms of the accountability to the public and to the legislature...hence the Chief Minister is absent here. If anybody is guilty it is the Chief Minister who is the Leader of the House. But he has denied the accountability before the House. On an important point like this Mr. Deputy Speaker has chosen to defer the ruling on my point of order. With these observations, Sir, I beg to oppose the Appropriation Bill as presented by the Minister of State. As such, I only caution, please see the writings of the walls. Unless you take caution, I am afraid, time will not be able to save you neither your ideology.

এত দিন পরেও ভারতবর্ষের ১০০ জন মানুষের মধ্যে ৩ জন মানুষও কমিউনিষ্ট হয় নি। আপনাদের মৃত্যু হোক তা আমরা চাই না, আপনারা দায়িত্ব পালন করুন।

But don't forget your pledge to the people. Don't forget to read the writings on the wall. Don't forget your responsibility to the people. Don't

make it a begger State as you have made it. Don't make Bengal poorer as you have made it. Don't preside over the pauperization of the whole of Bengal both in urban and rural. I caution you and with these words, Sir, I again oppose the Appropriation Bill with all the might, reasons and arguments at my command.

শ্রীসুমন্ত কুমার হীরা: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দীর্ঘ সময় ধরে বিরোধী পক্ষের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন এ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর তাঁর বক্তব্য রেখেছেন। আমরা দীর্ঘক্ষণ ধরে তাঁর গলার কসরত দেখলাম। আমি জানি না অসত্য বলার জন্য ঐভাবে গলার কসরত করতে হয় কিনা। সম্ভবতঃ সেই কারণেই তিনি ওটা করেছেন। তাঁকে আমি শুধু এইটুকু বলতে চাই যে, অসত্যকে প্রতিষ্ঠিত করার জন্য তিনি যতই গলার কসরত করুন না কেন, যতই ঢাক পেটান না কেন, তা দিয়ে তিনি মানুষকে বিভ্রান্ত করতে পারবেন না, অসত্যকে প্রতিষ্ঠিত করতে পারবেন না। সত্যের ঢাক বাজবেই, তাকে গলার কসরত দিয়ে কখনই আটকান যায় না, তাকে স্তব্ধ করা যায় না। সত্য তার নিজ মূর্তিতে প্রতিষ্ঠিত হবে, আত্মপ্রকাশ করবে।

আমি মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিনের বক্তব্যের মধ্যে অনেক অভিযোগই শুনলাম। সেগুলি সম্বন্ধে আমি এককথায় বলতে পারি যে, তিনি যে সব কথা বলেছেন সে-সমস্ত অসার, অসত্য কথা এবং সে সব কথার কোন উত্তর দেবার প্রয়োজন আছে বলে আমার মনে হয় না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিধানসভায় দাঁড়িয়ে যেটুকু বলতে চাই সেটুকু হচ্ছে যে, পশ্চিমবঙ্গের মানুষ আজকে অত্যন্ত নিশ্চিন্ত, কারণ এমন একটা সরকারের হাতে তাঁরা টাকা তুলে দিচ্ছেন, এমন সরকারের হাতে ব্যয় করার অধিকার তুলে দিচ্ছেন, যে সরকারের হাতে টাকা থাকলে পশ্চিম বাংলার ৫ কোটি মানুষের স্বার্থে নির্দিষ্টভাবে, সুষ্ঠুভাবে সেই টাকার প্রতিটি পাই পয়সা ব্যয় করা হবে। এবিষয়ে পশ্চিমবঙ্গের জনগণ নিশ্চিন্ত। তাই মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আজকে ব্যয় করার অধিকার চেয়ে যে বিল আনা হয়েছে সেই বিলকে সমর্থন করে দু'-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের ফেডারেল স্ট্রাকচারের একটা অঙ্গ রাজ্য। আমাদের এই অঙ্গ রাজ্যের সরকারের স্বাধীন এবং স্বয়ংসম্পূর্ণ-

ভাবে কাজ করার কোন অধিকার নেই। আমাদের রাজ্য সরকারের এমন কোন অর্থনৈতিক অধিকার নেই, যে অধিকারের সাহায্যে সরকার তাঁর নীতি অনুসারে জনগণের সেবা করতে পারেন। আমাদের রাজ্য সরকারের সেই অর্থনৈতিক অধিকার নেই, যে অধিকার দিয়ে পশ্চিমবঙ্গের নিজস্ব উৎস থেকে সম্পদ সংগ্রহ করে পশ্চিমবঙ্গের ৫ কোটি মানুষের সমস্ত প্রয়োজন মেটাতে পারে। এমন কি সেই রাজনৈতিক অধিকার পর্যন্ত নেই, যে অধিকারের দ্বারা আমাদের রাজ্য সরকার যে নীতি প্রচার করেন—গত ৫০ বছর ধরে, অর্ধ শতাব্দী ধরে আমরা যে নীতি প্রচার করে এসেছি—সেই নীতিকে জনসাধারণের স্বার্থে প্রতিষ্ঠিত করতে পারেন। এই সরকারের নিজস্ব নীতি জনসাধারণের স্বার্থে প্রতিষ্ঠিত করার রাজনৈতিক অধিকার পর্যন্ত নেই।

[4.30—4.40 P.M.]

এই সরকার সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। আমাদের দেশের যে সংবিধান সেই সংবিধানের নিয়মনীতির মধ্যে দাঁড়িয়ে প্রতিটি পাই-পয়সা ব্যয় করতে হয়, প্রতিটি পাই-পয়সা সংগ্রহ করতে হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের সম্পদ সংগ্রহের সমস্ত ক্ষমতা কেন্দ্রের হাতে কুক্ষিগত, সমস্ত অর্থনৈতিক অধিকার এবং প্রতিটি অধিকার কেন্দ্রের হাতে কুক্ষিগত, সমস্ত রাজনৈতিক অধিকার কেন্দ্রের হাতে কুক্ষিগত। সুতরাং একটা রাজ্যের রাজ্য সরকারের যে নীতিই হোক না কেন, যতই প্রগতিশীল নীতিই হোক না কেন সেটা বাস্তবে প্রতিষ্ঠিত করার সুযোগ সীমিত, সেই সুযোগ নেই বললেই চলে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গত ৫ বছর ধরে কাজ করছে জনগণের স্বার্থে। ১৯৮২ সালে সেই জনগণের কাছে নির্বাচনের জন্য গিয়েছিলাম। সেই জনগণ আমাদের উপরেই আস্থা জ্ঞাপন করেছেন এবং আমরা আবার ৫ বছরের জন্য ক্ষমতায় বসেছি। কাজেই জয়নালসাহেব জোর গলায় যতই বলুন না কেন, যতই অসত্য কথা প্রচার করুন না কেন, সেই অসত্য কথা প্রতিষ্ঠিত হবে না, সত্যের ঢাক বাতাসে বাজবে—একথা আমি জানিয়ে দিতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে আমরা অনেক সাফল্য লাভ করেছি এবং সেই সাফল্য নিয়ে এই সীমিত ক্ষমতার মধ্যেও গর্ব করতে পারি। আমি সে বিষয়ে যেতে চাই না। গত দেড় মাস ধরে আমাদের পক্ষের বহু বক্তা সরকারের সাফল্য সম্পর্কে অনেক আলোচনা করেছেন এবং প্রমাণ করেছেন বামফ্রন্ট সরকার

জনগণের স্বার্থে কাজ করছে এবং আগামী দিনেও করবে—আমি সে বিষয়ে যেতে চাই না। আমরা দেখতে পাচ্ছি, আমরা যেভাবে কেন্দ্রের উপর নির্ভরশীল, কেন্দ্রীয় সরকার যে নীতি অনুসরণ করছেন তাতে পশ্চিমবঙ্গের সমস্যা দূর করা সম্ভব নয়। পশ্চিমবঙ্গে যে-কোন সরকারই আসুক না কেন, সে কমিউনিষ্ট সরকার হোক—আর যেই হোক, কোন সরকারের পক্ষে সম্ভব নয় এই সমস্যাকে দূর করা। আজকে কেন্দ্রীয় সরকার আমাদের দেশের অর্থনীতিকে জরাজীর্ণ করে তুলেছেন, অর্থনীতিকে পঙ্গু করে তুলেছেন। কেন্দ্রীয় সরকারের সমস্ত নীতি—সে ফিসক্যাল পলিসিই হোক, ইমপোর্ট পলিসিই হোক, আর এক্সপোর্ট পলিসিই হোক—সমস্ত পলিসিই হচ্ছে অর্থনীতিকে ধ্বংস করার পলিসি। আমি কয়েকটি উদাহরণ দিয়ে দেখাতে চাই। আপনি লক্ষ্য করে দেখবেন, ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকার লোকসভায় যে বাজেট উত্থাপন করেছিলেন সেই বাজেটে যে ট্যাক্সেশান তাতে আপনি দেখবেন, সেই ট্যাক্সেশানের লক্ষ্য হচ্ছে, গতি হচ্ছে ইনডাইরেক্ট ট্যাক্স ক্রমান্বয়ে বাড়ানো, আর ডাইরেক্ট ট্যাক্সেশান কমানো। ডাইরেক্ট ট্যাক্সটা যাদের উপর হয় তারা হচ্ছে দেশের সম্পদশালী মানুষ। যারা দেশে সবচেয়ে বেশী শোষণ করছে, যারা সবচেয়ে বেশী সঞ্চয় করছে তাদের উপর ট্যাক্স কমছে, আর এটা করছে দেশ স্বাধীন হওয়ার পর থেকে। আমি এই প্রসঙ্গে একটি ফিগার আপনার মাধ্যমে এই হাউসে উপস্থিত করছি। বৃটিশ সাম্রাজ্যবাদীদের আমরা নিন্দা করতাম। কিন্তু যারা বিত্তশালী সেই সমস্ত মানুষের উপর তাঁরা ডাইরেক্ট ট্যাক্স বসিয়ে রাষ্ট্রীয় কাজকর্মের জন্য অর্থ আমদানী করতেন। ১৯৪৪-৪৫ সালে আমরা কি দেখেছি? সরকারের ট্যাক্সের মাধ্যমে যা আমদানী হতো তার ৫৫ ভাগেরও বেশী আসতো বড়লোকদের উপর ট্যাক্স বসিয়ে। এইভাবে আদায় করা হতো। আর ১৯৪৪ সালের পর থেকে ১৯৪৭, ১৯৫০ এবং ১৯৫১ সালে যখন দিল্লীতে প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু রাজত্ব করছেন তখন কি করলেন? ঐ বড়লোকদের উপর ডাইরেক্ট ট্যাক্স কমিয়ে দিয়ে ১৯৫০ সালে কমে হলো ৩৭ পারসেন্ট। যেখানে ডাইরেক্ট ট্যাক্স ৫৫ পারসেন্টের বেশী ছিল সেখানে কমে হলো ৩৭ পারসেন্ট। এবার ১৯৬০-৬১ সালে আসুন, দেখবেন, আরো কমেছে এবং সেটা কমে হলো ৩৩ পারসেন্ট। তারপর আরও কমতে কমতে ১৯৭০-৭১ সালে হলো ২৭ পারসেন্ট এবং ১৯৮২-৮৩ সালে হলো ২৪ পারসেন্ট। আর এ বছর বাজেটে হয়েছে ২১ পারসেন্ট অর্থাৎ, বড়লোকদের উপর ট্যাক্সেশান কমছে, আর গরীবদের উপর ট্যাক্স বাড়ছে। উল্টো দিক দিয়ে বলতে গেলে, রাষ্ট্রের মোট আমদানীর ৭৯ ভাগ গরীব মানুষকে দিতে হচ্ছে। আমাদের দেশের গরীব মানুষকে শোষণ করার যে নীতি সেই নীতি কেন্দ্রীয় সরকার অনুসরণ

করছে। আর এদিকে জয়নাল সাহেব গরীব মানুষের জন্য চোখের জল ফেলছেন, সমুদ্র বানিয়ে ফেলছেন, কিন্তু তাঁদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী দিল্লীতে বসে বড়-লোকদের উপর যে ট্যাক্স সিসটেম ছিল সেই ট্যাক্স সিসটেমটাকে কমাচ্ছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা সাধারণ কথা আপনি জানেন, আমাদের মোট যে ট্যাক্সেশন, আমদানীর উপর যে রেভিনিউ সেই রেভিনিউ হচ্ছে ২০ হাজার কোটি টাকা, ২০ হাজার কোটি টাকার কিছু বেশী, এ্যাকচুয়াল ফিগারটা বলছি ২০৬৮০ কোটি টাকা ট্যাক্সেশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকার সংগ্রহ করেন। তার মধ্যে ১৬৩৩০ কোটি টাকা এইসব গরীব মানুষের কাছ থেকে সংগ্রহ করা হয়। বিড়ি, দেশলাই, সিগারেট, কেরোসিন, কাপড় এই সবের উপর, মানুষের নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর উপর দিয়ে ট্যাক্স তোলা হচ্ছে। শ্রীমতী ইন্দিরা গান্ধীর কংগ্রেস দল ঐসব মানুষের স্বার্থে করেন, লজ্জা করে না। গরীব মানুষের স্বার্থে এ জিনিস কেউ করতে পারে? ট্যাক্স কাদের উপর থেকে নেওয়া হচ্ছে, যারা প্রতিবাদ করতে পারে না, যারা নীরবে মেনে নেবে সেইসব মানুষের উপর সবচেয়ে বেশী ট্যাক্স করে টাকা তোলার এই নীতি সরকার করেছেন। ভোগের নীতিতে তাঁরা ট্যাক্স ঠিক করে দেন। কত বেশী জিনিস দেশের মানুষ ভোগ করে তার উপর ট্যাক্স হবে? এই নীতি কেন্দ্রীয় সরকার করছেন, এতে কি দেশের উন্নতি হতে পারে, না দেশের গরীব মানুষের কল্যাণ হতে পারে? এই নীতিতে গরীবরা সর্বস্বান্ত হতে বাধ্য। সারা দেশব্যাপী এই নীতি যদি কেন্দ্রীয় সরকার অনুসরণ করেন তাহলে দেশের কোন কল্যাণ হবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাইরেক্ট ট্যাক্সেশন এবং ইনডাইরেক্ট ট্যাক্সেশনের এই প্রতিফলন আপনি নিশ্চয় উপলব্ধি করবেন। পশ্চিমবঙ্গ এর বাইরে নয়। পশ্চিমবঙ্গের জনগণের যে অনেক বেশী দারিদ্র্য সেটা এই নীতির জন্য, পশ্চিমবঙ্গ সরকারের কোন নীতির জন্য নয়, সেখানেই তাদের অসুবিধা হচ্ছে। সমস্ত নীতির মূল কেন্দ্রীয় সরকারের নীতি এবং সেই নীতির জন্যই সমস্ত অসুবিধা এবং দুঃখকষ্ট। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথাটা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকারের আজকের নীতিটা কি? নীতিটা হচ্ছে যে, ঐ ধনীদের কনজামশানের জন্য যে জিনিসগুলি আছে সেই জিনিসগুলির উপর ট্যাক্সেশন করেন নি। টি. ভি, ফ্রিজ, এবং অন্যান্য কয়টি কসমেটিকসগুলি যা আছে তার উপর ট্যাক্সেশন কম করা হচ্ছে। কৌশল করে চ্যারিটেবল ট্রাষ্ট তৈরী করে বিভিন্ন চ্যারিটেবল ট্রাষ্টে সমস্ত পুঁজিপতি, একচেটিয়া পুঁজিপতি পরিবারগুলি তাঁরা এই চ্যারিটেবল ট্রাষ্টের মাধ্যমে একজেমশন করার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার তার কোন ব্যবস্থাই করছেন না।

এতদিনে শুনছি যে, তাতে নাকি ট্যাক্স করা হবে। এইগুলি মানুষকে বিভ্রান্তি করা ছাড়া আর কিছুই নয়। পুঁজিপতিদের কিছুই হবে না। তাঁরা ইনসেনটিভ নিয়ে যাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু এই কটি কথা বলতে চাই যে, আমাদের মহান শিক্ষক কার্ল মার্কস একটা কথা বলেছেন—বুর্জোয়া বাজেট হচ্ছে লুঠের বাজেট, জনগণকে লুঠ করার বাজেট। শ্রীমতী ইন্দিরা গান্ধী সেই কথার সত্যতা প্রমাণ করলেন। বুর্জোয়ারা যখন বাজেট করে তারা জনগণকে লুঠ করে, বুর্জোয়া পুঁজিপতি ধনিকশ্রেণীকে বণ্টন করার ব্যবস্থা করে। এই ব্যবস্থাই আজ ৩৫ বছর ধরে চলছে এবং তারই মধ্যে আমরা দাঁড়িয়ে আছি।

[4.40—4.50 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি বিষয়ে আমি বলতে চাই, সেটা হচ্ছে—কেন্দ্রীয় সরকার আই. এম. এফ. লোন নিলেন। এই লোন নেবার ফলে আমাদের দেশে তার যে প্রভাব পড়েছে তা আমরা হাড়ে হাড়ে টের পাচ্ছি। এই লোনের ইমপ্যাক্ট ফল, এই লোনের টার্মস এ্যাণ্ড কণ্ডিশন যা রয়েছে তাতে আজকে আমাদের নিত্যপ্রয়োজনীয় সামগ্রী পর্যন্ত রপ্তানী করতে হচ্ছে। আজকে আমাদের গরু-বাছুর পর্যন্ত রপ্তানী করতে হচ্ছে এই আই. এম. এফ. লোনের টার্মসের জন্য। এতদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের শ্লোগান ছিল—এক্সপোর্ট অর পেরিশ, রপ্তানী কর না হলে দেশ ধ্বংস হয়ে যাবে। আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধী যা করছেন তাহল এক্সপোর্ট এ্যাণ্ড পেরিশ, রপ্তানী কর আর ধ্বংস হও। এটাই একসঙ্গে আজ আমাদের বলছেন ওঁরা। আর ইমপোর্ট পলিসি, আমদানী নীতিকেও এর সঙ্গে জড়িয়ে শ্রীমতী গান্ধী চালাতে চেয়েছিলেন। বেশ কিছুদিন চালিয়েও ছিলেন। ইদানীং বর্তমানে কিছুটা রেষ্ট্রেইণ্ড করেছেন, এই আমদানী নীতির মধ্যে আজকে এমন সব সামগ্রী আছে যেগুলো আমাদের জরুরী প্রয়োজন নয়, বিশেষ প্রয়োজন নয়। জাতীয় স্বার্থে আর প্রয়োজনীয়তা নেই এমন সামগ্রীর জন্য ২ হাজার কোটি টাকা আমরা ব্যয় করছি, ব্যয় করছি বিদেশী মুদ্রা এই নন-এসেনসিয়াল গুডসের জন্য। এই সব সামগ্রীর মধ্যে আপনারা জানেন, এই বিলিয়ার্ড খেলার জন্য তার সামগ্রী আমদানী করতে হয়—এসব জিনিস আছে, রঙ্গীন টি. ভি. আছে। বলতে চান এসব জিনিস দেশের পক্ষে জরুরী? এসব অবসোলেট টুলস আমদানী করবার নিশ্চয়ই প্রয়োজনীয়তা নেই। উপরন্তু সারা পৃথিবীর মালটিন্যাশনাল কর্পোরেশন, বহুজাতিক কর্পোরেশনরূপী সাম্রাজ্যবাদী শক্তি আজকে তাদের সামগ্রী রপ্তানী করবার জন্য ভারতকে

ডাম্পিং গ্রাউণ্ড হিসাবে পেয়েছে। আর আমরা তাদের সেই সমস্ত সামগ্রী কষ্টলি ফরেন এক্সচেঞ্জ খরচ করে ভারতকে ডাম্পিং করবার জন্য আমদানী করছি। আজকে আমাদের দেশে ডাম্পিং করা হচ্ছে এখানে অবসোলেট মেশিন টুলস্ দিয়ে। সে কারণেই আমাদের বিদেশী ঋণ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন যে, স্বাধীনতার পর ১৯৫১ সালে যেখানে বিদেশী ঋণের পরিমাণ ছিল ২৫০০ কোটি টাকা আজকে সেই বিদেশী ঋণের পরিমাণ ২১ হাজার কোটি টাকায় গিয়ে পৌঁছেছে। বৃদ্ধি হয়েছে ৮ গুণের কিছু বেশী। কোথায় নিয়ে যাচ্ছেন দেশটাকে আজ শ্রীমতী গান্ধী? ২১ হাজার কোটি টাকা বিদেশী লোনের ভারে আমরা আজ জর্জরিত এবং আজকে আমাদের বিদেশী লোন শোধ করতে গেলে আবার বিদেশ থেকে লোন করতে হচ্ছে। এই অবস্থায় বিদেশী লোনের সুদ শোধ করতে গিয়ে বিদেশ থেকে লোন করতে হচ্ছে। কার্যতঃ আমরা একটা ডেথ ট্র্যাপের মধ্যে পড়ে গেছি এবং তার থেকে উদ্ধার পেতে গিয়ে আর একটি ডেথ ট্র্যাপের মধ্যে পড়ে গেছি। আমরা ঋণের দায়ে মৃত্যুফাঁদে পড়ে গেছি আজকে। কাজেই বুঝতে হবে যে, আজকে গোটা দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছেন শ্রীমতী গান্ধী।

আজকে ওঁরা এখানে বাজেট বাজেট বলে চীৎকার করছেন। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার কি করেছেন? আজকে তাঁরা বাজেটারী সিষ্টেমকে ইরেলিভেণ্ট করেছেন, অপ্রাসঙ্গিক করেছেন এটা অস্বীকার করতে পারেন? শ্রীমতী গান্ধী গত তিন বছর পার্লামেণ্টকে এ্যাভয়েড করে, পার্লামেণ্টকে পাশ কাটিয়ে শুধু পেট্রোল ডিজেলের উপর ৬০০০ কোটি টাকা পশ্চিমবঙ্গের কাছ থেকে নিয়েছেন। ভাবতে পারেন? এইভাবে শ্রীমতী গান্ধী বাজেটকে ইরেলিভেণ্ট করেছেন, পার্লামেণ্টকে ইরেলিভেণ্ট করেছেন। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এমন অনেক জিনিস আছে যেগুলো ওদের বিরুদ্ধে বলা যায়। আমি বলতে চাই যে, আমাদের বঞ্চিত করা হয়েছে। আপনি জানেন, আমাদের এখানে কয়লা পাওয়া যায়। কয়লা খনির জমির মালিক রাজ্য সরকার, কিন্তু কয়লার মালিক কেন্দ্রীয় সরকার। কয়লার উপর রয়্যালটি দেওয়া হয় আমাদের। কিসের উপর পাই? কত কয়লা তোলা হোল তার উপর আমাদের রয়্যালটি দেওয়া হয়।

আজকে রাজ্য সরকারের দাবী কত কয়লা তোলা হোল তার উপর রয়্যালটি দিলে হবে না, অর্থাৎ টন নয়—তার দামের উপর রয়্যালটি দিতে হবে। এই কয়লার দ্বারা কেন্দ্রীয় সরকার জনগণের উপর থেকে কোটি কোটি টাকা তুলে নিচ্ছে, পশ্চিমবাংলার মানুষের উপর থেকে তুলে নিচ্ছে। আপনি জানেন স্যার, কয়লার দাম

ক্রমশঃ বাড়ানো হচ্ছে এ্যাডমিনিস্ট্রেটিভ মেজারে এবং পার্লামেন্টকে এ্যাভয়েড করে। তার ফল ভোগ আমাদের করতে হচ্ছে এবং আমরা ক্ষতিগ্রস্ত হচ্ছি। আমাদের য নির্দিষ্ট টাকা সেটা আমরা পাচ্ছি না এবং টাকা বাড়ানো হচ্ছে না। আমাদের টাকা যদি বাড়ানো না হয় তাহলে পশ্চিমবাংলায় উন্নয়ন হবে কি করে? কেন্দ্র ৬০ কোটি টাকা কয়লা থেকে তুলে নিয়ে যাচ্ছে, আর আমাদের কোন সুযোগ-সুবিধা দিচ্ছেন না। আমাদের ডিপ্রাইভ করা হচ্ছে, আমরা বঞ্চিত হচ্ছি। স্যার, আপনি জানেন যে, আমরা এক্সপোর্ট গুড্‌স্‌, জুট গুডসের উপর ট্যাক্‌স বসাতে পারবো না। যদি আমরা ট্যাক্‌স না বসাই তাহলে পশ্চিমবংলার উন্নয়ন হবে কি করে? জনগণের কল্যাণ হবে কি করে? আপনারা আমাদের এই অবস্থার মধ্যে রেখে দিয়েছেন। আমরা সব জায়গায় দেখেছি—যেখানে যেখানে ইন্দিরা কংগ্রেসের রাজত্ব আছে—সেখানে এ্যাডমিনিস্ট্রেশান বলতে কিছু নেই। সব জায়গায় অরাজকতা চলছে। আজকে কাগজে আমি একটা ঘটনার কথা পড়লাম। কি ভাবে দেশের লোককে খলো করা হয়েছে সেটা আমি বলছি। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সৌন্দর্য আরো বেড়েছে। অর্থাৎ তিনি আরো সুন্দরী হয়ে গেছেন। তাঁর বয়েস ১০/১২ বছর কমে গেছে। এই ঘটনার মানে কি? এখন এই দেশ বিপর্যয়ের মুখে। ১২ বছর আগে তিনি দেশের সমস্যার জন্য যে ভাবে চিন্তা করতেন এখন তিনি আর করেন না। সেই জন্য বয়েস বাড়ার সঙ্গে সঙ্গে তিনি বার্ধক্যের দিকে না গিয়ে সুন্দরী হচ্ছেন। এখন তিনি ভোগবিলাসে নিমজ্জিত হয়ে যাচ্ছেন। সেই জন্য তাঁর সৌন্দর্যের বৃদ্ধি ঘটছে। এটা আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। সত্যযুগে একটা খবর বেরিয়েছে সেটা শুনলে আপনি আশ্চর্য হয়ে যাবেন স্যার। সেখানে কি বিপর্যয়ের সৃষ্টি হয়েছে এবং কি অপমানজনক ঘটনা সেখানে ঘটেছে। সেখানে মায়ের একটা দোকান আছে—তাঁর বাড়ির পাশে। সেই দোকানের পাশে একটা পুলিশ ফাঁড়ি আছে—যেটাকে ইন্দিরা গান্ধীর পুলিশ ফাঁড়ি বলে। দোকান কোন মা ও মেয়ে চালায়। সেই মা ও মেয়ের উপর বলাৎকার করা হয়। এই ব্যাপারে তাঁরা ইন্দিরা গান্ধীকে চিঠি লেখে। আজ পর্যন্ত তার প্রতিবিধান হয় নি। তাদের নিরাপত্তার ব্যাপারে ইন্দিরা গান্ধী কিছু করতে পারেন নি। এই তো হচ্ছে ওঁদের প্রশাসনিক কাজ, ওঁদের আবার কি বলবো। ওঁদের জন্যই আজকে দেশের এই অবস্থা। ওঁরা না থাকলে আসাম এবং পাঞ্জাবে এই অবস্থার সৃষ্টি হতো না। সামগ্রিকভাবে আমি এই কথা বলতে চাই আজকে সব জায়গায় ওঁরা এই ধরনের ঘটনা ছড়িয়ে দেবার চেষ্টা করছে। আসামে যে ঘটনা ঘটলো তার জন্য দায়ী হচ্ছেন ওঁরা। সেখানে ওঁরা গণহত্যা চালিয়েছে। ওঁদের এম্‌. এল্‌. এ.-রা—বর্তমান এবং প্রাক্তন এম্‌. এল্‌.

এ.-রা লোককে নিয়োগ করে এই জিনিস করেছে। আর তাঁরা ৭ খানা গ্রামকে জ্বালিয়ে নিশ্চিহ্ন করে দিয়েছে। আজকে খবরের কাগজে এই জিনিস দেওয়া আছে। আজকে ওঁরা এখানে একটা সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। কিন্তু এখানে বাম-ফ্রন্ট সরকার থাকার ফলে সন্ত্রাস সৃষ্টি করতে ব্যর্থ হয়েছে। পশ্চিমবাংলার জনগণ এটাকে প্রতিরোধ করেছে। আশা করি আগামী দিনে আমাদের ভবিষ্যৎ আমরা তৈরী করে নেব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রিপুরার একটি ঘটনার কথা এখানে উল্লেখ করছি। এই রাজ্য বামফ্রন্ট সরকার শাসন করছে। সেখানে রাস্তা রোকো আন্দোলন হচ্ছে। তার কারণ তাঁদের দলের এম. এল. এ. পরিমল মিত্র মারা গেছে বলে। একজন এম. এল. এ. মারা গেলে সত্যই সেটা দুঃখজনক এবং তদন্ত করা উচিত। কিন্তু ওঁদের দাবী কি? ওঁদের দাবী হলো সি. বি. আই.-এর তদন্ত করতে হবে। অদ্ভুত ব্যাপার! ওঁদের রাজত্বকালে একজন এম. এল. এ. চণ্ডী মিত্রকে খুন করা হয়েছিল। তখন কি সি. বি. আই.-এর তদন্ত করা হয়েছিল? সেই সময়তো জয়নাল সাহেব এবং সুব্রতবাবু মন্ত্রী ছিলেন।

[4 50—5.00 P. M.]

ওরা সেই মার্ডারারকে জেল গেট থেকে গলায় ফুলের মালা দিয়ে বার করে এনেছিল। এতবড় একজন খুনীকে ওরা বরণ করে ঘরে নিয়ে গেল। ওরা আইন-শৃঙ্খলা রক্ষার জন্য আদৌ যত্নশীল নয়, শুধু ত্রিপুরা নয়, অন্যান্য জায়গাতেও একের পর এক করে বিশৃংখলা সৃষ্টি করে চলেছে। ইন্দিরা গান্ধীর সাকরেদ সি. এম. ষ্টিফেন আবার বলেছেন, সি. বি. আই.-কে দিয়ে তদন্ত করাতে হবে। রাজ্যগুলির ক্ষমতা আগে যেটুকুও ছিল, ক্রমে ক্রমে তা কেড়ে নিচ্ছে। সর্বত্র এক এক করে বিশৃংখলা সৃষ্টি করে চলেছে। রাজ্যের হাতে যেটুকু ক্ষমতা আছে, সেটাকে পাওয়ার জন্য শৃংখলা ভঙ্গ করে চলেছে। আমার দৃঢ় বিশ্বাস, ওরা নিজেরাই ওদের এম. এল. এ.-কে খুন করেছে। ত্রিপুরাতে এই ধরনের একটা ঘটনা সৃষ্টি করে, একটা অরাজক অবস্থার সৃষ্টি করে নিজের দলের এম. এল. এ.-কে ওরা খুন করেছে। এ সন্দেহ করার যথেষ্ট কারণ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এ এ্যাপ্রোপ্রিয়েশান বিল যা মাননীয় মন্ত্রী শান্তিরঞ্জন ঘটক এখানে এনেছেন, তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থ দপ্তরের

ারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে উপ-যোজন ২ নম্বর বিধায়ক, ১৯৮৩ আমাদের সামনে রখেছেন, তাতে ছ' মাসের উপর বিধানসভার অধিবেশনের শেষ দিকে গতকাল গিলোটিন নিয়ে মোট ২৮২২ কোটি ৭৮ লক্ষ ৭২ হাজার টাকার ব্যয়বরাদ্দের অনুমোদন নিয়েছেন। সংবিধানের ২৬৬ (৩) অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত পদ্ধতি, উদ্দেশ্য এবং আইনগত পদ্ধতি ছাড়া রাজ্যের তহবিল থেকে কোন অর্থ উপযোজন করা যায় না। আবার বর্তমান বিধানসভার মাধ্যমে ১৯৮৩-৮৪ সালের জন্য যে অনুমোদন আমাদের কাছ থেকে নেওয়া হয়েছে, সংবিধানের ২০৩ ধারা অনুসারে তাতে বলার কিছু নেই। মাননীয় সদস্য এতক্ষণ এখানে যেভাবে বক্তব্য রেখেছেন, আমার মনে হচ্ছিল, আমরা বোধহয় বিধানসভা নয়, লোকসভার মধ্যে আছি। এখানে গত ২ মাস ধরে শুনে এসেছি—ইন্দিরা গান্ধী স্বৈরতন্ত্রী, কেন্দ্র কিছু দিচ্ছে না, আর তার সাথে আপনাদের সীমিত ক্ষমতা ইত্যাদি। সীমিত ক্ষমতার জন্য আমরা কিছু দিতে পারছি না—গোটা বাজেট অধিবেশনে এই কতকগুলি কথাই আমরা শুনে এসেছি। একে আমি অলঙ্কারে ভূষিত করতে পারব না, সে ক্ষমতা আমার নেই। ১৯৮৩-৮৪ সালের জন্য বরাদ্দকৃত অর্থ যাতে ঠিকভাবে ব্যয়িত হতে পারে, মুখ্য উদ্দেশ্যে যাতে পরিচালিত হতে পারে, সে ব্যাপারে আমাদের দৃষ্টি আকর্ষণ করা দরকার। সংবিধানের ২০৪ অনুচ্ছেদ অনুসারে ১৯৮৩-৮৪ সালের জন্য প্রতিটি খাতের জন্য ব্যয়বরাদ্দ চেয়েছেন এবং এই উপ-যোজনের মাধ্যমে আমাদের কাছে উপস্থাপিত করেছেন। এর মধ্যে অর্থনৈতিক পুনরুজ্জীবনের ব্যবস্থার কথা বলা হয়েছে। ক্ষুদ্রসেচ, কৃষির উন্নতি, বহুমুখী নদী প্রকল্প, প্রশাসন, পশুপালন, মৎস্যচাষ, ডেয়ারী ডেভেলপমেণ্ট, শিক্ষা, স্বাস্থ্য পরিকল্পনা ইত্যাদি আছে।

এই সব বিনিয়োগের কথা এখানে বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতানুগতিক প্রথা অনুযায়ী এখানে বিধানসভায় আপনারা এ্যাপ্রোপ্রিয়েশান বিলের অনুমতি দেন এবং সেখানে বিভিন্ন খাত থেকে দেখান হয়েছে, সেখানে আজকে নতুন কিছু দেখান হয় নি। আপনার যতটুকু সামর্থ্য সেই অনুযায়ী সরকার ব্যয় করে থাকে। ভারতবর্ষের সংবিধান অনুযায়ী বিভিন্ন অঙ্গ রাজ্যগুলি তাদের নিজেদের দায়িত্ব কি সেটা খুঁজে নেয়। কেন্দ্র কতটা দেবে, কেন্দ্র কতটা ব্যয় করতে পারবে এবং আমরা কতটা অর্থ সংগ্রহ করতে পারবো সেটা বড় কথা নয়। মূল কথা হচ্ছে সম্পদ সংগ্রহ—অর্থনৈতিক কাঠামোর মধ্যে সম্পদ সংগ্রহই হচ্ছে মূল কথা। সেখানে সরকারের অনীহার ফলে এটা বাস্তবমুখী হতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬৬-৬৭ সালে পরিকল্পনা খাতে যে ব্যয়বরাদ্দ করা হয়েছিল

সেটা তদানীন্তন সময়ে যেটা গ্রহণ করা হয়েছিল, সেখানে দেখা গেছে ব্যয় তার চেয়ে অনেক কম হয়েছে। ১৯৬৬-৬৭ সালে বাজেট পরিকল্পনা বাবদ যে ব্যয় ধর হয়েছিল সেটা ছিল ৬৭'৬৮৪ কোটি টাকা, সেখানে ব্যয় হয়েছিল ৫৩'০৩ কোটি টাকা। ১৯৬৭-৬৮ সালে ধরা হয়েছিল ৬৯'৯৪ কোটি টাকা। সেখানে ব্যয় হয়েছিল ৫১'০০ কোটি টাকা। ১৯৬৮-৬৯ সালে ৫৩'৭১ কোটি টাকা বাজেট বরাদ্দ হয়েছিল, আর খরচ হয়েছিল ৪৫'৭৯ কোটি টাকা। ১৯৬৯-৭০ সালে ব্যয়বরাদ্দ করা ধার্য হয়েছিল ৫৫'৪৪ কোটি টাকা। সেখানে খরচ হয়েছিল ৪৫'৭৯ কোটি টাকা। ১৯৭০-৭১ সালে ব্যয়বরাদ্দ ধার্য করা হয়েছিল ৫১'৩৬ কোটি টাকা, সেখানে ব্যয় হয়েছিল ৫৪'০০। ১৯৭১-৭২ সালে ধার্য করা হয়েছিল ৫৬৬'৬৩ কোটি টাকা, সেখানে ব্যয় হয়েছিল ৬৬ ৪৯ কোটি টাকা। ১৯৭২-৭৩ সালে ব্যয়বরাদ্দ ধার্য করা হয়েছিল ৭৩'৫০ কোটি টাকা এবং সেটা ব্যয় হয়েছিল ৮৯'৬৮ কোটি টাকা। এটা একটা হিসাব—১৯৭৩ সাল পর্যন্ত বিধানসভায় যেটা পাশ হয়েছে তার একটা পরিসংখ্যান দিলাম। সরকার বাজেট বরাদ্দ পেশ করে তার উপর বাজেট বক্তৃতা দেন এবং তারপরে সেই ব্যয়বরাদ্দের উপর খুঁটিনাটি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এই বিস্তারিত আলোচনার পরে তবে এ্যাপ্রোপ্রিয়েশান বিল আনা হয় এবং সেটা পাশ হয়ে যায়। এটাতে নতুন কিছু নেই বলে বলার কিছু নেই, কিন্তু যে দোষারোপ আজকে কেন্দ্রীয় সরকারকে দিচ্ছেন যে, কেন্দ্রীয় সরকারের গাফিলতি আছে, কেন্দ্র কিছু করছে না পশ্চিমবঙ্গের জন্য—এই বিষোদগার করে কি লাভ হবে? এই বিষোদগারের ধারা আপনাদের পরিবর্তন করা দরকার। শুধু কেন্দ্রকে দোষারোপ করে নিজেরা রক্ষা পাবেন না। কেন্দ্রকে দোষারোপ করে, শ্রীমতী ইন্দিরা গান্ধীকে দোষারোপ করে রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভা এবং আমরা সদস্যরাও সেখানে রেহাই পাবো না।

[5.00—5.10 P.M.]

আজকে উন্নয়নকে ত্বরান্বিত করার ব্যাপারে রাজ্যকে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হয়। কেন্দ্র এসে উন্নয়ন করিয়ে দিয়ে যায় না। কয়লা আমাদের দেশে আছে, কেন্দ্র এসে নিয়ে যাচ্ছে। সান অব দি সয়েল এই কথাটা বেশী করে প্রতিষ্ঠিত করার চেষ্টা করলেন। তাহলে পাঞ্জাব, নাগাল্যাণ্ড, খালিস্তান, আসাম এদের কথাটা কি ঠিক? এই কথাটা পালটে দিয়ে কংগ্রেসের উপর যে দোষারোপ করছেন সেটা ঠিক নয়। এই চিন্তাধারায় এই সরকার প্রতিষ্ঠিত হয় নি।

ভারতবর্ষের সংবিধানেও এই কথা লেখা নেই। ভারতবর্ষের সংবিধানের উপর বিশ্বাস করে আপনারা এখানে এসেছেন। সেখানে অসত্য কথা বলে নিজেদের মধ্যে শত্রুতা বাড়িয়ে কোন লাভ নেই। একটা সরকারের প্রস্তাবিত পরিকল্পনাগুলি যাতে বাস্তবমুখী হয় সেটা চিন্তা করতে হবে। ১৯৭৩-৭৪ সালে ৯১ কোটি টাকা পরিকল্পনা খাতে ছিল—১৯৭৪-৭৫ সালে ১৫০ কোটি, এখন এই পরিমাণ বাড়বে বৈকি! বিগত ৩৫ বছরে কোন চিন্তাধারা করেন নি, একথা যেমন ঠিক নয়, সেই রকম এই সরকারও কোন কম চিন্তা করছেন না সে কথাটাও ঠিক নয়। যে অসমাপ্ত কাজ বিগত সরকারের ছিল সেইগুলিকে বাস্তবমুখী করার চেষ্টা করুন। সেখানে যদি ভাটা পড়ে যায়, সেখানে যদি বিভিন্ন ভাবে প্রতিবন্ধকতার সৃষ্টি হয় তাহলে অসুবিধা আছে। সেই জন্য ডাইভারশানের পথ নিয়ে তাকে চলতে হয়। তৃতীয় পরিকল্পনায় যেটা বরাদ্দ ছিল তার চেয়ে চতুর্থ পরিকল্পনায় টাকার বরাদ্দ বাড়লো। সেখানে ৩২২ কোটি টাকার মত ব্যয় হয়েছিল এবং সেটা বৃদ্ধি পেয়ে ৩৪৭.৪ কোটি টাকা হয়েছিল। ৫ম পরিকল্পনার প্রথম বছরে হয়েছিল, অর্থাৎ ১৯৭৪-৭৫ সালে পরিকল্পনা বাবদ ১৫০ কোটি টাকার সংস্থান ছিল। আর্থিক অবস্থার উন্নতিকল্পে তদানীন্তন ষষ্ঠ অর্থ কমিশনের কাছে বক্তব্য রাখা হয়েছিল—অষ্টম অর্থ কমিশনের কাছে ২৯৪০ কোটি টাকার যে প্রস্তাব দিয়েছেন, সেই প্রস্তাবের মধ্যে বেশীর ভাগই দেখতে পাচ্ছি, বিভিন্ন ভাবে পরিকল্পনার ব্যবস্থা আছে এবং সেখানে মারজিন্যাল বেনিফিটের জন্য চেয়েছেন। অতএব সেখানে পার্থক্য কিছু দেখতে পাচ্ছি না। কেন্দ্রীয় কর শুল্কের অংশ বাবদ দেখা যায় ২৯৬.২৬ কোটি টাকা এবং সহায়ক অনুদান হিসাবে ৭২.৬২ কোটি—এই সব মিলিয়ে ৩৬৯ কোটি টাকার সুপারিশ করেছিলেন। এই থেকে বোঝা যায় চিন্তাধারা কি তৎকালীন সরকারের ছিল এবং আজকে এই সরকারের কি আছে, যেটা পরিবর্তনশীল বলে আমরা মনে করি না। সেই একই চিন্তাধারার মাধ্যমে একটা সুষ্ঠু পরিকল্পনা তৈরী করার যে প্রচেষ্টা তাকে উড়িয়ে দিই না। কিন্তু বিভিন্ন ভাবে অসত্য তথ্য পরিবেশন করা উচিত নয়। আই. এম. এফ.-এর কথা সুমন্তবাবু বললেন যে, কেন্দ্রীয় সরকার নাকি দেশকে বিক্রি করে দিচ্ছেন। এক্ষেত্রে আমি যদি বলি ওয়ার্লড ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে পরিবহণের ক্ষেত্রে ভাড়া বৃদ্ধি করে আপনারা দেশকে বিক্রি করছেন, তাহলে কি হয়? এটা কোন সরকারের উদ্দেশ্যেই নয়। সেই উদ্দেশ্যে আই. এম. এফ.-এর কাছ থেকে কেন্দ্রীয় সরকার যেমন টাকা নিয়েছেন, অনুরূপভাবে সেই উদ্দেশ্য নিয়ে আপনারাও ওয়ার্লড ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়েছেন। সুতরাং সমালোচনা করতে হয় বলে করলাম এটা ঠিক নয় এবং এই রকম দৃষ্টিভঙ্গিও থাকা উচিত নয়। এতে দেশের

প্রগতি আসে না এবং প্রগতিতে ভাটা পড়ে যায়। ষষ্ঠ অর্থ কমিশনে যেখানে কর এবং শুল্কস্বরূপ ৫৮৮'৭ কোটি টাকা, সহায়ক অনুদান হিসাবে ২৩৪'৮৬ কোটি টাকা —মোট ৮২২'৯ কোটি টাকা পশ্চিমবাংলার পাওয়া উচিত। সপ্তম অর্থ কমিশন সুপারিশ করেছে দেশের আরও উন্নতি হোক—আমি আগেও বলেছি অষ্টম অর্থ কমিশনে সুপারিশ হয়েছে। আজকে সেখানে প্রকৃত ভারতবর্ষের সংবিধানকে, তার প্রত্যেক অনুচ্ছেদ অনুসারে আমরা যদি চলতে পারি, তার যে গতি তাকে যদি ঠিক ভাবে প্রবাহিত রাখি তাহলে উদ্দেশ্য সাধিত হবে। পশ্চিমবাংলার কর-ব্যবস্থা আগে যা ছিল এখনও তাই আছে। কিন্তু সেই আদায়ের বিভিন্ন যে প্রসেস সেগুলির বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা উচিত। বিক্রয়কর ধার্য যা হয় সেটা যদি আদায় না হয় তাহলে সরকারের অর্থ ভাণ্ডার পূরণ হয় না, সরকারের সম্পদ সৃষ্টি করার বিষয়ে সরকার সরে যাচ্ছে। বিক্রয় কর বাবদ ১৯৬৮-৬৯ সালে ৫৬'৮৯ কোটি টাকা আদায় হয়েছিল। ১৯৬৯-৭০ সালে ৬৩'৩০, ১৯৭০-৭১ সালে ৬৭'৯৩ কোটি ১৯৭১-৭২ সালে ৭৪'১৮ কোটি টাকা ১৯৭২-৭৩ সালে ৯১'২৪ কোটি টাকা আদায় হয়েছিল। বিক্রয়কর যদি ঠিক ভাবে আদায় করেন তাহলে নিশ্চয় গতি প্রবাহিত হবে। এটা নূতন কিছু নয়, নূতন কীর্তি কিছু আপনারা করছেন না। পুরাতন কীর্তি ভারতবর্ষের সংবিধান অনুযায়ী আপনারা বহাল রেখেছেন। বাজেটের হিসাব থেকে যেটা বোঝা যায় সে বিষয়ে একটা উদাহরণ দিয়ে বলবো যে, ১৯৬৬-৬৭ সালে বাজেটে হিসাব ছিল ৯৫'০০ কোটি টাকা, বাস্তবে হয়েছিল ৯৯'০৯ কোটি, ১৯৬৯-৭০ সালে ১১৫'৫৬ কোটি, বাস্তবে হয়েছিল ১২৭'৮২ কোটি টাকা।

[5.10—5.20 P.M.]

তখন থেকে রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে। অনুরূপভাবে ১৯৭২-৭৩ সালে দেখি ১৫৫'০৮ কোটি টাকা, সেটা বাস্তবে হয়েছিল ১৭৩'৮৪ কোটি টাকা। এইভাবে বিগত দিনেও রাজস্ব আদায় ক্রমাগতভাবে বৃদ্ধি পেয়েছিল, সেটা কেউ অস্বীকার করতে পারবেন না। সম্পদ সংগ্রহের দিকে আপনাদের আরো দৃষ্টি দিতে হবে। কারণ, সম্পদ সংগ্রহ না হলে প্রগতি হবে না। আপনারা বলতে পারবেন না বিগত দিনে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে সরকার পশ্চাদ্‌পদ ছিল। আজকে আমরা নিশ্চয়ই বলতে পারবো না যে, আপনারা সেখানে কিছু করছেন না। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ১৯৬১-৬২ সালে বাজেট বরাদ্দ আমরা দেখতে পাই ৭'৫০ কোটি টাকা, সেটা

বাস্তবে আদায় হয়েছে ৯.৯০ কোটি টাকা। ১৯৭০ সাল থেকে ১৯৭৪ সালে বাজেট বরাদ্দ ২৯.০০ কোটি টাকা, বাস্তবে আদায় হয়েছে ৭০.০০ কোটি টাকা। এইভাবে স্বল্প সঞ্চয় সেখানে প্রাধান্য লাভ করেছিল। সুতরাং এই স্বল্প সঞ্চয়ের মাধ্যমে সরকারকে সম্পদ সৃষ্টি করতে হবে। সেখানে যদি কোন লিকেজ থাকে তাহলে সেই লিকেজ বের করতে হবে এবং সেখানে প্রোটেকশানের ব্যবস্থা নিতে হবে। সম্পদ সংগ্রহের দুটো গতি আছে—একটা গতি হচ্ছে বিত্তশালীদের কাছ থেকে সম্পদ নিয়ে বিনিয়োগের মাধ্যমে দরিদ্রদের হাতে সম্পদ পুনর্বন্টন করতে হবে, আর একটা গতি হচ্ছে রাজস্ব সংগ্রহ। সম্পদ সংগ্রহ ছাড়া উন্নয়ন হতে পারে না। উন্নয়ন করতে গেলে সম্পদ সংগ্রহকে অব্যাহত রাখতে হবে। সেখানে বিভিন্ন যে অব্যবস্থাগুলি আছে সেগুলি দূর করতে হবে। তারপর সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা এখন পর্যন্ত ৮ কিস্তি বাকি আছে। এই ৮ কিস্তি কেন এখন পর্যন্ত দেওয়ার ব্যবস্থা হচ্ছে না এগুলি লক্ষ্য রাখতে হবে। সেখানে তারা যাতে বঞ্চিত না হয় তার জন্য টাকা ধার্য হচ্ছে। তাদের বঞ্চিত করে দেশের উন্নতি হবে না। আপনারাই বলছেন সরকারী কর্মচারীদের রক্ষা করা দরকার, অথচ সরকারী কর্মচারীদের ঠিকমত প্রোটেকশান দেওয়া হচ্ছে না, তাদের ৮ কিস্তি মহার্ঘভাতা এখনও বাকি, এইদিকে নজর দিতে আমি অনুরোধ করব। তারপর বৃহৎ আকারে নতুন করে পরিকল্পনাগুলির ব্যয় বাড়াতে হবে। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন-ভাবে শিল্পে অব্যবস্থা আছে, যে লেটার অব ইনটেন্ট পাচ্ছে সেগুলি কার্যকরী হচ্ছে না। আজকে লক্ষ লক্ষ ছেলেমেয়ে বেকার, বিভিন্নভাবে শ্রম-দিবস নষ্ট হচ্ছে, কলকারখানা ক্লোজার, লক-আউট থাকছে। এগুলি প্রতিকার করার জন্য আপনাদের আরো সচেষ্ট হতে হবে। বিদ্যুতের অভাব মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন তাঁর ষ্টেটমেন্টে, ২ দিন স্তব্ধ হয়েছিল জনজীবন। আমরা যখন বলব তখন আপনারা যদি সেটা হেসে উড়িয়ে দেন তাহলে আমি মনে করি সেটা যুক্তিসঙ্গত নয়। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সেদিন বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয় বললেন, বিগত দিনে ইন্দিরা গান্ধীর সরকারের কোন চিন্তাধারা ছিল না। তাহলে সাঁওতালদি, ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছিল কি করে? সুতরাং ইন্দিরা গান্ধীর সরকার দেশে বিদ্যুৎ তৈরী করতে দেবে না এটা ঠিক নয়। মাননীয় মন্ত্রী মহাশয় মুর্শিদাবাদ, বাঁকুড়া, বীরভূম বিভিন্ন জায়গায় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করবার কথা বলেছেন, ফরাক্কায় বিদ্যুৎ উৎপাদনের কাজ চলছে, আজকে রাজ্য সরকারের পরিচালনাধীন কোলাঘাটে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা চলছে, রাজ্য সরকারের কাজগুলিকে কেউ অস্বীকার করতে পারে না।

সেইজন্য আমি মনে করি পশ্চিমবাংলার সাধারণ মানুষ, তপসিল, আদিবাসী, মৎস্যজীবী এবং খেটে খাওয়া মানুষের যে দুঃখ-কষ্ট আছে তাতে বাজেটে যে ব্যয়-বরাদ্দের দাবী করেছেন সেই টাকা যদি ঐ দুঃখ-কষ্ট নিবারণের জন্য যথাযোগ্য ভাবে ব্যয় করা না হয় এবং ঐদিকে লক্ষ্য না রাখা হয় তাহলে নিশ্চয়ই আপনার সমালোচনা আমরা করব। পঞ্চায়েতে যে-সমস্ত ত্রুটি-বিচ্যুতি হয়েছে তার পুনরাবৃত্তি আর যাতে না ঘটে সেদিকে আশা করি আপনি দৃষ্টি দেবেন। আপনি যে উপযোজন বিল এনেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না—আমার অসম্মতি জ্ঞাপন করে বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধী দলের সদস্যবৃন্দ এবং বিশেষ করে জয়নাল আবেদিন যে-সমস্ত তথ্য পরিবেশন করে এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বক্তব্য রাখলেন সেটা অসত্য এবং হাস্যাস্পদ ব্যাপার। ডাঃ জয়নাল আবেদিন একজন সুদক্ষ পার্লামেন্টারিয়ান এবং দীর্ঘদিন কংগ্রেস আমলে মন্ত্রী হিসেবে ছিলেন। কিন্তু আমি দেখলাম তিনি নির্মম এবং নির্লজ্জ ভাবে অসত্যের পর অসত্য ভাষণ দিয়ে গেলেন। গত ৬ বছর পশ্চিমবাংলায় যে-রকম উন্নয়নমূলক কাজ হয়েছে, পশ্চিমবাংলায় যেভাবে শান্তি-শৃঙ্খলা ফিরে এসেছে, বামফ্রন্ট সরকারের রাজত্বে নৈরাজ্যের অবসান করে অন্ধকারময় যুগ থেকে মানুষকে যেভাবে আলোতে আনা হয়েছে—সেকথা জয়নাল আবেদিন একবারও উচ্চারণ করলেন না। আমরা জানি মানুষের অন্ততঃ কিছুটা সততা থাকে। বিরোধিতা করতে গিয়ে যদি সামান্য সততা রক্ষা করতেন তাহলে বুঝতাম। এটা কি কোন কনষ্ট্রাকটিভ সমালোচনা হল? কাশীবাবু বললেন এঁরা আর কি করেছেন—শুধু দাগে দাগ বুলিয়েছেন। স্যার, এঁদের বোধশক্তি অন্যরকম। এঁরা কি জানেন না এঁদের নীতি এবং আমাদের নীতি আলাদা? এঁদের জানা উচিৎ one man's food is another man's poison। বামপন্থীদের নীতি এবং দক্ষিণপন্থী কংগ্রেসের নীতি এক নয়। ক্ষেতমজুর এবং শ্রমিককে কেন্দ্র করে আমাদের নীতি পরিচালিত হচ্ছে এবং আমরা পুলিশ ও জোতদারদের বিপক্ষে, ক্ষেতমজুর এবং কৃষকের পক্ষে। আমরা দীর্ঘদিন দেখেছি বিভিন্ন ধর্মঘটে, লক-আউট এবং রিট্রেঞ্চমেন্টের বিরুদ্ধে আন্দোলনে পুলিশ মালিকদের পক্ষ অবলম্বন করে শ্রমিকদের বিরুদ্ধে গুলি চালায় নি। এতেই দেখা যাচ্ছে নীতিগতভাবে ওঁদের সঙ্গে আমাদের পার্থক্য আছে। Municipal আলোচনার সময় আপনারা দেখেছেন আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি। আপনারা পশ্চিমবাংলায় যে ক্ষমতা কুক্ষিগত করে রেখেছিলেন আমরা

সেই ক্ষমতা গ্রামের মানুষের হাতে ছেড়ে দিয়েছি। শুধু তাই নয়, যে-সমস্ত ক্ষমতা রাজ্য সরকারের আছে সেগুলো আমরা Municipality-কে দিয়েছি, কমিশনকে দিয়েছি—অর্থাৎ আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি। আমাদের যেটুকু ক্ষমতা আছে তা থেকে এটা আমরা দিয়েছি। স্যার, সীমিত ক্ষমতার কথা বললে বা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বললে ওনারা অসন্তুষ্ট হন।

[5.20—5.30 P. M.]

স্বাধীন রাজ্যে এখানে তো বলার কিছু নেই, আমরা তো একেবারে একক থাকবো, মৌলিক রাষ্ট্র, এই তথ্য কোথা থেকে পেলেন? অর্থনীতি ভারতবর্ষের এবং পশ্চিমবাংলার যে আলাদা আলাদা, এই কথা তো আপনারাই শেখাচ্ছেন এবং শিখিয়েছেন আমাদের। আমাদের ভারতবর্ষ এক এবং অবিচ্ছিন্ন, এটা আমরা মনে করি। তাই অর্থনীতি আলোচনা করতে গেলে, ভারতবর্ষের অর্থনীতি আলোচনা না করলে পশ্চিমবাংলার অর্থনীতি আলোচনা করা মিথ্যা। সুতরাং এটা আপনাদের প্রাথমিক ভাবে বুঝতে হবে, সেই কথা বললেন না। পুরান পদ্ধতিতে চলছেন, কতকগুলো তথ্য দিলেন। কেন এই বাজেট? আপনারা ১৯৭৬-৭৭ সালে ছিলেন, আপনাদের বাজেট কত ছিল? ৭৬৬ কোটি টাকা। আর আজকে সেই বাজেট দু' হাজার কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। আপনাদের চেয়ে কত গুণ বাজেট এই সরকার বাড়িয়েছেন? হ্যাঁ, এই সরকার সেই দু'হাজার কোটি টাকার মধ্যে লক্ষ্য করলেন না, এত বড় খরা, এত বড় বন্যা—সেই সমস্ত গ্রামের মানুষকে আপনারা ১০ দিন কাজ দিতে পারতেন না—আজকে আমরা ১২ মাস কাজ দিয়েছি, লক্ষ লক্ষ কোটি কোটি ক্ষেতমজুরদের আমরা কাজ দিয়েছি, এটাই আমাদের গর্বের, এটাই আমাদের আপনাদের সঙ্গে পার্থক্য। আপনারা কলকারখানা গড়েন, সেই কলকারখানার উৎপাদিত সম্পদ টাটা, বিড়লার পকেটে দিয়ে আসেন। আর আমরা সম্পদ তৈরী করি, সেই সম্পদ গরীব মানুষের কাছে, ক্ষেতমজুরদের কাছে, শ্রমিকদের কাছে, বর্গাদারদের কাছে পাঠিয়ে দিই। তফাৎ এখানেই। পার্থক্যটা বুঝুন ভাল করে। দুটো দৃষ্টিভঙ্গী আলাদা। আপনারা যখন হাসেন, আমরা তখন কাঁদি, আমরা যখন হাসি, আপনারা তখন কাঁদেন—এটাই আপনাদের সঙ্গে আমাদের রাজনীতির পার্থক্য। সুতরাং আপনারা এত চিৎকার করছেন কেন? ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট—জয়নাল আবেদিন সাহেব জমিদার-জোতদার, তাঁর আর্তনাদ ওঠার কারণ আছে, কারণ তিনি জমিদারের পক্ষে লড়ছেন। প্রতিভূ কারা? ঐ

খৈতান কোম্পানী আছে, বিড়লার লোক, আপনারা যাকে নির্বাচিত করে এনেছেন এই বিধানসভায়—কতজন প্রতিনিধি আছেন, টাটা, বিড়লা, ডালমিয়া, সিংহানিয়া এদের লোককে নিয়ে এসেছেন, এদের আপনারা নমিনেশন দেন। আর আমাদের এখানে দেখুন, শিক্ষক, সাধারণ মানুষ, কৃষক, ডাক্তার, উকিল, এই সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষের প্রতিনিধি আমরা এখানে আছি। স্বীকার করে নিন যে, তুটো হাউস। বামফ্রন্টের রাজনীতি বোঝার চেষ্টা করুন, আপনার সততা আছে স্বীকার করি, আপনি ভালো ভাবে বোঝার চেষ্টা করুন, কিন্তু বেসিক জিনিসটা বুঝতে চান না, সেটা বুঝতে হবে। জয়নাল আবেদিন সাহেব হয়তো বুঝতে চান না, কারণ তিনি জমিদার জোতদারদের প্রতিভূ। কিন্তু আপনি তো এনেছেন সাধারণ মানুষের মধ্যে থেকে, তাই আপনার সুরে সাধারণ মানুষের কথা মাঝে মাঝে থাকে, কিন্তু থাকলে কি হবে? আপনি তো বড়লোকের রাজনীতি নিয়ে এসেছেন। আপনি সাধারণ মানুষের প্রতিনিধি, সাধারণ মানুষকে ভালবাসেন, সাধারণ ভাবে রাজনীতি করেন, সাধারণ ভাবে জীবনযাপন করেন, কিন্তু আপনার রাজনীতি বড়লোকের রাজনীতি, কংগ্রেসের রাজনীতি। কেন বড়লোকের রাজনীতি? এই কথা আপনি জানেন। আজকে ইন্দিরা গান্ধীর প্রশংসায় পঞ্চমুখ আপনি। রাজনীতি কংগ্রেসের, সুতরাং বড়লোকের প্রশংসা করা স্বাভাবিক। শ্রীমতী গান্ধী কি করেছেন, আপনি রিপোর্টে দেখেছেন, লেবার কমিশন ১৯৫৯ সালে এ্যাপয়েন্টেড হয়েছিল, এই ভারতবর্ষে ইন্দিরা গান্ধীর রাজত্বে, সেই লেবার কমিশন কি রিপোর্ট দিয়েছে—এই দেশের লেবারদের ভেরিয়েশন কি হয়েছে, আপনি একটু তথ্য নিয়ে দেখুন। সেই তথ্য মিলিয়ে নিয়ে লেবার কমিশনের রিপোর্টের সঙ্গে দেখুন, আজকে স্বাধীনতার পর থেকে মানুষের কি অবস্থা হয়েছে, সেই তথ্য আজকে আপনাদের কাছে দিচ্ছি। আজকে জাতীয় আয় কোথা নেমেছে—জাতীয় আয় হচ্ছে ৩.৫ পার্সেন্ট। আজকে হয়তো আপনারা বলবেন যে, ব্রিটিশ যুগে যা পারসেন্টেজ ছিল তার থেকে বেড়েছে। আমি বলছি, হ্যাঁ, বেড়েছে। ১৯৪৭ সালের থেকেও বেড়েছে।

কিন্তু তারপর থেকে কি হল? ১৯৭৮-৭৯ সালে ৭.৪ সামথিং এলস বেড়েছে জনতা সরকারের সময়। আপনারা যে জনতা সরকারের নিন্দা করেছেন সেই জনতা সরকারের আমলে মাথাপিছু জাতীয় আয় বেড়েছিল এবং তার পরবর্তী সময়ে ১৯৮০-৮১ সালে সেই আয় কমে গেল। সুতরাং সর্বভারতীয় ক্ষেত্রে জাতীয় আয়, মাথাপিছু আয় যেখানে কমে গেল সেখানে পশ্চিমবঙ্গের মাথাপিছু আয় কমতে বাধ্য। কারণ পশ্চিমবঙ্গ নিশ্চয় ভারতবর্ষের বাইরে নয়। স্বাধীনতার পরে

সেনট্রাল ষ্ট্যাটিষ্টিক্যাল অর্গানাইজেশনের একটি রিপোর্টে দেখা যাচ্ছে ১৯৭৯-৮০ সালে যেখানে ৭'৭ ছিল, সেখানে ১৯৮০-৮১ সালে ৫'৫ হয়েছে। অতএব ১৯৮০-৮১ সালের তুলনায় ১৯৭৯-৮০ সালে এই আয় বেড়েছিল। আজকে ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন কি অবস্থা হয়েছে। একটা অভাব সৃষ্টি হয়েছে। ডঃ ভবতোষ দত্ত একটি আর্টিকেল লিখেছিলেন, প্ল্যানিং কমিশনের রিপোর্টে আছে। সেখানে প্রভার্টি লেবেল বিলো কত পারসেন্ট লোক আছে? ৫০% লোক সারা ভারতবর্ষে আছে। পাঞ্জাব, ইউ. পি., হরিয়ানা, গুজরাট, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যে কত পারসেন্ট লোক আছে, আর আমাদের পশ্চিমবঙ্গে কত পারসেন্ট আছে সেটা একটু মিলিয়ে দেখুন। পশ্চিমবাংলার জ্যোতিবাবুর হাতে কোন ম্যাজিক কাঠি নেই যে, ৬ বছরের মধ্যে সব ঠিক করে দেবেন। আপনারা সেদিন বলেছিলেন আজকে প্ল্যানিং-এর জন্ম ১০ কোটি টাকা নিচ্ছেন, কালকে ১৫ কোটি টাকা হয়ে যাবে। আমরা কি করব? আপনারা মাসে মাসে জিনিসের দাম বাড়াবেন, সিমেন্টের দাম বাড়াবেন, ডিজেলের দাম বাড়াবেন, পেট্রল, কেরোসিন তেল, দেশলাই, ময়দা, আটা, সুজি, চিনি, সরষের তেলের দাম বাড়াবেন, আর এখানে তার প্রভাব পড়বে না? আপনারা সমস্তরকম ভোগ্যপণ্যের দাম বাড়াচ্ছেন। আপনারা সিমেন্টের দাম বাড়াবেন, ট্রেনের ভাড়া বাড়াবেন, সমস্ত রকম জিনিসের দাম বাড়িয়ে দেবেন, আর জ্যোতিবাবুর বাজেট ঠিক থেকে যাবে, এ কি হয়? পশ্চিমবাংলা কি ভারতবর্ষের বাজেটের বাইরে রয়েছে? দ্রব্যমূল্য বৃদ্ধি সেনট্রাল গভর্নমেন্টের উপর নির্ভর করছে। পশ্চিমবাংলা এর আওতার বাইরে নয়। দ্বিতীয় সেতু করতে হলে জ্যোতিবাবুকে সিমেন্ট কিনতে হবে। সেটা কি উনি চীন থেকে আনবেন, না শ্রীলঙ্কা থেকে আনবেন? নিশ্চয় জ্যোতিবাবুকে দিল্লী থেকে সিমেন্ট কিনে আনতে হবে। সুতরাং সিমেন্টের দাম বাড়লে আগেকার সিমেন্টের দামে যে বাজেট তৈরী করেছিলেন জ্যোতিবাবু, সেই বাজেটকে নিশ্চয়ই চেঞ্জ করতে হবে। এই অবস্থাটা কি আপনারা একবারও ভেবে দেখেছেন? এই বাস্তব জ্ঞানটুকু কি আপনাদের আছে? এই বাস্তব চিন্তা কি আপনারা করেন। এই কথা আপনারা ভাবেন না। জয়নাল আবেদিন সাহেবের গোয়াল ঘরে গরুর মাথায় পাখা ঘোরে। অতএব তিনি নিজে এই কথা বলতে পারেন না। যাঁর গোয়াল ঘরে গরুর মাথায় পাখা ঘোরে তাঁর বাস্তব জ্ঞান কতটুকু থাকবে? তিনি ইণ্ডাষ্ট্রির কথা বললেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি শিক্ষা সম্বন্ধে কতকগুলি কথা বলেছেন। শিক্ষা ক্ষেত্রে কি হয়েছে? রাজ্য সরকার শিক্ষা খাতে কত টাকা খরচ করছে সেটার হিসাব উনি দিতে পারলেন না। উনি বিরোধী দলের একজন নেতা, এ্যাসেমব্লীতে এ্যাপ্রোপ্রিয়েশান

বিলের উপর আলোচনা করতে এসেছেন, অথচ ডাটা দিতে পারলেন না। কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে কত টাকা ব্যয় করেন? রাজ্য সরকার ৪৪৮ কোটি টাকা এই শিক্ষা খাতে ব্যয় করেন, আর সেখানে কেন্দ্রীয় সরকার মাত্র ৩৪৬ কোটি টাকা ব্যয় করছেন। সারা ভারতবর্ষের শিক্ষা খাতে সে টাকা ব্যয় করা হয় তার থেকে অনেক অনেক বেশী টাকা পশ্চিমবাংলার শিক্ষা খাতে ব্যয় করা হচ্ছে। আপনারা যেখানে ৩%-ও ব্যয় করেন না, সেখানে পশ্চিমবাংলায় শতকরা ২৫ থেকে ৩০ ভাগ টাকা এই এডুকেশান খাতে খরচ করা হচ্ছে। আপনারা কি করেছেন, আর আমরা কি করছি সেটা একটু ভেবে দেখুন। আজকে কতগুলি প্রাইমারী স্কুল হয়েছে, কতগুলি বেসিক এডুকেশনের ব্যবস্থা হয়েছে, কতগুলি নন-ফরম্যাল স্কুল হয়েছে সেটা একটু দেখুন। আজকে পরীক্ষা ঠিকভাবে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, উনি নাকি কুটির শিল্পের মন্ত্রী ছিলেন। এক সময় শুনেছি সেখানে অনেক দুর্নীতি ছিল। অবশ্য ওনার কোন দোষ নেই। দুর্নীতির আখড়া জওহরলাল নেহরুও স্বীকার করেছিলেন—পণ্ডিত জওহরলাল নেহরু বলেছিলেন দুর্নীতি দেখলে ল্যাম্প পোষ্টে ঝুলিয়ে দেব। জওহরলাল নেহরুর কথা আপনাদের নিশ্চয় মনে আছে। সেই ল্যাম্প পোষ্ট কোথায় গেল? এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার দিল্লীতে বসে যারা কমিশন করেছিলেন, মাদ্রাজের বি. কে. নেহরু—আমরা তখন কংগ্রেসে ছিলাম। আমরা জানি অনেক আলোচনা হয়েছিল। এ দুর্নীতি দূর করতে গেলে নেহরু বাদ চলে যেতেন, দুর্নীতি থেকে যেত।

[5.30—5.40 P. M.]

শ্রীমতী ইন্দিরা গান্ধীও সেদিন অনেক আমলাকে এদিক ওদিক করেছেন। সেখানে তিনি স্বীকার করেছেন ভেষ্টেড ইণ্টারেষ্ট রয়েছে, দুর্নীতি রয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর বাবার চেয়ে একটু বেশী বুদ্ধিমতী, কাজেই তিনি সরাসরি দুর্নীতির কথাটা স্বীকার না করে একটু অন্য কায়দায় সেটা স্বীকার করেছেন। কাজেই বলা যায় যে, কেন্দ্রের কংগ্রেসী সরকার থেকেই এই দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হয়েছে এবং তাদের প্রশ্রয়ের জন্য দুর্নীতির ধারা চলে এসেছে। বামফ্রন্ট সরকার এখানে তার সীমিত ক্ষমতা নিয়ে কি আর করতে পারেন? টাটা বিড়লার অবস্থা স্বাধীনতার আগে কি ছিল, আর আজকে কি হয়েছে? ১৯৩৭ সালে টাটার টাকা ছিল ১০ কোটি, ১৯৪৭ সালে সেটা হল ২৩ কোটি, আর স্বাধীনতার পর সেটা কত হাজার কোটি হয়েছে তা কি আপনারা জানেন না? বিড়লার টাকা ছিল ২৯২ কোটি, সেটা আজকে কত হয়েছে তা কি আপনারা জানেন না? এ সব তো

অফিসিয়াল রিপোর্ট, এতো অস্বীকার করার কোন উপায় নেই। একদিকে টাটা বিড়লার টাকা বাড়ছে, অন্য দিকে মূল্যমান বাড়ছে, মুদ্রাস্ফীতি বাড়ছে এবং সারা ভারতবর্ষকে ঋণের দায়ে বিকিয়ে দেওয়া হচ্ছে। কাশীবাবু সব খবর রাখেন কিনা জানি না, তাঁকে বলি, তিনি জেনে রাখুন শুধু আই. এম এফ. নয়, এ ছাড়াও আরো অনেক জায়গায় ভারতবর্ষ ঋণের দায়ে বিকিয়ে আছে। ভারতবর্ষের প্রতিটি শিশু আজ ঋণগ্রস্ত। এমন কি যে শিশু মায়ের পেটে আছে সে যখন জন্মাবে তখন সে ঋণ নিয়ে জন্মাবে। এই পরিস্থিতি আপনারা ৩৫ বছরের রাজত্বে তৈরী করেছেন। স্যার, আই. ডি.-এর কাছে আমাদের ঋণের পরিমাণ হচ্ছে ৫ হাজার ৩০৯ কোটি ৪৫ লক্ষ টাকা। আমেরিকার কাছে ২৯ শো ৬৯ কোটি টাকা আই. এম. এফ.-কে বাদ দিয়ে চলতি বছরে ফ্রান্সের কাছে ঋণের পরিমাণ ২২১ কোটি টাকা, অষ্ট্রিয়ার কাছে ২৭ কোটি টাকা, সুইজারল্যাণ্ডের কাছে ২৯ কোটি টাকা, হল্যাণ্ড যেটা আমাদের একটা জেলার মতন দেশ তার কাছে লোন ৫২৫ কোটি টাকা। ব্রিটেনের কাছে ৭২২ কোটি টাকা। ১৯৮২ সালের ১৩ই আগষ্ট আনন্দবাজার পত্রিকাতে এই খবর বেরিয়েছে। স্যার, যে শিশু আজকে জন্মগ্রহণ করছে সে ঋণ নিয়ে জন্মাচ্ছে। ঋণের দায়ে এরা দেশকে বিক্রি করে দিয়েছেন। এর ফলে একদিকে দ্রব্যমূল্য বাড়ছে, অন্য দিকে বেকারী বাড়ছে এবং সমগ্র অর্থনীতি পঙ্গু হয়ে পড়ছে। সেদিন একজন ভালো কংগ্রেসী সদস্য বলছিলেন শ্রীমতী গান্ধী এই অর্থনৈতিক সঙ্কট ২০ দফা দিয়েও কাটিয়ে উঠতে পারবেন না। যদিও তিনি একটা শেষ চেষ্টা করে দেখছেন, তবুও তিনি এটা করতে পারবেন না। স্যার, ওঁরা কৃষির কথা বললেন। যে বইগুলি দেওয়া হয় সেগুলি একবারও উল্টেপাল্টে দেখেন না। এগ্রিকালচারাল প্রডাকশান ইন ওয়েষ্ট বেঙ্গল ১৯৬৯-৭০ সালকে ১০০ ধরলে ১৯৭৬-৭৭ সালে ছিল ১১৬.৩, আর ১৯৮০-৮১ সালে হয়েছে ১৩৫.৫। ইকোনমিক রিভিউ থেকে এই সব তথ্য নেওয়া হয়েছে। ১৯৮২ সালে খরার জন্য প্রাডাকশান কিছু কম হয়েছে। তারপর ইণ্ডাষ্ট্রিয়াল প্রডাকশান ১৯৭০-কে ১০০ ধরলে, ১৯৭৫-৭৬ সালে ছিল ১০২.৭, আর আমাদের সময় হয়েছে ১১৯.৮।

সুতরাং উন্নতি যে হয়েছে তা এই তথ্যের মধ্যে দিয়েই পরিলক্ষিত হচ্ছে। শুধু কৃষি উৎপাদনের ক্ষেত্রেই উন্নতি হয় নি, অন্যান্য উৎপাদনের ক্ষেত্রেও উন্নতি হয়েছে। গ্রামে গ্রামে রাস্তাঘাট তৈরী হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে, স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। গ্রামীণ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অনেক কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন সাহেব এই হাউসে আজকে অসত্য ভাষণ দিয়ে হাউসকে বিপথগামী করেছেন। গোটা ভারতবর্ষের মধ্যে

আমাদের রাজ্য আজকে নিঃসন্দেহে শ্রেষ্ঠ। গোটা দেশের মধ্যে সব চেয়ে বেশী কর্মযজ্ঞ শুরু হয়েছে এই রাজ্যে। বামফ্রন্ট সরকারের পরিচালনায় পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে, আগামী দিনে আরো এগিয়ে যাবে। এই আশা রেখে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার আমার একটা পার্সোনাল এক্সপ্লানেশন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অনিল মুখার্জী এখানে তাঁর বক্তৃতার মধ্যে একাধিকার উল্লেখ করেছেন যে, তিনি নাকি আমার গোয়াল ঘরে পাখা দেখেছেন। স্যার, আপনি জানেন গোয়াল ঘরে ঢোকে রাখাল এবং গরুচোর। উনি কখনই আমার রাখাল ছিলেন না। তবে একবার আমার গরু চুরি হয়েছিল, তখন উনি আমার গোয়াল ঘরে ঢুকেছিলেন কিনা জানি না! এর চেয়ে বেশী এ বিষয়ে আমি আর কিছু বলতে পারব না।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী 'দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশান (নং ২) বিল, ১৯৮৩ উথাপন করেছেন। আমি এই বিলকে সমর্থন করছি। আমি কিছুক্ষণ ধরে আমাদের পক্ষের এবং বিরোধী পক্ষের বক্তাদের বক্তব্য খুব মনোযোগ দিয়ে শুনেছি। মাননীয় সদস্য সুমন্ত কুমার হীরা তথ্য দিয়ে সরকার পক্ষের বক্তব্য রেখেছেন। বিরোধী পক্ষের দু'জন সদস্য—মাননীয় জয়নাল আবেদিন সাহেব এবং কাশীবাবু যে বক্তব্য রেখেছেন তার মধ্যে নতুনত্বের কিছু নেই। তাঁরা গোটা বাজেট অধিবেশন ধরে যে-সমস্ত কথা বলেছেন তারই পুনরাবৃত্তি করেছেন। স্বভাবতঃই সে প্রসঙ্গে আমি আর যেতে চাইছি না এবং বিগত বামফ্রন্টের ও বর্তমান বামফ্রন্টের যে এক বছর প্রায় হতে চললো, এই সময়ের অগ্রগতির পরিসংখ্যান বার বার উথাপন করার কোন প্রয়োজনীয়তা আমি অনুভব করছি না।

মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব তাঁর বক্তৃতার মধ্যে পশ্চিমবাংলার সামগ্রিক অর্থনৈতিক সঙ্কটের কথা বলেছেন। এই প্রসঙ্গে আমি তাঁকে বলছি যে, পশ্চিমবাংলার যে সামগ্রিক অর্থনৈতিক সঙ্কট, এই সঙ্কট সৃষ্টি হয়েছে সমগ্র ভারতবর্ষের মুমূর্ষু পুঁজিবাদী ব্যবস্থার সঙ্কট থেকে। স্বভাবতঃই একথা আমরা কখনই বলি না, বামফ্রন্টের নেতৃবৃন্দ একথা কখনই বলেন না যে, সংসদীয় ব্যবস্থার মধ্যে দিয়ে একটা অঙ্গরাজ্যের বিধানসভা থেকে মন্ত্রিসভা গঠন করে তার

সমস্ত সমস্যার সমাধান করা যাবে। একথা আমরা বলি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি 'লেনিন'-এর একটি উদ্ধৃতি এখানে দিচ্ছি।

পুঁজিবাদী ব্যবস্থায় মন্ত্রীদের ভূমিকা সম্পর্কে, পুঁজিবাদী ব্যবস্থায় মন্ত্রীরা কি কাজ করবে বা মন্ত্রীদের কি কাজ হবে, সে সম্পর্কে লেনিন-এর বক্তব্য হচ্ছে: Their task is to whitewash capitalism and fool the people by making promises after promises and advise them to wait, wait and wait. দুটোর পার্থক্য হচ্ছে—সে আমলের লেনিন-এর রাশিয়া আর এই আমলের পশ্চিমবঙ্গ এক নয়। তিনি কখনই এই প্রত্যাশা করেন নি যে, ভবিষ্যতে কোন একটি দেশে পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে থেকে বামপন্থীরা, মার্কসিষ্টরা সে দেশের একটি অঙ্গরাজ্যে মন্ত্রিসভা গঠন করবে। সেই জন্য তিনি বলেছিলেন, মন্ত্রী হয়ে To fool the people by making promises after promises. কিন্তু আজকে পৃথিবীর যে অবস্থা এবং এখানে যেভাবে গণতান্ত্রিক লড়াই এবং শ্রেণীগত লড়াই বিকশিত হচ্ছে তার একটা ধাপ হিসাবেই সংসদীয় ব্যবস্থায় অংশগ্রহণ করতে হয়, আন্দোলন করতে হয়। সেই আন্দোলনের অগ্রগতির মধ্যে দিয়েই এই রাজ্যে বামপন্থী মন্ত্রিসভা গঠিত হয়েছে।

[5.40—5.50 P.M.]

পার্থক্য হচ্ছে এই—আমাদের মন্ত্রীরা প্রকৃত ঘটনার কথা জনসাধারণকে বলেন। তাঁরা কখনও একথা বলেন না—শিক্ষার মূলগত উন্নয়ন হলেও শিক্ষার কাঠামোগত পরিবর্তন হয়ে গেছে, শিক্ষার গুণগত পরিবর্তন এসে গেছে—একথা কখনও বলা হয় নি। কংগ্রেস আমলে শিক্ষার ক্ষেত্রে যে অবস্থা ছিল, অর্থাৎ অষ্টম এবং নবম স্থান যেটা অধিকার করেছিল। বিগত ৫ বছরের মধ্যে শিক্ষার অগ্রগতি ঘটেছে এবং যেটা অষ্টম এবং নবম স্থানে ছিল সেটা তৃতীয় এবং চতুর্থ স্থানে পৌঁছে গেছে—আমরা এই কথা কখনও বলিনি। বিদ্যুতের উৎপাদনের ক্ষেত্রে কংগ্রেস আমলে এই রাজ্য যেটা পঞ্চম এবং ষষ্ঠ স্থান অধিকার করেছিল—আমরা একথা কখনও বলিনি যে, বিগত ৫ বছরের মধ্য বিদ্যুতের উন্নতি ঘটেছে এবং তা দ্বিতীয় এবং তৃতীয় স্থানে পৌঁছে গেছে। শিল্পে এক সময়ে পশ্চিমবাংলা অগ্রগামী রাজ্য ছিল, বৃটিশ আমলেই তার পতন ঘটতে আরম্ভ করে এবং তারপর কংগ্রেস সরকার এই রাজ্যের প্রতি যে বিমাতৃসুলভ নীতি নিয়েছেন সেই নীতির ফলশ্রুতি হিসাবে শিল্প পুনরায় পড়তে শুরু করলো। আমরা একথা কখনও বলিনি—শিল্প কলকারখানা

এই রাজ্যে রাজ্য সরকারের উদ্যোগে প্রসারিত হচ্ছে। কিন্তু এ দাবী নিশ্চয়ই করবো, কংগ্রেস আমলে লক-আউট এবং লে-অফ-এর যে সংখ্যা ছিল সেটা অনেক কমে গেছে, নতুন নতুন কারখানা এবং বন্ধ কারখানা খুলছে—এই দাবী করতে পারি, পরিসংখ্যান দিয়ে তা দেখাতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় জয়নাল সাহেব আজকে যে কথাগুলি উত্থাপন করেছেন তার মধ্যে কিছু সত্যতা আছে। সত্যতা আছে এইজন্য বলছি, পঞ্চায়েতের মধ্য দিয়ে মানুষের ব্যাপক কাজ হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। গরীব মানুষেরা কাজ পাচ্ছে, যেটা কংগ্রেস আমলে হতো না। ওঁরা যে নীতি অনুসরণ করেছিলেন তাতে গ্রামের গরীব মানুষেরা সারা বছর বেকার থাকতেন। আমরা গরীব মানুষের দিকে তাকিয়ে যে কর্মসূচী-গুলি রচনা করেছি পঞ্চায়েতের মধ্য দিয়ে, তার মধ্যে সেখানে শ্রম-দিবস তৈরী হয়েছে, গ্রামের গরীব মানুষেরা কাজ পাচ্ছে—এ বিষয়ে কোন সন্দেহ নেই। গরীব মানুষদের সমর্থন আজকে বামফ্রন্ট সরকারের পক্ষেই আছে। কিন্তু একথা নিশ্চয়ই বলবো, আমরা যা প্রত্যাশা করেছিলাম, যে সম্পদ তৈরী হবে বলে ভেবেছিলাম পঞ্চায়েতের মাধ্যমে সেই সম্পদ সৃষ্টির ক্ষেত্রে আমরা অনেকাংশে যে ব্যর্থ হয়েছি, এ বিষয়ে আমাদের মনে কোন সংশয় নেই—একথা স্বীকার করছি। কিন্তু জয়নাল সাহেব অসত্য তথ্য এখানে পরিবেশন করে বলেছেন যে, গরীব মানুষেরা জল দাও, ফ্যান দাও বলে হাহাকার করছে—এটা বাস্তব ঘটনা নয়। আমরা ছাত্রবস্থায় দেখেছি এবং সেইসব আন্দোলনে অংশগ্রহণ করেছি যখন আন্দোলন হতো। এই খাদ্য আন্দোলনে বহু মানুষ পুলিশের গুলিতে মারা যেত। কিন্তু বামফ্রন্ট সরকারের বিগত ৫ বছর এবং বর্তমান বছরে খাদ্যের দাবীতে হাজার হাজার মানুষ মিছিল করেছে, কলকাতার দিকে রওনা দিয়েছে এবং সেখানে পুলিশের গুলি চলেছে এইরকম ঘটনা কখনও ঘটেনি। কাজেই উনি জল দাও, ফ্যান দাও বলে যেকথা বললেন সেটা অসত্য কথা বলেছেন। গ্রামে যাঁরা বাস করেন তাঁরা আজকে একথা স্বীকার করবেন, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের যেসব জায়গায় এতদিন কোন জলের ব্যবস্থা ছিল না, সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে এবং আরো নতুন নতুন কাজ হচ্ছে, সেইজন্য মানুষ সমর্থন করছে। সুতরাং আগামী যে পঞ্চায়েত নির্বাচন হবে সেই পঞ্চায়েত নির্বাচনের ফলাফল আপনারা দেখে নেবেন, আপনাদের অস্তিত্ব কোথায় গিয়ে পৌঁছবে—পঞ্চায়েত নির্বাচনের মধ্য দিয়ে সেটা আপনারা দেখতে পাবেন। অনেকে প্রশাসনের ক্ষেত্রে অভিযোগ এনেছেন যে, দলীয় প্রভাবে এবং দলীয় নির্দেশে কাজ করছে। এটা খুবই স্বাভাবিক, যেখানে দলীয় নীতি রূপায়িত হবে সেখানে দলীয় নির্দেশে যে

প্রশাসন চলবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এমন কোন অভিযোগ উত্থাপন করতে পারবেন না যে, প্রশাসন এইভাবে চলছে যাতে সাধারণ মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষ, গ্রামের গরীব মানুষ তাঁরা প্রশাসনিক নিরাপত্তা পান না। আজকে সাধারণ মানুষ, গ্রামের গরীব মানুষ যাঁরা বিপক্ষে ছিলেন, অর্থাৎ কংগ্রেস দলের পক্ষে ছিলেন রাজনীতি না বোঝার ফলে, তাঁরা নতুন করে বোঝার ফলে এবং আমাদের কাজকর্ম দেখে আমাদের পক্ষে যোগ দিয়েছেন।

তাই আমি আবার বলছি, যেমন গত বিধানসভা, লোকসভার নির্বাচনের সময় আপনারা দেখেছেন, তেমনি পঞ্চায়েত নির্বাচনের যে রায় সেই রায়ে আমাদের কথার সত্যতা প্রমাণ করবে। জয়নাল সাহেব অনাহারে মৃত্যুর কথা বলেছেন, কোথায় অনাহারে মৃত্যু হয়েছে? আজও মানুষ দারিদ্র্য পীড়িত, দু'বেলা খেতে পায় না, তাদের পরনে কাপড় নেই। কিন্তু সেই অবস্থার মধ্য দিয়েও মানুষের একবেলা খাবার যে সংস্থান, তারা সেটা ফিরে পেয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাশীবাবু কয়লার প্রসংগে বলেছেন। অন্য রাজ্যে কয়লা পাঠানো সম্পর্কে তিনি বলেছেন যে, আমরা নাকি বিচ্ছিন্নতাবাদী চিন্তাধারাকে সমর্থন করছি। কয়লা অন্য রাজ্যে যাক—ভারতবর্ষ অখণ্ড এবং অবিভাজ্য—আমাদের আপত্তি নেই। আমরা তখনই প্রতিবাদ করি, যখন দেখি নূতন যে তাপ বিদ্যুৎ কেন্দ্র করার চেষ্টা করা হচ্ছে আজিমগঞ্জ এবং জিয়াগঞ্জে, রাজ্য সরকারের সেই প্রকল্পকে কেবলই বাধা দেওয়া হচ্ছে, টালবাহানা করা হচ্ছে। কেন? না, কয়লা পরিবহণের অসুবিধার জন্য। এই রাজ্যে কয়লা পরিবহণের অসুবিধা হবে, আর বিহার, উত্তরপ্রদেশে যখন তাপ বিদ্যুৎ কেন্দ্র খোলার জন্য কয়লা পাঠান হবে, তাতে পরিবহণের অসুবিধা হবে না? তখন কাশীবাবু বলবেন বিচ্ছিন্নতাবাদ, আমাদের এই সব বিষয়ে আপত্তি আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মসংস্থানের কথা বলেছেন, সমগ্র দেশের যে যোজনা, পরিকল্পনার উপর সেটা নির্ভরশীল হবে। মোরারজী দেশাই যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি এর একটা লক্ষ্যমাত্রা ঠিক করে দিয়েছিলেন, তাঁর এ বিষয়ে একটা পরিকল্পনা ছিল। কিন্তু ইন্দিরা গান্ধী এই সমস্ত পরিকল্পনা নিয়ে চলেন না। কাজেই শিক্ষিত বেকার যুবকেরা আজকে বিক্ষিপ্ত হয়ে গেছে, তাদের মনের যে ক্ষোভ তা শেষ পর্যন্ত ঐ দিকেই যাবে—বামপন্থীদের দিকে আসবে না, কারণ এই ধনবাদী যে ব্যবস্থা সেই ব্যবস্থার কাঠামো যারা রক্ষা করতে চায়, ঐ কংগ্রেসের নাম দিয়ে ধনবাদের পৃষ্ঠপোষকতা করে এসেছে তাদের তারা চিনে রেখেছে। রাজ্য সরকারের এই ক্ষমতার মধ্যে কর্মসংস্থানের

প্রচেষ্টা করা যায় না, কর্মসংস্থান প্রসারিত হয় না। শুধু তাই নয়, আমরা এটাও দেখছি রাজ্য সরকারের প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারেন। আমি এ বিষয়ে মন্ত্রিসভার এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকারের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সাফল্যলাভের কথা যেমন আমরা বলি, তেমনি ব্যর্থতার কথাও আমরা বলে থাকি। মার্কসবাদ বা লেলিনবাদে আমরা বিশ্বাসী, কাজেই স্পষ্ট কথা স্পষ্ট করে বলতে আমরা ভয় পাই না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এই সভায় উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। যদিও আমাদের পক্ষে কয়েকজন ইতিমধ্যে আমাদের সরকারের বিভিন্ন দৃষ্টিভঙ্গীর কথা উল্লেখ করেছেন। গত দু'মাস ধরে এই অধিবেশন চলছে। বাজেটে বিভিন্ন দিক থেকে সরকারী নীতি নিয়ে আলোচনার যে সুযোগ এসেছে তাতে আমরা আমাদের বক্তব্য রেখেছি। যখন আর একবার সুযোগ পাওয়া যাবে, বিশেষ করে বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শোনবার, তখন সেই প্রসঙ্গেই আপনার মাধ্যমে নিবেদন করতে চাই।

[5.50—6.00 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন, আমি একটু আগেই বলেছি, একজন অভিজ্ঞ পার্লা-মেন্টারিয়ান। বহুদিন তিনি মন্ত্রী ছিলেন। ইদানিংকালে নতুন করে তাঁর অভিষেক হয়েছে। রেলের রিজারভেশনে যেমন ওয়েটিং লিষ্ট থাকে, তেমনি তিনি কংগ্রেস (আই) দলের ওয়েটিং লিষ্টে ছিলেন। শেষ পর্যন্ত তিনি ওয়েটিং লিষ্টে কনফার্ম হয়েছেন—তাতে তিনি নিশ্চয়ই খুশী। সেই জন্য এমন এমন বক্তৃতা তাঁকে করতে হবে। আর যদি এই ধরনের বক্তৃতা তিনি না করেন তাহলে ওয়েটিং লিষ্টে ফিরে যাবার সম্ভাবনা থেকে যাবে। তাতে আমাদের খুব একটা দুঃখ নেই। দুঃখিত এই কারণে যে, কংগ্রেস দলের পক্ষ থেকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে দুর্নীতির কথা বলা হচ্ছে বলে এবং কংগ্রেসের পক্ষ থেকে বামফ্রন্ট সরকারের জনকল্যাণমুখী কাজ-কর্মের দায়িত্বজ্ঞানহীন সমালোচনা করা হচ্ছে বলে। তবে এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষের দায়িত্বশীল মানুষ তাঁরা ধরেই নিয়েছেন যে—কংগ্রেস এবং দুর্নীতি, এর

মধ্যে কোন পার্থক্য নেই। কংগ্রেস এবং দুর্নীতি, কংগ্রেস এবং ভ্রষ্টাচার এটা—সিনোনিমাস্ এবং ভারতবর্ষের রাজনীতি, গোটা ভারতবর্ষের বডি পলিটিক্স—তাকে কংগ্রেস অসুস্থ করে দিয়েছে, গোটা পরিবেশকে অসুস্থ করে দিয়েছে। রাজনীতিতে যেখানে যতটুকু মূল্যবোধ তাকে এই কংগ্রেস দীর্ঘদিন দেশ শাসনের মধ্যে দিয়ে ধ্বংসের মুখে নিয়ে গিয়েছে। এই অবস্থায় যখন কংগ্রেস দল বামফ্রন্ট সরকারের সমালোচনা করেন তখন অবাক হতে হয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েত নির্বাচনের আগে কাগজে পড়েছি যে, ওঁরা বলছেন—সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় তার জবাবও দিয়েছেন যে, নির্বাচনে কে বামফ্রন্টকে ভোট দেবে, আর কে কংগ্রেসকে ভোট দেবে—এটা মানুষের বিচার্য বিষয়। কিন্তু পশ্চিমবঙ্গের এই খরায় গ্রামের মানুষ যাতে জল পায়, কাজ পায়, খাদ্য পায়, দলমত নির্বিশেষে পশ্চিমবাংলার মানুষকে রক্ষা করা যায়, সেই উদ্দেশ্যে যখন সমস্ত উদ্যোগ নিবেদিত হয়েছে—সেখানে ওঁরা দলবাজী দেখেছেন, অনেক কিছু দেখেছেন, ভোটের আগে এটা করা হচ্ছে বলছেন। একটি পুরানো কথায় ফিরে আসি। জয়নাল সাহেবের নিশ্চয়ই মনে আছে যে, ইউ. পি.-তে নির্বাচনের আগে এটা করা হয়েছিল। ওখানে নির্বাচনের আগে কতগুলো প্রকল্প রূপায়িত হয়েছিল। আজ যখন খরাক্লিষ্ট পশ্চিমবঙ্গে গ্রাম-বাংলার মানুষকে বাঁচাবার জন্য সাধ্যমত আমরা কাজ করছি, যে কাজ সর্বত্র প্রশংসিত হচ্ছে, এমন কি ওঁদের কেন্দ্রীয় মন্ত্রী পঞ্চায়েতের মাধ্যমে এই কাজের প্রশংসা করেছেন, তখন এঁরা এখানে আমাদের আক্রমণ করছেন।

আর একটি কথা এখানে ওঁরা উল্লেখ করেছেন। আমরা নাকি প্রশাসনের মধ্যে দলবাজী করছি। আনন্দবাজারে বেরিয়েছিল—কয়েকজন আই. এ. এস. অফিসারের সমালোচনা করেছিলেন। আই. এ. এস. অফিসারের সমালোচনা করতে পারেন, অনেক কিছুই করতে পারেন। কিন্তু যখন পশ্চিমবাংলায় আপনারা ক্ষমতায় ছিলেন তখন কিভাবে দলের স্বার্থে প্রশাসনকে ব্যবহার করেছিলেন? ১৯৭২ সালে নির্বাচনী সফরে এসেছিলেন প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধী। আর আপনারা জানেন যে, নির্বাচনী প্রচারে প্রধানমন্ত্রী এলে কেন্দ্রীয় সরকারের নির্দেশ আছে, কত পরিমাণ রাজ্য সরকার খরচ করবেন এবং কত পরিমাণ টাকা দল খরচ করবে। ১৯৭২ সালে দেখতে পাচ্ছি নির্বাচনের প্রাক্কালে প্রধানমন্ত্রীর ফেব্রুয়ারী-মার্চের সফরে জন্য ৬৪,৬২১'৬০ টাকা এই সরকারের পাওনা হয়। রাজ্য সরকারের পক্ষ থেকে অনুরোধ করে চিঠি দেওয়া হোল যে, টাকাটা মিটিয়ে দিন। কিন্তু কোন উত্তর পাওয়া গেল না। তারপর আবার রিমাইণ্ডার দেওয়া

হোল। তখন ওয়েষ্ট বেঙ্গল কংগ্রেস (আই) কমিটি থেকে উত্তর দেওয়া হোল যে, এটা সরকারী প্রোগ্রাম, কাজেই টাকা মেটাবার প্রশ্ন আসে না।

তারপর ১৯৭২ সালে তাঁর দ্বিতীয় নির্বাচনী সফরের সময় ১৬,২৯১'৫০ টাকা রাজ্য সরকারের পাওনা হোল। রাজ্য সরকারের পক্ষ থেকে কংগ্রেস (আই) দলকে অনুরোধ করা হোল যে, টাকাটা মিটিয়ে দাও, কিন্তু তাঁরা দিলেন না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৬সালে গৌহাটিতে কংগ্রেস অধিবেশন হয়েছিল। সেই অধিবেশন উপলক্ষ্যে দমদম এয়ারপোর্টে ভি. আই. পি.-দের সংবর্ধনার ব্যবস্থা করতে হয়েছিল। এই গৌহাটি অধিবেশনে শ্রীমতী গান্ধী যুব কংগ্রেসকে আহ্বান জানিয়ে বলেছিলেন, ইয়ং মেন, ইউ হ্যাব ষ্টোলেন আওয়ার থাণ্ডার। এয়ারপোর্ট হোটেলে খাবার জন্য খরচ হয়েছিল ৮শো ২৩ টাকা ২০ পয়সা। এই টাকার দায়িত্ব কে নিয়েছিল? ওনারা কোন পয়সা দেন নি। সরকারের রাজকোষ থেকে খরচ করেছেন। আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশ্যামল চক্রবর্তী: স্যার, আমার একটা পারসোনাল এক্সপ্লানেশান আছে। পরিবহণ বাজেট আলোচনার সময় বিরোধী পক্ষের সদস্য শ্রীসুনীতি চট্টরাজ আমার বিরুদ্ধে একটি অভিযোগ করেছিলেন। তিনি অভিযোগ করেছিলেন যে, আমি স্টেট ট্রান্সপোর্টে চেয়ারম্যান হিসাবে যোগ দেবার পর বিশেষজ্ঞদের অনুমতির বিরুদ্ধে নাকি একটি বাস বিক্রি করার অনুমতি দিয়েছি। আমি এই ধরনের কোন নির্দেশ দিই নি। উনি তো ওয়াংচু কমিশানখ্যাত, এর দ্বারা তিনি তো ভারত বিখ্যাত হয়েছিলেন। সেই জন্যই তিনি এই ধরনের অভিযোগ করেছেন। আমি স্টেট ট্রান্সপোর্ট কমিশনে যোগদান করার পর কোন বাস সেখানে বিক্রি হয় নি।

শ্রীসুধাংশু শেখর মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দীর্ঘক্ষণ ধরে এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর আলোচনা হলো এবং মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন সেটা আমি শুনলাম। বিশেষ করে বিরোধী পক্ষের সদস্যরা যা বললেন সেইগুলি শুনলাম। তাঁদের বলার কিছু নেই, তাঁরা বক্তব্য রাখতে গিয়ে বললেন যে, বিরোধিতার জন্যই বিরোধিতা করছি। তাঁরা বিশেষ নূতন কিছু বলতে পারেন নি। যাই হোক আমি এই বিলকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। বিভিন্ন বিষয়ে আলোচনার সময় ওঁরা দলবাজীর কথা বলেছেন, ব্যর্থতার

কথা বলেছেন। তার জবাবও সকল সময় দেওয়া হয়েছে। আমি শুধু বলতে চাই, বিশেষ করে গ্রামাঞ্চলের চেহারা গত কয়েক বছরে বামফ্রন্ট সরকারের আমলে বদলে গিয়েছে। সেটা ওঁরা মোটেই উপলব্ধি করতে পারছেন না। আমি মনে করি সুন্দরবন এলাকায় বেশী করে পরিবর্তন হয়েছে। গত ৩০ বছর ধরে আমরা যে ঘটনা দেখে এসেছি তার পরিবর্তন হয়েছে। ১৯৫৮ সালের আগে পর্যন্ত সুন্দরবনের মানুষ বারে বারে দুর্ভিক্ষের মধ্যে পড়ত। তারা জমিদার-জোতদারদের সময় থেকে কংগ্রেস শাসন পর্যন্ত কেবল শোষিত হয়েছে। তারা বারে বারে কলকাতায় এসেছে, গুলি খেয়েছে, মার খেয়েছে এবং তারপর তারা জেলে গিয়েছে। বারে বারে এই জিনিস সেই সময় হয়েছিল। ১৯৭৭ সাল আসার পর থেকে এই জিনিসের পরিবর্তন ঘটলো। বিভিন্ন বিষয়ে আলোচনার সময় ওঁরা পঞ্চায়েত-রাজকে নিয়ে বলেছেন। এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলের চেহারা বদলে গিয়েছে। গ্রামাঞ্চলে জমিগুলি বর্গাদারদের রেকর্ডভুক্ত করা হয়েছে। ওঁদের আমলে বর্গাদারদের জমি রেকর্ডভুক্ত করেন নি। জরুরী অবস্থার সময় আমরা দেখেছি পুলিশ জমিদার-জোতদারদের হয়ে কাজ করেছে। বর্গাদারদের বিরুদ্ধে থানায় ডাইরি করা হয়েছে এবং কংগ্রেসের গুণ্ডা বাহিনী মারধোর করে তাদের জমি থেকে বর্গাদারকে উচ্ছেদ করেছেন। ১৯৭৭ সালের পর থেকে সেই জমিগুলিতে বর্গাদার রেকর্ড করা হয়েছে। এই সময় পর্যন্ত ১১ লক্ষ একর জমি বর্গাদার রেকর্ড-ভুক্ত করা হয়েছে। তার ফলে ক্ষেতমজুর, চাষীদের প্রাণে জোয়ারের সৃষ্টি হয়েছে। কংগ্রেস আমলে চাষী ২/৩ মাসের বেশী কাজ পেত না। কিন্তু এখন অনেক পরিবর্তন ঘটেছে। এখন চাষী, ক্ষেতমজুর তারা ১২ মাস কাজ পাচ্ছে। শিক্ষার ক্ষেত্রে এই সরকার পরিবর্তন ঘটিয়েছে। আপনারা নিশ্চয়ই জানেন যে, ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে ইংরাজী তুলে দেওয়া হয়েছে। ঘুণ ধরা ইংরাজী শিক্ষা ব্যবস্থাকে তুলে দিয়ে নতুন পরিবর্তন ঘটানো হয়েছে।

আমি ঐসব বিষয়ে যেতে চাই না। আমি সুন্দরবনের মানুষ, এবারে আমি সুন্দরবন সম্বন্ধে কিছু বলতে চাই। সুন্দরবনাঞ্চলের উন্নতির জন্য ১৯৭৩ সালে সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছিল। ১৯৭৭ সাল পর্যন্ত ঐ পর্ষদের অবস্থা পঙ্গুদশায় ছিল, কোন কাজ তার মাধ্যমে আপনারা করতে পারেন নি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে মাননীয় সুন্দরবন উন্নয়নের মন্ত্রী প্রভাস রায়ের আন্তরিকতায় ও প্রচেষ্টার ফলে সেই পর্ষদ অনেক সচল করে তোলা সম্ভব হয়েছে। সুন্দরবন অঞ্চলে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে বহু প্রকল্পের রূপায়ণ হয়েছে।

এ সম্পর্কে এখানে আলোচনা করার দরকার আছে। সুন্দরবনাঞ্চলের নদীগুলিতে অনেক কুমীর আছে আমরা জানি। গত ৩০ বৎসর ধরে বিধানসভার বুকে সুন্দরবন তথা কুমীর সংরক্ষণের জন্য এখানে অনেক কুম্ভীরাশ্রু বিসর্জন করতে দেখে এসেছি ঐ কায়েমীস্বার্থের প্রতিভূদের। সুন্দরবনের বহুতর উন্নয়নের কথা আমরা এখানে ওদের মুখ থেকে শুনে এসেছি। সেখানে রাস্তাঘাট, পানীয় জলের কোন ব্যবস্থা ছিল না। গৃহস্থঘরের মা-বোনেরা পানীয় জল আনতে যেতেন জমিদার জোতদারদের বাড়ীতে। পানীয় জল সংগ্রহ করতে গিয়ে তাঁদের অনেককে মান-সম্ভ্রম ও ইজ্জত পর্যন্ত বিসর্জন দিতে হয়েছিল। একটা নলকূপ পর্যন্ত সেখানে ছিল না। আজকে কিন্তু সেখানে অবস্থা সম্পূর্ণ পাল্টে গেছে। সেখানে এখন টিউব-ওয়েল, শ্যালো টিউবওয়েল বসানো হয়েছে। ওখানকার মানুষের যে পানীয় জল পাবার অধিকার আছে, তার জন্য নলকূপ ইত্যাদির যে প্রয়োজন আছে, বিরোধী-পক্ষের বন্ধুরা সেদিন একবারও চিন্তা করে দেখার প্রয়োজন মনে করেন নি। রাস্তাঘাট বলে সেখানে কিছু ছিল না। সামান্য বৃষ্টিতেই গ্রামবাসীদের গামছা পরে গ্রাম থেকে গ্রামান্তরে যাতায়াত করতে হোত। এখন সেখানে হাজার হাজার রাস্তা নির্মাণ হয়েছে। একথা ওঁরা একবারও এখানে বললেন না। বাংলাদেশের সীমান্ত অঞ্চল হচ্ছে সুন্দরবন, এটাকে ন্যাশানাল পার্ক বলা হয়ে থাকে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বিশেষ ভাবে বলতে চাই যে, সুন্দর-বনের প্রতি আরও বেশী করে গুরুত্ব দিয়ে সেখানে যোগাযোগ ব্যবস্থা যাতে আরও বেশী করে গড়ে উঠতে পারে তার জন্য ব্যবস্থা করবেন। ওঁদের আমলে লক্ষ্য ছিল দরিদ্র মানুষকে বেশী করে শোষণ ও দমন-পীড়ন করা। এই সরকার এই রকম অনুন্নত, অবহেলিত অঞ্চলকে যেখানে বেশী গুরুত্ব দিয়ে উন্নয়নের ব্যবস্থা করছেন, সেজন্যই বোধ হয় ওঁরা এই বিলকে সমর্থন করতে পারেন নি। মাননীয় সুন্দরবন উন্নয়নমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলব, তিনি যেন আরও বেশী করে উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের ব্যবস্থা করেন। বিশেষ করে সেতু নির্মাণ করার ব্যবস্থা করে যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণের ব্যবস্থা করবেন বলে আশা রাখি। সুন্দরবন হচ্ছে নদী-নালা ঘেরা এক প্রায় বিচ্ছিন্ন অঞ্চল। সেজন্য নদীগুলিতে যথাযথভাবে বাঁধ দেওয়ারও প্রয়োজন আছে। আরও বেশী পরিমাণে শ্যালো টিউবওয়েল করা দরকার। এই কথা বলে এই অভিযাচন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.00—6.10 P.M.]

Mr. Deputy Speaker : Dr. Zainal Abedin, M. L. A., has raised a

point of order questioning the propriety of the Minister of State-in-charge of the Finance Department introducing the Appropriation Bill and in that connection Dr. Abedin points out that according to the List of Business Sri Jyoti Basu was to introduce the same.

The point of order raised by Dr. Zainal Abedin does not appear to be substantial.

Shri Santi Ranjan Ghatak, Minister of State-in-charge of Finance Department introduced the Bill with permission of the Chair. Finance Minister as defined in Rule (2) of the Rules of Procedure also includes the Minister of State authorised by the Governor.

Further, rule 218(1) of the rules of procedure provides that the procedure in regard to an Appropriation Bill shall be the same as for Bills generally with such modification as the Speaker may consider necessary. In this connection it may be worth mentioning that in the treaties entitled 'Parliamentary Proceedure in India' (Third Edition p. 113) by Shri A. R. Mukherjee it has been observed as follows—"Any Minister may move a motion standing in the name of any other Minister." (Also see H. P. Debate (II) 4. 12. 1952 cc. 1595-96—Kaul & Shakdher p. 566)

In the past in this legislature already a precedent has been created in this respect namely, on March, 22, 1983 in this Assembly the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1983 was introduced and the motion for its consideration was moved by the Minister of State, Finance Department.

In the Lok Sabha also there is a precedent. Taxations Laws (Amendment) Bills standing in the name of the Prime Minister, Sm. Indira Gandhi was introduced by Shri P. C. Sethi, Minister of State-in-Charge of Ministry of Finance on 23 July, 1969.

I, therefore, held that the point of order raised by Dr. Abedin does not stand.

শ্রীশান্তিরঞ্জন ঘটক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ্যাপ্রোপ্রিয়েশান বিল যেটা এখানে আলোচনা হচ্ছে, বাজেটের সাধারণ আলোচনাতে এবং বিভিন্ন দফাওয়ারী আলোচনার সময়েও বিরোধীপক্ষের বক্তারা যা বক্তব্য রেখেছিলেন, আজকে ডাঃ জয়নাল আবেদিন কিংবা কাশীবাবুর বক্তৃতার মধ্যেও সেই একই সুর দেখতে পেলাম। তাঁদের বক্তৃতার মধ্যে কোন তফাৎ দেখতে পেলাম না। অন্ততঃ নতুন কিছু বক্তব্য আছে বলে মনে হল না। ডাঃ আবেদিন প্রশ্ন তুলেছেন যে, আমাদের এই টাকা খরচ করার অধিকার আছে কিনা। কিন্তু মুশকিল হচ্ছে যে, তিনি বোঝেন না যে এই অধিকার আমাদের আছে কিনা সেটা ডাঃ আবেদিনের এক্তিয়ারভুক্ত নয়, এই অধিকার আমাদের পশ্চিমবঙ্গের জনগণ দিয়েছে। সুতরাং

ওই আক্ষেপ করে কোন লাভ নেই। আবেদিন সাহেব বলেছেন যে, আপনাদে দেওয়ালের লিখন পড়তে হবে। তার উত্তরে আমি তাঁকে বলি আপনাদের ওই ভো যন্ত্র যেটা এখানে আছে তার থেকে যে বাতি জ্বলে তার লিখন আপনাদের পড়ে হবে এবং আগামীদিনে বেশ কিছুদিন ধরে ওই লিখন আপনাদের দেখতে হবে সাপ্লিমেন্টারী বাজেট যখন পেশ করেছিলাম তখন ডাঃ আবেদিন অভিযো তুলেছিলেন, কত বেশী খরচ হবে এটা আগে থেকে আপনারা কেন বুঝতে পারেন না এটা আগে থেকে বোঝা যায় না। তখন আমি বলেছিলাম ওনাকে—এটা কি কে আগে বোঝা যাবে? কারণ অনেক সময়ে দেখা যায় বাজেট চলাকালীন, মাননী সদস্যরাও জানেন, কেন্দ্রীয় সরকার গমের দাম ১২/১৩ পয়সা বাড়িয়ে দিলেন ময়দার দাম বাড়িয়ে দিলেন, বিস্কুটের দাম বাড়িয়ে দিলেন। এইভাবে বিভি জিনিসের দাম তো বাড়ছেই। তাছাড়া কর্মচারী ইত্যাদি খাতেও বিভিন্ন ভাবে খর বাড়ছে, সুতরাং সেই দিক থেকে সাপ্লিমেন্টারী বাজেটের খরচ বাড়তে বাধ্য এটা কেন্দ্রীয় সরকারের মধ্যে পড়ে না—সংবিধানে এই ব্যবস্থা আছে। এখানে একটা মজার ব্যাপার হচ্ছে অয়েল প্রোডাকশানের যে-সমস্ত দেশগুলি আছে তার তেলের দাম কমিয়ে দিলো। তখন ভাবলাম যে, পেট্রোল, ডিজেলের দাম তাহলে কমবে। কিন্তু দেখলাম তা নয়, ওই যে দাম কমলো তার জন্য যে বাড়তি পয়স পাওয়া গেল তা দিয়ে কেন্দ্রীয় সরকার বললেন—আরব সাগরে কূপ খনন করবেন। সুতরাং এটাই হচ্ছে মজার ব্যাপার। তিনি আরেকটি অভিযোগ তুলেছেন, সেই অভিযোগ হচ্ছে রাজ্য সরকারী কর্মচারী কাজকর্ম করেন না, সুতরাং তাঁদের জন্য খরচ করার কি প্রয়োজন? আমি তার উত্তরে বলছি যে, রাজ্য সরকারী কর্মচারীরা যদি কাজ না করতেন তাহলে এ্যাডমিনিস্ট্রেশান চলতো কি করে?

[6.10—6.20 P. M.]

তবে আমরা কিছুটা জড়িত আছি। আমি বলতে চাইছিলাম না। আমরা মাঝে মাঝে দেখি কিছু কিছু সরকারী কর্মচারীর মধ্যে কাজ না করার অনীহা আছে। আমার মনে হয় তাদের সংগে আপনাদের পরিচয় থাকতে পারে। কাজ করার পরামর্শ যদি তাদের দেন তাহলে ভাল হয়। রাইটার্স বিল্ডিংসে দেখি হটাৎ কিছু নেই—বন্দেমাতরম ধ্বনি এদিক থেকে ওদিকে দিয়ে যাচ্ছে—বেলা ২টো থেকে এটা শুরু হয়। এর কি কারণ জানি না। এটা বন্ধ হলে অন্য লোকে কাজ করতে পারে।

(এ ভয়েস: আই. এ. এস.-দের মেমোরেণ্ডামটা পড়ুন)

সেটা আনন্দবাজারে দেখেছি। এসব সম্পূর্ণভাবে অসত্য কথা। বাজেট আলোচনার সময় আপনারা যেসব কথা বলেছিলেন সেগুলি পুনরাবৃত্তি কিনা বা সাবট্যান্সিয়েট করার জন্য বলছেন কিনা জানি না। পুলিশের খরচ বেড়েছে এ সম্বন্ধেও বলেছেন। এর উত্তর আমি আগে দিয়েছি। হাইকোর্টে অনেক কেস পেণ্ডিং আছে বলে বলেছেন। বিচার ব্যবস্থা এমনই যে, যে কেউ কার কত মাইনে হবে তা নিয়ে হাইকোর্টে কেস করতে পারে। সুতরাং সেক্ষেত্রে আমাদের আপীল করতে হয় এবং এরই ফলে কেস বাড়ছে। আর একটি কথা বলেছেন পশ্চিমবঙ্গ ভিক্ষার ঝুলি হাতে নিয়ে চলছে এবং তার জন্য আমরা দায়ী। আপনারা নিশ্চয় জানেন পশ্চিমবাংলায় যে-সমস্ত সমস্যা আছে, তা কত তীব্র এবং তার জন্য কে দায়ী? ভিক্ষার ঝুলির কথা সুবিদিত। শ্রীমতী গান্ধী বছরের পর বছর ধরে আমেরিকা থেকে আরম্ভ করে ছোট ছোট দেশগুলি থেকে সাহায্য চাইছেন। যেভাবে তিনি ভারতবর্ষকে টেনে নামিয়েছেন, পশ্চিমবঙ্গ তার ব্যতিক্রম হতে পারে না। কাশীবাবু সম্পদের কথা বলেছেন। কি করে সম্পদ থাকবে! আমাদের সম্পদ কোথায়? সম্পদ যেগুলি হচ্ছে সেগুলি সব দিল্লী নিয়ে যাচ্ছে এবং তা দিয়ে এশিয়াড ইত্যাদি করছেন। এটা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও এই সমস্যা দেখা দিয়েছে। বিভিন্ন ফাইন্যান্স কমিশন রাজ্যগুলির হাতে কিছু পয়সা দেবার জন্য যে-সব কথা বলেছেন, তা ওঁরা কার্যকরী করেন নি। আশা করি এই সব বিষয়ে চুপচাপ না থেকে দিল্লীতে গিয়ে বলুন। তা সত্ত্বেও আমরা চেষ্টা করছি সাধারণ মানুষের উপর বোঝা না চাপিয়ে কিভাবে এ্যাডিশন্যাল রিসোর্সেস মবিলাইজ করা যায়। কিন্তু এতেও তাঁদের আপত্তি আছে। শিল্পে পশ্চিমবাংলা কেন পিছিয়ে আছে ইত্যাদি সব পুরানো কথা এখানে বলেছেন। আমরা চেষ্টা করছি পশ্চিমবাংলার শিল্পগুলিকে কিভাবে বাঁচানো যায়—সেইটাই আমাদের কাছে সবচেয়ে বড় সমস্যা। নূতন শিল্প কিছু কিছু যাতে করা যায় তার জন্য ইলেকট্রনিক্স, হলদিয়া ইত্যাদির কথা উঠেছে। কিন্তু তাঁরা তা মঞ্জুর করছেন না। পশ্চিমবাংলার শিল্পোন্নয়ন সম্বন্ধে যদি আগ্রহ থাকে তাহলে দিল্লীতে গিয়ে এইসব ব্যাপারে চেষ্টা করুন। কেন্দ্রীয় সরকার যতগুলি শিল্প হাতে নিয়েছিলেন সেগুলি সব ছেড়ে দিচ্ছেন। ক্যাটারপুলার কারখানাটি ১০ বছর পর ঝাঁঝরা করে দিয়ে ছেড়ে দিচ্ছেন। যাতে কেন্দ্রীয় সরকার এটা না করেন তার বিকল্প প্রস্তাব আমরা দিয়েছি। কিন্তু এটাই তাঁদের নীতি। একচেটিয়া পুঁজির স্বার্থে তাঁরা এই জিনিস করছেন। আই. এম. এফ.-এর আমরা বিরোধিতা করছি এই জন্য যে, সমস্ত দেশকে তাঁরা বন্ধক দিয়ে দিয়েছেন। আই. এম. এফ. যেখানে গেছে সেখানে সেই দেশকে তারা সর্বনাশ করে দিয়েছে।

কাগজপত্র দেখলে এইসব দেখতে পাবেন। আই. এম. এফ.-এর টাকা ইন্টারেস্ট দেবার জন্য দেশের সমস্ত জিনিসকে বন্ধক দিতে হয়েছে। এইগুলি তাঁরা দেখবেন না। বিভিন্ন কারণে নিশ্চয় শ্রমিক ছাঁটাই হচ্ছে। সঙ্কট তীব্র হচ্ছে বলে অনেকগুলি কারখানা বন্ধ হয়ে আছে, যাতে কিছু সংখ্যক শ্রমিক ছাঁটাই হয়েছে। কোলাঘাট সম্বন্ধে বলেছেন—নিশ্চয় দু'দিনের স্টেটস্‌ম্যান পড়েছেন। বেসিক্যালি একটা ভুল পরিকল্পনা সেখানে হয়েছে। একটা মার্সি ল্যাণ্ডে কন্সট্রাকশন করার নানা অসুবিধা আছে। জিনিস তৈরী হচ্ছে, আবার সেগুলি বসে যাচ্ছে। রূপনারায়ণের মুখে বালির চর পড়ায় নূতন সমস্যার সৃষ্টি হয়েছে। তবুও কোলাঘাট যাতে ভালভাবে হয় তার চেষ্টা আমরা করছি। আপনি একবার বললেন গ্রামে জল নেই এবং তারপর আবার বললেন ওয়াটার ট্যাঙ্ক পাঠাচ্ছেন কেন? তাহলে ওয়াটার ট্যাঙ্ক পাঠানো বন্ধ করার জন্য বলে দিই। জয়ন্তবাবুর বক্তব্য সম্বন্ধে দু'-একটা কথা বলতে চাই। তিনি নিজে স্বীকার করেন না যে, পঞ্চায়েতের মাধ্যমে পশ্চিমবাংলার গ্রামের মানুষের যে প্রত্যাশা ছিল তা পূরণ করা যাবে। এটা ঠিক যে, প্রত্যাশা পূরণ করা যেতো কি যেতো না তা নির্ভর করে টাকা-পয়সা থেকে অনেক কিছুর উপর। আশা করবো তিনি এটা বুঝবেন। দ্বিতীয় কথা বলেছেন রাজ্য সরকারী স্তরে কর্মী সংখ্যা সম্বন্ধে। আমরা নূতন অর্থনৈতিক দিক থেকে এমপ্লয়মেণ্ট বন্ধ রেখেছিলাম। রিসোর্স মবিলাইজেশনের জন্য কিছু রাখা হয়েছিল, বাকী সব বন্ধ রাখা হয়েছিল। আমাদের এটাও খবর আছে যে, রাজ্য সরকারের বিভিন্ন স্তরে অনেক সারপ্লাস কর্মী আছে। যেখানে কর্মীর অভাব হচ্ছে সেখানে সারপ্লাসদের নিয়োগ করার ব্যবস্থা করছি। কাশীবাবু মনে করছেন আগে যা ছিল এবং আমাদের যা নীতি তা নাকি আলাদা নয়। কিন্তু এটা ঠিক দুটো সম্পূর্ণ আলাদা নীতি। সুতরাং তিনি যে-সমস্ত উদাহরণ দিয়েছেন সেগুলি ঠিক নয়।

[6.20—6.30 P. M.]

যাই হোক, আমি এই বিষয়ে আর বলতে চাই না। মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় আছেন, তিনি বলবেন। ওঁরা যে-সমস্ত বক্তব্য বলেছেন, সমালোচনা করেছেন আমি সেগুলির তীব্র বিরোধিতা করছি এবং মাননীয় সদস্যদের কাছে এই এ্যাপ্রোপ্রিয়েশান বিল গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

Mr Deputy Speaker; The motion of Shri Santi Rangan Ghatak that

the West Bengal Appropriation (No. 2) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3, Schedule and Preamble

The question that clauses 1, 2, 3, Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1983, as settled in the Assembly, be passed.

[6.20—6.30 P.M.]

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই এ্যাপ্রোপ্রিয়েশান বিল যে নিয়মে চলে এসেছে সেই নিয়মে এখানে বক্তৃতা হয়েছে বিরোধী দল থেকে, অর্থাৎ বক্তব্যের পুনরাবৃত্তি হয়েছে যা দফাওয়ারী আলোচনায় বলা হয়েছে। আমি যতটুকু শুনেছি, যতটুকু নোট নিয়েছি তাতে দেখিনি তার বাইরে কিছু আছে, তাহলেও তার কিছু কিছু জবাব দেওয়া দরকার। সেজন্য নতুন করে আমার বলার কিছু নেই, দীর্ঘ সময়ও আমি নিতে চাই না। প্রথম কথা হচ্ছে বিরোধী দলের পক্ষ থেকে একজন সদস্য বলেছেন—যা কিছু এখানে নেতিবাচক হয়, যা কিছু করতে আমরা অপারগ হই তার জন্য আমরা বলি ওটা কেন্দ্রের দায়িত্ব, ওটা কেন্দ্রের দোষ। আমরা তো কংগ্রেসীদের মত দায়িত্বজ্ঞানহীন লোক নই যে, খুশীমত বলব। আমরা খুশীমত বলি না। যে ক্ষেত্রে কেন্দ্রের করা উচিত, কিন্তু করছে না সেক্ষেত্রে বলি এবং যে ক্ষেত্রে আমাদের করার দায়িত্ব, কিন্তু করছি না, কেন্দ্রের সেখানে কিছু করার নেই, সেগুলিও আমরা বলি। এগুলি মানুষের কাছে খোলাখুলিভাবে রাখতে হবে। আমরা যে করছি না সেখানে যদি গলদ থাকে সেই গলদ যাতে আর না থাকে সেজন্য দক্ষতার সাথে কাজ করে আমাদের সমাধানের পথে যেতে হবে। আপনারা বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের ফাইনান্স কমিশন সব বরাদ্দ করে দিয়েছেন, আপনারা আপনাদের টাকা-পয়সা সংগ্রহ করতে পারছেন না। আবার টাকা যোগাড় করার জন্য সামান্যতম ট্যাক্স সাধারণ মানুষের ঘাড়ে, গরীব মধ্যবিত্তদের ঘাড়ে ন্যস্ত করতে চাচ্ছি তাতেও আপনারা আপত্তি করছেন। সামান্য ২৯ কোটি টাকার ট্যাক্স আমরা তুলতে পারব না। অথচ কেন্দ্র বলছেন যে, ৫০ কোটি টাকা তুলতে হবে। কেন্দ্র ঠিকই বলেছেন ৫০ কোটি টাকার ট্যাক্সের জন্য আমাদের যেতে হবে যেসব গুডস অব স্পেশাল ইম্‌পর্টেন্স আছে—যেগুলি রপ্তানি হয় সেখানে। আমাদের চা, পাট, তার উপর শতকরা ৪ ভাগ

করতে পারিনি। তাহলে কিসের উপর ট্যাক্স বাড়াব? আমরা যদি কিছু করি—বাসের ভাড়া বৃদ্ধি করি বা এখান থেকে ওখান থেকে টাকা যোগাড়ের চেষ্টা করি তাহলে সেখানে প্রবল আপত্তি। কিন্তু কেন্দ্র যখন ১২ পয়সা গমের দাম বাড়িয়েছিল তখন সেই সম্বন্ধে কোন আলোচনা করতে দেখিনি। আমরা কি বাড়িয়েছি—আমরা বলেছি রেশনে যা বাড়িয়েছি স্ট্যাটুটরী রেশনিং অঞ্চলে ৫টা লোক প্রতি সপ্তাহে চাল এবং গম মিলিয়ে যা পান তার সবটা যদি নেন তাহলে সেখানে ২৫ পয়সা তাঁদের বেশী দিতে হবে, আর অন্যান্য অঞ্চলে যেখানে বিধিবদ্ধ রেশন নেই সেখানে আরো কম, কারণ সেইভাবে তাঁরা রেশন নেন না।

তাতে একেবারে হৈচৈ ব্যাপার—জনগণ, জনগণ এইসব বলবেন। কিন্তু কেন্দ্রীয় সরকার যখন ১২/১৩ পয়সা বাড়াল তাতে কিছু বললেন না। আরব দেশ যখন তেলের দাম কমাল তখন আমরা বললাম, আপনারাও তেলের দাম কমান। কিন্তু ওঁরা বললেন, আমরা কমাতে পারব না। অথচ আগে বলেছিলেন, ওরা বাড়িয়েছে, তাই আমরাও বাড়িয়েছি। আমি জানি, কেন্দ্রীয় সরকারের বিরোধিতা ওঁরা এভাবে করতে পারবেন না। তবে একটু সমালোচনা তো করতেই হবে, না হলে লোকে কি বলবে। কেন্দ্র যখন দিনের পর দিন, বছরের পর বছর রেলওয়ে ফেয়ার বাড়িয়েছে তখন তো এঁরা প্রতিবাদ করেন নি। ১ টাকার জায়গায় ৩ টাকা হয়ে গেল, তখন তো কিছুই বলেন নি। কেন্দ্রীয় সরকারই তো বলছে আপনাদের বাড়াতে হবে, না হলে পারবেন না। তারপর বলা হয়েছে, আমরা নাকি আর্থিক সঙ্গতির ব্যবস্থা করতে পারিনি, টাকা-পয়সা তুলতে পারিনি। এটা ঠিক কথা নয়। ১৯৭৭ সালের পর ১৯৮০ সাল পর্যন্ত যদি হিসেব দেখেন, তাহলে দেখবেন, পশ্চিমবঙ্গ সরকার যেটা তুলেছে সেটা আর কেউ তুলতে পারেনি। তবে আমরা তুলেছি এমন জায়গায় যেখানে Tax বসালে মানুষের উপর আঘাত পড়বে না। আমরা যা তুলেছি সেটা অন্যান্য রাজ্য কেউ তুলতে পারেনি এটা মনে রাখবেন। তারপর বন্যা হল, ২ বছর খরা চলল, কাজেই বাকীটা কিভাবে তুলব? আমাদের সীমিত অবস্থা এবং সাংবিধানিক বাধা যেটা রয়েছে সেটা খুলে ফেললে আমরা অনেক টাকা রোজগার করতে পারতাম। কিন্তু সেটা হচ্ছে না। তারপর বলা হয়েছে State Government-এর কর্মচারীদের ৭/৮ কিস্তি মাগ্গী ভাতা দেই নি। সত্যিই দেইনি, দিতে পারছি না। তবে এটা আমরা দেব, কারণ আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আবার শুনছি কেন্দ্র বলছে আমরা অর্থনৈতিক ক্ষেত্রে মন্দা কাটিয়ে উঠেছি এবং মুদ্রাস্ফীতি নাকি নেই। তাহলে ১/২/৩/৪/৫টি করে মাগ্গীভাতা কেন দিচ্ছেন? তবে ওঁদের তো কোন অসুবিধা নেই—মেসিন আছে, নোট ছাপাচ্ছেন, বাইরে থেকে টাকা

আনছেন। কিন্তু আমরা তো এই সমস্ত জিনিস করতে পারব না, তাই আমাদের দিতে দেরী হচ্ছে। কংগ্রেসীরা উস্‌কানি দিতে পারেন, কিন্তু সরকারী কর্মচারীরা এটা বুঝতে পারছেন। আপনাদের একটা কথা মনে রাখা দরকার—আলোচনা করলে সবটা জড়িয়ে আলোচনা করতে হবে। টুকরো টুকরোভাবে আলোচনা করলে হবে না। তারপর বলেছেন, IMF-এর Loan-এর ক্ষেত্রে আপনারা আপত্তি করছেন, অথচ World Bank-এর assistance নিচ্ছেন। আমরা বলেছি কেন্দ্রীয় সরকারের মূলনীতি বদলাতে হবে। অর্থাৎ এই যে পরের উপর নির্ভর করে থাকা এটা বদলাতে হবে। কিন্তু বাস্তবে দেখছি সেটা হচ্ছে না। কেন্দ্রীয় সরকার যে-সমস্ত পরিকল্পনা করছেন তাতে তাঁরা দেশ থেকে, বিদেশ থেকে টাকা সংগ্রহ করছেন। তাহলে আমরা কি বলব ঐ টাকা আমরা নেব না? এই ধনতান্ত্রিক অর্থনৈতিক কাঠামোর মধ্যেই তো আমাদের কাজ করতে হবে, কাজেই আমরা টাকা নিচ্ছি। কেন্দ্রীয় সরকার খোলাখুলিভাবে কথাটা বলতে পারছেন না—তাঁরা বলছেন, আমরা বাধ্য হয়ে এই টাকা নিচ্ছি। Brazil প্রভৃতি অনেক দেশ সাংঘাতিক বিপদে পড়ে গেছে। ইন্দিরা গান্ধীর একটা কথা আমি পড়েছিলাম, সেখানে তিনি বলেছেন, এইভাবে বাইরে থেকে টাকা নেওয়া চলে না। এই যে হাজার হাজার কোটি টাকা ঋণ নেওয়া হচ্ছে এর উপর সুদ আছে। কোথা থেকে এত টাকা শোধ করা হবে? তখন তো আবার জনগণের ঘাড়েই চাপ আসবে। যাহোক আপাততঃ আমরা এটা নিচ্ছি। World Bank-এর assistance ইত্যাদি যা বলেছেন সে সম্পর্কে বলছি—আমাদের এবং কেন্দ্রীয় সরকারের লোক মিলে Washington-এ গিয়েছিলেন এবং Urban Development Project-এর জন্য বোধহয় আগামী মাসে ৩৩২ কোটি টাকার সই হবে।

[6.30—6.40 P. M.]

৩৩২ কোটি টাকা, এটা আমার বাজেট স্পিচে আমি বলেছিলাম। এটা সই হয়ে যাবে। কিন্তু এটার অর্থ কি? এটা কেন্দ্রীয় সরকারের, এই যে বাইরে থেকে টাকা নেওয়া হয়, এতে তো ওদেরও সুবিধা হয়, এতে ফরেন এক্সচেঞ্জ আর্ন হবে। আমাদের যেটা দেন, ওরা হয়তো কম সুদে পাচ্ছে। ততটা হয়তো সুদ দিতে হচ্ছে না এবং বাইরে থেকে যা পাচ্ছে ওয়ার্ল্ড ব্যাংক বা অন্যান্য এ্যাসিষ্ট্যান্স থেকে, একটা অংশ কেটে নেন, নিজেরা রেখে দেন, তারপর বাকীটা আমাদের দেন, তার মধ্যে এক-তৃতীয়াংশ ওঁরা দেন, আর দু'-তৃতীয়াংশ আমাদের দিতে হয়, নাম হচ্ছে

ওয়ার্ল্ড ব্যাংক প্রজেক্ট, কিন্তু দু'-তৃতীয়াংশ আমরা দিচ্ছি, আর এক-তৃতীয়াংশ ইণ্ডিয়া গভর্নমেন্ট আমাদের কাছে পাঠাচ্ছে। এইগুলো তো জানা থাকা দরকার, এই সমস্ত-গুলো আলোচনা করতে গেলে বাজেটে এবং ওঁরা যেখানে হয়তো দু' পার্সেন্ট/তিন পার্সেন্ট সুদ দিচ্ছেন, আমাদের শতকরা ৬ ভাগ এক-চতুর্থাংশ, সিক্স এ্যাণ্ড কোয়ার্টার পার্সেন্ট সুদ দিতে হয় এর উপর। এটা তো ব্যবসা চলছে কেন্দ্রীয় সরকারের। আমাদের টাকা যখন দরকার, পরিকল্পনা যখন দরকার, তখন এটা করতে হবে। আমাদের রাজ্য তো ভারতবর্ষের বাইরে নয় যে, আমরা আলাদাভাবে কিছু সমাজবাদ, সাম্যবাদ করে দেব এখানে? কাজেই এইগুলোর মধ্যে আমরা জড়িয়ে পড়ি এবং এটা করতেই হবে, আমাদের কোন উপায় নেই। এখানে কথা উঠেছে, অন্য সব জায়গায় দারুণ উন্নতি হয়েছে, আমাদের এখানে উন্নতি হয় নি। কোথায় উন্নতি হয়েছে, ৬টা পরিকল্পনার পর শতকরা ৫০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করে, আর যদি গ্রাম ধরেন তাহলে ৭০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করে, উন্নতিটা কি? ঐ শতকরা ৪৯ হলো, কি ৫০ হলো, এতে কি উন্নতি বোঝা যায়? দু'কোটি লোক রেজিষ্টারে নাম লিখিয়েছে আন-এমপ্লয়েড হিসাবে, আমাদের এখানে প্রায় ৩৪ লক্ষ লোক নাম লিখিয়েছে। সমস্ত জায়গায় এই জিনিস আছে, কোন্ জায়গা আছে যেখানে আন-এমপ্লয়েড মানুষ নেই? এই সমাজ ব্যবস্থায়, এই অর্থনৈতিক অবস্থায় এটা হবেই। কাজেই অগ্রগতি বিশেষ কোথাও হয় নি। আমরা সংকটের মধ্যে দিয়ে চলছি, সংকট আরও গভীর হচ্ছে, এইটুকু আমরা দেখতে পাচ্ছি। আমরা আবার নির্ভরশীল বেশীর ভাগ ক্ষেত্রে পশ্চিমের সংগে, ধনতান্ত্রিক দেশগুলোর সংগে এবং সাম্রাজ্যবাদী দেশগুলোর সংগেও এবং তাদের ওখানে একটা ভয়ংকর সংকট চলছে। এই সংকট ১৯৩০ সালের পর আর দেখা যায় নি। সংকট চলছে, কবে উদ্ধার হবো আমি জানি না এবং সেখানে যদি তাঁরা খানিকটা সংকট থেকে উদ্ধার না পান তাহলে আমাদের রপ্তানীর বাজার সংকুচিত হয়ে যাবে। আমাদের প্রতিযোগিতা আছে অন্য দেশের সংগে, ইতিমধ্যে তার লক্ষণগুলো আমরা দেখতে পাচ্ছি সেখানে। কাজেই এটাও মনে রাখতে হবে, আমাদের ঐ সব বলে কোন লাভ নেই। উন্নতি হয়েছে উনিশ/বিশ এখানে ওখানে, এটা বলার কোন কথা নয়। আমরা বলছি, শুধু বাজেট দিয়ে কল্যাণকর ব্যবস্থা, প্রকল্প সমস্ত করা যায় না, অর্থনৈতিক অগ্রগতি হয় না। বাজেটে কতটুকু টাকা খরচ হয়, কিন্তু ঐ মহারাষ্ট্রে দেখুন, গুজরাটে দেখুন, তামিলনাড়ু দেখুন, পাঞ্জাব দেখুন, অন্যান্য অনেক জায়গায় দেখুন, সেই সব জায়গায় অর্থনৈতিক প্রতিষ্ঠান যেটা, ভারতবর্ষের ব্যাংক এবং অন্যান্য যাঁরা আছেন,

তাঁরা কত টাকা সেখানে খরচ করেছেন, আর কত টাকা আমাদের এখানে তাঁরা খরচ করেছেন। এটা শুধু বামফ্রন্ট সরকারের কথা নয়, আমাদের ৬ বছরের কথা নয়, এটা কংগ্রেস আমল থেকেই আরম্ভ হয়েছে, তার হিসাব যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে আই. ডি. বি. আই. ইত্যাদি তারা যে-সমস্ত টাকা দেয়, তারা কত টাকা ওখানে দিয়েছে, কত টাকা আমাদের এখানে দিয়েছে। আর দুর্দশা সব থেকে তো আমাদের বেশী, দেশটা ভাগ হয়ে গেল, এক-তৃতীয়াংশ আমরা পেলাম, ৬০ লক্ষ বাস্তুহারা এখানে এলেন। পাঞ্জাবে রায়টের মধ্যে দিয়ে এক্সচেঞ্জ অব পপুলেশন হয়ে গেল, মুসলমানরা ঐদিকে চলে গেলেন, হিন্দুরা এদিকে চলে এলেন, প্রপার্টি ভাগ হয়ে গেল, তার উপর কেন্দ্রীয় সরকার কত হাজার কোটি টাকা খরচ করলেন। আমাদের এখানে তো করলেন না। তারই তো জের চলেছে। এটা তো ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলেও তিনি বলেছেন, যিনি আসছেন তিনিই বলছেন, আমরাও বলছি। এদিকে তো নজর দেওয়া হলো না? আর আমাদের যেটুকু সুবিধা ছিল তাও কেড়ে নেওয়া হলো ফ্রেট ইকোয়ালাইজেশন করে। আমাদের যে কাঁচামালের কন্ট্রোল প্রাইস, তা আমরা পেলাম না।

তাহলে অর্থনৈতিক অগ্রগতি কত কঠিন পশ্চিমবাংলায় এটা আপনারা বুঝে নিন। এগুলি বলে যাচ্ছেন, জানেন কিনা জানি না।

মিঃ ডেপুটি স্পীকার ঃ এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের জন্য যে টাইম ফিক্স করা আছে সেটা ৬.৪০ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। আমার মনে হয় আরো কিছু টাইম বাড়াতে হবে। তাই আপনাদের অনুমতি নিয়ে আমি আরো আধ ঘণ্টা টাইম বাড়িয়ে দিচ্ছি। আশা করি আপনারা অনুমতি দেবেন। সুতরাং হাফ এ্যান আওয়ার টাইম ইজ এক্সটেনডেড্।

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁদের লজ্জা থাকলে অন্ততঃ এই পয়েন্টটা বলতেন না। ডাঃ জয়নাল আবেদিন কোলাঘাট সম্পর্কে বলে গেলেন। সেটার কবে অনুমতি পাওয়া গিয়েছিল? ১৯৭২ সালে অনুমতি পাওয়া গিয়েছিল, তারপরেও ৫/৬ বছর হয়ে গেছে, তার মানে ১৯৭৭ সালে এটা হওয়া উচিত ছিল। তারপর আমরা সরকারে এসে কোলাঘাটে গিয়ে দেখলাম মাঠ পড়ে আছে। জায়গা বাছা ঠিকমত হয়েছিল কিনা আলাদা কথা, কিন্তু মাঠ পড়ে আছে দেখলাম। ঘরদোর নেই, কোন কাজ নেই, কিছুই নেই, কোন অর্ডার প্লেস্ড হচ্ছে না কোন জায়গায়। আমাদেরও ১।। বছর লেগেছে দিল্লী দৌড়াদৌড়ি করতে। তখন জনতা

সরকার ছিল। এইভাবে দৌড়াদৌড়ি করতে করতে অনুমোদন পেয়েছি এবং তখন থেকে আমরা কাজ আরম্ভ করেছি। আমরাও ৬/৭ মাস পিছিয়ে আছি। কালকে আমরা একটা মিটিং করলাম আর যাতে পিছোতে না হয়, কি কি ব্যবস্থা করা যায়। এটা আমাদের উপর নির্ভর করে না। কন্ট্রাকটর, সাব-কন্ট্রাকটররা কোথা থেকে মালপত্র আনছেন, তাঁরা দেবেন কিনা, ভেলের কেনা জিনিসের উপর নির্ভর করতে হয়। সেইসব আক্ষেপ করে আর লাভ নেই। এই সবের দেরি যাতে আর না হয় সেদিকে আমাদের দেখতে হচ্ছে। ওঁদের কোন লজ্জা থাকলে এইসব কথা বলতেন? ১৯৭২ সালে অনুমোদন পেয়েছিলেন, ১৯৭৭ সালেও কিছুই করলেন না। সি. ই. এস. সি.-র ৩০ বছর মেয়াদ বাড়িয়ে দেওয়া হল, এগ্রিমেন্ট হল। তারপর তাঁরা বললেন, আমাদের মেয়াদ বাড়ালেন, কিছু জেনারেশন করতে দিন, উৎপাদন করতে দিন বিদ্যুৎ। দিলেন না, বললেন, না, তোমরা কিনে সবাইকে দাও। আমরা ক্ষমতায় এসে আমাদেরও ফাইল ধুলো ঝেড়ে খুঁজে বের করতে ১॥/২ বছর লেগেছে। সেই ফাইল নিয়ে দিল্লী দৌড়াদৌড়ি করে সি. ই. এস. সি.-র অনুমোদন করিয়ে দিয়েছি কেন্দ্রীয় সরকারকে দিয়ে। আর ওদের বোর্ডের মধ্যে আমাদের লোকও রেখেছি। আমরাও এখানে অনেক টাকা দিয়েছি, এটা শুধু একটা প্রাইভেট কোম্পানী নয়। টিটাগড়ে হয়ে গেছে, আরো দুটি আসছে, হবে। ওঁরা করলেন না। ওরা পাপী। অন্যায় অপরাধ কংগ্রেস করে গেছে। সাঁওতালদি এটা একটা সিক ইউনিট আমরা জানি। যেমন ব্যাণ্ডেল, ইট ইজ ওয়ান অব দি বেষ্ট রান ইউনিটস ইন দি কান্ট্রি। এখান থেকে বললেন শ্রমিকদের সঙ্গে মিটিয়ে নিন, সব ঠিক হয়ে যাবে। তিনি কিছুই বোঝেন না। তিনি আমাদের পক্ষের লোক হলেও বোঝেন না। ব্যাণ্ডেলে শ্রমিক, ইঞ্জিনিয়ার আছে, ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল রান ইউনিটস কি করে হল? আর সাঁওতালদি—ওয়ান অব দি ওয়ার্ষ্ট—এখানে অন্য সব সমস্যা আছে। অনেকক্ষণ ধরে আমরা আলোচনা করেছি। সেটা আমরা দেখছি। ওখানে কিছু মেশিন, কিছু ম্যান মেড ইত্যাদি নানারকম সমস্যা আছে। তারপর ঐ ডি. এম.-দের সঙ্গে আমাদের বিবাদ লাগাবার জন্য, বি.ডি.ও.-দের সঙ্গে আমাদের বিবাদ লাগাবার জন্য বলা হল ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। কি কেড়ে নেওয়া হয়েছে? পঞ্চায়েত ইত্যাদি এই সমস্ত হয়ে তাদের সুবিধা হয়েছে। কারণ সেখানকার আইন-শৃঙ্খলাই বলুন, আর যাই বলুন—এই সমস্ত মানুষের উপর নির্ভর করতে পারেন। কাজেই ক্ষমতা কমল কি করে? আগেকার বৃটিশ আমলের মত থাকবে নাকি? ক্ষমতা কিছুই কমে নি। একটা কিছু করবার চেষ্টা করা হচ্ছে। তবে

কিছু আই. এ. এস. আছে তারা এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটির কাছে স্মারকলিপি দিয়েছে। আমরা দেখিনি, আমরা পাই নি। কিন্তু সেটা আনন্দবাজারকে দিয়েছে, আরো হয়ত কোন কোন কাগজকে দিয়েছে, আমাদের শত্রুপক্ষ যাতে সুবিধা পায় তাই করেছে। কারা দিয়েছে এতেই সেটা বোঝা যাচ্ছে। কারণ সব আই. এ. এস. দিয়েছে, না কেউ দিয়ে দিল, টাকা দিয়ে কেউ কিনে নিয়ে গেল, না চুরি হয়ে গেল, তা আমি বলতে পারব না। সেখানে কতকগুলি কথা আছে। আমাদের কাছে তাঁরা ৬ বছর আছেন, অথচ বি.ডি.ও., এস.ডি.ও., জেলা শাসকরা এইরকম কোন আলোচনা করেন নি আমাদের সঙ্গে। তাঁদের পূর্ণ ক্ষমতা আছে সব কিছু করবার জন্য। আমরা তাঁদের বলেছি আপনাদের যা মত আছে বলবেন। আমরা জনগণের নির্বাচিত প্রতিনিধি, মন্ত্রী, এটা গ্রহণ করতেও পারি, নাও পারি। কিন্তু আপনারা যদি মত না বলেন তাহলে অন্যায় করছেন। কারণ এই মত বলার জন্য তাঁদের সাজা হবে না, কিছু হবে না, আমরা বলেছি। এ সব তো কংগ্রেস করে।

[6.40—6.50 P. M.]

কারুর তার জন্য সাজা হবে না, কিছু হবে না আমরা বলেছি। অনেকে বলেন, লিখে দেন যে, না, এটা করবেন না, এটা ভুল পথ, আমরা হয়ত বলি ঠিক আছে, আমরা আপনার সঙ্গে একমত হলাম, আবার কখনও বলি, না, একমত হলাম না। আমরা এই পথকেই ঠিক মনে করি, কারণ আমরা কাজে একটা সমন্বয় আনবার চেষ্টা করছি। আমরা যখন এইভাবে কাজ করার চেষ্টা করছি তখন দেখছি উল্টো প্রচার করা হচ্ছে, কিন্তু আমি বলি, এতে খুব সুবিধা হবে না, কারণ এই সরকার জনগণের সরকার। আমরা অফিসারদের যেমন সম্মান দিই, তেমনি জনগণকেও সম্মান দিই, আমরা জনগণের স্বার্থ দেখি এবং সেই জন্যই এইভাবে কাজ করে যাচ্ছি। তারপর বলা হয়েছে, সেভেন্থ ফিনান্স কমিশন ১০টি উচ্চ আদালত এবং ৯৭টি অন্য আদালত করবার জন্য বলেছিলেন, কিন্তু আপনারা করতে পারেন নি। হ্যাঁ, আমরা পারিনি তো। আমরা ৮টা উচ্চ আদালত করেছি এবং ২০টা নীচু আদালত করেছি। সেটাও একটু ভেবে দেখা দরকার। ওঁরা ঐ পুলিশ হাউসিং-এর মতন হিসাব করে বললেন। ওঁরা যা হিসাব করে বললেন তাতে তো হয় না। জিনিসপত্রের দাম বছরে বছরে বা ৬ মাস অন্তর লাফিয়ে লাফিয়ে বাড়ছে, সেভেন্থ ফিনান্স কমিশন সেটা দেখলেন না। তবে এটা করতে হবে এবং আমরা নিজেদের টাকা খরচ

করে অনেকগুলি করেছি, তা ছাড়া ৮ম অর্থ কমিশনের কাছে আপনারা জানেন আমি ২·২৭ কোটি টাকা চেয়েছি রেভিনিউ এক্সপেনডিচারের জন্য এবং নীচু আদালতের জন্য ৩·৩৭ কোটি টাকা ক্যাপিটাল এক্সপেনডিচার-এর জন্য চেয়েছি, কারণ এগুলি করা উচিত, এতে অনেক সুবিধা হবে। তারপর হাইকোর্টে যে আরো ১০ জন না কতজন জজকে নিয়োগ করতে হবে, সেকথা ওঁদের কেউ বললেন না। এটা তো আমাদের হাতে নয়। নাম চিফ জাষ্টিস আমাদের বলে-টলে পাঠিয়ে দিয়েছেন, সেটা দিল্লী থেকে করতে হবে। আপনারা তো কংগ্রেসের লোক, দিল্লীতে কংগ্রেস সরকার আছে, এগুলি একটু আপনারা দেখুন না, এগুলি হলে তো সুবিধাই হয়, মামলা-টামলা ভালোই হয়। পরিশেষে আমি যে কথাটি বলতে চাই সেটা আমি আগেই বলেছি যে, আমাদের সঙ্গে পার্থক্য হচ্ছে কংগ্রেস সরকারের যে, আমরা জনগণের দিকে নজর দিয়ে কাজ করছি। ওঁরাও বাজেট করতেন, খরচ করতেন।

(ডাঃ জয়নাল আবেদিন : কোশ্চেন)

আপনি তো 'কোশ্চেন' করবেনই। আপনি তো জোতদারদের লোক, আপনি কোশ্চেন করবেন না তো কে করবেন? জনগণ কিন্তু কোশ্চেন করেন না। ক্ষেতমজুর, কৃষক, মধ্যবিত্ত, সাধারণ খেটে খাওয়া মানুষ তাঁরা প্রশ্ন করেন না, প্রশ্ন আপনারাই করেন এবং করবেন। আপনারা প্রশ্ন না করলে আমরা বুঝবো আমরা ভুল করছি। আপনি যদি বিরোধিতা না করেন তাহলে বুঝতে হবে আমাদের কোথাও গোলমাল হচ্ছে। আপনি যদি একমত হয়ে যান তাহলে তো গোলমাল হয়ে যাবে। সেই জন্য বলছি, আপনারা কতটা ভুল বোঝাতে পারবেন মানুষকে পঞ্চায়েত নির্বাচনে সেটা আপনারা চেষ্টা করে দেখুন। তারপর আমি সংবাদপত্রে দেখলাম আপনারা রাজ্যপাল মহাশয়কে গিয়ে বলেছেন, পঞ্চায়েত নির্বাচন আসছে, কাজেই এখন খরচ-টরচ করা যেন না হয়। লোকগুলিকে মারতে চান নাকি? আপনাদের কথা মতন এই খরার সময় লোকগুলিকে জল দেব না, খেতে দেব না— এই সব করে লোকগুলিকে মারবো নাকি? ১০০ বছরের মধ্যে এই রকম খরা হয় নি, এই অবস্থায় আমরা বলেছি কংগ্রেসের লোকদেরও জল দিতে হবে, খাদ্য দিতে হবে এবং সেই ব্যবস্থা আমরা করছি। আমরা জেলা শাসকদের কাছে পাঠিয়ে দিয়েছি, তাঁরা স্কীম দিয়েছেন এবং সেই অনুযায়ী সেখানে কাজ হচ্ছে। এই প্রসঙ্গে আমি বলি, কিছু গরিব মানুষ দুর্ভাগ্যবশতঃ কংগ্রেসের পক্ষে আছেন। এই অবস্থায় আমাদের তো তাঁদের আরো একটু জল দেওয়া দরকার, খাদ্য দেওয়া দরকার যাতে তাঁরা আমাদের দিকে আসেন। এটা না করে আমরা উল্টোটা করবো নাকি? এইটুকু বুদ্ধি আমাদের আছে। সেইজন্য আমি বলছি, টাকা দিয়ে যদি কেনা যেত মানুষকে—

কথন কথনও যায় আমি অস্বীকার করছি না, কিন্তু সকলকে যদি কেনা যেত তাহলে ঐ কর্ণাটকে, অন্ধ্রে এই সব জায়গায় আপনাদের এই দুরাবস্থা হত না। তামিলনাড়ুতে কংগ্রেসীদের এই দুরাবস্থা হত না। ৩০ বছর রাজত্বের পর, কোটি কোটি টাকা খরচ করে, কালোবাজারীদের কাছ থেকে টাকা নিয়েও আপনারা সেখানে জিততে পারলেন না, আর এখন হা-হুতাশ করছেন, বলছেন রিজিওনালিজম, যেন সব একেবারে অল ইণ্ডিয়া আউটলুক আছে। সেইজন্য আমি আবার বলছি, আমরা পশ্চিমবাংলায় এইভাবে চলবার চেষ্টা করছি, সেখানে যে-সব ত্রুটি-বিচ্যুতি আছে, এইসব থাকবে, আমরা সেগুলি অতিক্রম করার চেষ্টা করছি, আপনাদের কথায় কি আর এসে যায়। জনগণের কাছে আমাদের যেতে হবে, তাঁদের আমাদের বোঝাতে হবে, কারণ তাঁরাই হচ্ছেন আসল আদালত, সেখানেই বিচার হবে। এই কথাগুলি আমি থার্ড রিডিং-এ বলে আমার বক্তব্য শেষ করলাম।

ডাঃ জয়নাল আবেদিনঃ I invite your attention Mr. Deputy Speaker, Sir, to page 747 up to May, 19th Edition. মাননীয় মুখ্যমন্ত্রী একজন ভেটারেন্ পার্লামেন্টেরিয়ান, তিনি এটা বুঝবেন। আপনি যদি থার্ড রিডিং-এ মুখ্যমন্ত্রীকে বলবার সুযোগ দেন, তাহলে you are equally responsible to give us the same right. আপনি এটা বুঝতে পারছেন কিনা, তা আমি জানতে চাইছি। এটা আমাদের রাইট, কারণ I invite your attention to May, third reading In accordance with the SL 93. No debate or amendment is permitted on third reading of the concerted or appropriation bill. সুতরাং আপনি এটা একটু দেখুন এবং মুখ্যমন্ত্রীকেও দেখতে বলুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ ডাঃ জয়নাল আবেদিন, আমি আপনার পয়েন্ট অফ অর্ডার শুনেছি। এবারে আপনি আমার উত্তরটা শুনুন। আপনি যদি থার্ড রিডিং-এর উপর বলতে চান, তাহলে আপনি বলতে পারেন।

ডাঃ জয়নাল আবেদিনঃ ধন্যবাদ। তাহলে আমি বলি? মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। He has taken the same and he has abandoned his arrogant to represent the views of the Government on the debate in this Assembly. We are feeling to raise a point of order earlier that Chief Minister and Minister-in-charge of

the Finance Department has chosen to ignore the Assembly. He trusted upon the Deputy to present the Bill which has never occurred in the Assembly for the last 20 years. You could not have any example in this Assembly.

মিঃ ডেপুটি স্পীকার ঃ আমি দৃষ্টান্ত দেখিয়েছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি এই রেজিম্-এর উদাহরণ দিয়েছেন। সেটা আমরা জানি এই আমলেই সাপ্লিমেন্টারি বিল উত্থাপিত হয়েছে বাই শাস্তি ঘটক। এর আগের কোন ঘটনার কথা আপনি উল্লেখ করতে পারেন নি। এ বিষয়ে আই কনফার্ম আপনি অন্য যদি কোন উদাহরণ দেখাতে পারেন, তাহলে আই উইথড্র মাই এ্যালিগেশন। This precedent has been created by your Left Front, not earlier. এটা আপনাকে বলতে পারি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ আমি পার্লামেন্টের এগজাম্পল্ দিয়েছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ দ্যাট ইজ নট্ টেনেবল্ হিয়ার। একমাত্র উদাহরণই আছে এবং তা এই আমলেই হয়েছে। যাই হোক আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি কষ্ট স্বীকার করে হাউসকে ফেস্ করেছেন এই লাষ্ট দিনে। আমরা কোন সময়ই দেখিনি এই ৪৪ জনের মন্ত্রিসভার দায়িত্বশীল মন্ত্রীরা এখান থেকে বিরোধী পক্ষের কিম্বা সরকার পক্ষের অভিযোগগুলি দেখছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা কথা বলে আমাকে বলবার সুযোগ করে দিয়েছেন। তিনি বলেছেন, "আপনাদের সঙ্গে একমত হলে, ভুল করছি বুঝতে পারতাম"। আমি তাঁকে বলব যে, আপনাদের সঙ্গে যদি আমরা একমত হতাম, তাহলে আমরাও খুব আতঙ্কিত হতাম। আমি মুখ্যমন্ত্রীকে বলব যে, আপনারা এখন জল দিচ্ছেন, যখন খরার দহন ছিল তখন জল দেন নি। আমরা একাধিকবার অভিযোগ করেছি। এই হাউসে বলেছি, আপনাদের কোন দপ্তর, কোন কল্যাণমুখী দপ্তর বিরোধী সদস্যদের কোন এলাকায় কোন কাজ করে নি। You have cited an example.

(গোলমাল)

আপনারা বিরোধী এরিয়ায় সংবিধান বহির্ভূতভাবে কোন কাজ করেন নি, এক ইঞ্চি রাস্তা করেন নি, একটাও ব্রিজ করেন নি, একটাও প্রাইমারী স্কুল

করেন নি, একটাও মাদ্রাসা করেন নি, একটাও টিউবওয়েল করেনি। আমরা জল দাও, জল দাও বলে আপনাদের দরজায় দরজায় গিয়েছি, জল নিয়ে আপনারা রাজনীতি করেছেন। আমরা এই অভিযোগ বার বার করেছি এবং এখন আবার পুনরাবৃত্তি করছি। কংগ্রেস বলে কোন কথা নয়, কমিউনিষ্ট বলে কোন কথা নয়, মানুষ তৃষ্ণার্ত, তৃষ্ণার্তের কোন জাত নেই, কংগ্রেস কমিউনিষ্ট নেই। অথচ আপনারা জল নিয়ে রাজনীতি করছেন, এই অভিযোগ একাধিকবার করেছি। এ বিষয়ে একটা কমিটি অফ্ এনকোয়ারী করুন, দেখুন কোথায় কোথায় জল নেই।

[6.50—7.00 P.M.]

আপনারা রাজনীতি করার উদ্দেশ্যে পঞ্চায়েতের মাধ্যমে টিউবওয়েল বিতরণ করেছেন। মহারাষ্ট্রের পারক্যাপিটা ইনকাম আর আমাদের পারক্যাপিটা ইনকাম কি এক? মহারাষ্ট্রের প্রডাকটিভিটি আর আমাদের প্রডাকটিভিটি কি এক? পাঞ্জাবের প্রডাকটিভিটি আর আমাদের প্রডাকটিভিটি কি এক? উন্নতি আপনারা দেখবেন না? আজকে কোলাঘাটের কথা বলেছেন। আমরা করিনি বলে সেই জন্য আপনারা ক্ষমতায় এসেছেন। কিন্তু ৬ বছরে কোলাঘাটের কিছু হলো না কেন তাঁর জবাব দিলেন না। আরো ১ বছর সময় নেবেন? আপনারা ব্যর্থ হয়েছেন। দুর্গাপুরে ষষ্ঠ ইউনিট—এত সব ইনফ্রাসট্রাকচার থাকা সত্বেও এটা কেন কমিশণ্ড হয় নি? তার জবাব দিতে হবে। আপনারা ভিক্ষার পাত্র নিয়ে খালি কেন্দ্রের কাছে যাচ্ছেন। বাঙালীর দুর্গতির জন্য আপনারা দায়ী। এই মন্ত্রিসভা ব্যর্থ, অপদার্থ। আজকে এগ্রিকালচারাল প্রডাকশান কমে গেছে, ইণ্ডাসট্রিয়াল প্রডাকশান কমে গেছে, পারক্যাপিটা ইনকাম কমেছে। একথা বলবো না? কালকে লেবার ইন ওয়েষ্ট বেঙ্গলে বলেছি দেশে বেকার বেড়েছে। ২ কোটি বেকারের মধ্যে ৩৪ লক্ষ বেকার এই রাজ্যে আছে। পশ্চিমবঙ্গকে আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন? এবার আলাদা পয়েন্টে আসুন। উনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের নোট ছাপাবার অধিকার আছে, রিজার্ভ ব্যাঙ্কের নোট ছাপাবার অধিকার আছে। আপনারা আপনাদের ম্যানিফেষ্টোতে কেন বললেন না যে, রাজ্য সরকারের নোট ছাপাবার অধিকার চাই? সুতরাং বাঙালীর দুর্গতির জন্য দায়ী আপনারা। সেইজন্য এর বিরোধিতা করছি।

The motion of Shri Santi Ranjan Ghatak that the West Bengal Appropriation (No.2) Bill, 1983, as settled in the Assembly be passed was then put and agreed to.

The West Bengal Urban Land Taxation (Amendment) Bill, 1983

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to introduce the West Bengal Urban Land Taxation (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to move that the West Bengal Land Taxation (Amendment) Bill, 1983, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন অবান্তর কথার আবার পুনরাবৃত্তি করেছেন। আমি নূতন করে তার জবাব দিতে চাই না। আমি তাঁর বক্তব্যের বিরোধিতা করছি।

এই বিলের উদ্দেশ্য হচ্ছে, এখন যে আইনটা আছে সেই আইনে হাইকোর্টে মামলা চলছে ট্যাকসেশান পদ্ধতির উপর, এরিয়ার উপর ট্যাকসেশান করার যে পদ্ধতি আছে—সেটার বদলে হচ্ছে ল্যাণ্ডের লোকাল যে প্রাইস সেটার উপর ভিত্তি করে ট্যাকসেশান করার বিধি এই বিলে আনা হয়েছে। আমি আশা করছি মাননীয় সদস্যরা এটাকে সমর্থন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ওয়েষ্ট বেঙ্গল আরবান ল্যাণ্ড ট্যাকসেশান এ্যাপ্রোপ্রিয়েশান বিল ১৯৮৩ যেটা নিয়ে এসেছেন এটা মূলতঃ ১৯৭৬ সালের। আজকে আমাদের যেটা বক্তব্য হচ্ছে সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে সেটা বললেন, ইউজুয়াল ডিসিসনে যে রিট পিটিশন হয়েছিল হাইকোর্টে সেই রিটের বিষয়বস্তু কি, কে বাদী কে বিবাদী এবং জাজমেন্টই বা কি হল—

মিঃ ডেপুটি স্পীকার : কাশীবাবু, আপনারা সার্কুলেশন মোশনটা মুভ করুন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমি এ্যামেণ্ডমেন্ট দিয়েছি, সেটা সার্কুলেশনের জন্য পাঠানো হোক—Sir, I beg to move that the Bill be circulated for the purpose eliciling opinion thereon by the 15th May, 1983. এটাই আমি এখানে নিয়ে এসেছি। যাইহোক মাননীয় মন্ত্রী মহাশয় আমি যেটা বলছিলাম রিট পিটিশনের বিষয়বস্তুটা কি, জাজমেন্ট কি হল এসব কিছুই জানতে পারলাম না। তার এফেক্ট শুরু হয়ে গেল, সেই এফেক্ট দেবার জন্য ১৯৭৬ সাল থেকে এফেক্টের জন্য বিলের মধ্যে যে কি বিষয়বস্তু ছিল তাও জানতে পারলাম না।

আমরা অন্ধকারে রয়ে গেলাম। এর জাজমেন্টটা আমাদের কাছে দেওয়া উচিত ছিল, সেটা হাউসের কাছে না দিলে বিলটা অসমাপ্ত থেকে যাচ্ছে। আমি এটার প্রচার চেয়েছি, অন্ততঃ আমাদের সকলের সামনে প্রকাশ করা হোক। মহামান্য হাইকোর্ট কি রায় দিয়েছেন সেটা বলা হোক। আমরা দেখেছি সেটা, সেই বিষয়বস্তুতে কি চ্যালেঞ্জ হয়েছিল এবং সেটা যে ইনভ্যালিড হল, সেই ইনভ্যালিডের বিষয়বস্তুটা কি জাজমেন্ট দেখে সেখানে আমরা জানতে পারলাম না। রেট্রোসপেকটিভ এফেক্ট যেটা ১.৪.৭৬ থেকে দেবার জন্য বলেছেন সেখানে আমার প্রশ্ন আছে। সেখানে প্রশ্ন হচ্ছে যে, কতকগুলি জিনিস এই বিলের মধ্যে বলেছেন সেখানে দেখতে পাই ওল্ড সেকশান ৫, ক্লজ ৭-তে পাচ্ছি ষ্টেট গভর্নমেন্ট তার রেটটা ফিক্স করবেন, যিনি সেই ফিক্সটা করছেন তাঁর হাতে প্রচণ্ড ক্ষমতা রয়ে যাচ্ছে। যে একজিকিউটিভ অর্থাৎ একজিকিউটিভ কমিশনার এটাকে কার্যকরী করবেন, সেটা অতিরিক্ত ক্ষমতাবান ব্যক্তি করবেন, এই ব্যাপারে মন্ত্রী মহাশয়কে একটু চিন্তা করতে বলব। এটা অন্ততঃ লেজিসলেচারের মাধ্যমে, অর্থাৎ একটা পরিষ্কার বিল এনে এই বিলের মধ্যে বলতে পারতেন যে, এই যে রেট অফ ট্যাকসেশন যেটা ধার্য করা হবে সেটা আবার ডিফারেন্ট জায়গাতে ডিফারেন্ট ওয়েতে ডিফারেন্ট টাইপে হবে। এটা প্রভিশন যা দিয়েছেন সেটা কিন্তু বিস্তারিত ভাবে হয়েছিল। ক্লজের মধ্যে বললেন না সেটার একটা ডেফিনেশন থাকা উচিত ছিল এবং এই সমস্ত থাকাতে আগামী দিনে এটা কার্যকরী করতে অসুবিধা হবে। আমরা যেটা দেখতে পাই যে, এখানে আরও যেটা দেওয়া উচিত ছিল, এটার একজাম্পলটা আরও পরিষ্কারভাবে করা উচিত ছিল এবং সেই ডেফিনেশন, একজাম্পল ধরে তিনি যখন কাজ করবেন এবং তাতে যা ঘটবে তার জন্যই আমি আশংকিত। সেখানে একজন কমিশনার, তাঁকে একজিকিউটিভের ক্ষমতা দিচ্ছেন, তাঁকে জমির দর নির্ধারণ করতে বললেন, তিনি সেখানে বায়াসড হতে পারেন, সেটা তাঁদের অসুবিধা হবে, এ ব্যাপারে একটা অন্ততঃ পরিষ্কার ভাবে এর কার্যকারিতা এবং এটা যে বিলের মধ্যে পরিষ্কার করে প্রভিশন ছিল সেটা বললে আগামী দিনের কাজ করত।

[7 00—7.10 P.M.]

যেটা ফিকস্‌ড লোয়ার রেট, যে হিসাবে তিনি বলেছেন—সেটা কিন্তু এখানে পরিষ্কার হচ্ছে না। প্রভাইসোতে এটা পরিষ্কার হলে ভাল হোত। আপনি প্রভাইসোর মধ্যে লোয়ার রেট কথাটা বলেছেন, কিন্তু বিস্তারিত বলেন নি বলে এটা

ভেগ হয়ে যাচ্ছে এবং এই কারণেই এই ক্রটিপূর্ণ সংশোধনীটা এনেছেন। এটা কার্যকরী করবার জন্ম অনুমতি চেয়েছেন—সেটাতেও পুরোপুরি সংশোধন হচ্ছে না, সেটা অসম্পূর্ণ থেকে যাচ্ছে। কোন কিছু পরিষ্কার ভাবে বলছেন না। বিশেষতঃ হাইকোর্টের জাজমেণ্ট উপস্থিত করতে পারেন নি। সেখানে কি ছিল তা জানাতে পারেন নি। অতএব আপনারা যে উদ্দেশ্যে বিলটা নিয়ে এসেছেন তা আগামী দিনে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে—এই জন্ম ব্যাপকভাবে প্রচারের জন্ম সময় দিতে বলেছিলাম এবং সেই কারণে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। আপনি যদি এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ না করেন তাহলে আমি এই বিলের বিরোধিতা করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ওয়েষ্ট বেঙ্গল আরবান ল্যাণ্ড ট্যাকসেশন (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩ যা এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৬ সালে একটি বিল, যখন কংগ্রেস মন্ত্রিসভা ছিল, এই সভায় পাশ করেছিলেন। সেই সময়ে যে আইন ওঁরা পাশ করিয়ে নিয়েছিলেন তা কেবল বড়লোকদের স্বার্থ রক্ষা করবার উদ্দেশ্যেই করা হয়েছিল। দেখা গেছে যে বড়লোক, যাঁরা বহু জমির মালিক কলকাতার শহরে এবং তার আশেপাশের শহরগুলিতে—তাঁরা কি ভাবে সীমার ঊর্ধ্বে জমি রেখে ট্যাক্স ফাঁকি দিতে পারেন—তার কতগুলো ফিকির ফন্দী ঐ বিলের মধ্যে ছিল। এ ছাড়া ঐ আইনের মধ্যে অনেকগুলা ক্রটি ছিল। এই ক্রটির বিরুদ্ধে কতকগুলো রিট পিটিশনস্ হাইকোর্টে পড়েছিল। আপনি জানেন, বিশেষ করে আইনের সেই ওয়ার্ড—তার কোন কিছু ঐ আইনের মধ্যে ছিল না। কলকাতা এবং তার আশেপাশের শহরগুলোতে এক একটি বাড়ী তৈরী করে দেওয়া হয়েছে পাঁচ/সাত/দশ বিঘা জমির উপর এবং তারপর সেই বাড়ী ট্রাষ্টি করে দেওয়া হয়েছে। কিন্তু ঐ আইনের ট্রাষ্টির কাছ থেকে ট্যাক্স আদায়ের কোন প্রভিশন ছিল না। ঠিক একইভাবে কলকাতা এবং তার আশেপাশের শহরগুলোতে বড় বড় বাড়ী তৈরী করে একজন কেয়ারটেকারের হাতে ঐ বাড়ী তুলে দেওয়া হয়েছে। কিন্তু ১৯৭৬ সালের ঐ আইনে কোথাও বলে দেওয়া নেই যে, কেয়ারটেকারের কাছ থেকে সরকার বাড়ীর ট্যাক্স আদায় করতে পারবে কিনা ?

কাজেই এই আইন ক্রটিপূর্ণ ছিল। এই আইনের দ্বারা বড়লোকদের স্বার্থ রক্ষা হত। জোতদার এবং জমিদারদের জমি চুরি করে রাখার সহায়তা

করতো। এই বিলের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় ঐ আইনের পরিবর্তন করার প্রস্তাব করেছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটা হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে যে, ১৯৮০ সালে যখন এই সভাতে রুরাল সিলিং পাশ করি তখন কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছিল যে, রুরাল ল্যাণ্ড সিলিং আপনারা পাশ করুন। আমরা নাকি আসল জায়গায় হাত দিতে পারছি না। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বলেছিলেন কয়েক দিন পর সামনের সেসানে আরবান ল্যাণ্ড ট্যাক্সেশান আনবেন। বর্তমানে যে আইন আনা হয়েছে তাতে বলা হয়েছে বর্তমানে যে জমির অপজিশানে থাকবে সে মালিক যদি না হয়, ট্রাষ্টি হয়, কালেক্টর হয় সে ট্যাক্স দেবে। কি ভাবে ট্যাক্স দেবে? বর্তমানে জমির যা মূল্য নির্ধারিত আছে বা আরবানে যে হারে মূল্য নির্ধারিত আছে সে অনুযায়ী ট্যাক্স দেবে। তার থেকে কম দিতে পারবে না। এই কথা নূতন বিলে আছে। তাতে ট্যাক্স বেশী আদায় হবে এবং এটা ন্যায়সঙ্গত হবে। আমরা যদি এই বিল পাশ করি তাহলে সরকার নিশ্চয়ই এই জমি চোরদের ধরতে পারবে। যারা জমি চুরি করে রেখেছে এবং বহু জমির মালিক যারা বহু কোটি ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের থেকে ট্যাক্স আদায় হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে এবং এই বিলকে সর্বসম্মতিক্রমে পাশ করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য কাশীবাবু একজন আইনজীবী লোক, আইন সংক্রান্ত ব্যাপারে তিনি এই রকম ভুল বা অপব্যাখ্যা করবেন, তা আমি আশা করতে পারি নি। হাইকোর্ট থেকে জাজমেণ্টের কপি সার্কুলেট করবে বলে আমরা কখনই আশা করতে পারি না। আমরা তো জানি, হাইকোর্টে যে জাজমেণ্ট হয়, সেগুলি রিপোর্ট হয়, আর যে-কোন ল-ইয়ারই তা পড়েন। আমার মনে হয়, আপনি এগুলি জানেন না বা পড়েন না। কোন কোর্টের কোন জাজমেণ্ট—আরবান ল্যাণ্ড সিলিং-এর জাজমেণ্ট, সি. আই. জে. এন. বা অন্য কোন কিছু ক্ষেত্রে ক্যালকাটা হাইকোর্টে নোট থাকে—কিম্বা সি. ডবলু. এন.—এই সব জায়গায় যেগুলি হয়, সেই সব ক্ষেত্রে কেসগুলি রিপোর্ট হয়। কিভাবে সেগুলি রিপোর্টেড হয়, সেগুলি দেখলেই তা বোঝা যাবে। আরবান ল্যাণ্ড ট্যাক্স, এর উপরে যে জাজমেণ্ট বেরিয়েছে, সেগুলি যে-কোন রিপোর্ট দেখলেই বোঝা যায়। আমরা তো আশা করতে পারি, সেগুলি তিনি আগেই পড়েছেন—এ্যাজ এ ল-ইয়ার হি স্যুড রিড ইট। এখানে যেগুলি আছে, সেগুলি তাঁর পড়া উচিত ছিল। কোন ত্রুটিই তো এখানে নেই। রিট পিটিশানে যেটুকু ল্যাকুনা ছিল,

সেগুলিকে মিট করবার জন্য এখানে নেসেসারী এ্যামেণ্ডমেন্ট এনেছেন এবং র‍্যাশানালাইজ করছেন। ট্যাক্স স্ট্রাকচার যেটা আছে তাকে র‍্যাশানালাইজ করার জন্য এখানে বলা হয়েছে। অথচ উনি বলেছেন—এতে ডেফিনেশান কিভাবে হবে? কমিশনার বা মার্কেট ভ্যালুর বিষয়ে সাধারণতঃ সব আইনেই লেখা থাকে। মার্কেট ভ্যালু ইজ ডিটারমাইণ্ড বাই কম্পিটেন্ট অথরিটি এবং যেখানে যে-ভাবে প্রয়োজন, সেখানে কম্পিটেন্ট অথরিটি এগুলি করে দিচ্ছেন। ন্যাচারালি কম্পিটেন্ট অথরিটি উইল ডিটারমাইন দি মার্কেট ভ্যালু এবং দেয়ার ইজ এ প্রসেস ফর ডিটারমিনেশান অফ মার্কেট ভ্যালু। যদি কোন বাড়ী গভর্নমেন্ট এ্যাকুইজিশান করে, সেখানে এ্যাকুজিশান করার সময়ে—যদি সরকারের পক্ষ থেকে সেটি কেনার সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকে—তার প্রাইস বা মার্কেট ভ্যালু ডিটারমাইন করে তবেই তাকে পারচেজ করা হয়। গভর্নমেন্টের পক্ষ থেকে এ্যাকুইজিশান করার সময়ে মার্কেট ভ্যালু হিসাবেই জমির দাম দেওয়া হয়। মার্কেট ভ্যালু বলতে বোঝায় প্রিভেলিং প্রাইস নির্ধারণের ব্যাপার। এখানে একটা বিশেষ পদ্ধতি আছে। কোন কম্পিটেন্ট যখন লোকাল এ্যাসেস্‌মেন্ট করেন, তখন সাধারণতঃ প্রচলিত বাজার মূল্য দেখে তবেই এ্যাসেস্‌মেন্ট করে থাকেন। এগুলির ক্ষেত্রে কোনটা আরবিট্রেটর কোনটা ডিক্টেটর হয়ে গেল বলে সমালোচনা করা এখানে অবান্তর। এ ব্যাপারে সংশ্লিষ্ট এ্যাগরিভড্‌ পারসনে-এর কাছে রেমিডিজের ব্যবস্থা খোলা আছে।

[7.10—7.20 P.M.]

ইফ সামবডি ইজ এ্যাগরিভড, রেমিডিজ আর দেয়ার, অনেক সময় অনেকেই তা এ্যাভেল করেন। আইনগত ভাবে ল্যাণ্ড ট্যাক্স বা আরবান ল্যাণ্ড ট্যাক্স এ্যাক্ট-এ যে ল্যাকুনা আছে, তা এ্যামেণ্ডের জন্য যে নেসিসিটি সেগুলিই মোটামুটি ভাবে এখানে দেওয়া আছে। তবে মারাত্মকভাবে বিলটাকে কোনরকম চেঞ্জ করেন নি। এর মধ্যে মন্ত্রী মহাশয় এমন কিছু করেন নি যার ফলে ভবিষ্যতে এর দ্বারা কোন অসুবিধা দেখা দিতে পারে। তেমন অসুবিধা যদি সত্যি সত্যিই দেখা যায়, গভর্নমেন্ট নিশ্চয়ই তা দেখবেন। গভর্নমেন্ট যাতে র‍্যাশানালাইজ ওয়েতে কালেকশান করতে পারেন, আশা করি আপনিও তা চাইবেন। আমরা আশা করব, কালেক-শান অফ ট্যাক্সেস র‍্যাশানালাইজ ওয়েতে হোক। তা হতে গেলে একটা র‍্যাশানাল এ্যাপ্রোচ নিশ্চয়ই থাকবে। সেজন্য আজকে দিনে যে-সমস্ত অসুবিধা-গুলি আছে, সেগুলি যাতে না দেখা দেয়, সে ব্যবস্থা গভর্নমেন্ট নিশ্চয়ই

করবেন। আমার বক্তব্য হচ্ছে, আপনি একে সার্কুলেশান না বলে জিনিসটা ভাল করে একবার পড়ে দেখুন, তাহলে আশা করি ভালো করে বুঝতে পারবেন। আমি অনুরোধ করব, এগুলিকে ভালো করে দেখে, এর প্রতি আপনি বরং মন্ত্রী মহাশয়কে বলুন আপনি সমর্থন করছেন। আপনি পড়ে বলুন যে, আপনি একে সমর্থন করছেন। যে আকারে এখানে বিলটি আনা হয়েছে, তাকে র‌্যাশানালাইজ ওয়েতে হচ্ছে বলা যায়। সুতরাং সমর্থন করাটা বরং আপনার পক্ষে ভালই হবে। এ্যাজ এ ল-ইয়ার এবং মেম্বার অফ অপোজিশান হিসাবে এটা করাই বোধহয় আপনার পক্ষে বাঞ্ছনীয়। আপনি এখানে অন্য কোন সেকশান নিয়ে বলেন নি। আমরা আশা করতে পারি যে, আপনি একে সমর্থন করছেন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তিরঞ্জন ঘটকঃ এখানে আমার বিশেষ কিছুই বলার নেই। মাননীয় কাশীবাবু যে দুটি প্রস্তাব এখানে রেখেছেন, আমি তা সমর্থন করতে পারছি না। একটা হচ্ছে—এটা এখানে প্রয়োজন বলেই সার্কুলেট করা হয়েছে। আশা করি এটি তিনি পড়ে দেখেছেন। হাইকোর্টের জাজমেণ্ট এবং কনষ্টিটিউশানের আর্টিকেল ১৪ অনুসারে তিনি বলুন যে—এখানে এরিয়া ওয়াইজ ট্যাকস্ ঠিক করার যে পদ্ধতি আছে তা ঠিক নয়। বাঁকুড়াতে যদি আমার ৫ বিঘা জমি থাকে এবং পার্ক সার্কাসে যদি ৫ বিঘা জমি থাকে—এই দুটি জায়গাতে ৫ বিঘা জমির উপরে ট্যাক্স একই রকম হবে। কারণ দেখিয়ে ওঁরা বললেন যে, এটা ঠিক নয়, এর ফলে ইকোয়ালিটি থাকছে না। দুটি জায়গায় দাম আলাদা। এ ব্যাপারে হাইকোর্টে কতকগুলি মামলা হয়েছিল, সেখানে কতকগুলি অসুবিধা দেখা দিয়েছিল। সেই দিকে লক্ষ্য রেখেই এখানে এ্যামেণ্ডমেণ্ট করা হয়েছে। এ ব্যাপারে অনিলবাবু বলেছেন, একে বরং র‌্যাশানালাইজ করা হয়েছে। ট্যাকসের রেট ও তার ষ্ট্রাকচার আগে বিভিন্ন রকমের ছিল, সেই ষ্ট্রাকচারকে চেঞ্জ করে তাকে র‌্যাশানালাইজ করা হয়েছে। আরও কিছু ল্যাকুনা ছিল—ওনার কারা হবে ইত্যাদি। সে ব্যাপারেও কিছু চেঞ্জ করা হয়েছে। ল্যাণ্ডগুলির ট্রান্সফরমেশানের ক্ষেত্রে—যেগুলি এগ্রিকালচারাল ল্যাণ্ড পারপাজে ব্যবহৃত হত, সেগুলি যদি কমার্শিয়াল পারপজে হয়, তাহলে তার ভ্যালুয়েশান চেঞ্জ হবে। এগুলির ক্ষেত্রে আমাদের নিশ্চয়ই ঠিকঠাক করতে হবে। আপনি আর যেটা সন্দেহ করছেন, সেটার কোন কারণ নেই। মার্কেট ভ্যালু ফিক্স-আপের ক্ষেত্রে যিনি কমিশনার বা ঐ কাজে যাঁরা নিযুক্ত আছেন, তাঁরাই ঠিক করবেন। এখানে আসল কথা হচ্ছে, দেখতে হবে জমি কি দরে সংশ্লিষ্ট অঞ্চলে বিক্রি

হচ্ছে। এ খবর তাঁরা আগে থেকেই সংগ্রহ করে নেবেন—সেটা তাঁদের ল্যাণ্ড এ্যাকুজিশানের আগেই প্রিভিয়াসলি ডিটারমাইন করতে হবে, এ্যাকুইজিশান কিন্তু সেই ভাবেই হচ্ছে। জমির প্রাইস ও কমপেনসেশান ইত্যাদি সেই ভাবেই ঠিক হয়ে থাকে। সুতরাং এতে কোন অসুবিধা নেই। তা সত্ত্বেও যদি কোথাও কোন অসুবিধা দেখা দেয় বা অন্যায় হয়ে থাকে তাহলে—যে কথা অনিলবাবু আগেই বলেছেন—ওনারদের সামনে এভিনিউ তো খোলাই আছে, সেখানে তাঁরা যেতে পারেন। দ্বিতীয়তঃ আপনি এখানে আর একটা যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, সেটাও আমি মেনে নিতে পারছি না—এতে আমাদের অনেক অসুবিধা আছে। কারণ আমাদের যে লক্ষ লক্ষ টাকা কালেকশান হয়েছে, সেগুলি ফেরৎ দিতে হবে। সেজন্য এটা গ্রহণ করা আমাদের পক্ষে অসম্ভব। তবে আমি আপনাকে বলতে পারি, এখানে কোনরকম ভাবেই অন্যায় কিছু করা হচ্ছে না। আগে যেটা ৩ বছর ছিল, বর্তমানে সেক্ষেত্রে ৭ বছর হয়েছে। আমি আর কথা বাড়াতে চাই না। আমি কাশীবাবুকে অনুরোধ করব—অনিলবাবুও যে কথা বলেছেন—আপনি এখানে যদিও বিরোধী পক্ষ হিসাবে উপস্থিত আছেন, তবুও আপনার পক্ষে অন্য বিশেষ কোন অসুবিধা যদি না থাকে, তাহলে আপনি যে এ্যামেণ্ডমেণ্টগুলি এখানে প্লেস করেছেন—সেগুলি তুলে নিন এবং যে বিল এখানে আনা হয়েছে তাকে এ্যাকসেপ্ট করুন। আমি আপনাকে এই বিলের প্রতি সমর্থন করতে অনুরোধ জানাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Santi Ranjan Ghatak that the West Bengal Urban Land Taxation (Amendment) Bill, 1983, be taken into consideration was then put and agreed to.

Clause 1

Shri Kashinath Misra : Sir, I beg to move that in Clause 1(2), line 2, for the figures and words "1st day of April, 1976" the figures and words "1st day of April, 1983" be substituted. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এবং মাননীয় সদস্য যেকথা বলছেন আমি জিনিসটা সেই অর্থে ঠিক বলিনি। মাননীয় মন্ত্রী মহাশয় সেটা সঠিকভাবে উপলব্ধি করতে পারেন নি। এ. আই. আর. এবং সি. আর এফ. সম্পর্কে যা বললেন সেটা বড় জিনিস নয়। আমাদের কাছে হাউসের একটা মূল্য আছে। তার জাজমেণ্ট যেটা আনা উচিত ছিল এবং তাতে আমাদের যা সুবিধা হতো তার বিস্তারিত খুঁটিনাটি আলোচনা করতে পারতাম তার

কিছু হোল না। কিন্তু এতে যে ত্রুটি-বিচ্যুতি, ল্যাকুনা রয়েছে সেগুলির কোন আলোচনা হল না। এই যে রেট, ডিফারেন্ট টাইপের কথা বলেছেন এগুলির এক্সপিরেশান ঠিকমত হয় নি। আপনি যে প্রোভাইসের কথা বলেছেন সেখানে এইগুলিও পরিষ্কারভাবে পেলাম না। কোন বিষয়ে ঠিকমত মেনটেন করতে পারেন নি, যেখানে আলোচনা করার বিষয় ছিল সেখানে আলোচনা করার ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। সেইজন্য আমি যে এ্যামেণ্ডমেন্ট মুভ করছি সেটা আপনি অনুগ্রহ করে গ্রহণ করবেন।

Shri Santi Ranjan Ghatak : I am unable to accept the Amendment.

The motion of Shri Kashinath Misra was then put and lost.

The question that clause I do stand part of the Bill was then put and agreed to.

Clauses 2 to 20 and Preamble

Mr. Deputy Speaker : There are no amendments to clauses 2 to 20 and Preamble.

The question that clauses 2 to 20 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Santi Ranjan Ghatak : Sir, I beg to move that the West Bengal Urban Land Taxation (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.20 P. M. till 9.00 A. M. on Saturday the 23rd April, 1983, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta on Saturday, the 23rd April 1983 at 9 a.m.

Present

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair 9 Ministers, 11 Ministers of State and 132 members.

Unstarred Questions
(to which written answers were laid on the table)

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসে বিনাভাড়ায় যাতায়াত

৫০১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য, কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসগুলিতে (দূরপাল্লা সহ) বিনাভাড়ায় প্রচুর লোক যাতায়াত করেন ; এবং

(খ) সত্য হলে, এটাকে রোধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) কিছু সংখ্যক লোকের বিনাভাড়ায় যাতায়াত পরিলক্ষিত হইয়াছে।

(খ) ইহা রোধ করার জন্য শহর এবং দূরপাল্লা উভয় সার্ভিসের বাসগুলিতেই যাত্রীদের টিকিট পরীক্ষার তথা ভাড়া আদায়ের ব্যবস্থা আরও জোরদার করা হইয়াছে এবং বাস টার্মিনাসে যাত্রীদের যাত্রা আরম্ভ হওয়ার পূর্বেই যাত্রীদের টিকিট কাটিয়া বাসে উঠিবার ব্যবস্থা (প্রি-বুকিং) আরও ব্যাপক করা হইয়াছে।

পশ্চিমবঙ্গে গ্রামীণ ও শহর গ্রন্থাগারের সংখ্যা

৫০২। (অনুমোদিত প্রশ্ন নং ৫০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত বামফ্রন্ট সরকারের আমলে রাজ্যে কতগুলি গ্রামীণ ও শহর গ্রন্থাগার স্থাপিত হয়েছে ; এবং

(খ) কংগ্রেস রাজত্বের ৩০ বছরে ঐ সংখ্যা কত ছিল ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বামফ্রন্টের আমলে ১,৪৮২টি গ্রামীণ/প্রাথমিক গ্রন্থাগার এবং ৮২টি শহর গ্রন্থাগার স্থাপিত হইয়াছে।

(খ) কংগ্রেস সরকারের আমলে ৭০১টি গ্রামীণ / প্রাথমিক / আঞ্চলিক গ্রন্থাগার, ৩৫টি মহকুমা/শহর গ্রন্থাগার এবং ১৭টি জেলা গ্রন্থাগার স্থাপিত হইয়াছিল।

সল্ট লেক স্টেডিয়ামের আসনের জন্য সদস্যপদ

৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, সল্ট লেক স্টেডিয়ামের আসনের জন্য কতজনকে আজীবন সদস্যপদ দেওয়া হচ্ছে ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ সল্ট লেক স্টেডিয়াম নির্মাণের সম্পূর্ণ বিষয়টি "সোসাইটি ফর স্পোর্টস অ্যাণ্ড স্টেডিয়াম" নামক একটি সোসাইটিকে দেওয়া হয়েছে। স্টেডিয়াম নির্মাণের মূলধন সংগ্রহের উদ্দেশ্যে এই সোসাইটি সরকারের সঙ্গে পরামর্শক্রমে ইনস্টিট্যুশনাল ও লাইফ শ্রেণীতে মোট দশ হাজার সদস্যপদ পূর্তির জন্য বিজ্ঞাপিত করেন। প্রায় আট হাজার দরখাস্তের নিদর্শ (ফর্ম) ব্যাঙ্ক থেকে নেওয়া হয়েছে, যার মধ্যে টাকা সহ প্রায় এক হাজার পাঁচ শত জমা পড়েছে।

ন্যায় পঞ্চায়েত গঠন

৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২।) **শ্রীগোপাল মণ্ডলঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ন্যায় পঞ্চায়েত গঠনের পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) যদি থাকে, তা হলে সেই উদ্দেশ্যে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) কতদিন নাগাদ তা কার্যকর করা হবে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বর্তমানে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর আওতায় ন্যায় পঞ্চায়েত গঠনের কোন পরিকল্পনা সরকারের নাই। তবে আশা করা যায় যে, আসন্ন দ্বিতীয় পঞ্চায়েত সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবার পর বিষয়টি বিবেচনা করা হইবে।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

পারিভাষিক শব্দাবলী সহজীকরণ

৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৩।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** ১০ই সেপ্টেম্বর, ১৯৮২ তারিখের বাজেট বক্তৃতার ১৫ নং অনুচ্ছেদ উল্লেখপূর্বক তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পারিভাষিক শব্দাবলী সহজীকরণের প্রশ্নটি পরীক্ষা করার জন্য কোন কমিটি নিয়োগ করা হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, কতদিনের মধ্যে উক্ত কমিটির কাজ শেষ হবে বলে আশা করা যায়?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পরিভাষা প্রণয়নের জন্য একটি কমিটি আছে। তবে প্রশ্নে উল্লিখিত বিষয়ভিত্তিক কমিটি নিয়োগ করার কথা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ধারাবাহিক প্রক্রিয়া সাপেক্ষ বলা সম্ভব হচ্ছে না।

মুর্শিদাবাদ জেলার খরাকবলিত ব্লকে কর্মসূচী গ্রহণ

৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৭।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খরাকবলিত কোন্ ব্লকে কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে; এবং

(খ) উহার ফলে কতজন খরাক্লিষ্ট মানুষ উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলার (১) বহরমপুর, (২) বেলডাঙা (১, ২), (৪) হরিহরপাড়া, (৫) নওদা, (৬) ডোমকল, (৭) জলঙ্গী, (৮) মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, (৯) রানীনগর (১, ২), (১১) ভগবান-

গোলা (১, ২), (১৩) লালগোলা, (১৪) নবগ্রাম, (১৫) কান্দী, (১৬) খরগ্রাম, (১৭) বারোঞান, (১৮) ভরতপুর (১, ২), (২০) রঘুনাথগঞ্জ (১, ২), (২২) সুতি (১, ২), (২৪) শ্যামসেরগঞ্জ, (২৫) সাগরদীঘি, (২৬) ফরাক্কা ব্লকগুলি খরাকবলিত। এই খরাকবলিত ব্লকগুলিতে যে যে কর্মসূচী গ্রহণ করা হয়েছে, তার মধ্যে আছে—

(১) জাতীয় গ্রামীণ উন্নয়ন প্রকল্প,

(২) এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম,

(৩) রিলিফ ওয়ার্কস প্রোগ্রাম,

(৪) পানীয় জল সরবরাহ প্রকল্প, নূতন নলকূপ বসানো, পুরানো নলকূপ সংস্কার,

(৫) নতুন পুষ্করিণী খনন ও পুরাতন পুষ্করিণীর সংস্কার,

(৬) ব্যাপক খয়রাতি সাহায্য বিতরণ ও পুষ্টি প্রকল্পের সম্প্রসারণ।

(খ) ২১,৫২,৯৭৭ জন খরাক্লিষ্ট মানুষ উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

উত্তরবঙ্গে বুনো হাতি ও বুনো বাঘের অত্যাচার

৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১।) **শ্রীমনোহর তিরকী:** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত উত্তরবঙ্গে বুনো হাতি ও বুনো বাঘের অত্যাচারে কতজন লোক প্রাণ হারিয়েছেন;

(খ) উক্ত স্থানে উক্ত কারণে কত টাকার সম্পদ নষ্ট হয়েছে;

(গ) উক্ত কতজন মৃতের পরিবারকে এ পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ও মাথা পিছু ক্ষতিপূরণের পরিমাণ কত; এবং

(ঘ) বুনো হাতি ও বাঘের অত্যাচার বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

বন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বুনো হাতির আক্রমণে ৭৩ জন লোক প্রাণ হারিয়েছেন। বুনো বাঘের আক্রমণে কোন লোকের নিহত হওয়ার কোন সংবাদ নেই।

(খ) যেসব ক্ষেত্রে আর্থিক মূল্যায়ন সম্ভব হয়েছে তার মোট পরিমাণ ২,১৯,০৫০ টাকা।

(গ) ৬৫ জন মৃতের উত্তরাধিকারীকে এ পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। মৃত ব্যক্তিপিছু ক্ষতিপূরণের পরিমাণ ২,০০০ টাকা।

(ঘ) উত্তরবঙ্গে বুনো হাতির উপদ্রব থেকে ক্ষয়ক্ষতি কমাবার জন্য বন থেকে বিভাগের দুইটি বিশেষ স্কোয়াড বুনো হাতির দলকে চাষ এলাকা ও জনবসতি তাড়াবার কাজে নিযুক্ত আছে। পোষা হাতির সাহায্যে বুনো হাতির দলকে বনের ভিতর পাঠাবার ব্যবস্থা করা হয়। বনাঞ্চলের অধিবাসীদের বুনো হাতির আচার-ব্যবহার সম্পর্কে সতর্ক করা হয়। প্রয়োজনে গুণ্ডা হাতি মারার ব্যবস্থা করা হয়। বিদ্যুৎ-প্রবাহিত তারের বেড়াও পরীক্ষামূলকভাবে একটি এলাকায় বসানো হয়েছে।

অনুন্নত জেলায় ইলেকট্রনিক শিল্প

৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, অনুন্নত সমস্ত জেলায় ইলেকট্রনিক শিল্পের উন্নয়নের জন্য কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ অন্যান্য শিল্পের সঙ্গে ইলেকট্রনিক শিল্পের উন্নয়নের জন্যও পশ্চিমবঙ্গ সরকারের কর্মসূচী রহিয়াছে।

মুর্শিদাবাদ জেলায় কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পখাতে ব্যয়

৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৩।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ শিল্প এবং সুতি ও রেশম খাদির উন্নতির জন্য কত টাকা খরচ করা হইয়াছে (ব্লকওয়ারী হিসাব); এবং

(খ) উক্ত শিল্পসমূহে মোট কত ব্যক্তির কর্মসংস্থান হয়েছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) উক্ত বৎসরে মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ শিল্প এবং সুতি ও রেশম খাদির উন্নতির জন্য নিম্নলিখিত টাকা খরচ করা হইয়াছে—

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম		রেশম ও সুতি কাপড় বিক্রয়ের উপর ছাড় বাবদ ক্ষুদ্র ও কুটির শিল্প অধিকারের অধীন জেনারেল ম্যানেজার জেলা শিল্প কেন্দ্র কর্তৃক প্রদত্ত	পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ কর্তৃক প্রদত্ত আর্থিক সাহায্য
			টাকা	টাকা
(১)	বহরমপুর ...	...	৭২,৬৮২.৩৮	৩,৭৪০.০০
(২)	জলঙ্গী ...	...	২,৩২৯.৫৫	২,৫০০.০০
(৩)	মুর্শিদাবাদ জিয়াগঞ্জ	...	১,৫৩১.৭৬	৫,৪০০.০০
(৪)	রাণীনগর-২১		১০,৪৮৩.৩৬	...
(৫)	রাণীনগর-২২		১,১৪৪ ৪৪	...
(৬)	কান্দী	...	৫,০১৯.০৪	৭,২৫০.০০
(৭)	খরগ্রাম ...	...	১২,২১৪.০	৫,৯৫০.০০
(৮)	ভরতপুর-২ ...	...	১৫,১৮০.৩৫	...
(৯)	রঘুনাথগঞ্জ-১ ...	...	২,২১৬.২২	...
(১০)	রঘুনাথগঞ্জ-২ ...	...	৯১৩.৯৫	...
(১১)	সুতী-১ ...	...	৬৭.৭৮	...
(১২)	ফারাক্কা ...	...	১,২১৭.১২	...
(১৩)	বেলডাঙ্গা-১ ...	...	...	১,২০০.০০
(১৪)	হরিহরপাড়া ...	...	...	২,৮৮০.০০
(১৫)	লালগোলা ...	...	...	৬৪০.০০
(১৬)	ভগবানগোলা-১	...	...	৯৯০.০০
(১৭)	বেলডাঙা-২ ...	...	...	২,৫০০.০০
(১৮)	সাগরদীঘি ...	...	...	১,৩০০.০০
(১৯)	নবগ্রাম ...	...	...	২,২০০.০০
			১,২৫,০০০.০০	৩৬,৫৫০.০০

ইহা ব্যতীত পর্ষদ তার নিজস্ব রেশম উৎপাদন কেন্দ্রে মোট ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বিনিয়োগ করিয়াছেন।

(খ) উক্ত শিল্পসমূহে মোট ১২৮ জনের কর্মসংস্থান হইয়াছে।

পঞ্চায়েত অফিসগৃহ নির্মাণ

৫১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৬।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কিছু গ্রাম পঞ্চায়েতকে অফিসগৃহ নির্মাণের জন্য সরকার হইতে টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত পঞ্চায়েতগুলির সংখ্যা ও মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ এ পর্যন্ত কত ; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে গৃহনির্মাণের হিসাব পরীক্ষা করা হইয়াছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) উক্ত পঞ্চায়েতগুলির মোট সংখ্যা ১,২৬৪ ও মঞ্জুরীকৃত অর্থের মোট পরিমাণ ১,৩২,৫৯,৯৮৪ টাকা (এক কোটি বত্রিশ লক্ষ উনষাট হাজার নয় শত চুরাশি টাকা) মাত্র।

(গ) ১,১৪২টি ক্ষেত্রে গৃহনির্মাণের হিসাব পরীক্ষা করা হইয়াছে।

১৯৮২ সালে এন. আর. ই. পি. স্কীমে অর্থ মঞ্জুর

৫১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৮।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য:** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারী হইতে ডিসেম্বর পর্যন্ত এন. আর. ই. পি. স্কীম বাবদ গ্রাম পঞ্চায়েতগুলিকে কত টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত সময়ে গ্রামপঞ্চায়েতগুলি কত টাকার কাজ করিয়াছে ; এবং

(গ) উক্ত সময় মধ্যে উক্ত স্কীমের হিসাব ব্লকস্তরে কয়টি গ্রামপঞ্চায়েত পেশ করিয়াছেন ?

উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয়:

(ক) ১৯৮২ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত এন. আর. ই. পি. স্কীমে গ্রামপঞ্চায়েতগুলিকে ১,৯৩৪'৮৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) ঐ সময়ে গ্রাম পঞ্চায়েতগুলি মোট ২,৭৯৪'৯১ লক্ষ টাকার কাজ করেছে। স্বাভাবিকভাবেই ১৯৮২ সালের জানুয়ারী মাসের আগে মঞ্জুরীকৃত টাকাও এর মধ্যে আছে।

(গ) গ্রাম পঞ্চায়েতগুলি স্কীমের হিসাব পঞ্চায়েত সমিতির মাধ্যমে জেলা স্তরে পাঠান। সারা জেলার মোট হিসাব রাজ্য সরকারের কাছে আসে। সব জেলা থেকেই জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত খরচের হিসাব পাওয়া গেছে।

ইনল্যাণ্ড ফিসারীজ প্রজেক্ট

৫১২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪২।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইনল্যাণ্ড ফিসারীজ প্রজেক্ট অনুসারে কোন্ জেলায় কতটা কাজের প্রসার ঘটেছে;

(খ) এ পর্যন্ত ঐ বাবদ কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) ঐ প্রজেক্ট মোতাবেক মুর্শিদাবাদ জেলার কোন্ ব্লকে কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) এ সম্পর্কে একটি সারণি নিম্নে দেওয়া হল।

(খ) এ পর্যন্ত মোট ৭৪ লক্ষ ৪৯ হাজার ২ শত টাকা খরচ হয়েছে। জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হল।

(গ) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকে ঐ প্রজেক্ট মোতাবক কত হেক্টার পরিমাণ পুকুর/জলকর ১৯৮২-৮৩ সালে মাছ চাষের আওতায় আনা হবে তার একটি তালিকা নিম্নে দেওয়া হল।

এ ছাড়া কান্দী ও ভরতপুর-২ নং ব্লকে "টোটাল একোয়াকালচার টেকনোলজী সেণ্টার" গড়ে তোলার জন্য ছ'টি পুকুর নির্বাচিত হয়েছে।

বহরমপুর ব্লকে একটি দশ হেক্টর মডেলের ফিস সীড হ্যাচারী স্থাপন করার পরিকল্পনা আছে।

Statement referred to in reply to Clause 'Ka' 'Kha' and 'Ga' of unstarred quesetion No. 512 (Admitted qusestion No. 642.)

(৩১ শে মার্চ ১৯৮৩ পর্যন্ত)

জেলা			মাছ চাষের আওতায় আনা পুকুর/জলকরের পরিমাণ (হেক্টার-এ)	প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষীর সংখ্যা
১। বর্ধমান	—	—	৬৭.২৮	১৬৪
২। বীরভূম	—	—	১০৪.৮২	৭২৮
৩। বাঁকুড়া	—	—	২০.৭৭	১০০
৪। মেদিনীপুর	—	—	৩৬২.৮৮	৫৫২
৫। মুর্শিদাবাদ	—	—	১২৫.৪৮	৪৫৪
৬। মালদা	—	—	২২৪.৮৩	৩০৯
৭। হাওড়া	—	—	৪১.৪৬	২০৯
৮। হুগলী	—	—	১৭৪.৬৪	১৪৬
৯। পশ্চিম দিনাজপুর	—	—	২৩৮.৯৭	৩৯৩
১০। নদীয়া	—	—	৩০৭.৯৪	৪৯৩
১১। পুরুলিয়া	—	—	৪৩৭.০৮	২৬৬

অন্তর্দেশীয় মৎস্য প্রকল্প অনুসারে ৩১ শে মার্চ, ৮৩ পর্যন্ত জেলাভিত্তিক খরচের পরিমাণ—

মৎস্যচাষী উন্নয়ন সংস্থাগুলির নাম				খরচের পরিমাণ (টাকায়—হাজারে)
১। বর্ধমান	—	—	—	৬৭৫.৯৬
২। বীরভূম	—	—	—	৭৪৪.৩৪
৩। বাঁকুড়া	—	—	—	৩৩২.২৮
৪। মেদিনীপুর	—	—	—	১,০০৫.৮৪
৫। মুর্শিদাবাদ	—	—	—	৩৮৯.৮৬
৬। মালদা	—	—	—	৯৪৩.১৫
৭। হাওড়া	—	—	—	৫০৬.১৭
৮। হুগলী	—	—	—	৬৬১.১২
৯। পশ্চিম দিনাজপুর	—	—	—	৫৫১.০৭
১০। নদীয়া	—	—	—	৭৭১.৫৩
১১। পুরুলিয়া	—	—	—	৮৬৭.৮৯

মোট—৭,৪৪৯.২১

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকে অন্তর্দেশীয় মৎস্য প্রকল্প অনুসারে ১৯৮২-৮৩ সালে পুকুর/জলকর উন্নয়নের লক্ষ্যমাত্রা।

ব্লকের নাম				জলাশয়ের লক্ষ্যমাত্রা (হেক্টর-এ)
১। কান্দি	—	—	—	৬০
২। বারওয়ান	—	—	—	৬০
৩। খরগ্রাম	—	—	—	৬৫
৪। ভরতপুর-১	—	—	—	৬০
৫। ভরতপুর-২	—	—	—	৬০
৬। নবগ্রাম	—	—	—	৬০
৭। রানীনগর-১	—	—	—	৮
৮। রানীনগর-২	—	—	—	৫
৯। মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	—	—	—	৬০
১০। ভগবানগোলা-১	—	—	—	৬
১১। ভগবানগোলা-২	—	—	—	৪
১২। লালগোলা	—	—	—	৬০
১৩। ফরাক্কা	—	—	—	২
১৪। সুতী-১	—	—	—	৫
১৫। সুতী-২	—	—	—	২
১৬। রঘুনাথগঞ্জ-১	—	—	—	৪৫
১৭। রঘুনাথগঞ্জ-২	—	—	—	১৫
১৮। সাগরদীঘি	—	—	—	৪৫
১৯। সামসেরগঞ্জ	—	—	—	১
২০। বহরমপুর	—	—	—	৫০
২১। বেলডাঙ্গা-১	—	—	—	৫০
২২। বেলডাঙ্গা-২	—	—	—	২৫
২৩। জলঙ্গি	—	—	—	৪
২৪। নওদা	—	—	—	৩
২৫। ডোমকল	—	—	—	৩০
২৬। হরিহরপাড়া	—	—	—	১৫
			মোট—	৮০০

ম্যাসাঞ্জোর, মিরিক ও কালিম্পং-এ মৎস্য চাষ

৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪১।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ম্যাসাঞ্জোর, মিরিক এবং কালিম্পং-এ মাছের চাষ প্রবর্তনের প্রস্তাব কার্যকর হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, তার ফলাফল কি ?

মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, হয়েছে।

(খ) (১) ম্যাসাঞ্জোর জলাধার থেকে ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মোট ৫,৫৩৪ কিলোগ্রাম মাছ পাওয়া গেছে এবং তা বিক্রি করে প্রায় ২৫,৮১৩ টাকা পাওয়া গেছে।

(২) মিরিক জলাধারে কমন কার্প, গ্রাস কার্প এবং সিলভার কার্প জাতীয় মাছ ছাড়া হয়েছে এবং ঐ মাছগুলির ওজন বর্তমানে যথাক্রমে তিন কেজি, দেড় কেজি ও দুই কেজির মত হয়েছে। ঐ জলাধারে ছিপে মৎস্যশিকারীদের সুবিধার জন্য দশটি মাচা তৈরী করা হয়েছে। অচিরেই মৎস্য শিকারীদের মৎস্য শিকারের লাইসেন্স দেওয়া হবে। এ ছাড়া এই জলাধার থেকে উৎপন্ন কমন কার্প জাতীয় মাছের চারা স্থানীয় জনসাধারণের মধ্যে বিতরণ করা হয়েছে। মিরিক জলাধারের একাংশ জাল দিয়ে ঘিরে পরীক্ষামূলকভাবে কিছু ব্রাউন ট্রাউট ছাড়া হয়েছে। মিরিক-এ মৎস্যচাষীদের প্রশিক্ষণের জন্য একটি প্রশিক্ষণ কেন্দ্র এবং একটি ছোট পরীক্ষাগার স্থাপন করা হয়েছে।

(৩) কালিম্পং-এ ঝোরাজলপুষ্ট জলাশয়ে মৎস্য চাষের প্রদর্শনীক্ষেত্র ও শিক্ষণ-কেন্দ্র স্থাপনার কাজ প্রায় শেষ ; শিক্ষার্থী বাছাইয়ের কাজ চলছে। প্রশিক্ষণের কাজ খুব শীঘ্র শুরু হবে। বিজনবাড়ীতেও একটি প্রশিক্ষণ শিবির খোলার আয়োজন করা হয়েছে। মিরিক এবং কালিম্পং ব্লকের ঝোরাজলপুষ্ট পুকুরের মালিকগণকে এ পর্যন্ত ১৪,৫০০ চারাপোনা সরবরাহ করা হয়েছে। এছাড়া মিরিক ও কালিম্পং সহ পার্বত্য এলাকার বিভিন্ন ব্লকে ১৯৮৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত ১০৪টি ঝোরাজলপুষ্ট মৎস্যচাষ ক্ষেত্র তৈরীর জন্য সরকারী সহায়তা দান করা হয়েছে। স্থানীয় অধিবাসীদের সুবিধার্থে নেপালী ভাষায় পাহাড়ী অঞ্চলের বিভিন্ন মৎস্য প্রকল্পের বিবরণ ও আবেদনপত্র ছাপিয়ে বিলি করা হয়েছে।

ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৮।) **শ্রীসুমন্তকুমার হীরা**ঃ অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের আর্থিক বছরে (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে আনুমানিক কত টাকা সংগৃহীত হয়েছে ; এবং

(খ) পূর্ববর্তী তিনটি আর্থিক বছরে এই খাতে সংগ্রহের পরিমাণ কত ছিল ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ফেব্রুয়ারি মাস পর্যন্ত সংগ্রহের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নি। জানুয়ারী মাস পর্যন্ত আনুমানিক ১৯২ কোটি ১৩ লক্ষ ৭৭ হাজার টাকা সংগৃহীত হয়েছে।

(খ) পূর্ববর্তী তিনটি আর্থিক বছরে এই খাতে সংগ্রহের পরিমাণ এইরূপ ছিল :

১৯৭৯-৮০	...	১৫৪ কোটি ৪৬ লক্ষ টাকা
১৯৮০-৮১	...	১৭৫ কোটি ৩২ লক্ষ টাকা
১৯৮১-৮২	...	২৩০ কোটি ৩০ লক্ষ টাকা

পশ্চিমবঙ্গের খরা মোকাবিলায় ব্যবস্থা গ্রহণ

৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৩০।) **শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়, শ্রীদেবনারায়ণ চক্রবর্তী এবং শ্রীনবনী বাউড়ি**ঃ ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের খরা মোকাবিলায় এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(খ) খরাত্রাণে সরকার এ পর্যন্ত কোন্ কোন্ জেলায় কত টাকা ব্যয় করেছেন ;

(গ) উক্ত বিষয়ে অদ্যাবধি (২৮-২-১৯৮৩) কতগুলি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং কোন্ কোন্ খাতে কি পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের খরাত্রাণে কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কি পরিমাণ খাদ্য দিয়েছেন ?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়াঃ (ক) খয়রাতি সাহায্য, পানীয় জল সরবরাহ, পুষ্টিপ্রকল্প, বীজসার সরবরাহ, গবাদি পশুর খাদ্য সরবরাহ ও চিকিৎসা, কর্মসংস্থান প্রকল্প, জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, বনসৃজন, মৃত্তিকা সংরক্ষণ বনপথের উন্নয়ন, মাছ চাষ ও চারাপোনার উৎপাদন, সেচের জন্য পুকুর ও কূপ খনন ও সংস্কার প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(খ)	জেলা			খরচ লক্ষ টাকায়
(১)	বাঁকুড়া	...	...	৭৩৬.২০
(২)	বর্ধমান	...	...	৪৭৭.৮৫
(৩)	বীরভূম	..	...	৩৪৮.০৫
(৪)	হুগলী	...	...	৪১২.৬৯
(৫)	পুরুলিয়া	...	...	৭০৯.৪০
(৬)	মেদিনীপুর	...	...	৮৪১.১৫
(৭)	হাওড়া	...	...	১৩১.৯০
(৮)	২৪-পরগনা	...	...	৫৫১.২৬
(৯)	নদীয়া	...	...	৩৯২.৭৬
(১০)	মুর্শিদাবাদ	...	...	৪৫৩ ৮৫
(১১)	মালদহ	...	...	২২০.৫৯
(১২)	পশ্চিম দিনাজপুর	...	...	৩১০.৭১
(১৩)	জলপাইগুড়ি	...	...	১৪৯.০৬
(১৪)	কুচবিহার	...	...	১৬৮.৯৩
(১৫)	দার্জিলিং	...	...	৪৩.১৯
			মোট ব্যয়	৫,৯৪৭.৫৯

(গ) নিম্নে গৃহীত প্রকল্প ও বরাদ্দের পরিমাণ দেওয়া হইল :

				লক্ষ টাকায়
(১)	খয়রাতি সাহায্য	...	...	৯৫৪.৬০
(২)	পানীয় জল সরবরাহ	...	...	৭৩৯.৯৯
(৩)	বীজ ও সার সরবরাহ	...	...	৫৩৫.৪৫
(৪)	পুষ্টি প্রকল্প	...	...	৪৩২.২৭
(৫)	কন্টিন্জেন্সি	...	...	১১.৬৭
(৬)	পশুখাদ্য সরবরাহ ও চিকিৎসা	...	...	...
(৭)	কর্মসংস্থান প্রকল্প	...	...	৪,২৪০.৪৮
(৮)	জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প		...	৪৪৫.০০
(৯)	মৃত্তিকা সংরক্ষণ ও বনসৃজন প্রভৃতি		...	১৮৩.৮২
(১০)	মৎস্য চাষ	...	...	৭৯.৯৭
(১১)	সেচ প্রকল্প, পুষ্করিণী ও কূপ সংস্কার ও উন্নয়ন		...	১,৪৬৭.০০
			মোট বরাদ্দ	৯,২৩২.৬৮

(ঘ) কেন্দ্রীয় সরকার কর্মসংস্থান প্রকল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরি বাবদ ১৮,৮০০ মেট্রিক টন গম ২৮-২-১৯৮৩ অবধি বরাদ্দ করেছেন।

হোমগার্ড হইতে কনস্টেবল নিয়োগের ব্যবস্থা

৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০১২।) **শ্রীশীষ মহম্মদঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ভবিষ্যতে হোমগার্ডদের মধ্য হইতেই কনস্টেবল নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ এই রকম কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নেই।

ভেটকীপুর গ্রামে ডাকাতির ঘটনা

৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০২০।) **শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ৯-২-৮৩ তারিখে রাত্রিতে মথুরাপুর থানার অন্তর্গত ভেটকীপুর গ্রামের জনৈক শ্রীনারায়ণচন্দ্র মিস্ত্রার বাড়িতে ডাকাতির সম্বন্ধে কোন তথ্য সরকারের নিকট আছে কি;

(খ) থাকলে, উক্ত ঘটনায় এ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) এই ব্যাপারে পুলিশী নিষ্ক্রিয়তার কোন অভিযোগ সরকারের গোচরে এসেছে কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

পাটতালি গ্রামে তীরবিদ্ধ গণেশ বেরা

৫১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৪।) **শ্রীআব্দুল মান্নানঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৮ই জানুয়ারি, ১৯৮৩ তারিখে হুগলী জেলার খানাকুল থানার অন্তর্গত পাটতালি গ্রামে জনৈক ক্ষেতমজুর শ্রীগণেশ বেরা তীরবিদ্ধ হন;

(খ) সত্য হলে, উক্ত ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিরা কোন রাজনৈতিক দলভুক্ত কি;

(গ) উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(ঘ) থানা থেকে ডায়েরী প্রত্যাহার করার জন্য অভিযোগকারীদের হুমকি দেবার কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, তবে ঘটনার তারিখ ১৯শে জানুয়ারি ১৯৮৩, ১৮ই জানুয়ারি নয়।

(খ) সি পি আই (এম) বলে কথিত।

(গ) দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়েছে।

(ঘ) না। এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসে নি।

Profits earned by Jute Mills

519. (Admitted question No. 1049.) **Shri Abdul Mannan:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any information with regard to the profits earned by the Jute Mills in West Bengal during 1977 to 1980 ; and

(b) if so—

(i) the total amount of profits earned by the Jute Mills, and

(ii) the percentage of the profits earned by the Jute Mills in West Bengal ploughed back to the Jute Industry during the said period ?

Minister-in-charge of Commerce and Industries Department:

(a) No.

(b) (i) and (ii) Do not arise.

পুড়শুড়া ব্লকে দামোদর নদীর পশ্চিম তীরস্থ বাঁধ পাকাকরণ

৫২০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫১।) **শ্রীশান্তিমোহন রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুড়শুড়া ব্লকের অন্তর্গত দামোদর নদীর পশ্চিম তীরস্থ কোটালপাড়া হইতে খুশীগঞ্জ পর্যন্ত বাঁধটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে,—

(১) উক্ত বাঁধ বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছে, ও

(২) কতদিনের মধ্যে উক্ত বাঁধের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না। সরকারের আপাততঃ এরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

গোসাবায় ডাকাতির ঘটনা

৫২১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৪।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ে গোসাবায় কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে;

(খ) উক্ত ঘটনাগুলির সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) উক্ত অঞ্চলে ডাকাতি রোধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) দুইটি।

(খ) আঠার জন।

(গ) ডাকাতি বন্ধের জন্য গোসাবায় পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। এছাড়া পুলিশ তদারক এবং টহল আরও জোরদার করা হয়েছে। দুষ্কৃতকারী অধ্যুষিত বলে পরিচিত অঞ্চলসমূহে প্রায়শই পুলিশ হানা দিয়া থাকে।

আসানসোল গার্লস কলেজে হিন্দী পঠন-পাঠনের ব্যবস্থা

৫২২। (অনুমোদিত প্রশ্ন নং ১১২২।) **শ্রীবিজয় পালঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) আসানসোল অঞ্চলে বহু হিন্দী ভাষাভাষী ব্যক্তির বসবাস থাকা সত্ত্বেও আসানসোল গার্লস কলেজে হিন্দী পঠন-পাঠনের কোন ব্যবস্থা নাই; ও

(২) বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ভূগোল, পলিটিক্যাল সায়েন্স, বোটানি প্রভৃতি বিষয়ে অনার্স কোর্স চালু করার সিদ্ধান্ত বহু পূর্বে গ্রহণ করা সত্ত্বেও ঐসব বিষয়ে অনার্স কোর্স এখনও চালু করা হয় নি; এবং

(খ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করবেন?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) হ্যাঁ, সত্য। আসানসোল গার্লস কলেজে হিন্দী পঠন-পাঠনের ব্যবস্থা নেই।

(২) ভূগোল, পলিটিক্যাল সায়েন্স ও বোটানি বিষয়ে অনার্স কোর্স চালু করার প্রস্তাব পাওয়া গেছে।

(খ) হিন্দী পঠন-পাঠন বিষয়ে কোন সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেলে বিবেচনা করা হবে। ভূগোল, পলিটিক্যাল সায়েন্স ও বোটানি বিষয়ে অনার্স কোর্স চালু করার সিদ্ধান্ত বিবেচনাধীন আছে।

বাঁকুড়া জেলায় চাষের জমির জরীপ সংক্রান্ত সংশোধন

৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৫।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রানীবাঁধ থানার গোলমুড়ি, ভেদুয়াশোল, বুড়িশাল ও কাওয়াটাঙ্গা মৌজার আদিবাসীদের চষৎ জমি যাহা গত জরীপের সময় জঙ্গল হইয়াছে, বর্তমান জরীপে তাহা সংশোধনের জন্য কোন আবেদনপত্র সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে, সে বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

রানীবাঁধ ও শালতোড়া অঞ্চলে গ্রামীণ বৈদ্যুতীকরণ

৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৮।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে বাঁকুড়া জেলার রানীবাঁধ ও শালতোড়া থানাকে অগ্রাধিকার দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে—

(১) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে, ও

(২) কোন্ কোন্ গ্রামগুলিকে বৈদ্যুতীকরণ করা হইবে; এবং

(গ) বৈদ্যুতীকরণের অগ্রাধিকার কিভাবে এবং কাহার দ্বারা নিরূপিত হয়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) উপরোক্ত উত্তরের ভিত্তিতে প্রশ্ন ওঠে না।

(গ) প্রযুক্তিগত যথার্থতা এবং অন্যান্য অভ্যন্তরীণ কাঠামোগত সুবিধাসমূহের পর্যালোচান্তে কর্তৃপক্ষ প্রয়োজনীয় অগ্রাধিকার দেন।

মেদিনীপুর জেলায় প্রাথমিক স্কুলগুলিতে স্কুল বোর্ড মারফত ইণ্টারভিউ-এর ভিত্তিতে প্যানেল তৈরির প্রকল্প

৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ শিক্ষা (প্রাথমিক)** বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার প্রাথমিক স্কুল বোর্ড প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক নিয়োগের জন্য ইণ্টারভিউ-এর ভিত্তিতে প্যানেল তৈরি করেছেন ; এবং

(খ) সত্য হলে,—

উক্ত প্যানেল অনুযায়ী (১) কত সংখ্যক শিক্ষক নিয়োগ করা হবে, ও

(২) কবে নাগাদ নিয়োগ করা হবে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) প্রায় এক হাজার।

(২) বিষয়টি মহামান্য উচ্চ আদালতের নির্দেশের উপর নির্ভর করছে।

ভাষানীতি ও শিক্ষানীতিকে উপেক্ষা করে রাজ্যে শিক্ষা প্রতিষ্ঠান

৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৮।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারের ভাষানীতি ও শিক্ষানীতিকে উপেক্ষা করে রাজ্যে বহু শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, উহার বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন কিনা ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মাথাভাঙ্গা ১ নং ও ২ নং পঞ্চায়েত সমিতির কার্যালয় নির্মাণ

৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৯।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—কোচবিহার

জেলার মাথাভাঙ্গা ১ নং ও মাথাভাঙ্গা ২ নং পঞ্চায়েত সমিতির কার্যালয় নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ মাথাভাঙ্গা ১ নং ও মাথাভাঙ্গা ২ নং পঞ্চায়েত সমিতি তথা ব্লক অফিসগৃহ নির্মাণের কাজ এখনও শুরু করা হয় নাই।

বঙ্গীয় পুলিশ রেগুলেশন সংশোধন সম্পর্কিত রিপোর্ট

৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬১।) **শ্রীদীনেশচন্দ্র ডাকুয়াঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বঙ্গীয় পুলিশ রেগুলেশন সংশোধনের উদ্দেশ্যে ১৩ই সেপ্টেম্বর, ১৯৭৯ তারিখে গঠিত কমিটির কোন রিপোর্ট রাজ্য সরকার পেয়েছেন কি ; এবং

(খ) পেলে,—

(১) কত তারিখে উক্ত রিপোর্ট দাখিল করা হয়েছে, ও

(২) উক্ত রিপোর্ট অনুযায়ী কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) কমিটির একটি রিপোর্ট পাওয়া গেছে এবং ইহা সরকারের বিবেচনাধীন।

নদীয়া জেলার ট্যাংরা খাল খননের ফলে জমিতে প্লাবন

৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৩।) **শ্রীমাধবেন্দু মোহান্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলায় তেহট্ট থানায় ট্যাংরা খাল খননের ফলে সাহেবনগর, পলাশীপাড়া, বারুইপাড়া, বাওর, হাসপুকুর, বানিয়া অঞ্চলের বহু জমি প্লাবিত হয় ;

(খ) সত্য হলে, উক্ত প্লাবন রোধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) উক্ত প্লাবন রোধে কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে এবং কি পরিমাণ অর্থ এ পর্যন্ত ব্যয়িত হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না, ইহা সত্য নয়।

(খ) ও (গ) এ প্রশ্ন ওঠে না।

কুলপী থানার জন্য ভবন নির্মাণ

৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **শ্রীকৃষ্ণধন হালদার:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) ২৪ পরগনা জেলার কুলপী থানার জন্য নূতন থানা ভবনের নির্মাণকর্ম দু'বছর ধরে অসমাপ্ত অবস্থায় আছে, ও

(২) উক্ত ভবনের নির্মাণকার্য শেষ হবার পূর্বেই উহার সংস্কারকার্য গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্য হলে, এ বিষয়ে তদন্তের কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) (১) হ্যাঁ।

(২) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মাইথন অঞ্চলে পর্যটন কেন্দ্র নির্মাণ

৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৫।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়:** পর্যটন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল মহকুমার মাইথন অঞ্চলে বা দামোদর নদের উপর পর্যটন কেন্দ্র নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কোথায় এবং কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) আছে।

(খ) মাইথনের বন দপ্তরের বাংলোটি পর্যটন দপ্তর অধিগ্রহণ করেছে ও সেটির সংস্কার ও কিছু নতুন সংযোজনের কাজ আরম্ভ হয়েছে। আশা করা যায় যে, আগামী পুজোর আগেই ছয় কক্ষবিশিষ্ট নতুন পর্যটক আবাসটি পর্যটকদের জন্য উন্মুক্ত করে দেওয়া সম্ভব হবে।

আসানসোল পৌর এলাকায় সরকারে ন্যস্ত জমি

৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৭।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়:** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) আসানসোল পৌর এলাকায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ কত ;

(খ) উক্ত ন্যস্ত জমিতে কোন অবৈধ দখলদার আছে কিনা ; এবং

(গ) থাকলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আসানসোল পৌর এলাকায় ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ী ৭.৪৪৯ একর এবং আরবান ল্যাণ্ড (সিলিং অ্যাণ্ড রেগুলেশন) অ্যাক্ট অনুযায়ী ৫,০৫৪.৬৫ বর্গমিটার জমি সরকারে ন্যস্ত হয়েছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে প্রাচীর নির্মাণের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩০।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমা হাসপাতালের চতুর্দিকে প্রাচীর নির্মাণ বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছিল ;

(খ) ঐ বাবদ কত টাকা খরচ হইয়াছে ও এ পর্যন্ত কি কি কাজ হইয়াছে ; এবং

(গ) বাকি কাজ শেষ করিতে কতদিন সময় লাগিবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২,৯৯,২০০ টাকা।

(খ) এ পর্যন্ত ১,৫৯,০০০ টাকা খরচ হয়েছে। ইটের প্রাচীর বেষ্টনী ও নীচু জলা জায়গায় ঢালাই স্তম্ভের গায়ে কাঁটাতারের বেষ্টনীর কাজ এ পর্যন্ত সম্পন্ন হয়েছে।

(গ) যদি নির্মাণসামগ্রী বিশেষতঃ সিমেন্ট সরবরাহ যথাযথ থাকে তা হলে আশা করা যায় আগামী সেপ্টেম্বর, ১৯৮৩ নাগাদ কাজটি শেষ হতে পারে।

আকাইপুর অঞ্চলে পুলিশ ফাঁড়ি

৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৩।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্থানীয় জনসাধারণ ১৫ই মার্চ ১৯৮২, ১২ই ফেব্রুয়ারি, ১৯৮৩ তারিখে ২৪ পরগনা পুলিশ সুপারের নিকট বনগাঁ থানার আকাইপুর অঞ্চলে একটি স্থায়ী পুলিশ ফাঁড়ি স্থাপনের জন্য আবেদন করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

২৪-পরগনা জেলার কুলতলী জে. এল. আর. ও. অফিস কর্তৃক সরকারী খাল লীজে বন্দোবস্ত দেওয়া

৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৩।) **শ্রীপ্রবোধ পুরকাইতঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪ পরগনা জেলার আলিপুর মহকুমার কুলতলী জে. এল. আর. ও. অফিস মারফৎ ১৯৭৯ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত কতগুলি সরকারী খাল লীজে বন্দোবস্ত দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত খালগুলি হইতে সরকারের প্রাপ্য রাজস্বের পরিমাণ কত ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) আটটি।

(খ) টাকা ১০,৬৩২।

রূপনারায়ণ নদীতে চড়া

৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৭।) **শ্রীউমাপতি চক্রবর্তী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রূপনারায়ণ নদীতে দীর্ঘ স্থান জুড়ে যে চড়া পড়েছে সে বিষয়ে সরকার অবহিত আছেন কি ; এবং

(খ) থাকিলে, সে বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, এ বিষয়ে সরকার অবহিত আছেন।

(খ) এ বিষয়ে সমীক্ষা করা হচ্ছে।

অনুন্নত সম্প্রদায়ের প্রতি অবিচার

৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৪।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকে অনুন্নত সম্প্রদায়ের নাগরিকদের সমষ্টি উন্নয়নের কোন প্রকল্পে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির অনুমোদন ছাড়া ব্যাঙ্ক আর্থিক

অনুমোদন করছে না এবং ফলে বহু ক্ষেত্রে উদ্দেশ্যপ্রণোদিতভাবে অবিচার করা হচ্ছে —এই মর্মে কোন অভিযোগ বা তথ্য সরকারের কাছে আছে কি ; এবং

(খ) থাকলে, সরকার ঐ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

মাধ্যমিক বিদ্যালয়ে আণ্ডার-কোয়ালিফায়েড শিক্ষকদের নিয়োগের পদ্ধতি

৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৮।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলায় মাধ্যমিক বিদ্যালয়ের আণ্ডার-কোয়ালিফায়েড প্রধান শিক্ষক / শিক্ষিকাদের নিয়োগের জন্য অনুমোদন দেওয়া হচ্ছে ;

(খ) সত্য হলে,—

(১) তন্মধ্যে জেলাওয়ারী কতজন আণ্ডার-কোয়ালিফায়েড প্রধান শিক্ষক / শিক্ষিকা আছেন, ও

(২) কতজনকে নিয়োগের জন্য অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(গ) পে-কমিশনের রিপোর্টের ৭ নং ধারা কার্যকর করা হয়েছে কি ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) কমিশনের সুপারিশে কোন ধারা নেই। অনুমান করা হচ্ছে প্রশ্নটি সুপারিশের সপ্তম অধ্যায় সম্পর্কে। এই অধ্যায়ে বেতনক্রম নির্ধারণের ও অন্যান্য সুযোগ-সুবিধা সম্বন্ধে নীতিগত ব্যাখ্যা আছে। অর্থ দপ্তরের মতে, সরকার এই সুপারিশ নীতিগতভাবে মেনেছেন। বেতনক্রম নির্ধারণের সময় পে-কমিশনের সুপারিশ একটু রদবদল করা হয়েছে। তার ফলে পে-কমিশনের সুপারিশকৃত বেতনক্রমের কিছুটা বৃদ্ধিই ঘটেছে।

গৃহহীন কৃষকদের জন্য গৃহনির্মাণ

৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০১।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে গৃহহীন কৃষকদের জন্য কয়টি গৃহ নির্মিত হইয়াছে ; এবং

(খ) উক্ত গৃহগুলিতে কত লোকের বাসস্থান হইয়াছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭৭-৭৮ হইতে জানুয়ারি, ১৯৮৩ পর্যন্ত এই রাজ্যে মোট ৫২,০২৯টি ভূমিহীন ক্ষেতমজুর, কারিগর ও মৎস্যজীবী পরিবারের জন্য গৃহ নির্মিত হইয়াছে।

(খ) উপরোক্ত গৃহগুলিতে ৫২,০২৯টি পরিবারের বাসসংস্থান হইয়াছে।

সরকারী উদ্যোগে প্রতি জেলায় গ্রন্থমেলা

৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৫।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী উদ্যোগে অথবা সরকারী পৃষ্ঠপোষকতায় প্রতি জেলায় প্রতি বছর গ্রন্থমেলা আয়োজন করার সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ আপাততঃ নেই।

পর্বতারোহণ প্রশিক্ষণ

৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৭। **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার থেকে পর্বত আরোহণ প্রশিক্ষণের ক্ষেত্রে কি কি ব্যবস্থা আছে ; এবং

(খ) গত পাঁচ বৎসরে উক্ত বিষয়ে কতজনকে বৃত্তি দেওয়া হয়েছে ও কত টাকা করে।

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট, দার্জিলিং এবং নেহরু ইনস্টিটিউট অব মাউন্টেনিয়ারিং, উত্তরকাশী—এই দুইটি সংস্থার মাধ্যমে বেসিক এবং অ্যাডভান্স কোর্সের প্রশিক্ষণের জন্য রাজ্য ক্রীড়া পর্ষদ কিছু ছেলেমেয়ে পাঠান।

(খ) রাজ্য ক্রীড়া পর্ষদ হইতে গত পাঁচ বৎসরে মোট ৩৫ জনকে উপরি-উক্ত দুইটি কোর্সের জন্য ৯,৬৫০ টাকা (নয় হাজার ছয় শত পঞ্চাশ টাকা) বৃত্তি দেওয়া হইয়াছে। ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের পূর্ব অবধি দার্জিলিং-এর কোর্স বাবদ মাথাপিছু ২০০ টাকা (দুই শত টাকা) এবং উত্তরকাশীর কোর্স বাবদ প্রতি জনকে ৩৫০ টাকা (তিন শত পঞ্চাশ টাকা) হিসাবে বৃত্তি দেওয়া হইয়াছে।

জেলা কাউন্সিল অব স্পোর্টস গঠন

৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৮।) **শ্রীনীরোদ রায়চৌধুরী:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্রীড়াচর্চা প্রসারের ক্ষেত্রে জেলা কাউন্সিল অফ স্পোর্টস গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তাহা কার্যকরী হবে?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, আছে।

(খ) শীঘ্রই কার্যকরী হবে।

জলপাইগুড়ি জেলায় ডিস্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রীয়াল সেণ্টার

৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৮।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় ডিস্ট্রিক্ট ইণ্ডাস্ট্রিয়াল সেণ্টার নামে রাজ্য সরকারের কোন সংস্থা আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) উক্ত সংস্থার মাধ্যমে ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কয়টি শিল্প স্থাপন হইয়াছে, ও

(২) উক্ত সংস্থার পরিচালন-ব্যবস্থায় এ পর্যন্ত মোট কত অর্থ ব্যয় হইয়াছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) ১৯৭৮ সালে জেলা শিল্প কেন্দ্র স্থাপনের সময় হইতে ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ৫৫৫টি শিল্প স্থাপিত হইয়াছে। উক্ত শিল্প সংস্থাগুলিতে আনুমানিক ২,৫৫১ জনের কর্মসংস্থান হইয়াছে।

(২) উক্ত সংস্থার পরিচালন ব্যবস্থায় এ পর্যন্ত যে অর্থ ব্যয়িত হইয়াছে তাহার হিসাব নিম্নরূপ—

(ক) পৌনঃপুনিক—৮.৮৫ লক্ষ

(খ) অপৌনঃপুনিক—২.৬৮ লক্ষ।

কৃষ্ণনগর পৌর এলাকায় সরকারে খাস (ভেস্টেড) জমি

৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌর এলাকার মধ্যে কোন্ কোন্ দাগে কত পরিমাণ জমি সরকারে খাস (ভেস্টেড) হয়েছে ;

(খ) উক্ত খাস (ভেস্টেট) জমি বে-দখলের কোন সংবাদ সরকারের নিকট আছে কি ;

(গ) থাকলে, উক্ত কি পরিমাণ জমি এ পর্যন্ত বে-দখল হয়েছে (দাগ নং ওয়ারী হিসাবে) ; এবং

(ঘ) উক্ত জমিগুলি বে-দখলমুক্ত করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) খাস (ন্যস্ত) জমির মোট পরিমাণ ১৮'৮০ একর। দাগ নম্বর ইত্যাদি সহ ঐ জমির একটি তালিকা নিচে দেয়া হল।

(খ) হ্যাঁ।

(গ) ১১'৩৯ একর জমি বে-দখল হয়েছে। দাগ নং ইত্যাদি নিচের তালিকায় দ্রষ্টব্য।

(ঘ) এ সম্পর্কে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

Statement referred to in reply to clause 'ka' and 'gha' of question No. 544

(Admitted question No. 1565)

কৃষ্ণনগর পুরসভার খাস/ন্যস্ত জমি

মৌজা—৯৪ গোবিন্দ সড়ক

দাগ নং					জমির পরিমাণ (একর)	বে-দখল জমির পরিমাণ (একর)
১৪।৯৮৬	—	—	—	—	'০৩	'০৩
১৪।৯৮৭	—	—	—	—	.০১	.০১
১৭২	—	—	—	—	.০৪	.০৪
৬০।৮৯৪	—	—	—	—	.০৮	.০৮
১৪।৬০৭	—	—	—	—	.০৯	.০৯
১৪।৭৬৯	—	—	—	—	.০১	.০১
১৪।৭৭০	—	—	—	—	.০১	.০১
৩৪।৯০১	—	—	—	—	.০১	.০১
১০৮	—	—	—	—	.১১	—
২১	—	—	—	—	.০১	—

দাগ					জমির পরিমাণ (একর)	বে-দখল জমির পমিমা (একর)
৬৫৮|৯৭১	—	—	—	—	.০৩	.০
১০|৭৭৮	—	—	—	—	.০২	.০
৩৬	—	—	—	—	.২১	.২
৩৪৩	—	—	—	—	.০১	.০
৪৩৭	—	—	—	—	.০১	.০
৫১৪	—	—	—	—	.১২	.১
৫১৮	—	—	—	—	.১২	.১২
৫১৯	—	—	—	—	.১১	.১
৫৫৭	—	—	—	—	.৩২	.৩২
৫৬২	—	—	—	—	.১২	.১২
৪৮৮	—	—	—	—	.৪০	.৪০
৪৮৭	—	—	—	—	.০৭	.০৭
৬৯৯	—	—	—	—	.০৭	.০৭
৬৯৪	—	—	—	—	.০৬	.০৬
৬৭৩|৯৮৬	—	—	—	—	.০৩	.০৩
২৪৫|৮৮৬	—	—	—	—	.০৩	.০৭
২৪৫|৮৬৬	—	—	—	—	.০৫	.০৫
২৪৫|৮৬৭	—	—	—	—	.০৬	.০৬
১৭৮৯	—	—	—	—	.৩০	—
১৯৯৬	—	—	—	—	.০৩	.০৩
৯৫৭	—	—	—	—	.০১	.০১
৯৮৫	—	—	—	—	.০১	.০১
১৫৩	—	—	—	—	.২২	.২২
১৬৮০	—	—	—	—	.০২	—
৮২৫	—	—	—	—	.৩১	.৩১
২০১৭	—	—	—	—	.১৪	—
			মৌজা—৫২ রুইপুকুর			
২৭২৯	—	—	—	—	.২১	.২১

দাগ নং					জমির পরিমাণ (একর)	বে-দখল জমির পরিমাণ (একর)
২৭৫১	—	—	—	—	.১৭	—
		মৌজা—৯৬ রাধানগর				
১।১১২	—	—	—	—	.৩৩	.৩৩
		মৌজা—৯৫ ঘূর্ণি				
৪৮৮	—	—	—	—	.৪০	.৪০
৫৫৭	—	—	—	—	.৩২	.৩২
৩৪	—	—	—	—	.১৭	—
		মৌজা—৯১ কৃষ্ণনগর				
১৪৪৯৪	—	—	—	—	.৪৪	.০৯
১৪৫৩০	—	—	—	—	১.৪৯	—
১৪৪৯৬।১৪৫৫৬	—	—	—	—	.০৬	—
১৪৫১৫	—	—	—	—	.০৮	—
১৪৪৭৯	—	—	—	—	.১২	.১২
১৪৫১৭	—	—	—	—	.০৬	.০৬
১৪৫০৮	—	—	—	—	.১২	.১২
১৪৫১৬	—	—	—	—	.০৫	.০৫
১৪৫১২	—	—	—	—	.০৬	.০৬
১৪৫৭০	—	—	—	—	.০৩	.০৩
৪৫৭০।৩৩০২	—	—	—	—	.০৩	,০৩
৪৫০৪।৩০৩২	—	—	—	—	.০২	—
১৪৫১৬	—	—	—	—	.১০	.১০
১৪৪৯৬	—	—	—	—	.৩১	—
১৪৫১৩	—	—	—	—	.০৬	.০৬
১৪৫০১	—	—	—	—	.২১	—
১৪৫১০	—	—	—	—	.০৯	—
১৪৫১৯	—	—	—	—	.১৬	—
১৪৫।১৯	—	—	—	—	.১৮	.১৮
১৪৫১১	—	—	—	—	.১২	.১২
১১০৫৮।২৯৭৯৪	—	—	—	—	.১৩	.১৩
১৪৪৯৮	—	—	—	—	.০৬	.০৬
১১০৯৮।২৯০৯৫	—	—	—	—	.০৮	.০৮
১১৫৭।২৯৭৯৬	—	—	—	—	.১৬	.১৬

দাগ নং		জমির পরিমাণ (একর)	বে-দখল জমির পরিমাণ (একর)
৯১০৪	...	.১২	.১২
৮৭৮৪	...	.০৮	.০৮
১২৩৩৫	...	.২০	.২০
১৬৭	...	.১৪	—
৪১৭	...	.১৩	...
৩২৭৩১	...	.১৫	.১৫
১২৩৯৩/৩২৩৩৭	...	.১৩	.১৩
২৫৯৩	...	.০২	.০২
২০৭১	...	.০৪	.০৪
২০৫৯	...	.৩১	.৩১
২০৫৪	...	.১৭	.১৭
১২৩৩৭	...	.১৪	...
২১০১	...	.৮১	...
২৯৫৩	...	.৩৬	...
২১৬১	...	.১৩	...
৬০৬২	...	.০৫	...
৬৮৩৩	...	.২১	...
৬১৪৭	...	.২০	...
২৩৫৩০	...	১.৮২	১.৮২
২৩৫৪৪	...	.১৩	.১৩
২৩৭৪১	...	.০৮	...
৬১৭১	...	.১৯	.১৯
২৬৬৫৫	...	.০২	.০২
২০৫৩	...	১.২১	.৪১
২৬৭২	...	২.১৪	২.১৪
২৬৭০	...	.২৩	...
৩৫৬৬	...	.৪৯	...

তুঁত গাছ থেকে গুটিপোকা চাষ

৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯০।) ডাঃ মানস ভুঁইয়াঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডেবরা থানাতে তুঁতে গাছ থেকে গুটিপোকার চাষের ব্যবস্থা সরকার করেছেন ;

(খ) সত্য হলে আর কোন ব্লকে এই চাষ প্রসারিত করার উদ্যোগ নেওয়া হচ্ছে কি; এবং

(গ) সবং ব্লকে এই চাষের জন্য কোন সাহায্য দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি না?

কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ঝাড়গ্রাম ব্লকে।

(গ) সবং ব্লকের চাষীভায়েরা যদি তুঁত চাষ গ্রহণ করেন তা হলে সরকার সেক্ষেত্রে সম্ভাব্য সর্বপ্রকার সাহায্য দেবেন।

বাঁকুড়া পৌরসভায় কর্মচারী নিয়োগ

৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫২।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের নিয়োগনীতি অমান্য করিয়া ১৯৮২ সালে বাঁকুড়া পৌরসভায় কতিপয় কর্মচারী (সুপারভাইজিং স্টাফ) নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কত সংখ্যক কর্মচারীকে কিভাবে এবং কোন্ সময় হইতে নিয়োগ করা হইয়াছে?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

১৯৮২-৮৩ সালে জাতীয় কর্মসংস্থান প্রকল্পে কেন্দ্রীয় সরকারের সাহায্য

৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৫।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) সালে জাতীয় কর্মসংস্থান প্রকল্প বাবদ কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য (১) কত টাকা (২) কত চাল এবং (৩) কত গম মঞ্জুর করেছেন;

(খ) উক্ত মঞ্জুরীকৃত টাকার মধ্যে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) উক্ত প্রকল্প রূপায়ণে কত শ্রম-দিবস সৃষ্টি হয়েছে?

উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় :

(ক) আলোচ্য সময়ে কেন্দ্রীয় সরকারের মঞ্জুরির পরিমাণ নিম্নরূপ—

(১) অর্থ—৮৭৪.০৮ লক্ষ টাকা

(২) চাল—১৪,৬২৫ মেট্রিক টন

(৩) গম—২৩,১৭০ মেট্রিক টন।

(খ) প্রকল্পের নিয়ম অনুযায়ী কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত টাকা ও খাদ্য-শস্যের মূল্যের মোট পরিমাণের সমপরিমাণ অর্থ রাজ্য সরকারের বাজেট থেকেও দিতে হয়। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের এই সম্মিলিত অর্থ জেলাগুলির মধ্যে বণ্টন করা হয় এবং মোট খরচের হিসাব সংগ্রহ করে কেন্দ্রীয় সরকারকে জানাতে হয়। কেন্দ্রীয় সরকারের টাকার আলাদা হিসাব থাকে না। সব জেলা থেকে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট খরচের হিসাব পাওয়া গেছে।

খরচের হিসাব নিম্নরূপ :

(১) অর্থ—২,৪৩৯.৬২ লক্ষ টাকা

(২) চাল—২৬,৩৮৬ মেট্রিক টন

(৩) গম—৭ মেট্রিক টন।

———

মোট ২৬,৩৯৩ মেট্রিক টন।

(গ) জেলাগুলি থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী উক্ত প্রকল্প রূপায়ণে জানুয়ারি মাস পর্যন্ত মোট ৩১২.৩৫ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি হয়েছে।

ক্যানিং ব্লকে এন. আর. ই. পি. প্রকল্পে দেয় সাহায্য

৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৪।) **শ্রীগণেশচন্দ্র মণ্ডল :** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে এবং ১৯৮২-৮৩ সালের ৩১শে জানুয়ারি মাস পর্যন্ত ২৪-পরগনা জেলার ক্যানিং ১ নং ও ২ নং ব্লকে এন. আর. ই. পি. স্কীমের মাধ্যমে প্রতি গ্রামপঞ্চায়েতকে কি পরিমাণ টাকা, চাল ও গম দেওয়া হয়েছে (পৃথক পৃথক হিসাব); এবং

(গ) উক্ত অর্থে/চালে কোন্ গ্রামে কি কি করা হয়েছে ?

উন্নয়ন ও [illegible]
বিবরণ প্রদত্ত হইল।

(ক) ১৯৮০-৮১ সাল

(খ)

ব্লকের নাম	গ্রাম পঞ্চায়েতের নাম	টাকা	চাল	গম	কি কি হয়েছে
			কু কেজি	কু	
ক্যানিং-১ নং—	(১) দীঘির পাড় —	নাই	নাই	নাই	কোনো স্কীম হয় নাই
	(২) নারায়ণপুর —	নাই	৯০	,,	,, ,,
	(৩) তাম্বুলদহ —	১৫,০০০ }	নাই	,,	স্কুল ২, হাসপাতাল, ব্রিজ
		১,০০০ }	৯০	,,	রাস্তা ২, কল ২
	(৪) নিকারীঘাটা —	১৫,০০০	৯০	,,	কোন স্কীম হয় নাই
	(৫) বাঁশড়া —	১৫,০০০ }			
		১,০০০ }	৯০	,,	,, ,,
	(৬) মালতা-১ নং —	১৫,০০০	৭০	,,	রাস্তা ১২
	(৭) মালতা-২ নং —	১৫,০০০	১৭০	,,	রাস্তা ১২
	(৮) দাড়িয়া —	নাই	নাই	,,	নাই
	(৯) হাটপুকুরিয়া —	নাই	নাই	,,	নাই
	(১০) তালদী —	১৫,০০০	৯০	,,	রাস্তা ১৫
		৯২,০০০	৬৯০		
ক্যানিং-২ নং—	(১) দেউলী-১ নং —	৩৯,২৮৬	৯০	নাই	রাস্তা ৮, স্কুল ২, কল ৩
	(২) দেউলী-২ নং —	৩৯,২৮৬	৯০	,,	রাস্তা ৭, স্কুল ৩, নলকূপ ৫
	(৩) সারাঙ্গাবাদ —	৩৯,২৮৬	৯০	,,	রাস্তা ৮০, স্কুল ৬, নলকূপ ৫, খাল ৫
	(৪) কালিকাতলা —	৩৯,২৮৬	৯০	,,	—
	(৫) আঠারোবাকী —	৩৯,২৮৬	৯০	,,	—
	(৬) আমঝাড়া —	৩৯,২৮৬	৯০	,,	রাস্তা ২, স্কুল ২
	(৭) মঠের দীঘি —	৩৯,২৮৬	৯০	,,	—
	(৮) কাঁঠালবেড়িয়া —	৩৯,২৮৬	৯০	,,	রাস্তা ৩
	(৯) ফুলমালঞ্চ —	৩৯,২৮৬	৯০	,,	রাস্তা ১২

(ক) ১৯৮০-৮১ সাল

ব্লকের নাম	গ্রাম পঞ্চায়েতের নাম		টাকা	চাল কু	চাল কেজি	গম কু	কি কি হয়েছে
ক্যানিং ১নং—	(১) দীঘির পাড়	—	৩৪,৬৪১.৭০	৩২	৮৬	,,	রাস্তা ৭, ব্রীজ (বাঁশ) ১
	(২) নারায়ণপুর	—	৪০,৩৭১.০০	৩২	৮৬	,,	রাস্তা ২
	(৩) তাম্বুলদহ	—	৩৫,১১১.০০	৩৪	০০	,,	রাস্তা ১
	(৪) নিকারীঘাটা	—	৩২,৬৪৩.০০ ১,৬৩২.১৫ }	৩৩	০৬.৫৩২	,,	রাস্তা ২
	(৫) বাঁশড়া	—	৪০,৬৬০.০০	৩৩	০৬.৫৩৭	,,	রাস্তা ১
	(৬) মালতা-১ নং	—	৩২,৮৬৬.০০	১২৪	০০.০০০	,,	রাস্তা ৩, স্কুল ১
	(৭) মালতা-২ নং	—	৩৬,৪১১.০০	১২৪	০০.০০০	,,	স্কুল ১, রাস্তা ১
	(৮) দাড়িয়া	—	৮,৪৮৯.০০	১২৩	০০.০০০	,,	রাস্তা ২
	(৯) হাটপুকুরিয়া	—	১১,৫৩১.৫০	১২৪	০০.০০০	,,	রাস্তা ৯
	(১০) তালদী	—	৩৫,১১১.০০	২৭	৪৫.৭৬২	,,	রাস্তা ৫, ড্রেন ১
			৩,১৩,৪৬৭.৫৫	৬৮৮	৩০.৮৩৩		
ক্যানিং-২নং—	(১) দেউলী-১নং	—	৩৯,০০০.০০	৩২	৮৬	নাই	রাস্তা ১২, নলকূপ ৮, খাল ৪
	(২) দেউলী-২নং	—	৩৯,০০০.০০	৩২	৮৬	,,	রাস্তা ১৪, স্কুল ৩, খাল ৪, নলকূপ ৯
	(৩) সারাঙ্গাবাদ	—	৩৯,০০০.০০	৩২	৮৬	,,	রাস্তা ১২, স্কুল ৩, নলকূপ ৮, খাল ২, পুকুর ৩
	(৪) কালিকাতলা	—	—	—	—	—	—
	(৫) আঠারোবাকী	—	—	—	—	—	—
	(৬) আমঝাড়া	—	৩৯,০০০.০০	৩২	৮৬	নাই	রাস্তা ১০, স্কুল ৪, নলকূপ ৭
	(৭) মঠেরদীঘি	—	৩৯,০০০.০০	৩২	৮৬	,,	রাস্তা ১০, খাল ২, স্কুল ২, নলকূপ ৪
	(৮) কাঁঠালবেড়িয়া	—	৩৯,০০০.০০	৩২	৮৬	,,	রাস্তা ১৬, খাল ৪, স্কুল ৪, নলকূপ ৬
	(৯) ফুলমালঞ্চ	—	৩৯,০০০.০০	৩২	৮৬	,,	রাস্তা ১৮, স্কুল ৫, খাল ৪, পুকুর ৪, নলকূপ ১২

(খ)

ব্লকের নাম	গ্রাম পঞ্চায়েতের নাম		টাকা	চাল		গম	কি কি হয়েছে
				কু	কেজি	কু	
ক্যানিং-১নং—	(১) দীঘির পাড়	—	৫৩,৪৪৪.৩০	নাই		১২৪	রাস্তা (৩), ড্রেন ১
	(২) নারায়ণপুর	—	৪৬,৯১৪.৮০	,,		৯০	রাস্তা (২), কল ৩, সিংকিং ২, রি.সিংকিং
	(৩) তাম্বুলদহ	—	৫০,৪১৮.০০	,,		১২৪	রাস্তা ৮
	(৪) নিকারীঘাটা	—	৫৩,০১০.৫০	,,		১২৪	রাস্তা ৫
	(৫) বাঁশড়া	—	৫২,২৮৬.০০	,,		৯০	রাস্তা ৪
	(৬) মালতা-১নং	—	২৫,৪২০ ০০	,,		৯০	রাস্তা ২
	(৭) মালতা-২নং	—	৫০,৮৭৫.০০	,,		১২৪	রাস্তা ৮, স্কুল ৯
	(৮) দাড়িয়া	—	২৫,১৮৭.০০ ৫৩,৬০৯.৪০	,,		১২৪	রাস্তা ৫, খাল ১১
	(৯) হাটপুকুরিয়া	—	৬৪,৬৯৯.১০ ১১,০৫৫.৪০	,,		১২৪	রাস্তা ৪
	(১০) তালদী	—	৫৬,৭৮০.৪০	,,		৯০	রাস্ত ৭, স্কুল ২
	মোট		৫,২৩,৬৯৯.৯০			১,১০৪	
ক্যানিং-২নং—	(১) দেউলী-১নং	—					
	(২) দেউলী ২নং	—	২৫,০০০.০০	নাই		নাই	রাস্তা ১০, নলকূপ ৬, স্কুল ২
	(৩) সারাঙ্গাবাদ	—	৩৫,০০০.০০	,,		,,	রাস্তা ১০, স্কুল ৪, খাল ৫, পুকুর ৫, নলকূপ ৫
	(৪) কালিকাতলা	—	২৫,০০০.০০	,,		,,	
	(৫) আঠারোবাকী	—	—	—		—	
	(৬) আমঝাড়া	—	২৫,০০০.০০	নাই		নাই	
	(৭) মঠেরদীঘি	—	২৫,০০০.০০	,,		,,	
	(৮) কাঁঠালবেড়িয়া	—	৩৫,০০০.০০	,,		,,	
	(৯) ফুলমালঞ্চ	—	৩৫,০০০.০০	,,		,,	রাস্তা ১২, স্কুল ৫, খাল ৫, পুকুর ৩, নলকূপ ৮

নান্নুর জে. এল. আর. ও. অফিস

৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬১।) **শ্রীবনমালী দাস:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার নান্নুর জে. এল. আর. ও. অফিস নান্নুরে না থাকিয়া কীর্ণাহর বাজারে অবস্থিত; এবং

(খ) সত্য হইলে, উক্ত অফিসটি নান্নুরে স্থানান্তরিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) নান্নুরে জে. এল. আর. ও. অফিস স্থানান্তরিত করার জন্য নান্নুর থানা ও ব্লক উন্নয়ন অফিসের নিকট উপযুক্ত স্থান খোঁজা হচ্ছে।

২৪-পরগনা জেলার বাসন্তী থানার জে. এল. আর ও. কর্তৃক মৎস্য চাষের জন্য খাল লীজ

৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৮।) **শ্রীসুভাষ নস্কর:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগনা জেলার বাসন্তী থানার জে. এল. আর. ও. মহাশয় সরকারী জলনিকাশী খালে (যথা মামাভাগিনা, বাণীবোয়ালিয়া) লোনা জল তুলে মৎস্য চাষের জন্য লিজ দিয়েছেন—এই মর্মে কোন সংবাদ সরকারের নিকট আসিয়াছে কিনা;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত লোনা জল তোলার জন্য উক্ত খাল পার্শ্বস্থ শালী জমির ক্ষতি হইতেছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত ক্ষতিগ্রস্ত শালী জমির পরিমাণ কত?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

ব্রিটানিয়া ইনজিনিয়ারিং শিল্প

৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭২।) **শ্রীসরল দেব:** শিল্প পুনঃকরণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) সাম্প্রতিক কালে ব্রিটানিয়া ইনজিনিয়ারিং শিল্প বন্ধের পূর্বে উক্ত শিল্পে কত শ্রমিক কাজ করিত;

(খ) উক্ত শিল্প অধিগ্রহণের পর সমস্ত শ্রমিক কাজে নিযুক্ত হইয়াছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর 'না' হইলে তাহার কারণ কি?

শিল্প পুনঃকরণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭০ সালে বন্ধ হইবার পূর্বে ব্রিটানিয়া ইনজিনিয়ারিং কোম্পানিতে (ষ্টীল ফাউণ্ড্রী ডিভিসন ছাড়া) ১,৮৭০ জন শ্রমিক-কর্মচারী কর্মরত ছিলেন।

(খ) ও (গ) উক্ত শিল্প সংস্থাটি অধিগ্রহণের পর পুনরায় চালু করার সময় সংস্থাটির পরিচালকবর্গ সংস্থাটির বন্ধের দিন যে-সকল শ্রমিক-কর্মচারী কর্মরত ছিলেন তাঁহাদের কাজে যোগদানের উদ্দেশ্যে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করার জন্য সংবাদপত্রে বিজ্ঞপ্তি জারি করেন এবং উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী যে-সকল কর্মচারী আবেদন করেন তাঁহাদের পুনরায় কাজে লওয়া হইয়াছে, ইহার সংখ্যা ১,৬১৭।

অনুন্নত শ্রেণীভুক্ত ব্যক্তিদের খাস জমি বণ্টন

৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৬।) **শ্রীঅবিনাশ প্রামাণিকঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি, ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে তফসিলী ও আদিবাসীদের মধ্যে—

(১) কত বিঘা খাস জমি বণ্টন করা হইয়াছে;

(২) বর্গা রেকর্ড করা হইয়াছে; এবং

(৩) বাস্তুভিটার জমি বণ্টন করা হইয়াছে?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (১) সম্প্রদায় হিসাবে আলাদা-ভাবে জমির পরিমাণ হিসেব করা নেই।

(২) ২,৫৯,২১৮ জন তফসিলী জাতি এবং ৯২,৮৪৪ জন তফসিলী উপজাতিভুক্ত বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে।

(৩) কত পরিমাণ বাস্তুজমি দেয়া হয়েছে তার কোন হিসাব রাখা হয় না।

মুর্শিদাবাদ জেলার জনৈক পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ

৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫৪।) **শ্রীহাবিবুর রহমানঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ১নং পঞ্চায়েত সমিতির অধীন রানীনগর গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কোন অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কিনা ; এবং

(খ) আসিয়া থাকিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) হ্যাঁ।

(খ) তদন্তে অভিযোগ ভিত্তিহীন প্রমাণিত হওয়ায় আলোচ্য প্রধানের বিরুদ্ধে কোনরূপ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয় নি।

জলপাইগুড়ি জেলায় সরকার অনুমোদিত কাঠ চেরাই কলের সংখ্যা

৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৮।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত জলপাইগুড়ি জেলায় কয়টি কাঠ চেরাই কল স্থাপনের জন্য সরকার অনুমোদন দিয়াছেন ; এবং

(খ) উক্ত সময়ে উক্ত জেলায় কয়টি কল স্থাপিত হয়েছে ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রি মহাশয় : (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত জলপাইগুড়ি জেলায় কাঠ চেরাই কল স্থাপনের জন্য সরকার ৪৬টি সংস্থাকে সাময়িকভাবে অনুমোদন দিয়াছেন।

(খ) ২৭টি।

ঝালদা ২ নং ব্লকে আই. আর. ডি. পি. স্কীম

৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৯।) **শ্রীসুভাষচন্দ্র মাহাত :** উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার অন্তর্গত ঝালদা ২ নং ব্লকে পঞ্চায়েত সমিতিতে ১৯৭৮ সাল হতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি আই. আর. ডি. পি. স্কীম মঞ্জুর করা হয়েছিল ; এবং

(খ) উক্ত পঞ্চায়েত সমিতিতে উক্ত সময় পর্যন্ত কতগুলি আই. আর. ডি. পি. স্কীম চালু হয়েছে ?

উন্নয়ন ও পরিকল্পনা (সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ

(ক) ৪৬টি।

(খ) ৪৬টি।

তিস্তা নদীর বামপার্শ্বে খাল খনন পরিকল্পনা

৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৪।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তিস্তা নদীর বাম তীরে সেচের জন্য খাল কাটা হইবে ;

(খ) সত্য হইলে, কত দিনে এই কাজ শুরু করা হইবে ; এবং

(গ) কবে নাগাদ এই কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তিস্তা বাঁধ প্রকল্পের ২য় পর্বের (সেকেণ্ড স্টেজ অফ ফেজ আই) অন্তর্ভুক্ত এই কাজটি ১৯৮৭-৮৮ সাল নাগাদ শুরু করা হইবে বলিয়া আশা করা যায়।

(গ) এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

ঝিলিমিলিকে দ্বিতীয় ভূস্বর্গে রূপান্তরকরণ

৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১০২।) **শ্রীশান্তিরাম মাহাতো, শ্রীকাশীনাথ মিশ্র, ও শ্রীসুভাষচন্দ্র মাহাতোঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাণীবাঁধ থানার ঝিলিমিলিকে ডাঃ বিধানচন্দ্র রায়ের পরিকল্পনামত দ্বিতীয় 'ভূস্বর্গ' করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) ঝিলিমিলির 'বিল'-এর সৌন্দর্য বৃদ্ধি, পর্যটকদের জন্য ট্যুরিস্ট লজ এবং নৌকাবিহার ইত্যাদি পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় করের পরিমাণ

৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৫।) **শ্রীকমল সরকারঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮২-৮৩ সাল

পর্যন্ত পশ্চিমবঙ্গ প্রতি বছর অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে কি পরিমাণ ও কত শতাংশ বণ্টনযোগ্য কেন্দ্রীয় করের অংশ পেয়েছে ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে ১৯৭৭-৭৮ সাল হইতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় করের অংশ বাবদ যে পরিমাণ টাকা পেয়েছে এবং ওই টাকা সমগ্র বণ্টনযোগ্য কেন্দ্রীয় করের যত শতাংশ তাহা নীচে সংযোজিত তালিকায় দেখানো হল।

অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রাপ্ত কেন্দ্রীয় কর এবং শুল্কের বিশদ বিবরণী নিম্নে দেওয়া হইল :

(কোটি টাকার হিসাব)

	প্রকৃত ১৯৭৭-৭৮	প্রকৃত ১৯৭৮-৭৯	প্রকৃত ১৯৭৯-৮০	প্রকৃত ১৯৮০-৮১	প্রকৃত ১৯৮১-৮২	প্রকৃত ১৯৮২-৮৩
(১) আয়করের অংশ	৬০.০৫	৬২.৮২	৬৯.৩৫	৮০.০৭	৮১.০৭	৯১.১০
(২) সম্পত্তি করের অংশ	০.৭৬	০.৮১	১.২৮	২.৮৪	১.২০	১.২৬
(৩) কেন্দ্রীয় অন্তঃ-শুল্কের অংশ						
(ক) মূল অন্তঃশুল্কের অংশ	৬৩.২৩	৭৩.০০	১৭৫.৬৬	১৯২.৫০	২২৩.৪৭	২৪৩.১৬
(খ) বিক্রয় করের পরিবর্তে অতিরিক্ত অন্তঃশুল্ক	২৫.০৫	২৫.১০	৩১.২৯	৩৪.৪৫	৪২.২৯	৪৩.৭৩
	১৪৯.০৯	১৬১.৭৩	২৭৭.৫৮	৩০৯.৮৬	৩৪৮.০৩	৩৭৯.২৫

আয়করের অংশ : সপ্তম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী, ১৯৭৯-৮৪ সময়কালে আয়করের মোট বণ্টনযোগ্য অংশের শতকরা ৮.০১৮ অংশ প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য। ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী, ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে, বণ্টনযোগ্য অংশের অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী, ১৯৭৭-৭৮

এবং ১৯৭৮-৭৯ সালে, বণ্টনযোগ্য অংশের শতকরা ৮.৮৯ ভাগ প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য ছিল।

সম্পত্তি করের অংশ: প্রতি বৎসর সম্পত্তি কর বাবদ মোট যে আয় হয় তাহার বণ্টনযোগ্য অংশ সপ্তম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী প্রতি রাজ্যে অবস্থিত কর ধার্য করার যোগ্য স্থাবর সম্পত্তির মোট মূল্যের সমানুপাতে প্রতি বৎসর রাজ্যগুলির মধ্যে ভাগ করে দেওয়া হয়।

ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে জনসংখ্যার ভিত্তিতে বণ্টনযোগ্য সম্পত্তি করের শতকরা ৮.১৯ অংশ প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য ছিল।

কেন্দ্রীয় অন্তঃশুল্কের অংশ: সপ্তম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী ১৯৭৯-৮৪ সময়কালে প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য টাকার শতকরা হিসাব নীচে দেখান হল। মূল অন্তঃশুল্কের মোট বণ্টনযোগ্য অংশের শতকরা ৮.০২৮ অংশ পশ্চিমবঙ্গের প্রাপ্য।

আর বিক্রয় করের পরিবর্তে যে অতিরিক্ত অন্তঃশুল্ক পাওয়া যায় তার বণ্টন-যোগ্য অংশের মধ্যে চিনির জন্য পশ্চিমবঙ্গের প্রাপ্য শতকরা ৮.২৫৪ অংশ, বোনা কাপড়ের জন্য শতকরা ৯.০৯৪ অংশ এবং তামাকের জন্য শতকরা ৯.০৯১ অংশ।

ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী ১৯৭৭-৭৮ এবং ১৯৭৮-৭৯ সালে বণ্টন-যোগ্য মূল অন্তঃশুল্কের শতকরা ৭.৭৯ অংশ প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য ছিল। ঐ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী বিক্রয় করের পরিবর্ত অতিরিক্ত অন্তঃশুল্কের বণ্টনযোগ্য অংশের শতকরা ৮.৩০ ভাগ প্রতি বৎসর পশ্চিমবঙ্গের প্রাপ্য ছিল।

চা-শিল্প উন্নয়নে পরিকল্পনা

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৮।) শ্রীনীহারকুমার বসু: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চা-শিল্পের উন্নতির জন্য রাজ্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) রাজ্য চা-শিল্প কর্পোরেশন বিগত তিন বছরে কত চা উৎপন্ন করেছেন এবং তার মধ্যে কি পরিমাণ চা বিদেশে রপ্তানি হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) চা একটি কেন্দ্রীয় বিষয়, এ

ব্যাপারে রাজ্য সরকারের বিশেষ কিছু করার নেই। তথাপি রাজ্য সরকার একটি চা-উন্নয়ন কর্পোরেশন স্থাপন করে কিছু চা-বাগান পরিচালনা করছেন।

(খ) চা-উন্নয়ন কর্পোরেশন বিগত তিন বৎসরে ৯,৮০,১৫০ কেজি তৈরি চা ও ৩৮,৩৯,৫৮৫ কেজি গ্রীন লিফ উৎপাদন করেছে এবং চা কর্পোরেশনের উৎপন্ন চা পশ্চিমবঙ্গের নীলাম কেন্দ্রগুলিতে নীলাম হয়, এর কত চা বিদেশে রপ্তানি হয় তা রাজ্য সরকারের জানা নেই।

সরকারী পোল্‌ট্রি ফার্ম

৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৪।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি সরকারী পোল্‌ট্রি ফার্ম আছে ;

(খ) ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে উক্ত ফার্মগুলি হইতে মোট কত টাকা লাভ বা লোকসান হয়েছে ; এবং

(গ) ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উক্ত ফার্মগুলিতে কত সংখ্যক কর্মী নিযুক্ত ছিলেন ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) পশ্চিমবঙ্গে মোট ২২টি সরকারী পোল্‌ট্রি ফার্ম আছে।

(খ) ফার্মগুলি ব্যবসার জন্য স্থাপন করা হয় নাই। আয় ও ব্যয়ের হিসাব অনুযায়ী ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে মোট আয় যথাক্রমে টাকা ১৩,১৬,৫৬৯.৭১ পঃ ও টাকা ১২,১৩,১৯৮.৭৬ পঃ এবং মোট ব্যয় যথাক্রমে টাকা ৬১,৫২,৩৪০.০০ ও টাকা ৬৫,৬১,৩৮১.০০।

(গ) ১৯৮২ সালের ডিসেম্বর মাসে মোট ৩২৮ জন কর্মী সরকারী মুরগী ফার্মগুলিতে নিযুক্ত ছিলেন।

রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত বিভিন্ন পত্রিকা

৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৭।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত কয়টি (১) দৈনিক, (২) সাপ্তাহিক, (৩) পাক্ষিক, (৪) মাসিক পত্রিকা আছে ;

(খ) (১৯৮১-৮২ সালে সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকা বাবদ মোট কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) পত্রিকাগুলির নাম কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের অন্যান্য বিভাগ হতে যে-সমস্ত পত্রপত্রিকা প্রকাশিত হয় তার সঠিক তথ্য এই বিভাগের জানা নেই। এই বিভাগ হতে প্রকাশিত পত্রপত্রিকাগুলির সংখ্যা হল (১) কোনও দৈনিক পত্রিকা নেই, (২) সাপ্তাহিক পত্রিকা ২টি, (৩) পাক্ষিক পত্রিকা ৪টি, (৪) মাসিক পত্রিকা ১টি।

(খ) ১৯৮১-৮২ সালে এই বিভাগ হতে প্রকাশিত পত্রিকা বাবদ মোট খরচ হয়েছে ২৯,২৯,০৪২.৫৬ টাকা। এ প্রসঙ্গে বলা যেতে পারে যে, এই বিভাগের নেপালী পত্রিকা 'পশ্চিম বঙ্গাল' দার্জিলিং-এর সরকারী মুদ্রণালয় হতে মুদ্রিত হয় বলে এর জন্য এই বিভাগ থেকে কোনও পৃথক ব্যয় হয় না।

(গ) এই বিভাগ হতে প্রকাশিত পত্রিকাগুলির নাম ঃ

সাপ্তাহিক—(১) পশ্চিমবঙ্গ (বাংলা)
(১) পশ্চিম বঙ্গাল (নেপালী)

পাক্ষিক— (১) ওয়েস্ট বেঙ্গল (ইংরেজি)
(২) পশ্চিম বঙ্গাল (হিন্দী)
(৩) পছিম বাংলা (সাঁওতালী)
(৪) মগরেবী বঙ্গাল (উর্দু)

মাসিক— পঞ্চায়েতী রাজ (বাংলা)।

বিদ্যালয়ে পর্ষদ অনুমোদিত বিভিন্ন ফি-এর পরিমাণ

৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৮।) **শেখ ইমাজুদ্দিনঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ কর্তৃক অনুমোদিত বে-সরকারী অনুদান প্রাপ্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিকট হইতে অন্যান্য ফি বাবদ বৎসরে কত টাকা আদায় করার নিয়ম ছিল ;

(খ) ১৯৮৩ সালের জানুয়ারি মাস হইতে এ সমস্ত ফি বৃদ্ধি করা হয়েছে কিনা ; এবং

(গ) হয়ে থাকলে, কি কি বাবদে কত টাকা আদায় করার জন্য এ সমস্ত বিদ্যালয়কে নির্দেশ দেওয়া হয়েছে ;

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ১৯৮২ সাল পর্যন্ত মোট বাৎসরিক প্রদেয় ঃ

(১) কলিকাতা, হাওড়া এবং বারাকপুর ... মোট ৫৫.০০ টাকা (টিফিন ফি ১৮.০০ টাকা সমেত)

(২) জেলা শহর ও শিল্পাঞ্চল ... ৪৪.৫০ (টিফিন ফি ১৮.০০ টাকা সমেত)

(৩) গ্রামাঞ্চল রুরাল এরিয়া ... ৩৯.৫০ (টিফিন ফি ১৮.০০ টাকা সমেত)

(বিভিন্ন খাতে প্রদেয় ফি-এর বিভাজনের জন্য দ্রষ্টব্য)।

(খ) হ্যাঁ।

(গ) (১) শহরাঞ্চল—৬৭.০০

(২) গ্রামাঞ্চল—৫৭.০০

বিভিন্ন খাতে প্রদেয় সর্বোচ্চ ফি নিম্নরূপ ঃ

	উন্নয়ন ফি	খেলাধুলা ফি	গ্রন্থাগার ফি	পাখা, বিদ্যুৎ বাবদ	পত্রিকা, ম্যাগাজিন বাবদ	পরীক্ষা বাবদ	টিফিন বাবদ	মোট বাৎসরিক প্রদেয়
শহরাঞ্চল আর্বান এরিয়াস কর্পোরেশন মিউনিসি-প্যালিটি অ্যাণ্ড আদার নোটিফাইড এরিয়াস	২৪.০০	৪.০০	৩.০০	৬.০০	৪.৫০	৭.৫০	১৮.০০	৬৭.০০
গ্রামাঞ্চল	১৮.০০	৩.০০	৩.০০	৩.০০	৪.৫০	৭.৫০	১৮.০০	৫৭.০০

Total Production of Handloom Cloth

563. (Admitted question No. 2190) **Shri Sumanta Kumar Hira :** Will the Minister-in-Charge of Cottage and Small Scale Industries be pleased to state, the year-wise total production of handloom cloth, showing separately the production under Co-operative fold in the State in 1976-77 and 1982-83 ?

Minister-in-Charge of Cottage and Small Scale Industries Department : Year-wise total production of handloom cloth in the State is given below :

Year	Total production in the State (in million metres)	Production in Co-operative fold (in million metres)
1976-77	207	66.2
1982-83	307	139

গড়বেতা শহরে ফৌজদারী আদালত স্থাপনের প্রকল্প

৫৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৭।) **শ্রীশুভেন্দু মণ্ডল :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা শহরে কোন ফৌজদারী আদালত স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে, কতদিনের মধ্যে উহা কার্যকরী করা হইবে ?

বিচার বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলায় শিল্প লাইসেন্স মঞ্জুর

৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৯।) **শ্রীশুভেন্দু মণ্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ ও ১৯৮১-৮২ সালে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তর মেদিনীপুর জেলায় কতগুলি শিল্প লাইসেন্স মঞ্জুর করেছেন ;

(খ) উক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ কতগুলি শিল্প এ পর্যন্ত স্থাপন করেছেন ;

(গ) যাঁরা উক্ত শিল্প এখনও পর্যন্ত স্থাপন করতে পারেন নি তাঁদের না করতে পারার কারণ সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট আছে কি ; এবং

(ঘ) থাকিলে, তাহা কি ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপনের জন্য কোন লাইসেন্সের প্রয়োজন হয় না। তবে বিভিন্ন প্রকার সরকারী সুযোগ-সুবিধা পাওয়ার জন্য শিল্প সংস্থাগুলিকে পশ্চিমবঙ্গ সরকারের কুটির ও ক্ষুদ্র-শিল্প অধিকারে নিবন্ধীভুক্ত হতে হয়। মেদিনীপুর জেলা শিল্প কেন্দ্রে অস্থায়ীভাবে নিবন্ধীভুক্ত কুটির ও ক্ষুদ্রশিল্প সংস্থার বছরওয়ারী সংখ্যা নিচে দেওয়া হল ঃ

বৎসর		সংখ্যা
১৯৭৮-৭৯	— — — —	২১৬
১৯৭৯-৮০	— — — —	৩৭৪
১৯৮০-৮১	— — — —	৫৭২
১৯৮১-৮২	— — — —	৪৩৫
		১,৫৯৭

(খ) অস্থায়ীভাবে নিবন্ধীভুক্ত শিল্পগুলির মধ্যে নিম্নলিখিত সংখ্যক শিল্প সংস্থা স্থাপিত হয়েছে ঃ

বৎসর		সংখ্যা
১৯৭৮-৭৯	— — — —	৪৯
১৯৭৯-৮০	— — — —	৬১
১৯৮০-৮১	— — — —	৯৪
১৯৮১-৮২	— — — —	৫৭
		২৬১

(গ) হ্যাঁ।

(ঘ) বিভিন্ন শিল্প স্থাপনের বিভিন্ন রকম সমস্যা আছে। তবে মোটামুটি কারণগুলি হলোঃ

(১) প্রয়োজনীয় জমি সংগ্রহের অসুবিধা ;

(২) শিল্পোদ্যোগীর নিজস্ব প্রদেয় (এণ্টারপ্রেনিয়োর্স শেয়ার অফ কন্ট্রিবিউশন) অর্থ সংগ্রহে অসুবিধা ;

(৩) কারখানা তৈরীর অসুবিধা ;

(৪) যন্ত্রপাতি সংগ্রহের অসুবিধা ;

(৫) বিদ্যুৎ সংযোগ পাওয়ার অসুবিধা ও বিলম্ব।

৪১ নং জাতীয় সড়ক

৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২১৭।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতিঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হলদিয়ার ৪১ নং জাতীয় সড়কটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে এবং কবে নাগাদ উহার কাজ শেষ হইবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয়ঃ ৪১ নং জাতীয় সড়কটিতে বর্তমানে দৃঢ়ীকরণের (স্ট্রেনদেনিং) কাজ চলিতেছে। আশা করা যাইতেছে এই বছরের জুন মাসের শেষাশেষি রাস্তাটির নির্মাণ কাজ শেষ হইবে।

রাণাঘাট হইতে কুপার কানেকটেড রোড

৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৫।) **শ্রীসতীশ বিশ্বাসঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাট থেকে ভায়া কুপার কানেকটেড রোড পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) না থাকিলে তাহার কারণ কি ?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) রাস্তাটি পূর্ত (সড়ক) বিভাগের অধীনে নয়, সুতরাং উহা পাকা করার কোন প্রশ্ন ওঠে না।

কাঁচড়াপাড়া-ব্যারাকপুর ৮৫ নং বাসরুটে পারমিট প্রদান

৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৭।) **শ্রীজগদীশ চন্দ্র দাসঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার কাঁচড়াপাড়া-ব্যারাকপুর ৮৫ নং বাস রুটে এ পর্যন্ত মোট কতগুলি বাস পারমিট ব্যক্তিগত মালিকানায় দেওয়া হইয়াছে এবং এর মধ্যে কতগুলি বাস বর্তমানে চালু আছে ; এবং

(খ) উক্ত ৮৫ নং রুটে সরকারী বাস চালাইবার কোনও আশু পরিকল্পনা সরকারের আছে কিনা ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ২৪-পরগনা জেলার

কাঁচড়াপাড়া-ব্যারাকপুর ৮৫ নং বাস রুটে এ পর্যন্ত মোট ৫৩টি বাস রুটে মঞ্জুর করা হইয়াছে। এর মধ্যে ৩৬টি বাস চলাচল করে।

(খ) না।

বাঁকুড়া ও বিষ্ণুপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত বেকারদের সংখ্যা

৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৯।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাঁকুড়া জেলার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং বিষ্ণুপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কতজন বেকারের নাম তালিকাভুক্ত হইয়াছে;

(খ) (১) তন্মধ্যে তফসিলীজাতি ও আদিবাসীর সংখ্যা কত;

(২) কতজনের যোগ্যতা মাধ্যমিকের উপরে আছে; এবং

(৩) ১৯৮০ সালের জানুয়ারী হইতে ১৯৮২ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন প্রার্থীর চাকুরি হয়েছে?

শ্রমবিভাগের মন্ত্রী মহাশয়:

(ক) বাঁকুড়া—৭৮,২৮৮

বিষ্ণুপুর—৩২,৩৭৬

	কেন্দ্র		তফসিলী জাতি	তফসিলী উপজাতি	সময়
(খ) (১)	বাঁকুড়া	...	৯,৭২০	৪,১০২*	৩০. ৬.৮২
	বিষ্ণুপুর	...	১,৩২২	১১০*	৩১.১২.৮২

	কেন্দ্র		তফসিলী জাতি	তফসিলী উপজাতি	সময়
(২)	বাঁকুড়া	...	৩,১৫৯	১,২৬৫*	৩০. ৬.৮২
	বিষ্ণুপুর	...	৭৬২	৩৬*	৩১.১২.৮২

(৩)

বাঁকুড়া—১,০৯৯*

বিষ্ণুপুর—৪১২*

*সংশোধন সাপেক্ষ

'পশ্চিম বাংলা' পত্রিকা

৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫০।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালী ভাষায় প্রকাশিত 'পছিম বাংলা' পত্রিকার বর্তমান প্রচার সংখ্যা কত ? এবং

(খ) উক্ত পত্রিকাকে সাপ্তাহিক করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) সাঁওতালী ভাষায় প্রকাশিত 'পছিম বাংলা' পত্রিকাটির প্রতি সংখ্যা ৩,৫০০ কপি মুদ্রিত হয় এবং অধিকাংশই গ্রাহকদের মধ্যে বিক্রীত হয়।

(খ) বর্তমানে উক্ত পত্রিকাকে সাপ্তাহিক করার কোন পরিকল্পনা সরকারের নাই।

সার্ভিস কমিশনের সুপারিশে অধ্যক্ষ নিয়োগ

৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫১।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১ সাল হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ে কলেজ সার্ভিস কমিশন বিভিন্ন কলেজে নিয়োগের জন্য কতজন অধ্যাপকের নাম সুপারিশ করেছেন ;

(খ) তন্মধ্যে কতজন (১) তফসিলী জাতিভুক্ত ও (২) তফসিলী উপজাতিভুক্ত ; এবং

(গ) উক্ত নিয়োগের ক্ষেত্রে তফসিলভুক্ত জাতি ও আদিবাসীদের আসন সংরক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮১ সাল হইতে ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ে কলেজ সার্ভিস কমিশন মোট ১,৫৩৭ জন অধ্যাপকের নাম সুপারিশ করেছেন।

(খ) তন্মধ্যে ১৬ জন তফসিলী জাতিভুক্ত। তফসিলী উপজাতিভুক্ত কেহ নাই।

(গ) হ্যাঁ। এ ব্যাপারে সরকারী চাকুরি সংরক্ষণের নীতি অনুসৃত হয়।

বাগনানে ও. টি. রোডের দু'ধারের জমি বিলি

৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৫।) **শ্রীনিতাইচরণ আদকঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বাগনান পুলিস স্টেশন থেকে ন্যাশনাল হাইওয়ে ৬-এর সঙ্গে যে রাস্তাটি ও. টি. রোড নামে পরিচিত তাহার দুধারে যে-সমস্ত

পাকা বাড়ী ও টালির বাড়ী তৈরি হয়েছে সেই রাস্তার জায়গাগুলো বিলি করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত রাস্তাগুলো কাদের মধ্যে বিলি করা হয়েছে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

১১-১২ ক্লাসে ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগের ব্যবস্থা

৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৪।) **শ্রীব্রজগোপাল নিয়োগী: শিক্ষা (মাধ্যমিক)** বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) পশ্চিমবঙ্গে বর্তমান শিক্ষাবর্ষে ১১-১২ ক্লাসে কতজন ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে ; এবং

(২) ঐ সংখ্যা ১০ম শ্রেণী হইতে মোট উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা কত অংশ।

(খ) পশ্চিমবঙ্গে মোট কতগুলি স্কুল ও কলেজে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে ভর্তির সুযোগ আছে ; এবং

(গ) এই সুযোগ আরও বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি না ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) আনুমানিক ১ লক্ষ ৫৫ হাজার।

(২) ১০ম শ্রেণী হইতে উত্তীর্ণ সকল ইচ্ছুক ছাত্র-ছাত্রীই ভর্তির সুযোগ পেয়েছে।

(খ) মোট ১,৩০৮টি।

(গ) প্রয়োজনে বৃদ্ধি করা হবে।

মুর্শিদাবাদ জেলায় মাধ্যমিক স্কুলগুলির অনুমোদনের লক্ষ্যমাত্রা

৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯২।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় কতগুলি (১) নিম্ন মাধ্যমিক, (২) মাধ্যমিক ও (৩) উচ্চ মাধ্যমিক স্কুলের অনুমোদন দান করার লক্ষ্যমাত্রা ধার্য হইয়াছে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরের স্কুল অনুমোদনের লক্ষ্যমাত্রা এখনও ধার্য করা হয় নাই।

জঙ্গীপুর পৌরসভায় ইলেকট্রিক বাল্‌ব খরিদ

৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৭।) **শ্রীহাবিবুর রহমান ও শ্রীনুরুল ইসলাম চৌধুরী:** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর পৌরসভায় বিগত ১৯৮০ সালের নির্বাচনের পূর্বে কোন ইলেক্‌ট্রিক বাল্‌ব খরিদ করা হইয়াছিল কি;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কত টাকার বাল্‌ব খরিদ করা হইয়াছিল; এবং

(গ) এই বাল্‌ব খরিদের জন্য কোন টেণ্ডার ডাকা হইয়াছিল কি?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮০ সালে জঙ্গীপুর পৌরসভায় কোনও নির্বাচন হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

থানা ও উচ্চপদস্থ পুলিস অফিসারদের গাড়ীতে বেতার বার্তার ব্যবস্থা

৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪২।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় প্রতিটি থানায় অফিসার-ইন-চার্জ, সহকারী কমিশনার এবং ডেপুটি কমিশনারের গাড়ীতে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা আছে কি; এবং

(খ) এই ব্যবস্থা অপব্যবহার সম্বন্ধে কোন অভিযোগ সরকারের নিকট আসিয়াছে কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) না।

অপরাধ অনুসন্ধানের জন্য পুলিসী প্রশিক্ষণ

৫৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৩।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ডি. ডি., সি. আই. ডি. ও আই. বি. ইত্যাদি বিভাগের পুলিস কর্মচারীদের (১) অপরাধ অনুসন্ধানের ব্যাপারে আধুনিক পদ্ধতি সম্বন্ধে প্রশিক্ষণ, (২) সংবাদ সংগ্রহের উপযুক্ত ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকিলে, অপরাধের সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ইহার পর্যালোচনার f ব্যবস্থা হইয়াছে ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) (১) ও (২) হ্যাঁ, আছে।

(খ) মাঝে মাঝে পর্যালোচনা হয়।

ঝিলিমিলি কল্যাণ নিকেতন পরিচালিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৮।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** শিক্ষা (মাধ্যমিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাণীবাঁধ ব্লকের অধীন ঝিলিমিলি কল্যাণ নিকেতন কর্ম সমিতি পরিচালিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়টিকে সোস্যাল ইনস্টিটিউশন হিসাবে গ্রহ করার কোন প্রস্তাব সমিতির পক্ষ হইতে শিক্ষা বিভাগে দেওয়া হইয়াছে কিনা ; এবং

(খ) দেওয়া হইয়া থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) শিক্ষা বিভাগে কোন প্রস্তাব আসে নি।

(খ) প্রশ্ন উঠে না।

মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রাবাসে পাঠকদের অশিক্ষক কর্মচারী হিসাবে গণ্য করার প্রকল্প

৫৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫০।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়সমূহের ছাত্রাবাসের পাঠকদের চতুর্থ শ্রেণী অশিক্ষক কর্মচারী হিসাবে গণ্য করার কোন সিদ্ধান্ত সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

মেদিনীপুর জেলার শালবনী ব্লকে উদ্বাস্তু

৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৭।) **শ্রীসুন্দর হাজরাঃ** উদ্বাস্তু (ত্রাণ ও পুনর্বাসন) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী ব্লকে কোন উদ্বাস্তু পরিবার বসবাস করছেন কিনা ;

(খ) করলে,—

(১) বর্তমানে কতজন বসবাস করছেন, ও

(২) তাঁদেরকে বাস্তুর কোন দলিল দেওয়া হয়েছে কিনা বা দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

উদ্বাস্তু (ত্রাণ ও পুনর্বাসন) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হঁ্যা, করছেন।

(খ) (১) ৮০টি পরিবার বাস করছেন।

(২) এ পর্যন্ত ৩২টি পরিবারকে দলিল দেওয়া হয়েছে।

হাওড়া জেলায় হোসিয়ারী শিল্পের উন্নয়নকল্পে ব্যবস্থা গ্রহণ

৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৯।) **শ্রীঅশোক ঘোষঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে হাওড়া জেলায় হোসিয়ারী শিল্পের উন্নয়নকল্পে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত শিল্পের উন্নয়নের জন্য কোন কো-অপারেটিভ গঠন করা হয়েছে কিনা ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) হাওড়া জেলার হোসিয়ারী শিল্পের উন্নয়নের উদ্দেশ্যে রাজ্য সরকার উল্লিখিত সময়ে উক্ত শিল্পকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করতে উদ্যোগী হন। এ ছাড়া সমবায়-বহির্ভূত ক্ষেত্রে উপযুক্ত হোসিয়ারী সংস্থাকে আর্থিক সহায়তা দানের ব্যবস্থা করেন।

(খ) হঁ্যা, ১৯৭৮ সালে নর্থ হাওড়া হোসিয়ারী ওয়ার্কার্স কো-অপারেটিভ সোসাইটি নামে একটি সমবায় সমিতি গঠিত হয়।

Islampur Development Board

582. (Admitted question No. 2372) **Shri Mohammad Ramjan Ali :** Will the Minister-in-Charge of the Development and Planning Department be pleased to state, is there any proposal for constitution of Islampur Development Board on the analogy of Jhargram Development Board for all-round development of that area ?

Minister-in-Charge of the Development and Plannig Department : No.

সাঁওতালী ভাষায় প্রকাশিত পছিম বাংলা

৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮২।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সাঁওতালী ভাষায় প্রকাশিত রাজ্য সরকারের মুখপত্র "পছিম বাংলা" প্রতিটি গ্রাম পঞ্চায়েতে এক কপি করে বিনামূল্যে দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পত্রিকাটি বাংলালিপির সাথে অলচিকি লিপিতে প্রকাশ করারও পরিকল্পনা সরকারের আছে কিনা?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) সাঁওতালী ভাষাভাষী এলাকার গ্রাম পঞ্চায়েতগুলি প্রত্যেকটিতে এক কপি করে "পছিম বাংলা" বিনামূল্যে প্রেরণের ব্যবস্থা অচিরেই গ্রহণ করা হচ্ছে।

(খ) অলচিকি লিপিতে পৃথক পত্রিকা প্রকাশের পরিকল্পনা সরকার খতিয়ে দেখছে।

লেখকদের পুস্তক প্রকাশের জন্য সরকারী সাহায্য

৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৮।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য, বিভিন্ন লেখকদের পুস্তক প্রকাশের জন্য সরকারী সাহায্য দেওয়া হয়;

(খ) সত্য হলে, বিগত ১৯৭৭ হইতে ১৯৮২ সাল পর্যন্ত সাঁওতালী ভাষার কোন লেখককে অনুরূপ সাহায্য দেওয়া হয়েছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, সাহায্যের পরিমাণ কত?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) উত্তর নিষ্প্রয়োজন।

মেদিনীপুর কনস্ট্রাকশন ডিভিসনের অফিস স্থানান্তরকরণ

৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪৫।) **শ্রীশিশির অধিকারী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাঁথি শহরে অবস্থিত মেদিনীপুর কনস্ট্রাকশন ডিভিসনের অফিস স্থানান্তর করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ হ্যাঁ। মেদিনীপুর কনস্ট্রাকশন ডিভিসনের অফিস কাঁথি শহর হইতে পাঁশকুড়াতে স্থানান্তর করার পরিকল্পনা আছে।

দুগ্ধপ্রকল্পে বার্ষিক লোকসান

৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী দুগ্ধ প্রকল্পগুলিতে যথাক্রমে ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩তে বার্ষিক লোকসান কত?

পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ সরকারী দুগ্ধ প্রকল্পগুলিতে উক্ত বৎসরে বার্ষিক লোকসানের পরিমাণ নিম্নরূপঃ

প্রকল্পের নাম	১৯৮০-৮১ (প্রকৃত)	১৯৮১-৮২ (প্রকৃত)	১৯৮২-৮৩ (সংশোধিত ও অনুমোদিত)
	(হাজার টাকার হিসাবে)		
(ক) বৃহত্তর কলিকাতা দুগ্ধ প্রকল্প	৬,০৯,৪৩	৯,৭২,৬৭	১০,৪৫,৭২
(খ) দুর্গাপুর দুগ্ধ প্রকল্প	৬৮,১২	৯৩,৪১	৮৩,৬১

এশিয়ান গেমসে পশ্চিমবঙ্গের প্রতিনিধিবৃন্দ

৫৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এশিয়ান গেমসে এরাজ্য থেকে কতজন প্রতিযোগী (মেয়ে ও পুরুষ) (ফুটবল সহ) স্বদেশের হয়ে প্রতিনিধিত্ব করেছেন;

(খ) তাঁদেরকে উৎসাহিত করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কোন সংবর্ধনা সভার বা অনুরূপ কোন আয়োজন করা হয়েছে কিনা; এবং

(গ) এ রাজ্যের ভারতশ্রেষ্ঠ অভাবক্লিষ্ট তীরন্দাজদের আধুনিক সাজসরঞ্জাম প্রদানের বিষয়টি রাজ্য সরকার বিশেষ অগ্রাধিকার দিয়ে বিবেচনা করছেন কিনা?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) গত নবম এশিয়ান গেমসে পশ্চিমবঙ্গ থেকে একত্রিশ জন পুরুষ ও আঠারো জন মহিলা সহ সর্বমোট উনপঞ্চাশ জন (ফুটবল সহ) স্বদেশের হয়ে প্রতিনিধিত্ব করেছেন।

(খ) বিষয়টি ক্রীড়া পর্ষদের বিবেচনাধীন আছে।

(গ) না।

দক্ষিণ ২৪-পরগনাকে পৃথক জেলা হিসাবে গঠন

৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭।) **শ্রীকৃষ্ণধন হালদার:** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনাকে পৃথক জেলা হিসাবে গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনার রূপায়ণ বর্তমানে কি পর্যায়ে আছে ?

স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ। বর্তমান ২৪-পরগনা জেলা দ্বিখণ্ডিত করে উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনা—এই দুটি পৃথক জেলা গঠনের সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন।

(খ) এই সিদ্ধান্ত রূপায়ণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তবে ২৪-পরগনা জেলার দ্বিখণ্ডিতকরণ তথা দক্ষিণ ২৪-পরগনা জেলার পৃথকীকরণ বারাসতে উত্তর ২৪-পরগনার জেলা সদর স্থাপনের ব্যবস্থা সম্পূর্ণ হওয়ার পরে বাস্তবায়িত হতে পারে। বারাসতে জেলা সদর স্থাপনের জন্য যে 'মাস্টার লে-আউট প্ল্যান' এবং আনুমানিক খরচের হিসাব প্রস্তুত করা হয়েছে সেই অনুসারে নির্মাণ কর্মসূচী আর কিছুদিনের মধ্যেই হাতে নেওয়া যাবে বলে আশা করা যায়। বারাসতে যে প্রশাসনিক ভবন ইতিপূর্বে অনুমোদিত হয়েছিল তার নির্মাণের কাজ চলছে।

পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা

৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫।) **শ্রীঅনিল মুখার্জীঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত ;

(খ) ঐ বিশ্ববিদ্যালয়গুলি ১৯৮২-৮৩ সালে ইউ. জি. সি.-র কাছ হইতে কত টাকা পেয়েছে ;

(গ) রাজ্য সরকার ঐ সময়ে ঐ বিশ্ববিদ্যালয়গুলিকে কত টাকা দিয়েছেন ; এবং

(ঘ) নূতন বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী কতগুলি বিশ্ববিদ্যালয়ের নির্বাচন হয়েছে ?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) বিশ্বভারতী ও বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ব্যতীত রাজ্য সরকারের শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত ৭টি বিশ্ববিদ্যালয় আছে।

(খ) মোট ৯৫,৭৩,৯৮৮ টাকা।

(গ) মোট ১৬,৭০,১০,৭৩৬ টাকা।

(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নির্বাচন সম্পূর্ণ হয়েছে। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ও অন্য পাঁচটি বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের কাজ অগ্রসর হচ্ছে।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের প্রশ্ন চলতি বৎসরে উঠে না।

বনসৃজন প্রকল্প অনুসারে চারাগাছ বিলি

৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৭।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১-৮৩ সময়কালে বনসৃজন প্রকল্প অনুসারে কত কোটি চারাগাছ বিলি করা হয়েছিল ; এবং

(খ) ঐ চারাগাছের কত অংশ বাঁচে/মরে তার হিসাব সরকারের আছে কি ?

বন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) আনুমানিক ৪৮০ লক্ষ।

(খ) হ্যাঁ।

পঞ্চায়েতে জব-ওয়ার্কার নিয়োগ

৫৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৭।) **শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, এই পর্যন্ত কয়েকটি পঞ্চায়েতে জব ওয়ার্কার নিয়োগ করা সম্ভব হয় নাই ; এবং

(খ) সত্য হইলে—

(১) উহাদের সংখ্যা কত ; ও

(২) উক্ত নিয়োগ না হওয়ার কারণ কি ?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) উহাদের সংখ্যা সর্বমোট ৮৪ ;

(২) উক্ত নিয়োগ সম্পূর্ণ না হওয়ার প্রধান কারণ কয়েকটি ক্ষেত্রে হাইকোর্টের নিষেধাজ্ঞা। অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যোগ্য প্রার্থীর তালিকা নানা কারণে সুপারিশ করে উঠতে পারেন নি।

তবে ঐসব ক্ষেত্রে যোগ্য প্রার্থী দ্বারা শূন্য পদগুলি পূরণের জন্য যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে।

মুর্শিদাবাদ জেলায় তাঁত সমবায় সমিতি

৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৮।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার প্রান্তিক তাঁতী ও তাঁতহীন তাঁতীদের জন্য কয়টি সমবায় সমিতি সংগঠিত হয়েছে (ব্লকওয়ারী হিসাব); এবং

(খ) উক্ত সমিতিগুলোর প্রত্যেকটিতে মোট কত জন তাঁতী সদস্য আছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) এ প্রশ্নের যথাযথ তথ্য নিম্নলিখিত তালিকায় প্রদত্ত হল :

(১) প্রান্তিক তাঁতীদের জন্য সংগঠিত সববায় সমিতি—

ব্লকের নাম		সমিতির সংখ্যা
বারোয়ান	...	১
কান্দি	...	১
রঘুনাথগঞ্জ ১ নং	...	১
সমসেরগঞ্জ	...	১
হরিহরপাড়া	...	১
ফরাক্কা	...	১
জিয়াগঞ্জ	...	১
দোমকল	...	১
জঙ্গিপুর	...	১
ভরতপুর ২ নং	...	১

(২) তাঁতহীন তাঁতীদের জন্য গঠিত সমিতি—

(১৯৮২-৮৩ আর্থিক বৎসরে মঞ্জুর করা হয়েছে)

খড়গ্রাম	...	১
রঘুনাথগঞ্জ (শ্রীকান্তবাটি)	...	১

(খ)

ব্লক সমিতি		তাঁতী সদস্য সংখ্যা
বারোয়ান	...	১১৩
কান্দি	...	১১৮
রঘুনাথগঞ্জ ১নং	...	১০৯
সমসেরগঞ্জ	...	২১২
হরিহরপাড়া	...	১৪৭
ফরাক্কা	...	১১৯
জিয়াগঞ্জ	...	১৫৬
দোমকল	...	২০০
জঙ্গিপুর (পৌর এলাকা)	...	১৮৫
ভরতপুর ২ নং	...	১০২
খড়গ্রাম	...	২১৩
রঘুনাথগঞ্জ (শ্রীকান্ত বাটি)	...	১০০

১৯৮২ সালে স্টীল বরাদ্দের পরিমাণ

৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১।) **শ্রীসরল দেব:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্র কি পরিমাণ স্টীল বরাদ্দ করেছিল; এবং

(খ) উক্ত সময়ে উক্ত বরাদ্দকৃত স্টীলের প্রাপ্ত পরিমাণ কত?

কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮২ সালে কেন্দ্র পশ্চিমবঙ্গের জন্য ৩৯,৭০০ মেট্রিক টন স্টীল বরাদ্দ করেছিল।

(খ) উক্ত বরাদ্দকৃত স্টীলের মধ্যে ৬,৩৯৬ মেট্রিক টন তোলা হয়েছিল, যদিও উৎপাদক সংস্থা ২৮,০৯০ মেট্রিকটন দিতে প্রস্তুত ছিল।

কল্যাণী মহকুমার জন্য অফিস-আদালত স্থাপন

৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন কল্যাণী মহকুমার জন্য অফিস-আদালত স্থাপন ও পদস্থ অফিসার নিয়োগ ইত্যাদি কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) এ ব্যাপারে এ পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে ?

স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) কল্যাণীতে নূতন মহকুমা গঠনের সাম্প্রতিক সরকারী সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণী মহকুমার জন্য অফিস-আদালত স্থাপন এবং অফিসার নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। একজন অতিরিক্ত মহকুমা শাসক, একজন অতিরিক্ত মহকুমা পুলিশ আধিকারিক ও একজন উপ-শাসক ও সমাহর্তা ইতিমধ্যেই নিয়োগ করা হয়েছে। অফিসার ও কর্মচারীর বেতন ছাড়া ৭,০৮৭ টাকার মত এ পর্যন্ত খরচ হয়েছে।

১৯৭২-৭৯ পর্যন্ত সময়ে নির্মিত মূর্তির সংখ্যা

৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১১।) **শ্রীঅনিল মুখার্জীঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২ সাল হইতে ১৯৭৭ পর্যন্ত সময়ে মোট কত টাকা ব্যয়ে মোট কতগুলি মর্মর মূর্তি (স্ট্যাচু) তৈরী হয়েছিল ; এবং

(খ) ১৯৭৮ সাল হইতে ১৯৭৯ সালের ডিসেম্বর পর্যন্ত সময়ে ঐরূপ মূর্তি নির্মাণের সংখ্যা কত এবং তার জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ও (খ) আলোচ্য সময়ে পূর্ত বিভাগ কোন মর্মর মূর্তি স্থাপন করে নাই।

"ভাগীরথী মিল্ক প্রডিউসার্স ইউনিয়নের" চিলিং প্ল্যান্টের দুধ নষ্ট

৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৮।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরীঃ** পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় অবস্থিত (ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্টের আণ্ডারটেকিং) "ভাগীরথী মিল্ক প্রডিউসার্স ইউনিয়ন"-এর চিলিং প্ল্যান্ট-এর দুধ গত ১০ই ফেব্রুয়ারি হইতে ১৫ই ফেব্রুয়ারি সময়ের মধ্যে নষ্ট হইয়াছে কি ; এবং

(খ) নষ্ট হইয়া থাকিলে—

(১) তাহার পরিমাণ কত ; ও

(২) কি কারণে উক্ত দুধ নষ্ট হইয়াছিল ?

পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়নের অন্তর্গত বেলডাঙ্গা চিলিং প্ল্যান্টে গত ১০ই হইতে ১৫ই ফেব্রুয়ারি সময়ের মধ্যে দুধ নষ্ট হইয়াছে।

(খ) (১) নষ্ট হওয়া দুধের পরিমাণ ৯৮,৬১৯ লিটার।

(২) বে-হিসাবীভাবে ক্ষমতার তুলনায় অতিরিক্ত দুগ্ধ গ্রহণ এবং উপযুক্ত ও সময়মত পরিবহণ ব্যবস্থার অভাবে ঐ পরিমাণ দুগ্ধ নষ্ট হইয়াছিল।

সন্দেশখালি, হাড়োয়া, মীনাখাঁ, হাসনাবাদ এলাকায় ধেনো জমি জলকরে পরিবর্তন

৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬১।) **শ্রীগোপালচন্দ্র মণ্ডল:** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সন্দেশখালি, হাড়োয়া, মীনাখাঁ, হাসনাবাদ থানায় কত একর ধানের জমিকে জলকরে পরিণত করা হয়েছে; এবং

(খ) মেছোঘেরীকে ধানের জমিতে রূপান্তর বন্ধের জন্য সরকার কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) সন্দেশখালি, হাড়োয়া এবং মীনাখাঁ ২,৮১১.০৩ একর এবং হাসনাবাদ ৫৫.৯৪ একর।

এই তথ্য জমিদারীগ্রহণ আইন অনুযায়ী প্রস্তুত রেকর্ডের ভিত্তিতে দেওয়া হচ্ছে। ভূমি সংস্কার আইন অনুযায়ী রেকর্ড তৈয়ারীর কাজ এখনও শেষ হয় নাই। সুতরাং সর্বশেষ পরিস্থিতি সঠিকভাবে বলা সম্ভব নয়।

(খ) এরূপ কোন পরিকল্পনা ভূমি ও ভূমিসংস্কার বিভাগে নেই।

পশ্চিমবঙ্গে বৈদ্যুতিকীকরণ প্রকল্পের আওতায় আনা গ্রামের সংখ্যা

৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৬।) **শ্রীকৃষ্ণধন হালদার:** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালে পশ্চিমবঙ্গের কতগুলি গ্রামকে বৈদ্যুতিকীকরণ প্রকল্পের আওতায় আনা হয়েছে; এবং

(খ) ১৯৮৩ সালে মোট কতগুলি গ্রামকে গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্পের আওতায় আনার প্রস্তাব আছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) ১৯৮২ সালে পশ্চিমবঙ্গে ১,৪৯৯টি মৌজা বৈদ্যুতিকীকরণ হয়েছে।

(খ) পঞ্জিকা বৎসরের পরিবর্তে আর্থিক বৎসরের জন্য বৈদ্যুতিকীকরণের বার্ষিক সূচী তৈয়ারী করা হয়। পশ্চিমবঙ্গে ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে ১,৮৩০টি মৌজা বৈদ্যুতিকীকরণের জন্য একটি কর্মসূচী তৈয়ারী করা হয়েছে।

আসানসোল কয়লাখনি শিল্পে নিযুক্ত মহিলা শ্রমিক

৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২০।) **শ্রীবামাপদ মুখোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল কয়লাখনি শিল্পে বর্তমানে কি কাজে ও কতজন মহিলা-শ্রমিক নিযুক্ত আছেন; এবং

(খ) বেতন আইন অনুযায়ী তাদের পুরুষদের সমান বেতন দেওয়া হয় কিনা?

শ্রমবিভাগের মন্ত্রী মহোদয়ঃ আসানসোল কয়লাখনি শিল্পে ঠিক কত জন মহিলাশ্রমিক নিযুক্ত আছেন, রাজ্য সরকারের কাছে সেই তথ্য নাই। তবে সি. পি. ও., ইস্টার্ন কোলফিল্ড নিকট হইতে জানা যায় যে, ১-১-১৯৮৩ তারিখে, ইস্টার্ন কোলফিল্ড লিমিটেডে ১৫,১১৭ জন মহিলা-শ্রমিক নিযুক্ত ছিলেন। মহিলা শ্রমিকদের প্রধানতঃ ওয়াগন বোঝাইয়ের কাজে নিযুক্ত করা হয়।

(খ) একই কাজের জন্য মহিলা-শ্রমিকেরা পুরুষদের সমান বেতন পাইয়া থাকেন।

কান্দী ব্লকের পুরন্দরপুর হইতে হিজোল রাস্তার সংস্কার

৬০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬০।) **শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী ব্লকের অন্তর্গত পুরন্দরপুর হইতে হিজোল গ্রামের মধ্য দিয়া যে রাস্তাটি বাগতাছাড়া গ্রাম পর্যন্ত গিয়াছে সেই রাস্তাটিকে সংস্কার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ও (খ) হ্যাঁ, আছে, তবে এই কাজ শুরু হওয়া প্রয়োজনীয় অর্থ সংকুলানের উপর নির্ভর করছে।

গ্রামাঞ্চলে খেলাধুলার জন্য প্রশিক্ষণ ব্যবস্থা

৬০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০২।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** গত অধিবেশনের ৬-৯-১৯৮২ তারিখের প্রশ্ন নং (*২৪২)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহোদয় জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে খেলাধুলার উন্নতির জন্য কোন্ কোন্ খেলায় কি ধরনের প্রশিক্ষণ দেওয়া হয় ;

(খ) গ্রামাঞ্চলে খেলার মাঠ, ব্যায়ামাগার প্রভৃতির উন্নতির জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, তাহা কি ?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) বিভিন্ন ধরনের খেলার কলাকৌশল ও দক্ষতার প্রয়োজন অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ দেওয়া হয়।

(খ) ও (গ) হ্যাঁ। সাধারণতঃ আবেদনের ভিত্তিতে ব্যায়ামাগারগুলিতে সাজসরঞ্জাম সরবরাহ করা হয়।

দরিদ্র যুবক-যুবতীদের স্বনির্ভর করার পরিকল্পনা

৬০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৩।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দরিদ্র যুবক-যুবতীদের স্বনির্ভর করার বিষয়ে যুবকল্যাণ বিভাগের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কিভাবে কার্যকর করা হবে ?

যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এই বিভাগের বহুবিধ পরিকল্পনার মধ্যে "অতিরিক্ত কর্মসূচী পরিকল্পনা" ও "বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্প" মাধ্যমে দরিদ্র যুবক-যুবতীরা স্বনির্ভর হতে পারে।

রাজ্যে যুব উৎসব

৬০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৪।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে যুব উৎসব এ বৎসর হবে কি ; এবং

(খ) (১) কোথায় হবে ও (২) উহার কার্যসূচী কি ?

যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কল্যাণী।

(২) রাজ্য যুব উৎসবের কার্যসূচী ব্যাপক ও বিস্তৃত। যুব উৎসবের বিভিন্ন দিনে ক্রীড়া প্রতিযোগিতা, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, সিনেমা ও সেমিনার অনুষ্ঠিত হইবে। রাজ্য যুব উৎসব চলিবে ২২-৪-১৯৮৩ হইতে ২৭-৪-১৯৮৩ পর্যন্ত।

২২-৪-১৯৮৩ তারিখ বিকাল ৫টায় রাজ্যপাল স্বয়ং উৎসবের উদ্বোধন করবেন। উৎসবের ৬টি দিনকে নিম্নলিখিত দিবসরূপে চিহ্নিত করা হয়েছে :

২২-৪-১৯৮৩ ··· সাম্রাজ্যবাদ ও যুদ্ধ বিরোধী দিবস।

২৩-৪-১৯৮৩ ··· শ্রমিক-কৃষক মৈত্রী দিবস।

২৪-৪-১৯৮৩ ··· তরুণী দিবস।

২৫-৪-১৯৮৩ ··· শিশু দিবস।

২৬-৪-১৯৮৩ ··· জাতীয় ঐক্য ও সংহতি দিবস।

২৭-৪-১৯৮৩ ··· ছাত্র-যুব দিবস।

কেন্দুপাতা, শালবীজ ও জ্বালানী কাঠ বিক্রয়ে সংগৃহীত অর্থের পরিমাণ

৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯১।) **শ্রীউপেন কিস্কু:** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বন বিভাগের উত্তর ও দক্ষিণ ডিভিশন থেকে ১৯৭৬-৭৭ থেকে ১৯৮১-৮২ পর্যন্ত সময়ে কেন্দুপাতা, শালবীজ এবং জ্বালানী কাঠ বিক্রয় করে কত টাকা সরকারী কোষাগারে জমা পড়েছে ?

বন বিভাগের মন্ত্রী মহোদয়: শুধুমাত্র উত্তর ও দক্ষিণ ডিভিশন নামে বন বিভাগের কোন ডিভিশন নেই।

বাঁকুড়া উত্তর ও দক্ষিণ ডিভিশন থেকে ঐ সময়ে সরকারী কোষাগারে জমা পড়েছে ৬২ লক্ষ ১১ হাজার টাকা।

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বাসে 'ফিউসেফ' স্থাপন

৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭০।) **শ্রীশেখ ইমাজুদ্দিন:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাষ্ট্রীয় পরিবহণের কতগুলি বাসে এ পর্যন্ত 'ফিউসেফ' লাগিয়ে কালো ধোঁয়া প্রতিরোধ করা হয়েছে ;

(খ) কবে নাগাদ সমস্ত রাষ্ট্রীয় পরিবহণের বাসে ফিউসেফ লাগানো সম্ভব হবে ; এবং

(গ) একটি বাসে 'ফিউসেফ' লাগাতে কত খরচ পড়ে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের ১৩টি বাসে এ পর্যন্ত 'ফিউসেফ' লাগানো হয়েছে।

(খ) 'ফিউসেফ' লাগানো ব্যয়বহুল বলে এখনই তা বলা সম্ভব নয়।

(গ) একটি বাসে 'ফিউসেফ' লাগাতে দুই হাজার টাকা খরচ পড়ে।

কলিকাতায় আদিবাসী ছাত্রদের জন্য কেন্দ্রীয় হস্টেল

৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২০।) **শ্রীউপেন্দ্র কিস্কু:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান সরকার আদিবাসী ছাত্রদের জন্য কলিকাতায় একটি কেন্দ্রীয় হস্টেল নির্মাণ করার পরিকল্পনা করেছেন; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হাঁ' হইলে,

(১) এই উদ্দেশ্যে কত টাকা মঞ্জুর করা হয়েছে, ও

(২) কবে নাগাদ উক্ত হস্টেলের নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) ৬,৬১,১০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(২) উক্ত হস্টেলের নির্মাণকার্য প্রায় সম্পূর্ণ হয়েছে এবং হস্টেলখানা শীঘ্রই চালু হবে বলে মনে হয়।

আয়ুর্বেদ ও হোমিওপ্যাথ চিকিৎসা প্রসারের জন্য সরকারী কর্মসূচী

৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) আয়ুর্বেদ ও হোমিওপ্যাথ চিকিৎসার প্রসারের জন্য সরকার কোন কর্মসূচী গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, তাহা কি?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ, করিয়াছেন।

(খ) আয়ুর্বেদ চিকিৎসার প্রসারের জন্য সরকার নূতন আয়ুর্বেদিক চিকিৎসালয় খোলার এবং আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতালগুলির উন্নতির ব্যবস্থা করছেন। কল্যাণীতে অবস্থিত রাজ্য সরকারী আয়ুর্বেদ ফার্মাসী কেন্দ্র ও ভেষজ উদ্যানের উন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

হোমিওপ্যাথির ক্ষেত্রে সরকার প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পর্যায়ক্রমে চিকিৎসালয় স্থাপন, বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ এবং বিভিন্ন অঞ্চলে সরকারী হোমিওপ্যাথিক চিকিৎসালয় স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন। রাজ্যের

৪টি ডিগ্রি হোমিওপ্যাথিক কলেজের মধ্যে দু'টির পরিচালনভার সরকার গ্রহণ করেছেন। বাকি দু'টির পরিচালনভার গ্রহণের পরিকল্পনা সরকারের আছে। ন্যাশানাল ইনস্টিটিউট অব হোমিওপ্যাথি স্থাপনের প্রচেষ্টা চলছে।

প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের জন্য সরকার হইতে বিনামূল্যে পুস্তক সরবরাহ

৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৪।) **শ্রীগুণধর চৌধুরী ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ এবং ১৯৮৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এই রাজ্যে প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের জন্য মোট কত বই সরকার হইতে বিনামূল্যে সরবরাহ করা হইয়াছিল (বৎসরভিত্তিক হিসাব);

(খ) উক্ত বৎসরগুলিতে প্রাথমিক স্কুলে কোন্ কোন্ শ্রেণীর জন্য কত বই সরবরাহ করা হইয়াছিল; এবং

(গ) ঐ সময়ে পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা কত?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক) ১৯৮১ সালে ... ১,৫৪,৪২,২৮৩

১৯৮২ সালে ... ১,৭৯,৫৪,৪১৫

১৯৮৩ সালে ... ১,৪৬,৬১,৬১৫

(ফেব্রুয়ারি পর্যন্ত)

(খ) ১৯৮১ সালে

১ম শ্রেণী (২টি বই)	৩১,২২,৮৫২ খানি
২য় শ্রেণী (২টি বই)	১৫,৯৬,৬০০ খানি
৩য় শ্রেণী (৫টি বই)	৪০,৯৪,৭৬৬ খানি
৪র্থ শ্রেণী (৫টি বই)	৩১,৬৪,৫১৪ খানি
৫ম শ্রেণী (৬টি বই)	৩৪,৬৩,৫৫১ খানি

১৯৮২ সালে

১ম শ্রেণী (৩টি বই)	৪৩,১৬,৬০০ খানি
২য় শ্রেণী (২টি বই)	১৯,৮১,৮৫০ খানি
৩য় শ্রেণী (৪টি বই)	৩৯,৬৩,৮০০ খানি
৪র্থ শ্রেণী (৪টি বই)	৩৪,৫৯,৯০০ খানি
৫ম শ্রেণী (৬টি বই)	৪২,৩২,২৬৫ খানি

১৯৮৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত)

১ম শ্রেণী (৩টি বই)	৪২,৯৭,৪৫০ খানি
২য় শ্রেণী (৩টি বই)	৩৭,০৭,৩০০ খানি
৩য় শ্রেণী (৪টি বই)	২৬,২৬,৫৭৫ খানি
৪র্থ শ্রেণী (৪টি বই)	২২,৭০,০০০ খানি
৫ম শ্রেণী (৫টি বই)	১৭,৬০,৩০০ খানি

(গ)　১৯৮১ … ৬০,০০,০০০

১৯৮২ … ৬৪,৯১,৮৮৪

১৯৮৩ … ৬৮,৫২,১৫২

আরামবাগ শহরে ফায়ার ব্রিগেড কেন্দ্র স্থাপন

৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আরামবাগ শহরে বিগত ১৯৮০ সালে ফায়ার ব্রিগেড কেন্দ্র নির্মাণের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল ;

(খ) সত্য হলে, উক্ত কেন্দ্র এখনও নির্মিত না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাত উক্ত কেন্দ্র নির্মিত হবে বলে আশা করা যায় ?

স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) না, সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বিভিন্ন স্থানে দমকলকেন্দ্র স্থাপনের জন্য একটি অগ্রাধিকার তালিকা আছে। এই তালিকাটি বর্তমানে পর্যালোচনা করা হইতেছে। এই পর্যালোচনার কাজ সম্পন্ন হইবার পর উল্লিখিত প্রশ্ন সম্পর্কে তথ্যাদি দেওয়া সম্ভব হইবে।

গ্রামীণ জনস্বাস্থ্য প্রকল্পে পদের বিভিন্ন নামকরণ

৬১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৫।) **শ্রীসুরেশ সিংহ:** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামীণ জনস্বাস্থ্য কর্মীরা বিভিন্ন থানায় বিভিন্ন নামে যথা সি এইচ ভি, সি এইচ ডাব্লিউ এবং সি এইচ জি নামে পরিচিত ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) না। গ্রামীন জনস্বাস্থ্য কর্মীরা বর্তমানে হেল্থ গাইড্স্ বা স্বাস্থ্য সহায়ক নামে পরিচিত, ফলে রাজ্যের বিভিন্ন

এলাকায় বিভিন্ন নামে পরিচিত হবার কোন কারণ নেই। তবে এই প্রকল্পের কাজ শুরু হবার পর থেকে এই কর্মীদের নাম দু'তিন বার বদল হবার ফলে জনসমক্ষে কিছু বিভ্রান্তি থেকে যাওয়া অস্বাভাবিক নয়।

(খ) গ্রামীণ জনস্বাস্থ্য রক্ষা স্বেচ্ছাসেবী প্রকল্পটি কেন্দ্রীয় স্বাস্থ্য দপ্তরের একটি প্রকল্প। এই প্রকল্পের শতকরা একশ ভাগ খরচই কেন্দ্রীয় সরকার বহন করেন কেন্দ্রীয় স্বাস্থ্য দপ্তর নির্দেশাবলী অনুযায়ী রাজ্য স্বাস্থ্য দপ্তর এই প্রকল্পের কাজ চালান। ফলেই এই সব স্বেচ্ছাসেবী কর্মীদের নাম পরিবর্তনের ব্যাপারে রাজ্য সরকারের কোন হাত নেই।

বাঁকুড়া জেলার রাইপুর সার্কেলকে বিভক্তিকরণ

৬১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৬।) **শ্রীউপেন্দ্র কিস্কু**: শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার রাইপুর সার্কেলকে দু'টি ভাগে ভাগ করার পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্য হইলে, কতদিনে উহা কার্যকরী হইবে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) না।

(খ) প্রশ্নই উঠে না।

মেদিনীপুর জেলার মৈতনা উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার

৬১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২০।) **শ্রীঅবন্তী মিশ্র**: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার রামনগর ২ নং ব্লকের অন্তর্গত ৬ শয্যাবিশিষ্ট মৈতনা উপস্বাস্থ্যকেন্দ্রের মেন বিল্ডিং এবং স্টাফ কোয়ার্টারগুলি সংস্কার করার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) উপস্থিত কোন প্রস্তাব নাই। বিষয়টি বিবেচনা করে দেখা হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

বুধপুর সেতু ও পেয়ালচাল ঘাট পর্যন্ত রাস্তার নির্মাণকার্য

৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৩।) **শ্রীকমলাকান্ত মাহাতো ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বাঁকুড়ার কংসাবতী নদীর উপর বুধপুর সেতুর নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) বুধপুর সেতু হইতে মানবাজার বাঁকুড়া পুরাতন সড়কপথ পর্যন্ত সংযোগকারী রাস্তাটির উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং (গ) থাকিলে, ঐ সংযোগকারি রাস্তাটির কাজ কতদিনে আরম্ভ ও সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় ঃ (ক) শেষ হইয়াছে।

(খ) ও (গ) মাননীয় সদস্য বোধ হয় বুধপুর পেয়ারীচালঘাট রাস্তার কথা বলিতেছেন। এই রাস্তা পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে, তবে ইহার কাজ আরম্ভ করা ও শেষ হওয়া উপযুক্ত আর্থিক সংস্থানের উপর নির্ভর করিতেছে।

পুরুলিয়া জেলায় গ্রামীণ হাসপাতালের সংখ্যা

৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৬।) **শ্রীগোবিন্দ বাউরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি গ্রামীণ হাসপাতাল আছে এবং তার মধ্যে কতগুলিতে অ্যাম্বুলেন্স নেই ; এবং

(খ) প্রয়োজনীয় অ্যাম্বুলেন্স দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) একটি গ্রামীণ হাসপাতাল আছে। ঐ হাসপাতালে কোন অ্যাম্বুলেন্স নেই।

(খ) অ্যাম্বুলেন্স ক্রয় করার জন্য সরকারী আদেশ দেওয়া হয়েছে। আশা করা যায় শীঘ্রই অ্যাম্বুলেন্স দেওয়া যাবে।

পুরুলিয়া জেলার বিভিন্ন হাসপাতালে ডাক্তার ও কর্মচারীদের শূন্য পদ

৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭০।) **শ্রীগোবিন্দ বাউরি ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বিভিন্ন হাসপাতালে ডাক্তার ও তৃতীয়, চতুর্থ শ্রেণী কর্মচারীর কতগুলি পদ শূন্য আছে ; এবং

(খ) উক্ত শূন্য পদ পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) ২১টি ডাক্তারের, ১৫৭টি নার্সের, ১৩টি ফার্মাসিস্টের, ২টি মেডিক্যাল টেকনোলজিস্টের (ল্যাবরেটরী), ৪টি

ফিজিওথেরাপিস্টের, ২টি অপথ্যালমিক অ্যাসিস্টান্টের এবং ১১টি গ্রুপ 'ডি' কর্মচারীর পদ খালি আছে।

(খ) ডাক্তারের শূন্য পদগুলি পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্বাচিত প্রার্থী দ্বারা পূরণ করার চেষ্টা হচ্ছে। নার্সের শূন্য পদগুলি উপযুক্ত ট্রেনিং ও বদলীর মাধ্যমে পূরণের চেষ্টা হচ্ছে। ফার্মাসিস্টের শূন্য পদগুলি ফার্মাসিস্ট ইনস্টিটিউট থেকে পাশ করা ছাত্রদের দ্বারা পূরণ করার চেষ্টা হচ্ছে। ফিজিওথেরাপিস্ট ও অপথালমিক অ্যাসিস্টান্টের পদগুলি প্যানেল থেকে পূরণের চেষ্টা হচ্ছে।

মেডিক্যাল টেকনোলজিস্ট ও গ্রুপ 'ডি' কর্মচারীর পদগুলি কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে পূরণ করার চেষ্টা হচ্ছে।

বড়জোড়া থানায় কতিপয় ব্যক্তি বনাম রাজ্য সরকারের মামলা

৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৩।) **শ্রীলালবিহারী ভট্টাচার্য:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়া থানার—

(১) কপিলদাস মোহান্ত, গোপালদাস মোহান্ত বনাম রাজ্য সরকার

(২) অনাথবন্ধু কর্মকার বনাম রাজ্য সরকার,

(৩) মদনমোহন হাঠ বনাম রাজ্য সরকার,

(৪) রামসুন্দর রায় বনাম রাজ্য সরকার,

মামলাগুলিতে মোট কত খাসজমি বিচারাধীন অবস্থায় আছে ;

(খ) উক্ত মামলাগুলি কতদিন ধরে চলছে ; এবং

(গ) উক্ত মামলাগুলিতে রাজ্য সরকারের পক্ষ থেকে অ্যাডভোকেট নিয়োগ করা হয়েছে কি ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহোদয়: (ক) মামলাগুলিতে আবদ্ধ পরিমাণ যথাক্রমে—

৪৯.২৫ একর, ২৯.৪৮ একর, ৪৮.২৫ একর এবং ৪৯.২৫ একর।

(খ) মামলা কটি যথাক্রমে প্রায় সাত বছর, চার বছর, দু'বছর এবং সাত বছর ধরে চলছে।

(গ) হ্যাঁ।

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে কর্মচারী নিয়োগ

৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০২।) **শ্রীযোগীলাল মণ্ডল:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে অদ্যাবধি (১৫ই মার্চ, ১৯৮৩) নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে কতজন কর্মচারী নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) উক্ত সংস্থার বাসের সংখ্যা বর্তমানে কত ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) ৪০২ জন।

(খ) ৩৯টি বাতিলযোগ্য বাস সহ মোট বাসের সংখ্যা ৪৫৫ (১১-৪-১৯৮৩ তারিখে)।

গো-পালন ও দুগ্ধ উৎপাদন কেন্দ্র

৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৩।) **শ্রীযোগেন্দ্রনাথ সিংহরায় :** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১ নং পঞ্চায়েত সমিতির অধীন দক্ষিণ চকোয়াখেতি মৌজার খয়েরবাড়ীতে তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগ কর্তৃক গো-পালন ও দুগ্ধ উৎপাদন কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

জলপাইগুড়ি জেলায় সুগার মিল

৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৫।) **শ্রীধীরেন্দ্রনাথ রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় সুগার মিল করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে এক্স-রে প্লেট সরবরাহ

৬২০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯৮।) **শ্রীশান্তিরাম মাহাত, শ্রীসুভাষচন্দ্র মাহাত ও শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মফঃস্বল মেডিকেল কলেজ ও হাসপাতালগুলি সহ কলিকাতা শহরতলীর কলেজ ও হাসপাতালগুলিতে এক্স-রে প্লেট ঠিকমত সরবরাহ করা হয় কি :

(খ) উক্ত কলেজ ও হাসপাতালগুলিতে কয় রকমের এক্স-রে প্লেট সরবরাহ করা হয়ে থাকে ;

(গ) মহকুমা ও সদর হাসপাতাল সহ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এক্স-রে করার কোন ব্যবস্থা আছে কিনা ;

(ঘ) বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে এক্স-রে সহ ডিপ এক্স-রে থেরাপি যন্ত্রটি চালু আছে কি ; এবং

(ঙ) অল্প মূল্যের এক্স-রে প্লেট সরবরাহের জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন কি ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ, সরবরাহ করা হয়ে থাকে।

(খ) দুই রকমের।

(গ) মহকুমা ও সদর হাসপাতালগুলিতে এক্স-রে করার ব্যবস্থা আছে। কয়েকটি অধিক শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ছাড়া অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এক্স-রে করার ব্যবস্থা নেই।

(ঘ) বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালে এক্স-রে করার ব্যবস্থা আছে। উক্ত হাসপাতালে ডিপ এক্স-রে থেরাপি এখনও চালু হয় নাই।

(ঙ) না।

সরকারী/বেসরকারী বাসের ভাড়া

৬২১। (অনুমোদিত প্রশ্ন নং ২১১১।) **শ্রীমনোরঞ্জন নাথ ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৫ই মার্চ ১৯৮৩ হইতে সাত কিলোমিটার, বারো কিলোমিটার এবং বারো কিলোমিটারের উর্ধ্বে দূরত্ব অনুযায়ী সরকারী/বেসরকারী বাসের ভাড়া নিরূপণ করার দায়িত্ব আর. টি. এ. সংস্থার উপর অর্পণ করা হইয়াছিল ;

(খ) সত্য হইলে, আর. টি. এ. যে ঐসব দূরত্ব সঠিকভাবে নিরূপণ করিয়াছে, তাহার প্রমাণ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগ পাইয়াছেন কি ; এবং

(গ) (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ১২বি বে-সরকারী বাসরুটের নিম্নলিখিত স্থানের দূরত্ব কত—

(১) আকড়া ফটক হইতে সাউথ-ইস্টার্ন রেলওয়ের (বি. এন. আর) সদর দপ্তর,

(২) বড়তলা হইতে খিদিরপুর,

(৩) মেটিয়াব্রুজ থানা হইতে খিদিরপুর,

(৪) মেটিয়াব্রুজ থানা হইতে ধর্মতলা,

(৫) আকড়া ফটক হইতে ধর্মতলা,

(৬) বড়তলা হইতে ধর্মতলা ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলার রঘুনাথপুরে পানীয় জল সরবরাহের পরিকল্পনা

৬২২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪০।) **শ্রীগোবিন্দ বাউরী ঃ** স্বাস্থ্য পরিবার-কল্যাণ (শহরের জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় রঘুনাথপুর শহরে পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (শহরের জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) হ্যাঁ আছে।

(খ) প্রকল্পটি তৈয়ারী করে কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। ঐ অনুমোদন এখনও পাওয়া যায় নি।

কেন্দ্রীয় সরকারের মালিকানায় নতুন শিল্প স্থাপন

৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৮।) **শ্রীকমল সরকার ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে রাজ্যে কেন্দ্রীয় সরকারের মালিকানায় কোনো নতুন শিল্প প্রতিষ্ঠিত হয়েছে কিনা ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোথায় কি কি শিল্প প্রতিষ্ঠিত হয়েছে ?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন সংস্থা মোট ৩০টি শিল্প প্রকল্প রূপায়িত করিয়াছে।

(খ) একটি বিবরণী সংলগ্ন করা হইল।

The Statement referred to clause 'Kha' of unstarred question No. 2158

N.A.—New Article, S.E.—Substantial Expansion, N.U.—New Unit.

	Name of the Company	Type of the project	Item of manufacture	Location
1.	Smith Stainstrest and Co. Ltd.	N.A.	Capsules such as Oxytetra Cycline	Calcutta
2.	Smith Stainstrest and Co. Ltd.	N.A.	Chloroquine etc.	Calcutta
3.	Andrew Yule and Co. Ltd.	N.A.	Cyclonis., Celluas etc.	Calcutta
4.	Jessop and Co. Ltd.	N.A.	Shnttleu Dmpears.	Calcutta
5.	National Instruments Ltd.	N.A.	Domestic Gas Meters	Calcutta
6.	Braithwate and Co. Ltd.	N.A.	Cake and Pusher and Celluler Machine	Calcutta
7.	Mining and Allied Machinery Corporation Ltd.	N.A.	Self-advancing powered root supporters	Durgapur
8.	Andrew Yule and Co. Ltd.	N.A.	Industrial Fans	Kalyani
9.	Garden Reach Shipbuilders and Engineers Ltd.	N.A.	Mine Haulages flors proof sedium duty	Calcutta
10.	Andrew Yule and Co. Ltd.	S.E.	FLP Airbrake Circuit Breakers etc.	Kalyani
11.	Bengal Chemicals and Pharmaceutical Works Ltd.	N.A.	Erythromycin Estolate etc.	Calcutta
12.	Bengal Chemicals and Pharmaceutical Works Ltd.	N.A.	Ampicillin Dry Syrup etc.	Calcutta
13.	Bengal Chemicals and Pharmaceutical Works Ltd.	N.A.	Oxytetracycline Capsuls etc.	Calcutta
14.	Bengal Immunity Co. Ltd.	N.A.	Gentamycine injection	Calcutta
15.	Smith Stainstrest and Co. Ltd.	N.A.	Tablets, capsules, injections etc.	Calcutta
16.	Bengal Chemicals and Pharmaceutical Works Ltd.	N.A.	Primaquene Tab. Tetramisale HCL.	Calcutta
17.	Bridge and Roof Co. (India) Ltd.	N.A.	Marine Freight Containers	Howrah

18.	Andrew Yule and Co. Ltd.	Nil	Electro Magnetic Contractors etc.	Calcutta
19.	Bengal Immunity Co. Ltd.	N.A.	15—Formulation in the forms of ointments, tablets etc.	Calcutta
20.	Bengal Immunity Co. Ltd.	N.A.	Ascacid B. I. Tablets	Calcutta
21.	Bharat Petroleum Corpn. Ltd.	S.E.	Blending/Manufacturing of motor oils industrial lubricants	Budge Budge
22.	Garden Reach Shipbuilders and Engineers Ltd.	N.A.	Boat Davits	Calcutta
23.	The Bengal Immunity Co. Ltd.	S.E.	Magnesium Hydroxide Cake etc.	Calcutta
24.	Garden Reach Shipbuilders and Engineers Ltd.	N.A.	Boat Davits	Calcutta
25.	Mining and Allied Machinery Corporation Ltd.	N.A.	Floppy Disc Droves	Durgapur
26.	Mining and Allied Machinery Corporation Ltd.	N.A.	Matrix Printers	Durgapur
27.	Bengal Chemicals and Pharmaceutical Works Ltd.	N.A.	Anoxycillin Ampicillin etc.	Calcutta
28.	Burn Standard Co.	N.A.	Coal Handling Plants and Spares	Burnpur
29.	Burn Standard Co.	N.A.	Coal Handling Plants and Spares	Howrah
30.	Hooghly Docking and Engg. Co.	N.A.	Chain grate stoker	Howrah

Industrial Licences and letter of intents

(Admitted Question No. 2191.)

624. **Shri Sumanta Kumar Hira** : Will the Minister-in-Charge of the Commerce and Industries Department be pleased to state the year-wise numbers of applications made of industrial licences, letters of intent granted and licences issued to applicants in the State in 1976-1982.

Minister-in-Charge of the Commerce and Industries Department : The year-wise numbers of applications made for industrial licences, the letters of intent granted and licences issued are given below :

Year	Applications made	Letters of intent granted	Industrial Licences issued.
1976	107	42	57
1977	89	44	42
1978	131	31	23
1979	102	28	30
1980	129	55	25
1981	114	43	34
1982	325	38	27

সংস্কৃত পঠন-পাঠন উন্নয়নের জন্য কমিটি গঠন

৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সংস্কৃত বিষয়ক পাঠ্যসূচী, অধ্যাপকদের বেতনক্রম, সংস্কৃত পঠন-পাঠন উন্নয়ন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে রাজ্য সরকার প্রায় এক বৎসর পূর্বে একটি কমিটি গঠন করিয়াছেন ;

(খ) সত্য হইলে, উক্ত কমিটি আজ পর্যন্ত কোন রিপোর্ট দাখিল করিয়াছেন কিনা ;

(গ) সংস্কৃত টোলগুলির আর্থিক দুরবস্থা দূর করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(ঘ) বাঁকুড়া জেলার সংস্কৃত টোলগুলির আর্থিক দুরবস্থার কারণ কি ?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত কমিটি এখনও কোন রিপোর্ট দাখিল করেন নি।

(গ) ও (ঘ) উক্ত কমিটির রিপোর্ট পাওয়ার পর সরকার বিষয়টির বিবেচনা করিবেন।

পশ্চিমবঙ্গে কলেজের সংখ্যা

৬২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪০।) **শ্রীঅবিনাশ প্রামাণিকঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কতগুলি কলেজ আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি গ্রামাঞ্চলে অবস্থিত ; এবং

(গ) বর্তমান শিক্ষাবর্ষে নতুন কোন কলেজ স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি ?

শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কলেজের মোট সংখ্যা (মেডিকেল কলেজ বাদে)—

১। কলা/বিজ্ঞান/বাণিজ্য

সরকারী কলেজ	১৫টি
বেসরকারী কলেজ	২৪৯টি

২। ইঞ্জিনীয়ারিং ও কারিগরী কলে

সরকারী কলেজ	৬টি
বেসরকারী কলেজ	২টি

৩। শিল্পকলা কলেজ

সরকারী কলেজ	১টি।
বেসরকারী কলেজ	১টি।

৪। বি. এড. কলেজ

সরকারী কলেজ	৯টি।
বেসরকারী কলেজ	১৬টি।

৫। সঙ্গীত কলেজ

বেসরকারী কলেজ	২টি।
	মোট ৩০১টি

(খ) আনুমানিক ৬৫টি কলেজ।

(গ) বর্তমান শিক্ষাবর্ষে (১৯৮২-৮৩) নতুন কোন কলেজ স্থাপনের পরিকল্পনা আপাতত নেই।

সাব-হেল্‌থ সেণ্টার

৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৫।) শ্রীসেখ ইমাজুদ্দিন : স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি সাব-হেল্‌থ সেণ্টার আছে; এবং

(খ) নতুন সাবসেণ্টার খোলার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) ৪,২১৬টি সাবসেণ্টার (উপকেন্দ্র) আছে।

(খ) হ্যাঁ, আছে।

কল্যাণপুর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় ক্ষতিগ্রস্ত

৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৪।) শ্রীনিতাইচরণ আদক : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ১৯৭৮ সালের বন্যায় হাওড়া জেলার কল্যাণপুর কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বহুলাংশে ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত লাইনগুলি কবে নাগাদ পুনরায় মেরামত করিয়া বিদ্যুৎ সরবরাহ করা যাইবে বলিয়া আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) হ্যাঁ।

(খ) আশা করা যায় ১৯৮৩-৮৪ সালের মধ্যে বিনষ্ট যন্ত্রপাতিগুলি পুনরায় স্থাপন করা যাবে।

চন্দ্রকোণা-গড়বেতা থানার শ্রীনগর-কল্যাণচক রাস্তা

৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৮।) **শ্রীশুভেন্দু মণ্ডল ও শ্রীউমাপতি চক্রবর্তী** : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোণা-গড়বেতা থানায় অবস্থিত শ্রীনগর-কল্যাণচক রাস্তাটিতে কত মাইল ব্ল্যাক টপ্ করার পরিকল্পনা আছে ;

(খ) ঐ রাস্তায় প্রাথমিক পর্যায়ে আর্থ ওয়ার্ক ও মুরাম ফেলার কাজ কত মাইল সম্পূর্ণ হইয়াছে ; এবং

(গ) উক্ত রাস্তার কাজ (১) বর্তমানে কোন্ পর্যায়ে আছে, এবং (২) কবে নাগাদ উহার কাজ শেষ হইবে ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) প্রায় ১৪ কিমি।

(খ) ও (গ) রাস্তাটির মাটির কাজ প্রায় শেষ হয়ে এসেছে এবং যথাসময়ে 'খ' স্তরের কাজ শুরু করা হবে। প্রয়োজনীয় অর্থ সংস্থানের ওপর এর কাজ শেষ হওয়া নির্ভর করছে।

বাসুলিয়া স্বাস্থ্যকেন্দ্রের এক্স-রে যন্ত্র

৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৩।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি** : স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় বাসুলিয়া স্বাস্থ্য কেন্দ্রের এক্স-রে যন্ত্রটি অচল অবস্থায় আছে ; এবং

(খ) সত্য হইলে, এই এক্স-রে যন্ত্র কতদিনে চালু হইবে বলিয়া আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) হ্যাঁ।

(খ) শীঘ্রই চালু করার চেষ্টা চলছে।

গ্রামসেবক ও প্রশিক্ষণ ব্যবস্থা

৬৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৩।) **শ্রীব্রজগোপাল নিয়োগী** : পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে গ্রামসেবকের সংখ্যা কত ;

(খ) উক্ত গ্রামসেবকদের মধ্যে কতজন কৃষি শাখা ও কতজন উন্নয়ন শাখার সঙ্গে যুক্ত ;

(গ) হুগলী জেলায় গ্রামসেবকের সংখ্যা কত ; এবং

(ঘ) গ্রামসেবকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা কি কি আছে ?

পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) মোট ৩,৮৩১।

(খ) পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের সঙ্গে যুক্ত গ্রামসেবকের সংখ্যা ২,৯৬৬। কৃষি বিভাগের সঙ্গে যুক্ত গ্রামসেবকের সংখ্যা ৮৬৫।

(গ) হুগলী জেলায় গ্রামসেবকের সংখ্যা ১৭৪।

(ঘ) গ্রামসেবকদের প্রশিক্ষণের জন্য কৃষি বিভাগের অধীনে ৭টি প্রশিক্ষণ কেন্দ্র আছে, যথা—কুচবিহার, বালুরহাট, মালদহ, বর্ধমান, ফুলিয়া (নদীয়া) ও নরেন্দ্রপুর (২৪-পরগনা, রামকৃষ্ণ মিশন আশ্রম কর্তৃক পরিচালিত)—

(১) ২ বছরের ইন্টিগ্রেটেড কোর্স (চাকুরির পূর্বে) ;

(২) ১ বছরের আপ-গ্রেডেড কোর্স ;

(৩) ৬ মাসের রিফ্রেসার কোর্স ;

(৪) ৪ মাসের সয়েল কনজারভেশন ট্রেনিং কোর্স (একমাত্র মেদিনীপুর শহরে সয়েল কনজারভেশন ট্রেনিং সেন্টার-এ হয়ে থাকে)।

বিড়ি শ্রমিকের ন্যূনতম মজুরী

৬৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৪।) **শ্রীঅরুণকুমার গোস্বামী, শ্রীঅবন্তি মিশ্র, শ্রীকাশীনাথ মিশ্রঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার বিড়ি শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরী চালু হইয়াছে কি ;

(খ) বাঁকুড়া জেলার ২২২ নং ফটো বিড়ি সহ কয়েকটি কারখানা বন্ধ আছে কি ; এবং

(গ) বিড়ি শ্রমিকদের আর্থিক দুরবস্থা দূর করবার জন্য সরকার পক্ষ থেকে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রম বিভাগে মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, চালু আছে।

(খ) বাঁকুড়া জেলায় একটি বিড়ি কারখানা বন্ধ আছে। এ ছাড়া ২২২নং ফটো বিড়ি কারখানাটি ৫-৩-১৯৮৩ থেকে বন্ধ ছিল। জানা গিয়েছে যে, একটি দ্বিপাক্ষিক

চুক্তির মাধ্যমে কর্মচারীরা ক্ষতিপূরণ গ্রহণ করেছেন। সব কর্মচারী ক্ষতিপূরণ গ্রহণ করেছেন কিনা তা খোঁজ নিয়ে দেখা হচ্ছে।

(গ) বিড়ি শ্রমিকদের আর্থিক দুরবস্থা দূর করবার জন্য সরকার সম্প্রতি ন্যূনতম মজুরী সংশোধিত করেছে, যদিও মহামান্য হাইকোর্টের আদেশে এর প্রয়োগ স্থগিত রয়েছে। তাছাড়া সরকার বিভিন্ন স্তরে আলোচনার মাধ্যমে এই সমস্যা সমাধানের চেষ্টা করছে। নিয়ম-ভঙ্গকারী মালিকদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। বহুক্ষেত্রে বিকল্প কর্মসংস্থানের সুযোগ না থাকায় শ্রমিকরা দ্বিপাক্ষিকভাবে ন্যূনতম মজুরীর চেয়ে নিম্ন হারে কাজ করছেন। ফলে সরকার পক্ষে কিছু করা সম্ভব হচ্ছে না।

রঘুনাথগঞ্জ-মঙ্গলমারী রাস্তার কাজ

৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৯।) **শ্রীহাবিবুর রহমান**ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মঙ্গলমারী সাঁকো হইতে মালডোবা হইয়া রঘুনাথগঞ্জ কুলতলা পর্যন্ত রাস্তাটি পাকা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত রাস্তাটির কাজ শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ও (খ) রঘুনাথগঞ্জ কুলতলা মোঙ্গলমারী সাঁকো পর্যন্ত একটি রাস্তা পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে এবং ইহার কাজ চলিতেছে। ইহার কাজ শেষ হওয়া প্রয়োজনীয় আর্থিক সঙ্কুলানের উপর নির্ভর করিতেছে।

মালদার মাল্টিপারপাস ফিমেল হেল্‌থ ওয়ার্কার্সদের নিয়োগপত্র

৬৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৭।) **শ্রীযোখীলাল মণ্ডল**ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৩১শে মার্চ পর্যন্ত ১৯৮১-৮৩ সালের ট্রেনিং প্রাপ্ত মালদার মাল্টিপারপাস ফিমেল হেল্‌থ ওয়ার্কার (রিভাইজড এ. এন. এম.) সেবিকারা অ্যাপয়েন্টমেন্ট পান নাই; এবং

(খ) সত্য হইলে, এই মাল্টিপারপাস ফিমেল হেল্‌থ ওয়ার্কার-রা কবে নাগাদ অ্যাপয়েন্টমেন্ট পাবেন?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ইহা সত্য।

(খ) এই মাল্টিপারপাস ফিমেল হেল্থ ওয়ার্কারদের নিয়োগপত্র প্রস্তুত হচ্ছে এবং খুব শীঘ্রই প্রেরিত হবে।

ছেঁদাপাথর উলফ্রাম

৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৬।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ছেঁদাপাথর উলফ্রাম খনিতে কতজন শ্রমিক কাজ করেন;

(খ) খনিটি সরকারী মালিকাধীন কিনা; এবং

(গ) উক্ত খনির শ্রমিকগণ সরকারী নিয়মানুযায়ী মজুরী, বোনাস ও অন্যান্য সুযোগ-সুবিধা নিয়মিত পান কি?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) প্রায় ৪০০ জন।

(খ) না।

(গ) শ্রমিকগণ গত ৪/৫ মাস ধরে বেতন পাচ্ছেন না বলে অভিযোগ আছে। বোনাস ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যাপারে কোন তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নি। তবে সাধারণভাবে অভিযোগ যে, তাঁদের বেতনের হার কম ও চাকুরির শর্তাবলী সন্তোষজনক নয়।

শ্রীরামপুরস্থিত বেঙ্গল বেল্টিং কারখানা

৬৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮৬)। **শ্রীভুপাল পাণ্ডাঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার শ্রীরামপুরে অবস্থিত বেঙ্গল বেল্টিং কারখানায় ১৯৮১ সালের ডিসেম্বর হইতে উৎপাদন বন্ধ ছিল এবং ১৯৮২ সালের ৭ই অক্টোবর হইতে ক্লোজার চলিতেছে;

(খ) সত্য হইলে, উহার কারণ কি;

(গ) উক্ত মিলটি চালু করিবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি; এবং

(ঘ) হইয়া থাকিলে, কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮২ সালের জানুয়ারী মাস হইতে উৎপাদন সম্পূর্ণ বন্ধ ছিল এবং ৭-১০-১৯৮২ তারিখ হইতে কারখানা ও হেড অফিসে ক্লোজার চলিতেছে।

(খ) অর্থাভাব এবং ব্যাঙ্ক অথবা অন্য কোন আর্থিক সংস্থার নিকট হইতে আর্থিক সাহায্য না পাওয়া ক্লোজারের কারণ হিসাবে দেখান হইয়াছে।

(গ) ও (ঘ) সরকারের পক্ষ হইতে মীমাংসার জন্য বহুবার চেষ্টা করা হইয়াছে, কিন্তু মালিকপক্ষ আলোচনায় অংশগ্রহণ না করায় এ ব্যাপারে বেশীদূর অগ্রসর হওয়া সম্ভব হয় নাই। এখনও মীমাংসার চেষ্টা চলিতেছে।

শ্রীরামপুরের বেঙ্গল বেল্টিং-এর মালিকগণের বিরুদ্ধে সেলস্‌ট্যাক্স আত্মসাতের অভিযোগ

৬৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮৭।) **শ্রীভুপাল পাণ্ডা:** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার অন্তর্গত শ্রীরামপুরে বেঙ্গল বেল্টিং-এর মালিকগণের বিরুদ্ধে সেলস্‌ট্যাক্স আত্মসাতের কোন অভিযোগ সরকারের নিকট আছে কি ;

(খ) থাকিলে—

(১) ঐ বকেয়া টাকা কোন্ বৎসরের পাওনা, ও

(২) উক্ত টাকা আদায়ের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) ইহা কি সত্য যে উক্ত মিলের কাজকর্ম ১৯৮১ সালের ডিসেম্বর মাস থেকে বন্ধ আছে ?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) বেঙ্গল বেল্টিং ওয়ার্কাস লিমিটেড-এর মালিকগণ কর্তৃক বিক্রয়কর আত্মসাতের কোন অভিযোগ কোন ব্যক্তির নিকট হইতে নথিভুক্ত হয় নি। তথাপি কয়েক বৎসরের নিরূপিত বিক্রয় কর অনাদায়ী আছে।

(খ) (১) বকেয়া অনাদায়ী নিরূপিত করের বিশদ বিবরণ নিম্নে দেওয়া হইল :

নিরূপিত বৎসর জুলাই হইতে জুন)	১৯৪১ খৃষ্টাব্দের বঙ্গীয় অর্থ (বিক্রয়কর) আইনে	কেন্দ্রীয় বিক্রয়কর সংক্রান্ত ১৯৫৬ সালের আইনে	মোট
১৯৭৪-৭৫	৬,০৮৫.১৮	৭,৭৮৬.৮৪	১৩,৮৭২.০২
১৯৭৫-৭৬	৪,১২৪.০৯	১৯,৫৫৪.১১	২৩,৬৭৮.২০
১৯৭৬-৭৭	১৫,৪১৭.৮৬	১,৫২,০৪৬.৫২	১,৬৭,৪৬৪.৩৮
১৯৭৭-৭৮	৭৩,৪৫০.৪৭	২,৩৭,৮৫১.৯২	৩,১১,৩০২.৩৯
সর্বমোট	৯৯,০৭৭.৬০	৪,১৭,২৩৯.৩৯	৫,১৬,৩১৬.৯৯

(২) ১৯৭৬-৭৭-এর নিরূপিত করের বিরুদ্ধে উর্ধ্বতন উপযুক্ত কর্তৃপক্ষের নিকট মালিকগণ কর্তৃক আবেদন গৃহীত হইতে হইয়াছে। অন্যান্য বৎসরের নিরূপিত কর আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(গ) সরকারী নথিপত্র হইতে যতদূর জানা যায় যে, বেঙ্গল বেল্টিং ওয়ার্কস লিমিটেড-এর প্রধান কার্যালয় ও উহার হুগলী জেলাস্থিত কারখানায় ১৯৮২ সালের ৭ই অক্টোবর হইতে মালিকগণ কর্তৃক 'ক্লোজার' ঘোষিত হইয়াছে।

মেদিনীপুর জেলার সবং থানায় পানীয় জল সরবরাহ

৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৬।) **ডাঃ মানস ভুঁইয়াঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানায় পাইপ লাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহ প্রকল্পের কোন পরিকল্পনা সরকার নিয়েছেন কি ;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোন্ কোন্ মৌজায় ঐ পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(গ) কবে নাগাদ ঐ পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয়

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত পাঁচটি মৌজার উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত :

(১) জলবিন্দু,

(২) কুন্দলপাল,

(৩) শানতা,

(৪) কুন্দলপাল-বাতিটাকী, এবং

(৫) সবং।

(গ) প্রকল্পটির জন্য জমি অধিগ্রহণের প্রস্তাব জেলা প্রশাসনের কাছে পাঠানো হয়েছে। জমি অধিগ্রহণের পর প্রকল্পটির কাজ শুরু হবে। জমি অধিগ্রহণ, বিদ্যুৎ সরবরাহ প্রভৃতির কাজ সময়মত সম্পন্ন হলে প্রকল্পটি ষষ্ঠ পরিকল্পনার মধ্যে চালু হবে বলে আশা করা যায়।

সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অধীনে মহিলা সুপারভাইজার

৬৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১১।) **শ্রীউপেন্দ্র কিস্কুঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন ব্লকে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অধীনে সুপারভাইজার হিসাবে কতজন মহিলা কাজ করেন ;

(খ) এর মধ্যে কতজন তফসিলী জাতি ও কতজন তফসিলী উপজাতিভুক্ত; এবং

(গ) উক্ত প্রকল্পে সি. ডি. পি. ও.-র পদে কতজন কর্মরত আছেন ও তন্মধ্যে তফসিলী জাতি ও উপজাতির সংখ্যা কত।

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১১০ জন।

(খ) তফসিলী জাতি ১৮ জন এবং তফসিলী উপজাতি ৫ জন।

(গ) সি. ডি. পি. ও-এর মোট সংখ্যা ৩২ জন। উহার মধ্যে তফসিলী জাতি ২ জন এবং উপজাতি কেহ নাই।

পশ্চিম বাংলায় উদ্বাস্তু জমির মালিককে লীজ প্রদান

৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২১।) **শ্রীঅরুণকুমার গোস্বামীঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে পশ্চিম বাংলায় কতজন উদ্বাস্তু জমির মালিককে জমি লীজের দলিল দেওয়া হবে; এবং

(খ) ১৯৮৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত কতজন জমির মালিক এই লীজ দলিলে স্বাক্ষর করেছেন?

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ২৩,৮৭৫ জনকে। (নূতন দলিলের ভিত্তিতে)—সরকারী পরিকল্পনায় (গভর্নমেন্ট স্পনসর্ড) ১১,৮৭৫ এবং জবরদখলী জমিতে—১২,০০০।

(খ) ২৩,৩৯৯ জন। পুরানো ও নূতন দলিলের ভিত্তিতে)—সরকারী পরিকল্পনায়—২০,৭৬৮ এবং জবরদখলী জমিতে—২,৬৩১।

ফায়ার সার্ভিসে সংবাদপত্রে বিজ্ঞাপন মারফত লোক নিয়োগ

৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২২।) **শ্রীঅরুণকুমার গোস্বামীঃ** স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮২ সালের মধ্যে ফায়ার সার্ভিস বিভাগে সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে কত লোক নিয়োগ করা হয়েছে; এবং

(খ) কোন্ কোন্ সংবাদপত্রে উক্ত বিজ্ঞাপন দেওয়া হয়েছিল?

স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ৮১৬ জন।

(খ) অমৃতবাজার পত্রিকা এবং বসুমতী পত্রিকা।

পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগীর সংখ্যা

৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৫।) **শ্রীগোবিন্দ বাউরী**ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগীর সংখ্যা কত (জেলাওয়ারী হিসাব)?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগীর সংখ্যার (জেলাওয়ারী হিসাবের) একটি তালিকা নিম্নে সংশ্লিষ্ট হইল:

২৪৩৫ নম্বর প্রশ্নের উত্তরের সংশ্লিষ্ট তালিকা

	জেলা	কুষ্ঠরোগীর সংখ্যা
১।	বাঁকুড়া	৩৫,০০০
২।	বর্ধমান	৩০,০০০
৩।	বীরভূম	৩০,০০০
৪।	কলিকাতা	৭,৫০০
৫।	কুচবিহার	৫,০০০
৬।	দার্জিলিং	৪,০০০
৭।	হুগলী	১৮,০০০
৮।	হাওড়া	২২,০০০
৯।	জলপাইগুড়ি	১৮,০০০
১০।	মালদা	১৭,০০০
১১।	মেদিনীপুর	৮০,০০০
১২।	মুর্শিদাবাদ	১৮,০০০
১৩।	নদীয়া	১৭,০০০
১৪।	পুরুলিয়া	৪০,২৭৫
১৫।	২৪-পরগনা	৫০,০০০
১৬।	পশ্চিম দিনাজপুর	৬,০০০
	মোট	৩,৯৭,৭৭৫

গ্রন্থাগারগুলিকে অনুদান প্রদানের নীতি

৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৮।) **শ্রীহিমাংশু কুঙর**ঃ শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের পূর্বে রাজ্যের গ্রন্থাগারগুলিকে অনুদান দেবার কোন নির্ধারিত নীতি ছিল কিনা ;

(খ) থাকিলে, কোন্ ধরনের গ্রন্থাগারকে কত করে অনুদান দেওয়া হইত ;

(গ) বর্তমান সরকার গ্রন্থাগারগুলির জন্ম কোন নীতি প্রণয়ন করিয়াছেন কিনা ; এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহা কি এবং ঐ সকল গ্রন্থাগারের জন্ম কত পরিমাণ পর্যন্ত অনুদান দেওয়া হয় ?

শিক্ষা (সামাজিক, অপ্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) একটা সাধারণ নীতি ছিল ।

(খ) সরকার পোষিত গ্রন্থাগারগুলির (জেলা গ্রন্থাগার/মহকুমা/শহর গ্রন্থাগার এবং গ্রামীণ/প্রাথমিক/আঞ্চলিক গ্রন্থাগার) ক্ষেত্রে তাদের অনুমোদিত কর্মীদের পুরো বেতন দেওয়া হইত। তা ছাড়া জেলা গ্রন্থাগারগুলির ক্ষেত্রে বাৎসরিক ৫,০০০ টাকা, মহকুমা শহর গ্রন্থাগারগুলির ক্ষেত্রে বাৎসরিক ৩,০০০ টাকা এবং গ্রামীণ/প্রাথমিক/আঞ্চলিক গ্রন্থাগারগুলির ক্ষেত্রে বাৎসরিক ৬০০ টাকা পুস্তক ক্রয় সমেত নৈমিত্তিক ব্যয়ের জন্ম দেওয়া হইত। সরকার-অপোষিত গ্রন্থাগারের ক্ষেত্রে কোন নির্দিষ্ট হার ছিল না ।

(গ) হ্যাঁ, করেছেন ।

(ঘ) বর্তমান সরকার জেলা সমাজশিক্ষা পর্ষদ বা রাজ্য গ্রন্থাগার পরিষদের সুপারিশ ছাড়া সাধারণতঃ কোন অনুদান দেন না। বর্তমানে জেলা গ্রন্থাগারগুলিকে বাৎসরিক ৫০,০০০ টাকা, মহকুমা/শহর গ্রন্থাগারগুলিকে বাৎসরিক ১০,৫০০০ টাকা এবং গ্রামীণ/প্রাথমিক/আঞ্চলিক গ্রন্থাগারগুলিকে বাৎসরিক ৪,০০০ টাকা পুস্তক ক্রয়, সংবাদপত্র, পত্র-পত্রিকা, পুস্তকসংরক্ষণ ও বাঁধাই, আসবাবপত্রাদি ক্রয় নৈমিত্তিক ব্যয় ও ভ্রাম্যমাণ পুস্তক শাখার জন্ম দেওয়া হয়। এ ছাড়া সরকার কর্মীদের পুরো বেতনভার বহন করেন। সরকার পোষিত গ্রন্থাগারগুলির ক্ষেত্রে কোন উচ্চসীমা নেই। সাধারণতঃ ২৫/৩০ হাজারের বেশী অনুদান দেওয়া হয় না।

পুরুলিয়া জেলার পলিটেকনিকের আসন সংখ্যা

৬৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪১।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝিঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় পলিটেকনিকের ছাত্রছাত্রী ভর্তির মোট আসনসংখ্যা কত ; এবং

(খ) তার মধ্যে (১) তফসিলী জাতি ও (২) উপজাতি ছাত্রছাত্রীদের সংখ্যা কত ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১১০টি।

(খ) (১) ১৮টি এবং (২) ৬টি।

মেদিনীপুর জেলার সোয়াদীঘি ও শিমুলিয়া রাস্তার কাজ

৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫১।) **শ্রীপ্রশান্ত প্রধানঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সোয়াদীঘি শিমুলিয়া রাস্তার কাজের জন্য বর্তমান আর্থিক বৎসরে কোন টাকা ধার্য করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তার কাজ শুরু এবং শেষ হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) ও (খ) চলতি আর্থিক বছরে নিয়মমাফিক সামান্য অর্থ ধার্য করা হলেও ন্যূনতম প্রয়োজনীয় অর্থ সংস্থানের পর রাস্তার কাজ শুরু করা যাবে বলে আশা করা যায়।

কলেরা রোগের প্রাদুর্ভাব

৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬১।) **শ্রীঅনাদি মল্লঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় কলেরা রোগের প্রাদুর্ভাব হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহা প্রতিরোধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয়ঃ (ক) শুধু মেদিনীপুর জেলায় আন্ত্রিক রোগের প্রাদুর্ভাবের খবর পাওয়া গেছে।

(খ) (১) আক্রান্ত এলাকায় কলেরা প্রতিষেধক টিকা প্রদান করা হয়।

(২) পানীয় জল জীবাণু মুক্ত করা হয়।

(৩) জনস্বাস্থ্য সম্বন্ধে জনসাধারণকে পরামর্শ দান করা হয়—যেমন বিশুদ্ধ জল

পান করা, খাবার ঢাকা রাখা, রুগীর মলমূত্র ইত্যাদি জীবাণুনাশক ঔষধ দিয়ে শোধন করা, প্রভৃতি।

পশ্চিমবঙ্গের বিভিন্ন মিষ্টান্ন দোকানগুলি হইতে বিক্রয়কর বাবদ অর্থ আদায়

৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬৫।) **শ্রীসুভাষচন্দ্র মাহাতো, শ্রীশান্তিরাম মাহাতো, শ্রীকাশীনাথ মিশ্র**ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন মিষ্টান্ন দোকানগুলিতে বিক্রয়কর বাবদ ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ সালে কত টাকা আদায় হয়েছে; এবং

(খ) উক্ত বিক্রয়কর কতজন মিষ্টান্ন ব্যবসায়ীর নিকট হইতে আদায় করা হয়েছে?

অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ সালে বিক্রয়কর আদাদের পরিমাণ যথাক্রমে ২৩ লক্ষ টাকা (আনুমানিক) ও ২৫ লক্ষ ৩০ হাজার টাকা (আনুমানিক)।

(খ) উপরোক্ত বিক্রয়কর আনুমানিক ৩৬৫ জন রেজিস্টার্ড মিষ্টান্ন বিক্রেতার নিকট হইতে আদায় করা হয়েছে।

পশ্চিমবাংলার কৃতি ও অবসরপ্রাপ্ত খেলোয়াড়দের আর্থিক সাহায্য

৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬৯।) **শ্রীসুভাষ মাহাতো** এবং **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কৃতি ও অবসরপ্রাপ্ত খেলোয়াড়দের আর্থিক সাহায্য দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) মফঃস্বলে গ্রামীণ খেলোয়াড়দের জন্য বর্তমানে কোনো প্রশিক্ষণ কেন্দ্র খোলার সম্ভাবনা আছে কি;

(গ) গ্রামীণ খেলাধুলা ও শরীরচর্চাকে উৎসাহিত করার জন্য সরকার বর্তমানে কোন্ কোন্ সংস্থা সহ বিভাগীয় তৎপরতায় কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) (১) বাঁকুড়া জেলার বিশেষতঃ বাঁকুড়া ও বিষ্ণুপুরের স্টেডিয়ামগুলির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে এবং (২) কবে নাগাদ উহার কাজ শেষ হইবে?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) মফঃস্বলে প্রায়ই বিভিন্ন খেলার প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়।

(গ) সংশ্লিষ্ট রাজ্য সংস্থাগুলির যথা, পশ্চিমবঙ্গ ভলিবল অ্যাসোসিয়েশন, কবাডি, খো-খো ইত্যাদির সংগঠন করা হয়। ইহা ছাড়া সম্প্রতি মাসিক ক্রীড়া মেধা ভাতা দেবারও ব্যবস্থা লওয়া হইয়াছে।

(ঘ) বাঁকুড়ার স্টেডিয়ামটির আর কোন সম্প্রসারণের পরিকল্পনা বর্তমান আর্থিক বৎসরে নেই। বিষ্ণুপুরের স্টেডিয়াম বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী

৬৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৫।) **শ্রীসুভাষ মাহাতো** এবং **শ্রীকাশীনাথ মিশ্র :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী কত ; এবং

(খ) বাঁকুড়া জেলায় বর্তমানে কি হারে মজুরী দেওয়া হয় ?

শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় : (ক) আমরা ১০৬ এম. ডবলু. তাং ৩-৭-১৯৮২ নোটিফিকেশনের মাধ্যমে বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরীর হার সংশোধন করিয়াছি, যদিও মহামান্য হাইকোর্টের আদেশ অনুযায়ী সেই হার বর্তমানে স্থগিত রহিয়াছে। সংশোধিত হার নিম্নরূপ :

জিলার নাম	১০০০ বিড়ি বাঁধার জন্য
কলিকাতা ও ২৪-পরগনা	১৬টাঃ ৭৪ পঃ
হাওড়া ও হুগলী	১৪টাঃ ৩৫পঃ
অন্যান্য জেলা (পুরুলিয়া বাদে)	১৩টাঃ ৩৫পঃ

পুরুলিয়া জেলার ন্যূনতম মজুরী আলাদাভাবে স্থির হয়েছিল। এই হার সংশোধনের আগেই মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ আসে। এই হার ছিল ৯ টাকা ১০ পয়সা।

(খ) বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকদের বর্তমান মজুরীর হার নিম্নরূপ :

(১) মিউনিসিপ্যালিটি এলাকা : ১০০০ বিড়ি বাঁধার জন্য ৮ টাকা ৮০ পয়সা (ব্র্যানডেড বিড়ি) এবং ৭ টাকা ৬০ পয়সা (আনব্র্যানডেড বিড়ি)।

(২) মফঃস্বল এলাকা : ১০০০ বিড়ি বাঁধার জন্য ৭ টাকা ৪৮ পয়সা।

সরকার অনুমোদিত টেলারিং সেন্টার

৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮৪।) **শ্রীসুরেন্দ্রনাথ মাঝি :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় সরকারী অনুমোদিত টেলারিং সেণ্টার-এর সংখ্যা কত ;

(খ) এর মধ্যে পুরুলিয়া জেলায় সংখ্যা কত ;

(গ) উক্ত জেলায় তফসিলী এবং উপজাতিদের জন্য টেলারিং আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, এর সংখ্যা কত এবং সেগুলি কোথায় কোথায় অবস্থিত ?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ৭৬টি।

(খ) ৩টি।

(গ) আছে।

(ঘ) ১টি, কাশীপুরে অবস্থিত।

তাহেরপুর কলোনীর উপ-স্বাস্থ্য কেন্দ্রের শয্যাসংখ্যা বৃদ্ধি

৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮৬।) **শ্রীসুকুমার মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) তাহেরপুর কলোনীর ৬ শয্যাবিশিষ্ট উপস্বাস্থ্যকেন্দ্রটিকে ১০ শয্যা-বিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উহা কবে নাগাদ কার্যকরী হবে বলিয়া আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ বর্তমানে কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

গ্রামীণ আবাসন প্রকল্প

৬৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫০।) **শ্রীঅমলেন্দ্র রায়:** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বিগত আর্থিক বছরে গ্রামীণ আবাসন প্রকল্পে কি কি কাজ হয়েছে এবং তজ্জন্য কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ?

আবাসন বিভাগের মন্ত্রী মহাশয়ঃ বিগত আর্থিক বৎসরে এই রাজ্যে মোট

১,০৪৮ ভূমিহীন ক্ষেতমজুর, কারিগর ও মৎস্যজীবী পরিবারকে বিনামূল্যে বাস্তু জমি প্রদান করা হয়েছে।

সরকারী অর্থে ১১,৫৫৪টি গৃহনির্মাণ করে উপরিউক্ত সম্প্রদায়ভুক্ত পরিবারের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

এই প্রকল্পে বিগত আর্থিক বৎসরে মোট ২২৪.০১ লক্ষ টাকা বিভিন্ন জেলায় পঞ্চায়েত সমিতিগুলিকে বণ্টন করা হয়েছে।

রাজ্যের স্কুল ও কলেজগুলিতে জাতীয় পোশাক

৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬০।) **শ্রীসরল দেব:** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারত সরকার জাতীয় পোশাক সম্পর্কে যে ঘোষণা করেছেন তাহা পশ্চিমবঙ্গের স্কুল ও কলেজে চালু করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কিভাবে তাহা কার্যকরী হবে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) স্কুলের ছাত্রছাত্রীদের জন্য ভারত সরকার কোন জাতীয় পোশাক ঘোষণা করেছেন কিনা আমাদের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to unstarred question No. 5 (Admitted question No. 91) printed at page 2 of the First List of Questions for Written Answers, dated the 10th March, 1983.

Minimum wages in agriculture (for unskilled workers) as fixed by the Central Government and reported by State Government/Administrations

Name of the State	Date from which effective.	Rates of wages	Remarks
Central Government	21-8-1982	Rs. 6·75 to 10·00 according to areas	
Andhra Pradesh ...	7-2-1981	Rs. 4.25 to 10·00 per day according to areas ...	Action has already been taken to publish draft notification revising minimum wages in the employment in agriculture.
Assam	28-12-1981	Rs. 8 00 to 9·00 per day without meal or Rs. 7·00 per day with one meal, according to occupation.	
Bihar	12-4-1982	5 kg. Paddy or any other kind of grain of the same value besides one time nashta or Rs. 8·50 in cash.	
Gujrat ...	2-10-1982	Rs. 9 00 per day or Rs. 3,200 per year. ...	
Hariyana ...	1-5-1982	Rs. 14·00 per day or Rs. 10·00 per day with meal.	
Himachal Pradesh	1-4-1982	Rs. 8·25 per day.	Since December, 1982 wages have been increased by 12½ to 25 per cent according to areas.
Jammu and Kashmir	1-4-1982	Minimum wages have not been fixed so far ...	State Government has undertaken a survey to fix the minimum wages in the employment in agriculture.
Karnataka ...	1-3-1982	Rs. 5·00 to Rs. 7.00 per day according to class of work and type of land.	

Name of the State	Date from which effective.	Rates of wages	Remarks
Kerala	1-8-1980	Rs. 5·00 to 7·00 per day according to class of work. ...	A Committee was constituted on 30-10-1981 to advise the Government on further revision of minimum wages.
Madhya Pradesh...	1-1-1982	Rs. 7.00 Plus special allowance per day linkd to CPI compiled half-yearly.	
Maharashtra ...	1-2-1933	Rs. Rs. 6·00 to 10 00 per day according to areas.	
Manipur ...	1-11-1980	Rs. 8·00 per day.	The recommendation of the Minimum Wages Advisory Board revising minimum wages in the employment in agriculture is under active consideration of the Government.
Meghalaya ...	1-3-1980	Rs. 7·50 per day with a mid-day meal ...	Steps are being taken to revise the minimum wages.
Nagaland ...	11-2-1981	Rs. 7·00 per day.	State Government is considering revision of minimum wages.
Orissa ...	25-12-1982	Rs. 6·00 per day.	
Punjab ...	1-1-1982	Rs, 11·00 per day with meals or Rs. 14 00 per day without meals.	
Rajasthan ...	1-4-1982	Rs. 8·05 to 9·00 per day according to areas.	
Sikim ...		Minimum Wage Act, 1948, pas not yet been extended to the State.	

Tamil Nadu ...	15-9-1979	Rs. 5.00 per day for employees engaged in transplanting and weeding. Rs. 7.00 per day for other operations.	except in East Thanjavur where wage rates have been fixed under the Tamil Nadu Agricultural Labour Fair Wages Act, 1969.	Committee was constituted on 2-3-1982 for further revision of minimum wages
Tripura ...	1-8-1982	Rs. 8.00 per day	...	
Uttar Pradesh ...	9-1-1981	Rs. 6.50 to Rs. 8.50 per day according to areas	...	Proposals revising minimum wages notified on 24-1-1983.
West Bengal ...	14-11-1982	Adult—10.15 per day Child—Rs. 7.29 per day	...	
Andaman and Nicobar ...	14-7-1982	Rs. 8.00 per day	...	
Arunachal Pradesh ...	1-6-1981	Rs. 9.00 to Rs. 10.00 per day	...	There rates are under executive orders.
Chandigarh Administration ...	12-4-1982	Rs. 14-00 per day or Rs. 11.00 per day with meal	...	
Dadra and Nagar Haveli ...	15-4-1976	Rs. 5.50 per day	...	A further revision is under consideration.
Delhi Administration ...	1-3-1982	Rs. 11.60 per day	...	
Goa, Deman and Diu ...	13-8-1982	Rs. 6.00 per day	...	
Mizoram ...		There is no organised agricultural labour. Prevailing rate is Rs. 10.00 per day or so.	...	

1	2	3	4
Pondicherry			
(i) Mahe and Yanam region ...	1-5-1976	Rs. 4.75 to Rs. 9.00 per day according to areas and nature of work. ...	Preliminary notification proposing revision of minimum wages in Mahe and Yanam regions issued on 13-8-82 and 25-10-82 respectively.
(ii) Pondicherry ...	24-1-1981	Rs. 5.00 to Rs. 7.80 per day according to areas and nature of work. Adults: 6 litres of paddy and Rs. 1.80 per day or Rs. 7.00 per day. Non-adults: 4 litres of paddy and Rs. 1.50 per day or Rs. 5.00 per day. ...	
Lakshadweep ...		There is no agricultural workers in the Union Territory. ...	

[9.00—9.10 P. M.]

Adjournment Motion

Mr. Speaker : I have received one notice of Adjournment motion from Shri Kashinath Misra on the subject of deplorable condition of bidi workers in West Bengal. The subject matter of the motion is not such as to merit treatment of an adjournment motion. I therefore withhold my consent to above motion. The member, may, however, read the text of the motion, as amended.

শ্রীকাশীনাথ মিশ্র : স্যার, আমি যে বিষয় মুলতবী প্রস্তাবের জন্য দিয়েছিলাম সেটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। বিড়ি শ্রমিকদের দুর্দশার বিষয়, প্রস্তাবটি যদিও গৃহীত হোল না, তবুও আপনি যে পড়ার সুযোগ দিয়েছেন সেজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। প্রস্তাবটি হচ্ছে—জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হোল—১৯৬৬ সালে বিড়ি এণ্ড সিগার ওয়ার্কার্স' এ্যাক্ট আজ পর্যন্ত চালু না হওয়াতে পশ্চিমবাংলায় কয়েক লক্ষ বিড়ি শ্রমিক দিশেহারা হয়েছে। বর্তমানে আইনটি শ্রমিক রক্ষার্থে প্রযোগ না হওয়াতে বহু কারখানা বন্ধ হয়ে গেছে, বিশেষতঃ বাঁকুড়া ও পুরুলিয়া, কলকাতা, ২৪ পরগনা, মেদিনীপুর, হাওড়া প্রভৃতি এলাকার এবং উত্তর বঙ্গের সমস্ত বিড়ি শ্রমিক ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং অনাহারে-অর্ধাহারে বহু শ্রমিকের মৃত্যু ঘটেছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received one notice Calling Attention given by Shri Kashinath Misra, Shri Ashok Ghosh and Dr. Manas Bhunia, on the subject of acute crisis of drinking water in the industrial belts including Calcutta. Minister-in-charge may please make a statement, if possible, today.

শ্রীপতিতপাবন পাঠক : আজকে উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না। তবে উত্তর লিখিতভাবে পাঠিয়ে দেবো।

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of alleged missing of machinery parts from Dental Department of S.S.K.M. Hospital. (Attention called by Shri Kashinath Misra, Shri Asok Ghosh and Dr. Manas Bhunia on the 22nd April, 1983.)

শ্রীপতিতপাবন পাঠক ঃ অন্য এক সময়ে দিয়ে দেবেন।

মিঃ স্পীকার ঃ একটু পরে দিয়ে দেবেন। মিঃ পাঠক তাঁদের খবর দিয়ে দিন।

Mention Cases

শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্যার, বাজেট অধিবেশন আজকে শেষ হতে চলেছে। বাঁকুড়া জেলার সবচেয়ে বড় বিষয় হচ্ছে সেখানে যাত্রী সাধারণের জন্য ট্রেন যোগাযোগ ব্যবস্থা একেবারে নেই বললেন চলে এবং বাস যেখানে একমাত্র যোগাযোগের ব্যবস্থা, সেই বাঁকুড়া জেলার প্রায় সমস্ত সদর মহকুমার এলাকায় গ্রামগুলির সাথে যোগাযোগ রক্ষা করার জন্য যে বাসগুলি যায় তাও বন্ধ। সরকারী বাস যেগুলি যায় বিভিন্ন রুটে কলকাতা থেকে পুরুলিয়া, সাঁওতালদি পর্যন্ত সি. এস. টি. সি. আবার পুরী-ভুবনেশ্বর পর্যন্ত এবং দুর্গাপুর থেকে ডি. এস. টি. সি.-র যে বাসগুলি যায়, তা বেশীর ভাগই বন্ধ হবার ফলে ভীষণ অসুবিধার সৃষ্টি করেছে। আগে যেখানে ৯/১০ টাকা ভাড়া ছিল, এখন সেগুলি ১৯/২০ টাকা হয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো সি. এস. টি. সি. এবং ডি. এস. টি. সি.-র একজিস্‌টিং রুটে যে বাসগুলি আছে, সেগুলি চালাবার ব্যবস্থা করুন।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত ২০।৪।৮৩ তারিখে পাণ্ডুয়া থানার সীমলাগড় গ্রামপঞ্চায়েত এলাকায় গভীর রাত্রে পঞ্চায়েত সদস্য কৃষ্ণ দাসের বাড়ীতে কতকগুলি দুর্বৃত্ত লোক কপাট ভেঙ্গে ডাকাতি করবার চেষ্টা করে। গ্রামের লোক প্রতিরোধ করবার ফলে সেখান থেকে তারা পালিয়ে যায়। পঞ্চায়েতের গ্রাম প্রধান অনিল দাসশর্মা খুব গরীব লোক, তার ঘরবাড়ীও খুব দুর্বল প্রকৃতির। তারা একটা প্রাইমারী স্কুলের জন্য হাজার টাকা কালেকশন করে রেখেছিল—যারা কাজ করেছিল তাদের ৫০০ টাকা দিয়েছিল—আর যে ৫০০ টাকা রেখেছিল সেটা দুর্বৃত্তরা নিয়ে যায়। পঞ্চায়েত সদস্যদের উপর এইভাবে দল বেঁধে একটা মারপিট হচ্ছে—এর পিছনে কারা রয়েছে এটা দেখবার জন্য অনুরোধ করছি এবং দুর্বৃত্তদের খুঁজে বার করার জন্য বলছি।

শ্রীঅজিত বোস ঃ স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নৈহাটি থানার অন্তর্গত দেশবন্ধু এবং ঋষি

বঙ্কিম গ্রাম পঞ্চায়েতে জলের ব্যবস্থার জন্য ১০/১২ বছরে একটা ওভার হেড ট্যাঙ্ক হয়েছিল—এটা পি. এইচ. ই.-র অন্তর্গত। এখানকার যিনি অঞ্চলপ্রধান ছিলেন তিনি কংগ্রেসের জগদীশ চক্রবর্তী। তিনি বেআইনীভাবে কিছু কানেকশন দেন—যেগুলি পরে পুলিশের হস্তক্ষেপে বন্ধ হয়ে যায়। সম্প্রতি তার সূত্র ধরে বেআইনী ভাবে যার যা ইচ্ছা কানেকশন নিয়ে দিচ্ছে। এর ফলে ওভার হেড ট্যাঙ্কে জল ধরা মুশকিল হয়ে যাচ্ছে। এ ব্যাপারে আমি ইঞ্জিনীয়ারদের বার বার বলেছি—পঞ্চায়েতের পক্ষ থেকে বার বার বলা হয়েছে। আমরা বলেছি যে এটাকে সি. এম. ডি. এ.-র হাতে দিয়ে দাও। কিন্তু আজ পর্যন্ত তার কিছু হোল না। এর ফলে সেখানে একটা হামলা হবার সম্ভাবনা দেখা দিয়েছে। মেন পাইপ কেটে ডোমেষ্টিক কানেকশন নিচ্ছে, যার ফলে জল দূষিত হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে কার্যকরী ব্যবস্থা নেবার জন্য।

[9 10—9.20 P.M.]

শ্রীশচীন সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার অঞ্চলে একটি বড় কারখানা আছে যার নাম হচ্ছে ভারতীয়া ইলেকট্রিক্যাল ষ্টীল। এই কোম্পানীর ম্যানেজমেণ্ট গতকাল আমাকে একটি চিঠি দিয়ে জানিয়েছেন যে, তাঁদের পক্ষে এই কারখানা আর চালু রাখা সম্ভবপর নয় গুণ্ডাদের উৎপাতে। ওখানে কংগ্রেসীদের যে ইউনিয়ন আছে তারা বিশৃঙ্খলা সৃষ্টি করবার জন্য ওই ম্যানেজমেণ্ট এই কারখানা আর চালু রাখতে পারবেন কিনা সেটা আমি বুঝতে পারছি না। ঘটনাটা হল, ৩ দিন আগে ম্যানেজমেণ্ট একটি শ্রমিককে বিশৃঙ্খলা সৃষ্টি করবার জন্য এবং ম্যানেজমেণ্টের যাবতীয় কাজে বাধা সৃষ্টি করবার জন্য চার্জশিট দেয়। এই চার্জশিট দেবার পর তার প্রতিবাদে একদল বাইরের নামকরা গুণ্ডাদের নিয়ে এবং আমাকে নামও বলেছে—দেবা দত্তের নেতৃত্বে বেশ কিছু লোক কারখানার ভেতরে ঢুকে মারধোর করে এবং ওই চার্জশিট প্রত্যাহার করতে বাধ্য করে। ম্যানেজমেণ্ট আমাকে লিখেছেন এরা হল সোমেন মিত্রের ফলোয়ার এবং বীরেন মহাস্তিও নেতৃত্ব করেন। ঘটনা এখানেই শেষ নয়, ম্যানেজমেণ্ট লিখেছেন ঠিক তার পরবর্তী সময়ে আবার দ্বিগুণ লোক নিয়ে কারখানার ভেতর থেকে আর একদল শ্রমিক এসে ম্যানেজমেণ্টের উপর চাপ সৃষ্টি করে, মারধোর করে এবং বলে কেন ওই চার্জশিট উইথড্র করলেন, কেন এদের কাছে মাথা নত করলেন? ম্যানেজমেণ্ট তখন বলল, আমি কি করব?

স্যার, এরা হল সুব্রত মুখার্জীর ফলোয়ার। যাহোক এখন অবস্থা হচ্ছে ওই সোমেনবাবু এবং সুব্রতবাবুদের ঝগড়ার ফলে একটা কারখানা বন্ধ হতে চলেছে। ম্যানেজমেণ্ট বলছেন পুলিশ কিছু করছে না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই ব্যাপারে হস্তক্ষেপ করতে এবং গুণ্ডাদের দমন করতে।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বক্তব্য বিষয়টি আঞ্চলিক নয়। এটি একটা সার্বিক ব্যাপার এবং পশ্চিমবাংলার স্বার্থ এর সঙ্গে জড়িত রয়েছে। গত আদমসুমারির সময় পশ্চিমবাংলার বহু বেকার যুবককে আদমসুমারির কাজে নিযুক্ত করা হয়েছিল এবং বলা হয়েছিল আদমসুমারির কাজ শেষ হবার পর যাঁরা এই কাজে নিযুক্ত আছেন তাঁদের ভবিষ্যতে চাকুরির ব্যবস্থা করা হবে। অবশ্য এটা জানি না তাঁদের চাকুরি পশ্চিমবঙ্গ সরকারের অধীনে হবে, না ভারত সরকারের অধীনে হবে। তবে ওই সমস্ত যুবকরা কিন্তু চাতক পাখীর মত তাকিয়ে আছে কখন তাদের এ্যাপয়েন্টমেণ্ট লেটার আসবে। আমার বক্তব্য হচ্ছে এই ব্যাপারে যদি পশ্চিমবঙ্গ সরকারের কোন দায়-দায়িত্ব থাকে তাহলে তাঁরা যেন বিষয়টি নিয়ে ভেবে দেখেন এবং যদি এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়-দায়িত্ব থাকে তাহলে আমি মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে আবেদন রাখছি তিনি যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে ওই আদমসুমারি কাজে যাঁরা নিযুক্ত হয়েছিলেন তাঁদের ভবিষ্যতে এমপ্লয়মেণ্ট দেবার ব্যবস্থা করেন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং মন্ত্রিসভার কাছে জানাচ্ছি যে, আর্বান ল্যাণ্ড সিলিং রেগুলেশান অ্যাণ্ড কনট্রোল এ্যাক্ট, ১৯৭৬—এই আইনটা পাশ হওয়ার পর থেকে বিভিন্ন শহরাঞ্চলে এবং শিল্পাঞ্চলে পুকুর, ডোবা এমন কি বড় বড় বাঁধগুলি ভরাট করে বিক্রি করা হচ্ছে। আজকে একটা জ্বলন্ত দৃষ্টান্ত আপনার সামনে রাখছি। উত্তরপাড়া-কোতরঙ মিউনিসিপ্যালিটির অধীনস্থ হোল্ডিং নং ২সি, রাজা প্যারীমোহন রোড, সেখানে তালপুকুর বলে একটা পুকুর, জে. এল. নাম্বার ১২, দাগ নাম্বার ৪৮৬, ৪৪৪ উত্তরপাড়া রেলওয়ে স্টেশনের কাছে। এই বড় বড় পুকুরগুলিকে, বাঁধগুলিকে ভরাট করে বিক্রি করা হচ্ছে। সেখানকার জনসাধারণ এই বাঁধগুলিকে ব্যবহার করে, সেখানে প্রচণ্ড জলকষ্ট শুরু হয়েছে, এই

অবস্থায় এই বাঁধগুলিকে ভরাট করে বিক্রি করা হচ্ছে। এই বাঁধগুলিতে প্রচুর জল আছে, এইগুলি শিল্পাঞ্চলের সঙ্গে যুক্ত, সেখানকার অধিবাসীদের পক্ষ থেকে সরকারের কাছে বিভিন্নভাবে দাবি করা হয়েছে যে, এই বাঁধগুলি ভরাট করে বিক্রি করা যেন বন্ধ করা হয়। সেখানকার অধিবাসীরা ল্যাণ্ড এবং ল্যাণ্ড রিফর্মস কমিশনার দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে জানিয়েছেন, জুডিসিয়াল ডিপার্টমেণ্টকে জানিয়েছেন, কিন্তু কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এই বিষয়ে যাতে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বনবিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুতর অভিযোগ সম্পর্কে। কিছুদিন আগে উত্তরবঙ্গে ভেষজ সম্পর্কে যে টিম গিয়েছিলেন তাঁদের অভিযোগ কুচবিহার জেলাতে বিভিন্ন মহকুমায় খুব দুষ্প্রাপ্য ভেষজ গাছ আছে, অথচ এগুলি কেটে সমস্ত নষ্ট করে ফেলা হচ্ছে। শুধু তাই নয়, নতুন নতুন যেসব কাঠগোলা গড়ে উঠছে তারা গোপনে এই সমস্ত গাছগুলি কেটে নিয়ে যাচ্ছে। বোটানিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার সিস্টেমেটিক্যাল বোটানিস্ট ডঃ আর বি ঘোষ, তিনি নিজে অভিযোগ করেছেন যে এই সমস্ত দুষ্প্রাপ্য গাছ আজকে বিশেষ করে উত্তরবঙ্গ ছ'ড়া আর কোথাও পাওয়া যাচ্ছে না। তিনি এগুলি সার্ভে করে যে রিপোর্ট দিয়েছেন তাতে আমি মনে করি এই সমস্ত মূল্যবান গাছগুলিকে যেভাবে কেটে ফেলে নষ্ট করা হচ্ছে, চুরি করা হচ্ছে, এগুলি বন্ধ হওয়া দরকার এবং যে-সমস্ত দুষ্কৃতকারী এই সমস্ত কাজ করছে তাদের অবিলম্বে শাস্তির ব্যবস্থা করার জন্য আমি বন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুমন্তকুমার হীরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা দুঃখজনক ঘটনা আমি আপনার মাধ্যমে হাউসে রাখতে চাই। আপনি কাগজে দেখে থাকবেন কংগ্রেস (আই)-এর কুখ্যাত গুণ্ডারা কালকে ২টা ট্যাক্সিতে করে এসে আমাদের রাজা দীনেন্দ্র স্ট্রীটে যে পার্টি অফিস আছে সেই পার্টি অফিস তছনছ করেছে, আক্রমণ করেছে, পাইপগান দিয়ে গুলি করেছে, লাঠি এবং লোহার রড দিয়ে স্থানীয় লোকদের মেরেছে, অনেক লোককে হাসপাতালে নিয়ে যেতে হয়েছে। লেনিন, স্তালিনের যে ফটো ছিল সেই ফটোগুলিকে ভাঙচুর করেছে, ভাঙচুর করে আবার ট্যাক্সি করে পালিয়েছে। তারা ঐ অঞ্চলের কংগ্রেসী নেতা সোমেনবাবুর পোষা

গুণ্ডা। এদের অনতিবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক কারণ, এই ভ্যাণ্ডালিজমকে কোনরকমে প্রশ্রয় দেওয়া চলে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের কাছে আবেদন করছি।

Calling Attention to a Matter of Urgent Public Importance

Dr. Ambarish Mukhopadhyaya : Sir, in response to Calling attention motion tabled by Shri Manas Bhunia, Shri Kashinath Misra and Shri Asoke Ghosh I rish to make the following statement :

The missing of the machinery part in the Dental Department of S.S.K.M Hospital has never been reported. The said machine has been lying out of order since 1965. Dr. S. Ganguly, a part-time Surgeon, is reported to have been doing his job without this machine for a considerable period.

[9.20—9.30 P. M.]

A whole-time Dental Surgeon has been posted recently who moved the issue and quotations were called during November 1982 from different reputed firms for repair of the same. But no positive response was evident whatsoever.

It transpires that the machine is beyond economic repair. The question of replacement is under active consideration.

LAYING OF REPORT

Annual Report of the West Bengal Prevention and Control of Water Pollution Board for 1981-82.

Shri Patit Paban Pathak : Sir, with your permission, I beg to lay the Annual Report of the West Bengal Prevent and Control of Water Pollution Board for the year 1981-82.

Motions under Rule 185

Shri Sumanta Kumar Hira : Sir, I bag to moved that—

"Whereas 3 lakhs people working in the Post and Telegraph Department as extra departmental agents throughout India have remained unregularised ;

Whereas these agents are provided with nominal allowance instead of salary though all of them work with full responsibilities and risks of a P & T Staff ;

Whereas these agents are not provided with departmental benefits ;

Whereas the Rajan Committee appointed by the Central Government on the E.D.A system recommended in 1959 to regularise them as Government employees ; and

Whereas the Supreme Court in 1977 in its judgement declaring the E.D. employees as a definite set of employees for definite jobs of the P & T Department of the Central Government instead of casual employees or agents ;

Therefore this House resolves unanimously to request the Central Government through State Government to absorb all such 3 lakh employees in services as permanent staff and to abolish the E.D.A. system henceforth."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, এই ই. ডি. এ. নীতি, এই নীতি বৃটিশ সাম্রাজ্যবাদীদের একটা লেগেসি, তারা এই ভারতবর্ষকে কলোনীয়াল রুলে শোষণ করার জন্য এই সিস্টেম প্রবর্তন করেছিল, যাতে ভারত-বর্ষের মানুষের শ্রমকে একটা নমিন্যাল এ্যালাউয়েন্স দিয়ে, একটা নামমাত্র পয়সা দিয়ে তারা তাদের স্বার্থকে কাজে লাগাতে পারে। সেই লেগেসি বর্তমানে স্বাধীনতার ৩৫ বছর পরেও আমাদের বহন করতে হচ্ছে। আমাদের দেশের মানুষ, দেশের যারা ই. ডি. কর্মী তারা বঞ্চিত হচ্ছে তাদের ন্যায্য শ্রমের মূল্য থেকে। এই বিষয়ে শুধু আমরাই এখানে আজকে বলছি না, ইতিপূর্বে একাধিক কমিটি হয়েছে এবং সুপ্রীম কোর্ট তাঁদের বক্তব্য রেখেছেন এবং নানা রকমভাবে কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশন রাখা হয়েছে। এই বিষয়ে রাজন কমিটির কথা আমি এখানে উল্লেখ করেছি। তারা ১৯৫৯ সালে যে রেকমেনডেশন দিয়েছিল, পরিষ্কার সেই রেকমেনডেশনে বলা হয়েছিল যে, এদের এইভাবে শোষণ করা চলবে না, এই এক্সপ্লয়টেশন ইন হিউম্যান। কিন্তু কেন্দ্রীয় সরকার সেদিকে কর্ণপাত করেন নি। এমন কি সুপ্রীমকোর্ট যখন এই বিষয়ে তাঁর রুলিং দিলেন—তাঁদের বক্তব্যে বলেছিলেন, সেই বক্তব্যের প্রতি কোন মর্যাদা দেখান হয় নি। এই বিষয়ে কেন্দ্রীয় সরকার সুপ্রীম কোর্টের প্রতি কোন মর্যাদা দেখান নি। আজ পর্যন্ত ভারতবর্ষের ৩ লক্ষ কর্মচারী যারা ই. ডি. এ. হিসেবে আছেন, তাঁরা ভুগছেন। তাঁরা ন্যায্য শ্রমের মূল্য পাচ্ছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি একজন ই.ডি. কর্মী—তিনি সমস্ত দায়-দায়িত্ব নিয়ে কাজ করেন। একজন পি. এ্যাণ্ড টি. কর্মী যে দায়িত্ব পালন করেন, সেই দায়িত্ব নিয়ে তাঁদের কাজ করতে হয়, যে ঝুঁকি নিয়ে তাঁকে কাজ করতে হয়, আপনি জানেন এই ই. ডি. কর্মী ভারতবর্ষের ৭৮ লক্ষ গ্রামে ছড়িয়ে আছে। এই গ্রামগুলির যে নেগোসিয়েশন, যে যোগাযোগ সেই যোগাযোগ এদের উপর নির্ভর করছে, যে মানিঅর্ডার, যে ইনসিওরেন্স—সেই সুদূর গ্রামে চলে

যায়—সেই ইনসিওরেন্স আর মানিঅর্ডারের সমস্ত দায়িত্ব, সমস্ত ঝুঁকি এদের বহন করতে হয়। এমন কি যে পোষ্টাল সেভিংস ব্যাঙ্ক—তাও তাঁদের পরিচালিত করতে হয় সমস্ত ঝুঁকি নিয়ে। টাকা শর্ট হলে, কোন রকম মিসএ্যাপ্রোপ্রিয়েশন হলে সমস্ত দায়িত্ব এই কর্মীদের উপর বর্তায় এবং তাদের ঘটি-বাটি, জমি, বাড়ী বিক্রী করে সেই দায়িত্ব পালন করতে হয়, দেনা শোধ করতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে দায়িত্ব নিয়ে ই. ডি. এ. কর্মীরা পোষ্টাল ডিপার্টমেণ্টে কাজ করছেন। কিন্তু পারিশ্রমিকের ন্যায্য মূল্য আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার তাঁদের দেন নি। তাই আজকে আমি এই প্রস্তাব হাউসে উত্থাপন করেছি। মাননীয় সদস্যরা এই প্রস্তাবের উপর আলোচনায় অংশগ্রহণ করে যে বক্তব্য রাখবেন, পরবর্তীকালে আমি তার উত্তর দেব।

শ্রীঅশোক ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুমন্তকুমার হীরা মহাশয় ই. ডি. কর্মীদের ব্যাপারে যে মোশান এখানে এনেছেন আমি সেটাকে সমর্থন করছি। কারণ এর পিছনে অনেক যুক্তি আছে। তবে সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই, যে দলের পক্ষ থেকে এই মোশান আনা হয়েছে, বিগত দিনে এদের সম্বন্ধে তাদের কার্যকলাপ দেখে মনে হয় এটা শুরু কুম্ভীরাশ্রু বিসর্জন ছাড়া আর কিছু নয়। উনি মোশান মুভ করতে গিয়ে বললেন, স্বাধীনতার ৩৫ বছর পরেও বৃটিশ সাম্রাজ্যবাদী লেগাসি ভারতবর্ষে আজও দেখা যাচ্ছে। এটা খুব সত্যি কথা। কিন্তু আমরা চোখ খোলা রেখে পশ্চিমবঙ্গের দিকে তাকালে দেখতে পাব এই ধরনের মাষ্টার রোলে কনটিনজেন্সি লেবার হিসাবে, পাম্পাপুলার হিসাবে এ. ডি. এম., ডি. এম. ইত্যাদি বিভিন্ন দপ্তরে লক্ষ লক্ষ কর্মচারী আছে। তারা ডেলি লেবারার হিসাবে ৪/৫ টাকার বেশী মজুরী পাচ্ছে না। ৬ বছর শাসন ক্ষমতা হাতে পেয়ে সুমন্তবাবুর দল তাদের সম্বন্ধে যদি একটু ভাবনা-চিন্তা করতেন তাহলে তাঁকে আমি সাধুবাদ জানাতাম। তাঁরা জানেন পশ্চিমবাংলার বিভিন্ন দপ্তরে, বিশেষ করে সেচ দপ্তরে সব থেকে বেশী এই ধরনের ই. ডি. এ. দৈনিক মজুর আছে, যারা মাষ্টার রোলে ৫ টাকার বেশী পায় না। সুমন্তবাবুর দল একবারও তাদের কথা উল্লেখ করলেন না। তাদের সম্বন্ধেও চিন্তা-ভাবনা করলে আমরা অত্যন্ত খুশী হতাম। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রায় সাড়ে ৩ লক্ষের মত লোক ই. ডি. এ. অর্থাৎ এক্সট্রা ডিপার্টমেণ্টাল এজেণ্টস হিসাবে কাজ করছেন সেন্ট্রাল গভর্নমেণ্টে। যারা নিয়মিত সরকারী কর্মচারী তাদের ৮ ঘণ্টা কাজ করতে হয়, আর এঁরা ৩ থেকে ৪ ঘণ্টার মত কাজ করেন।

স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন ১৯৬৮ সালের আগে পর্যন্ত এদের মাইনে ছিল মিনিমাম মাত্র ৩৫ টাকা থেকে ম্যাক্সিমাম ৬৮ টাকা। এফ. এম. টি. ডি. ও আই. এন. টি. ইউ. সি. সারা ভারতবর্ষে এই নিয়ে আন্দোলন করে, লড়াই করে। এই লড়াই করার ফলে মিনিমাম ৩৫ টাকাটা বেড়ে ১১৮ টাকা এবং ৬৮ টাকাটা বেড়ে ১৭২ টাকা হয়েছে। এফ. এম. টি. ডি. ও আই. এন. টি. ইউ. সি. লড়াই করে এটা বাড়িয়েছে। তাই এদের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করে যারা আজকে এই প্রস্তাব এনেছেন তাঁদের আমি দৃষ্টি আকর্ষণ করে বলছি শুধুমাত্র সেন্ট্রাল গভর্নমেন্টের বিরুদ্ধে প্রস্তাব আনাটা একটা রাজনৈতিক উদ্দেশ্যে ছাড়া আর কিছু নয়। এই শ্রমিকদের স্বার্থে তাঁদের কোন কাজ করতে আমরা দেখিনি এবং কোন কিছু কথা বলতেও শুনিনি। আই. এন. টি. ইউ. সি. একটা ন্যাশন্যাল ইউনিয়ন, কংগ্রেসের ইউনিয়ন। এই আই. এন. টি. ইউ. সি.-ই সেন্ট্রাল গভর্নমেন্টের বিরুদ্ধে কোর্ট কেস করেছিল। জাতীয় কংগ্রেসের কর্মী হিসাবে আমরা এই অন্যায়ের প্রতিবাদ করেছিলাম এবং আই. এন. টি. ইউ. সি. ন্যাশন্যাল ইউনিয়ন হিসাবে কোর্টে কেস করেছিল। কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করে আমরা ৫টি হাইকোর্টে জয়লাভ করেছি। অন্ধ্র, কেরল, মাদ্রাজ, মহারাষ্ট্র এবং দিল্লী কোর্টের রায় এই ই. ডি. কর্মচারীদের পক্ষে যায়। এই সুপ্রীম কোর্টের ব্যাপারটা সুমন্তবাবুর একটু শুনলে ভাল হবে এবং তাঁর পক্ষে জবাবী ভাষণ দিতে অনেকটা সুবিধা হবে। উনি সুপ্রীম কোর্টের কথা বলে গেলেন। উনি বললেন সুপ্রীম কোর্ট রায় দিয়েছে, কেন্দ্রীয় সরকার মানছেন না।

[9.30—9.40 P.M.]

এই প্রসঙ্গে বলতে চাই যে, সুপ্রীম কোর্টে কেস করেছিলেন ন্যাশানাল ইউনিয়ন, কংগ্রেসের ইউনিয়ন এবং সেখানকার রায়ে তাঁরা জিতেছেন। সেই রায়ে ক্যাটাগরিক্যালি তাঁরা বলেছেন, ই. ডি. কর্মীরা সিভিল সার্ভেন্ট হিসাবে গণ্য হবেন, কিন্তু তাঁরা ডিপার্টমেন্টের অন্তর্গত কোটার বাইরে থাকবেন। এতে ডিপার্টমেন্টের এমপ্লয়ীরা যে ফেসিলিটিস পান সুপ্রীম কোর্টের রায় অনুযায়ী তাঁরা তা পাচ্ছেন না। স্যার, ১৯৭৫-৭৬ সালে ভারতবর্ষে যখন এমারজেন্সী চলেছিল সেই সময় ন্যাশানাল ইউনিয়ন কেস করেছিলেন এবং সেই কেস করার জন্য ১৯ জন ই. ডি. কর্মচারীকে বরখাস্ত হতে হয়েছিল। পরে এই ন্যাশানাল ইউনিয়ন লড়াই করে তাদের আবার চাকরিতে পুনর্বহাল করেন। আমি স্যার, অত্যন্ত দায়িত্ব নিয়ে এইসব কথা আপনার

মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, আজকে যাঁরা ই. ডি. কর্মীদের জন্য এখানে কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন, সেই এমারজেন্সীর সময় তাঁদের কি চরিত্র ছিল, কি রোল ছিল সেটা আমরা সকলেই জানি। সেই সময় তাঁদের খুঁজে পাওয়া যায় নি। আজকে যাঁরা শ্রমিক আন্দোলন নিয়ে কথা বলছেন, শ্রমিকদের জন্য চোখের জল ফেলছেন, ঐ ১৯ জন কর্মী যখন বরখাস্ত হয়েছিলেন তখন এই তথাকথিত বামপন্থী ইউনিয়ন—এন. এফ. পি. ডি. তারা তখন নীরব দর্শক হয়েছিলেন। ন্যাশানাল ইউনিয়নেই লড়াই করে তাদের চাকরিতে পুনর্বহাল করেন। স্যার, ওঁদের দীপেন ঘোষ—যিনি এখন এম. পি. হয়েছেন তিনি এঁদের আন্দোলনের পুরোধা ছিলেন। পি. এ্যাণ্ড টি.-র আন্দোলনে দীপেনবাবু নেতৃত্ব দিতেন। স্যার, জ্যোতিবাবুর হাতে যদি পদ্মশ্রী বা পদ্মবিভূষণ দেবার ক্ষমতা থাকতো তাহলে তিনি তাঁকে তা দিয়ে দিতেন, কিন্তু তা নেই, এম. পি. করার ক্ষমতা আছে, তাই শ্রমিকদের বঞ্চিত করার জন্য তাকে এম. পি. করে দিল্লীতে পাঠিয়ে দিয়েছেন। আজকে ঐ ই. ডি. কর্মচারী যাঁদের জন্য ওঁরা চোখের জল ফেলেছেন তাঁদের জন্য অতীতে ওঁরা পেছন থেকে ছুরি মারা ছাড়া আর কিছু করেন নি। আন্দোলন করার নামে ৩/৩॥ লক্ষ কর্মচারীর কাছ থেকে চাঁদা তুলেছেন এবং সেই টাকা দিয়ে পার্টি ফাণ্ড বাড়িয়েছেন, পার্টির বাড়ী করেছেন। এখন আবার নতুন করে ভাঁওতা দেবার জন্য আমরা দেখছি পদযাত্রা পদযাত্রা খেলা শুরু হয়েছে পশ্চিমবঙ্গে। বিভিন্ন জায়গায় দেওয়ালে সেই লেখা আমরা দেখতে পাচ্ছি—ই. ডি. কর্মীদের পদযাত্রা। স্যার, ১৯৭৫-৭৬ সালে যখন কংগ্রেসী ইউনিয়ন এঁদের জন্য আন্দোলন করেছিলেন, লড়াই করেছিলেন, কেস করেছিলেন তখন এই তথাকথিত বামপন্থী ইউনিয়ন এন. এফ. পি. ডি. কোথায় ছিলেন বা সেই সময় তাঁদের রাজনৈতিক ইতিহাস কি আশা করি সুমন্তবাবু সেটা বলবেন। স্যার, আমরা দেখছি ওঁদের দলেরই একজন সেক্রেটারী ক্লাশ থ্রি ইউনিয়নের ওঁদেরই সেক্রেটারী জেনারেলের বিরুদ্ধে কথা বলছেন। স্যার, এই এন. এফ. পি. ডি.'র সি. পি. এম.-এর সেক্রেটারী জেনারেল ও. পি. গুপ্তা—সুমন্তবাবু নোট করুন—১৯৮১ সালের ৭ই অক্টোবর তৎকালীন যোগাযোগমন্ত্রী সি. এম. স্টিফেনের কাছে দরবার করতে গিয়েছিলেন। ওঁরা একটা কর্মসূচী ঘোষণা করেছিলেন যে, আমরা কাজ বন্ধ করে দেব এবং তার আগে ভারত বন্‌ধ, বাংলা বন্‌ধ ইত্যাদি নানান রকমের বন্‌ধ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে ডেকেছিলেন। অবশ্য এখন ক্ষমতায় আসার পর বন্‌ধটা কম ডাকছেন, ঠাণ্ডা ঘরে বসে ক্ষমতা ভোগ করছেন। এই ভারত বন্‌ধ, বাংলা বন্‌ধ ইত্যাদিতে ওঁদের কিছু কর্মী সাসপেণ্ড হন, শো-কজ হয়, চার্জশিট খান।

এরপর সি. এম. স্টিফেনের কাছে গিয়ে ঐ ও. পি. গুপ্তা—সেক্রেটারী জেনারেল, ১৯৮১ সালের ৭ই অক্টোবর বললেন, ই. ডি. কর্মীদের যে-সমস্ত দাবী-দাওয়া আছে আমরা বিনা শর্তে তা তুলে নিচ্ছি, সে সম্বন্ধে কিছু বলছি না, কিন্তু আমাদের ইউনিয়নের বা আমাদের দলভুক্ত যে-সব কর্মী সাসপেণ্ডেড হয়েছেন, শোকজ হয়েছে, চার্জশিট হয়েছে তাঁদের ব্যাপারটা আপনি স্যার, কনসিডার করুন।

তারপরে দেখা গেছে এরা যে নন-কো-অপারেশনে ডাক দিয়েছিল সেই ডাক বিনাশর্তে প্রত্যাহার করে নিয়েছে। আমরা দেখেছি যে বিশ্বাসভঙ্গের কথা বলা হয়েছিল—সি. পি. এম. ইউনিয়নের অন্তর্ভুক্ত ক্লাশ থ্রি ইউনিয়নের সাধারণ সম্পাদক শ্রীকে. এন. মোঝা সেক্রেটারী জেনারেল ও. পি. গুপ্তার বিরুদ্ধে বিশ্বাস-ভঙ্গের অভিযোগ এনেছিলেন। তখন ষ্টিফেনের পায়ে গিয়ে দেহি পদবল্লভ বলে পড়েছিলেন সমস্ত ই. ডি. এ. কর্মচারীদের দাবীকে নস্যাৎ করে দিয়ে। এঁরা যেমন নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য ভারত বন্‌ধ, বাংলা বন্‌ধ খেলা খেলা করেন, তখনি যারা চার্জশিট, শোকজ, সাসপেণ্ড হয়েছিল তাঁদের জন্য লড়াই করেছিল ই. ডি. এ. কর্মচারীদের দাবীকে নস্যাৎ করে দিয়ে, তাঁদের জন্য শ্রীকে. এন. মোঝা-এর বিরুদ্ধে বিশ্বাসভঙ্গের অভিযোগ এনেছিলেন। আমরা দেখেছি যে, ৩॥ লক্ষ ই. ডি. এ. কর্মচারীর মধ্যে প্রায় ১ লক্ষ কর্মচারী দু' জায়গায় কাজ করেন। সুমন্তবাবু যে কথা বলেছেন যে, যে কাজ তাঁরা করেন সেটা খুবই গুরুত্বপূর্ণ কাজ। আমি এটা অস্বীকার করবো না। ব্রাঞ্চ পোস্ট মাস্টার আছে, সাব-পোস্ট মাস্টার আছে, ই. ডি. এ. ডেলিভারী এজেন্ট আছে—এঁরা দু' জায়গায় কাজ করেন। কেউ কেউ স্কুল মাস্টার আছেন, কেউ কেউ অঞ্চলে কাজ করেন। কেউ আবার পঞ্চায়েতে কাজ করেন এবং তারপরে ৩ ঘন্টা ই. ডি. এ. কর্মচারী হিসাবে কাজ করতেন। এঁদের ক্ষেত্রে আমি এই কথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার বর্তমানে এটা অপশানে রেখেছেন এবং এঁদের অপশান দেবার জন্য চিন্তা করছেন। যারা পঞ্চায়েতে কাজ করছে, স্কুল মাস্টারী করছে, আবার ২/৩ ঘন্টা ই. ডি. এ. কর্মচারী হিসাবে কাজ করছে, তাদের ক্ষেত্রে একটা অপশানের কথা চিন্তা করা হচ্ছে এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ন্যাশানাল ইউনিয়নের কথাবার্তা চলছে। আমরা জানি যে, এটা অনতিবিলম্বে নির্ধারিত হওয়া উচিত। কারণ এতগুলি লোকের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা উচিত নয়। যেখানে ৩/৩॥ লক্ষ কর্মচারীর ভাগ্য অনিশ্চয়তার মধ্যে রয়েছে, তাদের সম্পর্কে কেন্দ্রীয় সরকার যাতে অবিলম্বে চিন্তা করেন—এই কথা বলে সুমন্তবাবুকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশচীন সেন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুমন্ত হীরা যে প্রস্তাব উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধী দলের সদস্য অশোক ঘোষ মহাশয় এটাকে সমর্থন করলেন, না বিরোধিতা করলেন সেটা বোঝা বড় শক্ত। তিনি বলেন যে, সমর্থন করছি, কিন্তু দুনিয়ার যত আজেবাজে কথা, যার কোন প্রমাণ দিতে পারবেন না—সেইসব কথা এখানে উপস্থিত করেছেন। এই যে ই. ডি. এ. অর্থাৎ একষ্ট্রা ডিপার্টমেন্টাল এজেন্ট যাঁদের বলা হয় তাদের সংখ্যা ৩ লক্ষের মতো। তিনি হিসাব দিলেন কত বেতন পায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরা কোন বেতন পায় না। এরা একটা ভাতা পায়। এটা শুরু হয়েছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের আমল থেকে। তারা এটা সৃষ্টি করেছিল। কাজেই তাদের কোন মাইনা ছিল না, একটা ভাতা তাঁরা পেতেন। আর একটা হচ্ছে ডাক হরকরা। আজও সেই প্রথা চালু আছে। ৩ লক্ষের উপর কর্মচারী তাঁরা কোন মাইনা পান না, শুধু একটা ভাতা পান। ন্যাশনাল ইউনিয়ন মামলা করেছিল বলে ভয়ানক রাগ হচ্ছে। আজকে ঘটনাটা কি? ৩২-৪০ বছর কাজ করে আজকে সবচেয়ে বেশী যে ভাতা পায় সেটা হচ্ছে ১৭৮ টাকা।

[9.40—9.50 P.M.]

সারা জীবন ধরে তাঁরা শুধু ভাতা পাচ্ছেন, তাঁদের চাকরির স্থায়িত্ব নেই। কেন্দ্রীয় সরকার বলেছেন, তাঁরা সর্বক্ষণের কর্মী নন, তাঁরা মাত্র তিন/চার ঘণ্টা ডিউটি করেন। কিন্তু আমরা জানি তাঁরা মোটেই তিন/চার ঘণ্টা ডিউটি করেন না, তাঁদের অনেক বেশী কাজ করতে হয়। বাড়ি বাড়ি তাঁদের ডাক পৌঁছে দিতে হয়, মনি অর্ডার রিসিভ করা থেকে শুরু করে যাবতীয় পোষ্টাল ডিপার্টমেন্টের কাজ তাঁদের করতে হয়। ডাক বিভাগের মূল কাজ হচ্ছে গ্রামাঞ্চলের সঙ্গে শহরাঞ্চলে যোগাযোগ রক্ষা করা বা বিভিন্ন অঞ্চলের মধ্যে যোগাযোগ রক্ষা করা। এই সাড়ে তিন লক্ষ কর্মী আজীবনকাল সেই কাজ করে আসছে। এ বিষয়ে আজকে কংগ্রেসীদের গাত্রদাহের কারণ হচ্ছে, কিছুদিন আগে পশ্চিমবাংলার এই সমস্ত কয়েক হাজার কর্মী পদযাত্রা করে হাজার হাজার মাইল পথ অতিক্রম করে কলকাতার শহরে এসেছিলেন, রাজ্যপালের কাছে তাঁদের দাবীপত্র পেশ করেছিলেন এবং জনসাধারণের কাছে আবেদন করেছিলেন, যে '৩৫ বছর স্বাধীনতার পরও কি আমাদের এই অবস্থা থাকবে?' এই হচ্ছে ঘটনা। অথচ বিরোধী দলের মাননীয় সদস্য বললেন, মামলা করা হয়েছিল, তাঁরা বেতন পান ইত্যাদি। কে বলেছে তাঁরা

বেতন পান ? তাঁদের বেতন বলে কিছু নেই, তাঁরা সামান্য ভাতা পান, সাড়ে তিন লক্ষ কর্মচারী শুধু ভাতা পান এবং কিসের ভাতা পান, তাও নির্দিষ্ট করে কিছু বলা নেই। এই অবস্থার আমরা প্রতিকার চাইছি এবং এঁদের কর্মী হিসাবে গণ্য করতে হবে। সারা জীবন ধরে এঁরা জনসংযোগ রক্ষার কাজ করে চলেছেন, পোষ্টাল ডিপার্টমেন্টের আসল কাজ এঁরাই করেন, অথচ এঁদের কর্মচারী হিসাবে গণ্য করা হবে না। মাননীয় সদস্য বলে দিলেন, তাঁদের কাজ হচ্ছে মাত্র ৩/৪ ঘন্টার। কাজ তিন/চার ঘন্টারও হতে পারে, আবার আট ঘন্টারও হতে পারে, কিন্তু পোষ্টাল ডিপার্টমেন্টের মূল যে কাজ ডাক পৌঁছে দেওয়া, ডাক গ্রহণ করা, মানুষের সঙ্গে মানুষের যোগাযোগের ব্যবস্থা করা, সেই সমস্ত কাজ এঁরাই করেন। উপরের লোকেরা সে কাজ করে না। কালকে এই রকম একজন কর্মীর সঙ্গে আমার দেখা হয়েছিল। তিনি বৃদ্ধ হয়ে গেছেন, তিনি আমাকে বললেন, 'আমি ৪০ বছর কাজ করছি, আমি ১৭৮ টাকা ভাতা পাই'। তিনি আরো বললেন, 'যে-দিন আমি চলে যাব সেদিনও এই বেতনই পাব এবং আমার কোন প্রভিডেন্ট ফাণ্ড নেই, গ্র্যাচুইটি নেই, কোন কিছু নেই।' অথচ বিরোধী দলের সদস্য এই প্রস্তাবকে সমর্থন জানিয়েও কতগুলি অসত্য তথ্য উপস্থাপন করে প্রকৃতপক্ষে বিরোধিতাই করে গেলেন। কাজেই আমি বলব যে, মাননীয় সদস্য সুমন্তকুমার হীরা মহাশয় এখানে যে প্রস্তাব উত্থাপন করেছেন সেটি সময় উপযোগী প্রস্তাব। স্বাধীনতার ৩৫ বছর পরেও আমাদের দেশে যাঁরা জরুরী যোগাযোগের কাজে লিপ্ত রয়েছেন সেই সমস্ত লক্ষ লক্ষ মানুষকে কর্মচারী হিসাবে গণ্য করা হচ্ছে না, বাড়ির চাকরের মত তাঁদের খাটান হচ্ছে, এটা সহ্য করা যায় না। কাজেই এই প্রস্তাব যাতে কার্যকরী হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে হবে। আমি বিরোধী দলের সদস্যদের বলব যে, আপনারা যদি এই প্রস্তাবকে সমর্থন করেন, তাহলে এই সাড়ে তিন লক্ষ কর্মচারীর কথা ভেবে আপনারাও এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করুন। এ বিষয়ে আপনারা আমাদের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মেলান, যেহেতু সরকারী দলের পক্ষ থেকে প্রস্তাব এসেছে, সেহেতু এ বিষয়ে কোন অভিমান বা রাগ রাখবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আশা করব ওঁদের খানিকটা সম্বিত ফিরে আসবে। সারা ভারতবর্ষে সাড়ে তিন লক্ষ এই শ্রেণীর কর্মীদের ওপর অবিচার করা হচ্ছে। ওঁদের কোন মাইনে দেওয়া হয় না, শুধু ভাতা দিয়ে ওঁদের কাজ করান হয় এবং কাজের সময় পর্যন্ত ওঁদের জন্য কিছু নির্দিষ্ট করে দেওয়া নেই। অথচ ওঁদের কাজ হচ্ছে লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষের মধ্যে যোগাযোগের ব্যবস্থা করে দেওয়া, গ্রামের গরীব মানুষের সঙ্গে শহরের যোগাযোগ রাখা। এই গুরুত্বপূর্ণ

দায়িত্ব যাঁদের ওপরে তাঁদের এইভাবে কখনই ফেলে রাখা যায় না। তাই ক
হিসাবে গণ্য করার তাঁদের যে ন্যায্য দাবী, সেই দাবীকে স্বীকার করা হোক। আ
আপনার মাধ্যমে বিরোধী সদস্যদের কাছে অনুরোধ করব যে, শুধুমাত্র বিরোধিতা
জন্যই বিরোধিতা করবেন না, আসুন আমরা সবাই মিলে এ বিষয়ে কেন্দ্রী
সরকারের দৃষ্টি আকর্ষণ করি। আজকে পশ্চিমবঙ্গ বিধানসভায় যে প্রস্তাব উঠে
সে রকম কোন প্রস্তাব কি আর কোন রাজ্য বিধানসভায় উঠেছে ? না, ওঠে নি
উঠবে না। কংগ্রেসী রাজ্যে উঠবে না, কারণ দিদিমণিকে খুশী রাখতে হবে। তা
অশোকবাবুও এ বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে দিদিমণিকে খুশী রেখেছেন। কার
দিদিমণির রাজত্বেই এটা হচ্ছে। কাজেই দিদিমণিকে তিনি চটিয়ে দিতে চা
না। এই কটি কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শে
করছি।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী দলে
সদস্যরা এখানে যে বক্তব্য রাখলেন সেই বক্তব্য আমি ঠিকমত বুঝতে পারলাম না
প্রথম কথা, শ্রমিক, সাধরণ মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষ যাঁরা কাজ করেন তাঁদে
পক্ষে ওনারা কখনও বলেন, আবার কখনও বলেন না। সুতরাং এটা বোঝ
মুশকিল। ওনারা যখন বক্তৃতা করেন, মাঝে মাঝে গরীবের জন্য ওদের দরদ উথলে
ওঠে। বলেন, জ্যোতিবাবুর সরকার হচ্ছে গরীবের সরকার, অথচ গরীবদের জন
কোন কাজ করছেন না। অথচ গরীবদের জন্য, এই সাধারণ মানুষদের জন্য যখন এ
হাউসে প্রস্তাব আনা হয়, যখন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দায়-দায়ি
থাকে, যেখানে উচ্চ কণ্ঠে বলার দরকার হয়, তখন কিন্তু ঝেড়ে কেশে কথা বলে
না। আজকে সারা ভারতবর্ষব্যাপী পোষ্ট এ্যাণ্ড টেলিগ্রাফ ডিপার্টমেন্টে যে সাড়ে
৩ লক্ষ ই. ডি. কর্মীরা রয়েছেন, তাঁদের কাজের নিরাপত্তা এবং বিভিন্ন দাবী-দাওয়া
নিয়ে একটা বিরাট মিছিল করে পুরুলিয়া থেকে কলকাতায় এসেছিল। একথা
আমি আগে এই হাউসে উল্লেখ করেছিলাম। তারা দীর্ঘদিন ধরে বিভিন্ন
দাবী-দাওয়া কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করছে। আজকে দিনের পর দিন
জিনিসের দাম বাড়ছে, তাতে করে সমস্ত মানুষের আজকে ক্রয় ক্ষমতার বাইরে
চলে যাচ্ছে। আজকে ই. ডি. কর্মীরা যেভাবে জীবনযাপন করছেন এবং তাঁদের
যে অবস্থা তাতে করে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের এ ব্যাপারে বিবেচনা করা
উচিৎ। আমরা এবং কংগ্রেসীরা যেখান থেকে বাজার করি, এই ই. ডি. কর্মীরাও
সেখান থেকে বাজার করে। সুতরাং তাদের মাহিনা, তাদের চাকরির নিরাপত্তা,

তাদের এলাউন্স প্রভৃতির ব্যাপারে অত্যন্ত সহানুভূতির সহিত বিবেচনা করার প্রয়োজন আছে। সেইজন্য বলছি, কংগ্রেসীরা আমাদের সঙ্গে একমত হয়ে সর্ব-সম্মতিক্রমে এই প্রস্তাবটিকে গ্রহণ করে কেন্দ্রের কাছে গিয়ে যদি তাদের দাবী-দাওয়া নিয়ে সম্মিলিতভাবে বলতে পারি তাহলে নিশ্চয়ই এটা কার্যকরী করা যাবে। সুতরাং আজকে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুমন্তকুমার হীরা মহাশয় আজকে যে প্রস্তাব নিয়ে এসেছেন ই. ডি. কর্মীদের সমর্থনে, আমি মনে করি এই প্রস্তাব অত্যন্ত ন্যায়সঙ্গত এবং যুক্তিপূর্ণ এবং আমি এই প্রস্তাবকে আমাদের দলের পক্ষ থেকে প্রথমেই সর্বান্তকরণে সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা বাস্তবিক একটা নজির-বিহীন ঘটনা, ৩৫ বছর স্বাধীনতা অর্জন করার পর এই সুদীর্ঘ সময়ের মধ্যে বিপুল সংখ্যক ই. ডি এ.—আমি সুমন্তবাবুকে বলবো, এই সংখ্যাটা ভুল আছে, এটা আরো বেশী।

[9.50—10.00 P.M.]

পোষ্টাল ডিপার্টমেন্টের যে ষ্টাফ—সেখানে ২৫ পারসেন্ট হচ্ছে পার্মানেন্ট ষ্টাফ, বাকী ৭৫ পারসেন্ট ই. ডি. এ., তাদের সংখ্যা ৩ লক্ষ—সাড়ে ৩ লক্ষ নয়। আমাদের যা লেটেষ্ট রিপোর্ট জানা আছে তাতে ওদের সংখ্যা সাড়ে ৪ লক্ষ। যাই হোক এই বিপুল সংখ্যক ষ্টাফকে যেভাবে রাখা হয়েছে একটা নামমাত্র এ্যালাউন্সের ভিত্তিতে, একটা স্বাধীন গণতান্ত্রিক দেশে এটা একটা চরম বঞ্চনা এবং এইরকম নজিরবিহীন জিনিস পৃথিবীর আর কোথাও আছে কিনা আমার জানা নেই এবং এ সম্পর্কে কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে এদের প্রতি যে বঞ্চনা করে এসেছেন—রাজেন কমিটির ডিসিসন, সুপ্রীম কোর্টের যে রায়—এই সমস্ত কিছুরই সুপারিশ থাকা সত্ত্বেও আজকে কেন্দ্রীয় সরকার এদের যথাযথ মর্যাদা, এদের শ্রমের মূল্য দিচ্ছেন না। তাঁদের এই কাজের নিন্দা করার কোন ভাষা আমার জানা নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই দৃষ্টিভঙ্গী থেকে আমি বলব, যে, আজকে যে প্রস্তাব আনা হয়েছে এই প্রস্তাব খুবই যুক্তিসঙ্গত এবং ন্যায়সঙ্গত এবং এই প্রস্তাবে কারো তরফ থেকে, কোন রাজনৈতিক মতাবলম্বী সদস্যের কাছ থেকে এর বিরোধিতা হওয়া উচিত নয় বলে আমি মনে করি। এই প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হবে বলে আমি মনে করি। তবে আমি এই কথাই বলব যে, আজকে শুধু-

মাত্র প্রস্তাব গ্রহণের দ্বারা কেন্দ্রীয় সরকারকে এই দাবী মানানো যাবে না, অতীতে ইতিহাস, নজির, অভিজ্ঞতা আমাদের সামনে সেই সূত্রটি তুলে ধরে। ফলে সেদিক থেকে এই প্রস্তাব গ্রহণের পাশাপাশি যেটা জরুরী প্রয়োজন সেটা হচ্ছে বিধান সভার বাইরে, একটা রাজ্য একটা দেশে এই রকম একটা ন্যায়সঙ্গত গণতান্ত্রিক দাবী নিয়ে একটা ব্যাপক দুর্বার আন্দোলন গড়ে তোলার প্রয়োজন রয়েছে, যেটা অত্যন্ত জরুরী আন্দোলন এবং সেটাই এইরকম একটা অন্যায় এবং অবিচারের বিরুদ্ধে তার সমাধান করতে সক্ষম হবে। অবশ্য এদিক থেকে আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, এই যে আন্দোলন গড়ে তোলার কাজটি কিন্তু এখানে মাননীয় সদস্য মহাশয় প্রস্তাবের যিনি উত্থাপক—এখানে কিন্তু তাঁর দলের ভূমিকা আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে উজ্জ্বল নয় এবং এতে স্পেশিফিক্যালী ই. ডি. ষ্টাফের সমস্যার সমাধানের জন্য পোষ্ট এ্যাণ্ড টেলিগ্রাফ ই. ডি. ষ্টাফের যে ইউনিয়ন আছে যেটা তাঁদের অধীনে অর্থাৎ National Federation of Post and Telegraph Employees-এর সেই ভূমিকা কিন্তু উজ্জ্বল নয়। কারণ আমি এখানেই বলছি যে, পে-কমিশনের রিপোর্ট এই ইউনিয়নের পক্ষ থেকে ই. ডি. ষ্টাফের জন্য আজকে যে সুর নিয়ে এখানে প্রস্তাব গ্রহণ করা হয়েছে, বিধানসভার বাইরে প্রয়োজনের ক্ষেত্রে সেই ভূমিকা দেখানো আমি নজির হিসাবে বলছি ৬০ এবং ৬৮-তে পে-কমিশনের রিপোর্ট, পে-কমিশনের কাছে যে সাজেসান পাঠানো হয়েছিল সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে এই ইউনিয়নের পক্ষ থেকে সেখানে কিন্তু এই ই. ডি. ষ্টাফকে তাদের ডিপার্ট-মেন্টালাইজ করার সেই দাবী কিন্তু অত্যন্ত সচেতনভাবে, অত্যন্ত সুকৌশলে এই একটা গুরুত্বপূর্ণ দাবী এখান থেকে ব্যবস্থা করা যেত।

সেইজন্য আমার বক্তব্য, এর ভূমিকা কি এই প্রস্তাবের সঙ্গে বিধানসভার বাইরেও সঙ্গতিপূর্ণ? আজকে এই এন. এফ. পি. টি. ই. ডিপার্টমেন্ট আজকে প্র্যাকটিক্যালি ওয়ান ম্যান কমিটিতে পরিণত হয়ে গেছে। সুতরাং আমার বক্তব্য যথার্থভাবে, আন্তরিকভাবে, মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে আপনারা যদি এটা দেখতে চান, যথার্থই ওঁদের প্রতি যে বঞ্চনা, শোষণ—এগুলোর প্রতিবিধান চান, তাহলে এই প্রস্তাবের সঙ্গে সঙ্গতি রক্ষা করে এর বাইরে সেইভাবে আন্দোলনটাকে গড়ে তুলতে হবে। আজকে কেন্দ্রীয় সরকারের শ্রমিক স্বার্থবিরোধী যে নীতি, সেই নীতি থেকে যদি তাঁদের সরাতে হয়, বাধ্য করতে হয়—তাহলে এর বাইরে একটি ব্যাপক, জোরদার, শক্তিশালী আন্দোলন জনগণের পক্ষ থেকে গড়ে তুলতে হবে। একমাত্র তাঁরাই কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারবেন এবং এর সমাধান করতে পারবেন।

সুতরাং আমার বক্তব্য, শুধুমাত্র প্রস্তাবের মধ্যেই যেন সীমাবদ্ধ না থাকে—এটা যাতে যথার্থ কার্যকরী করা যায় একে, সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে আসবেন আশা করি। একটুকু বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরা মহাশয় ই. ডি. কর্মচারীদের ব্যাপারে যে প্রস্তাব এই সভায় এনেছেন, তাকে সমর্থন করে কিছু বলতে চাই।

আজকে এটা খুবই লজ্জা এবং ঘৃণার ব্যাপার যে, ভারতের স্বাধীনতা প্রাপ্তির পর অনেক সময় অতিক্রান্ত হয়েছে, তথাপি অতি জঘন্য এই দাসপ্রথা ভারতবর্ষে আজও বিরাজমান। সেইজন্য আজকে এই প্রস্তাবটা গুরুত্ব সহকারে বিচার করতে হবে। কারণ সাম্রাজ্যবাদীরা ভারতবর্ষে শাসন ব্যবস্থা চিরস্থায়ী করবার জন্য নানা প্রকার ব্যবস্থা গ্রহণ করেছিলেন এবং তাঁরই অঙ্গ হিসাবে তাঁরা এই এক্সট্রা ডিপার্ট-মেন্ট কর্মচারীদের নিয়োগ করেছিলেন, আসলে তাঁরা এঁদের দাস-শ্রমিক হিসাবেই গণ্য করতেন। যদিও জাতীয় জীবনে তাঁদের ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু তাঁদের সেই মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেন নি। আমরা লক্ষ্য করেছি তখনকার সাম্রাজ্যবাদী বৃটিশ শাসিত ভারতবর্ষের যোগাযোগ দপ্তরে এই দাস-শ্রমিকদের সংখ্যা ছিল ৩৫ ভাগ। দেশ স্বাধীন হয়েছে আজ ৩৫ বছর, আজও আমরা লক্ষ্য করছি টোটাল যা কর্মচারী আছেন পোষ্ট এ্যাণ্ড টেলিগ্রাফ ডিপার্টমেন্টে, তাঁদের মধ্যে ৪৫ ভাগ হচ্ছেন এই ই. ডি. কর্মচারী। অর্থাৎ এই ই. ডি. কর্মচারীদের সংখ্যা প্রতি-নিয়তই বৃদ্ধি পেয়েছে। অথচ তাঁদের জীবনের মান, সুযোগ-সুবিধা থেকে তাঁরা প্রতিনিয়তই বঞ্চিত হয়েছেন। আমরা দেখছি সামান্য ১২০ টাকা, ১৫০ টাকায় তাঁরা জীবিকা নির্বাহ করতে বাধ্য হচ্ছেন। যদিও তাঁদের নিয়ম অনুযায়ী ৪/৫ ঘণ্টা কাজ করবার কথা, কিন্তু তাঁদের অধিক সময় কাজ করতে হচ্ছে। এমন কি বিভিন্ন গ্রামে-গঞ্জে বিভিন্ন দুর্দশার মধ্যে কাজ করতে হচ্ছে তাঁদের। এসব কথা চিন্তা করে এঁদের জীবনযাত্রার মান যদি আজকে উন্নত করা না যায় তাহলে সমাজ-জীবনের একটি অংশ এখনও সম্পূর্ণ বঞ্চিত থেকে যাবে। কিন্তু আমরা জানি যে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী সম্পূর্ণভাবে শ্রমিকবিরোধী, কারণ আমরা দেখছি দীর্ঘ সংগ্রামের মধ্যে দিয়ে শ্রমিকরা এতদিন পর্যন্ত যা অর্জন করেছিলেন তা থেকে বঞ্চিত করতে কেন্দ্রীয় সরকার একটির পর একটি শ্রমিক-বিরোধী আইন পাশ করেছেন এবং শ্রমিক-কর্মচারীদের অধিকারকে বিরোধিতা করবার জন্য চেষ্টা করছেন।

[10.00—10.10 P.M.]

তাঁরা আবার নূতন করে শ্রমিক-কর্মচারীদের অধিকার কেড়ে নিচ্ছেন। তাঁদের জীবনধারণ করা দুর্বিষহ হয়ে উঠছে। কেন্দ্রীয় সরকার শ্রমিক-কর্মচারীদের আন্দোলনের অধিকারগুলি অপহরণ করার চেষ্টা করছে। এই ভাবে তাঁরা শোষণ ব্যবস্থা এবং কায়েমী স্বার্থকে জিইয়ে রাখার চেষ্টা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে কেন্দ্রীয় সরকার শ্রমিক-কর্মচারীদের ধর্মঘটের অধিকার, ই. এস. এম. এ এবং নাসা এই ধরনের কালা-কানুনের মাধ্যমে কেড়ে নেবার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকার আর একটা আইন পাস করার চেষ্টা করছেন, যার মাধ্যমে হাসপাতালের কর্মচারী এবং কো-অপারেটিভ এবং অন্যান্য এসেনসিয়াল ডিউটি যারা করে তারা আন্দোলন করতে পারবে না। শিক্ষক কর্মচারীরা এই আওতার মধ্যে পড়ে যাচ্ছে, তাদের আন্দোলনের অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। ধর্মঘটের অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। এই ভাবে নানা ধরনের কালা-কানুন জারি করে তাদের সুস্থ-ভাবে জীবনধারণের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। শ্রমিক-কর্মচারীদের জীবনের উন্নতি করা তো দূরের কথা, তাদের আরো চেপে ধরা হচ্ছে। আমি মনে করি এইভাবে সমস্ত সমাজ ব্যবস্থা এবং তার বিকাশ ঘটানো সম্ভব হবে না। ই. ডি. কর্মচারী ভারতবর্ষের অন্যান্য জায়গায় আছে এবং তাদের অনেক সমস্যা আছে। তাদের সমস্যা সমাধানের যথেষ্ট প্রয়োজনীয়তা আছে। আমাদের পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকার শ্রমিক-কর্মচারীদের আন্দোলন করবার অধিকার স্বীকার করে নিয়েছে, তাদের ধর্মঘট করার অধিকার স্বীকার করে নিয়েছেন। কিন্তু অন্যান্য জায়গায় এসমা এবং নাসা এই ধরনের কালা-কানুন জারি করে আন্দোলন করতে দিচ্ছে না। বিভিন্ন জায়গায় আন্দোলন দমন করার জন্য পুলিশ পাঠানো হচ্ছে এবং আন্দোলনকারীদের উপর গুলি চালানো হচ্ছে, লাঠি চার্জ করা হচ্ছে, এবং গ্রেপ্তার করা হচ্ছে। এই ভাবে শ্রমিকদের উপর আক্রমণ সংগঠিত হচ্ছে। তার বিরুদ্ধে সুমন্ত হীরা মহাশয়ের আনীত প্রস্তাব সকল সদস্যের সর্বসম্মতিক্রমে গ্রহণ করা উচিত। কেন্দ্রীয় সরকারের কালা-কানুনের নীতির ফলে সকল শ্রমিক-কর্মচারী ভীত-সন্ত্রস্ত হয়ে রয়েছে। তাই মাননীয় সদস্য সুমন্ত হীরা যে প্রস্তাব এনেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই যে ই. ডি. কর্মচারী আছে তাদের তো সমস্যা আছে। তার উপর আর যে-সমস্ত শ্রমিক-কর্মচারী আছে তাদের যাতে জীবনের মান উন্নত হয় সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাদের চাকুরির নিরাপত্তার প্রয়োজন

আছে। এই যে প্রস্তাব এসেছে আমি মনে করি এই প্রস্তাব শ্রমিক-কর্মচারীদের জীবনের মানের অগ্রগতি হবে। সেই কারণে আমি এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নিজামুদ্দিন সাহেব এবং সুমন্ত হীরা মহাশয় অত্যন্ত প্রয়োজনীয় রেজলিউশান এনেছেন, আমি এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি। আজকে এই যে ৩ লক্ষ ই. ডি. কর্মচারী আছে এবং এমপ্লয়িজ ইন দি পোষ্টাল ডিপার্টমেন্ট আছে, তাঁরা অত্যন্ত সামান্য বেতন পান। পোষ্ট মাষ্টার যারা আছে, তাঁরা ১৩০ টাকা পান এবং পোষ্টম্যান্ যারা আছেন তারা ২৫ থেকে ৩০ টাকা করে পান। পোষ্ট অফিসের কর্মচারীদের দায়িত্ব অত্যন্ত গুরুত্ব-পূর্ণ। তারা অত্যন্ত গুরুতর দায়িত্ব সহকারে খবর পৌঁছে দেয়। অনেক জায়গায় এখনো রাস্তা গড়ে ওঠে নি বা সংযোগ নেই—এমন জায়গাতেও ওঁদের যেতে হয়। সেই সব ক্ষেত্রে পোষ্টম্যান এবং পোষ্ট মাষ্টারদের দুরূহ দায়িত্ব পালন করবার জন্য গ্রাম-গঞ্জ পেরিয়ে অনেক রাস্তাঘাট পেরিয়ে যেতে হয়। সামনে পঞ্চায়েত নির্বাচন আসছে। পঞ্চায়েত নির্বাচনে এই ই. ডি. এমপ্লয়িদের প্রার্থী করা যাবে না। যেহেতু তারা ই. ডি. এমপ্লয়ি, সেই জন্য তারা প্রার্থী হতে পারবে না। আইনের ক্ষেত্রে যারা বেশী মাইনে পায় তারা নির্বাচনে প্রার্থী হিসাবে দাঁড়াতে পারবে না বা প্রকাশ্যে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না—সেই রকম এই ই. ডি. ক্ষেত্রে করা হয়েছে। পোষ্ট মাষ্টার বা পোষ্টম্যান তাঁরা নির্বাচনে প্রার্থী হতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে—আজকে যে এ্যাবজরব করার কথা নিজামুদ্দিন সাহেব এবং সুমন্ত হীরা মহাশয় তুলেছেন সেই ব্যাপারে আমার একটা বক্তব্য আছে।

এই সমস্ত কর্মচারীদের মধ্যে আবার অনেকে আছে যাঁরা অন্য বৃত্তিতে নিযুক্ত আছেন। কেউ শিক্ষকতা করছেন, কেউ অন্য কোন বৃত্তিতে নিযুক্ত আছেন। অতীতে আবার এমনও দেখা গেছে, যাঁর বাড়ীতে পোষ্ট অফিস, সেই বাড়ীর লোকই পোষ্ট মাষ্টার, পোষ্টম্যান হিসাবে কাজ করতেন। যাঁরা অন্য বৃত্তির সঙ্গে যুক্ত আছেন বা অন্য প্রফেশনের সঙ্গে নিযুক্ত, তাঁদের বাদ দিয়ে পোষ্ট মাষ্টার বা পোষ্টম্যানের পদে যোগ্য বলে যাঁদের বিবেচনা করা যায়, তাঁদের যথাশীঘ্র সম্ভব এ্যাবজরব করা দরকার। অন্য বৃত্তির সঙ্গে যাঁরা যুক্ত থেকে এই কাজ করছেন সে সমস্ত ব্যক্তিকে এই কাজ থেকে সত্বর মুক্তি দেওয়া উচিত। এই সম্বন্ধে খুব বেশী ব্যাখ্যার অবকাশ রাখে না। কারণ এই প্রশ্নের সঙ্গে জড়িত আছে কর্মসংস্থানের

বিষয়। অন্য কর্মে নিযুক্ত ব্যক্তিদের এ ক্ষেত্রে মুক্তি দেওয়া হলে দেশের বেকারদের কিছু কর্মসংস্থান করা সম্ভব হবে। নতুন নতুন পোষ্ট অফিস গ্রামে-গঞ্জে প্রতিষ্ঠা করারও দরকার আছে। এই দিক থেকে এই মোশানটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা প্রত্যাশা করব, কেন্দ্রীয় সরকার এই সমস্ত ই. ডি. কর্মচারীদের নিয়মিত করার ব্যবস্থা গ্রহণ করবেন। কেন্দ্রীয় সরকার যদি আশু ঐ সমস্ত কর্মচারীদের নিয়মিত করার ব্যবস্থা গ্রহণ করেন, তাহলে ব্যাপক সংখ্যক মানুষ উপকৃত হতে পারবেন, এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা দেখেছি, কেন্দ্রীয় সরকার গ্রামাঞ্চলে গত কয়েক বৎসরে অনেক পোষ্ট অফিস বাড়িয়েছেন। আমাদের বিধানসভার বিভিন্ন কমিটি আছে, এই সমস্ত কমিটিতে যদি এই ধরনের পোষ্ট অফিস গড়ে তোলার জন্য কথা ওঠে, যে ক্ষেত্রে বহু মানুষের কল্যাণের প্রশ্ন জড়িত আছে—যাঁরা ২৫/৩০ টাকা বা পোষ্ট মাষ্টারদের ক্ষেত্রে মাত্র ১৩০ টাকা ভাতা হিসাবে পান, এই টাকাতে বর্তমান বাজারে কোনমতেই চলতে পারে না—এই কথা চিন্তা করে একটা সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। কাজেই এখানে যে প্রস্তাব এসেছে, তাকে কার্যকরী করতে আশু ব্যবস্থা গ্রহণের জন্য সোচ্চার হওয়ার প্রয়োজন আছে। আমরা দেখেছি অতীতে এই বিধনসভার বুকে বহুবার বিভিন্ন প্রস্তাব গৃহীত হয়েছে, কিন্তু কেন্দ্রীয় সরকার সেই সমস্ত বিষয়ে কোন কর্ণপাত করেন নি। বর্তমান প্রস্তাবটিকে কার্য-করী করার জন্য বিধানসভার সদস্যদের তরফে গঠিত কোন এক বিশেষ দল পাঠিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশান মিট করার প্রয়োজন আছে বলে আমি অনুভব করছি। এই কথা বলে এই মোশানকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুমন্ত কুমার হীরাঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যবৃন্দ আমার আনীত প্রস্তাবের উপর যে বক্তব্য রেখেছেন—বিশেষ করে তাঁরা যে ভাবে আমার প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন, তার জন্য আমি প্রথমে তাঁদের সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় সদস্য অশোক ঘোষ মহাশয় এখানে যে প্রশ্ন তুলেছেন, সর্বপ্রথমে আমি সেই বিষয়ে কিছু বলব। তিনি বলেছেন, পশ্চিমবঙ্গ সরকারের অধীনে মাষ্টার রোলে এই ধরনের বহু কর্মী নিযুক্ত আছেন। মাননীয় সদস্যকে বলব, পশ্চিমবঙ্গ সরকারের অধীনে মাষ্টার রোলে যে-সমস্ত কর্মী কাজ করেন, তাঁরা যে ধরনের কাজ করেন বা তাঁদের প্লাইট বর্তমানে যে অবস্থায় আছে, সেখানে আমরা তাঁদের প্রতি নিশ্চয়ই সহানুভূতিশীল। আপনার বক্তব্যকে এখানে দাঁড়িয়ে স্বীকার করে নিয়ে আমি বলব, তাঁদের মধ্যে দুর্দশাগ্রস্ত সরকারী

কর্মচারী আছেন,—তাঁদের সেখান থেকে কোন্ উপায়ে প্রকৃত সমাধান করা সম্ভব হবে সে বিষয়ে এখানে আপনারা প্রস্তাব নিয়ে আসুন, আমরা নিশ্চয়ই তাতে সমর্থন জানাবো। এ বিষয়ে আমাদের কোন বিরোধিতা নেই। মাননীয় সদস্যরা যদি ঐ সমস্ত দুর্দশাগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে চান, তাহলে আমরা তাঁদের স্বাগত জানাব। বিভিন্ন ধরনের কর্মচারীদের দুর্দশা লাঘবের জন্য আপনারা এখানে যদি সুনির্দিষ্টভাবে কোন প্রস্তাব নিয়ে আসার ইচ্ছা রাখেন, তা আনুন—আমরা নিশ্চয়ই সমর্থন করব। তিনি সংখ্যার দিক থেকে বলেছেন। এ ক্ষেত্রে আমার মনে হয় এ্যাকুরেট সংখ্যা ৩ কি ৩॥ লক্ষ তা আমাদের কারোরই সঠিক জানা নেই। আমি ৩ লক্ষ বলেছি, এই সংখ্যা কিছু বেশী হতে পারে। কাজেই এ প্রশ্ন এখানে গৌণ। তিনি বলেছেন এই সমস্ত ই. ডি. ষ্টাফ ৪ ঘণ্টা কাজ করেন মাত্র।

[10.10—10.20 P.M.]

কাগজে-কলমে লেখা থাকে ৪ ঘণ্টা, কিন্তু কার্যতঃ পার্মানেন্ট ষ্টাফেদের মত এঁরা ৮ ঘণ্টা পোষ্ট অফিসে পড়ে থাকেন এবং তারও বেশী সময়েও পোষ্ট অফিসে পড়ে থাকতে হয়। একজন লোক চিঠি ডেলিভারি করলো সকাল বেলা পোষ্ট অফিসে গিয়ে, সেই চিঠিটিতে তখন ই. ডি. ষ্টাফদের পোষ্ট মাষ্টারের ষ্ট্যাম্প দিয়ে ষ্ট্যাম্প লাগিয়ে শর্ট করে চিঠিটি নিয়ে যেতে হয়। তারপর তারা যখন চিঠি নিয়ে ফিরে আসে পোষ্ট অফিসে। অনেক সময়ে মানি অর্ডার থাকে—যেটা ফেরৎ নিয়ে আসতে হয়। সেটা যে মানি অর্ডার নিয়ে কাজ করে তার সঙ্গে দেখা না হলে পোষ্ট মাষ্টারের হাতে দিতে হয়। এক্ষেত্রে পোষ্ট মাষ্টারের হাতের কাজ শেষ হলে তবেই তিনি এই টাকা পয়সা গুনে নেন এবং তারপরে ওই ই. ডি. ষ্টাফ ছুটি পাবেন। সুতরাং অশোক ঘোষ মহাশয়কে জানিয়ে রাখি যে, একজন ই. ডি. কর্মচারীর ৪ ঘণ্টার কাজ লিখিত থাকে, কিন্তু কার্যতঃ তাকে ৮ ঘণ্টার বেশী সময় পোষ্ট অফিসে পড়ে থাকতে হয়। তারপরে অশোক ঘোষ মহাশয় বলেছেন যে, তারা নাকি লড়াই করে এই কর্মচারীদের মাইনে ১৭২ টাকা বাড়িয়েছেন। আপনারা শ্রমিক-কর্মচারীদের জন্য লড়াই করছেন এতো খুব ভালো কথা। কিন্তু আমাদের অভিজ্ঞতা বলে আপনারা চিরকাল শ্রমিক-কর্মচারীর বিরুদ্ধে, যাতে তারা ধর্মঘট না করতে পারে এই চেষ্টা করেছেন। এই ই. ডি. কর্মচারীদের লড়াই তো দীর্ঘদিন ধরে চলে আসছে, কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো কখনো কংগ্রেসী দল থেকে একে সমর্থন করেছেন কি? ১৯৪৮ সাল থেকে সারা ভারতবর্ষে ই. ডি. কর্মচারীদের লড়াই চলছে এবং আপনার সেখানে লড়াইয়ের

পেছনে থেকে লড়াই যাতে না হয় তারজন্য সর্বদা চেষ্টা করেছেন এবং এই লড়াইকে ভাঙ্গতে চেয়েছেন, সুতরাং আপনারা বড়াই করবেন না যে, লড়াই করে ওদের মাইনে বাড়িয়েছেন। আপনার আরেকটি কথা বুঝতে পারলাম না যে, আপনারা নাকি লড়াই করতে গিয়ে আপনাদের কংগ্রেস (আই) ষ্টাফকে সাসপেণ্ড এবং ডিসমিসড্ হতে হয়েছিল। আবার তাদের নাকি আপনারা পুনর্নিয়োগ করেছিলেন। এই খেলা তো আপনারা সর্বদাই খেলেন এবং সব জায়গাতেই খেলেন। এইভাবে আপনারা কিছু কিছু কর্মচারীর জন্য লড়াই করতেন তাঁদের হাতে রাখবার জন্য এবং যাতে তাঁরা আপনাদের দলে থাকেন সেইজন্য আপনারা এই খেলা করেন। অতীতেও এইভাবে ওদের বঞ্চিত করার চেষ্টা করেছেন। সুতরাং আপনারা কি করেছেন, আপনাদের ইউনিয়ন কি করেছেন এইসব কথা বলে বাজীমাৎ করার চেষ্টা করবেন না। আপনারা নীরব থেকে শ্রমিক-কর্মচারীদের জন্য লড়াই করেছেন, এইকথা এখানে বলবেন না, অন্য কোন জায়গায় বলবেন। আমরা আন্দোলন করে, কর্মসূচী গ্রহণ করে তাদের ন্যায্য দাবী-দাওয়া পাওয়ার জন্য চিরকাল লড়েছি। এটাই ঐতিহ্য এবং ইতিহাস। আমরা আমাদের সংগ্রামের হাতিয়ার বাড়িয়ে তাদের জন্য লড়াই করেছি। তারপরে আপনি বললেন যে, ওদের পদযাত্রা করা খুব অন্যায় এবং ভারতবর্ষের ৮ লক্ষ কর্মচারীর মধ্যে ৩ লক্ষ ই. ডি. কর্মচারী অন্যায়ভাবে পদযাত্রা করেছেন। আমি তাঁকে বলেছি এই পথযাত্রীদের বামফ্রন্ট সরকারের তরফ থেকে সমর্থন করা হয়েছে। তাঁরা শুধু কলকাতা নয়, গ্রামেগঞ্জে যেখানেই গেছেন বিপুল সংবর্ধনা পেয়েছেন, সকল নর-নারীর কাছ থেকে সমর্থন পেয়েছেন। সুতরাং তাদের এই পদযাত্রা সফল হয়েছে। মাননীয় সদস্য অশোক ঘোষ আরেকটি কথা বলেছেন যে, পি. এ্যাণ্ড টি. ষ্টাফ ক্লাশ থ্রি ইউনিয়নের সেক্রেটারির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে। দুর্নীতির অভিযোগ যদি কারুর বিরুদ্ধে হয়ে থাকে এবং সেটা যদি প্রমাণিত হয়ে থাকে তাহলে তাকে শাস্তি পেতে হবে। তবে সমস্ত অভিযোগ যে সব সময়ে সত্য হবে এমন কথা নয়। অনেক সত্যও অসত্য হয়ে যায়। আপনারা যেমন অভিযোগ করেছিলেন, মুখ্যমন্ত্রী নাকি আপনাদের সঙ্গে অশালীন আচরণ করেছেন। এটা সর্বৈব অসত্য এবং বিধানসভায় এই ধরনের অসত্য কথা বলা অত্যন্ত অন্যায়। তবে যদি কারুর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয় তাহলে নিশ্চয় তাকে চাকুরি থেকে চলে যেতে হবে। কিছু কিছু কর্মচারী যখন দুর্নীতিতে যুক্ত থাকে তখন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। সুতরাং এই ক্ষেত্রেও তাই হবে।

[10.20—10.30 P.M.]

অনেকে বলেছেন, ই. ডি. কর্মচারীরা অন্য জায়গায় কাজ করেন—ই. ডি কর্মীরা পোষ্ট অফিসের বাইরে কাজ করে—পার্মানেন্ট হলেও করে—প্রাইমারি টিচাররাও করে, পঞ্চায়েত কর্মীরাও ই. ডি. হতে পারে। এদের কথা আমি বলছি না, আমরা বলছি তাদের কথা, যাদের ই. ডি. কর্মচারী হিসাবে পরিবার প্রতিপালন করতে হয়—তাদের সংখ্যা খুব কম নয়। তাদের বেশীর ভাগই হচ্ছে আপনাদের লোক। ভেষ্টেড ইন্টারেষ্ট অনুসারে নিজেদের বাড়ীতে পোষ্ট অফিস করে ই. ডি হিসাবে কাজ করে, আবার অন্য জায়গায়ও কাজ করে। কিন্তু ব্যাপক সংখ্যক লোক আছে যাদের আর কোন এপ্লয়মেন্ট নেই। আমরা তাদের কথাই বলেছি। দেবপ্রসাদবাবু বললেন, ২৫ ভাগ পার্মানেন্ট ষ্টাফ পি. এণ্ড. টি.-র এবং ৭৫ ভাগ টেম্পোরারী। স্বাধীন দেশের পক্ষে এটা একটা নজীরবিহীন। কংগ্রেস দল ৩২ বছর ধরে দেশ শাসন করেছে, তাদের পক্ষে এটা নজীরবিহীন নয়। শুধু পি. এণ্ড. টি. নয়, হেল্থ ইত্যাদি দপ্তরেও এই রকম ধরনের কর্মচারী আছে। কাজেই অন্যান্য সদস্য যে বক্তব্য রেখেছেন তাঁদের সকলের বক্তব্যের আশা করি উত্তর হয়ে গেছে। সর্বশেষে আমি আশা করবো আমার প্রস্তাব সকলেই আন্তরিকভাবে সমর্থন করলেন।

The motion of **Shri Sumanta Kumar Hira** that—

Whereas 3 lakhs people working in the Post and Telegraph Department as extra departmental agents throughout India have been remained unregularised ;

Whereas these agents are provided with nominal allowance instead of salary though all of them work with full responsibilities and risks of a P & T Staff ;

Whereas these agents are not provided with departmental benefits ;

Whereas the Rajan Committee appointed by the Central Government on the E. D. A. system recommended in 1959 to regularise them as Government employees ; and

Whereas the Supreme Court in 1977 in its judgement declaring the E. D. employees as a definite set of employees for definite jobs of the P & T Department of the Central Government instead of Casual employees or agents ;

Therefore this House resolves unanimously to request the Central Government through State Government to absorb all such 3 lakh employees in services as permanent staff and to abolish the E. D. A. system henceforth,

was then put and agreed to.

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবটা আমি উত্থাপন করছি—

যেহেতু এই সভা গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে—

ভারত সরকার দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটাইয়া ফেলিবার প্রস্তাব কার্যকর করিতে যাইতেছেন ;

দণ্ডকারণ্যের সার্বিক উন্নয়ন এবং উদ্বাস্তু ও স্থানীয় আদিবাসীদের সুষ্ঠু ও সম্পূর্ণ পুনর্বাসনের ক্ষেত্রে, বিশেষতঃ, কোণ্ডাগাও, মালকানগিরি, পারলকোট ও উমরকোট জোনের প্রত্যেকটিতেই কৃষিজীবী ও অকৃষিজীবী কিংবা কর্মী শিবিরবাসী উদ্বাস্তুদের এবং আদিবাসীদের বহুবিধ প্রাথমিক এবং আন্তঃকাঠামোগত অসুবিধা আজও বিদূরিত হয় নাই ;

মধ্যপ্রদেশ ও উড়িষ্যা সরকার যে জমি দণ্ডকারণ্য সংস্থাকে দিয়াছিলেন তাহা উদ্ধারের কাজ ঠিকমত সম্পূর্ণ হয় নাই এবং উদ্ধারকৃত জমিও যথাযথভাবে বিলি হয় নাই ;

জলসেচের কয়েকটি প্রকল্প কার্যকর হইলেও, বৃহৎ ও ক্ষুদ্র সেচের ক্ষেত্রে এখনও ব্যাপক সমস্যা রহিয়া গিয়াছে ;

কর্মসংস্থান, শিক্ষা, জনস্বাস্থ্য ও পানীয় জল সরবরাহ, স্বাস্থ্য, পূর্ত ও গৃহনির্মাণ, শিল্প, পশুপালন ও মৎস্যচাষ, প্রাথমিক শিক্ষার স্তরে মাতৃভাষার প্রচলন ইত্যাদি ক্ষেত্রে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা যে-সকল কর্মসূচী গ্রহণ করিয়াছিল তাহা যথাযথভাবে রূপায়িত হয় নাই ;

দণ্ডকারণ্যে বসবাসকারী উদ্বাস্তুদের সাংবিধানিক অধিকারসমূহ এবং কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী প্রদেয় জমির পরিমাণ সম্পর্কিত বিরোধের সন্তোষজনক মীমাংসা হয় নাই ও বাস্তু ও কৃষিজমি ভোগদখলের উপযুক্ত মালিকানা স্বত্ব এখনও দেওয়া হয় নাই ;

ঐ সংস্থাটির মাধ্যমেই সমগ্র এলাকাটির আরও সংহত ও সার্বিক রূপায়ণের জন্য এখনও পর্যন্ত কোন মাস্টার প্ল্যান তৈয়ারী হয় নাই ;

যেহেতু এই সভা মনে করে যে, দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার মাধ্যমে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ দায়িত্ব বহন না করিলে এলাকাটির উন্নয়ন এবং উদ্বাস্তু ও আদিবাসীদের সুষ্ঠু পুনর্বাসনের জটিল সমস্যাগুলি মোকাবিলা করা কোন রাজ্য সরকারের পক্ষেই সম্ভব নহে ;

সমগ্র জাতির স্বার্থে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থাটি গুটাইয়া ফেলিবার প্রস্তাব আদৌ সময়োচিত নহে ; এবং

কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলির ব্যাপক মতামত বিনিময় এবং মিলিত-ভাবে কর্তৃত্ব পরিচালনার যে ব্যবস্থা বর্তমানে চালু আছে তাহা অটুট রাখা প্রয়োজন ;

অতএব এই সভা দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থাটি গুটাইয়া ফেলিবার প্রস্তাবটি কার্যকর করা হইতে বিরত থাকিবার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে।

আমি এই প্রস্তাব কোন সংকীর্ণ দৃষ্টিভঙ্গী থেকে উত্থাপন করি নি। প্রথমতঃ আমার এই প্রস্তাব উত্থাপন করার উদ্দেশ্য কি—সেটা আমার প্রারম্ভিক বক্তৃতায় বলতে চাই। দণ্ডকারণ্য হোক, আসাম হোক ভারতবর্ষের যে-কোন প্রান্তে পূর্বতন ভারতবর্ষের কোটি কোটি নাগরিক যেখানে বসবাস করছেন সেই সমস্ত পূর্বতন নাগরিকদের সম্পর্কে জাতির কাছে যে প্রতিশ্রুতি আছে তা ঐতিহাসিক এবং পবিত্র। সেই কারণে এই সমস্ত নরনারী যে সমস্যার সম্মুখীন হয়েছে—সেটা আমাদের জাতীয় সমস্যা এবং মানবিক সমস্যাও বটে। কিন্তু যদি কোন সময় জাতি হতচেতন হয়ে পড়ে, আত্মবিস্মৃত হয়ে পড়ে তাহলে তখন সেই প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেবার প্রয়োজন আছে। সেটা দণ্ডকারণ্যের ক্ষেত্রে হোক, আসামের ক্ষেত্রেই হোক। পরবর্তীকালের প্রজন্মে বিশেষ করে আধুনিক সময়ে এই প্রতিশ্রুতি বিস্মৃত হবার প্রবণতা লক্ষ্য করা যায়। তাই সেই প্রবণতাকে সমস্ত জাতির প্রতিরোধ করার পবিত্র কর্তব্য বলে মনে করা হয়। সেই দিক থেকে আমি এই প্রস্তাব এনেছি। জাতি ৩৬ বছর আগে কি কি প্রতিশ্রুতি দিয়েছে সেই ঐতিহাসিক প্রতিশ্রুতিগুলি আমি উত্থাপন করছি না। এর মধ্যে উল্লেখযোগ্য একটা উদ্ধৃতি দিয়ে সমস্ত জাতির দৃষ্টি সেই দিকে আকর্ষণ করছি। আমি ১৯৫০ সালের কথা বলছি, সে সময় নেহরু-লিয়াকৎ চুক্তি হয়েছিল। সেই সময় আমরা সকলেই জানি যে সেই চুক্তি সম্পর্কে ভারতবর্ষের কোটি কোটি মানুষের প্রতিক্রিয়া কি ছিল। সর্দার প্যাটেল সেই সময় পশ্চিমবঙ্গে এসেছিলেন এবং এক সপ্তাহের মত তিনি এখানে ছিলেন এবং সমস্ত অবস্থা দেশের সামনে ব্যাখ্যা করবার চেষ্টা করেছিলেন। যাবার আগে ১৯৫০ সালের ২১ এপ্রিল একটা বেতার বক্তৃতা কলকাতা স্টেশন থেকে তিনি দিয়েছিলেন, যেটা পরে পুস্তিকা আকারে প্রকাশিত হয়েছিল। আমি মনে করি সেদিন তিনি বক্তৃতার মাধ্যমে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা স্মরণ করবার প্রয়োজন আছে। আমি তার পাঁচ পৃষ্ঠা থেকে একটি উদ্ধৃতি দিচ্ছি। তিনি বলেছিলেন যাঁরা চলে আসতে চান তাঁদের জন্য এই চুক্তি অনুযায়ী পুরোপুরিভাবে সুযোগ-সুবিধা দেবার ব্যবস্থা করা হয়েছে। সেই সঙ্গে যাঁরা পাকিস্তানে থাকতে চান তাঁদের জন্য ন্যায্য

বন্দোবস্ত করা হয়েছে। তার ছয় পৃষ্ঠায় তিনি বলেছেন—এই দিকে সরকারী নীতি সরল ও দ্ব্যর্থহীন। চুক্তি কাজে পরিণত করতে এবং যাঁরা চলে আসছেন তাঁদের যথাসম্ভব সুখী করতে সরকার যথাসাধ্য চেষ্টা করবেন। তাদের দুঃখ মোচনের পবিত্র প্রয়াসে রাজ্যের সীমানা আমরা মানবো না। আমাদের সাধ্য অনুযায়ী চুক্তির পরিপূর্ণ প্রয়োগে বিন্দুমাত্র কার্পণ্য করবো না। এই প্রয়াসে কেন্দ্রীয় সরকার সর্বশক্তি নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করবেন। বিভিন্ন রাজ্য সরকার যেভাবে আমাদের সমর্থন করেছেন এবং সাহায্য ও সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন তার ফলে ইতিমধ্যে আমরা যথেষ্ট উৎসাহ বোধ করছি। শেষ পর্যন্ত যাঁরা ভারতে চিরস্থায়ী বসবাসের সংকল্প করবেন তাঁদের পুনর্বাসনের কাজে আমাদের উদ্যোগী হতে হবে। তাঁদের কাছে অনুরোধ এই ত্রিমুখী প্রয়াসে তাঁরা যেন সহায়তা করেন। পশ্চিমবাংলার ভিতরে এবং বাহিরে পশ্চিমবাংলা সরকারের নিজস্ব এই ব্যবস্থায় তা যেন তাঁরা পালন করেন। এই পটভূমিকায় আজকে এই প্রস্তাব আমি উত্থাপন করছি। কিন্তু এই প্রস্তাবে কোন রকম কদর্থ যেন কেউ না করেন।

হয়ত কেউ কেউ এটা বলতে পারেন বা একথা হয়ত উঠতে পারে যে, এটা বোধহয় বাঙ্গালীদের একটা সংকীর্ণতা, তাদের সঙ্গে মিশতে চায় না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি পরিষ্কার ভাষায় বলতে চাই এরকম সংকীর্ণতা নিয়ে আমি এই প্রস্তাব এখানে উত্থাপন করিনি। এই প্রস্তাব উত্থাপন করবার সময় যে কথাটা মনে রেখেছি সেটা হচ্ছে আজকে দণ্ডকারণ্যে যে-সমস্ত উদ্বাস্তুরা বসবাস করছে তাদের এটা নিজেদের কথা। ১৯৭৮ সালে এই বিধানসভায় ১০ সদস্য বিশিষ্ট প্রতিনিধিমণ্ডলী যখন দণ্ডকারণ্যে গিয়েছিলেন। তখন তাঁদের কাছে সেই এলাকার উদ্বাস্তু ভাইবোনেরা যে স্মারকলিপি পেশ করেছিলেন তা থেকে যদি আমি একটা উদ্ধৃতি দিই তাহলে পরিষ্কারভাবে আপনারা বুঝবেন যে, আমাদের সকলের মনোভাব কি, দণ্ডকারণ্য ব্যবস্থাকে গুটিয়ে ফেলার এই প্রস্তাব এটা নূতন কিছু নয়। আমরা যখন ৫ বছর আগে সেখানে গিয়েছিলাম তখন এই প্রস্তাবটা এসেছিল এবং তখন থেকেই এইসব প্রস্তাব নিয়ে আলাপ-আলোচনা চলছে। ওখানকার উদ্বাস্তু ভাইবোনরা আমাদের কাছে পরিষ্কার ভাবে বললেন,

"That the Dandakaraya Development Authority is planning to withdraw from the zone after handing over the Institutions and villages to the Government of Orissa. Though we appreciate the proposal of the D. D. A. and their anxiety to see that the settlers merge with the main stream of life of the area, we feel that the proposal of withdrawal at this stage is slightly premature."

In view of the following বলে ওঁরা ১৩ দফা সমস্যার কথা এখানে উল্লেখ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হচ্ছে ভিত্তি যার উপর দাঁড়িয়ে আমি এই প্রস্তাব এখানে উত্থাপন করেছি। এই প্রস্তাবের ব্যাখ্যা সম্পর্কে যা কিছু বক্তব্য সেটা আমি বিতর্কের শেষে এখানে রাখব। একথা বলে আমি আমার প্রস্তাব এখানে উত্থাপন করছি।

[10.30—10.40 P. M.]

শ্রীনবকুমার রায়ঃ মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় সদস্য অমলেন্দ্রবাবু, নীহারকুমার বোস এবং ননী কর মহাশয় দণ্ডকারণ্য সম্বন্ধে যে প্রস্তাব আমাদের সামনে উত্থাপন করেছেন তা আমরা বিশেষভাবে বিবেচনা করব। আমার সৌভাগ্য হয়েছিল ৫ বছর আগে এই বিধানসভার প্রতিনিধি হিসাবে দণ্ডকারণ্যে যাওয়ার। তখন আমাদের সঙ্গে অমলেন্দ্রবাবু, ননী কর এবং নীহারবাবু ছিলেন। সেখানে আমরা কি দেখেছি, দণ্ডকারণ্যের অধিবাসীরা আমাদের কি বলেছে, কেন তাঁদের এই অবস্থা, আমাদের রিলিফ মিনিষ্টারও সেখানে গিয়েছেন, এইসব যদি আলোচনা করতে হয় তাহলে বলতে হয় দেশ বিভাগের পর পূর্ববাংলা থেকে অনেক মানুষ পশ্চিমবঙ্গে এসে আস্তানা নিয়েছিল, তখন আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের সঙ্গে আজকের নেতা জ্যোতিবাবুর এই রিফিউজী নিয়ে অনেক তর্ক-বিতর্ক হয়েছিল। তদানীন্তন সরকার উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে যাবার জন্য পরিকল্পনা নিয়েছিলেন। তখন আজকের দিনে যিনি মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তিনি সেই পরিকল্পনার বিরোধিতা করেছিলেন। জ্যোতিবাবু সেদিন বক্তব্য রেখেছিলেন বাঙালীরা পশ্চিমবঙ্গে থাকবে, তাঁরা উড়িষ্যায় বা দণ্ডকারণ্যে যাবে কেন? পশ্চিমবঙ্গে আমাদের অনেক জায়গা রয়েছে, এখানে আমাদের সুন্দরবন রয়েছে, এই সুন্দরবনে তাদের ব্যবস্থা করে দেওয়া হোক। কিন্তু অনেক ঘাত-প্রতিঘাত সত্ত্বেও এই উদ্বাস্তুদের কেন্দ্রীয় সরকার দণ্ডকারণ্যে থাকার ব্যবস্থা করে দিয়েছেন, তাদের জমি-জায়গার ব্যবস্থা করে দিয়েছেন, অনেক সামাজিক ব্যবস্থা করে দেওয়া হয়েছে এবং সেখানকার অধিবাসীদের সঙ্গে তাদের যাতে একটা ভাল সম্পর্কে গড়ে ওঠে তারও ব্যবস্থা করা হয়েছে। ১৯৭৭ সালে এই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে আসার পর দণ্ডকারণ্যের উদ্বাস্তুরা দণ্ডকারণ্য ছেড়ে পশ্চিমবঙ্গে আসার চেষ্টা করে এবং অনেকে চলেও আসে। আমরা কংগ্রেস পার্টি থেকে একে সমর্থন করিনি। তখন আমরা বলেছিলাম যে, পশ্চিমবঙ্গে

এইসব উদ্বাস্তুদের জন্য যথেষ্ট জায়গা নেই—যেখানে তাদের পুনর্বাসন করে দেওয়া যেতে পারে। আমরা জানি দণ্ডকারণ্য থেকে যদি উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গে আসে তাহলে তাদের পশ্চিমবঙ্গে জায়গা দেওয়া সম্ভব নয়। তারা পশ্চিমবঙ্গে চলে আসুক এটা আমরা কোনদিনই সমর্থন করিনি। কিন্তু কি দেখলাম—আমরা রিফিউজীদের বিভিন্ন মিটিং-এ গিয়েছি, তাদের জিজ্ঞাসা করেছি আপনারা পশ্চিমবঙ্গে হঠাৎ যাওয়ার জন্য এত আগ্রহী কেন? তারা প্রকাশ্য মিটিং-এ বলেছে, এখনকার যিনি স্পীকার, তখন তিনি ল মিনিষ্টার ছিলেন, তিনিও সেখানে ছিলেন, তারা পরিষ্কার করে বক্তব্য রেখেছে ইউ সি আর সি কমিটির যিনি নেতৃত্ব করেন, পশ্চিমবঙ্গের যিনি প্রভাবশালী রিফিউজী লিডার প্রাণকৃষ্ণবাবু, তিনি কংগ্রেস আমলে যখন পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার ছিলেন তখন বিভিন্ন সময়ে দণ্ডকারণ্যে গিয়েছেন, সেখানে মিটিং করেছেন, বক্তব্য রেখেছেন যে, আপনাদের এই দুর্দশায় পশ্চিমবঙ্গে কোনদিন যদি আপনাদের সমর্থিত সরকার—তার মানে বামফ্রন্ট সরকার—সি. পি. এম. সরকার আসে তাহলে আপনাদের আমরা পশ্চিমবঙ্গে ব্যবস্থা করে দেব এবং বাঙালী হয়ে বাঙালীর উপযুক্ত মর্যাদা দেব, এই বক্তব্য তাঁরা রেখেছেন। তাঁরা আরো বক্তব্য রেখেছেন যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর তদানীন্তন বামফ্রন্ট সরকারের মাননীয় এক মন্ত্রী এবং আজকের মন্ত্রী কিরণময় নন্দ—তাঁরা দণ্ডকারণ্যে গিয়ে বক্তব্য রেখেছেন যে, বাঙালী ভায়েদের-মায়েদের জন্য পশ্চিমবঙ্গের দরজা খোলা। পশ্চিমবঙ্গে আজ জনদরদী সরকার এসেছে, গরীব মানুষের সরকার এসেছে, বাস্তুহারাদের সরকার এসেছে, এই সরকার তোমাদের জন্য পশ্চিমবঙ্গে কর্মসংস্থান করে দেবে। এতদিন যাঁরা পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের থাকার ব্যবস্থার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন তাঁরা যখন সরকারে এসেছেন তখন পশ্চিমবঙ্গে এইসব উদ্বাস্তুদের থাকার নিশ্চয়ই ব্যবস্থা হবে। কিন্তু দুঃখের বিষয় মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এইসব উদ্বাস্তুরা ভুল বুঝেই হোক, আর ভুল করেই হোক বা কারোর উস্‌কানির ফলে ভুল চিন্তাধারা নিয়েই হোক—যখন পশ্চিমবঙ্গে এসেছে, তখন এই বামফ্রন্ট সরকার, এই জনদরদী সরকার তাদের পশ্চিমবঙ্গ থেকে তাড়িয়ে দেওয়ার জন্য গুলি পর্যন্ত করল।

তাদের পশ্চিমবাংলা থেকে তাড়াবার জন্য গুলি পর্যন্ত করেছেন, দ্বিধা বোধ করেন নি। ওঁরা নাবালকদের গুলি করেছেন, মেয়েদের ইজ্জত নিয়ে ছিনিমিনি খেলেছেন। এটা একটা ইতিহাস, যে সরকার কিনা বলেছিলেন যে, উদ্বাস্তুরা মানুষ, দেশ ভাগ হয়েছে বলে আজকে ওরা পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় এসেছে, তাদের উপযুক্ত মর্যাদা দেওয়া হবে না? তাঁরাই কিন্তু এদের ওপর গুলি

চালিয়েছেন। আমরা কিন্তু একবারও এই কথা বলিনি যে, দণ্ডকারণ্যে যে-সমস্ত উদ্বাস্তু আছে, তাদের পশ্চিমবাংলায় সংস্থান করে দেওয়া যেতে পারে। আমি দণ্ডকারণ্যে অন্যান্য প্রতিনিধিদের সঙ্গে বক্তব্য রেখেছি। পশ্চিমবাংলায় আমাদের মন্ত্রী রাম চ্যাটার্জী আছে এবং আজকের মন্ত্রী কিরণময় নন্দ মহাশয়, তখন উনি জনতা দলের একজন ভাল বক্তা ছিলেন, তিনিই বলুন না কেন, পশ্চিমবাংলায় যাবার জন্য, কিংবা ইউ. সি. আর. সি'র প্রেসিডেন্ট প্রাণকৃষ্ণবাবু বলুন না কেন, পশ্চিমবাংলায় আপনাদের জায়গা দেওয়া সম্ভব নয়। পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে এমন একটা রাজ্য, যেখানে বহু সমস্যা রয়েছে, তার মধ্যে বিশেষ সমস্যা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। কাজেই এই অবস্থায় আপনারা দণ্ডকারণ্যে আছেন, আপনারা এই দেশের অধিবাসীদের সঙ্গে ভাল সম্পর্ক গড়ে তুলেছেন, আপনারা এখানেই বসবাস করুন, আপনারা দাবী রাখতে পারেন যে, পশ্চিমবাংলায় এখন যে জনদরদী সরকার এসেছেন, তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে এই রিফিউজিদের যাতে ভালভাবে বন্দোবস্ত করে দেন তার চেষ্টা করবেন। কিন্তু আমরা কখনই এই কথা স্বীকার করে নিতে পারি না, অতীতে পশ্চিমবাংলায় যে কংগ্রেস সরকার ছিলেন—ডাঃ বিধানচন্দ্র রায়, তিনি কোনদিন স্বীকার করেন নি, আজকে আমি নবকুমার রায়, আমি কংগ্রেসের প্রতিনিধি হিসাবে আপনাদের কাছে এসেও আমি স্বীকার করছি না যে, পশ্চিমবাংলায় আপনাদের ব্যবস্থা করে দেওয়া যেতে পারে। কিন্তু আমরা একটা জিনিস দেখেছি, উদ্বাস্তুদের দেশ ভাগ হবার পরে—এরাই কিন্তু উদ্বাস্তুদের সহমর্মী বা যাই বলুন না কেন, এদের ভেতর থেকে নেতা গজিয়ে উঠলো। আর যখন সরকারে এলেন, এরা কিন্তু এখন উদ্বাস্তুদের সম্বন্ধে অন্য বক্তব্য রাখছেন। মাননীয় অমলবাবু আমাদের কাছে যে প্রস্তাব রেখেছেন তা বিরোধিতা করার বিষয় নয়। কিন্তু একটা জিনিস ভাবতে হবে, এই উদ্বাস্তুদের নিয়ে আমরা অনেক খেলেছি। এদের আমরা দণ্ডকারণ্যে যেতে দেব না, আন্দোলন করেছি। কংগ্রেস সরকার যখন এদের দণ্ডকারণ্যে পৌঁছে দিয়েছে, বামফ্রন্ট সরকার এখানে আসার পর তাঁরা আবার যখন তাদের সহযোগিতায় পশ্চিমবাংলায় এসেছে, তখন বর্তমান এই সরকার তাদের উপর গুলি চালিয়েছে। এই রকম দুমুখো নীতি হতে পারে না। আজকে যখন আপনারা বামফ্রন্ট সরকারে আছেন, আপনারা পরিষ্কার ভাবে একটা বক্তব্য রাখুন যে, এই সব উদ্বাস্তুরা দণ্ডকারণ্যে থাকবে না, তাদের অর্থনৈতিক অবস্থা কি ভাবে একটা পরিবেশের মধ্যে আনা যায়, তা আপনারা সবাই মিলে চিন্তা করে এই বিধানসভা থেকে একটা ইউনানিমাস বক্তব্য রাখি এবং কেন্দ্রীয় সরকারের কাছে সেই প্রস্তাব রাখি। এতে আমাদের যদি বলেন, আপনাদের সরকারের

সঙ্গে আমাদের দল সহযোগিতা করবে কি না—আমি প্রতিশ্রুতি দিচ্ছি, তা তাঁ করবেন এবং আমাদের যদি দিল্লী যেতে বলেন, আপনাদের সঙ্গে আমাদের দ যাবে। এখন দিল্লীতে আমাদের সরকার রয়েছে, জনদরদী নেত্রী ইন্দিরা গান্ধ রয়েছেন, তাঁর কাছে আমরা বক্তব্য রাখবো। যে কোন ব্যাপারে এই স উদ্বাস্তুদের সহযোগিতা করতে আমরা রাজী আছি। কিন্তু একটা জিনিস পরিষ্কা ভাবে বলছি, এই সব উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করবেন না। ভোটের সম আপনারা বলবেন উদ্বাস্তু ভাইবোনেরা তোমাদের জন্য আমরা রয়েছি এব তোমাদের জন্য আমরা কত থেকেছি, কত কাজ করেছি, আর যখন রাজনীতি কথা আসবে, তখন আমরা মাথা ঝাড়া দেব। মরিচঝাঁপি—কিছুদিন আগে এ পশ্চিমবাংলার প্রতি মানুষের একটা চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছিল, তখন আজকে মুখ্যমন্ত্রী, তদানীন্তন উদ্বাস্তুদের একজন একনিষ্ঠ কর্মী, যিনি পশ্চিমবাংলায় তাদে রাখতে চেয়েছিলেন, তিনিও তাদের উপর গুলি চালিয়ে একটা ইতিহাস সৃষ্টি করেছেন। আমি আমার দলের পক্ষ থেকে পরিষ্কার ভাবে জানিয়ে দিতে চাই, উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি আপনারা বন্ধ করুন। যে প্রস্তাব অমলেন্দ্রবাবু এখানে রেখেছেন, তা আমরা সমর্থন করবো।

অমলবাবু যে প্রস্তাব রেখেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করার আগে শুধু একটি অনুরোধ করব যে, আপনারা উদ্বাস্তু নিয়ে রাজনীতি করবেন না। রাজনীতি করার অনেক জায়গা রয়েছে। সেখানে সি. পি. এম.-এর বিরোধিতা আমরা করছি, আপনারা কংগ্রেসের বিরোধিতা করছেন। কিন্তু উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করে সত্যিকারে তাদের অমানুষ সৃষ্টি করবেন না। তাদের শান্তিতে বসবাস করতে দিন। এই আবেদন রেখে অমলবাবুর প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[10.40—10.50 A.M.]

শ্রীনীহারকুমার বসু: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাবের সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। বেশ কয়েকবার দণ্ডকারণ্য থেকে দল বেঁধে এখানে উদ্বাস্তুরা চলে এসেছে এবং যখনই উদ্বাস্তুরা দল বেঁধে এখানে চলে আসতে থাকে তখনই এটা প্রমাণিত হয় যে, পুনর্বাসনের মৌলিক উপকরণগুলির অভাব সেখানে আছে। স্বার্থক পুনর্বাসনের বিভিন্ন ক্ষেত্রে মৌলিক ত্রুটি-বিচ্যুতি সেখানে নিশ্চয় আছে। উদ্বাস্তুদের দল বেঁধে পুনর্বাসন কেন্দ্র ত্যাগ করার নজির আমাদের দেশে

অনেক আছে এবং দণ্ডকারণ্য থেকে খালি একবার মাস ডিজাসটার হয় নি, বহুবার মাস ডিজাসটার হয়েছে, সে-সব নজির আমাদের কাছে আছে। কেন্দ্রীয় সরকার দণ্ডকারণ্য পরিকল্পনা রচনা করার সময় পুনর্বাসনের ক্ষেত্রে যেসব উপকরণ দেবার কথা ঘোষণা করেছিলেন সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একটি পুস্তিকা থেকে পুনর্বাসনের উপকরণগুলি একটু পড়ে শোনাচ্ছি। এর মধ্যে উল্লেখযোগ্য হল, ম্যালেরিয়া উচ্ছেদ করা হবে, সারা বছরের যোগাযোগের উপযোগী রাস্তা নির্মাণ করা হবে, একটি রেল পথ নির্মাণ করা হবে, যেখানে সম্ভব সেখানে সেচের ব্যবস্থা করা হবে, ব্যাপক ভিত্তিতে মৎস চাষ হবে, খনিজ ও বনজ সম্পদের উপর নির্ভরশীল শিল্প প্রতিষ্ঠা করা হবে ইত্যাদি ইত্যাদি বহু গাল ভরা কথা এখানে লেখা আছে। কিন্তু বাস্তবে আমরা কি দেখেছি? পশ্চিমবঙ্গ থেকে দণ্ডকারণ্যে যারা গিয়েছিলেন তাদের সঙ্গে আমাদের বিরোধী দলের সদস্য নবকুমার রায় মহাশয়ও ছিলেন। উনি এখানে যা বলে গেলেন, বাস্তবে দণ্ডকারণ্যে সেই সব জিনিস কি কোথাও দেখেছিলেন? না, এই সব কোথাও নেই। অর্থাৎ পুনর্বাসনের ক্ষেত্রে যেসব মৌলিক উপকরণ দরকার দণ্ডকারাণ্য সেগুলি অনুপস্থিত এবং এরই জন্য উদ্বাস্তুরা বারে বারে দণ্ডকারণ্য থেকে মিলিত ভাবে পুনর্বাসনের স্থান ত্যাগ করে চলে এসেছে। উনি বলেছেন ইতিপুর্বে আর উদ্বাস্তুরা দণ্ডকারণ্যের পুনর্বাসন কেন্দ্র ত্যাগ করেন নি এবং আমাদের বামপন্থীদের পক্ষ থেকে সেখানে গিয়ে নাকি নানাভাবে তাদের প্ররোচিত করা হয়েছিল, তাই হাজার হাজার উদ্বাস্তু ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে এসে হাজির হয়েছিল। উনি হয়ত জানেন না, ভুলে গেছেন অথবা সমস্ত ব্যাপারটা জেনেশুনে বিকৃত ভাবে রাখবার চেষ্টা করেছেন। ১৯৭৫ সালে মানা ক্যাম্প থেকে যখন ২০ হাজার উদ্বাস্তু পরিবার এক সঙ্গে পশ্চিমবঙ্গে চলে আসার চেষ্টা করেছিলেন। সেইদিন কিন্তু কেন্দ্রীয় সরকারের পুলিশ তাদের উপর যে নির্মমভাবে অত্যাচার করেছিল, তার নজির আমাদের জানা নেই। এই কথা কি উনি ভুলে গেছেন? উনি বলে গেলেন ১৯৭৮ সালে দণ্ডকারণ্য থেকে যেসব উদ্বাস্তু এখানে এসেছিল তাদের উপর নাকি গুলি চালানো হয়েছিল, পুলিশী অত্যাচার হয়েছিল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভারতবর্ষের যে-কোন রাজ্যে এই ধরনের নজির আছে কিনা যেখানে হাজার হাজার উদ্বাস্তু পুনর্বাসনের জায়গা পরিত্যাগ করে এদেশে এসেছে, সেখানে তাদের আর্থিক ব্যবস্থা করে দেওয়া হয়েছে—আপনারা কি এটা দেখাতে পারেন? তাদের বোঝাবার চেষ্টা করা হয়েছে যে, আপনারা পুনর্বাসনের জায়গায় ফিরে যান, আপনাদের যে-সমস্ত অভাব-অভিযোগ আছে রাজ্য সরকার দায়িত্ব নিয়ে কেন্দ্রের সাথে যোগাযোগ

করে সেগুলি সমাধান করার চেষ্টা করবেন। কিন্তু আপনারা এইভাবে এসে এই রাজ্যে আর নতুন করে সমস্যা সৃষ্টি করবেন না।

এইভাবে আপনারা এসে নতুন করে এই রাজ্যে সমস্যার সৃষ্টি করবেন না। এটা করলে আপনাদেরও পুনর্বাসন হবে না এবং অপর দিকে পশ্চিমবংগের অর্থনীতির উপর আরো বেশী চাপ পড়বে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উদ্বাস্তুদের সংগে সভা-সমিতি করে তাদের এই সব কথা বোঝাবার চেষ্টা করেছেন। অতীতে এই ধরনের কোন চেষ্টা ওঁদের পক্ষ থেকে কোনদিন করা হয়েছিল বলে আমাদের জানা নেই। স্যার, ১৯৭৫ সালের ঘটনার কথা আপনার সামনে রেখেছি। সেদিন যে অত্যাচার করে তাদের পশ্চিমবংগের মাটিতে নামতে দেওয়া হয় নি সেসব কথা আমরা জানি। আজকে ওঁরা বড় বড় কথা বলছেন, কিন্তু সেদিন নারী, শিশু, বৃদ্ধ কেউই পুলিশের অত্যাচার থেকে রেহাই পায় নি। উনি ইউ. সি. আর. সি.-র কথা বললেন। ইউ. সি. আর. সি দণ্ডকারণ্যে পুনর্বাসনের বিরোধিতা করেছেন উনি বললেন। ভদ্রলোক কিছুই জানেন না। ওদের সময় ১৯৫৯ সালে তদানিন্তন রাজ্য সরকার যে পুস্তিকা দিয়েছিলেন তাতে ইউ. সি. আর. সির একটি স্মারকলিপি ছিল সামগ্রিকভাবে পুনর্বাসনের উপর। আমার সময় অল্প, তাই তার থেকে একটি অংশ আমি পড়ে শোনাচ্ছি। The Report of the U. C. R. C. reportedly points out that the Camp refugees do not want to exist on doles and want to have complete rehabilitations whenever possible. So also is the intention of the Government. তাহলে পশ্চিমবংগের বাইরে পুনর্বাসনের বিরোধিতা ইউ. সি. আর. সি. কবে করলো? কোথায় করলো? উনি কিছুই জানেন না, অথচ এই সব কথা বলে গেলেন। ইউ. সি. আর. সি. দ্ব্যর্থহীন ভাষায় এই কথাই বলেছেন যে, প্রথমে আমাদের পশ্চিমবংগের ভেতরে পুনর্বাসনের সুযোগ যতটুকু আছে তাকে ব্যবহার করতে হবে। সেইটুকু করার পর পশ্চিমবংগের বাইরে পুনর্বাসনের বিরোধিতা ইউ. সি. আর. সি. কখন কোন সময় করেন নি। ইউ. সি. আর. সি. একটা কথাই জোরের সংগে বলেছেন যে, সঠিক পরিকল্পনা করেই একমাত্র উদ্বাস্তুদের বাইরে পাঠানো যেতে পারে। কারণ বহির্বাংলায় পুনর্বাসনের অভিজ্ঞতা আমাদের আছে। সেখানে উড়িষ্যা এবং মধ্যপ্রদেশের অভিজ্ঞতা আমাদের আছে। সেখানে দলে দলে উদ্বাস্তুদের পাঠানো হয়েছে, আবার দলে দলে তাঁরা ফিরে এসেছেন। সেখানে যদি যথাযথ পরিকল্পনা থাকতো তাহলে উদ্বাস্তুদের সেখানে পুনর্বাসন হতে পারতো। ইউ. সি. আর. সি. দ্ব্যর্থহীন ভাষায় বারবারই বলে এসেছেন যে, যথাযথ পরিকল্পনা করতে হবে এবং তা করে উদ্বাস্তুদের পাঠাতে

হবে, কারণ এটা করলে উদ্বাস্তুদের আর সেই স্থান ত্যাগ করে আসতে হবে না এবং নতুন করে সমস্যারও সৃষ্টি হবে না। এখন দণ্ডকারণ্যে যে-সব কৃষক উদ্বাস্তু রয়েছেন তাঁরা যে জমি পেয়েছেন সেগুলি সব নতুন জমি। নববাবুও জানেন, তিনি তা দেখে এসেছেন। এই সব জমিতে সেচ ছাড়া চাষবাস হতে পারে না। যারা চাষ করেছিলেন তাঁরা দেখেছেন সেচ ছাড়া চাষবাস সম্ভব নয়। এর জন্য দুটি ড্যামের পরিকল্পনা সেখানে সরকার নিয়েছেন। নির্ধারিত সময়ের মধ্যে সেই ড্যামের কাজ শেষ হয় নি। ইদানিংকালে সেই ড্যামের কাজ শেষ হয়েছে। এই দুটি ড্যামের নাম হচ্ছে সতিগোদা আর পট্টারু। এই ড্যামগুলির কাজ শেষ করাটাই সেখানে শেষ কথা নয়। সেই ড্যাম থেকে জল নিয়ে জমিতে পৌঁছে দেবার জন্য যে-সমস্ত ক্যানেলের দরকার সেগুলির কাজ আজ পর্যন্ত শেষ হয় নি। সেখানে রেল লাইন, সড়ক পরিবহণ, মাতৃভাষায় পুরো শিক্ষার ব্যবস্থা—সেসব কথা না হয় বাদই দিলাম কিন্তু সেখানে যে-সমস্ত কৃষিজীবী উদ্বাস্তু পরিবার আছেন তাঁদের যদি পুনর্বাসনকে সার্থক করতে হয় তাহলে সেচের জল জমিতে পৌঁছে দিতে হবে, কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। আজকে যদি দণ্ডকারণ্য অথরিটি তাদের কাজকর্ম গুটিয়ে নেয় তাহলে উদ্বাস্তুরা আবার বাধ্য হবেন তাঁদের পুনর্বাসন কেন্দ্র ত্যাগ করতে। এই ভাবে তাঁদের পুনর্বাসন কিছুতেই সার্থক হতে পারে না। সেখানে কৃষিজীবী উদ্বাস্তুদের জন্য যে-সমস্ত কাজ বাকি রয়েছে সেই কাজ কোন রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব নয়। কাজেই কেন্দ্রীয় সরকারের যে সিদ্ধান্ত দণ্ডকারণ্য ডেভেলপমেণ্ট অথরিটির কাজকর্ম গুটিয়ে নেওয়া সেই সিদ্ধান্ত সঠিক নয়। এই অথরিটির কাজ এখনই গোটানো উচিত নয়। দণ্ডকারণ্য অথরিটি দণ্ডকারণ্যে পুনর্বাসনের যাবতীয় ব্যবস্থাদি শেষ করা পর্যন্ত তাদের রাখতেই হবে, এই অথরিটির কাজ চালিয়ে যেতে হবে।

[10.50—11.00 A.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য দণ্ডকারণ্য সম্পর্কে অনেক বড় বড় কথা বলেছেন যে, তদানীন্তন রাজ্য সরকার এই ব্যাপারে অনেক চিন্তা-ভাবনা করেছেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, দণ্ডকারণ্য অথরিটি যেটা আছে, আমাদের রাজ্য সরকারের চীফ সেক্রেটারী, তিনি পদাধিকার বলে সেই অথরিটির সভ্য। ১৯৭৮ সালে যখন এই অথরিটির কাজকর্ম পর্যালোচনা করে দেখা হয় তখন আমরা দেখেছি যে, বছরের পর বছর পশ্চিমবাংলা সরকারের

চীফ সেক্রেটারী ঐ দণ্ডকারণ্য অথরিটির যে সভা হয়েছে সেই সভায় তিনি যোগদান করেন নি। এর মধ্যে দিয়ে এটাই প্রতিফলিত হয়েছে যে, দণ্ডকারণ্য পুনর্বাসন সম্পর্কে তাঁদের দৃষ্টিভঙ্গী কি ছিল। সুতরাং আজকে এই সমস্ত বড় বড় কথা বলে পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের আসল ব্যাপারটাকে কংগ্রেস ঝুলিয়ে রখেছে এবং বিধানসভায় গরম গরম কথা বলে নিজেদের অযোগ্যতা এবং উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রে যে অবহেলা তাঁরা করেছেন, সেটাকে ঢাকবার চেষ্টা করছেন। আমি এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীননী কর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আজকে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি, যা মাননীয় সদস্য অমলবাবু আপনার সামনে পেশ করেছেন, আমি তার অন্যতম উত্থাপক হিসাবে কয়েকটি কথা আপনার সামনে বলতে চাই। আমি প্রস্তাবের একটি বিষয়ের প্রতি বিশেষ করে আপনার নজরে আনতে চাই। আমি যেখানে বলেছি, এই সভা মনে করে যে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার মাধ্যমে কেন্দ্রীয় সরকার সমস্ত দায়িত্ব বহন না করলে ঐ এলাকার উন্নতি বিধান এবং উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের মোকাবিলা করা কোন রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এটা হচ্ছে আজকে প্রধান কথা। কোন রাজ্য সরকারের যদি সদিচ্ছা থাকে তাহলে দণ্ডকারণ্যের মত একটা পরিকল্পনা যেটা ৩টি ষ্টেট নিয়ে আছে, সেটা কখনও কার্যকরী হতে পারে না। সে জন্য কেন্দ্রীয় সরকারের এই দায়িত্ব ছেড়ে দেওয়া হচ্ছে, দায়িত্ব অস্বীকার করার নামান্তর। আমরা শুনেছি, পুনর্বাসনমন্ত্রী আছেন, তিনি বলবেন, ওঁরা সিদ্ধান্ত করেছিলেন যে, দণ্ডকারণ্য অথরিটি পরিপূর্ণ ভাবে তুলে দেবেন। পশ্চিমবঙ্গ সরকার এর আপত্তি করেছেন। উদ্বাস্তুদের পক্ষ থেকেও আপত্তি উঠেছে। তাঁরা বলেছেন যে, তুলে দেবেন না, তবে একটু কেটে দেবেন। একটু কেটে দেবেন মানে তার প্রধান প্রধান অংশগুলি রাজ্য সরকারের হাতে তুলে দিয়ে সামান্য একটা অংশ তাঁরা রাখবেন। অর্থাৎ তুলে দেবেন না, এই কথা প্রমাণ করার জন্য ডি. ডি. এ. নামটা শুধু রাখবেন। আমরা বলেছি যে, দণ্ডকারণ্য ডেভেলপমেণ্ট অথরিটি যতটা আছে তার সবটা রক্ষা করতে হবে দণ্ডকারণ্যের স্বার্থে, উদ্বাস্তুদের স্বার্থে এবং সামগ্রিক ভাবে দেশের স্বার্থে। ওঁদের কথা ছিল যে, অনেক কিছু সেখানে করবেন। কিন্তু সেখানকার যে সমস্যা, সেই সমস্যা কি সমাধান হয়েছে? না, হয় নি। ওখানে ইরিগেশান সম্পর্কে বলা হয়েছিল যে, গোটা অঞ্চলে জলসেচের ব্যবস্থা করা হবে। Dandakaranya development authority এরিয়াতে ৬৫ হাজার একর জমিতে ইরিগেশান করার কথা ছিল।

কিন্তু সেটা হয় নি। মালকানগিরি ড্যাম এরিয়াতে ১৫ হাজার একর জমিতে ইরিগেশান করার কথা ছিল, কিন্তু সেখানকার চ্যানেলগুলি আজও কমপ্লিট হয় নি। তাছাড়া কথা ছিল যে ভ্যালির উল্টো দিকে যেখানে উঁচু জমি আছে, সেখানে জল পাম্প করে তুলতে হবে। কারণ পাম্প করে জল না তুললে সেখানে জল যাবে না। এর কোন ব্যবস্থা হয় নি। আপনি জানেন যে, ওখানকার সেই জমির একটা বড় অংশে ৬ ইঞ্চি নীচে পাথর রয়েছে। সেই পাথর বের করে নিতে হবে। সেই জমিকে পরিপূরক করার জন্য যে চেষ্টা সেটাও আজ পর্যন্ত করা হয় নি। প্যারোল-কোট এরিয়াতে যেটা করার কথা ছিল সেটাও হয় নি। কাজেই কোন উন্নয়নকে কার্যকরী করা হয় নি। গোটা ভারতবর্ষে যখন উন্নয়ন হচ্ছে না তখন এই সবের উন্নয়ন হবে, সেই আশা করি না।

ওখানে আরো যে কথা ছিল তা হচ্ছে প্রতিটি উদ্বাস্তু পরিবারকে ৭ একর করে জমির পাট্টা দেওয়া হবে। কিন্তু আজকে ৭ একরের কথা ভুলে গিয়ে সাড়ে তিন একর করে জমি তাদের দিতে চাইছে, তাও পার্মানেন্ট রাইট দিতে চাইছে না, শুধুমাত্র টেম্পোরারি লিজ দিতে চাইছে। সেখানে ইণ্ডাষ্ট্রি করার কোন ব্যবস্থা হয় নি। এমন কি ছোট ছোট ইণ্ডাষ্ট্রি করে যাতে তারা বাঁচতে পারে তার জন্যও তাদের কোন সুযোগ করে দেওয়া হয় নি। নববাবু আমাদের সঙ্গে ডেলিগেশনে ছিলেন এবং তিনি ওখানে আমাদের আলোচনাকে সমর্থন জানিয়েছিলেন। আমাদের সঙ্গে তিনি একমত হয়েছিলেন এবং আজকেও তিনি আমাদের এই প্রস্তাবকে সমর্থন করলেন, সেই জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা ডেলিগেশনে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যে রিপ্রেজেনটেশন দিয়েছিলাম নববাবুরও তাতে সই আছে এবং তিনি সেটি পড়েই সই করেছিলেন। আমি তাঁকে শুধু মনে করে দিচ্ছি যে, সেই রিপ্রেজেনটেশনে আমরা বলেছিলাম—কি কি অভিযোগ সেখানে উদ্বাস্তুদের মধ্যে আছে, তা আমি আবার ওঁকে একটু পড়ে শোনাচ্ছি, Other factors e.g. lack of drinking water facilities schooling facilities, medical facilities, etc. which the refugees particularly mentioned in their speech at the public meetings were duly taken note of by the delegation and the Chairman D.D.A. সেখানে এই রকম গুরুতর অভিযোগ ছিল এবং আজও সেই অভিযোগগুলি বর্তমান। অথচ মাননীয় সদস্য নবকুমার রায় এখানে বক্তব্য রাখতে গিয়ে ইউ. সি. আর. সি.-র মাননীয় নেতা প্রাণকৃষ্ণবাবুর নাম উল্লেখ করলেন। প্রাণকৃষ্ণবাবু এই সভার সদস্য নন, উনি তাঁর নাম এখানে উল্লেখ

করতে পারেন না। কিন্তু উনি তাঁর নাম উল্লেখ করে বললেন, তিনি নাকি কি বলেছিলেন! আমার সময় কম, আমার কাছে ঐ বিষয়ের প্রাণকৃষ্ণবাবুর প্রেস ষ্টেটমেন্টটি আছে, আমি সেটা বিশদভাবে উল্লেখ করছি না। তবে তিনি সেখানে পরিষ্কার বলেছেন, দণ্ডকারণ্য থেকে উদ্বাস্তুদের এখানে ফিরিয়ে নিয়ে এসে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব নয়। একথা তিনি তাঁর ঐ ষ্টেটমেন্টেই শুধু বলেন নি, ইউ. সি. আর. সি.-র কোতরং-এ যে সম্মেলন হয়েছিল, সেই সম্মেলনে প্রস্তাব গ্রহণ করা করা হয়েছিল, দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের সমস্যার সমাধানের জন্য দণ্ডকারণ্যের জমিতে দাঁড়িয়েই লড়াই হবে, দণ্ডকারণ্য ত্যাগের মধ্যে সমস্যার সমাধান পাওয়া যাবে না। এই হচ্ছে ইউ. সি. আর. সি-র সিদ্ধান্ত, এই হচ্ছে প্রাণকৃষ্ণবাবুর সিদ্ধান্ত। নববাবুরও যে প্রস্তাবের মধ্যে সই আছে, সেই প্রস্তাবের আর একটা অংশ আমি এখানে আবার একটু পড়ছি, সেখানে আমরা বলছি, The delegation would like to keep on record a word of thanks for the pains undertaken by the leaders of the United Central Refugee Council, namely, Shri Prankrishna Chakraborty and Shri Anil Singha who torued extensively in the Malkangiri and Umarkote Zone urging the D. P. settlers at Dandakaranya not to leave their hearth and homes. The delegation would also thank the Governments of India, Orissa, Andhra Pradesh and D.D.A. for the arrangements made by them. .... .

অর্থাৎ যেখানে নবকুমারবাবু ছিলেন, আমরা ছিলাম, মন্ত্রী ছিলেন, প্রাণকৃষ্ণবাবু ছিলেন সেখানে এই বক্তব্য বলা হয়েছে এবং একথা সর্বত্র বলা হয়েছে। বলা হয়েছে যে, দণ্ডকারণ্য ছেড়ে নয়, দণ্ডকারণ্যের প্রশ্নের দণ্ডকারণ্যেই ফয়সালা করতে হবে। নববাবু এটা জেনেও আজকে এখানে উল্লেখ করলেন না। উনি রামবাবুর কথা বলেছেন। রামবাবু আজকে এই বিধানসভায় হয়ত নেই। কিন্তু রামবাবু এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন, "আমি কখনো ঐ কথা বলিনি যে, তাদের দণ্ডকারণ্য থেকে চলে আসতে হবে।" সুতরাং আমি নববাবুকে বলব যে, যেখানে আমরা একমত হয়েছিলাম সেখানে আমরা বলেছি, দণ্ডকারণ্যে রিফিউজি এবং নন-রিফিউজিদের মধ্যে ডিসক্রিমিনেশন হচ্ছে। আমরা সেখানে বলেছি, No discrimination would be shown between the refugees on the one hand and the local Oriya people and the Adivasis on the other. ... ..

আমরা শুধু ঐকথা বলিনি, আমরা সেখানে একথাও বলেছি যে, সেখানকার

ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট নিজে স্বীকার করেছেন, এই জিনিস কিছুটা হচ্ছে। আমরা একথা আমাদের রিপোর্টের মধ্যেও উল্লেখ করেছি। আমরা বলেছি দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের ভোটার লিষ্টে নাম পর্যন্ত নেই। এ বিষয়ে আমরা বলেছি, "Arrangements for inclusion of the eligible Voters in the electoral rolls—করতে হবে বলেছি।

[11.00—11.10 A.M.]

সেখানে প্রশ্ন উঠেছে ভোটার লিষ্টে নাম নেই, সিডিউল কাষ্ট সার্টিফিকেট দেয় না, এর থেকেও বড় কথা সেখানে চাপ দেওয়া হচ্ছে দণ্ডকারণ্য ছেড়ে দেবার জন্য। তাই আমি বলছি, এই ব্যাপারে সেখানকার রাজ্য সরকারকে, সেখানকার অফিসারদের দায়িত্ব নিতে হবে। এখানে আমি উল্লেখ করছি, There are reports of cases of intimidation and pressures from the site of some vested interest of the remaining refugee families deserting Dandakaranya for West Bengal. কেন এই ভেসটেড ইণ্টারেষ্টের চাপ ? সেখানে যে জমি উঠিত হয়েছে সেই সমস্ত জমিগুলিকে সেখানকার জোতদার জমিদাররা দখল করার জন্য উদ্বাস্তুরা যাতে সেইসব উঠিত জমি যেখানে ফসল হয়েছে সেইসব জমি যাতে ভোগ না করতে পারে তারই জন্য অর্থাৎ ভেসটেড ইণ্টারেষ্টের জন্য এটা করছেন এবং এটাই প্রধান কারণ ছিল। সেখানে একথা উঠেছে, বিভিন্ন রাজ্য সরকারের হাতে ছেড়ে দেওয়া হবে। আমি প্রথমেই বলেছি যে, এটা সম্ভব নয়, কোন রাজ্য সরকারের পক্ষে এই জিনিস করা সম্ভব নয়। সবচেয়ে বড় কথা হচ্ছে, এখানের রিপোর্ট হচ্ছে, ডিসেম্বর মাসের ১২ তারিখে রি-সেটেলমেন্ট অফ ওয়েলফেয়ার অর্গানাইজেশন যে রিপোর্ট আমাদের হাতে দিয়েছিলেন সেই রিপোর্টে বলছে, 'for instance the Irrigation Department of the Government of Orissa decided not to release water from Bhaskal Dam in Umerkote zone for ravi cultivation in the filed.

এই তো সরকারের এ্যাটিচিউড। তখন সেখানে যে সরকার ছিলেন সেই সরকারের এ্যাটিচিউড হচ্ছে উদ্বাস্তুদের জমিতে সেচের জন্য জল দেওয়া হবে না, তাদের জন্য কোন ব্যবস্থা না করে সেখানকার রাজ্য সরকারের হাতে ওখানকার উদ্বাস্তুদের ভার তুলে দেওয়া হয়েছে— এটাই হচ্ছে সমস্যা। সেই কারণে আমি যে কথার উপর জোর দিতে চাই সেটা হচ্ছে, আমাদের দণ্ডকারণ্য ডেভেলপমেন্ট অথরিটি যে

অবস্থায় আছে সেই অবস্থায় রাখতে হবে। শুধু সেই অবস্থায় রাখলেই হবে না দণ্ডকারণ্যে ওদের যা করার কথা ছিল সেটা করতে হবে। এই কথাগুলি ইউ সি আর. সি.'র পক্ষ থেকে নীহার বসু মহাশয় উল্লেখ করেছেন যে, দণ্ডকারণ্যের বিষয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রীবিধানচন্দ্র রায়ের কাছে যে স্মারকলিপি উপস্থিত করা হয়েছিল, তিনি তার সরকারের পক্ষ থেকে সেই শ্বেতপত্র প্রকাশ করেছিলেন, ইউ সি. আর. সি.-কে মেনে নিয়েছিলেন। আমি আর সেকথার মধ্যে যেতে চাই না আমরা বলেছিলাম দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের যাওয়ার দরকার নেই তার একটিমাত্র কারণ হচ্ছে, পশ্চিমবাংলায় যত জায়গা জমি আছে তার মধ্যে ব্যবস্থা করা হোক, এ ছাড়া তখন অত উদ্বাস্তু এসে পড়ে নি—এটাও যেমন একটা বড় কারণ ছিল, তেমনি দণ্ডকারণ্যে দণ্ডক বন, পাহাড় ঘেরা, জল নেই, কোন রকম সেখানে ব্যবস্থা নেই, ভারত সরকারকে আমরা যতটা জানি, যতটা চিনি, তাতে করে তারা উদ্বাস্তুদের জন্য কিছুই করবে না। আবার উদ্বাস্তুরা এই পশ্চিমবাংলায় ফিরে আসবে। আমি এই হাউসে নজির তুলে বলতে পারি, বিভিন্ন রাজ্যে—যেমন উত্তরপ্রদেশ, বিহার, উড়িষ্যা প্রভৃতি রাজ্যে যেখানে যেখানে উদ্বাস্তুদের পাঠানো হয়েছে, সেখানে সেখানে ভারত সরকারের ঠিকমত ব্যবস্থা নেই বলে উদ্বাস্তুরা বারে বারে সেখান থেকে চলে আসছে। সেই রকম দণ্ডকারণ্যেও ব্যবস্থা হয় নি বলে আমি এই কথা বলবো দণ্ডকারণ্যের উন্নয়ন করতে হবে। আজকে দণ্ডকারণ্য থেকে ফেরত আসার প্রশ্ন নয়। এত বছর বাদে আজকে যে লড়াই হচ্ছে, সেখানকার কৃষক, আদিবাসী এবং গণতান্ত্রিক মানুষের সেখানে যে অধিকার আছে সেই অধিকার বজায় রাখতে হবে। সেই কথা নববাবু স্বীকার করেছেন এবং সমর্থন করেছেন। ইন্দিরা গান্ধীর কাছে গিয়ে আপনারা এই প্রস্তাবটি উত্থাপন করুন। এটা শুধুমাত্র অমলবাবু, নীহারবাবুর বক্তব্য নয়, এটা বামফ্রন্ট সরকারের বক্তব্য নয়, এটা সবাই সমর্থন করেন, এটা পশ্চিমবাংলার বক্তব্য যে, দণ্ডকারণ্যকে পুরোপুরি রাখতে হবে এবং দণ্ডকারণ্যে ডেভেলপমেন্ট করতে হবে উদ্বাস্তুদের স্বার্থে, আদিবাসীদের স্বার্থে এবং ওখানকার জনগণের স্বার্থে—এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করার জন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটিয়ে নেওয়ার যে পরিকল্পনা কেন্দ্রীয় সরকার নিতে চাইছেন তার বিরুদ্ধে আজকে যে প্রস্তাব মাননীয় সদস্যবৃন্দ শ্রীঅমলেন্দ্র রায় মহাশয়, শ্রীনীহার বসু মহাশয় এবং শ্রীননী কর মহাশয় এনেছেন—বামফ্রন্ট সরকার মরিচঝাঁপির উদ্বাস্তু নিধনের নায়ক হওয়া সত্ত্বেও, সেই কলঙ্কজনক ইতিহাস থাকলেও, উদ্বাস্তুদের প্রতি

[বঞ্চনার ইতিহাস থাকলেও—আমি এই প্রস্তাবকে সমর্থন করব এবং সকলেই সমর্থন করবেন এটাই আশা করি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছি, এই যে দণ্ডকারণ্য প্রকল্প ১৯৫৮ সালে নেওয়া হয়েছিল, পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সেখানে কেন্দ্রীয় সরকার তাঁদের ন্যূনতম দায়িত্বও পালন করেন নি এবং যেভাবে তাঁদের রেখেছেন, পাথুরে জমি—যেখানে কৃষির কোন ব্যবস্থা নেই। গোড়াতেই গোটা পরিকল্পনাটাতে ভুল ছিল। যেখানে পাথুরে জমিকে তাঁরা কৃষি-ভিত্তিক করতে পরিকল্পনা নিয়েছিলেন, পাথুরে জমিকে আবাদযোগ্য করার ব্যাপারে, তার জন্য যে সেচের ব্যবস্থা করা, বা অন্যান্য সমস্ত প্রয়োজনীয় জিনিস দেওয়ার ব্যাপারে কেন্দ্র কোন দায়িত্বই পালন করেন নি, সেদিক থেকে এটাকে শিল্প-ভিত্তিক করে তৈরী করার চেষ্টা করলে আমার মনে হয় সেটা ভাল হোতো। আসলে উদ্বাস্তুদের সমস্যাটা গুরুত্ব সহকারে তাঁরা দেখেন নি। এর ফলেই এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবং আমি জানি দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের এমনই একটা পরিস্থিতির মধ্যে রাখা হয়েছে যার জন্য তাঁরা বারংবার সেখান থেকে পশ্চিমবঙ্গে চলে আসতে চেষ্টা করছেন। ফলে সেদিক থেকে আজকে কেন্দ্রীয় সরকার তাঁদের দায়িত্বকে অস্বীকার করে এই উন্নয়ন সংস্থাকে গুটিয়ে নেওয়ার চেষ্টা করছেন। এ্যাজ ইফ তাদের সমস্ত দায়িত্ব পালন করা হয়ে গেছে। অর্থনৈতিক পুনর্বাসন—বাস্তব ঘটনা যেটা সেটা সংগতিপূর্ণ নয়। ফলে এর বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ হওয়া দরকার। কেন্দ্রীয় সরকার এর জন্য, আজকে ভারতবর্ষ যেভাবে যে কংগ্রেসের জন্য দ্বিধাবিভক্ত হল—রাজনৈতিক ভাবে এর বলি হল অগণিত উদ্বাস্তু। এঁদের পুনর্বাসনের নৈতিক দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে। কেন্দ্র যুক্তি দেখিয়ে এটা অস্বীকার করতে পারেন না, বা কোন রাজ্য সরকারের উপরও চাপাতে পারেন না। এর প্রতিবাদ হওয়া দরকার এবং এর ন্যায়সংগত দাবী প্রতিষ্ঠিত হওয়া দরকার।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবকে আমি সমর্থন করছি এবং এই প্রয়োজনীয়তা আজকে উদ্বাস্তুদের এই সমস্যা নিয়ে শুধু বিধানসভায় নয়, বিধানসভার বাইরেও প্রয়োজন আন্দোলন যে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারে তার প্রয়োজনীয়তা আছে এবং তা করলে আমরা নিশ্চয় সেই আন্দোলনে সামিল হব।

[11.10—11.20 A. M.]

তাঁরা যদি এগিয়ে আসেন এ ব্যাপারে তাহলে আমরা নিশ্চয়ই সামিল হবো—এই সহযোগিতা তাঁরা নিশ্চয়ই পাবেন, এই প্রতিশ্রুতি আমরা দিচ্ছি। কিন্তু মাননীয়

ডেপুটি স্পীকার মহাশয়, সাথে সাথে সেই কথাও বলবো যে, এই উদ্বাস্তুদের সম্পর্কে যে প্রস্তাব আপনারা গ্রহণ করেছেন, এখানে যে প্রস্তাব এনেছেন—সেই প্রস্তাব সমর্থন করতে গিয়ে উদ্বাস্তুদের প্রতি আপনাদের, বামফ্রণ্টের যে সমর্থন, বামফ্রণ্টের যে আন্তরিকতা—সে সম্পর্কে প্রশ্ন উঠতেই পারে, এটা আপনারা কোন দিক থেকেই অস্বীকার করতে পারেন না। আজকে দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের উপর এখানে যে প্রস্তাব এনেছেন, কিন্তু সেদিন দণ্ডকারণ্য-ফেরৎ উদ্বাস্তু, যাঁরা পশ্চিমবাংলায় এসেছিলেন তাঁদের সঙ্গে কি ব্যবহার করেছিলেন? একথা ঠিক পশ্চিমবাংলার উপর যদি আবার দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের চাপ আসে তাহলে পশ্চিমবাংলার অর্থনীতিতে বিপর্যয় সৃষ্টি হবে এবং এটা নিশ্চয়ই সমর্থন করা যায় না। কিন্তু তবুও যে কারণেই হোক তাঁরা পশ্চিমবাংলায় এসেছিলেন। কিন্তু তাঁদের ফেরৎ পাঠাতে তাঁদের সঙ্গে যে আচরণ করেছেন, সেটা কোন দিক থেকেই মানবিক নয়, গণতান্ত্রিক নয়। এখানে ননীবাবু অস্বীকার করলেন যে, তাঁদের উপর নাকি কোন অত্যাচার হয় নি। আমি বুঝি না একথা ওঁরা কি করে বলেন! কাশীপুরে গুলি চালনা, মরিচঝাঁপির সেই নৃশংস অত্যাচারের ঘটনা আজ গোটা পশ্চিমবাংলার মানুষ জানেন, ভারতবর্ষের মানুষ জানেন। সেই কলঙ্কজনক ঘটনা ভুলবার উপায় নেই। তাঁদের সঙ্গে যে আচরণ করা হয়েছিল সেদিন, তা না করে তাঁদের মরিচঝাঁপিতে রেখে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা যেতো। কিন্তু তা না করে ঐ সমস্ত অসহায় উদ্বাস্তুদের উপর যে অত্যাচার করেছেন, যে আচরণ করেছেন—এটা কোন সভ্য সরকারের কাছ থেকে আশা করা যায় না। সেই কারণেই বলছিলাম যে, এখানে প্রস্তাব গ্রহণ করলেও উদ্বাস্তুদের প্রতি আপনাদের আন্তরিকতা সম্পর্কে প্রশ্ন থেকে যায়। ভারত সরকার যেমন আজ উদ্বাস্তুদের প্রশ্নে তাঁদের প্রতিশ্রুতি ভঙ্গ করছেন। আজকে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে, এক্তিয়ারের মধ্যেও উদ্বাস্তুদের দেওয়া আপনাদের প্রতিশ্রুতি ভঙ্গ করছেন। আমরা দেখিয়ে দিতে পারি যে, দণ্ডকারণ্যের উদ্বাস্তুদের আপনাদের দেওয়া নির্বাচনী প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে উদ্বাস্তুদের প্রতি আপনাদের আন্তরিকতার। আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকারঃ এই মোশনের জন্য যে টাইম ফিকসড্ করা হয়েছে তা ১১টা ১৭ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। এখনও টাইমের প্রয়োজন। তাই আপনাদের কাছে আধ ঘণ্টা টাইম বাড়াবার প্রস্তাব রাখছি।

(প্রস্তাবটি ধ্বনিভোটে গৃহীত হোল)

শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজ এই সভায় মাননীয় সদস্যত্রয়—শ্রীঅমলেন্দ্র রায়, শ্রীনীহার বসু এবং শ্রীননী কর দণ্ডকারণ্য সম্পর্কে যে প্রস্তাব নিয়ে এসেছেন এবং প্রস্তাবে যে সুপারিশ করেছেন যে, এই সভা দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটিয়ে ফেলার কেন্দ্রীয় প্রস্তাবের বিরোধিতা করছে—এই প্রস্তাব আমি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এবং নিজের পক্ষ থেকে সম্পূর্ণ সমর্থন করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এ সম্পর্কে দু'-একটি কথা বলতে চাই। আমি বিস্তৃত বিশদ বিবরণের মধ্যে যাচ্ছি না। দণ্ডকারণ্য প্রকল্প সম্পর্কে এই মাননীয় সদস্যরা অনেকেই জানেন এবং ঐ পক্ষের ওঁরাও কিছু কিছু জানেন। উদ্বাস্তু পুনর্বাসনের জন্য এই দণ্ডকারণ্য প্রকল্প কেন্দ্রীয় সরকার যখন প্রথম গ্রহণ করেছিলেন তখন উড়িষ্যা এবং মধ্যপ্রদেশের দুটি জেলা বেছে নেওয়া হয়েছিল। একটি হচ্ছে উড়িষ্যার কোরাপুট এবং অন্যটি মধ্যপ্রদেশের বস্তার।

এই এলাকাতে কেন্দ্রীয় সরকার উন্নয়নের জন্য একটা সংস্থা করেন, যে সংস্থার নাম দণ্ডকারণ্য ডেভেলপমেণ্ট অথরিটি। এই এলাকা প্রশাসনিক স্তরে ৪ ভাগে ভাগ হয়, অর্থাৎ চারটি জোনে ভাগ করা হয়। এই চারটি জোন হলো মালকানগিরি, অমরকোট, পারালকোট, কন্নাগাঁও। পারালকোট এবং কন্নাগাঁও হলো মধ্যপ্রদেশে এবং মালকানগিরি এবং অমরকোট হলো উড়িষ্যার মধ্যে অবস্থিত। এখন পর্যন্ত এখানে যা উদ্বাস্তু পরিবার আছে সেই সংখ্যা হলো ২৪ হাজার ৭ শো ৯৪টি। উদ্বাস্তুর সংখ্যা হিসাব করলে গড়ে প্রত্যেক পরিবারে ৫ জন করে লোক ধরলে তার পরিমাণ দাঁড়ায় ১ লক্ষ ২৩ হাজার ৯৭৫ জন। সেখানে ঐ পরিমাণ উদ্বাস্তুর পপুলেশান রয়েছে। তাঁরা পরিষ্কার করে বলেন নি যে, কি লক্ষ্য নিয়ে এই দণ্ডকারণ্য প্রকল্প করা হয়েছে। সেই প্রকল্পের বর্তমান অবস্থা কি? প্রকল্পের বর্তমান অবস্থা হলো এখন পর্যন্ত উদ্বাস্তু পুনর্বাসন কাজ সম্পন্ন হওয়া তো দূরের কথা কোথাও কোথাও এখনও আংশিক ভাবে আরম্ভ হয়েছে এবং কোথাও কোথাও আরম্ভ করা সম্ভব হয় নি। তা সত্ত্বেও দণ্ডকারণ্য গুটিয়ে ফেলার চেষ্টা হচ্ছে। আমরা দাবী করেছি এবং বিভিন্ন জায়গা থেকে দাবী উঠেছে যে, উদ্বাস্তু পুনর্বাসনের কাজ পুরোপুরি সম্পন্ন না হলে দণ্ডকারণ্য ডেভেলপমেণ্ট অথরিটি তুলে দেওয়া চলবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের জানানোর জন্য অষ্টম লোকসভার এষ্টিমেট কমিটির একটা সুপারিশ আমি এখানে উপস্থিত করছি। সেখানে বলা হচ্ছে "দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত কাজের যে-সমস্ত পরিকল্পনা নেওয়া এবং আরো পরিকল্পনা

নেওয়া দরকার সেই সব কাজ সম্পন্ন না হলে একটা নূতন চুক্তি নেওয়া উচিত হবে না। কোন রাজ্য সরকারকে এই দায়িত্ব দেওয়া হবে না। কোন রাজ্য সরকারের যথেষ্ট পরিমাণ উপযুক্ত কর্মচারী এবং অর্থ নেই এবং পরিকল্পনা করতে পারবে না।" এই সুপারিশ তাঁরা করেছেন। কিন্তু সেই সুপারিশকে অগ্রাহ্য করে কেন্দ্রীয় সরকার দণ্ডকারণ্য উঠিয়ে নেওয়ার চেষ্টা করছে। এটা অত্যন্ত ক্ষোভের কথা, দুর্ভাগ্যের কথা। আলোচনার মধ্যে যেটা উঠেছে সেটা সঠিকভাবেই উঠেছে। সতীপুরা জলসেচ প্রকল্প। সেখানে ১৫ হাজার একর জমি সেচ এলাকাভুক্ত করার কথা ছিল। কিন্তু হয় নি। পাঠারু, এখানে ৬৫ হাজার একর জমিকে সেচ এলাকাভুক্ত করার কথা ছিল ১৯৮৩ সালের জুন মাসের মধ্যে। এই কাজ সম্পন্ন হয় নি। সামান্য কিছু কাজ হয়েছে, নানা ব্যাপারের জন্য সেই কাজ পড়ে আছে। কাজেই যেখানে মূলতঃ কৃষি কাজের উপর নির্ভরশীল সেখানে সেচ প্রকল্প না হওয়ার জন্য কৃষি জমি দেওয়া সম্ভব হচ্ছে না।

[1 .20—11.30 A. M.]

বাস্তবিক পক্ষে কৃষিজীবীদের এখনও পর্যন্ত জমি দেওয়া যায় নি। সেখানকার ভৌগোলিক ও প্রাকৃতিক পরিবেশের কথা আমরা জানি। আমি সেই সমস্ত কথার মধ্যে যাচ্ছি না। আমরা জানি, পাহাড়ী বনাঞ্চলে জলসেচ ছাড়া কোন কৃষির উৎপাদন সম্ভব হয় না। যাঁরা সেখানে গিয়েছিলেন, তাঁরা দেখে এসেছেন সেখানে সামান্য কিছু বৃষ্টি হয়। সেখানে অল্প পরিমাণে কিছু ধান ও মেস্তার চাষ হয়। কিন্তু সেগুলি অত্যন্ত নিকৃষ্ট মানের। কারণ সেখানে জলসেচের কোন ব্যবস্থা নেই। যেহেতু সেখানে সিউয়েজ নেই, সেজন্য আবাদের কাজ ভাল ভাবে করা যায় না। সেখানে সয়েল ইরোশানের প্রতিরোধের ভাল ব্যবস্থা নেই। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এখনও পর্যন্ত বিজ্ঞানসম্মত ভাবে কিছু করতে পারেন নি। সেই জন্য সেখানকার কৃষিজীবী পরিবার ও কৃষি কাজের উন্নতিও কিছু সম্ভব হয় নি। সেখানে কিছু শিক্ষিত ছেলেমেয়েও আছে—কিছু স্কুল সেখানে করা হয়েছিল, সেখানে উদ্বাস্তু পরিবারের কিছু ছেলেমেয়ে লেখাপড়া শিখেছে—তারা আজকালকার যুগের ছেলে, কৃষির কাজ তাদের ভাল ভাবে জানা নেই। তাদের অন্য কোন বৃত্তিতে নিযুক্ত করার কোন পরিকল্পনা হয় নি। সেখানে শিল্পের কোন ব্যবস্থা হয় নি। অথচ ষষ্ঠ লোকসভার এষ্টিমেট কমিটির সুপারিশ ছিল যে, সেখানে কিছু ক্ষুদ্র শিল্প—যেমন পেপার ইণ্ডাষ্ট্রি, স্মলস্কেল ইণ্ডাষ্ট্রি, পশুপালন ও

অন্যান্য আরও যে সমস্ত ব্যবস্থা—এ্যাগ রো বেসড ইণ্ডাষ্ট্রি গড়ে তোলা যেতে পারে। এর ফলে সেখানে তৈলবীজের চাষ হতে পারে, তার ফলে কারখানা গড়ে উঠতে পারে। কিন্তু পরিতাপের বিষয়, এই সমস্ত কিছুই হয় নি। যার ফলে সেখানকার উদ্বাস্তুরা অত্যন্ত দুরবস্থার মধ্যে দিন কাটাতে বাধ্য হচ্ছে। শুধু তাই নয়, ওড়িষ্যা বা মধ্যপ্রদেশে উদ্বাস্তুদের বিরুদ্ধে স্থানীয় আদিবাসী সম্প্রদায়ের মানুষদের উস্কানি দিয়ে উত্তেজিত করা হচ্ছে। উদ্বাস্তুরা সামান্যতম যে পরিমাণ জমি পেয়েছেন, তাকে কেন্দ্র করে উদ্বাস্তুদের মধ্যে ওড়িষা ও মধ্যপ্রদেশের আদিবাসী কৃষকদের রায়ট বাঁধিয়ে দেওয়া হচ্ছে। এই ভাবে উদ্বাস্তুদের একটা স্থায়ী সংকটের মধ্যে নিক্ষেপ করা হচ্ছে। আসামে যেমন ভাবে প্রতিক্রিয়াশীল কায়েমীস্বার্থের প্রতিভূরা একটা সংকটাপন্ন অবস্থার সৃষ্টি করেছে, তেমনি ভাবেই দণ্ডকারণ্যে এক ভয়ংকর অবস্থা সৃষ্টির চক্রান্ত চলছে। এই অবস্থা দেখে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমাদের চীফ সেক্রেটারী ও ডিপার্টমেণ্টের অফিসার বলেছেন যে, দণ্ডকারণ্য উন্নয়ন অথরিটির পুনর্বাসনের কাজ এখুনি গুটিয়ে ফেলা উচিত হবে না। উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা পুরোপুরি না মেটা পর্যন্ত তাঁদের কথনই কাজ বন্ধ করা উচিত হবে না বলা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোন কর্ণপাত না করে ৪টির মধ্যে ৩টি ইতিমধ্যেই গুটিয়ে ফেলেছেন। কেন্দ্রীয় সরকার সেখানে পুনর্বাসনের কাজ গুটিয়ে ফেলে উদ্বাস্তুদের সমস্যাগুলিকে সংশ্লিষ্ট রাজ্য সরকারের হাতে ন্যস্ত করবেন বলে স্থির করেছেন। এই প্রসঙ্গে আমি একটি রিপোর্ট এখানে উল্লেখ করতে চাই। দণ্ডকারণ্য অথরিটির ৮৪ তম রিপোর্ট পেশ করা হয়েছে। তাতে উল্লেখ করা হয়েছে যে, সেখানে উদ্বাস্তুদের এক সংকটের অবস্থা সৃষ্টি হয়েছে। ওখানে একটা জোনে ৫,২৬০টি পরিবারকে সাময়িকভাবে জমির পাট্টা দেওয়া হয়েছে। এখানে বলা ভাল, সাময়িক ভাবে পাট্টা বলতে উদ্বাস্তুদের ৩৷৷ বিঘা করে যে জমি বিলি করা হয়েছিল তার উপরে পাট্টা। এই সামান্য জমির উপরে পাট্টা দেওয়া হবে মাত্র ৯ বছরের জন্য। উদ্বাস্তু পরিবার সেই জমির উন্নতি সাধনের পরে ৯ বছর পরে পুরোপুরি পাট্টা পাবে কিনা তাতে সন্দেহ আছে। কোন নিশ্চয়তা নেই। আমাদের সরকারের প্রতিনিধি সেখানে যাঁরা ছিলেন, তাঁরা এই ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। তাঁরা স্থায়ী ভাবে পাট্টা দেওয়ার পক্ষে যুক্তি দেখিয়েছিলেন। পারমানেণ্ট পাট্টা দেওয়ার সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার এখনও গ্রহণ করেন নি। জমির মালিকানা নিয়মিতকরণের ব্যাপারে আরও সংবাদ আছে। মধ্যপ্রদেশের মধ্যে কোণ্ডাগাঁও জোনে সমস্ত উদ্বাস্তুদের অস্থায়ী ভাবে পাট্টা দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত তাদের স্থায়ী পাট্টা দেওয়া হয় নি। সেখানকার উদ্বাস্তুরা বলছেন, কেন্দ্রীয়

সরকার যে পাট্টা দিয়েছেন তাতে মৌরসী পাট্টা তো দূরের কথা, আগামী বছরের মধ্যেও কিছু পাব কিনা সন্দেহ আছে। পাট্টা পাওয়ার নিশ্চয়তা সম্পর্কে তাদের মনে সন্দেহ দানা বেঁধে উঠেছে। সেখানকার উদ্বাস্তুরা পাট্টা নিতে অস্বীকার করছেন।

সেখানে জমি রয়েছে, কিন্তু সেই জমিতে পাট্টা দেওয়া হচ্ছে না। উদ্বাস্তুরা বারবার দাবী করছে যে, তাদের ঘর একটা হল, কিন্তু জমির পাট্টা দেওয়া হোল না। তাদের অন্য যায়গায় পাট্টা দেওয়া হচ্ছে। এইভাবে পরস্পরবিরোধী কাজ করা হচ্ছে। সেই দিক থেকে সেচসেবিত এলাকা বাড়ান হয় নি এবং এই এলাকা সৃষ্টি করবার জন্য যে পরিকল্পনার কথা উল্লেখ করেছিলাম সেই পরিকল্পনা ঠিকমত কার্যকরী হয় নি। জুন মাসের মধ্যে কার্যকরী হওয়ার কথা ছিল, কিন্তু মালিকানার স্থায়ী স্বত্ব তো দূরের কথা, অস্থায়ী স্বত্বও উদ্বাস্তুদের দেওয়া হয় নি। ফলে বিরোধ ক্রমশঃ বেড়েই যাচ্ছে। শিক্ষাক্ষেত্রে অপ্রতুলতা, মেডিকেল চিকিৎসা, জনস্বাস্থ্য চিকিৎসা দপ্তরের কাজ ঠিকমত হচ্ছে না। হাসপাতালের ব্যবস্থা নেই, পানীয় জল সরবরাহের ব্যবস্থা অত্যন্ত খারাপ। শিল্প সম্পর্কে আমি যা বললাম—শিল্পের পরিকল্পনা থাকা সত্ত্বেও এবং পার্লামেন্টে এ নিয়ে কাগজে-কলমে বহু পরিকল্পনা তৈরী করা হয়েছে, কিন্তু কার্যকরী হয় নি। সেখানে বন থেকে অনেক সম্পদ পাওয়া যাবে, কিন্তু তা সত্ত্বেও কোন উন্নতি হয় নি। আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বারেবারে দাবী করেছিলেন যে, দণ্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ সম্পন্ন না করে রাজ্য সরকারের হাত থেকে দণ্ডকারণ্য উন্নয়নের কাজ কেড়ে নেওয়া যাবে না এবং এটা যাতে রাজ্য সরকারের হাতে থাকে তার ব্যবস্থা করুন। ২৮শে ফেব্রুয়ারী আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে একটা চিঠি লিখেছিলেন। তাতে তিনি এই কথা লিখেছিলেন যে, দণ্ডকারণ্য উন্নয়ন সম্পর্কে উচ্চপর্যায়ে আলোচনা না করে, তার যে-সমস্ত অভিযোগগুলি আছে সেগুলির মূল্যায়ন না করে কোন কর্মসূচী নেই এই রকম কোন সিদ্ধান্ত আপনারা নেবেন না। কারণ এর ফল ভালো হবে না। সুতরাং এই সিদ্ধান্ত নেওয়া আপনাদের উচিত হবে না। শুধু তাই নয়, এর পাশাপাশি কনসালটেটিভ কমিটি হয়েছিল উদ্বাস্তু পুনর্বাসন নিয়ে। শ্রীঅজিত বাগ এম. পি. ১১-৪-৮৩ তারিখে লোকসভায় মোশন এনেছিলেন। এখানে উচ্চ পর্যায়ে মীমাংসা না করে দণ্ডকারণ্য তুলে দেওয়া উচিত হবে না। শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে কথা লিখেছিলেন আমি মাননীয় সদস্যদের অনুমতি নিয়ে সেই চিঠি পড়ছি। তাতে তিনি লিখেছেন ৪টি জোনের মধ্যে ৩টি জোনকে উঠিয়ে দিচ্ছেন রাজ্য সরকারের হাতে। এই চিঠি ১১. ৪. ৮৩ তারিখে তিনি দিয়েছিলেন।

এখনো পর্যন্ত Distribution of pattas, granting of citizenship rights and encroachment on land—এইগুলি নিয়ে ষ্টেট গভর্নমেণ্টের সঙ্গে আলোচনা করার জন্য চেষ্টা করছি। সিটিজেনশিপ দেওয়ার, ভোটার তালিকা সংশোধন ইত্যাদির ব্যাপারে কিছুই হচ্ছে না। তপসিলী জাতিরা সার্টিফিকেট দিয়েছেন, সংবিধানের তপসিলী জাতিদের জন্য স্বীকৃত যে সুযোগ—রিজারভেশানের ব্যাপারে সেই সুযোগ থেকে তারা সম্পূর্ণ বঞ্চিত হচ্ছে। তারা দরখাস্ত করেও সুযোগ পাচ্ছে না। এর ফলে দণ্ডকারণ্যের উদ্বাস্তুরা বিরক্ত হয়ে ভুল পথে চলে যায়। এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। ইউ. সি. আর. সি.-র রামকৃষ্ণ চক্রবর্তী সেখান থেকে পশ্চিমবাংলায় আসেন এই বিষয়ে আলোচনা করার জন্য। এর পিছনে রাজনৈতিক উদ্দেশ্য আছে। এই রাজনৈতিক উদ্দেশ্য কারা করছেন? মাননীয় সদস্য নানা রকম উন্নয়নের কথা বলেছেন। গত ১৯শে এপ্রিল তারিখে আমরা দিল্লী গিয়েছিলাম। কেন্দ্রীয় শ্রম ও পুনর্বাসন দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রীবীরেন্দ্র পাতিল মহাশয়ের সঙ্গে কথাবার্তা হয়েছিল। এতে মাননীয় সদস্য মতীশ রায়ও ছিলেন এবং লোকসভার সদস্য সমর মুখার্জী এবং আরো অনেকে ছিলেন।

[11.30—11.40 A.M.]

মাননীয়া সদস্যা গীতা মুখার্জী ছিলেন, সৌরেন ভট্টাচার্য ছিলেন। আমরা সেখানে অনেক বিষয় আলোচনার মধ্যে পাতিল সাহেবকে বলেছিলাম যে, বিধানসভায় আমরা দণ্ডকারণ্যে পুনর্বাসন নিয়ে আলোচনা করবো—কারণ সেখানে একটি বেসরকারী প্রস্তাব আছে—সেখানে আমরা দাবী করবো দণ্ডকারণ্য উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা না করে যেন দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা তুলে দেওয়া না হয়। তাতে তিনি বলেছিলেন, আপনারা এই প্রস্তাব করুন—আমরা বলেছিলাম শুধু প্রস্তাব নয়, আমরা দাবী করবো যাতে পশ্চিমবাংলার বিধানসভা থেকে একটি ডেলিগেশন দণ্ডকারণ্যে গিয়ে পুনরায় সমস্ত কিছু দেখে আসতে পারেন এবং তিনি বলেছিলেন আমরা তার ব্যবস্থা করবো। আমি আপনাকে অনুরোধ করবো আপনি এই ডেলিগেশনের নামগুলো ঠিক করে দিন যাতে আমরা দণ্ডকারণ্যে গিয়ে সমস্ত দেখে আসতে পারি। সুব্রতবাবু যে প্রশ্ন করেছিলেন আমি তার মধ্যে যেতে চাই না। পাতিল সাহেব কি কি সমালোচনা করেছিলেন, মতীশবাবু তার সাক্ষী—তার মধ্যেও আমি যেতে চাই না। যাই হোক আমি এই প্রস্তাব সমর্থন করি, আশা করবো সকলেই এই প্রস্তাব সমর্থন করবেন। নববাবুর মরিচঝাঁপির

কথা বলা ঠিক হয় নি। পশ্চিমবাংলা সরকারের কোন মন্ত্রী উস্কানি দিয়ে তাদের এখানে নিয়ে আসেন নি। কংগ্রেসেরই কিছু লোক কাঠের এবং মাছের ব্যবসা করবার জন্য তাদের যে এখানে নিয়ে এসেছিলেন তার প্রমাণ আছে। সুতরাং তাদের উপর যে লাঞ্ছনা হয়েছিল তার জন্য কংগ্রেসই দায়ী। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকার: অমৃতেন্দুবাবু যে ডেলিগেশন সম্বন্ধে বললেন, আমি সেই অল পার্টি ডেলিগেশনের নাম ঘোষণা করছি।

Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Relief & Rehabilitation Deptt. and Leader of Opposition.
,, Nani Kar, C.P.M.,
,, Subrata Mukherjee, Congress (I),
,, Nihar Kumar Bose, Forward Block,
,, Amalendra Roy, R.S.P.,
,, Deba Prasad Sarkar, S.U.C.,
,, Trilochan Mal, R.C.P.I ,
,, Sunil Santra, Forward Block (Marxist),
,, Haripada Jana, D.S.P ,
,, Prabodh Chandra Sinha, W.B.D.S.P.,
Shrimati Renu Leena Subba, Gorkha League,
Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Food & Supplies,
,, Subhas Basu, C.P.M.,
,, Sumanta Kumar Hira, C.P.M.,
,, Anisur Rahaman, C.P.M.,
,, Patit Paban Pathak, Minister-in-charge of Home (Parliamentary) Affairs, &
,, Kripasindhu Saha, Forward Block.

Shri Amritendu Mukherjee, Mr. Deputy Speaker, Sir, I beg to suggest the name of Shrimati Aparajita Goppi for inclusion in the team.

Mr. Deputy Speaker: All right, her name may be included. Now, I announce the names of members of an All Party Delegation on Jute. The Members are as follows :

1. Shri Kamal Sarkar
2. ,, Subrata Mukherjee
3. ,, Saral Deb
4. ,, Matish Roy

5. ,, Kshitibhusan Roy Barman
6. ,, Jagadish Chandra Das
7. ,, Madhabendu Mohanta
8. ,, Dinesh Chandra Dakua
9. ,, Sailendra Nath Chattapadhyay
10. ,, Haran Hazra
11. ,, Prabodh Chandra Sinha
12. ,, Trilochan Mal
13. ,, Deba Prasad Sarkar
14. ,, Patit Paban Pathak, Minister of State, Parliamentary Affairs Department.
15. ,, Prabir Sen Gupta, Minister of State.
16. ,, Anil Mukherjee

শ্রীসুব্রত মুখার্জী ঃ এই ডেলিগেশনে আমাদের দলের পক্ষ থেকে অতীশবাবুর নাম আমি প্রস্তাব করছি।

Mr. Deputy Speaker : All right, the name of Shri Atish Chandra Sinha is included in the All Party Delegation for Dandakaranya. Both Shri Subrata Mukherjee and Shri Atish Chandra Sinha are included.

শ্রীকমল সরকার ঃ আমি জুট ডেলিগেশন সম্পর্কে কিছু বলতে চাই। আমাদের এই বিধানসভায় আগে কেন্দ্রে জনতা সরকার যখন ছিলেন এবং কংগ্রেস সরকারের সময় আর একবার আমরা এই বিষয়ের উপর সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব করেছিলাম—এখনও পর্যন্ত ৫টি মাত্র চট কলের মালিক একচেটিয়া পরিবার যারা এমনভাবে কুক্ষিগত করে রেখেছে যাতে পশ্চিমবাংলার অর্থনীতি গ্রাস করতে চলেছে। এই অবস্থায় এই ডেলিগেশনের মাহাত্ম অনেক বেশী। আমাদের এখানে জুট শিল্প, পাট চাষ, ট্রেড ইত্যাদি সব মিলিয়ে জাতীয়করণ করার একটা প্রস্তাব ছিল। তাই এই ডেলিগেশনে যাঁরা যাবেন তাঁরা কেন্দ্রের সঙ্গে এই গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করবেন এবং এটা যাতে আমরা করতে পারি সেই চেষ্টা যেন আমরা সকলে মিলে করতে পারি।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই প্রস্তাব নিয়ে এখানে দেখা গেল বিরোধী দলও এই প্রস্তাব সমর্থন করেছেন। যদিও তাঁরা কিছু বিতর্কের ব্যাপার এখানে এনেছেন—কিন্তু যেহেতু তাঁরা সমর্থন করেছেন, আমি সেই বিতর্কের

মধ্যে যেতে চাই না। আমি আবার হাউসের সামনে কেন এই প্রস্তাব উত্থাপন করেছি সে সম্বন্ধে দু'-একটি কথা বলবো। আমরা ২৬-৩-৭৮ তারিখে সেখান থেকে ঘুরে এসে যে বিবৃতি হাউসের সামনে রেখেছিলাম, তাতে ৬টা বড় বড় সমস্যার কথা উল্লেখ করা হয়েছিল। আজকে আমরা দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটিয়ে ফেলার বিরুদ্ধে এই যে প্রস্তাব এনেছি তার মূল কারণ হচ্ছে আমাদের পাঁচ বছর আগেকার বিবৃতিতে যে ছয়দফা সমস্যার কথা উল্লেখ করা হয়েছিল তার একটারও আজ পর্যন্ত সুমীমাংসা হয় নি। তৃতীয় নম্বর কথা হচ্ছে আমরা যখন দণ্ডকারণ্যে গিয়েছিলাম তখন আমাদের কাছে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা একটা ষ্টেটমেন্ট দিয়েছিলেন ১১-৭৮ তারিখে—সেই ষ্টেটমেন্টের মধ্যে যে সমস্যা আমরা খুঁজে পেয়েছিলাম দেখা যাচ্ছে সেগুলির কোনটার সমাধান আজ পর্যন্ত হয় নি। যেমন এখানে মন্ত্রী মহাশয় বললেন ২৪৬৮০টি উদ্বাস্তু পরিবার সেখানে সেটেলড হয়েছে। এই কথা এইভাবে বললে খানিকটা ভুল বোঝাবুঝির সম্ভাবনা আছে। সেটেল হয়েছে মানে এই নয় যে, সমস্যার সমাধান হয়ে গেছে। পাঁচ বছর আগেকার কথা বলছি, তখন সেখানে যে সাড়ে চার হাজারের উপর পরিবার ছিল তাদের পুনর্বাসন তখন পর্যন্ত ভাল হয় নি। এই যে ২৪৬৮০টি পরিবার তাদের সমস্ত পুনর্বাসন দণ্ডকারণ্যে হয় নি। মনে হচ্ছে যে এটা পিছিয়ে আছে। আমি যে জাতীয় প্রতিশ্রুতির কথা বলেছি তাতে এই জাতীয় প্রতিশ্রুতির খেলাপ হবে বলে আমি মনে করি।

[11.40—11.50 A.M.]

উড়িষ্যা সরকার এবং মধ্যপ্রদেশ সরকার যে জমি দণ্ডকারণ্য অথরিটিকে দিয়েছিলেন সেই জমি বিলি করলেন এবং তার পরিমাণ হচ্ছে ২ লক্ষ ২৩ হাজার ২৭৮ একর। দেখা গেল ২০ বছরের চেষ্টায় তারা ৮ লক্ষ ৬১ হাজার ২৫৯ একর জমি Reclaim করলেন এবং ৬২ হাজার ২২ একর জমি Reclaim করা বাকী ছিল। ১৯৫৭-৫৮ সালে উদ্বাস্তুরা যখন সেখানে যায় তখন বলা হয়েছিল ৭ একর করে জমি দেওয়া হবে। পরবর্তীকালে আমরা যখন সেখানে গিয়েছিলাম তখন তারা বলেছে এটা অর্ধেক করে দিতে হয়েছে। আমরা দেখেছি সেখানকার জমির কোয়ালিটি খারাপ এবং সেচ ব্যবস্থা নেই। এদিকে দেখা যাচ্ছে গত ২০ বছরে ১ লক্ষ ৬১ হাজার ২৫৬ একর জমি তারা reclaim করতে পারল না এবং গত ৫ বছরে ৬২ হাজার ২২ একর জমি reclaim করা তাদের পক্ষে সম্ভব হয় নি এবং সেই জমি উদ্বাস্তুদের মধ্যে যথাযথ ভাবে বিলি করা হয় নি। সুতরাং আজকে জমির

পরিমাণ কমানোর প্রশ্ন আসছে না, বরং জমির পরিমাণ বাড়াবার প্রশ্ন আসছে। জমির পরিমাণ যদি কমিয়ে দেওয়া হয় তাহলে সমস্ত কৃষিজীবী পরিবারের সেখানে পুনর্বাসনের সম্ভাবনা সম্পূর্ণভাবে লুপ্ত হয়ে যাবে। ১৯৭৭ সালে তাঁরা বলেছিলেন সেচ ব্যবস্থার জন্য ২৫ কোটি টাকার প্রকল্প হয়েছে, ৬২ হাজার একর জমিতে সেচ ব্যবস্থা হবে এবং উড়িষ্যা সরকার হিসেব দিয়েছিলেন পটারু প্রকল্পে ৬২ হাজার একর জমিতে সেচ ব্যবস্থা করা হবে, ১৯ কোটি টাকা খরচ করা হবে এবং একথাও বলা হয়েছিল ১৯৮২ সালের মধ্যে এটা সমাপ্ত হয়ে যাবে। কিন্তু আশ্চর্যের বিষয়, কয়েক দিন আগে "ষ্টেটস্‌ম্যান" পত্রিকায় পড়লাম। পটারু এবং শশীভুজা যার একটি ১৯৮১ সালে এবং আর একটি ১৯৮২ সালে সম্পুর্ণ হয়ে যাবার কথা সেগুলি সম্পুর্ণ হয় নি। অর্থাৎ দেখা যাচ্ছে বড় সেচ প্রকল্পের মাধ্যমে সেচ ব্যবস্থা করা সেখানে আদৌ সম্ভব হয় নি। সুতরাং এই পরিস্থিতিতে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটিয়ে ফেলা সম্ভব নয়। ইতিপুর্বে মন্ত্রী মহাশয় বলেছেন, তাদের ভোটাধিকার দেওয়া হয় নি, নাগরিক অধিকার দেওয়া হয় নি। আরও একটা সমস্যা হচ্ছে, সেখানে শতকরা ৯৮ জন হচ্ছে নমঃশূদ্র, অথচ উড়িষ্যা এবং মধ্যপ্রদেশে নমঃশূদ্ররা সিডিউল্‌ড কাষ্ট বলে স্বীকৃত নয়। Govt. of India-র যে order আছে তার মধ্যে এটা নেই। কাজেই এটা ratification-এর দ্বারা করতে হবে, অথবা order change করতে হবে। কিন্তু এটা না করে মাঝপথে যদি গুটিয়ে নেন তাহলে সমস্ত ব্যবস্থা বানচাল হয়ে যাবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি এই সমস্ত দৃষ্টিভঙ্গী নিয়ে যে প্রস্তাব এনেছি তাকে সকলেই সমর্থন করেছেন বলে আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। আমি আশা করি, যে deligation যাবে বলে ঠিক হয়েছে তাঁরা সেখানে গিয়ে সমস্ত কিছু দেখে যা সুপারিশ করবার সেটা করবেন এবং সেই মত ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, দণ্ডকারণ্য ডেলিগেশন যেটা যাবে তাতে সি পি আই পার্টির একজন মাননীয় সদস্যের নাম আমি প্রস্তাব করছি, তিনি হচ্ছেন মাননীয় সদস্য ভূপাল পাণ্ডা। আর জুট নিয়ে যে ডেলিগেশন যাবে তাতে সি পি আই পার্টির মাননীয় সদস্য শ্রীকামাখ্যা ঘোষের নাম প্রস্তাব করছি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ দণ্ডকারণ্য ডেলিগেশনে মাননীয় সদস্য ভূপাল পাণ্ডার নাম ইনক্লুডেড হল এবং জুট ডেলিগেশনে মাননীয় সদস্য কামাখ্যা ঘোষের নাম ইনক্লুডেড হল।

The Motion of **Shri Amalendra Roy** that যেহেতু এই সভা গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে—

ভারত সরকার দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গুটাইয়া ফেলিবার প্রস্তাব কার্যকর করিতে যাইতেছেন ;

দণ্ডকারণ্যের সার্বিক উন্নয়ন এবং উদ্বাস্তু ও স্থানীয় আদিবাসীদের সুষ্ঠু ও সম্পূর্ণ পুনর্বাসনের ক্ষেত্রে, বিশেষতঃ কোণ্ডাগাঁও, মালকানগিরি, পারলকোট ও উমরকোট জোনের প্রত্যেকটিতেই কৃষিজীবী ও অকৃষিজীবী কিংবা কর্মী শিবিরবাসী উদ্বাস্তুদের এবং আদিবাসীদের বহুবিধ প্রাথমিক এবং আন্তঃকাঠামোগত অসুবিধা আজও বিদূরিত হয় নাই ;

মধ্যপ্রদেশ ও উড়িষ্যা সরকার যে জমি দণ্ডকারণ্য সংস্থাকে দিয়াছিলেন তাহা উদ্ধারের কাজ ঠিকমত সম্পূর্ণ হয় নাই এবং উদ্ধারকৃত জমিও যথাযথভাবে বিলি হয় নাই ;

জলসেচের কয়েকটি প্রকল্প কার্যকর হইলেও, বৃহৎ ও ক্ষুদ্র সেচের ক্ষেত্রে এখনও ব্যাপক সমস্যা রহিয়া গিয়াছে ;

কর্মসংস্থান, শিক্ষা, জনস্বাস্থ্য ও পানীয় জল সরবরাহ, স্বাস্থ্য, পূর্ত ও গৃহনির্মাণ, শিল্প, পশুপালন ও মৎস্যচাষ, প্রাথমিক শিক্ষার স্তরে মাতৃভাষার প্রচলন ইত্যাদি ক্ষেত্রে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা যে-সকল কর্মসূচী গ্রহণ করিয়াছিল তাহা যথাযথভাবে রূপায়িত হয় নাই ;

দণ্ডকারণ্যে বসবাসকারী উদ্বাস্তুদের সাংবিধানিক অধিকারসমূহ এবং কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী প্রদেয় জমির পরিমাণ সম্পর্কিত বিরোধের সন্তোষজনক মীমাংসা হয় নাই ও বাস্তু ও কৃষিজমি ভোগদখলের উপযুক্ত মালিকানা স্বত্ব এখনও দেওয়া হয় নাই ;

ঐ সংস্থাটির মাধ্যমেই সমগ্র এলাকাটির আরও সংহত ও সার্বিক রূপায়ণের জন্য এখনও পর্যন্ত কোন মাস্টার প্ল্যান তৈয়ারী হয় নাই ;

যেহেতু এই সভা মনে করে যে, দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার মাধ্যমে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ দায়িত্ব বহন না করিলে এলাকাটির উন্নয়ন এবং উদ্বাস্তু ও আদিবাসীদের সুষ্ঠু পুনর্বাসনের জটিল সমস্যাগুলি মোকাবিলা করা কোন রাজ্য সরকারের পক্ষেই সম্ভব নহে ;

সমগ্র জাতির স্বার্থে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থাটি গুটাইয়া ফেলিবার প্রস্তাব আদৌ সময়োচিত নহে ; এবং

কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলির ব্যাপক মতামত বিনিময় এবং মিলিত-ভাবে কর্তৃত্ব পরিচালনার যে ব্যবস্থা বর্তমানে চালু আছে তাহা অটুট রাখা প্রয়োজন ;

অতএব এই সভা দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থাটি গুটাইয়া ফেলিবার প্রস্তাবটি কার্যকর করা হইতে বিরত থাকিবার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে।

মিঃ ডেপুটি স্পীকার ঃ মাননীয় সদস্য সুব্রত মুখার্জীর মোশান এখন টেক আপ করা উচিত, এটাকে পরে টেক আপ করব, এখন এটাকে পাস ওভার করে শীশ মহম্মদের মোশানকে টেক আপ করছি। নাউ শ্রীশীশ মহম্মদ মে মুভ হিজ মোশান।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিষয়টা এ প্রসঙ্গে নয়, অন্য প্রসঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং খুব জরুরী বলে আপনার কাছে এই সুযোগ নিচ্ছি। আপনি জানেন যে, আই. এ. এস. অফিসারদের একটা এ্যাসোসিয়েশান আছে, সেই এ্যাসোসিয়েশানের পক্ষ থেকে গত কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীর কাছে একটা দাবীপত্র চিঠির আকারে পেশ করা হয় এবং অনেক মূল্যবান কথা, গুরুত্বপূর্ণ কথা সেখানে উল্লেখ করা হয়েছে, তার মধ্যে সবচেয়ে বেশী উল্লেখযোগ্য যেটা প্রশাসন—সেই প্রশাসন ভেঙ্গে পড়েছে। স্যার, আই এ. এস. অফিসাররা প্রশাসনের মেরুদণ্ড, তাঁরা নাম করে বলেছেন যে, কো-অর্ডিনেশন কমিটির অত্যাচারে আমরা কাজ করতে পারছি না। আমি দাবী করছি যে চিঠি দেওয়া হয়েছে সেই চিঠি হাউসে পেশ করা হোক এবং শুধু রিফর্মস কমিটির কাছে নয়, রিফর্মস কমিটির মতামত নিয়ে এই বিষয়ে একটা ষ্টেটমেন্ট করুন।

শ্রীশচীন সেন ঃ মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী যে কথা এখানে উল্লেখ করেছেন তাতে একটা চক্রান্ত তৈরী হয়েছে কংগ্রেসীদের সঙ্গে আই. এ. এস. অফিসারদের একটা অংশের সেটা বোঝা যাচ্ছে। তারাই মুখ্যমন্ত্রীর কাছে সেটা বলেছেন।

মিঃ ডেপুটি স্পীকার ঃ এখন আইনমন্ত্রী একটা ষ্টেটমেন্ট দেবেন। I now request Shri Syad Abul Monsur Habibullah to make a statement.

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বাজেট বক্তৃতার সময় একটা ইনফর্মেশন কিছু কিছু সদস্য জানতে চেয়েছিলেন, কিন্তু স্বল্প সময়ের জন্য দেওয়া যায় নি। অনেক বন্ধু আমার বাড়ীতে আসে সাব-রেজিষ্ট্রি অফিসে পোষ্টিং-এর জন্য। আমি জানি অনেক জায়গায় এই সমস্যা আছে, উত্তর-বঙ্গের দিকে বেশী আছে, দক্ষিণবঙ্গেও যথেষ্ট আছে। আমরা সম্প্রতি পাবলিক সার্ভিস কমিশন থেকে অনেক সংখ্যক নাম পেয়েছি, আমরা চেষ্টা করছি সব জায়গায় পোষ্টিং করার জন্য, অর্ডার অনেকগুলি জায়গায় গেছে। আমার নিজের এলাকা পূর্বস্থলীতে নেই। সেজন্য মাননীয় সদস্যদের অবগতির জন্য যে জিনিসটা জানাতে চাই সেটা হচ্ছে আমাদের পে-কমিশনের পরে সাব-রেজিষ্ট্রারদের যে পে-স্কেল সেই পে-স্কেলেতে আই. জি. আর. বলছেন, সবাই যে যোগদান করবেন সেটা ঠিক নয়। যাঁরা সাব-রেজিষ্ট্রারের জন্য এ্যাপ্লাই করেন তাঁরা ব্যাংক থেকে আরম্ভ করে স্কুলের শিক্ষকতা পর্যন্ত বহু জায়গায় এ্যাপ্লাই করে বসে থাকেন এবং সেইসব জায়গায় তাঁরা চাকরি পেলে স্থায়ীভাবে সেখানে থাকতে পারবেন। তাছাড়া সাব-রেজিষ্ট্রারদের পে-স্কেল টিচার, ব্যাংক এমপ্লয়িজদের পে-স্কেলের চেয়ে কম, আবার সারা পশ্চিমবঙ্গে পোষ্টিং হতে পারে, সেদিক থেকে তাদের অসুবিধা আছে।

[11.50—12.00 Noon]

কাজেই যতদিন না আমাদের সাব-রেজিষ্ট্রার-এর কণ্ডিশন উন্নত করতে পারছি, ততদিন পর্যন্ত এই সমস্যার যে খুব একটা সমাধান হয়ে যাবে, এই আশ্বাস সদস্যদের দিতে পারছি না। আমরা চেষ্টা করছি যাতে সার্ভিস কণ্ডিশন উন্নত হয়। দ্বিতীয়তঃ আরও কিছু এই রকম অন্ততঃ সাব-রেজিষ্ট্রার এ্যাডহক বেসিসে—যেমন মেডিকেলের ক্ষেত্রে করা হয়েছে, সেই রকম যাতে অধিকার আমাদের সরকার দেন, যাতে এ্যাড-হক বেসিসে সাব-রেজিষ্ট্রার পেলে আমরা গ্রামে প্লেস করতে পারি, এদিকে আমরা চেষ্টা করছি। তাহলে কিছুটা সমস্যার সমাধান হবে। তার পূর্বে এই সমস্যার সমাধান হওয়া সম্ভব নয়।

ডাঃ অম্বরীশ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা অপরাজিতা গোপ্পী, উনি উল্লেখ প্রসঙ্গে জানালেন এখানে যে অজয় সাহু—তিনি কয়েকজন মহিলার উপর গুণ্ডার আক্রমণ হয়েছিল, সেই মহিলাদের বাঁচাতে গিয়ে, মানসম্মান রাখতে গিয়ে, ছুরিকাহত হয়েছেন, তিনি বলেছিলেন যে আমরা যেন তাঁর চিকিৎসার

ব্যবস্থা করি। অজয় সাহুকে আর. জি. কর. মেডিকেল কলেজে ২০ তারিখে ভর্তি করা হয়েছে এবং তাঁর চিকিৎসার জন্য যাবতীয় ব্যবস্থা আমরা করেছি। যদিও এখনও সংকট পুরোপুরি কাটেনি, তবুও অবস্থার উন্নতি হয়েছে, এটা আপনার মাধ্যমে সদস্যদের অবগতির জন্য জানালাম।

Shri Shish Mohammad : Sir, I beg to move that—

যেহেতু মুর্শিদাবাদ জেলার ফরাক্কা হইতে মালদহ জেলার খেজুরিয়াঘাট পর্যন্ত গঙ্গানদীর উপর ব্যারেজ নির্মাণ করা হইয়াছে ;

যেহেতু উক্ত ব্যারেজ নির্মিত হওয়ার পর হইতেই মুর্শিদাবাদের জঙ্গিপুর মহকুমার ফরাক্কা হইতে সুতি, সামসেরগঞ্জ, রঘুনাথগঞ্জ, লালগোলা ও জলঙ্গী থানার ব্যাপক এলাকা বিগত কয়েক বৎসরে গঙ্গার ভাঙ্গনের ফলে গঙ্গাগর্ভে বিলীন হইয়াছে এবং সমগ্র জঙ্গিপুর মহকুমা অচিরেই গঙ্গাগর্ভে নিশ্চিহ্ন হওয়ার পথে ;

যেহেতু কয়েক বৎসরের ভাঙ্গনে গঙ্গানদীর পশ্চিমপাড় বরাবর গ্রামের পর গ্রাম, বাগবাগিচা, শস্যক্ষেত্র, শহর শিল্পাঞ্চল গঙ্গাগর্ভে বিলীন হওয়ায় ঐ এলাকার মানুষ অশেষ কষ্টের সম্মুখীন ;

যেহেতু ভাঙ্গন অব্যাহত থাকায় নয়নসুখ, বেনিয়াগ্রাম, ধুলিয়ান শহর, আরঙ্গাবাদ বাজার, মেরুপুর, নুরপুর এবং জলঙ্গী থানার ব্যাপক এলাকা গঙ্গাগর্ভে বিলীন হওয়ার সম্মুখীন ;

যেহেতু ভাঙ্গন অব্যাহত থাকায় জাতীয় সড়ক এবং বারাহারোয়া-কাটোয়া রেলপথটি ভাঙ্গনের মুখে পড়িয়াছে ;

সেইহেতু এই সভা মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার ফরাক্কা হইতে রঘুনাথগঞ্জ থানার শেষ সীমা পর্যন্ত গঙ্গার পশ্চিমপাড় বরাবর এবং লালগোলা থানার এবং জলঙ্গী থানার কিছু অংশের গঙ্গাভাঙ্গন প্রতিরোধের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করিয়া ইহাকে জাতীয় সমস্যারূপে গ্রহণ করিয়া গঙ্গাভাঙ্গন প্রতিরোধের জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বনের উদ্দেশ্যে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে মোশন মুভ করলাম, সেই প্রসঙ্গে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই এবং আমার বক্তব্য কয়েকটি ফেজে বিভক্ত করে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কেন্দ্রে যখন পণ্ডিত

জওহরলাল নেহরু প্রধানমন্ত্রী ছিলেন, পশ্চিমবঙ্গের তদানিন্তন মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়।

কলকাতা শহর, কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য এবং গোটা পূর্বাঞ্চলের অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটানোর জন্য এর প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন। সেই জন্য যাতে একটি ব্যারেজ তৈরী হয় এবং নর্থ বেঙ্গলের সঙ্গে যোগাযোগের রাস্তা যাতে স্থাপিত হয় সেই চেষ্টা করেছিলেন। কিন্তু তিনি এটা চিন্তা করেন নি, ভাবতে পারেন নি যে, কলকাতা শহরকে বাঁচাবার জন্য, কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, কলকাতা মহানগরীর শিল্পাঞ্চলের মেটিরিয়্যালস আসার যে-সব পশ্চাদ্‌ভূমি আছে এই পরিকল্পনার মাধ্যমে সেই পশ্চাদ্‌ভূমিগুলি বাঁচবে কিনা, কলকাতা শহর শুধু দ্বীপে পরিণত হবে কিনা, এই কথা তিনি ভাবতে পারেন নি। তখনকার ইঞ্জিনিয়ার ছিলেন দেবেশ মুখার্জি মহাশয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি ডাঃ রায়কে বলেছিলেন পশ্চিমবঙ্গের এই এলাকার মাটি পাললিক শিলা দ্বারা গঠিত। মাটি মোটেই শক্ত নয়। সুতরাং ফরাক্কা ব্যারেজ তৈরী হলে পশ্চিমবঙ্গের ব্যাপক এলাকা গঙ্গা গর্ভে বিলীন হয়ে যাবে। তাই ফরাক্কা ব্যারেজ তৈরী করার যে পরিকল্পনা নিচ্ছেন এটা ঠিক যুক্তিসঙ্গত হচ্ছে না। এখান থেকে বেশ কয়েক মাইল দূরে মহারাজপুর সক্রিগলিঘাটের কাছে কাঁকুরে মাটি রয়েছে, পাহাড়ী এলাকাও বটে। কাজেই এখানে ব্যারেজ তৈরী হলে ভাল হবে। কিন্তু ডাঃ রায় তাঁর সেই কথা শোনেন নি। তিনি কেন্দ্রীয় সরকারকে প্রভাবিত করে ফরাক্কা ব্যারেজ তৈরী করবার পরিকল্পনা নিলেন এবং তার সাজসরঞ্জাম ফরাক্কায় গিয়ে পড়ল। ১৯৬৭ সালে আমি এম. এল. এ. ছিলাম। তখন আমি দেখলাম সিমেন্টের ইট তৈরী হতে লাগল। কাজ আরম্ভ হল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সেচমন্ত্রী ডঃ কে. এল. রাও একজন অভিজ্ঞ ইঞ্জিনিয়ার ছিলেন। তিনি দেখলেন বাংলাদেশের সঙ্গে জল বণ্টনের ব্যাপার নিয়ে সমস্যা আছে। বাংলাদেশ বা পাকিস্তানের মধ্যে না গিয়ে সরাসরি পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে নদীকে প্রবাহিত করার ব্যবস্থা করলেন এবং সমগ্র জঙ্গীপুর মহকুমাকে ধ্বংসের পথে ঠেলে দিলেন। তিনি মুর্শিদাবাদ এবং বীরভূমের মধ্য দিয়ে নিয়ে যাবার পরিকল্পনা করলেন। ফরাক্কা ব্যারেজ তৈরী করা হল। ১১৭টি পায়া দক্ষিণ দিকে তৈরী করা হল পশ্চিম দিকে হেলিয়ে যাতে উত্তর দিক থেকে দক্ষিণ দিকে জল যাবার পথে ক্রমান্বয়ে পশ্চিম দিকে ধাক্কা মারে এবং এইভাবে পশ্চিমপাড় ক্রমাগত ধাক্কা খেয়ে খেয়ে ভাঙতে শুরু করল। বিগত কয়েক বছর ধরে এই ভাঙন দ্রুত গতিতে এগিয়ে চলল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা বিল্ডিং-এর মত বড় বড় চাপ

ধ্বসে গেছে। বহু বাড়ীঘর নষ্ট হয়ে গেছে, ধুলিয়ান শহর জলের তলায়, ঔরঙ্গবাদের শিল্পাঞ্চল নষ্ট হয়ে গেছে। শুধু তাই নয়, জাতীয় সড়ক কোথাও আধঘণ্টা বা কোথাও ১ কিলোমিটারের মধ্যে এসে পৌঁছেছে।

[12.00—12.10 P.M.]

কাটোয়া-বারহারওয়া লাইন আজকে ধ্বংসের মুখে। স্যার, আজকে এই সমস্যাটা জাতীয় সমস্যায় পরিণত হয়েছে। সেখানকার মানুষরা আজকে দিশেহারা, তারা আজকে পথের ভিখারিতে পরিণত হয়েছে কেন্দ্রীয় সরকারের এই পরিকল্পনার জন্য। স্যার, আমরা জানি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পেনিসিলিন ইনজেকশান আবিষ্কৃত হয়েছিল। এই ইনজেকশানের জোরে মানুষ যেমন একদিকে বাঁচতে পারে, অপর দিকে তার মধ্যে ধ্বংসের বীজও লুকানো আছে, তাতে মানুষ মরতেও পারে। সেখানে বিহিত-ব্যবস্থা হচ্ছে স্কীন টেষ্ট করে এই ইনজেকশান দিতে হয়। ঠিক তেমনি স্যার, ডাঃ বি. সি. রায় এবং কেন্দ্রীয় সরকারের তৎকালীন কর্তারা সেখানকার মাটি পরীক্ষা করে দেখেন নি যে, এই ব্যারেজ হলে সেখান থেকে যে জলের তোড় আসবে বা প্রবাহ আসবে তাতে মুর্শিদাবাদ জেলা বাঁচবে কিনা। স্যার, আজকে আমরা তাই দেখতে পাচ্ছি ফরাক্কা থেকে নয়নসুখ, বেনিয়াগ্রাম, ধুলিয়ান, ঔঙ্গরবাদ, মেরুপুর, নূরপুর পর্যন্ত একেবারে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে। তার পরের এলাকাতেও কিছু কিছু ভাঙ্গন দেখা দিয়েছে। তাছাড়া যে সমস্ত ফিডার ক্যানেল হয়েছে এই গঙ্গা ব্যারেজ থেকে তা দিয়ে জল এমনভাবে তোড়ে আসছে যে, তাতে ভাগীরথী নদীর তীরেও ভাঙ্গন দেখা দিয়েছে। এর ফলে কলকাতা শহর ও পাশের এলাকাগুলির পাড় ভেঙ্গে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারকে এইসব জিনিসগুলি বোঝানো দরকার, কারণ কেন্দ্রীয় সরকারের প্রকল্পের জন্যই আজকে এই অবস্থা হয়েছে। সেখানে মাটি পরীক্ষা না করে খেয়ালখুশী মতন কাজ করেছেন বলেই এই অবস্থা হয়েছে, কাজেই এর দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। আজকে মুর্শিদাবাদ জেলার আপামর জনসাধারণ তারা বাড়ী-ঘর হারিয়ে নিঃস্ব হয়ে গিয়েছে। এই সমস্ত কথা কেন্দ্রকে বোঝাবার জন্য আমি তাই প্রস্তাব করছি, আমাদের এখানকার ইরিগেশান মিনিষ্টারের নেতৃত্বে বিধানসভার সদস্যদের একটি ডেলিগেশন টিম দিল্লীতে পাঠানো হোক। স্যার, আমি যে মোশান এনেছি সেটা অত্যন্ত ন্যায়সংগত এবং বিবেচনাপ্রসূত প্রস্তাব। আমি আশা করি সকল দলের মাননীয় সদস্যরা কোনরকম দ্বিমত পোষণ না করে এটাকে সকলে গ্রহণ

করবেন। আমি সকলের কাছে আবেদন করবো আপনারা সকলে এই প্রস্তাব গ্রহণ করুন।

শ্রীনবকুমার রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব এবং সত্যপদ ভট্টাচার্য যে মোশান এনেছেন সে সম্বন্ধে আমি বলতে চাই যে, সত্যিকারের এটা একটা ভাবনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। এ বিষয়ে নিশ্চয় আমাদের চিন্তা-ভাবনা করা দরকার। স্যার, এই ফরাক্কা ব্যারেজ কেন করা হল তার একটা ইতিহাস আছে। তদানীন্তন সরকার ফরাক্কা ব্যারেজ করার জন্য... ..

মিঃ ডেপুটি স্পীকারঃ নবকুমারবাবু, আপনার এ্যামেণ্ডমেন্ট যদি মুভ করতে চান তাহলে আপনি আগে সেটা মুভ করে আপনার বক্তব্য রাখুন।

Shri Naba Kumar Ray. Sir, I beg to move that in Para 1, line 1, after the word "যেহেতু" the following be inserted, namely :

"ভারতবর্ষের পূর্বাঞ্চলের একমাত্র প্রত্যাশা কলিকাতা বন্দরকে বাঁচানোর জন্য এবং ভাগীরথীর ও গঙ্গার নাব্যতা বজায় রাখার জন্য"।

Sir, I also beg to move that after paragraph 1, the following new paragraph be inserted, namely ;

"যেহেতু ব্যারেজ নির্মাণ জাতীয় স্বার্থে অবশ্যকর্তব্য ছিল এবং ঐ কর্তব্য সম্পাদন করিয়া কেন্দ্রীয় সরকার সকল শ্রেণীর মানুষের বিশেষতঃ পূর্বাঞ্চলের আপামর জনসাধারণের ধন্যবাদার্হ হইয়াছেন"।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই ফরাক্কা ব্যারেজ নির্মাণের একটা ইতিহাস রয়েছে। আমরা যদি তদানীন্তন বিধানসভার প্রসিডিংস দেখি তাহলে দেখবো যে, এই ফরাক্কা ব্যারেজ তৈরীর জন্য প্রথমে সি. পি. এম.-এর পক্ষ থেকে আবেদন জানানো হয়েছিল এই বিধানসভায়। তখন বিরোধী দলের নেতা ছিলেন আজকের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। তিনি বক্তব্য রেখেছিলেন যে, আমাদের জাতীয় স্বার্থে অন্ততঃ সিকিউরিটির জন্য এই ফরাক্কা ব্যারেজ নির্মাণের প্রয়োজন রয়েছে। আর একটি দিকে প্রয়োজন হচ্ছে, উত্তরবঙ্গের সঙ্গে পশ্চিমবঙ্গের যোগসাধন, দ্বিতীয়তঃ হচ্ছে তখন পূর্ব পাকিস্তানের সঙ্গে ভারতবর্ষের সম্পর্ক ভাল ছিল না। কাজেই বহু দিক থেকে চিন্তা-ভাবনা করে বিরোধীদের প্রস্তাবকে সমর্থন করে তদানীন্তন সরকার এই প্রস্তাব দিয়েছিলেন এবং এটা কাজে রূপায়িত করেছিলেন। আজকে

শীশ মহম্মদবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন তাতে একটা কথাই বোঝা যাচ্ছে যে, এই ফরাক্কা ব্যারেজ করে বোধহয় কেন্দ্রীয় সরকার ভুল করেছিলেন। এটা বোধহয় পশ্চিম বাংলার মানুষের জন্য করা অন্যায় হয়েছে। তার এই প্রস্তাবে যেভাবে যেহেতু, যেহেতু করে বক্তব্য রাখা হয়েছে তাতে বোঝা যাচ্ছে যে, এটা করা বোধহয় ঠিক হয় নি। ফরাক্কা ব্যারেজ জাতির জন্য, দেশের জন্য, পূর্ববঙ্গের মানুষের তথা পশ্চিমবঙ্গের জন্য প্রয়োজন ছিল, এই কথা তিনি বলতে চাচ্ছেন না। তিনি পক্ষান্তরে বলতে চাচ্ছেন, এই ফরাক্কা ব্যারেজ করা অন্যায় হয়েছে, এর কোন প্রয়োজন ছিল না। এই ব্যারেজ যখন করা হয়েছিল তার প্রতিক্রিয়া হতে পারে। প্রতিক্রিয়া হবে না, একথা আমি বলি না। মাননীয় সদস্য শীশ মহম্মদ মহাশয় প্রস্তাব উত্থাপন করে যে বক্তব্য রেখেছেন এবং তদানীন্তন ইঞ্জিনিয়ার ছিলেন তাঁদের একটা রিপোর্ট-এর কথা বললেন। ফরাক্কা ব্যারেজ করলে তাতে মুর্শিদাবাদের এবং মালদহ জেলার অপূরণীয় ক্ষতি হতে পারে—একথা কিন্তু কোন ইঞ্জিনিয়ার বলেন নি এবং এই বিধানসভায়ও আলোচনা হয় নি। বিধানসভায় যা আলোচনা হয়েছে, আপনি প্রসিডিংস নিয়ে দেখুন, সেখানে জ্যোতিবাবু নিজেই বলেছিলেন যে, ফারাক্কা ব্যারেজ খুব তাড়াতাড়ি করতে হবে জাতীয় প্রয়োজনের ভিত্তিতে। জাতি এমন একটা অবস্থায় রয়েছে, পশ্চিমবাংলার মানুষ এমন একটা অবস্থায় রয়েছে, যেখানে ফারাক্কা ব্যারেজ প্রয়োজন হয়ে পড়েছে। তিনি তদানীন্তন বিরোধী দলের নেতা ছিলেন। তিনি তখন এই বক্তব্য রাখেন নি যে, ইঞ্জিনিয়ারদের এই বক্তব্য রয়েছে, অতএব এখানে না করে অন্য জায়গায় করা হোক। আজকে প্রতিক্রিয়া হতে পারে, আমি সেটা অস্বীকার করবো না। ফরাক্কা ব্যারেজ করায় তার প্রতিক্রিয়া হবে না, তার ভাঙ্গন সৃষ্টি হবে না, একথা নয়। যে ভাঙ্গন সৃষ্টি হয়েছে সেটা সত্যিই ভাববার কথা। আমরা সরকারের সঙ্গে, সকল দলের সঙ্গে একমত যে, ভাঙ্গন প্রতিরোধ করতে হবে। কিন্তু তার মানে এই নয় যে, ফরাক্কা ব্যারেজের মূল্যটা কমিয়ে দিয়ে বা ফরাক্কা ব্যারেজের ইম্পর্টেন্সটা কমিয়ে দিয়ে তাকে অস্বীকার করে এই ভাঙ্গনের জন্য একটা শত্রুতা করবো। এখানে শীশ মহম্মদ সাহেবের বক্তব্যের মধ্যে দেখছি যে, শুধু গঙ্গার ভাঙ্গনের কথা রয়েছে। কিন্তু ভাগীরথীতেও ভাঙ্গন হচ্ছে। ভাগীরথীর ভাঙ্গনের কথাতো বলছেন না। ভাগীরথীর ভাঙ্গনের কথা এই প্রস্তাবে নেই কেন? শুধু গঙ্গার ভাঙ্গনের জন্য যারা ক্ষতিগ্রস্ত হচ্ছে তাদের জন্য ভাবতে হবে, আর ভাগীরথীর জন্য যারা ক্ষতিগ্রস্ত হবে তাদের জন্য ভাবতে হবে না—তাতো নয়। আমি নিশ্চয়ই অস্বীকার করবো না, এই ভাঙ্গনের জন্য বর্তমান সরকারের সঙ্গে—যে-কোন দলেরই হোক না কেন—

আমাদের দল সহযোগিতা করবে এবং আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাবো। কেননা এটা আমরা সকলে জানি, পশ্চিম বাংলার মানুষ জানে, এই পশ্চিমবঙ্গের সরকার যখনই বিপদে পড়েন—বন্যাত্রাণে হোক, খরায় হোক—যখনই বিপদে পড়েন তখনই কেন্দ্রীয় সরকার উদার হস্তে টাকা দেন।

[12.10—12.20 P.M.]

কেন্দ্রীয় সরকার যে আপনাদের উদার হস্তে টাকা দিয়েছেন, সেকথা আপনারা নিশ্চয়ই ভুলে যেতে পারেন না। ভুলে যাওয়া উচিত নয়, ভুললে সত্যকে অস্বীকার করা হবে। আপনারা কি অস্বীকার করতে পারেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনারা ১৪০ কোটি টাকা পেয়েছেন? এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। আপনাদের নেতা জ্যোতিবাবু অস্বীকার করতে পারবেন না। আপনারা আরো দাবী করেছেন, কেন্দ্রীয় সরকার আপনাদের সেই দাবী সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন। কেন্দ্রীয় সরকার এবং তাঁর নেত্রী ইন্দিরা গান্ধী আপনাদের বলেছেন, "আপনারা খরচ করুন, পশ্চিমবাংলার মানুষের জন্য আরো টাকা দরকার হলে আমরা দেব।' যেহেতু পশ্চিমবাংলায় সি. পি. এম. সরকার, সেহেতু পশ্চিমবাংলাকে টাকা দেবেন না, একথা তিনি একবারও বলেন নি। অথচ আপনারা কি করছেন? যেখানে সি. পি. এম. দলের এম. এল. এ. নেই, কংগ্রেসী এম. এল. এ. আছেন সেখানে আপনারা টাকা খরচ করছেন না, কোন কাজ করছেন না। গ্রাম পঞ্চায়েতে বা জেলা পরিষদের যেখানে কংগ্রেসী সদস্য আছেন সেখানে একটা পয়সাও খরচ হয় না। আপনারা আমাদের সঙ্গে যেরকম বিমাতৃসুলভ আচরণ করছেন, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সেরকম আচরণ করেন না। আপনারা নিশ্চয়ই একথা জানেন। বন্যার জন্য আপনারা টাকা চেয়েছেন, কেন্দ্রীয় সরকার উদার হস্তে টাকা দিয়েছেন। সুতরাং আমি আপনাদের বলছি যে, আমরা পশ্চিমবাংলার মানুষের জন্য যে-কোন অবস্থায় যে-কোন মূল্যে আপনাদের সহযোগিতা করতে রাজী আছি। কিন্তু জ্যোতিবাবুর নেতৃত্বে এখানে যে সরকার রয়েছে, সেই সরকার সব কিছু ভাল কাজ করছে তা কিন্তু নয়। অথচ আপনারা তদানীন্তন সরকারের এই কাজের সমস্ত কিছুর সমালোচনা করছেন। কিন্তু তদানীন্তন সরকার যে কাজগুলি করেছেন সেগুলির আপনারা আমূল পরিবর্তন করতে পারছেন না এবং জ্যোতিবাবু বলেছেন তার মধ্যে অনেক কিছু ভাল কাজ রয়েছে। সেই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি, বিশেষ করে যিনি এই প্রস্তাব মুভ করেছেন তাঁকে আমি

অনুরোধ করছি, আমার এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করুন। আমরা জানি ফরাক্কা ব্যারেজ তৈরী করার বিশেষ প্রয়োজন ছিল। এটা পূর্বাঞ্চলের মানুষের দীর্ঘদিনের প্রত্যাশা ছিল। বিভিন্ন পক্ষ থেকে দীর্ঘদিন ধরে দাবী জানান হচ্ছে, ফরাক্কা ব্যারেজ থেকে ৪০,০০০ কিউসেক জল দিয়ে কলকাতা বন্দরকে বাঁচানো হোক। ফরাক্কা ব্যারজ থেকে সেই জল যদি না দেওয়া হয় তাহলে কলকাতা শহরকে বাঁচান সম্ভব হবে না। কলকাতা বন্দরকে না বাঁচাতে পারলে কলকাতা শহরকে বাঁচান যাবে না, গোটা পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। আমরা জানি এই দাবী জানিয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে জ্যোতিবাবুও ইন্দিরা গান্ধীর কাছে মেমোরেণ্ডাম দিয়েছেন। সুতরাং আজকে ফারাক্কা যদি না থাকে তাহলে কোথা থেকে কলকাতা বন্দরে জল আসবে? সি. পি. এম. সদস্যদের মাথা থেকে কি জল আসবে? সুতরাং ফরাক্কা ব্যারেজের প্রয়োজন আছে। কলকাতা বন্দরের নাব্যতার প্রয়োজনে, কলকাতা শহরকে বাঁচাবার জন্য, পশ্চিমবাংলাকে বাঁচাবার জন্য এই ব্যারেজের প্রয়োজন আছে। দ্বিতীয় কথা হচ্ছে, উত্তরবঙ্গের মানুষদের কলকাতা শহর তথা দক্ষিণবঙ্গের সঙ্গে যোগাযোগের একমাত্র পথ হচ্ছে ফরাক্কা। আমরা ইতিপূর্বে দেখেছি উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে আসতে আমাদের তিনদিন সময় লেগে যেতো। হিলি বর্ডার থেকে কলকাতায় আসতে আমাদের তিন দিন তিন রাত সময় লেগে যেত। তিনদিন ধরে গরুর গাড়ি করে, বাসে করে এবং তার পরে ট্রেনে করে আমাদের আসতে হত। এখন ফারাক্কা ব্যারেজ হওয়ার ফলে আমাদের অনেক সময় বেঁচেছে, একদিনের মধ্যে আমরা কলকাতায় এসে পৌঁছচ্ছি এবং এই বিধানসভায় এসে আমরা আমাদের কাজ-কর্ম করতে পারছি। ফরাক্কা ব্যারেজের সাহায্যে শুধু যোগাযোগ স্থাপিত হয়েছে তাই নয়, এই ব্যারেজের জল দিয়ে কৃষির উন্নতি সম্ভব। তা ছাড়া আমাদের যে বিদ্যুৎ সমস্যা দেখা দিয়েছে সে সম্পর্কে জ্যোতিবাবু নিজেও স্বীকার করেছেন, এই জাতীয় সমস্যা মোকাবিলার জন্য ফরাক্কায় তাপবিদ্যুৎ কেন্দ্র হচ্ছে। আমাদের সেই বিদ্যুতের প্রয়োজন রয়েছে। তাই আমি প্রস্তাবক মাননীয় সদস্যকে অনুরোধ করছি, আমি যে এ্যামেণ্ডমেণ্টটি এনেছি সেটি তিনি গ্রহণ করুন। কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা তথা সমগ্র পূর্বাঞ্চলের মানুষের স্বার্থে ফরাক্কা ব্যারেজ তৈরী করেছেন, এটাকে রক্ষা করুন। তার পরে এখানে যে ভাঙ্গন দেখা দিয়েছে সে বিষয়ে সকল স্তরের মানুষের সঙ্গে আলোচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে বক্তব্য রাখুন। কারণ আমরা জানি একটা ব্যারেজের প্রতিক্রিয়া হতেই পারে এবং এখানেও সেই প্রতিক্রিয়া হচ্ছে। তাদের প্রতিক্রিয়া যেন লাঘব করা হয়, মানুষকে বাঁচানোর

ব্যবস্থা করা হয়, অনেক মানুষ যেন গৃহহারা না হয়। তাদের জন্য যে-কো ব্যাপারে সায়েনটিফিক সিসটেম তৈরী করুন, সায়েনটিফিক রেজোলিউশান তৈ করুন, আমরা সমর্থন করবো। পরিশেষে আমি মাননীয় সদস্যদের কাছে আমা এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Mohammad Ramjan Ali : Sir, there is no scope to oppose this moti as this motion is concerned with untold suffering of the people of weste part of Farakka due to erosion. Here I want to remind our members th in recent past an all party delegation including Shri Subrata Mukherjee l by the Minister concerned, Shri Nani Bhattacharya met Mrs. Indira Gand the Prime Minister and also Shri Kedar Pandey, the then Irrigation Ministe Shri Subrata Mukherjee had stressed up immediate step for checking erosic and at the same time it was stated that due to defective planning of tl Farakka Barrage these things are happening. The persons of the wester part of Farakka Barrage, Dhulian, Jangipara sub-divisions are passing day during rainy season under night mare as there is continuous threat of erosio there. So I sincerely suggest that all party delegation is formed and tha delegation is led by the Minister in-charge concerned for further negotiatio with the Central Ministry so that the practical problem may be solved an at all costs the persons who are passing days under nightmare are save by taking proper step involving the technocrats and engineers. They ar the persons who will chalk out the plan to check erosion.

Thank you, Sir.

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননী সদস্য শ্রীসত্যপদ ভট্টাচার্য এবং শ্রীশীশ মহম্মদ সাহেব যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে রাখছি। এই সভায় মাননী কংগ্রেস সদস্য শ্রীনবকুমার রায় বললেন, ফরাক্কা ব্যারেজ সমস্ত মানুষের কল্যাণের জন্য করেছেন। এটা ঠিক কথা। কিন্তু যে-কোন পরিকল্পনা রূপায়ণ করলে একদিকে মানুষের ভাল করে, আর একদিকে মানুষের ক্ষতি করে—এ বিষয়ে আগে চিন্তা করা উচিৎ।

[12.20—12 30 P.M.]

সেজন্য বলে যে "ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন"—এই সমস্ত চিন্তা-ভাবনা করেই পরিকল্পনা করা উচিত। যে পরিকল্পনায় মানুষের ক্ষতি হবে এবং কল্যাণও

হবে, কাজেই ক্ষতি যাতে করতে না পারে সেই ভাবেই পরিকল্পনা রূপায়ণ করে কার্যে পর্যবসিত করা উচিত ছিল। আপার জমির মাটি, পলিমাটি। মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব যে কথা বলেছেন, যে এখানকার মাটি পলিমাটি, ভবিষ্যতে ঐ সব মাটি পুরনো হয়ে নদীগর্ভ ভরাট হয়ে যাবে এবং এর সঙ্গে জমি-জায়গা ভেঙ্গে যাবে। বামফ্রন্ট সরকার আসবার পর, সরকারের এই দপ্তরের মন্ত্রী মাননীয় প্রভাস রায় মহাশয় এই পরিকল্পনার জন্য ২৯০ কোটি টাকা চেয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার আবেদন করেছেন—যাতে নাকি এই ভাঙ্গনকে রোধ করা যায় এবং লক্ষ লক্ষ মানুষকে রক্ষা করা যায় এবং তাদের জমি-জায়গা, ফসলাদি রক্ষা করা যায়। কিন্তু এই পরিকল্পনার জন্য যে টাকা রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হয়েছে বা হচ্ছে কেন্দ্রীয় সরকার সেদিকে ভ্রূক্ষেপ করছেন না।

আপনি জানেন স্যার, ফরাক্কা ব্যারেজ সম্বন্ধে মালদহের আগে আপারে বিহারের কাছাকাছি, সেখানে একটা প্রচণ্ড সমস্যা আছে। সেখানকার সমস্যা যদি সমাধান করা না যায় তাহলে ফরাক্কা, জঙ্গীপুর, সাগরদীঘি, লালগোলা এবং জলঙ্গীর যে-সমস্ত ভাঙ্গন আছে সেগুলি রোধ করা যাবে না। সেজন্য পরিকল্পনাকে রূপদান করতে গেলে যে ২৯০ কোটি টাকার প্রয়োজন—সেই টাকা দিতে হবে। আমার কেন্দ্র সাগরদীঘি, সেখানে দিয়ারবালাগাছায় এমন একটা অবস্থা হয়েছে যেখানে ঐ গ্রামটা ভাঙ্গতে ভাঙ্গতে নিঃশেষ হয়ে গেছে। সেখানে একটা চ্যানেল কাটা দরকার। তারপর ঐ সাগরদীঘি এলাকার চরকাবেলপুর সেখানেও ভাঙ্গতে ভাঙ্গতে গোটা গ্রামটা নিঃশেষ হয়ে গেছে এবং ফরাক্কা ব্যারেজ হওয়ার জন্য সেখানে কয়েক হাজার বিঘা জমি জলের তলায় তলিয়ে গেছে, বহু মানুষ দুর্দশার মধ্যে পড়েছেন। এ সম্পর্কে বিগত ১৯৭৮ সালে কয়েক হাজার মানুষ মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে ডেপুটেশন দেয় এবং তাদের দাবী-দাওয়ার কথা রাজ্য সরকারের দপ্তরে আসে এবং রাজ্য সরকার এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। ঐ এলাকার ফরাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত এই সমস্ত বিভিন্ন এলাকার মানুষের জমি জলমগ্ন হয়ে দুরবস্থায় পরিণত হয়েছে। পক্ষান্তরে গঙ্গা এবং ভাগীরথীর ভাঙ্গন এমন একটা জায়গায় এসে পৌঁছেছে যে, মাত্র ৩ মাইল তার ফারাক। অচিরেই বহরমপুর শহর জলের তলায় তলিয়ে যাবে, তার কোন চিহ্নই থাকবে না। এমন কি সেই জল নদীয়ার নবদ্বীপ এবং কৃষ্ণনগর পর্যন্ত চলে আসবে। সেজন্য আজকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং এটা জাতীয় স্বার্থে এইভাবে দেখা উচিত। এর কার্যক্রম রূপায়ণ

করার ক্ষেত্রে রাজ্য সরকারের ক্ষমতা নেই। সেজন্য এই সভাতে সর্বসম্মতভাবে এই প্রস্তাব গ্রহণ করে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করার দরকার, যাতে নাকি অতি সত্বর এই কয়েকটি জায়গা, এই অঞ্চলগুলিকে গঙ্গার ভাঙ্গন থেকে রক্ষা করা যায়। এই কথা বলে মাননীয় শীশ মহম্মদ সাহেব যে প্রস্তাব এখানে এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীপেন্দ্র বর্মণঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রীসত্যপদ ভট্টাচার্য মহাশয় এবং শ্রীশীশ মহম্মদ সাহেব যে মোশনটা নিয়ে এসেছেন সে মোশনটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটার সঙ্গে আমাদের পশ্চিমবাংলার পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির অর্থনীতির ব্যাপারে যথেষ্ট গুরুত্ব রয়েছে। ওনারা এই মোশনটা জাতীয় স্বার্থের পরিপ্রেক্ষিতে কেন্দ্রের সহযোগিতার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করে আবেদন জানিয়েছেন এই বিধানসভার মাধ্যমে। এর সঙ্গে মাননীয় সদস্য শ্রীনবকুমার রায় যে এ্যামেণ্ডমেণ্টগুলি নিয়ে এসেছেন সেই এ্যামেণ্ডমেণ্টগুলিও বিবেচনা করে গ্রহণ করার জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

আমাদের পূর্বাঞ্চলের অর্থনীতির কেন্দ্র হচ্ছে কলকাতা। এই কলকাতা হুগলী নদীর তীরে অবস্থিত। এই নদীপথেই এখান থেকে কাঁচামাল এবং অন্যান্য রসদ আমাদের পশ্চিমবঙ্গে এবং অন্যান্য পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে ছড়িয়ে যাচ্ছে এবং বিভিন্ন প্রকার দ্রব্যসামগ্রী কলকাতা নদী বন্দর মারফৎ বিভিন্ন জায়গাতে রপ্তানী হচ্ছে। আমাদের দেশের ক্লাইমেটিক কনডিশন দিন দিনই পরিবর্তিত হচ্ছে এবং এই পরিবর্তনের জন্য এই নদীর নাব্যতা ধীরে ধীরে কমে যাচ্ছিল। এই কারণে আমাদের দেশের লোকেরা অভিযোগ করছিলেন যে, গঙ্গা এবং ভাগীরথীর নাব্যতা যদি রক্ষা করা না যায় তাহলে আমাদের সমুহ বিপদ। এই সমস্ত দিক বিবেচনা করে কেন্দ্রীয় সরকার গঙ্গার উপর এই ফরাক্কা ব্যারেজ তৈরী করেছেন।

আমি আগেই বলেছি যে, আমাদের দেশের যা ক্লাইমেটিক কনডিশন হয়েছে, তার ফলে গঙ্গার উপর তার প্রচণ্ড প্রভাব পড়ছে, যে প্রভাবে এর নাব্যতা ধীরে ধীরে কমেছে এবং ভূমিক্ষয় শুরু হয়েছে। এই ভূমিক্ষয় আমাদের একটা দারুণ সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। এর ফলে আমাদের দেশের অর্থনীতি বিপদের সামনে এসে দাঁড়িয়েছে, বহুলাংশে আমাদের ব্যবসা-বাণিজ্যের অসুবিধা হচ্ছে। মালদা, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি জেলার বহু গরীব মানুষ, চাষী গঙ্গার ভাঙ্গনের ফলে আজ বিপদের সম্মুখীন। এই বৈজ্ঞানিক প্রচেষ্টায় আমাদের যেমন সুবিধা হয়েছে, তেমনি আমাদের একটু অসুবিধার কারণও হয়ে দাঁড়িয়েছে ভাঙ্গনের ফলে।

আমি মাননীয় সদস্যকে বলবো—এটা সত্যি সত্যিই একটি জাতির সমস্যা। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানান উচিৎ এবং আমরা সবাই মিলে অনুরোধ জানাবো যাতে এই ভাঙ্গন প্রতিরোধ করা যায়, এই ভূমিক্ষয় নিবারণ করা যায়, যাতে আমাদের আর বিপদগ্রস্ত না হতে হয়। তার সঙ্গে সঙ্গে আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো, যে সংশোধনী দুটি নিয়ে এসেছি তা যেন তিনি গ্রহণ করেন। এখানেই বক্তব্য শেষ করলাম।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে প্রস্তাবটা এনেছি এটা অত্যন্ত সৎ প্রস্তাব। ভাঙ্গন হচ্ছে—রোধ করতে হবে, টাকা-পয়সা খরচ করতে হবে। ওঁরা মনে করেছেন যে, আমরা সব উড়িয়ে দিচ্ছি, আর নবকুমারবাবু আমাদের তা থেকে রক্ষা করবার জন্য দাঁড়িয়েছেন। একা কুম্ভ রক্ষা করে নকল বুঁদি গড়! ফরাক্কা ব্যারেজ হবার পর দেখছি যে জঙ্গীপুর বাজার ভেঙ্গে এমন অবস্থা হয়েছে যে, কিছু দিনের মধ্যে পুরো জঙ্গীপুর মহাকুমাই গঙ্গাবক্ষে বিলীন হয়ে যাবে। এই অবস্থার জন্য ফরাক্কা ব্যারেজ-এর ভুল সংশোধনের জন্য দাবী জানাচ্ছি। নবগোপালবাবুর এ ব্যাপারে অ্যামেণ্ডমেণ্ট আনা উচিত হয় নি। আমি নবগোপালবাবুকে বলবো অ্যামেণ্ডমেণ্ট উইথড্র করে নিন। এটাতে অ্যামেণ্ডমেণ্টের কোন প্রশ্ন নেই। ভাঙ্গন হচ্ছে, প্রতিরোধ করতে হবে। এজন্য সমস্ত টাকাটা কেন্দ্রের সরকারকে দিতে হবে। বন্যা প্রতিরোধ করতে হবে। সেজন্য ভাগীরথীর কিনারাতে বাঁধের ব্যবস্থা করতে হবে। নবগোপালবাবুকে তাঁর অ্যামেণ্ডমেণ্ট উইথড্র করতে বলছি, অন্যথায় এই অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করছি না।

[12.30—12.40 P. M.]

The motions of Shri Naba Kumar Ray that—

1. In Para 1, line 1, after the words "যেহেতু" the following be inserted, namely: "ভারতবর্ষের পূর্বাঞ্চলের একমাত্র প্রত্যাশা কলিকাতা বন্দরকে বাঁচানোর জন্য এবং ভাগীরথীর ও গঙ্গার নাব্যতা রাখার জন্য"।

2. After Paragraph 1, and the following new paragraph be inserted, namely: "যেহেতু ব্যারেজ নির্মাণ জাতীয় স্বার্থে অবশ্যকর্তব্য ছিল, এবং ঐ কর্তব্য সম্পাদন করিয়া কেন্দ্রীয় সরকার সকল শ্রেণীর মানুষের বিশেষতঃ পূর্বাঞ্চলের আপামর

জনসাধারণের ধন্যবাদার্হ হইয়াছেন" । were then put and a division taken witl the following results.

NOES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu Shri Nihar Kumar
Bauri, Shri Madan
Bhattachryya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Ghatak, Shri Santi
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Malin
Goppi, Shrimati Aparajita
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kujur, Shri Sushil
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Purna Chandra
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mir Abdus Sayeed, Shri
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Sahabuddin
Mortaza Hossain, Dr.
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Rai, Shri H. B.
Ray. Shri Achinta Krishna
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Barman, Shri Khitibusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Shish, Mohammad, Shri
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Tirkey, Shri Monohar

AYES

Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Sha, Shri Ganga Prosad
Sinha, Shri Atish Chandra

ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 12, and the Noes 117, the motions were lost.

The motion of Shish Mohammad that—

যেহেতু মুর্শিদাবাদ জেলার ফরাক্কা হইতে মালদহ জেলার খেজুরিয়াঘাট পর্যন্ত গঙ্গানদীর উপর ব্যারেজ নির্মাণ করা হইয়াছে ;

যেহেতু উক্ত ব্যারেজ নির্মিত হওয়ার পর হইতেই মুর্শিদাবাদের জঙ্গীপুর মহকুমার ফরাক্কা হইতে সুতি, সামসেরগঞ্জ, রঘুনাথগঞ্জ, লালগোলা ও জলঙ্গী থানার

ব্যাপক এলাকা বিগত কয়েক বৎসরে গঙ্গার ভাঙ্গনের ফলে গঙ্গাগর্ভে বিলীন হইয়াছে এবং সমগ্র জঙ্গীপুর মহকুমা অচিরেই গঙ্গাগর্ভে নিশ্চিহ্ন হওয়ার পথে ;

যেহেতু কয়েক বৎসরের ভাঙ্গনে গঙ্গানদীর পশ্চিমপাড় বরাবর গ্রামের পর গ্রাম, বাগ-বাগিচা, শস্যক্ষেত্র, শহর শিল্পাঞ্চল গঙ্গাগর্ভে বিলীন হওয়ায় ঐ এলাকার মানুষ অশেষ কষ্টের সম্মুখীন ;

যেহেতু ভাঙ্গন অব্যাহত থাকায় নয়নসুখ, বেনিয়াগ্রাম, ধুলিয়ান শহর, আরঙ্গাবাদ বাজার, মেরুপুর, নুরপুর এবং জলঙ্গী থানার ব্যাপক এলাকা গঙ্গাগর্ভে বিলীন হওয়ার সম্মুখীন ;

যেহেতু ভাঙ্গন অব্যাহত থাকায় জাতীয় সড়ক এবং বারাহারোয়া-কাটোয়া রেলপথটি ভাঙ্গনের মুখে পড়িয়াছে ;

সেইহেতু এই সভা মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার ফরাক্কা হইতে রঘুনাথগঞ্জ থানার শেষ সীমা পর্যন্ত গঙ্গার পশ্চিমপাড় বরাবর এবং লালগোলা থানার এবং জলঙ্গী থানার কিছু অংশের গঙ্গাভাঙ্গন প্রতিরোধের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করিয়া ইহাকে জাতীয় সমস্যারূপে গ্রহণ করিয়া গঙ্গাভাঙ্গন প্রতিরোধের জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বনের উদ্দেশ্যে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে—was then put and agreed to.

Shri Subrata Mukherjee : Sir, there is an amendment to my motion. I like to know whether that amendment is in order.

Mr. Deputy Speaker : You first move your motion. The question of amendment comes next.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that—

যেহেতু ১৯৮২-৮৩ সাল 'আনন্দমঠ' রচনার শতবর্ষ পূর্তির সাল ;

যেহেতু সারাদেশব্যাপী আনন্দমঠের শতবার্ষিকী বিশেষ উৎসাহ ও শ্রদ্ধা সহকারে উদ্‌যাপিত হচ্ছে ;

যেহেতু আনন্দমঠ স্বাধীনতা আন্দোলন, ত্যাগ এবং সাধনার পথিকৃৎ ;

যেহেতু আনন্দমঠ পরবর্তী কালের বন্দে মাতরম্ মন্ত্রের উদ্গাতা ;

যেহেতু আনন্দমঠ ঋষি বঙ্কিমের সর্বশ্রেষ্ঠ রচনা ;

যেহেতু আনন্দমঠ স্বাধীনতা সংগ্রামীদের প্রধান প্রেরণাদাতা ;

যেহেতু আনন্দমঠ শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে তদানীন্তন সময়ে সংগ্রামের প্রধান হাতিয়ার ;

যেহেতু আনন্দমঠ সর্বযুগে সর্বকালে সর্বজনদ্বারা স্বীকৃত এবং অভিনন্দিত ;

যেহেতু আনন্দমঠ কোনরকম সংকীর্ণতা দোষে দুষ্ট নয় ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারকে অনুরোধ জানাইতেছে যে, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের "আনন্দমঠ" উপন্যাসটিকে শতবর্ষপূর্তি উপলক্ষে জনসাধারণের মধ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হোক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই প্রস্তাব পেশ করে এই প্রসঙ্গে দু'-চারটে কথা নিবেদন করতে চাই। আপনি জানেন, শুধু পশ্চিমবঙ্গে নয়, পৃথিবীর বিভিন্ন জায়গায় এমন কোন কোন জিনিসের সৃষ্টি হয় যা কোন কাল এবং বিশেষ কাল, বিশেষ সময়ের জন্য রচিত হয় না বা সৃষ্টি হয় না। সেগুলির মধ্যে সবযুগ এবং সময়োপযোগী চাহিদা সব সময়ের জন্য থাকে। এই রকম সৃষ্টির মধ্যে ঋষি বঙ্কিম-চন্দ্রের আনন্দমঠ হচ্ছে অন্যতম। একে একমাত্র বললেও আমার মনে হয় বেশী বলা হবে না। আমরা এই যুগের মানুষ, তাই আমাদের কথা এর মধ্যে নেই। কিন্তু শতবর্ষ উদযাপন করার যে সুযোগ আমরা পেয়েছি, এই যুগের মানুষ হিসাবে এই বিধানসভায় তাঁকে নিয়ে আলোচনার যে সুযোগ পেয়েছি, তার জন্য আমরা নিঃসন্দেহে ধন্যবাদ জানাই। বলাবাহুল্য, রাজ্য সরকার প্রাথমিক ভাবে চেষ্টা করেছিলেন—শিক্ষা দপ্তরের পক্ষ থেকে আনন্দমঠ এবং বন্দে মাতরম্ শতবার্ষিকী কর্মসূচী নিয়েছিলেন। যদিও বন্দে মাতরম্ শতবর্ষ ঠিক নয়, এটি কয়েক বছর আগে হয়ে গিয়েছে। যাই হোক, এই দুটোকে সমন্বয় করে একটা কার্যসূচী নিয়ে সাহায্য করার প্রস্তাব ছিল। আমরা সংবাদপত্রে দেখেছি মাননীয় শিক্ষামন্ত্রী নৈহাটিতে গিয়ে কিছু কর্মসূচীতে অংশগ্রহণ করেছিলেন। কিন্তু পরবর্তীকালে এক অদৃশ্য কালো হাতের আহ্বানে সমস্ত কর্মসূচী বানচাল হয়ে গেছে। সরকারের পক্ষ থেকে এই বিষয়ে আর কোন রকম উদ্যোগ নেওয়া হচ্ছে না। সরকারের পক্ষে এমন ধরনের আচরণকে আমি কুরুচিপূর্ণ বলে মনে করি। শুধু তাই নয়, এই সরকারকে সিভিলাইজড সরকার বলে বলব কিনা আমাদের ভেবে দেখতে হবে। এর পরে আমাদের বলতে হবে, ভাবতে হবে—যারা আনন্দমঠের প্রশংসা করতে গিয়ে জিহ্বায় জড়তার অনুভব করেন, তাদের জন্য কোন্ অলংকারে ভূষিত করব ? এখানে হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে যে পারস্পরিক সম্প্রীতি আছে, তাকে সম্পূর্ণভাবে বানচাল করার জন্য এই সরকার চেষ্টা করছেন। এরপরে যাঁরা

আনন্দমঠকে আনসিভিলাইড, আনকালচার্ড, ব্রেনলেস ক্রিয়েচার বলে সমালোচন করার স্পর্ধা রাখেন, তাঁদের আমি ইতর বলে মনে করি।

শ্রীশচীন সেন: স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। মাননীয় ডেপুটি স্পীকা মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু এখানে যে প্রস্তাব করেছেন, তার মধ্যে কাশীনা মিশ্র, দীপেন্দ্র বর্মণ, অবন্তী মিশ্র, ডাঃ মানস ভুঁইয়া এবং সুভাষচন্দ্র মাহাতো নাম আছে। কিন্তু ওঁদের দলের প্রধান সাত্তার সাহেব, জয়নাল আবেদিন, আবদু করিম চৌধুরী কিংবা ডঃ কিরণ রায়চৌধুরীর নাম দেখছি না। এই প্রস্তাবের মধে উদ্দেশ্যমূলক ইঙ্গিত আছে।

মিঃ ডেপুটি স্পীকার: দিস ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

শ্রীসুব্রত মুখার্জী: ইউ হ্যাভ এভরি রাইট টু মেনশান ইট। শচীনবাবু আপনি সিনিয়র মেম্বার, প্রসিডিওরটা একটু জানবার চেষ্টা করুন। আপনার বলবার জন্য তো সময় পাবেন, তখন বলবেন। আনন্দমঠ প্রসঙ্গে বহু কথার অবতারণা করা যায়—তার ধারাবাহিকতার কথা, ইতিহাসের কথা, পটভূমিকার কথা, তার প্রয়োজনীয়তার কথা বলা যায়। এখানে বিষয়বস্তুর কথা আলোচনা করার সময় বা প্রয়োজনীয়তা নেই।

[12.40—12.50 P.M.]

শুধু একটি কথা নিশ্চয় বলবো আনন্দমঠ বঙ্কিমচন্দ্র যখন সৃষ্টি করেছিলেন তার সমস্ত সৃষ্টির মধ্যে ঐতিহাসিক দিক থেকে এটা স্বীকৃত ছিল এবং তার প্রধান অবদান আনন্দমঠে বন্দে মাতরম্ সঙ্গীত এই আনন্দমঠে অনেকটা জায়গা করেছে। সুতরাং বিভিন্নভাবে আমরা যদি দেখি এবং সর্বোপরি আনন্দমঠের যেটা উল্লেখযোগ্য যে এর একটা ঐতিহাসিক পটভূমিকা ছিল। ৭৬ মন্বান্তরকে কেন্দ্র করে এই উপন্যাসটি রচিত হয়েছিল। এটা শুধু উপন্যাসের জন্য তৈরী হয় নি, লোকেদের একটা ঐতিহাসিক আনন্দ দেওয়ার জন্য তৈরী হয়নি। এর মধ্যে তাৎপর্যপূর্ণ জাতীয় জীবনের একটা ইঙ্গিত ছিল। এই কথা কোন স্বাধীনতা সংগ্রামী অস্বীকার করতে পারবেন না। তিনি সন্তান দলের মধ্যে দিয়ে ইংরাজদের বিরুদ্ধে এবং ঔপনিবেশিকতার বিরুদ্ধে মানুষকে নতুন করে নতুন পথ দেখানোর চেষ্টা করেছিলেন।

শুধু তাই নয়, কৃষক বিদ্রোহের কথা কি কেউ অস্বীকার করতে পারেন? আমরা যদি বঙ্গদর্শন দেখি তাহলে দেখা যাবে সেখানে কৃষক বিদ্রোহের একটা রূপান্তর তিনি ঘটিয়েছেন সন্ন্যাসী বিদ্রোহের মধ্যে দিয়ে। তাঁকে আজকে সাম্প্রদায়িকতার দোষে দুষ্ট করবার জন্য কিছু কিছু রাজনৈতিক দল তাদের ক্ষুদ্র স্বার্থকে চরিতার্থ করবার জন্য আজকে সুড়সুড়ি দেবার চেষ্টা করছেন। কিন্তু এখানে ভোট অথবা নো ভোটের কোন ব্যাপার নয়। কিন্তু আমি যেকথা উল্লেখ করবো সেটা খুবই তাৎপর্যপূর্ণ। বঙ্কিমচন্দ্র কোনদিন আনন্দমঠের ভিতরে কি আনন্দমঠের বাইরে ব্যক্তিগত জীবনে কিংবা গ্রন্থাগারিক জীবনে সাম্প্রদায়িক দোষে দুষ্ট ছিলেন না। এই কথা রিড এ্যাণ্ড ইউ গুয়েল নো—কোন কংগ্রেসীদের পুস্তিকা নয়। একটি বইয়ের কথা উল্লেখ করছি যেটা কমিউনিস্ট লেখকের বই। তাদেরই চিন্তাবিদদের লেখা বই। কিন্তু স্যার দুঃখের কথা বঙ্কিমচন্দ্র বলেছিলেন জাতীর মধ্যেও বজ্জাতির কথা—তিনি বলেছিলেন এক জায়গায় সেটা পড়ে শোনাচ্ছি—দেশের অধিকাংশ মানুষ বলতে বঙ্কিম শুধু হিন্দুর কথা কখনোই ভাবতেন না। বঙ্গদর্শনে ১২৮৭ চৈত্রে আনন্দমঠের সূচনা আর ওই বঙ্গদর্শনে তিন মাস পূর্বে ১২৮৭ মাঘ সংখ্যায় 'বাঙালী উৎপত্তি' শীর্ষক প্রবন্ধে বঙ্কিম লিখেছেন যে, লোকসংখ্যা গণনায় স্থির হইয়াছে যে, যাহাদিগকে বাঙালী বলা যায়, যাহারা বাঙলাদেশে বাস করে, বাঙলাভাষায় কথা কয়, তাহাদিগের মধ্যে অর্ধেক মুসলমান। লোকসংখ্যা গণনার অনেক পূর্ব থেকে বঙ্কিম জানতেন বঙ্গের প্রজা সম্প্রদায়ের অর্ধেক মুসলমান, আর তাই বঙ্গ-দর্শনে ১২৭৯-র চার সংখ্যা জুড়ে 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে বঙ্কিম একই সঙ্গে হাসিম শেখ আর রামা কৈবর্তের দুর্দশা চিত্র তুলে ধরেন তাঁর অর্ধেক হিন্দু আর অর্ধেক মুসলমানদের জন্য। দেশের সমগ্র মানুষের সুখ এবং মঙ্গলই বঙ্কিমের একমাত্র স্বপ্ন ও আকাঙ্ক্ষা। দুই-চারজন অধিক ধনবান ব্যক্তির পরিবর্তে বঙ্কিম ছয় কোটি সুখী প্রজা দেখতে চান। এই ছয় কোটির তিন কোটি হিন্দু, আর বাকী তিন কোটি মুসলমান। বঙ্কিম বুঝেছিলেন হাসিম শেখ আর রামা কৈবর্তের মুখে হাসি ফোটাবার মত সামর্থ্য আনন্দমঠের ছিল না। আর সেই কারণেই বঙ্কিম সেদিন হিন্দুর হাতে তুলে দেন নি রাজকার্য পরিচালনার গুরুদায়িত্ব। এই প্রসঙ্গে উল্লেখ করি বঙ্কিমচন্দ্র সৃষ্টি করেছিলেন আয়েষার চরিত্র, বঙ্কিমচন্দ্র সৃষ্টি করেছিলেন দলনীবেগমের চরিত্র, বঙ্কিমচন্দ্র সৃষ্টি করেছিলেন মুবারকের চরিত্র। বঙ্কিমচন্দ্র সৃষ্টি করেছিলেন আনন্দমঠ—যেটা বঙ্গদর্শনে আছে আমি আগেই বলেছি।

এরা লেখাপড়া করবে না। আমি আগেই বলেছি বক্তৃতা করবার দরকার হোত না যদি এই সুসন্তানের দল কয়েকটি বই পড়তেন। সুতরাং বঙ্কিমচন্দ্রকে

সাম্প্রদায়িক দোষে দুষ্ট করবার জন্য যে চক্রান্ত চলছে, সেটা খুবই মারাত্মক। আজকে এই শতবার্ষিকী উদ্‌যাপনের জন্য সমস্ত মানুষের এগিয়ে আসার দরকার ছিল। কিন্তু কি ধরনের কটূক্তি করা হচ্ছে? আমি জানি সুব্রত মুখার্জী মহাশয়কে অশ্লীলতার দায়ে গ্রেপ্তার করে জেলে ভরা উচিত। যে মানুষ রাজনৈতিক দলের নেতা হিসাবে, রুলিং পার্টির নেতা হিসাবে আনন্দমঠকে সাম্প্রদায়িকতার দোষে দুষ্ট করেন, তাঁর চেয়ে সাম্প্রদায়িক আর কেউ হতে পারেন না। এটা নৈতিক অপরাধ। আমি জানি এদের মধ্যে পার্থক্য আছে। ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি.-র মধ্যে—যার জন্য একটা এমেণ্ডমেণ্ট নিয়ে এসেছিলেন, শুনলাম সেই এমেণ্ডমেণ্ট তিনি নাকি পাঠ করবেন না। আমি চ্যালেঞ্জ করে বলছি—কিস্কুকে দিয়ে এমেণ্ডমেণ্ট এনেছিলেন—এটা যদি এখানে রাখা হয়—You will see the sub-division between that.

ফুটি ফাটার মত ফেটে যাবে। তাদের হিম্মত নেই এমেণ্ডমেণ্ট আনার। এই সব জিনিস হাউসের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। বিধানসভার বাইরে তার প্রতিফলন হবে। এক এক জায়গায় বলেছেন শুধু রাজ্যের মধ্যে আনা হবে। আর এক জায়গায় বলেছেন আনন্দমঠ স্বাধীনতার প্রধান হাতিয়ার—এই শব্দগুলি বাদ দেওয়া হোক। এখনও অফিসিয়ালী এমেণ্ডমেণ্ট উইথড্রন হয় নি।

শ্রীপতিতপাবন পাঠক ঃ অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, যে এমেণ্ডমেণ্ট উনি পড়ছেন সেটা এখনও মুভড হয় নি। সে এমেণ্ডমেণ্ট উনি মুভ করতে পারেন না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি আপনার প্রোটেকশান চাই ··· If it is distributed, I can refer it.

মিঃ ডেপুটি স্পীকার ঃ এমেণ্ডমেণ্ট এখনও মুভড হয় নি। যখন মুভড হয়ে যাবে তখন আপনি রিপ্লাই দেবার সময় এর রেফারেন্স দিতে পারেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি দয়া করে শুনুন ··· Any paper distributed in the House, amongst the members, is the property of House and I can certainly refer to it. আপনি যদি এমেণ্ডমেণ্ট ডিস্ট্রিবিউট না করতেন তাহলে আমার অধিকার থাকতো না। কিন্তু আপনি ডিস্ট্রিবিউট করেছেন বলে আমার অধিকার রয়েছে মেনশন করার। ভয়াবহ সমস্ত কথা এমেণ্ডমেণ্টে প্লেস করা

হয়েছে। যেখানে কৃষক বিদ্রোহ থেকে আরম্ভ করে আনন্দমঠের মূল সুরকে পর্যন্ত ধ্বংস করার চেষ্টা করা হয়েছে। বঙ্কিমচন্দ্র বহু জায়গায় মুসলমান ফকিরের মুখ দিয়ে হিন্দুদের বিরুদ্ধে কথা বলিয়েছেন। অমি এখানে বঙ্গদর্শনের কিছু লেখা থেকে উল্লেখ করবো। ১২৯২-এর ভাদ্র সংখ্যায় ফকির বাবার একটা চরিত্র দিয়ে বলছেন—শুনতে পাই তুমি হিন্দু, তুমি হিন্দু রাজ্য স্থাপন করিতে আসিয়াছ, কিন্তু অতো দেশাচারের বশীভূত হইলে, তোমার হিন্দু রাজ্য সংস্থাপন করা হইবে না। তুমি যদি হিন্দু মুসলমান সমান না দেখো, তবে এই হিন্দু মুসলমানের দেশে তুমি রাজ্য রক্ষা করিতে পারিবে না। অতএব দেশাচারে বশীভূত হইয়া প্রভেদ করিও না। প্রজায় প্রজায় প্রভেদ পাপ। পাপের রাজ্য থাকে না—ফকিরকে দিয়ে তিনি এই কথা বলিয়েছেন। এঁরা কি অস্বীকার করবেন—এঁদেরই মূল্যায়ন বলে একটা পত্রিকা প্রকাশিত হয়—এটা কংগ্রেসের নয়। এর হেড লাইনে লেখা আছে নরহরি কবিরাজ—যে কয়জন কমিউনিস্ট আমাদের দেশে জীবিত আছেন—তিনি তাঁদের মধ্যে অন্যতম। হেড লাইনে 'আনন্দমঠ' নিয়ে লেখা আছে। এই থেকে আমি একটা লাইন পড়ছি—আমাদের বুঝতে হবে আনন্দমঠের এক ঐতিহাসিক মূল্য আছে। শতবার্ষিকী উদ্‌যাপনের সময় যখন জাতীয় সংহতির কথা তুলি তখন এই বই নিয়ে এবং এর দোষ-ত্রুটি নিয়ে চুলচেরা হিসাব করা নিরর্থক। এর ঐতিহাসিক মূল্য স্মরণ করা এই মুহূর্তে প্রধান কাজ। অস্বীকার করতে পারেন নরহরি কবিরাজ—হি ইজ নট এ কমিউনিস্ট—তিনি বলেছেন—সন্ন্যাসী বিদ্রোহ সশস্ত্র বিদ্রোহ হিসাবে তার বিষয়বস্তু গ্রহণ করা উচিত এবং সেই পটভূমিকায় তখন উপন্যাস রচনা করা অবশ্য ছিল এক সাহসী পদক্ষেপ। এই সমস্ত কথা কমিউনিস্টদের বইয়ে লেখা আছে। আনন্দমঠ সম্পর্কে এই সরকারের কি উচিত ছিল সেইসব না করার ফলে আজকে এখানে নন-অফিসিয়াল রেজলিউশন আনতে হচ্ছে। এই বিধানসভা সম্পর্কে আমরা অনেক গর্ব করি—কারণ এখানে অনেক প্রথিতযশা মানুষ প্রাতঃস্মরণীয় না হলে চিরস্মরণীয় হয়ে আছেন। যে দেশে আনন্দমঠ তৈরী হয়েছে, সেই দেশে সরকার পারেন না বঙ্কিমচন্দ্রের বাড়ীতে মিউজিয়াম করতে, কিছু পুস্তক যা তাঁর লেখা সেগুলোকে সস্তায় বিলি ব্যবস্থা করতে? আমি শিক্ষা-মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, সংস্করণে যখন শব্দের জায়গায় ইংরাজ শব্দ বসানো আছে যেটা এখনও কলেজ স্ট্রীটে বিক্রি হচ্ছে—সেই সংস্করণটা সারা ভারতবর্ষে সস্তায় বিলি করার ব্যবস্থা করুন। যদি ঐ শব্দটাতে আপত্তি হয় তাহলে ঐ শব্দটার বাইরে একেবারে ইংরাজী ইংরাজ সংস্করণ যেটা ছিল সেটা বসিয়ে দিন। প্রথম সংস্করণটা এখনও বাজারে পাওয়া যায়। সেটাকেই সস্তা

দরে পাবলিকেশন করে ব্যাপক প্রচার করতে পারতেন। কিন্তু তা না করে তাঁ বিভিন্নভাবে সাম্প্রদায়িক দোষে দুষ্ট করে মানুষের মন থেকে তাঁকে সরিয়ে দেওয় হচ্ছে। তাঁর বন্দে মাতরম্ সঙ্গীতের কথা কেউ অস্বীকার করতে পারেন? গীতা নিষ্কাম কর্মের কথা আনন্দমঠ ছাড়া আর কোন্ উপন্যাস দিয়ে তিনি বলিয়েছেন বৃটিশ যুগে আনন্দমঠ এবং বন্দে মাতরম বলা মহা অপরাধ ছিল। আজকে তাঁরাও তাই করছেন। আজকে বন্দে মাতরম যাঁরা বলছেন, তাঁদের মারা চেষ্টা করছেন। অর্থাৎ বৃটিশ যে যে কাজ করেছিলেন এঁরাও সেই সেই কাজ করছেন। ১৯০৫ সালের আন্দোলন বন্দে মাতরম্ দিয়ে শুরু হয়েছি এই টাউন হল থেকেই এবং বন্দে মাতরম দিয়েই শেষ হয়েছিল। বন্দে মাতরম উচ্চারণ করে কে আগে প্রাণ করিবে দান এই লড়াই শুরু হয়েছিল। এগুলি কি অস্বীকার করতে পারেন? বৃটিশ যেভাবে আনন্দমঠ এবং বন্দে মাতরমকে গ্রহণ করেছিল এঁরাও ঠিক সেই একইভাবে চলছেন। আমাদের দেশাত্মবোধ জাতীয়তা-বাদ যাতে প্রচণ্ডভাবে দানা বাঁধতে না পারে সেই চেষ্টা তারা করেছিল। আজকে রাজনৈতিক স্বার্থে আপনারাও সেই চেষ্টা করছেন। একথা অস্বীকার করবার উপায় নেই যে, এখানে মুসলমান মানে কতকগুলি দুষ্টু রাজার চরিত্র বলা হয়েছে। তাদের বিরুদ্ধে বলাটা কি এখানে অন্যায়? মন্বন্তর ঘটিয়ে মানুষের উপর শকুনী নামিয়ে দিয়েছিল যে রাজা, তার বিরুদ্ধে বলাটা কি পাপ? এটা একটা দর্শন—একটা টোটাল ফিলজফি—তাকে সাম্প্রদায়িক দোষে দুষ্ট করা অন্যায় হবে। সুতরাং দলমত নির্বিশেষে সরকারকে অনুরোধ করবো—আসুন আমরা সকলে মিলে আনন্দমঠের সত্যিকারের মূল্যায়ন করবার চেষ্টা করি। নূতনভাবে আনন্দমঠকে বোঝার চেষ্টা করি—এ বিষয়ে সরকারের সেমিনার হোক—স্কুল-কলেজে এই বইটি পাঠ্যপুস্তকরূপে গণ্য করার চেষ্টা সরকার থেকে করা দরকার। একটা ভাল জিনিসকে প্রতিষ্ঠা করতে গেলে রাজশক্তির সাহায্য থাকা দরকার। আজকে রাজশক্তি যদি তার সাহায্য থেকে সরে আসেন তাহলে আমি মনে করি ইট উড বি এ ক্রাইম ফর দি ফিউচার। যার জন্য শুধু আগামী দিন কেন ভবিষ্যৎও ক্ষমা করবে না। আমি তাই অনুরোধ করবো এই যে রেজলিউশন এটা শুধু রেজলিউশনই নয়, এর ব্যবহারিক দিকগুলোও আলোচনা করা হোক এবং সঠিক সিদ্ধান্ত প্রয়োগ করে কার্যকরী করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীকমলকান্তি গুহ ঃ স্যার, আমি একটা অনুরোধ হাউসের মাধ্যমে রাখতে চাই—বিশেষ করে সুব্রতবাবুর কাছে। আমি জানি না আইনগতভাবে এটা সম্ভব

হবে কিনা। আনন্দমঠ নিয়ে যে আলোচনা আজকে শুরু হয়েছে, এর পূর্ণাঙ্গ এবং বিস্তারিত আলোচনা করার প্রয়োজন আছে। ভুল বা দৃষ্টিভঙ্গীর তফাৎ অনেকের হতে পারে—কিন্তু আজকে যে আলোচনা হবে সেটা রেকর্ড হয়ে যাবে, যুগ যুগ ধরে এটা থেকে যাবে। কাজেই আমার মনে হয় একঘণ্টা আলোচনায় এর গুরুত্ব কমে যাবে। আমি তাই আপনার মাধ্যমে সুব্রতবাবুকে অনুরোধ করবো, আপনি আজকে এটা প্রত্যাহার করে নিন। পরবর্তী অধিবেশনে এটা রাখুন। সারাদিন ধরে বিস্তারিতভাবে আলোচনা করে এর ঐতিহাসিক মূল্য, এর ভালমন্দ দিকগুলি তখন ভালভাবে বিচার করা যাবে। অর্থাৎ আমরা সেদিন এমন একটা সিদ্ধান্ত নেবো যা পশ্চিমবাংলায় সংস্কৃতি ও ইতিহাসে চিরস্থায়ী হবে থাকবে।

[12.50—1.00 P.M.]

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে প্রস্তাব দিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আজকে এই ব্যাপারে যে নন-অফিসিয়াল প্রস্তাব এসেছে সেটা খুব সংক্ষিপ্ত আকারে এসেছে। পরবর্তীকালে বিস্তৃত ভাবে আলোচনা করার জন্য মন্ত্রী মহাশয় যে প্রস্তাব দিয়েছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। তবে একটা কথা জানাচ্ছি, এই প্রসঙ্গটি নিয়ে যদি আর একদিন আলোচনা করেন এবং সেই দিনটি যদি সোমবার বা মঙ্গলবার ঠিক করেন তাহলে আমাদের দলের পক্ষ থেকে কোন আপত্তি নেই। অথবা আমি শুনলাম জুলাই মাসে নাকি একটি সংক্ষিপ্ত অধিবেশন হবার কথা আছে, কাজেই তখন যদি এটা নিয়ে আলোচনা করেন তাতেও আমি সাধুবাদ জানাচ্ছি।

শ্রীঅচিন্ত্য কুমার রায় : মাননীয় মন্ত্রী কমলবাবু যে প্রস্তাব দিয়েছেন সেটা যদি সুব্রতবাবু গ্রহণ করেন তাহলে উনি যে-সমস্ত বক্তব্য রেখেছেন সেই সমস্তসহ সব কিছুই তাঁকে প্রত্যাহার করে নিতে হবে।

শ্রীযতীন চক্রবর্তী : মাননীয় সদস্য একটু ভুল করছেন। মাননীয় মন্ত্রী কমলবাবু যে প্রস্তাব এখানে রেখেছেন আমার মনে হয় সেই প্রস্তাবটাই এখানে গ্রহণ করা উচিত। মাননীয় সদস্য সুব্রতবাবু যে কয়েকটি কথা বলেছেন সে সম্পর্কে একটা কণ্ট্রোভার্সি আছে। যেমন ধরুন, সুব্রতবাবু বলেছেন বঙ্কিমচন্দ্রের সমস্ত সাহিত্য সৃষ্টির মধ্যে এটাই নাকি সর্বশ্রেষ্ঠ। তবে আমরা জানি এ সম্পর্কে কিন্তু সাহিত্যিক

এবং পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। তবে একটা ব্যাপারে তাঁর সঙ্গে আমি একমত এবং সেটা হচ্ছে সেই সময়কার পটভূমিতে যেহেতু আনন্দমঠে মুসলমানদের সম্পর্কে কিছু মন্তব্য ছিল তার জন্যই তাকে সাম্প্রদায়িক আখ্যা দেওয়া উচিত হবে না। যেমন আপনারা জানেন সেক্সপিয়ার যখন সাইলকের চরিত্র সৃষ্টি করেছিলেন তখন তার জন্য তাঁকে কেউ ইহুদী বিদ্বেষী বলতে পারেন নি। সেই জন্য আমার মনে হয় এই ব্যাপারে পুঙ্খানুপুঙ্খরূপে এবং বিশদ ভাবে আলোচনা হওয়া দরকার। সুব্রতবাবুকে আর একটা কথা জানাচ্ছি, বঙ্কিমচন্দ্র সম্পর্কে এবং বিশেষ করে তাঁর বসতবাটি সম্পর্কে আমি নিজে এবং পূর্ত বিভাগের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বহু আলোচনা করেছি এবং যে ঘরে বসে তিনি আনন্দমঠ লিখেছিলেন, বন্দে মাতরম সঙ্গীত রচনা করেছিলেন তাকে সংরক্ষণ করার ব্যবস্থা করেছি। বন্দে মাতরম মন্ত্রের উদ্গাতা বঙ্কিমচন্দ্র। ছাত্রাবস্থায় আমরা যখন বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছি তখন বঙ্কিমচন্দ্রের এই বন্দে মাতরম মন্ত্র উচ্চারণ করেছি, যখন জেলে গিয়েছি, পুলিশের লাঠি খেয়েছি এবং নির্যাতন ভোগ করেছি, তখনও আমরা ঐ বন্দে মাতরম মন্ত্র উচ্চারণ করেছি। সুতরাং বন্দে মাতরম সম্পর্কে সমানভাবে আমার নিজেরও একটা সেন্টিমেন্ট আছে, আত্মিক যোগাযোগ আছে এবং আশা করি এটা কেউ অস্বীকার করেন না। তবে এ সম্পর্কে মাননীয় সদস্য আরও বিশদভাবে এবং পুঙ্খানুপুঙ্খ রূপে দীর্ঘ সময় ধরে আলোচনা করার যে প্রস্তাব দিয়েছেন আমার নিজের ধারণা সেইভাবে আলোচনা হওয়া উচিত এবং এটা সর্ববাদী সম্মতিক্রমে হওয়া উচিত। সরকারের পক্ষ থেকে একটা উদ্যোগ গ্রহণ করা উচিত এই কথাটা উনি বলেছেন। তাঁর জানা উচিত সরকারের পক্ষ থেকে বঙ্কিমচন্দ্রের স্মৃতি রক্ষার জন্য আমরা নানাভাবে চেষ্টা করেছি। আমরা ওখানে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে একটি কক্ষ করে দিয়েছি এবং সেখানে নানারকম জিনিস সংরক্ষণ করার ব্যবস্থা করেছি। যাইহোক মাননীয় মন্ত্রী এবং আমার সহকর্মী কমলবাবু যে প্রস্তাব এখানে দিয়েছেন সেই প্রস্তাব আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করি এবং আমার মনে হয় সুব্রতবাবুও এটা গ্রহণ করবেন।

[1.00—1.10 P.M.]

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে যে প্রস্তাব এসেছে এটা যথার্থ যে সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের সাহিত্য সৃষ্টি সম্পর্কে যে মন্তব্য তাকে এইভাবে তদানীন্তন সমাজের পরিপ্রেক্ষিতে সমস্ত ঘটনার পরি-

প্রেক্ষিতে বিচার না করে এই ধরনের যে সুইপিং রিমার্ক এটা আমরা করতে পারি না। এটাকে সাম্প্রদায়িক আখ্যা দেওয়া যায় না। এই সম্পর্কে বিতর্কের অবকাশ আছে এবং এটা নিয়ে যদি বিস্তৃত আলোচনা না হয় তাহলে ভুল বোঝাবুঝির অবকাশ থেকে যাবে। এটা গুরুত্বপূর্ণ বিষয় বলে আমি মনে করি। এইভাবে বঙ্কিমচন্দ্রের সাহিত্য সৃষ্টিকে সাম্প্রদায়িক দোষে দুষ্ট করা যায় না। যাইহোক এই প্রসঙ্গে আলোচনা করার যে প্রস্তাব এসেছে পরবর্তী সময়ে যদি বেশী সময় দিয়ে একদিনের সময় দিয়ে আলোচনা করা সম্ভব হয় তাহলে এটা খুবই সাধু প্রস্তাব, সেই অর্থে প্রস্তাবক যদি তাঁর প্রস্তাব উইথড্র করে নেন তাহলে আমার দিক থেকে কোন আপত্তি নেই, সেটা তিনি বিবেচনা করে দেখবেন।

শ্রীকমল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা তথ্য আমি জানি না এখানকার সদস্যরা কতখানি জানেন, সেই তথ্যটা এই সাহিত্য প্রসঙ্গে অত্যন্ত প্রাসঙ্গিক। ১৯৩৮ সালে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি ছিলেন সুভাষবাবু। সেই সময় আপনারা জানেন যে, আমাদের বাংলাদেশে চিত্তরঞ্জন দাশ, শরৎবাবু, সুভাষবাবু দেশের মধ্যে সম্প্রীতি রক্ষার জন্য যথেষ্ট আন্দোলন করেছেন এবং চেষ্টা করে এসেছেন। কংগ্রেস কমিটির মধ্যে তখন প্রশ্ন উঠল যে, আমাদের জাতীয় সঙ্গীত কোনটা হতে পারে। বন্দে মাতরম যে সঙ্গীত সেই সঙ্গীত চলে না—একথা সেদিন সুভাষবাবু কংগ্রেস কমিটির মধ্যে রাখেন। তখন একটা কমিটি হয়—যে কমিটি নতুন করে একটা গান রচনা করার কথা বলেন এবং বন্দে মাতরম মুসলমানদের মনের মধ্যে যে ধাক্কা দিচ্ছে সেই ধাক্কায় জাতীয় ঐক্যকে রাখা যাচ্ছে না এই প্রশ্নটা তিনি তোলেন। পরবর্তীকালে তিনি যখন আজাদ হিন্দ ফৌজ করেন তখন অন্য গান তৈরী করেছিলেন, সেই গান গীত হয়েছিল। সেই গান গেয়ে স্বাধীনতার জন্য তরবারি হাতে, বন্দুক হাতে সৈন্য বাহিনী নেমেছিলেন। সেজন্য যেভাবে সুব্রতবাবু বলছেন আমার মনে হয় সঠিক ভাবে ইতিহাস না জানার ফলে এই রকম বলছেন। মুসলমান এবং হিন্দু এই দুয়ের মধ্যে যেভাবে আনন্দমঠ প্রচারিত হচ্ছে সেই ভাবে যদি প্রচারিত হয় তাহলে আমাদের মধ্যে যেটা এখনও নেই সেই হিন্দু-মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি হবে, সেটা জাগরিত করা হবে। সেটা না করাই উচিত। অতীতের মূল্যায়ন যতই করা হোক, ইতিহাস যে-ভাবেই করা হোক আজকে নতুন করে বিভেদ না জাগাবার জন্য অনুরোধ করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁর বোধহয় আর একটা তথ্যের

স্মৃতিভ্রম হয়েছে। ১৮৯৬ সালে যখন কংগ্রেসের প্রথম অধিবেশন হয় সেই সময় রবীন্দ্রনাথের নিজের কণ্ঠে গাওয়া বন্দে মাতরম গানে নিজেই সুর দিয়েছিলেন প্রথম কয়েকটা স্ট্যানজার এবং সেটা জেনে রেখেই ওঁনার নির্বাচন সম্পর্কে যে বক্তব্য সেটার সঙ্গত কারণ নেই। শুধু রবীন্দ্রনাথ নয়, সেই সময় মুসলমান নেতৃবৃন্দ সেই ডায়াসে উপস্থিত ছিলেন—মৌলানা মহম্মদ আলি, সৌকত আলি, জাফর আলি, হজরত বানি, খিলাফৎ কমিটির পুরো নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন—সেই ডায়াসে। তাঁরা কেউ প্রতিবাদ করেন নি এবং পরবর্তীকালে রবীন্দ্রনাথ নিজে জওহরলালকে চিঠি লিখেছিলেন যেটা এনডোর্স করেছেন নেতাজী পর্যন্ত। নেতাজী বলেছেন তার চেয়েও বিস্তারিত, তিনি কমপ্যারেটিভলি তুলনা করেছেন, করে বলেছেন 'জনগণ' যদি নেওয়া হয় তাহলে আরো ভাল হতে পারে, বেটার হতে পারে, কিন্তু কখনও একথা বলেন নি যে, বন্দে মাতরম নিলে মস্ত অপরাধ হয়ে যাবে, সাম্প্রদায়িক দোষে দুষ্ট হয়ে যাবে। সেই সময় একটা বিতর্ক হয়েছিল বলে রবীন্দ্রনাথ প্রাইম মিনিষ্টারকে একটা চিঠি লিখেছিলেন।

Mr. Speaker: Mr. Mukherjee, the point now is that they have requested you not to move it now. It can be left for the next session to be discussed. It will not lapse in that case. If you withdraw it or if you want to move a fresh resolution you can do so. Whether you agree to withdraw it, or not to move this resolution in this session—I only want to draw your attention to rule 313 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. It says, "A motion, resulation or an amendment, which has been moved and is pending in the House, shall not lapse by reason only of the propogation of the House". So, if the House is adjourned sine-die to-day, your motion will not lapse because it has already been moved and is pending in the House. It can be taken up in the next session also.

Now, to-day is the last day of the session and there is an atmosphere of goodwill in the House to-day. So, if an agreed resolution can be drafted and moved it will be better.

শ্রীসুব্রত মুখার্জী: আমার অনুরোধ হলো, এটাকে রেখে, আরও বড় আকারে যদি সকলে মিলে করা যায় তাহলে আমার কোন আপত্তি নেই। একটা মোশন আর একবার ঘুরিয়ে-ফিরিয়ে আনার ব্যাপারে আমার কোন আপত্তি নেই। আমি উল্লেখযোগ্যভাবে আপনাকে বলবো, আমরা ধরুন আগেরটা ১৮৫-তে মোশন নিয়ে এসেছি ফরাক্কা ব্যারেজ সংক্রান্ত ব্যাপারে, হয়তো তখন বলেছিলেন যে ৪০ হাজার কিউসেক জল চাই, পরে বলছেন ইরোশন চাই, মোর অর লেস, ম্যাটার ইজ

এ্যালায়েড টু ইচ আদার। আমরা এই রকম বহুবার জানি। এটাকে রেখে যদি বড় করে মোশন একে কেন্দ্র করে নিয়ে আসি তাহলে কোন অপরাধ হবে না। এটা যেমন আছে ইনট্যাক্ট রেখে, আবার পরবর্তীকালে আনা যেতে পারে।

মিঃ স্পীকারঃ Your motion has been moved and it will remain pending.

শ্রীসুব্রত মুখার্জীঃ মুভ যখন হয়েছে, তখন আইদার রিজেকটেড অর এ্যাকসেপ্টেড হয়ে যাক। তারপর যদি ভবিষ্যতে বড় করে আনেন তাহলে উই শ্যাল ওয়েলকাম।

শ্রীকমল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু যা বলছেন, সেই কথাটা হচ্ছে, ঐ সময়টা সম্বন্ধে তাঁর জানা নেই। ঐ সময়কার অনেক লোক এখনও বেঁচে আছেন। আমিও তখন কংগ্রেসের এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী ছিলাম এবং ঐ সভাতে আমি উপস্থিত ছিলাম। তিনি যদি আমাকে খণ্ডন করতে চান, তাহলে ঐ সময় যাঁরা ঐ কংগ্রেস কমিটির মিটিং-এ ছিলেন, এই রকম অনেক লোক এখনও বেঁচে আছেন, তাঁদের কাছ থেকে জিজ্ঞাসা করে নেবেন।

Mr. Speaker : Mr. Mukherjee, I want to make the position clear. The only request that has been made from the ruling side to you is that you withdraw the motion and bring a fresh motion in the next session with the consent of all the sides. Your motion may be moved and kept pending for the next session. I am not requesting you, I am not coercing you, either to withdraw your motion or to keep it pending.

Shri Subrata Mukherjee : You are the Speaker—you can do it.

Mr. Speaker : Mr. Mukherjee, to-day is the last day of the session and an atmosphere of good will has been created in the House. So my only request to you is that we should not depart from this atmosphere of good will. There should not be any acrimony from either side.

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০ মিনিটের জন্য তাহলে সময় দিন, আমরা নিজেদের মধ্যে একটু আলোচনা করে নিই।

মিঃ স্পীকার ঃ আমি তাহলে হাউসটা এ্যাডজোর্ন করছি ফর ফিপটি মিনিট্‌স।

ডঃ কিরণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী কমল গুহ যে প্রস্তা দিয়েছেন, সেটা অতি সাধু প্রস্তাব এবং সেটা মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় সমর্থন করেছেন এবং আমাদের মুখ্য সচেতক মাননীয় সুব্রত মুখার্জী মোটামুটি গ্রহ করেছেন। তবে আমার মনে হয় যে, আপনি যদি অনুমতি করেন—আমি জানি এটা আইনসিদ্ধ হবে কি না, যে মোশনটা আছে, সেটা থাকুক, তার সঙ্গে আর কিছুটা সংযোজন করতে পারি কিনা, সেটা বিচার করে দেখুন।

Mr. Speaker : Dr. Chowdhury, you can submit amendments, there is no problem as such.

ডঃ কিরণ চৌধুরী ঃ সেটা যদি হয় তাহলে আমি এটাকে ইনট্যাক্ট রাখতে চাই, এটা উইথড্র করতে চাইছি না। এটা থাকুক, এর ওপর কিছুটা আমরা সংযোজন করে নিতে চাই।

Mr. Speaker : The motion need not be withdrawn because rule 313 of our rules of procedure is very clear on this point The motion has been moved and it will remain pending and shall not lapse by a reason only of a prorogation of the House.

ডঃ কিরণ চৌধুরী ঃ কথা হচ্ছে, আমরা অনেকে এই সম্পর্কে কিছু বলতে চাই। বিভিন্ন ব্যক্তি এই সম্পর্কে নিশ্চয়ই কিছু কিছু বলতে চান। কারণ বিষয়টা এত জটিল হয়ে দাঁড়িয়েছে, আপততঃ নানা কথা বলার ফলে, তাতে বিভিন্ন দিক থেকে এটাকে আলোচনা না করলে আনন্দমঠের প্রকৃত স্বরূপ উদ্‌ঘাটিত হবে না।

[1.10—1.30 P.M. including Adjournment]

২/৪/১০ জন বললে জিনিসটা পরিষ্কার হবে না। আমার মনে হয় এর জন্য একটা সম্পূর্ণ দিন আলোচনার জন্য নির্ধারিত করা উচিত এবং যতজন বলতে চান সবাইকে সেই সুযোগটা দিন এবং আনন্দমঠের বিভিন্ন দিক নিয়ে

আলোচনা করা হোক। এই আলোচনার পরে যা সিদ্ধান্ত নেওয়ার তাই নেওয়া হবে এবং এই হাউস থেকে আনন্দমঠ সম্পর্কে সত্যিকারে একটা গ্রহণযোগ্য আলোচনা হয়েছে বলে লোকে বুঝতে পারবে। আর তা না হলে একপেশে আলোচনা হয়ে থাকলে, সামান্য আংশিক আলোচনা হয়ে থাকলে চিরকালের জন্য সেটা নথিভুক্ত হয়ে থাকবে, সেটা হওয়া কখনই বাঞ্ছনীয় নয়। কারণ পশ্চিমবঙ্গের যেখান থেকে এই পুস্তক রচিত হয়েছে, যেখানকার মনীষী সেটা রচনা করেছেন সেখানকার বিধানসভা থেকে এতবড় একটা একপেশে আলোচনা হয়ে বেরিয়ে গেল, আমার মনে হয় সেটা হওয়া বাঞ্ছনীয় নয়। সুতরাং মন্ত্রী মহাশয় যেটা বলেছেন যে, সর্বাঙ্গীণ আলোচনা হওয়া উচিত এবং যতজন আলোচনায় অংশগ্রহণ করতে চান তাঁদের সকলের সুচিন্তিত মতামত প্রকাশ করার পরেই এই সম্পর্কে একটা সিদ্ধান্ত গ্রহণ করা উচিত হবে বলে আমি মনে করি।

শ্রীকলিমুদ্দিন সামস: মাননীয় স্পীকার, স্যার, আমরা সবাই এটা বুঝি অথবা জানি যে, এটা খুব সেন্টিমেন্টাল ব্যাপার। আমি এই ব্যাপারে এখন যেতে চাই না। কিন্তু একটি জিনিস আমি বলব যে, আমাদের মন্ত্রী কমল গুহ প্রপোজাল রেখেছেন আজকে এটা পোষ্টপণ্ড করে রাখা হোক, অন্যদিন বা নেক্সট সেসানে এর উপর একটা থ্রেড বেয়ার ডিসকাশন হোক। আমার মনে হচ্ছে এতে একটা গুড সেন্স প্রিভেল করবে এবং সুব্রতবাবু এটা মেনে নেবেন। আমি এখন শুধু একটি জিনিস বলতে চাইছি যে, সুব্রতবাবু কংগ্রেস সেসান সম্বন্ধে একটি কথা বলেছেন। তিনি বলেছেন মঞ্চে 'বন্দে মাতরম' সম্বন্ধে কথা উঠেছিল এবং সেখানে খেলাফৎ মুভমেন্টের নেতা মৌলানা মহঃ আলি জোহর, মৌলানা হজরত মোহানি ছিলেন, ওঁরা এটা স্বীকার করেছেন, মেনে নিয়েছিলেন। আমার মনে হচ্ছে মৌলানা মহঃ আলি জোহরের মত লোক, যিনি ভালভাবে দেশের পরিস্থিতি বুঝেছিলেন, তিনি দেশের মধ্যে কমিউন্যাল হারমনির জন্য অনেক কিছু করেছেন। আমি আপনাকে বলি, এমন কি তিনি বলেছিলেন দেশের মধ্যে হিন্দু-মুসলিম একতার জন্য যদি প্রয়োজন হয় তাহলে আমি আমার প্রাণ দিয়ে দেব, রক্ত দিয়ে হিন্দু-মুসলিম একতাকে মেনটেন করব। মাননীয় স্পীকার, স্যার, সুব্রতবাবু বলেছেন কংগ্রেস সেসানে মৌলানা মহঃ আলি জোহর এটা স্বীকার করেছিলেন। মৌলানা মহঃ আলি জোহরের মত লোক যিনি পলিটিক্যাল লিডার ছিলেন না, তিনি ইসলাম সম্বন্ধে বা অন্যান্য ধর্ম সম্বন্ধে বেশ ভাল স্টাডি করেছিলেন। 'বন্দে মাতরম' মানে হল মুসলমানের যে ফাণ্ডামেন্টাল আইডিওলজি আছে—মুসলমান বলে আমি শুধু খোদা তাল্লার বান্দা

আছি, অন্য কারো বান্দা নই। বন্দে মাতরম হচ্ছে ধরত্রী, মা, আমরা যেখানে বা
করছি, যে দেশে আছি, সেই দেশকে আমরা বলছি তোমার গোলাম আছি, বান
আছি। এটা মুসলমানরা কোনদিন বলে না। মহঃ আলি জোহরও এটা স্বীকা
করেন নি। সুব্রতবাবু যে একজামপেল দিয়েছেন কংগ্রেস মঞ্চে বসে উনি এটা স্বীকা
করেছিলেন, এটা ঠিক নয়। মৌলানা মহঃ আলি জোহর যিনি খেলাফৎ মুভমেন্টে
নেতা ছিলেন, মৌলানা হজরত মোহানি যিনি কংগ্রেসের নেতা ছিলে
পরবর্তীকালে আমার পার্টিতে এসে গিয়েছিলেন। আমি আপনাকে বলি ও
এই রকম কোন কথা স্বীকার করেন নি, বরঞ্চ চিরকাল এটার বিরোধিতা কে
ছিলেন। আর বলেছিলেন 'বন্দে মাতরমে' এই রকম একটা শ্লোগান আছে যেটা অ
প্রিন্সিপল এ্যাণ্ড ইন ইট স্পিরিট মুসলমানরা স্বীকার করতে পারে না, যেখানে এ
শ্লোগান দেওয়া যাবে সেখানে মুসলমানরা বসে থাকতে পারে ?

Mr. Speaker: Mr. Mukherjee, I am not pressurising you. Nobody he denies the historical importance of 'Anandamath'. There may be divergen of opinion. I only request you let this matter be kept pending here. Heave will not fall for this. Let there be a consensus. Let it remain pending fo the next Session, or if you like you may have discussions within yourselv for fifteen minutes. For this purpose I hereby adjourn the House for fifte minutes.

(Accordingly the House was adjourned till 1.30 P. M.)

[1.30—1.40 P.M.]

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা নিজেদের মধ্যে আলোচন করেছি এবং সমস্ত পরিস্থিতি সম্পর্কে আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রী মহাশ এবং মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় যে অনুরোধ করেছেন, তাদের যে সুর তা সঙ্গে আমাদের যে পার্থক্য আছে তা নয়। কিন্তু আমরা আমাদের দলের তরফ থেকে যে মোশান আজকে মুভ করেছি সেটাই স্ট্যাণ্ডস থাকছে। আমরা চাই আপনি রুলস অনুযায়ী এটাকে এ্যাকসেপ্ট করবেন।

মিঃ স্পীকার: ঠিক আছে, তাহলে ডিবেট হবে।

শ্রীদেবরঞ্জন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়ে আলোচনা

করার কথা ছিল বা এখানে আবার যে প্রস্তাব এসেছে এবং এটা নিয়ে যে-সমস্ত আলোচনা ইতিমধ্যে হয়ে গেছে, সেই প্রস্তাব নিয়ে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে মনে করি যে, আলোচনা করার জন্য সভার সময় বাড়ানো দরকার। যদি সময় বাড়ানো আপনার পক্ষে অসুবিধা হয় তাহলে আমি এই বলা থেকে বিরত থাকছি এবং কমলবাবু যে কথা বলেছেন যে, এটা মুলতবী রেখে অন্য একটা দিন ধার্য করার বেশী সময়ে বলার জন্য।

মিঃ স্পীকার: আমাদের এই বিষয়ে আলোচনা করার সময় শেষ হয়ে যাচ্ছে। সেজন্য আমি হাউসকে অনুরোধ করবো যে, এই বিষয়ে আলোচনা করার জন্য আরো ৪৫ মিনিট সময় বাড়িয়ে দেবার জন্য। আশা করি সকলের এতে মত আছে। অতএব ৪৫ মিনিট সময় বাড়ান হল।

শ্রীদেবরঞ্জন সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে যে পরিস্থিতি উদ্ভব হয়েছে এবং মাননীয় মন্ত্রী কমল গুহ মহাশয় যে ইচ্ছা প্রকাশ করেছেন, যে প্রস্তাব দিয়েছেন, সেই প্রস্তাব গ্রহণীয় হওয়া সত্ত্বেও সুযোগ থাকা সত্ত্বেও মাননীয় সদস্য সুব্রত মুখার্জী মহাশয় সেই প্রস্তাব না গ্রহণ করায় আমি আমাদের দলের তরফ থেকে বলায় বিরত থাকছি। আপনি অনুগ্রহ করে অনুমতি দেবেন।

শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী মহাশয় আনন্দমঠের শতবর্ষ সম্পর্কে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, সেই প্রস্তাবে স্ববিরোধিতা আছে, এটা আপনারা সকলেই উপলব্ধি করেছেন। তার নিজের দলের মধ্যে তো বটেই এবং এখানে মাননীয় সদস্যরা যে মতামত প্রকাশ করেছেন তার মধ্যেও দেখেছেন ওনার বক্তব্য স্ববিরোধী, অযৌক্তিক এবং অনৈতিহাসিক।

যখন ভারতবর্ষের বর্তমান অবস্থায় জাতীয় ঐক্য, জাতীয় সংহতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতির প্রশ্ন বড় আকারে দেখা দিয়েছে তখন মাননীয় সদস্য সুব্রত মুখার্জী এ ধরনের একটা প্রস্তাব এনে অবিবেচনার কাজ করছেন বলে আমি মনে করি। কারণ তিনি জাতীয় আন্দোলনের অতীত ইতিহাস এবং বক্তব্য অনুধাবন করতে অক্ষম হয়েছেন। সে কারণেই তিনি এই ধরনের একটা প্রস্তাব আজকে এখানে উত্থাপন করেছেন। তাঁর প্রস্তাবটি পড়লে দেখবেন যে, তিনি বলতে চাইছেন 'আনন্দমঠ' থেকেই যেন জাতীয় আন্দোলন শুরু হয়েছিল। কিন্তু বাস্তব ইতিহাস

তা নয়। আমি বিনীত ভাবে বলতে চাই যে, 'আনন্দমঠ' গ্রন্থ, এর অন্তর্ভুক্ত 'বন্দে-মাতরম' গান এবং 'বন্দে মাতরম' ধ্বনি নিয়ে অনেক বিতর্ক জাতীয় আন্দোলনের গোড়া থেকে আজ পর্যন্ত চলে আসছে। এই সত্যকে অস্বীকার করবার কোন ক্ষমতা বিদগ্ধ, কোন বিবেচকের নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই জন্য বঙ্কিমচন্দ্রের এই রচনাকে আমাদের অত্যন্ত ডিট্যাচট আউট লুক থেকে, নিরাসক্ত দৃষ্টিভঙ্গী থেকে দেখতে হবে, বস্তুনিষ্ঠ ভাবে দেখতে হবে, ঐতিহাসিক এবং সামাজিক পটভূমিকা দিয়ে দেখতে হবে। আমার মনে হয় সুব্রতবাবু সে বিষয়ে সচেতন নন, সতর্ক নন। সেই জন্য তিনি এই ধরনের একটা প্রস্তাব উপস্থাপন করেছেন। স্যার, আমি বঙ্কিমচন্দ্রের উত্তরসূরী এবং তাঁর বংশধর শ্রীগোপাল চন্দ্র রায়ের 'আনন্দমঠ' সম্পর্কে ৪ঠা ডিসেম্বর 'দেশ' পত্রিকায় যে লেখাটি প্রকাশিত হয়েছে সেটির প্রতি মাননীয় সদস্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি উল্লেখ করেছেন, "এই গ্রন্থ লেখার জন্য বঙ্কিমচন্দ্র নিজেই প্রেরণা পেয়েছিলেন, সেই জন্য তিনি সেখানে ১৮৭৯ সালের মহারাষ্ট্রের বিখ্যাত বিপ্লবী 'বলবন্ত ফার্কে'র নাম উল্লেখ করেছেন। তাঁর দ্বারা তিনি উৎসাহিত হয়েছিলেন। অর্থাৎ সমকালের দ্বারা তিনি প্রভাবিত ছিলেন, উৎসাহিত ছিলেন। সুতরাং 'আনন্দমঠ' থেকেই জাতীয় আন্দোলন শুরু হয়েছিল, এই ঘটনা সত্য নয়। স্যার, আমি এখানে বলতে চাই যে, বঙ্কিমচন্দ্রের আসল রচনাটি সুব্রতবাবু পড়েছেন কিনা আমার সন্দেহ আছে। বঙ্কিমচন্দ্র যখন জীবিত ছিলেন তখনই 'আনন্দমঠের' পাঁচটি সংস্করণ প্রকাশিত হয়েছিল। তৃতীয় সংস্করণে বঙ্কিমচন্দ্র বলেছিলেন, ওয়ারেন্ট হেসটিংস-এর যে মেমোয়ার আছে, মানে তাঁর যে স্মরণ কথা আছে তার থেকে তিনি তথ্য সংগ্রহ করেছেন এবং তিনি হান্টারের কথা উল্লেখ করেছেন। সুতরাং আমি এই প্রসঙ্গেসুব্রত বাবুকে যে কথা বলতে চাইছি তা হচ্ছে, সমগ্র জাতীয় আন্দোলনের অতীত ইতিহাসে জনগণের যে সংগ্রাম আছে সে সংগ্রামের দ্বারা আজকে ভারতবর্ষের মানুষ একটা জায়গায় পৌঁচেছে, আজকে আবার ভারতবর্ষের মানুষ সংগ্রামের দ্বারা আর একটা জায়গায় পৌঁচতে চাইছে। অর্থাৎ স্বাধীনতা আন্দোলনের মধ্যে দিয়ে একটা জায়গায় পৌঁচেছে, আজকে আর একটা জায়গায় পৌঁছতে, চাইছে ভারতবর্ষের জনসাধারণ। ভারতবর্ষের জনগণের সেই জাতীয় ঐতিহ্যকে সুব্রতবাবু আজকে ম্লান করতে চেয়েছেন তাঁর ঐ সমস্ত প্রস্তাব তুলে। এই জন্যই আমি এই প্রস্তাবকে অবিবেচনা প্রসূত বলে মনে করি। আজকে এখানে যদি সাত্তার সাহেব উপস্থিত থাকতেন, যদি উপস্থিত থাকতেন জয়নাল আবেদিন সাহেব, তাহলে তাঁরা আমার সঙ্গে একমত হতেন। কিন্তু সুব্রতবাবু এক মত হতে পারবেন কিনা জানি

না। স্যার, হান্টার-এর 'এ্যানাউন্স অফ রুরাল বেঙ্গল' বইটি আমি এখানে পড়ে দেখাতে পারতাম, কিন্তু আমার সময় কম, তাই আমি সেটি পড়ছি না। এই বইতে বলা হয়েছে, ১৮৫৫ সালে বীরভূম জেলায় এবং বাংলার বিভিন্ন জায়গায় যে-সমস্ত আন্দোলন হয়েছিল, তা থেকে বঙ্কিমচন্দ্র প্রেরণা পেয়েছিলেন। সেই সমস্ত ঘটনার উল্লেখ করে 'হান্টার' সাহেব বলছেন, "আর্মস অপোজিশন টু দি গভর্নমেন্ট"। আর আমরা 'আনন্দমঠে' দেখেছি, আর্মস অপোজিশনের কথা আছে। একটা জায়গায় 'হান্টা'র সাহেব উল্লেখ করেছেন যে, "টুয়েলভ হাণ্ড্রেড ট্রুপ্স কুড্ নট বি ফাউণ্ড উইদিন এইট্টি মাইলস অফ দি রিবেলস"। আমরা এটা লক্ষ্য করছি যে, এটা 'আনন্দমঠে'ও বিষয়ভুক্ত হয়েছে। কাজেই ভারতবর্ষের এবং বাংলার যে ভূমিকা রয়েছে এই ভূমিকাকে তলিয়ে দেখার সুযোগ সুব্রতবাবু পান নি। স্যার, এ ছাড়া আমরা সকলেই জানি যে, ১৮৫৭ সালে যে বিদ্রোহ হয়েছিল, সিপাই বিদ্রোহ নামে তাকে কলঙ্কিত করা হয়েছিল। আসলে তা ছিল বাংলার তথা ভারতের স্বাধীনতা সংগ্রাম, তা ছিল গণতান্ত্রিক সংগ্রাম, তা ছিল কৃষক সংগ্রাম। বঙ্কিমচন্দ্র সেই কালেই বাস করতেন, সুতরাং বঙ্কিমচন্দ্রের রচনাবলী তার থেকে প্রেরণা পেয়েছিল এবং যা পরবর্তীকালে আরো অনেক রচনা সম্বন্ধে তাঁর মধ্যে প্রেরণা সৃষ্টি করেছিল। কাজেই এইসব কথা প্রস্তাবের মধ্যে মাননীয় প্রস্তাবক জানতে পারেন নি বলে আমি দুঃখিত। এখানে তিনি একটা সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন।

[1.40—1.50]

স্যার, বন্দে মাতরম সম্পর্কে আমি আর একটি কথা বলতে চাই। আমি জানি না, আপনারা শুনেছেন কিনা—অনেক মন্ত্রের মধ্যে এই মন্ত্রটাই বঙ্কিমচন্দ্র কারো কাছ থেকে শুনেছিলেন কিনা—কারণ এটা তো জানেন, আনন্দমঠ জন্মের ৭ বছর আগে এটা লেখা হয়েছিল ১৮৭৫ সালে এবং ১৮৮২ সালে আনন্দমঠ বঙ্কিমচন্দ্র লেখেন। এইটি তিনি তার মধ্যে যুক্ত করেন। কোন কোন পণ্ডিত ব্যক্তি, বিবেচক ব্যক্তি বলেছেন যে, আমাদের দেশে যখন সন্ন্যাসী বিদ্রোহ ঘটেছিল তখন তারাই এই মন্ত্র প্রথম ব্যবহার করতেন জীবিকা অন্বেষণের জন্য। সেটার ফলশ্রুতি হিসাবে মানুষের মধ্যে চলে আসছিল। বঙ্কিমচন্দ্র সচেতন শিল্পী ছিলেন, সেই কারণে এট পেয়ে থাকতে পারেন। আমি মন্ত্রটির জেনেসিস সম্পর্কে আর একটি কথা বলতে চাই স্যার, এই মন্ত্র বঙ্কিমচন্দ্র নেওয়ার পর থেকেই আমাদের সমাজ জীবনে, আমাদে দেশে বিভিন্ন সম্প্রদায়ের যেসব মানুষ বাস করেন—হিন্দু, মুসলমান প্রভৃতি সকলে

কাছেই এটা সহজগ্রাহ্য বা গ্রহণীয় হবে কিনা এটা একটা কনট্রোভারসি ছিল। কিন্তু বিতর্কের গোড়াতেই তিনি যেকথা বলেছেন যে এটা সর্বকালের স্বীকার সর্বকালের অভিনন্দিত—একথা আদৌ সত্য নয় স্যার। আমি আপনাকে কনট্রোভারসির দৃষ্টান্ত দেখাচ্ছি—"The controversy over the meaning of Mataram in the mantra, Bandematram, in the English press, might easily be settled by a referennce to Bankim Chandra's Anandamath".

এখানে কনট্রোভারসির কথা বলছেন। বলছেন কত সালে? ১৯০৬ সালে। বলছেন কে? বাংলার জাতীয় আন্দোলনের অন্যতম পথিকৃৎ বিপিনচন্দ্র পাল, তার স্বদেশী এ্যাণ্ড স্বরাজতন্ত্রের মধ্যে দেখতে পাবেন। সুতরাং কনট্রোভারসি ছিল না, সর্বকালের অভিনন্দিত, গৃহীত—এটা ঠিক নয়। বিপিনচন্দ্র পালই তাঁর গ্রন্থের মধ্যে উল্লেখ করেছেন। স্যার, উনি অনেক বড় বড় কথা বলে গেলেন। আমি আপনার সামনে দু-একটি দৃষ্টান্ত রাখতে চাই। এন্‌সাইক্লোপিডিয়া-ব্রিটানিকাতে বঙ্কিমচন্দ্রের উপরে একটা প্রবন্ধ লিখেছিলেন বঙ্কিম সমসাময়িকালের বাংলার বিদ্বজ্জন রমেশচন্দ্র দত্ত। এই রমেশচন্দ্র দত্তই এই প্রশ্ন তুলেছিলেন যে, এই আনন্দমঠে তাঁর যে গান এর মধ্যে বাংলার নানান মানুষের মধ্যে নানান পার্থক্য আছে। তিনি বলছেন, "But though the Anandamath is an from of apology for the loyal acceptance of British rule, it is none-the-less inspired by the ideal of the restoration, sooner or later of a Hindu Kingdom in India".

এইসব কথা রমেশচন্দ্র দত্ত বলছেন। তিনি ঐতিহাসিক হিসাবে, তিনি লেখক হিসাবে আমাদের ভারতবর্ষের মধ্যে উল্লেখযোগ্য ব্যক্তি। সুব্রতবাবু এইসব পড়ার সুযোগ বা সময় হয়তো পান নি। এছাড়া আর যেসব প্রশ্ন তিনি তুললেন, মাননীয় সদস্য শ্রীকমল সরকার মহাশয় তার উল্লেখ করেছেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, সুভাষচন্দ্র বসু বন্দে মাতরম জাতীয় সঙ্গীত হিসাবে গ্রহণ করা হবে কিনা সেই ব্যাপারে রবীন্দ্রনাথের কাছে অভিমত চেয়েছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর বঙ্কিমচন্দ্রের এই গানটির সম্পর্কে একটা মতামত দিয়েছিলেন যা এখনও শান্তি-নিকেতনের রবীন্দ্র সদনে রক্ষিত আছে। রবীন্দ্রনাথ বলছেন, "বন্দে মাতরম গানের কেন্দ্রস্থলে আছে দুর্গার স্তব, একথা এতই সুস্পষ্ট যে এ নিয়ে তর্ক চলে না। অবশ্য বঙ্কিম এই গানে বাংলাদেশের সঙ্গে দুর্গাকে একাত্ম করে দেখিয়েছেন। কিন্তু স্বদেশের এই দশভূজা মূর্তি রূপের যে পূজা, সে কোনও মুসলমান স্বীকার করে নিতে পারে না··· যে রাষ্ট্রসভা ভারতবর্ষের সকল ধর্ম সম্প্রদায়ের মিলনক্ষেত্র, সেখানে এ গান সার্বজনীনভাবে সঙ্গত হতেই পারে না"। রবীন্দ্রনাথ ঠাকুর আর একটি বিবৃতিতে বলছেন যেটা "প্রকাশ্য" কাগজে বার হয়েছিল।

রবীন্দ্রনাথ বলছেন, "আমি অনায়াসেই স্বীকার করি যে বঙ্কিমচন্দ্রের সমগ্র ন্দে মাতরম সঙ্গীতটি যদি জাতীয় সঙ্গীত হিসাবে গৃহীত হয় এবং ইতিহাস, সাহিত্যে াঠ করা যায় তাহা হইলে মুসলমানদের মনে আঘাত লাগিত পারে।' এই বিবৃতি ার, ১৯৩৭ সালে ৩০শে অক্টোবর আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত হয়েছিল। ব্রতবাবু বলছেন যে, এটা সর্বজন দ্বারা স্বীকৃত, অভিনন্দিত। তিনি এই ধরনের উক্তি খানে করেছেন, যা আমাদের এখানে সকলের মধ্যে একটা সমস্যা, একটা আলো:- নার বিষয়বস্তু, বিতর্কের বিষয়বস্তু তাই সুব্রতবাবু এনে উপস্থিত করেছেন। এই ন্ত্রী সম্পর্কে কিছু কথা বললেন, হ্যাঁ, এটা ঠিকই, মাননীয় সরোজ মুখার্জী মহাশয় নজে বলেছেন যে, আমাদের জাতীয় আন্দোলনে একটা উৎসাহ সৃষ্টি করেছিল। ামি পড়ে শোনাব, কিন্তু একথা আমি বলতে চাই যে, এই মন্ত্রকে পরবর্তীকাল ঐ ংগ্রেস দলই গ্রহণ না করে 'জয়হিন্দ' মন্ত্র গ্রহণ করেছিলেন। ওঁরা এখানে ন্দে মাতরমের কথা বলছেন। সুব্রতবাবু ইজ এ্যান অনারেবল ম্যান। এ কথা ঠক, স্বাধীনতা সংগ্রামে—শিবশঙ্কর চৌধুরী, কাল'দা বলে যিনি পরিচিত ছিলেন— াকে সার্জেন্টরা মারতে মারতে মাথা ফাটিয়ে দিলে জেলখানায়, আর সেই াল'দাকে সুব্রতবাবুদের লোকেরা প্রকাশ্য রাজপথে খুন করেছেন, আধা ফ্যাসিস্ট ্রাসের সময়ে বন্দে মাতরম ধ্বনি দিয়ে। আজকে এইসব কথা বলছেন, জাতীয় ান্দোলনের কথা নির্লজ্জভাবে বলছেন। স্যার, আমি স্মরণ করতে বলি, যখন ৯৭২ থেকে ১৯৭৭ সাল চলছিল তখন ঐ বন্দে মাতরম ধ্বনি দিয়ে সুব্রতবাবু স্বয়ং শ্রীজয়প্রকাশ নারায়ণের মিটিং ভাঙ্গার উদ্যোগ নিয়েছিলেন। আজকে বন্দে াতরমের কথা, ঐ জাতীয় আন্দোলনের কথা বলে যাঁরা সত্যিকারের একটা মানুষের ঘার্থে নিয়ে আসতে চাইছেন, এইসব কথা বলে মানুষকে বিভ্রান্ত করার সুযোগ পাচ্ছেন মনে করছেন, কিন্তু সেটা সম্ভব নয়। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, সুব্রতবাবু যে বক্তব্য বলেছেন সরোজ মুখার্জী সম্পর্কে, আনসিভিলাইজড, আন- কালচার্ড, আমি এখানে একটা কথা তুলে ধরব, টেলিগ্রাফ পত্রিকা, কলকাতা থেকে বার হয়, এই পত্রিকার সাংবাদিক কি বলেছেন। স্যার, আমি বেশী পড়ব না।

"It was in fact the considered verdict of the national leadership. At that time, sometime in the late thirties, the controversy first came out in the open. This was over the singing of Bande Mataram. Many well known nationalist Muslims including Asharafuddin Chowdhury and Humayun Kabir, not to speak of Maulana Azad, had strong reservation about it and they had conveyed this to the national leadership. Those who pressed for Bande Mataram and that too, only about its first stanza."

বন্দেমাতরম্‌। তারপর সেই সাংবাদিক এই মন্তব্য করেছেন, "All this was done not by the politbureau of the Communist Party, but by the Congress High Command." তারপর তিনি মন্তব্য করেছেন, "which in those days, was in name, fame and authority a real High Command and not the ersatz that goes by that name to-day" তারপর সরোজ মুখার্জী সম্পর্কে তিনি বলেছেন, "But Saroj Mukherjee took the risk because he gave primary to the sentiments of the minority community. This is in line with the finest traditions of our national movement." সুব্রতবাবুর এসব বোঝার ক্ষমতা নেই। এটা লিখেছেন শ্রীনিখিল চক্রবর্তী, ভারতবর্ষের তথাকথিত সাংবাদিক বা সংবাদপত্রের পুরোধা যিনি রয়েছেন, তিনি মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির কোন লোক নন। স্যার এই কারণে আমি বলতে চাই যে, সর্বশ্রেষ্ঠ রচনা বলে একটা হাস্যকর প্রস্তাব, ঐ জিনিস এখানে এনেছেন। বঙ্কিমচন্দ্র নিজে কখন বলেন নি, আমি স্যার বলতে চাই বঙ্কিমচন্দ্র সম্পর্কে অনেক ক্রিটিক, সমালোচক আছেন। আপনি জানেন ডঃ অরবিন্দ পোদ্দার আছেন, তারপর মোহিতলাল মজুমদার আছেন। এমন কি স্বয়ং রবীন্দ্রনাথ বঙ্কিম সম্বন্ধে প্রবন্ধ লিখেছিলেন। তাঁকে সব্যসাচী বলেছেন রবীন্দ্রনাথ। তিনিও আনন্দমঠকে কখনই বঙ্কিমচন্দ্রের সর্বশ্রেষ্ঠ রচনা বলেন নি। অনেক সমালোচকই বলেছেন 'রাজসিংহ' তাঁর শ্রেষ্ঠ রচনা। বঙ্কিমচন্দ্রের উল্লেখযোগ্য রচনা হচ্ছে 'কমলাকান্তের দপ্তর'। এখানে সুব্রতবাবু যেটা পড়ে শোনালেন, জানিনা—কেউ হয়তো ধরিয়ে দিয়েছেন হাতে। আনন্দমঠ তাঁর সর্বশ্রেষ্ঠ রচনা হতে পারে? আমরা শ্রদ্ধার সঙ্গে স্বীকার করি যে, বঙ্কিমচন্দ্র নিশ্চয়ই একজন উল্লেখযোগ্য সর্বশ্রেষ্ঠ লেখক, তাই বলে আনন্দমঠ রচনা হিসাবে তাঁর শ্রেষ্ঠ শিল্পের নিদর্শন হতে পারে না। এটাকে কখনই সমালোচকরা শ্রেষ্ঠ রচনা হিসাবে গ্রহণ করেন নি। বঙ্কিম সাহিত্যের যাঁরা ক্রিটিক তাঁরা একথা বলে থাকেন। আজকে তিনি বামফ্রন্ট সরকার সম্পর্কে ইঙ্গিত করেছেন দুই/একটি অনুষ্ঠানের কথা উল্লেখ করে। আমি এই কথা বলতে চাই, যখন তিনি মন্ত্রী ছিলেন তখন কি বঙ্কিম পুরস্কার দিয়েছিলেন? বঙ্কিম পুরস্কার বামফ্রন্ট সরকার আসার পর ১৯৮১ সালে প্রথম দেন। আমাদের বামফ্রন্ট সরকারের কথা ওঁরা বলেন। এই বামফ্রন্ট সরকার আন-সিভিলাইজড সরকার, আন-কালচার্ড সরকার নয় যে, কিছু লোক তাদের ধারণায় আমাদের অর্বাচীন মনে করতে পারেন। যদিও জাতীয় প্রভিশনের সঙ্গে কোন সম্পর্ক নেই। বঙ্কিম পুরস্কার, বিদ্যাসাগর পুরস্কার, অবনীন্দ্র

পুরস্কার বামফ্রন্ট সরকারই চালু করেছেন। সেই কারণে আমি বলতে চাই, সুব্রতবাবুর আসল ব্যাপারটা হচ্ছে—আপনারা ম্যাকবেথ পড়েছেন। এই ম্যাকবেথ পড়ে দেখেছি, একবার খুন করবার আগে তার এক ধরনের মনোভাব ছিল। কিন্তু খুনের পর ম্যাকবেথ হয়ে গেল স্লিপ নো মোর। সুব্রতবাবুর ব্যাপারটা হচ্ছে, সামনে পঞ্চায়েত নির্বাচন। যাতে তা স্লিপ নো মোর না হয়, সেইজন্য একটি সেন্টিমেন্টাল প্রস্তাব এখানে তুলেছেন। ম্যাকবেথের মত গণতন্ত্র হত্যাকারী কংগ্রেস সরকার ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত যে আধা-ফ্যাসিস্ট শাসন এই পশ্চিমবঙ্গে চালিয়েছিলেন সেই সন্ত্রাসের অন্যতম স্রষ্টা তিনি—তা পশ্চিমবঙ্গের মানুষ ভুলে যায় নি। তাই তিনি দুই/একটি সেন্টিমেন্টাল প্রশ্ন তুলে মনে করেছেন জনগণের মনকে বিভ্রান্ত করতে পারবেন, আনন্দমঠের উপর মানুষের যে শ্রদ্ধা আছে তা থেকে বিচ্যুত করতে পারবেন। কিন্তু আমি মনে করি সুব্রতবাবুর এই উদ্দেশ্য সার্থক হবে না। সেই কারণে এই প্রস্তাবকে সম্পূর্ণ রিজেক্ট করে বক্তব্য শেষ করছি।

[1.50—2.00 P. M.]

ডঃ কিরণ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খানিক আগে মাননীয় মন্ত্রী অচিন্ত্য রায় মহাশয় ঐতিহাসিক পটভূমিতে বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ'-এর উল্লেখ করেছেন। এখানে স্মরণ রাখতে হবে যে, 'ঐতিহাসিক পটভূমি' কোন্ সময়কার ? একটি কথা প্রথমে তার জন্য বলছি যে, এটা স্পষ্ট হওয়া দরকার। প্রথমতঃ বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' যদি ঐতিহাসিক উপন্যাস হয় তাহলে তার ঐতিহাসিক পটভূমিকার গুরুত্ব একরকম। আর তা যদি না হয় তাহলে সেই গ্রন্থের গুরুত্ব হচ্ছে অন্যরকম। বিচার করে দেখুন, বঙ্কিমচন্দ্র স্বয়ং তাঁর 'দেবীচৌধুরাণী' বিজ্ঞাপনের সময় বলছেন, "আমি যখন প্রথম সংস্করণ বের করি আনন্দমঠের, তখন অনেকেই জিজ্ঞাসা করেছেন যে এটা কি ঐতিহাসিক উপন্যাস ? আমি পাঠকবর্গকে অনুরোধ করবো, তাঁরা যেন অনুগ্রহ করে এটাকে ঐতিহাসিক উপন্যাস বলে গ্রহণ না করেন। এটা যদি তা বলে গ্রহণ না করেন তাহলে বাধিত হবো।" জেনে রাখুন, এটাই হচ্ছে তাঁর মত।

তারপর, যখন তিনি বলছেন 'আনন্দমঠ' ঐতিহাসিক উপন্যাস হতে পারে না, আপনারা বিচার করে দেখুন যে বঙ্কিমচন্দ্র ১৮৮২ সালে ১৭৭০ সালের কাহিনী ঐ উপন্যাসে এনেছেন। সেদিক থেকে বিচার করলে সমসাময়িক ঘটনার উপজীব্যতা নেই। এটার উপজীব্যতা, স্মরণ রাখতে পারেন—সঞ্জীবচন্দ্র একবার বলেছিলেন—১৮৬৪ সালে উড়িষ্যাতে একটা বন্যা হয়।

তখন তিনি বলেছিলেন যে, আমি মন্বন্তরের উপর একটা উপন্যাস লিখতে চাই। সেটা তিনি শুরু করেছিলেন বঙ্গদর্শনে। ১৮৮২ সালে সর্বপ্রথম সেটা পুস্তিকা আকারে বের হয়। পরের বছর ১৮৮৩ সালে তার দ্বিতীয় সংস্করণ বার হয় এবং ১৮৮৬ সালে তার তৃতীয় এবং চতুর্থ সংস্করণ বার হয় এবং পঞ্চম সংস্করণ বার হয় ১৮৯২ সালে। জীবদ্দশায় ৫টি সংস্করণ—যেটা মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে রঘুনাথের কথা বলছি—সেটা ঐতিহাসিক উপন্যাস নয়। কারণ যে সন্ন্যাসী বিদ্রোহের কথা হচ্ছে তার বিরাট উপাদান। সেই সন্ন্যাসীরা সন্তান দল, আর সেই সন্ন্যাসী মেলে না। ওরা ছিল লুটেরার দল, সন্ন্যাসী ফকিরেরা, ওরা ছিল শৈব, ওরা অনেক জমিদারের কাছ থেকে পয়সা নিয়ে এই সমস্ত করত, লুট করত। ওরা বলিষ্ঠ ছেলেদের ধরে নিয়ে যেত এবং ওদের দলে ঢোকাতো। আর এরা ছিল সুশিক্ষিত। এই রকম পরিস্থিতি। এরা ছিল বৈষ্ণব আর ওরা ছিল শৈব। অবশ্য সন্তান দল বৈষ্ণব হলেও ওরা কিন্তু ধার্মিক বৈষ্ণব নয়, প্রেমময় বৈষ্ণব নয়। ওরা ছিল সুদর্শনচক্রধারী বৈষ্ণব। সুতরাং এই হিসাবে আমরা এটাকে ঐতিহাসিক উপন্যাস বলি না। তারপর দেখুন যেটা তিনি এখানে উল্লেখ করেছেন বীরভূমের কথা। সন্ন্যাসী বিদ্রোহ বীরভূমে হয় নি। চারটি এডিশনে বার বার বঙ্কিমচন্দ্র বীরভূমের কথা বর্ণনা করে গিয়েছেন। পঞ্চম সংস্করণে তিনি বীরভূমের নাম পালটেছেন বটে, কিন্তু তার যে-সমস্ত প্রকৃতিগত বর্ণনা—বন-বাদাড়, নদী-নালা সব কিছুর বর্ণনা রয়ে গিয়েছে বীরভূমের। সেখানে একটা ঐতিহাসিক গণ্ডগোল রয়েছে। তারপর দেখুন আরো রয়েছে, সব চেয়ে বড় কথা যেটা সেটা হলো ১৭৭০ সালে তিনি বলেছেন যে, মির্জাফরগুলি খায় আর ঘুমোয়, ইংরাজদের টাকা আদায় করে, ডেসপ্যাচ লেখে, বাঙ্গালী কাঁদে আর উৎসন্নে যায়। ১৭৭০ সালে মির্জাফর কোথায় ছিল? মির্জাফর মারা গিয়েছে ১৭৬৫ সালের জানুয়ারী মাসে। তারপর নবমদৌল্লা মারা গিয়েছেন এবং সৈফুদৌল্লা মারা গিয়েছেন। ১৭৭০ সালে ওখানে বসে আছেন মুঘলদৌল্লা। বঙ্কিমচন্দ্র সেটা সমসাময়িক হিসাবে লেখেন নি। আপনারা ভুলে যাবেন না সেখানে অপশাসনে একটা অপশাসক, যে শাসন করতে অক্ষম তারই প্রতিকৃতি তিনি সেখানে এঁকেছেন। সুতরাং এই গ্রন্থকে আপনাদের ঐতিহাসিক গ্রন্থ হিসাবে গ্রহণ করলে চলবে না, এটাকে একটা রূপক হিসাবে ধরতে হবে। তার ভিতর দিয়ে তিনি শিখিয়ে গিয়েছেন যেখানে অপশাসন, যেখানে শাসনের নামে শোষণ চলছে, যে শাসন মানুষকে রক্ষা করে না, যে শাসনের অধীনে মানুষ খেতে পায় না সেই শাসনকে উৎখাত করতে হবে। সন্তান দল সেই শাসনকে উৎখাত করবার ব্রতে

ব্রতী। আনন্দমঠে এই হচ্ছে শিক্ষা। বাংলাদেশে যে সংগ্রাম সৃষ্টি হয়েছিল তার প্রকৃত চিত্র আনন্দমঠ থেকে এসেছিল। আজকে আপনারা দেখছেন চরমপন্থীদের উত্থান, আর একটা দেখেছেন বিপ্লবী সন্ত্রাস। এই দুটির পেছনে ছিল অরবিন্দ। কিন্তু সব ধারণার জন্ম নিয়েছিল বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ থেকে। আপনারা স্মরণ রাখতে পারেন যে, অরবিন্দ ভবানী মন্দির রচনা করেছিলেন। সেই পরিকল্পনা কিন্তু আনন্দমঠের উপর নির্ভর করে রচিত হয়েছিল।

[2.00—2.10 P.M.]

তারপর এই আনন্দমঠ থেকে বাঙালীর স্বাতন্ত্রীকতা এবং সমগ্র ভারতবর্ষের তার প্রতি সম্প্রীতি—এই সমস্ত কিছু জন্ম নিয়েছিল ভারতবর্ষের বুকে। ভারতবর্ষের বুকে জাতীয়তাবাদের জন্ম প্রথম হয়েছিল বাংলাদেশের বুকে। আনন্দমঠের বন্দে মাতরম মন্ত্র থেকে জাতীয়তাবাদের সূচনা হয়েছিল বলা যায় এবং ভারতবাসী তাঁদের মানসিকতায় একে যথার্থ ভাবে উপলব্ধি করতে পেরেছিলেন। বন্দে মাতরম মন্ত্রের যথার্থ উপলব্ধি তাঁরা তখন করতে পেরেছিলেন।

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু আজকে আনন্দমঠের উপর যে প্রস্তাব এখানে এনেছেন, এখানে সীমাবদ্ধতার ত্রুটি অনেক আছে। যেমন বঙ্কিমচন্দ্রের উল্লেখযোগ্য রচনা আনন্দমঠকে বলা হয়েছে—এটা ঠিক নয়। একে সর্বযুগের, সর্বকালের এরকম চিরন্তন আখ্যা কখনই দেওয়া যায় না —এটা ঠিক নয়। আনন্দমঠকে কেন্দ্র করে বঙ্কিমচন্দ্রের সাহিত্য সৃষ্টি নিয়ে যে বিতর্ক উঠেছে, এ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, যেটা বিতর্কিত বিষয়—বঙ্কিমচন্দ্র এবং তাঁর সাহিত্য সৃষ্টিকে সাম্প্রদায়িকতা দোষে দুষ্ট করার চেষ্টা হয়েছে—এ ক্ষেত্রে আমি মনে করি, বঙ্কিমচন্দ্র যে যুগের মানুষ ছিলেন, তদানীন্তন সমাজের প্রেক্ষাপটে সমস্ত বিষয়কে বিচার-বিবেচনা না করে বঙ্কিম সাহিত্যকে সাম্প্রদায়িকতা দোষে দুষ্ট বলে কোনভাবেই মন্তব্য করা ঠিক নয়। কারণ তাহলে বলতে হয়, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন রিলিজিয়ন অরিয়েন্টেড বা ধর্ম-ভিত্তিক। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন কিভাবে ধর্ম-ভিত্তিক হল—শুধুমাত্র ধর্ম-ভিত্তিক নয়, স্বাধীনতা আন্দোলনের যে মূল ধর্ম সেটা হচ্ছে হিন্দু রিলিজিয়ন অরিয়েন্টেড। ধর্ম-ভিত্তিক কিভাবে হয়েছে, সময় পেলে আমি জানাব। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, ভারতবর্ষের হিন্দু রিলিজিয়ন অরিয়েন্টেড স্বাধীনতা আন্দোলন যদি ভারতবর্ষের রেনেসাঁ হয়, তার জন্য কি

সরোজবাবুরা বা সি. পি. এম. বন্ধুরা ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনকে সাম্প্রদায়িক বলে আখ্যায়িত করবেন ? সেটা কি যুক্তিযুক্ত হবে ? বিভিন্ন আচার অনুষ্ঠানে হিন্দু ধর্মের আচার-আচরণকে অনুসরণ করা হয়ে থাকে। বিভিন্ন অনুষ্ঠানের উদ্বোধন করতে গিয়ে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকেও হিন্দু ধর্মের বিভিন্ন আচার-আচরণ পালন করতে দেখা যায়। প্যাণ্ডেলে কলাগাছ থেকে ডাব বা নারকেল ভেঙে অনুষ্ঠান উদ্বোধন করতে দেখা যায়। এগুলি কোথা থেকে এসেছে ? এগুলি তো হিন্দু ধর্মের আচার-আচরণ থেকেই এসেছে।

তাতে যদি কেউ বলেন যে, জ্যোতিবাবু কমিউন্যাল, তাহলে এটা কি বলা ঠিক হবে ? সুতরাং এটা বিচার করার বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বঙ্কিমচন্দ্রকে যদি কমিউন্যাল বলি তাহলে বঙ্কিমচন্দ্রের উপন্যাসে দুর্গেশনন্দিনীতে আয়েষা চরিত্রকে বেস্ট ক্যারেক্টার বলা যেতো না। বঙ্কিমচন্দ্র যদি কমিউন্যাল হতেন তাহলে জগৎসিংহের সঙ্গে আয়েষার প্রেম-ভালবাসাকে এত সুন্দরভাবে চিত্রিত করতে পারতেন না। বঙ্কিমচন্দ্র যদি কমিউন্যাল হতেন তাহলে রাজসিংহের চরিত্রকে এত সুন্দর ফুটিয়ে তুলতে পারতেন না। বঙ্কিমচন্দ্র বলেছেন মুসলমান হলেই ভালো হয়, হিন্দু হলে ভালো নয়—একথা ঠিক নয়। ভালোমন্দ দুই সম্প্রদায়ের মধ্যেই রয়েছে। এটা কি সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গীর নমুনা ? বঙ্কিমচন্দ্র আনন্দমঠের প্রথম সংস্করণে সন্তান দলকে নিয়ে তৈরী করেছিলেন। এর মূল উদ্দেশ্য বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে। প্রথম সংস্করণ বেরিয়ে যাবার পরে তিনি ডি. এম. হয়ে কাজে যোগ দিয়েছিলেন। তখন তিনি একটা ক্যামোফ্লেজের আশ্রয় নিয়েছিলের। বৃটিশ রক্তচক্ষুর আড়ালে থেকে ইংরাজী শব্দটি পরিবর্তন করে যবন এবং নেড়ে এই শব্দটি ব্যবহার করেছিলেন। কিন্তু মূলতঃ এটা ইংরাজ বিরোধী ছিল। সুতরাং এর যথোচিত বিচার করা দরকার। স্বাধীনতা আন্দোলনের কথা বলতে গিয়ে মুসলিম রুলারস্ সম্পর্কে তিনি একটি চিত্র তুলে ধরেছেন। তিনি রুথলেস অপারেশনের বিরুদ্ধে বলতে গিয়ে একটা ধর্মীয় বেস্ট অফ মাইণ্ডের অবতারণা করেছেন। কিন্তু তার মনের মধ্যে কাজ করেছিল অন্য। ঔরঙ্গজেব চিরকাল তার শক্তি দিয়ে রুথলেস অপারেশন চালিয়ে মানুষের মধ্যে বেণ্ড অফ মাইণ্ডের পরিবর্তন জাগাতে চেয়েছিলেন। তার ওই কার্যকলাপকে সঠিকভাবে বিচার করলে এবং মূল্যায়ন করলে তার ওই দৃষ্টিভঙ্গীকে সাম্প্রদায়িকতা বলা যায় না। বঙ্কিমচন্দ্রের সাহিত্যের মাপকাঠি ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ক্ষেত্রে অপূরণীয় দুর্লভ বস্তু—এই কথা কেউ অস্বীকার করতে পারবেন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অকপটে স্বীকার করবো যে, বাংলা সাহিত্যই বলুন, বাঙালীই বলুন যে-কোন দিক থেকে দেখতে গেলে বঙ্কিমচন্দ্র সাহিত্য মূল্যায়ন করতে বসে বিধানসভার ১ ঘণ্টার ননঅফিসিয়াল মোশানের যে দুর্ভোগ সুব্রতবাবু তার মধ্যে আমাদের ঠেলে দিয়েছেন সেটা সত্যিই দুঃখজনক। এই পরিস্থিতিতে এটা মূল্যায়ন করা সম্ভব নয়। এটা স্বীকার করবো বঙ্কিমচন্দ্রের সাহিত্য মূল্যায়ন এবং তার আনন্দমঠের মূল্যায়ন করতে যদি হয় তাহলে একঘণ্টার মোশান এনে তাতে ৫/১০ মিনিটের মূল্যায়ন কখনোই করা সম্ভব নয় এবং এ শুধু আমার নয়, কারুর পক্ষেই সম্ভব নয়। কারণ আমরা সেই ধরনের বড় ঐতিহাসিক নই বা সাহিত্যিকও নই। সুতরাং আমাদের পক্ষে বঙ্কিমের সাহিত্য মূল্যায়ন করা সম্ভব নয়। কাজেই আমি বলবো ক্যানভাসের মধ্যে দাঁড়িয়ে কোন কথা এখানে বলতে পারবো না এবং বলতে চাইও না। যে প্রস্তাব কমলবাবু করেছেন সেই প্রস্তাবকে প্রকারান্তরে আমি সমর্থন করছি। বঙ্কিমচন্দ্রের সাহিত্যের প্রতি সুবিচার করার মত যদি কোন শৈল্পিক ভাব সুব্রতবাবুর থাকতো তাহলে তিনি স্বীকার করতেন।

[2.10—2 20 P.M.]

কিন্তু তাঁরা সেই বৃহত্তর পটভূমিকায় যেতে চাইলেন, খুব সংকীর্ণতর স্বার্থসিদ্ধি যাতে হতে পারে। সেখানে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত কতকগুলি আলোচনা যাতে হয়, যা নিয়ে বইয়ের প্রচারের সুবিধা হবে। আমরা শুনেছি এতে নাকি পঞ্চায়েতের ভোটে তাঁদের কিছু সুবিধা হবে। আমি বড় ক্যানভাসের আলোচনার মধ্যে যেতে চাই না বলে খুব ছোট্ট কতকগুলি প্রশ্ন তাঁর কাছে রাখতে চাই। এটা অস্বীকার করা যায় না যে, আনন্দমঠের এসেন্স হচ্ছে বন্দে মাতরম সঙ্গীত। এই বন্দে মাতরম সঙ্গীত কিভাবে স্বদেশী আন্দোলনকে প্রভাবিত করেছে, না করেছে সেটা ইতিহাসের কথা এবং ইতিহাস তা বিচার করবে। তিনি বলেছেন, এখানে নাকি বন্দেমাতরমের উপর আক্রমণ হচ্ছে, যারা বন্দেমাতরম্ বলছেন তাঁদের উপর মারধোর করা হচ্ছে, বন্দে মাতরমের অমর্যাদা হচ্ছে, বন্দে মাতরম তার প্রাপ্য মর্যাদা পাচ্ছে না। এখানে কংগ্রেস দলের কাছে প্রশ্ন হচ্ছে, আপনারা কি বন্দে মাতরমকে সেই মর্যাদা দিচ্ছেন? আমি বলবো না, দেন নি। আপনারা যদি চোখ বুজে বলেন বা থাকেন কিছু করার নেই। ১৮৮৫ থেকে ১৯১৫ সাল পর্যন্ত কি হয়েছে না হয়েছে সেটা ইতিহাস। ১৯১৫ সালের পর কি হয়েছে সেটাই প্রশ্ন। ১৯৪৫ সালের কথা একটু বলি। ডাঃ রাজেন্দ্রপ্রসাদের 'ইণ্ডিয়া ডিভাইডেড' বইতে ১৪৭ পৃষ্ঠায় কি বলছে সেইটা আপনাদের কাছে রাখছি। এই পটভূমিকায় বন্দে মাতরম

বা যে পতাকা তখনকার দিনে ছিল কংগ্রেসের—সেই কংগ্রেস এই কংগ্রেস নয়, বা সেই কংগ্রেসের ঐতিহ্যকে কতটা আপনারা বহন করছেন? ১৯৩৭ সালে প্রভিন্সিয়াল অটোনমির ভিত্তিতে কংগ্রেস বিভিন্ন রাজ্যে সরকার গঠন করেছিলেন। সেই সময় একটা অভিযোগ ছিল—বিভিন্ন প্রদেশে কংগ্রেস সরকারগুলি যে শাসনকার্য চালাচ্ছে, তাতে সেখানে তাঁরা মুসলিম সম্প্রদায়ের উপর নানা রকম অত্যাচার চালাচ্ছে। তারপর তারা রাজা অব পিপ্পুকে দিয়ে একটা কমিটি করলেন। সেই কমিটির কাজ ছিল বিভিন্ন রাজ্যে মুসলমানদের উপর যে অত্যাচার হচ্ছে, সে সম্বন্ধে তারা বলবেন। সেই কমিটির রিপোর্ট-এর উপর ভিত্তি করে রাজেন্দ্রপ্রসাদ লিখেছেন:

"I might just mention some of the proninent points in the charges. The Bandemataram song was regarded as one of the causes on conflict between the major communities. It may be mentioned that the song was composed in the eighties of the last century and has remained popular since the early years of the present century not only in Bengal but even in other Provinces. It has been sung in Congress and other Assemblies almost regularly since then. Mr. Jinnah himself was a prominent member of the Congress for at least fifteen years when it used to be sung there and never found anything objectionable in it from the Muslim point of view.'

It was sung in innumerable gatherings in the days of the Khilafat agitation when Congress had the support of Muslims in its fight as never before or since, but it was never objected to in those days. Yet it was made one of the major grievances and causes of conflict after the Congress Ministries were established and is mentioned as the very first in the Pirpur Report. The Congress Working Committee, however, to meet all possible objections and to remove all possible misunderstanding directed that only the first two stanzas of it should be sung" এর জবাব কি তিনি দেবেন? এর কোন বাস্তব কারণ ছিল? বন্দে মাতরম-এর ভূমিকা জাতীয় ইতিহাসে কি সেটা সকলেই জানেন। আমি তাকে জানাতে চাই, দুটি ষ্ট্যাঞ্জা রেখে দিয়ে বাকী সমস্তটুকু অঙ্গচ্ছেদ করতে হয়েছিল কি কারণে সেটা তিনি একটু ব্যাখ্যা করুন। দ্বিতীয় নম্বর হচ্ছে ১৯৪৮ সালে কনষ্টিটুয়েণ্ট এসেম্বলীর ডিবেটে পণ্ডিত নেহরুকে প্রশ্ন করছেন বিখ্যাত কংগ্রেস নেতা আর. কে. সিদ্ধু:

(a) Will the Honourable Prime Minister please state whether any steps have been taken to have a National Anthem for India composed?

(b) If so, what stage has it reached and when will the same be ready?

(c) Has the work been entrusted to one or more experts and what is the prize fixed for the best composition?

এ. বি. সি. করে তিনটি প্রশ্নের উত্তর দিচ্ছেন: (a), (b) and (c) Before finally

deciding on a National Anthem it is considered desirable to give trials to orchestral rendering. With this object in view such orchestral renderings have been......

মিঃ স্পীকারঃ আমি ১৫ মিনিট সময় বাড়াচ্ছি। কারণ ১৫ মিনিটের উপর টাইম বাড়াবার ক্ষমতা আমার নেই।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ এখানে বলেছেন Before finally deciding on a National Anthem it is considered desirable to give trials to orchestral renderings. With this object in view such orchestral renderings have been prepared by experts of Tagore's 'Jana Gana Mana' and a number of military bands have been asked to practise them. প্রশ্ন হচ্ছে এই যে কোথায় আপনার বন্দে মাতরম গেল? কেন গেল কারণ কি তার জবাব দেবেন? তৃতীয় এবং শেষ পর্যায়ে ১৯৪৯-৫০ সালে কনষ্টিটিউয়েন্ট এসেম্বলীতে ডিবেট: There is one matter which has been pending for discussion, namely the question of the National Anthem. At one time it was brought that the matter might be brought up before the House and a decision taken by the House by way of a resolution. But it has been felt that, instead of taking a formal decision by means of a resolution, it is better. আগে কথা ছিল জাতীয় সঙ্গীত কি হবে। এটা ঠিক করার জন্য কনষ্টিটিউয়েন্ট এসেম্বলিতে একটা রেজলিউশন আনা হয়। কিন্তু সে রেজলিউশন গ্রহণ করা হয় নি। কেন হয় নি—এখানে বলা হোল: If I make a Statement with regard to the National Anthem. Accordingly I make this statement. কি বলছে? The composition consisting of the words and music known as 'Jana Gana Mana' is the National Anthem of India, subject to such alterations in the words as the Government may authorise as occasion arises; and the song 'Vande Mataram', which has played a historic part in the struggle for Indian freedom, shall be honoured equally with 'Jana Gana Mana' and shall have equal status with it. I hope this will satisfy the Members.

১৯৫০ সালে কনষ্টিটিউয়েন্ট এসেম্বলীর একেবারে শেষের দিন যে দিন রাজেন্দ্র-প্রসাদকে প্রেসিডেন্ট বলে ঘোষণা করা হয়েছিল, সেই দিন সেখানে একটা ষ্টেটমেন্ট রাষ্ট্রপতির তরফ থেকে করা হয়।

[2.20—2.30 P. M.]

আমি শেষ করবার আগে সুব্রতবাবুকে আর একটা প্রশ্ন করতে চাই। উনি তো বললেন বন্দে মাতরম সঙ্গীতকে তাঁরা খুবই মর্যাদা দিয়েছেন এবং অন্যেরা নাকি

অমর্যাদা করছেন। আমি আপনাকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি, আপনি যখন মন্ত্রী ছিলেন, তখন পশ্চিমবঙ্গ সরকার ম্যানুয়েল অফ প্রোটোকল এ্যাণ্ড সেরিমনিয়াল বার করেছিলেন ১৯৭৫ সালে। সুব্রতবাবু জবাব দেবেন কি, কেন সেটা থেকে বন্দে মাতরম সঙ্গীতকে বাদ দেওয়া হল? ঐ বইয়ের ১১২ পৃষ্ঠা বার করুন—কোথায় বন্দে মাতরম? উনি বললেন ইকোয়াল স্ট্যাটাস—সেই ইকোয়াল স্ট্যাটাস তো কাগজ-পত্রে রয়েছে, সেজন্য কোন রেজলিউশন করা হয় নি। যদি রেজলিউশন করা হোতো তাহলে তার দাম থাকত। উনি রেজলিউশন করেন নি, শুধু একটা স্টেটমেণ্ট দিয়ে ছেড়ে দিলেন এবং তার ফলে হোলো ১৯৭৫ সালে সুব্রতবাবুদের আমলে প্রোটোকলের বই থেকে বন্দে মাতরম গায়েব হয়ে গেল। এখন যদি বলেন আমরা বন্দে মাতরমকে মর্যাদা দিচ্ছি না, তাহলে সেই চালবাজী পশ্চিমবাংলার জনসাধারণ ধরে ফেলবেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে পুরো মূর্খ তাকে বোঝা যায়, যে পণ্ডিত তাঁকে বোঝা যায়, কিন্তু অমলবাবুর মত হাফ মূর্খকে বোঝা যায় না। উনি যে বইগুলি পড়লেন তাতে উনি যদি পুরোটা পড়তেন তাহলে একটা মানে বোঝা যেত, যদি আদৌ না পড়তেন তাহলেও একটা মানে বোঝা যেত। কিন্তু উনি ওই যে শুধু ডগাটা এবং শেষটা পড়লেন এতে কিছুই বোঝা যায় না। আপনি যদি পাঁচসালা বলেন তাহলে তার একটা মানে হয়, যদি শুধু পাঁচ বলেন তাহলেও তার একটা মানে হয়, কিন্তু শুধু যদি শেষের অংশটা বলেন তাহলে তার কোন মানে হয় না। ওঁনারও হয়েছে সেই অবস্থা। উনি শুধু বইগুলির শেষের অংশটা বলে গেলেন, প্রথম এবং মাঝখানটা নেই। কাজেই ওঁনার এই অর্ধসত্য কথার জবাব দেবার প্রয়োজন নেই। আর একটা সমস্যা হচ্ছে, ওঁদের মধ্যে দুটি ভাগ হয়েছে। সতীশবাবু এবং অমলেন্দ্রবাবু প্রো-সি. পি. এম. এবং জয়ন্তবাবুরা হচ্ছেন এ্যান্টি-সি. পি. এম.। ওঁরা যদি কোথাও ২৪ হাজার ভোট পেয়ে জেতেন তাহলে তার মধ্যে ৪ হাজার নিজেদের ভোট এবং বাকী ২০ হাজার ওঁরা দেন। এই ২০ হাজার ভোট ভিক্ষে করবার জন্যই ওঁরা এখন সবচেয়ে বড় দালাল হয়ে দাঁড়িয়েছেন। আপনিও এই জিনিস বহুবার দেখেছেন এবং সেই জন্যই অমলবাবুকে চেয়ারম্যান করেছেন, বহু পুরান সদস্য থাকা সত্ত্বেও অন্য লোককে করেন নি। যাহোক এবারে আমি উত্তর দিচ্ছি। আমি এখনও গভীরভাবে বিশ্বাস করি যদি অতিরিক্ত সময় পাওয়া যেত তাহলে আরও ভালভাবে আলোচনা করা যেত এবং তাতে আমরাও খুশী হতাম। আমি বিজনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং-এ বলেছিলাম আলোচনার

জন্য এতে বেশী সময় দিন। আপনাকে ধন্যবাদ দিচ্ছি আপনি আমার প্রস্তাব গ্রহণ করেছিলেন। আজকে অনেক মন্ত্রী বলছেন তাঁরা তৈরী নন। কেন সময় পান নি তৈরী হয়ে আসতে ? ১৫ দিন আগে বিজনেস্ এ্যাডভাইসরি কমিটির মিটিং হয়েছে এবং তখনই ডিষ্ট্রিবিউট হয়েছে, মোশন এ্যাকসেপ্ট হয়ে গেছে। স্বভাবতঃ পরিকল্পনা মাফিক আজকে নূতন প্রস্তাব আনা হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় যে কথাগুলি বললেন সেটা খুবই দুর্ভাগ্যজনক। উনি বললেন বন্দে মাতরম একটা সাম্প্রদাদিক শ্লোগান, এটা মুসলমানরা বলতে পারেন না। স্যার, এঁরা ইতিহাসকে পর্যন্ত অবলুপ্ত করবার চেষ্টা করছেন। সত্যের অর্থ হচ্ছে ইতিহাস, ইতিহাস নিষ্ঠুর, সত্যও নিষ্ঠুর, সত্য নিশ্চয়ই প্রতিষ্ঠিত হবে। উনি চান বা না চান রিয়্যালিটি এস্ট্যাবলিস্ড হবেই, ইতিহাস লেখা হবেই। কিন্তু এঁরা দেখছি সেই ইতিহাসকে স্বীকার না করে বিরোধী কথা বলে চলেছেন। যেহেতু ইলেকটেড হয়ে এসেছেন, তাই চাকুরি রাখতে হবে।

আমি জানি না ওঁর বয়স কত। যাঁরা কমলবাবুর মত, যতীন চক্রবর্তীর মত প্রবীণ লোক স্বাধীনতার যুদ্ধ করেছেন তাঁরা কি অস্বীকার করতে পারবেন যে, একই সঙ্গে হিন্দু-মুসলমান মিছিল করেছেন, আল্লা হো আকবর বলেছেন হিন্দুরা, মুসলমানরা বন্দে মাতরম বলে দিক-বিদিক বিদীর্ণ করে বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, সামন্ততন্ত্রের বিরুদ্ধে লড়াই করেছিলেন ? যাঁরা স্বাধীনতার যুদ্ধ করেছেন, যাঁদের রক্তের বিনিময়ে আজকে প্রতিষ্ঠিত হয়েছে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা, আজকে এই বন্দে মাতরম কথাকে সঙ্কীর্ণতার দোষে দুষ্ট বললে এই মূল সত্যকে শুধু অস্বীকার করা নয়, স্বাধীনতা সংগ্রামীদের পর্যন্ত প্রচণ্ড অশ্রদ্ধা করা হয়। এই মূল সত্যকে অস্বীকার করা মানে ইতিহাসকে অস্বীকার করা, তার অবমাননা করা। তাই প্রতিবাদ আমাদের কণ্ঠে কেন উঠবে ? বন্দে মাতরম পণ্ডিতের পৈত্রিক সম্পত্তি নয়, বন্দে মাতরম জাতীয় সম্পত্তি। আনন্দমঠ কংগ্রেসের সম্পত্তি নয়, জাতীয় সম্পত্তি. দেশ এবং জাতি কৃতজ্ঞ চিত্তে আজ আনন্দমঠকে, বন্দে মাতরমকে স্বীকার করে। কিন্তু সেটা শুধু কংগ্রেসের মধ্যে সীমাবদ্ধ থাকবে কেন ? আসুন যাঁরা বন্দে মাতরম বলেছেন তাঁদের জন্য আমরা গর্ব বোধ করি। আজকে যাঁদের বন্দে মাতরম নিষ্কাম কর্মের মধ্য দিয়ে ত্যাগ এবং তিতিক্ষার ব্রত গ্রহণ করে ভারতবর্ষকে মুক্তি দিয়েছে তাঁদের কথা স্মরণ করে আনন্দমঠকে এবং বন্দে মাতরমকে নতুন করে শ্রদ্ধা জানাবার চেষ্টা করি। কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীর কথা উনি বললেন, কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীর কথা উনি জানেন না। এই প্রসঙ্গ সেই সময় কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীর মধ্যে বিতর্কিত হয়েছিল এবং তখন হিন্দু-মুসলমান সব সদস্যই বলেছিলেন যে, বন্দে মাতরম দিয়ে

শুরু হচ্ছে এবং বন্দে মাতরম দিয়ে শেষ হবে এবং জাতীয়সঙ্গীত না হলেও এর মর্যাদা ষ্ট্যাটাস পরিষ্কার ভাবে সমান থাকবে। নেতাজীর কথা বলেছেন কমলবাবু, এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা। নেতাজী যা বলেছিলেন তার অর্ধ সত্য বললেন। নেতাজী শুধু নিজে স্বীকার করেন নি বন্দে মাতরমকে, তিনি রবীন্দ্রনাথ প্রমুখ নেতৃবৃন্দকে অনুরোধ করেছিলেন তদানীন্তন প্রধানমন্ত্রীকে চিঠি লেখাবার জন্য যাতে এটাকে গ্রহণ করা হয়। নেতাজীর শুধু একটা জায়গায় আপত্তি ছিল, একটা লাইনে আপত্তি ছিল যেখানে বলা হয়েছে—ত্বং হি দুর্গা দশপ্রহরণধারিণী, এটা সম্পূর্ণ একটা হিন্দু মাইথলজির কথা এসে যায়, সেজন্য নেতাজীর এই কথায় আপত্তি ছিল, কিন্তু মূল বিষয়বস্তুতে আপত্তি থাকা তো দূরের কথা নেতাজী পাস্‌ করেছিলেন থ্রু রবীন্দ্রনাথ—এটা প্রমাণিত হয়েছে। সুতরাং অর্ধসত্য কথা বলা ঠিক নয় স্যার, আমি একটা উদাহরণ দিয়ে বলতে চাই যে, কোন একটা পুস্তকের কোন একটা বিচ্ছিন্ন কথা দিয়ে টোটাল মূল্যায়নের ক্ষেত্রে তার মূল্যায়ন হতে পারে না। যেমন ধরুন আপনি বাজার করতে গিয়ে বাজার নিয়ে এসে মায়ের সঙ্গে তর্কাতর্কি হল, সেই তর্কাতর্কির ঘটনা তুলে কি আপনি আপনার মায়ের জীবনের মূল্যায়ন করতে পারেন? পারেন না। আমি একটা বই নিয়ে এসেছি, এই বইটা খুব প্রখ্যাত বই, মুসারফ হোসেনের লেখা 'বিষাদ সিন্ধু'। এর ভেতরে আছে একটা মানবতাবোধ যে মানবতাবোধের তাগিদে সেই যুগের শয়তানের বিরুদ্ধে সংগ্রাম করে গেছে মানুষ। এটা শুধু কারবালার লড়াই নয়, এটা শুধু গল্প নয়, হিন্দু-মুসলমান আমরা সবাই শ্রদ্ধার সাথে এর প্রত্যেকটা লাইন আমরা গ্রহণ করবার চেষ্টা করি, এটা আমাদের মানবতাবোধ বাড়ায়। এভিথ শয়তানের রূপ ধরে আসা একটা অশুভ শক্তি যাকে মুসলমানরা ধ্বংস করেছে, আবার শয়তানের রূপ ধরে আসা অসুরকে সংহার করেছে হিন্দুরা। এই বইয়ের মধ্যে আমি দেখাতে পারি একটা জায়গায় আছে যারা বিধর্মী, অন্য ধর্মের লোক তারা কাফের, তার মানে এই নয় যে, বইটা সাম্প্রদায়িক দোষে দুষ্ট। আমরা একথা বলতে পারি না, একথা বললে অন্যায় হবে। ঠিক একই কারণে আনন্দমঠের বিচ্ছিন্ন একটা লাইনের দু'/একটা কথা নিয়ে আমরা গোটা আনন্দমঠের মূল্যায়ন করতে পারি না। মূল্যায়ন করাটা ইট ইজ এ ক্রাইম। এটা কংগ্রেস কমিউনিষ্ট পার্টির উর্ধ্বে। স্যার—আমরা ছোটবেলা থেকে ঐ জিনিসটা দেখছি, আজকে বুঝতে পারছি যে, বিজাতীয় সমস্ত শিক্ষায় এরা শিক্ষিত, স্বভাবতঃই এখানে জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হয়ে ১শো বছর আগের প্রয়োজনকে কেন্দ্র করে যে আনন্দমঠের জন্ম হয়েছিল আজ আপনাদের মত উচ্ছৃঙ্খল দলের পক্ষে সেই আনন্দমঠের বন্দে মাতরমের সমালোচনা

করে তাকে মূল্যায়ন করা যাবে না, তাকে কলুষিত করা আপনাদের পক্ষে সম্ভব নয়। ইতিহাসের প্রয়োজনে যার জন্ম হয়েছিল, আজকে সেই ইতিহাসের প্রয়োজনেই তার শতবার্ষিকী পূর্তি হচ্ছে।

[2.30—2.43 P. M.]

যখন বিদেশী সাম্রাজ্যবাদ একদিকে ভারতবর্ষকে ছয় টুকরো করবার চেষ্টা করছে, তখন শতবর্ষ পূর্তি হচ্ছে। এই সময় নূতন করে মূল্যায়ন করার প্রয়োজন আছে। সেই সময় নূতন করে প্রকৃত তথ্যটাকে ব্যক্তি-জীবন থেকে আরম্ভ করে জাতির জীবনে প্রবেশ করিয়ে দেবার প্রচেষ্টা করার প্রয়োজন রয়েছে। এর প্রয়োজন কংগ্রেসকে ভোট বাড়াবার জন্য নয়, কম্যুনিষ্ট পার্টিকে আর একবার এই রাজ্যে সরকারে বসিয়ে দেবার ব্যাপার নয়। জ্যোতিবাবু দেখালেন, সরোজবাবু এসে লাফানো ঝাঁপানো শুরু করলেন, সুতরাং একটা বিতর্কিত কথা বলে দিলেন। ব্যস, সরোজবাবু বিতর্কিত হয়ে গেলেন। সেইজন্য তাকে শেষ করে দেওয়া হয়েছে। স্যার, আমার যথেষ্ট শ্রদ্ধা আছে, উনি বলেছেন যে, মুসলমানরা বন্দে মাতরম বলেন নি। আমি বলছি বন্দে মাতরম তো দূরের কথা, আপনি যদি রেজাউল করিমের সংস্কৃতি এবং সমন্বয় বইটা একটু দেখেন, তার ১০০ পাতায় আছে—আর্টিকেলটার নামই তিনি দিয়েছেন, "বঙ্কিমচন্দ্রের নিকট মুসলমানদের ঋণ'। সেই লাইনে কি বলছেন? বঙ্কিমচন্দ্র জাতি বলিতে যা বুঝিয়াছিলেন মুসলমান তাহার অংশে বিচ্ছিন্ন ছিল না। তিনি তাঁর জাতির সংজ্ঞায় মুসলমানকে পর্যায়ভুক্ত করিয়াছিলেন। তাঁহার বিভিন্ন প্রবন্ধে ইহা পাওয়া যাইবে। তিনি প্রায় গোটা বাঙ্গালীকে প্রাণের দরদ দিয়া ভালবাসিয়াছিলেন। বঙ্গজননীর সপ্ত কোটি সন্তানকে তিনি স্বাধীনতার সংগ্রামে আহ্বান করিয়াছিলেন। সুতরাং বঙ্কিমচন্দ্রকে মুসলমান বিদ্বেষী মনে করিয়া তাঁর প্রকৃত দানের মর্যাদাকে ভুলিলে চলিবে না। মুসলমানগণ নানা ভাবে তাঁর নিকট ঋণী। সাহিত্যে, রাজনীতির আদর্শে নবভাবে প্রেরণার জন্য সব দিকে বঙ্কিমচন্দ্র আমাদের পথপ্রদর্শক। আজ আমরা যে নতুন যুগটাকে দেখিতেছি তাতেও বঙ্কিমের অনেক দান। ইহা জোর গলায় স্বীকার করিতে হইবে। তাই আজ তাঁকে শ্রদ্ধা নিবেদন করিয়া তাঁহাকে মুসলমানের বন্ধু বলিয়া অভিনন্দন জানাইতেছি।" সেই মুসলমান রেজাউল করিমের চেয়ে বড় মুসলমান আপনারা দেখান! কোন মুসলমান রেজাউল করিমের চেয়ে বড় মুসলমান আছেন? সুতরাং তিনি চীৎকার করে বলেছেন যে, বঙ্কিমচন্দ্র শুধু বঙ্কিমচন্দ্র নন, তিনি

মুসলমানের প্রকৃত বন্ধু। আজকে তাঁকে অস্বীকার করার পথ পাই না। কেউ কেউ বলেছেন একটু গলা কাঁপিয়ে যে, আমরা বন্দে মাতরমের অমর্যাদা করছি। সুতরাং বন্দে মাতরমের সম্পর্কে কিছু বলার আমাদের অধিকার নেই। স্যার, এঁদের বলছি, আপনি আচরি ধর্ম অপরে শিখাও। নিজেরা আচরণ কর, ইনক্লাব বলে কংগ্রেসের গলা কাটছো, ইনক্লাব বলে সরকারী তহবিল লুঠছো, দলের ছেলেদের চাকরির রাস্তা করিয়ে দিচ্ছ। ইনক্লাবের সর্বনাশ এতে হচ্ছে না? এই মূর্খের দলকে আপনি সেটা বোঝান। যে মার্কসবাদ-লেনিনবাদের কথা বলে, সর্বহারার কথা বলে, তারাই আজকে সবচেয়ে বেশী করে সর্বহারাদের হত্যা করছে। আজকে তাদের নিজেদের তো তাতে কিছু আসছে যাচ্ছে না? আজকে বন্দে মাতরম বলে কেউ একটা বিচ্ছিন্নভাবে কোন কাজ করলে, ইট ইজ ইমমেটিরিয়াল, তার সত্যি-কারের আজকে মূল্যায়ন করা, তার গ্রাভিটি আজকে মানুষের কাছে নতুন করে প্রতিষ্ঠিত করা দরকার—স্যার, আমি একটা কথা বলে দিতে চাই যে, ১৯০৬ সালে ব্যারিষ্টার আবদুল রসুল, তিনি বন্দে মাতরম করে জেল খেটেছিলেন। সুতরাং আমি বহু উদাহরণ দিতে পারি, যখন মুসলমানরা বন্দে মাতরমকে নিজেদের শ্লোগান বলে গ্রহণ করেছিলেন, মাতৃবন্দনা হিসাবে নিয়েছিলেন, কোন সময় তাঁরা দেশ-বন্দনা, মাতৃবন্দনাকে আলাদা চোখে দেখেন নি। সামগ্রিকভাবে আজকে সবাই মিলে সেটা অনুধাবন করে প্রকৃত মূল্যায়ন করে আনন্দমঠ এবং বন্দে মাতরমকে ভারতবর্ষের মাঝে প্রতিষ্ঠিত করুন। তাঁর শতবর্ষপূর্তি উদ্‌যাপন করে বাঙ্গালী হিসাবে ভারতবাসী হিসাবে গর্ব অনুভব করি, ধন্য হই। সুতরাং আমি যে প্রস্তাব এখানে রেখেছি, সেটা গ্রহণ করলে আমি ধন্য হবো।

শ্রীউপেন কিস্কু ঃ আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি না।

The motion of Shri Subrata Mukherjee that—

যেহেতু ১৯৮২-৮৩ সাল 'আনন্দমঠ' রচনার শতবর্ষপূর্তির সাল ;

যেহেতু সারাদেশব্যাপী আনন্দমঠের শতবার্ষিকী বিশেষ উৎসাহ ও শ্রদ্ধা সহকারে উদ্‌যাপিত হচ্ছে ;

যেহেতু আনন্দমঠ স্বাধীনতা আন্দোলন, ত্যাগ এবং সাধনার পথিকৃৎ ;

যেহেতু আনন্দমঠ পরবর্তীকালের বন্দেমাতরম্ মন্ত্রের উদ্গাতা ;

যেহেতু আনন্দমঠ ঋষি বঙ্কিমের সর্বশ্রেষ্ঠ রচনা ;

যেহেতু আনন্দমঠ স্বাধীনতা সংগ্রামীদের প্রধান প্রেরণাদাতা ;

যেহেতু আনন্দমঠ শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে তদানীন্তন সময়ে সংগ্রামের প্রধান হাতিয়ার ;

যেহেতু আনন্দমঠ সর্বযুগে সর্বকালে সর্বজনদ্বারা স্বীকৃত এবং অভিনন্দিত ;

যেহেতু আনন্দমঠ কোনরকম সংকীর্ণতা দোষে দুষ্ট নয় ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারকে অনুরোধ জানাইতেছে যে, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের "আনন্দমঠ" উপন্যাসটিকে শতবর্ষপূর্তি উপলক্ষে জনসাধারণের মধ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হোক।

Was then put and a division taken with the following results :

Noes

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerjee, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Biswas, Shri Hazari
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Bibhuti Bhusan
De, Shri Sunil
Ghatak, Shri Santi
Ghosh, Shri Malin
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Gopal
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Lakshi Narayan
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay

Ayes

Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Sha, Shri Ganga Prosad
Sinha, Shri Atish Chandra

Abstentions

Sarkar, Shri Deboprosad

The Ayes being 11 and the Noes 92, the motion was lost.

Mr. Speaker: Today is the last day of the present session. Before I adjourn the House **sine die** I would like to make an announcement regarding questions. Starred questions to which replies have not been answered in the House would be treated as unstarred and replies will be circulated to the members.

Now, I give below the detailed position regarding questions, adjournment motions, calling attention notices, laying of reports, motions under rule 185, resolutions, bills, etc. during Budget Session, 1983 :

Statement regarding questions during Budget Session 1983
(Position as on the 23rd April, 1983)

Total Number of questions received—2494

Break up of questions received :

(a) Short Notices — 8
(b) Starred — 1988
(c) Unstarred — 498

Number of questions admitted as :

(a) Short Notices — 2
(b) Starred — 1232
(c) Un-Starred — 606

Number of questions replied as :

(a) Starred — 603 (including 2 admitted Short Notice Questions)
(b) Un-Starred — 585

Total number of questions replied—1188

Total number of questions disallowed—267

Short statement of Adjournment Motion, Calling Attention, Laying of Report, Motion under rule 185 and Resolution etc. during Present Session

(A) Adjournment Motion :
(i) Number of Notice received — 89
(ii) Number of Notice admitted — 1

(B) Calling Attention :
(i) Number of Notice received — 390
(ii) Number of Notice admitted — 35

(C) Laying of Report :
(i) Number of Notice received — 13
(ii) Number of Report laid — 12

(D) Motion under rule 185 :
(i) Number of Notice received — 23

	(ii) Number of Notice admitted and discussed	—	11
(E)	Number of Resolution :		2
(F)	No confidence Motion :		1
(G)	Mention Cases :		625
(H)	Duration of Assembly :		62 days.
(I)	Actual Number of sittings :		42 days.

Statement regarding Bills during the Budget 1983 Session

1.	No. of Ordinances Received	—	7
2.	Notices of Government Bills Received	—	16 (including 7 Ordinance Bills)
3.	Bills introduced	—	16 (including 7 Ordinance Bills)
4.	Bills passed	—	16 (including 7 Ordinance Bills)
5.	Bill sent to Select Committee	—	Nil
6.	Report of Select Committee presented	—	1
7.	Assent to Bills (passed during this Session) received	—	11
8.	Notices of resolution under Articles 213(2) (a) of the Constitution of India disapproving the Ordinances received and lost.	—	7

Honourable members, we have come to the end of the Budget Session. I am thankful to all the members for their cooperation and assistance given to me, to my Deputy Speaker and to the members of the Panel of Chairman for running the business of the House. There have been heated moments as usual in the Assembly, for sometimes patience do go high, but on the whole it has been a very good session and I am thankful to both the ruling and the Opposition parties for the assistance offered to me.

Thank you, ladies and gentlemen.

শ্রীপতিতপাবন পাঠক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট অধিবেশনের শেষ দিনে সরকার পক্ষ থেকে আপনাকে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের সকল মাননীয় সদস্য যাঁরা দীর্ঘদিন ধরে এই হাউস পরিচালনায় সাহায্য করেছেন তার জন্য তাঁদের কাছে আমি আমার কৃতজ্ঞতা প্রকাশ করছি। স্যার, আপনাকে আর একবার আমাদের সকলের পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার যোগ্য এবং দক্ষ নেতৃত্বে এই অধিবেশন সুন্দরভাবে শেষ হল। স্যার, বিরোধী দলের পক্ষ থেকে আমি আপনাকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জানাচ্ছি। বহু ঐতিহাসিক নজির আপনি সৃষ্টি করেছেন, এর জন্য আমরা সকলেই গর্ব অনুভব করি। যদিও গিলোটিনে আমাদের মাথা কেটেছেন, কিন্তু তবুও বহু জায়গায় আমাদের সুযোগ দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। অনেক সময় আপনার প্রতি ক্ষোভ, দুঃখ প্রকাশ করলেও আমি মনে করি সাধারণভাবে অনেক সহযোগিতা আপনার কাছে পেয়েছি। এটা অভিনন্দনযোগ্য। আগামী দিনে আরো সহযোগিতা প্রার্থনা করে আর একবার আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই হাউস সুষ্ঠুভাবে পরিচালনা করেছেন, এর জন্য আমরা সবাই কৃতজ্ঞ, আমার তরফ থেকে এবং আমাদের দলের তরফ থেকে আপনাকে আমি অভিনন্দন জানাচ্ছি।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় এবারেই বোধহয় সবচেয়ে দীর্ঘতম সেশান। এতগুলি প্রশ্নের উত্তর বোধহয় কোন হাউসে পাওয়া যায় নি। তাছাড়া এই হাউসের সবচেয়ে বৈশিষ্ট্য হল বহু ঐতিহাসিক সিদ্ধান্ত আপনি গ্রহণ করেছেন। আপনি নিরপেক্ষভাবে রুলিং দিয়ে অনেক নজির সৃষ্টি করেছেন। স্যার, আপনাকে, ডেপুটি স্পীকার মহাশয়কে, প্যানেল অব চেয়ারম্যানে যাঁরা ছিলেন, তাঁদেরকে এবং অন্যান্য সরকারী কর্মচারী যাঁরা সভা চালাতে সাহায্য করেছেন, তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীসতীশ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ এই বাজেট সেশান আপনি

যেভাবে যোগ্যতা সহকারে পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আমাদের দলের তরফ থেকে ধন্যবাদ দিচ্ছি।

শ্রীপ্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ এই বাজেট সেশান সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আপনাকে, ডেপুটি স্পীকার মহাশয়কে এবং চেয়ারম্যান হিসাবে যাঁরা ঐ আসন অলংকৃত করেছেন তাঁদের সকলকে আমি ব্যক্তিগতভাবে এবং আমার দলের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। স্যার, আজকে একথা বলতে কোন দ্বিধা নেই যে, আপনি ঐ চেয়ারের মর্যাদা অনেক বেশী পরিমাণে বৃদ্ধি করেছেন এবং ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্রকে আরো সুরক্ষিত করেছেন কয়েকটি ঐতিহাসিক রুলিং দিয়ে। আমি পুনরায় আপনাকে আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Before I adjourn the House I request all the members to join the lunch at the lobby. The House is adjourned sine-die.

(The House was accordingly adjourned sine-die at 2.43 P.M.)

Note : The Assembly was subsequently prorouged with effect from the 26th April, 1983 under Notification No. 93-P.A. dt. 26th April, 1983 of the Home (PA) Dept. Govt. of W. Bengal.

Index to the
West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 79, No. 3, Seventy-ninth Session (April, 1983)

(The 11th, 12th, 13th, 14th, 18th, 19th, 20th,

21st, 22nd, and 23rd April, 1983)

[(M) : Stands for Mention Cases

(Q) : Stands for Questions]

A—197